বিশ্বকোষ।

অর্থাৎ

ভারতীয় সংস্কৃত, বাঙ্গালা ও গ্রাম্য শব্দের অর্থ ও ব্যুৎপত্তি; আরবী, পারস্য, হিন্দি প্রভৃতি ভাষার চলিত শব্দ ও তাহাদের অর্থ; প্রাচীন ও আধুনিক ধর্ম্মসম্প্রদায় ও তাহাদের মত ও বিশ্বাস; মনুষ্যতত্ত্ব এবং আর্য্য ও অনার্য্য জাতির বৃত্তান্ত; বৈদিক, পৌরাণিক ও ঐতিহাসিক সর্ব্বজাতীয় প্রসিদ্ধ ব্যক্তি-

অস্ত্র, ব্যাকরণ, অলঙ্কার, ছন্দোবিদ্যা, ন্যায়,
ন, প্রাণিতত্ত্ব, বিজ্ঞান, আলোপ্যাথী,
মতের চিকিৎসাপ্রণালী ও ব্যবস্থা,
কবিদ্যা প্রভৃতি নানা শাস্ত্রের
পানুক্রমিক বৃহদভিধান।

বিশেষ সংশোধন।

৬০১ পৃষ্ঠার গোষ্ঠীপতি শব্দে "২২শ পর্য্যায়ে রামকান্ত বংশীয় কন্যার সহিত নিজ দত্তকপুত্র গোপীমোহনের বিবাহ দিয়া" এই পাঠ না হইয়া "২২শ পর্য্যায়ে রামকান্তের কন্যার সহিত নিজ দত্তকপুত্র গোপীমোহনের পুত্রের বিবাহ দিয়া" হইবে।

ভাগ।

-গ

(১৪ নং তেলিপাড়া লেন, বিশ্বকোষ কার্য্যালয় হইতে)

শ্রীনগেন্দ্রনাথ বসু সঙ্কলিত ও


প্রকাশিত।

কলিকাতা

৬ নং ভীম ঘোষের লেন, গ্রেট ইডিন্ প্রেসে

ইউ, সি, বসু এণ্ড কোম্পানি দ্বারা মুদ্রিত।

১৩০১ সাল।



বিশ্বকোষ।

পঞ্চম খণ্ড।

UNIVERSITY OF NORTH BENGAL
LIBRARY.
RAJA RAMMOHANPUR

খ

খ, ব্যঞ্জনবর্ণের দ্বিতীয় অক্ষর। ইহার উচ্চারণস্থান কণ্ঠ। "অ-কু-হ বিসর্জনীয়ানাং কণ্ঠঃ।" (সি° কৌ°) শিক্ষাগ্রন্থে ইহার উচ্চারণ স্থান জিহ্বামূল বলিয়া নিরূপিত হইয়াছে। যথা—"জিহ্বামূলেতু কুঃ প্রোক্তঃ।" শিক্ষা। শাব্দিকগণ শিক্ষার জিহ্বামূল শব্দকে কণ্ঠপর বলিয়া উভয়ের বিরোধ ভঞ্জন করিয়া থাকেন। খকারটী বর্গের যুগ্ম বর্ণ বলিয়া ইহাকে মহাপ্রাণ বলা যায়। "অযুগ্মাবর্গযমগায়ণশ্চাল্লাসবঃস্মৃতাঃ" শিক্ষা।

কামধেনু তন্ত্রে খকারের বিষয় এইরূপ লিখিত আছে—ইহার বর্ণ শঙ্খ অথবা কুন্দকুসুমের ন্যায় শুভ্র ও উজ্জ্বল, ইহা তিনটী কোণ ও তিনটী বিন্দুযুক্ত, একটী শূন্যস্বরূপ, ত্রিগুণময়, পঞ্চ দেবাত্মক ও তিনটী শক্তিযুক্ত। তন্ত্রশাস্ত্রে খকারের লিখনপ্রণালী যাহা লিখিত আছে, তাহাতে প্রচলিত বঙ্গাক্ষরমালার অন্তর্গত খকারই বুঝায়। বর্ণোদ্ধারতন্ত্রের মতে ইহাতে সর্ব্বসমেত পাঁচটী মাত্র রেখা থাকে, প্রথমে বামদিকে একটী রেখা দিয়া তাহার ঊর্দ্ধগামী অগ্রভাগ হইতে অধোমুখী আর একটী রেখা দিবে। পরে দক্ষিণদিকে একটী সরল রেখা রাখিয়া দ্বিতীয় রেখার অধোগামী অগ্রভাগ হইতে আর একটী রেখা টানিয়া তৃতীয় রেখার অধোভাগে যোগ করিবে এবং দক্ষিণ রেখার অগ্রভাগে যোগ করিয়া মাত্রা দিবে। এইরূপ অঙ্কিত বর্ণকেই খ বলে। ইহার বামরেখা শিব, দক্ষিণরেখা প্রজাপতি, অধোরেখা বিষ্ণু, দ্বিতীয় বামরেখা ব্রহ্মা ও মাত্রাটীকে সাক্ষাৎ কুণ্ডলিনী জানিবে। ইহার অধিষ্ঠাত্রী দেবতাকে বন্ধূক কুসুমের ন্যায় রক্তবর্ণ, বিবিধ রত্নঅলঙ্কারে পরিশোভিত ও সহাস্যবদন চিন্তা করিবে। তিনি বামহস্তে বর ও দক্ষিণ হস্তে অভয় লইয়া সর্ব্বদা সাধকের মঙ্গল কামনা করেন। প্রচণ্ড, কামরূপী, শুদ্ধি, ঋদ্ধি, বহ্নি, সরস্বতী, আকাশ, ইন্দ্রিয়, দুর্গা, চণ্ডী, সন্তাপিনী, গুরু, শিখণ্ডী, দন্তজাতীশ, কফোণি, গরুড়, গদী, শূন্য, কপালী, কল্যাণী, সূর্পকর্ণ, অজরামর, শুভাগ্নেয়, চণ্ডলিঙ্গ, জন, ঝঙ্কার ও খড়্গক এ কয়টী খকারের নাম। (বর্ণাভিধান।) মাতৃকান্যাসে ইহাকে বাহুতে ন্যাস করিতে হয়। কোন গ্রন্থের প্রথম শ্লোকের আদিতে খ থাকিলে রচয়িতার শ্রীবৃদ্ধি হয়।

"কঃ খো গোঘশ্চ লক্ষ্মীং বিতরতি প্রিয়শোঙঃ সুখং চঃ সুখং ছঃ" (বৃত্তরত্নাকরটীকা)

খ (ক্লী) খর্ব্বতি মনোঽস্মিন্, খন্যতে মনোঽনেন বা খর্ব্ব-ড অথবা খল-ড। ১ ইন্দ্রিয়।

"ত্রিরাচামেদপঃ পূর্ব্বং দ্বিঃ প্রমৃজ্যাৎ ততোমুখম্।
খানি চৈব স্পৃশেদদ্ভিরাত্মানং শিরএবচ॥" (মনু ২।৬০)

২ পুর। ৩ ক্ষেত্র। ৪ শূন্য। ৫ বিন্দু।

"বেদাগ্নিবাণখাশ্বৈশ্চ খখাভ্রাভ্রৈ রসৈঃ ক্রমাৎ।"
(লীলাবতী—ক্ষেত্রব্যবহার।)

৬ আকাশ।

"খং সন্নিবেশয়েৎ খেষু চেষ্টনস্পর্শনেঽনিলম্।" (মনু ১২।১২০।)

৭ সংবেদন। ৮ দেবলোক। ৯ সুখ। ১০ কর্ম্ম। ১১ জন্মলগ্ন হইতে দশমরাশি।

"আরে খস্থে চতুষ্পাদ্ভোভয়ম্।" (নীলকণ্ঠ)

১২ আব, উপধাতুবিশেষ, অভ্রক। (রাজনি°) ১৩ চিদানন্দময় ব্রহ্মাকাশ।

Ref 03 বিশ্বকোষ (১ম খণ্ড)

"কং ব্রহ্ম খং ব্রহ্ম যদেব কং তদেব খং।" (ছান্দোগ্য উপ°)

১৪ নির্গমন মার্গ।

"সদ্মেব প্রাচো বিমিমায়মানৈর্বজ্রেণ খান্যৎ তৃণন্নদীনাম্।"

(ঋক্ ২।১৫।৩) 'খানি নির্গমনদ্বারাণি' (সায়ণ।)

(পুং) খর্ব্বয়তি স্বরশ্মিভিঃ খর্ব্ব-ড অন্তর্ভূত ণিজর্থঃ। ১৫ সূর্য্য।

খই (খদিকা শব্দজ) তুষযুক্ত ধান ভাজিলে ধান ফুটিয়া যে খাদ্য প্রস্তুত হয়, তাহাকে খৈ বলে। সংস্কৃত ভাষায় ইহার খদিকা, লাজ, অক্ষত ও অক্ষতা এই কয়টী নাম আছে। ভাবপ্রকাশের মতে ইহার গুণ—মধুর রস, শীত বীর্য্য, লঘু, অগ্নিবৃদ্ধিকারী, মল ও মূত্রের হ্রাসকারক, রুক্ষ, বলকারক, এবং পিত্ত, কফ, বমি, অতিসার, দাহ, রক্তদোষ, প্রমেহ, মেদ ও পিপাসানাশক। প্রাচীন আর্য্যচিকিৎসকগণ আমজ্বর ও সর্দ্দি প্রভৃতি রোগে খই পথ্য ব্যবস্থা করিতেন। স্মৃতিশাস্ত্র অনুসারে খই জল না লাগিলে উচ্ছিষ্ট হয় না, শূদ্রের ভাজা খই ব্রাহ্মণে খাইতে পারে। কোন কোন স্থানে উচ্ছিষ্ট খই ভাতের ন্যায় ব্যবহৃত হইয়া থাকে। ব্রাহ্মণগণ খই খাইলে দিনের মধ্যে আর আহার করে না। ইহার মণ্ডের গুণ-অগ্নিবৃদ্ধিকারী; দাহ, তৃষ্ণা, জ্বর ও অতীসারনাশক এবং দোষ ও আমপ্রশমকারী। (রাজবল্লভ) অরুচি হইলে খই-চূর্ণ, দ্রাক্ষা, দাড়িম ও খর্জ্জুরের জলের সহিত খাইলে মুখে রুচি হয়। ইহার ছাতু মধু ও চিনি মিশাইয়া খাইলে ছর্দ্দি, অতীসার, তৃষ্ণা, দাহ ও জ্বরের উপশম হয়। (রাজনি°।)

[লাজ দেখ।]

খইচুর (খদিকা চূর্ণের অপভ্রংশ) খই চূর্ণ করিয়া গুড় ও অপর সুগন্ধি দ্রব্য দ্বারা খইচুর প্রস্তুত হয়। ইহা অতিশয় মুখরোচক। ধনিয়াখালিতে যে খইচুর প্রস্তুত হয়, তাহাই সর্ব্বোৎকৃষ্ট।

খইন্ (দেশজ) গভীর।

খইয়াখোলা (দেশজ) যে পাত্রে খই ভাজা হয়।

খইয়াগোখুরা (দেশজ) একপ্রকার গোখুরা। [গোখুরা দেখ।]

খইল (দেশজ) ১ খৈল, সরিষাদি হইতে তৈল বাহির করিবার পর যাহা অবশিষ্ট থাকে। ২ কর্ণমল। [কর্ণগূথক দেখ]

খএর (খদির শব্দজ) খদির।

খএরমৌরীধান (দেশজ) একপ্রকার ধান।

খএরীবক (দেশজ) একজাতীয় বক, ইহার শরীরের বর্ণ খএরের মত। (Ardea cinnamomea)

খকক্ষা (স্ত্রী) খস্য আকাশমণ্ডলস্য কক্ষা পরিধিঃ ৬তৎ। আকাশমণ্ডলের পরিধি। আকাশমণ্ডল অনন্ত, তাহার সীমা বা পরিধি থাকা নিতান্তই অসম্ভব, কিন্তু আকাশমণ্ডলের যত দূর পর্য্যন্ত সূর্য্যরশ্মির প্রচার হয়, জ্যোতির্ব্বিদ্‌গণ তাহাকেই খকক্ষা বা আকাশপরিধি বলিয়া থাকেন। এই পরিধি-নির্ণয় বিষয়ে প্রাচীন আর্য্যগণের মধ্যে অনেক মতভেদ লক্ষিত হয়। কোন জ্যোতির্বিদের মতে ব্রহ্মাণ্ডকটাহসম্পুটে আকাশমণ্ডলে যে বেষ্টনাকার চিহ্ন হইয়াছে, তাহাই আকাশপরিধি। কেহ কেহ আবার লোকালোক পর্ব্বত পর্য্যন্তই আকাশপরিধি স্বীকার করেন। জ্যোতির্বিদ্ পণ্ডিতগণ সূর্য্যকিরণ অবধি অর্থাৎ যতদূর পর্য্যন্ত সূর্য্যরশ্মির প্রচার হয়, তাহাকেই পরিধিস্থান স্বীকার করেন। প্রসিদ্ধ আর্য্যজ্যোতির্ব্বিদ্ ভাস্করাচার্য্যের মতে প্রদর্শিত কএকটী মতই ভ্রান্তিপূর্ণ, কোনটীই ঠিক নহে। তিনি বলেন, গ্রহগণ পূর্ব্বগতিতে এককল্পে যত যোজন অতিক্রম করে, তাহাই খকক্ষা বা আকাশপরিধি। ভাস্করাচার্য্যের মতে আকাশ-পরিধির পরিমাণ ১৮৭১২০৬৯২০০০০০০০ যোজন। (১) (গণিতাধ্যায়)

[গ্রহকক্ষা ও খগোল দেখ।]

খকামিনী (স্ত্রী) খং সুখং আকাশং বা কাময়তে খ-কম্-ণিঙ্ ণিনি ঙীপ্। ১ চর্চ্চিকা, দুর্গামূর্ত্তিবিশেষ। ২ মাদি চিল। (ত্রিকাণ্ড°)

খকুণ্ডল (পুং) খং আকাশং কুণ্ডলমিব যস্য বহুব্রী। শিব। স্মৃতি প্রভৃতিতে আকাশকেই শিবের কেশ বলিয়া বর্ণনা করা হয়, এই কারণে তাঁহাকে খকুণ্ডল বলে। (ত্রিকাণ্ড°)

খকেররু, ১ উত্তরপশ্চিমের ফতেপুর জেলার দক্ষিণপূর্ব্ব-ভাগের একটী তহসীল। যমুনার কূলে অবস্থিত।

২ উক্ত তহসীলের অন্তর্গত একটী গ্রাম। ফতেপুর হইতে ১৪ ক্রোশ দক্ষিণ। এখানে তুলার ব্যবসা চলে। একটী পুরাতন ভগ্ন দুর্গ, একটী থানা ও একটী ডাকঘর আছে।

খকৃখট (পুং) খকৃথ-অটন্। ককৃখট, কঠিন, খড়ীমাটী।

(অমরটী° রায়মুকুট।)

খখরাত বা খহরাত, এক প্রাচীন রাজবংশ। নাসিক নগরে একখানি শিল্পলিপি পাওয়া যায়, তাহাতে লিখিত আছে—শক; যবন ও পহ্লববংশীয়গণ খখরাতবংশের সমস্ত লোককে বিনাশ করেন। (*Indian Antiquary*, Vol. X. p. 225.)

খখোল্ক (পুং) ১ সূর্য্য।

(১) "কোটিদ্বয়েনখনন্দষট্‌কনখভূভৃদ্‌ভুজঙ্গেন্দুভিঃ
জ্যোতিঃশাস্ত্রবিদো বদন্তি নভসঃ কক্ষামিমাংযোজনৈঃ।
তদ্‌ব্রহ্মাণ্ডকটাহসম্পুটতটে কেচিজ্জগুর্বেষ্টনং
কেচিৎ প্রোচুরদৃশ্য দৃশ্যকগিরিং পৌরাণিকাঃ সূরয়ঃ॥
করতলকলিতামলকবদমলং সকলং বিদন্তি যে গোলম্।
দিনকরকরনিকরনিহততমসো নভসঃ স পরিধিরুদিতস্তৈঃ॥
ব্রহ্মাণ্ডমেতন্মিতমস্তু নোবা কল্পে গ্রহঃ ক্রামতি যোজনানি।
যাবন্তি পূর্ব্বৈরুদিতৎপ্রমাণং প্রোক্তং খকক্ষাখ্যমিদং মতং নঃ॥"

(গণিতাধ্যায়)

STOCK TAKING - 2011
ST - VERF
15262 23 MAY 1966

"পুনঃ সূর্য্যার্চ্চনং বক্ষ্যে যথোক্তং ভৃগবে পুরা।
ওম্ খখোল্কায় ওম্ নমঃ।" (গারুড় ১৬ অঃ)

২ কাশীস্থিত আদিত্যবিশেষ।

"খখোল্ক নাম ভগবান্ আদিত্যঃ পরিকীর্ত্তিতঃ।"
(কাশীখণ্ড ৫০ অঃ) [কাশী দেখ।]

খগ (পুং) খে আকাশে গচ্ছতি খ-গম-ড। ১ সূর্য্য। ২ গ্রহ।

"আপোক্লিমে যদি খগাঃ সকিলেন্দুবারঃ।" (নীলকণ্ঠ)

৩ দেব। ৪ শর। (পুং স্ত্রী) ৫ পক্ষী। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হইয়া খগী শব্দ হয়।

"খগচঞ্চুপুটদ্রোণী পূরণে তব কঃ শ্রমঃ" (চাতকাষ্টক)

(পুং) ৬ বায়ু। (শব্দরত্নাবলী)। ৭ শলভ, একপ্রকার ফড়িঙ্গ, চলিত কথায় পঙ্গপাল বলে। (ত্রি) ৮ যে আকাশমার্গে গমন করে, আকাশগামী। (পুং) ৯ পাতালস্থ ভোগবতীতীরবাসী একটী নাগ। (ভারত ৫ অঃ)

খগখান (ক্লী) খন্যতে খন-কর্ম্মণি-ঘঞ্ খগানাং খানং। বৃক্ষকোটর, গাছের খোঁড়ল।

খগগতি (স্ত্রী) খগানাং পক্ষিণাং গতিঃ ৬তৎ। পক্ষির গতি। মহাভারত কর্ণপর্ব্বে ১০১ একপ্রকার পক্ষিগতির কথা আছে। টীকাকার নীলকণ্ঠ তাহার বিবরণ এই প্রকার লিখিয়াছেন। যথা—১ ঊর্দ্ধদিকে গমনের নাম উড্ডীন। ২ অধোদেশে গতির নাম অবডীন। ৩ চতুর্দ্দিকে গমনের নাম প্রডীন। ৪ গমনমাত্রের নাম ডীন। ৫ ধীরে ধীরে গমনের নাম নিডীন। ৬ ললিতগমনের নাম সংডীন। তির্য্যক্ ডীন দিক্ ভেদে ৪ প্রকার। ১১ মল্লগমনের অনুকরণের নাম বিডীন। ১২ সকলদিকে গতির নাম পরিডীন। ১৩ পরাডীন বা পশ্চাদ্‌গতি। ১৪ উড্ডীনক বা স্বর্গগমন। ১৫ অভিডীন বা বারংবার গমন। ১৬ মহাডীন অর্থাৎ সোজাভাবে গমন। ১৭ নিডীন অর্থাৎ বেগে গমন। ১৮ প্রচণ্ডবেগে গমনের নাম অতিডীনক। ১৯ অবডীন অর্থাৎ নীচের দিকে গমন। ২০ প্রডীন অর্থাৎ মনোহর গমন। ২১ সংডীন অর্থাৎ ঘুরিয়া পতন। ২২ ডীনডীনক। ২৩ সংডীনোড্ডীন ডীন বা ঊর্দ্ধদিকে সংডীন। ২৪ গমন করিয়া ক্ষণকালের মধ্যে ফিরিয়া পক্ষসংপাতের নাম ডীনবিডীনক। ২৫ সমুড্ডীন অর্থাৎ ঊর্দ্ধ ও অধোগতি। ২৬ পক্ষগমন। এই ২৬ প্রকার গতির মহাডীন ব্যতীত অপর ২৫ প্রকার গতি গমন, আগমন ও প্রত্যাগমন ভেদে ৩ প্রকার, সর্ব্বসমেত হইল ৭৬ প্রকার এবং নিকুলীনক ২৫ প্রকার। (ভারত কর্ণপর্ব্ব ৮১ অঃ নীলকণ্ঠ) [নিকুলীনক দেখ।]

২ গ্রহদিগের গতি।

খগঙ্গা (স্ত্রী) খস্থ আকাশস্থ গঙ্গা ৬তৎ। আকাশগঙ্গা, মন্দাকিনী। (ত্রিকাণ্ড°)

খগপতি (পুং) খগান্ পাতি খগ-পা-ক। (আতোঽনুপসর্গে কঃ। পা ৩।২।৩) গরুড়।

গরুড়ের সমস্ত পক্ষীর উপর আধিপত্য প্রাপ্তির কথা ভারতে এইরূপ বর্ণিত আছে।

কোন সময়ে প্রজাপতি কশ্যপ পুত্রকামনায় একটী বৃহৎ যজ্ঞের উদ্যোগ করেন। তাহার যজ্ঞানুষ্ঠানের সংবাদ পাইয়া দেবগণ, ঋষিগণ, গন্ধর্ব্বগণ প্রভৃতি সকলেই উপস্থিত হইলেন। কশ্যপ বুঝিয়া সুঝিয়া সকলকে কোন না কোন একটী কার্য্যের ভার দিতে লাগিলেন। দেবরাজ ইন্দ্র ও অঙ্গুষ্ঠপ্রমাণ বালখিল্য মুনিগণ কাঠ আনিবার জন্য নিযুক্ত হইলেন। ইন্দ্রের সহিত সকলেই কাঠ আনিতে চলিয়া গেলেন। বালখিল্য মুনিগণ একেই ত অতিশয় ক্ষুদ্র, তাহাতে আবার অনাহার, কাজেই তাহারা অন্য কাঠ লইতে পারিলেন না। সকলে মিলিয়া একটী পত্রবৃন্ত মরি মরি করিয়া ঘাড়ে তুলিয়া লইলেন এবং অতি কষ্টে চলিতে আরম্ভ করিলেন। ইন্দ্র অবশ্যই একখানি বৃহৎ কাঠ লইয়াছিলেন। বালখিল্যগণ নির্ব্বিঘ্নে আসিতে পারিলেন না, পথে আসিতে আসিতে একটী গোষ্পদে পড়িয়া গিয়া হাবুডুবু খাইতে লাগিলেন। ইন্দ্র এই ঘটনা দেখিয়া তাহাদিগকে উপহাস করিয়া চলিয়া গেলেন। মুনিরা আকারে ছোট হইলেও তাঁহাদের রাগের মাত্রাটা কিছু বেশী ছিল। তাঁহারা চটিয়া আর একটী যজ্ঞের অনুষ্ঠান করিলেন। যাগের প্রধান উদ্দেশ্য বর্ত্তমান ইন্দ্র হইতে বলশালী দ্বিতীয় ইন্দ্রের সৃষ্টি করা। ইন্দ্র শুনিতে পাইয়া ভীত হইলেন এবং কশ্যপের নিকটে যাইয়া সমস্ত বিবরণ বলিলেন। কশ্যপ বালখিল্যগণের যজ্ঞস্থানে উপস্থিত হইয়া তাঁহাদিগকে সান্ত্বনা করিলেন, এবং বলিলেন, তোমাদের আয়োজন মিথ্যা করিব না, তোমাদের যজ্ঞফলে ইন্দ্র হইতে বলশালী কোন একটী ইন্দ্রের উৎপত্তি হইবে বটে, কিন্তু সে সাধারণের ইন্দ্রত্ব পদ না পাইয়া কেবল পক্ষীগণের উপরেই আধিপত্য করিবে। কশ্যপের কথায় বালখিল্যগণ সন্তুষ্ট হইলেন। বিনতার গর্ভে গরুড়ের উৎপত্তি হয়। গরুড় অল্পদিন মধ্যেই সেই যজ্ঞফলে সকল পক্ষীর উপরে আপনার আধিপত্য স্থাপন করেন। (ভারত ১।৩১ অঃ) [গরুড় দেখ।]

খগম (ত্রি) খে আকাশে গচ্ছতি খ-গম-অচ্। ১ আকাশগামী, যাহারা আকাশপথে গমনাগমন করে। (পুং) ২ একজন সত্যবাদী তপস্বী। একদা ইহার সখা সহস্রপাদ ইহাকে তৃণ-

নির্ম্মিত সর্পদ্বারা ভয় দেখাইয়াছিলেন। ইনি প্রথমে ভয়ে মূর্চ্ছিত হন, পরে শাপ দিয়া তাহাকে ঢোঁড়া সাপ করেন। (ভারত ১।১১ অঃ) [সহস্রপাদ দেখ।]

খগরাপাড়া, আসামের অন্তর্গত দরঙ্গ জেলার উত্তরভাগে ভুটানের পর্ব্বতের দক্ষিণে অবস্থিত একটী গ্রাম। প্রতিবৎসর এখানে একটী প্রকাণ্ড মেলা হয়। এই মেলায় ভুটিয়ারা লবণ, কম্বল, স্বর্ণ, ঘোড়া প্রভৃতি নানাপ্রকার দ্রব্য বিক্রয় করিয়া চাউল, মৎস্য, কার্পাসবস্ত্র, রেসম ও বাসনাদি ক্রয় করিয়া লইয়া যায়।

খগবক্ত্র (পুং) খগস্য বক্ত্রমিব বক্ত্রং যস্য বহুব্রী। লকুচবৃক্ষ।

খগবতী (স্ত্রী) খগঃ খগসাদৃশ্যং অস্ত্যস্যাঃ খগ-মতুপ্ মস্য বঃ ততো ঙীপ্। পৃথিবী। পৃথিবী শূন্যে অবস্থিত বলিয়া তাহাতে খগের সাদৃশ্য আছে, এই কারণে পৃথিবীকে খগবতী বলে। [খগোল দেখ।]

খগশত্রু (পুং) ১ পৃশিপর্ণী, চাকুলে। ২ শ্যেন।

খগস্থান (ক্লী) খগস্য স্থানং। বৃক্ষকোটর। (শব্দচিং)

খগাধিপ (পুং) খগানামধিপঃ ৬তৎ। গরুড়। [খগপতি দেখ।]

খগান্তক (পুং) খগস্য অন্তকঃ ৬তৎ। শ্যেনপক্ষী।

খগাসন (পুং) খগো গরুড় আসনং যস্য বহুব্রী। ১ বিষ্ণু, বিষ্ণুর বাহন গরুড় বলিয়া তাঁহার খগাসন নাম হইয়াছে। পক্ষিরাজ গরুড়ের বিষ্ণুর বাহন হইবার কথা মহাভারতে এইরূপ বর্ণিত আছে—

বিনতানন্দন গরুড় সমস্ত পক্ষিগণের উপরে আপনার আধিপত্য স্থাপন করিলে তাহার অসীম বলের কথা দেশে দেশে ছড়াইয়া পড়িল, ইন্দ্রাদি দেবগণও তাহার বলের কথা শুনিয়া কাঁপিয়া উঠিলেন এবং অমৃতরক্ষার জন্য বহুতর প্রহরী নিযুক্ত করিলেন, আপনারাও অতি সাবধানে অমৃতরক্ষা করিতে লাগিলেন। একদিন গরুড় স্বর্গে বেড়াইতে গিয়াছিল। দেবতারা তাহাকে দেখিতে পাইয়া তাহার সহিত ঝগড়া বাধাইলেন। গরুড় হটিল না। ভয়ানক যুদ্ধ হইল, দেবগণের দুর্দ্দশার শেষ হইল। গরুড় অমৃত লইয়া চলিয়া গেল। যাইবার সময় পথে বিষ্ণুর সহিত গরুড়ের দেখা হয়। বিষ্ণু তাহাকে দেখিয়া বলিলেন, 'পক্ষিরাজ! আমি তোমার বল ও সাহসের কথা শুনিয়া সন্তুষ্ট হইয়াছি, তুমি আমার নিকটে বর লও।' গরুড় বলিল, 'যদি বর দিতে ইচ্ছা থাকে, তবে এই বিধান কর, আমি সর্ব্বদাই যেন তোমার উপরে বাস করিতে পারি।' বিষ্ণু তাহাই স্বীকার করিলেন। গরুড় বোধ হয় মনে মনে ভাবিয়া দেখিলেন, কাজটা বড় ভাল হয় নাই, বিষ্ণুর নিকটে বর চাহিয়াছি, ইহাতে আমার ন্যূনতা হইয়াছে। গরুড় বলিল, 'নারায়ণ! তুমি আমার নিকট কোন একটী বর প্রার্থনা কর।' বিষ্ণু বলিলেন, 'তুমি আমার বাহন হও।' গরুড় অম্লান বদনে স্বীকার করিলেন। ভারি গোল হইল, উভয় বরই সত্য হইবে, গরুড়ের বিষ্ণুর বাহন হওয়াও চাই এবং উপরে থাকাও চাই। পরিশেষে স্থির হইল যে গরুড় বিষ্ণুর রথের ধ্বজ হইয়া থাকিবে। উভয়দিকই রক্ষা হইল, গরুড় বাহনও হইল, উপরেও বসিল। (ভারত ১।৩৩ অঃ)

২ উদয়পর্ব্বত। (ক্লী) ৩ রুদ্রযামলোক্ত আসনবিশেষ। মস্তক অবনত করিয়া অধোভাগে বদ্ধ করিয়া উপবেশন করিবে। ইহার নাম খগাসন, এই আসনে উপবেশন করিলে অতি সত্বর শ্রান্তি দূর হয়।

"বদ্ধং কৃত্বা অধঃশীর্ষং যঃ করোতি খগাসনম্।
খগাসনপ্রসাদেন শ্রমলোপো ভবেদ্ দ্রুতম্॥" (রুদ্রযামল)

খগুণ (ত্রি) শূন্যই যাহার গুণক। (লীলাবতী)

খগেন্দ্র (পুং) [খগপতি দেখ।]

খগেন্দ্রধ্বজ (পুং) খগেন্দ্রো গরুড়োধ্বজে যস্য বহুব্রী। বিষ্ণু। [খগাসন দেখ।]

খগেশ্বর (পুং) [খগপতি দেখ।]

খগোল (পুং) খস্য আকাশস্য গোলোমণ্ডলম্ ৬তৎ। আকাশমণ্ডল, আকাশের পরিধি, গোলাকার খকক্ষা বা আকাশকক্ষা। কোন জ্যোতির্বিদের মতে সৃষ্টির প্রথমে একটী বৃহৎ অণ্ড উৎপন্ন হয়, তাহার মধ্যে পৃথিবী, পর্ব্বত, নক্ষত্র, গ্রহ, স্বর্গ ও পাতাল প্রভৃতি বিশ্বসংসার অবস্থিত, এই অণ্ডকেই ব্রহ্মাণ্ড বলে, ব্রহ্মাণ্ড গোলাকার বলিয়া তাহার মধ্যবর্ত্তী আকাশও গোলাকার, ইহাকেই খগোল বলা যায়। পৌরাণিকগণ লোকালোক পর্ব্বতের মধ্যবর্ত্তী অবকাশকে খগোল বলিয়া থাকেন। তাঁহাদের মতে ইহার পরিমাণ ১৮৭১২০৬৯২০০০০০০০ যোজন। প্রসিদ্ধ জ্যোতির্বিদ্ ভাস্করাচার্য্য খগোল বা খকক্ষার কোন পরিমাণ নির্দ্দেশ করেন না, তিনি বলেন যে, গ্রহগণ নিজ নিজ গতি অনুসারে এক কল্পে যত যোজন পর্য্যন্ত অতিক্রম করিয়া থাকে, তাহাকেই খকক্ষা বলা যাইতে পারে, ইহা ব্যতীত ব্রহ্মাণ্ডের পরিমাণ নির্ণয় হইতে পারে না। (১) সূর্য্যসিদ্ধান্তের মতেও

(১) "কোটিত্রয়ৈর্নখনন্দষট্কনখভূভূদ্ভুজঙ্গেন্দুভিঃ
জ্যোতিঃশাস্ত্রবিদো বদন্তি নভসঃ কক্ষামিমাং যোজনৈঃ।
তদ্ব্রহ্মাণ্ডকটাহসম্পুটতটে কেচিজ্জগুর্বেষ্টনং
কেচিৎ প্রোচুরদৃশ্যদৃশ্যকগিরিং পৌরাণিকাঃ সূরয়ঃ॥
ব্রহ্মাণ্ডমেতন্মিত মস্ত নো বা কল্পেগ্রহঃ ক্রামতি যোজনানি।
যাবন্তি পূর্ব্বৈরিহ তৎ প্রমাণং
প্রোক্তং খকক্ষাখ্যমিদং মতং নঃ।" (গোলাধ্যায়)

ব্রহ্মাণ্ডের মধ্যপরিধির নাম খকক্ষা এবং তাহার পরিমাণ ১৮৭১২০৮০৮৮৪০০০০০০ যোজন। বাস্তবিক আকাশকে গোলাকার বলা যাইতে পারে না, কারণ যাহার আকার বা অবয়ব আছে, তাহাই গোলাকার, চতুষ্কোণ বা ত্রিকোণ হইয়া থাকে। আকাশের আকার বা অবয়ব নাই, অতএব তাহাকে গোলাকার, চতুষ্কোণ বা ত্রিকোণ বলা যায় না, কিন্তু গ্রহ প্রভৃতি জ্যোতিষ্ক সকল অনবরতই মণ্ডলাকার পথে ভ্রমণ করিতেছে, আকাশের যতদূর পর্য্যন্ত ইহাদের গতি হয়, জ্যোতির্বিদগণ তাহাকেই খগোল নামে অভিহিত করেন।

খগোল পরমেশ্বরের অপূর্ব্ব সৃষ্টি কৌশল! আর্য্যজ্যোতির্বিদ্‌গণ খগোল বিষয়ে যে সকল তত্ত্ব নির্ণয় করিয়াছেন, তাহার মধ্যেও অনেক মতভেদ লক্ষিত হয়। তাহার মধ্যে এমন অনেক মত আছে, যাহা পরস্পর একেবারেই বিরুদ্ধ এবং কতকগুলি মত নিতান্ত বিরুদ্ধ নহে। সূর্য্যসিদ্ধান্ত ও ভাস্করাচার্য্যের মত নিতান্ত বিরুদ্ধ নহে, এই দেশে বর্ত্তমান সময়ে ঐ মতই চলিতেছে।

ভূগোলে কি প্রকারে অবস্থিত তাহা জানা না থাকিলে নক্ষত্রের উদয়, অস্ত, গ্রহযোগ ও গ্রহগতি জানিতে পারা যায় না। এই জন্য ভাস্করাচার্য্য প্রভৃতি হিন্দু জ্যোতির্বিদ্‌গণ ভূগোলের কি প্রকার অবস্থান নির্ণয় করিয়াছেন, এস্থলে তাহা সংক্ষেপে উল্লেখ করা যাইতেছে। তাঁহাদের মতে পৃথিবী গোলাকার। ইহা কোন মূর্ত্ত পদার্থকে অবলম্বন করিয়া অবস্থিত নহে, আপনার শক্তিতেই শূন্যে অবস্থান করিতেছে। পৃথিবী অচলা, ইহার গতি নাই, গ্রহগণ ও নক্ষত্রমণ্ডল নিয়মিতরূপে ইহাকেই ভ্রমণ করিতেছে। কদম্বফুলের মধ্যের গোলকটী যেরূপ চতুর্দ্দিকেই কেশরসমূহে পরিবেষ্টিত, সেই প্রকার এই ভূগোলের চতুর্দ্দিকেও পর্ব্বত, চৈত্য, মনুষ্য, অসুর ও দেবগণ প্রভৃতি দ্বারা বেষ্টিত। (সিঃ শিঃ গোলাধ্যায় ৩।৪ শ্লোঃ) (১)

আর্য্যভটের মতে পৃথিবী অচলা নহে, অনবরতই ভ্রমণ করিতেছে। গ্রহ প্রভৃতি জ্যোতিষ্কগণ নিশ্চল, পৃথিবীর গতি অনুসারেই তাহাদিগের দর্শন ও অদর্শন, উদয় ও অস্ত হইয়া থাকে। নদীতে প্রবলবেগে নৌকা চলিতে থাকিলে নৌকাস্থিত দর্শকের বোধ হয়, যেন তীরের বৃক্ষ সকল দর্শকের দৃষ্টিপথ অতিক্রম করিয়া বিপরীতদিকে চলিয়া যাইতেছে, কিন্তু বাস্তবিক তাহা নহে; সেই প্রকার পৃথিবীও প্রবলবেগে ভ্রমণ করিতেছে, আমরা পৃথিবীর গতি অনুভব করিতে পারি না, আমাদের মনে হয় যেন গ্রহ ও নক্ষত্রমণ্ডলীই পৃথিবীকে ভ্রমণ করিতেছে (১)। আবার ভাস্করাচার্য্য ও শ্রীপতি প্রভৃতি প্রধান জ্যোতির্বেত্তাগণ প্রমাণ ও যুক্তি দ্বারা ইহার খণ্ডন করিয়াছেন। [ভূগোল দেখ।]

একটী গোলকের ঠিক মধ্যভাগে সমানভাবে একটী কীলক দ্বারা বিদ্ধ করিয়া রাখিলে ঐ কীলকটীকে ঐ গোলকের মেরুদণ্ড বলা যায়। সেই প্রকার এই পৃথিবীগোলকও মেরু দ্বারা বিদ্ধ, ভূগোলের ঠিক মধ্য স্থানে ঐ মেরুটী অবস্থিত। মেরুর কতক অংশ পৃথিবীগোলক ভেদ করিয়া নীচের দিকে বাহির হইয়াছে, তাহাকে অধোভাগ এবং যে অংশ পৃথিবীর উপরে অর্থাৎ আমাদের উত্তরে অবস্থিত, তাহাকে মেরুর ঊর্দ্ধভাগ কল্পনা করা যাইতে পারে। মেরুর ঊর্দ্ধভাগে (উত্তর মেরুতে) যাহারা বাস করে, তাহাদিগকে দেবতা, নীচভাগে (দক্ষিণ মেরুতে) যাহারা বাস করে, তাহাদিগকে অসুর ও মধ্যভাগবাসীগণকে মনুষ্য বলে। এই তিনটী স্থানকেও যথাক্রমে স্বর্গ, পাতাল ও মর্ত্ত্য বলা যায় (২)। দেবলোক ও অসুরলোকের মধ্যে সমুদ্র মেখলার ন্যায় বেষ্টন করিয়া পৃথিবীকে ২ ভাগে বিভক্ত করিয়াছে। ইহার মধ্যেই সপ্তদ্বীপ প্রভৃতি অবস্থিত। ভূগোল ভেদ করিয়া দণ্ডাকার মেরু যে দুইস্থানে বহির্গত হইয়াছে, সেই স্থান হইতে সূত্র ধরিয়া বর্ত্তুলাকারে বেষ্টিত করিয়া ভূখণ্ডকে দুইভাগে বিভক্ত করিলে চারিটী খণ্ড হইবে। মেরুর পূর্ব্বদিকে সমুদ্রের তীরে যমকোটী নামক পুরী, দক্ষিণভাগে ভারতবর্ষের দক্ষিণে সমুদ্রের তীরে লঙ্কা, পশ্চিমে কেতুমালবর্ষে সমুদ্রের তীরে রোমকপত্তন ও উত্তরে কুরুবর্ষে সিদ্ধপুরী। সমুদ্ররূপ পরিধিবেষ্টিত ভূখণ্ডের প্রান্তসীমায় অবস্থিত এই চারিটী দেশকে নিরক্ষদেশ বলে। যমকোটিস্থিত লোকেরা রোমকপত্তনের লোকদিগকে অধঃস্থিত ও আপনাদিগকে পৃথিবীর উপরস্থিত মনে করে। আবার রোমক-

(১) "মূর্ত্তো ধর্ত্তা চেদ্ধরিত্র্যাস্ততোঽন্য স্তস্যাপ্যন্যোঽসৌবমত্রানবস্থা।
অন্ত্যে কল্পা চেৎ স্বশক্তিঃ কিমাদ্যে কিং নো ভূমেঃ সাষ্টমূর্ত্তেশ্চ মূর্ত্তিঃ॥
যথোষ্ণতার্কানলয়োশ্চ শীততা বিধৌ শ্রুতিঃ কে কঠিনত্বমশ্মনি।
মরুচ্চলো ভূরচলা স্বভাবতো যতো বিচিত্রা বত বস্তুশক্তয়ঃ॥"
গোলাধ্যায় ৩।৪-৫।

(১) "অনুলোমগতির্নৌস্থঃ পশ্যত্যচলং বিলোমগং যদ্বৎ।
অচলানি ভানি তদ্বৎ সমপশ্চিমগানি লঙ্কায়াম্॥
উদয়াস্তমননিমিত্তং প্রবহেন বায়ুনাক্ষিপ্তঃ।
লঙ্কায়াং সমপশ্চিমগো ভপঞ্জরস্থো গ্রহো ভ্রমতি॥" (আর্য্যভট)

য়ুরোপীয় জ্যোতির্বিদ্‌গণের মতেও পৃথিবী স্থির নহে, জ্যোতিষ্কগণের সহিত পৃথিবীও সূর্য্যমণ্ডলকে বেষ্টন করিয়া ভ্রমণ করিতেছে। পৃথিবীর গতি না থাকিলে যথাকালে ঋতুপরিবর্ত্তন ঘটিত না। [পৃথিবী দেখ।]

(২) "উপরিষ্টাৎ স্থিতাঃ তস্য সেন্দ্রা দেবা মহর্ষয়ঃ।
অধস্তাদসুরাস্তদ্বদ্দিষন্তোঽন্যোন্যমাশ্রিতাঃ।" (সূর্য্যসিঃ ১২ অঃ)

পত্তনের লোকেরাও উহাদিগকে অধঃস্থিত ও আপনাদিগকে উপরিস্থিত মনে করে। বাস্তবিক কোন অংশকেই ঊর্দ্ধ বা অধঃ বলিয়া নির্ণয় করা যায় না।

সূর্য্যসিদ্ধান্তের মতে পৃথিবীর পরিধি ৪৯৬৭ যোজন অর্থাৎ ১৯৮৬৮ ক্রোশ ও ব্যাস ১৫৮১ যোজন অর্থাৎ ৬৩২৪ ক্রোশ (৪)।

প্রাচীন আর্য্যগণ ক্রিয়াভেদে বায়ুকে ৭ ভাগে বিভক্ত করেন। যথা—আবহ, প্রবহ, উদ্বহ, সংবহ, সুবহ, পরিবহ ও পরাবহ। পৃথিবী হইতে ঊর্দ্ধে ১২ যোজন বা ৪৮ ক্রোশ পর্য্যন্ত ব্যাপিয়া যে বায়ু ভূমণ্ডলের সমস্ত কার্য্য নির্ব্বাহ্ করিতেছে, যাহার মধ্যে আমরা অবস্থিত এবং মেঘ ও বিদ্যুৎ যাহাকে অবলম্বন করিয়া আকাশপথে চলিয়া থাকে, তাহাকে আবহ বা ভূবায়ু বলে *। ইহার গতির নিয়ম নাই, পূর্ব্ব, পশ্চিম, উত্তর ও দক্ষিণদিকে সোজা বা অতিশয় বক্রভাবে গতি হইয়া থাকে এবং সময়ে সময়ে অতিশয় হ্রাস বৃদ্ধিও দেখিতে পাওয়া যায়। এই আবহ বায়ুর উপরে অর্থাৎ পৃথিবী হইতে ৪৮ ক্রোশ ঊর্দ্ধে এক প্রকার বায়ু আছে, তাহার সর্ব্বদাই পশ্চিমদিকে গতি, কখনও হ্রাস বা বৃদ্ধি হয় না, সর্ব্বদাই সমান অবস্থা, এই বায়ুর নাম প্রবহবায়ু। অপর পাঁচ প্রকারের এ স্থানে উল্লেখ করিবার প্রয়োজন নাই। আমরা আকাশমণ্ডলে যে সমস্ত জ্যোতিষ্ক দেখিতে পাই, সে সমস্ত জ্যোতিষ্কই ঐ প্রবহ বায়ুতে অবস্থিত। প্রবহ বায়ু নিরন্তর মণ্ডলাকারে পশ্চিমাভিমুখে গমন করিয়া পৃথিবীকে ভ্রমণ করিতেছে, ইহার আঘাতে আহত হইয়া জ্যোতিষ্কমণ্ডল ইহার সহিত নিরন্তর ভ্রমণ করিতে থাকে।

আমরা যে সকল জ্যোতিষ্ক দেখিতে পাই, তাহাদিগকে মোটামোটি দুই শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে, একশ্রেণীর নাম গ্রহ (Planet) ও অপর শ্রেণীর নাম নক্ষত্র (Fixed Star)। সকলের উপরে রাশিচক্র। রাশিচক্রটীকে সমান দ্বাদশভাগে বিভক্ত করিয়া তাহার এক একটী ভাগকে রাশি কল্পনা করা হয় এবং সেই সকল ভাগের যথাক্রমে মেষ (Aries), বৃষ, (Taurus), মিথুন (Gemini), কর্কট (Cancer), সিংহ (Leo), কন্যা (Virgo), তুলা (Libra), বৃশ্চিক (Scorpio), ধনু (Sagittarius), মকর (Capricornus), কুম্ভ (Aquarius), মীন (Pisces), এই দ্বাদশটী নাম দেওয়া হয় এবং ঐ রাশিচক্রটীকে সমান ২৭ ভাগে বিভক্ত করিয়া তাহার এক এক ভাগকে নক্ষত্র বলা হইয়া থাকে। যে সমস্ত জ্যোতিষ্ক দ্বারা রাশিচক্রের নক্ষত্ররূপ এক একটী ভাগকে সীমা বদ্ধ করা হয়, তাহাকেও নক্ষত্র বলা হইয়া থাকে। এই সকল তারাগণকে নক্ষত্রমণ্ডল (Constellations) বলে। নক্ষত্রগণ সকলের উপরে অবস্থিত, পৃথিবীতে তাহার আলোক অল্পপরিমাণে আইসে এবং অতি দূরে বলিয়া পৃথিবী হইতে অতি ক্ষুদ্র দেখায়। গ্রহ ও নক্ষত্রগণের প্রত্যেকেরই এক একটী কক্ষা আছে। নক্ষত্রকক্ষা সকলের উপরে অবস্থিত। তাহার নীচে যথাক্রমে শনি, বৃহস্পতি, মঙ্গল, সূর্য্য, বুধ, শুক্র ও চন্দ্র অনবরত আপন আপন কক্ষায় থাকিয়া পৃথিবীকে ভ্রমণ করিতেছে *। সিদ্ধান্তশিরোমণির মতে পৃথিবী, গ্রহ ও নক্ষত্রগণ নিজ নিজ আকৃষ্টি শক্তিতেই শূন্যমার্গে অবস্থিতি করিতেছে (১)। রাশিচক্রের ন্যায় গ্রহগণের কক্ষাও দ্বাদশভাগে বিভক্ত এবং রাশিচক্রের সমসূত্রপাতে তাহার এক একটী অংশকেও মেষাদি নামে উল্লেখ করা যাইতে পারে। রাশিচক্র অনবরতই পশ্চিমাভিমুখে ভ্রমণ করিতেছে এবং তাহার আঘাতে গ্রহ ও নক্ষত্রমণ্ডলও পশ্চিমমুখে গমন করিয়া থাকে। গ্রহ অপেক্ষায় নক্ষত্রমণ্ডলের গতি বেশী। নক্ষত্রমণ্ডল গ্রহমণ্ডলকে অতিক্রম করিয়া শীঘ্র শীঘ্র চলিয়া যায়। গ্রহগণ তাহা অপেক্ষা পূর্ব্বদিক্ অবলম্বন করে। গ্রহগণের সর্ব্বদাই পূর্ব্বদিকে গতি হয়; কিন্তু রাশিচক্রের গতি অনুসারে আমাদের বোধ হয় যেন গ্রহমণ্ডলও রাশিচক্রের ন্যায় পশ্চিমদিকে যাইতেছে। গ্রহের গতি অপেক্ষায় রাশিচক্রের গতি বেশী বলিয়াই আমারা গ্রহের পূর্ব্বগতি অনুভব করিতে পারি না (২)।

দিক্‌নির্ণয় না হইলে গ্রহগণের বা রাশিচক্রের গতি স্থির করিতে পারা যায় না, এই কারণে প্রাচীন হিন্দু জ্যোতির্বিদ্‌গণ দিক্ নির্ণয় করিবার এইরূপ উপায় স্থির করিয়াছেন।

কোন সমপ্রদেশে একটী বৃত্ত অঙ্কিত করিয়া তাহার কেন্দ্রবিন্দুর উপরে ১২ অঙ্গুল একটী শঙ্কু (কীলক) সোজাভাবে পুতিয়া রাখিবে। সূর্য্য উদয়ের সময়ে শঙ্কুর ছায়াটী অতিশয় বৃহৎ থাকে। ক্রমে সূর্য্য যত উপরে উঠিতে থাকে, শঙ্কুর ছায়াও

(৪) য়ুরোপীয় জ্যোতির্বিদ্‌গণের মতে পৃথিবীর ব্যাস ৮৪৪৮ মাইল।

* পাশ্চাত্য জ্যোতির্বিদের মতে এই বায়ু ৪৫ মাইল ঊর্দ্ধপর্য্যন্ত ব্যাপিয়া আছে, তাহার ঊর্দ্ধে আর এ বায়ু নাই। [বায়ু দেখ।]

* য়ুরোপীয় জ্যোতির্বিদ্‌গণের মতে পৃথিবী ও গ্রহগণ সূর্য্যকে প্রদক্ষিণ করিতেছে।

(১) "ভূমেঃ পিণ্ডঃ শশাঙ্কজ্ঞকবিরবিকুজেজ্যার্কিনক্ষত্রকক্ষা-
বৃত্তৈর্বৃত্তো বৃতঃ সন্ মৃদনিলসলিলব্যোমতেজোময়োঽয়ম্।
নানাধারঃ স্বশক্ত্যৈব বিয়তি নিয়তং তিষ্ঠতীহাস্য পৃষ্ঠে
নিষ্ঠং বিশ্বঞ্চ শশ্বৎ সদনুজমনুজাদিত্যদৈত্যং সমন্তাৎ॥" (গোলাধ্যায় ৩২)

(২) "এবং তস্মিন্ ভপঞ্জরে সখেচরে শীঘ্রতরে ভ্রমত্যপি খেচরা ইন্দ্রদিশি চরন্তি পূর্ব্বাভিমুখং ব্রজন্তি নীচোচ্চতরাত্মবর্ত্মসু তেষাং ভ্রমণং...প্রত্যগ্‌গতে র্বহুত্বাৎ প্রাগল্পগত্যা ব্রজন্তো নোপলক্ষ্যন্তে।" (বাসনাভাষ্য)

ততই কমিয়া আইসে, এই প্রকার যখন শঙ্কুচ্ছায়ার অগ্রভাগ বৃত্তের পরিধি রেখার সহিত মিলিত হইবে, তখন পরিধি রেখার সেইস্থানে একটী বিন্দুপাত করিবে। ইহার নাম পূর্ব্ব বিন্দু। ঠিক্ মধ্যাহ্ন সময়ে শঙ্কুচ্ছায়া অতিশয় ক্ষুদ্র হইয়া আবার বর্দ্ধিত হইতে থাকে। ক্রমে বর্দ্ধিত হইয়া ছায়ার অগ্রভাগ যখন পুনর্ব্বার পরিধিরেখার সহিত মিলিত হইবে, তখন সেইস্থানে আর একটী বিন্দুপাত করিবে, ইহাকে অপরবিন্দু বলে। এই বিন্দুদ্বয়ের অন্তরালকে ব্যাসার্দ্ধ ও বিন্দুদ্বয়কে কেন্দ্র কল্পনা করিয়া দুইটী বৃত্ত অঙ্কিত করিবে। ইহাতে একটী বৃত্তের পরিধির কতক অংশ অপর বৃত্তের পরিধি ভেদ করিয়া তাহার মধ্যে প্রবেশ করে এবং পরিধিদ্বয়ে দুইটী সংযোগ উৎপন্ন হয়। ইহার একটী সংযোগস্থান হইতে অপর সংযোগ স্থান পর্য্যন্ত একটী সরল রেখা টানিবে। পূর্ব্ব বিন্দুর দক্ষিণভাগে রেখার যে অগ্র থাকিবে, তাহাকে দক্ষিণদিক্ এবং অপর দক্ষিণভাগে রেখার যে অগ্র পড়িবে তাহাকে উত্তরদিক্ বলা যায়। এই রেখাটীকেও দক্ষিণোত্তর-রেখানামে উল্লেখ করা যাইতে পারে। এই দক্ষিণোত্তর-রেখাকে ব্যাসার্দ্ধ ও তাহার অগ্রবিন্দুদ্বয়কে কেন্দ্র কল্পনা করিয়া দুইটী বৃত্ত অঙ্কিত করিবে এবং পূর্ব্ববৎ তাহার এক সংযোগ স্থান হইতে অপর সংযোগস্থান পর্য্যন্ত একটী রেখা টানিবে। ইহাকে পূর্ব্বপশ্চিম-রেখা বলে। পূর্ব্ববিন্দুর নিকটবর্ত্তী রেখাগ্রকে পূর্ব্বদিক্ এবং পশ্চিম বিন্দুর নিকটবর্ত্তী অগ্রকে পশ্চিমদিক্ বলা হইয়া থাকে। এই প্রকারে অপরদিক্ (কোণ)ও সাধন করিবে। এই বৃত্তের বাহিরে একটী চতুষ্কোণ অঙ্কিত করিবে। ইহা দ্বারা সেই সময়ের ছায়া জানিতে পারা যায়। পূর্ব্বোক্ত পূর্ব্বপশ্চিম রেখাকে সমমণ্ডল, উন্মণ্ডল বা বিষুবন্মণ্ডল নামেও উল্লেখ করা হইয়া থাকে।

রাশিচক্র ৩৬০ ভাগে বিভক্ত; ইহার এক এক ভাগকে অংশ বলে। প্রত্যেক অংশ (Degree) আবার ৬০ ভাগে বিভক্ত, তাহার প্রত্যেক ভাগের নাম কলা, কলার ৬০ ভাগের এক ভাগকে বিকলা বলা হইয়া থাকে। অতএব রাশিচক্রের ৩০ অংশে একটী রাশি হইয়া থাকে এবং রাশিচক্রের প্রত্যেক ১৩° অংশ ও ২০′ কলাকে এক একটী নক্ষত্র বলা যায়। অশ্বিনী * হইতে নক্ষত্র গণনা করিতে হয়। অতএব অশ্বিনীকেই রাশির প্রথম ১৩° অংশ ও ২০′ কলা বলা যাইতে পারে। ইহার প্রত্যেক নক্ষত্রেই তারা দেখিতে পাওয়া যায়। সাধারণের বিশ্বাস যে অশ্বিনী হইতে রেবতী পর্য্যন্ত কেবল গণিত ২৭টী নক্ষত্র, কিন্তু ফলে তাহা নহে। খগোলবেত্তাদিগের মতে ৩টী (কোন মতে ২টী) নক্ষত্রে (*b*, *a*, Arietis) অশ্বিনী নক্ষত্র বিরচিত। ঐ নক্ষত্রগুলির অবস্থানের ভাব ঘোড়ার মস্তকের মত, এই কারণে তাহাকে অশ্বিনী নাম দেওয়া হইয়াছে। অশ্বিনী নক্ষত্র মেষরাশির অন্তর্গত।

২য় ভরণী (35, 39, 41 Arietis) ইহাতেও ৩টী তারা আছে এবং তাহা ত্রিকোণাকারে অবস্থিত। ভরণী নক্ষত্রও মেষরাশির অন্তর্গত।

৩য় কৃত্তিকা (Pleiades, *E* Tauri etc.) ৬টী নক্ষত্রে বিরচিত, ইহার আকার খড়ুয়া ঘরের মত। ইহার চারিভাগের এক ভাগ মেষরাশির অন্তর্গত এবং অপর ৩ ভাগ বৃষরাশিভুক্ত।

৪র্থ রোহিণী (*a*, *i*, *g*, *d*, *e* Tauri) ৫টী নক্ষত্রবিশিষ্ট, ইহা শকটাকারে অবস্থিত ও বৃষরাশিভুক্ত। এই পাঁচটী তারার পূর্ব্বদিকের তারাটীকে ইহার যোগতারা বলে।

৫ম মৃগশিরা (*i*, f^1 f^2 Orionis) ৩টী নক্ষত্রে রচিত। ইহার অবস্থান হরিণের মুস্তকের মত। এই কারণেই ইহাকে মৃগশিরা নাম দেওয়া হইয়াছে। ইহার অর্দ্ধেক বৃষরাশির অন্তর্গত এবং অপর অর্দ্ধেক মিথুন রাশিভুক্ত।

৬ষ্ঠ আর্দ্রা (*a* Orionis) ১টী নক্ষত্র ইহার আকার প্রায় রত্নের ন্যায়। আর্দ্রা মিথুন রাশির অন্তর্গত।

৭ম পুনর্ব্বসু (*b*, *a* Geminorum) ৬টী নক্ষত্রে রচিত, ইহার আকার প্রায় গৃহের ন্যায়, ইহার চারিভাগের তিনভাগ মিথুন রাশি ও অপর ভাগ কর্কটরাশির অন্তর্গত। ইহার পূর্ব্বদিকস্থ তারাটীকে যোগতারা বলা যায়।

৮ম পুষ্যা (Hercules; *i*, *d*, *g* Cancri) ৩টী নক্ষত্রে রচিত। তাহার মধ্য তারাটীকে যোগতারা বলে। ইহা কর্কট রাশির অন্তর্গত।

৯ম অশ্লেষা (*e*, *d*, *s*, *E*, *r* Hydræ) ৫টী নক্ষত্রযুক্ত। ইহার অবস্থান কুলালচক্রের মত এবং পূর্ব্বদিকের তারাটীকে যোগতারা বলে। ইহা কর্কটরাশির অন্তর্গত।

১০ম মঘা (*a*, *E*, *g*, *z*, *m*, *a* Leonis) ৫টী তারাযুক্ত। ইহার আকার কল্পিত বাড়ীর ন্যায়। ইহার দক্ষিণদিকের তারাটীকে যোগতারা বলে। এই নক্ষত্রটী সিংহরাশির অন্তর্গত।

১১শ পূর্ব্বফল্গুনী (*d*, *i* Leonis) ২টী তারাযুক্ত, খট্বাকার ও সিংহরাশির অন্তর্গত। ইহার উত্তরদিকের তারাটীকে যোগতারা বলে।

১২ উত্তরফল্গুনী (93 Leonis) ২টী নক্ষত্রযুক্ত, শয্যাকার। ইহার চারিভাগের একভাগ সিংহ রাশির অন্তর্গত এবং

* পূর্ব্বকালে কৃত্তিকা হইতে নক্ষত্র গণনা হইত। বেদাঙ্গ জ্যোতিষে কৃত্তিকা হইতে প্রথম নক্ষত্র গণিত হইয়াছে।

তিনভাগ কন্যারাশিভুক্ত। ইহার উত্তরদিকের তারাটীকে যোগতারা বলে।

১৩শ হস্তা (*d, g, e, a, b* Corvi) ৫টী নক্ষত্রযুক্ত। ইহার আকার হাতের পাঁচটী অঙ্গুলীর সন্নিবেশের ন্যায়, এই কারণে ইহাকে হস্তা নাম দেওয়া হয়। ইহার বায়ুকোণের তারাটিকে যোগতারা বলে। এই নক্ষত্রটী কন্যারাশির অন্তর্গত।

১৪শ চিত্রা (*a* Verginis) কেবল ১টী নক্ষত্র, ইহার আকার উজ্জ্বল মুক্তার মত। ইহার অর্দ্ধ কন্যারাশির অন্তর্গত ও অপর অর্দ্ধ তুলারাশি ভুক্ত।

১৫শ স্বাতি (*a* Bootis) একটী নক্ষত্র। ইহা প্রবালের ন্যায়। এই নক্ষত্রটী তুলারাশির অন্তর্গত।

১৬শ বিশাখা (*i, g, b, a* Libræ) ৬টী নক্ষত্রে রচিত, পুষ্পমালাকার, ইহার চারিভাগের একভাগ তুলারাশি ও অপর তিনভাগ বৃশ্চিকরাশির অন্তর্গত।

১৭শ অনুরাধা (*d, b, p* Scorpionis) ৭টী নক্ষত্রযুক্ত। ইহার আকার জলধারার সদৃশ। ইহার মধ্যের তারাটীকে যোগতারা বলে। এই নক্ষত্রটী বৃশ্চিকরাশির অন্তর্গত।

১৮শ জ্যেষ্ঠা (*a, s, t* Scorpionis) ৩টী নক্ষত্রযুক্ত, কর্ণকুণ্ডলাকার। ইহার মধ্য তারাটীকে যোগতারা বলে। এই নক্ষত্রটী বৃশ্চিকরাশির অন্তর্গত।

১৯শ মূলা (Scrop. *l* &c.) ১১ নক্ষত্রযুক্ত ইহার সন্নিবেশ সিংহের লাঙ্গুলের মত। পূর্ব্বদিকের তারাটীকে যোগতারা বলে। এই নক্ষত্রটী ধনুরাশির অন্তর্গত।

২০শ পূর্ব্বাষাঢ়া (*d, e* Sagittarii) ৪টী নক্ষত্রযুক্ত, হস্তিদন্তাকার। ইহার উত্তরদিকের তারাটীকে যোগতারা বলে। এই নক্ষত্রটী ধনুরাশিভুক্ত।

২১শ উত্তরাষাঢ়া ৪টী নক্ষত্রে রচিত। ইহার উত্তরদিকের তারাটীকে যোগতারা বলে। এই নক্ষত্রটীর ৪ ভাগের একভাগ ধনুরাশি ও অপর তিনভাগ মকররাশিভুক্ত।

২২শ শ্রবণা (*a, b, g* Aquilæ) ৩টী নক্ষত্রযুক্ত, ত্রিশূলাকার। ইহার মধ্য তারাটীর নাম যোগতারা। এই নক্ষত্রটী মকররাশির অন্তর্গত।

২৩শ ধনিষ্ঠা (*a, b, g, d* Delphini) ৫টী নক্ষত্রযুক্ত, ঢক্কাকার। ইহার পশ্চিমদিকের তারাটীকে যোগতারা বলে। এই নক্ষত্রটীর অর্দ্ধ মকররাশিও অপর অর্দ্ধ কুম্ভরাশিভুক্ত।

২৪শ শতভিষা (Aquarii *l* &.) বা শততারকা, ১০০টী তারকাযুক্ত, মণ্ডলাকারে অবস্থিত। ইহার মধ্যে যে তারকাটীকে অতিশয় স্থূল দেখা যায়, তাহাকেই ইহার যোগতারা বলে। এই নক্ষত্রটী কুম্ভরাশির অন্তর্গত।

২৫শ পূর্ব্বভাদ্রপদ (*a, b* Pegasi) ২টী নক্ষত্রযুক্ত, ঘণ্টাকার। ইহার উত্তরদিকের তারাটীকে যোগতারা বলে। ইহার ৪ ভাগের ৩ ভাগ কুম্ভরাশি এবং অপরভাগ মীনরাশির অন্তর্গত।

২৬শ উত্তরভাদ্রপদ (*g* Pegasi, *a* Andromedæ) ২টী নক্ষত্রযুক্ত, দুইটী মস্তকযুক্ত নরাকার, ইহার উত্তরের তারাটীকে যোগতারা বলে। এই নক্ষত্র মীনরাশির অন্তর্গত।

২৭শ রেবতী (Piscium, etc.) ৩২টী নক্ষত্রযুক্ত, মৃদঙ্গ আকারে অবস্থিত। দক্ষিণদিকের তারাটীকে ইহার যোগতারা বলে। এই নক্ষত্রটী মীনরাশির অন্তর্গত।

(সূর্য্যসিদ্ধান্ত ৮ অঃ রঙ্গনাথ)

ইহা ব্যতীত অভিজিৎ নামে আর একটী নক্ষত্রের উল্লেখ দেখিতে পাওয়া যায়, কিন্তু তাহা এই ২৭টী নক্ষত্রের অতিরিক্ত নহে, উত্তরাষাঢ়া নক্ষত্রের ৪ ভাগের শেষভাগ এবং শ্রবণার প্রথম ৪ কলাকেই আর্য্যজ্যোতির্বিদ্‌গণ অভিজিৎ নামে উল্লেখ করিয়াছেন (১)।

প্রথমেই খকক্ষার পরিমাণ উক্ত হইয়াছে; সূর্য্যসিদ্ধান্ত মতে ঐ খকক্ষার ব্যাস ৫৯৫৩৮৪৩৯১১২৭২৭২৭ যোজন এবং পৃথিবী হইতে উচ্চতা ২৯৭৬৯২১৯৫৫৬৩৬৩৬৩ যোজন। খকক্ষার নীচের কক্ষাটীকে নক্ষত্রকক্ষা বলে, এই নক্ষত্রকক্ষায় পূর্ব্বকথিত নক্ষত্রমণ্ডলী অবস্থিত। নক্ষত্রকক্ষার পরিমাণ ২৫৯৮৯০০০০ যোজন, ব্যাস পরিমাণ ৮২৬৯২২৭৩ যোজন, এবং পৃথিবী হইতে উচ্চতা ৪১৩৪৫৩৩৬ যোজন। খকক্ষার উচ্চতা হইতে নক্ষত্রকক্ষার উচ্চতা অন্তর করিলে ২৯৭৬৯২১৯১-১২৯১০২৭ অবশিষ্ট থাকিবে, সুতরাং নক্ষত্রকক্ষা খকক্ষার ঐ পরিমাণ যোজন নীচে অবস্থিত। (সূর্য্যসিং ১২।৮০।) এই নক্ষত্রমণ্ডল সর্ব্বদাই পৃথিবীকে সমান অন্তরালে রাখিয়া ভ্রমণ করিতেছে। নাক্ষত্রিক ৬০ দণ্ডে অর্থাৎ একদিন রাত্রে একবার পৃথিবীকে ভ্রমণ করে। ইহাকেই নাক্ষত্রিক অহোরাত্র বলে। (সূং সিং ১।২৫*)

মেরুর উভয়দিকে অর্থাৎ মেরুর দক্ষিণাগ্র ও উত্তরাগ্রের উপরিভাগে আকাশে দুইটী তারা আছে, ঐ দুইটী তারাকে ধ্রুবতারা (Polar star) বলে। গাড়ীর চাকা যে নিশ্চল কাঠকে অবলম্বন করিয়া ঘুরিয়া থাকে, তাহাকে যেমন ঐ চাকার ধুর বা অক্ষদণ্ড বলা যায়। সেই প্রকার উত্তর ও দক্ষিণাকাশস্থিত ঐ দুইটী তারাকে অক্ষ করিয়া রাশিচক্র অনবরত ভ্রমণ করে এই কারণ আর্য্যজ্যোতির্বিদ্‌গণ ঐ দুইটী তারাকে

(১) প্রাচীন আরবীয় পারসিক ও গ্রীকগণ এই অভিজিৎ ধরিয়া নক্ষত্রমণ্ডলে ২৮টী নক্ষত্র কল্পনা করিতেন।

ধ্রুবনামে উল্লেখ করিয়াছেন। আকাশের দিকে দৃষ্টি করিলে বোধ হয় যেন আমাদের মাথার ঠিক উপরিভাগে স্থিত আকাশ অপেক্ষাকৃত উচ্চ এবং সেইস্থান হইতে ক্রমে অবনত হইয়া চারিদিকে পৃথিবীর সহিত মিলিত হইয়াছে। আকাশ যে স্থানে পৃথিবীর সহিত মিলিত হইয়াছে, তাহাকে দৃষ্টিপরিচ্ছেদক রেখা বলা যাইতে পারে। ঐ দৃষ্টিপরিচ্ছেদক রেখাকে পরিধি মনে করিলে, ভূখণ্ড একটী বৃত্তাকারে পরিণত হইবে, এই বৃত্তটীকে ক্ষিতিজবৃত্ত নামে উল্লেখ করা হয়। যে দেশবাসীগণ আপনাদের ক্ষিতিজবৃত্ত হইতে ধ্রুবনক্ষত্র যত উপরে দেখিতে পাইবে, সেই দেশের অক্ষাংশ তত। ক্ষিতিজবৃত্ত হইতে ধ্রুবের উচ্চতাকেই অক্ষাংশ (Latitude) বলে (১)।

পূর্ব্বে যে কয়টী নিরক্ষদেশের উল্লেখ করা হইয়াছে, তদ্দেশবাসীরা ধ্রুব নক্ষত্রকে আপনাদের ক্ষিতিজবৃত্তস্থ দেখিতে পায়, এই কারণে সেইদেশের অক্ষাংশ নাই। দক্ষিণ ক্ষিতিজ প্রদেশ হইতে বিষুবদ্‌বৃত্তের যত অন্তর তাহাকে লম্ব (Co-latitude) বলে (২)। আকাশের মধ্য হইতে ধ্রুবনিকটবর্ত্তী ক্ষিতিজকে লম্বাংশ বলা যায়। যে দেশে অক্ষাংশ ৯০, সেইস্থানের লম্বাংশ ০ হয়, আবার যে দেশের লম্বাংশ ৯০ সেই দেশের অক্ষাংশ ০ হইয়া থাকে। যেরূপ নিরক্ষদেশের অক্ষাংশ ০, অতএব সেই দেশের লম্বাংশ ৯০ হইবে, এই প্রকার মেরুর অক্ষাংশ ৯০ তাহার লম্বাংশ ০ হয় অর্থাৎ মেরুর লম্বাংশ নাই এবং যমকোটী প্রভৃতিরও অক্ষাংশ নাই। (সূ° সি° ১২।৪৪ রঙ্গনাথ)

আমরা যে ভূখণ্ডে বাস করিতেছি, ইহাকে জ্যোতির্বিদ্‌গণ জম্বূদ্বীপ নামে উল্লেখ করেন। পূর্ব্বে বলা হইয়াছে যে সমুদ্র মেখলার ন্যায় পৃথিবীকে বেষ্টন করিয়া ভূগোলকে দুই ভাগে বিভক্ত করিয়াছে, তাহারই এক খণ্ডকে জম্বূদ্বীপ বলা যায়, অতএব জম্বূদ্বীপের চারিদিকেই সমুদ্র *। মেরুর নিকটবর্ত্তী স্থান সকল স্থান হইতে উচ্চ ও তথা হইতে ক্রমে অবনত হইয়া সমুদ্রের সহিত যে স্থানের সন্ধি হইয়াছে, তাহাই অতিশয় নীচ। সমুদ্র ও ভূখণ্ডের সন্ধিকে ভূবৃত্তের পরিধি বলা যাইতে পারে। এই পরিধিবৃত্তের সমসূত্রে আকাশে একটী বৃত্ত কল্পনা করিলে তাহাকে বিষুবদ্‌বৃত্ত বলে। এই বিষুবদ্‌বৃত্তে ক্রান্তিবৃত্তের দুইটী স্থান (মেষের ও তুলার আদ্যস্থান) লগ্ন থাকে। ক্রান্তিবৃত্ত প্রবহ বায়ুতে আহত হইয়া সর্ব্বদাই বিষুবদ্‌বৃত্তমার্গে পরিভ্রমণ করিতেছে। ক্রান্তিবৃত্তের মেষস্থান হইতে কর্কাদি স্থান বিষুবদ্‌বৃত্তের ২৪০ অংশ উত্তরে অবস্থিত, মকরাদি স্থানও ২৪০ অংশ দক্ষিণে অবস্থিত থাকিয়া প্রবহ বায়ুতে ভ্রমণ করে (১)। এই ভচক্র সমস্ত জ্যোতিষ্কমণ্ডলের সহিত নিরক্ষদেশের উপরে অনবরতই পশ্চিমাভিমুখে ভ্রমণ করিতেছে। রাশিচক্রের ঠিক মধ্যস্থানকে বিষুবস্থান (Equinox) বলে। মেরুর উত্তরাগ্রবাসীগণ ও বড়বানলস্থিত † অসুরগণ এই স্থানকে ক্ষিতিজবৃত্তের উপরিস্থিত দেখিতে পায়। রাশিচক্রের যে স্থানকে বিষুব নামে উল্লেখ করা হয়, সেই স্থান হইতে উত্তরে মেষাদি ৬টী রাশি উন্নত ভাবে এবং দক্ষিণে তুলা প্রভৃতি ৬টী রাশি অবনতরূপে অবস্থিত রহিয়াছে। মেরুর উত্তরাগ্রবাসীরা মেষাদি ৬টী রাশিই দেখিতে পায়, তুলাদি ৬টী রাশি তাহাদের নিকটে ভূবৃত্তে আচ্ছাদিত বলিয়া দেখিতে পায় না এবং বড়বানলে যাহারা বাস করে, তাহারাও তুলা প্রভৃতি ৬টী রাশি দেখিতে পায়, মেষাদি ৬টী ভূবৃত্তে আচ্ছাদিত বলিয়া দেখিতে পায় না। এই কারণেই সূর্য্য যে ছয় মাসে মেষ হইতে কন্যারাশির শেষ অতিক্রম করে, মেরুর উত্তরাগ্রবাসীরা সেই ৬ মাস সর্ব্বদাই সূর্য্য দেখিতে পায় ও তত সময় অর্থাৎ এদেশের বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র ও আশ্বিন এই কয়মাসই তাহাদের দিন হয়। সূর্য্য যে ৬ মাসে তুলারাশি হইতে মীন রাশি পর্য্যন্ত ভোগ করে, তাহারা এই ৬ মাস সূর্য্য দেখিতে পায় না অর্থাৎ কার্ত্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ, ফাল্গুন ও চৈত্র এই কয়মাস তাহাদের রাত্রি হয়। বড়বানলবাসীগণেরও কার্ত্তিক হইতে ৬ মাস দিন ও বৈশাখ হইতে ৬ মাস রাত্রি থাকে। ইহারা উভয়েই বৎসরের ৬ মাস মাত্র সূর্য্য দেখিতে পায় (২)।

(১) "তথাচ ক্ষিতিজাদ্‌ধ্রুবোচ্চ্যং অক্ষাংশাঃ, তদ্ভাবাৎ তদ্ভাব ইতি ভাবঃ।" (সূর্য্যসি° ১২।৪৪ রঙ্গনাথ)

(২) "যাম্যোত্তরবৃত্তে দক্ষিণক্ষিতিজপ্রদেশাদ্ বিষুবদ্‌বৃত্তস্য যদন্তরং তল্লম্বং।" (সূর্য্যসি° ৩।১৩ রঙ্গনাথ)

* য়ুরোপীয় ভৌগোলিকেরা এই মত স্বীকার করেন না, তাঁহাদের মধ্যে সমুদ্রও পৃথিবীর মধ্যে, সমুদ্র লইয়া তবে পৃথিবী গোলাকার। [পৃথিবী শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

(১) "জম্বূদ্বীপলক্ষণসমুদ্রসন্ধৌ পরিধিবৃত্তং ভূগোলমধ্যে তৎসমসূত্রেণ আকাশে বৃত্তং বিষুবদ্‌বৃত্তং। তত্র ক্রান্তিবৃত্তং ষড়্‌ভান্তরেণ স্থানদ্বয়ে লগ্নং তন্মেষতুলাস্থানং প্রবহবায়ুনা বিষুবদ্‌বৃত্তাচ্চতুর্বিংশত্যংশান্তর উত্তরতঃ। মকরাদিস্থানং বিষুবদ্‌বৃত্তাচ্চতুর্বিংশত্যংশান্তরে দক্ষিণতঃ। তৎ স্বস্থানে প্রবহবায়ুনা ভ্রমন্তি।"

† সূর্য্যসিদ্ধান্তে যাহা অসুরভাগ নামে বর্ণিত, ভাস্করাচার্য্য গোলাধ্যায়ে (৩।১৮) সেই স্থান "বড়বানল" নামে উল্লেখ করিয়াছেন। এই বড়বানলকে বর্ত্তমান জ্যোতির্বিদ্‌গণ দক্ষিণমেরু (South Pole) নামে বর্ণনা করেন।

(২) "মেষাদৌ দেবভাগস্থো দেবানাং যাতি দর্শনম্।
অসুরাণাং তুলাদৌতু সূর্য্যস্তদ্‌ভাগগোচরঃ॥" (সূর্য্যসি° ১২।৪৫)

দক্ষিণোত্তর অয়নমণ্ডলের দুইটী সম্পাত স্থান আছে। ঐ সম্পাত স্থানদ্বয়কে বিষুবদ্ বলা যায়। বিষুবদ্বয় নিরক্ষদেশের উপরে অবস্থিত। ক্রান্তি ও বিষুবদ্বৃত্তের সম্পাতকে ক্রান্তিপাত (Equinoctial points) বলে। সৃষ্টিকালে অয়নমণ্ডল (Solstice) মিথুনরাশির অন্তে ছিল এবং মেষরাশির প্রথম অংশে ক্রান্তিপাত হইত। পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে যে, দুইটী ধ্রুব পূর্ব্ব ও উত্তরাকাশে অবস্থিত, রাশিচক্র ঐ দুইটীকে ধুর (অক্ষদণ্ড) করিয়া পশ্চিমগতিতে ভ্রমণ করিতেছে, কিন্তু ধ্রুবতারাও স্বস্থান হইতে কিছু পরিমাণে পূর্ব্বপশ্চিমে গমন করিয়া থাকে, তাহাতে রাশিচক্র আপনার ধুরের স্থান হইতে কিছু দূরে যাইয়া সরিয়া পড়ে। সূর্য্যসিদ্ধান্তের মতে রাশিচক্র ধ্রুবের সহিত ২৭ অংশ পশ্চিমে সরিয়া পড়ে এবং পুনর্ব্বার ফিরিয়া আসিয়া পূর্ব্বস্থানে উপস্থিত হয়। আবার সেই স্থান হইতে ২৭ অংশ পূর্ব্বদিকে সরিয়া যায় এবং পুনর্ব্বার আসিয়া পূর্ব্বস্থানে উপস্থিত হয় (১)। অয়নমণ্ডলের ৬৬ বৎসর ৮ মাসে এক এক অংশ করিয়া গমন হয় এবং ঐ নিয়মে রাশিচক্রেরও গমন হইয়া থাকে। এইরূপ গতি অনুসারে অয়নমণ্ডল ২১ অংশ পশ্চাৎদিকে সরিয়া গিয়াছে বলিয়া বর্ত্তমান সময়ে মিথুনের নবম অংশেই উত্তরায়ণ শেষ হইয়া যায় এবং ধনুরাশির নবম অংশে দক্ষিণায়ণ শেষ হয়। বিষুবস্থানও একটী মীনরাশির নবমাংশে ও অপরটী কন্যারাশির নবমাংশে হইয়া থাকে। এই কারণে এখন ১০ই চৈত্র ও ১০ই আশ্বিন দিন-রাত্রি সমান হয়। পূর্ব্বে বৈশাখ ও কার্ত্তিকমাসে দিনরাত্রি সমান হইত। ধনুর নবমাংশ হইতে মিথুনের নবমাংশ পর্য্যন্তকে উত্তরায়ণ এবং মিথুনের নবমাংশ হইতে ধনুর নবমাংশ পর্য্যন্তকে দক্ষিণায়ণ বলা যাইতে পারে। কোন চক্রের গায়ে শলাকার এক অগ্র বিদ্ধ করিয়া অপর অগ্রে কোন একটী ক্ষুদ্র পদার্থ বিদ্ধ করিয়া রাখিলে চক্রের গতি ভিন্ন ঐ ক্ষুদ্র পদার্থের গতি হইতে পারেনা, কেবল চক্রের গতি অনুসারেই ক্ষুদ্র পদার্থ এক স্থান হইতে অন্য স্থানে সরিয়া পড়ে। সেই প্রকার ঘনীভূত বায়ুরূপ শলাকাদ্বারা নক্ষত্রগুলিও রাশিচক্রের সকলস্থানে বিদ্ধ রহিয়াছে, নক্ষত্রসমূহের গতি নাই, কেবলরাশিচক্রের গতি অনুসারে এক আকাশ হইতে অন্য আকাশে যাইয়া উপস্থিত হয়। আমরা রাত্রিকালে আকাশমণ্ডলে যে সকল জ্যোতিষ্কগণকে দেখিতে পাই, সেই সকল জ্যোতিষ্ক রাত্রির ন্যায় দিবাভাগেও আমাদের মাথার উপরে ভ্রমণ করিতেছে, কিন্তু প্রবল সূর্য্যকিরণে অভিভূত বলিয়া দৃষ্টিগোচর হয় না *। সূর্য্যগ্রহণ বহুকাল স্থায়ী হইলে কখন কখন দিনেও নক্ষত্রমণ্ডল দেখিতে পাওয়া যায়। মীনরাশির শেষ হইতে যে নক্ষত্রের যোগতারা যত দূরে অবস্থিত, তাহাকে সেই নক্ষত্রের ধ্রুবক (Longitude) বলে। অশ্বিনীনক্ষত্রের যোগতারা মীনরাশির শেষ হইতে ৮° অংশ দূরে অবস্থিত বলিয়া অশ্বিনীর ধ্রুবক হইল ৮ অংশ। এই প্রকার ভরণীর ধ্রুবক ২০° অংশ, কৃত্তিকার ৩৮° অংশ ২৮´ কলা, রোহিণীর ৫২° ২৮´, মৃগশিরার ৬৬°, আর্দ্রার ৬৭°২০´, পুনর্ব্বসুর ৯৩০°, পুষ্যার ১০৬°, অশ্লেষার ১০৮°, মঘার ১২৯° পূর্ব্বফল্গুনীর ১৪৭°, উত্তরফল্গুনীর ১৫৫°, হস্তার ১৭০° চিত্রার ১৮৩°, স্বাতির ১৯৯°, বিশাখার ২১২°৫´, অনুরাধার ২২৪°৫´, জ্যেষ্ঠার ২২৯°৫´, মূলার ২৪১°, পূর্ব্বাষাঢ়ার ২৫৪°, উত্তরাষাঢ়ার ২৬০°, অভিজিতের ২৬৫°, শ্রবণার ২৭৮°, ধনিষ্ঠার ২৯০, শতভিষার ৩২০°, পূর্ব্বভাদ্র ৩২৬°, উত্তরভাদ্রের ৩৩৭°, রেবতীনক্ষত্রের ধ্রুবক নাই। নক্ষত্রগণের স্ব স্ব ক্রান্তির অগ্রভাগ অর্থাৎ ক্রান্তিবৃত্তস্থিত ধ্রুবক স্থান হইতে বিক্ষেপ (Celestial latitude) স্থির হয়। কোন কোন নক্ষত্রের দক্ষিণদিকে ও কোন কোন নক্ষত্রের উত্তরদিকে বিক্ষেপ গণিত হয়। অশ্বিনী, ভরণী ও কৃত্তিকার উত্তরদিকে যথাক্রমে ১০,১২ ও ৫ অংশ বিক্ষেপ। এই প্রকার রোহিণী, মৃগশিরা ও আর্দ্রার বিক্ষেপ দক্ষিণদিকে ৫,১০ ও ৯ অংশ। পুনর্ব্বসুর বিক্ষেপ উত্তরে ৬ অংশ। পুষ্যার বিক্ষেপ নাই। অশ্লেষার দক্ষিণে বিক্ষেপ ৭ অংশ। মঘার বিক্ষেপ নাই। পূর্ব্বফল্গুনীর বিক্ষেপ উত্তরে ১২ অংশ ও উত্তরফল্গুনীর বিক্ষেপ ১৩ অংশ। হস্তা ও চিত্রার বিক্ষেপ দক্ষিণে ১৩ ও ২ অংশ। স্বাতির বিক্ষেপ উত্তরে ৩৭ অংশ। বিশাখা প্রভৃতি ৫টী নক্ষত্রের দক্ষিণদিকে যথাক্রমে ১।৩০, ৩, ৪, ৯, ৫।৩০ ও ৫ অংশ বিক্ষেপ। অভিজিতের উত্তরে ৬০ অংশ, শ্রবণা ও ধনিষ্ঠার বিক্ষেপ উত্তরদিকে ৩০ ও ৩৬ অংশ। শতভিষার বিক্ষেপ দক্ষিণে ৩০ কলা। পূর্ব্বভাদ্র ও উত্তরভাদ্রের বিক্ষেপ

(১) "ঈশ্বরেচ্ছয়া ক্রান্তিবৃত্তং স্বমার্গে পশ্চিমতঃ সপ্তবিংশত্যংশৈঃ ক্রমোপচিতৈশ্চলিতং ততঃ পরাবৃত্তা স্বস্থান আগত্য ততঃ স্থানাৎ পূর্ব্বতঃ সপ্তবিংশত্যংশৈশ্চলিতং। তথাচ সৃষ্ট্যাদিভূতক্রান্তিবিষুবদ্বৃত্তসম্পাতাশ্রিতক্রান্তিবৃত্তপ্রদেশো রেবত্যাসন্নঃ।" (সূর্য্যসিঃ ৩।৯,১০ রঙ্গনাথ)

* পাশ্চাত্য পণ্ডিতগণ মাটীর নীচে অনেক দূর খুঁড়িয়া সেই গর্ত্তের অন্ধকারময় স্থান হইতে দূরবীক্ষণ সাহায্যে দিবাভাগেও জ্যোতিষ্ক দর্শন করিয়া থাকেন।

উত্তরদিকে ২৪ ও ২৬ অংশ। রেবতী নক্ষত্রের বিক্ষেপ নাই। [সূর্য্যসিদ্ধান্ত ১২ অঃ]

গ্রহগণের গতি অনুসারে কখন কখন গ্রহ ও নক্ষত্রের যোগ হইয়া থাকে। ইহা ব্যতীত অগস্ত্য প্রভৃতি কএকটী নক্ষত্রের বিষয়ও আর্য্যজ্যোতির্বিদ্‌গণ নিরূপণ করিয়াছিলেন। তাহা যথাক্রমে প্রদর্শিত হইতেছে।

অগস্ত্য নক্ষত্র (Canopus)—রাশি চক্রের মিথুনরাশির অন্তে ৮০ অংশ দূরে দক্ষিণদিকে যে উজ্জ্বল তারাটী দেখিতে পাওয়া যায়, তাহার নাম অগস্ত্য তারা। ইহার ধ্রুবক ৩ রাশি, ও বিক্ষেপ দক্ষিণদিকে ৮০ অংশ। (ব্রহ্মগুপ্ত ও ভাস্করাচার্য্যের মতে ইহার ধ্রুবক ৮৭ অংশ, বিক্ষেপ ৭৭ অংশ।)

মৃগব্যাধ (Sirius) মিথুনরাশির ২০ অংশ অর্থাৎ রাশিচক্রের ৮০ অংশে অবস্থিত। ইহার ধ্রুবক ২ রাশি ২০ অংশ, বিক্ষেপ দক্ষিণদিকে ৪০ অংশ। (সিদ্ধান্তশিরোমণির মতে ইহার ধ্রুবক ৮৬ অংশ ও গ্রহলাঘবের মতে ৮১ অংশ।) এদেশীয় বৃদ্ধেরা চলিত কথায় উহাকে কালপুরুষ বলিয়া থাকেন।

অগ্নিনক্ষত্র (*B* Tauri) বৃষরাশির ২২ অংশে অবস্থিত; ইহার ধ্রুবক ১ রাশি ২২ অংশ, বিক্ষেপ উত্তরে ৮ অংশ। (গ্রহলাঘবের মতে, ইহার ধ্রুবক ৫৩ অংশ।)

ব্রহ্মহৃদয় (*α* Aurigæ or Capella) এই নক্ষত্রও বৃষরাশির ২২ অংশে অবস্থিত, ইহার ধ্রুবক অগ্নিনক্ষত্রের সমান। ইহার বিক্ষেপ উত্তরে ৩০ অংশ।

রোহিণীশকট—বৃষরাশির ১৭ অংশে অবস্থিত, ইহার ধ্রুবক ১ রাশি ১৭ অংশ এবং বিক্ষেপ দক্ষিণে ২ অংশ।

ব্রহ্মনক্ষত্র (Aurigæ) বৃষরাশির ২৭ অংশে অবস্থিত। ইহার ধ্রুবক ১ রাশি ২৭ অংশ, বিক্ষেপ উত্তরে ৩৮ অংশ। (গ্রহলাঘবের মতে, ইহার ধ্রুবক আরও ৪ অংশ বেশী হইবে।)

অপাংবৎস (Virginis) ইহার ধ্রুবক চিত্রানক্ষত্রের সমান। বিক্ষেপ উত্তরে ৭ অংশ।

আপনক্ষত্র (Virginis) ইহারও ধ্রুবক চিত্রার সমান। ইহার বিক্ষেপ উত্তরদিকে ১৪ অংশ।

ইহা ব্যতীত উত্তরদিকে সাতটী নক্ষত্র আছে, তাহাদিগকে সপ্তর্ষি (Ursa Major) বলে। সূর্য্যসিদ্ধান্তে ইহার বিক্ষেপের কথার উল্লেখ নাই। (সূ° সি° ১২ অঃ) নক্ষত্র প্রভৃতি জ্যোতিষ্কমণ্ডল হইতে সূর্য্যের তেজ অধিক বলিয়া সূর্য্যের নিকটবর্ত্তী জ্যোতিষ্ক আমাদের দৃষ্টিগোচর হয় না, আবার যখন সূর্য্য হইতে দূরে সরিয়া পড়ে, তখন আমরা ঐ সকল জ্যোতিষ্ক দেখিতে পাই। ইহাকেই উহাদের উদয় অস্ত বলা যায়। সূর্য্য কি পরিমাণ নিকটে থাকিলে কোন্ নক্ষত্রের অস্ত হইবে, সূর্য্যসিদ্ধান্ত তাহার এইরূপ নির্ণয় করিয়াছেন। স্বাতি, অগস্ত্য, মৃগব্যাধ, চিত্রা, অভিজিৎ জ্যেষ্ঠা, পুনর্বসু ও ব্রহ্মহৃদয় এই কয়টী নক্ষত্রের কালাংশ ১৩। হস্তা, শ্রবণা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, ধনিষ্ঠা, রোহিণী, মঘা, বিশাখা ও অশ্বিনী এই কয়টী নক্ষত্রের কালাংশ ১৪। এই প্রকার কৃত্তিকা, অনুরাধা ও মূলানক্ষত্রের কালাংশ ১৫। অশ্লেষা, আর্দ্রা, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়া ইহাদের কালাংশ ১৫। ভরণী, পুষ্যা ও মৃগশিরা এই কয়টীর কালাংশ ২১। ইহা ব্যতীত অপর নক্ষত্রের কালাংশ ১৭। নক্ষত্রের কালাংশকে ১৮০০ দ্বারা গুণ করিয়া উদয়াস্ত দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, ক্রান্তিবৃত্তের তত অংশে নক্ষত্রের উদয় ও অস্ত হয়। অল্পগতি গ্রহগণের ন্যায় নক্ষত্রগণেরও পূর্ব্বদিকে উদয় ও পশ্চিমদিকে অস্ত হয়; কিন্তু অভিজিৎ, ব্রহ্মহৃদয়, স্বাতী, শ্রবণা, ধনিষ্ঠা ও উত্তরভাদ্রপদ এই কয়টী নক্ষত্র সূর্য্য হইতে অনেক উত্তরে অবস্থিত বলিয়া ইহারা কখনও সূর্য্যকিরণে অভিভূত হয় না এবং ইহাদের অস্তও হয় না (১)। (সূর্য্যসিদ্ধান্ত ৯ অঃ) [নক্ষত্রের অন্য বিবরণ নক্ষত্র শব্দে ও অশ্বিনী প্রভৃতি শব্দে দ্রষ্টব্য] সূর্য্যসিদ্ধান্তের টীকাকার রঙ্গনাথের মতে ব্রহ্মনক্ষত্রও অস্ত হয় না (২)।

নক্ষত্রমণ্ডলের পরে যথাক্রমে সাতটী গ্রহকক্ষা অবস্থিত। ফলিতজ্যোতিষে নয়টী গ্রহের উল্লেখ আছে এবং রাহু কেতুকে এই নব গ্রহের মধ্যে ধরা হইয়াছে এবং নীলকণ্ঠতাজকে ইহা ছাড়া মুন্দা নামে অপর একটী গ্রহেরও উল্লেখ দেখিতে পাওয়া যায়। কিন্তু আর্য্যভট ও ভাস্করাচার্য্য প্রভৃতি কোন খগোলবেত্তাই আকাশমণ্ডলে ঐ তিনটী গ্রহের কক্ষার নিরূপণ করেন নাই, ইহাতে বোধ হয় যে তাঁহারা ঐ তিনটীকে গ্রহ বলিয়া স্বীকার করিতেন না। রাশিচক্রের ন্যায় সকল গ্রহকক্ষাও ৩৬০ অংশে বিভক্ত এবং রাশিচক্রের সমসূত্রে দ্বাদশভাগে বিভক্ত, তাহার এক একটী ভাগকেও যথাক্রমে মেষাদি নামে উল্লেখ করা হইয়া থাকে। গ্রহগণ আপনার ক্রান্তিবৃত্তের যে অংশে অবস্থিতি করে এবং সেই অংশ ভাগ অনুসারে যে রাশির অন্তর্গত, গ্রহকে সেই রাশির তত অংশে অবস্থিত বলা যায়। উপরিস্থিত কক্ষার পরিমাণ অপেক্ষায় অধঃস্থিত কক্ষার পরিমাণ

(১) "অভিজিদ্‌ব্রহ্মহৃদয়ং স্বাতী বৈষ্ণববাসবাঃ।
অহির্বুধ্ন্যামুদকস্থত্বান্ন লুপ্যন্তেঽর্করশ্মিভিঃ।" (সূর্য্যসিদ্ধান্ত ৯।১৮)

(২) "ব্রহ্মহৃদয়ং অনেন একদেশস্থ ব্রহ্মণোঽপিগ্রহণং।" (সূ° সি° ৯।১৮ রঙ্গনাথ।)

কম, গ্রহগণের মধ্যে সকলের উপরিস্থিত শনির কক্ষার পরিমাণ অপর অপর গ্রহ কক্ষা হইতে অনেক বেশী এবং সকলের অধঃস্থিত চন্দ্রকক্ষার পরিমাণ অল্প *। গ্রহগণ যত কালে মেষরাশি হইতে ভ্রমণ করিতে আরম্ভ করিয়া মীন রাশির অন্তে উপস্থিত হয়, ততকালকে সেই গ্রহের ভগণ বা বৎসর বলা যাইতে পারে। যে গ্রহের কক্ষাপরিমাণ যত বেশী, তাহা একবার কক্ষাভ্রমণ করিতেও তত বেশী কাল লাগে। যাহার কক্ষা ছোট সেই গ্রহ অল্পদিনেই কক্ষাভ্রমণ করিয়া থাকে (১)। গ্রহগণের মধ্যে শনিকক্ষা সর্ব্বাপেক্ষা উচ্চ ও অধিক, পৃথিবী হইতে ২১৩১০০৫৮ যোজন উচ্চে অবস্থিত, ইহার ব্যাস পরিমাণ ৪০৬২০২১৭ যোজন ও মণ্ডল পরিমাণ ১২৭৬৬৮২৫৫। শনির মধ্যভুক্তি (দৈনিকগতি) ২ কলা ও ২৩ অনুকলা। শনি ১ বৎসরে আপনার কক্ষার ১২ অংশ ১২ কলা ১২ বিকলা ও ৫৪ অনুকলা অতিক্রম করে। একযুগে ২৪৬৫৬৮ ভগণ হয় অর্থাৎ শনিগ্রহ এক যুগে ২৪৬৫৬৮ বার আপনার চক্রকে ভ্রমণ করে। ইহার নীচে বৃহস্পতির কক্ষা, ইহার পরিমাণ ৫১৩৭৫৭৬৪ যোজন, ব্যাস ১৬৩৪৬৮৩৪ যোজন এবং পৃথিবী হইতে উচ্চতা ৮১৭২৬১৭ যোজন। বৃহস্পতির দৈনিক গতি ৪ কলা ৫৯ বিকলা ও ৯ অনুকলা। একবৎসরে আপনার কক্ষার ৩০ অংশ ২১ কলা ৩ বিকলা ও ৩৬ অনুকলা অতিক্রম করে। একযুগে ইহার ৩৬৪২২০ ভগণ হয়।

ইহার নীচে চন্দ্রোচ্চ † কক্ষা, তাহার পরিমাণ ৩৮৩২৮৪৮৪ যোজন, ব্যাস ১২৭৪২৮২৮ যোজন, পৃথিবী হইতে উচ্চতা ৬৩৭০৬১৪ যোজন। ইহার দৈনিকগতি ৬ কলা ৪১ বিকলা। ১ বর্ষে ৪০ অংশ ৪০ কলা ৫৯ বিকলা ৪২ অনুকলা গমন করে এবং এক যুগে ৪৮৮১০৩ ভগণ হইয়া থাকে।

ইহার নীচে মঙ্গলের কক্ষা, তাহার পরিমাণ ৮১৪৬৯০৯ যোজন, ব্যাসপরিমাণ ২৫৯২১৯৮ যোজন এবং পৃথিবী হইতে উচ্চতা ১২৯৫২৯৯ যোজন। ইহার দৈনিকগতি ৩১ কলা ২৬ বিকলা ও ২৮ অনুকলা। ১ বর্ষে ৬ রাশি ১১ অংশ ২৪ কলা ৯ বিকলা ৩৬ অনুকলা গতি হইয়া থাকে। এক যুগে ইহার ২২৯৫৮৩২ ভগণ হইয়া থাকে।

মঙ্গলের নীচে সূর্য্যের কক্ষা। আমরা সকল গ্রহ ও জ্যোতিষ্ক অপেক্ষায় সূর্য্যের আলোক অধিক পরিমাণে পাইয়া থাকি। সূর্য্যের গতি ‡ অনুসারেই দিনরাত্রি মাস ঋতু অয়ন ও বৎসরের ব্যবস্থা হইয়া থাকে। যে স্থানবাসীরা যখন প্রথমে সূর্য্য দেখিতে পায়, তখন হইতেই তাহাদের দিন আরম্ভ হয় এবং যখন সূর্য্য পশ্চিমাকাশে পৃথিবীর অন্তরালে সরিয়া পড়ে, আর দেখিতে পাওয়া যায় না, তখনই দিন শেষ হয় ও রাত্রি আরম্ভ হয়। পুনর্ব্বার যখন পূর্ব্ব আকাশে লোহিতবর্ণ সূর্য্যমণ্ডল দেখিতে পাওয়া যায়, তখন আবার দিন আরম্ভ হয়। সূর্য্য যত সময়ে স্বীয়মণ্ডলের দ্বাদশভাগের একভাগ অতিক্রম করে, তাহাকে একটী সৌরমাস বলা যায়। সূর্য্য যতদিনে মেষরাশি অর্থাৎ মণ্ডলের প্রথম ৩০ অংশ অতিক্রম করে, তাহাকে বৈশাখমাস বলে। এইপ্রকার জ্যৈষ্ঠ প্রভৃতিও জানিবে। ভাস্করাচার্য্য সূর্য্যে কোন রাশি অতিক্রম করিতে কত সময় লাগে, তাহা এইরূপে নির্ণয় করিয়াছেন। যথা—সূর্য্য যখন একরাশি হইতে অন্যরাশিতে গমন করে, তাহাকে রবিসংক্রান্তি বলে। সূর্য্য ৩০ দিন ৫৫ দণ্ড ৩৩ পলে মেষরাশি অতিক্রম করে। এই প্রকারে ৩১ দিন ২৪ দণ্ড ৫৬ পলে বৃষরাশি, ৩১ দিন ৩৭ দণ্ড ৩২ পলে মিথুন রাশি, ৩১ দিন ২৮ দণ্ড ৩৫ পলে কর্কটরাশি, ৩১।২।৫২ পলে সিংহরাশি, ৩০।২৯।৪ পলে কন্যারাশি, ২৯।৫৭।২ পলে তুলারাশি, ২৯।২৭।৩৯ পলে বৃশ্চিকরাশি, ২৯।১৫।৩ পলে ধনুরাশি, ২৯।২৪ দণ্ডে মকররাশি, ২৯।৪৯।৪৩ পলে কুম্ভরাশি এবং ৩০।২৩।৩১ পলে মীনরাশি অতিক্রম করে। সূর্য্যমণ্ডলের পরিমাণ ৪৩৩১৫০০ যোজন, ব্যাস ১৩৭৮২০৪ যোজন এবং পৃথিবী হইতে উচ্চতা ৬৮৮৩০২০ যোজন। সূর্য্যের দৈনিকগতি ৫৯ কলা ৮ বিকলা ১ অনুকলা।

সূর্য্য ১ একবৎসরে আপনার মণ্ডলটীকে একবার পরিভ্রমণ করে। একযুগে ৪৩২০০০০টী ভগণ হইয়া থাকে। সকল গ্রহবিম্বই গোলাকার। সূর্য্যের মধ্যবিম্ব ৬৫২২ যোজন। আর্য্যভটের মতে সূর্য্য ব্যতীত অপরগ্রহের দ্যুতি নাই। অপর গ্রহবিম্বের যে ভাগ সূর্য্যাভিমুখে থাকে, সেইভাগই সূর্য্য-

---

* য়ুরোপীয় বর্ত্তমান জ্যোতির্বিদ্‌গণ উরেনাস্ (Uranus) ও নেপ্‌চুন (Neptune) নামে দুইটী স্বতন্ত্র গ্রহ আবিষ্কার করিয়া তাহাদের গ্রহকক্ষা স্থির করিয়াছেন। [গ্রহ শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

(১) "উপরিস্থস্য মহতী কক্ষাল্পাধঃ স্থিতস্য চ।
মহত্যা কক্ষয়া ভাগা মহান্তোঽল্পস্তথাল্পয়াঃ। ৭৫।
কালেনাল্পেন ভগণভুঙ্‌ক্তে ঽল্পভগণাশ্রিতঃ।
গ্রহঃ কালেন মহতা মণ্ডলে মহতি ভ্রমন্।" ৭৬। (সূর্য্যসিঃ ১২ অঃ)

† য়ুরোপীয়েরা চন্দ্রকে গ্রহ বলিয়া স্বীকার করেন না। তাঁহাদের মতে চন্দ্র পৃথিবীগ্রহের উপগ্রহ (Satellite)। [চন্দ্র দেখ।]

‡ য়ুরোপীয় জ্যোতির্বিদ্‌গণের মতে সূর্য্য একটী স্থির নক্ষত্র, উহার গতি নাই, পৃথিবীর গতি অনুসারেই আমরা সূর্য্যের গতি অনুভব করি। [সূর্য্য দেখ।]

কিরণে আলোকিত হয়, অপরভাগ বিবর্ণ দেখা যায় (১)। সূর্য্যের আলোক সর্ব্বদাই সমান, কিন্তু যখন নিকটবর্ত্তী হয়, তখন অতিশয় তীক্ষ্ণ ও দূরে সরিয়া পড়িলে মৃদু বলিয়া বোধ হয়। দুই মাসে একটী ঋতু হয়, ঋতু ৬টী। নানাপ্রকারেই ঋতু গণনা হইয়া থাকে। প্রাচীনকালে এইরূপ গণনা হইত। যথা—অগ্রহায়ণ ও পৌষ হেমন্ত, মাঘ ও ফাল্গুন শীত, চৈত্র ও বৈশাখ বসন্ত, জ্যৈষ্ঠ ও আষাঢ় গ্রীষ্ম, শ্রাবণ ও ভাদ্র বর্ষা এবং আশ্বিন ও কার্ত্তিক শরৎ। গ্রীষ্ম ঋতুতে সূর্য্য মেরুর উত্তরাগ্রের অতিশয় নিকটবর্ত্তী হয় বলিয়া তথায় কিরণ অতিশয় তীক্ষ্ণ হয় এবং হেমন্ত ঋতুতে বড়বানলের (মেরুর দক্ষিণাগ্রের) নিকটবর্ত্তী বলিয়া তথায় সূর্য্যকিরণের তীক্ষ্ণতা হয়। অতএব হেমন্ত ঋতুতে উত্তরমেরুতে ও গ্রীষ্ম ঋতুতে দক্ষিণমেরুতে সূর্য্যকিরণের মৃদুতা হয় (২)। মেরুর উত্তরাগ্রবর্ত্তী এবং বড়বানলের অধিবাসীগণ বিষুবৎকালে আপনাদের ক্ষিতিজবৃত্তের উপরে সূর্য্য দেখিতে পায়। যখন দক্ষিণমেরুর উত্তরভাগে সূর্য্য অবস্থিতি করে, তখন মেরুর উত্তরাগ্রবাসীর দিন এবং দক্ষিণভাগে থাকিলে রাত্রি হয়। এই প্রকার মেরুর দক্ষিণে সূর্য্য থাকিলে মেরুর দক্ষিণাগ্রবাসীগণের দিন ও উত্তরে থাকিলে রাত্রি হয়। যখন সূর্য্য ক্রান্তিবৃত্তের রেবতীনক্ষত্রের নিকটে মেষরাশিতে উদিত হয়, তখন মেরুর উত্তরাগ্রবাসীগণের দিনের প্রারম্ভ হয় এবং মিথুনরাশির শেষভাগে গমন করিলে তাহাদের মধ্যাহ্ন ও কন্যারাশির অন্তে গমন করিলে সূর্য্য অস্ত হয়। মেরুর উত্তরাগ্র ও দক্ষিণাগ্র (বড়বানল) ঠিক বিপরীত অর্থাৎ সমসূত্রে অবস্থিত বলিয়া দক্ষিণাগ্রবাসীর ইহার বিপরীত হইয়া থাকে। উত্তরমেরুবাসীগণের যখন দিন আরম্ভ হয়, তখন দক্ষিণমেরুবাসীদের সূর্য্য অস্ত হয় এবং মেরুর উত্তরাগ্রবাসীর দিনের মধ্যাহ্ন সময়ে দক্ষিণাগ্রবাসীর মধ্যরাত্রি। এইরূপে উত্তর মেরুতে সূর্য্যাস্ত সময়ে বড়বানলে দিনের আরম্ভ হইয়া থাকে।

পূর্ব্বে যে রাশিচক্রের উল্লেখ করা হইয়াছে, সেই রাশিচক্র মেরুর উত্তরাগ্রবাসীগণের দক্ষিণে, বড়বানলের উত্তরে ও নিরক্ষদেশবাসীগণের মস্তকের উপরে সর্ব্বদা ভ্রমণ করিতেছে। নিরক্ষদেশবাসীদের দিনরাত্রির পরিমাণ সকল কালেই সমান হয়, কখনও হ্রাস বা বৃদ্ধি হয় না, কারণ সূর্য্য সর্ব্বদাই তাহাদের মাথার উপর দিয়া ভ্রমণ করে। জম্বূদ্বীপ ও সমুদ্র হইতে দক্ষিণদেশে দিন ও রাত্রির হ্রাস বৃদ্ধি হয়, কিন্তু বিষুবৎ সংক্রমণ দিনে ইহাদেরও দিবারাত্রি সমান হয়। যখন জম্বূদ্বীপে দিনের হ্রাস ও রাত্রির বৃদ্ধি হয়, তখন দক্ষিণদেশে দিনের বৃদ্ধি ও রাত্রির হ্রাস হইয়া থাকে। সূর্য্যের মেষরাশি হইতে কন্যারাশি পর্য্যন্ত অবস্থানকালে জম্বূদ্বীপে ক্রমান্বয়ে দিনের বৃদ্ধি ও রাত্রির ক্ষয় হয় এবং সূর্য্যের তুলারাশি হইতে মীনরাশি পর্য্যন্ত অবস্থিতি কালে ক্রমশঃ রাত্রির বৃদ্ধি ও দিনের হ্রাস হইয়া থাকে। সমুদ্র হইতে দক্ষিণভাগে ইহার বিপরীত। পৃথিবী পরিধির চতুর্থাংশ হইতে ক্রান্ত্যংশ অন্তরিত করিলে যাহা অবশিষ্ট থাকে, নিরক্ষদেশ হইতে তত যোজন অন্তরে অবস্থিত দেবভাগের (অর্থাৎ উত্তরমেরুস্থ) দেশসমূহে ধনু ও মকররাশিস্থ সূর্য্য দেখিতে পাওয়া যায় না অর্থাৎ পৌষ ও মাঘ এই দুইমাস তদ্দেশবাসীদের সর্ব্বদাই রাত্রি থাকে। এই প্রকার বড়বানলে (অর্থাৎ দক্ষিণমেরুতে) নিরক্ষদেশ হইতে তত যোজন অন্তরে অবস্থিতদেশে মিথুন ও কর্কটরাশিস্থিত সূর্য্য দৃষ্ট হয় না অর্থাৎ আষাঢ় ও শ্রাবণ এই দুইমাস সর্ব্বদাই রাত্রি থাকে। কিন্তু নিরক্ষদেশ হইতে তত যোজন উত্তরে আষাঢ় ও শ্রাবণ এই দুইমাস এবং নিরক্ষদেশ হইতে তত যোজন দক্ষিণে পৌষ ও মাঘ এই দুই মাস সর্ব্বদাই সূর্য্য দেখিতে পাওয়া যায় (১)। ক্রান্ত্যংশ হইতে ভূপরিধির চতুর্থাংশ অন্তরিত করিলে যাহা অবশিষ্ট থাকিবে, নিরক্ষদেশের তত যোজন উত্তরে অগ্রহায়ণ, পৌষ, মাঘ ও ফাল্গুন এই চারিমাস সর্ব্বদাই রাত্রি থাকে এবং বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ় ও শ্রাবণ এই চারিমাস সর্ব্বদাই সূর্য্য উদিত থাকে। নিরক্ষদেশ হইতে তত যোজন অন্তরে দক্ষিণভাগে বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ় ও শ্রাবণ এই চারিমাস রাত্রি ও অগ্রহায়ণ, পৌষ, মাঘ ও ফাল্গুন এই চারিমাস দিন হইয়া থাকে (২)। সূর্য্য ভদ্রাশ্ববর্ষের উপরে গমন করিলে ভারতবর্ষে সূর্য্যের উদয়, কেতুমালে গমন করিলে রাত্র্যর্দ্ধ ও কুরুবর্ষে গমন করিলে ভারতে সূর্য্যের অস্ত হয়। এই নিয়মে অন্যবর্ষেও উদয়াস্ত ব্যবস্থা হইয়া থাকে। [সূর্য্য ও গ্রহণ শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

সূর্য্যকক্ষার নীচে শুক্রের শীঘ্রোচ্চ কক্ষা, ইহার পরিমাণ

(১) "ভূগ্রহভানাং গোলার্দ্ধানি যথা বিবর্ণানি।
অর্দ্ধানি যথা সারং সূর্য্যাভিমুখানি দীপ্যন্তে॥" (আর্য্যভট)

(২) "অত্যাসন্নতয়া তেন গ্রীষ্মে তীব্রকরাঃ রবেঃ।
দেবভাগে সুরাণাস্তু হেমন্তে মন্দতাস্তথা।" (সূর্য্যসিঃ ১২।৪৬)

(১) "উনে ভূবৃত্তপাদে তু দ্বিজ্যাপক্রমযোজনৈঃ।
ধনুর্মৃগস্থঃ সবিতা দেবভাগে ন পশ্যতি॥ ৬৩॥
তথা চাসুরভাগে তু মিথুনে কর্কটেস্থিতঃ।
নষ্টচ্ছায়া মহীবৃত্তপাদে দর্শনমাদিশেৎ॥" ৬৪॥ (সূর্য্যসিঃ ১২ অঃ)

(২) "ধনুর্মৃগালিকুম্ভেষু সংস্থিতোঽর্কো ন দৃশ্যতে।
দেবভাগে হ্যসুরাণাস্তু বৃষাদ্যে ভচতুষ্টয়ে॥" ৬৬। (সূর্য্যসিঃ ১২ অঃ)

২৬৬৪৬৩৭ যোজন, ব্যাস ৮৪৭৮৩৯, এবং পৃথিবী হইতে উচ্চতা ৪২৩১১৯ যোজন। ইহার নীচে বুধের শীঘ্রোচ্চকক্ষা, তাহার পরিমাণ ১০৪৩২০৯ যোজন, ব্যাস ৩৩১৯৩০ যোজন এবং পৃথিবী হইতে ১৬৫১৬৫ যোজন উচ্চে অবস্থিত।

বুধ ও শুক্রকক্ষার পরিমাণ ৪৩৬১৫০ যোজন, ব্যাস ১৩৮৭৭৫ যোজন এবং পৃথিবী হইতে উচ্চতা ৬৮৫৮৮ যোজন। শুক্রের দৈনিকগতি ৯৬ কলা ৭ বিকলা ৪৩ অনুকলা। বার্ষিকগতি ৭ রাশি ১৫ অংশ ১১ কলা ৪৯ বিকলা ১২ অনুকলা। একযুগে ৩০১২৩৭৬টী ভগণ হয়। বুধের দৈনিকগতি ২৪৫ কলা ৩২ বিকলা ২১ অনুকলা। বার্ষিকগতি ১ রাশি ২৪ অংশ ৪৫ কলা ২২ বিকলা ৪৮ অনুকলা। একযুগে ৭১৯৩৭০৬০টী ভগণ হইয়া থাকে। চন্দ্র পৃথিবীর অতিশয় নিকটবর্ত্তী, ইহার কক্ষাটী পৃথিবী হইতে ৫৭৪৫ যোজনমাত্র উপরে অবস্থিত। চন্দ্রকক্ষার পরিমাণ ৩২৪০০৪ যোজন, ব্যাস ১৬২৪ যোজন। চন্দ্রের দৈনিকগতি ৭৯০ কলা ৩৪ বিকলা ও ৫২ অনুকলা, বার্ষিকগতি ৪ রাশি ১২ অংশ ৪৬ কলা ৪০ বিকলা ও ৪৮ অনুকলা। একযুগে ৫৭৭৫ ৩৩৩৬ ভগণ হইয়া থাকে (১)।

গ্রহদিগের মধ্যে সূর্য্য ও চন্দ্রের গতি সর্ব্বদাই একপ্রকার, কখনও হ্রাস বা বৃদ্ধি হয় না (২)। মঙ্গল প্রভৃতি অপর গ্রহগণের গতি সমান নহে। প্রাচীন জ্যোতির্বিদ্‌গণেরা ইহাদের আটপ্রকার গতির নিরূপণ করিয়াছেন। যথা বক্র, অনুবক্র, কুটিল, মন্দ, মন্দতর, সম, শীঘ্র ও অতিশীঘ্র। এই আট প্রকার গতির মধ্যে মন্দ, মন্দতর, সম, শীঘ্র ও অতি শীঘ্র এই পাঁচপ্রকার গতি সরলপথে হইয়া থাকে, অবশিষ্ট তিনপ্রকার বক্রভাবে হয় বলিয়া প্রথম পাঁচপ্রকারকে ঋজু গতি ও অপর ৩ প্রকারকে বক্রগতি বলা যাইতে পারে (৩)। পূর্ব্বে গ্রহদিগের যে গতির উল্লেখ করা হইয়াছে, উহা গ্রহদিগের মধ্যগতি গ্রহের স্বাভাবিক গতিও বলা যাইতে পারে। গ্রহগণের বিভিন্ন গতির কারণ সূর্য্যসিদ্ধান্তে এইরূপ নির্ণীত হইয়াছে। রাশিচক্রে শীঘ্রোচ্চ, মন্দোচ্চ ও পাতনামক বায়বীয় শরীরধারী তিনটী জীব বাস করে, ইহা-

(১) বর্ত্তমান য়ুরোপীয় জ্যোতির্বিদ্‌গণ উপরোক্ত মত স্বীকার করেন না। তাঁহারা উৎকৃষ্ট যন্ত্রসাহায্যে গ্রহাদির পরিমাণ, গতি ও সূর্য্য হইতে দূরত্ব এইরূপ নির্ণয় করিয়াছেন—

গ্রহের নাম	ব্যাস—মাইল	সূর্য্য হইতে দূরত্ব	সূর্য্যপ্রদক্ষিণকাল	আহ্নিক গতি
বুধ (Mercury)	৩১৪০	৩৫০০০০০০	৮৮ দিন	২৪ ঘণ্টা ৫ মি° ২৮ সে°
শুক্র (Venus)	৭৭০২	৬৬০০০০০০	২২৫ „	২৩ ঘ° ২১ মি° ৭ সে°
পৃথিবী	৭৯১২	৯১০০০০০০	৩৬৫¼ „	২৩ ঘ° ৫৬ মি°
মঙ্গল (Mars)	৪১০০	১৪২০০০০০০	৬৮৭ „	২৪ ঘ° ৩৯ মি° ২১ সে°
বৃহস্পতি (Jupiter)	৯১০০০	৪৭৫০০০০০০	৪৪৩২ „	৯ ঘ° ৫৫ মি°
শনি (Saturn)	৭৯০০০	৮৭১০০০০০০	১০ ৭৫৯ „	১০ ঘ° ১৬ মি°
ইউরেনস্*	৩৪২১৭	১৭৫২০০০০০০	৩০ ৬৮৭ „	
নেপচুন †		২৭৬০০০০০০০	৬০ ১২৭ „	

(২) য়ুরোপীয় মতে চন্দ্র একটী উপগ্রহ, ইহা পৃথিবীর পারিপার্শ্বিক (Satellite), ইহার আকার পৃথিবীর চতুর্দ্দশ ভাগের এক ভাগ, সূক্ষ্মরূপে চন্দ্র পৃথিবী হইতে ২৩৭৮৪০ মাইল অন্তর, ইহার একবার কক্ষা পরিভ্রমণ করিতে ২৭ দিন ৭ ঘণ্টা ৪০ মিনিট সময় লাগে।

য়ুরোপীয় মতে সূর্য্য একটী স্থির নক্ষত্র, ইহার একবার কক্ষা পরিভ্রমণ করিতে ২৫ দিন ৮ ঘণ্টা ১০ মিনিট সময় লাগে।

এতদ্ভিন্ন য়ুরোপীয় জ্যোতির্বিদ্‌গণ দূরবীক্ষণযন্ত্র সাহায্যে এ পর্য্যন্ত ৩২৬টী সামান্য গ্রহ ও তাহাদের কোন কোনটীর গতি নির্ণয় করিয়াছেন। [গ্রহ প্রভৃতি শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

(৩) "বক্রানুবক্রাকুটিলামন্দমন্দতরা সমা।
তথা শীঘ্রতরা শীঘ্রা গ্রহাণামষ্টধা গতিঃ॥ ১২॥
তথাতিশীঘ্রা শীঘ্রাখ্যা মন্দা মন্দতরা সমা।
ঋজ্বীতি পঞ্চধা জ্ঞেয়া যাবক্রা সানুবক্রগা॥" ১৩। (সূ° সি° ২ অঃ)
'ভৌমাদিগ্রহাণাং বিরবিচন্দ্রাণাং অষ্টধাগতিঃ' রঙ্গনাথ।

* ১৭৮১ খৃষ্টাব্দে উইলিয়ম হর্সেল এই গ্রহটী আবিষ্কার করেন।

† পারিস নগরীয় প্রসিদ্ধ ফরাসী জ্যোতির্বিদ্ লাবেরীয়র ও এডাম কর্ত্তৃক ১৮৪৬ খৃষ্টাব্দে আবিষ্কৃত হয়।

দের আকর্ষণেই গ্রহদিগের বিভিন্ন গতি হইয়া থাকে (১)। টীকাকার রঙ্গনাথ ঐ তিনটীকে জীব বলিয়া স্বীকার করেন না, তাঁহার মতে সেই সেই স্থানকেই শীঘ্রোচ্চ, মন্দোচ্চ ও পাত বলা যাইতে পারে (২)। গ্রহকক্ষার উচ্চস্থানে প্রবহ বায়ুর অতিরিক্ত একপ্রকার বায়ু আছে, ঐ বায়ু সর্ব্বদাই একস্থানে থাকিয়া কম্পিত হইতেছে, এই বায়ুরূপ রজ্জুতে গ্রহবিম্ব উভয়দিকে গ্রথিতের ন্যায় হইয়াছে। গ্রহবিম্ব আপনার শক্তিতে স্বীয় উচ্চস্থান হইতে পূর্ব্বদিকে চলিতে আরম্ভ করিলে ঐ বায়ু তাহাকে পশ্চিমদিকে আকর্ষণ করিতে থাকে, বায়ুর আকর্ষণে গ্রহবিম্বের গতির অল্পতা হয়। এই প্রকারে চলিতে চলিতে গ্রহবিম্ব যখন উচ্চস্থান হইতে ৬ রাশি দূরে সরিয়া পড়ে, তখন আবার ঐ বায়ু গ্রহকে পূর্ব্বদিকে অর্থাৎ উচ্চস্থানের অভিমুখে আকর্ষণ করিয়া থাকে। গ্রহের গতিও পূর্ব্বদিকে এবং বায়ুও তাহাকে পূর্ব্বদিকে আকর্ষণ করে বলিয়া, তখন গ্রহের গতির আধিক্য হয়। গ্রহস্থান হইতে পূর্ব্বভাগে ৬ রাশিদূরে অবস্থিত উচ্চনামক জীব গ্রহবিম্বকে পূর্ব্বদিকে আকর্ষণ করে এবং গ্রহস্থান হইতে পশ্চিমে ৬ রাশিদূরে অবস্থিত উচ্চ জীব গ্রহকে পশ্চিমদিকে আকর্ষণ করিয়া থাকে (৩)। [মাধ্যাকর্ষণ শব্দে য়ুরোপীয় মত দ্রষ্টব্য।]

সূর্য্য ভিন্ন অপর সকল গ্রহেরই পাত আছে। ক্রান্তিবৃত্তস্থিত গ্রহের ভোগ স্থান হইতে উত্তরে ও দক্ষিণে পাত অবস্থিত। পাত আপনার শক্তিতে চন্দ্র প্রভৃতিকে ক্রান্তিবৃত্ত হইতে বিক্ষিপ্ত করে। এই পাত আপনার শক্তিতে গ্রহগণকে স্বস্থান পরিত্যাগ করায় বলিয়া, ইহাকে রাহু নামে উল্লেখ করা যাইতে পারে। পাতস্থানের অধিষ্ঠাত্রী দেবতাকেও রাহু বলে (৪)।

গ্রহস্থান হইতে পশ্চিমভাগে ৬ রাশিতে অবস্থিত পাত বা রাহু গ্রহবিম্বকে উত্তরদিকে বিক্ষেপ করে অর্থাৎ গ্রহের ভোগস্থান হইতে উত্তরদিকে আকর্ষণ করে এবং গ্রহ স্থান হইতে পূর্ব্বভাগে ৬ রাশির মধ্যে অবস্থিত রাহু বা পাত গ্রহবিম্বকে দক্ষিণদিকে বিক্ষেপ করে, এই কারণে গ্রহবিম্বের দক্ষিণে ও উত্তরে বিক্ষেপ হইয়া থাকে। ইহার মধ্যে বুধ ও শুক্রের একটু বিশেষ এই যে বুধ ও শুক্রের উচ্চস্থান হইতে তাহাদিগের পাত পূর্ব্বার্দ্ধ বা পরার্দ্ধ মধ্যে অবস্থিত হইলে বুধ ও শুক্রকে যথাক্রমে দক্ষিণে ও উত্তরে বিক্ষেপ করে। গ্রহগণ উচ্চস্থান হইতে দূরে গমন করিলে যখন উভয়দিকের আকর্ষণ কমিয়া যায়, তখন গ্রহের বক্রগতি হইয়া থাকে। এইরূপ আকর্ষণে মঙ্গল স্বীয় ১৬০ কেন্দ্রাংশে, বুধ ১৪৪ কেন্দ্রাংশে, বৃহস্পতি ১৩০ কেন্দ্রাংশে, শুক্র ১৬৩ কেন্দ্রাংশে ও শনি ১১৫ কেন্দ্রাংশে বক্রগতি করিয়া থাকে, এবং গ্রহগণের স্বীয় স্বীয় চক্র ৩৬০ অংশ হইতে তাহাদের কেন্দ্রাংশ বাদ দিলে, যাহা অবশিষ্ট থাকিবে, তত অংশে ইহারা বক্রগতি পরিত্যাগ করে অর্থাৎ শুক্র ও বুধ স্বীয় শীঘ্র কেন্দ্র হইতে সপ্তম রাশিতে বক্রগতি পরিত্যাগ করে। এই প্রকার স্বীয় কেন্দ্রাংশ হইতে অষ্টমরাশিতে বৃহস্পতি ও বুধ এবং নবম রাশিতে শনি বক্রগতি ত্যাগ করে (৫)।

গ্রহদিগের উদয় অস্ত।—জ্যোতিষ্কগণ সকল সময়ে সমানভাবে আকাশমণ্ডলে অবস্থিতি করে, বাস্তবিক তাহাদের কখনও হ্রাস বা বৃদ্ধি হয় না। রাশিচক্রের সহিত গমন করিয়া যখন দৃষ্টিপরিচ্ছেদক রেখা দ্বারা অন্তরিত হয়, তখনই আমরা তাহার অস্ত হইয়াছে বলি এবং যখন আবার ভ্রমণ করিতে করিতে দৃষ্টিপরিচ্ছেদক রেখার উপরে উঠিতে থাকে ও আমরা প্রথমে গ্রহকে দেখিতে পাই, তখন তাহার উদয় বলা হয়। ইহা ব্যতীত সূর্য্য ভিন্ন অপর গ্রহগণ ও জ্যোতিষ্কগণ যখন সূর্য্যের কিরণে অভিভূত হয়, তখনও সেই গ্রহ বা নক্ষত্র আমাদের দৃষ্টিগোচর হয় না, ইহাকেও অস্ত বলে এবং যখন সূর্য্য হইতে দূরে সরিয়া যায় ও প্রথমে আমরা দেখিতে পাই, তখন তাহাদের উদয় বলা যাইতে পারে। নক্ষত্রের উদয় ও অস্ত নক্ষত্র প্রস্তাবে বলা হইয়াছে। অল্পগতি গ্রহগণ সূর্য্য হইতে ন্যূন হইলে পূর্ব্বদিকে উদিত হয় এবং সূর্য্য হইতে অধিক হইলে পশ্চিমদিকে তাহাদের অস্ত হইয়া থাকে। বৃহস্পতি, মঙ্গল ও শনি সূর্য্য হইতে ন্যূন, ইহাদের পশ্চিমদিকে অস্ত হয় এবং বক্রগতি বুধ ও শুক্রের

(১) "অদৃশ্যরূপাঃ কালস্য মূর্ত্তয়ো ভগণাশ্রিতাঃ।
শীঘ্রমন্দোচ্চপাতাখ্যা গ্রহাণাং গতিহেতবঃ।" ১। (সূর্য্যসিঃ ২ অঃ)

(২) "তথাচ কক্ষাকারং সূত্রং তদা তদা তথা তথা ভ্রমতীতি দৈবতৈরাকৃষ্যত ইত্যুপচারাদুচ্যতে।" (সূর্য্যসিঃ ২ অঃ ৩ শ্লোঃ রঙ্গনাথ।)

(৩) "গ্রহাৎ প্রাগ্‌ভগণার্দ্ধস্থঃ প্রাঙ্মুখং কর্ষতি গ্রহম্।
উচ্চসংজ্ঞোঽপরার্দ্ধস্থস্তদ্বৎ পশ্চান্মুখং গ্রহম্॥" ৪। (সূঃ সিঃ ২ অঃ)

(৪) "দক্ষিণোত্তরতোঽপ্যেবং পাতো রাহুঃ স্বরংহসা।
বিক্ষিপত্যেষ বিক্ষেপং চন্দ্রাদীনামপক্রমাৎ॥ ৬॥" (সূঃ সিঃ ২ অঃ)

'পাতস্থানাধিষ্ঠাত্রীদেবতা রাহু জীববিশেষঃ চন্দ্রপাতস্তদৈত্যবিশেষো রাহুঃ।" রঙ্গনাথ।

(৫) "কৃতর্ত্তু চন্দ্রে র্বেদেন্দ্রৈঃ শূন্যত্র্যেকৈ গুণাষ্টিভিঃ।
শররুদ্রৈ র্চতুর্থেষু কেন্দ্রাংশৈঃ ভূসুতাদয়ঃ॥ ৫৩।
ভবন্তি বক্রিণস্তৈস্তু স্বৈঃ স্বৈশ্চক্রাদিশোধিতৈঃ।
অবশিষ্টাংশতুল্যৈঃ স্বৈঃ কেন্দ্রৈরুজ্ঝন্তি বক্রতাম্॥ ৫৪।
মহত্বাচ্ছীঘ্রপরিধেঃ সপ্তমে ভৃগুভূসুতৌ।
অষ্টমে জীবশশিজৌ নবমে তু শনৈশ্চরঃ।" ৫৫ (সূঃ সিঃ ২ অঃ)

15268
23 MAY 1966

পূর্ব্বদিকে উদয় হইয়া থাকে। চন্দ্র, বুধ ও শুক্র সূর্য্য হইতে অল্প হইলে পূর্ব্বদিকে অস্ত ও পশ্চিমদিকে উদয় হয়। [ইহার বিশেষ বিবরণ স্ফুট শব্দে দ্রষ্টব্য।]

পূর্ব্বে বলা হইয়াছে যে গ্রহবিম্ব সূর্য্যকিরণে আলোকিত হয় বলিয়া আমরা উজ্জ্বল দেখিতে পাই। মঙ্গল প্রভৃতি গ্রহবিম্বের সকল অংশই সূর্য্যকিরণে আলোকিত হয় এবং সকল স্থানই উজ্জ্বল দেখিতে পাওয়া যায়। কিন্তু চন্দ্রমণ্ডলের সেরূপ নহে। কখন কখন চন্দ্রমণ্ডলের অল্পাংশ ও কখনও বা প্রায় সকলাংশই উজ্জ্বল দেখায়। সূর্য্যসিদ্ধান্ত ইহার এইরূপ কারণ নির্দ্দেশ করিয়াছেন—সূর্য্য ও চন্দ্র যখন ৬ রাশি অন্তরে অর্থাৎ সমসূত্রে ঊর্দ্ধাধঃভাবে অবস্থিতি করে, সেইদিন চন্দ্রমণ্ডলের সকল অংশে সূর্য্যকিরণ প্রতিফলিত হয় বলিয়া চন্দ্রমণ্ডলের সকল অংশই শুক্ল ও উজ্জ্বল দেখিতে পাওয়া যায়। যে দিন চন্দ্রমণ্ডলের আমাদের দৃশ্য অংশ অর্থাৎ অর্দ্ধ অংশ উজ্জ্বল ও শুক্লবর্ণ দেখিতে পাওয়া যায়, সেই তিথিকে পূর্ণিমা বলে। ইহার পরদিন হইতে চন্দ্রমণ্ডল যত পরিমাণ সূর্য্যের নিকটবর্ত্তী হইতে থাকে, সূর্য্যকিরণও তত পরিমাণে চন্দ্রে প্রতিফলিত হয় না এবং চন্দ্রের শুক্লতাও সেই অনুসারে কমিয়া আইসে। এইরূপে যে দিন চন্দ্রমণ্ডল সূর্য্যের সহিত একরাশিতে অবস্থান করে, সেদিন চন্দ্রমণ্ডলে সূর্য্যকিরণ প্রতিফলিত হয় না, ইহাকে অমাবস্যা বলে। পূর্ণিমার পরদিন হইতে অমাবস্যা পর্য্যন্ত ১৫ দিনকে কৃষ্ণ পক্ষ বলে। ইহার পরদিন হইতে চন্দ্রমণ্ডল সূর্য্য হইতে যত পরিমাণ অন্তর হয়, তত পরিমাণেই সূর্য্যকিরণ তাহাতে প্রতিফলিত হইতে থাকে ও দিন দিন চন্দ্রের শুক্লতা বৃদ্ধি হয়। অমাবস্যার পরদিন হইতে পূর্ণিমা পর্য্যন্তকে শুক্লপক্ষ বলে। দ্বাদশ অংশ পশ্চিমে চন্দ্রের উদয় ও দ্বাদশ অংশ পূর্ব্বে অস্ত হয়। (সূর্য্যসিদ্ধান্ত ১০ অঃ)

বৃহৎসংহিতার মতে যেরূপ দর্পণের উপরে সূর্য্যকিরণ পতিত হইলে অন্ধকারময় গৃহের অভ্যন্তরে তাহার প্রতিবিম্ব প্রবিষ্ট হইয়া অন্ধকার বিনাশ করে, সেই প্রকার জলময় চন্দ্রে সূর্য্যের কিরণ প্রতিবিম্বিত হইয়া অন্ধকার বিনাশ করিয়া থাকে। (বৃহৎসংহিতা ৪।২) [চন্দ্র দেখ।]

গ্রহদিগের গতি অনুসারে একগ্রহের সহিত অপর গ্রহের যোগ হইয়া থাকে। গ্রহযোগকে প্রধানতঃ দুইভাগে বিভক্ত করা যাইতে পারে, গ্রহযুদ্ধ ও গ্রহ সমাগম (৪)। চন্দ্রের সহিত মঙ্গল প্রভৃতি পাঁচটী গ্রহের যোগকে সমাগম বলে। সূর্য্যের সহিত অপর কোন গ্রহের যোগ হইলে, তাহার অস্ত হয়, ইহাকে গ্রহের পূর্ণাস্ত বলা যায় (২)। মন্দগতিগ্রহ হইতে শীঘ্রগতি গ্রহ অধিক হইলে অল্পদিন পূর্ব্বেই তাহাদের যোগ হইয়াছিল। কিন্তু শীঘ্রগতি গ্রহ হইতে মন্দগতি গ্রহ যদি অধিক হয়, তাহা হইলে অল্পদিন পরেই সেই দুই গ্রহের যোগ হইবে। শীঘ্রগতি বক্রী-গ্রহ মন্দগতি বক্রীগ্রহ হইতে অধিক হইলে অল্পদিন মধ্যেই তাহাদের যোগ হইয়া থাকে। কিন্তু বক্রী মন্দগতি গ্রহ বক্রী শীঘ্রগতি গ্রহ হইতে অধিক হইলে অল্পদিন পূর্ব্বেই তাহাদের যোগ হইয়াছিল। মঙ্গল প্রভৃতি পাঁচটী গ্রহের প্রতিবিম্ব মাত্রে স্পর্শ হইলে তাহাকে উল্লেখ নামক যুদ্ধ বলে। কিন্তু এইরূপ স্পর্শই যদি গ্রহের মণ্ডলের অংশ ও দিক্ ভেদে হয়, তবে তাহাকে ভেদ নামক যুদ্ধ বলে। এই প্রকার দুইগ্রহের কিরণযোগ হইলে তাহার নাম অংশুবিমর্দ্দ যুদ্ধ। গ্রহের কিরণযোগ দক্ষিণ বা উত্তরভাগে এক অংশের ন্যূন হইলে তাহাকে অপসব্য যুদ্ধ; দক্ষিণ বা উত্তরভাগ এক অংশের অধিক হইলে কিরণ যোগকেও সমাগম বলে (৩)। ভাস্করাচার্য্য গ্রহযোগের অপর অনেক ভেদও নির্ণয় করিয়াছেন, কিন্তু তাহা মানবচক্ষুর অদৃশ্য বলিয়া সূর্য্যসিদ্ধান্তের টীকাকার স্বীকার করেন না (৪)। এই গ্রহযুদ্ধে একটী গ্রহের জয় ও অপরটীর পরাজয় হয়। গ্রহযুদ্ধের পরে গ্রহ দেখিয়া কোন্‌টীর জয় ও কোন্‌টীর পরাজয় হইয়াছে, তাহা নির্ণয় করা যাইতে পারে। পূর্ব্বে যে অপসব্য যুদ্ধের কথা বলা হইয়াছে, সেই যুদ্ধে পরাজিত গ্রহকে অতিশয় ক্ষুদ্র, অব্যক্ত, প্রভাহীন, রুক্ষ ও বিবর্ণ দেখিতে পাওয়া যায় এবং জয়ী গ্রহের দক্ষিণদিকে তাহার উদয় হইয়া থাকে। জয়ী গ্রহকে দীপ্তিমান্, স্থূল ও পরাজিত গ্রহ হইতে উত্তরদিকে উদিত দেখিতে পাওয়া যায়।

(১) গ্রহগণ স্বীয় স্বীয় কক্ষায় থাকিয়াই অনবরত ভ্রমণ করে, কখনও আপনার কক্ষা পরিত্যাগ করে না। গ্রহকক্ষাও অনেক অন্তরে অবস্থিত। ইহাদের বাস্তবিক যোগ হওয়া অসম্ভব। ভূমণ্ডল হইতে সর্ব্বোপরিস্থিত রাশিমণ্ডল পর্য্যন্ত একটী সরল সূত্রপাত করিলে এক সূত্রে গ্রথিত মণিমালার ন্যায় যে যে গ্রহ এক সূত্রে পড়িবে, তাহাদেরই পরস্পর যোগ বলা হয়।

(২) "তারা গ্রহাণামন্যোন্যং স্যাতাং যুদ্ধসমাগমৌ।
সমাগমঃ শশাঙ্কেন সূর্য্যেনাস্তমনং সহ॥" (সূর্য্যসিঃ ৮ অঃ)

(৩) "উল্লেখং তারকা স্পর্শাদ্‌ভেদে ভেদঃ প্রকীর্ত্ত্যতে।
যুদ্ধমংশুবিমর্দ্দাখ্যং অংশুযোগে পরস্পরম্॥ ১৮॥
অংশাদূনেঽপসব্যাখ্যং যুদ্ধমেকত্র চেদগুঃ।
সমাগমো হংশাদধিকে ভবতশ্চেদ্ বলান্বিতৌ।" ১৯॥ (সূঃ সিঃ ৭ অঃ)

(৪) "ভাস্করাচার্য্যোক্ত বিশেষোঽভিহিতঃ। ভগবতা তু সূক্ষ্মবিষয়োরাকাশে দূরতো বিবিক্তদর্শনাসম্ভবাৎব্যর্থপ্রয়াসানুপেক্ষিতম্।" রঙ্গনাথ সূঃ সিঃ ৭।১৯ শ্লোকঃ।

যুদ্ধলক্ষণাক্রান্ত দুই গ্রহ এক অংশমাত্র দূরে অবস্থিত হইলে এবং দুইটীই যদি দেখিতে উজ্জ্বল হয়, তবে তাহাদের কিরণ-যোগরূপ সমাগম হইয়া থাকে। দুই গ্রহই সূক্ষ্ম অথচ পরাজয়লক্ষণবিশিষ্ট দেখাইলে তাহাদের কূট ও বিগ্রহ নামক যুদ্ধ হইয়া থাকে। গ্রহযুদ্ধে শুক্রগ্রহ অপর গ্রহ হইতে দক্ষিণে বা উত্তরে থাকিলে প্রায় শুক্রের জয় হইয়া থাকে। গ্রহযুদ্ধে মানবমণ্ডলীর শুভাশুভ ঘটিয়া থাকে।

গ্রহগণের স্বাভাবিক বর্ণ কি তাহার বিশেষ কোন উল্লেখ দেখিতে পাওয়া যায় না। ভাস্করাচার্য্যের মতে চন্দ্রের যে অংশে সূর্য্যকিরণ প্রবেশ করে তাহাই শুক্ল দেখায়, অপরাংশ কামিনী-কেশকলাপের ন্যায় কৃষ্ণবর্ণ। সূর্য্যসিদ্ধান্তটীকাকার রঙ্গনাথ ও আর্য্যভটের মতে সূর্য্যকিরণ হইতেই অপর গ্রহগণও আলোকিত হয়। এরূপস্থলে সূর্য্য ব্যতীত অপরগ্রহের কিরণ নাই ও কৃষ্ণবর্ণ এইরূপ কল্পনা করা যাইতে পারে। প্রাচীনকাল হইতে গ্রহগণের যেরূপ ধ্যান চলিত আছে তাহাতে সূর্য্য রক্তবর্ণ, চন্দ্র কুন্দ অথবা শঙ্খের ন্যায় ধবলবর্ণ, মঙ্গল রক্তবর্ণ, বুধ প্রিয়ঙ্গু কুসুমের ন্যায় শ্যামবর্ণ, বৃহস্পতি সুবর্ণবর্ণ, শুক্র শুক্লবর্ণ ও শনি কৃষ্ণবর্ণ বলিয়া বর্ণিত আছে। [প্রাচীন হিন্দুজ্যোতির্বিদ্‌গণ যে যন্ত্রের সাহায্যে গ্রহগতি নির্ণয় করিতেন, তাহা যন্ত্র শব্দে দ্রষ্টব্য। গোলরচনাপ্রণালী গোল শব্দে দেখ।]

পুরাণেও অল্পবিস্তর খগোল বিবরণ লিখিত আছে। কিন্তু ভাস্করাচার্য্য প্রভৃতি জ্যোতির্বিদ্‌গণ প্রমাণ ও যুক্তি দ্বারা তাহা খণ্ডন করিয়াছেন। ভাস্করাচার্য্য বলেন যে, পৌরাণিক খগোল বা ভূগোল যাহা বর্ত্তমান সময়ে পাওয়া যায়, তাহা ঠিক নহে, খগোল ও ভূগোল বিবরণ যাহা লিখিত হইয়াছিল, তাহা কালবশে লুপ্ত হইয়া গিয়াছে। [বৈদিক বা পৌরাণিক মত জ্যোতিষশব্দে দ্রষ্টব্য। খগোলের অপর বিবরণ গ্রহ, রাশি, নক্ষত্র, সূর্য্য, চন্দ্র প্রভৃতি শব্দে দেখ।]

য়ুরোপীয় প্রসিদ্ধ জ্যোতির্ব্বেত্তা লাপ্লাস সৌরজগতের গতির সামঞ্জস্য দেখিয়া নির্দ্দেশ করিয়াছেন, এখন যে আকাশে গ্রহ উপগ্রহ সকল অবস্থিত, সৌরজগতের আদিম অবস্থায় সেই আকাশে কেবলমাত্র গোলাকার জ্বলন্ত বাষ্পরাশি ব্যাপ্ত ছিল। সেই বাষ্পরাশি একটী আবর্ত্তন-শলাকা আশ্রয় করিয়া নিজের চারিদিকে ঘূরিত। ক্রমে ক্রমে সেই উত্তপ্ত বাষ্পরাশি শীতল হইয়া কেন্দ্রাভিমুখে সঙ্কুচিত হইতে লাগিল। সঙ্কোচন-অনুসারে গতির বেগ বাড়িয়া তাহার কেন্দ্রাতিগশক্তিও বৃদ্ধি হয়। এইরূপে ক্রমে সেই বাষ্পীয় গোলকের কেন্দ্রাতিগশক্তি বৃদ্ধি হওয়ায় বিষুবরেখা-সন্নিহিত স্থান কেন্দ্রের আকর্ষণ অতিক্রম করিয়া মূলাংশ হইতে বিচ্ছিন্ন হইয়া একটী স্বতন্ত্র অঙ্গুরীয়ের মত চক্ররূপ ধারণ করিল। অবশিষ্ট অংশ হইতে আবার এইরূপে বিচ্ছিন্ন হইয়া ক্রমে ঐ বিস্তৃত বাষ্পরাশি কতকগুলি স্বতন্ত্র চক্রে পরিবেষ্টিত একটী সুবৃহৎ গোলকে পরিণত হইল, মধ্যের সর্ব্বাপেক্ষা বড় গোলকই আমাদের সূর্য্য। এক একটী স্বতন্ত্র চক্রের ঘন স্থানের আকর্ষণে চারিদিকের লঘু অংশ সকল মিশিয়া ক্রমে আবার সেই চক্রগুলি এক একটী গ্রহরূপ ধারণ করিল। পূর্ব্বোক্ত প্রকারে পরিত্যক্ত অতি বিস্তৃত চক্রের ভিতর হইতে ক্ষুদ্র ক্ষুদ্র চক্র স্বতন্ত্র হইয়া যে সকল জ্যোতিষ্ক হইয়াছে, তাহারা উপগ্রহ।

লাপ্লাসের এই মতটী লইয়া য়ুরোপে হুলস্থূল পড়িয়া যায়, এক্ষণে অনেকেই এই সিদ্ধান্তে উপস্থিত হইয়াছেন। য়ুরোপীয় জ্যোতির্বিদেরা বলিয়া থাকেন আমরা সূর্য্য হইতে যত উত্তাপ পাই, সূর্য্য তাহার ২২৭০০০০০০০ গুণ উত্তাপ শূন্যে ছড়াইতেছে। এখন সূর্য্যের যেরূপ আয়তন, এই আয়তনে প্রতি বৎসরে ২২০ ফিট সূর্য্যব্যাস সঙ্কুচিত হইলে এখন তাপমান ঠিক থাকে। এই নিয়মে সূর্য্য ২৫ বর্ষে ১ মাইল ও এক শতাব্দীতে ৪ মাইল সঙ্কুচিত হইবার কথা। ইহা দ্বারা জানা যায়, যতদিন সূর্য্যের অধিকাংশ বাষ্পময় থাকিবে, ততদিন শীতলতাপ্রবণ সূর্য্য ক্রমে ক্রমে সঙ্কুচিত হইয়া বাহিরের উত্তাপশক্তি সমভাবে রাখিবে। এইরূপে সূর্য্য একশত বর্ষ পূর্ব্বে ৪ মাইল বড় ছিল, দু-শ বৎসরে ৮ মাইল। এই ভাবে এক সময়ে সূর্য্যবাষ্প বুধের কক্ষা পর্য্যন্ত, তৎপূর্ব্বে পৃথিবীর কক্ষা পর্য্যন্ত ব্যাপ্ত ছিল। এইরূপে বহু পূর্ব্বে সমস্ত সৌরজগৎময় ব্যাপ্ত থাকিবার কথা।

এইরূপে গণনা দ্বারা য়ুরোপীয় জ্যোতির্বিদ্‌গণ লাপ্লাসের মত স্বীকার করিয়া এখন স্থির করিয়াছেন, এই পৃথিবীও সূর্য্য-পরিত্যক্ত একটী বাষ্পচক্র। ক্রমে সেই বাষ্পচক্র শীতল হইয়া ক্রমে ক্রমে যখন ঘন অবস্থায় আসিল, তখন সমস্ত বাষ্পই যে তরল হইল এমন নহে, কতকটা সেই অবস্থায় পৃথিবীর উপর রহিয়া গেল, এখনও তাহার কতকাংশ পৃথিবীর উপর রহিয়াছে। পৃথিবীর তখনকার বাষ্পাবরণ প্রায় চন্দ্র পর্য্যন্ত বিস্তৃত ছিল। সেই তরল অবস্থায় পৃথিবীর উত্তাপ ২০০০ সেণ্টিগ্রেড ডিগ্রির পরিমাণ ছিল। এই তীব্র তাপ লইয়া তরল পৃথিবী শীতল আকাশে ঘূরিতে লাগিল, ক্রমে শীতলতা সংস্পর্শে তাপ অনেক কমিয়া গেল, ক্রমে ক্রমে ঘন ও চটচটে হইয়া অবশেষে বর্ত্তমান আকার প্রাপ্ত হইল।

আমরা রজনীযোগে নির্ম্মল আকাশপানে চাহিলে এক দিক্ হইতে অন্যদিক্ পর্য্যন্ত শুভ্র বস্ত্রের ন্যায় এক আলোকময় শ্রেণী দেখিতে পাই; তাহারই নাম ছায়াপথ (Milky way)। য়ুরোপীয় জ্যোতির্বিদ্‌গণ দূরবীক্ষণ যন্ত্র দ্বারা ছায়াপথ পরীক্ষা করিয়া স্থির করিয়াছেন, ঐ সকল স্থানে অসংখ্য নক্ষত্র একত্র রহিয়াছে। উহার এক একটী কোন অংশে পৃথিবী অপেক্ষা ছোট নহে। তাঁহারা দূরবীক্ষণ সাহায্যে প্রায় ২০০০০০০০০ নক্ষত্র দেখিয়াছেন, তন্মধ্যে ছায়াপথে প্রায় ১৮০০০০০০ নক্ষত্র আছে।

দূরবীক্ষণ যন্ত্র দ্বারা আকাশে জ্বলন্ত বাষ্পময় নীহারিকা রাশি (Nebulæ) দেখা যায়। এই নীহারিকার মধ্যে কতকগুলি জ্যোতিষ্ক, কতকগুলি হীনপ্রভ বিশাল বাষ্পরাশি এখনও জ্যোতিষ্কে পরিণত হয় নাই, আবার কতকগুলি অপেক্ষাকৃত উজ্জ্বল ও ছোট বাষ্পরাশির মধ্য হইতে এতদূর জমাট বাঁধিতে আরম্ভ করিয়াছে, যে শীঘ্রই একটী জ্যোতিষ্ক হইবে। য়ুরোপীয় জ্যোতির্বিদ্‌গণ স্থির করিয়াছেন, ঐরূপ বাষ্পরাশিই ভবিষ্য জগতের উপাদান। ঐরূপ জ্বলন্ত নীহারিকারাশি হইতেই জগৎ প্রকাশিত।

খগোলবিদ্যা (স্ত্রী) খগোলস্য বিদ্যা ৬তৎ। যে বিদ্যা দ্বারা গ্রহ নক্ষত্র প্রভৃতির প্রকৃত অবস্থান ও গতি প্রভৃতি নিরূপিত হয়।

খগোলবিবরণ (ক্লী) যে গ্রন্থে বা শাস্ত্রে আকাশমণ্ডল ও আকাশমণ্ডলস্থিত গ্রহ, নক্ষত্র, ধূমকেতু প্রভৃতি যাবতীয় পদার্থের প্রকৃতি, গতি ও অবস্থান প্রভৃতি সমস্ত বিষয়ের বিবরণ আছে।

খগৌল, পাটনা জেলায় দানাপুরের নিকট অবস্থিত একটী নগর, এখানে একটী মিউনিসিপালিটী আছে। ইহার নিকট দানাপুর ষ্টেসন হওয়াতেই ইহার সমৃদ্ধি আরম্ভ হইয়াছে।

খগ্‌গড় (পুং) খে আকাশে গলতি গল-অচ্ পৃষোদরাদিবৎ সাধুঃ। তৃণবিশেষ, চলিত কথায় খাগ্‌ড়া বলে। ইহার পর্য্যায়—পোটগল, বৃহৎকাশ, কাকেক্ষু। (রত্নমালা)

খঘোরিয়া, চট্টগ্রামের পার্ব্বত্যপ্রদেশের মায়ানী নদীতীরবর্ত্তী একটী গ্রাম। ইহার নিকটে বিষম জঙ্গল। ইংরাজরাজ নেপাল হইতে একদল গুর্খা আনাইয়া এইখানে বাস করাইবার চেষ্টা করেন। মনে করিয়াছিলেন, ইঁহারা বাস করিলে আপনাআপনি বন জঙ্গল কাটিয়া ফেলিবে। গুর্খাগণ লাঙ্গলাদি ক্রয় করিয়া কৃষিকার্য্য আরম্ভ করিবে বলিয়া তাহাদিগের প্রত্যেককে ১০০৲ টাকা করিয়া দেওয়া হয়। কিন্তু তথায় তাহাদের নানাপ্রকার পীড়া হইতে লাগিল। ১৮৭৭ খৃষ্টাব্দে উপনিবেশ ভাঙ্গিয়া গুর্খাগণ রাঙ্গামাটীতে প্রেরিত হইল।

খঙ্কর (পুং) খণ্ডতে ইতি খন-ক্বিপ্ কার্য্যতে কৃ-অপ্-ততঃ কর্ম্মধারয়ঃ। চূর্ণকুন্তল, চলিত কথায় জুল্পি বলে।

খঙ্খর (পুং) [খঙ্কর দেখ।]

খঙ্গ [বৈ] (পুং) মৃগবিশেষ।

"খঙ্গো বৈশ্বদেবঃ শ্বা-কৃষ্ণঃ কর্ণো গর্দ্দভঃ।"(বাজসনেয়সং ২৪।৪০)

'খঙ্গো মৃগবিশেষঃ' (মহীধর।)

কেহ কেহ 'খঙ্গ' স্থলে 'খঙ্খ' পাঠ করেন।

খচমস (পুং) খে আকাশে চম্যতেঽসৌ চম অসচ্। চন্দ্র।

খচর (পুং) খে আকাশে চরতি চর-ট (চরেষ্টঃ। পা ৩।২।১৬।) ১ মেঘ। (শব্দচন্দ্রিকা) ২ বায়ু। ৩ সূর্য্য। (পুং স্ত্রী) ৪ রাক্ষস। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হইয়া খচরী শব্দ হয়।

"খচরস্য সুতস্য সুতঃ খচরঃ
খচরস্য পিতা ন পুনঃ খচরঃ।
খচরস্য সুতেন হতঃ খচরঃ
খচরী পরিরোদিতি হা খচর।" (মহাভারত দ্রোণ°)

(ত্রি) ৫ যাহারা আকাশপথে গমন করে, আকাশগামী। (পুং) ৬ রূপক-তালবিশেষ। যে রঙ্গতালে প্রথম গুরু, তৎপরে লঘু এই নিয়মে ১০টী অক্ষর থাকে, তাহাকে খচর বলে। ইহা শান্ত বা হাস্যরসের অনুকূল।

"খচরো রঙ্গতালে স্যাদ্ গুরুরাদৌ লঘুস্ততঃ।
শান্তেঽথবা হাস্যরসে ভাবদেষ দশাক্ষরঃ।" (সঙ্গীতদামো°)

(ক্লী) ৭ কাশীশ, হীরেকস। (হেম°)

খচর্ [খচ্চর দেখ।]

খচারী [ন্] (ত্রি) খে আকাশে চরতি চর-ণিনি। ১ যাহারা আকাশপথে গমন করে, আকাশগামী। (পুং) ২ কার্ত্তিকেয়।

"খচারী ব্রহ্মচারী চ শূরঃ শূরবণোদ্ভবঃ।" ভারত ৩।১৩৭ অঃ।

খচিত (ত্রি) খচ-ক্ত। সংযুক্ত। পর্য্যায়—করম্বিত, রূষিত, গুরু, গুণ্ডিত, করম্ব, কবর, মিশ্র, সংপৃক্ত, ব্যাপ্ত, গুণ্ডিত, ছুরিত।

খচিল (ক্লী) খে আকাশে চলতি, চল-অচ্। গুলি, বাঁটুল।

খচ্চর (পারসী) খচর্, অশ্বতর।

খজ (পুং) খজতি মথ্নাতি-খজ-অচ্। ১ মন্থান দণ্ড, ঘোলমইনী।

"পয়স্যন্তর্হিতং সর্পির্যদ্বন্নির্মথ্যতে খজৈঃ।
শুক্রং নির্মথ্যতে তদ্বদ্দেহসংকল্পজৈঃ খজৈঃ।"
(ভারত ১২।২১৪ অঃ)

২ দর্ব্বি, হাতা। ৩ যুদ্ধ। "অলর্ষি যুধ্ম খজকৃৎ পুরন্দর।" (ঋক্ ৮।১।৭) 'খজকৃৎ যুদ্ধস্য কর্ত্তঃ'। (সায়ণ)

খজক (পুং) খজ-স্বার্থে কন্। মন্থান দণ্ড। (হেম°)

খজকৃৎ (ত্রি) খজং যুদ্ধং করোতি কৃ-ক্বিপ্-তুগাগমশ্চ। যুদ্ধকর্ত্তা।

খজঙ্কর (ত্রি) যুদ্ধকর্ত্তা। "কর্ম্মন্ কর্ম্মঞ্জতমূতিঃ খজঙ্করঃ।" (ঋক্ ১।১০২।৬)

'খজঙ্করঃ খজঃ সংগ্রামঃ তস্য কর্ত্তা। খজঙ্করঃ খজ্ মন্থে পচাদ্যচ্। ক্ষেমপ্রিয়মদ্রেহণ্চ। (পা ৩।২।৪৪) ইতি চ-শব্দস্যানুক্তসমুচ্চয়ার্থত্বাৎ খজশব্দোপপদাদপি করোতেঃ খচ্।' সায়ণ।

খজপ (ক্লী) খজ্যতে মথ্যতে খজ কর্ম্মণি কপন্ (উষি-কুটি-দলি-কচি-খজিভ্যঃ কপন্। উণ্ ৩।১৪২) ঘৃত। (উণাদিবৃত্তি)

খজল (ক্লী) খে আকাশে সঞ্চিতং জলং। ১ নীহার। (ত্রিকাণ্ড) ২ আকাশ হইতে পতিত জল, আকাশ জল।

"বর্ষাসু চরন্তি ঘনৈঃ সহোরগা বিয়তি কীটলূতাশ্চ।
তদ্বিষজুষ্টমপেয়ং খজলমগস্ত্যোদয়াৎ পূর্ব্বম্।' (রাজবল্লভ)

খজা (স্ত্রী) খজ-ভাবে অপ্-টাপ্। ১ মন্থন। ২ প্রহস্ত। খজ-করণে-অপ্ স্ত্রিয়াং টাপ্। ৩ চমসের সদৃশ পাকসাধন দ্রব্যবিশেষ। "খজাঞ্চ দর্ব্বীঞ্চ করেণ ধারয়ন্।" (ভারত ৪।৭।১) ৪ মারণ। (শব্দরত্নাবলী)

খজাক (পুং) খজ-আক (খজেরাকঃ। উণ্ ৪।১৩।) পক্ষী।

খজাকা (স্ত্রী) খজ-আক-টাপ্। দর্ব্বি, চমস, হাতা।

'খজাকঃ পক্ষিণি খ্যাতঃ খজাকা দর্ব্বিরুচ্যতে।' (উজ্জ্বলদত্ত ৪।১৩)

খজানা (পারসী) খাজানা, রাজা বা ভূস্বামীকে দেয় কর।

খজিকা (স্ত্রী) খজৈব স্বার্থে-কন্ অত ইত্বং। খজা।

খজিৎ (পুং) খেন শূন্যভাবনয়া জয়তি সংসারং খ-জি-ক্বিপ্ তুগাগমশ্চ। শূন্যবাদী বৌদ্ধবিশেষ। ইহারা শূন্যই একমাত্র পদার্থ স্বীকার করে। [বৌদ্ধ দেখ।]

খজুনা, উত্তরপশ্চিম সীমান্ত প্রদেশের কথোপকথনের এক ভাষা। শিনা, খজুনা ও অর্ণিয়া এই তিন ভাষায় পরস্পর সৌসাদৃশ্য আছে। আস্তর, গিলগিট, চিলাস, দারেল, কোহ্লি ও পলস প্রভৃতি সিন্ধু নদীর উভয় তীরবর্ত্তী ক্ষুদ্র ক্ষুদ্র প্রদেশগুলিতে শিনা ভাষা প্রচলিত। হুণজা ও নাগর প্রদেশে খজুনা ভাষা প্রচলিত এবং অর্ণিয়াভাষা যশন ও চিত্রল প্রদেশে প্রচলিত। ইহার নিকটে বর্ত্তমান দরদ বা দর্দ্দুদেশ। প্রাচীনকালে ইহাকেই দারদদেশ বলিত, এই দেশেও এই ভাষা প্রচলিত।

খজুরা, যশোহরজেলায় চিত্রানদীতীরে এই গ্রাম। প্রচুর খেজুরে-গুড় এইখানে প্রস্তুত হয় বলিয়া ইহার নাম খজুরা হইয়াছে।

খজুরাহু, বিন্ধ্যপর্ব্বতের পশ্চিমদিকে প্রাচীন কালঞ্জররাজ্যের মধ্যে একটী প্রাচীন নগর। ইহার চলিত নাম কুজ্‌রো। ইহা ২৪°৫১´ উঃ অক্ষাং ও ৮০° পূঃ দ্রাঘিমায় কিয়ান (কেন) নদীর তীরবর্ত্তী রাজনগর হইতে ৮ মাইল পশ্চিমে অবস্থিত। এই স্থানে চন্দেল-রাজগণের রাজধানী ছিল। ইহার সংস্কৃত নাম খর্জ্জুরবাটিক। গজনীরাজ মাহ্মুদের সহযাত্রী আ-বুরিহান্ কালঞ্জর জয়কালে (১০২২ খৃঃ,) এই স্থানে উপস্থিত হইয়াছিলেন। তিনি লিখিয়া গিয়াছেন, "ইহা যজহুতিদিগের রাজধানী, ইহার নাম কজুরাহু এবং কান্যকুব্জ হইতে ৯০ মাইল পূর্ব্বদক্ষিণে অবস্থিত।" কিন্তু ইহা কান্যকুব্জের দক্ষিণে ৯০ ক্রোশদূরে অবস্থিত। তৎপরে ১৩৩৫ খৃঃ অব্দে ইবন্-বতুতা ভারতদর্শনে আসিয়া ইহাকে কজুরা নামে উল্লেখ করেন। তাঁহার সময় এখানে এক মাইল বিস্তৃত একটী সরোবর ও তাহার তীরে অসংখ্য হিন্দু দেবমন্দির ছিল।

হিউএন্‌সিয়ঙ্ ইহাকে চি-চি-তো (যজহুতি) নামে বর্ণনা করিয়া গিয়াছেন। তাঁহার সময় এই নগরটী ২॥০ ক্রোশ বিস্তৃত ছিল, এখানে ১২টী বৌদ্ধমঠ, প্রায় সহস্র ব্রাহ্মণের বাস এবং হিন্দুদিগের ১২টী প্রধান মন্দির ছিল। এখানকার রাজা নিজে জাতিতে ব্রাহ্মণ ছিলেন বটে, কিন্তু একজন দৃঢ়বিশ্বাসী বৌদ্ধ। দেশ অতিশয় উর্ব্বরা ছিল। ভারতের নানাস্থান হইতে বিদ্বন্মণ্ডলী সর্ব্বদা এখানে আসিতেন।

হিউএন্‌সিয়াঙ্ ও আবুরিহানের বর্ণনানুসারে এই যজহুতি প্রদেশ বর্ত্তমান বুন্দেলখণ্ড বলিয়াই বোধ হয়। এখানকার ব্রাহ্মণেরা আপনাদিগকে যজহুতি ব্রাহ্মণ বলিয়া পরিচয় দেয়। যজহুতি শব্দে যজুর্হোতা এইরূপ অর্থ করে, কিন্তু যজহুতিয়া বণিক নামে একজাতীয় বণিক এই প্রদেশে বাস করে। সুতরাং পাশ্চাত্য পণ্ডিতেরা অনুমান করেন যে যজহুতি শব্দ দেশবাচক। কনিংহাম সাহেব ইহার নিকটবর্ত্তী গ্রামের উত্তরপূর্ব্বে বামনদেবের মন্দিরের নিকট কীর্ত্তিবর্ম্মরাজের সময়ে একখানি শিল্পলিপিতে জেজাখ্য ও জেজভুক্তি এই দুই নাম পাইয়াছেন। ইহা হইতে তিনি অনুমান করেন যে, এই জেজভুক্তি হইতেই যজহুতি নামের উৎপত্তি হইয়াছে। তিনি আরও অনুমান করেন টলেমি-বর্ণিত সন্দ্রবতিস্ বা সন্দবতিস্ নামক দেশ ও তন্মধ্যস্থ কুরপোরিণ, এম্পেলেথ্রা, নড়ুবন্দগর ও তমসিস্ নামক নগরগুলি যথাক্রমে যজহুতিদেশ, খজুরপুর, মহরা, নলপুর ও তপস্বী নামক নগরীর বিকৃত নামান্তর মাত্র। সংস্কৃত শাস্ত্রেও কালঞ্জর প্রদেশ তপস্বীস্থান বলিয়া উল্লিখিত হইয়াছে। [কালঞ্জর দেখ।]

বর্ত্তমান সময়ে খজুরাহু একটী সামান্য গ্রামমাত্রে পরিণত হইয়াছে। দুই আড়াই হাজারের অধিক অধিবাসী

নাই ; কনৌজিয়া ও যজহুতিয়া এই দুই শ্রেণীর ব্রাহ্মণ এখানে আছে। ঠাকুর উপাধিধারী কতকগুলি চন্দেল জমিদারও আছেন।

এখানকার বিখ্যাত প্রাচীন হিন্দুকীর্ত্তি চৌষট্টি যোগিনীর মন্দির। উহা শিবসাগর নামক সরোবরের দক্ষিণপশ্চিমে ১৬ হাত উচ্চ ক্ষুদ্র পাহাড়ের উপর অবস্থিত। এখনও ৬৪টী মন্দির বর্ত্তমান আছে, কাহারও চূড়া, কাহারও দেওয়াল মাত্র ভাঙ্গিয়া গিয়াছে। সমস্ত মন্দিরগুলি শ্রেণীবদ্ধরূপে একটী আয়তক্ষেত্রের উপর অবস্থিত ; মধ্যস্থলে বিস্তৃত প্রাঙ্গণ। মন্দিরগুলি গ্রেণাইট পাথরে নির্ম্মিত। প্রতি মন্দিরগৃহ দেড়হাত লম্বা এবং আড়াই হাত বিস্তৃত। যে চতুরস্র ক্ষেত্রের উপর এই ৬৪টী মন্দির অবস্থিত, তাহার চারিদিকে প্রাচীর দিয়া ঘেরা। বেষ্টনের ভিতর প্রাচীরের গাত্রে মন্দির পাশাপাশি নির্ম্মিত। প্রাচীরের দৈর্ঘ্য উত্তর ও দক্ষিণে ৪৬ হাত এবং পূর্ব্বপশ্চিমে ৬৮ হাত। প্রাচীরের উপর প্রত্যেক মন্দিরের চূড়া স্বতন্ত্র অবস্থিত। উত্তরের প্রাচীরের মধ্যস্থলে মন্দিরপ্রাঙ্গণে যাইবার প্রধান পথ ; দক্ষিণের প্রাচীরের মধ্যস্থলের মন্দিরটী সর্ব্বাপেক্ষা উচ্চ ও প্রশস্ত। সকল মন্দিরে প্রতিমা এখন নাই। দক্ষিণদিকের বৃহৎ মন্দিরে অষ্টভুজা মহিষমর্দ্দিণী মূর্ত্তি ও মাহেশ্বরী এবং বারাহীমূর্ত্তিই এখনও ঠিক আছে। মহিষমর্দ্দিনীর বেদীগাত্রে হিঙ্গলাজ নাম খোদিত আছে। ইহার মধ্যে একটী হনুমানের মন্দিরও আছে।

এই হনুমানমূর্ত্তির বেদীর গাত্রে একটী খোদিতলিপি আছে, তাহাতে লিখিত আছে যে গাহিলপুত্র গোল্ল (সম্ভবতঃ) ৯৪০ সম্বতে মাঘ মাসের শুক্লানবমীতে পবনাত্মজ গোল্লাক শ্রীমান্ হনুমন্মূর্ত্তি প্রতিষ্ঠিত করিলেন।

এই স্থানে "কুটিল" অক্ষরে খোদিত হর্ষদেব ও শ্রীক্ষতিপালদেব-নামাঙ্কিত একখানি শিল্পলিপি পাওয়া গিয়াছে। যদি এই হর্ষদেব যশোবর্ম্মার পিতা ধঙ্গরাজের পিতামহ হর্ষদেবই হন, তাহা হইলে এই শিল্পলিপিখানি ৯০০ খৃঃ অব্দের বটে। ইহা অপেক্ষা এস্থানে আর প্রাচীন শিলালিপি না পাওয়ায় অনুমিত হয় ৬৪টী যোগিনীর মন্দির অন্ততঃ এই ৯০০ খৃঃ অব্দের পূর্ব্বে বা সময়ে বর্ত্তমান ছিল। চৌষট্টি যোগিনীর মন্দিরের নির্ম্মাণপ্রণালী ও শিল্পকার্য্যাদি দেখিয়া বোধ হয় যে ইহা খৃষ্টীয় অষ্টম শতাব্দীতে নির্ম্মিত হইয়াছে।

শিবসাগরের তীরে কতক গ্রেণাইট ও কতক বালুপাথরে নির্ম্মিত আর একটী মন্দির আছে, তাহাতে ব্রহ্মামূর্ত্তির ভগ্নাবশেষ পাওয়া যায়। ইহা চৌষট্টি যোগিনীর মন্দির অপেক্ষা আধুনিক, কিন্তু অন্যান্য মন্দির যাহা কেবল বালুপাথরে নির্ম্মিত, তাহা হইতে প্রাচীন বটে। চৌষট্টিযোগিনী মন্দিরের প্রবেশদ্বারের সম্মুখে পাহাড়ের উপরে আর একটী ভগ্নাবশিষ্ট মন্দির আছে। এই মন্দিরে ৪ হাত উচ্চ গণেশের প্রতিমা আছে। চৌষট্টিযোগিনীর মন্দিরের দ্বারদিকে এই প্রতিমার মুখ। এই মন্দির বালুপাথরে নির্ম্মিত। গণেশের মূর্ত্তিটি অতি সুন্দর।

খজুরাহুর মধ্যে যতগুলি মন্দির আছে, তন্মধ্যে কন্দরীয় মহাদেবের মন্দির সর্ব্বাপেক্ষা উচ্চ ও বৃহৎ। ইহা লম্বে ৭৩ হাত, প্রস্থে প্রায় ৪৬ হাত ও উচ্চে প্রায় ৭৮ হাত। মন্দিরটী ৫ ভাগে বিভক্ত। সোপান হইতে উঠিয়াই অর্দ্ধমণ্ডপ, তৎপশ্চাতে মণ্ডপ, তৎপরে মহামণ্ডপ, তৎপরে অন্তরাল ও তৎপরে গর্ভগৃহ। মন্দিরগাত্রে ভিতরে এবং বাহিরে নানাবিধ মূর্ত্তি খোদিত আছে। তন্মধ্যে অনেকগুলি অশ্লীল। এতদ্ভিন্ন দেবদেবীর মূর্ত্তিও খোদিত আছে। ইহার কারুকার্য্য বিশেষরূপে দেখিতে গেলে তত সুন্দর বলিয়া বোধ হয় না, কিন্তু মোটের উপর সমগ্র মন্দিরটী শোভার আধার। এই মন্দিরের মধ্যে মহাদেবের লিঙ্গমূর্ত্তি বিরাজিত। গৌরীপট্টের উপর লিঙ্গশরীরের পরিধি প্রায় তিন হাত। প্রতিমা মর্ম্মরপ্রস্তরে নির্ম্মিত।

গর্ভগৃহের দ্বারের উপরিভাগে ঠিক মধ্যস্থলে শিব এবং তাহার বামে বিষ্ণু ও দক্ষিণে ব্রহ্মামূর্ত্তি আছে।

শিবমন্দিরের ঠিক উত্তরে একটী ক্ষুদ্র অর্দ্ধভগ্ন মন্দির আছে। বর্ত্তমান শতাব্দীতে ছত্রপুরের রাজগণ ইহার জীর্ণসংস্কার করাইয়াছেন। ইহা একটী শিবমন্দির। ইহারও দ্বারের উপর ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের মূর্ত্তি আছে।

এই ক্ষুদ্র শিবমন্দিরের ঠিক উত্তরে লম্বে প্রায় ৫১ হাত, প্রস্থে প্রায় ৩৩ হাত আর একটী বৃহৎ মন্দির আছে। তাহা দেবী জগদম্বার মন্দির বলিয়া বিখ্যাত। সম্ভবতঃ প্রথমে ইহা বিষ্ণুমন্দির ছিল, কারণ গর্ভগৃহের দ্বারের উপর ঠিক মধ্যস্থলে বিষ্ণু ও উভয়পার্শ্বে শিব ও ব্রহ্মার মূর্ত্তি আছে। গর্ভগৃহের মধ্যস্থলে চতুর্ভুজা পদ্মহস্তা দেবীমূর্ত্তি আছে। তাহা লক্ষ্মীদেবীর মূর্ত্তি বলিয়া অনুমিত হয়। ইহার শিল্পনৈপুণ্য কন্দরীয় মহাদেবের মন্দিরের শিল্প অপেক্ষা অনেকাংশে শ্রেষ্ঠ। ইহার গাত্রে খোদিত কতকগুলি পৃথক্ অক্ষর আছে, তাহা হইতে বুঝা যায় যে, ইহা চন্দেলদিগের প্রভাবের সময় অর্থাৎ দশম ও একাদশ শতাব্দীর মধ্যে নির্ম্মিত হইয়াছে।

জগদম্বা মন্দিরের উত্তরে ও শিবসাগরের প্রাচীনগর্ভের পশ্চিমে ছত্রকপত্রক (ছতর কো পতরক) নামে একটী মন্দির আছে। মন্দিরাভ্যন্তরে দুই হাতে দুইটী পদ্ম ধরিয়া একটী পুরুষমূর্ত্তি দাঁড়াইয়া আছে। মূর্ত্তিটী সূর্য্যপ্রতিমা বলিয়া অনুমিত হয়। এই প্রতিমার বেদীগাত্রে সূর্য্যের সপ্তাশ্বরথ খোদিত আছে। ইহার গঠনপ্রণালী ঠিক জগদম্বার মন্দিরের ন্যায়। দৈর্ঘ্যে ৫৮ হাত, প্রস্থে ৩৮৷৷০ হাত, ইহার তোরণদ্বার, অর্দ্ধমণ্ডপ ও মণ্ডপ ভাঙ্গিয়া গিয়াছে। ইহার মহামণ্ডপাংশ অষ্টকোণী, কিন্তু ছাদটী চারিটী মাত্র স্তম্ভের উপর অবস্থিত। মন্দিরের তিনদিকে ব্রহ্মা সরস্বতী, হরপার্ব্বতী ও লক্ষ্মীনারায়ণের মূর্ত্তি আছে।

শিবসাগরের প্রাচীনগর্ভের পূর্ব্বদিকে বিশ্বনাথের মন্দির অবস্থিত। কন্দরীয় মহাদেবের মন্দিরের ন্যায় ইহার গঠনপ্রণালী। পরিমাণে প্রায় ছত্রকপত্রক মন্দিরের সমান। ইহার চতুষ্কোণে ও দ্বারের সম্মুখে আর পাঁচটী ক্ষুদ্রাকার মন্দির আছে। ইহার গর্ভগৃহের দ্বারের উপর বৃষারূঢ় শিবমূর্ত্তি এবং তাহার দক্ষিণে হংসারূঢ় ব্রহ্মা ও বামে গরুড়ারূঢ় বিষ্ণুমূর্ত্তিও আছে। মন্দির মধ্যে একটী শিবলিঙ্গ প্রতিষ্ঠিত। এই মন্দিরের অর্দ্ধমণ্ডপে প্রবেশ করিয়া দুইখানি খোদিতলিপি দেখিতে পাওয়া যায়, তাহার একখানিতে ১০৫৬ সম্বৎ (বা ৯৯৯ খৃষ্টাব্দ) ও অপর খানিতে ১০৫৮ সম্বৎ (বা ১০০১ খৃঃ অব্দ) লিখিত আছে। ইহার একখানি হইতে জানা যায় যে চন্দ্রাত্রেয় গোত্রীয় রাজা ধঙ্গ মরকতময় শিবলিঙ্গ শম্ভুনামে অভিহিত করিয়া এই মন্দিরে প্রতিষ্ঠিত করেন। ধঙ্গরাজ এই শিল্পলিপি খোদিত হইবার প্রায় একশত বৎসর পূর্ব্বে জীবলীলা সংবরণ করেন। এই মন্দিরকে পূর্ব্বে প্রমথনাথের মন্দির বলা হইত।

এই মন্দিরে একখানি শিল্পলিপি পড়িয়া আছে, তন্মধ্যে একখানি ১০৫৬ সম্বতের (বা ৯৯৯ খৃষ্টাব্দের)। ইহাতে লিখিত আছে যে রাজা ধঙ্গ এই মন্দির প্রতিষ্ঠিত করেন, তাঁহার পুত্র গণ্ডদেব তাঁহার পরেই রাজ্যারোহণ করেন এবং ধঙ্গদেবের ১০০ বর্ষ বয়সে মৃত্যু হইয়াছে। অন্যান্য লিপি হইতে জানা যায় ধঙ্গদেব ৯৫৪ হইতে ৯৯৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত বর্ত্তমান ছিলেন। তৎপরে গণ্ডদেব রাজা হন। ইনি ৯৯৯ খৃষ্টাব্দ হইতে ১০২৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করেন। গণ্ডদেব ১০২০ খৃষ্টাব্দে কনোজ আক্রমণ ও ১০২১ খৃষ্টাব্দে গজনীর মাহ্মুদ কর্ত্তৃক আক্রান্ত হন। এই শিল্পলিপিতে চন্দেল রাজগণের বংশাবলী দেওয়া আছে।

বিশ্বনাথ-মন্দিরের নাটমন্দিরে আর একখানি শিল্পলিপি আল্‌গা দাঁড়াইয়া আছে। ইহাতে ১০৫৮ সম্বৎ বা ১০০১ খৃষ্টাব্দ লিখিত। কিন্তু ইহাতে একটীও চন্দেলরাজের নাম নাই। ইহাতে কক্কল নাম আছে, কিন্তু তাহা কোন্ রাজার নাম ঠিক বলা যায় না। এই সময়ে কলচুরী-বংশে অল্‌বিরুণীর সমসাময়িক গাঙ্গেয়দেবের পিতা কক্কল স্বরাজ্যে রাজত্ব করিতেছিলেন বটে।

ইহার দক্ষিণ পশ্চিমকোণে ইহারই চাতালের উপর আর একটী ক্ষুদ্র শিবমন্দির আছে। ইহারও দ্বারের উপর ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বরের মূর্ত্তি আছে এবং মন্দির মধ্যে অষ্টভুজা ত্রিশূল ও খর্পরধারিণী উপবিষ্টা ক্ষুদ্র দুর্গামূর্ত্তি আছে। ঐ চাতালের উত্তরপূর্ব্ব ও দক্ষিণপূর্ব্বকোণে এইরূপ ক্ষুদ্র মন্দির ছিল, তাহা নষ্ট হইয়া গিয়াছে। উত্তরপূর্ব্বকোণের মন্দিরটী চূণের কাজ করিয়া নূতন ধরণের করিয়া লওয়া হইয়াছে।

বিশ্বনাথ মন্দিরের ঠিক সম্মুখে বৃষমন্দির। বৃষমূর্ত্তি৪৷৷০ হাত দীর্ঘ এবং অতি মসৃণ। ইহাও বিশ্বনাথ মন্দিরের সমসাময়িক।

বিশ্বনাথ মন্দিরের দক্ষিণদিকে পার্ব্বতীমন্দির, ইহার গর্ভগৃহ ব্যতীত সমস্তই ভগ্ন হইয়া গিয়াছে। ইহাও পূর্ব্বে বিষ্ণুমন্দির ছিল বলিয়া বোধ হয়, কারণ দ্বারের উপর ঠিক মধ্যস্থলে বিষ্ণুমূর্ত্তি আছে। মন্দির মধ্যে চতুর্ভুজা দেবীমূর্ত্তি দণ্ডায়মানা। ইহার উচ্চতা ৩৸০ হাত। কেহ ইহাকে পার্ব্বতীমূর্ত্তি কেহ বা লক্ষ্মীমূর্ত্তি বলেন। এই প্রতিমার ঠিক মাথার উপর একটী বিষ্ণুমূর্ত্তি আছে, সুতরাং ইহা লক্ষ্মীমূর্ত্তি হওয়াই সম্ভব। মন্দিরগাত্রে শূকর-শীকার, হস্তী, অশ্ব ও অস্ত্রধারী সৈনিকদল খোদিত আছে। মন্দিরাভ্যন্তরে ২৸০ হাত উচ্চ চতুর্ভুজ চতুঃশির একটী পুরুষমূর্ত্তি দণ্ডায়মান আছে। ইহার একমুখ মানবাকার, অন্য সমস্তই সিংহাকার। সম্ভবতঃ ইহা নৃসিংহমূর্ত্তির প্রতিরূপ।

বিশ্বনাথ-মন্দিরের ঠিক দক্ষিণে একটী ক্ষুদ্রমন্দিরের গর্ভগৃহ মাত্র অবশিষ্ট আছে। লোকে ইহাকে পার্ব্বতীমন্দির বলে। কিন্তু দ্বারের উপর বিষ্ণুমূর্ত্তি আছে। অভ্যন্তরে ৩৸০ হাত উচ্চ চতুর্ভুজা দেবী প্রতিমা প্রতিষ্ঠিত আছে, এই প্রতিমাকে লোকে পার্ব্বতী বলে, কিন্তু এই প্রতিমার ঊর্দ্ধদেশে মধ্যস্থলে বিষ্ণু এবং তাঁহার দক্ষিণে ব্রহ্মা ও বামে শিবমূর্ত্তিও আছে।

শিবসাগরের পূর্ব্বতীরে আর কতকগুলি মন্দির আছে, ইহাদের মধ্যে যেটী সর্ব্বাপেক্ষা বৃহৎ, আকারে বিশ্বনাথ মন্দিরের ন্যায়। ইহাকে লোকে রামচন্দ্রমন্দির বা 'চতুর্ভুজ' মন্দির বলে। কনিংহাম সাহেব ১৮৫৮ খৃষ্টাব্দে ইহাকেই লক্ষ্মী-

জীর মন্দির বলিয়া বর্ণনা করিয়াছিলেন। শেষে ১৮৬৪।৬৫ সালের বিবরণীতে চতুর্ভুজমন্দির বলিয়াই লিখিয়াছেন। কিন্তু আমরা ইহাকে নৃসিংহ বলিতে চাই। বিশ্বনাথ-মন্দিরের ন্যায় ইহারও চারিকোণে ও সম্মুখে আর ৫টী ক্ষুদ্র মন্দির আছে। এই মন্দিরের গাত্রে বিশ্বনাথমন্দিরের ন্যায় অভ্যন্তরে ও বাহিরে যথেষ্ট চিত্র খোদিত আছে, তন্মধ্যে শূকর-শীকার, লোকযাত্রা, সৈন্যসমাবেশ, হাতী ঘোড়ার প্রদর্শনী প্রভৃতি ছবিগুলি অতি সুন্দর। এই মন্দির মধ্যে ২৸০ হাত উচ্চ একটী চতুর্ভুজ প্রতিমা আছে। প্রতিমার ৩টী মস্তক, মধ্যস্থলের মস্তকটী মনুষ্যাকৃতি ও দুইপার্শ্বের মস্তক দুটী সিংহাকার। সম্ভবতঃ এই প্রতিমা 'নৃসিংহ' মূর্ত্তির। আর এই জন্যই আমরা ইহাকে নৃসিংহমন্দির বলিতে চাই। এই মন্দিরে একখানি শিল্পলিপি আছে, তাহাতে চন্দেল-রাজগণের বংশাবলী দেওয়া আছে এবং নন্নুকদেব হইতে ধঙ্গদেব পর্য্যন্ত নাম পাওয়া যায়। তাহাতেই খোদিত আছে যে এই মন্দির রাজা যশোবর্ম্মা ও তৎপুত্র কর্ত্তৃক ১০১১ সম্বতে (৯৫৪ খৃষ্টাব্দে) নির্ম্মিত হয়। ইহা হইতেই জানা যাইতেছে যে ইহা বিশ্বনাথ মন্দির অপেক্ষা ৪৫ বৎসর পূর্ব্বে গঠিত হয়। ক্ষুদ্রমন্দিরগুলিতেও বিষ্ণুমূর্ত্তি ছিল। পশ্চাদ্দিকের মন্দির দুইটী পূর্ব্বমুখে স্থাপিত। প্রত্যেক মন্দিরের সম্মুখে দুটী স্তম্ভ দেওয়া বারাণ্ডা আছে।

চতুর্ভুজ মন্দিরের ঠিক পূর্ব্বে বরাহমন্দির। এই বরাহমন্দিরের দ্বার চতুর্ভুজমন্দিরের দ্বারের ঠিক সম্মুখ। ইহার মধ্যে একটী প্রস্তরের শূকর আছে। শূকরটী লম্বে ৮ ফুট ৯ ইঞ্চি, উচ্চে ৯½ ফুট। শূকরমূর্ত্তির বেদীগাত্রে একটী বৃহদাকার সর্প খোদিত আছে। এই সর্প-লাঙ্গুলের উপর শূকরের লাঙ্গুল মিশিয়াছে এবং সর্পমস্তকের উপর একটী মনুষ্য মূর্ত্তি আছে। এই মনুষ্যমূর্ত্তির নিকট আর একটী প্রতিমার দুইটী ভগ্ন পা পড়িয়া আছে। সম্ভবতঃ এই মূর্ত্তিটির হস্তদ্বয় বরাহের গলদেশে ছিল, কারণ উহার গলদেশে দুইখানি হস্তেরও ভগ্নাবশেষ আছে। শূকরের গাত্রে অসংখ্য মনুষ্যমূর্ত্তি খোদিত।

বরাহমন্দিরের ১০॥০ হাত উত্তরে একটী ক্ষুদ্র দেবীমন্দির আছে। ইহার মধ্যে চতুর্ভুজা দেবীমূর্ত্তি প্রতিষ্ঠিত। প্রবেশ-দ্বারের উপর ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর মূর্ত্তি আছে, বোধ হয় ইহা লক্ষ্মীমন্দির।

চতুর্ভুজা মন্দিরের ২০ হাত দক্ষিণে মৃত্যুঞ্জয় মহাদেবের মন্দির। ইহার মধ্যে মৃত্যুঞ্জয় নামে ৬ হাত উচ্চ একটী মোটা লিঙ্গমূর্ত্তি প্রতিষ্ঠিত। ইহার কোণাকার চূড়ার অগ্রভাগ ছত্রপুরের রাজা গিল্টী করিয়া দিয়াছেন এবং মন্দিরগাত্রে পুরু করিয়া চূণ ধরাইয়া পঙ্কের কাজ করাইয়াছেন।

শিবসাগরের দক্ষিণে ও সূর্য্যমন্দিরের উত্তরে ভগ্নস্তূপ পড়িয়া আছে।

উত্তরাংশে পশ্চিমের মন্দিরাদি হইতে ৩ পোয়া পথদূরে কতকগুলি ভগ্নস্তূপ আছে। সম্ভবতঃ এগুলি হিউয়েন্-সিয়ং বর্ণিত বৌদ্ধমঠের ভগ্নাবশেষ।

একটী স্তূপ দৈর্ঘ্যে ১৩৩ হাত ও প্রস্থে ১০৬ হাত ও ঊর্দ্ধে প্রায় ১০ হাত। ইহার নাম 'শতধার স্তূপ। ভিল্‌সা নগরেও শতধার নামে একটী স্তূপ আছে। ইহা দেখিয়া স্বচ্ছন্দে বুঝা যায় যে ইহা একটী বৃহৎ বৌদ্ধমঠের ভগ্নাবশেষ বটে। ইহার ২০০ হাত দক্ষিণে আর একটী ক্ষুদ্র স্তূপ আছে। ইহার মধ্যে দেওয়াল ও থামের ভগ্নাংশ বিদ্যমান। ৩৩৩ হাত উত্তরে এইরূপ আর একটী ক্ষুদ্র স্তূপ আছে। এই উভয়ের মধ্যে ১৩৩ হাত দীর্ঘ একটী পুষ্করিণী আছে। শতধার-স্তূপের অর্দ্ধ মাইল দূরে একটী বৈষ্ণবমন্দিরের ভগ্নাবশেষ ও দুইটী কূপ আছে।

ইহারই নিকটে 'বাতাসি-কা-থোড়িয়া' ও তাহার পূর্ব্বে 'বেনিয়ানী-কা-থোড়িয়া' নামে দুইটি ভগ্ন স্তূপ আছে, উভয়ের মধ্যে ৪০০ হাত ব্যবধান। বাতাসিকা-থোড়িয়া দৈর্ঘ্যে ১৩৩ হাত ও প্রস্থে ৮০ হাত। উভয় স্তূপই ইষ্টক এবং গাঁথিবার উপযুক্ত পাথরে পরিপূর্ণ। বেনিয়ানী-কা-থোড়িয়ার মধ্যে শৈবমন্দিরের ভগ্নাবশেষ দেখা যায়। ইহার ৪০০ হাত দক্ষিণপশ্চিমে আর একটি স্তূপ ও দুটী কূপ আছে।

গ্রামের উত্তরপ্রান্তে একটী বৃহৎ মন্দির আছে। এই মন্দির পূর্ব্বোক্ত স্তূপগুলির দক্ষিণে অবস্থিত। ইহা বামনদেবের মন্দির, ইহার প্রতিমা ৩ হাত উচ্চ। যদিও মন্দির মধ্যে বামনের প্রতিমা আছে, কিন্তু মন্দিরের গর্ভগৃহের দ্বারের উপর মধ্যস্থলে শিবমূর্ত্তি ও তাঁহার দক্ষিণে ব্রহ্মা ও বামে বিষ্ণুমূর্ত্তি আছে। মন্দিরটী ৪০ হাত লম্বা ও প্রস্থে ২৬ হাত। পশ্চিমাংশের মন্দিরগুলির ন্যায় ইহাতে তেমন কারু-কার্য্য নাই। এই মন্দিরগাত্রে কুটিল অক্ষরে অট্টা-লিকা-কারের নাম খোদিত আছে, সুতরাং বোধ হয় ইহা খৃষ্টীয় দশম বা একাদশ শতাব্দীতে নির্ম্মিত। ইহার পশ্চিমে ও দক্ষিণপশ্চিমে আর দুইটী ক্ষুদ্র মন্দিরের ভগ্না-বশেষ আছে। এই সমস্ত ভগ্নাবশেষ প্রায় ১০ হাত উচ্চ। এই মন্দিরের কিছু দূরে একখানি ভগ্নশিল্পলিপি পাওয়া যায়। ইহার ৭ম পংক্তিতে শ্রীহর্ষদেবের নাম আছে। ইনি যশোবর্ম্মার পিতা ও ধঙ্গদেবের পিতামহ। দশম

পংক্তিতে শ্রীক্ষিতিপালদেবনৃপতি নামে আর একটী নাম পাওয়া যায়। চন্দেলরাজগণের আর একটী নাম পাওয়া যায়। রাজার উল্লেখ নাই, সুতরাং বোধ হয় এই ব্যক্তি হর্ষদেবের জ্যেষ্ঠ পুত্র, অল্পদিন রাজত্ব করিয়া অপুত্রক অবস্থায় মরিয়া যাওয়ায় ইহার কনিষ্ঠ যশোবর্ম্মা রাজা হন, সুতরাং রাজতালিকায় ইহার নাম গণ্য হয় নাই।

গ্রামের পূর্ব্বপার্শ্বে একটী স্তূপের উপর একটী ক্ষুদ্র মন্দির আছে। পূর্ব্বে ইহাকে ঠাকুরজী বা লক্ষ্মণজীউর মন্দির বলিত, কিন্তু এখন বিশেষ একটা নামে নির্দ্দেশ করে না। ইহা জোয়ার ক্ষেত্রের নিকট অবস্থিত বলিয়া 'জবার' নামেই খ্যাত। ইহার মধ্যে চতুর্ভুজ বিষ্ণুমূর্ত্তি আছে।

খজুর সাগরের পূর্ব্বতীরে পুরাতন ইট ও পাথর দিয়া সম্প্রতি একটী মন্দির নির্ম্মিত হইয়াছে। মন্দিরের বাহিরে ৪৸০ হাত উচ্চ একটী হনুমান্‌মূর্ত্তি আছে। এই হনুমানের প্রতিমা হইতে ইহা হনু-মন্দির নামে খ্যাত। ইহার নিকট যে সকল ভগ্নপ্রস্তরাদি আছে, তন্মধ্যে একটী গদাধর মূর্ত্তি ও একটী অর্দ্ধসর্পদেহ নাগপুরুষের মূর্ত্তি পাওয়া গিয়াছে।

হনু-মন্দিরের অতি নিকটে খজুর-সাগরের পূর্ব্বতীরে কোণাকার চূড়াবিশিষ্ট একটী মন্দির আছে। ইহার মধ্যে একটী চতুর্ম্মুখ ব্রহ্মার মূর্ত্তি বিরাজিত। কিন্তু দ্বারের উপর গদাধর বিষ্ণুরমূর্ত্তি আছে। ইহার গঠনপ্রণালী দেখিয়া অনুমিত হইয়াছে যে ইহা পশ্চিমাংশের মন্দিরাদি হইতেও প্রাচীন এবং সম্ভবতঃ খৃঃ ৮ম।৯ম শতাব্দীতে নির্ম্মিত হইয়া থাকিবে।

দক্ষিণপশ্চিমে অধিকাংশ বৌদ্ধ ও জৈন মন্দিরাদির ভগ্নাবশেষ পড়িয়া আছে।

ইহার মধ্যে সর্ব্বাপেক্ষা ঘণ্টাই মন্দির প্রাচীন। ঘণ্টাই অর্থে কি বুঝায় তাহা কেহই জানে না। এই মন্দিরের ভগ্নাবশেষ এখন যাহা আছে, তাহাতে তাহা কোন একটী বৃহৎ মন্দিরের মহামণ্ডপ বলিয়াই বোধ হয়। ইহার দৈর্ঘ্য ২৬ হাত ১ প্রস্থ ১৩ হাত। নাটমন্দিরের ন্যায় কেবল থামের মাথায় ছাদ মাত্র আছে, কিন্তু থামের মধ্যে মধ্যে প্রাচীর ছিল বলিয়া অনুমান করা যায়। মধ্যস্থলের থামগুলি বালুপাথরে গঠিত, ইহাতে অতি সুন্দর কারুকার্য্য আছে। বাহিরের থামগুলি গ্রেণাইটপাথরে নির্ম্মিত এবং কারুকার্য্য হীন, এইগুলিতেই বোধ হয় প্রাচীরসংলগ্ন ছিল। বালুপাথরের চারিটী থাম অষ্টকোণী বেদীর উপর স্থাপিত। দ্বারের মাথায় মধ্যস্থলে এক চতুর্ভুজা স্ত্রীমূর্ত্তি আছে। সম্ভবতঃ ইহা বৌদ্ধশাস্ত্রের ধর্ম্মমূর্ত্তি। বৌদ্ধত্রিত্বের মধ্যে ইনি সৃষ্টিকারিণী শক্তি। বেদীর উপর একটী বৃহদাকার উপবিষ্ট মূর্ত্তি আছে, তাহার নিম্নে বৌদ্ধমন্ত্র "যে ধর্ম্মহেতুপ্রভবা" ইত্যাদি লিখিত আছে। ইহা খৃষ্টীয় ৫।৬ষ্ঠ শতাব্দীর বর্ণমালা বলিয়া বোধ হয়। ইহার নিকট অনেকগুলি ভগ্ন জৈনমূর্ত্তি পড়িয়া আছে, তন্মধ্যে একটীর গাত্রে আদিনাথ মূর্ত্তি-প্রতিষ্ঠার কথা খোদিত আছে। যে বর্ষ সংখ্যা দেওয়া আছে, তাহাতে বুঝা যায় যে এই লিপিখানি সম্বৎ ১১৪২ (১০৮৫ খৃষ্টাব্দে) খোদিত হয়। আদিনাথ প্রতিষ্ঠাতার নাম শ্রীবিবৎসা ও তাঁহার প্রধান স্ত্রীর নাম গোঠিনী পদ্মাবতী। ইহাতেও বুঝা যাইতেছে অষ্টম শতাব্দীর প্রাচীন বুদ্ধমন্দির ১১শ শতাব্দীতে জৈনদিগের অধিকারে ছিল।

ঘণ্টাই মন্দিরে দুইটী নাম খোদিত আছে। একটী 'নেমিচন্দ্র' অপর 'স্বস্তিশ্রী সাধু'। ইহার অক্ষরাদি হইতে অনুমান হয় যে ইহা ১১৫০ খৃষ্টাব্দ বা তৎপূর্ব্বে দশম শতাব্দীর মধ্যে খোদিত।

ইহার নিকটে পার্শ্বনাথের একটী মন্দির আছে। পার্শ্বনাথের এই প্রতিমা আধুনিক, কিন্তু এই মন্দির একটী প্রাচীন বৃহন্মন্দিরের গর্ভগৃহ বলিয়া অনুমিত হয়। ইহার দ্বারপথে বামদিকে এক উলঙ্গ পুরুষমূর্ত্তি, দক্ষিণে একটী উলঙ্গ স্ত্রীমূর্ত্তি এবং দ্বারের মাথায় তিনটী উপবিষ্টা রমণীমূর্ত্তি আছে। মন্দির মধ্যে উলঙ্গ পার্শ্বনাথ মূর্ত্তি এবং মন্দিরগাত্রে কতকগুলি তীর্থযাত্রীর বিবরণ খোদিত রহিয়াছে। ইহার বর্ণমালা খৃষ্টীয় দশম শতাব্দীর ন্যায়। ইহা হইতে বুঝা যায় যে দশমশতাব্দীতে প্রাচীন মন্দিরটী বর্ত্তমান ছিল।

ইহার নিকটে পার্শ্বনাথের আর একটী ও আদিনাথের একটী মন্দির আছে। মন্দির দুইটীর দ্বারের মাথায় এক একটী ক্ষুদ্র রমণী মূর্ত্তি আছে।

এই দিক্‌কার মন্দিরগুলির মধ্যে সর্ব্বাপেক্ষা বৃহৎ ও সুন্দর মন্দিরের নাম জিননাথ মন্দির। ইহার দৈর্ঘ্য ২০ হাত ও প্রস্থ ২০ হাত। ১৮৬০ সালে একজন জৈন-বণিক ইহার জীর্ণসংস্কার করিয়া দেন। মন্দিরটী মণ্ডপ, অন্তরাল ও গর্ভগৃহ এই তিনভাগে বিভক্ত। ইহার নাটমন্দিরের ছাদ বড় সুন্দর। তাহার কারুকার্য্য ও চিত্রবিচিত্র পুত্তলিকাদি এত সুন্দর যে লিখিয়া উপলব্ধি করান যায় না। ইহার সিঁড়ির ধাপের সম্মুখভাগে একখানি পাথরে খোদিত সমুদ্র-মন্থনের ছবি আছে। এই মন্দিরের বামদিকের বাজুতে খোদিত আছে, ধঙ্গরাজের রাজত্বকালে ১০১১ সম্বতে ভব্য পাহিল নামে এক ব্যক্তি এই মন্দিরের জন্য অনেকগুলি উদ্যান সমর্পণ করেন। দক্ষিণদিকের বাজুতে এইরূপ একটী ৩৪এর ঘরপূরক প্রকোষ্ঠ আছে।

৭	১২	১	১৪
২	১৩	৮	১১
১৬	৩	১০	৫
৯	৬	১৫	৪

ইহার যে দিক্ হইতে যোগ কর দেখিবে ৩৪ হইবে। জিননাথের মন্দিরে এক আধ পংক্তি খোদিতলিপি প্রায় ৭।৮ জায়গায় আছে।

ইহার নিকটে 'শেঠনাথ' বা শান্তিনাথ নামে একটী জৈন-মন্দির আছে। মন্দির অতি সামান্য ভগ্নাবশিষ্ট ইষ্টকাদির দ্বারা নির্ম্মিত ও চুণকাম করা। ইহার অভ্যন্তরে বড় অন্ধকার। তন্মধ্যে শান্তিনাথের প্রতিমা উর্দ্ধে ৯ হাত। প্রতিমার বেদীতে একটী খোদিত লিপি আছে, তৎপাঠে জানা যায় ১০৮৫ সম্বতে বা ১০২৮ খৃষ্টাব্দে শ্রীচন্দ্রদেব কর্ত্তৃক এই শান্তি-নাথের প্রতিমা নির্ম্মিত হয়।

ইহার নিকটে আর একটী ক্ষুদ্র প্রাচীন আদিনাথের মন্দির আছে। এই মন্দিরে বিশেষ কিছুই উল্লেখযোগ্য নাই, কিন্তু ইহার নিকটে যে সকল ভগ্নাবশিষ্ট মূর্ত্তি, কারুকার্য্যবিশিষ্ট প্রস্তরের খণ্ড ও স্তম্ভাংশ পড়িয়া আছে, তাহা হইতে অনেক বিষয় জানা যায়। ইহার মধ্যে কতকগুলিতে খোদিতলিপি আছে। শম্ভুনাথ নামক একটী বেদীতে একখানি খোদিত লিপি আছে। তাহা হইতে জানা যায় যে মদনবর্ম্মদেবের রাজত্বকালে ১২১৫ সম্বতে মাঘ মাসে সূর্য্যবংশীয় পাহিল্যপুত্র দণ্ডশ্রেষ্ঠী এই মূর্ত্তির প্রতিষ্ঠা করেন। এই মূর্ত্তিনির্ম্মিতার নাম রামদেব।

ঘণ্টাইমন্দিরের দক্ষিণে ও জৈনমন্দিরগুলির পশ্চিমে ১৩ হাত হইতে ১৬৸০ হাত উচ্চ একটী ভগ্নস্তূপ আছে। ইহা ২ হাত লম্বা, ১৩০ হাত চৌড়া, উপরিভাগ প্রশস্ত ও সমতল। চতুর্দ্দিকে প্রাচীর দেখিয়া বোধ হয় ইহা একটী বৌদ্ধমঠের ভগ্নাবশেষ। ইহা হইতে ইষ্টকপ্রস্তরাদি সংগ্রহ করিয়া নিক-টেই একটী জৈনমন্দির প্রস্তুত হইয়াছে। ভগ্নস্তূপের মধ্য হইতে অনেকগুলি জৈনমূর্ত্তি আবিষ্কৃত হইয়াছে।

গ্রামের দক্ষিণে তিনপোয়া পথ দূরে কুয়ার নালার তীরে দুইটী বৃহৎ মন্দিরের ভগ্নাবশেষ আছে। একটী নীল-কণ্ঠ মহাদেবের মন্দির, অন্যটী কুন্বার মঠ। নীলকণ্ঠ মন্দিরের সমস্তই পড়িয়া গিয়াছে কেবল গর্ভগৃহের প্রাচীর-গুলি দণ্ডায়মান। প্রকোষ্ঠের মাথায় মধ্যস্থলে শেষ ও উভয়পার্শ্বে ব্রহ্মা ও বিষ্ণুর মূর্ত্তি আছে। মধ্যস্থলে লিঙ্গ-মূর্ত্তি নাই, কিন্তু তাহার অর্ঘ্যস্থান (বেদী) পড়িয়া আছে। নীলকণ্ঠ মহাদেব গৌর নামে অভিহিত। এই মন্দির-টীও চন্দেলদিগের অধিকার সময়ে দশম ও একাদশ শতাব্দীর মধ্যে নির্ম্মিত হইয়া থাকিবে। কারণ মন্দির গাত্রে ১১৭৪ সম্বতে খোদিত এক তীর্থযাত্রীর নাম পাওয়া যায়।

কুন্বার মঠও একটী শিবমন্দির, ইহার দ্বারের মাথায় ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের মূর্ত্তি আছে। অনেকে বলেন, কুন্বার শব্দ সংস্কৃত কুমার (কার্ত্তিকেয়) হইতে উৎপন্ন হইয়াছে, কিন্তু কনিংহাম অনুমান করেন, ইহা কোন চন্দেল রাজকুমার দ্বারা প্রতিষ্ঠিত হইয়া থাকিবে। পশ্চিমাংশের মন্দিরগুলির ন্যায় ইহাও একটী পরম সুন্দর মন্দির। ইহার দৈর্ঘ্য ৪৪ হাত ও প্রস্থ ২২ হাত, ইহাও ঐ সকল মন্দিরের ন্যায় পাঁচ ভাগে বিভক্ত।

খজুর-সাগরের তীরে ভগ্নাবশেষের মধ্যে একটী কার্ত্তি-কেয় মূর্ত্তি পাওয়া গিয়াছে। তাহার বেদীতেও দেবশ্রীশশ-সিংহের নাম পাওয়া যায়।

খজুরাহু গ্রামের ১৷৷০ মাইল দক্ষিণে জাটকরী গ্রামে কতকগুলি ভগ্নস্তূপ ও ভগ্নমূর্ত্তি আছে। উত্তর দিকে মর্ম্মর প্রস্তরনির্ম্মিত শিবলিঙ্গের একটী মন্দির এবং ইহার দক্ষিণে একটী বিষ্ণুমন্দির ছিল ; আরও একটু দক্ষিণে আর একটী বিষ্ণুমন্দিরের ভগ্নাবশেষ আছে। তাহার গর্ভগৃহ বিদ্য-মান। গর্ভগৃহের দ্বারের উপর ব্রহ্মাবিষ্ণুশিবের মূর্ত্তি আছে। অভ্যন্তরেও ২ হাত উচ্চ চতুর্ভুজ মূর্ত্তি দণ্ডায়মান। কারুকার্য্য দেখিয়া বোধ হয়, ইহাও চন্দেলদিগের প্রতিষ্ঠিত মন্দির।

খজুরসাগর, শিবসাগর প্রভৃতি দীর্ঘিকায় তীরে বড় বড় বৃক্ষতলে নিকটস্থ অধিবাসীরা ও জৈনতীর্থযাত্রীরা ভগ্নস্তূপের মধ্য হইতে যে সকল মূর্ত্তি উদ্ধার করিয়া স্থাপন করিয়াছেন, তন্মধ্যে একটী বৃহৎকায় হনুমানের মূর্ত্তি উল্লেখযোগ্য। ইহার বেদীর গাত্রে সম্বৎ ৯২৫ (বা খৃষ্টীয় ৮৬৮ অব্দ) খোদিত আছে। কি খজুরাহু কি মহোবা কোথাও এতদপেক্ষা প্রাচীন বর্ষসংখ্যা পাওয়া যায় নাই, কিন্তু অন্য কোন কথা খোদিত-না থাকায় ইহা দ্বারা কোন প্রয়োজন সিদ্ধ হয় না। বরাহ-মন্দিরের নিকট এইরূপ আর একটী চতুর্ভুজ শিবমূর্ত্তি আছে। ছত্রপুরের মৃত রাজা প্রতাপসিংহের সমাধি-মন্দির নির্ম্মাণের জন্য প্রস্তরাদি সংগ্রহের সময় ঐ মূর্ত্তি আবিষ্কৃত হয়।

যখন গজনীর মাহ্মুদ কালঞ্জর আক্রমণ করেন, তখন

চন্দেলবংশীয় গণ্ড বা নন্দরায় কালঞ্জরের রাজা। খজুরাহু তখন তাঁহার রাজধানী। গজনীর মাহ্মুদের ভয়ে তিনি খজুরাহু ত্যাগ করিয়া কালঞ্জরদুর্গে আশ্রয় গ্রহণ করেন। এই সময় হইতে খজুরাহুর অবনতির সূত্রপাত হয়। পরবর্ত্তী চন্দেলরাজগণ মহোবা নামক স্থানে রাজধানী স্থাপন করেন। ত্রয়োদশ শতাব্দীর প্রথমে কুতবুদ্দীন মহোবা ও কালপী অধিকার করিলে পর চন্দেল-রাজগণ বরাবর কালঞ্জরে আশ্রয় লন। ১৩৩৫ খৃষ্টাব্দে যখন ইবন্-বতুতা এদেশে আসেন, তখন তিনি খজুরাহুতে কেবল যোগী সন্ন্যাসীর আবাস দেখিয়াছিলেন। অকবরের সময় ইহা রীতিমত জঙ্গলে পরিণত হয়। কারণ আইন-ই-অকবরীতে ইহার উল্লেখ দেখা যায় না। বর্ত্তমান শতাব্দীর প্রথমেও ইহার সন্ধান কেহই জানিত না। ১৮১৮ সালে ফ্রাঙ্কলিনের মানচিত্রে ধ্বংসাবশিষ্ট কাজরো নামে ইহা প্রথম চিহ্নিত হয়। কিন্তু তখনও সন্ন্যাসীরা শিবরাত্রির দিন এখানে যাতায়াত করিত। শিবরাত্রির সময় এখানে ২।৩ ক্রোশ জুড়িয়া লোকজন থাকিত। এখনও এইরূপ চলিতেছে।

খজুরি, মধ্যপ্রদেশের ভাণ্ডারাজেলার সকোলি তহসীলের অন্তর্গত একটী জমিদারী। অর্জ্জুনির ৩ ক্রোশ উত্তর। হলবা ও গন্দজাতি ইহার অধিবাসী। হলবাজাতীয় একজন ইহার জমিদার।

খজুরি বা কজুরি আল্লাদাদ, মধ্যভারতের অন্তর্গত ভূপাল রাজ্যের মধ্যে একটী জমিদারী। পিণ্ডারী দলপতি চিতুর ভ্রাতা রাজনখাঁ এই স্থান ইংরাজ গবর্ণমেণ্ট কর্ত্তৃক প্রাপ্ত হন। রাজনখাঁর মৃত্যুর পর তৎপুত্র ইলাহীবক্স এখানকার অধিকারী হন। তাঁহার মৃত্যুর পর ১৮৫৯ খৃষ্টাব্দে তৎপুত্র করিমবক্সের উপর ইহার শাসনভার পড়িয়াছে। ইনি তথায় নবাব বলিয়া খ্যাত।

খজুহা, উত্তরপশ্চিমের ফতেপুরজেলার ভিতর কোরা তহসীলের অন্তর্গত একটী নগর। অক্ষ° ২৬° ৩´১০´´ উঃ দ্রাঘি° ৮০°৩৩´৫০´´ পূঃ মধ্যে অবস্থিত। ফতেপুর হইতে ১০॥০ ক্রোশ দূরে কোরা হইতে ফতেপুর পর্য্যন্ত যে রাস্তা গিয়াছে তাহারই উপর এই নগর। ইহাতে পিত্তল, তামা ও কাঁসার বাসনাদি প্রস্তুত হয়। বড় বড় পুরাতন মন্দিরের অনেক অংশ এখানে দেখা যায়। বাগ-বাদশাহী নামক একটী প্রকাণ্ড প্রাচীরবেষ্টিত বাগান আছে। ইহার পূর্ব্বদিকে বারদ্বারী ও গজগিরি পুষ্করিণী। নগর মধ্যে একটী পুরাতন সরাইয়ের ফটক আছে। তাহার ভিতর দিয়া আগ্রা হইতে ইতাবা পর্য্যন্ত মোগল আমলের রাস্তা গিয়াছে। রন্দন-কা-তলাও নামক একটী পুষ্করিণী ও তৎসহ একটী শিবমন্দির আছে। প্রতিবৎসর কার্ত্তিকমাসে তথায় ভক্তদিগের একটী মেলা হয়। এখানে বিদ্যালয়, ডাকঘর ও থানা আছে। সপ্তাহে দুইবার করিয়া হাট বসে। লোকসংখ্যা ৩৪৯২। অধিবাসীর অধিকাংশই ব্রাহ্মণ।

খজুরার্হা, অযোধ্যায় হরদোই জেলার একটী নগর। হরদোই হইতে ৩ ক্রোশ দূরে অবস্থিত। অধিবাসী অধিকাংশই গৌরচামার। ঠাঠেরাদিগকে তাড়াইয়া ইহারা এই স্থানে বাস করিয়াছে। এখানে সপ্তাহে দুইদিন হাট বসে।

খজ্যোতিঃ [স্] (পুং) খে আকাশে জ্যোতিরস্য বহুব্রী। খদ্যোত, জোনাকিপোকা।

খঞ্জ (ত্রি) বিকলপদ, খোঁড়া। পর্য্যায়—খোড়, খোল, খোর, খঞ্জক, খোট। ভাবপ্রকাশের মতে—

"বায়ুঃ কট্যাশ্রিতঃ সক্থ্নঃ কণ্ডরামাক্ষিপেদ্ যদা।
খঞ্জ-স্তদা ভবেজ্জন্তুঃ পঙ্গুঃ সক্থ্নোর্দ্বয়ো র্বধাৎ॥"

(ভাবপ্রকাশ মধ্যখ° ২।)

কটিদেশ আশ্রিত বায়ু কুপিত হইয়া উরুদেশস্থ কণ্ডরার (মহাস্নায়ুর) আক্ষেপ উৎপাদন করিলে সে ব্যক্তি খঞ্জ হয়। কর্ম্মবিপাকের মতে, যে ব্যক্তি অকারণে হরিণ বধ করে, পর জন্মে তাহাকে খঞ্জ হইতে হয়।

"হরিণে নিহতে খঞ্জঃ শৃগালেতু বিপাদকঃ।" (শাতাতপ)

সুশ্রুতের মতে গর্ভাবস্থায় গর্ভিণীর অভিলাষ পূর্ণ না করিলে গর্ভস্থিত সন্তান খঞ্জ হয়। (সুশ্রুত শারীর° ৩ অঃ) খঞ্জ শব্দ পাণিনীয় কড়ারাদি গণান্তর্গত, কর্ম্মধারয় সমাসে বিকল্পে ইহার পূর্ব্ব নিপাত হইয়া থাকে। যথা খঞ্জবাহুঃ, বাহুখঞ্জঃ। (কড়ারাঃ কর্ম্মধারয়ে। পা ২।২।৩৮।)

খঞ্জক (ত্রি) খঞ্জতি খজি-কর্ত্তরি ণ্বুল্ যদ্বা খঞ্জ-এব খঞ্জ-স্বার্থে কন্। খঞ্জ। (হেম°)

খঞ্জকারি (পুং) খঞ্জ-কস্য অরিঃ ৬তৎ। সুস্না, চলিত কথায় খেঁসারী বলে।

খঞ্জখেট (পুং স্ত্রী) খঞ্জ-ইব খেটতি গচ্ছতি খিট্-অচ্। খঞ্জনপক্ষী। (শব্দমালা)

খঞ্জখেল (পুং স্ত্রী) খঞ্জ-ইব খেলতি খেল-অচ্। খঞ্জনপক্ষী। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হইয়া খঞ্জখেলী শব্দ হইয়া থাকে।

খঞ্জতা (স্ত্রী) খঞ্জস্য ভাবঃ খঞ্জ-তল্-টাপ্। খঞ্জত্ব। "পদজঙ্ঘয়োঃ সন্ধানে গুল্ফো নাম তত্র রুজঃ স্তব্ধতা খঞ্জতা বা"

(সুশ্রুত শারীর° ৬ অঃ)

খঞ্জন (ক্লী) খজি ভাবে ল্যুট্। ১ বিকল গতি। (পুং) খজি-কর্ত্তরি ল্যু। ২ স্বনামপ্রসিদ্ধ পক্ষী। (Wagtail) পর্য্যায়—খঞ্জরীট, কণাটীন, কাকচ্ছর্দ্দি, খঞ্জখেল, তাতন, মুনিপুত্রক,

ভদ্রনামা, রত্ননিধি, খঞ্জখেট, গূঢ়নীড়, তণ্ডক, চর, কাকচ্ছদ, নীলকণ্ঠ, কণাটীর, কণাটারক। ইহাদের কয়েকটী শ্রেণী আছে। কতকগুলি শাদা ও কতকগুলি কাল। কতকগুলির পুচ্ছ ফুটকি ফুটকি দাগবিশিষ্ট। ইহাদের চঞ্চু কাল, পদগুলি মাংসল ও শাদা। লম্বা প্রায় ১০ ইঞ্চি হইবে। ডানাগুলি ৪ ইঞ্চি, পুচ্ছ ৫ হইতে ৬ ইঞ্চি, চঞ্চু ১ ইঞ্চি। ছোট ছোট পক্ষীগুলির ফুটকি দাগ থাকে না। হিমালয় অঞ্চলে ইহাদিগকে অধিক দেখা যায়। আসাম, আরাকান ও ব্রহ্মদেশেও অনেক আছে। পুচ্ছ নাড়ায় ইহাদের বিশেষ শোভা হয়। পাহাড় হইতে যেখানে নদী বাহির হয় অথবা যেখানে জলপ্রপাত আছে, সেখানে এই পাখীগুলিকে প্রায়ই দেখা যায়। পথে একেলা বিচরণ করিতেছে এমন সময় তুমি গিয়া উপস্থিত হও, খঞ্জন অমনি উড়িয়া নদীর ধারে যাইবে, না হয় বনের মধ্যে প্রবেশ করিবে। ইহারা ছোট ছোট পোকা ফড়িং ইত্যাদি ধরিয়া আহার করে। খঞ্জন প্রায়ই নির্জ্জনে একাকী থাকিতে ভালবাসে। কখন কখন ২।৩টী একত্র থাকিতে দেখা যায়। কিন্তু অধিকক্ষণ নহে। শীঘ্রই তাহারা পরস্পর বিবাদ করিয়া একটী অপরটীকে তাড়াইয়া দেয়। অন্যান্য পক্ষীর মত ইহারাও কাটি কুটা দিয়া আপনাদের বাসা নির্ম্মাণ করে। খঞ্জনপক্ষী পল্লিগ্রামেও দেখা যায়। খঞ্জনপাখীর প্রথম দর্শনে শুভাশুভ ফল বরাহমিহিরের বৃহৎসংহিতায় এইরূপ নির্ণীত হইয়াছে—

স্থূল ও উন্নত কণ্ঠ, যে খঞ্জনের গলা কৃষ্ণবর্ণ, তাহাকে ভদ্র বলে, ইহার দর্শনে মঙ্গল হয়। যে খঞ্জনের মুখ হইতে কণ্ঠ পর্য্যন্ত কৃষ্ণবর্ণ, তাহাকে সম্পূর্ণ বলে, ইহার দর্শনে আশাপূর্ণ হয়। যে খঞ্জনের গলায় কৃষ্ণবর্ণ বিন্দুর মধ্যে শ্বেতবর্ণ দুই একটী বিন্দু দেখিতে পাওয়া যায়, তাহার দর্শনে আশা নিষ্ফল হয়, এই কারণে উহাকে রিক্ত বলে। পীতবর্ণ খঞ্জন দেখিলে ক্লেশ পাইতে হয়। সুমিষ্ট ও সুগন্ধি ফলযুক্ত বৃক্ষের উপরে, কোন পবিত্র জলাশয়ে, হাতী ঘোড়া বা সাপের মাথায়, দালান, উপবন, হর্ম্ম্য, গোষ্ঠ, যজ্ঞগৃহ, হস্তীশালা বা অশ্বশালায় খঞ্জন দেখিতে পাইলে শ্রীবৃদ্ধি হয়। রাজা বা ব্রাহ্মণের নিকটে, ছত্র, ধ্বজ বা চামরাদির উপরে, দধিপাত্র, ধান্যপুঞ্জ বা পদ্মাদি-পরিশোভিত সরোবরে খঞ্জন দৃষ্ট হইলেও শ্রীবৃদ্ধি হইয়া থাকে। পঙ্কের উপরে খঞ্জন দেখিতে পাইলে মিষ্টান্ন প্রাপ্তি, হরিতবর্ণ তৃণের উপরে দেখিতে পাইলে বস্ত্রলাভ এবং গাড়ীর উপরে খঞ্জন দৃষ্ট হইলে দেশের বিনাশ হয়। ঘরের চালে বা ছাদে খঞ্জন দেখিতে পাইলে অর্থনাশ, রন্ধ্রে দেখিলে বন্ধন, অপবিত্র স্থানে দৃষ্ট হইলে রোগ হয়। কিন্তু মেষাদির পৃষ্ঠে খঞ্জন দেখিলে অল্পদিন মধ্যেই প্রিয়সমাগম হইয়া থাকে। মহিষ, উষ্ট্র, গর্দ্দভ, অস্থি, শ্মশান, গৃহকোণ, পর্ব্বত, প্রাচীর, ভস্ম বা কেশের উপরে খঞ্জন দৃষ্ট হইলে অমঙ্গল ও মৃত্যুভয় হইয়া থাকে। খঞ্জন পাখী যখন পক্ষ সঞ্চালন করিতে থাকে, তখন দেখিলে অশুভ হয়, কিন্তু নদীতে জলপান করিতে দেখিলে শুভ ফল হইয়া থাকে। সূর্য্যোদয়কালে খঞ্জনদর্শন প্রশস্ত, অস্তকালে খঞ্জন দর্শন শুভকর নহে। যাত্রাকালে খঞ্জন পাখী যে দিকে উড়িয়া যাইতে দেখা যাইবে, রাজা সেই দিকেই গমন করিবেন। এইরূপ যাত্রা করিলে শত্রু বশীভূত হয়। যে স্থানে খঞ্জনমিথুন দৃষ্ট হয়, সেই স্থানে কোন নিধি লাভ হইবার সম্ভাবনা। খঞ্জনপাখী যেখানে বমন করে, তাহার নীচে কাচ থাকে এবং যেখানে পুরীষ পরিত্যাগ করে, তথায় অঙ্গার থাকে। মৃত, বিকল বা রোগযুক্ত খঞ্জন নিজ শরীরানুরূপ ফল প্রদান করে। রাজা শুভস্থানে শুভ খঞ্জন অবলোকন করিয়া সুগন্ধি কুসুম ও ধূপযুক্ত অর্ঘ্য ভূমিতলে প্রদান করিবেন, তাহা হইলে সমস্ত মঙ্গল বৃদ্ধি পাইবে। অশুভ খঞ্জন দর্শন করিয়া ৭ দিন পর্য্যন্ত মাংস না খাইলে অশুভ ফল হয় না। প্রথম খঞ্জন দর্শনের ফল সম্বৎসর মধ্যে হইয়া থাকে, কিন্তু ঐ সময় মধ্যে আবার দর্শন হইলে সেই দিনই ফল হয়। (বৃহৎস° ৪৫ অঃ)

খঞ্জনরত (ক্লী) খঞ্জনস্যেব গোপ্যং রতম্। যতিগণের গোপনীয় রতি। (হারাবলী)

খঞ্জনা (স্ত্রী) খঞ্জন ইবাচরতি খঞ্জন-ড্যাচ্-ক্বিপ্-টাপ্। খঞ্জনের সদৃশ একপ্রকার মাদি পক্ষী, সর্ষপী।

খঞ্জনাকৃতি (স্ত্রী) খঞ্জনস্যেব আকৃতির্যস্যাঃ বহুব্রী। ১ পক্ষিবিশেষ, স্থানবিশেষে কাদাখোচা বলে। খঞ্জনস্য আকৃতিঃ ৭তৎ। ২ খঞ্জনের আকার।

খঞ্জনাসন (ক্লী) রুদ্রযামলোক্ত এক প্রকার আসন। পিঠে পাদুটী ও হাত দুইখানি ভূমিতে রাখিবে। পরে হাত পাতিয়া পৃষ্ঠদেশে দুই পা বক্র করিবে, এবং বায়ু পান করিতে থাকিবে, ইহাকে খঞ্জনাসন বলে। এই আসনে উপাসনা করিলে জয় হয়।

"খঞ্জনাসনমাবক্ষ্যে যৎকৃত্বা সুস্থিরো ভবেৎ।
পৃষ্ঠে পাদদ্বয়ং কৃত্বা হস্তৌ ভূমৌ প্রধাপয়েৎ॥
ভূমৌ হস্তদ্বয়ং নাথ পাতয়িত্বানিলং পিবেৎ।
পৃষ্ঠে পাদদ্বয়ং বদ্ধা খঞ্জনেন জয়ী ভবেৎ॥" (রুদ্রযামল)

খঞ্জনিকা (স্ত্রী) খঞ্জনস্তদাকারোঽস্ত্যস্যাঃ খঞ্জন-ঠন্-টাপ্। ১ খঞ্জনাকার একপ্রকার মাদি পাখী, ইহাদের ঠোঁট দুইটী অতিশয় লম্বা, ইহারা সর্ব্বদাই কাদার উপরে থাকিতে ভাল-

বাসে এই কারণে স্থানবিশেষে ইহাদিগকে কাদাখোচা বলে। ইহার সংস্কৃত পর্য্যায়—হাপুত্রিকা, তুলিকা, স্ফোটিকা, সর্ষপী। (ত্রি) ২ খঞ্জনাকৃতি। (শব্দচন্দ্রিকা।)

খঞ্জনী, ভারতবর্ষীয় ক্ষুদ্র আনদ্ধ যন্ত্রবিশেষ। চক্রাকারে খোদিত কাষ্ঠের একমুখে ছাগাদির চর্ম্ম আচ্ছাদন করিয়া এই যন্ত্র নির্ম্মাণ করিতে হয়। ইহা তিন চারিপ্রকার দেখিতে পাওয়া যায়। স্থান বিশেষে এই যন্ত্রকে খঞ্জরী বলে। কৃতী বাদকের নিকটে ইহার বাদ্য শুনিতে আমোদ আছে। [যন্ত্র দেখ।]

খঞ্জরী [খঞ্জনী দেখ।]

খঞ্জরীট (পুং) খঞ্জ-ইব ঋচ্ছতি ঋ গতৌ বাহুলকাৎ কীটন্। খঞ্জন।

খঞ্জরীটক (পুং) খঞ্জরীট এব স্বার্থে কন্। খঞ্জনপক্ষী।

খঞ্জরীটী (স্ত্রী) খঞ্জরীট জাতিত্বাৎ ঙীষ্। মাদি খঞ্জনপাখী।

খঞ্জবাহু (পুং) দৈত্যবিশেষ। (হরিবংশ ২৪০ অঃ)

খঞ্জা (স্ত্রী) মাত্রাবৃত্তবিশেষ। শিখাবৃত্তের খণ্ডদ্বয় পরিবর্ত্তন করিয়া রচনা করিলে তাহাকে খঞ্জাবৃত্ত বলে। [শিখা দেখ।]

খঞ্জার (পুং) খঞ্জ-ইব-ঋচ্ছতি ঋ-অচ্-যদ্বা খঞ্জতি কুটিলং গচ্ছতি খঞ্জ-আরন্। ঋষিবিশেষ। এই শব্দটী পাণিনীয় অশ্বাদি গণান্তর্গত।

খঞ্জাল (পুং) খঞ্জি-কালন্। খঞ্জ ইব অলতি অল-অচ্ বা। ঋষিবিশেষ। এই শব্দটী পাণিনীয় অশ্বাদি গণান্তর্গত, গোত্রাপত্যার্থে ইহার উত্তর ফঞ্ হয়।

খট্ (হিন্দী) রাগবিশেষ। বরাড়ী, আশাবরী, তোড়ী, ললিত, বহুলী, গান্ধার; অথবা সিন্ধুবী, ধানশী, তোড়ী, ভৈরবী, রামকিরি ও মল্লার যোগে উৎপন্ন। ইহার মধ্যম বাদী। কোন কোন মতে ইহা দীপকরাগের পুত্র। ইহা প্রাতে ১ দণ্ড হইতে ৫ দণ্ড মধ্যে গেয়। ইহার স্বরগ্রাম—

স ঋ গ ম প ধ নি স। (সঙ্গীতদা॰)

এইরূপ কিম্বদন্তী আছে যে ষড়ানন কার্ত্তিকেয়ের মুখ হইতে এই রাগটী প্রথমে নির্গত হয়, এই কারণে ইহার নাম ষট্ বা খট্ হইয়াছে।

খট (পুং) খট্-অচ্। ১ অন্ধকূপ। ২ কফ। ৩ টঙ্ক। ৪ শস্ত্রবিশেষ। ৫ লাঙ্গল। ৬ কত্তৃণ, গন্ধখড়। ৭ তৃণ। (অজয়পাল)

খটক (পুং) খট-বাহুলকাৎ বুন্। ১ ঘটক। পর্য্যায়—নাগবীট, টাঙ্কর, ত্র্যক্ষর। ২ বক্রহস্ত, যাহার হাত বাঁকা। (শব্দমালা)

খটক, পঞ্জাবের অন্তর্গত কোহাট ও পেশবার জেলার মধ্যস্থ পর্ব্বতশ্রেণী। এই পর্ব্বতের উপর খটক (খড়ক) নামক একদল আফগান জাতীয় লোক বাস করে। এই পর্ব্বতমালাই পেশবার জেলার দক্ষিণসীমা এবং সফেদকো-(শ্বেতগিরি) শ্রেণী হইতে সিন্ধু পর্য্যন্ত বিস্তৃত। কোহাটের মধ্যে এই পর্ব্বতমালা ক্ষুদ্র ক্ষুদ্র শিখরে বিভক্ত, মধ্যে মধ্যে অনেকগুলি অনুর্ব্বর উপত্যকা আছে। তেরিতোই নদী এই পর্ব্বতমালাকে উত্তর ও দক্ষিণভাগে বিভক্ত করিয়া ফেলিয়াছে। দক্ষিণভাগে নায়ি, বাহাদুরখেল ও খড়ক প্রদেশের বিখ্যাত লবণখনি ও উত্তরভাগে মলগিণ ও জণ্ড প্রদেশের খনি আছে। কোহাটের মধ্যবর্ত্তী সোয়ানাই-শির নামক সর্ব্বোচ্চ শিখরের উচ্চতা ২১৯০ হাত। যে ভাবে বরফ বা তুষারশিলা পর্ব্বতগাত্রে জমিয়া যায়, সেই ভাবে এই পর্ব্বতমালার পূর্ব্বোক্ত স্থান সকলে প্রস্তরবৎ লবণ জমে। পাথর কাটিবার প্রণালীতে এই লবণ কাটিয়া লইতে হয়। এরূপ বৃহৎ প্রস্তরাকার লবণক্ষেত্র পৃথিবীতে আর নাই। এই লবণের বর্ণ নীলাভ ধূসর কিন্তু গুঁড়াইলে শাদা হয়। পঞ্জাব, আফগানিস্থান এবং অন্যান্য দেশে এই লবণ রপ্তানি হয়। জণ্ড নামক স্থানে এই লবণের কারখানার প্রধান আড্ডা আছে।

পেশবারের মধ্যবর্ত্তী সর্ব্বোচ্চ শিখরের নাম 'জওলা শির' ইহার উচ্চতা ৩৪০৬ হাত। এই পর্ব্বতশ্রেণীই কাকাখেল নামক মুসলমান জাতির বাসস্থান। এইখানেই কাকাসাহেবের কবর আছে। কাকাখেল জাতি খটকজাতীয় রহিমসেখ নামক সর্দ্দারের বংশধর। ইহারা মধ্যভারত পর্য্যন্ত ব্যবসা করিতে যায় এবং লোকেরা ইহাদিগকে ধার্ম্মিক বলিয়া জানে। জওলাশির পর্ব্বতের নিকট চরট নামক গ্রীষ্মনিবাস। মীরকলান গিরিপথ এই পর্ব্বতশ্রেণীতে অবস্থিত। আপাততঃ এখানে সৈন্য গমনাগমনের জন্য একটী প্রশস্ত পথ নির্ম্মিত হইয়াছে। এই সকল পর্ব্বতে শ্লেটপাথর যথেষ্ট পাওয়া যায়। খটক প্রদেশ অকোরা ও টেরি এই দুইভাগে বিভক্ত। এই দুইভাগে দুইজন সর্দ্দার আছে। ইহারা ইংরাজরাজের বশীভূত, কিন্তু স্বাধীন।

খটকর ভীমগজ, রাজপুতানার অন্তর্গত একটী গ্রাম। ইহার উত্তরপূর্ব্বে পর্ব্বতশ্রেণী মাইজ নামক নদী পর্য্যন্ত বিস্তৃত। এই গ্রামের ২ ক্রোশ উত্তরপূর্ব্বে নানাবিধ পুরাতন ভগ্নমন্দির দেখা যায়। পর্ব্বতের দক্ষিণদিকে যেটী আছে, তাহাই সর্ব্বাপেক্ষা পুরাতন বলিয়া বোধ হয়। সম্ভবতঃ এই স্থানেই পুরাতন নগর ছিল। কিন্তু নদী পশ্চিমবাহিনী হওয়ায় তাহা পরিত্যক্ত হইয়া খটকর গ্রামটী নির্ম্মিত হইয়াছে। এই নদীর বক্র গতিতে পর্ব্বতটী এই স্থলে খণ্ড খণ্ড পাহাড়ে পরিণত হইয়াছে। এই সকল স্থান এখন বনজঙ্গলে পরিপূর্ণ। গ্রামের দক্ষিণে ও দক্ষিণপশ্চিমে তিনটী প্রস্তর-

নির্ম্মিত নূতন মন্দির আছে। নূতন মন্দিরের মধ্যে বিষ্ণু-মন্দির সর্ব্বাপেক্ষা বৃহৎ। এখানে জৈনদিগের নির্ম্মিত পার্শ্বনাথ দেবের একটী মন্দির আছে। উত্তরপূর্ব্বদিকে দুইটী মন্দির ও যাত্রীদিগের বাসভবন আছে, উহাকে তির-দওয়ালী বলে। এই স্থানে পাহাড়ের মধ্যে গুহাপথ। একটী দ্বার দিয়া তাহাতে প্রবেশ করিতে হয়। লোকে বলে এই পথ দিয়া দশ ক্রোশদূরবর্ত্তী পালি নামক গ্রামে যাওয়া যায়। ভীমগজ একটী স্বতন্ত্রগ্রাম, খটকরের নিকট বলিয়া উভয় স্থান খুটকরভীমগজ বলিয়া খ্যাত।

খটিক, বেহার অঞ্চলের জাতিবিশেষ, ইহাদের মধ্যে খটিক ও ধর্ম্মদাসী এই দুই শ্রেণী আছে। ইহারা সকলে কাশ্যপ গোত্র। কন্যা সন্তানের বিবাহ ৫ হইতে ১২ বৎসরের মধ্যে হইয়া থাকে। সপিণ্ড পাঁচ পুরুষের মধ্যে আদান প্রদান চলে না। কোন স্থানে বিবাহ সম্বন্ধ হইলে গ্রামের মণ্ডল বা পঞ্চায়তকে জিজ্ঞাসা করা হয় যে বিবাহ কোন সম্বন্ধ দোষে বাধে কিনা। তাহারা কোন দোষ না দেখিলে ও বিবাহে মত দিলে তবে ঘরদেখি বরদেখি হয় এবং পান সুপারি ও মিষ্টান্ন দানগ্রহণ হইয়া থাকে। ঘরের পক্ষ হইতে কন্যার বাটীতে বস্ত্র, বাসন ও একটী টাকা পাঠান হয়। ইহাকে তিলকদান কহে। তিলকদানের পর ব্রাহ্মণ আসিয়া বিবাহের দিনস্থির করিয়া দেন। তাহার পর যথারীতি বিবাহ হয়। বিবাহে খটিকজাতীয় বৈরাগী ব্রাহ্মণের কার্য্য করেন। দ্বিতীয় দ্বারপরিগ্রহের বিধান নাই। তবে স্ত্রী বন্ধ্যা হইলে দ্বিতীয় পত্নী গ্রহণ করিতে পারে। পঞ্চায়তদিগের অনুমতি লইয়া বিবাহবিচ্ছেদের নিয়মও আছে। হিন্দুধর্ম্ম ও হিন্দু আইন অনুসারেই খটিকেরা চলে। বুধবার দিবসে বন্দি ও মিরা নামক দেবতার নিকট ইহারা ছাগ বলি দেয়, উভয়কে পিষ্টক ও মিষ্টান্ন আদি নিবেদন করে। দৈবকার্য্যে ব্রাহ্মণ কিছু করেন না, বৈরাগী দ্বারা সেই কার্য্য সমাধা হয়। বেহারের মধ্যে অধিকাংশের বাস। তবে সাঁওতাল-পরগণা, হাজারিবাগ ও লোহাডাঙ্গায়ও অনেক খটিক দেখিতে পাওয়া যায়।

খটকামুখ (পুং) তীর ছুড়িবার সময় হাতের বক্রভাব। (ত্রি) যে তীর ছুড়িবার জন্য হাত বক্র করিয়াছে।

খটক্কিকা (স্ত্রী) খিড়কীদ্বার।

খটখাদক (পুং) ১ ভক্ষক। ২ কাচপাত্র। ৩ শৃগাল। ৪ জন্তুভেদ। ৫ কাক।

খটাঙ্গ, বীরভূম জেলার একটী পরগণা। ইহার অধিকাংশই জঙ্গল, কিন্তু সমতল। যেখানে জঙ্গল নাই, সেখানে বেশ লোকের বাস আছে। পরগণার পশ্চিমভাগে পাহাড়শ্রেণী, উত্তরদিকেও ছোট ছোট পাহাড়ের অংশ ও জঙ্গল, দক্ষিণ ও মধ্যভাগে স্থানে স্থানে উর্ব্বরাভূমি। এখানে চাউল, যব, ইক্ষু, জনার, তুঁত ও পাণ ইত্যাদি জন্মে। আম, কাঁঠাল, তাল, বট ও অশ্বত্থ বৃক্ষ প্রচুর। স্থানে স্থানে বৃহৎ বৃহৎ পুষ্করিণী আছে, তাহা হইতে ক্ষেত্রে জল দেওয়া হয়। এতদ্ব্যতীত উচ্চভূমি থাকে। সেই জল নিম্নভূমিতে লইয়া যাওয়া হয়। ময়ূরা নদী ইহার ঠিক মধ্যভাগে প্রবাহিত। গ্রীষ্মকালে ইহাতে এত অল্প জল থাকে যে লোকে চলিয়া পারাপার হয়। সিউড়ী, কুমাইপুর ও পুরন্দরপুর এই পরগণার প্রধান নগর। তন্মধ্যে সিউড়ী সমগ্র বীরভূমের প্রধান নগর। সিমুলিয়া, হরিশকোপা ও বিষ্ণুপুর নামক কয়েকটী গ্রামে নীলের কুঠি ছিল। পরগণার ভিতর দিয়া কএকটী প্রধান রাস্তা গিয়াছে, একটী বহরমপুর হইতে সিউড়ী দিয়া বড় রাস্তার উপর মিলিত হইয়াছে। একটী সিউড়ী হইতে বর্দ্ধমান পর্য্যন্ত গিয়াছে। আর একটী সিউড়ী হইতে ভাগীরথীকূলস্থ জঙ্গিপুর ও চতুর্থটী দেবগড় পর্য্যন্ত গিয়াছে।

খটিকা (স্ত্রী) খট্-অচ্-টাপ্ সংজ্ঞায়াং কন্ অত ইত্বং। ১ লেখনসাধনদ্রব্যবিশেষ, খড়ি। ২ কর্ণচ্ছিদ্র। ৩ বীরণ, বেণার মূল। (বিশ্ব)

খটিনী (স্ত্রী) খট অহুলকাৎ ইনি ঙীপ্ চ। লেখনসাধনদ্রব্যবিশেষ, খড়ি। (রাজনি॰)

"ন পততি খটিনী সসম্ভ্রমা যস্ত মহদ্‌গণনায়াং" (হিতোপদেশ)

খটী (স্ত্রী) খট্-অচ্-গৌরাদিত্বাৎ ঙীষ্। লেখনসাধন দ্রব্যবিশেষ, খড়ি। (শব্দরত্নাবলী॰) [খড়ি দেখ।] (দেশজ) ২ ইটের আড়ত।

খটৌরি, সাঁওতাল পরগণায় এক জাতি কৃষিজীবী।

খট্টন (ত্রি॰) খট্ট কর্ম্মণি-ল্যুট্। খাট, খর্ব্ব। (হেম॰।)

খট্টা (স্ত্রী) খট্ট-টাপ্। খট্বা। (শব্দচন্দ্রিকা)

খট্টাশ (পুং স্ত্রী) খট্টঃ সন্ অশ্নুতে অশ-ব্যাপ্তৌ অচ্। বনজন্তুবিশেষ। পর্য্যায়—গন্ধোতু, বনবাসন, খট্টাশী, বনাখু, বনশ্বা, শালি, পুষ্যলক। (দুর্গাদাস।)

ইহারা নকুলজাতীয় পশু। বাঙ্গালার ভিন্ন ভিন্ন স্থানে ইহাদিগকে 'খট্টাশ,' 'গন্ধগোকুল,' 'গন্ধগোলা,' 'পদ্মগোলা', ও 'বাগদোস্' এবং ইংরাজিতে ইহাদিগকে 'সিভেটক্যাট' (Civet cat) বলে।

পাশ্চাত্য প্রাণীতত্ত্ববিদেরা নকুলজাতীয় (*Fam.* Viverridæ) জীবের মধ্যে ইহাদিগকে নকুলশাখার (*Sub. Fam.* Viverrinæ) মধ্যে গণ্য করিয়াছেন। এই শাখার মধ্যেও শ্রেণীবিভাগ

আছে, তন্মধ্যে খট্টাশ শ্রেণীই প্রধান। ইহার আকার বিড়াল অপেক্ষা দীর্ঘ, পা অপেক্ষাকৃত ক্ষুদ্র, উল্কামুখীর ন্যায় মুখ সরু, কাণ ছোট, চক্ষুঃ সতেজ, শরীর মাংসল, গায়ের লোম ক্ষুদ্র ও বেজীর লোমের ন্যায় অল্প পীতবর্ণ, তাহার উপর নানাপ্রকার রেখা আছে। বিড়ালের মত ইহাদের মুখের দুইপার্শ্বে মোটা মোটা লোম হয়। ইহাদের লাঙ্গুল অপেক্ষাকৃত লোমশ, এজন্য সর্ব্বদা ফুলিয়া থাকে। লাঙ্গুল দেহের উচ্চতা অপেক্ষা দীর্ঘ বলিয়া বক্রাগ্র। ইহাদের মুষ্ক-স্থানে স্বতন্ত্র একটী চর্ম্মকোষ আছে, এই কোষে মৃগনাভির ন্যায় একপ্রকার সুগন্ধি দ্রব্য সঞ্চিত হয়। বিড়ালের ন্যায় দিবালোকে ইহাদেরও চক্ষুর তারা সঙ্কীর্ণ হইয়া যায়। ইহারা রাত্রিচর মাংসাশী।

খট্টাশ ত্রিবিধ—বঙ্গদেশীয়, মলবারীয় ও মলক্কাদ্বীপীয়।

১ বঙ্গদেশীয় খট্টাশের ইংরাজী প্রাণীতত্ত্বোক্ত নাম Viverra Zibetha or Bengalensis, হিন্দীতে ইহাদিগকে 'খটাশ,' নেপালে 'নিট-বিড়ালু', নেপাল-তরাই প্রদেশে 'ভ্রাণ', ভুটানে 'কুঙ্গ', লেপ্‌চারা, 'সফিওঙ্গ' আর ইংরাজীতে Zibt or Large Civet cat বলে।

ইহাদের গাত্রবর্ণ পীতাভ বা তুষারাভ ধুসর, ইহাদের গায়ে কাল কাল দাগ ও ডোরা আছে; ইহাদের গলা শাদা, তাহার উপর একপার্শ্ব হইতে অপরপার্শ্ব পর্য্যন্ত শাদার পর কাল, কালর পর শাদা এইরূপে সাজান ৪টী ডোরা আছে। উদরাদির বর্ণ শাদা ও লাঙ্গুলে ৬টী কাল বেড় আছে, ঘাড়ের উপর দিয়া গলা পর্য্যন্ত লোম কিছু বড় বড় হয় ও এই সকল লোম বিরল।

ইহাদের শরীরের দৈর্ঘ্য সাধারণতঃ ৩৩ হইতে ৩৬ ইঞ্চি, লাঙ্গুলের দৈর্ঘ্য ১৩ হইতে ২০ ইঞ্চি।

বাঙ্গালায় ইহাদিগকে অধিকাংশস্থলে 'গন্ধ-গোকুলা' বলে। নেপাল সিকিম, কটক, উড়িষ্যা ও মধ্যভারতে ইহাদিগকে দেখিতে পাওয়া যায়। দাক্ষিণাত্যেও ইহাদিগকে দেখা যায়, কিন্তু মলবার উপকূলে মলবারীয় শ্রেণীর খট্টাশই বেশী। আসাম, ব্রহ্ম, দক্ষিণ চীন ও মলয় প্রদেশেও এই জাতীয় খট্টাশই দেখা যায়। ঘাটপর্ব্বতমালায় এই শ্রেণীরই একটী শাখা দেখা যায়; য়ুরোপীয় প্রাণীতত্ত্বজ্ঞেরা তাহাদিগের Viverra Rasse নাম দিয়াছেন। ইহাদের গাত্রবর্ণ কিছু গাঢ় হইয়া থাকে ও ডোরাগুলি অধিক স্পষ্ট হয়, তৃণ ও গুল্মাচ্ছাদিত বনে ও নদীর বাঁধের উপর ইহারা বাস করে। ইহারা গৃহপালিত পক্ষী, মৎস্য, কাঁকড়া ও কীটাদি খায়। শীকারী কুকুরে ইহাদের গন্ধ পাইলে অন্য সকল শীকার ত্যাগ করিয়া ইহাদিগকেই ধরিতে ছুটে। ইহারা বেশী ভীত হইলে জলে পড়িয়া প্রাণরক্ষা করে।

২ মলবারীয় খট্টাশের ইংরাজী বৈজ্ঞানিক নাম Viverra Civetina, ইংরাজেরা সামান্যতঃ ইহাদিগকে Malabar Civet-cat বলে। ইহাদের মাথার মধ্যস্থল হইতে বড় লোম জন্মে না, কাঁধের নিকট জন্মে। ইহাদের বর্ণ ঈষৎ ধুসর, গলার দুইপাশে দুটী ত্যারচা শাদা দাগ, গালের উপরও দুইটী কাল দাগ ও গায়ের রং কাল হয়। ইহাদের বর্ণের ঈষৎ তারতম্য ও গলার শাদা দাগ দুইটী থাকাতেই বঙ্গ-দেশীয় খট্টাশ হইতে ইহাদিগকে বিভিন্ন বলিয়া বুঝা যায়। মলবার উপকূলে ও কুমারিকা অন্তরীপে ইহাদের বাস। ইহারা ঘন বনে ও নিম্নভূমিতে বাস করে। ত্রিবাঙ্কুড়ে ইহাদের সংখ্যা অধিক। মলয়দ্বীপে ও ফিলিপাইন দ্বীপপুঞ্জে ইহাদের এক শাখা আছে, পাশ্চাত্য প্রাণীতত্ত্বজ্ঞেরা তাহাদিগকে Viverra Tangalunga এবং আফ্রিকায় যে শ্রেণী দেখা যায়, তাহাদিগের Viverra Civetta নাম দিয়াছেন।

৩ মলক্কাদ্বীপীয় খট্টাশ (Viverra Malaccensis)—ইংরাজেরা সামান্যতঃ ইহাদিগকে Lesser Civet-cat বলে। হিন্দীতে ইহাদিগকে 'মুষ্কবিল্লি' বা 'কস্তুরী'; বাঙ্গালায় 'গন্ধগোকুল,' করাচী 'পিনাগিনবেক'; তৈলঙ্গীরা 'পুনা-গুপিল্লি' ও নেপালে 'বাগ-নেউল' বলে।

ইহাদের গাত্রবর্ণ তরল ধুসরাভ পিঙ্গল। ইহাদের পৃষ্ঠে ও পাছায় আড়ভাবে রেখা হয় ও পার্শ্বে সারি সারি বিন্দু বিন্দু দাগ থাকে। ইহাদের মস্তকের বর্ণ অধিক কৃষ্ণাভ ও কাণ হইতে ঘাড় পর্য্যন্ত ডোরা কাটা। লাঙ্গুল অপেক্ষাকৃত দীর্ঘ ও তাহাতে ৮।৯টা বেড়। এই জাতীয় খটাশ হিমালয় হইতে কুমারিকা পর্য্যন্ত ভারতের সর্ব্বস্থলে, সিংহলে, আসামে, ব্রহ্মে ও ভারতমহাসাগরীয় দ্বীপাবলীতে মাটির গর্ত্তে, পর্ব্বতগহ্বরে ও নিবিড় ঝোপে বাস করে। ইহারা প্রায়ই একলা শীকার খুঁজিয়া বেড়ায়। ইহারা পক্ষী, পক্ষীডিম্ব, সর্প, ভেক ও কীটাদি ভক্ষণ করে। সময়ে ফল-মূলাদিও খায়। নেপালে পাহাড়ীরা ইহাদের মাংস খায়।

খটাশের স্ত্রীজাতির স্তন ৬টী। একবারে ৫।৬টী শাবক হয়। জ্যৈষ্ঠ ও আষাঢ়ে ইহাদের শাবক জন্মে। ইহারা পোষ-মানে, কিন্তু যবদ্বীপের খটাশগুলা পোষমানে না।

ইহাদিগকে পুষিয়া ভারতীয়েরা সপ্তাহে দুইবার গন্ধদ্রব্য সংগ্রহ করে। ইংলণ্ডে এই পশুকে একটা বাক্সে বন্ধ করিয়া কাষ্ঠের চামচ দিয়া গন্ধ চাঁচিয়া লয়। কবিরাজেরা ঐ গন্ধদ্রব্য পাকতৈলাদিতে ব্যবহার করে, ইহাতে ভেজাল মিশাইয়া অতি

সুগন্ধি দ্রব্য প্রস্তুত করে। এই গন্ধদ্রব্য দেখিতে ঠিক গলিত মোমের মত।

ইহাদিগকে শীকার শিখাইলে পুষ্করিণী হইতে মৎস্য ও বৃক্ষাদি হইতে পক্ষী ও পক্ষীশাবকাদি শীকার করিয়া আনে।

[গন্ধগোকুল দেখ।]

খট্টাস (পুং, স্ত্রী) খট্টাশ-পৃষোদরাদিবৎ শকারস্য সত্বং। [খট্টাশ দেখ।]

খট্টি (পুং) খট্ট-ইন্। শবযান, শববহনার্থ খাট, মড়ার খাট।

খট্টিক (ত্রি) খট্টনমাবরণং খট্টঃ স শিল্পত্বেন অস্ত্যস্য ঠন্। যে ব্যক্তি জাল প্রভৃতি দ্বারা পাখী মারে, ব্যাধ, শাকুনিক, পাখিমারা।

খট্টিকা (স্ত্রী) খট্টা স্বার্থে স্বল্পার্থে বা কন্ টাপ্ অত ইত্বং। ১ ক্ষুদ্র খট্টা। পর্য্যায়—নিষটা, সন্দী, আসন্দী। ২ শবযান, মড়ার খাট।

খট্টেরক (ত্রি) খট্ট বাহুলকাৎ কর্ম্মণি এরক। খর্ব্ব। (শব্দমালা)

খট্তালী, ঘনযন্ত্রবিশেষ। [যন্ত্র দেখ।]

খট্তোড়ী, খট্ ও তোড়ীযোগে উৎপন্ন রাগবিশেষ। (সঙ্গীতশাস্ত্র)

খট্যোগিঞা, খট্ এবং যোগিঞা যোগে উৎপন্ন রাগবিশেষ।

খট্বা (স্ত্রী) খট্যতে কাঙ্ক্ষ্যতে শয়নার্থিভিঃ খট্ কন্ (অশূ প্রুষি-লটি কণি খটি-বিশিভ্যঃ কন্। উণ্ ১।১৫১)। কাষ্ঠাদি রচিত শয্যাধার, পর্য্যঙ্ক, খাট। পর্য্যায়—শয়ন, মঞ্চ, পল্যঙ্ক, তল্প, শয়। যুক্তিকল্পতরু নামক সংস্কৃত গ্রন্থে খট্বা সম্বন্ধে এইরূপ লিখিত আছে—

খট্বা যে চারিখানি কাঠের উপরে নির্ভর করিয়া অবস্থান করে, তাহাকে চরণ (পায়া) বলে। মাথার দিকের কাঠের নাম ব্যুপধান, অধঃস্থ কাঠের নাম নিরূপক এবং উভয় পার্শ্বে যে দুইখানি কাঠ থাকে, তাহাকে আলিঙ্গন বলে। আলিঙ্গন দুইটী ৪ হাত পরিমাণ করিতে হয়, নিরূপক ও ব্যুপধান তাহার অর্দ্ধ এবং চরণ তাহার অর্দ্ধ পরিমাণ প্রস্তুত করিবে। এইরূপ খট্বায় সর্ব্বসমেত ১৬ হাত কাঠ থাকে বলিয়া ইহাকে ষোড়শিকা বলে। ইহা সকল বিষয়েই শুভপ্রদ। আলিঙ্গন ৪॥০ হাত, ব্যুপধান ও নিরূপক ২॥০ হাত এবং চরণ চারিটী ১ হাত পরিমাণ করিলে সেই খট্বাকে সর্ব্বাষ্টদশিকা বলা যায়। ইহা সকল অভীষ্ট পূরণ করে। যে খট্বার আলিঙ্গন ২টী ৫ হাত, ব্যুপধান ও নিরূপক ৩ হাত এবং চরণের পরিমাণ ১ হাত তাহাকে সর্ব্ববিংশতিকা বলে। ইহাও ভাল। যে খট্বার আলিঙ্গন ৫॥০ হাত, ব্যুপধান ও নিরূপক তাহার অর্দ্ধ এবং চরণ তাহার অর্দ্ধপরিমাণ তাহাকে সর্ব্বদ্বাবিংশিকা বলে। ইহা সর্ব্বসম্পৎ প্রদান করে। আলিঙ্গন ৬ হাত, ব্যুপধান ও নিরূপক ৩ হাত, এবং প্রত্যেক পায়া ১ হাত করিলে সেই খট্বাকে চতুর্বিংশতিকা বলে। ইহাতে শয়ন করিলে সকল রোগ বিনষ্ট হয়। যে খট্বার আলিঙ্গন ৭ হাত, ব্যুপধান ও নিরূপক ৩ হাত, পায়া ১॥০ হাত তাহাকে সর্ব্বষড়্বিংশিকা বলে। ইহা সর্ব্বভোগ প্রদান করে। যাহার আলিঙ্গন ৭॥০ হাত, ব্যুপধান ও নিরূপক ৩॥০, পায়া ১॥০ হাত, তাহাকে সর্ব্বাষ্টবিংশিকা বলে। যে খট্বার আলিঙ্গন ৮, ব্যুপধান ও নিরূপক ৪ এবং পায়া ১॥০ হাত তাহাকে সর্ব্বত্রিংশিকা বলে। এই কএক প্রকার খাটের মধ্যে সর্ব্বষোড়শিকা খট্বা সকলেরই মঙ্গলকর। ভোজরাজ এই আট প্রকার খট্বাকে যথাক্রমে মঙ্গলা, বিজয়া, পুষ্টি, ক্ষমা, তুষ্টি, সুখাসন, প্রচণ্ডা ও সর্ব্বতোভদ্রা এই আটটী নামে উল্লেখ করিয়াছেন।

বৃহৎসংহিতার মতে পিয়াসাল, দেবদারু, গাব, শাল, কাশ্মরী, অঞ্জন, পদ্মক, শাক এবং শিংশপা বৃক্ষ প্রশস্ত, ইহাদের কাঠে খাট প্রস্তুত করিবে, কিন্তু যে বৃক্ষ বজ্রপাতে নিহত, জল বায়ু বা হস্তী কর্ত্তৃক নিপাতিত, যাহাতে মৌচাক বা পাখীর বাসা আছে, সেই বৃক্ষ প্রশস্ত নহে। এ ছাড়া যজ্ঞস্থান, শ্মশান, পথ, মহানদীর সঙ্গমস্থান বা দেবমন্দিরে উৎপন্ন, কণ্টকযুক্ত এবং যে বৃক্ষ কাটা হইলে দক্ষিণ বা পশ্চিমদিকে পতিত হয়, তাহাও প্রশস্ত নহে। যে সকল বৃক্ষকে অপ্রশস্ত বলিয়া উল্লেখ করা হইয়াছে, এই সকল বৃক্ষনির্ম্মিত খাট বা অন্যপ্রকার আসন ব্যবহার করিলে কুলনাশ, ব্যাধি, ভয়, ব্যয় ও কলহ প্রভৃতি নানা রকমের অমঙ্গল ঘটিয়া থাকে। (বৃহৎস° ৭৯ অঃ)

২ সুশ্রুতোক্ত চতুর্দ্দশ ব্রণবন্ধের অন্তর্গত একপ্রকার। হনুপ্রদেশে, গণ্ডদেশে এবং ললাটে খট্বা নামক বন্ধন বিধেয়। (সুশ্রুত, সূত্র° ১৮ অঃ।) ২ প্রেঙ্খা। (অমরটী°) ৪ কোলশিম্বী। (রাজনি°)

খট্বাকা (স্ত্রী) খট্বা-স্বার্থে কন্-টাপ্ পূর্ব্বস্যাতঃ আকারাদেশশ্চ। (আদাচার্য্যাণাম্। পা ৭।৩।৪৯।) খট্বা। ২ অল্পার্থে কন্। ২ ক্ষুদ্র খট্বা, ছোট খাট। *। খট্বাশব্দের উত্তর কন্ হইলে খট্বাকা, খটিকা ও খটুকা এই তিনটী রূপ হয়।

খট্বাঙ্গ (ক্লী) খট্বায়া অঙ্গং ৬তৎ। ১ খাটের পায়া। ২ শিবের অস্ত্রবিশেষ। "খট্বাঙ্গবরধারকঃ" বটুকস্তব।

(পুং) খট্বাঙ্গ ইত্যাখ্যা যস্য। ৩ একজন রাজা। ভাগবতের মতে ইনি সূর্য্যবংশীয় রাজা বিশ্বসহের পুত্র। এক সময় দেবতাদের কোন উপকার করিয়া তাহাদের নিকট নিজের পরমায়ুর কথা জিজ্ঞাসা করেন। তাহাতে জানিতে পারেন যে জীবনের মুহূর্ত্তমাত্রই অবশিষ্ট আছে।

খট্বাঙ্গ সেইদণ্ডেই হরির শরণাপন্ন হন। (ভাগবত ৯।৯।৩২) কিন্তু হরিবংশের মতে ইনি বিশ্বসহের পুত্র নহে, সূর্য্যবংশীয় রাজা অংশুমানের পুত্র এবং দিলীপ নামে পরিচিত। (হরিবংশ ১৫ অঃ।) (ক্লী) ৪ খট্বাঙ্গের সদৃশ একপ্রকার পাত্র। ধর্ম্মশাস্ত্রের বিধান অনুসারে যাহাকে প্রায়শ্চিত্ত করিতে হয়, তাহাকে এই পাত্র লইয়া ভিক্ষা করিতে হইবে।

"এককালন্তু ভুঞ্জীত চরন্ ভৈক্ষ্যং স্বকর্ম্মকৃৎ।
কপালপাণিঃ খট্বাঙ্গী ব্রহ্মচারী সদোদ্যতঃ॥"(ভারত ১২।৩৫ অঃ)

খট্বাঙ্গধর (পুং) খট্বাঙ্গং ধরতি খট্বাঙ্গ ধৃ-অচ্। ১ শিব। (ত্রি) ২ যে খট্বাঙ্গ ধারণ করে, খট্বাঙ্গধারী। খট্বাঙ্গভৃৎ প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত হয়।

খট্বাঙ্গমুদ্রা (স্ত্রী) তন্ত্রোক্ত একটী মুদ্রা। ডানহাতের পাঁচটী আঙ্গুল মিলিত করিয়া ঊর্দ্ধভাগে উন্নত করিবে, ইহাকে খট্বাঙ্গমুদ্রা বলে। এই মুদ্রা দেবতার অতিশয় প্রীতিপ্রদ।

"পঞ্চাঙ্গুল্যো দক্ষিণস্য মিলিতা হ্যূর্দ্ধমুন্নতাঃ।
খট্বাঙ্গমুদ্রা বিখ্যাতা দেবস্য সুপ্রিয়া মতা॥" (রুদ্রযামল)

খট্বাঙ্গবন (ক্লী) নিত্যকর্ম্মধাং। একটী বনের নাম।

"অহং হি খট্বাঙ্গবনে নারদেন সমাগতঃ।" (হরিবংশ ৭৯ অঃ)

খট্বাঙ্গী [ন্] (পুং) খট্বাঙ্গং অস্ত্রবিশেষো যস্যাস্তি খট্বাঙ্গ-ইনি। ১ শিব। (হারাবলী।) (ত্রি) খট্বাঙ্গং তৎসদৃশ-পাত্রবিশেষঃ যস্যাস্তি খট্বাঙ্গ-ইনি। ২ প্রায়শ্চিত্তের জন্য যে ব্যক্তি খট্বাঙ্গ সদৃশপাত্র ধারণ করে।

"খট্বাঙ্গী চিরবাসা বা শ্মশ্রুলো বিজনে বনে।
প্রাজাপত্যং চরেৎ কৃচ্ছ্রং অব্দমেকং সমাহিতঃ॥" (মনু ১১।১০৫)

খট্বাঙ্গী (স্ত্রী) সহ্যাদ্রির নিকটস্থিত একটী নদী। (হরিবংশ ৯৬ অঃ)

খট্বারূঢ় (ত্রি) নিন্দার্থে নিত্যসমাসঃ। ১ জাল্ম, নিন্দিত।

"খট্বারূঢ়ো জাল্মঃ নিত্য সমাসোঽয়ং নহি বাক্যেন নিন্দা গম্যতে" (সিং কৌং ২।১।২৬) ২ উৎপথ প্রস্থিত।

"বৃতস্ত্বং পাত্রে সমিতৈঃ খট্বারূঢ়ঃ প্রমাদবান্।" (ভট্টি)
'খট্বারূঢ় উৎপথপ্রস্থিতঃ' (জয়মঙ্গল)।

খট্বিকা (স্ত্রী) খট্বা স্বার্থে কন্-টাপ্ ইত্বঞ্চ। ১ খট্বা। ২ ক্ষুদ্র খট্বা। [খট্বাকা দেখ।] ৩ খট্বাবিশেষ।

"ব্রহ্মক্ষত্রিয়বৈশ্যানাং চতুঃষড়ষ্টকোণিকাঃ।
খট্বিকাঃ সুখসম্ভূতাঃ শুক্লরক্তাসিতাম্বরাঃ॥" (যুক্তিকল্পতরু)

খড় (ক্লী) খড্যতে ছিদ্যতে ধান্যে পক্কে সতি, চুরাদি খড় ধাতো র্ণিজভাব পক্ষে অপ্। ১ তৃণবিশেষ, ধান্য কাটিয়া লইয়া যে তৃণ অবশিষ্ট থাকে। (পুং) ২ পানকবিশেষ, পানা। সুশ্রুতের মতে এই পানা ভোজনকালে পাথরের পাত্রে করিয়া খাইতে হয়। (সুশ্রুত সূত্রং ৪৬ অঃ)

৩ ঋষিবিশেষ। পাণিনীয় অশ্বাদিগণান্তর্গত, গোত্রাপত্যার্থে ইহার উত্তর ফঞ্ প্রত্যয় হয়।

খড়ক (ক্লী) খড়-সংজ্ঞায়াং কন্। স্থাণু।

"স্থাণুঃ খড়কমুচ্যতে" (কাত্যাঃ শ্রৌং সূং ১৪।৩।১২ কর্ক।)
[খটক দেখ।]

খড়কিকা (স্ত্রী) খড়ক্ ইত্যব্যক্তং শব্দং করোতি খড়ক্-কৃ-ড গৌরাদিত্বাৎ ঙীষ্ ততঃ স্বার্থে কন্ টাপ্ পূর্ব্বহ্রস্বশ্চ। পক্ষ-দ্বার। (হারাবলী।) খিড়কী দুয়ার।

খড়কী (খড়কী শব্দজ) খিড়কী, পক্ষদ্বার।

খড়কী বা কির্‌কী, বোম্বাই প্রেসিডেন্সির অন্তর্গত পুণা-জেলার একটী নগর। অক্ষাং ১৮° ৩৩´ উঃ, দ্রাঘিং ৭৩° ৫৪´ পূঃ। পুণা হইতে উত্তরপশ্চিমে দুই ক্রোশ দূরে অবস্থিত। এখানে গ্রেট ইণ্ডিয়ান পেনিনসুলা রেলওয়ের একটী ষ্টেশন আছে। লোকসংখ্যা ৭২৫২ তন্মধ্য ৪৯৩৭ জন হিন্দু। ১৮১৭ খৃষ্টাব্দে ৫ই নবেম্বর এইখানে মহারাষ্ট্রাধিপ পেশবা বাজিরাওর সহিত ইংরাজদিগের যুদ্ধ হয়। খড়কি তখন একটী সামান্য গ্রাম মাত্র ছিল। ইংরাজ পক্ষে কর্ণেল বার্ড ২৮০০ সেনা ও পেশবার পক্ষে মন্ত্রী গোকুলের অধীনে ২৬০০০ সেনা। কিন্তু যুদ্ধে ইংরাজ-সেনার জয় হয়। এখন খড়কিতে একটী সেনানিবাস আছে। তথায় গোলন্দাজ ও রথ্যাকারী (Sappers and Miners) সেনাদল থাকে। সঙ্গে একটী বাজারও আছে।

খড়ক্কী (স্ত্রী) খড়ক্ ইত্যব্যক্তং শব্দং করোতি খড়ক্-কৃ-ড-গৌরাদিত্বাৎ ঙীষ্। পক্ষদ্বার, খিড়কী।

খড়গাঁ, বীরভূমের অন্তর্গত একটী বিভাগ। ইহার মধ্যে ১৬টী মহল আছে। লোকসংখ্যা ১৩০৭২। রামপুরহাট, ফতেপুর, গোকিলটা, কুতবপুর ও পুরন্দরপুর নামক ৫টী পরগণা ইহার অন্তর্গত। ইহার মধ্যে অনেকগুলি ভাল ভাল গ্রাম আছে। বিভাগের ভূমি প্রায় সমতল ও উর্ব্বরা। সিউড়ী হইতে কাটোয়া পর্য্যন্ত এক রাস্তা এই বিভাগের মধ্য দিয়া গিয়াছে। রামপুরহাট নামক স্থানে সবজজের আদালত আছে।

খড়ঙ্গটা (দেশজ) খড়।

খড়জালী (দেশজ) লবণবিশেষ।

খড়তু (পুং) খড়-অতু প্রত্যয়ঃ। বাহু ও জঙ্ঘার আভরণ। (সংক্ষিপ্তসার।) চলিত কথায় খাড়ু বলে।

খড়দ, বোম্বাই প্রেসিডেন্সির আহ্মদনগর জেলার জামখের উপবিভাগের একটী নগর। আহ্মদনগরের ২৮ ক্রোশ দক্ষিণপশ্চিমে, অক্ষাং ১৮° ৩৮´ উঃ, দ্রাঘিং ৭৫° ৩১´ পূঃ মধ্যে অবস্থিত। লোকসংখ্যা ৫৫৬২ জন। ১৭৯৫ খৃষ্টাব্দে

মহারাষ্ট্রদিগের সহিত নিজামের এক যুদ্ধ হয়। নিজাম পরাজিত হইয়া খড়দতে পলায়ন করিলে মহারাষ্ট্রগণ তাঁহাকে চারিদিক্ হইতে ঘিরিয়া ফেলিল। নিজাম অগত্যা সন্ধি করিয়া নিষ্কৃতি পাইলেন। খড়দ পূর্ব্বে নিজামের অধীনস্থ নিম্বালকর নামক একজন সম্ভ্রান্ত লোকের জমিদারী ছিল। নগরের মধ্যস্থলে নিম্বালকরের প্রকাণ্ড বাটীর ভগ্নাবশেষ এখনও দেখিতে পাওয়া যায়। ১৭৪৫ খৃষ্টাব্দে নিম্বালকর নগরের দক্ষিণপূর্ব্বে একটী দুর্গ নির্ম্মাণ করেন। দুর্গটী প্রস্তরনির্ম্মিত চতুষ্কোণ আকার, চারিদিকে গড়খাই, প্রবেশদ্বারে ২টী বড় ফটক, মধ্যে বিস্তীর্ণ পথ। গড়ের এখন ভগ্নাবশেষমাত্র রহিয়াছে। নগরে অনেক ব্যবসাদার, দোকানদার ও পোদ্দার আছে। তাহারা নানাবিধ শস্য ও দেশী বস্ত্রের ব্যবসা করে। প্রতি মঙ্গলবারে গোমেষাদির হাট বসে। এখানে একটী ডাকঘর আছে।

খড়দহ, বাঙ্গালার ২৪ পরগণার অন্তর্গত ভাগীরথী তীরবর্ত্তী একটী গ্রাম, অক্ষা° ২২°৪৩´ ৩০´´ উঃ, দ্রাঘি° ৮৮° ২৪´ ৩০´´ পূঃ। কলিকাতা হইতে ৫॥০ ক্রোশ দূরে অবস্থিত। এখানে ইষ্টারণ বেঙ্গল ষ্টেট রেলওয়ের একটী ষ্টেসন আছে। ইহা বৈষ্ণবদিগের একটী তীর্থস্থান। ডাক্তার হণ্টর সাহেব বাঙ্গালার বিবরণে লিখিয়াছেন;—"মহাপ্রভু চৈতন্যের প্রধান শিষ্য নিত্যানন্দ প্রভু ভ্রমণ করিতে করিতে এইখানে আসিয়া গঙ্গাতীরে অবস্থান করেন। একদিন সন্ধ্যার সময় একটী স্ত্রীলোকের ক্রন্দন শব্দ তাহার কর্ণে আইসে। শব্দ লক্ষ্য করিয়া দেখেন যে একজন স্ত্রীলোক একমাত্র কন্যার মৃত্যু হওয়ায় ক্রন্দন করিতেছে; অনতিপূর্ব্বে কন্যাটীর মৃত্যু হইয়াছে। মৃতদেহ পড়িয়া আছে। নিত্যানন্দ অবস্থা দেখিয়া সমস্তই বুঝিলেন। কিন্তু কন্যার মাতাকে বলিলেন, কাঁদ কেন তোমার কন্যা ত নিদ্রা যাইতেছে। মাতা প্রভুর কথা হৃদয়ঙ্গম করিল। তাঁহার ক্ষমতা অলৌকিক এই বিশ্বাসে তাঁহাকে বলিল, 'প্রভু আমার কন্যাকে বাঁচাইয়া দাও, আমি জন্মের মত তোমার দাসী হইয়া থাকিব।' সত্য সত্যই কন্যাটী বাঁচিয়া উঠিল। তাঁহার মাতা ব্রাহ্মণকন্যা হইলেও বৈষ্ণব নিত্যানন্দের গৃহিণী হইলেন। নিত্যানন্দ গৃহী হইয়া স্থানীয় জমীদারের নিকট বাসোপযোগী এক খণ্ড ভূমি প্রার্থনা করিলেন। জমিদার গঙ্গাতীরে দাঁড়াইয়া সম্মুখস্থ দহের উপর এক খণ্ড খড় ফেলিয়া দিয়া বলিলেন, এই স্থান তোমায় বাসের জন্য দিলাম। দহের ঘূর্ণী জলে খড় ডুবিয়া গেল। কিন্তু অল্পক্ষণ পরেই তথায় চড়া পড়িয়া উত্তম বাসোপযোগী স্থান হইল। তখন অধিবাসীগণ নিত্যানন্দ প্রভুর অলৌকিক মহিমা অবগত হইয়া অনেকেই তাঁহার ভক্ত হইল। সেই অবধি সেই স্থানের নাম খড়দহ হইয়াছে।" (W. W. Hunter's Statistical Account of Bengal, Vol I p. 107—8) নিত্যানন্দের সময় হইতে যে খড়দহ নামের উৎপত্তি হইয়াছে, তাহা ঠিক নহে। নিত্যানন্দের অনেক পূর্ব্ব হইতে এই স্থান খড়দহ নামে প্রসিদ্ধ ছিল, তাহা কৃত্তিবাসের রামায়ণপাঠে জানা যায়। [কৃত্তিবাস দেখ।]

খড়দহের গোস্বামীগণ নিত্যানন্দের বংশোদ্ভব। এই গোস্বামীরা অনেকেই বৈষ্ণবের দীক্ষাগুরু। শিষ্যগণ ইহাদিগকে বিশেষ ভক্তি করিয়া থাকেন। দোলে, ফুলদোলে, রাস প্রভৃতি বৈষ্ণবপর্ব্বে এখানে অনেক লোকের সমাগম হইয়া থাকে। খড়দহে শ্যামসুন্দর নামে শ্রীকৃষ্ণমূর্ত্তি প্রসিদ্ধ, শ্যামসুন্দর মূর্ত্তি সম্বন্ধেও অনেক কথা শুনা যায়। কথিত আছে—রুদ্র নামক এক যোগী গৌড়নগরে মুসলমান শাসনকর্ত্তার নিকট আসিয়া বলেন যে, এই বাটীর দ্বারদেশের উপর একটী প্রস্তরখণ্ড আছে। ভগবানের প্রত্যাদেশ হইয়াছে যে উহা থাকিলে অমঙ্গল হইবে। অতএব অবিলম্বে উহা স্থানান্তরিত করা কর্ত্তব্য। শাসনকর্ত্তাও দেখিলেন যে বাস্তবিক কৃষ্ণবর্ণ প্রস্তর ঘর্ম্মাক্ত হইয়াছে। শাসনকর্ত্তার হিন্দুমন্ত্রী বুঝাইয়া দিলেন যে পাষাণের চক্ষের জল পড়িলে দেশের অমঙ্গল হইবে। অতএব উহা স্থানান্তর করা বিশেষ আবশ্যক। তদনুসারে প্রস্তরখণ্ড খুলিয়া লইয়া রুদ্রকে অর্পণ করা হইল। রুদ্র উহাকে লইয়া নৌকায় তুলিতে গেলেন, কিন্তু সেই সময় হঠাৎ হস্তস্খলিত হইয়া জলমগ্ন হইল। শ্রীরামপুরের নিকট বল্লভপুরে রুদ্রের বাস। রুদ্র বাড়ী আসিয়া দেখিলেন গঙ্গার ঘাটে সেই প্রস্তর আসিয়া উপস্থিত। এই প্রস্তর হইতে বল্লভপুরের বিগ্রহ নির্ম্মিত হইয়াছে। খড়দহের গোস্বামীরা এই প্রস্তরের এক অংশ লইয়া শ্যামসুন্দরের মূর্ত্তি নির্ম্মাণ করেন। খড়দহে গঙ্গাতীরে ২৪টী শিবমন্দির আছে।

রাঢ়ীয় কুলীন ব্রাহ্মণের মধ্যে খড়দহমেলের জন্য এই স্থান প্রসিদ্ধ। [কুলীন শব্দ ৩৩২ পৃষ্ঠা দেখ।]

খড়ম (দেশজ) কাষ্ঠপাদুকা।

খড়যবাগূ (স্ত্রী) খড়পক্কা যবাগূঃ। পানকবিশেষ।

[পানক দেখ।]

খড়যূষ (পুং) কপিত্থ, আমরুল, মরিচ, কৃষ্ণজীরা ও চিত্রকের সহিত ঘোলপাক করিলে তাহাকে খড়যূষ বলে। (চক্রদত্ত) ভাবপ্রকাশের মতে মুগের যূষ, ঘোল, ধনিয়া, জীরা ও সৈন্ধব যোগ করিলে তাহাকে খড়যূষ বলে।

"মুদ্গযূষরসং তক্রং ধান্য জীরকসংযুতম্।
সৈন্ধবং সহিতং দদ্যাৎ খড়যূষমিতি স্মৃতম্॥" (ভাবপ্রকাশ)

খড়রা (হিন্দুস্থানী) ঘোড়ার গা পরিষ্কার করিবার লোহার চিরুণী।

খড়বান্ [ৎ] (ত্রি) খড় চাতুরর্থিক-মতুপ্ মস্য বঃ। (মধ্বাদিভ্যশ্চ। পা ৪।২।৮৬) খড়ের সন্নিহিত দেশাদি।

খড়া (দেশজ) ১ সংবাদ। ২ ইটের ভাঁজ।

খড়াকাটা (দেশজ) চিহ্নিত (পাত্রাদি।)

খড়াকান (দেশজ) চর্ম্মঘাস। (শব্দসার)

খড়ি (খটী শব্দের অপভ্রংশ) প্রস্তরবিশেষ। এই জাতীয় প্রস্তর হইতে শ্লেট পেন্সিল ও হাতে-খড়ি দিবার খড়ি প্রস্তুত হয়।

খড়ি বা চা-খড়ি—ভূতত্ত্ববিদেরা এই খড়ির উৎপত্তি সম্বন্ধে যে সিদ্ধান্তে উপনীত হইয়াছেন, তাহা হইতে বুঝা যায় যে প্রাণীদেহ হইতেই চা-খড়ির উৎপত্তি। জগৎ প্রাণীদেহে পরিপূর্ণ, কি বায়ু, কি স্থল, কি জল, সকল স্থানেই প্রাণী প্রচুর পরিমাণে বিদ্যমান। এই সকল প্রাণীর দেহ মৃত্যুর পর ভূপতিত হয়। মৎস্য, শাম্বুক প্রভৃতির অস্থিগুলি জলের নিম্নে থাকে, তাহারা সেইখানেই মরে, তাহাদের অস্থি প্রভৃতি সেইখানেই থাকিয়া যায়। সমুদ্র ও বড় বড় হ্রদের তলদেশে এইরূপে অনেক প্রাণীদেহ জমিয়া থাকে। মাটী ও জলা ভূমি হইতেও এই সকল গিয়া নদীগর্ভে পতিত হয়। নদীগর্ভস্থ অন্যান্য দ্রব্যের সহিত স্রোতে এইগুলি ভাসিয়া গিয়া কখন ব দ্বীপে পরিণত হয়, কখনও বা সাগরগর্ভে লীন হয়। এইগুলি সমবেত হইয়া একটী স্তররূপে পরিণত হয়। সমুদ্রের লোণাজলের সংস্রবে চূণ ও অম্লজানের রাসায়নিক ক্রিয়া দ্বারা এই স্তর ক্রমশঃ শুভ্রবর্ণ ধারণ করে ও উপরের স্তরের চাপে ক্রমশঃ কঠিন হইতে থাকে। ইংলণ্ডের পশ্চিম আয়র্লণ্ড হইতে আমেরিকায় যখন টেলিগ্রাফের তার সমুদ্রের অভ্যন্তর দিয়া লইয়া যাওয়া হয়, তখন গভীর জলের নিম্নে মাটী তুলিয়া দেখা গিয়াছে যে তাহা ঠিক অপরিষ্কৃত চা-খড়ির মত। ইহাকে ইংরাজীতে 'উজ' অর্থাৎ কাদা কহে। ইহার অল্পাংশ লইয়া অণুবীক্ষণযন্ত্র যোগে পরীক্ষা করায় ইহাতে ছোট ছোট ঝিণুক ও শাম্বুক চূর্ণ দেখিতে পাওয়া যায়। চা-খড়ি গুঁড়া করিয়া এক গ্লাস জলে দিলে গ্লাসের নিম্নে একটী স্তর পড়ে। জল ফেলিয়া নিম্নস্থ স্তর হইতে অল্পাংশ লইয়া অণুবীক্ষণ দ্বারা দেখিলে এইরূপ ক্ষুদ্র ক্ষুদ্র ঝিণুক ও শাম্বুক পূর্ণাবয়ব ও ভগ্নাবস্থায় দেখিতে পাওয়া যায়। অষ্টাদশ শতাব্দীর প্রথমে সুইডেনের পণ্ডিত লিনেয়স্ খড়িকে জীবদেহজ বলিয়া মত প্রদান করেন। আধুনিক পণ্ডিতগণও বিশেষ প্রমাণ দ্বারা সেই সিদ্ধান্ত ঠিক বলিয়া স্থির করিয়াছেন।

আধুনিক ভূবেত্তাগণ পৃথিবীর জীবনকে ৪ ভাগে বা চারিযুগে বিভক্ত করিয়াছেন। তন্মধ্যে ২য় যুগ ত্রিস্তর বা নূতন লোহিত-প্রস্তর-অন্তরযুগ, জুরাসিক অন্তরযুগ ও চা-খড়ি বা ক্রিটেসস্ অন্তরযুগ এই তিনভাগে বিভক্ত চা-খড়ির অন্তরযুগের অধিকাংশ স্তরই চা-খড়ি নির্ম্মিত বলিয়া উক্ত হইয়াছে। ইহার পূর্ব্বেও চা-খড়ি ছিল, কিন্তু এই সময় ইহার বাহুল্য হয় বলিয়া ইহাকে এই নামে অভিহিত করা হইয়াছে। সার চার্লস লায়েল ও অধ্যাপক রামজে বলেন যে, গ্রেটব্রিটেন পুরাকালের একটী বৃহৎ মহাদেশের কোন প্রকাণ্ড নদীর ব দ্বীপের অবশেষ মাত্র। জোয়ার ভাটার কার্য্যবশতঃ সমুদ্রজলের সহিত মিশ্রিত চা-খড়ি সেই নদীর ব দ্বীপে জমিয়া পর্ব্বতাকার হইয়াছে। সেই মহাদেশের কতকস্থান এখন জলমগ্ন হইয়াছে। এখন ইংলণ্ডের কেণ্ট ও সসেক্স প্রদেশে যে সকল চা-খড়ির পর্ব্বত আছে তাহা ঐ ব দ্বীপ হইতেই উৎপন্ন। ভারতের খসিয়া পর্ব্বতও সেই সময় প্রস্তুত হইয়া থাকিবে। কিন্তু এখানে সেরূপ খড়ি নাই। ফ্রান্স, জর্ম্মনী, ডেন্মার্ক, সুইডেন, রুষিয়া ও উত্তর আমেরিকার পর্ব্বতে খড়ির স্তর দেখা যায়।

চা-খড়ি সময়ে সময়ে আগ্নেয়-প্রস্তরের সহিত মিশ্রিত দেখিতে পাওয়া যায়। কখন চূণ ও কর্দ্দমের সহিত থাকে। খড়ির স্তর কখন সমানভাবে পৃথিবীর স্বাভাবিক সঙ্কোচনে থাকে। কখন বা ভূগর্ভস্থ অগ্ন্যুৎপাতে এই সকল স্তর স্থানে স্থানে বিকৃত ও বিপর্য্যস্ত দেখা যায়। এদেশে আমরা যে চা-খড়ি দেখিতে পাই, তাহার অধিকাংশই বিলাত হইতে আসে।

খড়ি বা খড়িয়া, বর্দ্ধমান জেলার বুদবুদ্ বিভাগের অন্তর্গত ধান্যক্ষেত্র হইতে উদ্ভূত একটী নদী বক্রপথে ভ্রমণ করিয়া বহুরে নন্দাই নামক স্থানে ভাগীরথীতে মিলিত হইয়াছে, মিলিত হইবার পূর্ব্বে বাঁকা নামক একটী নদী চম্পানগরীতে গোপালপুর হইতে বাহির হইয়া বর্দ্ধমান নগর দিয়া এই খড়িয়া নদীতে পড়িয়াছে।

খড়িক (ত্রি) খড়মস্ত্যস্য খড়-ঠন্। খড়যুক্ত।

খড়িকা (স্ত্রী) খড়-গৌরাদিত্বাৎ ঙীষ্ ততঃ স্বার্থে কন্ পূর্ব্বহ্রস্বশ্চ। কঠিনী। (জটাধর)

খড়িকা খাওয়া (দেশজ) ভোজন অন্তে যে সরু কাঠ বা যে সরু তৃণ দ্বারা দাঁত পরিষ্কার করা হয়, চলিত কথায় ইহাকে 'খড়িকা খাওয়া' বলে।

খড়িকামুটি (দেশজ) সরু সরু খড়িকার মত ডুরে কাটা।

খড়িয়া (দেশজ) খড়ির ন্যায় শাদা।

খড়ী (স্ত্রী) খড়-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। স্বনামখ্যাত শ্বেতবর্ণ মৃত্তিকাবিশেষ, খড়িমাটী। [খড়ি দেখ।]

খড়ীমাটী (দেশজ) খড়ি।

খড়ুয়া (দেশজ) খড়নির্ম্মিত ঘর।

খড়ুয়াভেঁকটী (দেশজ) একপ্রার ভেঁকটীমাছ (Perca Aya *Buch.*)

খড়ূর (দেশজ) শুষ্ক, শুকান।

খড়ুরনারিকেল (দেশজ) যে নারিকেল কাঁচা পাড়িয়া তাহার জল শুকাইয়া রাখা হয়।

খড়ূ (স্ত্রী) খড়-ঊঃ (খড়েড়ুর্ড়্বা। উণ্ ১।৮৪) মৃতশয্যা। (উজ্জ্বল)

খড়ূর (ত্রি) খড়মস্ত্যস্য বাহুলকাৎ উরচ্। খড়যুক্ত।

"খড়ূরে অবি চঙ্ক্রমাং খর্ব্বিকাং খর্ব্ববাসিনীম্।"

(অথর্ব্ব ১১।৯।১৭।)

খড়োন্মত্তা (স্ত্রী) খড়েন উন্মত্তা ৩তৎ। যে স্ত্রী খড় তৃণ দ্বারা উন্মত্তা হইয়াছে। এই শব্দটী পাণিনীয় শুভ্রাদি গণান্তর্গত। অপত্যার্থে ইহার উত্তর ঢক্ প্রত্যয় হয়।

খড়্গ (পুং) খড়তি ভিনত্তি খড়্-গন্ (ছাপূখড়িভ্যঃ কিৎ। উণ্ ১।১২৩।) ১ গণ্ডক, গণ্ডার।

"কালশাকং মহাশল্কাঃ খড়্গালোহামিষং মধু।
আনন্ত্যায়ৈব কল্পন্তে মুন্যন্নানি চ সর্ব্বশঃ॥" (মনু ৩ অঃ)

[গণ্ডার দেখ।] ২ গণ্ডকশৃঙ্গ, চলিত কথায় খাগ্। ৩ বুদ্ধবিশেষ। (মেদিনী) ৪ চোর নামক গন্ধদ্রব্য। (রাজনি॰।) ৫ যে অস্ত্রদ্বারা ছাগ মহিষ প্রভৃতি পশু বলিদান করে, খাঁড়া, কাতান। ইহা হিন্দুজাতির প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ। এখন খড়্গ আর যুদ্ধাস্ত্ররূপে ব্যবহৃত হয় না। মঞ্চে ও পূজা দিতে পশুহননের জন্যই ইহা আজকাল ব্যবহৃত হয়। কালীপ্রতিমার হস্তে যে অসি বা খড়্গ থাকে, তাহার আকৃতিও এই বলিদানের খড়্গের ন্যায়।

আপাততঃ 'খড়্গ' বলিলে 'খাঁড়া' 'অসি' বলিলে 'তরবার' বুঝা যায়, কিন্তু সেকালে আকৃতি বিভিন্ন থাকিলেও অসি ও খড়্গ একার্থবোধক ছিল। এই পশুচ্ছেদক খাঁড়ার ন্যায় সেকালে একটী অস্ত্রকে 'লঘিত্র' বলিত। লঘিত্রের কায়াটী ভুগ্ন অর্থাৎ বক্র (কোলকুঁজো,) পৃষ্ঠভাগ তীক্ষ্ণ। ইহার ব্যাস ৫ অঙ্গুলি, বর্ণ কাল, মুঠ অতি বৃহৎ। ইহাদ্বারা মহিষাদি কর্ত্তিত করিতে বিশেষ সুবিধা হয়। দুই হাতে উঠাইয়া এই অস্ত্রে আঘাত করিতে হইত।

সেকালে অসি ও খড়্গের নানাবিধ আকার ও পরিমাণ ছিল, তদনুসারে ভিন্ন ভিন্ন নামও ছিল, আবার সেই সকল বিভিন্ন নামে সাধারণতঃ অসিশ্রেণীর সকল গুলিকেই বুঝাইত।

অতি প্রাচীনকাল হইতে খড়্গ বা অসির ব্যবহার প্রচলিত আছে। ধনুর্ব্বেদাদি প্রাচীন শাস্ত্র হইতে জানা যায় যে হিন্দুরা সেকালে যেরূপ খরধার কঠিন তরবারি প্রস্তুত করিতেন, এখন আর সেরূপ হয় না। ধনুর্ব্বেদে লিখিত আছে এবং বহুবিধ গল্পও শুনা আছে যে সেকালের খড়্গে পাথর কাটা যাইত, পাথরে আঘাত করিলে মাংস বা অস্থিখণ্ডের ন্যায় পাথর দুই খণ্ড হইয়া পড়িত অথচ খড়্গের ধার ভাঙ্গিয়া যাইত না। এখনকার কালে কোন দেশের শিল্পী এরূপ অসি প্রস্তুত করিতে পারে না। সেকালে কত প্রকার অসি ছিল, কিরূপ লৌহে, কোন্ প্রদেশে প্রস্তুত হইত, কিরূপ 'পায়ণ' অর্থাৎ পাণ দিয়া তাহার ধার বাঁধিত ও কিরূপ কৌশলে তাহা ব্যবহার করিত, ধনুর্ব্বেদাদি শাস্ত্র হইতে তাহার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

অসি বা খড়্গের নামান্তর—অসি, বিশসন, খড়্গ; তীক্ষ্ণবর্ম্মা, দুরাসদ, শ্রীগর্ভ, বিজয়, ধর্ম্মপাল বা ধর্ম্মমাল, নিস্ত্রিংশ, চন্দ্রহাস, রিষ্টি, কৌক্ষেয়ক, মণ্ডলাগ্র, করবাল, করপাল, তরবার, তরবারি। এই নামগুলি আকার ও পরিমাণভেদে তন্নামীয় অসিশ্রেণীর অস্ত্রকে বুঝায়, আবার প্রত্যেক নামে সাধারণতঃ অসিশ্রেণীর অস্ত্রগুলিকে বুঝায়। এতদ্ভিন্ন আরও কতকগুলি শ্রেণী আছে, তাহা পরে যথাস্থানে বিবৃত হইবে।

ভারতে কোথায় ভাল অসি হইত?—অসি সকলদেশে সমান হইত না। বিভিন্নস্থানে বিভিন্ন লক্ষণের অসি হইত।

ভারতের মধ্যে খটী, খট্টের, ঋষিক, বঙ্গ, শূর্পারক, বিদেহ, অঙ্গ, মধ্যমগ্রাম, বেদী, সহগ্রাম, কালঞ্জর এবং চীনের অসি অতি উত্তম এবং শুভকর।

১। খটী ও খট্টেরদেশজাত অসি অতি সুদৃশ্য।

২। হিমালয়ের উত্তরবর্ত্তী ঋষিকদেশজাত অসি শরীরচ্ছেদ-সমর্থ এবং গুরুভারযুক্ত।

৩। বঙ্গদেশজাত অসি তীক্ষ্ণচ্ছেদভেদে পটু।

৪। শূর্পারক দেশীয় অসি সর্ব্বাপেক্ষা কঠিন।

৫। বিদেহ দেশজাত অসি অতি প্রভাবশালী এবং অসহ্য তেজস্বী।

৬। অঙ্গদেশজাত অসি অতি তীক্ষ্ণ ও দৃঢ়।

৭। মধ্যমগ্রামে যে সকল অসি হইত, তাহা লঘুভার ও তীক্ষ্ণ।

৮। বেদীদেশজাত খড়্গ হাল্কা, তীক্ষ্ণ কিন্তু সারহীন। বর্ত্তমান কুরুক্ষেত্রের নিকটে বেদীদেশ ছিল।

৯। সহগ্রামের খড়্গও তীক্ষ্ণ ও লঘু।

১০। কালঞ্জরের খড়্গ দীর্ঘকাল স্থায়ী, তীক্ষ্ণ ও সুলক্ষণযুক্ত।

১১। চীনদেশের খড়্গ নির্ম্মল ও তীক্ষ্ণ হইত। এখন চীনের খড়্গ কিরূপ হয়, তাহা জানা যায় নাই।

সেকালের অসি-নির্ম্মাণ।—অসি লৌহে প্রস্তুত হইত। অসি-নির্ম্মাণের উপযুক্ত লৌহ ঔষধার্থ লৌহ হইতে স্বতন্ত্র। অসির উপযুক্ত লৌহও আবার দ্বিবিধ; সঙ্গ ও নিরঙ্গ। এই উভয়বিধ লৌহ কাঞ্চি, গাণ্ডি প্রভৃতি বহুবিধ ভাগে বিভক্ত, এই সকল লৌহের অসিতে ব্যাধিবিনাশক গুণ আছে; কিন্তু সাধারণতঃ সাঙ্গ লৌহেই অসি নির্ম্মিত হইত। সাঙ্গ লৌহও বিবিধ, তন্মধ্যে অসিকর্ম্মে দশপ্রকার লৌহই প্রশংসার সহিত ব্যবহৃত হইত। রোহিণী, নীলপিণ্ড, ময়ূর-গ্রৈবক, ময়ূরবজ্র, তিতিরাঙ্গ, সুবর্ণবজ্র, শৈবল-মালান, মৌষলবজ্র, কঙ্গোলবজ্র বা স্বর্ণক এবং গ্রন্থিবজ্র, এই দশবিধ লৌহের বিভিন্ন লক্ষণ আছে। লৌহার্ণব নামক লৌহ-শাস্ত্রে এবং বীরচিন্তামণি, শার্ঙ্গধর-পদ্ধতি গ্রন্থে ইহার বিস্তৃত বিবরণ আছে। [লৌহ দেখ।]

এতদ্ভিন্ন নিরঙ্গলৌহের অন্তর্গত রোহিণী, পাণ্ড্য রুক্ম বা কান্ত এই ত্রিবিধ লৌহও অসির জন্য ব্যবহৃত হইত।

ঐ সকল লৌহে অসি নির্ম্মাণ করা হইত, তৎপরে তাহাতে নানাবিধ কৌশলের আবশ্যক হইত। উত্তম লৌহ পাইলেই উত্তম শিল্পী যে উত্তম অসি নির্ম্মাণ করিতে পারিত, তাহা নহে, কিন্তু কোন্ লৌহ কিরূপে, কতবার পোড়াইয়া ও কিরূপ পায়ণ বা পাণ ব্যবহার করিলে স্থায়ী ও তীক্ষ্ণধার হয়, তাহা জানা আবশ্যক। এ সম্বন্ধেও ধনুর্ব্বেদে যথেষ্ট উপদেশ আছে, কিন্তু হাতে কলমে না করিলে ও গুরুর নিকট প্রত্যক্ষ না দেখিলে সে সকল বিধি শিখিবার বা বুঝিবার উপায় নাই। সেকালে কত সামান্য দ্রব্য দিয়া অসিতে পাণ দেওয়া হইত, তাহা দেখাইবার জন্য এস্থলে পায়ণ দ্রব্যগুলি লিখিত হইল।

অসি প্রস্তুত হইলে তাহা পরিষ্কার করিবে, ধারের মুখে লবণ বা অন্য ক্ষার পরিষ্কার কর্দ্দমে মিশাইয়া প্রলেপ দিবে, পরে আগুনে পোড়াইয়া জল বা অন্য কোন তরল দ্রব্যে ডুবাইয়া লওয়াকে পায়ণ বা পাণ দেওয়া বলে। মহর্ষি উশনা বা শুক্রাচার্য্য এই সকল পাণ ব্যবস্থা করিয়া গিয়াছেন—শ্রীলাভার্থ অস্ত্রকে রুধিরে ডুবাইয়া লইতে হয়। এইরূপে গুণবান্ পুত্রলাভার্থ অস্ত্রকে ঘৃতপাণ, অক্ষয় ধনলাভার্থ অস্ত্রকে জলপাণ ও অন্যান্য উদ্দেশ্যানুসারে ঘোটকীদুগ্ধ, উষ্ট্রদুগ্ধ, হস্তিনীদুগ্ধ পাণ দিতে হয়। হস্তি-শুণ্ড কাটিবার জন্য মৎস্যের পিত্ত, মৃগীদুগ্ধ ও ছাগীদুগ্ধের পাণ দেওয়া হয়। (প্রবাদ আছে মহারাণা প্রতাপের এইরূপ তরবারি ছিল।) ঐ পাণ দিবার পূর্ব্বে আকন্দের আঠা ভেড়ার শিং, কয়লা, পারাবত ও ইন্দুরের বিষ্ঠা একত্র মাড়িয়া লইয়া ধারের মুখে তৈল মাখাইয়া তাহার উপর প্রলেপ দিবে, তৎপরে পূর্ব্বোক্ত কোন দ্রব্যে পাণ দিবে। ইহার পর শাণাইয়া লইলে সে অস্ত্র প্রস্তরে আঘাত করিলেও ধার কমিবে না। কদলীক্ষারে এক রাত্রি একদিন ভিজাইয়া রাখিয়া, পরে ঐ সকলের কোন একটা পাণ দিবে, ইহাতেও অস্ত্রপ্রস্তরে ভাঙ্গিবে না। বিষ কিম্বা বিষবৎ দ্রব্য পাণ দিলে অস্ত্রে ভীষণ ক্ষমতা জন্মে, সে অস্ত্রের সামান্য আঘাতেই মৃত্যু নিশ্চিত। পাণ দিবার সময় ভিন্ন ভিন্ন গন্ধ ও বর্ণ বাহির হয় সেইবর্ণ ও গন্ধ হইতেও শুভাশুভ জানা যায়। করবীর, উৎপল, হস্তিমদ, ঘৃত, কুঙ্কুম, কুঁদফুল ও চাঁপাফুলের ন্যায় গন্ধে অস্ত্র শুভদায়ক হয়। গোমূত্র, পঙ্ক, মেদ, কূর্ম্ম, বসা, রক্ত বা ক্ষীর গন্ধে অস্ত্র অশুভদায়ক হয়, আর বৈদূর্য্য, স্বর্ণ বা বিদ্যুতের প্রভা হইলে অস্ত্রে জয় ও আরোগ্য-লাভ হয়, নতুবা অন্য কোন বর্ণে অশুভ হয়। অনেকে এ সকল মিথ্যা বলিতে পারেন, কিন্তু যখন পরীক্ষা করিবার উপায় কাহারই জানা নাই, তখন হঠাৎ মিথ্যাই বা বলা যায় কেন?

পরিমাণ—সেকালে ৪ অঙ্গুলি প্রশস্ত ও ৫০ অঙ্গুলি লম্বা অসি শ্রেষ্ঠ, ইহার অর্দ্ধপরিমাণ হইলে মধ্যম; ২৫ অঙ্গুলির কম হইলে অসি না বলিয়া অসিপুত্র বলিত। প্রশস্ততায় ২ অঙ্গুলির কম হইলে অসি নামেই গণ্য হইত না। ৩০ অঙ্গুলির অধিক দীর্ঘ অসি "নিস্ত্রিংশ" নামে অভিহিত, গঠন পদ্মপুষ্পের পাপড়ির অগ্রভাগ যেরূপ এবং করবীর পুষ্পের পাপড়ির ন্যায় হইলে সেই অসি অতি উত্তম বলিয়া বিবেচিত। মণ্ডলাগ্র অর্থাৎ অগ্রভাগ সুগোল বা ঈষৎ বক্র হইলে তত প্রশস্ত বলিয়া গণ্য হইত না। মণ্ডলাগ্র অসি এখন 'বগী' নামে খ্যাত। গোজিহ্বা, সুঁদী, নালফুলের পাপড়ি, বাঁশের পাতা ও শূলের অগ্রভাগের ন্যায় খড়্গই প্রশস্ত।

ধ্বনি—তরবারিতে টোকা মারিলে যে শব্দ বাহির হয় তাহা হইতেও ভাল মন্দ নির্দ্ধারণের উপায় ছিল। যদি কাকস্বরের ন্যায় কর্কশ শব্দ বা 'অং' ইত্যাকার শব্দ হইত, তাহা হইলে রাজারাও তাহা পরিত্যাগ করিতেন। যাহার

শব্দ মধুর, কিঙ্কিণীর ন্যায় ঝুন্ ঝুন্ শব্দ এবং শব্দদীর্ঘস্থায়ী হয়, সেই অসি শ্রেষ্ঠ।

অঙ্গচিহ্ন—তরবারি গড়িবার সময় তাহার ফলকের গায়ে আপনা হইতেই কতকগুলি চিহ্ন উৎপন্ন হয়। সেই সকল চিহ্নকে ব্রণঅঙ্গ বলে। এই সকল চিহ্ন হইতেও উৎকৃষ্টাপকৃষ্টতা বুঝা যায়। অঙ্গুলি পরিমাণে যদি যুগ্ম অঙ্গুলিপরিমিত স্থানে কোন বিশেষ চিহ্ন পাওয়া যায়, তবে সেই চিহ্ন শুভ আর অযুগ্ম পরিমিত স্থানে চিহ্ন থাকিলে অশুভ। চিহ্ন সর্ব্বসমেত ১ শতপ্রকার—(১) রৌপ্যরেখা ও (২) স্বর্ণরেখা—এই দুইপ্রকার খড়্গ অতি উত্তম। (৩) গজশুণ্ডাকারচিহ্নাঙ্গ—ইহাও উত্তম, ইহা রক্ত স্পর্শমাত্র আপনি শরীরে গভীর হইয়া বসিয়া যায়। ইহার অঙ্গধৌত জল পান করিলে অনেক ব্যাধি নষ্ট হয়। (৪) রক্তবীজ চিহ্ন খড়্গও উত্তম। (৫) দমনপত্র (দোনাগাছের পাতা) চিহ্নবিশিষ্ট খড়্গ উত্তম। ইহা একদিন জলে ভিজাইয়া রাখিলে সে জলে দোনার গন্ধ হয়। (৬) শুভ্র স্থূলরেখাবিশিষ্ট খড়্গ উত্তম, ইহার আঘাতে সর্ব্বশরীর ফুলিয়া উঠে। (৭) সূক্ষ্ম অরুণবর্ণ রেখাবিশিষ্ট খড়্গও উত্তম; ইহাতে সূর্য্যকিরণ লাগিলে একপ্রকার তেজ নিঃসৃত হয় এবং রাত্রে ইহার নিকট পদ্মকোরক রাখিলে ফুটিয়া উঠে। (৮) তিল চিহ্নবিশিষ্ট খড়্গ উত্তম, ইহাদ্বারা আহত হইলে ক্ষতস্থানে তিলতৈলবৎ পূঁয জন্মে। (৯) অগ্নিশিখা চিহ্নবিশিষ্ট খড়্গের উপর জল রাখিলে উষ্ণ হইয়া উঠে। (১০) মালা চিহ্নবিশিষ্ট খড়্গধৌত জলে সুগন্ধ জন্মে ও উষ্ণজলে এই অসি ডুবাইলে তাহা শীতল হইয়া যায়, ইহার ধৌতজলে পিত্তরোগ নষ্ট হয়। (১২) জীরক চিহ্নবিশিষ্ট খড়্গের আঘাতে জ্বর হয়। (১৩) ভ্রমর চিহ্নবিশিষ্ট খড়্গের আঘাতে বিসূচিকারোগ জন্মে। (১৪) লাঙ্গলাগ্র চিহ্নবিশিষ্ট খড়্গের স্পর্শমাত্রে সর্প মরিয়া যায়। মরিচ চিহ্নবিশিষ্ট খড়্গের আঘাতে রক্ত কটু অর্থাৎ ঝাল হইয়া উঠে এবং ইহার ধৌতজলে পীনসরোগ আরোগ্য হয়। (১৬) সর্পফণা চিহ্নবিশিষ্ট অসির আঘাতে শরীরে বিষবিকার উপস্থিত হয় ও ইহার স্পর্শমাত্রে ভেকেরা প্রাণত্যাগ করে। (১৭) অশ্ব খুরচিহ্নবিশিষ্ট খড়্গ উত্তম, ইহা আরোহীর কটিদেশে থাকিলে অশ্বগণের বেগগতি জন্মে ও ধৌতজলে অনেক রোগ নষ্ট হয়। (১৮) সর্ষপপুষ্পচিহ্নযুক্ত খড়্গ উত্তম, ইহা এত নমনশীল হয় যে ইহাকে বলপূর্ব্বক কুণ্ডলী করিয়া রাখা যায় এবং ছাড়িয়া দিলে সোজা হইয়া থাকে। (১৯) ময়ূরপুচ্ছচিহ্নযুক্ত খড়্গ উত্তম, ইহার স্পর্শমাত্রে সর্প মারা পড়ে এবং ইহার আঘাতে নিরন্তর বমি হয়। (২০) মধুবুদ্বুদ্ চিহ্নযুক্ত খড়্গ উত্তম, ইহাতে সর্ব্বদাই মধুমক্ষিকা বসিতে চাহে। (২১) মক্ষিকাচিহ্নযুক্ত খড়্গ উত্তম, ইহার গাত্রে তৈল নিক্ষেপ করিবামাত্র তৎক্ষণাৎ শুকাইয়া যায়। (২২) সিংহচিহ্নবিশিষ্ট খড়্গে আহত হইলে আহত ব্যক্তি উন্মত্ত হইয়া পড়ে। (২৩) তণ্ডুলচিহ্নবিশিষ্ট অসি উত্তম, ইহা ধুইলে চাউল ধোয়াজলের ন্যায় জল বাহির হয়। (২৪) মকরপুচ্ছচিহ্নযুক্ত অসির স্পর্শে মৎস্যমাত্রেই মৃত হয়। (২৫) চক্ষুচিহ্নযুক্ত অসিধৌতজলে রাত্র্যন্ধতা দূর হয়। (২৬) বিম্বফলযুক্ত খড়্গের জল তিক্তাস্বাদ হয়, সে জলে পিত্তশ্লেষ্মা বিকার নষ্ট হয়। (২৭) লশুনচিহ্নযুক্ত খড়্গের আমবাত নষ্ট হয়। (২৮) প্রোষ্ঠীশঙ্খ চিহ্নযুক্ত অসি জলে ভাসিতে থাকে, এই খড়্গ অতি দুর্লভ। (২৯) চম্পকপুষ্প চিহ্নযুক্ত খড়্গের জলেও তিক্তাস্বাদ। (৩০) লোমচিহ্নযুক্ত খড়্গের আঘাতে শরীরে ব্রণ হয়। (৩১) সিজ (মনসা) পত্রাকার গাত্র ও সিজকণ্টক চিহ্নযুক্ত খড়্গের ক্ষতে দাহ, তৃষ্ণা ও মূর্চ্ছা হয় এবং ইহা সর্পফণার উপর স্থাপন করিলে ফণা বিদীর্ণ হইয়া যায়। এই খড়্গধৌতজলে কুষ্ঠ আরোগ্য হয়। (৩২) বকুলচিহ্নযুক্ত অসি শাণে ঘষিবার সময় বকুলফুলের গন্ধ নির্গত হয়। এতদ্ভিন্ন (৩৩) যব, (৩৪) গোখুর, (৩৫) শিরা, (৩৬) উপল, (৩৭) কাকপদ, (৩৮) কপাল (মড়ার মাথা,) (৩৯) তুবরীফল, (৪০) ভৃঙ্গরাজ ফুল, (৪৫) খুর, (৪৬) জলতরঙ্গ, (৪৭) মার্জ্জাররোম, (৪৮) বটারোহ, (৪৯) জ্যেষ্ঠী, (৫০) জাল (শাণ দিলে যদি জাল চিহ্নযুক্ত অসি হইতে রক্তবর্ণ শিখা বহির্গত হয়, তাহা হইলে ভাল।) (৫১) কর্কন্ধু (কুলপাতার উল্টা পৃষ্ঠা প্রভৃতি চিহ্নযুক্ত এবং নিশ্চিহ্ন অসি পরিত্যাজ্য।) (৫২) কৃষ্ণরেখা, (৫৩) মূল হইতে অগ্র পর্য্যন্ত তিনটী সূক্ষ্মরেখা, (৫৪) পদ্মদলাকার রেখা, (৫৫) গদা, (৫৬) পিপ্পলী, (৫৭) গ্রন্থি, (৫৯) শালপাইনপত্র, (৫৯) তিত্তির পক্ষীর পক্ষ, (৬০) ঊর্দ্ধগামী কপিলবর্ণ শিখা, (৬১) ধান্য, (৬২) তিসি, (৬৩) শিবলিঙ্গ, (৬৪) ব্যাঘ্রনখ, (৬৫) পত্রাবলী (চন্দনাদি দ্বারা বরকন্যা বা বিলাসিনীদিগের মুখে বক্ষে যে সকল চিত্র করা হয়, তাহাকে পত্রাবলী বলে।) (৬৬) প্রিয়ঙ্গু, (৬৭) নীলীরসতরঙ্গ, (৬৮) রক্তবর্ণ ত্রিরেখা, (৬৯) মঞ্জিষ্ঠালতা, (৭০) শমীপত্র, (৭১) মারিষপত্র, (৭২) গুঞ্জাফল, (৭৩) সূক্ষ্ম সূক্ষ্ম বাণচিহ্ন, (৭৪) বিল্বপত্র, (৭৫) মসূরপত্র, (৭৬) শণপুষ্প, (৭৭) শঠীপত্র, (৭৮) কেতকীপত্র, (৭৯) মূর্ব্বাতন্তু, (৮০) কলায়পুষ্প, (৮১) বলালতার পত্র, (৮২) পত্রশিরাকার রেখা,

(৮৩) পিপীলিকা, (৮৪) নলপত্র, (৮৫) কুষ্মাণ্ডবীজ ও (৮৬) নির্ম্মল। ঊর্দ্ধ ও বক্ররেখা চিহ্নযুক্ত তরবারিগুলিরও শুভাশুভ শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে। এতদ্ভিন্ন আর বাকী চিহ্নগুলি ধার, অমলতা, সমলতা ইত্যাদি সম্বন্ধে প্রভেদ বিচারিত হইয়াছে।

খড়্গের পরীক্ষা অষ্টবিধ। এই জন্য খড়্গবিজ্ঞানকে অষ্টাঙ্গ বলে। খড়্গের ১ম অঙ্গ, ২য় রূপ, ৩য় জাতি, ৪র্থ নেত্র, ৫ম অরিষ্ট, ৬ষ্ঠ ভূমি ৭ম ধ্বনি এবং ৮ম পরিমাণ বিষয়ে পরীক্ষা করা আবশ্যক।

অঙ্গ পরীক্ষা আর কিছুই নহে পূর্ব্বোক্ত শতচিহ্ন বিচার। অঙ্গচিহ্ন থাকায় যে নেত্রপ্রীতিকর প্রতীতি জন্মে তাহার নাম জাতি। মাহাত্ম্যসূচক চিহ্নের নাম নেত্র। অশুদ্ধতাবোধক চিহ্নের নাম অরিষ্ট। অঙ্গাদির লক্ষণ ধারণের নাম ভূমি বা ক্ষেত্র। টোকা মারিলে বা কাঠি দ্বারা ঘা দিলে যে শব্দ হয়, তাহাই ধ্বনি এবং ওজন, দীর্ঘতা ও প্রশস্তাদি-বিচারের নাম পরিমাণ। [খড়্গপরীক্ষা দেখ।]

যাহার ভূমি অর্থাৎ ফলকগাত্র নীলরস, কলায় পুষ্পবর্ণ, গাজর ফুলের মত, নীলম্ বা নীলমণির আভা বা মরকত বর্ণবিশিষ্ট তাহার নাম নীলরূপ। যাহার বর্ণ কৃষ্ণ, মেঘ, মসী, কালসর্পের অঙ্গ, অন্ধকার, কেশকলাপ কিম্বা ভ্রমরবর্ণ তাহার নাম কৃষ্ণরূপ। যাহার বর্ণ নববর্ষার ভেকের গাত্র-বর্ণ ও গোমেদমণির বর্ণ তাহা পিঙ্গলবৎ। যাহার বর্ণ অনতিগাঢ়, ধূম পটলের বা শিরীষপুষ্পের বর্ণের ন্যায় তাহাই ধূম্র। এতদ্ভিন্ন মিশ্রবর্ণও হয়।

বিশুদ্ধ অঙ্গচিহ্ন, বিশুদ্ধরূপ, উত্তমনেত্র, উত্তম ধ্বনি, কোমলস্পর্শ, উত্তম গঠন ও উত্তমধারযুক্ত খড়্গ ব্রাহ্মণ জাতি। ইহাদ্বারা অল্প ক্ষত হইলেই সর্ব্বাঙ্গের যন্ত্রণা ও শোথ হয়, মূর্চ্ছা, পিপাসা, দাহ ও জ্বরাভিভূত হইয়া শীঘ্র মৃত্যু ঘটে। কাঁচা হরিতকী, আমলকী ও বহেড়া এই তিন ফল চূর্ণ করিয়া এই জাতীয় তরবারির উপর রাখিলে উহাদের কষায়-রসে তরবারি মরিচা ধরিবে না, বরং অধিক পরিষ্কার হইবে। এতদ্ভিন্ন নবোদিত সূর্য্যকিরণে শুষ্ক তৃণের উপর এই তরবারি কিয়ৎক্ষণ রাখিলেই তৃণগুলি পুড়িয়া যাইবে। ইহা অতি দুর্লভ। কুশদ্বীপ ও হিমালয় প্রদেশে কখন কখন পাওয়া যায়।

যে তরবারি ধূমবর্ণ, সারযুক্ত, তীক্ষ্ণধার, কর্কশধ্বনিযুক্ত, আঘাতসহকারী, তাহাই ক্ষত্রিয়জাতীয়। ইহাদ্বারা ক্ষত হইলে দাহ, তৃষ্ণা, মলমূত্রবিষ্টম্ভ, জ্বর, মূর্চ্ছা ও শেষে মৃত্যুও ঘটে। ইহা শাণযন্ত্রে ধরিলে বহু অগ্নিকণা নিঃসৃত হয় এবং বিনা সংস্কারে দীর্ঘকাল নির্ম্মল থাকে।

যে তরবারি কৃষ্ণ বা নীলবর্ণযুক্ত, সংস্কারে নির্ম্মল হয়, শাণ না দিলে খরতা জন্মে না, তাহা বৈশ্যজাতীয়।

যে তরবারি মেঘের ন্যায় বর্ণযুক্ত, ধার মোটা, ধ্বনি মৃদু সংস্কার করিলেও নির্ম্মল হয় না, শাণ দিলেও ভাল ধার হয় না, তাহা শূদ্রজাতীয়।

যদি কোন খড়্গে দুইজাতির লক্ষণ পাওয়া যায়, তবে তাহাকে জারজ বা "দ্বিজাতি" খড়্গ বলে। এইরূপে তিন জাতির লক্ষণ পাওয়া গেলে "ত্রিজাতি" ও চারিজাতির লক্ষণ পাওয়া গেলে জাতিসঙ্কর খড়্গ বলা যায়।

ত্রিশটী নেত্র যথা—চক্র, পদ্ম, গদা, শঙ্খ, ডমরু, ধনু, অঙ্কুশ, ছত্র, পতাকা, বীণা, মৎস্য, শিবলিঙ্গ, ধ্বজ, অর্দ্ধচন্দ্র, কলস, শূল, ব্যাঘ্রনেত্র, সিংহাসন, সিংহ, হস্তী, হংস, ময়ূর, জিহ্বা, দণ্ড, খড়্গ, মনুষ্য, পুত্রিকা, চামর, শিখা, পুষ্পমালা, সর্প, এই সকলের ন্যায় নেত্র বা চিহ্নকে তন্নামক নেত্র। নেত্র চিহ্ন শুভদায়ক। কোন কোন তরবারিতে একাধিক নেত্রও থাকে।

ত্রিশটী অরিষ্ট যথা—ছিদ্র (ছিদ্রতুল্য চিহ্ন), কাকপদ, ঊর্দ্ধ বা তির্য্যক্ রেখা, ভিন্ন (ভাঙ্গা বলিয়া ভ্রম জন্মে এরূপ চিহ্ন), ভেকশিরঃ, মূষিক, বিড়ালনেত্র, শর্করা (দেখিলে বা স্পর্শ করিলে কঙ্করতাবিশিষ্ট বলিয়া বোধ হইতে পারে এরূপ চিহ্ন), নীলী (নীলরসের দাগ লাগার ন্যায় চিহ্ন), মশক, ভৃঙ্গমা (বহুবিন্দু বা ভ্রমরপদচিহ্ন), সূচী (ঊর্দ্ধ বা তির্য্যক্‌ভাবের সূচীবৎ রেখা), বিন্দু (পাশাপাশি বিন্দুত্রয় বা বিষমসংখ্যক বিন্দুপংক্তি), কালিকা (উপরি উপরি ত্রিবিন্দু পংক্তি), কপোতাক্ষ, কাক, খর্পর, লাঙ্গল, শকল (খণ্ডলৌহসংলগ্ন আছে বলিয়া ভ্রম হয় এরূপ চিহ্ন), ক্রোড় (শূকরাকার), কুশপত্রক, জাল, মধ্যস্থান বা কোনস্থান নিম্ন বলিয়া বোধ হয় এরূপ চিহ্ন, করাল (অগ্রভাগ দীর্ঘ অথচ পল্লবিত এরূপ রেখা), কঙ্কপত্র, খর্জ্জুরপত্র, গোশৃঙ্গ, গোপুচ্ছ, খনিত্র, বড়িশ প্রভৃতি চিহ্নকে অরিষ্ট অর্থাৎ অশুভ লক্ষণ বলে।

খড়্গের ভূমি অর্থাৎ জন্মস্থান দ্বিবিধ, দিব্য ও ভৌম। পুরাকালে দেবদানবগণই প্রথমতঃ খড়্গ সৃষ্টি করেন। এই সকল খড়্গের অনুরূপ খড়্গ পৃথিবীতে ও কোন কোন স্থানে অভাবনীয়রূপে উৎপন্ন হয়। যে সকল খড়্গ স্থূলধার অথচ হাল্কা, শুভ চিহ্ন, নির্ম্মল নেত্রযুক্ত ও অরিষ্টহীন, সুরূপ, দুর্ভেদ্য, অসংস্কারেও নির্ম্মল, উত্তমধ্বনিবিশিষ্ট, ভাঙ্গিলে আর যোড়া দেওয়া যায় না, যাহার ক্ষতে দাহ ও অন্ত্রপাক উপস্থিত হয়, তাহাই দিব্য খড়্গ। শুদ্ধ লৌহ অর্থাৎ

বারাণসী, নেপাল, মগধ, অঙ্গ, সুরাষ্ট্র ও সিংহলদেশজাত লৌহনির্ম্মিত অসিই ভৌম ও উৎকৃষ্ট।

ধ্বনি—ধ্বনি প্রধানতঃ দুইপ্রকার ঘোর ও ভার। খড়্গে টোকা মারিলে হংসধ্বনি, কাংস্যধ্বনি, মেঘধ্বনি, ঢক্কাধ্বনি, কাকধ্বনি, তন্ত্রীধ্বনি (বীণাধ্বনির ন্যায়), খর (গর্দ্দভধ্বনি), প্রস্তরধ্বনি ইত্যাদি ধ্বনির ন্যায় ধ্বনি হয়। তন্মধ্যে শেষ চারিটী অশুভকর। গভীর ও তারধ্বনি হইলে ভাল, উত্তান ও মন্দ্রধ্বনি মন্দ। উত্তম হইলে সুচিহ্নহীন খড়্গও ভাল হয়।

পরিমাণ—পরিমাণ প্রথমতঃ দ্বিবিধ, উত্তম ও অধম। যাহা বিশাল ও লঘু তাহা উত্তম এবং যাহা খর্ব্ব ও গুরু তাহা অধম। ইহাও আবার ত্রিবিধ—আদি, অন্ত্য ও মধ্য। যাহার দীর্ঘতা ২০ মুষ্টি ও বিস্তৃতি ৫ অঙ্গুলি এবং ওজনে ৮ পল তাহা মধ্যম। যাহা ৮।৯।১২ মুষ্টি দীর্ঘ, বিস্তারে অঙ্গুলি পরিমাণের ৳ ভাগ এবং ঐ পরিমাণ পল ভারি তাহা ভাল নহে।

যত মুষ্টি দীর্ঘ তত অঙ্গুলি সিকি পরিমাণে বিস্তৃতি ও তত পল ওজন ইহা উত্তম পরিমাণ। যত মুষ্টি দীর্ঘ তাহার অর্দ্ধেকের তত তৃতীয়াংশ অঙ্গুলি পরিমাণে বিস্তৃতি ও তত পল ওজন মধ্যম পরিমাণ, তাহার অর্দ্ধেক সংখ্যক পল ওজনে ৳ অংশ অঙ্গুলি পরিমাণে বিস্তৃত, ইহা অধম।

খড়্গের ক্রিয়া ৩২ প্রকার—ভ্রান্ত, উদ্ভ্রান্ত, আবিদ্ধ, আপ্লুত, বিপ্লুত, সৃত, সংচান্ত, সমুদীর্ণ, নিগ্রহ, প্রগ্রহ, পদাবকর্ষণ, সন্ধান, মস্তকভ্রামণ, ভুজভ্রামণ, পাশ, পাদ, বিবন্ধ, ভূমি, উদ্‌ভ্রমণ, গতি, প্রত্যাগতি, আক্ষেপ, পাতন, উত্থানক, প্লুতি, লঘুতা, সৌষ্ঠব, শোভা, স্থৈর্য্য, দৃঢ়মুষ্টিতা, তির্য্যক্‌-প্রচার ও ঊর্দ্ধপ্রচার। এই সকল ক্রিয়া লিখিয়া বুঝাইবার উপায় নাই, না দেখিলে কিছু বুঝান যায় না। খড়্গের ভেদ এই কয় প্রকার—

১ ধবলগিরি—পাণ্ড্যলৌহজাত যে তরবারি রূপার ন্যায় শুভ্র তাহার নাম ধবলগিরি।

২ কালগিরি—যাহার অঙ্গে সূক্ষ্ম সূক্ষ্ম সুবর্ণাকার অথবা কৃষ্ণাভ পত্রভঙ্গাকার চিহ্ন আছে, তাহার নাম কালগিরি।

৩ কজ্জলগাত্র—যাহার ধার শুভ্রবর্ণ, মধ্যভাগ কজ্জল বর্ণ ও সর্ব্বাঙ্গ কাল, তাহাকে কজ্জলগাত্র বলে।

৪ কুটীরক—যাহার অঙ্গে রজতপত্রের চিহ্ন থাকে অথচ বর্ণ কৃষ্ণ, তাহার নাম কুটীরক। ইহার আঘাতে শোথ হয়।

৫ কেতকীবজ্র—যাহার অঙ্গে কেয়াফুলের পাতার ন্যায় চিহ্ন আছে, তাহাকে কেতকীবজ্র বলে।

৬ নিরঙ্গ—নিরঙ্গ কান্তলৌহে নির্ম্মিত যে তরবারির গাত্রে রৌপ্য পত্রচিহ্ন থাকে ও বর্ণ অল্প নীল, তাহাকে নিরঙ্গ তরবারি বলে, ইহা মহামূল্য ও দুর্লভ।

৭ দমনবক্ত্র—দমনপত্র বা কুন্দপত্র চিহ্নযুক্ত তরবারিই দমনবক্ত্র নামে খ্যাত।

৮ কালখড়্গ বা ডাহুনীবজ্র—যাহার ফলক কাল, কিন্তু আভা সোণার মত ও তাহাতে যদি অল্প ব্রজচিহ্ন থাকে, তবে তাহাকে ডাহুনীবজ্র বলে।

৯ নকুলাঙ্গ—যাহার অঙ্গে ঊর্দ্ধগামী কপিলদ্যুতি দৃষ্ট হয়, তাহাতে নকুলাঙ্গ বলে।

১০ ক্ষুদ্রবজ্র—যাহার শরীরে কুণ্ডলীকৃত ক্ষুদ্র ক্ষুদ্র আসিকা-মালা থাকে, তাহাকে ক্ষুদ্রবজ্র বলে।

১১ মহৎ—যাহার অন্তর্ভাগ অতি গাঢ়, গাত্র সর্ব্বপ্রকার চিহ্নহীন, মধ্যদেশ স্থূল, ধারও স্থূল, কিন্তু অত্যন্ত তীক্ষ্ণ, তাহার নাম মহৎ।

১২ বামনাক্ষ—যে মহান্ খড়্গ ছেদনকালে ছেদ্য বস্তুতে তন্তু সৃষ্টি করে না (থ্যাঁত হইয়া যায় না), তাহার নাম বামনাক্ষ।

১৩ মহিষাক্ষ—যাহার দীপ্তি নীলমেঘের ন্যায় ও গাত্রে এরণ্ডবীজচিহ্ন আছে, তাহার নাম মহিষাক্ষ।

১৪ অঙ্গপত্র—যে খড়্গ মার্জ্জন করিলে দর্পণের ন্যায় প্রতিবিম্ব ধারণ করে, তাহার নাম অঙ্গপত্র।

১৫ গজবজ্র—যাহার অঙ্গে স্থূলরেখা, গাত্র মসৃণ, ধার অতি তীক্ষ্ণ, যাহার অঙ্গধৌতজলপানে আধিব্যাধি নষ্ট হয়, তাহার নাম গজবজ্র।

১৬ পট্টিশ—ইহা একপ্রকার তরবারিবিশেষ। আগ্নেয় ধনুর্ব্বেদ, বৈশম্পায়নীয় ধনুর্ব্বেদ ও শুক্রনীতিতে ইহার একরূপ বর্ণনাই পাওয়া যায়। তন্মতে, 'পট্টিশ নামক অস্ত্রটী খড়্গের সহোদর অর্থাৎ প্রায় খড়্গাকার, ইহা পুরুষ প্রমাণ লম্বা, দুইদিকেই সমান ধার, অগ্রভাগ অতি তীক্ষ্ণ, ইহার মুষ্টি হস্তত্রাণযুক্ত। ইহার ক্রিয়াও অসি ক্রিয়ার ন্যায়।

১৭ মৌষ্টিক—ইহার উল্লেখ কেবল বৈশম্পায়নীয় ধনুর্ব্বেদে দেখা যায়। মৌষ্টিকাস্ত্রের ৎসরু অর্থাৎ ধরিবার মুঠ অতি উৎকৃষ্ট। ইহার উচ্চতা অর্দ্ধহস্ত মাত্র, অগ্রভাগ তীক্ষ্ণ, গ্রীবাদেশ কিছু উচ্চ, উদরপ্রদেশ স্থূল ও সুশাণিত। ইহার কার্য্যও অসির ন্যায় বিবিধ। (বৈশম্পায়নোক্ত ধনুর্ব্বেদ, যুক্তিকল্পতরু, বৃহৎসংহিতা।)

[ইংরাজী অসি ও আধুনিক তলবারাদি সম্বন্ধে 'তরবারি' শব্দে দ্রষ্টব্য।]

খড়্গকোষ (পুং) ১ খড়্গলতা। পর্য্যায়—খড়্গপত্র, খড়্গিমার, অশ্বপুচ্ছক। (শব্দচন্দ্রিকা।) খড়্গস্য কোষঃ ৬তৎ। ২ খড়্গাধার, খাপ্। খড়্গাকোশ শব্দও এই অর্থে ব্যবহৃত।

খড়্গট (পুং) খড়্গ ইব অটতি অট-অচ্ শকন্ধ্বাদিত্বাৎ সাধুঃ। ১ বৃহৎকাশ, কষাড়। (হারাবলী।) ২ খগগড়, খাগড়া।

খড়্গধার (পুং) খড়্গং ধরতি খড়্গ-ধৃ-অণ্। ১ খড়্গধারী। খড়্গস্য ধারঃ ৬তৎ। ২ খড়্গের তীক্ষ্ণ ভাগ।

খড়্গধেনু (স্ত্রী) ১ খড়্গপুত্রিকা, ছুরী। খড়্গস্য গণ্ডকস্য ধেনুঃ পত্নী ৬তৎ। ২ গণ্ডকস্ত্রী, মাদি গণ্ডার।

খড়্গপত্র (পুং) খড়্গাকারাণি পত্রাণি যস্য বহুব্রী। ১ খড়্গলতা। (শব্দচন্দ্রিকা।) (ক্লী) খড়্গস্য পত্রং ৬তৎ। ২ ঢাল। ৩ খড়্গকোষ। ৪ অসিফলক।

খড়্গপরীক্ষা (স্ত্রী) খড়্গস্য পরীক্ষা ৬তৎ। চিহ্নবিশেষ দ্বারা খড়্গের শুভ ও অশুভ নির্ণয়। যুক্তিকল্পতরু খড়্গের ৮টী চিহ্ন নির্ণয় করেন। অঙ্গ, রূপ, জাতি, নেত্র, অরিষ্ট, ভূমি, ধ্বনি ও মান এই আটটী চিহ্ন খড়্গের শুভ ও অশুভসূচক। খড়্গখানি ভাল করিয়া নিরীক্ষণ করিলে বোধ হয় যেন দুইটী খণ্ড মিশাইয়া নির্ম্মিত করিয়াছে, বাস্তবিক তাহা নহে, এইরূপ চিহ্নকে অঙ্গ বলে। নীল, পীত প্রভৃতি বর্ণকে রূপ এবং ঐ সকল রূপদ্বারা যাহা প্রতীত হয়, তাহাকে জাতি বলে। খড়্গের মাহাত্ম্যসূচক অঙ্গাতিরিক্তজাতিকে নেত্র, অশুদ্ধতাসূচক চিহ্নকে অরিষ্ট ও অঙ্গাদি ধারণকে ভূমি বলে। খড়্গের উপরে নখ অথবা কোন দণ্ডাদি দ্বারা আঘাত করিলে যে শব্দ হয় তাহার নাম ধ্বনি ও ওজনের নাম মান। অঙ্গ ১০০ প্রকার, রূপ ও জাতি চারিপ্রকার, নেত্র ও অরিষ্ট ৩০ প্রকার, ভূমি ও মান দুইপ্রকার এবং ধ্বনি আটপ্রকার। এই সকল চিহ্ন অনুসারে খড়্গখানি ভাল কি মন্দ হইবে, তাহা জানা যায়। [খড়্গ দেখ।]

খড়্গপাণি (ত্রি) খড়্গঃ পাণৌ যস্য বহুব্রী। যাহার হস্তে খড়্গ আছে, প্রহারোদ্যত, মারণোন্মুখ।

"খড়্গপাণিরদৃশ্যত" মার্কণ্ডেয় চণ্ডী।

খড়্গপিধান (ক্লী) খড়্গস্য পিধানং ৬তৎ। খড়্গকোষ, খাপ।

খড়্গপিধানক (ক্লী) খড়্গস্য পিধানকং ৬তৎ। খড়্গকোষ। পর্য্যায়—প্রত্যাকার, পরীবার, কোষ। (হেম°)

খড়্গপুচ্ছ (স্ত্রী) যাহাদের ঢালের ন্যায় দেহাবরণের নিম্নভাগে দীর্ঘ খড়্গাকার শলাকা থাকে, যথা সমুদ্রকর্কটী।

খড়্গপুত্র বা খড়্গপুত্রিকা—ইহার অপর নাম 'অসিধেনু।' ইহা অন্বে এক হস্ত, তলত্র রহিত, কিন্তু ধরিবার মুঠ আছে। বর্ণশ্যাম, ত্রিধার, বিস্তার ২ অঙ্গুলি। নিকটাগত শত্রুবিনাশে ইহা বড় উপযোগী। এই অসিধেনু মেখলায় গ্রথিত হইলে খড়্গপুত্র বলা যায়। মুষ্টিগ্রহণ, বিদারণ ও বিদ্ধকরণই ইহার কার্য্য। প্রধান প্রধান রাজারা ইহা সর্ব্বদা কটিদেশে ব্যবহার করিতেন।

খড়্গফল (পুং) খড়্গঃ ফলমিব ত্বগাবৃতত্বান্মধ্যে যস্য বহুব্রী। খাপ, খড়্গপিধান। (ত্রিকাণ্ড°)

খড়্গফলক (পুং) খড়্গঃ ফলমিব মধ্যে যস্য বহুব্রী, বা কপ্। খাপ্, অসিপিধান।

খড়্গমাংস (ক্লী) খড়্গস্য মাংসং ৬তৎ। ১ মহিষমাংস। ২ গণ্ডার মাংস।

খড়্গমুদ্রা (স্ত্রী) তন্ত্রোক্ত একটী মুদ্রা, শক্তিপূজায় এই মুদ্রার আবশ্যক। অঙ্গুষ্ঠদ্বারা কনিষ্ঠা ও অনামিকা অঙ্গুলি বদ্ধ করিয়া অবশিষ্ট অঙ্গুল মিলিত করিয়া বিস্তার করিবে। ইহার নাম খড়্গমুদ্রা।

"কনিষ্ঠানামিকে বদ্ধা স্বাঙ্গুষ্ঠেনৈব দৃশ্যতে।
শিষ্টাঙ্গুলী তু প্রস্যতে সংস্যষ্টে খড়্গমুদ্রিকা॥" (তন্ত্রসার)

খড়্গসিংহ (খরগ্‌সিং) পঞ্জাবের একজন রাজা। মহারাজ রণজিত সিংহের জ্যেষ্ঠপুত্র। ১৮০২ খৃষ্টাব্দে লাহোরে নকীরখুজনসিংহের কন্যা রাজকুমারীর গর্ব্ভে ইহার জন্ম। রাজকুমারী রণজিতের দ্বিতীয়া পত্নী। ১৮১১ খৃষ্টাব্দে জ্যৈষ্ঠ মাসে রণজিতসিংহ নকীর বিপক্ষ সামন্তগণকে দমন করিবার জন্য নয় বৎসরের বালক খড়্গসিংহকে সেনার অধিনায়ক করিয়া পাঠান। খড়্গসিংহ বালক বলিয়া দেওয়ান মাখনচাঁদ তাঁহার সঙ্গে গমন করেন। বালক খড়্গসিংহ প্রথম উদ্যমেই জয়লাভ করিলেন ও পিতার সুখ্যাতিভাজন হইলেন। ১৮১২ খৃষ্টাব্দে প্রারম্ভে জয়মল ঘুনিয়ার কন্যার সহিত তাঁহার বিবাহ হইল। এই জয়মল ঘুনিয়া পাঠানকোট ও জালন্ধর তরাইয়ের অধিপতি ছিলেন। ১৮০৮ খৃষ্টাব্দে রণজিতসিংহ ঐ সকল প্রদেশ নিজে অধিকার করিয়া লন। যাহা হউক, খড়্গসিংহের বিবাহে লাহোরে মহা ধূমধাম হয়। ইংরাজ সেনাপতি কর্ণেল অক্টারলোনি বিবাহে নিমন্ত্রিত হইয়া লুধিয়ানা হইতে আসিয়াছিলেন। বিবাহ উৎসব শেষ হইয়া গেলে কুমার খড়্গসিংহ ভীমবার ও রাজোরি (রাজপুরী)-জয়ে করিতে প্রেরিত হইলেন। তিনি ঐ দুই প্রদেশ ও ভগত নামক স্থান অধিকার করিয়া রাজধানীতে ফিরিয়া আসিলেন। রণজিতসিংহ পুত্রের বীরত্বে তুষ্ট হইয়া ঐ সকল প্রদেশ তাঁহাকে জায়গীরস্বরূপ দান করিলেন।

ক্রমে খড়্গসিংহ মহারাজ রণজিতের বড়ই প্রিয় হইয়া উঠিতে লাগিলেন। রণজিত তাঁহাকে আরও জায়গীর দিলেন,

সেই সমস্ত সম্পত্তির তত্ত্বাবধানের ভার খড়্গসিংহের মাতার উপর অর্পিত হইল। দেওয়ান রামসিংহ রাণীর অধীনে সমস্ত তত্ত্বাবধান করিবার জন্য নিযুক্ত হইলেন। জায়গীরের প্রথামত তাঁহাদিগকে কতকগুলি অশ্বারোহী শিখসেনা রাখিতে হইল। যুদ্ধের সময় এই সেনা দিয়া রাজার সাহায্য করিতে হইবে, এই জন্য সেনাগুলিকে সর্ব্বদাই সাজসজ্জায় ও শিক্ষায় প্রস্তুত রাখিতে হইত। কিছুদিন পরে রণজিতসিংহ শুনিলেন যে জায়গীরগুলির ভালরূপ তত্ত্বাবধান হইতেছে না। প্রজাবর্গের উপর অত্যাচার ও উৎপীড়ন হইয়াছে। যে সকল সেনা রাখা হইয়াছে, তাহাদের না আছে সাজসজ্জা, না আছে শিক্ষা। রণজিতসিংহ পুত্রকে ডাকিয়া অনেক মিষ্ট ভৎর্সনা করিলেন। তাঁহাকে বলিলেন, এখন তাঁহার বয়স হইয়াছে। তিনি নিজে সমস্ত দেখিতে সমর্থ হইয়াছেন, তিনি কত বড় বীরের পুত্র, তাহার পুরমুখাপেক্ষী হইয়া থাকা ভাল দেখায় না। রণজিতসিংহের উত্তেজনায় কোন ফল হইল না। মাতা ও দেওয়ানের কথায় খড়্গসিংহকে চলিতে হইল। রণজিতসিংহ তখন নিজ মূর্ত্তি ধারণ করিয়া দেওয়ানকে কারাগারে নিক্ষেপ করিয়া তাঁহার কর্ম্মের হিসাব নিকাশ দিতে বলিলেন। খড়্গসিংহের মাতাকে সেখুপুরের দুর্গে গিয়া থাকিতে বলিলেন। খড়্গসিংহকে তীব্র ভৎর্সনা করিয়া পেশবারের ভবানীদাসকে তাঁহার দেওয়ান করিয়া দিলেন। তাহার পর ১৮১৮ খৃষ্টাব্দে যখন শিখসেনা রাজ্যের দক্ষিণ ভাগে গিয়া অবস্থিতি করে, তখন রণজিত কুমার খড়্গসিংহকে তাহাদের অধিনায়ক করিয়া পাঠাইলেন ও দেওয়ানচাঁদ মিশ্রকে তাহার সঙ্গে দিলেন। দেওয়ানচাঁদই প্রকৃত অধিনায়ক। কিন্তু সেখানকার অধিবাসিগণ তাঁহার উপর বিরক্ত বলিয়া কুমার নামমাত্র অধিনায়ক হইলেন। ১৮৩১ খৃষ্টাব্দে ২৫এ অক্টোবর, যখন ইংরাজ গবর্ণর-জেনেরল লর্ড উইলিয়ম বেণ্টিংক শতদ্রুপারে রণজিতসিংহের সহিত সাক্ষাৎ করিতে আসেন, তখন খড়্গসিংহ ৬ জন শিখসর্দ্দার লইয়া অগ্রে আসিয়া গবর্ণরজেনেরলকে মহারাজ রণজিতসিংহের অভিবাদন জ্ঞাপন করেন।

মিয়া ধ্যানসিংহ নামক এক ব্যক্তি কোন কার্য্যে বিশেষ দক্ষতা দেখাইয়া মহারাজ রণজিতসিংহের প্রিয়পাত্র হইয়া উঠেন। ধ্যানসিংহ দেউড়িবাল-পদে নিযুক্ত হইয়াছিলেন। দেউড়িবাল অনুমতিব্যতীত কেহ মহারাজের সহিত সাক্ষাৎ করিতে পাইত না। শেষে তাহার প্রভুত্ব এত বাড়িল যে, মহারাজের পুত্রগণ পর্য্যন্ত তাহার অনুমতি না লইয়া মহারাজের সাক্ষাৎ করিতে পাইতেন না। ধ্যানসিংহের শিশুপুত্র হীরাসিংহ রণজিতের নিকট সর্ব্বদা থাকিত। ক্রমে মহারাজ তাঁহার প্রতি এত অনুরক্ত হইয়া উঠিলেন যে তাঁহাকে এক দণ্ড না দেখিলে অস্থির হইয়া পড়িতেন। ধ্যানসিংহ ক্রমে নিজ পুত্রকে রাজ্যের উত্তরাধিকারী করিবার উদ্যোগ করিতে লাগিলেন। প্রথমেই স্থির করিলেন, অগ্রে খড়্গসিংহের উপর মহারাজের বিরক্তি উৎপাদন করা আবশ্যক। ধ্যানসিংহ মহারাজকে বুঝাইলেন যে খড়্গসিংহের বুদ্ধিভ্রংস হইয়াছে। তিনি অকর্ম্মণ্য, উন্মাদ হইবার লক্ষণ দেখা যাইতেছে। অতএব ভবিষ্যতে তিনি কিরূপে রাজ্যভার গ্রহণ করিবেন? ধ্যানসিংহ খড়্গসিংহকে যুদ্ধে পাঠাইতেন কিন্তু সেনা ও লোকজনের এরূপ বে-বন্দোবস্ত করিয়া দিতেন যে তাহাতে পরাজয় অবশ্যম্ভাবী। আবার খড়্গসিংহের পরাজয় হইলে ধ্যানসিংহ মহারাজের সমক্ষে কুমারের অনেক কুৎসা করিতেন। বাস্তবিক খড়্গসিংহ বাল্যকাল হইতে যেরূপ বীরত্বের পরিচয় দিয়াছেন, তাহাতে তাঁহাকে কাপুরুষ বলিবার যো নাই। বীরত্বে পুত্র পিতার অপেক্ষা কোন অংশে ন্যূন ছিলেন না। পিতা অপেক্ষা তিনি ন্যায়পরায়ণ ও ধর্ম্মভীরু ছিলেন। পিতার সমক্ষে তাহার প্রতি অন্যায় দোষারোপ হইতেছে এবং পিতারও তাহা ধারণা হইয়াছে ইহা বুঝিয়া তিনি কিছু বিষণ্ণ থাকিতেন, এজন্য তাঁহার স্ফূর্ত্তির হ্রাস হইয়াছিল। তাহাতে ধ্যানসিংহ আরও সুবিধা পাইয়া সকলকে বুঝাইয়া দিতেন—বাস্তবিক খড়্গসিংহের বুদ্ধিভ্রংশ হইয়াছে, নহিলে সর্ব্বদাই চিন্তিত ও ম্লান হইবে কেন?

তৎপরে খড়্গসিংহকে মহারাজের নিকট যাইতে দেওয়া হইত না। এদিকে হীরাসিংহ রাজা উপাধি পাইলেন। প্রাতে উঠিয়া গরীব দুঃখীকে দান করিবে বলিয়া প্রতি রাত্রে তাহার বালিসের নীচে ৫০০ করিয়া টাকা রাখিয়া দিতেন। মহারাজের মৃত্যুর পর রাজা হীরাসিংহ যে সিংহাসনে আরোহণ করিবেন, তাহাতে আর কোন সন্দেহ রহিল না।

ক্রমে মহারাজ রণজিতসিংহের মৃত্যুকাল উপস্থিত। তিনি পূর্ব্বাহ্নে বুঝিতে পারিয়া খড়্গসিংহকে আনাইয়া ধ্যানসিংহের হস্তে তাঁহার হস্ত রাখিয়া বলিলেন, "খড়্গসিংহকে সিংহাসনে বসাইবে, পুরাতন মনিবের সন্তান বলিয়া যথারীতি কুমারের রক্ষণাবেক্ষণ করিবে। আমি এতদিন তোমার প্রতি যেরূপ অসাধারণ অনুগ্রহ প্রকাশ করিয়াছি, তাহার প্রতিদান আর কিছুই চাহি না, কেবল এই মাত্র চাই, যে রাজভক্ত বিশ্বস্ত ভৃত্যের ন্যায় কুমারের প্রতি ব্যবহার করিবে।" রণজিতের কথায় ধ্যানসিংহ স্তম্ভিত হইলেন।

রণজিতের জীবনের সহিত তাঁহার চিরপোষিত আশাও বিলীন হইল।

কথিত আছে, মহারাজ রণজিতসিংহের অন্ত্যেষ্টিক্রিয়ার সময় ধ্যানসিংহ শোকে অভিভূত হইয়া সেই চিতায় দেহ-ত্যাগের চেষ্টা করিয়াছিলেন। লোকেরা অতি কষ্টে তাঁহাকে ধরিয়া রাখে।



খড়্গসিংহ।

১৮৩৯ খৃষ্টাব্দে ২৭এ জুন, খড়্গসিংহ পঞ্জাবের সিংহাসনে আরোহণ করিলেন। তিনি ধ্যানসিংহের প্রতি যথোচিত সম্মান প্রদর্শন করিতে লাগিলেন। রণজিতসিংহের সময়ে মহারাজ জেনানা-মহলে থাকিলেও ধ্যানসিংহ তথায় যাইতেন ও তথায় বসিয়া পরামর্শাদি করিতেন। খড়্গসিংহের সময়ও সেইরূপ করিতে লাগিলেন। কিন্তু খড়্গসিংহ তাহা ভাল-বাসিতেন না। তিনি সেরূপ করিতে ধ্যানসিংহকে নিষেধ করিলেন। ধ্যানসিংহ তাঁহাকে বলিলেন যে, এরূপ না করিলে সকল কথা বাহিরে প্রকাশ হইবে, রাজকার্য্য চলিবে না। মুখে এইরূপ বলিলেন বটে, কিন্তু মনে মনে ধ্যানসিংহ মহারাজ খড়্গসিংহের উপর বিরক্ত হইয়া তাহার অনিষ্টসাধনে কৃত-সঙ্কল্প হইলেন।

এদিকে খড়্গসিংহের অন্যান্য মন্ত্রীগণ এই কার্য্যের জন্য তাঁহার বিশেষ প্রশংসা করিতে লাগিলেন। তাঁহারা ইহাও জানাইলেন যে, ধ্যানসিংহ বলিয়া বেড়ান "যে রাজা তাঁহাকে পূর্ব্বমত অধিকার না দিবেন, তাহাকে গদিতে থাকিতে হইবে না।" যে ব্যক্তি এরূপ বলিতে পারে তাহাকে মন্ত্রিত্বপদে রাখা উচিত নয়। ধ্যানসিংহ রটাইয়া দিলেন যে খড়্গসিংহ ও তাঁহার মন্ত্রী চৈতসিংহ রাজ্যভার ইংরাজের হস্তে দিয়া তাহাদিগের পদানত হইয়া রাজ্য করিবে এইরূপ ষড়যন্ত্র করিতেছেন। ইংরাজকে টাকায় ছয় আনা করিয়া কর দিতে হইবে, রাজ্যের শিখসেনাদল ভাঙ্গিয়া সর্দ্দারগণকে কর্ম্ম-চ্যুত করা হইবে ইত্যাদি নানাপ্রকার কথা দেশ মধ্যে প্রচারিত হইয়া জল্পনা হইতে লাগিল। চৈতসিংহ সম্বন্ধেও নানা কলঙ্কের কথা উঠিল। ধ্যানসিংহ শুদ্ধ এই করিয়াই নিশ্চিন্ত হইলেন না। খড়্গসিংহের জ্যেষ্ঠ পুত্র নবনেহাল-সিংহ তখন পেশবারে এবং ধ্যানসিংহ খাইবার-পথে ছিলেন। উভয়ে পত্রদ্বারা পরামর্শ করিতে লাগিলেন। খড়্গসিংহ ধ্যান-সিংহকে বলিয়া পাঠাইলেন যে, কুমার নবনেহালসিংহকে লইয়া তিনি শীঘ্র যেন ফিরিয়া আসেন। ধ্যানসিংহ নবনেহালসিংহের সঙ্গে মিশিলেন। আসিতে আসিতে পথে উভয়ে স্থির করিলেন যে, খড়্গসিংহের ঘোর শত্রুরূপে লাহোরে প্রবেশ করিতে হইবে। কুমার নবনেহাল রাজধানীতে গিয়া অবি-লম্বে খড়্গসিংহকে বন্দী করিবার জন্য ধ্যানসিংহ প্রভৃতিকে অনুমতি করিলেন। ইংরাজের সঙ্গে যেন পত্র চলিয়াছে, এই-রূপ কতকগুলি জাল চিঠিও দেখান হইল। নবনেহালের যদি অল্পমাত্রও পিতার প্রতি ভক্তি থাকিত, তাহাও লোপ হইল। ইংরাজের হস্ত হইতে দেশরক্ষা এতদূর প্রয়োজন বোধ হইল যে নবনেহালের মাতা খড়্গসিংহের পত্নী চাঁদকুমারীও স্বামীর কারাবাসের অনুমতি দিয়া বসিলেন।

রাত্রি তিনটার পর ধ্যানসিংহ, গোলাপসিংহ, সুচেতসিংহ ও কএকজন সর্দ্দার সিন্দবালা-দুর্গে প্রবেশ করিয়া খড়্গসিংহের শয়নকক্ষের নিকটবর্ত্তী হইলেন। তাহারা পথে দুইজন ভৃত্যের প্রাণ বিনাশ করিলেন। খড়্গসিংহ তখন শয়নকক্ষে গিয়া ঈশ্বরের আরাধনা করিতেছিলেন। একজন প্রহরী এমন সময় দুরাত্মাদিগের আগমন বৃত্তান্ত অবগত হইয়া দৌড়িয়া যেমন সংবাদ দিতে যাইবে, এমন সময় ধ্যানসিংহ তাহার প্রতি গুলি চালাইলেন। প্রভুভক্ত ভৃত্য তৎক্ষণাৎ ধরাশায়ী হইল। ইহাতে একটু গোলযোগ হইল। গোলাপ-সিংহ তজ্জন্য ভ্রাতাকে বিলক্ষণ তিরস্কার করিলেন ও বলিলেন যে, যাহা কিছু করিতে হইবে তাহা নিঃশব্দে ও তরবারি দ্বারা করিতে হইবে। নিশীথে নিঃশব্দে দুরাত্মাগণ অগ্রসর হইতে লাগিল। চৈতসিংহ তখন খড়্গসিংহের নিকট ছিলেন। তিনি বিপদ্ বুঝিতে পারিয়া নিকটস্থ কাউবাগ নামক অন্ধকারা-বৃত কুঠারিতে প্রবেশ করিলেন। শয়নকক্ষের অনতিদূরে প্রহরী সেনাদল ছিল। ধ্যানসিংহ তাঁহার ছয় অঙ্গুলিবিশিষ্ট হস্ত বিস্তার করিয়া খড়্গসিংহকে দেখাইয়া দিলেন। সেনাগণ মন্ত্রমুগ্ধবৎ স্থির হইয়া রহিল। দুরাত্মাগণ আসিয়া খড়্গ-সিংহকে বাঁধিয়া ফেলিল। রাণী চাঁদকুমারী ও নবনেহাল-সিংহ এই প্রস্তাব করিয়াছিলেন যে রাজার শরীরে কিছুমাত্র আঘাত করা হইবে না। হয়ত নবনেহাল-সিংহ উপস্থিত না থাকিলে সেই মুহূর্ত্তেই খড়্গসিংহ হত হই-

তেন। চৈতসিংহকে পার্শ্বস্থ গৃহ হইতে টানিয়া আনিয়া ধ্যানসিংহ নিজ হস্তে তাহার বক্ষে ছুরি বসাইয়া দিলেন। তাহার পর দুরাত্মাগণ সকলে মিলিয়া তাহার প্রতি অস্ত্রাঘাত করায় অবিলম্বে চৈতসিংহের মৃত্যু হইল। মহারাজ খড়্গসিংহ দুর্গমধ্যে অবরুদ্ধ আর কুমার নবনেহালসিংহ রাজপদে অভিষিক্ত হইলেন।

রাজ্যমধ্যে ঘোষণা হইয়া গেল যে মহারাজ খড়্গসিংহ রাজ্যের শত্রুতাচরণ করিয়াছিলেন। অতএব তিনি রাজ্যশাসনের অনুপযুক্ত। এজন্য নবনেহালসিংহ রাজ্যভার গ্রহণ করিলেন। কথিত আছে, নবনেহালসিংহ প্রকাশ্যরূপে খড়্গসিংহের নিন্দা করিতেন না। মধ্যে মধ্যে কারাগারে পিতার সহিত সাক্ষাৎ করিতে গিয়া তাঁহাকে নির্ব্বোধ ও কাপুরুষ বলিয়া ভৎর্সনা করিয়া আসিতেন।

মনোদুঃখে খড়্গসিংহের শরীর ভগ্ন হইয়া আসিল। তিনি অসুস্থ হইলেন। চিকিৎসার জন্য কএকজন চিকিৎসক নিযুক্ত হইল। তাহাদের চিকিৎসায় পীড়া আরোগ্য হওয়া দূরে থাকুক, বরং বৃদ্ধি হইতে লাগিল। এদিকে চক্রান্তকারীগণ বলিয়া বেড়াইতে লাগিল যে খড়্গসিংহ পীড়ার ভাণ করিয়া ইংরাজরাজ্যে পলায়নের চেষ্টায় আছেন। নবনেহালসিংহের মনেও এই ধারণা হওয়াতে তিনিও আর পিতাকে দেখিতে যাইতেন না। বরং পিতার চারিদিকে আরও অনেকগুলি প্রহরী রাখিয়া দিলেন। পুত্রের এরূপ ব্যবহারেও খড়্গসিংহের মন হইতে পুত্রস্নেহ হ্রাস নাই। তিনি নবনেহালকে দেখিবার জন্য যতই কাকুতি মিনতি করিতেন, পুত্র সেই পরিমাণ তাহার প্রতি অবিশ্বাস করিতে লাগিলেন। ধ্যানসিংহ ভিতরে ভিতরে উভয়ের বিদ্বেষ বাড়াইয়া দিয়া বাহিরে লোকের কাছে বলিতেন যে, পিতাপুত্রে যাহাতে সদ্ভাব হয়, তাহার জন্য তিনি নিয়ত চেষ্টা করিতেছেন। কখনও বা পিতাকে দেখিতে যাইবার জন্য পুত্রকে অনুরোধ করিতে করিতে তাহার দুই চক্ষু জলে ভাসিয়া যাইত। পিতার নিকটও ঐরূপ গিয়া বলিতেন যে, এত চেষ্টা করিয়াও তিনি কোন মতে নবনেহালসিংহকে বুঝাইতে পারিলেন না।

খড়্গসিংহকে অধিককাল এ যন্ত্রণা সহ্য করিতে হয় নাই। অবিলম্বেই তাঁহার মৃত্যু হইল। কথিত আছে, ঔষধের সহিত সফেদা ও রসকর্পূর সেবন করান হইত। মৃত্যুর পূর্ব্বে খড়্গসিংহ যন্ত্রণায় অস্থির হইয়া "আমার একমাত্র পুত্রকে একবার দেখাও, আমি তাহাকে পাপ হইতে মুক্ত করি" এইরূপ আক্ষেপ করিতেন। ধ্যানসিংহ পুত্রের নিকট গিয়া বলিতেন, খড়্গসিংহের বিকার উপস্থিত, তিনি শুদ্ধ পুত্রকে গালি দিতেছেন।

১৮৪০ খৃষ্টাব্দে ৫ই নবেম্বর খড়্গসিংহের মৃত্যু হয়। মৃত্যুর সংবাদ পুত্রের নিকট পাঠান হইল। পুত্র তখন শীকার করিতেছিলেন। সংবাদ পাইয়াও তিনি শীকার বন্ধ করিলেন না। দুই ঘণ্টা পরে শীকার হইতে ফিরিয়া পিতৃদেহ সৎকারের অনুমতি দিলেন। হাজারীবাগে রাজবাটীর নিকটে চিতা প্রজ্বলিত হইল। নবনেহাল ও ধ্যানসিংহ দাঁড়াইয়া দেখিতে লাগিলেন। নবনেহালের আর দেরী সহিল না। পিতার মৃতদেহ চিতায় জ্বলিতেছে, কিন্তু তিনি পদব্রজে নিকটস্থ খালে স্নান করিতে গেলেন। স্নান করিয়া প্রত্যাগমন করিবার সময় তিনি ও গোলাপসিংহের পুত্র মিয়া উত্তমসিংহ একটী খিলানের নিম্ন দিয়া যেমন যাইবেন, অমনি সেই খিলান ভাঙ্গিয়া উভয়ের মস্তকে পড়িল। উত্তমসিংহের তৎক্ষণাৎ মৃত্যু হইল। পিতৃদ্বেষী নবনেহালসিংহও কিছুক্ষণ পরে দারুণযন্ত্রণায় ছটফট করিতে করিতে কালগ্রাসে পতিত হইলেন। ১৭ই নবেম্বর এই দুর্ঘটনা ঘটে।

খড়্গহস্ত (ত্রি) খড়্গোহস্তে যস্য বহুব্রী। ১ যে খড়্গ ধারণ করে, যাহার হাতে খড়্গ আছে। (দেশজ) ২ ক্রুদ্ধ।

খড়্গারীট (পুং) খড়্গস্যারিরিব এটতি গচ্ছতি ইট-ক। ১ চর্ম্মময় ফলক, ঢাল। খড়্গাৎ তদ্ধারাতুল্যব্রতং আর্হতি খড়্গ-আ-ঋ-কীটন্। ২ যে অসিধারা ব্রত করে, অসিধারা ব্রতধারী।

খড়্গাবলোক, শাণিত খড়্গের ন্যায় যাহার দৃষ্টি তীক্ষ্ণ। এক রাজার নাম বা উপাধি। কোহ্লাপুর রাজ্যে সামঙ্গদ নামক স্থানের এক পাহাড়ীয় দুর্গে একটী তাম্রশাসন পাওয়া যায়, উহাতে ৬৭৫ শকে দন্তিদুর্গ, দন্তিবর্ম্ম বা খড়্গাবলোকের দানের কথা লিখিত আছে। তাম্রশাসনে লিখিত আছে যে গোবিন্দরাজের পুত্র শ্রীকর্করাজ। কর্করাজের পুত্র ইন্দ্ররাজ। এই ইন্দ্ররাজের পুত্র শ্রীদন্তিদুর্গরাজ বা খড়্গাবলোক শ্রীদন্তিদুর্গরাজদেব।

খড়িগক (পুং) খড়্গাঃ খড়্গাকারোঽস্ত্যস্য ঠন্। ১ মহিষীদুগ্ধের ফেন। খড়্গেন চরতি খড়্গ-ঠন্। ২ শৌণিক, মৃগয়াকারী। (মেদিনী)

খড়িগধেনু (স্ত্রী) খড়্গিনী চাসৌ ধেনুশ্চেতি, কর্ম্মধা, জাতিত্বাৎ খড়্গিনীশব্দস্য পূর্ব্বনিপাতঃ (পোটাযুবতিস্তোককতিপয়-সৃষ্টিধেনুবশাবেহদ্বষ্কয়ণীপ্রবক্তৃশ্রোত্রিয়াধ্যাপকধূর্ত্তৈর্জ্জাতিঃ। পা ২।১।৬৫) পুংবচ্চ। গণ্ডকজাতিস্ত্রী।

"খড়্গিধেনুকানাং ত্রাসপরিভ্রষ্টপোতান্বেষিণীনাং" (কাদম্বরী)

খড়্গীমার (পুং) খড়্গিনং মারয়তি মৃ-ণিচ্-অণ্ উপপদ সং। ১ অস্ত্রবিশেষ। ২ খড়্গাকোষলতা। (শব্দচন্দ্রিকা)

খড়্গী [ন্] (পুং স্ত্রী) খড়্গাস্তদাকারঃ শৃঙ্গং অস্ত্যস্য খড়্গ-

ইনি। ১ গণ্ডক। সুশ্রুতোক্ত আনূপবর্গে কুলচরের অন্তর্গত, পর্য্যায়—গণ্ডক, খড়্গ, খড়্গমৃগ, ক্রোড়ী, যুগ্ম, তুঙ্গমুখ, বলী, বজ্রচর্ম্মা, বার্দ্ধীনস, একচর, গণোৎসাহ, গণ্ড, স্বনোৎসাহ। ইহার মাংসের গুণ বলকারী, বৃংহণ, গুরু, কফ ও বায়ুনাশক, কষায়, পবিত্র, পিতৃলোকতৃপ্তিকর, আয়ুস্কর, মূত্ররোধকারী ও রূক্ষ। (রাজবল্লভ) [গণ্ডার দেখ।] স্ত্রীলিঙ্গে ঙীপ্ হইয়া খড়্গিনী শব্দ হয়। ২ মহাদেব। (ত্রি) খড়্গোঽস্ত্যস্য খড়্গ-ইনি। ৩ খড়্গধারী।

খড়্গীক (ক্লী) খড়্গো তৎকর্ম্মণি কুশলং খড়্গ বাহুলকাৎ ঈকঃ। দাত্র, দা।

খণ্ড (পুং) খন-ড (ঞমন্তাদ্ ডঃ। উণ্ ১।১১৩) ১ ইক্ষুবিকার, একপ্রকার গুড়, চলিত কথায় খাড় বলে। (রাজনি°) ইহার গুণ—অতিশয় বৃষ্য, চক্ষুর হিতকর, বাত ও পিত্তনাশক, মধুর, বৃংহণ, শীতল, স্নিগ্ধ, বলকর ও বাতনাশক। (ভাবপ্রকাশ)

২ ভেদ। "খণ্ডং খণ্ডং যযুর্ঘনাঃ।" মার্ক° চণ্ডী।

(ক্লী) ৩ বিড়্লবণ। (রাজনি°) (পুং ক্লী) ৪ একদেশ। (অমর) (ত্রি) খড়ি কর্ম্মণি ঘঞ্। ৫ খণ্ডিত। (পুং) ৬ মণিদোষ। ৭ যোগিবিশেষ। (হটযোগপ্র° ১।৮) ৮ অসভ্যজাতিবিশেষ। [কন্ধ দেখ।]

খণ্ডক (পুং) খণ্ডেন নির্বৃত্তং খণ্ড-ঋষ্যাদিত্বাৎ ক। ১ খণ্ডনির্ম্মিত সিতাখণ্ড, শর্করাবিশেষ। (রাজনি°) (ত্রি) খণ্ডয়তি খড়ি-ণ্বুল্। ২ ছেদক।

খণ্ডকথা (স্ত্রী) খণ্ডঃ খণ্ডিতা কথা। স্বল্প কথা।

খণ্ডকপালীয়া (দেশজ) যাহার অদৃষ্ট অতিশয় মন্দ।

খণ্ডকর্ণ (পুং) খণ্ডইব কর্ণোযস্য বহুব্রী। আলুবিশেষ, শকরকন্দ। পর্য্যায় বজ্রকন্দ। ইহার গুণ—কফ ও পিত্তনাশক এবং কটুপাক।

খণ্ডকাদ্যলৌহ (পুং) চক্রদত্তোক্ত একপ্রকার ঔষধ। ইহার প্রস্তুত প্রণালী—শতাবরী, গুড়ূচী, বাসক, মুণ্ড (লৌহবিশেষ), বলা, তালমূলী, খদির, ত্রিফলা, বামনহাটী, পদ্মমূল, এই কএকটী দ্রব্যের প্রত্যেক ৫ পল পরিমাণ লইয়া এক দ্রোণ জলে পাক করিবে। অষ্টমাংস অবশিষ্ট থাকিতে দিব্যৌষধ ও মাক্ষিকদ্বারা মারিত রুক্মলৌহের চূর্ণ ১২ পল দিবে। তৎপরে ১৬ পল ঘৃত দিয়া গুড়পাকের ন্যায় পাক করিবে। তাম্রপাত্রে পাক করা বিধেয়। পাক প্রায় শেষ হইলে ১ সের মধু, শিলাজতু, দারুচিনি, শৃঙ্গী, বিড়ঙ্গ, কিস্‌মিস্, শুণ্ঠী, কৃষ্ণজীরা, ত্রিফলা, ধনিয়া, তেজপত্র ও মরিচ ইহাদের প্রত্যেকের একপল পরিমিত চূর্ণ তাহাতে নিক্ষেপ করিবে। ভালরূপে মন্থন করিয়া নামাইবে এবং স্নিগ্ধপাত্রে স্থাপন করিবে। গব্যক্ষীর অনুপানযোগে ইহা সেবনীয়। মাংসের যূষ ও দুগ্ধ ইহার উপকারী। ছাগ, পারাবত, তিত্তির, ক্রকর, শশ, হরিণ, কৃষ্ণসার, ইহাদের মাংস সেবন করিবে। নারিকেলের জল, বাস্তুক শাক, পটোল, বৃহতী, বেগুণ, পাকা আম, খেজুর, দাড়িম ও আনূপমাংস একান্ত বর্জনীয়। এই ঔষধ রক্তপিত্ত, ক্ষয়রোগ, কাস, পক্তিশূল, বাতরক্ত, প্রমেহ, শীতপিত্ত, বমি, ক্লম, পাণ্ডুরোগ, কুষ্ঠ, প্লীহা, আনাহ, রক্তস্রাব ও অম্লপিত্তরোগে প্রযোজ্য। ইহার গুণ—চক্ষুর হিতকর, বৃংহণ, বলকর, প্রীতিবর্দ্ধক, কামদ, অগ্নিবর্দ্ধক ও লাবণ্যকর। (চক্রদত্ত)

খণ্ডকালু (পুং) খণ্ডইব কায়তি কৈ-ক ততঃ কর্ম্মধা°। আলুবিশেষ, শকরকন্দ। (শব্দচন্দ্রিকা)

খণ্ডকাব্য (ক্লী) খণ্ডং কাব্যস্য একদেশানুসারিকাব্যং কর্ম্মধা°। যে কাব্য সংপূর্ণ কাব্যলক্ষণযুক্ত নহে, তাহাকে খণ্ডকাব্য বলে। "খণ্ডকাব্যং ভবেৎকাব্যস্যৈকদেশানুসারি চ।"

(সাহিত্যদর্পণ ৬ প°)

খণ্ডকুষ্মাণ্ডক (পুং) খণ্ডেন পক্কং কুষ্মাণ্ডমত্র বহুব্রী, কপ্। চক্রদত্তোক্ত ঔষধবিশেষ। [কুষ্মাণ্ডরসায়ন দেখ।]

খণ্ডখণ্ড (ত্রি) যাহাকে টুকরা টুকরা করিয়া ছেদন করা হইয়াছে।

খণ্ডখর্জ্জুর (ক্লী) খণ্ডেন পক্কং খর্জ্জুরং মধ্যপদলো°। খণ্ড পক্ক খর্জ্জুর, স্বাদু খর্জ্জুর।

খণ্ডখাদ্য, ব্রহ্মগুপ্ত প্রণীত একখানি জ্যোতিঃশাস্ত্র।

খণ্ডগিরি, উড়িষ্যার অন্তর্গত পুরী জেলার মধ্যে একটী পাহাড়। কটক হইতে পুরী যাইবার যে রাস্তা আছে, তাহা হইতে পশ্চিমে প্রায় ৬ ক্রোশ, ভুবনেশ্বর হইতে পূর্ব্বে ২৷৷০ ক্রোশ দূরে, অক্ষা° ২০°১৬´ উঃ ও দ্রাঘি° ৮৫°৫০´ পূঃ মধ্যে অবস্থিত। এই পাহাড়টী বালুপাথরের। এই পাহাড়ে যে কত আশ্চর্য্য আশ্চর্য্য কাণ্ড দেখা যায়, তাহা বর্ণনাতীত। ইহার পার্শ্ববর্ত্তী হটিকিয়া গ্রামের দিকে একটী খাত আছে। এইখানে তিনটী চমৎকার গুহা, দক্ষিণদিকের গুহার আরও দক্ষিণে চারিদিকে গোল ও ধুতুরা ফুলের মত একটী জলাশয় আছে, উহার উপরিভাগ প্রশস্ত ও নিম্নদেশ ক্রমশঃ সরু, এই জলাশয়ের নাম আকাশগঙ্গা। গ্রীষ্মকালে ইহাতে জল থাকে না। সেই স্থান হইতে আরম্ভ করিয়া বামদিক্ দিয়া পাহাড়ের চারিদিকে ভ্রমণ করিয়া কোথায় কি কি দেখিতে পাওয়া যায়, তাহার বিবরণ নিম্নে দেওয়া যাইতেছে।

প্রথমতঃ পাহাড়ের নিম্নদেশে একটী মন্দির। তাহার

উত্তরাংশে পাশাপাশি দুইটী অসম্পূর্ণ গুহা-মন্দির। গুহা দুইটী যে মানবনির্ম্মিত, তাহা বেশ বুঝা যায়। এখনও তাহাতে অস্ত্রের দাগ রহিয়াছে। গুহা-মন্দির নির্ম্মাণের উপযোগী করিবার জন্য স্বতন্ত্র ও দেওয়ালের সঙ্গে গাঁথা স্তম্ভ ও ছাদ নির্ম্মিত হইয়াছিল। ইহার সম্মুখে বারাণ্ডা, ভিতরে গৃহ। বারাণ্ডার চারিদিকে বেদী। সম্মুখভাগে তিনটী স্বতন্ত্র স্তম্ভ। এতদ্ব্যতীত পার্শ্বভাগের দেওয়ালের সহিত সংলগ্ন আর দুইটী স্তম্ভ আছে। স্তম্ভের মস্তকে ছাদের নিম্নে নানাবিধ মূর্ত্তি খোদিত। বাহিরে বামদিকে দ্বারের উপরিভাগে একটী শিল্পলিপি খোদিত আছে। স্তম্ভের মধ্যে মধ্যে চারিটী গৃহের চারিটী দ্বার। দ্বারগুলির সম্মুখভাগে উপরদিকে দুইপার্শ্বে ২টী করিয়া সর্পমূর্ত্তি। সর্প ফণা বিস্তার করিয়া রহিয়াছে। দ্বারের উপর অর্দ্ধ গোলাকৃতি ভিত্তির উপর নানাবিধ মূর্ত্তি খোদিত। তাহার অনেক অংশ ভাঙ্গিয়া গিয়াছে। অবশিষ্টগুলির মধ্যে এইগুলি দেখা যায়। কএকটী হস্তী, চারিটী অশ্বযুক্ত রথের উপর একছত্রধারী রাজা, এবং পদ্মহস্তা কমলেকামিনীর দুইপার্শ্বে দুইটী হস্তী শুণ্ড উচ্চ করিয়া তাঁহার মাথায় যেন জল ঢালিতেছেন। কোথাও বোধিবৃক্ষ, তাহার উপর রাজছত্র ও পার্শ্বে লোক জন দাঁড়াইয়া আছে। খিলানের নিম্নে বিটের উপরপার্শ্বে নানামূর্ত্তি। দেয়ালের উপর মধ্যভাগে বোধিবৃক্ষ ও স্বস্তিক প্রভৃতি বৌদ্ধচিহ্ন। যে খোদিত লিপি আছে, তাহার অধিকাংশই উঠিয়া গিয়াছে। অক্ষরগুলি অতি পুরাতন। সম্ভবতঃ পনের বা ষোলশত বর্ষের পূর্ব্বেকার হইবে। এই গুহার নাম অনন্তগুহা (গোফা)।

এই স্থানে পাহাড়ের নিম্নদেশে একটী চতুষ্কোণ গুহা আছে। ইহা দৈর্ঘ্যে ১২ হাত ও প্রস্থে ১১৷৷০ হাত। পূর্ব্বোক্ত অনন্তগুহার মত ইহার তিনটী দ্বার। ভারহুত লিপির মত অক্ষর খোদিত আছে। [ভারহুত দেখ।] বৌদ্ধদিগের ধরণে চারিদিকে রেল দেওয়া দ্বারের উপর খোদিত পদ্মাকৃতি, অপর সকল বিষয়ে ইহা অনন্তগুহার মত, কেবল স্তম্ভগুলি অষ্টকোণী। বারাণ্ডার মেজে অভ্যন্তরস্থ গৃহের মেজে অপেক্ষা প্রায় ১৫ ইঞ্চি নিম্ন। অনন্তগুহার মত ইহার বারাণ্ডার চারিদিকে বেঞ্চির মত বেদী আছে। একটী স্তম্ভের নিম্নদেশ ভাঙ্গিয়া গিয়াছে। উপর হইতে ঝুলিতেছে। মস্তকের কার্ণিসের নিম্নে একটীর পর একটী করিয়া প্রস্তর বাহির হইয়া রহিয়াছে, হঠাৎ দেখিলে বোধ হয় যেন কড়ির অপরদিক্ বাহির হইয়া আছে। মন্দিরের অভ্যন্তরে চন্দ্র সূর্য্য ও নানা দেবদেবীর মূর্ত্তি খোদিত। স্থানে স্থানে শিল্পলিপি আছে। তাহার অনেক অক্ষর উঠিয়া যাওয়ায় এক্ষণে অপাঠ্য হইয়া উঠিয়াছে। অক্ষরগুলি কতদিনের তাহার নির্ণয় করা সুকঠিন। এই গুহার নিম্নদেশে আর একটী ঐরূপ গুহামন্দির খোদিত আছে।

এই স্থান হইতে আরও কিয়দ্দূর গিয়া আর একটী গুহা দেখা যায়। উহাতে শিল্পাংশ বড় নাই। উহা স্বাভাবিক, তবে মানবহস্ত দ্বারা আরও বর্দ্ধিতায়তন হইয়াছে। ইহার নিকট দুই প্রকোষ্ঠবিশিষ্ট আর একটী গুহানির্ম্মিত হইয়াছে। এই গুহাতে তেমন আড়ম্বর নাই। ইহাতে উঠিবার সুদীর্ঘ সোপানশ্রেণী আছে। ইহার পার্শ্বে আর দুইটী ছোট ছোট গুহা। মধ্যে একটী রং দেওয়া জগন্নাথদেবের মূর্ত্তি আছে। অপরটী ভাঙ্গিয়া গিয়াছে। তাহার পরে আর একটী গুহা। ইহারও ভগ্নদশা। ইহার উপরিভাগে আর একটী গুহা। উপর হইতে চিড় আসিয়া নিম্ন পর্য্যন্ত বিস্তৃত হইয়া খণ্ডাকৃতি ধারণ করিয়াছে। ইহা হইতে পাহাড়ের নাম খণ্ডগিরি হইয়াছে।

আরও খানিক দূর গমন করিলে একটী বড় গুহা দেখা যায়। উহার দুইটী স্তম্ভ, সুতরাং উহাতে তিনটী প্রকোষ্ঠ আছে। ইহার সমস্তই দালান, ভিতরে গৃহ নাই, মধ্যে কএকটী খোদিতলিপি আছে, তাহা পাঠ করা দুঃসাধ্য। ইহার অনতিদূরে একটী যোড়া গুহা। ইহাদের মধ্যে একটী প্রাচীর আছে বটে, কিন্তু গৃহাভ্যন্তর দিয়া একটী হইতে অপরটীতে যাইবার দ্বার আছে। ইহাতেও অনেক খোদিত মূর্ত্তি দেখা যায়। সে মূর্ত্তি বৌদ্ধ ও জৈন দেবদেবীর। এক এক স্থানে যুগলমূর্ত্তি আছে। কোন কোনটীর সঙ্গে বৃষ, হস্তী, অশ্ব, বানর, পদ্ম, অশ্বত্থ, চক্র ও সর্পমূর্ত্তি আছে। ইহার মধ্যে আদিনাথ, অজিতনাথ, সম্ভবনাথ প্রভৃতি জৈন তীর্থঙ্করের মূর্ত্তি এবং শাক্যবুদ্ধের মূর্ত্তিও আছে। চিত্রগুলিতে বিশেষ নৈপুণ্য দেখা যায়। ইহার নিম্নভাগে গণেশ, অষ্টশক্তি ও বুদ্ধদিগের মূর্ত্তি। এই গুহার চারিদিকে বেদী। এখান হইতে আরও কিয়দ্দূর গিয়া নানাবিধ মূর্ত্তি শোভিত আর একটী গুহা দেখা যায়। ইহার উপর লেখা আছে, "শ্রীমধুদৈত্যকেশরীদেবস্য প্রবর্দ্ধমানবিজয়রায়স্য সম্বৎ" ইত্যাদি। ইহার তিনদিকে নানাবিধ মূর্ত্তি ও খোদিত লিপি আছে, তাহার কতক বুঝা যায়, কতক বুঝা যায় না। স্থানে স্থানে অনেক রমণী মূর্ত্তি আছে। কেহ দশভুজা, কেহ চতুর্ভুজা, কেহ অষ্টভুজা বা দ্বাদশভুজা। স্ত্রী মূর্ত্তির কএকটীর সহিত পুরুষ ও তাহাদের বাহনের মূর্ত্তি আছে। এইরূপ কত শত ভিন্ন মূর্ত্তি পড়িয়া রহিয়াছে।

এই গুহার পার্শ্বে আর একটী গুহা। ইহাও পূর্ব্বের ন্যায়

দেখিলে বেশ বোধ হয় যে পুরাতন গুহা ভাঙ্গিয়া যাওয়ায়, স্থানে স্থানে উহা পুনর্ব্বার নির্ম্মিত হইয়াছে। ইহা জৈনদিগের আদিনাথের মন্দির, এখনও জৈনদিগের অধিকারে রহিয়াছে। এখানে চতুর্বিংশ তীর্থঙ্কর ও তাঁহাদের চিহ্নাদি আছে।

এইরূপ পাহাড়ের চারিদিকেই গুহা-মন্দিরের চিহ্ন পড়িয়া আছে। কোথাও কোনটী সম্পূর্ণ, কোনটী অসম্পূর্ণ, কোনটীর বা ভগ্নাবশেষ দেখিতে পাওয়া যায়। এক স্থানে পাহাড়ের মধ্যে একটী জলাশয় আছে। তাহার সোপানাবলীর পরিসর এত অল্প যে, তাহা দিয়া অবতরণ করা দুঃসাধ্য। খণ্ডগিরি দেখিলে বেশ বোধ হয় যে ইহা জৈনদিগের তীর্থস্থান ছিল। পাহাড়টী গুহাতে পরিপূর্ণ। কোন্ সময় যে এই গুহাগুলি নির্ম্মিত হয়, তাহা ঠিক বলা যায় না। যাহা হউক ইহা দর্শকের একটী দেখিবার জিনিস বটে।

খণ্ডঘোষ, ১ বর্দ্ধমানজেলার একটী উপবিভাগ। বর্দ্ধমান হইতে সোণামুখী ও বাঁকুড়া যাইবার পথে অবস্থিত।

২ উক্ত বিভাগের প্রধান নগর। এখানে থানা ও আদালত আছে। অক্ষা° ২৩°১২´৩০´´ উঃ ও দ্রাঘি° ৮৭°৪৪´২০´´ পূঃ।

খণ্ডজ (পুং) খণ্ডইব জায়তে জন-ড। ১ গুড়। ২ শর্করা, চিনি। (রাজবল্লভ।) ৩ যবাসশর্করা, (রাজনি°)। চলিত কথায় মেনা।

খণ্ডজোদ্ভবজ (পুং) খণ্ডজ উদ্ভবো যস্য তস্মাৎ জায়তে জন-ড। যবাসশর্করা দ্বারা প্রস্তুত খণ্ডবিশেষ। (রাজনি°)

খণ্ডতারণ, চম্পারণজেলার একটী নগর।

খণ্ডতাল (পুং) তালবিশেষ, একতালা।

"দ্রুতমেকং ভবেদ্যত্র খণ্ডতালঃ স উচ্যতে।" (সঙ্গীতদামোদর)

খণ্ডদেব, অপর নাম শ্রীধরেন্দ্র, একজন বিখ্যাত দার্শনিক, রুদ্রদেবের পুত্র, জগন্নাথপণ্ডিতরাজ ও শম্ভুভট্টের গুরু। ১৬৬৫ খৃষ্টাব্দে ইনি কাশীধামে প্রাণত্যাগ করেন। ইঁহার বিরচিত ভাট্টদীপিকা ও মীমাংসাকৌস্তভ নামে জৈমিনীসূত্রের টীকা এবং ভাট্টরহস্য নামক সংস্কৃত গ্রন্থ পাওয়া যায়।

ভাট্টদীপিকার আবার অনেকগুলি টীকা আছে, তন্মধ্যে খণ্ডদেবের শিষ্য শম্ভুভট্ট কর্ত্তৃক ১৭০৮ খৃষ্টাব্দে রচিত 'ভাট্টদীপিকাপ্রভাবলী' প্রধান।

খণ্ডধার বা কুণ্ডধার, স্থানবিশেষ। গণ্ডালের ৫ ক্রোশ পশ্চিমে। এখানে একটী দুর্গ আছে। ইহা গণ্ডালের সামন্ত লাখাজির অধিকারে ছিল। ১৮০৯ খৃষ্টাব্দে, ইংরাজগণ ইহা জয় করেন।

খণ্ডধারা (স্ত্রী) খণ্ডে একদেশে ধারা যস্যাঃ বহুব্রী। কর্ত্তরী, কাঁচি।

খণ্ডন (ক্লী) খড়ি-ভাবে ল্যুট্। ১ ভেদন। ২ নিরাকরণ। ৩ ছেদন। "ঘটয় ভুজবন্ধনং জনয় রদখণ্ডনং দেহি পদপল্লবমুদারম্" জয়দেব।

খড়ি করণে ল্যুট্। ৪ পরমতাদি নিরাকরণ শাস্ত্রবিশেষ।

"ষষ্ঠঃ খণ্ডনখণ্ডখাদ্য—সহজক্ষোদক্ষমে" (নৈষধচরিত)

খণ্ডনখণ্ডখাদ্য নামে খ্যাত, শ্রীহর্ষ প্রণীত একখানি গ্রন্থ। ইহাতে সকল পদার্থের নিরুক্তির খণ্ডনপ্রণালী অতি সুন্দর ভাবে বর্ণিত আছে। ইহার চারিটী পরিচ্ছেদ। প্রথম পরিচ্ছেদে প্রমাণ ও প্রমাণাভাষের নিরুক্তিখণ্ডন, দ্বিতীয় পরিচ্ছেদে হেত্বাভাষ ও নিগ্রহস্থানের নিরুক্তিখণ্ডন, তৃতীয় পরিচ্ছেদে সর্ব্বনামার্থের নিরুক্তিখণ্ডন এবং চতুর্থ পরিচ্ছেদে ভাব, অভাব ও সত্তা প্রভৃতি পদার্থের নিরুক্তি খণ্ডনপ্রণালী বর্ণিত আছে, নৈয়ায়িক শিরোমণি রঘুনাথ ইহার টীকা রচনা করেন। এই দুই ন্যায় গ্রন্থ ভাল করিয়া অভ্যাস করিলে বিচারমল্ল হইতে পারা যায়।

(ত্রি) খড়ি-কর্ত্তরি ল্যু। ৫ খণ্ডক, যে খণ্ড করে।

খণ্ডনা (স্ত্রী) খড়ি ভাবে যুচ্ টাপ্। ১ খণ্ডন। ২ ছেদন।

"শব্দার্থনির্বচনখণ্ডনয়া নয়ন্তঃ" (খণ্ডনখণ্ডখাদ্য ১ পরিং°)

খণ্ডনীয় (ত্রি) খড়ি-অনীয়র্। যাহার খণ্ডন করা উচিত, খণ্ডনযোগ্য। "ত্বরা দর্ভময়ানি পাশানি খণ্ডনীয়ানি" (পঞ্চতন্ত্র)

খণ্ডপত্র (ক্লী) নানাবিধ পত্রগুচ্ছ।

খণ্ডপরশু (পুং) খণ্ডয়তি শত্রূন্ খণ্ডঃ তাদৃশঃ পরশুর্যস্য বহুব্রী। ১ শিব। "পিনাকিনং খণ্ডপরশুং লোকানাং পতিমীশ্বরম্।" (ভারত ৭ পং রুদ্রমাহাত্ম্য)

২ বিষ্ণু।

"সুধন্বা খণ্ডপরশুর্দারুণোদ্রবিণপ্রদঃ।" (ভারত ১৩।১৪৯।৭৪)

৩ জামদগ্ন্য।

"যেনৈব খণ্ডপরশুর্ভগবান্ প্রচণ্ডঃ।" (বীরচরিত)

খণ্ডপশু (পুং) খণ্ডয়তি শত্রূন্ ইতি খণ্ডস্তাদৃশঃ পশুর্যস্য বহুব্রী। ১ পরশুরাম। ২ শিব। ৩ চূর্ণলেপী। ৪ রাহু। ৫ ঔষধবিশেষ, খণ্ডামলক। ৬ ভগ্নদন্ত হস্তী। (শব্দরত্নাবলী)

খণ্ডপাড়া, উড়িষ্যার অন্তর্গত একটী দেশীয় রাজ্য। অক্ষা° ২০° ১১´ ১৫´´ হইতে ২০° ২৫´ উঃ ও দ্রাঘি° ৮৫° ১´ হইতে ৮৫° ২৪´ ৪০´´ পূঃ মধ্যে অবস্থিত। ইহার উত্তরে মহানদী, দক্ষিণে পুরী ও নয়াগড়, পূর্ব্বে বাঁকি ও পুরীজেলা ও পশ্চিমে দশপাল্লা। পূর্ব্বে ইহা নয়াগড়ের অংশ ছিল। ২০০ শত বৎসর পূর্ব্বে নয়াগড়ের এক রাজা খণ্ডপাড়ায় স্বতন্ত্র রাজ্য স্থাপন করেন। খণ্ডপাড়ার রাজা ক্ষত্রিয় বলিয়া পরিচয় দেন। নটবর মুরদরাজ ভ্রমবর রায় এখন রাজা। ইনি প্রথম রাজা হইতে অষ্টম পুরুষ।

রাজ্য বড়ই উর্ব্বরা বলিয়া এখানে প্রচুর শস্য উৎপন্ন

হয়। কুঠারিয়া ও দাউকা নামক মহানদীর দুইটী শাখা এই রাজ্যের ভিতর দিয়া গিয়াছে। এখানকার সমতল ভূমিতে আম্র ও বটবৃক্ষ আর পার্ব্বত্যপ্রদেশে শালবৃক্ষ প্রচুর দেখিতে পাওয়া যায়।

খণ্ডপাণি (পুং) পুরুবংশীয় একজন রাজা। (বিষ্ণুপু° ৪।২১ অঃ)

খণ্ডপাল (পুং) খণ্ডং পালয়তি খণ্ডপালি-অণ্। (কর্ম্মণ্যণ্। পা ৩।২।১।) ময়রা, মোদক। (হারাবলী)

খণ্ডপ্রলয় (পুং) খণ্ডস্য ভূম্যাদিখণ্ডস্য প্রলয়ঃ ৬তৎ। কালবিশেষ, যে কালে ভূমি প্রভৃতি ভূত পদার্থের নাশ হয়। ব্রহ্মার দিনের অবসানে ক্ষিতি জল তেজ ও বায়ু এই চারিটী ভূতের বিনাশ হয় এবং পুনর্ব্বার রাত্রির অবসানে উৎপত্তি হইয়া থাকে। ব্রহ্মার রাত্রিকেই খণ্ডপ্রলয় বলা যাইতে পারে। বৈদান্তিকগণ ইহাকে প্রাকৃতিক লয় বলিয়া থাকেন।

হরিবংশে খণ্ডপ্রলয়ের বিষয় এইরূপ বর্ণিত আছে—একবিংশতি যুগে এক মন্বন্তর হয়। ১৪টী মন্বন্তরে ব্রহ্মার এক দিন। ব্রহ্মার দিনের অবসানে রুদ্রদেব সংহার মূর্ত্তি ধারণ করিয়া প্রাণিগণের শরীর বিনাশ করিতে আরম্ভ করেন। দেব, দৈত্য, যক্ষ, রাক্ষস, কিন্নর, দেবর্ষি, ব্রহ্মর্ষি, রাজর্ষি, গন্ধর্ব্ব, অপ্সরা, পশুপক্ষী প্রভৃতি সকল জাতীয় প্রাণিগণের শরীরই বিনষ্ট হয়। ক্রমে নদ নদী পর্ব্বত প্রভৃতিও ধ্বংস হয়। (হরিবংশ ১৯৮ অঃ)

হরিবংশের আর এক স্থানে বর্ণিত আছে যে খণ্ডপ্রলয়ের পূর্ব্বে সূর্য্যের কিরণের ভয়ানক তীক্ষ্ণতা হয়। বোধ হয় যেন এককালে সহস্র সূর্য্যের উদয় হইয়াছে, সূর্য্যের দারুণ কিরণে নদ নদী সমুদ্র কূপ তড়াগ নির্ঝর প্রভৃতি জলাশয় সকল শুকাইয়া যায়। পৃথিবী শুষ্ক হইলে সূর্য্যকিরণ ক্রমে রসাতলে প্রবেশ করিয়া তথাকার জলও শোষণ করিয়া থাকে। এই সময়ে বায়ুও অতিশয় প্রবল হইয়া সমস্ত পদার্থ বিনাশ করিতে থাকে। সম্বর্ত্তক নামক অগ্নি অতিশয় প্রজ্বলিত হইয়া পর্ব্বত, বৃক্ষ, গুল্ম, লতা প্রভৃতি সমস্ত ভৌতিক পদার্থ দাহ করিতে থাকে। ক্রমে সকলই ভস্মীভূত হইয়া যায়। ভৌতিক কোন পদার্থই থাকে না, কেবল একমাত্র হরিই বিদ্যমান থাকেন। (হরিবংশ ১৯৯ অঃ)

দার্শনিক মতে পৃথিবী জলে, জল তেজে, তেজ বায়ুতে এবং বায়ু আকাশে লীন হয়। আকাশ ও ইন্দ্রিয়গণ অহংকারে, অহঙ্কার মহত্তত্বে এবং মহত্তত্ব প্রকৃতিতে লয় হয়। তখন সত্ত্ব, রজঃ ও তমোগুণের সাম্যাবস্থা হইয়া থাকে। এই অবস্থাকে প্রাকৃতিক লয় বা খণ্ডপ্রলয় বলে। [লয় দেখ।]

২ বিবাদ, বিসম্বাদ।

খণ্ডফণ (পুং) দর্ব্বীকর জাতীয় একপ্রকার সর্প।

"লোহিতাক্ষো গবেধুকঃ পরিসর্পঃ খণ্ডফণঃ।" (সুশ্রুত কল্প ৪ অঃ)

খণ্ডভট্ট, সংস্কারভাস্কর নামক সংস্কৃত গ্রন্থপ্রণেতা, ইহার পিতার নাম ময়ূরেশ্বর।

খণ্ডমোদক (পুং) খণ্ডইব মোদয়তি মুদ-ণিচ্-ণ্বুল্। সিতাখণ্ড, যবাসশর্করা। (রাজনি°) চলিত কথায় মেনা বলে।

খণ্ডমণ্ডল (ক্লী) ঠিক মণ্ডলাকার নহে। (Segment of a circle.)

খণ্ডময় (ত্রি) খণ্ড-ময়ট্। যাহা খণ্ড খণ্ড হইয়া গিয়াছে। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হইয়া খণ্ডময়ী শব্দ হয়।

"জীর্ণা শতখণ্ডময়ী চ কন্থা।" (ভর্ত্তৃহরি ৩।১৬)

খণ্ডর (ত্রি) খণ্ড-অশ্বাদিত্বাৎ রঃ। (পা ৪।২।৮০) খণ্ডের সন্নিহিত দেশাদি।

খণ্ডরাজ দীক্ষিত, গোদালহরী নামে সংস্কৃত কাব্যকার।

খণ্ডল (পুং ক্লী) খণ্ডং লাতি খণ্ড-লা-ক। খণ্ডধর, যে খণ্ড ধারণ করে। এই শব্দটী অর্দ্ধাদি গণান্তর্গত বলিয়া উভয় লিঙ্গ।

খণ্ডলবণ (ক্লী) খণ্ড্যতে খড়ি-কর্ম্মণি-ঘঞ্ খণ্ডশ্চাসৌ লবণশ্চেতি কর্ম্মধাং। বিড্‌লবণ। (রাজনি°)

খণ্ডব [খণ্ডল দেখ।]

খণ্ডবা, মধ্যভারতের নিমার জেলার অন্তর্গত একটী উপবিভাগ। অক্ষা° ২১° ৩২´ হইতে ২২° ১৩´ উঃ, দ্রাঘি° ৭৬° ৬´ ৩০´´ হইতে ৭৭° ১´ পূঃ। ইহার ভূপরিমাণ ২২০২ বর্গমাইল। ইহাতে ৪৯৭টী গ্রাম আছে। লোকসংখ্যা ১৫৪০০। এখানে ৬টী দেওয়ানী ও ৯টী ফৌজদারী আদালত আছে।

খণ্ডশর্করা (স্ত্রী) খণ্ডইব শর্করা। শর্করাবিশেষ।

"যো যো মৎস্যণ্ডিকা খণ্ডশর্করাণাং স্বকোগুণঃ।
তেন তেনৈব নির্দ্দেশ্যস্তেষাং বিস্রাবণোগুণঃ। (সুশ্রুত)

খণ্ডশঃ [স্] (অব্য) খণ্ড-শস্। খণ্ডরূপে।

খণ্ডশাখা (স্ত্রী) খণ্ডা খণ্ডিতা শাখা যস্যাঃ বহুব্রী। মহিষবল্লী লতাবিশেষ। (রাজনি°)

খণ্ডশীলা (স্ত্রী) দুষ্টা নারী, বেশ্যা। (হেম° শে° ১১১)

খণ্ডসর (পুং) খণ্ডইব সরতি সৃ-অচ। যবাসশর্করা, সিতাখণ্ড। (রাজনি°)

খণ্ডাইত, জাতিবিশেষ। খণ্ড বা খড়্গাস্ত্রধারণ করিত বলিয়া খণ্ডাইত নামে খ্যাত। ইহারা উড়িষ্যার যোদ্ধৃজাতি, ক্ষত্রিয়সন্তান বলিয়া পরিচয় দেয়।

পূর্ব্বে উড়িষ্যায় রাজগণের অনেক যোদ্ধা থাকিত। রাজা তাহাদিগকে জমি বিলি করিয়া দিতেন। এই সকল সৈনিকদিগের উচ্চপদস্থ কর্ম্মচারিগণ আর্য্যবংশোদ্ভব এবং নিম্নস্থ

সৈনিকগণ পার্ব্বত্য বা দেশস্থ সামান্যবংশ হইতে সংগৃহীত হইত। উত্তর ভারতে ক্ষত্রিয়গণ যেমন একটী স্বতন্ত্রজাতি বলিয়া পরিগণিত, উড়িষ্যার খণ্ডাইতগণ তেমন নহে। উহাদের মধ্যে নানা শ্রেণী আছে। আপাততঃ যেরূপ দেখা যায়, তাহাতে বোধ হয়, উড়িষ্যার দক্ষিণভাগে যে ভূঁয়াগণ আছে, উহারা তাহাদিগেরই বংশবিশেষ। কিন্তু খণ্ডাইতগণের আচার ব্যবহার অনেকটা আর্য্যদিগের মত। ছোটনাগপুরের খণ্ডাইতগণ বলিয়া থাকে তাহারা ২০ পুরুষ পূর্ব্বে উড়িষ্যা হইতে আসিয়াছিল। উহাদের মধ্যে এখনও উড়িয়া ভাষা প্রচলিত। উহারা আপনাদিগকে ভূঁইয়া পাইক বলিয়া থাকে। সিংহভূমের ভূঁইয়া মধ্যে যেরূপ উত্তর, দক্ষিণ ও পশ্চিম কবাট প্রভৃতি উপাধি আছে, উড়িষ্যার খণ্ডাইতগণের সেইরূপ উপাধি দেখিতে পাওয়া যায়। ৮০ বৎসর পূর্ব্বে উড়িষ্যায় খণ্ডাইতদিগের মধ্যে ভূঁইয়া উপাধি প্রচলিত ছিল।

ছোটনাগপুরের খণ্ডাইতদিগের নিম্নলিখিত উপাধি দেখিতে পাওয়া যায়। যথা—অমাউত, অড়, ওহদার, কোতবার, গৌণঝু, নায়েক, পাত্র, প্রধান, মহাপাত্র, মাঁঝি, মিরদাহা, রাউত। উড়িষ্যায় খণ্ডাইতদিগের এই উপাধি দেখা যায়। যথা—উত্তরকবাট্, দক্ষিণকবাট্, গড়নায়েক বা সিংহ, জেনা, দৌবারিক, নায়েক, পশ্চিম কবাট, প্রহরাজ, বাঘা, বাহুবলেন্দ্র, মহারথ বা মহারথী, মল্ল, মঙ্গরাজ, রণসিংহ, রাউত, রুই, সামন্ত, সেনাপতি ও সিংহ। ইহাদের মধ্যে আবার বড়ঘরি ও ছোটঘরি নামে শ্রেণী বিভাগ আছে। বড়ঘরিয়াদিগের মধ্যে দশঘরিয়াগণ সিংহভূমের সরন্দ প্রদেশে, পাঁচশ ঘরিয়াগণ ছোটনাগপুরে, পাঁচশ ঘরিয়াগণ গাঙ্গপুরে ও পনরশ ঘরিয়াগণ গাঙ্গপুর, বোনাই, বামরা ও সম্বলপুর অঞ্চলে ও ছোটঘরিয়াগণ ছোটনাগপুর অঞ্চলে অধিকাংশ বাস করে। এতদ্ব্যতীত চাষা বা ওড় খণ্ডাইত ও মহাজনিক বা শ্রেষ্ঠ খণ্ডাইতগণ বালেশ্বর ও কটকে, ভঞ্জ খণ্ডাইত ও হরিচন্দন খণ্ডাইতগণ পুরীতে এবং খণ্ডাইত পাইক ও শ্রেষ্ঠ খণ্ডাইতগণ উড়িষ্যায় করদ রাজ্যগুলি মধ্যে দেখিতে পাওয়া যায়। খণ্ডাইতগণের মধ্যে কছুয়া (কচ্ছপ), কদম (ফুল), মোর (ময়ূর), নাগ, সাল (মৎস্য) প্রভৃতি থাক আছে।

পূর্ব্বোক্ত বড়ঘরিয়াদিগের মধ্যে আদান প্রদান চলে। পাঁচশ ঘরিয়া ও পনরশ ঘরিয়া শ্রেণীর কন্যা দশ ঘরিয়া ও পাঁচ ঘরিয়া শ্রেণীতে বিবাহিত হইলে তাহাদের মানের খর্ব্বতা হয়। তখন আর স্বশ্রেণীর লোকেরা তাহার হস্তে অন্ন গ্রহণ করে না। দশ ঘরিয়া ও পাঁচ ঘরিয়া, পাঁচশ ঘরিয়ার প্রস্তুত অন্ন খাইবে, কিন্তু শেষোক্ত শ্রেণীর লোক পূর্ব্বোক্ত শ্রেণীর লোকের অন্ন খাইবে না। আবার পাঁচশ ঘরিয়াগণ পনরশ ঘরিয়ার অন্ন খাইবে, কিন্তু পনরশ ঘরিয়া পাঁচশ ঘরিয়াদিগের যাহারা অবিবাহিত, তাহাদের হস্তের অন্ন খাইবে মাত্র। ছোটঘরিয়াগণ কুক্কুট মাংস ভক্ষণ করে ও মদ্যপান করে। বড়ঘরি ও ছোটঘরিতে আদান প্রদান নাই।

উড়িষ্যার খণ্ডাইতগণ মধ্যে মহানায়েক বা শ্রেষ্ঠ খণ্ডাইতগণ বড় বড় জায়গীর ভোগ করে। ইহারা পূর্ব্বকালে সৈনিক বিভাগে সেনাপতির কার্য্য করিত, তাহা একপ্রকার বুঝা যায়। চাষা খণ্ডাইত পাইকগণ সেনাবিভাগের নিম্নশ্রেণীর কার্য্য করিত। ইহারা এক্ষণে চৌকিদার ও চাষার কার্য্য করিয়া থাকে। ব্রাহ্মণদিগের মত মহানায়েক বা শ্রেষ্ঠ খণ্ডাইতগণের ভরদ্বাজ, কৌণ্ডিল্য, নাগাসা প্রভৃতি গোত্র আছে।

খণ্ডাইতদিগের অধিকাংশের কন্যা বড় হইলে তবে বিবাহ হয়। উচ্চশ্রেণীর লোক যাহারা জায়গীর ভোগ করে, তাহাদের কন্যাগণের অল্পবয়সেই বিবাহ হইয়া থাকে, কিন্তু কন্যাগণ বয়স্থা না হইলে স্বামী সহবাস করে না, অথবা শ্বশুরালয়ে গমন করে না। বিবাহ প্রাজপত্য মতে সম্পন্ন হইয়া থাকে। হাতে কুশ বা দুর্ব্বাঘাস ও কাপড়ে গাঁটছড়া বান্ধিয়া দেওয়াই বিবাহের প্রধান লক্ষণ। বহু বিবাহ নিষিদ্ধ নহে। তবে প্রথমা পত্নী বন্ধ্যা বা রুগ্না না হইলে কেহ দ্বিতীয়দারপরিগ্রহ করে না। ছোটনাগপুরে খণ্ডাইত মধ্যে বিধবা বিবাহ চলে। তবে প্রথম বিবাহে যে যে সম্পর্কে নিষেধ আছে, বিধবা বিবাহেও তাই। ভাশুর সম্পর্কীয় লোকের সহিত বিবাহ নিষিদ্ধ, দেবরের সহিত প্রশস্ত। উড়িষ্যার শ্রেষ্ঠ খণ্ডাইতদিগের মধ্যে বিধবার বিবাহ দেওয়া রীতি নাই, কিন্তু নিম্নশ্রেণীর মধ্যে আছে। বিবাহ বিচ্ছেদেরও বিধান আছে। পত্নী ব্যভিচারিণী, অবাধ্য বা অন্য গুরুতর দোষাশ্রিত হইলে স্বামী পঞ্চায়তগণের নিকট আবেদন করিয়া তাহাদের সম্মতিতে বিবাহবন্ধন বিচ্ছিন্ন করিতে পারে। কোন কোন স্থলে এক বৎসর কাল পত্নীর ভরণপোষণ করিতে হয়। নিম্নশ্রেণীতে পরিত্যক্ত পত্নী সাঙ্গা করিতে পারে।

খণ্ডাইতদিগের অধিকাংশই বৈষ্ণব। শাক্ত বা শৈবের সংখ্যা অল্প। শাসনী ব্রাহ্মণগণ ইহাদের পুরোহিত। সেবক বা পাণ্ডা ব্রাহ্মণ চাষাদিগের পুরোহিত। শাসনিগণ সেবকদিগের অপেক্ষা শ্রেষ্ঠ। উড়িষ্যায় গ্রামদেবতী বা গ্রাম্যদেবী ও ছোটনাগপুরে বড় পাহাড় প্রত্যেক গৃহস্বামীর উপাস্য। পূজায় বলিদানাদি হইয়া থাকে। উড়িষ্যায় খণ্ডাইতগণ

তরবারির বিশেষ সম্মান করিয়া থাকে। দশহরার সময় গৃহস্থ সমস্ত অস্ত্রাদি সুসজ্জিত করিয়া পুষ্পচন্দনাদি দিয়া পূজা করে। মৃত্যুর পর খণ্ডাইতগণের দেহ সৎকার হয় ও রীতিমত শ্রাদ্ধাদি হইয়া থাকে।

উড়িষ্যায় রাজপুতদিগের সংখ্যা বড় কম। জাতিতে উহারাই শ্রেষ্ঠ বলিয়া গণ্য। খণ্ডাইতেরা উহাদের অব্যবহিত নিম্নে পরিগণিত। শ্রেষ্ঠ খণ্ডাইতগণ বিবাহের সময় যজ্ঞসূত্র গ্রহণ করে। চাষা খণ্ডাইতগণ তাহা করে না। তবে ব্রাহ্মণগণ তাহাদের হস্তের জল গ্রহণ করেন। করণদিগের সহিত কখন কখন ইহাদের আদান প্রদান হইয়া থাকে। ইহারা চাষা, গোড়গোয়ালা ও করণদিগের হস্তে জল ও মিষ্টান্ন খায়। ছোটনাগপুরে ব্রাহ্মণগণ বড়ঘরিয়াদিগের হস্তে জল গ্রহণ করেন। তথায় ছোটঘরিয়াদিগের জল অশুদ্ধ। কথিত আছে, উড়িষ্যা হইতে আসিয়া উহারা বিরু, বাসিয়া, বেলসিয়াঁ, দিম্বা, গোবরা, লাকরা, লোধমা ও শোণপুর নামক আটটী গড় অধিকার করে। এক সময় সৈনিক কর্ম্মের জন্য কএকটী পরগণা জায়গীর স্বরূপ প্রাপ্ত হয়। ইংরাজ অধিকারে পুরুষানুক্রমে অধিকৃত সেই সকল সম্পত্তি হস্তান্তর হইয়া গিয়াছে। উড়িষ্যায় খণ্ডাইতগণ এখনও নিজস্বত্ব ছাড়ে নাই। বড় বড় ঘরে এখনও লাখরাজ ভোগ করিতেছে। নিম্নশ্রেণীর লোকেও লাখরাজ ভোগ করে, তবে তাহাদিগকে সরবরাহকার, চৌকিদার প্রভৃতির কর্ম্ম করিতে হয়। কেহ বা মজুরি করিয়া জীবিকা নির্ব্বাহ করে। অস্ত্রধারী খণ্ডাইতগণ চাষ করে না। এখন বঙ্গের নানা জেলায় ইহারা ঘাটওয়ালের কর্ম্ম করে। উড়িষ্যায় ইহাদের সংখ্যা অধিক।

খণ্ডাভ্র (ক্লী) খণ্ডঞ্চ তদভ্রঞ্চেতি কর্ম্মধাং। ১ খণ্ড খণ্ড মেঘ, ছিন্ন মেঘ। খণ্ডঃ অভ্রমিব। ২ দন্তরোগবিশেষ। (মেদিনী)।

খণ্ডামলক (ক্লী) খণ্ডং খণ্ডিতং আমলকং। ১ আমলকচূর্ণ। (মেদিনী) ২ খণ্ডদ্বারা পক্ক আমলক ফল, আমলকীর মোরব্বা।

খণ্ডাল, বোম্বাই প্রেসিডেন্সির পুণাজেলার একটী গ্রাম। ঐ অঞ্চলের ইহা স্বাস্থ্যনিবাস ও গ্রীষ্মাবাস বলিয়া পরিগণিত। গ্রীষ্মের কএকমাস বোম্বাইবাসী অনেকে এখানে আসিয়া বাস করেন। অক্ষা° ১৮°৪৬´ উঃ, দ্রাঘি ৭৬°২৩´ পূঃ মধ্যে অবস্থিত। ইহা সহ্যাদ্রি চূড়া হইতে ১৩০ হস্ত নিম্ন। ইহার ভূমি উত্তরপশ্চিমদিকে ঢালু হইয়া পরহ ও উলহা নামক নদীর দিকে গিয়াছে। ইহার চারিদিকেই পর্ব্বতমালা। বোম্বাইয়ের গবর্ণর এল্‌ফিনষ্টোন সাহেব এই স্থানের সৌন্দর্য্য দেখিয়া মোহিত হইয়া যান। পর্ব্বতের অংশ বিশেষের উলহা, রাজমাচি, ঢাক গির বা তুঙ্গাল, ইন্দ্রাণী, ভোমা, উম্বারি, নাগফণি* প্রভৃতি নানাপ্রকার নাম আছে। ইহার নিকটে দুইটী জলপ্রপাত, একস্থানে জল ২০০ হস্ত নিম্নে পতিত হয়। পর্ব্বতে খোদিত গম্ভীরনাথের মন্দির দেখিবার জিনিষ। এখানে রেলের একটী ষ্টেসন হইয়াছে। ষ্টেসন হওয়া অবধি এখানে বসতি বাড়িতেছে। অধিবাসীর অধিকাংশ মহারাষ্ট্র ব্রাহ্মণ, কুণবী, ওস্‌ওয়াল শ্রাবক, কএক ঘর পর লোহার, সোনার, নাপিত, ধোপা ও চামার আছে।

খণ্ডালী (স্ত্রী) খণ্ডং পদ্মাদিখণ্ডং আলাতি আ-লা-কঃ, ততো গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ সরসী। খণ্ডং দন্তনখাদি খণ্ডনং আলাতি আলা-ক ঙীষ্। ২ কামুকী স্ত্রী। ৩ তৈলের পরিমাণবিশেষ। (মেদিনী।)

খণ্ডিক (পুং) খণ্ডোঽস্যাস্তি খণ্ড-ঠন্। ১ কলায়, চলিত কথায় কড়াই বলে। ইহার অপর নাম ত্রিপুট। ২ কক্ষ। (হেম°।) ৩ ঋষিবিশেষ, ইহার পিতার নাম উদ্ধরি। (শত° ব্রা° ১১।৮।৪।১) (ত্রি) ৪ ক্রুদ্ধ।

"খণ্ডিকোপাধ্যায়ঃ শিষ্যায় চপেটং দদাতি।" (পা° ভাষ্য)

খণ্ডিকাদি (পুং) খণ্ডিক আদির্যস্য বহুব্রী। পাণিনীয় একটী গণ, ইহার উত্তর সমূহার্থে অঞ্ প্রত্যয় হয়। খণ্ডিক, বড়বা, ক্ষুদ্রক, (মালবশব্দের পরস্থিত) সেনা, (সংজ্ঞা বুঝাইলে) ভিক্ষুক, শুক, উলূক, শ্বন্, অহন্, যুগবরত্র ও হলবন্ধ এই কএকটী শব্দ লইয়া খণ্ডিকাদিগণ।

খণ্ডিত (ত্রি) ১ ভিন্ন। ২ ছিন্ন। ৩ দ্বিধাকৃত। পর্য্যায়—চ্ছিন্ন, লূন, ছিত, দিত, ছেদিত, বৃক্ন, বৃত্ত। (হেম°)

"চন্দ্রে কলঙ্কঃ সুজনে দরিদ্রতা বিকাশলক্ষ্মীঃ কমলেষু চঞ্চলা।
মুখেঽপ্রসাদঃ সধনেষু সর্ব্বদা যশো বিধাতুঃ কথয়ন্তি খণ্ডিতম্॥"
(শব্দার্থচি°)

৪ খণ্ডিতাঙ্গ, হীনাঙ্গ। ধর্ম্মশাস্ত্রকার শাতাতপের মতে দুষ্টবাদী পরজন্মে খণ্ডিতাঙ্গ হইয়া থাকে। এই পাপের প্রায়শ্চিত্তের জন্য ব্রাহ্মণকে দুইপল রূপা ও দুইঘট দুগ্ধ দান করিতে হয়।

"দুষ্টবাদী খণ্ডিতঃ স্যাৎ স বৈ দদ্যাদ্ দ্বিজাতয়ে।
রূপ্যং পলদ্বয়ং দুগ্ধং ঘটদ্বয়সমন্বিতম্॥" (শাতাতপ)

কোন কোন সংগ্রহকার "খণ্ডিত" স্থলে খণ্ডিক পাঠ করিয়া থাকেন।

খণ্ডিতা (স্ত্রী) খণ্ডিত-টাপ্। একপ্রকার নায়িকা।

* ইংরাজেরা ইহাকে Duke's nose বলিয়া থাকেন। ডিউক অব্ ওয়েলিংটনের নাসিকার সহিত এই পাহাড়টীর তুলনা করা হয়।

"পার্শ্বমেতি প্রিয়োযস্যা অন্যসম্ভোগচিহ্নিতঃ।
সা খণ্ডিতেতি কথিতা ধীরৈ রীর্ষ্যা কষায়িতা॥" সাহিত্যদর্পণ।

কোন নায়িকার পতি অপর কামিনীর সম্ভোগ চিহ্নে চিহ্নিত হইয়া তাহার নিকটে আসিলে নায়িকার হৃদয় অতিশয় ঈর্ষ্যা কলুষিত হয়। পণ্ডিতগণ সেই নায়িকাকেই খণ্ডিতা বলিয়া থাকেন। খণ্ডিতা নায়িকার অস্ফুট আলাপ, চিন্তা, সন্তাপ, দীর্ঘনিশ্বাস, তুষ্ণীম্ভাব ও অশ্রুপাতাদি চিহ্ন প্রকাশ পায়।

"আসিব বলিয়া গেলা অন্য সঙ্গে হ'ল মেলা
শরীরেতে চিহ্ন আছে লুকাবে কি বলিয়া।
মোর সঙ্গে কথা কয়্যা বঞ্চিলা অন্যেরে লয়্যা
কতেক করিলা ভাব একান্তেরে ছলিয়া॥
ভিন্ন ভিন্ন দেখি বেশ আলু থালু দেখি কেশ
দেখিয়া তোমার ভাব দেহ যায় জ্বলিয়া।
কে সাধিল মনোরথ খণ্ডিয়া পীরিতি পথ
নিজ স্থানে যাও তুমি আমি যাই চলিয়া॥"

ভারতচন্দ্র—রসমঞ্জরী।

খণ্ডিনী (স্ত্রী) খণ্ডোঽস্যা অস্তীতি খণ্ড-ইনি-ঙীপ্। যদ্বা খণ্ডয়তি আত্মানং দ্বীপপর্ব্বতসমুদ্রাদিব্যবচ্ছেদেন খড়ি-ণিনি-ঙীপ্। পৃথিবী। (শব্দরত্নাবলী)

খণ্ডিম [ন্] (পুং) খণ্ডভাবে ইমনিচ্ (পা ৫।১।১২২) খণ্ডতা, খণ্ডের ধর্ম্ম।

খণ্ডী [ন্] (ত্রি) খণ্ডয়তি খড়ি-ণিনি। ১ খণ্ডক, যে খণ্ড করে। খণ্ডোঽস্যাস্তি খণ্ড-ইনি। ২ খণ্ডযুক্ত। (পুং) খণ্ডয়তি আত্মানং দ্বিদলরূপেণ খড়ি-ণিনি। বনমুদ্গ। (হেম°)

খণ্ডী (স্ত্রী) খড়ি-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। বনমুদ্গ। (বাচস্পত্য)

খণ্ডীর (পুং) অপকৃষ্টাখণ্ডী গুণ্ডাদিত্বাৎ রঃ। পীতবর্ণ মুদ্গ। (হেম°)

খণ্ডু (ত্রি) খণ্ডয়তি খড়ি-উণ্। খণ্ডক। এই শব্দটী অরীহণাদি গণান্তর্গত, ইহার উত্তর চতুরর্থে বুঞ্ প্রত্যয় হয়।

খণ্ডুল (Stercula urens) একপ্রকার বৃক্ষ। ইহা হইতে গমের মত আঠা বাহির হয়। গোরু বাছুরের অসুখ হইলে ইহার পাতা খাওয়াইয়া দেয়। ইহার কাঠ অত্যন্ত কোমল। ছাল হইতে দড়ি হয়। এই বৃক্ষ সিংহল ও দাক্ষিণাত্যেই অধিক দেখিতে পাওয়া যায়। উহার যে পুষ্প হয়, তাহার মধ্যে একপ্রকার বীজ থাকে। উহা লোকে আদর করিয়া খায়। পুষ্পের কিঞ্জল্কে কাঁটা, মধ্যে মধ্যে ছিদ্র আছে। ইহার ছাল কষায় ও সঙ্কোচক গুণবিশিষ্ট, মুখে দিলে থুথু লাল হয়। গ্রীষ্মকালে ইহা হইতে আপনা আপনি আঠা বাহির হয়। আঠা বিলাতে পাঠান হয়। কিন্তু ভাল আঠাযুক্ত নয় বলিয়া তাহার আদর হয় নাই। আঠা দেখিতে স্বচ্ছ বা হরিদ্রাভ। আঠা বাহির হইয়া কতকটা কঠিন হইয়া যায়। জলে ভিজাইলে ফুলিয়া উঠে ও নরম হইয়া পড়ে। অধিকাক্ষণ জ্বাল দিলে একেবারে গলিয়া যায়।

খণ্ডেরাও গাইকোবাড়, বরদার একজন রাজা। ১৮৫৬ খৃষ্টাব্দে ১৯এ নবেম্বর পুত্রহীন রাজা গণপতরাও গাইকোবাড়ের মৃত্যু হইলে তাঁহার ভ্রাতা খণ্ডেরাও বরদার সিংহাসনে আরোহণ করেন। কিছুদিন পরেই রাজ্যে সিপাহী বিদ্রোহ আরম্ভ হইল। সেই সময় খণ্ডেরাও যথাসাধ্য ইংরাজরাজের সহায়তা করিয়াছিলেন। বিদ্রোহ শান্তির পরে ইংরাজরাজ তাঁহার প্রতি বিশেষ অনুগ্রহ প্রকাশ করেন। পূর্ব্বতন সন্ধি অনুসারে তাঁহাকে ইংরাজের "গুজরাট-অশ্বারোহী" সেনার ব্যয়স্বরূপ বৎসরে যে তিন লক্ষ টাকা দিতে হইত, ১৮৫৮ খৃষ্টাব্দের ১৪ই জুনের পত্রে গবর্ণমেণ্ট তাঁহাকে সেই ব্যয়ভার হইতে অব্যাহতি দিলেন। ১৮৬২ খৃষ্টাব্দে, ১১ই মার্চ্চ ইংরাজ গবর্ণমেণ্ট তাঁহাকে যে সনন্দ দান করেন, তাহাতে গাইকোবাড়-রাজবংশে পুত্র অভাবে দত্তক গ্রহণের অনুমতি দেওয়া হয়। আর সেই সনন্দে গবর্ণমেণ্ট তাঁহাকে His Highness উপাধিতে সম্বোধন করেন।

১৮৬৩ খৃষ্টাব্দে প্রকাশ পায় যে কেহ তাঁহার প্রাণবিনাশের চেষ্টা করিতেছে। সন্ধানে জানা যায় যে ইহা তাঁহার ভ্রাতা মলহাররাওর কার্য্য। মলহাররাও সে জন্য কারাগারে নিক্ষিপ্ত হইলেন। খণ্ডেরাওর জীবিতাবস্থায় তাঁহাকে বাহির হইতে দেওয়া হয় নাই।

একজন সিপাহী তাঁহার বিরুদ্ধে বিদ্রোহী হয় বলিয়া হস্তী পদতলে ফেলিয়া তাহার প্রাণ বিনাশের আদেশ করেন। এজন্য ইংরাজ গবর্ণমেণ্ট তাঁহার প্রতি কিছু বিরক্ত হন। ১৮৬৭ খৃষ্টাব্দে খণ্ডেরাও একজন মন্ত্রী নিযুক্ত করিতে যান। কিন্তু সে কথা পূর্ব্বাহ্নে ইংরাজ গবর্ণমেণ্টকে জানান নাই বলিয়া বোম্বাইয়ের গবর্ণর তাঁহাকে স্বেচ্ছায় মন্ত্রী নিযুক্ত করিতে দেন নাই। শেষ দশায় খণ্ডেরাও নাকি কিছু অমিতব্যয়ী ও বিলাসপ্রিয় হইয়া ১৮৭০ খৃষ্টাব্দে ২৮এ নবেম্বর কালগ্রাসে পতিত হন।

খণ্ডেরাও হোলকার (কণ্ডিরাও) ইন্দোরের প্রথম রাজা, মলহাররাওর পুত্র। ১৭৫৪ খৃষ্টাব্দে সূর্য্যমল জাঠের সহিত ডিগ নামক স্থানে যে যুদ্ধ হয়, খণ্ডেরাও হোলকার তাহাতে নিহত হন। মালিরাও নামক তাঁহার এক পুত্র ছিল। সুপ্রসিদ্ধ অহল্যাবাই এই খণ্ডেরাওর পত্নী।

[মলহাররাও দেখ।]

খণ্ডেরায়, ১ পরশুরামপ্রকাশ নামক স্মৃতিসংগ্রহকার; ইনি জাতিতে শাকদ্বীপী ব্রাহ্মণ, নীলকণ্ঠের কনিষ্ঠ ভ্রাতা ও নারায়ণ-পণ্ডিতের পুত্র। ইনি পরশুরামের আদেশে নিজ গ্রন্থ রচনা করেন বলিয়া গ্রন্থের নাম রাখেন "পরশুরামপ্রকাশ," গ্রন্থের অপর নাম আচারোল্লাস।

২ সুভাষিতসুরদ্রুম নামক সংস্কৃত গ্রন্থকার, ইহার অপর নাম বাসবযতীন্দ্র।

খণ্ডোবা, দেবতাবিশেষ। দাক্ষিণাত্যে ইহার উপাসনা বিশেষ প্রচলিত। পুণাঅঞ্চলের হিন্দুদিগের মধ্যে বিশ্বাস যে, খণ্ডোবা দাক্ষিণাত্যের অধিষ্ঠাত্রী দেবতা। কি ব্রাহ্মণ কি কাহার সকলেই তাঁহার উপাসনা করিয়া থাকেন। খণ্ডোবা শব্দের অর্থ খাঁড়া বা অসির দেবতা। অর্থাৎ ভৈরবের ন্যায় ইনি তরবারিহস্তে দেশ রক্ষা করিয়া থাকেন। জেজুরিতে ইহার প্রধান মন্দির। তথায় লিঙ্গমূর্ত্তি আছে। এতদ্ব্যতীত বিভিন্নমূর্ত্তিতে ইহার পূজা হইয়া থাকে। কথিত আছে, মল্লারিরূপে ইনি অশ্বারোহণে আসিয়া মণি ও মল্ল-নামক অসুরকে বিনাশ করেন। সেইজন্য কোথাও তাঁহার অশ্বারূঢ় মূর্ত্তি আছে। অশ্বের উপর খণ্ডোবা ও পত্নী মহালসা বাই উভয়ে উপবিষ্ট। অশ্বের সঙ্গে একটী কুকুর থাকে। কুকুর তাঁহার বাহন বলিয়া কুক্কুরখণ্ডি নামে ইহার পূজা দিতে হয়। আবার হরিদ্রায় তাঁহার অংশ আছে বলিয়া হলুদ-গাছ ভণ্ডার নামে পূজিত হয়। খণ্ডোবামূর্ত্তি ধাতুতে গঠিত হয়, প্রস্তর বা কাষ্ঠে নির্ম্মাণ করিতে নিষেধ। খণ্ডোবার পূজা করিলে বিঘ্ন নিবারণ হয়, পীড়া ইত্যাদি হয় না। রামোসি জাতি এই দেবতাকে বিশেষ ভক্তি করে। উহারা যদি হরিদ্রা-হস্তে কোন অঙ্গীকার করে, তবে তাহার পালন করিতেই হয়।

পূর্ব্বকালে এই দেবতা মল্লারি নামে পূজিত হইতেন। আনন্দগিরির শঙ্করবিজয়ে এই মল্লারিমতাবলম্বীদিগের প্রসঙ্গ আছে। (শঙ্করবিজয় ২৯ অঃ)

খণ্ডোবা, খণ্ডোয়া, মধ্যভারতের নিমার জেলার প্রধান সহর। পূর্ব্বে ভারতের উত্তর ও পূর্ব্বভাগ হইতে দাক্ষিণাত্যে যাইতে হইলে এই পথ দিয়া যাইতে হইত। পেনিনসুলার রেলের এখানে একটী ষ্টেসন হইয়াছে। প্রসিদ্ধ ঐতিহাসিক টলেমি ইহাকে 'কগ্নবন্দ' নামে উল্লেখ করিয়াছেন। আবু-রিহাণ কৃত তারিখ-ই-হিন্দ গ্রন্থে কণ্ডরাহো নামে বর্ণিত। এখন নগরের মধ্যে দুইটী প্রধান রাস্তা। মধ্যস্থানে চৌরাস্তা। রাস্তার দুইধারে দ্বিতলগৃহে পরিপূর্ণ। এতদ্ব্যতীত অন্যান্য ছোট গলিপথ আছে। পাহাড়ের উপর নির্ম্মিত বলিয়া ইহা পার্শ্বস্থ স্থান হইতে উচ্চ। নগরের উত্তরপশ্চিমকোণে একটী সমচতুষ্কোণ পুষ্করিণী আছে। এক একদিকে উহা ৬৯ হস্ত দীর্ঘ হইবে। এই পুষ্করিণীর নাম পদ্মকুণ্ড। ইহার পার্শ্বে প্রস্তর-নির্ম্মিত প্রাচীর। প্রাচীরের স্থানে স্থানে বড় বড় কুলুঙ্গীর মত স্থান। তাহার উপরিভাগে ছোট ছোট শিল্পলিপি। তাহাতে ১১৮৯ সম্বৎ তারিখ দেওয়া আছে। কোথাও ভৈরব ও কোথাও বা নন্দীর মূর্ত্তি রহিয়াছে। পদ্মকুণ্ডের মধ্যে একটী মন্দিরের একস্থানে মেজের উপর একটী খোদিত লিপি আছে, উহা জলের ভিতর। লোকের বিশ্বাস যে, ঐ প্রস্তরের নিম্নে ধনরত্ন আছে। শুনা যায়, ইতিপূর্ব্বে কোন সময়ে নাগপুর, হুসঙ্গাবাদ ও খণ্ডোবার তিনজন বলবান লোক ঐ প্রস্তর কাটিতে থাকে। প্রস্তর কাটিতে কাটিতে উহারা পীড়াগ্রস্ত হইয়া মৃত্যুমুখে পতিত হয়। লোকেরা বলে; অধিষ্ঠাত্রী দেবী ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে বধ করেন। পদ্মকুণ্ডে অনেকগুলি শিল্পলিপি আছে। লেখা অধিকাংশই উঠিয়া গিয়াছে। "মূর্ত্তি জলশ্যাম" "মূর্ত্তিশ্রী" এইরূপ কএকটী নাম মাত্র পড়া যায়।

নিকটেই পদ্মেশ্বরের একটী মন্দির আছে। তাহাতে পদ্মেশ্বরদেবের লিঙ্গমূর্ত্তি ব্যতীত আরও কএকটী মূর্ত্তি দেখা যায়। এ মন্দিরটী নূতন বলিয়া বোধ হয়। সম্ভবতঃ পদ্মেশ্বরের পুরাতন একটী মন্দির ছিল, তাহা ভাঙ্গিয়া নূতন মন্দিরটী গঠিত হইয়াছে। এস্থান হইতে উত্তর পশ্চিমদিকে গমন করিলে ভৈরবতাল নামক সরোবর দেখা যায়। ঐ সরোবর এক একদিকে ৪০০ হস্ত হইবে। নগরের দক্ষিণপশ্চিমে কুলালকুণ্ডনামক পুষ্করিণী। ইহার এক একদিক্ ৩০ হস্তের অধিক নহে। দক্ষিণপশ্চিমে রেলওয়ের লৌহসেতুর নিকট ভীমকুণ্ড ও উত্তরপশ্চিমে সূর্য্যকুণ্ড। কুলালকুণ্ডের নিকট তুলজাদেবীর মন্দির। প্রতি পৌষমাসের পূর্ণিমায় এখানে মেলা হয়। ঐ মন্দিরের নিকট একটী প্রকাণ্ড গণেশমূর্ত্তি আছে, তাহার শুণ্ডের উপর কএকটী ছোট ছোট মূর্ত্তি দেখা যায়।

কেহ কেহ ইহাকে মহাভারতোক্ত "খাণ্ডব" বলিয়া মনে করেন। [খাণ্ডব দেখ।]

এই নগরে ১১ শত বর্ষের প্রাচীন একটী জৈন দেব-মন্দিরও আছে।

খত (পারসীজ) ১ দলিল, চুক্তিপত্র। ২ টাকা ধার লইয়া যে পত্রে ঋণগ্রহীতা তাহার পরিশোধের কাল ও নিয়ম লিখিয়া মহাজনকে দিয়া থাকে। ৩ দোষী ব্যক্তি পুনর্ব্বার 'সেরূপ কর্ম্ম করিব না' এইরূপ প্রতিজ্ঞা করিয়া নাক কাণ মাটীতে ঠেকাইয়া ন্যূনতা স্বীকার করে।

"গিয়া তিনকাল শেষে এই হাল খত বা নাকে লিখিব।"
(বিদ্যাসুন্দর)

৪ জঙ্গল কাটা জমি, জঙ্গল পরিষ্কারকারীর পুরুষানুক্রমিক সম্পত্তি।

খতম্ (পারসীজ) শেষ, বিশ্রান্তি, বিরাম।

খতমি (দেশজ) একপ্রকার বীজ। (The seed of the common hollyhock)

খতর্ (আরবী) ১ বিপদ্। ২ স্মরণ। ৩ গ্রামের পশ্চাদ্‌ভাগ, যেখানে ময়লা ফেলা হয়।

খতান (দেশজ) গণন, হিসাবের নিশ্চয় করণ।

খতমাল (পুং) খে আকাশে তমালইব। ১ ধূম। ২ মেঘ।

খতিয়ান্ (যাবনিক) ১ যে কাগজে প্রজাদিগের জমী জমা বিশেষ করিয়া নিরূপিত হয় ও যাহাতে খাজনা নিরূপণ ও আয়ের হিসাব লিখিত হয়। ২ হিসাব বহি।

খতিরি (হিন্দি) নদীকূলের বালুময় জমি। তাহাতে জল-সিঞ্চন ও সার দিয়া শস্য উৎপাদন করিতে হয়। কখন নদীর জল উঠিয়া শস্য প্লাবিত করিবে তাহার নিশ্চয় নাই বলিয়া ইহার জন্য অতি অল্প খাজনা দিতে হয়।

খতিব, মুসলমানদিগের যাহারা খুতবা পাঠ করে। [খুতবা দেখ]

খদ (পুং) খদ্ বাহুলকাৎ ভাবে অপ্। ১ স্থিরতা। ২ বধ।

খদিকা (স্ত্রী) খে ভর্জনপাত্রাদূর্দ্ধ আকাশে দীয়তে খ-দো-ক টাপ্ ততঃ সংজ্ঞার্থে কন্ অত ইত্বঞ্চ। লাজা, খই।

খদিজা, মহম্মদের প্রথমা পত্নী। খদিজা একজন আরবদেশীয় সম্পত্তিশালী বিধবারমণী। আরবদেশের প্রথানুসারে খদিজার বাণিজ্য ব্যবসায় ছিল। খদিজার বাণিজ্যের দ্রব্যাদি উষ্ট্রের পৃষ্ঠে বোঝাই হইয়া আরব ও তুরস্কের অন্তর্গত সিরিয়া প্রদেশের হাটে যাইত। মহম্মদ তখন বালক, মাঠে মাঠে পশু চরাইয়া বেড়াইতেন। খদিজার একজন উষ্ট্রচালকের প্রয়োজন হইলে তিনি মহম্মদকে সেই কর্ম্মে নিযুক্ত করিলেন। মহম্মদের কার্য্যে দক্ষতা দেখিয়া অল্পদিন পরে তাঁহার পদোন্নতি হইল, খদিজা ক্রমে পণ্যদ্রব্যের সমস্ত ভার তাঁহার উপর অর্পণ করিলেন। তাঁহার সততা ও কর্ত্তব্যনিষ্ঠা দেখিয়া খদিজা তাঁহাকে এল্ আমিন উপাধি দান করেন। এল্ আমিন অর্থে সৎলোক বুঝায়। মহম্মদের বয়স তখন প্রায় ২৫ বৎসর। মহম্মদের কোমল সুন্দর গঠন যৌবনের পূর্ণতায় বিকশিত হইয়া মনোহর হইয়াছিল; খদিজার বয়স তখন প্রায় ৪০ বৎসর হইলেও রূপে বা গুণে মুগ্ধ হইয়া মহম্মদকে পতিত্বে বরণ করিলেন। বিবাহের এগার বৎসর পরে তাঁহাদের ফতিমা নাম্নী একটী কন্যা হয়, ক্রমে আরও সন্তান সন্ততি হইয়াছিল। কিন্তু তিনটী কন্যা ব্যতীত আর সকলেই শৈশবে মৃত্যুমুখে পতিত হয়। ৬১৯ খৃষ্টাব্দে ৬২ বৎসর বয়সে খদিজার মৃত্যু হয়। খদিজার গোরস্থান এখনও দেখিতে পাওয়া যায়। তীর্থযাত্রিগণ উহা দেখিতে গিয়া থাকেন। গোরের উপর একটী প্রস্তরে কোরাণ হইতে একটী শ্লোক খোদিত আছে। মহম্মদ পরে অন্যান্য রমণীকে বিবাহ করিলেও খদিজাকে যে অধিক ভালবাসিতেন, তাহার প্রমাণ পাওয়া যায়। [মহম্মদ দেখ।]

খদিম (আরবী) ১ ভৃত্য। এদেশে মসজিদ প্রভৃতি যাহাদের জিম্মায় থাকে, তাহাদিগকে খদিম বলে।

২ আরবদেশে খদিম নামে একপ্রকার স্বতন্ত্রজাতি আছে। যেমন প্রদেশে ইহাদের বাস। আফ্রিকার সমুদ্র-তীরস্থ লোকের সঙ্গে ইহাদের আকৃতিগত সাদৃশ্য যত আরবদিগের সহিত তত নহে। ইহাদের চুল সমান অর্থাৎ কোঁকড়ান নহে, শরীরের বর্ণকাল, নাসিকা পক্ষীচঞ্চুর ন্যায়। ওষ্ঠ পুরু। আরবদেশে ইহারা নীচজাতীয় বলিয়া গণ্য। আরবদিগের সহিত ইহাদিগের আহার ব্যবহার বা আদান প্রদান নাই। ইহারা বাদ্যকর বা কামারের কার্য্য করে।

খদির (পুং) খদ-কিরচ্ নিপাতনে সাধুঃ। (অজিরশিশির-শিথিলস্থিরস্ফিরস্থবিরখদিরাঃ। উণ্ ১।৫৪) ১ বৃক্ষ-বিশেষ, খএর গাছ। পর্য্যায়—গায়ত্রী, বালতনয়, দন্তধাবন, তিক্তসার, কণ্টকীদ্রুম, বালপত্র, খদ্যপত্রী, ক্ষিতিক্ষম, সুশল্য, বক্রকণ্ঠ, যজ্ঞাঙ্গ, জিহ্বাশল্য, কণ্ঠী, সারদ্রুম, কুণ্ঠারি, বহুসার, মেধ্য, বালপুত্র, রক্তসার, কর্কটী, জিহ্বশল্য, কুণ্ঠহৃৎ, বালপত্রক ও যূপদ্রুম। হিন্দীতে খয়ের, দক্ষিণে কঠকিকর, পঞ্জাবে খরেচ্, তৈলঙ্গে খদিরমু বা পোদলামন্থ, তামিল বোদলয়, সিংহলী কিহিরি, ব্রহ্মে শ-বিন্ ও ইংরাজী বৈজ্ঞানিক নাম Acacia Catechu। খদিরবৃক্ষ এক একটী ১০ হাত পর্য্যন্ত বড় হয়। এই গাছ ভারতের সমতল ভূমিতে ও পার্ব্বত্যপ্রদেশে সর্ব্বত্রই জন্মে। ইহার কাঠ বড় শক্ত ও স্থায়ী, শীঘ্র ঘুণ ধরে না, ইহাতে কড়ি, বরগা, ঢাল ও তরবারের হাতল, লাঙ্গল, তুলার কল, শকট প্রভৃতি নানাবিধ দ্রব্য প্রস্তুত হয়। জ্যৈষ্ঠ আষাঢ়ে খদির বৃক্ষে ফুল ধরে, শীতকালে বীজ পাকে। সিংহলীদিগের বিশ্বাস ইহার বৃক্ষনির্য্যাস রক্তপরিষ্কারক। ইহার ক্বাথ হইতে খএর পাওয়া যায়. ইংরাজীতে ইহাকে Catechu or Terra Japonica বলে। বৃক্ষের অভ্যন্তরস্থ সার লইয়া কোন মাটীর পাত্রে সিদ্ধ করিলে পরিষ্কার সুরা বাহির হয়, উহা জমাট বাঁধিতে থাকিলে মাটীর ছাঁচে ঢালিয়া দেওয়া হয়। ইহার সার বস্ত্রাদি রঙ্ করিবার জন্য ব্যবহৃত হয়।

য়ুরোপীয় চিকিৎসকদিগের মতে ইহার গুণ সঙ্কোচক, ব্রণ, উপদংশ ও ক্ষতরোগে ফলদায়ক। সবিচ্ছেদ জ্বর, শীতাদ, লালানিঃসরণ, আলজিহ্বার শিথিলতা, তালুর পার্শ্বগ্রন্থির বিবৃদ্ধি, জ্বর প্রভৃতি রোগে উপকারী। শ্বেতপ্রদর ও অসৃগ্‌দর হইলে ইহার পিচ্‌কারী দেওয়া যাইতে পারে।

বৈদ্যকমতে ইহার গুণ—তিক্তরস, শীতল, পিত্ত, কফ, কুষ্ঠ, কাস, রক্তদোষ, শোথ, কণ্ডু, ব্রণনাশক এবং পাচন। (রাজনি°।) বিসর্প, বেদনা, মেহ ও মেদনাশক। (রাজবল্লভ।) ভাবপ্রকাশের মতে—খদির শীতবীর্য্য, দন্তের হিতকারক, তিক্ত কষায় রসযুক্ত এবং কণ্ডু, কাস, অরুচি, মেদদোষ, ক্রিমি, প্রমেহ, জ্বর, ব্রণ, শ্বিত্র, শোথ, আমদোষ, পিত্ত, রক্তদোষ, পাণ্ডু, কুষ্ঠ ও কফনাশক। খদির দুই প্রকার, রক্তসার ও শ্বেতসার। রক্তসারের কথাই পূর্ব্বে লিখিত হইয়াছে। শ্বেতসার খদিরকে চলিত কথায় পাপড়ী খয়ের বলে। ইহার গুণ—বর্ণ পরিষ্কারক, মুখরোগ, রক্তদোষ ও কফনাশক। (ভাবপ্রকাশ পূর্ব্ব ১ ভাগ।) শতপথব্রাহ্মণে লিখিত আছে, প্রজাপতি প্রাণ তাহার শরীর পরিত্যাগ করিলে অস্থি হইতে খদির উৎপন্ন হয়, এই কারণেই খদির অতিশয় কঠিন হইয়াছে। (শতব্রা° ১৩।৪।৪।৯) খদতি হন্তি শত্রূন্ খদ-কিরচ্। ২ ইন্দ্র। (ত্রিকাণ্ড°) খে আকাশে দীর্য্যতে ইষ্টাপূর্ত্তকারিভির্যতঃ অপাদানে কিরচ্। ৩ চন্দ্র। যাহারা ইষ্টাপূর্ত্তাদি পুণ্য কর্ম্মের অনুষ্ঠান করেন, তাহারা সেই পুণ্যবলে জলময় শরীর ধারণ করিয়া চন্দ্রলোকে বাস করিয়া থাকেন। পুণ্যের অবসানে চন্দ্রলোক হইতে আকাশে পতিত হইয়া মর্ত্ত্যলোকে জন্মগ্রহণ করেন। এই কারণে পূর্ব্ব প্রদর্শিত ব্যুৎপত্তি অনুসারে খদির শব্দে চন্দ্রমণ্ডল বুঝায়। [অবরোহ দেখ।] ৪ একজন ঋষি। এই শব্দটী অশ্বাদিগণান্তর্গত। গোত্রাপত্যার্থে ইহার উত্তর ফঞ্ হয়। (পা ৪।১।১১০)

খদিরক (পুং) খদিরএব খদির স্বার্থে কন্। খদির।

খদিরকষায় (পুং) ঔষধবিশেষ, খদিরকাথ। লৌহ ও মুথা চূর্ণের সহিত ইহা সেবন করিলে হলীমক রোগবিনাশ হয়। (বৈদ্যক)

খদিরপত্রিকা (স্ত্রী) খদিরস্য পত্রমিব পত্রমস্যাঃ বহুব্রী, কপ্ টাপ্ অত ইত্বং চ। ২ অরিমেদ বৃক্ষ, গুয়েবাবলা। ২ লজ্জালুলতা। (রাজনি°।)

খদিরপত্রী (স্ত্রী) খদিরস্য পত্রমিব পত্রং যস্যাঃ বহুব্রী বিকল্পেন্ কপ্ প্রত্যয়ঃ ততঃ ঙীপ্। লজ্জালুলতা। (জটাধর)

খদিরময় (ত্রি) খদিরস্য বিকারঃ খদির-ময়ট্। খদির কাষ্ঠনির্ম্মিত।

খদিরবণ (ক্লী) খদিরাণাং বনং ৭তৎ ণত্বঞ্চ। (পা ৮।৪।৫) খয়েরের বন।

খদিরসার (পুং) খদিরস্য সারঃ নির্য্যাসঃ ৬তৎ। খদির নির্য্যাস, খএর।

"বিনা খদিরসারেণ হারেণ হরিণী দৃশাম্।
নাধরে জায়তে রাগো নানুরাগঃ পয়োধরে।" (উদ্ভট)

খদিরা (স্ত্রী) খদিরস্তৎ পত্রাকারোঽস্ত্যস্যাঃ পত্রে খদির-অচ্-টাপ্। লজ্জালুলতা। (রাজনি°)

খদিরাষ্টক (পুং) ঔষধবিশেষ। খদির, ত্রিফলা, নিম্ব, পল্‌তা, গুলঞ্চ, বাসক, এই আটটী পদার্থকে খদিরাষ্টক বলে। ইহাদের কাথ পান করিলে হাম, বসন্ত, কুষ্ঠ, বিসর্প, বিস্ফোট ও কণ্ডু প্রভৃতি নষ্ট হয়। (বৈদ্যক)

খদিরাদ্য (পুং) ঔষধবিশেষ। খদির ও ত্রিফলার কাথকে খদিরাদ্য বলে। মহিষঘৃত ও বিড়ঙ্গ চূর্ণের সহিত পান করিলে ভগন্দর রোগ বিনষ্ট হয়। (বৈদ্যক)

খদিরিকা (স্ত্রী) খদিরঃ খদিররসেন তুল্যোরসোঽস্ত্যস্যাঃ খদির-ঠন্-টাপ্। ১ লাক্ষা, লা। ২ লজ্জালুলতা। (রাজনি°)

খদিরী (স্ত্রী) খদ-কিরচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ লজ্জালুলতা। পর্য্যায়—নমস্কারী, গণ্ডকালী, সভঙ্গা, গণ্ডকারী, শমীপত্রা, রক্তপত্রী, অঞ্জলিকারিকা, রাম্না। কাহারও মতে খদিরী শব্দের অর্থ খদিরী শাক, যাহাকে চলিত কথায় লাজালু বলে। (অমরটী° ভরত।) ২ লতাবিশেষ, হাড়ঝোড়া। (জটাধর।)

খদিরীয় (ত্রি) খদিরস্য সন্নিহিতো দেশাদিঃ খদির-চাতুরর্থিক ছ। খদিরের নিকটবর্ত্তী দেশাদি।

খদিরোপম (পুং) খদির উপমা যস্য বহুব্রী। কদর। (রত্নমালা) চলিত কথায় কাঁটা-বাবলা বলে।

খদূরক (পুং) খদ বাহুলকাৎ উরচ্ ততঃ সংজ্ঞায়াং কন্। ঋষিবিশেষ। এই শব্দটী শিবাদিগণান্তর্গত, ইহার উত্তর অপত্যার্থে অণ্ প্রত্যয় হয়।

খদূরবাসিনী (স্ত্রী) খে আকাশে দূরে বসতি বস-ণিনি ততো ঙীপ্। বুদ্ধশক্তিবিশেষ। (ত্রিকাণ্ড°)

খদ্য (ত্রি) খদায় হিতং খদ-যৎ (উগবাদিভ্যো যৎ। পা ৫।১।২) স্থিরতা বিষয়ে হিতকর।

খদ্যপত্রী (স্ত্রী) খদ্যং পত্রমস্য বহুব্রী ততোগৌরাদিত্বাৎ ঙীষ্। খদির। (রাজবল্লভ)

খদ্যোত (পুং) খে আকাশে দ্যোততে দ্যুত-অচ্। ১ কীটবিশেষ, জোনাকী পোকা। পর্য্যায়—জ্যোতিরিঙ্গণ, খদ্যোতি, প্রভাকীট, উপভূর্য্যক, ধ্বান্তোন্মেষ, তমোমণি, দৃষ্টিবন্ধু, তমোজ্যোতিঃ, জ্যোতিরিঙ্গ, নিমেষক।

"বিদিতমনন্তসমস্তং তবজগদাত্মনো জনৈরিহ চরিতম্।
বিজ্ঞাপ্যং পরমগুরোঃ কিয়দিব সবিতুরিব খদ্যোতৈঃ॥"
(ভাগবত ৬।১৬।৪৬।) খং আকাশং দ্যোতয়তি প্রভাযুক্তং করোতি খ-দ্যুত-ণিচ্-অণ্ (কর্ম্মণ্যণ্। পা ৩।২।১।) ২ সূর্য্য।
"খদ্যোতাবির্মুখী চাত্র নেত্রে একত্র নির্ম্মিতে।
রূপং বিভ্রাজিতং তাভ্যাং বিচষ্টে চক্ষুষেশ্বরঃ॥"
(ভাগবত ৪।২৯।১০)

খদ্যোতক (পুং) খদ্যোত ইব কায়তি-কৈ-কঃ। যদ্বা খদ্যোত সংজ্ঞার্থে কন্। ১ এক প্রকার বৃক্ষ, ইহার ফল অতিশয় বিষাক্ত। (সুশ্রুত কল্প ২ অঃ) (পুং) খদ্যোত-স্বার্থে কন্। ২ সূর্য্য।

খদ্যোতন (পুং) খং আকাশং দ্যোতয়তি দ্যুত-ণিচ্-ল্যু। সূর্য্য। (জটাধর)

খধূপ (পুং) খং আকাশং ধূপয়তি-ধূপ্-অণ্ উপপদসং। আকাশগামী অগ্নিশিখাযুক্ত পদার্থবিশেষ, হাউই।
"উল্কাস্প্রচক্রুর্নগরস্য মার্গান্
ধ্বজান্‌ববন্ধু র্মুমুচুঃ খধূপান্।" (ভট্টি ৩।৫।)

খনক (পুং) খন-বুন্ (শিল্পিনিষ্বুন্। পা ৩।১।১৪৫) ১ মূষিক। ২ সন্ধিতস্কর, সিন্দেলচোর। (ত্রি) ৩ ভূমিবিদারক, যে ভূমি খনন করে।
"বিদুরস্য সুহৃৎ কশ্চিৎ খনকঃ কুশলো নরঃ।"
(ভারত ১।১৪৮।১)
(পুং) ৪ স্বর্ণাদির উৎপত্তি স্থান, আকর।
"পুরী সমন্তাদ্ বিহিতা সপতাকা সতোরণা।
স চক্রা সহুড়া চৈব সযন্ত্রখনকা তথা।" (ভারত ৩।১৫ অঃ)
৫ ভূতত্ত্বজ্ঞ। ৬ স্বর্ণাদির উৎপত্তিস্থানজ্ঞ।

খনন (ক্লী) খন-ল্যুট্। ১ খাতকরণ। ২ খোঁড়ন। ৩ আকর হইতে ধাতু মণি প্রভৃতি বাহির করণ।

খননীয় (ত্রি) খন-অনীয়র্। যাহা খনন করা হইবে।

খনপান (পুং) অনুবংশীয় ক্ষত্রিয়বিশেষ। (ভাগবত ৯।২৪।৩)

খনবাখাল (খাঁ বা খাল) পঞ্জাবের শতদ্রু নদীর একটী খাল। নদীতে বন্যা হইলে বন্যার জল এই খাল দিয়া যায়। পূর্ব্বে এইখানে একটী স্বতন্ত্র নদী ছিল। তাহা শুষ্ক হইয়া যায়। শতদ্রু হইতে একটী খাল কাটিয়া এই পুরাতন নদীতলের সহিত যুক্ত করিয়া দিলে পুরাতন নদীগর্ভ দিয়া খালের জল প্রবাহিত হয়। কথিত আছে, সম্রাট্ অকবরশাহের সময়ে খাঁখানন এই প্রদেশে জমিদার ছিলেন। তিনিই নাকি এই খাল কাটাইয়া দেন।

১৮৩৯ খৃষ্টাব্দে ইহার মুখ বুজিয়া যায়। মহারাজ রণজিৎসিংহের পুত্র মহারাজ খড়্গসিংহ অন্যান্য জমিদারদিগের নিকট হইতে টাকা তুলিয়া আবার কাটাইয়া দেন।

১৮৪৩ খৃষ্টাব্দে মহারাজ সেরসিংহ আর একবার ভালরূপ কাটাইয়া দিয়া কৃষিকার্য্যে ব্যবহারের উপযোগী করেন। এই সময়ে খালের জল কৃষিকার্য্যে ব্যবহার করিলে তাহার মূল্য নির্দ্ধারিত করিয়া দেওয়া হয়। তাহার পর প্রদেশটী ইংরাজ গবর্ণমেণ্ট হস্তে আসিলে ইহা খাল-বিভাগের হস্তে অর্পিত হইয়াছে। খালটী লাহোর জেলার মধ্যে মামোকি নামক স্থানে শতদ্রুনদী হইতে আরম্ভ হইয়া ধাপাই নামক স্থান পর্য্যন্ত গিয়াছে।

খনয়িত্রী (স্ত্রী) খন ণিচ্-বৃদ্ধ্যভাবঃ ততঃ তৃচ্-ঙীপ্। অস্ত্রবিশেষ, খুন্তী। নারদপঞ্চরাত্রে যাত্রাকালে খনয়িত্রী চালন করিবার বিধান আছে।
"খনয়িত্রী শুভা যাত্রা জয়ার্থং যুদ্ধকাঙ্ক্ষিভিঃ।
পঞ্চবর্ণাংশুকযুতা চালনীয়া পুরঃস্থিতা॥" (নারদপঞ্চরাত্র)

খনা (দেশজ) ১ যে নাসিকাযোগে কথা কহে। ২ একজন বিদুষী রমণী। প্রবাদ এইরূপ, ইনি সিংহলদ্বীপে জন্মগ্রহণ করেন। পরে প্রসিদ্ধ জ্যোতির্বিদ্ মিহিরের সহিত ইহার বিবাহ হয়। মিহিরের পিতা জ্যোতিঃশাস্ত্রে অতিশয় নিপুণ ছিলেন। মিহিরের জন্মের পর তিনি গণনা করিয়া দেখিলেন যে মিহিরের এক বৎসর মাত্র পরমায়ু। তিনি স্বচক্ষে পুত্রের মৃত্যু দেখিতে ইচ্ছা না করিয়া একটী তাম্রপাত্রে করিয়া মিহিরকে সমুদ্রজলে ভাসাইয়া দেন। দৈবক্রমে সেই পাত্রটী যাইয়া সিংহলদ্বীপে উপস্থিত হয়। কতকগুলি রাক্ষসীর সহিত খনা স্নান করিতেছিলেন, হঠাৎ একটী পাত্রের মধ্যে সুন্দর বালকটীকে দেখিতে পাইয়া উঠাইয়া আনিলেন। খনা পূর্ব্বেই রাক্ষসীদের নিকটে জ্যোতিঃশাস্ত্র অধ্যয়ন করেন এবং জ্যোতিষে তাঁহার অতিশয় দক্ষতা হইয়াছিল। তিনি আপনার বিদ্যাবলে গণিয়া দেখিলেন যে, এই বালকটীর পরমায়ু ১০০ বৎসর, ইহার পিতা ভ্রমে পড়িয়া ইহাকে পরিত্যাগ করিয়াছেন। খনা বালকটীকে প্রতিপালন করিতে লাগিলেন। রাক্ষসীদের নিকটে ঐ বালকও জ্যোতিঃশাস্ত্র অভ্যাস করে। পরে খনা তাঁহাকে বিবাহ করেন। অনেকদিন পরে মিহির খনার মুখে আপনার বৃত্তান্ত শুনিয়া জন্মভূমি দেখিতে উৎসুক হইলেন। খনাও তাঁহার অনুগমন করেন। তাঁহারা আসিবার সময় জ্যোতিষের পুথি সংগ্রহ করিয়া এই দেশে আনয়ন করেন। রাক্ষসীরা অনেক দৌরাত্ম্য করে, তাহাতে কতক পুথি নষ্ট হইয়া যায়। তাঁহারা এই দেশে আসিয়া মিহিরের পিতার নিকটে উপ-

স্থিত হইয়া পরিচয় দেন। তিনি কিছুতেই বিশ্বাস করিতে চাহেন না। তিনি তখন আবার আপনার পুত্রের আয়ুর্গণনা করিতে আরম্ভ করেন, এবারেও গণনায় ১ বৎসর মাত্রই পরমায়ু হয়। তখন খনা বলিল—

"কিসের তিথি কিসের বার জন্মনক্ষত্র কর সার।
কি কর খণ্ডরা মতিহীন পলকে জীবন বারদিন॥"

খনার এইরূপ কথা শুনিয়া মিহিরের পিতার ভ্রান্তি দূর হইল, তিনি মিহির ও খনাকে পরম সমাদরে গ্রহণ করিলেন।

উপরোক্ত প্রবাদের মূলে কিছুমাত্র সত্য নাই। খনার নামে যে সকল বচন প্রচলিত, তাহা বাঙ্গালা ভাষায় রচিত। খনা বরাহমিহিরের পত্নী হইলে কখনই বাঙ্গালা ভাষায় জ্যোতিষ-বচন রচনা করিতেন না। খনার বচন ও তাঁহার ভাষার দৃষ্টে বোধ হয় যে খনা স্ত্রীলোকই হউন আর পুরুষই হউন বঙ্গদেশের লোক বটে, সম্ভবতঃ তিন চারি শত বর্ষের মধ্যে তাঁহার আবির্ভাব কাল। জ্যোতিষশাস্ত্রে তাঁহার অসাধারণ পাণ্ডিত্য ছিল। খনার বচন নামে যে সকল জ্যোতিষ-বচন প্রচলিত, তাহার অধিকাংশ বরাহমিহিরের জাতকাদি জ্যোতিষশাস্ত্রের সহিত অনেকটা ঐক্য, এই জন্যই বোধ হয় জ্যোতির্বিদ্‌গণ খনাকে মিহিরের পত্নী বলিয়া কল্পনা করিয়া থাকিবেন।

খনি (ত্রি) খন্-ই (খনিকষ্যাজ্ঞাসিবসিবনিসনিধ্বনিগ্রন্থি-চরিভ্যশ্চ। উণ্ ৪।১৩৯) ১ খনন।

"যোঽপ্স্বগ্নি রতি তং সৃজামি ম্রোকং খনিং তনূদূষিম্।"
(অথর্ব্ব ১৬।১।৬)

(স্ত্রী) ভূগর্ভের যে স্থান খনন করিয়া মনুষ্য ধাতু, প্রস্তর বা মূল্যবান্ মৃত্তিকাদি উত্তোলন করে, তাহাকে খনি বলে। বহু পূর্ব্বকাল হইতে ভারতবর্ষে খনিকার্য্য চলিতেছে। খনি হইতে কিরূপে রত্ন সংগ্রহ করিতে হয়, তাহা অতি প্রাচীনকাল হইতেই ভারতবাসী জানিতেন। বাষ্পীয়যন্ত্রের প্রভাবে এক্ষণে এই কার্য্যের বিশেষ উন্নতি হইয়াছে। কঠিন পর্ব্বতগাত্র বা সমতল ভূমি ভেদ করিয়া পৃথিবীর অতি গভীর প্রদেশে অবতরণ করিয়া, আজ কাল মনুষ্যেরা নানা ধাতু উত্তোলন করিতেছে। কেবল স্বর্ণ প্রভৃতি অতি অল্প সংখ্যক ধাতু বিশুদ্ধভাবে পাওয়া যায়, নতুবা আর সমুদয় ধাতু নানাপদার্থের সহিত রাসায়নিক ভাবে মিশ্রিত হইয়া থাকে। এইরূপ অবিশুদ্ধ ধাতুকে আকর (Ore) বলে। নানা উপায়ে অপরাপর পদার্থকে পৃথক্ করিয়া আকর হইতে বিশুদ্ধ ধাতুটুকু বাহির করিয়া লইতে হয়। কোথায়, কি ভাবে, কি পরিমাণে, কোন্ ধাতু থাকিবার সম্ভাবনা তাহা ভূতত্ত্ব (Géology) বিদ্যার সহায়তায় জানিতে পারা যায়। যে সমুদয় উপায় অবলম্বনে ভূগহ্বর হইতে ধাতুর আকর উপরে তুলিতে পারা যায়, তাহাকে খনিকার্য্য (Mining) বলে। যে বিদ্যার সহায়তায় আকর হইতে অপরাপর পদার্থ পৃথক্ করিয়া বিশুদ্ধ ধাতু বাহির করিতে পারা যায়, তাহাকে ধাতুতত্ত্ব (Metallurgy) বলে। ধাতু ব্যতীত, স্লেট্ ও অপরাপর প্রস্তর, পাথুরে কয়লা, নানাবর্ণে রঞ্জিত মৃত্তিকা প্রভৃতি অন্যান্য বস্তুও খনি হইতে সংগৃহীত হয়।

পৃথিবী-নিম্নে খনিজ পদার্থ স্তরে স্তরে (Strata) সজ্জিত হইয়া অবস্থিতি করে, অথবা প্রাচীর সদৃশ প্রস্তররাশির মধ্যে শিরা (Vein) ভাবে শায়িত হইয়া থাকে। পৃথিবীর কোন্ স্থানে, কি ভাবে, কি পরিমাণে খনিজ পদার্থ অবস্থিত আছে, তথা হইতে আকর উত্তোলন করিলে লাভ হইতে পারে কি না, এই সমুদয় বিষয় নির্দ্দেশ করা অতি কঠিন। এইরূপ অনুসন্ধানকে ইংরাজিতে Prospecting বলে। পৃথিবীর নিম্নে যে ধাতু লুক্কায়িত আছে, কখনও কখনও তাহার কিয়দংশ জলস্রোতে বা অপর কোনও কারণে আপনা-আপনি বাহির হইয়া পড়ে। আকর উপরে উঠিয়া পড়িলে তাহাকে ভাসা-আকর (Out-crop) বলে। এইরূপ ভাসা-আকর দেখিয়া বিচক্ষণ খনকেরা আকরের মূলদেশ অনায়াসে স্থির করিতে পারেন। কিন্তু যে স্থানে খনিজ পদার্থ এইরূপ ভাসিয়া না থাকে, সেস্থানে অনেক অনুসন্ধানের পর তবে ভূনিম্নস্থ ধাতুর অস্তিত্ব স্থির করিতে পারা যায়। কোনও স্থানে কোনও রূপ ধাতু থাকিবার চিহ্ন ভূতত্ত্ববিদ্যার সহায়তায় নির্দ্দিষ্ট হইলে, খনিকার যাইয়া সেই স্থানে অনুসন্ধান (Prospecting) আরম্ভ করেন। প্রথমে সেই স্থানের মৃত্তিকা ও নিকটস্থ নদীনালার বালুকা উত্তমরূপে পরীক্ষা করিয়া দেখেন। অণুবীক্ষণ ও রাসায়নিক পরীক্ষা দ্বারা সেই মৃত্তিকা ও বালুকাতে যদি সূক্ষ্ম সূক্ষ্ম ধাতুর কণার অস্তিত্ব দেখিতে পান, তাহা হইলে তাহা যে উপরিস্থ পর্ব্বতাদি হইতে ধুইয়া আসিতেছে এইরূপ স্থির করেন। তাহার পর কোথা হইতে সেই ধাতু ধুইয়া আসিতেছে, সেই বিষয়ের অনুসন্ধান করিতে থাকেন। পৃথিবীগাত্রে নানাস্থানে অতি গভীর সূক্ষ্ম সূক্ষ্ম ছিদ্র করিয়া ও তলদেশ হইতে মাটি তুলিয়া পরীক্ষা করিয়া দেখেন। এইরূপ পৃথিবীতে ছিদ্র করিবার নানা যন্ত্র আছে। ইহাকে Boring apparatus বলে। এইরূপ পরীক্ষা করিয়া আকরের প্রকৃত স্থান নির্দ্দিষ্ট হইলে তাহার পর খনির কার্য্য আরম্ভ করিতে হয়। উপর হইতে যত নিম্নে আকর (Ore)

আছে, প্রথমে সেই পর্য্যন্ত কূপ খনন করিতে হয়। পৃথিবী-নিম্নে আকর যে ভাবে থাকে, কূপও সেই ভাবে খনন করিতে হয়। এই কূপ কোথাও বা সরল ভাবে, কোথাও বা তির্য্যক্ ভাবে পৃথিবীর নিম্নে গমন করে। তাহার পর পৃথিবীর নিম্নে অনেকানেক সুড়ঙ্গ করিয়া আকর খনন করিতে হয়।

সামান্য একটী কূপ খনন করিলে কত জল বাহির হয়। খনির ভিতর তাহা অপেক্ষা সহস্র গুণে জল বাহির হইয়া পড়ে। অনেক স্থানে এই জল ক্রমে একত্র হইয়া স্রোতের আকার ধারণ করে। খনির কূপ যতটুকু আবশ্যক, অনেকে তাহা অপেক্ষা অধিকতর গভীর করিয়া খনন করে। এই গভীর স্থানে জল গিয়া জমে। কূপের এক পার্শ্বে দমকল বসাইয়া এই জল তুলিয়া ফেলে। খনির ভিতর বিশুদ্ধ বায়ুর বিশেষ প্রয়োজন। বিশুদ্ধ বায়ু না থাকিলে মজুরেরা কাজ করিতে পারে না। সে নিমিত্ত আজকাল প্রায় সকল খনিতে একটীর অধিক কূপ থাকে। একটী কূপের তলদেশে রাত্রি দিন প্রখর অগ্নি প্রজ্বলিত রাখিতে হয়। সে স্থানের বায়ু লঘু হইয়া উপরে উঠিয়া পড়ে। এইরূপ ক্রমে যেরূপ এক দিক্ দিয়া খনি বায়ুশূন্য হইতে থাকে, সেইরূপ অপর কূপ দিয়া উপর হইতে বিশুদ্ধ বায়ু খনির ভিতর প্রবেশ করিতে থাকে। সুতরাং এইরূপ উপায় অবলম্বনে খনির ভিতর বিশুদ্ধ বায়ুর অভাব হয় না।

কয়লার খনিতে এইরূপ সুড়ঙ্গ অনেক থাকে। মাটির ভিতর পাথুরে কয়লার খনি একবারে ফাঁপা মাঠের মত নয়। সহরে যেরূপ চারিদিকে রাস্তা ও গলি থাকে, সেইরূপ রাস্তা ও গলির মত চারিদিকে সুড়ঙ্গ করিয়া লোকে কয়লা বাহির করে। মাঝে মাঝে যে প্রাচীর থাকে, তাহাই স্তম্ভের কার্য্য করে। ছাদ ভাঙ্গিয়া পড়ে না। অনেক খনিতে এত সুড়ঙ্গ থাকে যে সে সমুদয় একত্র করিয়া যোড়া দিলে বিশ পঁচিশ ক্রোশ পথ হইয়া পড়ে। উত্তমরূপে সুড়ঙ্গ মধ্যে বায়ুসঞ্চালনের নিমিত্ত কোন কোন সুড়ঙ্গ কপাট দ্বারা আবদ্ধ রাখিতে হয়। অল্পদিন পূর্ব্বে বিলাতে এইরূপ কপাটের নিকট এক একটী শিশু বসিয়া থাকিত। কয়লা বোঝাই গাড়ী আসিয়া উপস্থিত হইলে সে কপাট খুলিয়া দিত। খনির ভিতর এরূপ শিশুদিগকে কোনও কর্ম্মে নিয়োগ করা এক্ষণে আইনদ্বারা নিষিদ্ধ হইয়াছে। খনির ভিতর সুড়ঙ্গদ্বারে শিশু কিরূপে বসিয়া থাকিত, তাহা এই চিত্র খানিতে দৃষ্ট হইবে।




খনির ভিতর মজুরদিগকে অতিশয় কঠোর পরিশ্রম করিতে হয়। এখানে দিবা নাই, রাত্রি নাই, সর্ব্বদাই ঘোর অন্ধকার। মশাল বা বাতির আলোকে কাজ করিতে হয়। কোনও কোনও খনিতে দহনশীল বাষ্প বর্ত্তমান থাকে। সে স্থানে খোলা মশাল বা বাতি লইয়া কাজ করিবার যো নাই। একপ্রকার তার-জড়িত লণ্ঠন (Safety lamp) আছে, তাহার আলোকে কাজ করিতে হয়। যে খনিতে এরূপ দহনশীল বাষ্প বর্ত্তমান নাই, সে স্থানে বারুদের প্রভাবে আকর ও কয়লা প্রভৃতি পদার্থ ভাঙ্গিয়া লইতে পারা যায়। কিন্তু যে সব খনিতে দহনশীল বাষ্প আছে, সে স্থানে বারুদ ব্যবহার করিলে ঘোরতর অগ্ন্যুৎপাত হইবার সম্ভাবনা। সেখানে কাতড়া দিয়া আকর বা কয়লা কাটিতে হয়। সুড়ঙ্গ সকল

স্থানে সমান ভাবে উচ্চ নয়। সকল স্থানে মজুরেরা সোজা হইয়া দাঁড়াইতে পারে না। সুতরাং কোন স্থানে দাঁড়াইয়া, কোন স্থানে বসিয়া, কোন স্থানে শুইয়া আকর কাটিতে হয়। [নিম্নে চিত্র দেখ।]



আকর কাটা হইলে, নানা উপায়ে তাহাকে উপরে তুলিতে হয়। বড় বড় খনির ভিতর পথ ও রেল আছে। আকর কাটা হইলে, তাহাকে গাড়ীতে বোঝাই করিয়া কূপের নীচে আনিয়া তাহার পর উপরে তুলিতে হয়। এই সব গাড়ী কোথাও বা অশ্ব দ্বারা পরিচালিত হয়, কোথাও বা মনুষ্য ঠেলিয়া লইয়া যায়। খনির ভিতর মনুষ্য দ্বারা কি ভাবে গাড়ী পরিচালিত হয়, তাহা নিম্নস্থ চিত্রখানিতে প্রদর্শিত হইল।




যে সব খনিতে গাড়ী নাই সে স্থানে মজুরেরা পৃষ্ঠে করিয়া আকর কূপ নিম্নে আনিয়া থাকে অথবা আকর-পূর্ণ টবে শৃঙ্খল বাঁধিয়া ও সেই শৃঙ্খল আপনার কোমরে আবদ্ধ করিয়া টানিয়া লইয়া যায়। বিলাতে অল্পদিন পূর্ব্বে

এই কার্য্যে অনেক স্ত্রীলোক নিযুক্ত ছিল। এক্ষণে এরূপ কষ্টসাধ্য কার্য্যে স্ত্রীলোক নিযুক্ত করা আইন দ্বারা নিষিদ্ধ হইয়াছে। স্ত্রীলোক দ্বারা কিরূপে এই কার্য্য সম্পাদিত হইত, তাহা এই চিত্রখানিতে প্রদর্শিত হইল।




কূপের নিম্নে খনিজ পদার্থ আসিয়া পৌঁছিলে তাহাকে উপরে তুলিতে হয়। নানা উপায়ে এই কার্য্য সাধিত হইয়া থাকে। যে খনিতে কূপ সরলভাবে না হইয়া তির্য্যক্ ভাবে থাকে, সে স্থানে আকর-পরিপূর্ণ গাড়ী বাষ্পীয় কলে একবারে উপরে টানিয়া তুলিতে পারা যায়। যে খনিতে কূপ একবার সরল ভাবে পৃথিবীর নিম্নে চলিয়া গিয়াছে, সেখানে টবে কাটিয়া আকর প্রভৃতি পদার্থ উপরে তুলিতে হয়। টবের আঙ্টায় শৃঙ্খল পরাইয়া উপরে একটী চরকীর সহিত সংলগ্ন করিতে হয়। চরকী ঘুরাইলে শৃঙ্খল চরকীর গায়ে জড়াইতে থাকে, আর টব উপরে উঠিতে থাকে। আবার বিপরীত দিকে চরকী ঘুরাইলে শৃঙ্খল যেমন খুলিতে থাকে, তেমনি টব নীচে নামিতে থাকে। অনেক স্থলে লোকে হাত দিয়া চরকী ঘুরাইত। (পার্শ্বে চিত্র দেখ।)




খনি অতি সামান্য হইলে মনুষ্য দ্বারা এ কার্য্য নির্ব্বাহিত হইতে পারে। এই কার্য্যে অধিক মনুষ্য আবশ্যক হইলে চরকীর নিকট বড় একটী কাষ্ঠনির্ম্মিত গোলাকার যন্ত্র নির্ম্মাণ করিতে হয়, তাহাকে জিন বলে। চরকীর উপর দিয়া টবের শৃঙ্খল আনিয়া এই জিনে জড়াইতে হয়। অনেক লোক ধরিয়া এই জিনটীকে ঘুরাইতে পারে। জিন ঘুরিলেই

চরকী ঘুরিতে থাকে। চরকী ঘুরিলেই টব উঠিতে নামিতে থাকে। রাণীগঞ্জ অঞ্চলে খনি হইতে পাথুরে কয়লা এই প্রণালীতে উত্তোলিত হইয়া থাকে। (নীচে চিত্র দেখ।)



আমাদের দেশের মত বিলাতে মজুর সস্তা নয়। সুতরাং সেখানে আজ কাল বাষ্পীয় যন্ত্রদ্বারা এ কার্য্য সমাহিত হয়। লোকের মজুরি যখন মহার্ঘ হইয়া উঠিল, তখন প্রথম প্রথম অশ্বদ্বারা চরকী ঘূর্ণিত হইত। চরকীর গায়ে দুইটী টবের দুইটী শৃঙ্খল এরূপ ভাবে সংলগ্ন থাকিত, যে চরকী ঘুরিলেই একটী শৃঙ্খল জড়াইত ও অপরটী খুলিত, সুতরাং একটী টব উপরে উঠিত ও অপরটী নীচে নামিত। অশ্ববলে আকর প্রভৃতি কিরূপে উপরে উত্তোলিত হইত, তাহা পার্শ্বের চিত্রে প্রদর্শিত হইল।

বিলাতে আজ কাল সকল খনিতে, বিশেষতঃ কয়লার খনিতে, চরকী ও জিন বাষ্পীয় কলে পরিচালিত হয়। বাষ্পীয় কলের বৃহৎ চক্র চর্ম্মপেটি দ্বারা জিনের সহিত সংযুক্ত থাকে। কলের চাকা যেমন বাষ্পীয় বলে ঘুরিতে থাকে, জিনও তাহার সঙ্গে সঙ্গে ঘুরিতে থাকে, তাহাতে এক টবের শৃঙ্খল নিজের গায়ে জড়াইতে থাকে, অপর টবের শৃঙ্খল জিনের গা হইতে খুলিতে থাকে। যে টবের শৃঙ্খল জড়াইতে থাকে, সে টবটী উপরে উঠিতে থাকে। যাহার শৃঙ্খল খুলিতে থাকে, সে টবটী নীচে নামিতে থাকে। এইরূপে এক কালেই একটী টব উঠিতে থাকে, আর একটী টব নামিতে থাকে, টবে




করিয়া কেবল যে উপরে আকর উত্তোলিত হয়, তাহা নহে। এই টবে করিয়া মজুরেরা ভূগহ্বরে কাজ করিবার নিমিত্ত

অবতরণ করে ও কাজ হইয়া গেলে পুনরায় উপরে উঠে। (নীচে চিত্র দেখ।)



অনেক ধাতুর খনিতে, যেখানে কূপ সরল ভাবে নাই, যেখানে মাঝে মাঝে সিঁড়ি আছে। সেই সিঁড়ি দিয়া মজুরেরা উঠিতে নামিতে পারে। কূপের ভিতর দিয়া অনেক সময়ে টবে টবে ঠোকাঠোকি হইয়া যাইত। এরূপ দুর্ঘটনা নিবারণের জন্য এক্ষণে কূপকে দুইভাগে বিভক্ত করা হয়, একদিক্ টব নামিবার জন্য, অপরদিক্ টব উঠিবার জন্য, অনেক সময়ে আবার টব দুলিয়া কূপের প্রাচীরের গায়ে সবলে লাগিয়া ভাঙ্গিয়া যাইত, এইরূপ দুর্ঘটনা নিবারণের জন্য কূপের মধ্যস্থলে একটী লৌহশলাকা প্রোথিত করা হইয়াছে, টবের আঙটা এই শলাকার গায়ে লাগান থাকে, সুতরাং টবটী এই শলাকা ধরিয়া নামিতে উঠিতে থাকে, এদিক্ ওদিক্ দুলিয়া যাইতে পারেনা, সুতরাং কূপের প্রাচীরে ধাক্কা লাগিবার যো নাই। অনেক সময়ে শৃঙ্খল ছিঁড়িয়া টব খনি তলে পতিত হইয়া অনেক লোকের প্রাণ নাশ হইত। এরূপ বিপদ নিবারণের জন্য উপায় উদ্ভাবিত হইয়াছে। টবের শৃঙ্খলে একখানি কব্জা থাকে, এই কব্জা উপরিউক্ত লৌহদণ্ডের সহিত আল্গা ভাবে সংলগ্ন থাকে। যখন টব উঠিতে নামিতে থাকে, তখন শৃঙ্খলের টানে টানে কব্জার দুইমুখ খোলা থাকে, কব্জা ফাঁক হইয়া থাকে, লৌহদণ্ডের গাত্রে দৃঢ়ভাবে সংলগ্ন থাকেনা। কিন্তু দৈবক্রমে শৃঙ্খল ছিঁড়িয়া যাইলেও কব্জার দুইমুখ সেই মুহূর্ত্তে একবারে কড়া করিয়া কামড়াইয়া ধরে। টব যেখানে ছিল শূন্যে সেইখানেই থাকে, কূপের তলদেশে ছিঁড়িয়া পড়িতে পারে না। কি রূপে এই কার্য্য সম্পন্ন হয়, তাহা এই চিত্রখানিতে প্রদর্শিত হইল।



কয়লা বা আকরপূর্ণ টব আসিয়া কূপের মুখে পৌঁছিলেই তৎক্ষণাৎ কল বন্ধ করিয়া দিতে হয় ও টব সরাইয়া লইতে হয়।

পাথুরে কয়লা প্রভৃতি পদার্থকে ব্যবহার উপযোগী করিতে আর বড় অধিক পরিশ্রম করিতে হয় না। কিন্তু অপরাপর ধাতুর আকর হইতে বিশুদ্ধ ধাতু পৃথক্ করা অতি পরিশ্রমসাধ্য কার্য্য। লৌহের আকরকে পর্ব্বতাকার ভাঁটিতে পোড়াইতে হয়। রৌপ্যের আকর গন্ধক প্রভৃতি নানা দ্রব্য মিশ্রিত হইয়া থাকে। গন্ধকমিশ্রিত রৌপ্যের আকরকে লবণের সহিত প্রথম ভাঁটিতে পোড়াইতে হয়,

তাহার পর ইহাকে জল ও লৌহকণার সহিত পিপার ভিতর বন্ধ করিয়া ঘুরাইতে হয়। এইরূপ করিলে গন্ধক হইতে রৌপ্য বিচ্ছিন্ন হইয়া যায়। তাহার পর এই অবিশুদ্ধ রৌপ্যের সহিত পারদ মিশ্রিত করিতে হয়। পারদ রৌপ্যকে আপনার দিকে টানিয়া লয়, অপরাপর পদার্থ পৃথক্ হইয়া পড়িয়া থাকে। অবশেষে অগ্নির উত্তাপে পারদ পৃথক্ করিয়া বিশুদ্ধ রৌপ্য সংগৃহীত হইয়া থাকে। পূর্ব্বকালে নদীর বালুকা ধৌত করিয়া লোকে স্বর্ণ সংগ্রহ করিত। যে সমুদয় প্রস্তর পচিয়া ও ধুইয়া নদী জলে এই স্বর্ণকণা যাইত, এক্ষণে লোকে সেই প্রস্তর হইতে স্বর্ণ উদ্ধার করিয়া থাকে। প্রথমে খনি হইতে এই প্রস্তর তুলিয়া লোকে চূর্ণ করে। তাহার পর সেই প্রস্তরের উপর দিয়া ধীরে ধীরে জলস্রোত পরিচালিত করিতে হয়, তাহাতে প্রস্তর চূর্ণের বালুকা প্রভৃতি ধুইয়া যায় ও অপেক্ষাকৃত গুরু লৌহকণা, স্বর্ণকণা প্রভৃতি পড়িয়া থাকে। ইহার সহিত তৎপরে পারদ মিশ্রিত করিলে, পারদ অপরাপর পদার্থকে পরিত্যাগ করিয়া স্বর্ণকণার সহিত মিলিত হয়। অবশেষে উত্তাপ দ্বারা পারদকে পৃথক্ করিলে বিশুদ্ধ স্বর্ণ রহিয়া যায়। [ধাতু, ধাতুতত্ত্ব, ভূতত্ত্ব প্রভৃতি শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

খনিজ (ত্রি) খনি-জন-ড। খনি হইতে জাত। মনুষ্যের ব্যবহারোপযোগী যে কোনও পার্থিব পদার্থ মাটি খুঁড়িয়া তুলিতে হয়, তাহাকেই খনিজ বলে। হীরা মাণিক প্রভৃতি রত্ন, সেট্, বালুপাথর, চূণা পাথর, খড়িমাটি, গিরিমাটি, পার্ব্বতীয় লবণ, স্বর্ণ, রৌপ্য, লৌহ প্রভৃতি ধাতু এই সমুদয় খনিজ পদার্থ। যথাস্থানে ইহাদের বৃত্তান্ত সবিশেষ বিবৃত হইবে।

যে শাস্ত্র দ্বারা খনিজ পদার্থের গুণাগুণ ও পরীক্ষা করা যায়, তাহাকে খনিজতত্ত্ব (Mineralogy) বলে।

[ধাতু, ধাতুতত্ত্ব প্রভৃতি শব্দ দেখ।]

খনিত্র (ক্লী) খন ইত্র। অস্ত্রবিশেষ, চলিত কথায় খোন্তা বলে।

"যথা খনন্ খনিত্রেণ নরোবার্য্যধিগচ্ছতি।" (মনু)

খনিত্রক (ক্লী) খনিত্র-স্বার্থে কন্। খনিত্র।

খনিত্রিম (ত্রি) খননেন নির্ব্বৃত্তঃ খন-ত্রিমক্। যাহা খনন দ্বারা উৎপন্ন হয়। স্ত্রীলিঙ্গে টাপ্ হইয়া খনিত্রিমা শব্দ হয়।

"যা আপো দিব্যা উত বা স্রবন্তি।
খনিত্রিমাঃ উতবা যাঃ স্বয়ংজাঃ।" (ঋক্ ৭।৪৯।২)

'খনিত্রিমাঃ খননেন নির্ব্বৃত্তাঃ।' (সায়ণ।)

খনিনেত্র (পুং) বিবিংশের জ্যেষ্ঠ পুত্র। ইহার পুত্রের নাম সুবর্চা। (ভারত আশ্ব° ৪ অঃ) [সুবর্চা দেখ।] কোন স্থলে খনিনেত্র স্থলে খনীনেত্র পাঠও দৃষ্ট হয়।

খনিয়াধান, বুন্দেল খণ্ডের মধ্যে একটী ছোট রাজ্য। মধ্য-ভারতের শাসনবিভাগের অধীন। পূর্ব্বে ইহা উর্চ্ছা বা তেহরি রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। কিন্তু ১৭০৩ খৃষ্টাব্দে উদিতসিংহ এই রাজ্যটী তাহার ভ্রাতা আমীরসিংহকে জায়গীর স্বরূপ দান করেন। ঝান্সি ও উর্চ্ছার পরবর্ত্তী রাজগণ মধ্যে এই স্থান লইয়া বিবাদ বিসম্বাদ হয়। শেষে ঝান্সির অধিকারেই থাকে। ১৮৬২ খৃষ্টাব্দে ঝান্সি রাজবংশের উচ্ছেদে খনিয়াধানও ইংরাজ গবর্ণমেণ্টের অধীন হয়। এখন একজন বুন্দেলা রাজপুত এখানকার সামন্ত। রাজ্যের ভূপরিমাণ ৮৪ বর্গমাইল। অধিবাসী ৭০৮৯ জন মধ্যে ৬৪০৫ জন স্ত্রীলোক। জঙ্গলটী জঙ্গল ও পাহাড়ে পরিপূর্ণ।

২ উক্ত রাজ্যের প্রধান নগর। অক্ষা° ২৫°১৩´ উঃ, দ্রাঘি° ৭৮°১১´৩০´´ পূঃ। লোকসংখ্যা ২০০০। এখানে একটী দুর্গ আছে। উহাই সামন্ত রাজার বাসস্থান। নগরে যাইবার পথ ভাল নাই।

খনী (স্ত্রী) খন ইন্ বা ঙীপ্। ১ ধাতুরত্নাদির উৎপত্তি স্থান। ২ ভূমিদারণ। ৩ আধার।

"ষষ্টিঃ ষট্ চ ধরা যোষিৎ অঙ্গলক্ষণসংখনী।" (কাশীখ° ২৭ অঃ)

৪ খাত, গর্ত্ত।

"ধৃতগম্ভীর খনী খনীলিম।" নৈষধ°। [খনি দেখ।]

খন্তা (খনিত্র শব্দজ) মৃত্তিকা খনন করিবার একপ্রকার অস্ত্র। স্থানবিশেষে খন্তীও বলে।

খন্দ (দেশজ) শস্যাদি ফল মূল প্রভৃতি।

খন্দপালা (দেশজ) পর্য্যায়ক্রমে শস্যাদি সম্বন্ধীয় উৎসব। এতদ্দেশীয় হিন্দুগণ ভাদ্র, চৈত্র ও পৌষমাসে শস্যোৎপত্তির পর শস্যাধিষ্ঠাত্রী লক্ষ্মীদেবীর পূজা করিয়া থাকে, তাহাকে লক্ষ্মীর খন্দপালা বলে।

খন্ন, পঞ্জাবের লুধিয়ানা জেলায় যমরাল তহসীলের একটী নগর। এখানে সিন্ধু-পঞ্জাবদিল্লী-রেলের একটী ষ্টেসন আছে।

খন্য (ত্রি) খন-যৎ। খননীয়, যাহাকে খনন করা হইবে।

খপ্ (ক্রিয়াবি°) (দেশজ) শীঘ্র।

খপরা (খর্পর শব্দজ) খর্পর।

খপুর (পুং) খং পিপর্ত্তি উচ্চতয়া পৃ-ক। ১ শুবাক। (ত্রি) খং ইন্দ্রিয়ং পিপর্ত্তি পৃ ক। ২ অলস। (পুং) খেন আকাশাগতেন হিমকরকাদিনা পূর্য্যতে পৃ-কর্ম্মণি ক। ৩ ভদ্রমুস্তক। (মেদিনী) ৪ ব্যালনখ। (রাজনি°) (ক্লী) খে আকাশে উদিতং পুরং শাকপার্থিবাদিবৎ সমাসঃ। ৫ গন্ধর্ব্বনগর। হঠাৎ আকাশমণ্ডলে গন্ধর্ব্বনগর দৃষ্ট হইলে নিশ্চয়ই কোন না কোন অশুভ ঘটিয়া থাকে। কিরূপভাবে কোথায় উদিত

হইলে কি ফল হয়, বৃহৎসংহিতায় তাহার বিষয় এইরূপ লিখিত আছে। গন্ধর্ব্বনগর উত্তর, পূর্ব্ব, দক্ষিণ বা পশ্চিমদিকে দৃষ্ট হইলে যথাক্রমে পুরোহিত, রাজা, সৈন্যাধ্যক্ষ ও যুবরাজের বিঘ্ন হয়। গন্ধর্ব্বনগর শ্বেত, রক্ত, পীত বা কৃষ্ণবর্ণ হইলে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্রের বিনাশ হয়। ঈশান, অগ্নি ও বায়ুকোণে দৃষ্ট হইলে হীনজাতির বিনাশ হইয়া থাকে। শান্তদিকে তোরণযুক্ত গন্ধর্ব্বনগর দেখিতে পাইলে নৃপতির বিজয় হয়। যে বৎসরে সকলদিকে এবং প্রায় সকল সময়েই দেখিতে পাওয়া যায়, সেই বৎসরে রাজা এবং রাজ্যের ভয় হয়, কিন্তু ধূম, অগ্নি বা ইন্দ্রধনুতুল্য হইলে চৌর ও অরণ্যবাসিগণের বিনাশ হয়, ঈষৎ পাণ্ডুবর্ণ গন্ধর্ব্বনগর উঠিলে অশনিপাত ও ঝঞ্ঝা হইয়া থাকে, কিন্তু দীপ্ত হইলে শত্রুভয় এবং দক্ষিণভাগে থাকিলে জয় হয়। যখন অনেক বর্ণাকৃতি, পতাকা, ধ্বজ ও তোরণাদিযুক্ত গন্ধর্ব্বপুর আকাশে উঠে, তখন ঘোরতর সংগ্রাম উপস্থিত হয় এবং পৃথিবী হস্তী, মনুষ্য ও অশ্বের রক্ত পান করে।

(বৃহৎস° ৩৬ অঃ)

খে-আকাশে চরং পুরং শাকপার্থিবাদিবৎ সমাসঃ। ৬ আকাশগামী দৈত্যপুরবিশেষ। দৈত্যকন্যা পুলোমা ও কালকা বহুদিন কঠোর তপস্যার অনুষ্ঠান করে। তাহাদের তপস্যায় সন্তুষ্ট হইয়া ব্রহ্মা বর দিতে উপস্থিত হইলে তাহারা দৈত্যগণের দুঃখ নিবারণের জন্য আকাশগামী একটী নগর প্রস্তুত করিতে প্রার্থনা করে। ব্রহ্মা তাহাদের প্রার্থনা অনুসারে একটী আকাশগামী নগর নির্ম্মাণ করিয়া দেন।

(ভারত বন° ২৭৩ অঃ)

৭ হরিশ্চন্দ্র রাজার পুরী। (ত্রিকাণ্ড°)

খপুষ্প (ক্লী) খস্য আকাশস্য পুষ্পং ৬তৎ। আকাশ-কুসুম। খপুষ্প বাস্তবিক কোন পদার্থ নহে, অলীক কোন পদার্থের উপমারূপে শাস্ত্রকারগণ খপুষ্পের উল্লেখ করেন।

খপ্‌খপ্‌ (ক্ষিপ্র শব্দজ) শীঘ্র শীঘ্র।

খপ্‌রা (খর্পর শব্দজ) খোলা, টালি।

খপ্‌রৈল (দেশজ) খোলার ঘর বা টালির ঘর।

খফা (পারসীজ) রাগী, ক্রোধী।

খফীফ্‌ (আরবী) ঘৃণা, হেয়জ্ঞান।

খবর্‌ (আরবী) ১ সংবাদ। ২ যত্ন, তত্ত্বাবধান।

খবর্‌গীর্‌ (পারসীক) সংবাদদাতা, অনুসন্ধানকারী, তত্ত্বাবধায়ক।

খবরদার (পারসীজ) সাবধান। (অব্য) সতর্ক হও।

খবাস খাঁ, সলিমশাহের অধীনস্থ একজন আমীর, ধনে মানে, বীরত্বে ও যুদ্ধকৌশলের জন্য বিখ্যাত। ইনি বাদশাহের বিরুদ্ধে নিজ ভ্রাতা আদিলশাহের পক্ষাবলম্বন করায় নানাস্থানে বিতাড়িত হইয়া শেষে শম্ভলের শাসনকর্ত্তা তাজখাঁর আশ্রয় গ্রহণ করেন। ১৫৫১ খৃষ্টাব্দে তাজ খাঁ সলিমশাহের তুষ্টি বিধানের জন্য অতি নিকৃষ্টভাবে ইঁহাকে বধ করেন। পরে খবাস খাঁর দেহ দিল্লীতে আনিয়া গোর দেওয়া হয়। মুসলমানতীর্থযাত্রীগণ খবাসের সেই গোরস্থান আজও দেখিতে গিয়া থাকেন, তাঁহারা খবাসকে একজন সাধুপুরুষ বলিয়া জানেন।

খবিন্দশাহ, সচরাচর মীরমন্দ নামে খ্যাত, ইহার প্রকৃত নাম মুহম্মদ বিন্ খবন্দ শাহ বিন্ মক্ষুদ। পারস্যের একজন প্রসিদ্ধ ঐতিহাসিক। 'রৌজৎ উস্ সফা' অর্থাৎ পুণ্য-উদ্যান নামক গ্রন্থ-রচয়িতা। প্রায় ১৪৩৩ খৃষ্টাব্দে ইহার জন্ম ও ১৪৯৮ খৃষ্টাব্দে মৃত্যু হয়।

খবীশ (আরবী) ১ নিষ্ঠুর, ক্রূর। ২ বিদ্বেষী। ৩ অসৎ।

খভ (পুং ক্লী) গ্রহ।

খভুক্‌ (পুং) খ-ভুজ-কিপ্‌। ইন্দ্র।

খভ্রান্তি (পুং স্ত্রী) খে আকাশে ভ্রান্তির্ভ্রমণং মাংসান্বেষণায় যস্য। চিল্ল, চিল। (ত্রিকাণ্ড°) স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীপ্‌ হয়।

খমক, একপ্রকার গ্রাম্য-আনদ্ধ যন্ত্র।

খমণি (পুং) খে আকাশে মণিরিব প্রকাশকত্বাৎ। সূর্য্য।

খমীর (আরবী) গাঁজাউঠা, রসাল।

খমীলন (ক্লী) খানাং ইন্দ্রিয়াণাং মীলনং ৬তৎ। তন্দ্রা, অল্প নিদ্রা।

খমূর্ত্তি (পুং) খং মূর্ত্তিরস্য বহুব্রী। ১ অষ্টমূর্ত্তিধর, ভীমরূপ, শিব। (স্ত্রী) খস্য ব্রহ্মণো মূর্ত্তিঃ স্বরূপম্। ২ ব্রহ্মস্বরূপ।

"স ব্রহ্ম পরমভ্যেতি বায়ুভূতঃ খমূর্ত্তিমান্।" (মনু ২।৮২)

খমূলিকা (স্ত্রী) খং শূন্যভূতং মূলমস্যা বহুব্রী ততো ঙীপ্‌, ততঃ ক-টাপ্‌ ঈকারস্য হ্রস্বত্বঞ্চ। কুম্ভিকা, পানা। (ত্রিকাণ্ড°)

খমূলী (স্ত্রী) খং শূন্যভূতং মূলমস্যা বহুব্রী ততো ঙীপ্‌। কুম্ভিকা, পানা। (ত্রিকাণ্ড°) কেহ কেহ খমূলী স্থানে খমূলিও লাঠ করেন, তাঁহাদের মতে পৃষোদরাদির ন্যায় ঈকার হ্রস্ব হইয়া যায়।

খমচা (আরবীজ) বড় চিম্‌টি, সকল অঙ্গুলি দ্বারা যতটা ধরা যায়।

খমদার (পারসী) অক্রবক্র, কোঁকড়ান।

খম্প্‌তি (খম্‌তি, খাম্‌তি) ভারতের পূর্ব্বপ্রান্তবাসী শানবংশীয় জাতিবিশেষ। আসামের লক্ষীপুর জেলায় ও তাহার পূর্ব্বে পার্ব্বত্যপ্রদেশে ইহাদের বাস। ১৮শ শতাব্দীর মধ্যভাগে বিবাদ বিসম্বাদের জন্য ইহারা আসামের সদিয়া-

বিভাগে আসিয়া বসবাস করে। কাহারও মতে ইহারা ইরাবতীর উৎপত্তিস্থানের নিকট 'বড় খম্পতি' নামক স্থান হইতে এদেশে আসিয়াছে। কিন্তু ইহারা নিজে বলে যে, বহুকাল হইতে এদেশেই আছে। ভাষাও অধিকাংশ শ্যাম-দেশের ভাষার শব্দবিশিষ্ট। বর্ণমালাও প্রায় একই।

এক সময়ে ইহাদিগের এই প্রদেশে বিস্তৃতরাজ্য ছিল। মণিপুরীরা এই রাজ্যকে পোঙ্গ্‌রাজ্য বলিত। ইহা ত্রিপুরা হইতে শ্যাম পর্য্যন্ত বিস্তৃত ছিল। ইহার রাজধানীকে শান-গণ মোঙ্গ্‌মারঙ্গ্‌ ও ব্রহ্মদেশীয়েরা মোঙ্গোঙ্গ্‌ বলিত। অষ্টা-দশ শতাব্দীর মধ্যভাগে ব্রহ্মরাজ আলম্প্রা এই রাজ্য ধ্বংশ করেন। রাজ্যধ্বংশ হইলে কতকগুলি লোক আসামে আসিয়া উপনিবেশ স্থাপন করে। ডিহিঙ্গ্‌ নদীতীরে ফকি বা ফকিয়াল এবং সদিয়ার কনিজঙ্গ্‌ নামক জাতিরাও ইহাদেরই অন্তর্গত।

ইহারা বৌদ্ধ এবং ইহাদের রীতিমত মঠ ও যাজক আছে। ইহাদের অধিকাংশ লোকই নিজভাষায় লিখিতে পড়িতে জানে। ইহারা কাষ্ঠের দেওয়াল ও খড়পাতার ছাদ করিয়া উচ্চ মেজেযুক্ত গৃহ প্রস্তুত করে। ছাদ এরূপ ঝুলাইয়া দেয় যে বাহির হইতে দেওয়াল প্রায় দেখা যায় না। বুদ্ধ-মন্দির ও মঠাদিও এইরূপ। কিন্তু মন্দিরে খোদিত সুন্দর কারুকার্য্য থাকে। ইহারা মঠকে 'বাপুচঙ্গ্‌' বলে।

ইহাদের যাজকেরা মস্তকমুণ্ডন, মালাধারণ ও পীতবাস পরিধান করে। বংশানুক্রমে যাজকতা পায় না। যে কেহ যাজক হইতে পারে। কেবল যিনি যাজক হইবেন, তাঁহাকে অবিবাহিত অবস্থায় বাপুচঙ্গে থাকিয়া প্রাচীন যাজকের নিকট পাঠ, শিক্ষা ও ধর্ম্মকর্ম্মাদি অভ্যাস করিতে হয়। ইহাদের যাজক প্রতিদিন ঐরূপ বালকশিষ্য সঙ্গে লইয়া প্রাতঃকালে ভিক্ষায় বাহির হন। বালকের হাতে একটী ঘণ্টা ও একটী গালার রঙে চিত্রিত কেঠো থাকে। বালক ঘণ্টা বাজাইয়া যাজকের সহিত দ্রুতপদে রাস্তার মধ্যস্থল দিয়া এপাড়া ওপাড়া করিয়া ঘুরিয়া বেড়ায়। ভিক্ষার জন্য কাহারও দ্বারস্থ হইতে হয় না। গৃহদ্বারে গৃহস্থ রমণীগণ প্রস্তুত খাদ্য লইয়া দাঁড়াইয়া থাকে। বালকগণ আসিলেই তাহাদের পাত্র পূর্ণ করিয়া দেয়। আহারাদির পর অন্য কোন কর্ম্ম না থাকিলে যাজক ও শিষ্যগণ মিলিত হইয়া গজদন্ত, অস্থিখণ্ড অথবা কাষ্ঠখণ্ডের উপর খোদাই কার্য্য করিয়া থাকে। গজদন্তের বাটের উপর ইহারা যে সকল মূর্ত্তি খোদিত করে, তাহার নিপুণতা দেখিয়া য়ুরোপীয়গণ চমৎকৃত হইয়াছেন। ইহারা অন্যান্য শিল্পকার্য্যও করিয়া থাকে।

খম্প্‌তিরা স্বর্ণ, রৌপ্য ও লৌহ নির্ম্মিত গহনা আপনারাই প্রস্তুত করে, অস্ত্রাদিও নির্ম্মাণ করিয়া থাকে। গণ্ডারের চামড়ায় কারুকার্য্যবিশিষ্ট অতি উৎকৃষ্ট ঢাল প্রস্তুত করে। স্ত্রীলোকেরা বিশেষ পরিশ্রমী। মাথায় ইহারা নানাপ্রকার ফিতা পরে। চাষের কার্য্যে স্ত্রীলোকেরাও পুরুষের অনেকটা সাহায্য করিতে দেখা যায়।

খম্‌তিদিগের প্রধান অস্ত্র দা। শাদাসিদা ও নানাপ্রকার কারুকার্য্যবিশিষ্ট দা দেখা যায়। কটিদেশে এরূপ ভাবে দা ঝুলান থাকে যে মনে করিলে দক্ষিণ হস্তে তাহার হাতল ধরিয়া খাপ হইতে খুলিয়া লইতে পারা যায়। হস্তে দা ও পৃষ্ঠে ঢাল এই অস্ত্র লইয়া ইহারা প্রধানতঃ যুদ্ধ করে। এক্ষণে অনেকে বন্দুক ধরিতে আরম্ভ করিয়াছে।

খম্‌তিরা কার্পাশবস্ত্র ও ছিট বা ডোরাকাটা রেশমী বস্ত্র পরিধান করে। যাহারা একটু মান্যগণ্য ও সম্পত্তিশালী তাহাদের বস্ত্র পা পর্য্যন্ত বিস্তৃত। নহিলে প্রায়ই হাটু পর্য্যন্ত। তাহার উপর বক্ষস্থলে কার্পাশনির্ম্মিত ও নীলরঙ্গে ছোপান গায়ের সহিত সংলগ্ন জামা। মস্তকে লম্বাচুল। শাদাপাগ্‌ড়িতে চুল জড়ান থাকে। স্ত্রীলোকের পোষাক প্রায়ই পুরুষদিগের মত। তবে মস্তকের চুলগুলি চারি-দিক্‌ হইতে মস্তকোপরি সম্মুখভাগে জড়াইয়া কপালের উপর চূড়া করিয়া রাখে। তাহার চারিদিকে নানাপ্রকার ফিতা জড়াইয়া দেয়। একটী করিয়া লম্বা জামা পা পর্য্যন্ত পড়ে। তাহা বক্ষস্থলে বাঁধা থাকে। কেহ কেহ কোমরে রেশমী দোপাট্টা বান্ধিয়া রাখে। অলঙ্কারের মধ্যে সচরাচর গলায় প্রবাল ও অন্যান্য দ্রব্য নির্ম্মিত মালা ও কর্ণে ছিদ্র করিয়া হরিদ্রাবর্ণের অঙ্করের কাঠী পরিয়া থাকে।

খম্‌তিগণ দেখিতে তেমন সুশ্রী নহে। শানবংশীয় অন্যান্য জাতি অপেক্ষা ইহাদের রং অধিক ময়লা। তবে যাহারা আসামে আসিয়া আসামী রমণী বিবাহ করিয়াছে, তাহাদের বংশসম্ভূত সন্তান সন্ততির গঠন কোমল ও অপেক্ষাকৃত সুশ্রী।

অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে খম্‌তিদিগের মধ্যে যাহারা আসামে আসে, তাহারা সদিয়া বিভাগে বাস করে। ইহা-দের প্রধান ব্যক্তি সদিয়া-খোয়া গোঁসাই ইংরাজের অনু-গ্রহ লাভ করিয়াছিলেন। তাঁহার মৃত্যু হইলে ইংরাজ-রাজ সদিয়া অধিকার করেন। খম্‌তিগণ তাহাতে বিরক্ত হইয়া সদিয়াস্থিত সিপাহীসেনা ও ইংরাজ সেনাপতিকে বিনাশ করিয়া পলায়ন করে। ইংরাজেরাও কিছুকাল তাহাদের অনুসরণ করেন। এক্ষণে তাহারা শান্ত হইয়া তিঙ্গপণি ও নবদিহিঙ্গ নদীতীরে বাস করিতেছে।

UNIVERSITY OF NORTH BENGAL
LIBRARY

খম্‌তিরা আসামের অন্যান্যজাতি অপেক্ষা অনেকটা শিক্ষিত ও সুসভ্য। নারায়ণপুরে ইহাদের প্রধান উপনিবেশ। ইহারা গোমাংস ব্যতীত আর সকল প্রকার মাংসই খাইয়া থাকে। ইহাদের ধর্ম্মগ্রন্থ খম্‌তিভাষায় লিখিত। বুদ্ধদেবকে ইহারা কদোমা (গোতম) বলিয়া থাকে। ইহারা দুর্গা বা দেবীপূজাও করে। কিন্তু আপনাদিগের পুরোহিত দ্বারাই পূজা সম্পন্ন হয়। ব্রাহ্মণ দিয়া পূজা করে না। দেবীপূজার পুরোহিত স্বতন্ত্র, তাহাদিগকে 'পমু' ও কদোমায় পুরোহিতকে 'থোমন্' বলিয়া থাকে। দেবীপূজায় কুক্কুট, বরাহ, মহিষ প্রভৃতি বলি হয়; ছাগ বা হংস বলি হইতে দেখা যায় না। পুষ্প দিয়াই গোতমের পূজা হয়। গোতমের জন্ম ও মৃত্যু উপলক্ষে ইহারা ধর্ম্মোৎসব করিয়া থাকে।

খম্পা, কুনবারের তাতারজাতীর ভিক্ষুবিশেষ। ইহারা নাচ গান ও নানা ভাবভঙ্গী দেখাইয়া ভিক্ষা করিয়া জীবিকা নির্ব্বাহ করে। সময়ে সময়ে মুসলমানদিগের পবিত্র তীর্থ-সমূহ দর্শন করিয়া বেড়ায়।

খম্বা (স্তম্ভশব্দজ) স্তম্ভ, থাম।

খম্বা আলু (দেশজ) খামালু

খম্বালও, বোম্বাই প্রদেশের কাঠিবাড়ের অন্তর্গত ঝালাবার বিভাগের মধ্যবর্ত্তী একটী ছোট রাজ্য। ইহার মধ্যে ২টী গ্রাম আছে, অংশীদার তিনজন। ইহার কর দিতে হয় কতক ইংরাজ গবর্ণমেণ্টকে ও কতক জুনাগড়ের নবাবকে। এই স্থান ভবনগর-গণ্ডাল রেলের লিম্বদি ষ্টেসন হইতে ৩৷৷০ ক্রোশ পূর্ব্বে অবস্থিত।

খম্বু (নৌ লাখ খম্বু) নেপালের যোদ্ধৃজাতিবিশেষ। ইহারা প্রধানতঃ দুধকোশী ও কর্কিনদীর মধ্যবর্ত্তী কিরান্তি দেশে লিম্বু ও যাখা জাতির সহিত একত্র বাস করে। খম্বুরা বলে, তাহাদের পূর্ব্বপুরুষেরা কাশীধামে বাস করিত, তথা হইতে এখানে আসিয়া বাস করিয়াছে। পারুবঙ্গ ইহাদের আদি-পুরুষ ও গৃহদেবতা, সকল গৃহস্থই তাঁহার পূজা করে। খম্বুদিগকে যদি জাতির কথা জিজ্ঞাসা কর, তাহারা বলিবে জিম্‌দার অর্থাৎ জমিদার, সিংহ বা মণ্ডল। আবার যাহারা নেপালরাজ্যের গুর্খা সেনাদলে নিযুক্ত আছে, তাহারা আপনাদিগকে রায় বলিয়া পরিচয় দেয়।

ইহারা বয়স্থা কন্যার বিবাহ দেয়। সচরাচর পুরুষের ১৫ হইতে ২০ ও স্ত্রীলোকের ১২ হইতে ১৬ বর্ষের মধ্যে বিবাহ হয়। ২৫ বৎসরের পুরুষ ও ২০ বর্ষের কন্যারও অনেক বিবাহ দেখা যায়। বিবাহের পূর্ব্বেও কখন কখন স্ত্রীলোকের পুরুষ সংসর্গ ঘটে, তবে কোন কুমারী গর্ভবতী হইয়া পড়িলে তাহার প্রণয়ী আদরের সহিত তাহার পাণিগ্রহণ করে। বিবাহে কন্যাপণ লাগে। বিবাহের পূর্ব্বে বরপক্ষীয়েরা প্রথমে কন্যার বাটীতে ২টী বাঁশের চোঙ্গে পূরিয়া মউয়া মদ ও এক-খানি শূকরের রাঙ্গ্ পাঠাইয়া দেয়। বিবাহের রাত্রে বর কন্যাকর্ত্তাকে সেমন্দি অর্থাৎ বায়নাস্বরূপ ১৲ টাকা প্রদান করেন। কন্যাপণ ৮০৲ টাকা নির্দ্দিষ্ট। এককালে না দিতে পারিলে ক্রমে ক্রমে দিতে হয়। কন্যার সীমন্তে সিন্দূরদান ও বস্ত্রদানই বিবাহের প্রধান অঙ্গ। বিধবারও বিবাহ হয়, তবে তাহার পণ অনেক কম লাগে অর্থাৎ বিধবা রমণী যদি যুবতী ও দেখিতে ভাল হয়, তবে অর্দ্ধেক পণ, একটু বয়স বেশী হইলে সিকি পণ দিতে হয়। স্ত্রী ভ্রষ্টা হইলে তাহাকে পরিত্যাগ করা যায়, এরূপ স্থলে ভ্রষ্টকারী পুরুষ কন্যার পণের টাকা বরকে প্রদান করিতে বাধ্য। পণ মিটাইয়া দিলে উভয়ে বিবাহিত হইতে পারে। তবে ইহাদের মধ্যে ভ্রষ্টা নারী প্রায় নাই বলিলেই হয়, যাহার একটু চরিত্র দোষ ঘটে, সে প্রণয়ীকে লইয়া স্থানান্তরে পলাইয়া যায়।

খম্বুরা হিন্দু, ব্রাহ্মণেরা ইহাদের পৌরোহিত্য করেন না, ইহাদের স্বজাতি মধ্যে এক একজন পুরোহিত থাকে, তাহাকে 'হোমে' বলে।

ইহারা চৈত্র ও কার্ত্তিক মাসে পারুবঙ্গ নামক গৃহদেবতার উদ্দেশে শূকর, ছাগ ও মদ দিয়া পূজা দেয়। দেবীর উদ্দেশে মেষ, মহিষ, ছাগ, কপোতাদি বলি দিয়া থাকে। ইহারা দুগ্ধ ও দুর্ব্বাধান দিয়া সিদ্ধ নামে এক দেবতার পূজা করে।

হোমে বা পুরোহিতের মতানুসারে শবদেহের অগ্নিক্রিয়া অথবা সমাধি হয়। মৃতের উদ্দেশে তাহার আত্মীয়েরা শ্রাদ্ধাদি করে।

বহুদিন হইতেই ইহারা চাষবাস ও জমি ভোগ করিয়া আসিতেছে। এখন কেহ কেহ নেপালের সেনাদলে প্রবেশ করিয়াছে। কেহ কেহ বয়নাদি কার্য্যও করিতেছে। খাদ্যসামগ্রীর উপর তেমন বাছ বিচার করে না। গৃহপালিত মুরগী, শূকরমাংস ও মদ্যপান করিতে কাহারও আপত্তি নাই। ইহাদের মধ্যে কাশী, কুয়াসঙ্গা, গুালিং, খেরেসঙ্গা, চুইরাছা, চৌরাসি, জুভ্যিঙ্গে, তাংবুয়া, কুলুং, দিলপালি, দুংমালি, নদৌছা, নিনোছা, নিমামবৌঞ্জ, নামহং, নিমাবৌঞ্জা, নোমহং, পদেয়াছা, প্লেমবোছা, ফুর্কেলি, ফুলেহি, ফ্লুমাছা, বরলোস, বাভৌঞ্জা, বাংদেল, বোথিমে, বোস্থারুয়া, বোয়োং, বুমাকামছা, মইডুছা, মইকম্, মলে কুমছা, ময়াহাং, মকারঞ্জা, মুলুকুয়াস, রজবিন্, রবছালি, রাথালি, রাণৌছা, রাপুংছা,

রিম্‌চিং, রেগালোঙ্গা, রোচিঙ্গাছা, লাফোঙ্গা, বাহ্‌সল, শিলোঙ্গা, সাংপাং, সুংদেলে, সোঠঙ্গে ইত্যাদি থর বা থাক আছে।

খম্ভাৎ, কাম্বের প্রকৃত নাম, ইহা স্তম্ভতীর্থের অপভ্রংশ।

[কাম্বে দেখ।]

খম্ভালা, একটী ছোট রাজ্য। বোম্বাই প্রেসিডেন্সির অন্তর্গত গোহেলবার বিভাগে অবস্থিত। ইহার মধ্যে দুইটী গ্রাম আছে, কতক কর ইংরাজ গবর্ণমেণ্টকে আর কতক জুনাগড়ের রাজাকে দিতে হয়। উক্ত রাজ্যের প্রধান নগর খম্ভালা। ভবনগর-গণ্ডাল-রেলপথের ধাসা নামক ষ্টেসন হইতে প্রায় ৯ ক্রোশ উত্তরপশ্চিমে অবস্থিত।

খয়র্ (আরবী) সুখস্বচ্ছন্দ, স্বাস্থ্য। (ত্রি) ভাগ্যবান্।

খয়রা (দেশজ) ১ ফিকা কটারং।

২ ক্ষুদ্র মৎস্যবিশেষ। (Clupanodon cortius, *Buch.*) এই মাছ ভারতের নানা স্থানে দেখা যায়। মীনতত্ত্ববিদের মতে ক্ষুদ্র হইলেও এই মাছ ইলিস জাতীয়। ইহাকে রঙ্গপুর ও দিনাজপুরের স্থান বিশেষে 'করতি', আসামের লক্ষীপুর অঞ্চলে 'চাং পলি', ভাগলপুরে 'সুহিয়া' বলে।

৩ পক্ষীবিশেষ। (Ardea cinerea)

৪ হাজারিবাঘের অধিবাসী এক নিকৃষ্ট জাতি। ইহারা ক্ষেত্রে শাকসবজী ও শস্যাদি চাষ করে। ইহারা আপনাদিগকে খরবার জাতির শাখা বলিয়া জানে। [খরবার দেখ।]

৫ বাঙ্গালার বাগ্দী জাতির এক শাখা।

খয়রাগড়, ১ উত্তরপশ্চিমের আগ্রা জেলার দক্ষিণপশ্চিমের একটী তহসীল। ইহার মধ্যে খানিকটা ইংরাজ অধিকারে, বাকি অংশ ভরতপুর ও ঢোলপুর রাজ্যের অধিকারভুক্ত। ইহার মধ্যে পার্ব্বতীয় গভীর খাত। উতঙ্গান নদী তহসীলকে দুইভাগে বিভক্ত করিয়াছে। উত্তরভাগের জমিতে নদীর পলি পড়ে। দক্ষিণভাগে বিন্ধ্যাচল পর্ব্বত ও ভরতপুররাজ্যের সীমা। ইহার স্থানে স্থানে লাল পাহাড় আছে, তাহা হইতে বালুপাথর কাটিয়া লওয়া হয়। সিন্ধিয়ারাজের রেলপথ ইহার পূর্ব্বভাগ দিয়া এবং আগ্রা ও বোম্বাই যাইবার পথও ইহার মধ্য দিয়া গিয়াছে। ইহার ভূপরিমাণ ৩০৪ বর্গমাইল। লোকসংখ্যা ১১৮১৩৪ জন। তহসীলে একটী ফৌজদারী আদালত ও ৫টী থানা আছে।

২ তহসীলের প্রধান নগর খয়রাগড়, আগ্রা হইতে ৯ ক্রোশ দক্ষিণপশ্চিমে উতঙ্গান নদীতীরে অবস্থিত। এখানে থানা, ডাকঘর ও স্কুল আছে।

৩ মধ্যপ্রদেশের রায়পুর জেলার মধ্যবর্ত্তী একটী দেশীয় রাজ্য। ইহা ছত্রিশগড় রাজ্যের অন্তর্গত। ইহার ভূপরিমাণ ৯৪০ বর্গমাইল। তন্মধ্যে ৫১২টী গ্রাম আছে। লোকসংখ্যা ১,৬৬,১৩৮। তন্মধ্যে ৮২৬৭৭ জন পুরুষ ও ৮৩,৪৬১ জন স্ত্রীলোক। গড়মণ্ডলের রাজগোণ্ডবংশীয় এক ব্যক্তি এখানে সালেটেকরি পাহাড়ের নিম্নে খোলবা নামক স্থানে আসিয়া রাজত্ব করিতে থাকেন। ১৮১৮ খৃষ্টাব্দে মণ্ডলার রাজবংশ নাগপুরের মহারাষ্ট্ররাজগণের নিকট হইতে অনেক জায়গীর পাইলে রাজ্যটী ক্রমশঃ বিস্তৃত হইয়া পড়ে। এই বংশের রাজা লালা ফতেসিংহ ১৮৭৪ খৃষ্টাব্দে পদচ্যুত হন। অনতিবিলম্বে তাহার মৃত্যু হয়। ইংরাজ গবর্ণমেণ্ট তখন নিজহস্তে ইহার শাসনভার গ্রহণ করেন। পরে ১৮৮৩ খৃষ্টাব্দে ইংরাজ গবর্ণমেণ্ট এক দরবার করিয়া লালা অমরেশসিংহকে দান করেন।

তুলা, গম ও ছোলা এখানে প্রচুর জন্মে। স্থানে স্থানে লৌহের খনিও দেখা যায়। খয়রাগড়ের মধ্যে সালেটেকরি পর্ব্বত দিয়া দুইটী গিরিপথ ছত্রিশগড় ও নাগপুরের মধ্যে গিয়াছে।

৪ উক্ত খয়রাগড়রাজ্যের প্রধাননগর। অঙ্গ ও পিপারিয়া নদীর সঙ্গমে অবস্থিত। অক্ষা° ২১°২৫´৩০´´ উঃ ও দ্রাঘি° ৮১°২´ পূঃ। লোকসংখ্যা ২৮৮৭।

খয়রাৎ (আরবী) দান, বিতরণ।

খয়রাতী, যাহা খয়রাত করা হইয়াছে, দত্ত।

খয়রাবাদ, বঙ্গের বাখরগঞ্জ জেলার একটী নদী। বরিশাল হইতে রাণীহাটে এই শাখা বাহির হইয়া বাখরগঞ্জ নগর হইয়া অঙ্গরিয়া হাট পর্য্যন্ত গিয়াছে। তাহার পর মহালিয়া, গুলাচিপা, রাণাবদে প্রভৃতি নাম ধারণ করিয়া বঙ্গোপসাগরে আসিয়া পড়িয়াছে।

খয়া (ক্ষয় শব্দজ) ক্ষয়, ক্ষীণতা।

খয়ের ১ (খদির শব্দজ) খদিরসার। [খদির দেখ।] কোন স্থানে খএরও বলে।

২ উত্তরপশ্চিমের আলিগড় জেলার পশ্চিম বিভাগের এক তহসীল। ইহার পশ্চিমে যমুনা নদী। গঙ্গার খাল ইহার ভিতর দিয়া গিয়াছে। খয়ের তহসীলের ভিতর খয়ের, চন্দৌসি ও তপ্পলনামক তিনটী পরগণা আছে। ইহার পরিমাণ ৪০৬ বর্গমাইল। জনসংখ্যা ১৬০২৬৪। তহসীলে ৪টী থানা ও একটী ফৌজদারী আদালত আছে। ইহার প্রধান নগর খয়ের, আলিগড় হইতে ১৪ মাইল উত্তরপশ্চিমে। ইহাতে তহসীলথানা, মুন্সেফি আদালত, ডাকঘর ও স্কুল আছে। সহরে পুলিসের ও ময়লা পরিষ্কার করিবার ব্যয়নির্ব্বাহের জন্য প্রতি গৃহ হইতে একটা কর আদায় হইয়া

থাকে। ১৮৫৭ খৃষ্টাব্দে সিপাহী বিদ্রোহের সময় চৌহানগণ এই নগর অধিকার করিলে রাও ভূপালসিংহ এখানকার রাজা হন। জুনমাসের প্রথমে আগ্রার সখের সেনাদল নগর আক্রমণ করিয়া রাজাকে বন্দী করিয়া লইয়া যায়। সৈনিক আদালতের বিচারে রাজার ফাঁসি হয়। কএকদিন পরে চৌহানগণ জাঠদিগের সহিত সম্মিলিত হইয়া নগর আক্রমণ করিয়া মহাজনকুঠি লুট করেন। শেষে নগরস্থ বাটীগুলি ভাঙ্গিয়া চুরিয়া ভূমিসাৎ করিয়া দেয়।

খয়েরপুর, উত্তর সিন্ধুপ্রদেশের অন্তর্গত একটী দেশীয় রাজ্য। অক্ষা° ২৬°১০´ হইতে ২৭°৪৬´ উঃ, দ্রাঘি° ৬৪°১৪´ হইতে ৭০°১৩´ পূঃ। ইহার উত্তরে শিকারপুর জেলা, দক্ষিণে হায়দ্রাবাদ জেলা, পূর্ব্বে জশলমীর ও পশ্চিমে সিন্ধুনদ। ইহাকে মীরআলীমুরাদ খাঁ তলপুরের রাজ্য বলে। দৈর্ঘ্যে ৬০ ক্রোশ ও প্রস্থে ৩৫ ক্রোশ। ভূপরিমাণ ৬১০৯ বর্গমাইল। লোকসংখ্যা ১২৯১৫৩ জন। এখানকার হিন্দুগণ বিলক্ষণ বলিষ্ঠ ও স্বাধীনতাপ্রিয়। উষ্ট্র, বৃষ, মেষ ও ছাগই তাহাদের প্রধান সম্পত্তি। শস্য, ঘোল ও উষ্ট্রদুগ্ধ তাহাদের প্রধান আহারীয়। তাহাদের নির্দ্দিষ্ট বাসস্থান নাই। এখানে ওখানে ঘুরিয়া বেড়ায়।

খয়েরপুরের ভূমি প্রায়ই সমতল, তন্মধ্যে সিন্ধুনদের পার্শ্ববর্ত্তী ভূমি অধিকাংশই উর্ব্বরা। ইহার মধ্যে মধ্যে শিকারোপযোগী বন্যভূমি আছে। সিন্ধুনদ ও পূর্ব্বনার নামক খালের উর্ব্বরা ভূমি ব্যতীত বাকি সমস্তই বালুপাথরের পাহাড় ও জঙ্গলে পরিপূর্ণ। অধিকাংশ স্থানই জনশূন্য ও বৃক্ষশূন্য। উত্তরাংশে একটী চূণা পাথরের পাহাড় আছে। এই পাহাড়ের ঊর্দ্ধদেশে বিস্তর শঙ্খ, কড়ি, ঝিণুক প্রভৃতি পাওয়া যায়। এই পাহাড়ের পশ্চিমভাগে দিজির দুর্গ। খয়েরপুরের মধ্যে অনেক স্থানে মরুভূমি। তাহাতে স্থানে স্থানে নেট্রন নামক একটী দ্রব্য পাওয়া যায়, উহা হইতে খড়ি ও ক্ষার উৎপন্ন হয়। নেট্রনের খনি হইতে রাজার বিলক্ষণ আয় হইয়া থাকে। এখানে ব্যাঘ্র, শৃগাল, বনাবরাহ, হরিণ ও কৃষ্ণসার প্রভৃতি দেখিতে পাওয়া যায়। উষ্ট্র, অশ্ব, অশ্বতর মহিষ বৃষ, মেষ, ছাগ, ও গর্দ্দভ প্রভৃতি সকল পশুই লোকের কার্য্যে ব্যবহৃত হয়। শিকারের উপযোগী অনেক পক্ষীও আছে।

খয়েরপুরের ইতিহাস সিন্ধুরাজ্যের ইতিহাসের সহিত জড়িত। [সিন্ধু দেখ।] ১৭৮৩ খৃষ্টাব্দে বলুচবংশীয় মীর ফতেআলী খাঁ তলপুর সিন্ধুদেশের রাজা হন। তাহার কিছুদিন পরে তাঁহার ভাগিনেয় সোরাব খাঁ তলপুর, মীর রোস্তম ও আলিমুরাদ নামক দুই পুত্রসহ খয়েরপুরে রাজ্য স্থাপন করেন। তন্মধ্যে মীর সোরাবের অংশে খয়েরপুর পড়ে। রাজ্যের কর তখন আফগানস্থানের রাজাকে দেওয়া হইত। ১৮১১ খৃষ্টাব্দে তিনি নিজ পুত্র মীর রোস্তমের উপর রাজ্যভার অর্পণ করেন। ১৮১৩ খৃষ্টাব্দে কাবুলে বরকজাই-বংশ রাজ্যলাভ করিবার সময় নানাপ্রকার গোলোযোগ হয়। সেই সময় মীর রোস্তম কাবুলের অধীনতা অস্বীকার করেন, কিন্তু পরে মীর রোস্তম ও আলিমুরাদ উভয়ে বিবাদ ঘটিলে ইংরাজ গবর্ণমেণ্টকে মধ্যস্থ হইতে হয়। ১৮৩২ খৃষ্টাব্দে ইংরাজের সহিত একটী সন্ধি হয়, তাহাতে ঠিক হয় যে সিন্ধুনদী ও সিন্ধুপ্রদেশের রাস্তাতে ইংরাজের লোক গতিবিধি করিতে পারিবে। কাবুলে যখন ইংরাজসৈন্য গমন করে, তখন মীরদিগকে সাহায্য করিতে বলা হয়। অন্যান্য রাজগণ তাহাতে বড় সম্মত হন নাই। আলিমুরাদ তখন খয়েরপুরে আপন প্রভুত্ব স্থাপন করিয়াছিলেন। তিনি ইংরাজ গবর্ণমেণ্টকে রীতিমত সাহায্য করিয়াছিলেন। মিয়ানী ও দবোর যুদ্ধের পর যখন সমুদায় সিন্ধুপ্রদেশ ইংরাজের অধিকৃত হইল, তখন কেবল খয়েরপুরে ইংরাজের অধীনে একজন স্বতন্ত্র রাজা রহিল। ১৮৬৩ খৃষ্টাব্দে ইংরাজগবর্ণমেণ্ট রাজাকে এক সনন্দ দিয়া বলিয়া দেন যে মুসলমান আইন অনুসারে তলপুরমীর রাজত্ব করিতে পারিবেন, গবর্ণমেণ্ট তাহাতে আপত্তি করিবেন না। তাঁহার সম্মানার্থ ১৫ তোপ নির্দ্দিষ্ট হইল।

মীরের রাজ্যশাসন পুরাতন ধরণের। খয়েরপুরের কর টাকায় আদায় হয় না। প্রজারা টাকার পরিবর্ত্তে কর স্বরূপ দ্রব্যাদি দিয়া থাকে। শস্যাদি যাহা সংগ্রহ হয়, মীর তাহার তৃতীয়াংশ গ্রহণ করেন। ১৮৮২।৮৩ খৃষ্টাব্দে এই বাজার অংশে এইরূপে ৬ লক্ষ টাকার অধিক আদায় হয়। মীরের অংশ হইতে প্রায় ২ লক্ষ টাকা জায়গীরের জন্য ব্যয় হয়। রাজার আত্মীয়বর্গকে এই জায়গীর দেওয়া আছে। এখানে স্বতন্ত্র পলিটিকাল এজেণ্ট নাই। শিকারপুরের কালেক্টর নিজ কার্য্যের উপর এই কার্য্য করিয়া থাকেন।

বিচারের জন্য দুই প্রকার আদালত আছে। একটী খয়েরপুরে আর একটী মীরের সঙ্গে থাকে। মীর যখন যেখানে যান, আদালত তাঁহার সঙ্গে যায়। খয়েরপুরের স্থায়ী আদালতে একজন হিন্দু বিচারক আছে। মীরের সহগামী আদালতে দুইজন মৌলবী বিচারকার্য্য সম্পন্ন করেন। অপরাধীর শাস্তিবিধানস্বরূপ কাহারও বা জরিমানা, কাহাকেও বা বেত্রাঘাত, কাহারও বা কারাদণ্ড হইয়া থাকে। মীরের রাজ্য মধ্যে মৃত্যুদণ্ডবিধান করিবার সম্পূর্ণ অধিকার

থাকিলেও তিনি প্রায় কাহারও প্রাণদণ্ড করেন না। দেওয়ানী মোকদ্দমায় বাদীকে আদালতের ব্যয় বলিয়া প্রার্থিত অর্থের চতুর্থাংশ রাজকোষে জমা দিতে হয়। এই জন্য মোকদ্দমার সংখ্যা অতি অল্পই হইয়া থাকে। বিবাদ বিসম্বাদ হয় সালিসি না হয় পঞ্চায়ত দ্বারা নিজে নিজে মীমাংসা করিয়া লয়। কাজি নামক নিম্নশ্রেণীর কর্ম্মচারীর নিকট দলিলাদি রেজিষ্টরী হয়। গোমেষাদি চুরির মোকদ্দমাই অধিক। বৎসরে এরূপ মোকদ্দমা ৪০০।৪৫০এর অধিক হয় না। কারাগার আছে তাহাতে গড়ে এক শতের অধিক কারাবাসী থাকে না। সৈন্যসংখ্যা পাঁচ শত অশ্বারোহী। ইহাদের সঙ্গে তরবারী ও বন্দুক থাকে। রাজ্য মধ্যে এখন রীতিমত পাঠশালা হইয়াছে। শিক্ষকগণ ছাত্রদিগের নিকট হইতে সপ্তাহে এক অথবা দেড় পয়সা মাত্র আদায় করেন।

এখানে ৮ মাস কাল দারুণ গ্রীষ্ম। সে সময় প্রায়ই আঁধি আসিয়া বায়ু শীতল করিয়া দেয়। বৃষ্টি অল্প হয়। অবশিষ্ট চারি মাসের বায়ু সুখসেব্য। স্থায়ী ও সবিরাম জ্বর, চক্ষু উঠা ও চর্ম্মরোগ এখানে অধিক দেখা যায়। যকৃৎ প্রায় হয় না। মীরের সঙ্গে ছয় জন ও খয়েরপুরে তিন জন হাকিম থাকেন। চিকিৎসার জন্য কোন মূল্য গ্রহণ করা হয় না।

২ খয়েরপুর রাজ্যের প্রধান নগর। মীরবহ খালের পার্শ্বে সিন্ধুনদী হইতে ৭॥০ ক্রোশ দূরে, বোহরি হইতে ৮॥০ ক্রোশ দক্ষিণে, অক্ষা° ২৭° ৩৭´ ৩০´´ উঃ, দ্রাঘি° ৭৮° ৫৬´ ৩০´´ পূঃ মধ্যে অবস্থিত। খয়েরপুর প্রধান নগর হইলেও ইহার গঠন অতি কদর্য্য। নির্ম্মাণ-কৌশল কিছুমাত্র নাই। অধিকাংশই মেটেঘর। মধ্যে কয়েকটী ইষ্টকগৃহ আছে। নগরটী একে নোংরা, তাহার উপর নিকটে জলাভূমিতে জল জমিয়া থাকে বলিয়া আরও অস্বাস্থ্যকর। বাজারের মধ্যস্থলে রাজবাটী। রাজবাটী নানাপ্রকার রঙ্গে চিত্রিত ছোট ছোট নিশান দিয়া সাজান। নগরের বাহিরে পীররুহান্ জিয়াবদীন ও হাজি জাফির শাহিদের দুইটী মসজিদ আছে। তলপুর রাজবংশের প্রাধান্যকালে এখানে প্রায় ১৫০০০ লোকের বসতি ছিল। এক্ষণে আটশতের অধিক নাই। নগরের এখন ভগ্নদশা। ১৭৮৭ খৃষ্টাব্দের পূর্ব্বে ইহা ও বইরা নামে গ্রাম ফুলপাত্র জমিদারীর অন্তর্গত ছিল। তলপুরবংশীয় মীরসোরাব খাঁর সময় খয়েরপুর নগর নির্ম্মিত হয়। ১৮৩৮ খৃষ্টাব্দে সিন্ধুদেশের মীরদিগের সহিত ইংরাজদিগের যে সন্ধি হয়, তদনুসারে কিছুকাল এখানে একজন রেসিডেণ্ট থাকিতেন।

খয়েরপুর হইতে নীল, জোয়ার, বজরা ও তিল প্রভৃতি রপ্তানি হয়। আমদানীর মধ্যে বিলাতী কাপড়, রেশমী কাপড়, তুলা, পশম ও ধাতব দ্রব্যই অধিক। নগরের মধ্যে বস্ত্রবয়ন ও বস্ত্রে বহুবিধ রঙ্ করা হইয়া থাকে।

লোহার কারখানায় অস্ত্রাদি প্রস্তুত হয়। স্বর্ণকারেরা অলঙ্কারাদিও নির্ম্মাণ করিয়া থাকে।

৩ পঞ্জাবের অন্তর্গত মজঃফরগড় জেলায় আলিপুর তহসীলের একটী নগর। অক্ষা° ২৯° ২০´ উঃ, দ্রাঘিঃ ৭০° ৫১´ পূঃ। আলিপুরের তিনক্রোশ দক্ষিণপশ্চিমে ইহা অবস্থিত। ইহা নিম্নভূমিতেঅবস্থিত বলিয়া চন্দ্রভাগা নদীর বন্যায় প্লাবিত হয়। বন্যা হইতে নগর রক্ষা করিবার জন্য নদীর ধারে বাধ দেওয়া আছে। নগরের গৃহগুলি প্রায়ই ইষ্টকনির্ম্মিত ও দুই তিন তল উচ্চ। বাজারের রাস্তা ইষ্টক দিয়া গাথা, পথগুলি এত সংকীর্ণ, যে তাহাতে গাড়ী চলিতে পারে না। নগরে লোকসংখ্যা ২৬০৯ জন, তন্মধ্যে ১৫৪৯ জন হিন্দু আর ১০৬০ জন মুসলমান। অধিবাসীরা বেলুচিস্থান, সক্কর, ও মূলতান প্রভৃতি স্থানে বাণিজ্য করে। এখান হইতে তুলা, পশম ও নানাবিধ শস্য রপ্তানি হয়। কাপড় প্রভৃতির আমদানী হইয়া থাকে। এখানে একটী সামান্য পাঠশালা ও একটী ডাকঘর আছে।

খয়েরপুর ধড়কি, বোম্বাই প্রেসিডেন্সির সিন্ধুপ্রদেশের মধ্যে শিকারপুর জেলার রোহরি উপবিভাগের একটী নগর। রোহরি হইতে ৩৩ ক্রোশ উত্তরপূর্ব্ব। এখানে একজন টপ্পাদার থাকেন। একটী মুসাফিরখানাও আছে। এতদ্ব্যতীত পাঠশালা ও থানা আছে। উরোরো, রবতী, মীরপুর ও রহরকি হইতে যাতায়াতের বেশ রাস্তা আছে। চিনি, গুড়, তৈল, শস্য, কাপড় ইত্যাদির বেশ ব্যবসা চলে। লোহারগণ নানাবিধ বাসন, ছুরি কাচি, ক্ষুর ইত্যাদি প্রস্তুত করে। নগরটী ১৭৮৭ খৃষ্টাব্দে নির্ম্মিত হয়।

খয়েরপুর নথেশা, বোম্বাইয়ের সিন্ধুবিভাগের শিকারপুর জেলার মিহার উপবিভাগের ককর তালুকের অন্তর্গত এক গণ্ড গ্রাম। এখানে মিউনিশিপালিটি, পাঠশালা, আদালত প্রভৃতি আছে।

খয়েরপুর যুশো, বোম্বাইয়ের সিন্ধুবিভাগে শিকারপুর জেলায় লারখানা উপবিভাগের একটী গ্রাম। এখানে একজন টপ্পাদার ও একটী মুসাফিরখানা আছে।

খয়েরি, মধ্যভারতের ভাণ্ডারা জেলার মধ্যে একটী ক্ষুদ্র রাজ্য। ইহার মধ্যে ৪টী গ্রাম আছে। ইহার ভূমি জঙ্গলে পরিপূর্ণ। ইহার অতি অল্পমাত্র আবাদ হয়। জঙ্গলে কাষ্ঠ প্রচুর জন্মে। অধিবাসীগণ গোণ্ডজাতীয়। রাজা মানা-বংশীয়।

খয়েরিগড়, অযোধ্যার খেরিজেলার নিম্নাসন তহসীলের অন্তঃপাতী একটী পরগণা। ইহার তিনদিকে তিনটী নদী। উত্তরে মোহন, দক্ষিণে সরযূ ও পূর্ব্বে কৌরিয়ালনদী, পশ্চিমে নেপাল রাজ্য। পূর্ব্বপশ্চিমে ইহার দৈর্ঘ্য ২৩৷৷০ ক্রোশ, উত্তর দক্ষিণে ৬ ক্রোশ। ভূপরিমাণ ৪২৫ বর্গমাইল। এই স্থানে অধিকাংশই জঙ্গল। লোকসংখ্যা ৩২,৪৪৪। তন্মধ্যে ২১,৩৭৮ জন পুরুষ ও ১৮০৬৬ স্ত্রীলোক। ৩৪৯০৩ জন হিন্দু, ৪৫৪১ জন মুসলমান। হিন্দুর মধ্যে আহীরের সংখ্যা অধিক, ব্রাহ্মণ অল্প। খয়েরিগড়ের উৎপন্ন দ্রব্যের মধ্যে ধান্য ও যব প্রধান। খয়ের গাছের জঙ্গল বিস্তর আছে বলিয়া ইহার নাম খয়েরিগড় হইয়াছে। পরগণায় ৭০টী গ্রাম আছে, তন্মধ্যে ৬৭টী খয়েরিগড়ের রাজার অধিকৃত।

পূর্ব্বে সমস্ত পরগণা জঙ্গলে পরিপূর্ণ ছিল। কথিত আছে, ১৩৫১ ও ১৩৮৮ খৃষ্টাব্দে সম্রাট্ ফিরোজ তোঘলক পার্ব্বতীয় দোতি ও গড়বালীগণের উপদ্রব নিবারণের জন্য এই স্থানে সরযূ নদীর উত্তরকূলে সুদীর্ঘ দুর্গ নির্ম্মাণ করেন। একদিন নাকি সম্রাট্ পুত্রের সঙ্গে উচ্চতম চূড়ায় আরোহণ করিয়া চারিদিকে চাহিয়া একটীও মনুষ্যের বাসভবন দেখিতে পান নাই। কেবল অরণ্যবই আর কিছুই দৃষ্টি গোচর হয় নাই। নিবিড় অরণ্যানীর মূর্ত্তি দেখিয়া তাঁহার মনে ভীতিসঞ্চার হইয়াছিল। সেই অবধি তিনি আর এ অঞ্চলে আসেন নাই। সম্রাট্ অকবরের স্বাক্ষরিত একখানি দলিলে লিখিত আছে যে খয়েরিগড়ের একজন আহীর রাজ্য অধিকার করিয়া লোকের উপর অত্যাচার করিতেছে, খয়েরিগড়ের নিকট কুন্দনপুরে তাহার বাস। তাহার বিনাশ সাধন করিতে হইবে।

বাচ্ছিল, বিষেন, বৈশ্য ও কুড়মি প্রভৃতি জাতীয় লোক পূর্ব্বে এখানে ভূম্যধিকারী ছিল। পরে রাজপাশিগণ আসিয়া বাচ্ছিলদিগকে তাড়াইয়া দেয়। আবার লোহানি বঞ্জারাগণ আসিয়া রাজপাশিদিগকে তাড়াইয়া আপনারা রাজত্ব করিতে থাকে। এই বঞ্জারাবংশীয় রাও রামসিংহ খৃষ্টীয় ঊনবিংশ শতাব্দীর প্রারম্ভে এখানে রাজত্ব করিতেন। তাঁহার অত্যাচারে পীড়িত হইয়া প্রজাগণ বিদ্রোহাচরণ করে। ১৮০০ খৃষ্টাব্দে বিদ্রোহীদিগের সহিত যে যুদ্ধ হয়, রামসিংহ তাহাতে পরাজিত হন। প্রদেশটী তখন অযোধ্যার নবাবের অধীন ছিল। সিন্ধিয়ার আক্রমণ হইতে রাজ্যরক্ষা করিবার জন্য নবাব উজীর সাদত আলীখাঁ ইংরাজদিগের সাহায্য প্রার্থনা করেন। সেই সূত্রে যে সন্ধি হয়, তাহাতে ইংরাজ গবর্ণমেণ্টকে অর্দ্ধেক রাজ্য দান করেন। সেই অর্দ্ধেকের মধ্যে খয়েরিগড় পড়ে। ১৮১৬ খৃষ্টাব্দে ইংরাজ গবর্ণমেণ্ট জৌনপুরের সহিত ইহা পরিবর্ত্তন করেন। খয়েরিগড়ের রাজার নিষ্ঠুরাচরণ ও অত্যাচারের কথা শুনিয়া ইংরাজগবর্ণমেণ্ট তাহাকে ধরিয়া লইয়া বেরিলিতে অবরুদ্ধ করিয়া রাখেন। তথায় তাঁহার মৃত্যু হয়। ১৮৩০ খৃষ্টাব্দে সূর্য্যবংশীয় ক্ষত্রিয়গণ আসিয়া রাজা হন। এখনকার রাজা সেই বংশীয়। ১৮৫৬ খৃষ্টাব্দে সমস্ত অযোধ্যার সহিত খয়েরিগড়ও ইংরাজরাজ্যের অন্তর্ভূত হয়।

২ খয়েরিগড়ের প্রধান নগর। লক্ষ্ণৌ হইতে ৫৫ ক্রোশ উত্তর। অক্ষা° ২৮° ২০´ ৩৫´´ উঃ, দ্রাঘি° ৮০° ৫২´ ৫৫´´ পূঃ। সুহেলি নদীতীরে অবস্থিত। নেপাল ও কুমাওনের পাহাড়ীগণের অত্যাচার দমন করিবার জন্য সম্রাট্ আলাউদ্দীন্ তোঘলক এই নগর নির্ম্মাণ করেন। ইহার পরিখাগুলির নিম্নভাগ প্রকাণ্ড প্রকাণ্ড প্রস্তর ও ঊর্দ্ধভাগে বৃহদাকারের ইষ্টক দিয়া গাঁথা। স্থানটী এখন অধিকাংশ পরিত্যক্ত বলিয়া জঙ্গলে পরিপূর্ণ হইয়া রহিয়াছে।

খয়েরিমুরত, পঞ্জাব রাবলপিণ্ডির পর্ব্বতশ্রেণীবিশেষ। অক্ষা° ৩৩° ২৮´ উঃ, দ্রাঘি° ৭২° ৪৯´ ৩০´´ পূঃ। ইহা দৈর্ঘ্যে ১২ ক্রোশ। ইহাতে ঘসিম ও বালুপাথর অধিক। পূর্ব্বে এই পর্ব্বত জঙ্গলে পরিপূর্ণ ছিল। এক্ষণে একেবারে বৃক্ষশূন্য হইয়া পড়িয়াছে। তবে পশ্বাদিচারণের জন্য স্থানে স্থানে জঙ্গল করিয়া রাখা হইয়াছে।

খর (পুং) খং মুখকুহরং অতিশয়েন অস্ত্যস্ত খ-র। যদ্বা খং ইন্দ্রিয়ং লাতি লা-ক বাহুলকাৎ লকারস্য রত্বং। ১ গর্দ্দভ। ২ অশ্বতর। "উষ্ট্রযানং সমারুহ্য খরযানন্তু কামতঃ।" (মনু ১১।২০)

৩ রাক্ষসবিশেষ, রাবণের ভ্রাতা, ইহার আর এক ভাইয়ের নাম দূষণ, ইহারা দুইজনে রাবণভগিনী সূর্পনখাকে লইয়া পঞ্চবটীবনে বাস করিত। লক্ষ্মণের হাতে সূর্পনখার দুর্দ্দশার একশেষ হইলে ইহারা রামের সহিত যুদ্ধ করে এবং রামের বাণে নিহত হয়। (রামায়ণ অরণ্যকা°) খর রাক্ষস বিশ্রবার ঔরসে রাকার গর্ভে জন্ম গ্রহণ করে। (ভারত বন° ২৭৩ অঃ) ৪ কণ্টকী বৃক্ষবিশেষ। (অজয়) ৫ কাক। ৬ কঙ্কপক্ষী। ৭ কুরর পক্ষী। ৮ জ্যোতিষশাস্ত্রে প্রদর্শিত ষাট প্রকার বৎসরের পঞ্চবিংশতিতম বৎসর। এই বৎসরে ভয়ানক উপদ্রব উপস্থিত হয়। চোর, ইন্দুর ও পঙ্গপালের উৎপাতে প্রজাবর্গ অতিশয় পীড়িত হয় ও দেশ ভঙ্গ হইয়া থাকে। (জ্যোতিস্তত্ত্ব।) ৯ সূর্য্যের পার্শ্বচর। ১০ পশ্চিম দ্বারগৃহ। ১১ উষ্ণ স্পর্শ, উত্তাপ। (ত্রি) ১২ উষ্ণস্পর্শযুক্ত। ১৩ কঠিন।

"খরবিশদমভ্যবহার্য্যং ভোক্ষ্যম্" (পা° ভাষ্য)

১৪ ঘর্ম্ম। (মেদিনী) ১৫ নিষ্ঠুর। ১৫ দৈত্যবিশেষ। (ত্রিকাণ্ড°)

খরকদিহা, হাজারিবাঘ জেলার অন্তর্গত একটী পরগণা। পূর্ব্বে এই স্থান সিওর-মুহম্মদাবাদ জমিদারীর অন্তর্গত এবং মহারাজ মোদনারায়ণ দেবের অধিকারভুক্ত ছিল। নবাব আলীবর্দ্দী মোদনারায়ণকে তাড়াইয়া পরগণাটী ইক্‌বল আলীখাঁকে প্রদান করেন।

মহারাজ মোদনারায়ণের সময় এই ভূভাগ ৩৮টী ঘাটোয়ালীতে বিভক্ত ছিল, মহারাজের অধীনে এক এক বিভাগে ঘাটোয়াল বা তিকায়ত নিযুক্ত ছিলেন। তিকায়তগণ অর্দ্ধস্বাধীন। যখন কোন রাজা সিংহাসনে আরোহণ করিতেন তখন ইঁহারা তাঁহার অধীনতা স্বীকার করিতেন ও বৎসরে বৎসরে কিছু কিছু কর দিতেন।

মোদনারায়ণ রাজ্য হারাইয়া রামগড়ে আশ্রয় লইয়াছিলেন। তাঁহার পৌত্র গিরিবরনারায়ণ রামগড়ে ইংরাজদিগকে যথেষ্ট সাহায্য করেন। যখন ইংরাজসৈন্য খরকদিহাতে প্রবেশ করে, সেই সময়ে ৩৮ জন ঘাটোয়ালের মধ্যে ২৬ জন গিরিবরনারায়ণের পক্ষ অবলম্বন করিয়াছিলেন। সেই সময়ে ইক্‌বল-আলী খাঁ রাজ্য হইতে তাড়িত হইলেন, তাঁহার নিজের খাসে ১৭ খানি গ্রাম ছিল, সেগুলি গিরিবরনারায়ণকে নিষ্কর দেওয়া হইল। যে ২৬ জন ঘাটোয়াল গিরিবর ও ইংরাজের পক্ষ হইয়াছিলেন, তাঁহাদিগের সহিত মোকররী বন্দোবস্ত হইল। যাহারা বিপক্ষতাচরণ করেন, তাহারা ঘাটোয়ালী হারাইলেন। বাকি ৫৪ খানি গ্রাম স্বতন্ত্র লোকের সহিত অস্থায়ী বন্দোবস্ত হইল। ১৮০৮ খৃষ্টাব্দে গিরিবর নারায়ণ বড়লাটের নিকট হইতে ৬৩৩৪৲ টাকা বার্ষিক খাজনা ঠিক করিয়া চিরস্থায়ী বন্দোবস্ত করিয়া লইলেন।

গবর্ণমেণ্টের খাস অংশ ১৮৬০ খৃষ্টাব্দে ৫২টী ভাগে বার্ষিক ৩৭৬৫৷৵৯ খাজনা ধার্য্য হইয়া ২০ বর্ষ মেয়াদি বন্দোবস্ত করা হইল। এখন অনেক অংশ গবর্ণমেণ্টের খাস হইয়াছে।

খরকপুর, বঙ্গদেশের মুঙ্গের জেলার অন্তর্গত খরকপুর পরগণার নগর ও সদরথানা। অক্ষা° ২৫°৭´১০´´ উঃ, দ্রাঘি° ৮৬°৩৫´২০´´ পূঃ।

খরকপুর পরগণা দ্বারভাঙ্গার মহারাজের অধীন। এখানে প্রায় ছয়হাজার লোকের বাস। এখানে দ্বারভাঙ্গার মহারাজের স্থাপিত দাতব্য ঔষধালয় ও বিদ্যালয় আছে।

খরকর (পুং) খরস্তীব্রঃ করোঽস্য বহুব্রী। সূর্য্য। খরকিরণ প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত হয়।

খরকাষ্ঠিকা (স্ত্রী) খরং উগ্রং কাষ্ঠং যস্যাঃ বহুব্রী কপ্‌-টাপ্ অত ইত্বঞ্চ। বলা। (রাজনি°) বেড়েলাগাছ।

খরকুটী (স্ত্রী) খরা চাসৌ-কুটীচেতি কর্ম্মধা°। ১ নাপিতগৃহ। খরস্য গর্দ্দভস্য কুটী ৬তৎ। ২ গর্দ্দভের গৃহ।

খরকোণ (পুং স্ত্রী) খরং তীব্রং কুণতি শব্দায়তে খর-কুণ্‌-অণ্। তিত্তিরপক্ষী। (হেম°) চলিত কথায় তিতির ও পাছানাচা বলে।

খরকোমল (পুং) জ্যৈষ্ঠমাস।

খরখোদা, পঞ্জাবের রোহতক জেলার সাম্‌পলা তহসীলভুক্ত একটী সহর। অক্ষা° ২৮°৫২´ উঃ, দ্রাঘি° ৭৬°৫৭´ পূঃ। লোকসংখ্যা প্রায় পাঁচহাজার। এই নগরটী অতি প্রাচীন। একসময়ে যে ইহা বিশেষ সমৃদ্ধিশালী ছিল, তাহার এখনও অনেক নিদর্শন পড়িয়া আছে। এখানে পুলিস, বিদ্যালয়, ডাকঘর প্রভৃতি আছে।

খরগন্ধনিভা (স্ত্রী) খরগন্ধেন তীব্রগন্ধেন নিতরাং ভাতি নিভা-ক। নাগবলা। (জঠাধর।) চলিত কথায় গোরখ-চাকুলে।

খরগন্ধা (স্ত্রী) খর উগ্রঃ গন্ধো যস্যাঃ বহুব্রী। ততঃ টাপ্। নাগবলা। (জটাধর)

খরগৃহ (ক্লী) গর্দ্দভগৃহ, গাধার ঘর। পর্য্যায়—খরগ্রহ।

খরগেহ (ক্লী) খরস্য গেহং ৬তৎ। গাধার ঘর।

খরগোস (পারসী) তীক্ষ্ণদন্ত চতুষ্পদ জীববিশেষ। সংস্কৃত ভাষায় ইহার নাম শশ, শশক, মৃগলোমক, শূলিক, লোমকর্ণ। (হেম° ৪।৩৬১) হিন্দীতে 'খরা', বাঙ্গালার খরগোস ও বঙ্গের স্থানবিশেষে 'সস্‌রু', মরাঠী 'শশ', তামিল 'মুসল', তৈলঙ্গী 'কুণ্ডেলি', কনাড়ী 'মল্লা', গোণ্ডী 'মোলোল'।

খরগোস জাতি (Lepus) প্রধানতঃ দুই প্রকার, কতকগুলি দেখিতে অপেক্ষাকৃত বড়, তাহাকে ইংরাজীতে 'হেয়ার' (Hare) বলে, আবার কতক আকারে ক্ষুদ্র, ইংরাজীতে তাহাকে 'র‍্যাবিট' (Rabbit) বলে।

প্রথম শ্রেণীর খরগোস মধ্যে আবার আকার গঠন ও বর্ণানুসারে ১৫ প্রকার শাখা বাহির হইয়াছে। এই শ্রেণীর খরগোস অষ্ট্রেলিয়া ব্যতীত পৃথিবীর সর্ব্বত্রই বাস করে। এমন কি চিরতুষারাবৃত সুমেরুপ্রদেশে বরফের মধ্যেও এই শ্রেণীর খরগোস্ দেখা যায়।

ছোট খরগোসও পৃথিবীর সর্ব্বত্রই বাস করে।



সকল পশুর মধ্যে খরগোস্ অতি ভীরু, ইহাদের মাথা

গোল, মুখ ছোট, তাহার দুই পাশে বড় বড় লোম হয়; কাণ অপেক্ষাকৃত বড়, মনে করিলে পশ্চাতে ফিরাইতে পারে। চক্ষুর তারা খুব উজ্জ্বল ও বৃহৎ, চাহিয়া থাকিলে পশ্চাতেও দেখিতে পায়। অঙ্গ অতি কোমল ও চিক্কণ লোমে ঢাকা। ইহারা নিবিড় বনে ও গ্রামের নিকটে গর্ত্ত করিয়া বাস করে এবং রাত্রিকালে চরিয়া বেড়ায়। নিকটে শস্যক্ষেত্র থাকিলে আর নিস্তার নাই, দলে দলে গিয়া শস্যক্ষেত্র নষ্ট করে। এ জন্য বিলাত প্রভৃতি নানা স্থানে যেখানে খরগোস বেশী, সেখানে খরগোস মারিবার নানাপ্রকার উপায় অবলম্বন করা হইয়া থাকে।

ইহাদের পদে পদে শত্রু। তেমন কোন অস্ত্র নাই, যদ্দ্বারা বিপদ্ আপদ্ হইতে সহজে নিষ্কৃতিলাভ করিতে পারে। তবে ঈশ্বরের অনুগ্রহে ইহাদের শ্রবণশক্তি অতি প্রবল। বায়ুর একটু শব্দ হইলে, গাছের পাতাটী নড়িলে অমনি সতর্ক হইয়া দ্রুতবেগে পলায়ন করে। পশ্চাতে শত্রু দেখিলে প্রাণপণে খানিক ছুটিয়া গিয়া থম্‌কিয়া দাঁড়ায়, আবার ভিন্ন দিকে ছুটিয়া গিয়া নিবিড় বনে কোন গর্ত্ত মধ্যে মুখ লুকাইয়া রাখে। তাহাতেও নিস্তার নাই। কথায় বলে, "ফুলের ঘায়ে মূর্চ্ছা যান," তা এই খরগোসও একপ্রকার তাই। কুকুরাদি শত্রুর দন্তস্পর্শমাত্রে মরিয়া যায়। ইহারা চোখ মেলিয়া ঘুমায় ও যোড়া যোড়া পা ফেলিয়া চলে।

খরগোসী ছয় মাসে গর্ভবতী হয়, এক মাস পরে এককালে ৭।৮টী সন্তান প্রসব করে। প্রসবের ১০।১৫ দিন পরে আবার গর্ভবতী হয়। জগতে ইহাদের বিস্তর শত্রু না থাকিলে বোধ হয় খরগোস জাতিতে অর্দ্ধেক পৃথিবী ব্যাপ্ত হইয়া পড়িত। ইহাদের মাংস অতি কোমল ও সুস্বাদু। বিলাতে অনেকে আদর করিয়া ইহাদের মাংস খায়। ইহাদের লোমশ কোমল চর্ম্মে সুন্দর সুন্দর টুপি হয়, এই জন্য বাণিজ্যে খরগোসের চর্ম্ম মূল্যবান্।

খরগোস পুষিলে পোষ মানে, কিন্তু পাঁচ ছয় বর্ষের অধিক বাঁচে না। বরাহমিহিরের মতে—খরগোস রাত্রিকালে বামপার্শ্বে শব্দ করিলে তাহাতে মঙ্গল হয়।

"শশকো নিশি বামপার্শ্বগো বাশঙ্কস্তফলো নিগদ্যতে।"

(বৃহৎসংহিতা ৮৮।২১) [শশক দেখ।]

খরগ্রহ (পুং) খরস্য গ্রহঃ গৃহং ৬তৎ। ১ গর্দ্দভগৃহ। (ত্রিকাণ্ড°)

খরঘাতন (পুং) খরমুগ্ররোগং তন্নামক রাক্ষসং বা ঘাতয়তি হন্ স্বার্থে ণিচ্-ল্যু। ১ নাগকেশর। (শব্দচন্দ্রিকা) ২ শ্রীরাম।

খরচ (পারসী) ব্যয়।

খরচপত্র (দেশজ) অর্থ ব্যয়।

খরচা (পারসীজ) ১ খরচ, প্রধানতঃ মোকদ্দমার ব্যয় বুঝায়।

খরচী (দেশজ) যে অধিক খরচ করে, অমিতব্যয়ী।

খরচ্ছদ (পুং) খরস্তীব্রশ্ছদঃ পত্রমস্য বহুব্রী। ১ উলপতৃণ, উলুখড়। ২ ইৎকট, ওক্‌ড়া। (রত্নমালা) ৩ কুন্দরতৃণ, কলিঙ্গদেশে ইহাকে কুন্দরা বলে। ৪ ভূমিসহ বৃক্ষ, হিন্দীতে ভুঁইসহা বলে। ৫ শেওড়া, শাখোটবৃক্ষ। (ভাবপ্রকাশ)

খরজু (ত্রি) খরং জীর্য্যতি জৃ-বাহুলকাৎ কুঃ। তীব্রগতি।

"ঋভূ নাপৎ খরমজ্রা খরজুর্বীর্যুর্ণ পর্ফরৎ ক্ষয়দ্ রয়ীণাম্।"

(ঋক্ ১০।১০৬।৭।) 'খরজু স্তীক্ষ্ণগতিঃ' (সায়ণ।)

খরণস্ (ত্রি) খরস্য নাসেব নাসা যস্য বহুব্রী; খরা নাসা যস্য ইতি বা নাসায়া নসাদেশঃ বিকল্পপক্ষে অজভাবঃ। ১ যাহার নাসিকা গাধার নাসিকার তুল্য। ২ তীক্ষ্ণনাসিক, যাহার ধারাল নাক আছে।

খরণস (ত্রি) খরা তীক্ষ্ণা নাসা অস্য বহুব্রী অচ্ নাসায়া নসাদেশশ্চ। (খরখরাভ্যাং বানস্। পা ৫।৪।১১৮ বার্ত্তিক) ততো ণত্বং (পূর্ব্বপদাৎ সংজ্ঞায়ামগঃ। পা ৮।৪।৩) ১ তীক্ষ্ণনাসিক, যাহার ধারাল নাক আছে। ২ যাহার নাসিকা গর্দ্দভ নাসিকার তুল্য। (অমর)

খরতর (ত্রি) খর-তর। অতিশয় তীক্ষ্ণ।

"খরতর-বরশর-হতদশ-বদন
খগচর নগধর ফণধর-শয়ন।
জগদঘ মপহর ভবভয়-তরণ
পরপদ-লয়কর কমলজনয়ন॥" (উদ্ভট)

খরতরগচ্ছ, জৈনসম্প্রদায়ের একশাখা। প্রসিদ্ধ জৈনাচার্য্য হেমচন্দ্র এই খরতরগচ্ছ ছিলেন। রাজপুতানার রাজগণ খরতরগচ্ছের যতিগণকে বিশেষ সম্মান করেন। [গচ্ছ দেখ।]

খরতালী, ঘন যন্ত্রবিশেষ, ইহা সভ্য যন্ত্র। ইস্পাত লৌহ বা কাংস্যদ্বারা এই যন্ত্র নির্ম্মিত হইয়া থাকে। ইহার বাদ্য অতিশয় মধুর। ঐকতান বাদনের সহিত ব্যবহৃত হয়।

খরত্বচ্ (স্ত্রী) খরা তীক্ষ্ণা ত্বক্ যস্যাঃ বহুব্রী। অলম্বুষা, লজ্জালু-বিশেষ। (ভাবপ্রকাশ)

খরদণ্ড (ক্লী) খর উগ্রঃ কণ্টকাবৃতত্বাৎ দণ্ডো যস্য বহুব্রী। পদ্ম। (ধরণী)

খরদলা (স্ত্রী) খরং দলং যস্যাঃ বহুব্রী। ক্ষেমাফলা, ডুমুর।

খরদূষণ (পুং) খরং উগ্রং দূষণং মাদকতাজনক দোষোযত্র বহুব্রী। ১ ধুস্তূর, ধুতরা। (ত্রি) খরং তীব্রং দূষণং যস্য বহুব্রী। ২ বহুদোষযুক্ত। (পুং) [দ্বিব] খরশ্চ দূষণশ্চ (ইতরেতরদ্বন্দ্বঃ) ৩ খর ও দূষণনামক রাক্ষসদ্বয়।

"খরদূষণয়ো র্ভ্রাত্রোঃ" (ভট্টি) [খর দেখ।]

খরধার (ত্রি) খরা উগ্রা ধারা যস্য বহুব্রী। তীব্রধার,

ধারাল অস্ত্র। সুশ্রুতের মতে করপত্র ভিন্ন অপর কোন খরধার অস্ত্র ব্রণাদিতে প্রয়োগ করা অবিধেয়।

"তত্র বক্রং কুণ্ঠং খণ্ডং খরধারমতিস্থূলমত্যল্পমতিদীর্ঘমতিহ্রস্বমিত্যষ্টৌ শস্ত্রদোষাঃ। অতো বিপরীতগুণমাদদীতান্যত্র করপত্রাৎ। তদ্ধি খরধারমস্থিচ্ছেদনার্থং।" (সুশ্রুত সূত্র° ৮ অঃ)

খরধ্বংসিন্ (পুং) খরং খরনামানং রাক্ষসং ধ্বংসয়তি খর-ধ্বংস-ণিচ্-অণ্। ১ শ্রীরাম। (শব্দরত্নাবলী) খরং কংসচরং ধ্বংসয়তি পূর্ব্ববৎ। ২ কৃষ্ণ।

খরনাদিন্ (ত্রি) খরং নদতি নদ-ণিনি। ২ যে গর্দ্দভের ন্যায় শব্দ করে। এই শব্দটী বহ্বাদিগণান্তর্গত। ইহার উত্তর অপত্যার্থে ইঞ্ হয়।

খরনাদিনী (স্ত্রী) খরনাদিন্-ঙীপ্। রেণুকা নামক গন্ধদ্রব্য।

খরনাল (ক্লী) খরং নালং যস্য বহুব্রী। পদ্ম।

"নার্বাগ্ গতস্তৎ খরনাল নাল-
নাভিং বিচিন্বং স্তদবিন্দতাজঃ।" (ভাগবত ৩।৮।২০।)

খরপ (পুং) খরং পিবতি পা-ক। ১ ঋষিবিশেষ। এই শব্দটী নরাদি গণান্তর্গত। গোত্রাপত্যার্থে ইহার উত্তর ফঞ্ হইয়া খারপায়ণ শব্দ হয়। (বহু) খারপায়ণ যাস্কাদিত্বাদপত্য-প্রত্যয়স্য লুক্। ২ খরপ নামক ঋষির বহু গোত্রাপত্য।

খরপত্র (পুং) খরং পত্রমস্য বহুব্রী। ১ শাকবৃক্ষ, সেগুণ। ২ ক্ষুদ্র তুলসীবৃক্ষ। (রত্নাবলী) ৩ যাবনালশর, জোহ্বলী। ৪ মরুব বৃক্ষ। ৫ হরিদ্বর্ণ কুশ। (রাজনি°)

খরপত্রক (পুং) তিলকবৃক্ষ। (শব্দচন্দ্রিকা)

খরপত্রী (স্ত্রী) খরং পত্রং যস্যা বহুব্রী। ১ গোজিহ্বাবৃক্ষ, দারিয়া শাক। ২ কাকোদুম্বরিকা, কাকডুমুর।

খরপর্ণিনী (স্ত্রী) গোজিহ্বা ক্ষুপ, দারিয়াশাক।

খরপাত্র (ক্লী) খরঞ্চ তৎ পাত্রঞ্চেতি কর্ম্মধা°। লৌহপাত্র।

খরপাদাঢ্য (পুং) খরৈঃ পাদৈ র্মূলৈরাঢ্যঃ। কপিত্থবৃক্ষ, (শব্দচন্দ্রিকা।) কৎবেল।

খরপুষ্প (পুং) খরং পুষ্পমস্যাঃ বহুব্রী। মরুবকবৃক্ষ, নাগদানা।

খরপুষ্পা (স্ত্রী) খরাণি পুষ্পাণি অস্যাঃ বহুব্রী। ঙীবভাব পক্ষে টাপ্। বর্ব্বরাশাক, বাবুই তুলসী।

খরপুষ্পিকা (স্ত্রী) খরপুষ্পা স্বার্থে কন্ অত-ইত্বঞ্চ। বর্ব্বরাবৃক্ষ।

খরপুষ্পী (স্ত্রী) খরং পুষ্পং যস্যাঃ বহুব্রী বা ঙীপ্। বর্ব্বরা শাক, বাবুই তুলসী।

খরপ্রিয় (পুং স্ত্রী) খলঃ ধান্যকলায়প্রভৃতিশস্যমর্দ্দনস্থানং প্রিয়ো যস্য বহুব্রী। লস্য রঃ। পারাবত, পায়রা। (শব্দমালা)

খরমজ্র (পুং) [বৈ] খরং মজ্জয়তি মস্জ-র। অত্যন্ত শোধক। [খরজ্র দেখ।]

খরমঞ্জরী (স্ত্রী) খরা মঞ্জরী যস্যাঃ বহুব্রী। সমাসান্ত বিধেরনিত্যত্বাৎ ন কপ্। অপামার্গ। (অমর)

"বিড়ঙ্গ খরমঞ্জরী মধুশিগ্রু সূর্য্যবল্লী" (সুশ্রুত চিকি° ৩১ অঃ)

হ্রস্বান্ত খরমঞ্জরি শব্দের প্রয়োগও দৃষ্ট হয়।

"মধূকসারশ্চ হিতোঽবপীড়ে
ফলানি শিগ্রোঃ খরমঞ্জরের্বা।" (সুশ্রুত চিকিৎসিত° ১৮ অঃ)

খররশ্মি (পুং) খরস্তীক্ষ্ণঃ রশ্মির্যস্য বহুব্রী। সূর্য্য।

খররোমন্ (ত্রি) খরং রোম যস্য বহুব্রী। ১ কঠিন রোমযুক্ত। ধর্ম্মশাস্ত্রকার শাতাতপের মতে গর্দ্দভ হিংসা করিলে পরজন্মে খররোমা হয়। "খরে বিনিহতে চৈব খররোমা প্রজায়তে।" (শাতাতপ।) ২ নাগবিশেষ। (জটাধর)

খরবল্কা (দেশজ) তৃণবিশেষ।

খরবল্লরী (স্ত্রী) নাগবলা। (বৈদ্যক)

খরবল্লিকা (স্ত্রী) খরা চাসৌ বল্লীচেতি কর্ম্মধা° ততঃ স্বার্থে কন্-টাপ্ ঈকারস্য হ্রস্বত্বঞ্চ। নাগবলা, গোরখচাকুলে।

খরবল্লী (স্ত্রী) খরা চাসৌ বল্লী চেতি কর্ম্মধা°। নাগবলা, গোরখচাকুলে।

খরবার, ছোটনাগপুর ও বেহারবাসী জাতিবিশেষ। কেহ বলেন, ইহারা দ্রাবিড়, আবার কাহারও মতে ইহারা কোল-জাতিরই একশাখা। পাশ্চাত্য পণ্ডিতগণের বিশ্বাস ইহারা তুরাণীয়জাতিসম্ভূত। কেহ বলেন, নেপালের কিরাতজাতির সহিত এই জাতির অনেকটা সাদৃশ্য আছে, উভয়ে একজাতি হইলেও হইতে পারে। মূল কথা, ইহারা প্রকৃত কোন্ জাতি হইতে উদ্ভূত, তাহা এখনও ঠিক হয় নাই।

খরবারেরা বলে—রাজা বেণের সময়ে যখন সার্ব্বজানিক বিবাহ নিষিদ্ধ ছিল না, সেই সময় ক্ষত্রিয়ের ঔরসে ভর-জাতীয় রমণীর গর্ভে এই জাতির উৎপত্তি হয়।

ইহারা আরও পরিচয় দেয়—"সূর্য্যবংশীয় রাজা হরিশ্চন্দ্রের পুত্র রোহিতাশ্বের প্রিয়ভবন রোহতাস্গড়ে আমাদের পূর্ব্ববাস ছিল, আমরাও সূর্য্যবংশীয়, তাই এখনও পৈতা ধারণ করি।"

ইহাদের মধ্যে রাজা হইতে অতি দীন দরিদ্র চাষা পর্য্যন্ত সকল শ্রেণীর লোক দেখিতে পাওয়া যায়। যাহাদের অবস্থা ভাল, তাহাদের শারীরিক গঠনও অনেকটা উচ্চশ্রেণীর হিন্দুর মত, আবার যাহারা নিঃস্ব, কৃষিমাত্র জীবিকা, তাহা-দিগকে দেখিতে অনেকটা সাঁওতালদিগের মত। রামগড় ও যশপুরের রাজা এই জাতীয়। উভয় রাজপরিবারবর্গকে দেখিলে আর নীচজাতি বলিতে পারা যায় না। এখন ইহাদের শরীরে রাজপুতরক্ত মিশ্রিত হইয়াছে, টাকার জোরে উচ্চশ্রেণীর রাজপুতের সঙ্গে আদান প্রদান চলিতেছে।

রামগড়ের মৃত মহারাজ শম্ভুনাথসিং একজন অতি সুপুরুষ ছিলেন। হুসিরসারম্ নামক স্থানের ঠাকুরগণ ও খয়রার কোন কোন রাজপুত রাজার ঘরে বিবাহ করিয়া এখন খরবার হইয়াছেন।

পালামৌ জেলায় এই জাতির মধ্যে প্রধানতঃ তিনটী শ্রেণী আছে—পাটবন্ধ, দেবালবন্ধ ও খৈরি।

দক্ষিণ লোহারডাগায়—দেশবারী খরবার, ভোগ্‌তা, রাউত ও মান্‌ঝি এই কয়টী শ্রেণীভেদ আছে।

পাটবন্ধ শ্রেণীই জাতির মধ্যে সর্ব্বপ্রধান। ইহারা যজ্ঞোপবীত ধারণ করে। লোহারডাগার ভোগ্‌তারাও পাটবন্ধ শ্রেণীভুক্ত বলিয়া পরিচয় দেয়। যাহাদের পূর্ব্ব-পুরুষ রাজপাটে অর্থাৎ রোহতাস্‌গড়ে বাস করিত, তাহারাই পাটবন্ধ বলিয়া গণ্য। ইহাদের আচার ব্যবহার অনেকটা উচ্চশ্রেণীর হিন্দুর মত।

পালামৌ জেলার খরবারেরা "আঠার হাজার" নামেও পরিচয় দেয়। অনেকে অনুমান করেন, যখন চেরুদলপতি ভগবন্তরায় চেরু ও খরবারসৈন্য লইয়া পালামৌ আক্রমণ করেন, তখন ইহাদের সংখ্যা সম্ভবতঃ আঠার হাজার ছিল।

খরবারের সহিত চেরুজাতির বিশেষ সৌসাদৃশ্য আছে। চেরু ও খরবারদিগের মধ্যে আদান প্রদানও হইয়া থাকে। [চেরু দেখ।]

খরবারদিগের মধ্যে অনেকগুলি "থর" আছে। কছুয়া, কাঁশ, গাই, বেল, বাঘ, নাগ, সোণার, বেণিয়া, মুর্‌গী প্রভৃতি থর দেখিয়া অনেকে মনে করেন ইহারা দ্রাবিড়ীয় মহাজাতিসম্ভূত, ভারতের আদিম অধিবাসী মধ্যে গণ্য। যাহার যে থর, সে সেই থরের জীবজন্তু বা বৃক্ষাদিকে সম্মান করে, তাহার কোন অনিষ্ট বা তাহাকে স্পর্শ করিতে চায় না। তবে সর্ব্বত্র এ নিয়ম নাই বটে। বরকন্যা এক থর হইলে অনেক স্থলে বিবাহ হয় না।

ইহাদের মধ্যে ভিন্ন ভিন্ন শ্রেণী মধ্যে বিবাহ প্রচলিত থাকিলেও ভোগ্‌তারা দেশবারী শ্রেণীর সঙ্গে আদান প্রদান করে না, তবে অনেক স্থানেই একত্র বসবাস করে। ভোগ্‌তা অপর শ্রেণী হইতে শ্রেষ্ঠ হইলেও অপর শ্রেণী ইহাদের নামে অনেক কলঙ্ক ঘোষণা করে।

ইহাদের মধ্যে বাল্যবিবাহ বড় আদরের। দরিদ্রতা-নিবন্ধন অনেক সময়ে অধিক বয়সে বিবাহ হয়। দেশবারী খরবারেরা কন্যাপণ গ্রহণ করেনা, কিন্তু ভোগ্‌তা ও মান্‌ঝিরা পণ না লইয়া কখনই বিবাহ দেয় না; অন্ততঃ ৫।৭ টাকাও কন্যাপণ লইয়া থাকে।

দেশবারী শ্রেণী বিধবা-বিবাহ দেয় না। ভোগ্‌তা ও মান্‌ঝিরা বিধবা-বিবাহে আপত্তি করেনা, তবে বিধবা দেবরকে বিবাহ করিতে বাধ্য। স্ত্রীর চরিত্রদোষ ঘটিলে তাহাকে পরিত্যাগ করা চলে, সেই স্ত্রী আবার সাঙ্গা করিতে পারে। খরবারেরা চেরুদিগের ন্যায় হিন্দুধর্ম্মাবলম্বী, যাহার অবস্থা ভাল, তাহারই প্রায় এক এক ব্রাহ্মণ গুরু আছে। তবে ব্রাহ্মণের প্রতি সাধারণের তেমন ভক্তি নাই। প্রতি পল্লিতে কোলদিগের মত, তাহারা একজন পাহন বা বৈগা (পুরোহিত) নিযুক্ত করে। পাহনেরা প্রায় ভুঁইয়া, খরবার ও পড়েয়া নামক নীচজাতীয়।

খরবারেরা "পরমেশ্বরে" বিশ্বাস করে, কিন্তু কোন মূর্ত্তিতে তাঁহার পূজা করে না। দড়া, ডাকিন, গাঁহেল, পচিয়ান্, চেরি, চত্তর ও দুর্জাগিয়া এই কয়টী ইহাদের প্রধান উপাস্য দেবতা।

দুজার্গিয়ার অপর নাম মুচকরাণী। মুচকরাণীর বিবাহ ইহাদের মধ্যে একটী প্রধান উৎসব। তিনবর্ষ অন্তর রাণীর বিবাহ উৎসব হয়। খরবারেরা বলে, পূর্ব্বে প্রতি বর্ষেই রাণীর বিবাহ হইত, কিন্তু এক সময়ে বিবাহের পরদিন প্রত্যুষে রাণী হঠাৎ গিয়া বৈগার বাড়ীতে উপস্থিত হইলেন, তখন বৈগা গৃহে ছিলেন না, বৈগার স্ত্রী তাঁহার হঠাৎ আসিবার কারণ জিজ্ঞাসা করিলেন। রাণী কোন উত্তর করিলেন না, বৈগানী চটিয়া গেলেন, তখন হইতে ব্যবস্থা হইল, আর প্রতিবর্ষে রাণীর বিবাহ হইবে না।

লোহারডাগার অন্তর্গত জুরুয়াহর গ্রামে বহুরাজ নামক পাহাড়ে বহুরাণীর গৃহ। বিবাহের দিন খরবার জাতির মধ্যে ধূমধাম পড়িয়া যায়। নিকটস্থ গ্রাম হইতে পুরুষ ও রমণী নৃত্য গীত ও বাদ্যধ্বনি করিতে করিতে বহুরাজ পাহাড়ে উঠিতে থাকে। বৈগা (পুরোহিত) অগ্রে অগ্রে গমন করে। সকলে পাহাড়ের উপর উঠিয়া একটী গুহার নিকট আসিয়া উপস্থিত হয়। সেই গুহায় রাণীর ঘর। বৈগা গুহা মধ্যে গিয়া একখানি আয়ত পাথর বাহির করিয়া আনে, এই পাথরখানি মুচকরাণীর প্রতিমা। তসর কাপড়াদি দিয়া প্রতিমাটীকে সাজাইয়া কাঁধে লয়। তখন মহাসমারোহে সকলে উকামাণ্ড গ্রামস্থ কাণ্ডিপাহাড়ে যাত্রা করে। সেইখানে বরের ঘর। সকলে সেইখানে গিয়া গুড়, দুধ ও দুইটী পয়সা দিয়া বরকন্যার পূজা দেয়। বরের ঘরও একটী গুহা; এই গুহার মধ্যে একটী অতলস্পর্শী গহ্বর আছে। সাধারণের বিশ্বাস বহুরাজপাহাড় হইতে কাণ্ডিপাহাড়ের মধ্যে ঐ গহ্বর দিয়া একটী পথ আছে। গহ্বর মধ্যে বহুরাণীকে ফেলিয়া দেয়। সকলে স্থির হইয়া তাহার পতনশব্দ

শুনিতে পাইলে সকলে বুঝিয়া লয় যে বরকন্যার দেখা শুনা হইয়াছে, তৎপরে সকলে যে যার ঘরে চলিয়া আসে। সাধারণের বিশ্বাস ঐ পাথরখানিই আবার বহুরাজ পাহাড়ে গিয়া যথাস্থানে থাকে।

খরবুজ (পারস্য) বৃক্ষবিশেষ। (Cucumis melo)

এই গাছ পারস্য, আফগানিস্থান ও ভারতবর্ষে জন্মে। ইহার ফলকে হিন্দীতে খরবুজ, বাঙ্গালায় খরমুজ, তৈলঙ্গ ও তামিলে মূলম্, সিন্ধুপ্রদেশে ষিদ্রো, পঞ্জাবে গিলম্, মলয়ে লরোফ্রঙ্গী, চীনে তিএন্-কা বা হিএঙ্গ্-কা, ইংরাজীতে (Melon) বলে। কাবুল ও পেশবার অঞ্চলে এই গাছের বড় আদর। কাশ্মীরে এই ফল খুব বড় হয়। সেখানে অধিবাসীদের ইহা নিত্য আহারীয় মধ্যে গণ্য। [খর্বুজ দেখ।]

খরশব্দ (পুং) খর উগ্রঃ শব্দো যস্য বহুব্রী। ১ কুররপক্ষী, চলিত কথায় কুল্ল বলে। (রাজনি°) খরস্য শব্দঃ ৬তৎ। ২ গাধার শব্দ। খরশ্চাসৌ শব্দশ্চেতি কর্ম্মধা°। ১ উগ্রশব্দ।

খরশাক (পুং) খরং শাকমস্য বহুব্রী। ভার্গী, বামনহাটী।

খরশাকা (স্ত্রী) খরং শাকং যস্যাঃ বহুব্রী-টাপ্। ভার্গী, বামনহাটী।

খরশাণ, অতিশয় তীক্ষ্ণ।

খরশাল (ক্লী) খরাণাং শালা ৬তৎ নপুংসকত্বঞ্চ। গাধার ঘর। (শব্দচিন্তামণি)

খরসোনি (স্ত্রী) খে আকাশে রসমূনয়তি ঊনি ইন্। লোহিকালতা। (হারাবলী)

খরশূলা (দেশজ) একপ্রকার মাছ। (Mugil protuberans)

খরসোন্দ (পুং) খং শূন্যভূতঃ রসোন্দঃ রসক্লেদনমত্র বহুব্রী। খরপাত্র, লৌহপাত্র। (ত্রিকাণ্ড°)

খরস্কন্ধ (পুং) খরঃ স্কন্ধোঽস্য বহুব্রী। প্রিয়ালবৃক্ষ, পিয়াল গাছ। (রাজনি°)

খরস্কন্ধা (স্ত্রী) খরঃ স্কন্ধোঽস্যাঃ বহুব্রী। খর্জ্জূরীবৃক্ষ, খেজুরগাছ। (রাজনি°)

খরস্পর্শা (স্ত্রী) খরঃ স্পর্শো যস্যাঃ বহুব্রী ততঃ টাপ্। ১ পীত পুষ্প, দেবদালীলতা। ২ হলুদেফুল ঘোষালতা। (ভাবপ্রকাশ)

খরস্বরা (স্ত্রী) খরং স্বরতি উপতাপয়তি স্বৃ-অচ্। ১ বনমল্লিকা, চলিত কথায় কাঠমল্লিকা বলে। ২ ত্রিপুরমল্লিকা।

খরা (স্ত্রী) খং আকাশং লাতি গৃহ্লাতি খ-লা-ক লকারস্য রঃ। দেবতাড় বৃক্ষ, দেবতাড়া। (অমর)

(হিন্দী) খরগোস্, শশক।

খরাংশু (পুং) খরস্তীক্ষ্ণঃ অংশুর্যস্য বহুব্রী। সূর্য্য। (ত্রিকাণ্ড°)

খরাগরী (স্ত্রী) খরং আগিরতি খর-আ-গৃ-অচ্। গৌরাদিত্বাৎ ঙীষ্। দেবতাড় বৃক্ষ। (অমরটী° রায়মুকুট°)

খরাজ (পারসী) যে জমির কর দিতে হয়।

খরাণ্ডক (পুং) শিবের একজন অনুচর।

খরাদী (হিন্দী) হিন্দুস্থানী জাতিবিশেষ, যাহারা খরাদ দ্বারা কর্ম্ম করে বা খোঁদে।

খরাব্দাঙ্কুরক (ক্লী) খরাব্দাৎ তীব্রগর্জ্জনমেঘাৎ অঙ্কুরয়তি অঙ্কুরি-ণ্বুল্। বৈদূর্য্যমণি, হিন্দীতে লহসুনীয়া বলে। নূতন মেঘের ডাকে এই মণির অঙ্কুর উৎপন্ন হয় বলিয়া ইহার "খরাব্দাঙ্কুরক" নাম হইয়াছে। [বৈদূর্য্য দেখ।]

খরার, পঞ্জাবপ্রদেশের অম্বালা জেলার একটী তহসীল। অক্ষা° ৩০°৩৮´ হইতে ৩০°৫৩´ উঃ, দ্রাঘি° ৭৬°৩৪´ হইতে ৭৬°৪৯´ পূঃ। ভূমির পরিমাণ ৩৬৬ বর্গমাইল। এই তহসীলে বাৎসরিক ১২৫৪২০৲ টাকা রাজস্ব আদায় হইয়া থাকে। এই স্থানে গম, জোয়ারা, কাঙ্‌নি, ছোলা, চাউল, তুলা ও ইক্ষু যথেষ্ট জন্মে। স্থানীয় দেওয়ানী ও দায়রার বিচারকার্য্য সম্পন্ন করিবার জন্য একজন তহসীলদার ও একজন অবৈতনিক ম্যাজিষ্ট্রেট আছেন। ৩টী পুলিসের ফাড়ি (থানা) আছে। এই তহসীলের প্রধান নগরের নাম খরার। নগরের স্বাস্থ্যের জন্য মিউনিসিপালিটী আছে। নগর মধ্যে ৭৯২ ঘর লোকের বসতি।

খরাল, গুর্জ্জর প্রদেশের অন্তর্গত মহিকান্থা বিভাগের মধ্যবর্ত্তী একটী ক্ষুদ্ররাজ্য। বাত্রকনদীর তীরে অবস্থিত। ইহাতে ১২ খানি গ্রাম আছে। সর্দ্দারসিংহ এখানকার সামন্তরাজ, তিনি জাতিতে মুকবানা কোলি ছিলেন, পরে ইস্‌লামধর্ম্মে দীক্ষিত হন। এক্ষণে হিন্দু ও মুসলমান উভয়ধর্ম্মেরই কার্য্যকলাপাদি লক্ষ্য করিয়া কার্য্য করেন। তাঁহার জ্যেষ্ঠপুত্রই রাজ্য পাইবার অধিকারী। দত্তক-পুত্র লইবার কোন ক্ষমতা রাজার নাই। বরোদার গাইকোবাড়কে ১৭৫০৲ টাকা বার্ষিক ও ইংরাজ গবর্ণমেণ্টকে বৎসরে ৭৬০৲ টাকা কর স্বরূপ দিতে হয়। এখানে একটী ক্ষুদ্রবিদ্যালয় আছে।

খরালিক (পুং) খরং আলাতি খর-আ-লা-ণিনি ততঃ স্বার্থে কন্। ১ গ্রামণী, নাপিত। ২ ক্ষুরাধার। ৩ লৌহতীর। ৪ উপাধান। [খুরালিক দেখ।] কেহ কেহ 'খরালিক' স্থলে খুরালিক পাঠ করেন।

খরাশ্বা (স্ত্রী) খরৈরশ্বতে ভুজ্যতে অশ্-ব। (উণ্বাদয়শ্চ। উণ্ ৪।৯৫) ১ ময়ূরশিখা, রুদ্রজটা। ২ ক্ষেত্রযমানী, ক্ষেতে জোয়ান। (অমরটী° ভরত) ৩ বনযমানী, বন জোয়ান। (রত্নমালা) ৪ পুষ্পবৃক্ষবিশেষ, চুয়াফুল।

"খরাশ্বা কফবাতঘ্নী বস্তিরোগ-রুজাপহা"(চরক সূত্র°২৭ অঃ)

খরাস্র (ক্লী) খরস্য অস্রং ৬তৎ। গাধার রক্ত। (ভাবপ্রকাশ)

খরাহ্বা (স্ত্রী) খরং তীব্রগন্ধং আহ্বয়তি আ-হ্বে-ক। ততঃ টাপ্। অজমোদা, বনজোয়ান। (রাজনি°)

খরিকা (স্ত্রী) খং রাতি রা-ক ততঃ স্বার্থে কন্-টাপ্ অত ইত্বঞ্চ। চূর্ণাকৃতি কস্তূরীবিশেষ। (রাজনি°)

খরিতা (আরবী) ১ পত্রাধার, চিঠির থলি। ২ পত্র, চিঠি।

খরিদ্ (পারসী) ক্রয়।

খরিদা (পারসী) যাহা ক্রয় করা হইয়াছে, ক্রীত, কেনা।

খরিদার (পারসী) যে কেনে, যে ক্রয় করে।

খরিয়া, কৃষিজীবি অসভ্য জাতিবিশেষ। ছোটনাগপুর অঞ্চলে ইহাদিগের বসবাস। কাহারও মতে ইহারা কোলজাতিরই শাখা, আবার কাহারও মতে দ্রাবিড়জাতিসম্ভূত। কিন্তু ঠিক ইহাদের মূল নির্ণয় করা দুঃসাধ্য। শারীরিক গঠন কতক পরিমাণে মুণ্ডা জাতির ন্যায়, কিন্তু মুখের আকৃতি অপেক্ষাকৃত কুৎসিত। কেহ কেহ বলেন যে, ইহারা ওরাওন জাতির পরে রোহতাস্‌গড়ে ও পাটনায় আসিয়া বাস করে। অপরাপর চলিত প্রবাদে জানা যায় যে, ইহারা পুরাণ জাতির সহিত ময়ূরভঞ্জে একত্র বাস করিত। ইহারা বলে, ময়ূরের ডিম্বের শ্বেতলালা হইতে পুরাণ জাতি, ডিম্বের খোলা হইতে এই খরিয়া জাতি ও ডিম্বের কুসুম হইতে ভঞ্জরাজবংশ উৎপন্ন হইয়াছে। ময়ূরভঞ্জ হইতে ইহারা লোহারডাগা জেলার দক্ষিণপশ্চিম দিকে কোএল উপত্যকায় আসিয়া বাস করে। এই অসভ্য জাতির মধ্যে বিদ্যার চর্চ্চা নাই। ইহারা অক্ষরাদি লিখিতে জানে না। লেখাপড়া অভ্যাস না থাকায় এই জাতির বিশেষ ইতিহাস জানিবার উপায় নাই।

লোহারডাগা অঞ্চলের খরিয়াজাতি এই কয় ভাগে বিভক্ত;—দেল্কি খরিয়া, দুধ খড়িয়া, এরেঙ্গা খড়িয়া, মুণ্ডা খরিয়া, বর্গা খড়িয়া এবং ওরাওন্ খরিয়া। এ ছাড়া আবার ৩৪টী থাক আছে। সকলেই চাষবাস করে। কেহ বা জমির "কোরকর" জমা করিয়া রাখে, কেহ বা রাইয়ত হইয়া জমি ভোগ দখল করে। অপরাপর স্থানের খরিয়ারা কৃষিজীবী ও ইচ্ছামত একস্থান হইতে অন্য স্থানে যাইয়া বাস করে। লোহারডাগার চাষী খরিয়ারা কিছু সভ্য, ভদ্রলোকের মত ইহাদের পরিধেয় বস্ত্র ও বেশভূষা আছে; থাকিবার গৃহাদি বেশ পরিষ্কার পরিচ্ছন্ন। ইহারা স্বাস্থ্যকর সুস্বাদু দ্রব্য আহার করিয়া থাকে। ইহাদের মধ্যে হিন্দুধর্ম্মে সকলের আস্থা আছে। একবার যে হিন্দুধর্ম্ম গ্রহণ করিয়াছে, সে ইহজন্মের মত তাহার জাতীয় প্রথম অবস্থা ভুলিয়া গিয়াছে। এমন কি তাহারা যে খরিয়া-বংশসম্ভূত তাহা চেনা সুকঠিন। এক্ষণে তাহারা আর মানভূমের পার্ব্বত্য খড়িয়া, হো ও ভূমিজ প্রভৃতি অসভ্য জাতির সংস্রবে থাকে না।

মানভূমের দল্‌মা পাহাড়ে ও গাঙ্গপুরের বনময় পর্ব্বতে যে সকল বন্য খরিয়া বাস করে, তাহারা লোহারডাগার খরিয়াদের মত চাষবাস ভালবাসে না। নিরন্তর একস্থান হইতে অপরস্থানে যাইয়া বাস করে। পাহাড়ের উচ্চ শৃঙ্গের উপরে কিম্বা পার্শ্বদেশে একত্র দুই তিনখানি ঘর বাঁধিয়া থাকে। ঘরগুলি বাঁশের, কোথাও বা শাল গাছের ডাল কাটিয়া নির্ম্মিত হইয়া থাকে। ইহারা বনের মধ্যে কতক স্থানের গাছ গাছড়াদি জ্বালাইয়া দিয়া তাহার ভস্মের উপর ফাঁক ফাঁক করিয়া বজ্‌রা, ব্রীহি ও কোদোধান বপন করে ও তাহাই খাইয়া থাকে।

বন্য খরিয়ারা অত্যন্ত পেটুক। এমন কি বানর, গো, মেষ, মহিষাদি সকল প্রকার মৃত জন্তু পাইলেই খায়। সাধারণতঃ ইহারা বন্যফল, পাতা ও কন্দমূলাদি খাইয়া জীবন ধারণ করে। এতদ্ব্যতীত নিকটবর্ত্তী গ্রামে যাইয়া বন্যজাত মধু, ধূনা, গালা, রেশমের গুটী, শালপাতা ও বাঁশের খুর্কি (ওড়া) প্রভৃতি বদল দিয়া চাউল কিনিয়া আনে ও তাহাই প্রত্যহ খাইয়া থাকে। বন্য খরিয়াদিগকে কোথাও কোথাও বনমানুষ বলে। দুধখরিয়ারা গোমাংস ভক্ষণ করে না। তবে কাছিম পাইলে খাইয়া থাকে। খাওয়া দাওয়া ও রন্ধন বিষয়ে ইহাদের প্রথা স্বতন্ত্র। ছোট নাগপুরের নিকটবর্ত্তী গ্রামে ওরাওন জাতির সহিত যে সকল খরিয়া বাস করে, তাহারা ব্রাহ্মণের অধীনে থাকিয়া হিন্দু হইয়াছে এবং ব্রাহ্মণকে ভক্তি শ্রদ্ধা করিতে শিখিয়াছে। ইহারা প্রত্যেকে পৃথক্ হাঁড়ীতে রাঁধে, এমন কি নিজের স্ত্রীর হাতে পাক করা দ্রব্যও খায়না। যদি কোন অপরিচিত ব্যক্তি তাহাদের গৃহে প্রবেশ করে, তাহা হইলে তাহারা হাঁড়ী কলসী প্রভৃতি গৃহস্থিত মৃৎপাত্র ফেলিয়া দেয় ও পিত্তল কাঁসা প্রভৃতি বাসন মাজিয়া শুদ্ধ করিয়া লয়। এই শ্রেণীর খরিয়াদের আচার ব্যবহার অতি কদর্য্য। নিজেরা এত অপরিষ্কার যে কখনও স্নান বা গাত্র ধৌত করেনা।

খরিয়ারা তেমন ভাল লৌহপাত্র প্রস্তুত করিতে জানে না, পাহাড় হইতে কন্দমূলাদি তুলিবার জন্য ইহারা লোহার খুন্তি ব্যবহার করে। বড় বড় ঘাসদিয়া পাতা শেলাই করিয়া এক প্রকার হাপড় করে ও তদ্দ্বারা অগ্নিতে বাতাস দিয়া লোহা তাতাইয়া পিটিয়া লয়। কিন্তু শাণ দিয়া লইতে কামারের বাড়ী যায় না।

খরিয়াদের মধ্যে স্ববংশে এবং মাসী, মামী, মাস্তুত

বা মামাত্ ভগিনী ও ভাগিনেয়ীকে বিবাহ করিতে নাই। সাধারণতঃ কন্যার ঋতুর পর বিবাহ হইয়া থাকে। বিবাহের পূর্ব্বে যদি স্ত্রী কোন পুরুষে গমন করে, তাহাতে দোষ হয় না। সমৃদ্ধিশালী খরিয়াদের মধ্যে এখন হিন্দুদের মত বাল্যবিবাহ চলিত হইয়াছে। বিবাহের সম্বন্ধ উভয় পক্ষের পিতামাতা বা কর্ত্তৃপক্ষেরাই স্থির করে। বিবাহের দিন স্থির হইলে বরের পিতাকে অবস্থাভেদে এক হইতে ১০টী পর্য্যন্ত গোরু বা মহিষ সুকুমার (কন্যাপণ) দিতে হয়। মাঘ মাসে এই শুভ বিবাহ কার্য্য সম্পন্ন হইয়া থাকে। ঐ মাস ব্যতীত অপর কোন মাসে খরিয়ারা বিবাহ করিতে পারেনা। বিবাহের পূর্ব্বদিনে কন্যার বাড়ীর স্ত্রী-লোকেরা কন্যাকে সঙ্গে লইয়া বরের বাটীতে আসে। পরে বিবাহের দিন অতি প্রত্যুষে বরের ও কন্যার গাত্রে উত্তম করিয়া তৈল মাখাইয়া স্নান করাইয়া দেয়। পাঁচ আঁটী খড় মাটীতে বিছাইয়া, তাহার উপর লাঙ্গলের জোয়াল রাখে, বর ও কন্যা উভয়ে পরস্পরে সম্মুখীন হইয়া ঐ জোয়ালের উপর দাঁড়াইয়া থাকে। বর কন্যার সীমন্তে সিন্দূর লেপন করে, পক্ষান্তরে কন্যাও বরের কপালে একটী ছোট সিন্দূরের টিপ দিয়া থাকে। এইরূপে বিবাহ কার্য্য শেষ হয়। কন্যার পিতা যদি অঙ্গীকৃত পণ এককালে দিতে অক্ষম হন, তাহা হইলে তাহাকে বিবাহের এক মাসের মধ্যে কন্যার গাত্রাচ্ছাদন জন্য ৭খানি কাপড় ও জামাতাকে একটী বৃষ দিতে হয়। বিবাহের সময় বরকর্ত্তা নিজ বাটীর নিকটে একটী গাছতলা পরিষ্কার করিয়া রাখে। কন্যাযাত্রীরা আসিয়া এইখানে আড্ডা করে, পরে বরযাত্রীরা আসিয়া মিলিত হয়। উভয় দলকে একটী করিয়া মাটীর জলের জালা দেওয়া হয়। জালার চারিদিকে ধানের তুঁষ ছড়ান ও মাথার উপরে একটী করিয়া আলো দেওয়া থাকে। সমস্ত দিনই পানভোজন, নাচগান ও আমোদে কাটিয়া যায়। এই ভোজের সমস্ত খরচই বরকর্ত্তাকে বহন করিতে হয়। যখন দুইদলে ভোজ চলিতেছে, তখন তাহাদের সম্মুখে কন্যাকে আনিয়া তাহাকে গরম জলে কাপড় কাচিতে দেয়। ইহাতে উপস্থিত সকলেই বুঝিতে পারে যে এই কন্যা গার্হস্থ্য সকল কার্য্যই করিতে নিপুণা হইবে।

খরিয়াদের মধ্যে বিধবাবিবাহ প্রচলিত আছে। স্বামীর মৃত্যু হইলে পর বিধবা তাহার দেবরকে সাঙ্গা করিতে পারে বা যদি অপর কাহাকেও বিবাহ করে, তাহাতে বিশেষ ক্ষতি হয় না। বিধবা-বিবাহে নূতন স্বামী বিধবাকে ১খানি কাপড় ও কন্যার পণস্বরূপ একটী গোরু দিয়া থাকে। বিবাহিতা স্ত্রী অসতী হইলে তাহাকে পরিত্যাগ করিতে পারে এবং বিবাহ কালে কন্যার পিতা পণস্বরূপ যে গোরু বা মহিষ পাইয়াছেন, তাহা বরকে ফিরাইয়া দিতে হয়। ঐরূপ স্ত্রীকে বিবাহ করিতে হইলেও দুইটী গোরু বা মহিষ পণ লাগে।

পিতার বিষয়ে কেবলমাত্র পুত্রেরাই উত্তরাধিকারী। দুধ খরিয়ারা বলে যে মিতাক্ষরার নিয়ম অনুসারে তাহাদের বিষয়ের উত্তরাধিকারী স্থির হয়। কিন্তু সচরাচর পঞ্চায়ত দ্বারা কার্য্য হইয়া থাকে। সর্ব্বজ্যেষ্ঠ পুত্রের উপর তাহার ভগিনীগণের ভরণপোষণের ভার থাকে। যদি কোন ব্যক্তির বিবাহিতা পত্নীর গর্ভজাত দুইটী পুত্র ও সাঙ্গা করা পত্নীর গর্ভজাত দুইটী পুত্র থাকে, আর সেই পিতার যদি ১৬খানি ধান জমি থাকে, তাহা হইলে বিবাহিতা রমণীর পুত্রদ্বয় ১২খানি ও অপর পুত্রদের মধ্যে ৪খানি এইরূপ ভাগ হইয়া থাকে। বিবাহিতা ভার্য্যার জ্যেষ্ঠ পুত্র ৭ অংশ ও কনিষ্ঠ ৫ অংশ, আর সাঙ্গা-করা স্ত্রীর পুত্রেরা কেবল ২ অংশ করিয়া পাইয়া থাকে।

ইহাদের মধ্যে এক একজন স্বজাতীয় পুরোহিত থাকে, তাহাকে 'কালো' বলে। এই কালো পুরোহিতেরা স্ব স্ব গ্রামের খরিয়া, পাহন, মুণ্ডা ও ওরাওন্ জাতির অন্ত্যেষ্টিক্রিয়া করিয়া থাকে। খরিয়াদের মধ্যে যাহার বিবাহ হইয়াছে, তাহার শব অগ্নিতে দাহ করে এবং যে অবিবাহিত অবস্থায় মরে, তাহাকে গোর দেয়। দাহ হইলে পর একটী মাটীর পাত্রে কতকগুলি চাউল, মৃতের ভস্ম ও অস্থি রাখিয়া নদীর জলে বা পাহাড়ের গর্ত্ত মধ্যে ফেলিয়া দিয়া আসে।

খরিয়ারা প্রকৃতির সেবক। 'বড় পাহাড়' ইহাদের সর্ব্ব-প্রধান দেবতা, ইহার সম্মুখে সময়ে সময়ে মহিষ, ভেড়া ও বনকুক্কুট বলি দিয়া থাকে; ঐ দেবতার পূজা মুণ্ডা ও ওরাওন্ জাতি হইতে খরিয়া-মহলে আসিয়াছে। ইহাদের আরও কএকটী দেবতা আছে। যথা—

জড়োদেব (জলদেব), নাশনদেব (রোগ ও সংহারকর্ত্তা), গিরিংদেব (সূর্য্যদেব), জ্যৈলোদেব (চন্দ্রদেব), পাটদেব (পর্ব্বতদেবতা), দোঙ্গা-দাড়া, মহাদান, গুমি, অজিনদড়া (শস্যরক্ষক দেবতা), বগরা, সর্ণা (গোমেষাদির রোগপ্রবর্ত্তক দেবতা)। এই সকল দেবতার সন্তোষবিধানার্থ খরিয়ারা পশু পক্ষী নানা জীব জন্তু বলি দিয়া থাকে।

খরিয়ার, মধ্যপ্রদেশের অন্তর্গত রায়পুর জেলার একটী জমিদারী। বিদ্রু নওয়াগড়ের পূর্ব্বে অবস্থিত। উত্তরদক্ষিণে ৫৩ মাইল ও পূর্ব্বপশ্চিমে ৩২ মাইল। ইহার মধ্যে ৫০৮খানি

গণ্ডগ্রাম ও ১৫৫৮৭ ঘর লোকের বসতি। প্রবাদ আছে পাটনার কোন সামন্তরাজ তাঁহার কন্যার বিবাহকালে জামাতাকে যৌতুক স্বরূপ ঐ জমিদারী দান করেন। খরিয়ারের বর্ত্তমান সামন্তরাজ চৌহানবংশীয়।

খরী (দেশজ) ইক্ষুভেদ। (Saccharum Semidecumbens.)

খরীজঙ্ঘ (পুং) খর্য্যা গর্দ্দভ্যা ইব জঙ্ঘা যস্য বহুব্রী। ১ ঋষিবিশেষ। ২ শিব। (বাচস্পত্য) বহুবচনে ইহার উত্তরবর্ত্তী অপত্য প্রত্যয়ের লোপ হয়।

খরু (পুং) খন-কু নিপাতনে সাধুঃ (খরুশঙ্কুপীয়ু নীলঙ্গু লিঙ্গু। উণ্ ১।৩৭) ১ শিব। ২ দর্প। ৩ অশ্ব। ৪ দন্ত। (মেদিনী) ৫ কামদেব। (উজ্জ্বলদত্ত।) ৬ শুক্লবর্ণ। (হেম°) (ত্রি) ৭ শ্বেতবর্ণবিশিষ্ট। ৮ নিষিদ্ধকার্য্যের অনুষ্ঠান করিতে যাহার রুচি হয়। ৯ নির্বোধ। ১০ ক্রূর। ১১ তীক্ষ্ণ। (স্ত্রী) ১২ পতিম্বরা কন্যা। (হেম°) খরু শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয় না।

খরেলা, উত্তর-পশ্চিম প্রদেশের হামিরপুর জেলার একটী নগর। দ্রাঘি° ৭৯°৫০´৪৫´´ পূঃ, অক্ষা° ২৫°৩২´ উঃ। এখানে একটী বিদ্যালয়, বাজার ও পুলিসের ফাঁড়ি এবং সুন্দর সুন্দর কতকগুলি দেবমন্দির আছে।

খরোস্তি (স্ত্রী) জনপদবিশেষ।

খর্‌খর (দেশজ) ১ চট্‌পট। ২ তীক্ষ্ণ। ৩ বাচাল।

খর্খোদ (পুং ক্লী) ভৌতিকবিদ্যা, একপ্রকার ইন্দ্রজাল।

খর্গলা (স্ত্রী) [বৈ] উলূকী।

"প্র যা জিগাতি খর্গলেব নক্ত মপদ্রুহা তন্বং গূহমানা।"

(ঋক্ ৭।১০৪।১৭) 'খর্গলেব উলূকীব' (সায়ণ।)

খর্‌গোস (পারসী) খরা, শশক। [খরগোস্ দেখ।]

খর্জন (ক্লী) খর্জ-ল্যুট্। কণ্ডূয়ন, চুলকন্।

খর্জরা (স্ত্রী) খর্জং রাতি খর্জ-রা-ক-টাপ্। স্বার্জি-ক্ষার, সাজিমাটী। (বৈদ্যক)

খর্জিকা (স্ত্রী) খর্জ-ণ্বুল্-টাপ্ অত ইত্বঞ্চ। উপদংশ রোগ।

খর্জু (পুং) খর্জ-উন্। ১ কণ্ডুবিশেষ, চুলকানি। ২ খর্জূর বৃক্ষ। ৩ কীটবিশেষ।

খর্জুর (ক্লী) খর্জ-উরচ্। রৌপ্য। (অমরটী° রমানাথ)

খর্জূ (স্ত্রী) খর্জ-ঊ (কৃষিচমিতনিধনিসর্জিখর্জি-ভ্য উঃ। উণ্ ১।৮২।) ১ কণ্ডূ। ২ কীট। (উণাদিকোষ।) (পুং) ৪ বণিক্। (উজ্জ্বলদত্ত)

খর্জূঘ্ন (পুং) খর্জূং কণ্ডূয়নং হন্তি হন্-টক্। ১ চক্রমর্দ্দবৃক্ষ, চাকুন্দে। ২ ধূতরাবৃক্ষ, ধুতুরা। ৩ অর্কবৃক্ষ, আকন্দ। (রাজনি°)

খর্জূর (পুং) খর্জ-ঊর (খর্জিপিঞ্জাদিভ্য ঊরোলচৌ। উণ্ ৪°। ৯০) ১ খর্জূর বৃক্ষ। (ক্লী) খর্জূররস্য ফলং খর্জূর-অণ্ তস্য লোপঃ। ২ খর্জূর ফল, খেজুর। (Phœnix sylvestris.) দক্ষিণপশ্চিমে স্থানবিশেষে 'সেন্দ খজুর' বা 'খজি', তামিল 'ইৎযম্‌পেণ', তৈলঙ্গে 'পেদ্দা তেল' বা 'ইটা চেট্টু'।

খেজুর গাছ ভারতের সর্ব্বত্রই জন্মে। এক একটী গাছ ৩২।৩৩ হাত উচ্চ হয়। কোন কোন গাছের ৮টী মাথাও দেখা যায়। ইহার কাষ্ঠের বাল্‌তো চাষের ক্ষেতে জল দিবার জন্য ব্যবহৃত হয়। ইহাতে অস্থায়ী সেতুও করা যায়। ইহার ফল বেশ সুমিষ্ট। খেজুর গাছ ৭।৮ বর্ষের হইলে তাহার মুচি কাটিয়া দিলে রস বাহির হয়। এই রস বেশ সুস্বাদু, ইহাতে উৎকৃষ্ট গুড় ও চিনি প্রস্তুত হয়। ইহার আঁশ হইতে জাহাজের কাছি প্রস্তুত হয়। ইহার অন্তঃসার সিদ্ধ করিলে থএরের মত এক প্রকার আঠা বাহির হয়, সেই আঠায় চামড়া রং করা যায়। সার হাম্‌ফ্রে ডেভি খেজুর গাছের অন্তঃসার পরীক্ষা করিয়া দেখিয়াছেন, তাহাতে শতকরা চর্ম্মোপযোগী আঠা (Tannin) ৫৪·৫, দ্রবণীয় পদার্থ ৩৪, মণ্ড ৬·৫, এবং বালি চূণ প্রভৃতি অদ্রবণীয় পদার্থ ৫ ভাগ আছে।

বৈদ্যক মতে ইহার গুণ—মধুর, শীতল, গুরু, ক্ষয়, অভিঘাত, বৃংহণ, শুক্রবৃদ্ধিকর, দাহ ও বাতপিত্তরোগে হিতকর।

ভাবপ্রকাশ মতে খর্জূর তিন প্রকার; সচরাচর যে খর্জূর পাওয়া যায় এবং যাহার আকার ক্ষুদ্র তাহাকে ভূমিখর্জূর বলে। পশ্চিমাঞ্চলে এক প্রকার খর্জূর জন্মে, তাহাকে পিণ্ডখর্জূর বা খর্জূরিকা বলে। ইহা ছাড়া আর এক প্রকার খর্জূর সেকালে অন্য দ্বীপ হইতে এদেশে আসিত, এখন পশ্চিম দেশে সেই খর্জূর উৎপন্ন হয়, হিন্দী ভাষায় উহাকে ছোহারা বলে। এই তিন প্রকার খর্জূরই শীতবীর্য্য, মধুর রস, বিপাক, স্নিগ্ধ, রুচিকারক, হৃদয়গ্রাহী, ক্ষত ও ক্ষয়নাশক, গুরু, তৃপ্তিকর, রক্তপিত্তনাশক, পুষ্টিকর, বিষ্টম্ভী, শুক্রবৃদ্ধিকারক, বলকর, এবং কোষ্ঠগত বায়ু, বমি, কফ, জ্বর, অতিসার, ক্ষুধা, তৃষ্ণা, কাশ, শ্বাস, মত্ততা, মূর্চ্ছা, বাত পৈত্তিক ও মদাত্যয়-রোগনাশক। খেজুরের রসের গুণ—মত্ততাজনক, পিত্তকারক, বাতঘ্ন, কফনাশক, রুচিকর, অগ্নিবৃদ্ধিকারী, বলকর ও শুক্রবর্দ্ধক। (ভাবপ্রকাশ-পূর্ব্ব ১।)

রাজবল্লভ মতে ইহার মাথীর গুণ—স্বাদু, তিক্ত, কষায়, মূত্রাতঙ্করোগনাশক, বল ও শুক্রবৃদ্ধিকারক।

৩ রৌপ্য। ৪ হরিতাল, হড়তাল। ৫ খল। (মেদিনী) (পুং স্ত্রী) ৬ বৃশ্চিক, বিছা।

খর্জূরক (পুং) বৃশ্চিক।

খর্জূরবেধ (পুং) যোগবিশেষ, ইহার অপর নাম একার্গল। এই যোগে বিবাহ নিষিদ্ধ। [যোগ দেখ।]

খর্জূরিকা (স্ত্রী) খর্জূর-গৌরাদিত্বাৎ ঙীষ্ ততঃ সংজ্ঞায়াং কন্-টাপ্ ঈকারস্য হ্রস্বত্বঞ্চ। মিষ্টান্নবিশেষ, চলিত কথায় মিঠাগজা বলে। (পাকরাজেশ্বর)

খর্জূরী (স্ত্রী) খর্জূর-গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ বনখর্জূরবৃক্ষ। (অমর) ২ খর্জূরবৃক্ষ, খেজুরগাছ। পর্য্যায়—খরস্কন্ধা, দুষ্প্রধর্ষা, দুরারুহা, নিঃশ্রেণী, কষায়ী, যবনেষ্টা, হরপ্রিয়া।

[খর্জূর দেখ।]

খর্পর (পুং) কর্পর-পৃষোদরাদিবৎ ককারস্য খঃ। ১ তস্কর, চোর। ২ ধূর্ত্ত। ৩ ভিক্ষাভাণ্ড। ৪ মৃণ্ময় ভগ্নপাত্রের অংশ, খাপরা। ৫ কপাল, মড়ার মাথার খুলি। ৬ ছত্র। (ত্রিকাণ্ড) (ক্লী) ৭ তুথবিশেষ।

৮ উপধাতুবিশেষ ; ইহাকে বঙ্গভাষায় খাপর ও হিন্দীতে খাপরিয়া বলে। বৈদ্যকশাস্ত্রে ইহার অনেক প্রকার শোধন-প্রণালী লিখিত আছে। রসেন্দ্রসারসংগ্রহের মতে—খর্পর রক্ত ও পীতপুষ্পের রসে পিষিয়া নরমূত্র, গোমূত্র ও সৈন্ধব লবণের সহিত যবের কাঁজীতে সাতদিন কিম্বা তিনদিন ভাবনা দিলে বিশুদ্ধ হয়। কেহ কেহ বলেন যে, খর্পর সাতবার পোড়াইয়া কাগজীনেবুর রসে ভিজাইয়া রাখিলে বিশুদ্ধ হয়। খর্পর ভস্ম করিবার প্রণালী—বিশুদ্ধ খর্পর ও পারদ একত্র মর্দ্দন করিয়া বালুকাযন্ত্রে একদিন পাক করিলে ভস্ম হয়। বিশুদ্ধ খর্পর নেত্ররোগনাশক, ক্লেদকর, ক্ষয়রোগ-নাশক ও গুরু। (রসেন্দ্রসারসংগ্রহ) ভাবপ্রকাশের মতে ইহার গুণ কটু, ক্ষার, কষায়, বমিকারক, লঘু, লেখন ও ভেদন গুণযুক্ত, চক্ষুর হিতকর, রক্তপিত্তনাশক এবং বিষ ও কণ্ডুনিবৃত্তিকর। (ভাবপ্রকাশ)

খর্পরক (পুং) লৌহপাত্র।

খর্পরী (স্ত্রী) খর্পরং উপধাতুভেদঃ কারণত্বেন অস্ত্যস্যাঃ খর্পর-"চাক্ষুষ্যমমৃতোৎপন্নং খর্পরী দার্ব্বিকা তথা।" (দ্রব্যাভিধান) অচ্-ঙীষ্। খর্পরীতুথ। (অমর)

খর্পরীতুথ (ক্লী) কর্ম্মধাঃ। তুথবিশেষ, তুঁতে।

খর্পরাল (পুং) বৃক্ষবিশেষ।

খর্পরীতুথক (ক্লী) খর্পরীতুথ। (ভাবপ্রকাশ)

খর্ম্ম (ক্লী) ১ পর-স্পরা শুদ্ধি। ২ পৌরুষ। ৩ রেশমীবস্ত্র।

খর্ম্মাটার (কর্ম্মাটাড়) সাঁওতাল পরগণার একটী গ্রাম, এখানে একটী রেল ষ্টেসন আছে, কলিকাতা হইতে ৮৪ ক্রোশ।

খর্ব্ব (পুং) খর্ব্ব-অচ্। ১ কুবেরের নিধিবিশেষ। ২ কুব্জক বৃক্ষ, কুজাঁ। (ত্রি) ৩ হ্রস্ব, খাট। ৪ বামন। (পুং) ৫ সঙ্খ্যা-বিশেষ। কোটিকে ১০ গুণ করিলে অর্ব্বুদ, অর্ব্বুদকে দশগুণ করিলে অব্জ এবং অব্জকে ১০ গুণ করিলে খর্ব্ব হয়, সহস্রকোটী, ১০০০০০০০০০০০।

"অর্ব্বুদমব্জং খর্ব্বনিখর্ব্বং" লীলাবতী।

রামায়ণ মতে মহাপদ্মকে সহস্রগুণ করিলে খর্ব্ব হয়। "মহাপদ্মসহস্রাণাং তথা খর্ব্বমিহোচ্যতে।" (রামায়ণ ৬।৪।৫৯)

খর্ব্বক (ত্রি) খর্ব্ব-এব স্বার্থে কন্। হ্রস্ব, বামন। স্ত্রীলিঙ্গে টাপ্ ইত্বঞ্চ। "খড়ূরেঽধি চংক্রমাং খর্ব্বিকাং খর্ব্ববাসিনীম্" (অথর্ব্ব ১১।৯।১৬)

খর্ব্বট (পুং) খর্ব্ব-অটন্। ১ চারিশতগ্রামের মধ্যস্থিত গ্রাম। ২ পর্ব্বতপ্রান্তবর্ত্তী গ্রাম।

"একতো যত্র তু গ্রামো নগরং চৈকতঃ স্থিতম্।
মিশ্রস্তু খর্ব্বটো নাম নদীগিরিসমাকুলঃ॥" (ভাগবত টী° স্বামী)

খর্ব্ববাসিন্ (ত্রি) খর্ব্বঃ সন্ বসতি বস-ণিনি। যে খর্ব্ব হইয়া বাস করে, অথবা যে খর্ব্বে অধিষ্ঠান করে।

খর্ব্বপত্রা (স্ত্রী) খর্ব্বং পত্রং যস্যাঃ বহুব্রী ঙীবভাব পক্ষে টাপ্। দ্রোণ-পুষ্পী, ঘলঘসে।

খর্ব্বপত্রিকা (স্ত্রী) খর্ব্বপত্রা স্বার্থে কন্-টাপ্ ইত্বঞ্চ। দ্রোণপুষ্পী।

খর্ব্বপত্রা (স্ত্রী) খর্ব্বং পত্রং যস্যাঃ বহুব্রী ততো ঙীপ্। দ্রোণপুষ্পী।

খর্ব্বশাখ (ত্রি) খর্ব্বা হ্রস্বাঃ শাখাস্তৎতুল্যা হস্তপদাদয়ো যস্য বহুব্রী। বামন, খর্ব্ব। (হেম°)

খর্ব্বিত (ত্রি) খর্ব্ব-কর্ত্তরি ক্ত। হ্রস্ব।

খর্ব্বিতা (স্ত্রী) খর্ব্বিত-টাপ্। ১ অমাবাস্যাবিশেষ।

"সংমিশ্রা যা চতুর্দ্দশ্যা অমাবাস্যা ভবেৎ ক্বচিৎ।
খর্ব্বিতাং তাং বিদুঃ কেচিৎ গতাধ্বামিতি চাপরে॥" কর্ম্মপ্রদীপ।

২ পূর্ব্বদিনের তিথি অপেক্ষা পরদিনে অল্পকালস্থিত তিথি। (বাচস্পত্য)

খর্ব্বুরা° (স্ত্রী) খর্ব্ব-উরচ্-টাপ্। তরদীবৃক্ষ। (রাজনি°)

খর্ব্বূজ (পারসী খরবুজ্) লতাফলবিশেষ, ষড়্ভুজা। চলিত বাঙ্গলায় খরমুজ বলে।

ইহার পরিমাণ সচরাচর ১০ আঙ্গুল দেখিতে পাওয়া যায়, এই কারণে ইহার একটী নাম দশাঙ্গুল। ইহার গুণ—মূত্রকারক, বলকর, কোষ্ঠশুদ্ধিকর, গুরু, স্নিগ্ধ, মধুররস, শীতবীর্য্য, শুক্রবৃদ্ধিকর এবং পিত্ত ও বায়ুনাশক। ইহার মধ্যে যেগুলি ঈষৎ ক্ষারসংযুক্ত ও অম্লমধুর রস হয়, সেইগুলি রক্তপিত্ত ও মূত্রকৃচ্ছ্রকারক। (ভাবপ্রকাশ পূর্ব্ব° ১ ভাগ) কোন গ্রন্থে 'খর্ব্বুজ' স্থলে 'খর্ব্বূজ' পাঠও দৃষ্ট হয়।

[খরবুজ দেখ।]

খর্সিয়া ঝালারিয়া, মধ্যভারতের ইন্দোর এজেন্সীর অধীনে একটী দেশীয় রাজ্য। সিন্ধিয়া ও দেবাস রাজ্যের পূর্ব্বপ্রদত্ত সনন্দ অনুসারে ঐ রাজ্যের অধিকারী বলবন্তসিংহ ও দতর-সিংহ ঠাকুরকে মাসহারা-স্বরূপ সিন্ধিয়ারাজ ১৭৫০৲ টাকা ও দেবাসরাজ ২২০৲ টাকা দিয়া থাকেন। সর্ব্বপ্রথমে ঠাকুর স্বরূপসিংহ ও ফতেসিংহকে সনন্দ দ্বারা ঐ ক্ষুদ্ররাজ্য ও মাসহারার বন্দোবস্ত করিয়া দেওয়া হয়।

খল (পুং ক্লী) খল্-অচ্। এই শব্দটী অর্থবিশেষ বুঝাইতে অর্দ্ধার্চ্চাদি গণান্তর্গত বলিয়া উভয়লিঙ্গ হয়। ১ ধান্যাদির মর্দ্দনস্থান, খামার।

"খলাৎ ক্ষেত্রাদগারাদ্বা যতো বাপ্যুপলভ্যতে।"(মনু ১২।১৭) ২ ধূলিরাশি। ৩ ভূ। ৪ স্থান। "পাংশুখলো বা প্রত্যয়া বিশেষাৎ" (কাত্যা° শ্রৌ° ২২।৩।৪৭) 'পাংশুখলো ধূলিরাশিঃ প্রত্যেতব্যঃ কুতঃ খল ইত্যুক্তে ধান্য-খলোঽপি প্রতীয়তে পাংশুখলোঽপি প্রতীয়তে।' (স° ব্যা°) (পুং) ৫ তিলকল্ক, চলিত কথায় খলি বলে। (ত্রি) ৬ নীচ। ৭ অধম। ৮ দুর্জ্জন।

"সর্পঃ ক্রূরঃ খলঃ ক্রূরঃ সর্পাৎ ক্রূরতরঃ খলঃ।" (চাণক্য) ৯ ইতর। (পুং) খে আকাশে লীয়তে লী-ড। ১০ সূর্য্য। খং তদ্বর্ণং লাতি লা-ক। ১১ তমালবৃক্ষ। (শব্দচন্দ্রিকা) ১২ প্রস্তরনির্ম্মিত ঔষধ মাড়িবার পাত্র। (বৈদ্যক।) খড় বাহুলকাৎ ডকারস্য লকারঃ। ১৩ খড়।

"খলাঃ সপঞ্চমূলাশ্চ গুল্মিনাং ভোজনে হিতাঃ।"

(সুশ্রুত° ৬।৪২ অঃ)

খলক (পুং) খং শূন্যং মধ্যে লাতি লা-ক সংজ্ঞার্থে কন্। ১ কুম্ভ। (পুং ক্লী) ২ গুগ্‌গুল। (ভরত)

খলকুল (পুং) খলকৌ-খলভূমৌ লীয়তে লী-বাহুলকাদ্ডঃ। কুলথকলায়। "দশগ্রাম্যাণি ধান্যানি ভবন্তি ব্রীহি-যবাস্তিলমাষা অণুপ্রিয়ঙ্গবোগোধূমাশ্চ খল্বাঃ খলকুলাশ্চ।" (বৃহদারণ্যক উ°) 'খলকুলাঃ কুলত্থাঃ' (শঙ্কর)।

খল্‌জ (খল্‌জী) তুর্কীজাতিবিশেষ। এখনকার অনেক গ্রন্থকার এই খল্‌জজাতিকে খিল্‌জী নামে উল্লেখ করিয়া থাকেন. কিন্তু প্রকৃত উচ্চারণ খল্‌জ্।

অনেকে এই জাতি ও আফগানস্থানের ঘল্‌জী বা ঘিলজী জাতি এক বলিয়া মনে করেন, কিন্তু তাহা ঠিক নয়। ঘল্‌জী জাতির অনেক পূর্ব্বে এই খল্‌জজাতি খোরাসানে আসিয়া বাস করে। গৌড়বিজেতা বখ্‌তিয়ার এই জাতীয় ছিলেন। শজিরাহুল্ অত্রাক্, জাগিউৎ তবারিখ, জাফর-নামা প্রভৃতি পারস্য গ্রন্থে এই জাতির বিস্তৃত বিবরণ লিখিত আছে।

খলজ (ত্রি) খলে খলাদ্ বা জায়তে খল-জন-ড। যাহা খলে বা খল হইতে উৎপন্ন।

"খলজাঃ শকধূমজা উরুণ্ডা যে চ মট্‌মটাঃ।" (অথর্ব্ব ৮।৬।১৫)

খলতা (স্ত্রী) খস্য লতা ৬তৎ। ১ আকাশলতা, মিথ্যাভূত পদার্থ। খলস্য ভাবঃ খল-তল্। ২ দুর্জ্জনতা, পরদ্রোহশূন্য শান্ত ব্যক্তির প্রতি বিদ্বেষকে খলতা বলে।

"অদ্রোহিণি তথা শান্তে বিদ্বেষঃ খলতা স্মৃতা।"

"খলতাং খলতামিবা সতীং
প্রতিপদ্যেত কথং বুধোজনঃ।" (মাঘ)

খলতি (পুং) স্খলন্তি কেশা অস্মাৎ স্খল-অতচ্ নিপাতনে সাধুঃ (খলতিঃ। উণ্ ৩।১১২) ১ ইন্দ্রলুপ্তরোগ, মাথার টাক। (ত্রি) ২ ইন্দ্রলুপ্তরোগযুক্ত। স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীপ্ হয়। কর্ম্মধারয়সমাসে খলতিশব্দের বিকল্পে পরনিপাত হইয়া থাকে। যথা যুবখলতিঃ খলতিযুবা।

"পিঙ্গল খলতি বিক্লিষ শুক্লস্য মূর্দ্ধানি জুহোতি" (কাত্যা° শ্রৌ° ২০।৮।১৮) 'খলতিঃ খল্লাটঃ' (কর্ক)। [ইন্দ্রলুপ্ত দেখ।]

খলতিক (পুং) খলতিরিব কায়তি কৈ-ক। ১ পর্ব্বত। (ক্লী) খলতি কস্য পর্ব্বতস্য অদূরভবানি বনানি, খলতিকশব্দাৎ উৎপন্নস্য চাতুরর্থিক তদ্ধিতপ্রত্যয়স্য লোপঃ। ২ পর্ব্বতের অদূরবর্ত্তী বন। খলতিক শব্দ বহুবচনান্তের বিশেষণ হইলেও একবচনান্তই থাকে।

"খলতিকাদিষু বচনম্" (পা ১।২।৫২ বার্ত্তিক)

খলধান (পুং) খলাঃ খড়া ধীয়ন্তে ঽস্মিন্-ধা আধারে ল্যুট্। খল, খামার। (হেম°)

খলধান্য (ক্লী) খলধান। [খলধান দেখ।]

খলপু (ত্রি) খলং ভূমিং পুনাতি পু-ক্বিপ্। স্থানশোধনকারক, মার্জ্জনকারী, ঝড়ুক, কোন কোনস্থানে ফরাস বলে।

খলপ্রীতি (স্ত্রী) খলস্য প্রীতিঃ ৬তৎ। দুর্জ্জনব্যক্তির সন্তুষ্টি।

খলমূর্ত্তি (পুং) খলইব অনিষ্টকারকত্বাদ্ উগ্রা মূর্ত্তির্যস্য বহুব্রী। পারদ, পারা।

খলমূষল (সংস্কৃতজ) হামানদিস্তা। ২ ঔষধাদি ঘষিবার পাত্রবিশেষ।

খলযজ্ঞ (পুং) খলকর্ত্তব্যো যজ্ঞঃ। যজ্ঞবিশেষ, খলে এই যজ্ঞের অনুষ্ঠান করিতে হয় বলিয়া ইহার নাম খলযজ্ঞ হইয়াছে। (লাট্যায়নশ্রৌ° ৪।২।২৫)

খলাজিন (ক্লী) খলস্থিতং অজিনং মধ্যপদলো°। খলস্থিত চর্ম্ম। এই শব্দটী পাণিনির উৎকরাদি গণান্তর্গত, ইহার উত্তর চাতুরর্থিক ছ প্রত্যয় হয়।

খলাদি (পুং) পাণিনির বার্ত্তিকোক্ত একটী গণ। খল, ডাক,

কুটুম্ব, দ্রুম, অঙ্ক, গো, রথ ও কুণ্ডল। ইহাদিগকে খলাদিগণ বলে। ইহার উত্তর সমূহার্থে ইনি প্রত্যয় হয়।

খলাধারা (স্ত্রী) খল আধারো যস্যাঃ বহুব্রী। তৈলপায়িকা। (জটাধর) চলিত বাঙ্গালায় তেলাপোকা ও স্থানবিশেষে আরসুলা বলে।

খলারি, মধ্যপ্রদেশের রায়পুর জেলার অন্তর্গত একখানি গণ্ডগ্রাম। রায়পুর হইতে ৪৫ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। সাধারণতঃ লোকে এই গ্রামটীকে খর্ত্তিখলারি বলিয়া জানে। এই খানে অনেকগুলি দেবালয় আছে, তন্মধ্যে নগরের কিল্লার নিকট ছোট পুষ্করণীর তীরের শিবমন্দিরটী প্রধান। মন্দিরটী পূর্ব্বদ্বারী ও তিনটীভাগে বিভক্ত;—অন্তরাল, মহামণ্ডপ ও অর্দ্ধমণ্ডপ। এই শিবালয়ের দ্বারে গণেশের মূর্ত্তি আছে। মন্দিরটীর কারুকার্য্য তেমন নয় বটে, কিন্তু ইহার গাঁথনি অতি সুন্দর। এই গ্রামে আর একটী ঐরূপ গঠনের ছোট মন্দির আছে। এই মন্দির দুইটী গ্রেণাইট পাথরে নির্ম্মিত। ছোট মন্দিরের মণ্ডপে শিবমূর্ত্তির নিকট যাইতে বামদিকে একখানি মারবেল প্রস্তরে শিল্পলিপি খোদিত আছে। খোদিত প্রস্তরফলকে ১৪৭০ সম্বৎ ও ১৩৩৪ শক এই দুইটী সময় আছে, ইহাতে হৈহয়বংশ ও কলচুরি বংশের কাল নির্ণয় হইতে পারে।

এই খলারি গ্রামের নিকট পর্ব্বতের নিম্নে সমতল ভূমির উপর প্রতিবৎসর চৈত্রপূর্ণিমার দিন মেলা হইয়া থাকে। একটী সতীস্তম্ভে উত্তমরূপে সিন্দূর মাখাইয়া রাখে এবং যাত্রীরা সেই পাথরখানিকে খলারি-মাতা বলিয়া পূজা করে। প্রবাদ আছে ঐ দিবস খলারি-মাতা দ্রব্যাদি লইয়া মেলায় বসেন এবং যে যাহা চায়, খলারি-মাতা তাহাকে তাহাই দিয়া থাকেন।

খলাসী [খালাসী দেখ।]

খলি (পুং) খল-ইন্। ১ তৈলকিট্ট। (রাজনি°) খৈল।

"স্থাল্যাং বৈদূর্য্যময্যাং পচতি তিলখলিং চন্দনৈরিন্ধনৌঘৈঃ।" (ভারত ২।৯৮ অঃ) ২ তালমূল। (রত্নমালা)

খলিন্ (পুং) খল অস্ত্যর্থে ইনি। ১ শিব। ২ দানববিশেষ।

খলিন (পুং ক্লী) খে অশ্বমুখচ্ছিদ্রে লীনং পৃষোদরাদিবৎ বিকল্পে হ্রস্বঃ। ১ লাগাম, অশ্বের মুখরজ্জু। ২ অশ্বের মুখস্থিত কশাবন্ধনের লৌহবিশেষ। (ত্রি) ৩ আকাশলীন।

খলিনী (স্ত্রী) খলানাং সমূহ খল-ইনি। (ইনি-ত্র-কট্যচশ। পা ৪।২।৫১) ১ খলসমূহ, ধানের অনেক খামার। পর্য্যায়—খল্যা। ২ তালমূলী। (রত্নমালা)

খলিফা (আরবী) ১ দরজী। ২ উচ্চ পদবীবিশেষ, মুহম্মদের মৃত্যুর পর তাঁহার ধর্ম্মনীতিসংক্রান্ত একমাত্র ক্ষমতাপন্ন ব্যক্তি। মুহম্মদের পর আবুবকর খলিফা রসুল্‌আল্লা নাম গ্রহণ করেন। খৃঃ ৬৩২ অব্দ হইতে ১২৫৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত যে যে রাজা খলিফা নাম লইয়াছিলেন, তাহাদের রাজত্বকাল সমেত একটী তালিকা দেওয়া গেল।

রাজার নাম।	রাজত্ব কাল।
আবুবকর	৬৩২ খৃঃ অব্দ।
ওমার	৬৩৪ „
ওসমান	৬৪৪ „
আলী	৬৫৬ „
ওমায়া-বংশ।	
মুয়াবিয়া	৬৬১ „
যেজিদ্	৬৮০ „
মুয়াবিয়া ২য়	৬৮৩ „
মরবান ১ম	৬৮৩ „
আবদুল মালিক	৬৮৫ „
ওয়ালিদ্	৭০৫ „
সুলিমান	৭১৫ „
ওমার ইবন্-আবদুল আজিজ	৭১৭ „
যেজিদ্ ২য়	৭২০ „
হসাম	৭২৪ „
ওয়ালিদ্ ২য়	৭৪৩ „
যেজিদ্ ৩য়	৭৪৪ „
মরবান ২য়	৭৪৪ „
আব্বাস বংশ।	
আবদুল্লা উস্-সফা	৭৫০ „
আবু জাফর-অল্-মন্‌সুর	৭৫৪ „
মুহম্মদ অল্-মহ্‌দী	৭৭৫ „
মুসা-অল্-হাদী	৭৮৫ „
হারুণ-অল্-রসীদ্	৭৮৬ „
মুহম্মদ-অল্-আমীন্	৮০৯ „
আবদুল্লা-অল্-মামুন্	৮১৩ „
কাসিম অল্ মুতাসিম	৮৩৩ „
হারুণ অল্ ওয়াথিক	৮৪২ „
জাফর অল্ মুতাবক্কিল্	৮৪৭ „
(৮৪৭ হইতে ৮৬০ পর্য্যন্ত তুর্কী সৈন্যের অত্যাচারে কেহই খলিফা হয় নাই)	
মুহম্মদ অল্-মুন্তাসির	৮৬১ „
আহ্মদ অল্ মুস্‌তইন	৮৬২ „
মুহম্মদ অল্-মুতাজ	৮৬৬ „

মুহম্মদ-অল্-মুহ্তাদি	৮৬৯	খৃঃ অব্দ
আহ্মদ অল্ মুতামিদ্	৮৭০	„
আহ্মদ অল্ মুতাধিন্	৮৯২	„
আলী অল্ মুক্তাফি	৯০২	„
জাফির অল্ মুক্তাদির	৯০৭	„
মুহম্মদ-অল্-কবীর	৯৩২	„
আহ্মদ-অল্-রাদি	৯৩৪	„
ইব্রাহিম অল্ মুত্তকি	৯৪০	„

বোইদি-রাজবংশ।

অল্-মুফাধল-অল্-মোতি	৯৪৪	„
আবদুল্ করিম	৯৭৪	„
আহ্মদ-অল্-কদর	৯৯২	„
আবদুল্লা অল্ কায়েম	১০৩১	„

সেলজুক বংশ।

মুহম্মদ-অল্-মুক্তাদি	১০৭১	„
আহ্মদ-অল্-মুস্তাজীর	১০৯৪	„
ফধল-অল্-মুস্তরশেদ	১১১৮	„
মন্সুর-অল্-রসীদ	১১১৯	„
মুহম্মদ্-অল্-মুক্তাফি	১১১৯	„
য়ুসুফ-অল্-মুস্তৌজিদ	১১৬০	„
হুসেন-অল্-মুস্তাধি	১১৭০	„
আহ্মদ-অল্-নসর	১১৮০	„
মুহম্মদ জাহির	১২২৫	„
আবু-জাফর-অল্-মুস্তান্জির	১২২৬	„
আবদুল্লা অল্ মুস্তাসিম্	১২৪২	„

খলিবর্দ্ধন (পুং) মুখরোগান্তর্গত দন্তবেষ্টক রোগবিশেষ। কুপিত বায়ুদ্বারা বর্দ্ধিত দন্তে অতিশয় তীব্র বেদনা হইলে তাহাকে খলিবর্দ্ধন বলে। ইহা সম্পূর্ণ ভাল হয় না। (ভাবপ্রকাশ)

খলিশ (পুং) খে আকাশে জলাদূর্দ্ধভাগে লিশতি লিশ-ক। স্বনামপ্রসিদ্ধ মৎস্য, চলিত বাঙ্গালায় খলিশা ও স্থানবিশেষে খল্শা বলে। পর্য্যায়—কঙ্কত্রোট, খলেশয়, খলেশ, খশেট। কই ও খলিশা প্রায় একজাতীয়। তন্মধ্যে খলিশার কাঁটা অধিক, সার অল্প। সাধারণ খলিশার লাটিন নাম Trichopodus, কিন্তু ইহার অনেক প্রকার ভেদ আছে। গোয়ালপাড়া অঞ্চলে বেজিখলিশা, শাদা খলিশা, লাল খলিশা, চূণা খলিশা প্রভৃতি নানাপ্রকার খলিশা দেখা যায়। ডে সাহেব ইহাদিগকে Trichogaster নাম দিয়াছেন। খলিশা মাছ জল হইতে তুলিয়া লইলেও অনেকক্ষণ জীবিত থাকে। লতা পাতা জড়াইয়া তাহাতে জল দিয়া রাখিলে আরও অধিকক্ষণ বাঁচে। ভারতের সিন্ধু, পঞ্জাব, উত্তর পশ্চিম, বঙ্গ, আসাম ও ব্রহ্মদেশ, মান্দ্রাজ প্রেসিডেন্সি, সিংহল হইতে চীন পর্য্যন্ত নানাস্থানে খলিশা মাছ দেখা যায়। খলিশা মাছের দৈর্ঘ্য সাধারণতঃ ৩৷৷০ হইতে ৪৷৷০ ইঞ্চি হইয়া থাকে। ইহাদের হাঁ ছোট। পৃষ্ঠের দণ্ডের নিকট অধিক পুষ্ট। মেরুদণ্ডের উপরিভাগের ও তদ্বিপরীত-দিকে এক একটী দীর্ঘ পক্ষ বা ডানা থাকে। ইহাই তাহাদের অস্ত্র। লোকে ধরিতে গেলে এই কাঁটা হাতে লাগিয়া যায়। কান্‌কোর নিকটও দুইটী ছোট ডানা আছে। ইহাদের মেরুদণ্ড হইতে উদর পর্য্যন্ত তেরচা দাগ কাটা। বর্ণ ময়লা। দাগগুলি স্থানবিশেষে কৃষ্ণবর্ণ ও লালবর্ণ হইয়া থাকে। বৈদ্যক মতে ইহার গুণ—গ্রাহী, কষায়, বাতকোপকর, রূক্ষ, লঘু, শূলহর ও অল্প পরিমাণে আমবিনাশক।

খলিশা (দেশজ) মাছবিশেষ। [খলিশ দেখ।]

খলী, একপ্রকার পর্ব্বতাকার দানবজাতি, এই দানবগণ মানস-সরোবরের তীরে দেবতাদিগের যজ্ঞে বিঘ্ন করিতে আরম্ভ করে। পরে বশিষ্ঠদেব ইহাদিগকে বিনাশ করেন।

(ভারত° অনু° ১৫৫ অঃ)

খলীকার (পুং) খল-চ্বি-কৃ-ঘঞ্। ১ অপকার। (জটাধর) ২ ভৎর্সন।

খলীন (পুং ক্লী) খে অশ্বমুখচ্ছিদ্রে লীনং পৃষোদরাদিবৎ বিকল্পে ন হ্রস্বঃ। কবিকা, কড়িয়ালি।

"শতং রথানাং বরহেমমালিনাম্
চতুর্ভুজাং হেমখলীনশালিনাম্।" (ভারত ১।১৯৯।১৫।)

খলু (অব্য) খল্-বাহুলকাৎ উন্। ১ নিষেধ। নিষেধার্থক খলুশব্দের যোগে ধাতুর উত্তর ক্ত্বা প্রত্যয় হয়।

"সম্প্রত্যসাম্প্রতং বক্তু মুক্তে মুষলপাণিনা।
নির্দ্ধারিতেঽর্থে লেখেন খলুক্ত্বা খলুবাচিকম্।" (মাঘ ২।৭০।)

২ বাক্যালঙ্কার। ৩ জিজ্ঞাসা। "সখ্বধীতে বেদম্।" (গণরত্ন) ৪ অনুনয়। "নখলু নখলু মুগ্ধে সাহসং কার্য্যমেতৎ।" (গণরত্ন) ৫ নিয়ম, অবধারণ।

"প্রবৃত্তিসারাঃ খলু মাদৃশাং গিরঃ।" (কিরাতার্জুনীয় ১ স°) ৬ নিশ্চয়। "দম্বিতাস্বনবস্থিতং নৃণাং নখলু প্রেমচলং সুহৃদ্‌জনে।" (কুমার ৪।২৮) ৭ বাক্যপাদ পূরণ।

"বধ্যাঃ খলু ন বধ্যন্তে সচিবাস্তব রাবণ।
যে ত্বা মুৎপথমারূঢ়ং ন নিগৃহ্ণান্তি সর্ব্বশঃ।"(রামায়ণ ৩।৪১।৬)

৮ ব্যাপ্তি।

"কালে খলু সমারব্ধাঃ ফলং বধ্নন্তি নীতয়ঃ"। (রঘু)

খলুজ্ (পুং) খং ইন্দ্রিয়ং দর্শনেন্দ্রিয়ং লুঞ্চন্তি হন্তি খ-লুঞ্চ-ক্বিপ্। অন্ধকার। (ত্রিকাণ্ড°)

খলুরেষ (পুং স্ত্রী) খলুরিষ্যতে বধ্যতে হসৌ রিষ-কর্ম্মণি ঘঞ্ হৃপ্সুপেতি সমাসঃ। মৃগবিশেষ। (শব্দচন্দ্রিকা)

খলূরিকা (স্ত্রী) শস্ত্রাভ্যাসভূমি, যে স্থানে অস্ত্রাদি শিক্ষা করে, ব্যায়াম ভূমি।

খলেকপোত (পুং) [বহু] খলে পতন্তঃ কপোতাঃ অলুক্স°। যে সকল কপোত খলে পতিত হইয়াছে।

খলেকপোত ন্যায় (পুং) খলে কপোততুল্যো ন্যায়ঃ মধ্যপদলো°। খলেকপোতিকান্যায়। কপোত সমুদয় খলে অর্থাৎ খামারে যেমন এককালে পতিত হয়, সেইরূপ সমুদায় পদার্থ এক বিষয়ের সহিত অন্বিত হইলে খলেকপোত ন্যায় কহে। [ন্যায় দেখ।]

খলেকপোতিকা ন্যায় (পুং) [খলেকপোত ন্যায় দেখ।]

"খলেকপোতিকান্যায়াৎ তৎকরঃ স্যাৎ পরোঽপি চেৎ।"
(সাহিত্যদর্পণ)

খলেধানী (স্ত্রী) খলে ধীয়ন্তে বৃষভা অত্র ধা-আধারে ল্যুট্ ঙীপ্। ১ মেধি, ধান্যাদি মাড়িবার সময় যে কাঠে গোরু প্রভৃতি বাঁধা হয়, মই কাঠ। ২ ধূলি। (হেম°)

খলেযব (অব্য) খলে যবো যত্র কালে বহুব্রী তিষ্ঠদ্‌গু প্রভৃতিবৎসমাসঃ। খলস্থিত যবের কাল।

খলেবালী (স্ত্রী) খলে বাল্যন্তে চাল্যন্তে বৃষভা যত্র বল আধারে ঘঞ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। মেধি, ধান্যাদি মাড়িবার সময় যে কাঠে বাঁধিয়া গোরু চালান হয়।

"খলে বালী যূপলাঙ্গলেষা।" (কাত্যা° শ্রৌ° ২২।৩।৪৮)
'খল মধ্যে নিখাতা মেধীভূতা খলেবালী' সং ব্যাং।

খলেবুস (অব্য°) খলে বুসমত্রকালে তিষ্ঠদ্‌গু প্রভৃতিবৎসমাসঃ। খলস্থিত বুসের কাল।

খলেশ (পুং) খে জলাদূর্দ্ধাকাশে লিসতি সংশ্লিষ্যতি লিচ্। খলিশ মৎস্য, খল্‌শে মাছ। (হারাবলী)

খলেশয় (পুং) খলেশং জলাদূর্দ্ধস্থাকাশসংসর্গং যাতি যা-ক। খলিশ মৎস্য। (শব্দরত্নাবলী)

খল্য (ত্রি) খলায় হিতং খল-যৎ (খলযবমাষতিলবৃষব্রহ্মণশ্চ। পা ৫।১।৭।) খলের উপকারক।

খল্যা (স্ত্রী) খলানাং সমূহঃ খল-যৎ-টাপ্। খলসমূহ, খামার সমূহ।

খল্ল (পুং) খলতি খল-ক্বিপ্ তং লাতি খল্-লা-ক। ১ বস্ত্রবিশেষ। ২ গর্ত্ত। ৩ চর্ম্ম। (পুং স্ত্রী) ৪ চাতকপক্ষী। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হইয়া খল্লী হয়। (পুং) ৫ চর্ম্মনির্ম্মিতপাত্র, মসক। ৬ ঔষধমর্দ্দনপাত্র। (বৈদ্যক)

খল্লাতক (পুং) বিন্দুসাররাজ্যের প্রথম মন্ত্রী।

খল্লাসার (পুং ক্লী) জ্যোতিষোক্ত ১০ম যোগ।

খল্লিকা (স্ত্রী) খল্ল সংজ্ঞার্থে কন্-টাপ্-অত ইত্বঞ্চ। ঋজীষ, পিষ্টকাদি ভাজিবার পাত্র, ভাজনা খোলা। (শব্দচন্দ্রিকা)

খল্লিট (ত্রি) খল্ল-ইন্ খল্লি তদ্বৎ টলতি টল-ড। যাহার মাথায় টাক পড়িয়াছে, খলতি। (শব্দরত্নাবলী)

খল্লিশ (পুং) খলিশ মৎস্য। [খলিশ দেখ।]

খল্লী (স্ত্রী) খল্-ক্বিপ্ তং লাতি লা-ক। বাহুলকাৎ ঙীষ্। হস্ত ও পাদের অবমর্দ্দনকারী রোগবিশেষ।

"খল্লী তু পাদজঙ্ঘোরুকরমূলাবমোটনী।" (ভাবপ্রকাশ)

কুঁড়, সৈন্ধব, কঙ্ক, তেঁতুল ও তৈল সহযোগে গরম করিয়া মর্দ্দন করিলে খল্লীরোগ ভাল হয়। (ভাবপ্রকাশ)

খল্লীট (পুং) খল্লীব টলতি খল্লী-টল-ড। ১ ইন্দ্রলুপ্তক রোগ, টাক। (ত্রি) ২ যাহার মাথায় টাক পড়িয়াছে। ধর্ম্মশাস্ত্রকার শাতাতপের মতে যে ব্যক্তি পরের নিন্দা করে, তাহার মাথায় টাক্ পড়ে। কিন্তু ধেনু দান করিলে পাপের প্রায়শ্চিত্ত হয়। (শাতাতপ)

খল্ব (পুং) খল্-ক্বিপ্ তং বাতি খল্-বা-ক। ১ একপ্রকার গ্রাম্য ধান, নিষ্পাব, বল্লা।

"দশগ্রাম্যাণি ধান্যানি···খল্বাশ্চ খলকুলাশ্চ।" (বৃহদারণ্যক উ°)
'খল্বাঃ নিষ্পাবাঃ বল্লা-ইতি প্রসিদ্ধাঃ।' (শঙ্কর)

২ চণক, ছোলা, বুট।

"মুদ্গাশ্চ মে খল্বাশ্চ মে" (বাজসনেয়সং° ১৮।১২)
'খল্বা শ্চণকাঃ'। (মহীধর)

খল্‌খল্ (দেশজ) চাঞ্চল্যপ্রকাশ, অস্থিরতাপ্রকাশ।

খল্বাট (পুং) খল্ ক্বিপ্ তং বটতে-বেষ্টয়তে বট্-অণ্ উপপদসং। ১ ইন্দ্রলুপ্ত রোগ, টাক্। (ত্রি) ২ ইন্দ্রলুপ্তরোগযুক্ত। (হেম°)

খবর (পারসী) সংবাদ।

খবরের কাগজ, সংবাদপত্র। [সংবাদপত্র শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

খবল্লী (স্ত্রী) খে আকাশে শূন্যে বল্লী ৭তৎ। আকাশবল্লী, শূন্যলতা। ইহার অপর নাম অমরবল্লী। ইহার গুণ—গ্রাহী, তিক্ত, পিচ্ছিল, কষায়, অগ্নিবৃদ্ধিকর, হৃদ্য ও পিত্তশ্লেষ্মনাশক। (ভাবপ্রকাশ পূর্ব্ব° ১ ভাগ°।)

খবারি (ক্লী) খে আকাশে স্থিতং বারি ৭তৎ। দিব্যোদক, আকাশের জল। (রাজনি°)

খবাষ্প (পুং) খস্য আকাশস্য বাষ্পঃ ৬তৎ। হিম, শিশির।

খশ (পুং) জনপদবিশেষ। (ত্রিকাণ্ড°)। *। মনু প্রভৃতি গ্রন্থে কোন স্থানে তালব্যযুক্ত ও কোনস্থানে দন্ত্যসকারযুক্ত খশ শব্দ দেখিতে পাওয়া যায়। এই কারণে আভিধানিকগণ উভয়ই স্বীকার করেন। *। বৃহৎসংহিতার কূর্ম্মবিভাগে পূর্ব্বদিকে এই দেশের উল্লেখ আছে। মহাভারত মতে এই জনপদ আরট্টের ন্যায় ভ্রষ্টাচারসম্পন্ন। (কর্ণপ°)। এই স্থান বর্ত্তমান গড়বাল ও তিব্বতের নারীখোরসুম জেলার মধ্যবর্ত্তী স্থানে ছিল। (পুং) তস্য রাজা খশ-অণ্ তস্য চ লোপঃ। ২ খশদেশের অধিপতি রাজা। ৩ জাতিবিশেষ। মনুর মতে—ব্রাত্যক্ষত্রিয় হইতে এই জাতির উৎপত্তি, ব্রাহ্মণাদর্শনপ্রযুক্ত ইহারা বৃষলত্ব প্রাপ্ত হইয়াছে। (মনু ১০।২২,৪০)

হরিবংশে লিখিত আছে, মহারাজ সগর ইহাদিগকে পরাজয় করেন। (হরিবংশ ১৪ অঃ)

মহাভারতে লিখিত আছে, খশেরা মহারাজ যুধিষ্ঠিরকে পৈপীলিক সুবর্ণ উপহার দিয়াছিল।

কাশ্মীরের রাজতরঙ্গিণীতে বর্ণিত আছে, মিহিরকুলের সময় খশেরা নরপুরে অবস্থান করিতেছিল। রাজা ক্ষেমগুপ্ত তাহাদিগকে ৩৬ খানি গ্রাম প্রদান করেন। কাশ্মীরাধিশ্বরী দিদ্দা এই খশজাতিকে বিশেষ অনুগ্রহ করিতেন। কাহারও মতে এই দিদ্দারাণীও খশবংশসম্ভূতা ছিলেন।

খশজাতির মধ্যেও কোথাও কোথাও প্রবাদ আছে, যখন পরশুরাম ক্ষত্রিয়বধে উদ্যত হন, তখন এই জাতি জল্লীশ হইয়া হিমশৃঙ্গে আশ্রয় লাভ করে।

বর্ত্তমানকালে নেপালরাজ্যে খশজাতির বাস। ইহারা আপনাদিগকে ক্ষত্রিয় বলিয়া পরিচয় দেয়। সকলেই হিন্দুধর্ম্মাবলম্বী ও ব্রাহ্মণকে বিশেষ ভক্তিশ্রদ্ধা করে। এখানকার ব্রাহ্মণেরাও বহুদিন হইতে খশকন্যা বিবাহ করিয়া আসিতেছেন। ব্রাহ্মণের ঔরসে খশরমণীর গর্ভে যে পুত্র জন্মে, তাহারাও দ্বিজোচিত-সংস্কারাধিকারী ক্ষত্রিয় বলিয়া পরিচিত হয়। তাহারা ব্রাহ্মণগোত্র গ্রহণ করিয়া থাকে। খশেরা শুদ্ধাচারী। নেপালের অধিকাংশ সৈন্য এই খশজাতীয়। ইহারা চতুর, কার্য্যকুশল, পরিশ্রমী, বলিষ্ঠ, সাহসী ও যুদ্ধপ্রিয়। ইহাদের দেহের গঠন খুব স্থূলও নহে অথচ কৃশ নহে। ইহারা কেহ শিল্পকর্ম্ম করিতে চাহে না, কিন্তু কেহ কেহ কৃষিকর্ম্ম করিয়া থাকে।

এখন আর এই খশজাতিকে ব্রাত্যক্ষত্রিয় বলা যায় না, এখন খশেরা যথাকালে উপনয়ন গ্রহণ করে এবং নেপালের ব্রাহ্মণেরা ইহাদিগকে ক্ষত্রিয় বলিয়া গ্রহণ করিয়াছেন।

নেপালে "একথরিয়া" নামে এক জাতি আছে, রাজপুত বা অপর ক্ষত্রিয়ের ঔরসে খশকন্যার গর্ভে এই জাতির উৎপত্তি। ইহারা পিতার গোত্র পায় বটে, কিন্তু ক্ষত্রিয় হইতে পারে না। তবে তাহাদের পুত্রগণ দুইপুরুষ খশের সহিত আদান প্রদান করিলে, তৎপরে তাহারা 'খশ' বলিয়া পরিচিত হয় এবং ক্ষত্রিয়োচিত কার্য্য করিতে পারে।

কুমাওন, গড়বাল ও তিব্বতের দক্ষিণাংশের মধ্যে মধ্যে খশ দেখা যায়। তিব্বতের নিকট যাহারা বাস করে, তাহারা অর্দ্ধ হিন্দু ও অর্দ্ধ বৌদ্ধ।

খশজাতির ভাষা হিন্দীভাষারই অপভ্রংশ। [খাসিয়া দেখ।]

খশরীরিন্ (ত্রি) খশরীরং আকাশরূপশরীরমস্য অস্তি খশরীর-ইনি। খমূর্ত্তিমান্।

খশা (স্ত্রী) খশ-টাপ্। ১ মুরানামক গন্ধদ্রব্য। (শব্দচন্দ্রিকা) ২ দক্ষের কন্যা, কশ্যপের পত্নী। ইনি যক্ষ ও রক্ষোগণের জননী। (গরুড়পু° ৬ অঃ)

খশীর (পুং) ১ দেশবিশেষ। ২ তদ্দেশবাসী। [বহু] ৩ তদ্দেশীয় রাজা।

"খশীরাশ্চান্তচারাশ্চ পহ্নবা-গিরিগহ্বরাঃ।" (ভারত ১।৯ অঃ)

খশেট (পুং স্ত্রী) খং শেটতি শিট্ অনাদরে অণ্। খলিশমৎস্য।

খশ্বাস (পুং) খস্য আকাশস্য শ্বাস ইব। বায়ু। (ত্রিকাণ্ড°)

খষাণ (দেশজ) খসিয়া ফেলা, স্খলন।

খষ্প (পুং) খন্-প নিপাতনাৎ নস্য ষঃ। ১ ক্রোধ। ২ বলাৎকার।

'খষ্পৌ ক্রোধবলাৎকারৌ।' (সিং কৌ°)

খস (পুং) খানি ইন্দ্রিয়াণি স্যতি নিশ্চলী-করোতি সো-ক। ১ রোগবিশেষ, খোস, চুল্‌কনা, পাঁচড়া। পর্য্যায়—পামা, কচ্ছূ, বিচর্চ্চিকা। (হেম°) ২ দেশবিশেষ। ৩ ব্রাত্যক্ষত্রিয়জাতিবিশেষ। "ঝল্লো মল্লশ্চ রাজন্যাদ্ ব্রাত্যান্নিচ্ছিবিরেবচ। নটশ্চ করণশ্চৈব খসো দ্রবিড় এবচ।" (মনু) [খশ দেখ।]

খসকন্দ (পুং) খস ইব কন্দোঽস্য বহুব্রী। ক্ষীরীশবৃক্ষ।

খসখস্ (পারসী) ১ উশীর। [উশীর দেখ।] ইহা টানাপাখা ও টাটীর জন্য ব্যবহৃত হয়। আইন্-অক্‌বরী পাঠে জানা যায় যে অক্‌বর বাদশাহ সর্ব্বপ্রথম খস্‌খসের টাটী ব্যবহার করেন। ফ্রান্সে ইহা Vetyver নামে চলিত, ঐ শব্দটী তামিল 'বেট্টিবেরু' শব্দের অপভ্রংশ। ২ গুজরাটে পোস্তর বীজকে খসখস্ বলে।

খসখেলী, বহবলপুর রাজসভাস্থ এক কৃতদাসবংশ। ইহাদের কন্যাগণ প্রথমে নবাবের সহিত সংসর্গ করিয়া তবে বিবাহিত হয়।

খসতিল (পুং) খসঃ খসপূয় ইব তিলতি স্নিহ্যতে শুক্লস্নেহত্বাৎ তিল স্নেহে ক। খাখস, পোস্তদানা। ভাবপ্রকাশের

মতে—তিল ভেদ, খসতিল ও খাখস এই তিনটী পোস্তদানার নাম। ইহার বাকলের গুণ শীতবীর্য্য, লঘু, ধারক, তিক্ত ও কষায়রস, বায়ুবৃদ্ধিকর, কফঘ্ন, কাশনাশক, ধাতুশোষক, রুক্ষ, মদকারক, বাক্যবৃদ্ধিকর, মোহজনক, রুচিকারক এবং অধিক সেবনে পুরুষত্বনাশক। ইহার ফলের ক্ষীরকে (আটাকে) আফূক বা অহিফেণ বলে। তাহার গুণ—শোষণকারী, ধারক, কফনাশক, বায়ুবৃদ্ধিকারী, পিত্তবর্দ্ধক এবং খসফলের বল্কলের তুল্য গুণবিশিষ্ট। (ভাবপ্রকাশ পূর্ব্ব° ১)

খসন (দেশজ) ক্ষরণ, পৃথক্ হওন।

খসম্ (আরবী) ১ অধিকারী। ২ স্বামী, পতি।

খসফেনক্ষীর (ক্লী) অহিফেন, আফিঙ্গ।

খসম্ভবা (স্ত্রী) খে সম্ভবতি সম্-ভূ-অচ্। আকাশমাংসী বৃক্ষ, সূক্ষ্ম জটামাংসী। (রাজনি°)

খসর্প (পুং) খে বন্ধনচ্ছেদেন ঊর্দ্ধদেশে সর্পণ মস্য বহুব্রী। বুদ্ধ। (ত্রিকাণ্ড°) [বুদ্ধ দেখ।]

খসবক্ত্র (পুং) লকুচ, ডেও। (শব্দচিন্তা°)

খসা (স্ত্রী) কশ্যপপত্নী।

খসাত্মজ (পুং) খসায়াঃ কশ্যপ পত্ন্যাঃ আত্মজঃ ৬তৎ। রাক্ষস।

খসিন্ধু (পুং) চন্দ্র। (হেম°)

খসূচিন্ (ত্রি) খং সূচয়তি সূচ-ণিনি। প্রশ্ন বিস্মরণ করিবার জন্য যে ব্যক্তি আকাশের নির্ম্মলতা সূচনা করে।

খসূয়া (দেশজ) যাহার শরীরে অধিক পাঁচড়া।

খস্তম (পুং) খে আকাশে সরতি গচ্ছতি সৃ-মক্। বিপ্রচিত্তি দানবের পুত্র। (গরুড়পু° ৬ অঃ)

খস্কাডুমুর (দেশজ) একপ্রকার ডুমুর।

খস্‌খস্ (দেশজ) অপরিষ্কার, অমসৃণ। (অব্য) সত্বর, শীঘ্র।

খস্থস (পুং) খস প্রকারে দ্বির্বচনং পৃষোদরাদিবৎ অকার লোপঃ। খসতিল, পোস্ত। (রাজনি°)

খস্থসরস (পুং) অহিফেণ, আফিঙ্গ। (রাজনি°)

খস্‌ড়া (পারসী) ১ যে কাগজে প্রতিদিন ক্রয় বিক্রয় উপস্থিত মত লেখা হয়। ২ জমির মাপ এবং প্রজার নাম যে কাগজে লেখা হয়। ৩ করনির্দ্ধারণ করিবার মোটামুটী হিসাব। ৪ গ্রাম মাপ করিবার সময় যে সূচীপত্র প্রস্তুত হয়।

খস্তনী (স্ত্রী) খং আকাশ স্তনইব যস্যাঃ বহুব্রী ঙীপ্। পৃথিবী।

খস্ফাটিক (পুং) খমিব নির্ম্মলঃ স্ফাটিকঃ। ১ সূর্য্যকান্তমণি। ২ চন্দ্রকান্তমণি। (হেম°)

খস্রু, আমীর (আমীর খসেরু বা খুস্রু) দিল্লীর মুসলমান বাদসাহগণের সভাস্থ একজন বিখ্যাত রাজকবি। ইনি জাতিতে তুর্কী। ইহার পিতার নাম আমীর মঙ্গদু সৈফ্-উদ্দীন্; তিনি বাহ্লীক দেশ হইতে ভারতের উত্তরপশ্চিমে পাতিয়ালা নগরে আসিয়া বাস করেন। ১২৫৩ খৃষ্টাব্দে খুস্রুর জন্ম হয়। যখন সম্রাট্ গায়েস্‌উদ্দীন্ তোঘ্‌লক্ ভারতের সিংহাসন উজ্জ্বল করিতেছিলেন, সেই সময়ে ইনি "তোঘ্‌লক্-নামা" নামক একখানি ইতিহাস প্রণয়ন করেন। খুস্রু সর্ব্ব সমেত ৯৯ খানি গ্রন্থ লিখেন। তন্মধ্যে (১) তুহফৎ উল্-সঘীর (২) সৎ-উল্-হযাৎ (৩) ঘুরৎ-উল্-কমাল (৪) বকিয়া নকিয়া (৫) হস্‌ত বহিস্‌ত (৬) সিকন্দর-নামা (৭) রিসল-নসর প্রভৃতি কয়খানি গ্রন্থ মুসলমান সম্প্রদায়ের বিশেষ আদরের জিনিস। এতদ্ব্যতীত "নু-সিপেহর" "কিরাণউস্-সাদৈন" (যৎকালে দিল্লীর সম্রাট্ মইজুদ্দীন কৈকোবাদ ও তাহার পিতা নাসিরউদ্দীন্ বগ্রা খাঁ খুস্রুকে দেখিতে আসেন, তখন রাজসম্মানের উপহার স্বরূপ এই কবিতাটী প্রদত্ত হইয়াছিল।) "মকালা" "ইষ্‌কিয়া" "মত্‌লা-উল্-আন্‌বর" প্রভৃতি কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র কবিতা লিখেন। উপরিউক্ত সাতখানি পুস্তক ছাড়া আরও কএকখানির নাম পাওয়া যায়। (১) পঞ্চগঞ্জ, (২) লয়লী বা মজ্‌নুন্, (৩) শীরিন্ বা খুস্রু, (৪) ঐজাজ খুস্রোবি (৫) আইনা সিকন্দরী, (৬) খিজির খাঁনী, (৭) ইন্‌সায়ে আমীর খুস্রু, (৮) জবাহির-উল্-বহর।

খস্রু পরভিজ, শাসন-বংশীয় পারস্যরাজ তৃতীয় হুরমুজের পুত্র। পিতার মৃত্যুর পর তাঁহার সেনাপতি বৈরাম বেগবিন্ রাজ্য অধিকার করেন। পরভিজ্ রোমসম্রাট্ মরিসের সাহায্যে সেনাপতিকে পরাস্ত করিয়া ৫৯১ খৃঃ অব্দে পিতৃ-সিংহাসনে উপবেশন করেন। রাজ্যলাভের পর সর্ব্বসমক্ষে তিনি সম্রাট্ মরিসকে ধর্ম্মপিতা বলিয়া ঘোষণা করেন। ৬০৩ খৃষ্টাব্দে মরিসের হত্যাকার্য্য সম্পাদিত হয়। পরভিজ তৎক্ষণাৎ তাঁহার ধর্ম্মপিতা ও উপকারীর মৃত্যুর প্রতিশোধ লইবার জন্য রোমরাজ্য আক্রমণ করিলেন। দারা, এদেশা-প্রভৃতি কতকগুলি স্থান শীঘ্রই করগত হইল। সীরিয়া ও পালেস্তিন্ নগরী লুট করিয়া ধ্বংস করিলেন। জেরু-সালেম জয় করিয়া স্বর্ণমণ্ডিত যথার্থ ক্রুশটী মাটীর মধ্য হইতে উঠাইয়া জয়ের গৌরবস্বরূপ নিজ রাজ্যে লইয়া আসিলেন। কিছুদিন পরে রোমসম্রাট্ হিরাক্লীয়াস্ আসিয়া পারস্য আক্রমণ করিলেন। তিনি কাস্‌পীয়ান্ হ্রদ হইতে ইস্‌পাহান নগরের মধ্যবর্ত্তী সমস্ত স্থানই ধ্বংস করিয়া ফেলিলেন। রাজকোষ লুণ্ঠিত ও সুন্দর সুন্দর রাজবাটী বিধ্বস্ত হইল। এইরূপ রাজ্যনাশ দেখিয়া প্রজারা পরভিজের প্রতি অসন্তুষ্ট হইয়া রাজদ্রোহ ঘোষণা করিল। পরভিজের জ্যেষ্ঠপুত্র সিরোয়া আসিয়া পিতাকে বন্দী করিলেন। তাঁহার

১৮টী পুত্রকে তাহার সম্মুখে বধ করা হইল। তৎপরে কারাগারে তাঁহাকে আবদ্ধ করিয়া রাখা হয়। তথায় ৬২৮ খৃষ্টাব্দে পরভিজের মৃত্যু হয়। তাঁহার সঙ্গে নসিরবান্ বংশও বিলুপ্ত হইল।

খস্রু মালিক, একজন ক্রীতদাস। খুস্রুশাহ নামে খ্যাত। সম্রাট্ মুবারক শাহ খল্‌জির অনুগ্রহে ইনি তাঁহার বিশেষ প্রিয়পাত্র ও উজীর হইয়াছিলেন। সম্রাট্ স্বয়ং মহারাষ্ট্রদিগের হস্ত হইতে দাক্ষিণাত্য জয় করিয়া দিল্লীতে ফিরিয়া আসিয়াই মালিককে শাসনকর্ত্তা করিয়া দক্ষিণে পাঠাইলেন। মালিক লুটপাট করিয়া বৎসরের মধ্যে অনেক ধন সঞ্চয় করিয়া ফেলিলেন। ইহাতে তাঁহার উচ্চ আশা এতই বলবতী হইয়া উঠিল যে তিনি তাহার অন্নদাতা মুবারককেও গুপ্তভাবে বিনাশ করিতে কুণ্ঠিত হইলেন না। ১৩২১ খৃঃ অব্দে খস্রুমালিক নাসির-উদ্দীন্ নাম লইয়া দিল্লীর সিংহাসনে বসিলেন। ঐ বৎসরে রাজ্যস্থ সম্ভ্রান্ত লোকেরা সেনাপতি ঘাজি-বেগ তোঘ্‌লকের সহিত মিলিত হইয়া তাঁহার বিরুদ্ধে যুদ্ধ করেন। এই যুদ্ধে খস্রু পরাস্ত হইলেন। অবশেষে শত্রু হস্তে বন্দী হইয়া নিহত হন।

খস্রু মালিক, (খসেরু, খুস্রু) সম্রাট মুহম্মদ তোঘলকের ভাগিনেয়। সম্রাটের রাজ্যলাভেচ্ছা বৃদ্ধি পাইলে তিনি নিজ ভাগিনেয়কে একলক্ষ সৈন্য দিয়া নেপালরাজ্য বশে আনিবার জন্য পাঠাইলেন। মালিক বহু কষ্টে পর্ব্বত অতিক্রম করিয়া ১৩৩৭ খৃষ্টাব্দে চীনসীমায় আসিয়া পৌঁছিলেন। এইখানে একধারে চীনসৈন্য ও অপরদিকে পার্ব্বতীয় নেপালীসৈন্য আসিয়া খস্রুকে আক্রমণ করে ও সমস্ত রসদ লুটিয়া লয়। সাতদিন ধরিয়া এইরূপ কষ্টে যুদ্ধ করিয়া সৈন্যগণকে অনেক কষ্ট পাইতে হয়। এই অবসরে ঘোরতর বৃষ্টি হয়। পাহাড়ের মধ্যে সেই নিম্নস্থানে চারিদিকের জল আসিয়া উপ্‌চিয়া পড়ে। সসৈন্যে খস্রু মারা পড়েন ও মুহম্মদের রাজ্য বৃদ্ধির আশাও ঐ বন্যাস্রোতে ভাসিয়া যায়।

খস্রু মালিক, ইহার পিতার নাম খস্রুশাহ। গজ্‌নী-রাজবংশের শেষরাজা। পিতার মৃত্যুর পর ১১৬০ খৃঃ অব্দে লাহোরের সিংহাসনে আরোহণ করেন। ১১৮৪ খৃষ্টাব্দে সুলতান মুহম্মদঘোরি লাহোর আক্রমণ করিলে সেই যুদ্ধে খস্রু পরাজিত ও বন্দী হন। মুহম্মদঘোরি খস্রুমালিককে সপরিবারে নিজ ভ্রাতা গায়েস-উদ্দীনের নিকট ফিরোজ-কোনগরে পাঠাইয়া দেন। সেইখানে খস্রু সপরিবারে নিহত হন।

খস্রু মালিক, ইনি দিল্লীর সম্রাট্ মুহম্মদবিন্ তোঘলকের ভগিনী খুদাবন্দজাদাকে বিবাহ করেন। ইনি এক সময়ে মুহম্মদের উত্তরাধিকারী সুলতান ফিরোজসাহকে মারিবার জন্য গোপনে ষড়যন্ত্র করেন। কিন্তু তাঁহার পুত্র দাবরমালিক সুলতানকে আশু বিপদের কথা জানায়। সুলতান্ পলাইয়া প্রাণ রক্ষা করেন।

খস্রু শাহ, গজ্‌নী-রাজ বইরাম্‌শাহের পুত্র। ইহার প্রকৃত নাম নিজাম্‌উদ্দীন্। ১১৫২ খৃঃ অব্দে পিতার মৃত্যুর পর লাহোরের সিংহাসন প্রাপ্ত হন। সাতবৎসরকাল রাজত্ব করিয়া ১২৬০ খৃষ্টাব্দে মানবলীলা সংবরণ করেন।

খস্রু সুলতান, মোগলসম্রাট্ জাহাঙ্গীরের পুত্র, রাজা মানসিংহের ভগিনীর গর্ভজাত। ১৫৮৭ খৃষ্টাব্দে লাহোর নগরে জন্ম গ্রহণ করেন। ১৬২২ খৃষ্টাব্দে দাক্ষিণাত্যে ইহার মৃত্যু হয়। সেই মৃতদেহ আলাহাবাদে আনাইয়া খুস্রুবাঘে কবর হয়। "মুয়াসির কুতবশাহী" নামক গ্রন্থে লিখিত আছে যে তাঁহার কনিষ্ঠ ভ্রাতা শাহজহান্ রেজা নামক কোন এক চরকে পাঠান; সেই চর খস্রুর গলা টিপিয়া তাঁহাকে মারিয়া ফেলে।

খস্বস্তিক (ক্লী) খং ঊর্দ্ধোর্দ্ধস্থিত আকাশঃ স্বস্তিকমিব। সমসূত্রপাতে স্থিত মস্তকোপরিস্থ আকাশবিভাগ। (প্রমিতাক্ষরা)

খহর (পুং) খং শূন্যং হরো যস্য বহুব্রী। ১ শূন্যহারক রাশি, যে রাশির হর শূন্য তাহাকে খহর বলে, ইহার আর একটী নাম অনন্ত। এই রাশি হইতে কোন রাশি অন্তর করিলে কিম্বা ইহার সহিত অপর কোন রাশি যোগ দিলে ইহার ক্ষয় বা বৃদ্ধি হয় না, ইহা একরূপই থাকে। যথা—"$\frac{১}{০}$" এই খহর রাশি হইতে ২ বিয়োগ কিম্বা উহার সহিত ২ যোগ করিলে রাশি অবিকৃতই থাকিবে। ($\frac{১}{০}+\frac{২}{১}=\frac{২}{১}+\frac{১}{০}=\frac{২}{০}$। $\frac{১}{০}-\frac{২}{১}=\frac{২}{১}-\frac{১}{০}=\frac{২}{০}$।) [গণিত দেখ।]

"অস্মিন্ বিকারঃ খহরে ন রাশাবপি প্রবিষ্টেষ্বপি নিঃসৃতেষু।
বহুষ্বপি স্যাৎ লয়সৃষ্টিকালে হনন্তে হচ্যুতে ভূতগণেষু যদ্বৎ॥"
(বীজগণিত)

খা (ত্রি) খন-বিট্ (জনসনখনক্রমগমো বিট্। পা ৩।২।৬৭) আচ্ছ। ১ খননকর্ত্তা, যে খনন করে। (স্ত্রী) ২ নদী। (নিঘ°)

খাই (দেশজ) ১ আকাঙ্ক্ষা। ২ গভীরতা। ৩ খাত।

খাইদ (দেশজ) খাদ, কাইট, মলা, পাইন।

খাইম্‌খানি, রাজপুতানাবাসী মুসলমান-ধর্ম্মাবলম্বী জাতিবিশেষ। পূর্ব্বে ইহারা চৌহান রাজপুত ছিল, অল্পদিন হইল ইস্‌লাম্ ধর্ম্মগ্রহণ করিয়াছে। ইহারা বলে যে, শেখাবতী নামে রাজ্য পূর্ব্বে তাহাদেরই অধিকারে ছিল, শেখজী তাহাদের নিকট হইতে কাড়িয়া লয়। আলবার ও জয়পুরে ইহাদের বাস।

খাইরিম্, আসামের খাসিপাহাড়ের মধ্যবর্ত্তী একটী ক্ষুদ্ররাজ্য।

উক্ত বসিং নামে একজন 'সিত্রম্' বা সর্দারের অধীন। লোকসংখ্যা প্রায় পঁচিশ হাজার, আয় প্রায় ৮২০০৲ টাকা।

এখানে খনিজ দ্রব্যের মধ্যে চুণ, কয়লা ও লৌহ উৎপন্ন হয়। পূর্ব্বে এখানে লৌহ গলাইবার বৃহৎ কারখানা ছিল, তাহার নিদর্শনস্বরূপ এখনও স্থানে স্থানে বৃহৎ বৃহৎ গর্ত্ত পড়িয়া আছে। এখানকার লৌহের আকর অতি বিশুদ্ধ। লৌহের বাট করিয়া স্থানে স্থানে প্রেরিত হয়। দেশীয় কামারেরা বিলাতী লৌহাপেক্ষা এই লৌহের অধিক আদর করে। বিলাতী লৌহের আমদানীতে মূল্য হ্রাস হইয়া পড়ায় দেশীয় ব্যবসায়ও লোপ পাইতেছে। তবে এখনও পাহাড়ী দা, কোদাল, হাতুড়ি ও লোহার খাঁচা প্রস্তুত হইয়া নানাস্থানে রপ্তানী হয়। এ ছাড়া এখানে তুলা, এড়িয়া রেশম, মাদুর ও চুবড়ীর ব্যবসা বলে। ধান, কাঙ্গনি, কার্পাস, বিলাতী আলু, কমলানেবু, লঙ্কা, সুপারি ও পাণের চাষ হয়। এখানকার বনে, মধু, কৃষ্ণজীরা, লাক্ষা প্রভৃতি পাওয়া যায়।

খাইবার, পেশবার জেলাস্থ আফগানস্থানে যাইতে একটী গিরিসঙ্কট। এই গিরিসঙ্কটের মধ্যভাগ অক্ষাঃ ৩৪°৬´ উঃ, দ্রাঘিঃ ৭১°৫´ পূর্ব্বে অবস্থিত। খাইবার পর্ব্বত হইতে ইহার নামকরণ হইয়াছে। খাইবার পর্ব্বত সফেদ্‌কো নামক গিরিমালার শেষভাগ। খাইবারপথ প্রায় ১৭ ক্রোশ। পেশবারের পশ্চিমে জমরুদ হইতে আরম্ভ করিয়া ঢাকা অবধি বিস্তৃত। এই গিরিসঙ্কটের স্থানভেদে উচ্চতার তারতম্য লক্ষিত হয়। যথা—জমরুদ্ ১১১৩ হাত, আলীমস্‌জিদ্ ১৬২২ হাত, লণ্ডীখানা ১৬৫৯ হাত, লণ্ডীকোটাল্ ২২৪৯ হাত ও ঢাকা ৯৩৬ হাত উচ্চ। জরীপ বিভাগের স্কটসাহেবের মতে জমরুদ্ ১৬২২ হাত উচ্চ, যদি এই মাপ ঠিক হয়, তাহা হইলে প্রত্যেকটীর মাপ পূর্ব্বাপেক্ষা প্রায় ৫০৮৷৷০ হাতের অধিক উচ্চ হইয়া পড়ে।

এই গিরিপথই আফগানস্থান ও ভারতবর্ষের মধ্যে সর্ব্বোদীচ্যসীমায় অবস্থিত। ইহা পূর্ব্বদিক্ হইতে ক্রমশঃ উচ্চ। কিন্তু আবার পশ্চিমভাগ ক্রমনিম্ন হইয়া গিয়াছে। আলীমস্‌জিদ নামক সঙ্কট একটী ক্ষুদ্র নদীর গর্ভ, এখানে দুইধারে ভৃগু আছে। লণ্ডীখানার গিরিসঙ্কট ৮ হাত প্রশস্ত, ইহার একধার সমান্তরাল প্রাচীর ও অপরধারে তুঙ্গ শৃঙ্গ, যেন কাবুল রাজ্যের প্রবেশপথ শত্রুর দুর্ভেদ্য করিয়া রাখিয়াছে।

সকল গিরিসঙ্কটের ন্যায় এখানেও সামান্য বৃষ্টি হইলে বন্যা আসে। অপর সকল সময়ে শুষ্ক থাকে। এখানকার জল অস্বাস্থ্যকর। খাইবার পাহাড়ে প্রধানতঃ স্লেট, চূণাপাথর ও বালুপাথর পাওয়া যায়।

এখানকার অধিবাসীরা খাইবারী নামে অভিহিত। খাইবারীরা আবার প্রধানতঃ ৩ ভাগে বিভক্ত। আফ্রিদি, শিন্‌বারী ও ওরাকজাই। খাইবারের পূর্ব্ব অংশে আফ্রিদি, পশ্চিম অংশে শিন্‌বারী এবং তিরা নামকস্থানে, পেশবারের দক্ষিণপশ্চিমে ও স্থানে স্থানে আফ্রিদির সহিত ওরাকজাই জাতির বাস।

খাইবারীদিগের মধ্যে এক একজন মালিক বা সর্দার আছে, সর্দার প্রধান হইলেও সকল সময় তাঁহার কথা থাকে না, তাঁহাকেও সাধারণের মতামতের উপর নির্ভর করিতে হয়।

খাইবারের মধ্যে পেশবার হইতে জলালাবাদ যাইবার পথে যে সকল আফ্রিদি ও শিন্‌বারী বাস করে, তাহারা পূর্ব্বে পথরক্ষা করিবার জন্য সদোজই নামক সেই স্থানের অধিপতিদিগের নিকট হইতে বর্ষে ১২০০০৲ টাকা করিয়া পাইত। [আফ্রিদি দেখ।] ইহারা আপদ্ বিপদ্‌কালে চল্লিশ হাজার লোকসংগ্রহ করিতে পারে।

শিন্‌বারীদিগের মধ্যে ৮টী শাখা আছে, তন্মধ্যে যখা (যক্ষ ?) ও কুকি নামক শাখাই সর্ব্বাপেক্ষা বলিষ্ঠ, সাহসী ও যুদ্ধপ্রিয়। কুকিরা ইংরাজরাজের সহিত মিত্রতা স্থাপন করিয়াছে। যখারা এখনও ডাকাত বলিয়া প্রসিদ্ধ। মহারাজ রণজিতসিংহ যখন পেশবারে যাত্রা করেন, সেই সময় খাইবারীরা বাঁধ খুলিয়া দিয়া তাঁহার তাঁবু ভাসাইয়া দেয়। রণজিতসিংহ বিলম্ব না করিয়া নিজ রাজধানীতে ফিরিয়া আসেন। জলালাবাদ আক্রমণকালে ১৮৪২ খৃষ্টাব্দ হইতে এই খাইবার গিরিসঙ্কট দিয়া কএকবার ইংরাজ সৈন্যদিগকে যাতায়াত করিতে হয়, প্রথম কএকবার তাহাদিগকে বিশেষ কষ্ট পাইতে হইয়াছিল এবং কএকজন প্রধান প্রধান ইংরাজ কর্ম্মচারী খাইবারীর হস্তে প্রাণত্যাগ করেন। ১৮৭৯ খৃষ্টাব্দে আমীরের সহিত সন্ধি হয়। সেই পর্য্যন্ত খাইবারীরা ইংরাজরাজের অধীনতা স্বীকার করিয়া আসিতেছে।

খাউকী (খাদক শব্দজ) ১ যে খায়, সেবন করে। এই শব্দটী উপহাস বা নিন্দাস্থলে স্ত্রীলিঙ্গে ব্যবহার হয়। (গ্রাম্য) ২ ওজর, ছল।

খাউড়ল (দেশজ) পেটুক।

খাওন (খাদন শব্দজ) ভোজন, আহার।

খাওয়ান (খাদনা শব্দজ) ভোজন করান।

খাওয়ামলম্ (খাওয়া+পারসিজ মলম্) ভেদক মলমবিশেষ।

খাঁ (পারসী) ১ সম্ভ্রান্ত লোকের উপাধি। ২ কতকগুলি গ্রামের প্রধান ব্যক্তি, মণ্ডলেশ্বর। ৩ মুসলমান মধ্যে সম্মান সূচকপদবী।

তুরুষ্ক ও সমস্ত এসিয়াখণ্ডে মুসলমানসমাজে এই উপাধি প্রচলিত। মধ্য এসিয়ায় তাতার জাতি সর্ব্বপ্রথম এই উপাধি গ্রহণ করেন। কাহারও মতে, জঙ্গীশ খাঁ এই উপাধি সৃষ্টি করেন। তুরস্কে সুলতান, চীনে রাজা ও পারস্যে কেবল আমীর ওমরাহগণ এই উপাধি গ্রহণ করিতে পারে। বলুচ ও আফগান-অধিনায়ক মাত্রেই খাঁ উপাধি লইয়া থাকে। বিশেষতঃ আফগানেরা বলে যে, ইহা তাহাদের জাতীয় উপাধি, সুতরাং জন্ম হইতেই সকলে গ্রহণ করিতে পারে। মুসলমান রাজগণের আধিপত্যকালে ভারতবর্ষে সকল জাতির মধ্যেই যাঁহারা উচ্চ রাজকর্ম্মচারী ছিলেন, তাঁহাদের অনেকেই খাঁ উপাধি পাইয়াছেন। এখনও তাঁহাদের বংশধরগণ কেহ কেহ এই উপাধি ধারণ করিতেছেন।

খাঁ (কান্) মধ্যপ্রদেশের অন্তর্গত মালবে প্রবাহিত একটী নদী। অক্ষা° ২২° ৩৬´ পূঃ, দ্রাঘি° ৭৫° ৫৫´ পূর্ব্বে বিন্ধ্যগিরির উত্তর অংশ হইতে নির্গত হইয়া উত্তরমুখে কিছুদূর গিয়া সরস্বতী নদীর সহিত মিলিত হইয়াছে, তৎপরে উত্তরপূর্ব্বাভিমুখে গিয়া অক্ষা° ২৩° ৮´ উঃ, দ্রাঘি° ৭৫° ৫০´ পূঃ উজ্জয়িনীর নিকট সিপ্রা নদীতে মিলিত হইয়াছে। এই নদীতে যাতায়াতের বেশ সুবিধা আছে।

খাঁ আলম্, সম্রাট্ অক্‌বরের একজন সেনাপতি। ইনি দিল্লী হইতে ৩০০০ সৈন্যসহ আসিয়া পাটনার নিকট হাজিপুর দুর্গ অবরোধ করিয়া জয় করেন।

খাঁ আলম্, ইহার পূর্ণ নাম মীর্জা বরখুবদার, একজন আমীর। মোগলসম্রাট্ শাহজহানের অধীনে পঞ্চহাজারী পদ পাইয়াছিলেন, পরে সম্রাট্ আলমগীরের রাজত্বকালে ছয়হাজারী এবং বিহারের শাসনকর্ত্তা পদ প্রাপ্ত হন। জীবনের শেষাবস্থায় ইনি সম্রাটের নিকট হইতে বাৎসরিক ১ লক্ষ টাকা পাইতেন। শেষে তৎকর্ত্তৃক বিষপ্রয়োগে ইহার মৃত্যু হয়। আগ্রা নগরে যমুনার উপকূলে তাঁহার ৪০ বিঘা একখানি বাগানবাড়ী রহিয়াছে।

খাঁ আলম্, খাঁ জমান্ সেখ নিজামের পুত্র, ইহার আসল নাম এখ্‌লাস খাঁ। সম্রাট্ আলমগীর ১৬৮৯ খৃষ্টাব্দে ইহাকে পঞ্চহাজারীপদ ও খাঁ আলম্ এই উপাধিদান করেন। ১৬৬৯ খৃষ্টাব্দে ইনি ছয়হাজারীপদ পান। সম্রাট্ আলমগীরের মৃত্যুর পর ইনি বাহাদুরশাহের পরিবর্ত্তে তদীয় ভ্রাতা আজিমশাহকে সিংহাসনে বসাইবার চেষ্টা করেন। ১৭০৭ খৃষ্টাব্দের যুদ্ধে ইহার প্রাণবিয়োগ হয়।

খাঁই (দেশজ) ইচ্ছা, স্পৃহা।

খাঁকতি (দেশজ) অভাব, টানাটানি, অনাটন।

খাঁকরি (দেশজ) বালি কাঁকর ইত্যাদি।

খাঁকার (দেশজ) কলঙ্ক।

খাঁ খানান, দিল্লীর রাজসরকারে সর্ব্বপ্রধান মন্ত্রীর একটী উচ্চদরের উপাধি। বৈরাম খাঁ ও তৎপুত্র খাঁ মির্জা এই পদ পাইয়াছিলেন। [বৈরাম খাঁ দেখ।]

খাঁগড়, পঞ্জাবপ্রদেশের মুজাফরগড় জেলার অন্তর্গত একটী নগর। মুজাফরগড় সহর হইতে ৫॥০ ক্রোশ দক্ষিণে ও চন্দ্রভাগা নদীর বর্ত্তমান গর্ত্ত হইতে ২ ক্রোশ দূরে অবস্থিত। এখানে একটী বড় রকম থানা (পুলিস) আছে। লোকসংখ্যা প্রায় চারিহাজার।

নগরের চারিপার্শ্বে পাদপরাজিশোভিত উর্ব্বরা ভূমি আছে, তথায় বেশ কৃষিকার্য্য চলে। নগরের বাটীগুলি অধিকাংশই ইষ্টক নির্ম্মিত, মধ্য দিয়া সুন্দর পথ গিয়াছে। এখানে শস্যের বাজার, ঔষধালয়, সরাই ও পাঠশালা আছে।

খাঁজ (দেশজ) ১ পাখী রাখিবার পিঞ্জর। ২ ভাগ। ৩ থাক।

খাঁ জমান্, হায়দার সুলতান উজবকের পুত্র। সম্রাট্ হুমায়ুনের অধীনে রাজকর্ম্মচারী ছিলেন। ইহার প্রকৃত নাম আলীকুলী খাঁ। সম্রাট্ অক্‌বর শাহ ইহার কার্য্যে সন্তুষ্ট হইয়া ইহাকে জৌনপুর ও তদ্দক্ষিণস্থ প্রদেশসমূহ জায়গীর-স্বরূপ দান করেন। পরিশেষে খাঁ জমান্ ও তদীয় ভ্রাতা বাহাদুর খাঁ উভয়ে বিদ্রোহী হইয়া উঠিলে ১৫৬৭ খৃষ্টাব্দে জুন মাসে সম্রাট্ যুদ্ধ করিয়া ইহাদিগকে বধ করেন।

খাঁ জমান্, ইহার প্রকৃত নাম মীরখলিল্। ইনি আজিম খাঁর পুত্র ও আসফ্ খাঁ জাফরবেগের ভ্রাতুষ্পুত্র। সম্রাট্ শাহজহানের অধীনে কার্য্য করিতেন। আলম্‌গীর বাদশাহ ইহাকে পঞ্চহাজারী পদ দেন। জীবনের শেষাবস্থায় মালবের শাসনকর্ত্তারূপে নিযুক্ত হন। ১৬৮৪ খৃষ্টাব্দে মালব রাজ্যেই ইহার মৃত্যু ঘটে।

খাঁ জমান্ ফতেজঙ্গ, ইনি হায়দ্রাবাদের শাসনকর্ত্তা আবুল হোসেনের অধীনে কর্ম্ম করিতেন। শেখ নিজাম হায়দ্রাবাদী ইহার প্রকৃত নাম। সম্রাট্ আলম্‌গীরের অধীনে কার্য্যকালে ইনি শিবজীর পুত্র শম্ভুজীকে বন্দী করিয়া আনেন। এই কারণে সম্রাট্ ইহাকে সাতহাজারী পদ ও খাঁ জমান্ ফতেজঙ্গ উপাধি দান করেন। ১৬৯৬ খৃষ্টাব্দে ইহার মৃত্যু হয়।

খাঁ জমান্ বাহাদুর, মহাবৎ খাঁ জমানা বেগের পুত্র, ইহার প্রকৃত নাম আমন্ উল্লা। সম্রাট্ জাহাঙ্গীর ইহাকে বাঙ্গালার শাসনকর্ত্তা করিয়া পাঠান। ইনি খাঁন্‌জাদ্ খাঁ উপাধি পাইয়াছিলেন। তৎপরে সম্রাট্ শাহজহান্ আমন্‌কে পঞ্চহাজারী পদ ও খাঁ জমান্ বাহাদুর উপাধি দিয়াছিলেন। ইনি একজন

ভাল কবি ছিলেন। ভিন্ন ভিন্ন দেশের মুসলমান রাজগণের ইতিবৃত্ত লইয়া "মজমুয়া" নামে পারসী ভাষায় একখানি পুস্তক রচনা করেন। ১৬৩৭ খৃষ্টাব্দে দৌলতাবাদে ইহার মৃত্যু হয়।

খাঁজাদা, রাজপুতানার এক মুসলমান সম্প্রদায়। আল্‌বার ও জয়পুরে ইহাদের বসবাস। ইহাদের উৎপত্তি সম্বন্ধে বড় গোলযোগ। আবুলফজলের মতে, ইহারা মেবাতের অধিপতি জনুহা রাজপুতগণের বংশে জন্মগ্রহণ করিয়াছে। অনেকের মতে দিল্লীর সম্রাট্ ফিরোজ তোঘ্‌লকের অত্যাচারে মেবাতের রাজপুতরাজগণ মুসলমান ধর্ম্ম গ্রহণ করেন, খাঁজাদা তাঁহাদেরই সন্তান।

খৃষ্টীয় ষোড়শ শতাব্দী পর্য্যন্ত ইহারা মেবাৎ রাজ্য শাসন করিত। ১৫২৮ খৃষ্টাব্দে বাবরের সহিত যুদ্ধকালে ইহারা রাজপুত পক্ষ অবলম্বন করিয়াছিল। সামাজিকতায় ইহারা তথাকার অপর মুসলমান জাতি হইতে আপনাদিগকে মান্য গণ্য মনে করে।

ইহাদের আচার ব্যবহার দেখিলেও বোধ হয় যে ইহারা এককালে হিন্দু ছিল। ইহারা কোন হিন্দুধর্ম্মোৎসবে যোগ দেয় না বটে, কিন্তু হিন্দুর বিবাহে যোগদান করে, হিন্দুদিগের মত ইহাদের বিবাহ হয়। এমন কি ব্রাহ্মণেরাও ইহাদের বিবাহকালে অনেক কার্য্য করিয়া থাকেন।

ইহাদের অবস্থা তেমন ভাল নয়। অনেকেই আল্‌বার-রাজের সৈনিককর্ম্মে নিযুক্ত। কেহ কেহ বৃটীশ গবর্ণমেণ্টের অধীনে সৈনিক বিভাগে কার্য্য করিতেছে। অপর সাধারণ কৃষিকার্য্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। ইহারা কন্যাদিগকে কখন কৃষিক্ষেত্রে পাঠায় না। [মেবাৎ দেখ।] অযোধ্যা, লক্ষ্ণৌ প্রভৃতি অঞ্চলেও খাঁজাদা নামে এক শ্রেণীর মুসলমান বাস করে।

খাঁ জাহান্, আকবর বাদশাহের অধীনে একজন পঞ্চহাজারী আমীর। ইহার নাম হুসেনকুলিবেগ ১৫৭৬ খৃষ্টাব্দে মুনাইম্ খাঁর মৃত্যুর পর বঙ্গের শাসনকর্ত্তারূপে নিযুক্ত হন। ঐ বৎসরে বিদ্রোহী দাউদখাঁকে যুদ্ধে পরাস্ত ও বন্দী করিয়া তাঁহার প্রাণনাশ করেন ও তাঁহার মুণ্ড কাটিয়া সম্রাটের নিকট আগ্রাতে পাঠাইয়া দেন। ১৫৭৮ খৃষ্টাব্দে তাণ্ডা নামক স্থানে ইহার মৃত্যু হয়।

খাঁ জাহান্‌আলী, "খাঞ্জালী" নামে প্রসিদ্ধ। ইনি বাঙ্গালার শাসনকর্ত্তা মাক্ষুদশাহ সুলতানের (বারবকশাহের) সমকালবর্ত্তী *। বাঘেরহাট অঞ্চলে খলিফতাবাদে এইরূপ প্রবাদ প্রচলিত আছে যে, "ইনি গৌড়ের শাসনকর্ত্তা হুসেন শাহবাদশাহের 'ময়ূরচালবরদার' ছিলেন। ইহার প্রকৃত নাম কিসুর খাঁ। নবাব ইহাকে বিশেষ অনুগ্রহ করিতেন তিনিই ইহাকে সুন্দরবন আবাদ করিতে পাঠান ও সেখানে থাকিয়া খাঁ জাহান বহুল অর্থ উপার্জ্জন করেন। এক দিন নিদ্রায় ইনি স্বপ্ন দেখিলেন যেন আল্লা আসিয়া তাঁহাকে সৎকার্য্য করিতে অনুমতি করিতেছেন এবং খাঞ্জালী পদ গ্রহণ করিতে বলিতেছেন।

খাঁ জাহান্‌আলী সুন্দরবন আবাদ করিতে আসিয়া নিজের অনেক কীর্ত্তি রাখিয়া গিয়াছেন। ষাট্‌গম্বুজ নামে ইহার কৃত একটী বৃহৎ মস্‌জিদ আছে। ইহার ভিতরের দালানটী ১৪৪×৯৬ ফিট্। মস্‌জিদটী পূর্ব্বদ্বারী ও ১১টী দরজা আছে। লোকে ষাট্‌গম্বুজ বলিলেও ইহাতে সর্ব্বসমেত ৭৭টী গম্বুজ ও ভিতরে ৬০টী থাম আছে। খাঁ জাহান্ নির্ম্মিত আর একটী মস্‌জিদ দেখা যায়। ঐ মস্‌জিদটী উর্দ্ধে ৪৭ ফিট। ইহার উপরের গম্বুজটী অতি বৃহৎ। এইখানে মৃত্যুর পর খাঞ্জালীর কবর হয়। কবরের উপর ৪খানি আরবী ভাষায় ও ১খানি পারসী ভাষায় শিলালিপি খোদিত। তাহাতে লিখিত আছে আলঘ্ খাঁ জাহান্ আলী ১৪৫৯ খৃষ্টাব্দে পৃথিবী পরিত্যাগ করেন। যশোরের লোকেরা ইহাকে পীর বলিয়া জানে। প্রতিবৎসর মুসলমান যাত্রীগণ ঐ মস্‌জিদে তাঁহার কবর দেখিতে যান। ইহা ছাড়া কপোতাক্ষ নদীর তীরে আমাদী গ্রামের মস্‌জিদ ও গন্ধকেশবপুরের নিকটে ইহার কৃত অনেক কীর্ত্তি দেখা যায়। ইনি বাঘেরহাটের উভয় নদীর তীর হইতে ষাট্‌গম্বুজ পর্য্যন্ত এবং সুন্দরবন হইতে চট্টগ্রাম পর্য্যন্ত একটী পাকা রাস্তা নির্ম্মাণ করিয়া দিয়াছিলেন। [পীরআলী দেখ।]

খাঁ জাহান্ কোকলতাশ, একজন আমীর, সম্রাট্ আলম্‌গীরের ধাত্রীপুত্র, অপর নাম মীর মালিক হুসেন। ১৬৭০ খৃষ্টাব্দে দাক্ষিণাত্যের শাসনকর্ত্তারূপে নিযুক্ত হন। ১৬৭৪ খৃষ্টাব্দে সম্রাট ইহাকে সাতহাজারী পদ ও "খাঁজাহান বাহাদুর কোকলতাশ জাফর জঙ্গ" এই উপাধি প্রদান করেন। ১৬৯৭ খৃষ্টাব্দে ইহার মৃত্যু হয়। ইনি "তারিখ ই আসাম" (আসাম-বিজয়) নামে পারসীভাষায় একখানি গ্রন্থ প্রণয়ন করেন।

খাঁ জাহান্ জাফরজঙ্গ, ইহার আসল নাম আলীমুরদ্। ইনি জাহান্দার শাহের ধাত্রীপুত্র। সম্রাট্ বাহাদুরশাহ আলীকে কোকলতাশ খাঁ পদবী দান করেন। পরে যখন জাহান্দর শাহ দিল্লীর সিংহাসনে বসিলেন, তিনি তখন তাঁহার ধর্ম্মভ্রাতা আলীমুরদকে নয়হাজারীপদ, খাঁ জাহান্

* Calcutta Review Vol. LXIII. দেখ। (এই বারবকশাহের অপর নাম নাসির হুসেনশাহ। ইনি ৮৬২ হিজিরায় বাঙ্গালায় রাজত্ব করিয়াছিলেন। See J. A. S. Bengal 1872, pt. II. p 108.)

জাফরজঙ্গ পদবী ও মীর বক্‌সীগিরির কার্য্যভার দেন। এ উচ্চপদ তাঁহাকে বেশীদিন ভোগ করিতে হইল না। ১৭১৩ খৃষ্টাব্দে জাহান্দরশাহের সহিত ফরক্‌শিয়ারের যে যুদ্ধ হয়, তাহাতে ইঁহার প্রাণবিয়োগ হইল।

খাঁ জাহান্ বাড়া, ইহার অপর নাম সৈয়দ মুজাফর খাঁ। সম্রাট্ শাহজহানের রাজ্যকালে ছয়হাজারী পদ পান। ১৬৪৫ খৃষ্টাব্দে লাহোরে প্রাণত্যাগ করেন।

খাঁ জাহান্ লোদী, ইনি জাতিতে আফগান ছিলেন। কেহ কেহ ইঁহাকে সুলতান বহ্লোল লোদীর, কেহ বা দৌলৎখাঁ লোদী সাহু খায়েলের বংশধর বলিয়া থাকেন। ইনি সম্রাট্ জাহাঙ্গীর বাদশাহের অধীনে সৈনিকবিভাগে কর্ম্ম করিতেন ও পঞ্চহাজারী পদ পাইয়াছিলেন। জাহাঙ্গীরের পুত্র সুলতান্ পরভিজের সহিত ইনি দাক্ষিণাত্যে সেনাপতি হইয়া যান। পরভিজের মৃত্যুর পরেও ইনি ঐ সেনাপতি পদে ছিলেন। শাহজহান দিল্লীর সিংহাসনে বসিলে ইনি স্বাধীন হইবার চেষ্টা করেন। ১৬৩১ খৃষ্টাব্দে ইঁহার সহিত দিল্লীর সেনাগণের যুদ্ধ হয়। ঐ যুদ্ধে ইনি সপুত্রে নিহত হন ও উভয়ের মস্তক উপঢৌকনস্বরূপ সম্রাট্ শাহজহানের নিকট দিল্লীতে প্রেরিত হয়।

খাঁ জাহান্ মক্‌বুল, মালিক, দিল্লীর সম্রাট্ সুলতান ফিরোজশাহ-বারবকের প্রধান মন্ত্রী, ইঁহার উপাধি করাম-উল্ মুলক্। ইনি জাতিতে হিন্দু ছিলেন। ইস্‌লাম ধর্ম্মে দীক্ষিত হইবার পর সুলতান্ মুহম্মদ ইঁহার হিন্দু নাম 'কুত্তুর' পরিবর্ত্তে মক্‌বুল নাম রাখিয়া দেন এবং ইঁহাকে মূলতানের শাসনকর্ত্তা করিয়া পাঠান। তৎপরে ইনি নায়েব উজীর হইয়াছিলেন। সুলতান মুহম্মদের মৃত্যুর পর যখন সুলতান ফিরোজ দিল্লীতে আসেন, তখন ইনি তাঁহাকে অনেক সাহায্য করিয়াছিলেন। ফিরোজ সন্তুষ্ট হইয়া ইঁহাকে আপন উজীর পদে বরণ করেন। সামস্-ফিরোজ আফিফ্‌এর মতে, ১৩৭৪ খৃষ্টাব্দে মক্‌বুলের মৃত্যু হয়।

খাঁ মির্জা, মোগলসম্রাট্ অক্‌বর শাহের রক্ষক ও মন্ত্রী বৈরাম খাঁর পুত্র। ইঁহার আসল নাম আবদর রহিম খাঁ। সম্রাট অক্‌বর ইঁহাকে প্রধান মন্ত্রী করেন ও খাঁ খানান্ উপাধি দেন।

খাঁড় (দেশজ) খারাপ গুড়।

খাঁড়া (দেশজ) খড়্গ।

খাঁড়াকাণ (দেশজ) চর্ম্মঘাস।

খাঁড়ি (দেশজ) খাল, পয়োপ্রণালী।

খাঁড়ুয়া (দেশজ) দুঃখী দরিদ্র কুমারদিগের পরিধেয় ক্ষুদ্র বস্ত্রখণ্ড।

খাঁদা (দেশজ) নতনাসিক, যাহার নাসিকা অতিশয় নত।

খাঁদী (দেশজ) যাহার নাক খাঁদা।

খাঁ দৌরান্ ১ম, মোগলসম্রাট্ অক্‌বরশাহের সময়কার একজন আমীর। ১৬০৭ খৃষ্টাব্দে ইনি জাহাঙ্গীর বাদশাহের নিকট শাহবেগ খাঁ কাবুলী উপাধি লাভ করেন এবং কাবুলের শাসনকর্ত্তা রূপে নিযুক্ত হন। ১৬২০ খৃষ্টাব্দে ৯০ বৎসর বয়সে লাহোরে প্রাণত্যাগ করেন।

খাঁ দৌরান্ খাঁ ২য়, খাজা হিসারী নবাকবন্দীর পুত্র, অপর নাম খাজা শাবির নসরৎ জঙ্গ। সম্রাট্ শাহজহানের অধীনে কার্য্য করিতেন। সম্রাট্ ইঁহাকে সাতহাজারী পদ দিয়া সম্মানিত করিয়াছিলেন। ১৬৪৫ খৃষ্টাব্দে লাহোরে একটী কাশ্মীরিব্রাহ্মণকুমার রাত্রিতে নিদ্রিতাবস্থায় ইঁহার বুকে ছুরী বসাইয়া দেন। ঐ ছুরিকাঘাতে ইঁহার মৃত্যু হয়। ঐ ব্রাহ্মণ বালকটীকে উক্ত ঘটনার কিছু পূর্ব্বে দৌরান্ খাঁ ইস্‌লাম ধর্ম্মে দীক্ষিত করেন। মৃত্যুর পর তাঁহার দেহ গোয়ালিয়রে লইয়া গিয়া গোর দেওয়া হয়।

খাঁ দৌরান্ ৩য়, ইনি নসরৎজঙ্গ খাঁ দৌরানের পুত্র। সম্রাট্ আলম্‌গীরের রাজত্বকালে ইনি পঞ্চহাজারী পদ পান। জীবনের শেষাবস্থায় সম্রাট্ ইঁহাকে উড়িষ্যার শাসনকর্ত্তা করিয়া দেন। এই স্থানে রাজকার্য্যে থাকিয়া ১৬৬৭ খৃষ্টাব্দে প্রাণত্যাগ করেন।

খাঁ দৌরান্ ৪র্থ, সম্রাট্ ফরক্‌শিয়ারের সময়কার একজন আমীর। মুহম্মদশাহের রাজ্যাধিকারে সৈয়দ হোসেন আলী-খাঁর হত্যা ও তদীয় ভ্রাতা কুতব-উল্-মুল্‌ক কারাবন্দী হইবার পর ১৭২১ খৃষ্টাব্দে ইনি আমীর-উল্-ওমরা পদে নিযুক্ত হন। পরে বাদশাহ সন্তুষ্ট হইয়া তাঁহাকে সম্‌সাম-উদ্দৌলা উপাধি প্রদান করেন। ১৭৩৯ খৃষ্টাব্দে নাদিরশাহের বিরুদ্ধে যুদ্ধ করিতে গিয়া সাংঘাতিক আঘাত পান, ঐ আঘাতে ৩ দিন মধ্যে তাঁহার মৃত্যু ঘটে। ইঁহার আসল নাম খাজা মুহম্মদ-আসিম। কেহ কেহ ইঁহাকে আবদুস্ সমাদ্ খাঁ বাহাদুর জঙ্গ বলিয়া ডাকিতেন।

খাঁপুর, ১ পঞ্জাবের বহাবলপুর রাজ্যের একটী নগর, ইখ্‌তিয়ার-বহ খালের ধারে অবস্থিত। অক্ষা° ৩০° ৯´ উঃ, দ্রাঘি° ৭১° ১৬´ পূঃ। লোকসংখ্যা প্রায় আট হাজার। পূর্ব্বে এখানে নানা প্রকার ব্যবসা চলিত, এখন আর তেমন সমৃদ্ধি নাই। এখন একটী মাটীর দুর্গ, একটী বড় বাজার ও রেলওয়ের ষ্টেসন আছে।

২ বোম্বাই প্রেসিডেন্সীর শিকারপুর জেলার মধ্যে সখার উপরিভাগের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। অক্ষা ২৮° ০´ ১৫´´

উঃ, দ্রাঘি° ৬৮°৪৭´ পূঃ। শিকারপুর সহর হইতে ৪ ক্রোশ উত্তরে অবস্থিত। লোকসংখ্যা প্রায় তিনহাজার, তন্মধ্যে বপর ও শেখর নামক মুসলমান শ্রেণীর বাস অধিক। এখানে টপ্পাদারের প্রধান কাছারী, মুসাফিরখানা ও খোঁয়াড় আছে। সুন্দর সুন্দর মাটীর পাত্র, জুতা ও কাপড় প্রস্তুত হয়।

খাঁ বাহাদুর, পাটনার রাজা মিত্রজিতের পুত্র। ইনি য়ুরোপীয় গণিত ও বিজ্ঞান শাস্ত্রসমূহের সার সংগ্রহ করিয়া পারস্য ভাষায় "জামবাহাদুরখানী" নামক একখানি গ্রন্থ সঙ্কলন করেন। ইহা ছাড়া "এলেম-উল্-মনাজরৎ" নামে চিত্রবিদ্যা সম্বন্ধে একখানি পুস্তক রচনা করেন।

খাক্ (পারসী) ছাই, ভস্ম।

খাক্তি (কাঙ্ক্ষ শব্দজ) অপ্রতুল।

খাকন, রাজা, প্রধানব্যক্তি। তুর্কী, ভোট প্রভৃতি জাতি রাজাকে ঐ নামে সম্বোধন করে।

খাকরি (কর্কর শব্দজ) কাঁকর।

খাক্‌দর্‌খাক্ (পারসী) বৃথা, কিছুই নয়।

খাক্‌সীপেটা (দেশজ) অতিশয় পরিশ্রান্ত।

খাকী (দেশজ) ১ যে খায়। (হিন্দী) ২ মেটে রং। ৩ তৎযুক্ত। ৪ উপাসকসম্প্রদায়বিশেষ। রামানন্দী সম্প্রদায় হইতে উৎপন্ন। রামানন্দের প্রশিষ্য কৃষ্ণদাসের কীল নামে এক বৈষ্ণব শিষ্য ছিলেন, তিনিই এই সম্প্রদায়ের প্রবর্ত্তক।

ভক্তমালাদি কোন গ্রন্থে উক্ত না থাকায় এই সম্প্রদায়কে অনেকে অতি আধুনিক বলিয়া মনে করেন।

ইহারা অঙ্গে বা পরিধেয় বস্ত্রে খাক অর্থাৎ ভস্ম বা মৃত্তিকা লেপন করে বলিয়া ইহাদের নাম খাকী। ভস্ম ও মৃত্তিকা লেপন দ্বারাই ইহাদিগকে অপর বৈষ্ণব হইতে পৃথক্ বলিয়া জানা যায়। খাকীর মধ্যে যাহার নির্দ্দিষ্ট বাসস্থান আছে, সে ব্যক্তির আহার ব্যবহার ও পরিধান অনেকটা বৈষ্ণবদিগের অনুরূপ। কিন্তু যাহারা নানাস্থানে ঘুরিয়া বেড়ায়, তাহারাই উলঙ্গ বা উলঙ্গের মত থাকে, আর ভস্মের সহিত মাটী মিশাইয়া অবলেপন করে। এ ছাড়া খাকীরা শৈবদিগের মত মাথায় জটাভারও রাখে।

অযোধ্যাপ্রদেশের অন্তর্গত হনুমান্‌গড়ে খাকী সম্প্রদায়ের প্রধান মঠ আছে। সকলে বলে, এই সম্প্রদায়ের প্রবর্ত্তক কীলস্বামীর সিংহাসন জয়পুরে প্রতিষ্ঠিত। ফরক্কাবাদ ও তাহার নিকট অনেক খাকী দেখা যায়। রামসীতা ইহাদের উপাস্য ও হনুমান্ ভক্তির পাত্র।

৪ শিখ সৈনিকপুরুষগণের পোষাকের চিহ্ন। ৪ দেবমাতৃক ভূমি।

খাকুই (দেশজ) বীজ হইতে তুলা পৃথক করিবার যন্ত্রবিশেষ।

খাখস (পুং) [খসতিল দেখ।]

খাখসতিল (পুং) খসবীজ, পোস্তদানা।

খাগ্ (দেশজ) বন্য তৃণবিশেষ। পূর্ব্বে এই দেশে ইহা দ্বারা কলম প্রস্তুত হইত।

খাগা, উ° প° প্রদেশের ফতেপুর জেলার হাতগাঁপরগণার অন্তর্গত একটী নগর। অক্ষা° ২৫°৪৬´২৮´´ উঃ, দ্রাঘি° ৮১°৮´৪৬´´ পূঃ। এখানে খাগা তহসীলের প্রধান কাছারী আছে। লোকসংখ্যা প্রায় দুইহাজার। অধিবাসীর মধ্যে অধিকাংশই চামার। প্রতিবর্ষে কার্ত্তিকমাসে এখানে একটী মেলা হইয়া থাকে। এখানে ডাকঘর, পুলিসের ফাঁড়ি, বাজার ও রেল ষ্টেসন আছে।

খাগী (দেশজ) ভোজী।

খাগ্‌ড়া (খগ্‌গড় শব্দজ) বন্য তৃণবিশেষ, খাগ্। স্থানবিশেষে খাগ্ ও খাগ্‌ড়া শব্দ ভিন্নার্থ ব্যবহৃত হয়। খাগ্ ও খাগ্‌ড়া বাহিরে দেখিতে ঠিক একরূপ হইলেও যাহার মধ্যে শোষ থাকে তাহাকে খাগ্‌ড়া এবং যাহার মধ্যে শোষ নাই তাহাকে খাগ্ বলা হয়।

খাঙ্গন (দেশজ) বৃহৎ খড়্গ।

খাঙ্গরা (দেশজ) সম্মার্জনী, ঝাঁটা।

খাঙ্গাহ (পুং) খে আকাশে হঙ্গমাহন্তি গতিকালে আ-হন-ড। শ্বেতপিঙ্গলাশ্ব। (শব্দচিন্তা°)

খাজনা (আরবী খজানা শব্দজ) রাজস্ব, কর, খাজানা।

খাজা (দেশজ) ১ ঘৃতপক্কমিষ্টান্নবিশেষ। ২ (ত্রি) কঠিন।

খাজা (পারসী) ১ মুসলমান সমাজে ধনী, বণিক, চিকিৎসক, শিক্ষক প্রভৃতি সম্ভ্রান্ত ব্যক্তিকে 'খাজা' বলে। [খোজা দেখ।]

২ মুসলমানসম্প্রদায়বিশেষ। ইহারা ইস্‌মাইলী ও সিয়ামতাবলম্বী। ইস্‌মাইলীগণের মতে সাতটীমাত্র ইমাম্, কিন্তু খাজারা এখনও ইমামের আবির্ভাব স্বীকার করেন।

প্রবাদ এইরূপ, প্রায় চারিশত বর্ষ পূর্ব্বে সদর্‌উদ্দীন্ নামে একজন পীর ভট্টি নামক একশ্রেণীর হিন্দুজাতিকে মুসলমান ধর্ম্মে দীক্ষিত করেন, খাজা তাঁহাদেরই বংশধর। পীর সদর উদ্দীন্ তাঁহাদিগকে একখানি ধর্ম্মগ্রন্থ দিয়া যান, ঐ ধর্ম্মগ্রন্থে দশ অধ্যায়ে ঈশ্বরের দশাবতারের বিষয় আছে। প্রথম নয় অধ্যায়ে বিষ্ণুর নয় অবতারের কথা, এবং শেষ অধ্যায়ে প্যাগম্বর আলীর কথা বর্ণিত।

ইহারা আবুবকর, ওমার ও ওস্‌মানের প্রাধান্য স্বীকার করেন না; কিন্তু আলী, হাসন, হুসেন, জৈন্-উল্ আবিদীন্, মুহম্মদ-ই-বকর ও ইমাম জাফর-ই-সাদিক ইহাদের পূজনীয়।

এই সম্প্রদায়ের মধ্যে এখন যিনি ইমাম্ বলিয়া সমাদৃত, তাঁহার নাম আগা খাঁ। গত ১৮৮১ খৃষ্টাব্দে ৮১ বর্ষ বয়সে বোম্বাই নগরে তাঁহার মৃত্যু হয়। তিনি আপন শিষ্যবর্গের নিকট লক্ষাধিক মুদ্রা উপহার পাইতেন। তাঁহার উপর খাজাদিগের এতই ভক্তি প্রবল, যে শুনা যায়, গত ১৮৫০ খৃষ্টাব্দে চারি ব্যক্তি তাঁহার নিন্দা করিয়াছিল বলিয়া নিহত হয়। এখন আগা আলীশাহ পিতৃপদ লাভ করিয়াছেন।

খাজাদিগের ধর্ম্ম অতি গূঢ়, ইহারা অপর কোন সম্প্রদায়ের নিকট ধর্ম্মের নিগূঢ়তত্ত্ব প্রকাশ করে না।

বোম্বাইসহরে অনেক সম্পত্তিশালী খাজা বণিক আছেন। কাঠিবাড়ে ৫০০০ ঘর, সিন্ধুপ্রদেশে ৩০০০ ঘর ও জাঞ্জিবারে ৮।৯ শত ঘর খাজার বাস। আফ্রিকার ও আরবের পূর্ব্বাংশে এই সম্প্রদায় গিয়া উপনিবেশ করিয়াছে।

৩ পঞ্জাববাসী মুসলমান জাতিবিশেষ। ইহারা গ্রামে গ্রামে ঘুরিয়া বস্ত্র বিক্রয় করিয়া বেড়ায়। দলবদ্ধ হইয়া একস্থান হইতে অন্যস্থানে যায়, সঙ্গে এক একজন জমাদার বা প্রধান থাকে। প্রয়োজন হইলে ইহারা জমাদারের নিকট হইতে শতকরা ২৫৲ টাকা সুদে টাকা ধার লয়। আবার জিনিস বিক্রয় হইলে টাকা পরিশোধ করে। দিল্লী, কলিকাতা প্রভৃতি নানাস্থানে এইরূপ অনেক লোক ঘুরিয়া বেড়ায়।

খাজা কাঁটাল (দেশজ) যে কাঁটালের কোয়া অতি নরম হয় না।

খাজা খিজির, মুসলমানদিগের এক প্যাগম্বর। কথিত আছে—ইনি আলেক্‌জান্দরের সহিত অন্ধকারময় 'জুলমাৎ' লোকে গিয়াছিলেন। মুসলমানগণের বিশ্বাস, খাজা খিজির এখনও জীবিত আছেন। তাঁহার পরিচ্ছদ সবুজ। ভ্রান্ত পথিককে দেখা দিয়া কখন কখন পথ বলিয়া দেন।

মুসলমান-রমণীগণ শ্রাবণ মাসের শেষ শুক্রবারে খাজা খিজিরের সম্মানার্থ ছোট ভেলা ভাসাইয়া থাকেন। ভেলাখানি ফুলের মালা ও নারিকেলতৈলপূর্ণ প্রদীপ দিয়া সাজান থাকে। যখন ভেলাখানি নদীতে ভাসিতে ভাসিতে যায়, তখন রমণীগণ ভক্তিমনে দেশীয় ভাষায় মন্ত্রগান করিতে থাকেন।

খাজা জাহান্, ইনি (২য়) মুহম্মদশাহ বাহ্মনীর নিকট ১৪৮৫ খৃষ্টাব্দে পারান্দা ও ১১টী জেলার শাসনকর্ত্তারূপে নিযুক্ত হন। পরে ১৪৮৮ খৃষ্টাব্দে বাহ্মনীরাজ মাহ্মুদশাহের মন্ত্রীত্ব লাভ করেন। উক্ত জেলার স্থানে স্থানে ইহার কৃত মসজিদাদি এখনও বিদ্যমান আছে।

খাজা জাহান্, জৌনপুরের সর্‌কী-রাজবংশের প্রতিষ্ঠাতা। ইহার প্রকৃত নাম মালিক সরবর। দিল্লীর দক্ষিণে গঙ্গা ও যমুনার মধ্যবর্ত্তী জৌনপুর, অন্তর্বেদ প্রভৃতি প্রদেশ তাঁহার অধিকারে ছিল। তবারিখ-মুবারিকশাহী নামক গ্রন্থে লিখিত আছে যে সম্রাট্ মুহম্মদশাহ তোঘ্‌লক্ মালিক সর্‌বর নামক একজন খোজাকে তাহার প্রধান মন্ত্রী করেন ও খাজা জাহান্ এই মর্য্যাদাসূচক উপাধি দান করিয়াছিলেন। মুহম্মদশাহের মৃত্যুর পর তদীয় পুত্র সুলতান মাহ্মুদশাহ তোঘ্‌লক্ ১০ম বর্ষ বয়সে সিংহাসনে বসিলে ১৩৯৪ খৃষ্টাব্দে মালিক কনোজ, অযোধ্যা, কাড়া ও জৌনপুরের শাসনকর্ত্তা-রূপে নিযুক্ত হইয়াছিলেন। বালক সুলতানের রাজ্য বিশৃঙ্খল দেখিয়া খাজা জাহান্ 'মালিক্ উস্ সর্‌ক' নাম লইয়া জৌনপুরে স্বাধীন রাজত্ব স্থাপন করেন। ছয় বৎসরকাল রাজত্ব করিয়া ১৪০০ খৃষ্টাব্দে ইহার মৃত্যু হয়। সর্‌কী রাজবংশের শেষ রাজা হুসেনশাহ বিহ্লোললোদীর সহিত যুদ্ধে পরাজিত হইয়া বাঙ্গালার রাজা সুলতান আলাউদ্দীনের নিকট আশ্রয় লয়েন। ১৪৯৯ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যুতে খাজা জাহান্ প্রতিষ্ঠিত সর্‌কীবংশ লোপ পায়।

খাজাঞ্চী (পারসী) ১ ধনাধ্যক্ষ। ২ সদর কাছারীতে যে কর্ম্মচারী তহবিল রক্ষা করে, মফঃস্বলের আদায় খাজানার চালান প্রভৃতি বুঝিয়া লয় এবং খরচ পত্রের জমাখরচ প্রভৃতি হিসাব রাখে।

"আর রামা বলে সই এ বুঝি উত্তম।
খাজাঞ্চী আমার পতি সবার অধম।" (ভারত—বিদ্যাসুন্দর)

খাজানা (পারসী) অপরের ভূমি ব্যবহার ও ভোগদখল করিতে ঐ ভূমির স্বত্বাধিকারীকে উহার বদলে যাহা কিছু দিতে হয়, তাহাকে কর বা খাজানা কহে।

খাজা মসায়ুদ, (বা মস্থদ) একজন মুসলমান কবি। ইনি ৩ খানি বড় কবিতা (দিবান্)-পুস্তক লিখিয়া যান। একখানি দিবান্ আর্‌বী, একখানি পার্‌সী ও অপরখানি হিন্দুস্থানী ভাষায় লিখিত। ইনিই মুসলমানদের মধ্যে সর্ব্বপ্রথম হিন্দুস্থানী ভাষায় কবিতা লিখিয়াছিলেন।

খাজা মুআজম্, সম্রাট্ অক্‌বরশাহের মাতুল। ইনি অক্‌বরের পিসি বিবি ফতিমাকে বিবাহ করেন। ইহার স্বভাব অতিশয় কদর্য্য ছিল। এই জন্য সময়ে সময়ে সম্রাট্ ইহাকে রাজ্য হইতে তাড়াইয়া দিতেন। ৯৭৩ হিজিরাতে ইনি বিবি ফতিমার প্রাণনষ্ট করিলে প্রথমে কিছুদিন কারাবন্দী থাকেন। পরে সম্রাটের আদেশে তাঁহার মুণ্ড কাটিয়া ফেলা হয়।

খাজা মুহম্মদ গবান্, প্রথমে বেরারের শাসনকর্ত্তা পরে দাক্ষিণাত্যের রাজা নিজামশাহ বাহ্মনীর উজীর হইয়া

ছিলেন। লোকে ইঁহাকে মালিক-উৎ-তজার খাজা জাহান্ বলিত। ১৪৬১ খৃষ্টাব্দে ইনি মালবের রাজা মাহ্মুদশাহের বিরুদ্ধে যুদ্ধ করিয়া তাঁহাকে বশে আনেন। ১৪৮০ খৃষ্টাব্দে ২য় মুহম্মদশাহের রাজ্যকালে খাজা জাহান "ওয়াকিল্ উস্-সুলতানের" কার্য্যভার লইলেন। ইঁহার উচ্চপদ দেখিয়া শত্রুপক্ষের চক্ষু টাটাইল। গবানের বিরুদ্ধে তাহারা ষড়যন্ত্র করিয়া রাজাকে জানাইল। রাজা তাহাদের কথায় বিশ্বাস করিয়া ১৪৮১ খৃষ্টাব্দে এপ্রিল মাসে ইঁহার মুণ্ডচ্ছেদনের আদেশ দিলেন। মুহম্মদ্গবান্ ৭৮ বৎসরকাল জীবিত ছিলেন।

খাজি (দেশজ) একপ্রকার মাছ।

খাজিক (পুং) খে ঊর্দ্ধদেশে আজঃ ক্ষেপঃ তৎ সাধুঃ খাজ-ঠন্। খই, লাজা। (হারাবলী)

খাঞ্জন (পুং স্ত্রী) খঞ্জনস্যাপত্যং খঞ্জন-অণ্ (শিবাদিভ্যোঽণ্। পা ৪।১।১১২) খঞ্জনের অপত্য। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হইয়া খাঞ্জনী শব্দ হয়।

খাজুর (খর্জূর-শব্দজ) খর্জুর, খেজুর।

খাজুর্ গুড় (দেশজ) খেজুর রস দ্বারা যে গুড় প্রস্তুত হয়।

খাঞ্চী (যাবনিক) কাষ্ঠময় বৃহৎ পাত্রবিশেষ।

খাঞ্চীপোষ (যাবনিক) বৃহৎ পাত্রের আচ্ছাদন।

খাঞ্জাখাঁ (প্রকৃত নাম নবাব খান্জাদ্ খাঁ) বঙ্গবরখাঁর পুত্র। বর্দ্ধমানের জাহানাবাদ মহকুমার অন্তর্গত খাঞ্জাখাঁ গড়ের প্রতিষ্ঠাতা।

বঙ্গবর খাঁ দিল্লীর দক্ষিণে বর্ষা নামক স্থানে সৈয়দ বংশে জন্মগ্রহণ করেন। তিনি দিল্লীশ্বরের অনুগ্রহে বর্দ্ধমান, দশঘরা ও কৃষ্ণনগরের তহসীলদার হইয়া বঙ্গদেশে আগমন করেন। প্রথমে তিনি সলিমাবাদে থাকিতেন। দশঘরার রাজা নারায়ণ পাল(১) তাঁহাকে নিমন্ত্রণ করিয়া লইয়া আসেন। বঙ্গবর দশঘরা হইতে একবনে শিকার করিতে যান। সেই বনে বিস্তর শিমূলবৃক্ষ ছিল, তাহার সৌন্দর্য্যে আকৃষ্ট হইয়া এইখানে 'কোটশিমুল' নামে একটী নগর পত্তন করিলেন।

শের আফগানের বিনাশকালে ইনি জাহাঙ্গীরের পক্ষ অবলম্বন করেন। তাহাতে জাহাঙ্গীর ইঁহাকে নবাব উপাধি প্রদান করেন। বঙ্গবর নবাব হইয়া কোটশিমুলে থাকিয়া নিজ নামে মুদ্রা প্রচলন করিতে লাগিলেন। এই অন্যায় ব্যবহার দিল্লীর বাদশাহের কর্ণগোচর হইল, তিনি বঙ্গবরকে ধরিবার জন্য দূত পাঠাইলেন। বঙ্গবর আত্মহত্যা করিয়া বিপদ্ হইতে নিষ্কৃতিলাভ করিলেন। তাঁহার মরণে বাদশাহ অত্যন্ত দুঃখিত হইয়া তাঁহার পুত্র খাঞ্জাখাঁকে নবাব উপাধি দিয়া কোটশিমুলে পাঠাইলেন।

খাঞ্জাখাঁ সর্ব্বদাই মহাআড়ম্বরে থাকিতেন, বঙ্গদেশের পল্লীমধ্যে সময়ে সময়ে মহা সমারোহে ভ্রমণ করিয়া বেড়াইতেন। বঙ্গের উচ্চ নীচ প্রজা সাধারণ তাঁহার জাঁক জমকের সর্ব্বদাই প্রশংসা করিত। এই জন্য এখনও বাঙ্গালীরা কোন সামান্য লোকের হঠাৎ আড়ম্বর দর্শন করিলে উপহাস করিয়া বলিয়া থাকেন, "যেন নবাব খাঞ্জাখাঁ!"

নবাব খাঞ্জাখাঁর মৃত্যু হইলে তৎপুত্র গর্দাইখাঁ পিতৃপদ লাভ করেন। ইনি বর্দ্ধমানের রাজার অধীনে থাকিয়া চৌধুরীপদ প্রাপ্ত হন।

নবাব খাঞ্জাখাঁর বংশানুক্রমে কেবল একটী করিয়া পুত্র জন্মে। এখনও এই বংশীয় তসদ্দক হুসেন খাঁ জীবিত আছেন। আর সে পূর্ব্ব বিষয় সম্পত্তি নাই, সে নবাব উপাধিও নাই। এখন সামান্য কএকখানি ধান জমিই খাঞ্জাখাঁর বংশধরের একমাত্র সম্বল। তসদ্দকের পিতা আলীনকি খাঁ বীরভূমস্থ নগরের মুসলমান-রাজকন্যার পাণিগ্রহণ করেন।

খাঞ্জার (পুং স্ত্রী) খঞ্জারস্যাপত্যং খঞ্জার-অণ্ (শিবাদিভ্যোঽণ্। পা ৪।১।১১২) খঞ্জার নামক ঋষির অপত্য।

খাঞ্জাল (পুং) খঞ্জালস্যাপত্যং খঞ্জাল-অণ্। খঞ্জাল নামক ঋষির অপত্য।

খাট্ (অব্য) অব্যক্ত শব্দ।

"খাট্ কৃত্য নিষ্ঠীবৎ' (সিং কৌ° ১।৪।৬২ পাঃ)

খাট (পুং) যে ঊর্দ্ধমার্গে অটত্যনেন অট্ করণে ঘঞ্। শবরথ। (শব্দরত্নাবলী) খাটিয়া, মড়ার খাট।

খার্ট (দেশজ) খর্ব্ব, ক্ষুদ্র, ছোট।

খাটনী (দেশজ) কর্ম্ম, পরিশ্রম, নিয়ত কাজ।

খাটনীয়া (দেশজ) যাহাকে কোন নিয়ত পরিশ্রমের কার্য্য করিতে হয়।

খাট্মল (হিন্দী খট্মল°) ছারপোকা, উকুন।

খাটলা (দেশজ) ১ ঘর আবরণ। ২ ঝাড়ন, চালনী।

খাটা (দেশজ) পরিশ্রম, নিয়ত কার্য্য।

খাটান (দেশজ) কর্ম্মে নিয়োগ করণ, লাগান, যোজন।

খাটাল (যাবনিক) অন্তর, মধ্যস্থল, কোন কোন স্থানে ঘরের মেজকেও খাটাল বলে।

খাটাশি (খট্টাশ শব্দজ) ক্ষুদ্র খট্টাশ।

খাটি (স্ত্রী) খট কাঙ্ক্ষায়াং বাহুলকাৎ ইঞ্। ১ কিণ। ২ অসদ্গ্রহ। ৩ শবরথ, মড়ার খাট। (মেদিনী) ৪ শুষ্কব্রণ। (উজ্জ্বলদত্ত)

(১) এই নারায়ণপালই মেদিনীপুরের অন্তর্গত ধারেন্দা পরগণার রাজবংশের আদিপুরুষ। [ধারেন্দা দেখ।]

খাটি (দেশজ) শুদ্ধ, অমিশ্রিত, অকৃত্রিম।

খাটিকা (স্ত্রী) খাটি স্বার্থে কন্ ততঃ টাপ্। ১ খাট, শবরথ।

খাটিয়া (খাটি শব্দজ) মড়ার খাট, ক্ষুদ্র খাট।

খাট্বাভারিক (ত্রি) খট্বাভারং বহতি হরতি আবহতি বা খট্বাভার-ঢঞ্। (তদ্বহতি বহত্যাবহতি ভারাদ্ বংশাদিভ্যঃ। পা ৫।১।৫০) ১ খট্বাভারহারক। ২ খট্বাভারবাহক। ৩ খট্বা ভারাবহক।

খাট্‌বে (হিন্দী, সংস্কৃত খট্বাবহ শব্দের অপভ্রংশ।) বেহারের নীচ জাতিবিশেষ। পাল্কীবহন ও কৃষিকর্ম্মই ইহাদের উপজীবিকা। ইহাদের মধ্যে বহিও ও গোরো নামে দুইটী শাখা আছে। সকলেই কাশ্যপ গোত্র ও ভগবতীর উপাসক। ব্রাহ্মণেরা ইহাদের পৌরোহিত্য করেন না। এই জাতীয় বৈরাগীরা ইহাদের পুরোহিত। ইহাদের আর কএকটী গৃহদেবতা আছে, তাঁহাদের নাম—শশিয়া, কালী, ধর্ম্মরাজ, নরসিংহ ও মীরা। দেবতার উদ্দেশে ইহারা ছাগ, মেষ, কপোত প্রভৃতি বলি দেয়। গৃহদেবতার পূজায় পুরোহিত যোগ দেয় না, গৃহস্থ নিজে নিজেই এই পূজা করিয়া থাকে।

উভয়পক্ষে পিণ্ড না বাঁধিলে সাতপুরুষ বাদ দিয়া তবে বিবাহ হয়। বিবাহের সময় গ্রামের মণ্ডলের মত লওয়া চাই। মণ্ডলের অনুমতি পাইলে বরপক্ষীয় হইতে কন্যার বাটীতে বস্ত্র পাঠাইতে হয়। মৈথিল ব্রাহ্মণেরা বিবাহে শুভদিন স্থির করিয়া দেন, কিন্তু বিবাহাদি কোন কর্ম্মে যোগ দেন না।

ইহাদের মধ্যে বিধবাবিবাহ চলে, তবে বিধবা সপিণ্ডে বিবাহ করিতে পারে না। ইহারা শবদাহ করে, পরে তৃতীয় দিবসে ভস্ম লইয়া শ্মশানের নিকটেই সমাধি করিয়া আইসে। বাঙ্গালা প্রদেশে প্রায় অর্দ্ধ লক্ষ খাট্‌বে জাতির বাস।

খাড়ব (ক্লী) ভাবপ্রকাশোক্ত চূর্ণবিশেষ। প্রস্তুত প্রণালী—কোল ও আমলক ভাল করিয়া চূর্ণ করিবে। তাহার সহিত শুণ্ঠী, এলাচী ও অল্প পরিমাণ শর্করা মিশ্রিত করিয়া ছোলঙ্গ নেবুর রসে ভিজাইবে। পরে সূর্য্যরশ্মিতে শুকাইবে। এই প্রকারে বার বার নেবুর রসে আর্দ্র করিয়া বার বার সূর্য্য-রশ্মিতে শুকাইতে হয়। ইহার সহিত অল্প পরিমাণ লবণ মিশাইবে। ইহাকে খাড়ব বলে। ইহার গুণ মুখপরিষ্কারক, রুচিকর, হৃদ্‌রোগ ও মুখের বিরসতানাশক। ইহা আহারের পরে সেবনীয়। (ভাবপ্রকাশ)

খাড়ব (অপভ্রংশ) যে সকল রাগ ছয়টী সুরবিশিষ্ট অর্থাৎ যে সকল রাগের মূর্ত্তি ছয়রাগে সম্যক্‌রূপে প্রকাশ পায়, তাহাকে খাড়ব বলে।

খাড়া (দেশজ) ১ দণ্ডায়মান। ২ সোজা। ৩ উত্থিত।

খাড়াখাড়া (দেশজ) ১ নিষ্ঠুররূপে বা ক্রুদ্ধ ভাবে। ২ অতি শীঘ্র।

খাড়ায়ন (পুং স্ত্রী) খড়-গোত্রাপত্যার্থে ফঞ্ (অশ্বাদিভ্যঃ ফঞ্। পা ৪।১।১১০) ১ খড়নামক ঋষির গোত্রাপত্য, তদ্বংশীয়।

খাড়ায়নক (ত্রি) খাড়ায়নেন নির্বৃত্তং খাড়ায়ন-বুঞ্। (পা ৪।২।৮) খাড়ায়ন কর্ত্তৃক যাহা নির্ম্মিত হইয়াছে।

খাড়ায়নভক্ত (ক্লী) খাড়ায়নস্য বিষয়ো দেশঃ খাড়ায়ন-ভক্তল্। (ভৌরিকাদ্যৈষুকার্য্যাদিভ্যো বিধল্ ভক্তলৌ। পা ৪।২।৫৪) খাড়ায়নের দেশ, খাড়ায়ন যে দেশে বাস করে।

খাড়ায়নিন্ (পুং) [বহু] খাড়ায়নেন প্রোক্ত মধীয়তে খাড়ায়ন-ণিনি (শৌনকাদিভ্যশ্ছন্দসি। পা ৪।৩।১০৬) খাড়ায়ন-প্রোক্ত ছন্দ বা শাস্ত্র যাহারা অধ্যয়ন করে।

খাড়ায়নীয় (ত্রি) খাড়ায়ন-ছ (গহাদিভ্যশ্চ (পা ৪।২।১৩৮) খাড়ায়ন-সম্বন্ধীয়।

খাড়াহুণ্ডী (দেশজ) কার্য্য করিবার জন্য অতিশয় তাগাদা, যাহাতে অপর কার্য্য পরিত্যাগ করিয়া সেই কার্য্যের অনুষ্ঠান করিতে হয়।

খাড়িকি (ত্রি) খড়িক-চাতুরর্থিক-ইঞ্ (পা ৪।২।৮০) খড়িক সম্বন্ধীয়।

খাড়ু (দেশজ) হাতে পরিবার অলঙ্কারবিশেষ।

খাড়ূরেয় (পুং স্ত্রী) খড়ূরস্যাপত্যং খড়ূর-ঢক্ (শুভ্রাদিভ্যশ্চ। পা ৪।১।১২৩) খড়ূর নামক ঋষির অপত্য।

খাড়োন্মত্তেয় (পুং স্ত্রী) খড়োন্মত্তায়া অপত্যং খড়োন্মত্তা-ঢক্ (পা ৪।১।১২৩) খড়োন্মত্তার অপত্য।

খাড়্গিক (ত্রি) খড়্গানাং সমূহঃ খাড়্গং খাড়্গা অস্ত্যর্থে-ঠন্। খড়্গধারী, যাহার খড়্গ আছে।

খাণ্ড (ক্লী) খণ্ডস্য ভাবঃ খণ্ড-অণ্। (বাগ্রহণাৎ অণ্। সিং কৌ° ৫।১।১২২) ১ খণ্ডের ভাব। খণ্ডস্য বিকারঃ খণ্ড-অণ্। ২ খণ্ড-বিকার।

খাণ্ডব (ত্রি) খাণ্ডং খণ্ডবিকারং বাতি বা-ক। ১ খণ্ড-বিকারযুক্ত মোদকাদি।

"রসালাপূপকাংশ্চিত্রান্ মোদকাংশ্চ স খাণ্ডবান্।"

(ভারত আনু° ৫৩ অঃ)

(ক্লী) খাণ্ডব্যাস্তদাখ্যায়া প্রসিদ্ধায়াঃ নগর্য্যা জাতং খাণ্ডবী-অণ্। ২ একটী প্রসিদ্ধ বন। কালিকাপুরাণে লিখিত আছে যে, এই বনটী পূর্ব্বে শক্রাদি দেবগণের বাস-স্থান ছিল। চন্দ্রবংশীয় সুদর্শন নামক একজন রাজা দেব-রাজের আদেশে সেই বন আবাদ করিয়া খাণ্ডবী নামক একটী পুরী নির্ম্মাণ করেন। এই খাণ্ডবী পুরীটী গুণ গরি-মায় সে কালের সকল পুরী হইতেই শ্রেষ্ঠতা লাভ করিয়া-

ছিল। এই পুরীটী দৈর্ঘ্যে ১০০ যোজন বা চারিশত ক্রোশ এবং বিস্তারে ৩০ যোজন বা ১২০ ক্রোশ। দিন দিন সুদর্শনের গরিমা বাড়িতে লাগিল, একে একে সকল রাজগণই তাহার নিকটে পরাজয় মানিয়া তাঁহার অধীনতা স্বীকার করিল। সুদর্শন দেবগণের প্রতিও আপনার অধিকার বিস্তার করিয়া বসিলেন। অধীন প্রজাগণের প্রতি কিছু কিছু অন্যায় আচরণ করিতেও ত্রুটি করিলেন না। অল্পদিন মধ্যেই তিনি সকলের বিরাগভাজন হইয়া উঠিলেন। সুদর্শন কাশীরাজ বিজয়ের সহিত সন্ধিস্থাপন করিয়া তাহাকে আপনার সচিবপদ অর্পণ করেন। কাশীরাজ অবকাশ পাইয়া সুদর্শনের অনিষ্ট করিতে চেষ্টা করিলেন। সুদর্শন এই গুপ্ত সংবাদ জানিতে পারিয়া তাহার সহিত সংগ্রামে প্রবৃত্ত হন। সেই যুদ্ধে সুদর্শনের পরাজয় হয়। কাশীরাজ খাণ্ডবীপুরী লুটপাট করিয়া ছিন্ন ভিন্ন করিয়া ফেলেন। এই সময়ে দেবরাজ আসিয়া কাশীরাজের নিকট জানাইলেন যে, এই স্থানে পূর্ব্বে একটী বন ছিল, সেই বনে দেব ও গন্ধর্ব্বগণ পরমসুখে বিচরণ করিতেন, সুদর্শন তাঁহাদের সেই সুখে বাধা দিয়া খাণ্ডবীপুরী নির্ম্মাণ করিয়াছিল। তাঁহাদের ইচ্ছা যে, এই স্থানটী পুনর্ব্বার তাঁহাদের উপবনরূপে পরিণত হইলেই ভাল হয়। কাশীরাজ বিজয় দেবগণের আদেশে সেইস্থানে একটী উপবন প্রস্তুত করিয়া দিলেন এবং প্রজাগণকে আপনার রাজ্যে লইয়া গেলেন। এই বনটীই খাণ্ডব নামে প্রসিদ্ধ। (কালিকাপু° ৭৮ অঃ)

দ্বাপরের শেষভাগে অগ্নি ব্রাহ্মণরূপী হইয়া অর্জ্জুনের নিকটে খাণ্ডববনদাহের প্রস্তাব করেন। অগ্নির প্রার্থনায় মধ্যম পাণ্ডব তাহাতে সম্মত হন এবং শ্রীকৃষ্ণের সাহায্যে খাণ্ডববন দাহন করিতে আরম্ভ করেন। দেবরাজ চরমুখে খাণ্ডবদাহের কথা শুনিয়া অর্জ্জুনের সহিত যুদ্ধে প্রবৃত্ত হন। যুদ্ধে সদল বলে দেবগণকেই পরাজিত হইতে হইল। অর্জ্জুন নির্বিঘ্নে খাণ্ডবদাহন করিয়া আপনার অক্ষয়কীর্ত্তি স্থাপন করিলেন। (কালিকাপুরাণ ৯০ অঃ)

অতি প্রাচীনকাল হইতে খাণ্ডববন আর্য্যজাতির নিকট প্রসিদ্ধ। যজুর্ব্বেদীয় তৈত্তিরীয় আরণ্যক ৫।১।১ ও পঞ্চবিংশব্রাহ্মণে ২৫।৩ ইহার উল্লেখ আছে। পাণ্ডবেরা ধৃতরাষ্ট্রের নিকট হইতে পঞ্চগ্রামের মধ্যে এই খাণ্ডবপ্রস্থ প্রাপ্ত হন। শেষে পাণ্ডবেরা এইখানেই ইন্দ্রপ্রস্থ স্থাপন করেন। (ভারত আদি° প°) [ইন্দ্রপ্রস্থ দেখ।]

খাণ্ডবক (ত্রি) খণ্ডু চাতুরর্থিক বুণ্। খণ্ডুসম্বন্ধীয়।

খাণ্ডবপ্রস্থ (পুং) ইন্দ্রপ্রস্থ, বর্ত্তমান দিল্লীর পার্শ্ব।

"অস্মাভিঃ খাণ্ডবপ্রস্থে যুষ্মদ্বাসোঽভিচিন্তিতঃ।" (ভাঃ ১।৬১ অঃ)

খাণ্ডবায়ন (পুং) খাণ্ডবং তন্নামকং বনং অয়নং আশ্রয়ঃ যস্য বহুব্রী। খাণ্ডববনবাসী ঋষি।

"ব্যভজন্ত তদা রাজন্ প্রখ্যাতাঃ খাণ্ডবায়নাঃ।"

(ভারত ৩।১১৭ অঃ)

খাণ্ডবিক (পুং) খাণ্ডবং মোদকাদিশিল্পমস্য খাণ্ডব-ঠঞ্। যে মোদক প্রস্তুত করে, ময়রা।

"আরালিকাঃ সূপকারা যে চ খাণ্ডবিকাস্তথা।"

(ভারত, আশ্ব° ১ অঃ)

খাণ্ডবী (স্ত্রী) চন্দ্রবংশীয় সুদর্শনরাজ কর্ত্তৃক নির্ম্মিত হিমালয়ের নিকটস্থিত একটী পুরী। [খাণ্ডব দেখ।]

খাণ্ডবীরণক (ত্রি) খাণ্ডবীরণেন নির্বৃত্তং-বুণ্। খাণ্ডবীরণনির্বৃত্ত।

খাণ্ডিক (পুং) খণ্ডং মোদকাদিকং শিল্পমস্য ঠঞ্। ১ যে মোদক প্রস্তুত করে, ময়রা। (হারাবলী) (ক্লী) খণ্ডিকানাং সমূহঃ খণ্ডিক-অঞ্ (খণ্ডিকাদিভ্যশ্চ। পা ৪।২।৪৫) খণ্ডিকসমূহ।

খাণ্ডিকীয় (পুং) [বহু] খাণ্ডিকেন প্রোক্ত-মধীয়তে খণ্ডিক-ছণ্। (তিত্তিরিবরতন্তুখণ্ডিকোখাচ্ছণ্। পা ৪।৩।১০২) যাহারা খণ্ডিকোক্ত শাস্ত্র অধ্যয়ন করে।

খাণ্ডিক্য (পুং) ১ নিমিবংশীয় একজন রাজা, ইহার পিতার নাম মিতধ্বজ, ইনি অতিশয় কর্ম্মতত্ত্বজ্ঞ ছিলেন। (ভাগবত ৯।১৩।২০-২১) (ক্লী) খণ্ডিকস্য ভাবঃ কর্ম্ম বা খণ্ডিক-যক্ (পত্যন্তপুরোহিতাদিভ্যশ্চ। পা ৫।১।১২৮) ২ খণ্ডিকের ভাব, খণ্ডিকতা। ৩ খণ্ডিকের কর্ম্ম।

খাণ্ডিতি (ত্রি) খণ্ডিত-ইঞ্ (পা ৪।২।৮০) খণ্ডিতের সন্নিহিত দেশাদি।

খাণ্ডিত্য (ত্রি) খণ্ডিত-চাতুরর্থিক ণ্য। (পা ৪।২।৮০।) খাণ্ডিতি, খণ্ডিতের সন্নিহিত দেশাদি।

খাৎ (অব্য) অব্যক্ত শব্দ। যথা—খাৎকৃত্য নিষ্ঠীবৎ।

খাত (ক্লী) খন ভাবে ক্ত। ১ খনন। খন কর্ম্মণি ক্ত। ২ পুষ্করিণী, পুকুর। (ত্রি) ৩ যাহা খনন করা হইয়াছে। "খাত খুরৈর্মুদ্গভুজাম্।" (মাঘ) (পুং) ৪ কূপ। (নিঘণ্টু ৩।২৩)

খাতক (ক্লী) খাত-সংজ্ঞায়াং কন্। ১ খাঁই, পরিখা। (হেম) (পুং) ২ অধমর্ণ, ঋণী।

"উত্তমর্ণো ধনস্বামী অধমর্ণস্তু খাতকঃ।" (গোয়ীচন্দ্র)

৩ যে শত্রুপক্ষীয় সৈন্য বিদারণ করিতে পারে।

"খাতকব্যূহতত্ত্বজ্ঞংবলহর্ষণকোবিদম্।"

(ভারত, শান্তি, ১১৮ অঃ)

'খাতকাঃ পক্ষসৈন্যবিদারকাঃ' নীলকণ্ঠ।


খাতভূ (স্ত্রী) খাতযুক্তা ভূঃ। ১ পরিখা। ২ প্রতিকূপ।

খাতব্যবহার (পুং) খাতস্য পুষ্করিণ্যাদেঃ ব্যবহারঃ দৈর্ঘ্য-বিস্তারবেধাদিভিরিয়ত্তা নির্ণয়ঃ ৬তৎ। গণিতবিশেষ, পুষ্করিণী প্রভৃতির দৈর্ঘ্য বিস্তার ও বেধ দ্বারা পরিমাণ নির্ণয়। লীলাবতীতে খাতব্যবহার প্রণালী এইরূপ লিখিত আছে—


যে গণিত দ্বারা খাতের পরিমাণ নির্ণয় হইয়া থাকে, তাহাকে খাতব্যবহার বলে। ক্ষেত্রের ন্যায় খাত ও চতুরস্র, ত্র্যস্র ও বৃত্ত প্রভৃতি নানাভাগে বিভক্ত। লীলাবতীর টীকাকার মুনীশ্বর গণক ইহাকে প্রধানতঃ দুই ভাগে বিভক্ত করিয়াছেন। বিষম ও সম। খাতের উপরিভাগের নাম মুখ এবং অধস্তনভাগকে তল বলে। যে খাতের মুখের দৈর্ঘ্য ও বিস্তার তলের দৈর্ঘ্য ও বিস্তারের সমান, তাহাকে সমখাত এবং যাহার মুখের দৈর্ঘ্য ও বিস্তার তলের দৈর্ঘ্য ও বিস্তারের সমান নহে, তাহাকে বিষমখাত বলা যাইতে পারে। খাতের গাম্ভীর্য্যকে বেধ কহে। যে খাতের সকল স্থানের দৈর্ঘ্য, বিস্তার ও বেধ সমান নহে। তাহার সমমিতি করিয়া পরে প্রক্রিয়া করিতে হয়। লীলাবতীতে সমমিতি করিবার উপায় এইরূপ লিখিত আছে।

খাতের যে কয়টী স্থানে দৈর্ঘ্যের অসমানতা দৃষ্ট হইবে সেই কয়টী স্থান সূত্রদ্বারা মাপ করিয়া পৃথক্ পৃথক্‌রূপে যাহা লব্ধ হইবে, তাহার যোগফলকে স্থান সংখ্যা অর্থাৎ যে কয়টী স্থান হইতে মাপ লওয়া হইয়াছে, তাহার সংখ্যাদ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাই সেই খাতের দৈর্ঘ্যের সমমিতি জানিবে। এই প্রকার বিস্তার এবং বেধের অসমানতা হইলে তাহাদেরও সমমিতি করিয়া লইতে হয়।

উদাহরণ—যে খাতের দৈর্ঘ্য ৩ স্থানে যথাক্রমে ১২,১১ ও ১০ হাত, বিস্তার ৩ স্থানে ৭, ৬ ও ৫ হাত এবং বেধ ৩ স্থানে ৪, ৩ ও ২ হাত তাহার সমমিতি কর।



প্রক্রিয়া—স্থানত্রয়ের দৈর্ঘ্য ১২, ১১ ও ১০এর যোগফল ৩৩কে স্থান সংখ্যা ৩ দ্বারা ভাগ করিলে ফল হয় ১১; অতএব ঐ খাতের দৈর্ঘ্যের সমমিতি হইল ১১। এই প্রকার স্থানত্রয়ের বিস্তার ৭, ৬ ও ৫এর যোগফল ১৮কে স্থান সংখ্যা ৩ দ্বারা ভাগ দিলে লব্ধ হইবে ৬; অতএব ঐ খাতের বিস্তারের সমমিতি হইল ৬। স্থানত্রয়ের বেধ ৪, ৩ ও ২এর যোগফল ৯কে স্থান সংখ্যা ৩ দ্বারা ভাগ করিলে লব্ধ হইবে ৩; অতএব বেধের সমমিতি হইল ৩। সমমিতি করিলে ঐ খাতটীর এইরূপ আকার হয়।



খাতফল নির্ণয় করিবার উপায়। খাতের ক্ষেত্রফলকে বেধদ্বারা গুণ করিলে যাহা ফল হইবে, তাহা খাতের ঘনফল জানিবে।


উদাহরণ—প্রদর্শিত খাতের ফল স্থির কর।

প্রক্রিয়া—প্রদর্শিত খাতের সমমিতি করিলে যে আয়ত ক্ষেত্রের নিয়ম অনুসারে তাহার ক্ষেত্রফল হইল ৬৬, ইহাকে বেধের সমমিতি ৩ দ্বারা গুণ করিলে ফল হইবে ১৯৮, অতএব ঐ খাতের ফল হইল ১৯৮ ঘনহস্ত। [ঘনহস্ত দেখ।]

বিষমখাতের ফলনির্ণয় করিবার নিয়ম।—

মুখের ক্ষেত্রফল, তলের ক্ষেত্রফল এবং যুতিজক্ষেত্রফল (মুখের দৈর্ঘ্য ও তলের দৈর্ঘ্যের যোগফলকে দৈর্ঘ্য কল্পনা করিয়া মুখের বিস্তার ও তলের বিস্তারের যোগফলকে বিস্তার মানিয়া প্রক্রিয়া করিলে যে ফল হইবে, তাহাকে যুতিজ-ক্ষেত্রফল কহে) এই তিনটী ক্ষেত্রফলকে যোগ করিলে যাহা হইবে, তাহাকে ৬ দ্বারা ভাগ করিবে। যাহা লব্ধ হইবে, তাহাকে সমক্ষেত্রফল বলা যায়। সমক্ষেত্রফলকে বেধদ্বারা গুণ করিলে যাহা ফল হইবে, তাহাই ঐ খাতের ঘনফল জানিবে।


উদাহরণ।—যে বিষম খাতের মুখের বিস্তার ১০ ও দৈর্ঘ্য ১২ এবং তলের বিস্তার ৫, দৈর্ঘ্য ৬, ও বেধ ৭, তাহার ঘনফল স্থির কর।




প্রক্রিয়া—মুখের ক্ষেত্রফল ১২০, তলের ক্ষেত্রফল ৩০, মুখের দৈর্ঘ্য ১২ ও তলের দৈর্ঘ্য ৬, উভয়ের যোগফল ১৮,

মুখের বিস্তার ১০ ও তলের বিস্তার ৫ উভয়ের যোগফল ১৫, এই দুইটীকে যথাক্রমে দৈর্ঘ্য ও বিস্তার কল্পনা করিলে যুতিজ ক্ষেত্রফল হইল ২৭০, ইহাদের যোগফল (১২০+৩০+২৭০=৪২০) ৪২০ ; উহাকে ৬ দ্বারা ভাগ করিলে সমক্ষেত্র ফল হইল ৭০, ইহাকে বেধ ৭ দিয়া পূরণ করিলে ফল হইল ৪৯০ ; অতএব ঐ খাতের পরিমাণ হইল ৪৯০ ঘনহস্ত। বাপী, পুষ্করিণী প্রভৃতির পরিমাণ নির্ণয় প্রায়শ এই নিয়মে হইয়া থাকে, কারণ উহার মুখ ও তল সমান নহে।

সমভুজে সমখাতের উদাহরণ। যে খাতে দৈর্ঘ্যের পরিমাণ ১২, বিস্তার ১২ ও বেধ ৯ তাহার ঘনফল কত ?



প্রক্রিয়া—ক্ষেত্রফল ১৪৪কে বেধ ৯ দ্বারা গুণ করিলে ফল হইল ১২৯৬ ঘনহস্ত। বৃত্তখাতের উদাহরণ—যে বৃত্তখাতের ব্যাস ১০ ও বেধ ৫ তাহার ফল স্থির কর।



প্রক্রিয়া—বৃত্তক্ষেত্রের নিয়মানুসারে প্রক্রিয়া করিলে সূক্ষ্ম পরিধি হইল $৩১\frac{৪}{৭}$ এবং সূক্ষ্ম ক্ষেত্রফল হইল $৭৮\frac{৫}{৭}$ ইহাকে বেধ ৫ দ্বারা গুণ করিলে ক্ষেত্রের ফল হইল $৩৯২\frac{৮}{৭}$ যে খাতের মুখ হইতে ক্রমে অল্প হইয়া তলে একেবারে ক্ষেত্রের অভাব হয়, তাহাকে সূচীখাত বলে। ঐ খাতটীকে সমখাত কল্পনা করিলে যাহা ফল হইবে, তাহার $\frac{১}{২}$ অংশই সূচীখাতের ফল জানিবে।

উদাহরণ।—যে সূচীখাতে দৈর্ঘ্য ১১, বিস্তার ১২, বেধ ৯, তাহার ফল কত ?

ক্ষেত্র পূর্ব্বেই সমখাতরূপে প্রদর্শিত হইয়াছে।

প্রক্রিয়া—ঐ সমখাতের ফল ১২৯৬কে ৩ দিয়া ভাগ দিলে ফল হয় ৪৩২ ; অতএব সূচীখাতেরও ফল হইল ৪৩২।

যে বৃত্তাকার সূচীখাতের ব্যাস ১০ ও বেধ ৫ তাহার ফল কত ?

পূর্ব্বপ্রদর্শিত সমবৃত্তখাতের ক্ষেত্রফল $৩৯২\frac{৮}{৭}$কে ৩ দ্বারা ভাগ করিলে ফল হইল $১৩০\frac{৭}{৭}$; অতএব সূচীখাতের ফল হইল $১৩০\frac{৭}{১৪}$। (লীলাবতী—খাতব্যবহার)।

খাতা (যাবনিক) ১ একত্র বদ্ধ পত্রাদি, বহি। ২ হিসাব পুস্তক, যাহাতে দেনা পাওনার হিসাব রাখা হয়। ৩ সম্পত্তি।

খাতাবন্দী, খাতাদ্বারা করনির্দ্ধারণপ্রণালী। ইহাতে কৃষকের উর্ব্বরা ও অনুর্ব্বরা ভূমির অনুপাত অনুসারে চাষ করিতে হয় অর্থাৎ একজন বিশ বিঘা উর্ব্বরা জমী চাষ করিলে তাহাকে তদনুসারে অনুর্ব্বরা জমী সমেতকর দিতে হইবেক। প্রত্যেক চাষা যত পরিমাণে উর্ব্বরা জমী চাস করিবে, তাহাকে অনুর্ব্বরা জমীর অনুপাত অনুসারে দায়ী হওয়ার নাম খাতাবন্দী।

খাতি (স্ত্রী) খন ভাবে-ক্তিন্ আচ্চ। খনন।

খাতিক, দাক্ষিণাত্যের কসাই জাতিবিশেষ। বোম্বাই প্রদেশে বিজয়পুর ও শোলাপুর অঞ্চলে ইহাদের বসবাস। কোথাও বা ইহাদিগকে সূর্য্যবংশীলাড় বলে। সম্ভবতঃ ইহারা গুর্জ্জরের সূর্য্যবংশী জাতির শাখা, তথা হইতে এই অঞ্চলে আসিয়া বাস করিয়া থাকিবে। খাতিকের মধ্যে সূর্য্যবংশীলাড় ও সুলতানী নামে থাক বা শ্রেণী আছে। এই দুই বিভিন্ন থাকের মধ্যে পান ভোজন বা বিবাহাদি কার্য্য চলেনা।

ইহাদের মধ্যে মধ্যে বিল্‌গীকর, বুজুরুকর, চেন্দুকাল, ধর্ম্মকন্বলা, গোবিন্দকর, প্রভুকর, রাজপুরি প্রভৃতি উপাধি আছে। বরকন্যার এক উপাধি হইলে বিবাহ হয়না।

ইহারা সকলেই মরাঠী ভাষায় কথা কয়, তবে কেহ কেহ বা কর্ণাটী ও হিন্দী ভাষায় কথা কহিতে পারে। ইহারা ছাগল, ভেড়া, মহিষাদি জন্তু পুষিয়া থাকে। পাথর ও মাটী দিয়া গৃহাদি নির্ম্মাণ করে। সকলে পরিষ্কার ও পরিচ্ছন্ন থাকিতে ভালবাসে। ময়লা কাপড় কেহ পরিধান করেনা।

জমিতে লাঙ্গল দিবার জন্য কৃষিজীবী খাতিকেরা গোরু ও ঘোড়া রাখে। অন্ন, রুটী, রবিশস্য ও শাক সবজি ইহাদের প্রধান আহার। সকলেই কিছু মৎস্য ও মাংসভক্ত। ভেড়া, হরিণ, খরগোস্, ঘুঘু, মুরগী প্রভৃতি পক্ষীমাংস খাইতেও আপত্তি নাই। আশ্বিন মাসে "মার নবমী" (দুর্গাপূজার মহানবমী) তিথি এই জাতির মহাপর্ব্বের দিন। এই দিবসে অনেকেই ভবানীদেবীর পূজার্থ ভেড়া বলি দিয়া থাকে ও মহাসমাদরে মার প্রসাদী মাংস খাইয়া পরিতৃপ্ত হয়। আশ্বিন মাসে নবরাত্রে অর্থাৎ মহালয়া হইতে মহানবমী পর্য্যন্ত মহাধুমধাম হয়। শিবরাত্রে ও প্রতি একাদশীতে ইহারা দোকানপাট বন্ধ করিয়া রাখে। ভাদ্র মাসের গণেশ

চতুর্থীতে ইহারা গণেশদেবের প্রতিমূর্ত্তি গড়িয়া পূজা করে। দুর্গা, ধ্যামা, মারুতী, সিদ্ধ্রায় ও জল্লা প্রভৃতি ইহাদের কুল-দেবতা। হিন্দু শাস্ত্রোক্ত পর্ব্বদিনে ইহারাও উপবাসাদি নিয়ম পালন করে। কোন দেবতার পূজা করিবার পূর্ব্বে খাতিকেরা স্নান করিয়া শুদ্ধাচারী হয় ও জল, চন্দন, পুষ্প, নারিকেল, সুপারি, চিনি, গুড়, ছোহারা, কর্পূর ও ধূপধূনা লইয়া পূজা করিয়া থাকে। উপরি উক্ত দেবদেবী ছাড়া ইহারা সূর্য্যদেবেরও উপাসনা করিয়া থাকে। ইহাদের মধ্যে প্রায় সকলেই মাদকসেবী, পূজা পার্ব্বণাদিতে আমোদের জন্য মদ, সিদ্ধি, গাঁজা, ও অহিফেন না হইলে চলে না। পুরুষেরা মাথায় টিকি রাখে। স্ত্রীলোকেরা লাল বা কাল রঙ্গের কাপড় ও অলঙ্কার পরিতে ভালবাসে। সধবা স্ত্রীলোকেরা বিবাহের পর হইতে বরাবর "মঙ্গলসূত্র" ধারণ করে।

গরিব খাতিকের মধ্যে সকলেই ভেড়ার মাংস বিক্রয় করে, এই জন্যই ইহারা কসাই জাতি মধ্যে গণ্য। কেহবা জমিতে চাষবাসও করে। আয় অল্প বলিয়া বিবাহাদি কার্য্যের সময় ইহাদের প্রায় টাকা ধার করিতে হয়।

খাতিক স্ত্রীলোকেরা প্রসবের পর ১ পক্ষ হইতে ১॥০ মাস কাল আঁতুড়ঘরে থাকে। এই অবস্থায় প্রসূতিকে তাপ দিবার জন্য খাটিয়ার নীচে প্রথম ১৫ দিন গামলা করিয়া আগুণ রাখিয়া দেওয়া হয় এবং গুড়, শুষ্ক নারিকেল, শুঁট, পিপুল, গঁদ ও শুক্না খেজুর প্রভৃতি গুঁড়া করিয়া মাখমের সহিত মিশাইয়া খাইতে দেয়। বাটীর বৃদ্ধাস্ত্রী ৬ষ্ঠ দিনে ষষ্ঠীমাতার পূজা করে ও সেই দিনে ধাত্রীবিদায় হইয়া থাকে। অনেকের গৃহে ঐ দিবস বন্ধুবান্ধব ও আত্মীয় কুটুম্বাদির ভোজ হয়। ১৩শ দিনে পুত্রের নামকরণ হয় এবং সধবা স্ত্রীলোকগণ পঞ্চশস্য মুখে লইয়া ঐ দিবস পুত্রটীকে কোলে করিতে আসে। ৩ মাস বা ৬ মাস বয়সে পুত্র বা কন্যার চূড়াকরণ হইয়া থাকে। বিবাহের কোন সময় নির্দ্দিষ্ট নাই। ১ মাসের বালিকা হইতে ১৯ বৎসরের যুবতীর পর্য্যন্ত বিবাহ হয়। তবে সকলেই বাল্যবিবাহ প্রশস্ত মনে করে। কন্যা প্রথম ঋতুমতী হইলে ইহারা অশুচি বোধ করেনা। প্রথম পাঁচদিন গাত্রধৌত করিয়া কন্যাকে উত্তমরূপে হরিদ্রা মাখাইয়া থাকে, ষষ্ঠদিনে স্নান করাইয়া দেওয়া হয়। পরে শুভদিন দেখিয়া তাহাকে স্বামী সহবাস করিতে দেয়। ইহাদের বিবাহের সম্বন্ধ স্থির করিতে হইলে অগ্রে কন্যাকর্ত্তার মতামত জানিতে হয়। তিনি কন্যার বিবাহ দিতে স্বীকৃত হইলে পর বরকর্ত্তা কন্যাকর্ত্তার কুল-দেবতার সম্মুখে ২টা নারিকেল, তিনপোয়া ঝুনানারিকেলের শাঁস ও ৫ সের চিনি রাখিয়া উপস্থিত স্বজাতিগণের সম্মুখে "আমার পুত্রের সহিত ইহার কন্যার বিবাহ হইবে" এইরূপ বাক্যদান করে। উপস্থিত জ্ঞাতিকুটুম্বাদিকে চিনি ও পান দিয়া বিদায় করিতে হয়। শুভদিনে বিবাহ ধার্য্য হয়। এই সময় হইতে বর ও কন্যা উভয়ে পরস্পরের বাটীতে যাওয়া আসা করে। বরকর্ত্তাকে /৪ সের চিনি, /৪ সের শুক্না নারিকেলের শাঁস, /৸ পোয়া পোস্তদানা, /৸ পোয়া সুপারি ও ২০০ পান, কন্যার জন্য ৪টী কাঁচুলী, রূপার বালা ও হার ও ১টী পোষাক দিতে হয়। পক্ষান্তরে কন্যাকর্ত্তা নিজ পুত্রীকে গৃহদেবতার সম্মুখে বসাইয়া তাহার কোলে ৫টী সুপারি, ৫টী শুক্না খেজুর, ৫ টুক্রা নারিকেলের শাঁস, ৫টী কলা ও /৫ সের চাল ঢালিয়া দেয় ও জামাতাকে ১ খানি চাদর ও ১টী পাগড়ী ও উপস্থিত লোকদিগকে পান ও চিনি বিতরণ করিয়া থাকে। দৈবজ্ঞদ্বারা বিবাহের শুভদিন স্থির করিয়া লয় এবং সেই দৈবজ্ঞ দুইখণ্ড কাগজে বর ও কন্যার নাম লিখিয়া বরের নামের কাগজখানি বরকর্ত্তাকে ও কন্যার নামের কাগজখানি কন্যাকর্ত্তাকে দেন। এই দুইখানি কাগজ বিবাহের সময় ন্যাকড়ায় জড়াইয়া বর ও কন্যার গলায় বাঁধিয়া দেওয়া হয়। বিবাহের ৪।৫ দিন পূর্ব্বে একটী চৌকা ডোবা কাটিয়া তাহার চারিকোণে ৪টী জলপাত্র রাখিয়া সূতা দিয়া তাহার চারিপাশ ঘেরিয়া ফেলে। বরের গায়ে হলুদ মাখাইয়া ঐ ডোবার জলে স্নান করাইতে হয়। ঐ দিবস বর ও কন্যার কল্যাণার্থপূজা হয়। বিবাহের দিন ডোবা খুঁড়িয়া বর ও কন্যাকে স্নান করাইয়া নূতন শাদা কাপড় পরিতে দেয়। বর ঘোড়ায় চড়িয়া বিবাহ করিতে যায়। বর সম্প্রদান স্থানে যাইয়া কন্যার দিকে সম্মুখ করিয়া ঝুড়ির উপর দাঁড়ায় ও কন্যা জাঁতার উপর দাঁড়াইয়া থাকে। গাত্র-হরিদ্রার সময় স্নানকালে যে সূত্র দিয়া ডোবা ঘেরা হয়, ঐ সূত্র একগাছি কন্যার বামহস্তে ও অপর একগাছি বরের দক্ষিণহস্তে বাঁধিয়া দেওয়া হয়। বিবাহের সময় বরকন্যার সম্মুখে একখানি কাপড়ের পর্দ্দা দেওয়া থাকে। পুরোহিতের মন্ত্র পাঠাদি শেষ হইলে তিনি ও আগত সকলেই নবদম্পতীর উপর ধান দিয়া আশীর্ব্বাদ করেন। পরদিন সন্ধ্যাকালে বর-কন্যা ষাঁড়ে চড়িয়া যায়। যাত্রাকালে পথে গ্রাম্য দেবতাকে প্রণাম করিতে হয়। বর বাড়ী আসিয়া পৌঁছিলে কন্যার মাতা নিজ কন্যাকে লইয়া বেয়ানের (বরের মাতার) হাতে সঁপিয়া দেন, বিবাহের পর তৃতীয় দিবসে কন্যার পিতা জ্ঞাতিভোজ দিয়া থাকে ও বরের পিতামাতাকে কাপড় ও লৌকিকতার জন্য ১টী টাকা দেয়। ৫ম দিনে বরকর্ত্তাকেও ঐরূপ জ্ঞাতিভোজ ও দ্বিগুণ করিয়া মর্য্যাদার টাকা দিতে হয়।

ইহাদের মধ্যে বহুবিবাহ প্রথা প্রচলিত আছে বটে, কিন্তু বিধবাবিবাহ চলিত নাই। মরাঠীদের মধ্যে যে সকল খাতিক বাস করে তাহারা শবদাহ করে, কিন্তু বিজয়পুরের খাতিকেরা মৃতদেহ গোর দিয়া থাকে। শব কবরস্থ করা হইলে শববাহকেরা সকলেই দুর্ব্বাঘাস হাতে করিয়া বাটীতে ফিরিয়া আসে এবং যে স্থানে মৃতব্যক্তির প্রাণবায়ু বহির্গত হইয়াছিল সেই স্থানের উপর ঐ দুর্ব্বা ফেলিয়া দেয়। তৃতীয় দিবসে মৃতব্যক্তির আত্মীয়েরা গোরের উপরিস্থিত প্রস্তরখণ্ডে আতপচাল, ছোলা, খেজুর, ঝুনা নারিকেল, গুড়, ভাত ও রুটী দিয়া আসে। ও যে যে ব্যক্তি গোর দিতে গিয়াছিল, তাহারা উহার উপর একটু করিয়া দুগ্ধ ঢালিয়া দেয়। যদি কাক আসিয়া ঐ দ্রব্য না খায় তাহা হইলে ঐ দ্রব্য তুলিয়া গোরুকে খাইতে দেয় ও শববাহকেরা স্কন্ধে ঘৃত ও দধি রগড়াইয়া শুদ্ধ হয়। ইহাদের মধ্যে ১১ দিন পরে মৃত ব্যক্তির রৌপ্য প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিবার নিয়ম আছে। মূর্ত্তি গড়া হইলে পরিচ্ছদে সাজাইয়া পূজ্যপাদ পূর্ব্বপুরুষদিগের প্রতিমূর্ত্তির সহিত পূজাগৃহে তুলিয়া রাখে। বৈশাখ মাসের অক্ষয়তৃতীয়াতে নদীর তীরে কম্বল বিছাইয়া ঐ সকল মৃত প্রতিমূর্ত্তি রাখিয়া ধূমধামে শ্রাদ্ধ, পূজা এবং তর্পণাদি করে। যে যে ব্যক্তি উপস্থিত থাকে, তাহাদিগকে নিমন্ত্রণ করিয়া খাওয়াইতে হয়।

খাতির (আরবী) ১ সমাদর, সম্মান। ২ মনঃ প্রাণ। ৩ অভিলাষ, ইচ্ছা।

খাতিরদার (পারসী) যাহাকে খাতির করা হয় অথবা যে খাতির করে।

খাত্র (ক্লী) খন-ষ্ট্রন্ কিচ্চ উষিখনিভ্যাং কিৎ। উণ্ ৪।১৬১) ১ খনিত্র। ২ খাত। (উণাদিকোষ) ৩ দারুণ। ৪ বন। ৫ সূত্র। (সংক্ষিপ্তসার উণাদি) ৬ জলাধারবিশেষ। (উজ্জ্বলদত্ত)

খাদ (দেশজ) কাইট, মলা, পাইন।

খাদ (পুং) খাদ ভাবে ঘঞ্। ভক্ষণ, আহার।

খাদক (ত্রি) খাদ-ণ্বুল্। ১ ভক্ষক।

"সংস্কর্ত্তা চোপহর্ত্তা চ খাদকশ্চেতি ঘাতকঃ।" (মনু ৫।৫১)

২ ঋণগ্রহীতা, খাতক।

"খাদকো বিত্তহীনঃ স্যাৎ লগ্নকো দিত্তবান্ যদি।
মূলং তস্য ভবেদ্দেয়ম্" (নারদ) 'খাদকো হধমর্ণঃ' মিতাক্ষরা।

খাদতমোদতা (স্ত্রী) খাদত মোদত ইত্যুচ্যতে যস্যাং ক্রিয়ায়াং ময়ূরব্যংসকাদিত্বাৎ সমাসঃ। (ময়ূরব্যংসকাদয়শ্চ। পা ২।১।৭২) ভোজন ও হর্ষপ্রকাশ করিবার অনুমতি যে ক্রিয়ায় আছে।

খাদতবমতা (স্ত্রী) খাদত বমত ইত্যুচ্যতে যস্যাং ক্রিয়ায়াং পূর্ব্ববৎ সমাসঃ। যে ক্রিয়াতে ভোজন ও বমনের অনুমতি আছে।

খাদন (পুং) খাদত্যনেন খাদ-করণে-ল্যুট্। ১ দন্ত। (হেম°) (ক্লী) খাদ-ভাবে ল্যুট্। ২ ভক্ষণ।

"অশ্বানাং খাদনেনাহ মর্থীনান্যেন কেনচিৎ।" (রামা° ২।৫০।৪৫)

খাদনীয় (ত্রি) খাদ-অনীয়র্। ভোজনীয়, যাহা ভোজন করিবার যোগ্য, যাহা ভোজন করা হইবে।

খাদি (ত্রি) খাদ-কর্ম্মণি-ইন্। ১ ভক্ষ্য। (পুং) ২ অলঙ্কারবিশেষ।

"অংসেষা বঃ প্রপথেষু খাদয়োঽক্ষো বঃ।" (ঋক্ ১।১৬৬।৯)

"খাদয়ঃ খাদ্যানি ভক্ষ্যাণি……খাদয়ঃ স্থিরা আভরণবিশেষাঃ" (সায়ণ।) খাদ-কর্ত্তরি ইন্। ৩ ত্রাণকর্ত্তা, ত্রাতা।

"হস্তেষু খাদিশ্চ কৃতিশ্চ সং দধে।" (ঋক্ ১।১৬৮।৩)

"হস্তেষু খাদি র্হস্তত্রাণকশ্চ।" (সায়ণ।)

খাদিত (ত্রি) খাদ-কর্ম্মণি-ক্ত। ভক্ষিত।

"অশিতং খাদিতং পীতং লীঢ়ং কোষ্ঠগতং নৃণাম্।"

(সুশ্রুত, ৩।৪ অঃ)

খাদিতব্য (ত্রি) খাদ-তব্য। খাদনীয়, ভোজন করিবার যোগ্য।

খাদিন্ (ত্রি) খাদতি খাদ-ণিনি। ১ ভক্ষক। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়।

"লোষ্ট্রমর্দ্দী তৃণচ্ছেদী নখখাদী চ যো নরঃ।" (মনু ৪।৭১)

২ যে শত্রুদিগকে হিংসা করে। ৩ কটকযুক্ত।

"দ্যাবো ন স্তৃভিশ্চিতয়ন্ত খাদিনঃ।" (ঋক্ ২।৩৪।২)

'খাদিনঃ শত্রূণাং খাদকা যদ্বা খাদঃ কটকং তদ্যুক্তাঃ।'

(সায়ণ।)

খাদিম হুসেন খাঁ, নবাব সিরাজ উদ্দৌলার সময়ে পূর্ণিয়ার একজন শাসনকর্ত্তা। মীরজাফর বিদ্রোহী হইলে ইনি তাঁহাকে ঐ স্থানে প্রবেশ করিতে দেন নাই। এজন্য মীরজাফর নবাব হইলে তাঁহার পুত্র মীরণ সসৈন্যে খাদিমকে আক্রমণ করিতে গিয়াছিলেন। খাদিম ভীত হইয়া পলায়ন করেন, কিন্তু ঘটনাক্রমে শিবির মধ্যে সেই সময়ে বজ্রাঘাতে মীরণের প্রাণ নষ্ট হয়।

খাদির (ত্রি) খাদিরস্য বিকারঃ খদির-অঞ্ (পলাশাদিভ্যো বা। পা ৪।৩।১৪১) ১ খদিরনির্ম্মিত। (পুং) খদিরস্য অবয়বঃ খদির অঞ্। ২ খদিরসার। (রাজনি°)

খাদিরক (ত্রি) খদির চাতুরর্থিক বুঞ্। (পা ৪।২।৮০) খদিরনির্ব্বৃত্ত, যাহা হইতে উৎপন্ন হয়।

খাদিরসার (পুং) খদির-বিকারে অণ্ ততঃ কর্ম্মধা°। খদিরবৃক্ষনির্য্যাস, খয়ের। পর্য্যায়—খাদির, অদ্ভুতসার, মৎসার, রঙ্গদ, রঙ্গণ। ইহার গুণ—কটু, তিক্ত, উষ্ণ; কফ, বাত, ব্রণ ও কণ্ঠরোগনাশক, রুচিকর এবং দীপন। (রাজনি°)

খাদিরায়ণ (পুং স্ত্রী) খদিরস্য গোত্রাপত্যং খদির-ফঞ্ (অশ্বাদিভ্যোঃ ফঞ্। পা ৪।১।১১০) খদির নামক ঋষির বংশোৎপন্ন।

খাদিরেয় (ত্রি) খাদিরী-ঢক্। (নদ্যাদিভ্যোঢক্। পা ৪।২।৯৭) খাদিরী হইতে উৎপন্ন।

খাদিহস্ত (ত্রি) খাদিরলঙ্কারবিশেষঃ হস্তে যস্য বহুব্রী। কটকযুক্ত।

"ত্বেষং গণং তবসং খাদিহস্তং ধুনিব্রতং মায়িনং দাতিবারং।" (ঋক্ ৫।৫৮।২) 'খাদিহস্তং কটকহস্তং' (সায়ণ।)

খাদুক (ত্রি) খাদ-উন্ সংজ্ঞায়াং কন্। হিংসালু, হিংসা করাই যাহার স্বভাব। (হারাবলী)

খাদোঅর্ণস্ (স্ত্রী) খাদ কর্ম্মণি অসুন্ খাদঃ খাদ্যং অর্ণো জলং যস্য বহুব্রী। নদী, কুলঙ্কষা।

"ধন্বর্ণসো নদ্যঃ খাদো অর্ণাঃ স্থূণেব সুমিতা দৃংহতদ্যৌঃ।" (ঋক্ ৪।৪৫।২) 'খাদো অর্ণা ভক্ষিত কুলোদকাঃ।' (সায়ণ।)

খাদ্য (ত্রি) খাদ কর্ম্মণি ণ্যৎ। ভক্ষণীয় দ্রব্য। "মাংসপ্রকারৈ বিবিধৈঃ খাদ্যৈশ্চাপি তথা নৃপঃ।" (ভারত সভা° ৪ অঃ)

খান্ (স্থান শব্দজ) ১ স্থান। ২ বস্তুনির্দ্দেশ, দ্রব্যের সংখ্যা মাত্র। (খণ্ডশব্দজ) ৩ খণ্ড।

খান (ক্লী) খৈ ধাতূনাং অনেকার্থত্বাৎ ভক্ষণে ভাবে ল্যুট্। ১ ভোজন, খাওয়া, হিন্দীতে খানা বলে। "খানে পানেচ দাতব্যং" (দত্তাত্রেয়তন্ত্র) খৈ-ভাবে ল্যুট্। ২ খনন। ৩ হিংসন।

খানক (ত্রি) খন-ণ্বুল্। খনক, যে খনন করে।

"ব্যধান্ শাকুনিকান্ গোপান্ কৈবর্ত্তান্ মূলখানকান্।" (মনু)

খানকী (পারসী) বারবিলাসিনী, বেশ্যা।

খানকীখোর (পারসী) বেশ্যার প্রেমে অতিশয় আসক্ত।

খানকীটোলা (পারসী) বেশ্যাপল্লী, যে পাড়ায় খানকীরা বাস করে।

খানকীপনা (পারসী) বেশ্যার ভাব, বেশ্যার ন্যায় হাব ভাব প্রকাশ করা।

খানকীবাজ (পারসী) যে সর্ব্বদা বেশ্যা লইয়া আমোদ প্রমোদ করে।

খানকীবাজী (পারসী) বেশ্যা লইয়া আমোদ প্রমোদ।

খানকীমি (পারসী) খানকীপনা।

খানপান (ক্লী) ধাতূনামনেকার্থত্বাৎ খৈ ভক্ষণে ল্যুট্ খানং পা পানে ল্যুট্ পানং খানঞ্চ পানঞ্চ তয়োঃ সমাহারঃ। ভোজন এবং পান, হিন্দীতে খানাপিনা বলে।

"সদ্ভাবে নহি তুষ্যন্তি দেবাঃ সৎপুরুষা দ্বিজাঃ।
ইতরে খানপানেন বাক্‌প্রদানেন পণ্ডিতাঃ।" (গারুড় ১০৯ অঃ)

খানা (খন ধাতুজ) ১ গর্ত্ত, হ্রদ। (খণ্ড শব্দজ) ২ খণ্ড। (পারসী) ৩ ভোজ। (পারসীজ) বাড়ী।

খানাজাদ্ (পারসী) ১ যে গৃহে জন্মে, চাকর। ২ যাহা বাড়ীতে আনিয়া রাখা হইয়াছে।

খানি (স্ত্রী) খনিরেব পৃষোদরাদিবৎ বৃদ্ধিঃ। ১ স্বর্ণাদির উৎপত্তিস্থান, খনি।

খানি (দেশজ) খণ্ড, সংখ্যা। যথা—একখানি কাপড়।

খানিক (ক্লী) খানেন খননেন নির্ব্বৃত্তং খন-ঠঞ্। কুড্যচ্ছেদ্য গর্ত্ত। (হেম) দেওয়ালের গর্ত্ত।

খানিক (ক্ষণিক শব্দজ) ১ কিয়ৎকাল। (স্থানশব্দজ) ২ কিয়দংশ।

খানিল (ত্রি) খানং খননং শিল্পত্বেনাস্ত্যস্য খান-বাহুলকাৎ ইলচ্। সন্ধিচোর, যে সিঁধ কাটিয়া চুরি করে, সিঁধেলচোর।

খানিষ্ক (পুং) মাংসবিশেষ। মাংস অস্থিহীন করিয়া সিদ্ধ করিবে, ভালরূপে সিদ্ধ হইলে প্রস্তরের উপরে পেষণ করিবে, ইহাকে খানিষ্ক বলে। এই মাংস কফনাশক ও গুরু, দীপ্তাগ্নি ব্যক্তির পথ্য। "দীপ্তাগ্নীনাং সদাপথ্যঃ খানিষ্কঃ কফহা গুরুঃ।" (সুশ্রুত সূত্র° ৪৬ অঃ।)

খানী (স্ত্রী) খানি-বা ঙীষ্। খনি, আকর।

খানেসুমারি, (পারসী) ১ যে হিসাবে গ্রাম, বাড়ী, দোকান, জনসংখ্যা, লাঙ্গল ইত্যাদি নির্দ্দিষ্ট থাকে। ২ জনসংখ্যা।

খানোদক (ক্লী) খানায় পানায় উদকং যত্র বহুব্রী। নারিকেলফল। (ত্রিকাণ্ড)

খান্দেশ, বোম্বাই প্রেসিডেন্সীর অন্তর্গত একটী বিস্তৃত জেলা। ইহার উত্তরসীমা জঙ্গলপরিবৃত সাতপুরা গিরিমালা, দক্ষিণে চান্দোর, সাতমালা বা অজন্তা পাহাড়, পূর্ব্বে কতকগুলি অনুর্ব্বর পাহাড়ে-জমি বেরার হইতে এই জেলাকে পৃথক্ করিয়াছে এবং পশ্চিমে বরদা ও সাগবারা রাজ্য। অক্ষা° ২০°১৫´ হইতে ২২°৫´ উঃ, এবং দ্রাঘি° ৭৩°৩৭´ হইতে ৭৬°২৪´ পূঃ পর্য্যন্ত বিস্তৃত। ভূপরিমাণ ৯৯৪৪ বর্গমাইল। লোকসংখ্যা প্রায় তের লক্ষ।

জেলাটী ১৬ ভাগে বিভক্ত—অমল্‌নের, ভূসবল, চল্লিশ গাঁ, চোপ্‌দা, ধূলিয়া, এরণদোল, জম্‌নের, নন্দুরবার, নসিরাবাদ, পচোরা, পিম্পল্‌নের, সব্‌দা, সহদা, শেরপুর, তলোদা, বীরদেব। ইহার প্রধাননগর ধূলিয়া।

তাপ্‌তী নদী এই জেলাকে দুই অসমান ভাগে বিভক্ত করিয়াছে, তন্মধ্যে দক্ষিণভাগই অধিক বিস্তৃত। এই দক্ষিণভাগে গিরণানদী প্রবাহিত। এই অংশেই সুন্দর নগর, বিবিধ আম্রবন, মনোহর উদ্যান ও সুজলা সুফলা ভূমি সকল পরিশোভিত। গ্রীষ্মকাল ব্যতীত সকল সময়েই এখানকার উর্ব্বর ক্ষেত্রসমূহ নানাবিধ শস্যে পরিপূর্ণ থাকে।

ইহার উত্তরভাগ সাতপুরা পাহাড়ের দিকে ক্রমশঃ উচ্চ

হইয়াছে। মধ্য ও পূর্ব্বভাগ ঢালু ও অনুর্ব্বর। উত্তর ও পশ্চিমভাগ জঙ্গলময়, এই অংশে পার্ব্বতীয় ভীলজাতির বাস।

এখানে কএকটী গিরিশ্রেণী আছে, উত্তরে তাপ্তী ও নর্ম্মদানদীকে বিচ্ছিন্ন করিয়া সাতপুরাপাহাড় অবস্থিত, ইহার পঞ্চপাণ্ডব (২০০০ হাত উচ্চ) ও তুরণমাল (২৫০০ হাত উচ্চ) নামে শৃঙ্গ আছে। দক্ষিণে সাতমালা বা অজন্তা পাহাড় নিজামরাজ্য হইতে খান্দেশকে পৃথক্ করিয়াছে। পশ্চিমে গুজরাট ও খান্দেশের মধ্যস্থলে সহ্যাদ্রি, দক্ষিণপূর্ব্বে হাতি, খান্দেশ ও নাসিকের মধ্যে গালনা ও অর্বা পাহাড়।

খান্দেশে ছোলা, গম, সরিষা, মসিনা, কার্পাস ও কাঙ্‌নী প্রচুর উৎপন্ন হয়। কাঙ্গনিই এখানকার লোকের নিত্য আহার্য্য। নীল ও অহিফেন এখানে বেশ জন্মে। তবে ১৮৫৩ খৃষ্টাব্দে এখান হইতে আফিমের কারখানা উঠিয়া যাওয়ায় এখন আর অহিফেনের চাষ হয় না।

খান্দেশে যেমন সকল শস্যফলমূলাদি উৎপন্ন হয়, সেরূপ এখানে খনিজ দ্রব্য পাওয়া যায় না, স্থানে স্থানে লৌহের আকরের নিদর্শন আছে মাত্র। তবে এখানকার বনে নানা-প্রকার বাঘ, চিতা, নেকড়ে, ভল্লুক, লিন্‌কস্, বাইসন, মহিষ, শাম্ভর হরিণ, নীলগাই, চিত্রমৃগ, কৃষ্ণসার, এণ ও চতুর্শৃঙ্গ হরিণ বাস করে।

এখানকার লোকসংখ্যা প্রায় তেরলক্ষ, তন্মধ্যে শতকরা ৭৫ জন হিন্দু, শতকরা প্রায় ১৬ জন ভীল ও প্রায় ১৪ জন মুসলমান, বাকি জৈন, খৃষ্টান, পারসী, য়িহুদী, শিখ, বৌদ্ধ ও অপরাপর জাতি। হিন্দুর মধ্যে রাজপুত ও ব্রাহ্মণের সংখ্যাই অধিক।

এখানে অল্প বন্যায় নদীর জল বাঁধ ছাড়াইয়া উঠিয়া পড়ে। তন্মধ্যে ১৮২২, ১৮২৯, ১৮৩৭, ১৮৭২, ১৮৭৫, ও ১৮৭৬ সালের বন্যা বড় সহজ নহে। ১৮২২ সালের তাপ্তী নদীর প্রবল-বন্যায় এককালে ৬৫ খানি গ্রাম ধ্বংস হইয়া ছিল। ১৮৭২ খৃষ্টাব্দে ১৫ই সেপ্টেম্বর যে বন্যা হয়, তাহাতে ১৫২ খানি গ্রাম নষ্ট ও প্রায় ১৬ লক্ষ টাকা ক্ষতি হয়।

এখানে শীত, গ্রীষ্ম ও বর্ষা এই তিন ঋতু প্রবল। কার্ত্তিক হইতে মাঘ পর্য্যন্ত এই চারিমাস শীত, ফাল্গুন হইতে জ্যৈষ্ঠ পর্য্যন্ত গ্রীষ্ম ও আষাঢ় হইতে আশ্বিন মাস পর্য্যন্ত বর্ষা। গ্রীষ্মকালে যেমন বেশী গরম, আবার বর্ষাকালে তেমনি অধিক বৃষ্টি হয়, গড়পড়তা ২৭ ইঞ্চির অধিক বৃষ্টিপাত হয় না। এখানে গ্রীষ্মকাল স্বাস্থ্যকর, কিন্তু শীতকাল তেমন নয়, এই সময় ম্যালেরিয়ার প্রকোপ অত্যন্ত বৃদ্ধি হয়।

ইতিহাস—পূর্ব্বকালে এই স্থান বনজঙ্গলে পরিপূর্ণ ছিল। কেহ কেহ এই বিস্তৃত ভূভাগকেই দণ্ডকারণ্য বলিয়া অনুমান করেন। [দণ্ডক দেখ।]

প্রবাদ এইরূপ এখানকার তুরণমালের রাজা কুরুক্ষেত্রের মহাসমরে কৌরবপক্ষ অবলম্বন করিয়াছেন। আবার কেহ বলেন, এখানকার পঞ্চপাণ্ডব নামক গিরিশৈলে পাণ্ডুনন্দন-গণ কিছুকাল আসিয়া বাস করিয়াছিলেন।

খান্দেশ হইতে ১৫০ খৃঃ পূর্ব্বাব্দে খোদিত একখানি শিলা-লিপি আবিষ্কৃত হইয়াছে। পুরাণোক্ত অন্ধ্রভৃত্যরাজগণ এখানে বহুদিন রাজত্ব করেন, তৎপরে শাহীরাজগণ এখান-কার অধিপতি হইয়াছিলেন। খৃষ্টীয় পঞ্চমশতাব্দীতে এ অঞ্চল প্রবল প্রতাপ চালুক্যরাজগণের অধিকারভুক্ত ছিল।

যখন আলাউদ্দীন্ দক্ষিণাপথে দেখা দেন, তৎকালে দেবগিরির যাদবরাজগণের অধীনে একজন মহামণ্ডলেশ্বর খান্দেশ রাজ্য শাসন করিতেন।

১৩২৩ হইতে ১৩৭০ খৃষ্টাব্দ পর্য্যন্ত এই স্থান বেরারের শাসনকর্ত্তার শাসনাধীনে ছিল। ১৩৭০ হইতে ১৫৯৯ খৃষ্টাব্দ পর্য্যন্ত দিল্লীশ্বরের প্রিয় আরবজাতীয় ফরুখিগণ এখানে আসিয়া রাজ্যশাসন করিতেন। ১৫৯৯ খৃষ্টাব্দে অকবর স্বয়ং খান্দেশ জয় করিতে আসেন। তিনি আসিরগড় দখল করিয়া তখনকার শাসনকর্ত্তা বাহাদুরখাঁকে বন্দী করিয়া গোয়ালিয়রে পাঠাইয়া দেন। এই সময়ে খান্দেশ দিল্লীপতির খাসদখলে আসিল। অকবর প্রিয়পুত্র দানিয়েলের নামা-নুসারে ইহার 'দান্দেশ' নাম দিলেন। যে স্থান বহুদিন হইতে সমৃদ্ধিশালী ও বহু জনাকীর্ণ হইয়া উঠিয়া ছিল, এই সময় হইতে তাহার ভগ্নদশা ঘটিল।

পূর্ব্বে যেখানে পাঁচশত অশ্বারোহী ও ছয়হাজার পদাতিক সুসজ্জিত থাকিত ও ২০ লক্ষের অধিক টাকা আয় ছিল। দুর্ভিক্ষ ও দরিদ্রতানিবন্ধন যেখানকার প্রজাগণকে কখন কষ্ট পাইতে হয় নাই। মোগলের অধীনে তাহার (১৬০০-১৭৬০ খৃঃ) ব্যতিক্রম হইল। প্রজাগণের সুখ স্বচ্ছন্দ অন্তর্হিত হইল। বাহ্য ও অন্তর্বিপ্লবে খান্দেশে নানাপ্রকার দুর্ঘটনা ঘটিতে লাগিল। এই সময় চোর ডাকাতের উৎপাতে সকলেই শশব্যস্ত হইয়া উঠিয়াছিল। ধনী ও বণিকেরা নিরাপদে নিদ্রা যাইতে পারিতেন না। নগর হইতে অন্য স্থানে যাইতে হইলে পথে অনেক লোকজন সঙ্গে থাকিলেও ডাকা-তেরা সদলে আসিয়া পথিকদিগকে আক্রমণ করিত। কাহাকেও স্থানান্তরে যাইতে হইলে শাসনকর্ত্তাকে জানাইয়া তাহার নিকট হইতে লোকজনের সাহায্য লইতে হইত।

এই উৎপাতে ও অত্যাচারে অধিকাংশ লোকই দেশ ছাড়িয়া পলাইতে আরম্ভ করিল।

১৬৩০ খৃষ্টাব্দে একদিকে দারুণ দুর্ভিক্ষ, অপরদিকে ভয়ানক যুদ্ধের আয়োজনে খান্দেশ এককালে শ্রীহীন হইয়া পড়িল। দিল্লী হইতে ক্রমাগত সৈন্য আসিতে লাগিল।

সম্রাট্ শাহজহান্ স্বয়ং সসৈন্যে আসিয়া দেশটী ছারখার করিতে লাগিলেন। স্থানীয় সর্দারগণ উত্তেজিত হইয়া বিদ্রোহ ঘোষণা করিলেন। আবার এই সময়ে গুজরাটের শাসনকর্ত্তা দেশ উৎসন্ন ও নগরাদি ধ্বংস করিবার জন্য ছাব্বিশ হাজার সৈন্য পাঠাইয়া দিলেন। প্রজাবৃন্দের দুর্দ্দশার পরিসীমা রহিল না। অন্নের জন্য চারিদিকে হাহাকার উঠিল। একমুষ্টি অন্নের জন্য কত শত লোক প্রাণ বিসর্জ্জন করিতে লাগিল। শুনা যায় এই দারুণ দুঃসময়ে পেটের জ্বালায় পিতা হইয়া সন্তানের মাংস আহার করিতে কুণ্ঠিত হয় নাই! মৃতদেহে পথ ঘাট আচ্ছাদিত হইল, সহস্র সহস্র লোক প্রাণের দায়ে দেশ ছাড়িয়া পলায়ন করিল।

১৬৩৪ খৃষ্টাব্দে খান্দেশে তোডরমলের জমা প্রচলিত হয়, তাহাতে অধিবাসীবৃন্দের কতকটা সুবিধা হইল। ক্রমে ক্রমে অত্যাচার কমিতে লাগিল। প্রজাগণ শান্ত হইল। বণিকগণ খান্দেশের পথ দিয়া সুরাট বন্দরে যাইতে আরম্ভ করিল। ইহাই আবার ভাবী সমৃদ্ধির সূচনা। এই সময় বুর্হান্‌পুর বস্ত্র ব্যবসায়ের জন্য একটী প্রধান বাণিজ্য স্থান হইয়া পড়িল। কিন্তু এ সুখ বেশী দিন স্থায়ী হইল না। দক্ষিণাপথে মহারাষ্ট্রের রণভেরী বাজিয়া উঠিল। মোগল-রাজলক্ষ্মী বিচলিত হইলেন।

১৭৬০ খৃষ্টাব্দে মহারাষ্ট্র বীরগণ আসিরগড় আক্রমণ করিলেন। মোগলসৈন্য পরাস্ত হইল। মহারাষ্ট্রেরা খান্দেশ অধিকার করিলেন। ১৮১৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত শিবজীর বংশধরগণের অধিকারে ছিল। তৎপরে পেশবার অধঃপতনে এই বিস্তীর্ণ ভূভাগ বৃটীশ গবর্ণমেণ্টের শাসনাধীন হইল।

খান্ খান্ (খণ্ড খণ্ড শব্দজ) খণ্ড খণ্ড, টুক্‌রা টুক্‌রা।

খান্‌সামা (পারসী) নিকৃষ্ট চাকর, সেবক।

খান্‌সামাগিরী (পারসী) সেবকের কার্য্য।

খান্য [বৈ] (ত্রি) খন-ণ্যৎ (পা ৩।১।১২৩) খনন করা যায়, খননযোগ্য। "যত্তত্র খান্যং স্যাৎ তেন জীবেৎ।"

(লাট্যা° শ্রৌ° ৮।২।৪।৫)

খাপ (দেশজ) অসিকোষ, খড়্গাধার।

খাপগা (স্ত্রী) খস্য আকাশস্য আপগা ৬তৎ। গঙ্গা। (হেম°)

খাপ্‌রা (খর্পর শব্দজ) খোলা।

খাফা (আরবী) ক্রুদ্ধ।

খাব্‌রা (খর্পর শব্দজ) খাপ্‌রা।

খাবরি (দেশজ) ১ কপাল, মাথার খুলি। ২ ষড় গোলাকার পাত্র।

খাবল (দেশজ) হস্তপূর্ণ, একমুঠায় যত ধরে।

খাবার (খাদ্যশব্দজ) খাদ্য, খাওয়ার জন্য যাহা প্রস্তুত হয়।

খাবি (দেশজ) ১ জলে ডুবিবার সময় হাঁপাইতে হাঁপাইতে জলপান। ২ মৃত্যুর সময় শেষ হাঁফ।

খাম্ (দেশজ) ১ নানারূপ বিকট শব্দ। (পারসী) ২ পত্রের আচ্ছাদন, লেপাফা। (স্তম্ভশব্দজ) ৩ স্তম্ভ, থাম্বা।

খামআলু (দেশজ) একপ্রকার দেশীয় আলু। (Dioscorea alata)

খামখেয়াল্ (পারসী) আপনার ইচ্ছানুসারে চলা। স্থানে স্থানে খাম্‌খেয়ালীও বলিয়া থাকে।

খামাখা (পারসী) হঠাৎ, অকারণ, অকস্মাৎ। চলিত কথায় খামাখা লিখিত হইয়া থাকে।

খামাচ (দেশজ) লতাভেদ। (Carpopogon nivoves)

খামার (হিন্দী) ১ জমিদারী বন্দোবস্তবিশেষ। ইহাতে জমির খাজনা টাকায় না দিয়া জাত দ্রব্যের ভাগ জমিদারকে খাজনাসত্ত্বে দিতে হয়। ২ জমিদারীর মধ্যস্থ পতিত জমি, যাহা জমিদার নিজ দখলে রাখেন ও চাষবাস করিয়া উপসত্বাদি ভোগ করেন এবং উৎপন্ন ধান্যাদির অংশ লইয়া ঐ জমি প্রজাগণের মধ্যে বিলি করেন। ৩ যশোর প্রভৃতি অঞ্চলে নীলকরেরা কুঠীর খরচে যে প্রথায় নীল চাষ করিয়া লয়। ৪ যে স্থানে শস্যাদি আছড়াইয়া খোলা হইতে বাহির হয়।

খামারিয়া (দেশজ) খামার সম্বন্ধীয়।

খামালু (দেশজ) আলুবিশেষ, খামআলু।

খাম্‌চা (আরবী) চিম্‌টী কাটা।

খাম্‌চানি, চিম্‌টী কাটা।

খাম্বা (হিন্দী) স্তম্ভ, থাম।

খাম্বাজ, রাগবিশেষ। দীপকের পুত্র। ভৈরব, মালকোষ ও বেলাবলী যোগে উৎপন্ন সম্পূর্ণ রাগ। গান্ধার বাদী, পঞ্চম সংবাদী। (সঙ্গীতশাস্ত্র)

খাম্বাবতী (স্ত্রী) মালকোষের পত্নী। মালশ্রী ও বেহাগড়া যোগে উৎপন্ন। ইহার স্বরগ্রাম—

নি ধ নি নি সা ঋ গ ম ০। (সঙ্গীত)

খার (পুং) খং অবকাশং আধিক্যেন ঋচ্ছতি-ঋ অণ্ উপপদ সমাসঃ। খারী পরিমাণ।

খারই, মৎস্য রাখিবার পাত্রবিশেষ। ইহা বাঁশের চেঁচাড়ি দিয়া প্রস্তুত করা হয়।

খারা (হিন্দী) ১ সোজা, সরল, অকপট। ২ দর্শনমাত্র দেয়।

খারাই (দেশজ) খাড়াই, উচ্চতা, সোজা।

খারনাদি (পুং স্ত্রী) খরনাদিনঃ অপত্যং খরনাদিন্-ইঞ্ (বাহ্বাদিভ্যশ্চ। পা ৪।১।৯৬) খরনাদীর অপত্য।

খারপায়ণ (পুং স্ত্রী) খরপস্য অপত্যং খরপ-ফক্ (নড়াদিভ্যঃ ফক্। পা ৪।১।৯৯) খরপের অপত্য।

খারাগোরা, কচ্ছপ্রদেশের রণ বা জলা উষর ভূমির উপর একখানি সামান্য গ্রাম। এই স্থানে ১৮৭২ খৃষ্টাব্দ হইতে বাদামের ন্যায় আকারে দানাদার লবণ তৈয়ারী হইয়া দেশ বিদেশে চালান হইতেছে। গবর্ণমেণ্ট বাহাদুর ঐ লবণ মণ করা ২৮/০ তের আনা লইয়া থাকেন। অক্টোবর মাসের প্রথম হইতে এপ্রিল মাসের শেষ পর্য্যন্ত লবণ প্রস্তুত হইয়া থাকে। বর্ষাকালে অগ্রিয়ারা ঐ জমিতে চাষ করে।

[লবণ দেখ।]

খারি [রী] (স্ত্রী) খং আকাশং আরতি আ-রা ক গৌরাদিত্বাৎ ঙীষ্ বা হ্রস্বঃ। ধান্যাদির পরিমাণবিশেষ, ১৬ দ্রোণে এক খারি হয়।

"পলঞ্চ কুড়বঃ প্রস্থ আঢ়কো দ্রোণ এবচ।
ধান্যমানেষু বোদ্ধব্যাঃ ক্রমশোঽমী চতুর্গুণাঃ।
দ্রোণৈঃ ষোড়শভিঃ খারী বিংশত্যা কুম্ভ উচ্যতে।"

(হেমাদ্রি—দানখণ্ড)

খারিজ (আরবী) বাদ দেওয়া।

খারিজদাখিল (আরবী) প্রক প্রজার জমীর জমা অপর প্রজা লইলে একের জমা খারিজ হইয়া অন্যের নাম দাখিল হয়, তাহাকে খারিজদাখিল কহে।

খারিজা তালুক, যে তালুক রাজকীয় তৌজীতে জমিদারী হইতে পৃথক্ করিয়া লওয়া হইয়াছে।

খারিজা তালুকদার, খারিজা তালুকের সত্বাধিকারী, যাহার খারিজাতালুক আছে।

খারিন্ধম (ত্রি) খারীং ধমতি-খারী-ধ্মা-খশ্ (ঘটীখারীখরী-যূপসখ্যানং। পা ৩।২।৩০ বার্ত্তিক) হ্রস্বঃ মুমাদেশশ্চ। শস্যপরিমাণকারক, কয়াল, খারীধ্মায়ক।

খারিন্ধয় (ত্রি) খারীং ধয়তি খারী-ধা-খশ্ হ্রস্বঃ মুমাগমশ্চ। যে খারী পরিমিত পান করে। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হইয়া খারিন্ধয়ী রূপ হয়।

খারিফ (হিন্দী) ১ শরৎকাল। ২ শরৎকালে উৎপন্ন শস্য। ৩ বর্ষার পূর্ব্বে যে শস্যবীজ বোনা হয় ও বর্ষার পরে রোয়া হয়।

খারিস্পচ (ত্রি) খারীং খারীপরিমিতধান্যাদিকং পচতি খারী-পচ-খশ্ (পরিমাণে পচঃ। পা ৩।২।৩৩) হ্রস্বঃ মুমাদেশশ্চ। যে খারী পরিমিত ধান্যাদি পাক করে। স্ত্রীলিঙ্গে টাপ্ হয়।

খারীক (ত্রি) খারাং খারীবাপমর্হতি খারী-ঈকন্ (খার্য্যা ঈকন্। পা ৪।১।৩৩; 'কেবলায়াশ্চেতি বক্তব্যং' বার্ত্তিক) ১ খারীক্ষেত্র, যে ক্ষেত্রে খারীপরিমিত ধান্যাদি বপন করা যাইতে পারে। ২ খারী পরিমিত ধান্যাদি দ্বারা ক্রীত।

খারী-বাপ (ত্রি) খারী তৎপরিমিতং ধান্যং উপ্যতে অত্র বপ্-আধারে ঘঞ্। ১ খারী পরিমিত ধান্যাদি বপন করিবার যোগ্য। খারীং বপতি বপ কর্ত্তরি অণ্ উপপদসং। ২ যে খারী পরিমিত ধান্য বপন করে। সিদ্ধান্তকৌমুদীর মতে খারীবাপ শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে টাপ্ হয়। মুগ্ধবোধ মতে উহার উত্তর ঙীপ্ হইয়া খারীবাপী হয়।

খারেপথার, পুণা জেলার পুরন্দর গিরিদুর্গের ১৪ মাইল পূর্ব্বে জেজুরি নামক গ্রামের নিকটস্থ পর্ব্বতের একটী অধিত্যকা। ইহার উপর বহুকালের প্রাচীন খণ্ডোবাদেবের মন্দির আছে, লোকে ভক্তির সহিত এই খণ্ডোবাদেবের পূজা করিয়া থাকে। পুণাবাসীদের বিশ্বাস যে ইনি খড়্গহস্তে সকলকে রক্ষা করেন। এই খণ্ডোবামূর্ত্তির পার্শ্বে তাহার স্ত্রী মালসাবাইর প্রতিমূর্ত্তি আছে।

খারোদ, মধ্যপ্রদেশের রায়পুর জেলার শ্রীহরিনারায়ণ নগরের ৩ মাইল উত্তরে একখানি গণ্ডগ্রাম। এই স্থানে লক্ষ্মণেশ্বর শিবলিঙ্গ আছেন। মন্দিরটী উচ্চ চত্বরের উপর গাথা। ইহার মধ্যে ৯৩৩ চেদি সম্বতের একখানি শিলালিপি পাওয়া গিয়াছে। কেহ কেহ বলেন, রতনপুরের রাজা তাম্রধ্বজের ভ্রাতা অশ্বধ্বজ এই মন্দির নির্ম্মাণ করিয়া দেন। এই স্থানে অনেক মন্দিরাদির ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়। একটী মন্দিরে আদিত্যদেব ৭টী ঘোড়ার উপর চড়িয়া বিরাজ করিতেছেন। মন্দিরগুলি ইট্ ও পাথর দিয়া নির্ম্মিত। প্রবাদ আছে—রাবণের ভ্রাতা খর ও দূষণ এইখানে বাস করিতেন এবং উহাদের নাম হইতেই খারোদ নামের উৎপত্তি।

খার্কার (পুং) খরস্য ইদং খর-অর্ণ খারং করোতি প্রকাশয়তি খার কৃ-অণ্-পৃষোদরাদিবৎ অকারলোপে সাধুঃ। গর্দ্দভ জাতির শব্দ, গাধার ডাক।

"খরাশ্চ কর্কটৈঃ ক্ষতঃ খুরৈর্ম্মন্তো ধরাতলম্।
খার্কাররতসামন্তাঃ পর্য্যধাবন্ বরূথশঃ।" (ভাগবত ৩।১৭।১১)

'খার্কারঃ গর্দ্দভজাতিশব্দঃ' শ্রীধর।

খার্জুরকর্ণ (পুং স্ত্রী) খর্জুরকর্ণস্যাপত্যং খর্জুরকর্ণ-অণ্ (শিবাদিভ্যোঽণ্। পা ৪।১।১১২) খর্জুরকর্ণ ঋষির অপত্য।

খার্জ্জুর (ক্লী) খর্জ্জূরস্যেদং খর্জ্জূর-অণ্‌। ১ মদ্যবিশেষ। ইহার প্রস্তুত প্রণালী—পানস, পক্ক খর্জ্জূর, আদা ও সোমলতার রস মিশ্রিত করিয়া মদ্যপাকপ্রণালীতে পাক করিলে যে মদ্য প্রস্তুত হইবে, তাহাকেই খার্জ্জূর-মদ্য বলে। (বৈদ্যক) ২ খর্জ্জূর রস হইতে উৎপন্ন মদ, খেজুর রসের মদ। ইহার গুণ বাত-কোপকারী এবং প্রায় মাধ্বীক মদের তুল্য। ঐ মদ ভালরূপ পরিষ্কার হইলে রুচিকর, কফঘ্ন, কর্ষণ, লঘু, কষায়, হৃদ্য, সুগন্ধি ও ইন্দ্রিয়শোধনকারক। (সুশ্রুত)

খার্জ্জুরায়ণ (পুং স্ত্রী) খর্জ্জূরস্য গোত্রাপত্যং খর্জ্জূর-ফঞ্‌ (অশ্বাদিভ্যঃ ফঞ্‌। পা ৪।১।১১০) খর্জ্জূর নামক ঋষির গোত্রাপত্য।

খার্বুজেয় (ত্রি) খর্বুজস্যেদং খর্বুজ-ঢক্‌। ১ খর্বুজসম্বন্ধীয়। (ক্লী) ২ রসালবিশেষ।

"মধুরদধনি মধ্যে শর্করাং সন্নিযোজ্য
শুচি বিদলিতখণ্ডং প্রক্ষিপেৎ খার্বুজেয়ম্‌।" (ভাবপ্রকাশ)

খাল (দেশজ) খাত, পয়ঃপ্রণালী, উপনদী।

খালত্য (ক্লী) খলতের্ভাবঃ খলতি-ষ্যঞ্‌। ইন্দ্রলুপ্তরোগ, টাক্‌।

"জরা খালত্যং পালিত্যং শরীরমনু প্রাবিশৎ"(অথর্ব্ব ১১।৮।১৯)

খালা (পারসী) মাসীর স্বামী, মেসো।

খালাড়ী (দেশজ) খালারী, নুনের কারখানা।

খালারী (দেশজ) লবণ প্রস্তুত করিবার স্থান।

খালাস্‌ (আরবী) ১ মুক্তি, মোচন। ২ প্রসব হওয়া।

খালাস্‌পত্র (আরবী) ১ মুক্তিপত্র, যে পত্র দেখাইয়া মুক্ত হইতে পারা যায়। ২ প্রসব বেদনা উপস্থিত হইলে বর্চপত্রে বা ভূর্জপত্রে সুপ্রসব মন্ত্র লিখিয়া দেওয়া হয়, ইহাকেও খালাস্‌পত্র বলে।

খালাসী (আরবী খলাস্‌ শব্দজ) ১ যে খালাস করে, ষ্টীমার জাহাজ প্রভৃতি হইতে যাহারা মালপত্র বাহির করিয়া দেয়, চলিত কথায় সেই ভৃত্যদিগকেই খালাসী বলে। ২ যাহারা তাঁবু গাড়ে। ৩ যে কারাগার হইতে মুক্তিলাভ করিয়াছে।

খালি (দেশজ) ১ শূন্য, রিক্ত, যাহাতে কিছুই নাই। ২ শ্রাদ্ধাদিতে যে পাত্রে (কলার খোলায়) শ্রাদ্ধীয় অন্ন দেওয়া হয়।

খালিক (ত্রি) খল ইব খল-ঠক্‌ (অঙ্গুল্যাদিভ্য ঠক্‌। পা ৫।৩।১০৮) খলের সদৃশ। স্ত্রীলিঙ্গে ঙীপ্‌ হয়।

খালিয়া (দেশজ) শূন্য, যাহাতে কিছুই নাই। ইহা প্রায় স্ত্রীলিঙ্গের বিশেষণেই ব্যবহৃত হয়।

খালিসা (আরবী) ১ রাজকীয় কার্য্যালয়, যেখানে করসংক্রান্ত কার্য্য নির্ব্বাহ হয়। ২ যে সকল জমি গবর্ণমেণ্টের খাসে আছে।

খালী (আরবী) ১ শূন্য, অযুক্ত। ২ (পারসী) মাসী। (দেশজ) ৩ কলার খোলা, যাহাতে শ্রাদ্ধপাত্র প্রস্তুত হয়। ৪ হাতপায়ে হঠাৎ অত্যন্ত দুর্ব্বলতাবোধ।

খালীহাত (দেশজ) রিক্তহস্ত, হাতে টাকা পয়সা না থাকা।

খালুই (দেশজ) মৎস্যধানী, খারই।

খাল্যকায়নি (পুং স্ত্রী) খল্যকায়া অপত্যং খল্যকা-ফিঞ্‌ (পা ৪।৩।১৫৪) খল্যকার অপত্য।

খাল্যায়নি (পুং স্ত্রী) খল্যা-ফিঞ্‌। (পা ৪।৩।১৫৪) খল্যার অপত্য।

খাল্‌সা, পঞ্জাববাসী শিখসম্প্রদায়। শিখসম্প্রদায় নানক কর্ত্তৃক প্রতিষ্ঠিত। গোবিন্দ নানকের প্রবর্ত্তিত রীতি নীতির মধ্যে আবার সংস্কার করেন। এইরূপে শিখদিগের মধ্যে দুইটী দল হয়। কতকগুলি গোবিন্দের নবসংস্কৃত বিধানাদি অবলম্বন করে আর কতকগুলি প্রাচীন বিধানেই চলিতে থাকে। যাহারা গোবিন্দের নববিধান অবলম্বন করে, তাহারাই "খাল্‌সা" ও প্রাচীনেরা 'খাল্লাসা' নামে প্রসিদ্ধ হয়। এই প্রভেদ এখন আর নাই। 'খাল্‌সা' শব্দ আরবীয় 'খালিসা' শব্দ হইতে উৎপন্ন অর্থ পবিত্র, খাঁটি, সুতরাং খাল্‌সা অর্থে পবিত্র খাঁটি বা বাছিয়া লওয়া লোক। শিখেরা এই শব্দের কোন দৈবরহস্যপূর্ণ অর্থ আছে বলিয়া স্বীকার করে। ইহারাও নানকের আদিগ্রন্থ মানিয়া চলে। আজকাল আর গোবিন্দের সংস্কৃত নিয়মাদির মানিবার পক্ষে ততটা দৃঢ়তা নাই।

খাল্‌সা সম্প্রদায়ের জন্য গোবিন্দ যে সকল নিয়ম করিয়াছিলেন, তন্মধ্যে 'পহল' অর্থাৎ অভিষেকক্রিয়াই প্রধান। এই পহল প্রথা এখনও চলিত আছে। শিখধর্ম্মাবলম্বনের পূর্ব্বে পাত্রকে সমস্ত চুল রাখিয়া দিতে হয়, দুই একমাস পরে যখন চুল বেশ বড় বড় হয়, তখন পাত্র নীলবর্ণ পোষাক পরিয়া উপস্থিত হয় এবং তাহাকে একখানি তরবারী, একটি বন্দুক, তীরধনু ও বর্ষা দেওয়া হয়। তৎপরে গুরু ও পাত্র শর্করামিশ্রিত জলে হস্তপদাদি ধৌত করে। এই জলে শর্করামিশ্রিত করিয়া তরবারী বা বৃহৎ ছুরীকার ধারমুখ দিয়া নাড়িতে হয়। এইরূপে প্রস্তুত জলকেই 'পহল' বলে। তৎপরে আদিগ্রন্থ হইতে ৫টী শ্লোক পাঠ করান হয়। প্রতি শ্লোক এক নিশ্বাসে পড়িতে হয় ও ছুরী দিয়া সেই শর্করামিশ্রিত জল নাড়িতে হয়। তৎপরে পাত্র যোড়করে গ্রন্থী বা পুরোহিতের প্রদত্ত ঐ জল গ্রহণ করে এবং তাহা লইয়া কপালে, মাথায় ও শ্মশ্রুতে মাখিতে থাকে ও বলিতে থাকে "ওয়া গুরুজীকা খাল্‌সা! ওয়া গুরুজীকা ফতে" বা "ওয়া গোবিন্দ সিং আপ্‌ হি চেলা।" গোবিন্দ গুরু নিজে আর পাঁচজনের সহিত এই পহল প্রথায় শিখধর্ম্মে অভিষিক্ত

হন, তাঁহারা আবার পরস্পরের পদধৌত ঐ পহল-জল পান করিয়াছিলেন। স্ত্রীলোকেরাও অভিষেককালে এইরূপে পহল-জলেই অভিষিক্ত হয়, কেবল পহল-জল নাড়িবার সময় ছুরীর ধারমুখের বিপরীত দিক্ দিয়া নাড়িতে হয়। শিখশিশুদিগের অতি অল্প বয়সেই এই অভিষেক হইয়া থাকে। [শিখ, রণজিৎসিংহ, পঞ্জাব প্রভৃতি দেখ।]

খাশ্মরী [কাশ্মরী দেখ।]

খাস (আরবী) স্বীয়, আপনার স্বত্ববিশিষ্ট।

খাসখামার (পারসী) যে জমির কর কেবল রাজাকে দিতে হয়।

খাসমহল (পারসী) যে মহল রাজার কর্তৃত্বাধীনে থাকে।

খাসবরদার (পারসী) আশা শোঁটাধারী রাজকর্ম্মচারী।

খাসা (আরবী) উৎকৃষ্ট, ভাল।

খাসী (আরবী) ছাগলবিশেষ, যাহার মুষ্কদ্বয় নাই। "খাসী নিনু আট কাহন।" কবিকঙ্কণ।

খাসীর (পুং), জনপদবিশেষ।

খাস্ত, ১ মন্দ খারাপ। ২ কম, অল্প।

খাস্তা, ১ যাহা মন্দ হইয়াছে। ২ নীচতা, মন্দতা। ৩ অতি উৎকৃষ্ট, যেমন খাস্তার কচুরি।

খাসি ও জয়ন্তী পাহাড়, আসামের চিফ্ কমিসনরের অধীন একটী জেলা। অক্ষা° ২৫°১´ হইতে ২৬°৫´ উঃ এবং দ্রাঘি° ৯০°৪৭´ হইতে ৯২°৫২´ পূঃ পর্য্যন্ত বিস্তৃত। ইহার ভূপরিমাণ—৬১৫৭ বর্গমাইল। ইহার মধ্যে ২১৬০ বর্গমাইল বৃটীশ অধিকারভুক্ত। লোকসংখ্যা প্রায় দুইলক্ষ। ইহার প্রধান সহর শিলং।

খাসি ও জয়ন্তী দুই পাহাড়, ব্রহ্মপুত্র ও সুর্ম্মা নদীর অববাহিকার মধ্যে অবস্থিত। এখন দুইটী একত্র একটী জেলা বলিয়া গণ্য। এই জেলার উত্তরে কামরূপ ও নওগাঁ, পূর্ব্বে নওগাঁ ও কাছাড়, দক্ষিণে শ্রীহট্ট ও পশ্চিমে গারো পাহাড়। জেলাটী আবার ৩টী প্রধান অংশে বিভক্ত—স্বাধীন খাসি পাহাড়, বৃটীশ-অধিকৃত খাসি ও জয়ন্তীয়াপাহাড়। স্বাধীন খাসি পাহাড় সিএম্, বাহাদাদার, সর্দ্দার ও লিংদো নামে কতকগুলি অধিনায়ক দ্বারা শাসিত হয়।

বৃটীশ অধিকৃত খাসিপাহাড়ে ২৪টি পরগণা, তাহাদের নাম—জিম্মঙ্গ, লাইৎ লিঙ্কোট, লাইৎক্রো, বাইরঙ্গ বা বাহলং, লোঙ্কাদিং, মাও-বে-লারকার্, মাও-স্মাই, মিন্‌তেং, মাওম্লুহ্, মাও পুষ্কির্ত্তিয়ং, নোঙ্গ-জিরি, নোঙ্গলিঙ্কিন্, নোঙ্গব্বা, নোঙ্গ্-রিয়াৎ, নোঙ্গ্ক্রো, নুন্নিয়া, রামদাইৎ, সাইৎসোপেন, তিংরিয়াঙ্গ, তিংরোং, তিরণা, উম্‌নিয়া,-মরবিস্থ, উতিমা।

জয়ন্তীর মধ্যে অম্-বি, চপচুক্ (কুকী), দরঙ্গ, জোবাই লংফ্লুট, লংসো, লাকাদোং, মীনরিরাং, (মিকির), মূলসোই (কুকী) মাসকুট, মীন্‌সাও, নোংক্লি, নোফুলুং, নোংথালোং, নরপু, নরতিয়াং, নোংবা, নোংজিঙ্গী, রল্লিয়ং, রিম্‌বাই, সাইপুং (কুকী), সো-তিঙ্গা, শিলিঅং মীন-তং, সাতপাথর, শংপুং এই ২৫টী পরগণা।

স্বাধীন খাসিপাহাড়ের মধ্যে সিএম্ নামক অধিনায়কদিগের অধীনে ভবাল্ বা বর্ব্বা, চেরা, খাইরিম, লংকিন্, মলাইসোহ্মৎ, মহারাম, মারিও, মাও ইওঙ্গ, মাওসিন্‌রাম, মিল্লিএম্, নোংসোফো, নোংখ্লও, নোংস্পুং, নোং স্তোইন্ এবং রামব্রাই এই ১৫টী পরগণা। বাহাদাদারগণের অধীনে শেল্লা। সর্দ্দারগণের অধীনে দ্বারা-নোং-তিরমেন্, জিরং, মাওলং, মাওদোন নোংলোং এই ৫টী এবং লংদোদিগের অধীনে লন্‌ইওঙ্গ, মাওফ্লং নোংলিবাই, মোহিওং।

খাসিপাহাড়ে তেমন জঙ্গল নাই। নদীর গতি অনুসারে এখানে পর পর অধিত্যকা। এই সকল অধিত্যকা কেবল তৃণাচ্ছাদিত, তেমন বড় বড় বৃক্ষ নাই। সমুদ্রপৃষ্ঠ হইতে ২০০০ হাত উচ্চে একপ্রকার দেবদারু বৃক্ষ দৃষ্ট হয়। উচ্চ গিরিশৃঙ্গে কড়িকাঠের উপযোগী যথেষ্ট বৃক্ষ আছে। তবে এখানকার বন হইতে আয় হইবার সুবিধা নাই। পাহাড়ের মধ্যে মধ্যে নদী উপনদী আছে, ডিঙ্গী করিয়া তন্মধ্য দিয়া যাতায়াত চলে।

খাসিপাহাড়ের দক্ষিণাংশে চূণাপাথরে পরিপূর্ণ। অতি প্রাচীনকাল হইতে এখানকার চূণ লইয়া বাঙ্গালার কাজ চলিতেছে। এখান হইতে প্রতিবর্ষে প্রায় তিনলক্ষটাকার চূণ রপ্তানী হইয়া থাকে। এখানকার চেরাপুঞ্জি, লাকাদোং ও লাউড় প্রভৃতিস্থানে উৎকৃষ্টলৌহ পাওয়া যায়। কিন্তু ঐ সকল লৌহ সংগ্রহ করিতে ও স্থানান্তরে পাঠাইতে অনেক ব্যয় পড়ে বলিয়া সাধারণের প্রয়োজন সাধিত হয় না। পাহাড়ের মাঝে মাঝে দানাদার অবিশুদ্ধ লৌহের আকর পাওয়া যায়। এখানকার লোকেরা জলস্রোত ও কয়লার সাহায্যে লৌহ শুদ্ধ করিয়া লয়। প্রাচীনকাল হইতে খাসিয়াজাতি লৌহ গলাইবার জন্য খ্যাতি লাভ করিয়া আসিতেছে, বিলাতী লৌহের আমদানীতে ইহাদের ব্যবসাও একপ্রকার মাটী হইয়াছে। এখানে মৌচাক, লাক্ষা প্রভৃতি যথেষ্ট হয়। বনে হস্তী, গণ্ডার, ব্যাঘ্র, মহিষ, বন্য গো, এবং নানাপ্রকার হরিণ পাওয়া যায়।

এখানকার পাহাড়ে নানারকম গুহা ও গহ্বর আছে, তন্মধ্যে চেরাপুঞ্জী ও রূপনাথের গুহা বর্ণনীয়। রূপনাথে

একটী প্রকাণ্ড গহ্বর আছে, অনেকের বিশ্বাস এই গহ্বর দিয়া চীনরাজ্যে যাওয়া যায়। প্রবাদ আছে—এই গহ্বর দিয়াই চীনসৈন্য ভারত আক্রমণ করিতে আসিয়াছিল। ইহার নিকটে গুহামন্দির আছে, তথায় নানাবিধ হিন্দু দেব দেবীমূর্ত্তি খোদিত দেখা যায়।

কাছাড়ের সীমায় কপিলীনদীর তীরে একটী উষ্ণপ্রস্রবণ আছে।

এখানে প্রধানতঃ খাসিয়া ও সন্‌তেঙ্গ্‌ নামক অসভ্য জাতির বাস। উভয়জাতি অসভ্য হইলেও উন্নতিশীল।

[খাসিয়া ও সন্‌তেঙ্গ্‌ দেখ।]

এই জেলায় প্রায় দুইলক্ষ লোকের বাস, তন্মধ্যে খাসিয়া ও সন্‌তেঙ্গ্‌ জাতির সংখ্যাই দেড়লক্ষের অধিক। এ ছাড়া প্রায় ছয়হাজার হিন্দু, দুইহাজার খৃষ্টান, পাঁচশত মুসলমান ও অল্পসংখ্যক অপরাপর জাতি আছে।

খাসি ও জয়ন্তী দুইটী মিশিয়া এখন একটী জেলা হইলেও পূর্ব্বকালে দুইটী স্বতন্ত্ররাজ্য বলিয়াই খ্যাত ছিল। খাসি পাহাড় সিএম্‌, সর্দ্দার প্রভৃতির অধীনে থাকিলেও জয়ন্তী রাজ্য একজন রাজার অধীনে ছিল। [জয়ন্তী দেখ।]

১৭৬৫ খৃষ্টাব্দে বাঙ্গালার দেওয়ানী পাইবার পর ইংরাজ কোম্পানীর শ্রীহট্টের দিকে নজর পড়ে। তখন এ অঞ্চলে কেবল অসভ্য জাতির বসবাস ছিল, তাহাদের আচার ব্যবহার ভারতের অপর সকলজাতি হইতে পৃথক্‌। তাহাদের ধর্ম্মবিশ্বাস অপর কোন জাতির সহিত ঐক্য নয়। তাহারা প্রকৃতির লীলাক্ষেত্রে প্রাকৃতিক মহার্ঘ্য দ্রব্যসমূহ ভোগ করিতেছে। এই সকল দেখিয়া য়ুরোপীয় বণিকগণের লোভ জন্মিল। তাঁহারাও এখান হইতে চূণ ও কমলানেবু সংগ্রহ করিয়া ব্যবসা আরম্ভ করিলেন। অনেকে বলিয়া থাকেন কলিকাতার বাজারে "শিলেট চূণ" নাম শুনিয়া য়ুরোপীয় বণিকগণ খাসিয়া জাতির সহিত মিশিবার চেষ্টা করেন।

১৮২৬ খৃষ্টাব্দে নোং-খ্লাও নামক স্থানের সর্দ্দার উত্তর আসাম ও সুর্ম্মা উপত্যকার মধ্যে দিয়া যাতায়াতের রাস্তা প্রস্তুতের জন্য কতকগুলি ইংরাজের সহিত একটা বন্দোবস্ত করেন। এই সময়ে কএকজন ইংরাজ নোংখ্লাও নগরে গিয়া বাস করেন। তাঁহাদের সহিত কএকজন বাঙ্গালী ছিলেন, ইহাদের দুর্ব্যবহারে খাসিয়ারা চটিয়া যায়। সেই সূত্রে ১৮২৯ খৃষ্টাব্দে ৪ঠা এপ্রিল, খাসিয়ারা ইংরাজদিগকে আক্রমণ করেন। এই যুদ্ধে ইংরাজ কোম্পানির দুইজন লেফ্‌টেনেণ্ট ও কতকগুলি সিপাহী নিহত হয়। খাসিয়াদিগের উৎপাত ক্রমশঃই বৃদ্ধি পাইতে লাগিল। বৃটীশ গবর্ণমেণ্ট আর স্থির থাকিতে পারিলেন না। খাসিয়াদিগকে দমন করিবার জন্য দলে দলে বৃটীশসৈন্য প্রেরিত হইল, কিন্তু সাহসিক খাসিয়া-জাতি সহজে বশ্যতা স্বীকার করিল না। তীরধনু মাত্র তাহাদের সম্বল। তাহারই জোরে খাসিয়ারা শত শত ইংরাজ-সৈন্য বিনাশ করিল। অনেক কষ্টের পর ১৮৩৩ খৃষ্টাব্দে খাসিয়ারা সম্পূর্ণরূপে বশ্যতা স্বীকার করে।

১৮৩৫ হইতে ১৮৫৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত নোংখ্লাও নগরে একজন রাজনৈতিক ইংরাজ কর্ম্মচারী ছিলেন, তৎপরে তিনি চেরাপুঞ্জীতে উঠিয়া আসেন।

জয়ন্তীপাহাড়ের লোকেরা আপনাদিগকে "পনার" বলিয়া পরিচয় দেয়, খাসিয়ারা তাহাদিগকে "সন্‌তেঙ্গ্‌" বলিয়া ডাকে। ১৮৩৫ খৃষ্টাব্দ হইতে তাহারাও বৃটীশ প্রজা বলিয়া গণ্য। এই বর্ষে জয়ন্তীরাজ রাজেন্দ্রসিং নওগাঁ হইতে কএকজন লোককে ধরিয়া আনাইয়া কালীমন্দিরে বলি দেন। এই দোষেই তিনি বৃটীশ গবর্ণমেণ্ট কর্ত্তৃক রাজ্যচ্যুত হইলেন।

খাসিয়া (খাসি) আসাম বিভাগের অন্তর্গত খাসি-পর্ব্বতবাসী জাতিবিশেষ। ইহাদের মুখ ও সর্ব্বাঙ্গের আকৃতি দেখিয়া অনেকেই মঙ্গোলিয় বা তুরাণীয়জাতির শাখা বলিয়া অনুমান করেন। ইহাদের গায়ের রং ঘোর কৃষ্ণমিশ্রিত পীতাভ। নাক্‌ চেপ্টা, মুখ থ্যাবড়া ও চৌকা, চক্ষু ছোট ও কাল, তারার নিকট হল্‌দে, ঠোঁট পুরু! ইহাদের মধ্যে স্ত্রী পুরুষ উভয়ই বড় বড় চুল রাখে, কেবল গরিবেরা মাথা নেড়া করে। ইহারা তেজস্বী ও বলিষ্ঠ। স্বভাবতঃ বিনয়ী, ধীর ও হাস্যমুখী। সর্ব্বদাই পরিশ্রম করিতে ভালবাসে। ইহারা ততদূর চতুর ও শিল্পী নহে, তবে শিক্ষা পাইলে সকলপ্রকার কার্য্যই করিতে পারে। গরিব খাসিয়ারা শণের কাপড়ের হাটুপর্য্যন্ত লম্বা জামা পরিয়া থাকে। অপেক্ষাকৃত ধনীরা মস্তকে তুলা বা রেশমের পরিধেয় বস্ত্র ও চাদর ব্যবহার করে।

ইহাদের মধ্যে সাধারণতঃ ১৫ হইতে ১৮ বৎসরে স্ত্রীলোকের ও ১৮ হইতে ২৪ বর্ষের মধ্যে পুরুষের বিবাহ হইয়া থাকে। বিবাহের নিয়ম অতি সহজ। কোন কোনস্থলে বরকর্ত্তা ও কন্যাকর্ত্তা বিবাহ স্থির করিয়া থাকেন। সম্বন্ধের পর বর নিজ বন্ধুবান্ধব কুটুম্বাদি সঙ্গে লইয়া কন্যার বাটীতে যায় ও তথায় ভোজনান্তে রাত্রিতে শুইয়া থাকে, পরদিন বর কন্যাকে বাটীতে লইয়া আসে। কন্যার সহিত তাহার কুটুম্বাদি বরের বাড়ীতে আসিয়া ঐরূপ পান ও ভোজনাদি করেন। দুই দিন বরের বাড়ীতে থাকিয়া পরে নবদম্পতী কন্যার বাড়ীতে যায়। বিবাহের পর হইতে বরকে চিরজীবন

শ্বশুরগৃহে থাকিতে হয়। কোন বিশেষ কারণ থাকিলে ইহাদের বিবাহ বন্ধন ছেদন হয় না। স্ত্রী যদি বন্ধ্যা হয়, তাহা হইলে পিতামাতার সাক্ষাতে বা দলের সর্দ্দারের সম্মুখে কারণ দেখাইয়া বিবাহ বন্ধন ছেদন করিতে হইবে। ঐ সময় স্ত্রীপুরুষকে ৫টী কড়ি অদল বদল করিতে দেয়, পরে উভয়ের সম্মতিক্রমে তাহা ফেলিয়া দেওয়া হয়, কড়ি ফেলিয়া দিলে বিবাহ বন্ধন জন্মের মত ছিন্ন হইয়া যায়। স্ত্রী-পুরুষের একবার বিবাহ বন্ধন ছেদন হইলে পরস্পর পরস্পরে আর বিবাহ চলে না, কিন্তু ভিন্ন পরিবারে বিবাহ করিতে উভয়ের ক্ষমতা আছে। ইহাদের মধ্যে বিধবা বিবাহ প্রচলিত। কিন্তু বহুবিবাহপ্রথা একবারে নিষিদ্ধ। পরস্ত্রীগমন বা পরপুরুষে গমন ইহাদের মধ্যে মহাপাপ। যিনিই এরূপ দুষ্কর্ম্মে লিপ্ত থাকেন, তাহার বিশেষ শাস্তি হইয়া থাকে।

বিবাহান্তে স্বামী শ্বশুরবাড়ী যাইয়া বাস করে ও স্ত্রীর বংশমর্য্যাদা বাড়াইয়া থাকে। তাহার পুত্রগণও মাতুলবংশ-সম্ভূত বলিয়া পরিচয় দেয়। পিতার বংশমান কিছুই থাকে না। বিবাহে স্বামী যাহা কিছু পায়, তাহার সমগ্র বিষয় সম্পত্তি তাহার পরিবার পাইয়া থাকে। এমন কি মৃত্যুর পর তাহার শবটীও তাহাকে লইয়া পোড়াইতে হয়।

ধনী খাসিয়ারা ইটের দেয়াল গাঁথিয়া গৃহাদি নির্ম্মাণ করে ও এদেশী খড় বা গোলপাতার চালার মত বেতের চালা ও বড় বড় তক্তা দিয়া ঘরের মেজে তৈয়ার করে। সাধারণ লোকেরা পাথর ও মাটি কিম্বা তক্তার দেয়াল দিয়া ঘর নির্ম্মাণ করিয়া থাকে। ইহারা ভাত, মাছ, শূকর প্রভৃতির মাংস ও শাকসবজি খায়। স্ত্রীপুরুষ উভয়েই দিবারাত্র পাণ চিবাইতে ভালবাসে।

ইহারা হিন্দুধর্ম্মে অথবা ব্রাহ্মণের প্রাধান্য কিছুমাত্র স্বীকার করে না। সকলে উপদেবতার উপাসনা করে। রোগ হইলে কোনরূপ ঔষধাদি খায় না। যে উপদেবতার প্রকোপে এইরূপ রোগের উৎপত্তি হইয়াছে, তাহার শান্তি জন্য বলি প্রদান করে। কাহারও মৃত্যু হইলে ইহারা শবদাহ করে ও সেই ভস্ম কোন পত্রাদিতে পুরিয়া মাটির মধ্যে পুঁতিয়া ফেলে ও সেই স্থানের চারিকোণে চারিখানি পাথর খাড়া করিয়া উপরে একখানি চেপ্টা পাথর চাপা দিয়া রাখে। ইহারা আত্মার দেহান্তরপ্রাপ্তি বিশ্বাস করে ও বলিয়া থাকে যে মানবজাতি মৃত্যুর পর বানর, কর্কট কচ্ছপ, ভেক প্রভৃতির রূপে পরিণত হইবে। ইহাদের মধ্যে জাতি ভেদ নাই, তবে ভিন্ন ভিন্ন দলের নাম বড়গাছ, কাছিম ইত্যাদি ভিন্ন ভিন্ন দ্রব্য হইতে হইয়া থাকে।

যদি কোন খাসিয়া মাতুলালয়ে থাকে, তাহা হইলে তাহার মৃত্যুর পর তাহার সম্পত্তি মা পাইবে, মার অবর্ত্তমানে দিদি মা, দিদিমার মৃত হইলে ভগিনী, তৎপরে ভাগিনেয় পাইয়া থাকে। যদি ভগিনী না থাকে, তাহা হইলে ভ্রাতা, ভ্রাতার অবর্ত্তমানে মাতুলানী বা মাসী বা তৎপুত্রাদি পাইবে। যদি মামী বা মাসীর পুত্রাদি না থাকে, তাহা হইলে মাতামহীর ভগিনীরা বা তৎ পুত্রেরাই পাইবে। কোন স্ত্রীলোক মৃত হইলে তাহার বিষয় তাহার মাতার প্রাপ্য, মাতার অবর্ত্তমানে তাহার ভ্রাতা বা ভগিনী বা ভাগিনেয়গণ পাইয়া থাকে। যে ব্যক্তি মামার বাড়ী না থাকিয়া, শ্বশুর বাড়ীতে থাকে, তাহার বিষয় তাহার স্ত্রী পাইবে, স্ত্রীর মৃত্যুতে তাহার পুত্রগণ পাইয়া থাকে। যদি ঐ পুরুষের কোন পদ বা উপাধি থাকে, তাহা হইলে সেই পদ বা উপাধি তাহার ভ্রাতাই পাইয়া থাকে। যদি ভ্রাতা না থাকে, তাহা হইলে মাতুল ভাই ঐ পদ পায়। তাহার অভাবে জ্যেষ্ঠ ভাগিনেয় ঐ পদ বা মর্য্যাদা পাইয়া থাকে। কোন উত্তরাধিকারীর অবর্ত্তমানে রাজা সমস্ত বিষয় পাইয়া থাকেন। কারণ শবদাহ করিয়া ভস্ম কবর দিবার ভার একমাত্র রাজার উপর আইসে। সেল্লা পর্ব্বতের খাসিয়াদের বিষয় দুইভাগে বিভক্ত হয়। ১ম, পূর্ব্বপুরুষ হইতে প্রাপ্ত সম্পত্তি যে আত্মীয় অন্ত্যেষ্টিক্রিয়া করিবে সেই পাইবে। ২ ঐ ব্যক্তির স্বোপার্জ্জিত ধন তাহার পুত্রেরা পাইবে এবং যতদিন না তাহার মাতা পুনরায় বিবাহ করে, ততদিন মাতার ভরণ পোষণের ভার পুত্রের উপর থাকিবে।

খাসিয়াদের মধ্যে কেহ কেহ ওয়েলস্ মিসনীদের দ্বারা খৃষ্ট-ধর্ম্মে দীক্ষিত হইতেছে। তাহাদের সাহায্যে ইহারা কতক বিদ্যানুশীলন করিতেছে। ইহাদের নিজের কোন লিখিত ভাষা বা পুস্তক ছিল না। দেশীয় প্রবাদ এই যে, যখন ইহারা সমতল ভূমির উপর বাস করিত, তখন বন্যা আসিয়া তাহাদের সব ভাসাইয়া দেয় ও তজ্জন্য এক্ষণে তাহারা এই পর্ব্বতে বনমধ্যে আসিয়া বাস করিতেছে। [খাসি দেখ।]

খিখি (স্ত্রী) খিরিত্যব্যক্তশব্দেন খেটতি ভীরূণাং ভয়মুৎপাদয়তি খি-খিট্-ড। পৃষোদরাদিবৎ সাধুঃ। খ্যাক্‌শিয়ালী। 'খি-খি' স্থলে কিখি পাঠও দৃষ্ট হয়। (ত্রিকাণ্ড)

খিখির (পুং স্ত্রী) খিঙ্খির-পৃষোদরাদিবৎ সাধুঃ। খ্যাক্‌শিয়ালী। (বাচস্পত্য)

খিঙ্খির (পুং) খিমিত্যব্যক্ত শব্দং কিরতি-ক্ব-ক পৃষোদরাদিবৎ খত্বেন সাধুঃ। ১ শিবাভেদ, খ্যাকশিয়ালী। ২ খট্বাঙ্গ,

শিবের অস্ত্রবিশেষ। ৩ গন্ধদ্রব্যবিশেষ, বারিবালক, চলিত কথায় বালী বলে। (বিশ্ব) বাচস্পত্যে খিঙ্কির শব্দ দৃষ্ট হয়।

খিচ (দেশজ) ১ মতভেদ। ২ গণনায় বেঠিক। ৩ তর্ক-বিতর্ক। ৪ কর্কর।

খিচড় (খচ্চর শব্দজ) ১ নীচ, দুষ্ট। ২ কাদা। ৩ বিরক্তি।

খিচড়ী (খেচর শব্দজ) ১ তণ্ডুল ও কলায় মিশ্রিত পক্ক অন্ন-বিশেষ, খেচরান্ন। ২ মিশ্রিত।

খিচন (দেশজ) শরীরের বিকৃতি করণ, ঝাঁকন।

খিচনীয়া (দেশজ) বিরক্তির সহিত তিরস্কার।

খিচি চোহান, চোহান রাজপুতের একটী শাখা। কেহ কেহ বলেন, ইঁহারা কোন সময়ে দেবী ভগবতীকে এক পাত্র খিচুড়ি নিবেদন করেন, দেবী সন্তুষ্ট হইয়া ইঁহাদিগকে এক জায়গায় যাইতে আদেশ করেন। সেইখানে ইঁহারা রাশিকৃত সোণারূপা পাইয়া বড় লোক হইয়া পড়েন, সেই অবধি ইঁহারা আর খিচুড়ি খাননা। এই খিচুড়ি হইতে খিচি নাম হইয়াছে।

আবার কাহারও মতে—খিচর বা খিচ অর্থাৎ কর্দ্দমময় স্থানে ইহারা বাস করিত বলিয়া ইহারা খিচি এবং সেই স্থান "খিচিবার" নামে খ্যাত।

খিচি চোহানেরা বলিয়া থাকেন, শাম্ভরের রাজা মাণিক-রাওর ২৪ জন পুত্র, তন্মধ্যে অজয়রাও একজন, এই অজয়-রাও তাঁহাদের পূর্ব্বপুরুষ। তাঁহার ষোড়শ পুরুষে গয়াসিংহ জন্মগ্রহণ করেন, তাঁহার প্রসঙ্গরাও ও পিল্‌পঞ্জর নামে দুই পুত্র, উভয়ে খিচিপুরপাটনে বাস করেন। উভয়ে দিল্লীপতি পৃথ্বীরাজের সমসাময়িক। দিল্লীশ্বর তাঁহাদিগকে মালবের মধ্যে ১৮ হাজারগ্রামযুক্ত গাগ্‌রোন্ পরগণা দান করেন। জ্যেষ্ঠ ভ্রাতা নিঃসন্তান ছিলেন, কনিষ্ঠের চূড়পাল নামে এক পুত্র হইয়াছিল, তিনি মাউময়দানে রাজত্ব করিতেন। সিংহরাও, রতনসিংহ ও মল্লসিংহ এই তিনজন চূড়পালের বংশধর। মল্লসিংহ আপন তিন পুত্রকে রাজ্য ভাগ করিয়া দেন। জ্যেষ্ঠ জৈৎপাল বা চৈৎপালের অংশে গাগরোন্, মধ্যম অদলজীর অংশে অমলবাদ, এবং কনিষ্ঠ বিলাসের অংশে রামগড় পড়ে। বিলাসের কোন পুত্রাদি না থাকায় তাহার অবর্ত্তমানে তাহার অংশ উভয় ভ্রাতা ভাগ করিয়া লয়েন। এই সময়ে খিচিবার রাজ্য দুই অংশে বিভক্ত হয়। আবুলফজল আইনঅকবরীতে লিখিয়াছেন—জৈৎপাল (কাহারও মতে জৈৎসিংহ) কমালউদ্দীনকে বিনাশ করিয়া মালবরাজ্য (১৩২৪ খৃঃ অব্দে) অধিকার করেন।

জৈৎপালের পাঁচজন উত্তরাধিকারীর নাম পাওয়া যায়—১ সাবৎসিং, ২ রাও কণ্ডবা, ৩ রাজা পিপাজী*, ৪ মহারাজ দ্বারকানাথ, ৫ মহারাজ অচলদাস। অচলদাসের রাজত্বকালে মুসলমানেরা গাগরোন্ আক্রমণ করেন। অচল খিরিরাজের পূর্ব্বতন রাজধানী খিচিপুরপাটনে পলাইয়া গিয়া আত্মরক্ষা করেন। তৎপরে পিতৃরাজ্য উদ্ধার করিতে গিয়া ১৪৪৮ খৃষ্টাব্দে রণস্থলে মুসলমান হস্তে নিহত হন। ইঁহার সহিত গাগরোনের জ্যেষ্ঠ খিচিরাজবংশও শেষ হয়।

জৈৎপালের কনিষ্ঠ ভ্রাতা অদলজীর পুত্রের নাম ধারুজী, ইনি আলাউদ্দীন্ ঘোরির সমসাময়িক। খিচিদিগের নিকটে ধারুজী সবিশেষ ভক্তি ও শ্রদ্ধার পাত্র। রাজপুত ভাটেরা এখনও তাঁহার কীর্ত্তিগান করিয়া থাকেন। ভট্টগ্রন্থে লিখিত আছে—প্রধান প্রধান রাজপুতরাজগণ সুলতান্ আলা-উদ্দীনের আদেশে তাঁহার কন্যা গ্রহণ করিয়া তাঁহাকেও স্ব স্ব কন্যা প্রদান করেন। কিন্তু ধারুজী প্রবল প্রতাপ সুলতানের বাক্যে কর্ণপাত করেন নাই। তাহাতে রাজা ধারুজী রাজ্য হারাইয়া বনবাসী হইয়াছিলেন। অবশেষে সুলতান্ তাঁহার প্রতি সন্তুষ্ট হইয়া তাঁহাকে খিচিবারের ২২খানি জেলা দান করেন। তাঁহার ১২ জন পুত্রের মধ্যে অরিসিংহ জ্যেষ্ঠ, ইঁহার সময় খিচিবার রাজ্য দক্ষিণে শারঙ্গপুর ও সুজালপুর এবং পূর্ব্বে ভিল্‌সা পর্য্যন্ত বিস্তৃত হইয়াছিল। ভাটেরা বলেন যে, অরিসিংহ ষাট লক্ষ হিন্দু ও আঠার লক্ষ মুসলমানের উপর আধিপত্য বিস্তার করেন। তাঁহার পর তদ্বংশীয় সাতজন ব্যক্তি রাজা হন। যথা—সাতাবজী, হেমজী, আসলজী, রঙ্গমল্ল, রোহিতাস, দুর্গাদাস ও হামিরসেন, এই সাত ব্যক্তির সময়ে কোন বিশেষ ঘটনা হয় নাই। রাজা হামিরের পুত্র নারায়ণ দাস হুমায়ুনের সাহায্য করিয়াছিলেন বলিয়া পঞ্চহাজারী মন্‌সবদার পদ লাভ করেন। অকবর বাদশাহ তৎপুত্র শালিবাহনকে আসিরগড় দান করিয়াছিলেন। তৎপুত্র দীপশাহ। সম্রাট্ শাহজহান্ দীপশাহকে বড় ভালবাসিতেন। তাঁহার নিকট দীপ ১২খানি জেলা জায়গীর ও মূলতানের অধিকার প্রাপ্ত হন। তৎপুত্র রাজা গরীব-দাসের দুই পুত্র, জ্যেষ্ঠ লালসিংহ ১৬৭৭ খৃষ্টাব্দে রাঘবগড় স্থাপন করেন। যে সকল খিচিসর্দ্দার বর্ত্তমান আছেন, তাঁহারা লালসিংহ ও তাঁহার ভ্রাতার বংশধর।

লালসিংহের তিন পুত্র—ধীরৎ, সুজন ও কেশরী। এই তিন ভাই যথাক্রমে রাঘবগড়, রামনগর ও গড়ায় রাজত্ব করিতে থাকেন।

* ইনি রামানন্দের শিষ্য ছিলেন, ইহার সম্বন্ধে ভক্তমালে এক অদ্ভুত গল্প আছে। [পিপাজী দেখ।]

ধীরতের দুই পুত্র—গজসিংহ ও বিক্রমাদিত্য। অরঙ্গজিবের শেষাবস্থায় যখন সমস্ত রাজপুতবীর তাঁহার বিপক্ষ হইয়াছিলেন, যে উদ্বেগে বৃদ্ধ বাদশাহের মৃত্যু হয়, রাজা গজসিংহ সেই ষড়যন্ত্রে লিপ্ত থাকায় নিজ পিতৃসিংহাসন অনুজকে অর্পণ করিয়া উদয়পুরে রাণা সংগ্রামসিংহের আশ্রয় লইয়াছিলেন।

বিক্রমাদিত্যের দুই পুত্র বলভদ্র ও বুধসিংহ। বলভদ্র পিতৃসিংহাসনে ও বুধসিংহ ঈশাগড় জায়গীর পান। এখনও ঈশাগড় বুধসিংহের বংশধরগণের ভোগ দখলে আছে। রাজা বলভদ্রের পুত্র বলবন্ত সিংহ, তৎপুত্র জয়সিংহ। এই জয়সিংহের রাজ্যকালে (১৭৯০ হইতে ১৮১১ খৃঃ অঃ)-মহারাষ্ট্রসৈন্য খিচিরাজ্য আক্রমণ করে। তাহাতে জয়সিংহ ৫২ বার যুদ্ধ করিয়াছিলেন। ১৮১৬ খৃষ্টাব্দে সেনাপতি বাপ্তিস্তে পাঁচহাজার অশ্বারোহী, ৮ দল পদাতি ও বিস্তর গোলাগুলি লইয়া বজ্রাঙ্গগড় ও জয়নগর অধিকার করেন। তৎপরে তিনি রাঘবগড়ে রাজা জয়সিংহের বিরুদ্ধে অগ্রসর হন। বীরবর চোহানরাজ অদম্য সাহসে কিছুকাল রাজধানী রক্ষা করিয়াছিলেন। কিন্তু তাঁহার সে সাহস সে অধ্যবসায় ব্যর্থ হইল, তাঁহার কোন গৃহশত্রুর ষড়যন্ত্রে রাঘবগড় বিপক্ষ সৈন্যের হস্তগত হইল। জয়সিংহ সোপুর জঙ্গলে পলাইয়া গিয়া আত্মরক্ষা করেন। ১৮১৬ খৃষ্টাব্দে মনোকষ্টে তাঁহার মৃত্যু হয়। তাঁহার পুত্রের নাম দুকুল সিংহ। তিনি পিতৃরাজ্য উদ্ধার করিবার জন্য নানাস্থান হইতে সৈন্য সংগ্রহ করিয়া বিপক্ষদিগকে আক্রমণ করিলেন। এই সময় বৃটীশ গবর্ণমেণ্ট মধ্যস্থ হইয়া ১৮২০ খৃষ্টাব্দে রাজা দুকুলসিংহকে রাঘবগড় ও বালভেট জেলার সনন্দ দেওয়াইলেন। তদবধি ঐ স্থান তাঁহার বংশধরের অধিকারে আছে। উহার আয় ১৭৫০০০৲ টাকা। সেই সময় হইতে ঐ স্থান গোয়ালিয়ররাজের করদ হইল। প্রতিবর্ষে সিন্ধিয়া ১৩১৩৮৲ হালি টাকা কর পাইয়া থাকেন। [খিল্‌চিপুর দেখ।]

খিচিবার [খিল্‌চিপুর দেখ।]

খিচিমিচি (দেশজ) ১ তর্কবিতর্ক। ২ অব্যক্ত শব্দ।

"আমি তো না জানি সুললিত বাণী
আজ্ঞা কর মহারাজ! খিচিমিচি করি।" (আভাণক)

খিজাদিয়া নাগানিও, কাঠিবাড়ের আলাবা বিভাগের মধ্যবর্ত্তী একটী ক্ষুদ্র রাজ্য। এখানে একখানি গ্রাম আছে, তাহার অধিকারী একজন। আয় প্রায় হাজার টাকা, তন্মধ্যে গাইকবাড়কে ৫২৲ টাকা দিতে হয়।

খিজারিয়া, কাঠিবাড়ের গোহেলবার বিভাগের অন্তর্গত একটী ক্ষুদ্র রাজ্য। এই রাজ্য দুই ভাগে বিভক্ত, এক অংশ ২ বর্গমাইল, অপর অংশ ১ বর্গমাইল। প্রত্যেক অংশের আয় প্রায় আড়াই হাজার টাকা। তন্মধ্যে বরদার গাইকবাড়কে ৩৮০৲ এবং জুনাগড়ের নবাবকে ৪৭৲ টাকা কর দিতে হয়।

ইহা হোলগড় হইতে ৯ ক্রোশ দক্ষিণপূর্ব্বে এবং ধোলা হইতে আড়াই ক্রোশ উত্তরপশ্চিমে অবস্থিত।

খিট (দেশজ) মরিচা।

খিট্‌খিট্ (দেশজ) ক্রমাগত বকা, বিরক্তিপ্রকাশ।

খিটিমিটি (দেশজ) অনভিপ্রায় বা ক্রোধসূচক মুখভঙ্গিমা।

খিড়্‌কী (খড়কী শব্দজ) পক্ষদ্বার।

খিতাব (আরবী) পদবী, মর্য্যাদাসূচক উপাধি।

খিদা (ক্ষুধা শব্দ) ভোজনেচ্ছা, ক্ষুধা।

খিদির (পুং) খিদ্যতে কৃষ্ণপক্ষেণ দুঃখেন, তপসা বা, খিদ্ কিরচ্ (ইষিমদি-মুদি, খিদীত্যাদি। উণ্ ১।৫২) ১ চন্দ্র। (উণাদিকোষ) ২ দীন। ৩ তাপস। (সংক্ষিপ্তসার উণাদিবৃত্তি)

খিদিরপুর, কলিকাতার দক্ষিণপার্শ্বস্থ একটী উপনগর। অক্ষা° ২২°৩২´২৫˝ উঃ, দ্রাঘি° ৮৮°২২´১৮˝ পূঃ। এখানে জাহাজ মেরামতের বৃহৎ কারখানা আছে। [কলিকাতা দেখ।]

খিদ্‌মৎ (আরবী) বশ্যতাস্বীকার, পরিচর্য্যা।

খিদ্‌মদ্‌গার (পারসী) চাকর, যে আহারের স্থানে উপস্থিত থাকে।

খিদ্যমান (ত্রি) খিদ্-তাচ্ছীল্যে চানশ্। ১ খেদযুক্ত। ২ দৈন্যগ্রস্ত। ৩ উপতপ্ত।

"খিদ্যমানন্তু তং দৃষ্ট্বা সূর্য্যঃ কৃষ্ণাত্মজং তদা।" (শাম্বপুরাণ)

খিদ্র (পুং) খিদ-রক্ (স্ফায়িতঞ্চিবঞ্চিশকিক্ষিপি ক্ষুদীত্যাদি। উণ্ ২।১৩) ১ রোগ। ২ দরিদ্র। (উজ্জ্বল) ৩ ভেদন, ভেদ করা।

"বলিখা পর্বতানাং খিদ্রং বিভর্ষি পৃথিবি।" (ঋক্ ৫।৮৪।১)
'খিদ্রং খেদনং ভেদনঃ' (সায়ণ।)

খিদ্বন্ (ত্রি) খিদ্-অন্তর্ভূতণিজর্থে কনিপ্। খেদকারক।

"কস্তে ভাগঃ কিং বয়ো দুধ্র খিদ্বঃ পুরুহূত!" (ঋক্ ৬।২২।৪)
'খিদ্বঃ শত্রূণাং খেদয়িতঃ' (সায়ণ।)

খিন্ন (ত্রি) খিদ-ক্ত। ১ দৈন্যযুক্ত। ২ অলস। ৩ খেদযুক্ত।

"খিন্নঃ কার্ম্মেক্ষণেনৃপঃ।" (মনু)

খিপ্রা, ১ সিন্ধুপ্রদেশের থর ও পার্কর উপবিভাগের অন্তর্গত একটী তালুক। অক্ষা° ২৫°২৬´ হইতে ২৬°১৪´৪৫˝ উঃ এবং দ্রাঘি° ৬০°২´৪৫˝ হইতে ৭০°১৬´ পূঃ পর্য্যন্ত বিস্তৃত। এখানে ২৮ খানি গ্রাম, ৪৮৮৬ ঘর লোকের বসতি, লোক সংখ্যা ছাব্বিশ হাজারের অধিক। তন্মধ্যে অধিকাংশই মুসলমান।

২ উক্ত তালুকের প্রধান নগর। প্রায় শতাধিক বর্ষ পূর্ব্বে স্থাপিত। পূর্ব্ব নারারধারে অবস্থিত। অক্ষা° ২৫°৪৯´৩০´´ উঃ, দ্রাঘি° ৬৯°২৫´ পূঃ। এখানে টপ্পাদার ও মুক্তিয়ার্কারের প্রধান কাছারী, দাওয়ানী ও ফৌজদারী আদালত, পুলিস, ডাকঘর ও ধর্ম্মশালা আছে। এখানে প্রধানতঃ কৃষিজীবির বাস। কাপাস, পশম, নারিকেল, চিনি, তামাক ও শস্যাদির ব্যবসা আছে। কাপড়বোনা ও কাপড়ছোপান কাজও বেশ চলে।

খিম্‌লাসা, মধ্যপ্রদেশের সাগরজেলার কুরাই তহসীলের অধীন একটী নগর। সাগরসহর হইতে ২১ ক্রোশ উত্তর-পশ্চিমে অবস্থিত। অক্ষা° ২৪°১২´৩০´´ উঃ, দ্রাঘি° ৭৮°২৪´ ৩০´´ পূঃ। লোকসংখ্যা প্রায় তিনহাজার ও ৭১৩ ঘর লোকের বসতি। নগরের চারিদিকে প্রায় ১৪ হাত উচ্চ প্রাচীর দিয়া ঘেরা। মধ্যে একটী দুর্গ, দুর্গমধ্যে দুইটী সুন্দর বাটী ও পুলিস আছে।

এখানকার "শীষামহল" অর্থাৎ কাচপ্রাসাদ নামে হিন্দু-রাজবাটী ও উচ্চ গুম্বেজযুক্ত একটী সমাধিমন্দির দেখিবার জিনিস।

শীষামহলের পূর্ব্বশ্রী আর নাই বটে, কিন্তু এখনও দ্বিতল ও ত্রিতলের গৃহগুলি দর্পণমণ্ডিত।

পূর্ব্বে এই নগর দিল্লীর বাদশাহের অধীন ছিল, কিন্তু ১৬৯৫ খৃষ্টাব্দে নিঃসন্তান পন্নারাজের মৃত্যু হইলে পেশবার প্রতিনিধি এখানকার দুর্গ অধিকার করিয়া বসেন। ১৮১৮ খৃষ্টাব্দে সাগর জেলার সহিত এই স্থান বৃটীশ গবর্ণমেণ্টের অধিকারভুক্ত হয়। ১৮৫৭ খৃষ্টাব্দে জুলাইমাসে, সিপাহী বিদ্রোহীর সময় ভানপুরের রাজা এই স্থান আক্রমণ করেন। বিদ্রোহীগণের অত্যাচারে নগরের বিশেষ ক্ষতি হয়, সেই সময়ে অনেক অধিবাসী সহর ছাড়িয়া পলাইয়া যায়। এখনও অনেক ভগ্নগৃহ ও খালি বাড়ী পড়িয়া আছে।

এখানে অল্পদিন হইল দুইটী পাঠশালা ও বালিকা-বিদ্যালয় স্থাপিত হইয়াছে।

খিরণ, অযোধ্যাপ্রদেশের রায়বরেলী জেলায় দলমৌ তহসীলের অন্তর্গত একটী পরগণা। এই পরগণার উত্তরদিকে মৌরান্‌বান, পূর্ব্বে দল্‌মৌ তহসীল ও রায়বরেলী, দক্ষিণে সরেনী ও পশ্চিম দিকে পনহান, ভগবন্ত নগর, বিহার ও পাটন প্রভৃতি কএকটী বিভাগ। ইহার ভূমিপরিমাণ ১০২ বর্গমাইল, গবর্ণমেণ্টকে দেয় বৎসরে ৯০৭০০৲ টাকা রাজস্ব। ইহার মধ্যে ১২৩খানি গ্রাম বা মৌজা আছে, তন্মধ্যে ৭৮খানি মৌজা তালুকদারী সত্বে, ২০খানি জমিদারী সত্বে ও ২৪খানি পট্টিদারী বন্দোবস্তে বিলি আছে। সর্ব্ব-প্রথমে এই পরগণা ভরজাতির অধিকারে ছিল। ৭০০ বৎসর পূর্ব্বে বৈশবংশীয় রাজা অভয়চাঁদ ভরদিগের নিকট হইতে কাড়িয়া লইয়া নিজ রাজ্যের অন্তর্গত করিয়া লয়েন। তাঁহার অষ্টম পুরুষ রাজা সাতনা এই পরগণা মধ্যে সাতনপুর নামে একটী নগর স্থাপন করেন। পরে অযোধ্যার নবাব আসফ্ উদ্দৌলার রাজত্ব সময়ে এই স্থানের তহসীলদার খিরণে একটী দুর্গ নির্ম্মাণ করেন। দুর্গের নিকট খিরণ নগর, এইখানেই তহসীলদারী আছে। ১টী পাঠশালা আছে ও সপ্তাহে সপ্তাহে বাজার বসিয়া থাকে। এই সমগ্র পরগণাতে ৫টী গ্রাম্য বাজার আছে। বৎসরে দুইবার মেলা হইয়া থাকে। হিন্দুরাজাদিগের অধিকারকালে যে মাটির গাঁথনীর কেল্লা ছিল, তাহার ধ্বংসাবশেষ এখনও দেখিতে পাওয়া যায়।

খিরপাই, মেদিনীপুর জেলার একখানি গণ্ডগ্রাম। এখানে অনেক তাঁতির বাস। এস্থানে একপ্রকার সুন্দর ও মূল্য-বান্ বস্ত্র তৈয়ারি হইয়া থাকে।

খিরাস্র, কাঠিবাড়ের অন্তর্গত হল্লার বিভাগের মধ্যে একটী ক্ষুদ্ররাজ্য। ভূমিপরিমাণ ১৩ বর্গমাইল। ইহার মধ্যে ১৩ খানি মৌজা আছে। এখানকার রাজা ইংরাজ গবর্ণমেণ্টকে ২৩৬৬৲ টাকা ও জুনাগড়ের নবাবকে বৎসরে ৩৫০৲ টাকা কর স্বরূপ দিয়া থাকেন।

খিরহিট্টী (স্ত্রী) মহাসমঙ্গা। (রাজনি°) হিন্দীতে কহগিয়া-গাছ বলে।

খিরাজ (আরবী) রাজা প্রজাদিগকে শত্রু হইতে রক্ষা করিতেন বলিয়া প্রজারা জমির উৎপন্ন দ্রব্যের আংশিক ভাগ কর স্বরূপ অর্পণ করিত, এই রাজভাগকে হিন্দুরা কর ও মুসলমানেরা খিরাজ বলে। খিরাজী আবার দুই প্রকার—মুকাশিয়ামা ও ওয়াজিফা, ভারতের মুসলমান রাজগণ এই দুই প্রকারে কর আদায় করিতেন। অক্‌বর বাদশাহের সময় হইতে এই প্রথা উঠিয়া যায়।

খির্‌কিচ (দেশজ) ১ গোলমাল, প্রত্যূহ। ২ খিচ্।

খিল (ত্রি) খিল-ক। ১ অকৃষ্ট, যাহা চাষ করা হয় না। ২ উৎসন্ন। ৩ বিষ্ণু।

"খিলো নারায়ণঃ প্রোক্তস্তদ্‌গুণা ইষবঃ স্মৃতাঃ"

৪ সারসংক্ষিপ্ত, পরিশিষ্ট। যথা ঋগ্বেদের শ্রীসূক্তাদি, যজুর্ব্বেদে শিবসঙ্কল্পাদি এবং মহাভারতে হরিবংশ খিল নামে প্রসিদ্ধ। (দেশজ) ৫ আলি।

খিলকা (দেশজ) ভিক্ষুক পরিচ্ছদবিশেষ, আলখাল্লা।

খিলঘরা (দেশজ) কুমীরকে, যাহার মধ্য দিয়া থাকে।

খিলজমী, যে জমী আপাততঃ পতিত আছে, কিন্তু চাষ করিলে যাহাতে ফসল হইতে পারে, তাহাকে খিলজমী কহে।

খিলাত, বলুচিস্থানের রাজধানী। ইহার যথার্থ নাম কলাৎ। বেলুচিস্থানের রাজা খিলাতের খাঁ নামে প্রসিদ্ধ। এই নগর অক্ষা° ২৮°৫৬´ উঃ এবং দ্রাঘি° ৬৬°২৮´ পূঃ মধ্যে অবস্থিত। সমুদ্রপৃষ্ঠ হইতে ৪৫১২ হাত উচ্চ। এই নগর শাহমর্দ্দান নামক চূণাপাথরের পাহাড়ের উত্তর শিখরের উপর নির্ম্মিত। ইহার তিনটী ফটক—খানী মাস্তঙ্গ্, বেলাই মাস্তঙ্গ্ ও বেলা। সহরে যাইবার পথের মুখে যে দুইটি ফটক আছে, তাহাই তত্তৎ নামে খ্যাত। খানী ফটক খাঁ শব্দ হইতে উৎপন্ন। নগরে দুইটী দুর্গ আছে। প্রাচীন দুর্গের নাম মিরি, ইহাই এখন খাঁর প্রাসাদ। নগরের প্রাচীর মৃত্তিকানির্ম্মিত, মধ্যে মধ্যে মুরচা। প্রাচীর ও মুরচার গাত্রে বন্দুক চালাইবার জন্য গবাক্ষ আছে। নগরের পথঘাট অতি জঘন্য। বাজার বৃহৎ ও সর্ব্ব দ্রব্যপূর্ণ। নগরমধ্যে একটী স্বচ্ছসলিলা নদী প্রবাহিত। মিরি দুর্গে প্রচুর অট্টালিকা আছে, ইহা বর্ত্তমান মুসলমান্ রাজবংশের পূর্ব্ববর্ত্তী হিন্দুরাজগণের নির্ম্মিত। এখানকার দরবারগৃহ অতিসুন্দর। দরবারগৃহের সম্মুখে বারাণ্ডা, এই বারাণ্ডা হইতে নগরের ও চতুষ্পার্শ্বের পর্ব্বতাদির দৃশ্য অতি সুন্দর দেখায়। নগরের পূর্ব্বে ও পশ্চিমে দুইটী উপকণ্ঠ আছে। উপকণ্ঠ লইয়া নগরের অধিবাসীর সংখ্যা প্রায় ১৪ হাজার। অধিবাসীর মধ্যে ব্রহুই, হিন্দু, দেহবার, বাবি, পারসিক, তুর্ক প্রভৃতি প্রধান। খাঁ স্বয়ং ব্রহুইজাতীয়। নগরের পূর্ব্বদিকে অনেকগুলি সুরম্য উদ্যান-বিশিষ্ট উপত্যকা, তন্মধ্যে 'শিয়ালকোহ্' প্রধান, এই উপত্যকায় ৪৫০ লোকের বাস ও ১০০ গৃহ আছে।

[বলুচ ও বলুচিস্থান দেখ।]

খিলান (দেশজ) ইষ্টকাদির গ্রন্থনবিশেষ।

খিলানীয়া (দেশজ) যাহা খিলান করা হইয়াছে।

খিলারি, বোম্বাই প্রদেশের এক জাতীয় গোরু। দাক্ষিণাত্যের খান্দেশ প্রদেশের পশ্চিমাংশে খিলারি নামক গো-পালকদিগের নাম হইতেই এই গোরুর নাম হইয়াছে। খিলারি দেখিতে অতি সুন্দর, বলিষ্ঠ ও দ্রুতগামী। ইহাদের পশ্চাদির জ্ঞান এত তীক্ষ্ণ, যে কার্য্যের জন্য যাহা শিক্ষা দেওয়া যায়, তাহা যেন সহজেই বুঝিতে পারে। এক জোড়া খিলারি বলদ ঘণ্টায় ৬ মাইল হিসাবে দুই তিন দিন সমভাবে এক-খানি গাড়ী টানিয়া লইয়া যাইতে পারে। গাভীর রং দুগ্ধের ন্যায় শাদা ও ষাঁড়গুলির ঘাড়ের কাছে কেবল লাল আভাযুক্ত। শৃঙ্গগুলি মোটা ও সোজা, কেবল গাভীর শিং এঁকাবেঁকা হইয়া থাকে। সাতারা ও পন্ধরপুরের মধ্যবর্ত্তী পার্ব্বত্যপ্রদেশ এই গোর জন্মভূমি।

খিলী (দেশজ) পর্ণাদির বীটিকা, পানের বীড়া।

খিলীকৃত (ত্রি) খিল চ্বি কৃ-ক্ত। ১ যাহা দুর্গম করা হইয়াছে। "তৌ সুকেতু সুতয়া খিলীকৃতে কৌশিকাদ্বিদিত শাপয়া পথি।" (রঘু ১১।১৪) ২ নিরুদ্ধ।

খিলীভূত (ত্রি) খিল-চ্বি-ভূ-ক্ত। যাহা দুর্গম হইয়াছে। "খিলীভূতে বিমানানাং তদাপাতভয়াৎ পথি।" (কুমার ২।৪৫)

খিলেষু (পুং) খিলস্য হরেরিষুর্গুণোযত্র বহুব্রী। হরিবংশ। "খিলেষু হরিবংশে" (হরিবংশসমাপ্তিপুষ্পিকা)

খিল্‌চিপুর, মধ্যপ্রদেশের ভূপাল এজেন্সীর অন্তর্গত একটী করদরাজ্য। অক্ষা° ২৩°৫২´ হইতে ২৪°১৭´ উঃ, দ্রাঘি° ৭৬°২৮´ হইতে ৭৬°৪৫´ পূঃ।

ইহার প্রাচীন নাম খিচিপুরপাটন। পূর্ব্বে এই রাজ্য উত্তরে গাগোর, দক্ষিণে শারঙ্গপুর, পশ্চিমে ও পূর্ব্বে কুম্‌রাজ পর্য্যন্ত বিস্তৃত ছিল। পাঠানরাজগণের আক্রমণে এই রাজ্য ক্রমশঃ খর্ব্ব হইয়া পড়ে, এক্ষণে ইহার পরিমাণ ২৭৩ বর্গমাইল মাত্র। লোকসংখ্যা প্রায় ৪০ হাজার। আয় প্রায় ১৭৫০০০৲ টাকা। তন্মধ্যে গোয়ালিয়ররাজকে ১৩১৩৮৲ টাকা কর দিতে হয়।

বর্ত্তমান খিচিরাজের নাম রাও অমরসিংহ বাহাদুর। পূর্ব্ব রাজা নিঃসন্তান অবস্থায় মরিলে তাঁহার বিধবা মহিষী গোয়ালিয়র রাজের অনুমতিক্রমে অমরসিংহকে দত্তকগ্রহণ করেন। ইনি ১৮৬৯ খৃষ্টাব্দে রাজপদ প্রাপ্ত হন। ইঁহার অধীনে ৪০ জন অশ্বারোহী ও ২০০ পদাতি সৈন্য আছে। বৃটীশ গবর্ণমেণ্ট হইতে দিল্লীর দরবারে সম্মানার্থ ইনি ৯টী তোপ পান।

খিল্য (ত্রি) খিলে ভবঃ খিল-যৎ। ১ খিল হইতে উৎপন্ন। "সৈন্ধব খিল্যঃ উদকে°প্রান্ত উদকমেবানু বিলীয়েত।" (শত° ব্রা° ১৪।৫।৪।১২) ২ পরিশিষ্টপঠিত, পরিশিষ্টে যাহার পাঠ করা হয়। "ইদানীং খিল্যান্ন্যচ্যন্তে" বেদদীপ।

৩ প্রাণিগণের গমনযোগ্য।

"উত খিল্যা উর্ব্বরাণাং ভবন্তি" (ঋক্ ১০।১৪২।৩)

'খিল্যাঃ খিলাঃ প্রাণিভির্গন্তুং যোগ্যাঃ' সায়ণ।

খিসোর, পঞ্জাবের ডেরা ইস্‌মাইল্ খাঁ জেলার মধ্যবর্ত্তী একটী গিরিমালা। অপর নাম 'রত্তা রো' অর্থাৎ রক্তময় গিরি। অক্ষা° ৩২°১৩´ হইতে ৩২°৩৪´ উঃ এবং দ্রাঘি° ৭০°৫৬´ হইতে ৭১°২১´ পূঃ মধ্যে অবস্থিত।

এই গিরিমালা ১৪০০ হইতে ২৩৩৪ হাত পর্য্যন্ত উচ্চ, ৫০ মাইল দীর্ঘ ও ৬ মাইল বিস্তৃত। এই গিরিশিখরে

কতকগুলি প্রাচীন হিন্দুদুর্গের ভগ্নাবশেষ ও কতকগুলি ভগ্ন দেবমন্দির পড়িয়া আছে। ঐ সকল ভগ্নাবশেষ এখন "কাফিরকোট" নামে খ্যাত। এই শৈলমালার মধ্যে বিলোৎ নামক স্থানে সৈয়দপীরের মস্‌জিদ, নিকটস্থ লোকের নিকট অতি প্রসিদ্ধ। প্রবাদ আছে, সেই পীর নাকি লোহার নৌকায় চড়িয়া সিন্ধুপার হইতেন। তাঁহার বংশধর মখ্‌দুম বিলোতের জায়গীর ভোগ করিতেছেন।

এখানকার চূণাপাথরযুক্ত পাহাড়ে বহুযুগের প্রাচীন প্রস্তরীভূত অনেক জীবদেহ পাওয়া যায়। ইহার স্থানে স্থানে উষ্ণপ্রস্রবণ আছে, তন্মধ্যে মিরি খিসোরের নিকটবর্ত্তী গরোবা নামক প্রস্রবণটী প্রধান। পাহাড়ের উপর কৃষি-যোগ্য অনেক উর্ব্বরা জমি আছে। ভাল রকম বর্ষা হইলে গম ও বাজরা প্রচুর জন্মে। পাহাড়ের পাদদেশে তামাক উৎপন্ন হয়।

খীল (পুং) কীল পৃষোদরাদিবৎ সাধুঃ। কীলক।

"ত্রীণি শতানি শঙ্কবঃ ষষ্টিশ্চ খীলা অবিচাচলা যে।"

(অথর্ব্ব ১০।৮।৪)

খুঁআড় (দেশজ) যে ঘেরা জায়গায় বহুসংখ্যক গোমেষাদি বিক্রয়ার্থ বা পালনার্থ আবদ্ধ থাকে।

খুঁইয়া (ক্ষুদ্রশব্দজ) ক্ষুদ্র, ছোট।

খুঁচ (দেশজ) ১ অতি সহজে কাটা। ২ সহজে, অনায়াসে।

খুঁচি (দেশজ) ১ খড়ের চালে গুঁজি দেওয়া। ২ পরিমাণ-বিশেষ, আট মুঠিতে এক খুঁচি।

খুঁজ (দেশজ) অনুসন্ধান, অন্বেষণ।

খুঁট (দেশজ) ১ বস্ত্রের প্রান্তভাগ। ২ সমান।

খুঁট-আখুরে (দেশজ) যে অল্প লেখাপড়া জানে। যে ব্যক্তি অতি সামান্য বিষয় লইয়া বিষম বাদানুবাদ করে, অর্থাৎ অতর্কিতরূপে কিছুই পার হইতে দেয়না।

খুঁটঝাড়া (দেশজ) সম্পূর্ণরূপে।

খুঁটন (দেশজ) কুড়িয়া লওন।

খুঁটনি (দেশজ) ১ বিন্দু, চিহ্ন। ২ খুঁটিয়া লওন।

খুঁটা (দেশজ) কীলক।

খুঁটান (দেশজ) তুলনা করা।

খুঁটী (দেশজ) স্তম্ভ, থাম।

খুঁটীগাড়ী (দেশজ) মাছধরা বা নৌকা বাঁধিবার জন্য নদী কিনারায় খুঁটী গাড়িতে হইলে জমিদারকে যাহা দিতে হয়, তাঁহাকে খুঁটীগাড়ী বলে। খুঁটীগাড়ী, খুঁটীগাড়ি এই উভয়রূপই লিখিবার নিয়ম আছে।

খুঁত (ক্ষতশব্দজ) ১ ক্ষতচিহ্ন। ২ দোষ, কলঙ্ক।

খুঁৎখুঁৎ (দেশজ) অনভিপ্রায়সূচক অস্পষ্ট শব্দ।

খুঁৎখুঁতিয়া, যে খুঁৎ আছে ভাবিয়া অকারণে অনভিপ্রায় প্রকাশ করিতে চেষ্টা করে।

খুকী (কুক্ষি শব্দজ) ক্ষুদ্রবালিকা, দুগ্ধপোষ্যা।

খুক্‌খুকানি (দেশজ) খুসখুসে কাসি।

খুখুন্দ, একটী প্রাচীন নগর। গোরখপুর হইতে ১৯ ক্রোশ দক্ষিণপশ্চিমে অবস্থিত।

এক সময়ে এই নগর বহুজনাকীর্ণ পুণ্যস্থান বলিয়া প্রসিদ্ধ ছিল। এখনও ইহার মধ্যে ভূরি ভূরি প্রাচীন কীর্ত্তি পড়িয়া রহিয়াছে। পুরাবিদ্ কানিংহাম্ সাহেব লিখিয়াছেন, "নালন্দা ব্যতীত এত প্রাচীন ধ্বংসাবশেষ আর কোথাও দেখি নাই।"

এখন আর এই নগরে তেমন লোকের বাস নাই। স্থানে স্থানে বিস্তর হিন্দু দেবদেবী ও জৈন তীর্থঙ্করদিগের মন্দির ও প্রতিমূর্ত্তি পড়িয়া আছে। কিন্তু একজন জৈনও এখানে বাস করে না। মধ্যে মধ্যে গোরখপুর ও পাটনা হইতে শ্রাবক ও জৈনবণিকগণ এখানে দেবদর্শনে আসিয়া থাকেন। এখানকার হিন্দুদেবালয় ও দেবমূর্ত্তির অধিকাংশই ভাঙ্গিয়া গিয়াছে।

খুঙ্গী (দেশজ) ক্ষুদ্রবংশনির্ম্মিত পেটিকা।

"খুঙ্গীপুথি রত্নভারে দিতে হবে সবাকারে।" (বিদ্যাসুন্দর)

খুচ্ (দেশজ) ১ হঠাৎ, অতর্কিতভাবে। ২ সরল; নির্বিঘ্ন।

খুচরা (দেশজ) অতি সামান্য, অতি অল্প।

খুঙ্‌গাহ (পুং) খুমিত্যব্যক্তং শব্দং কৃত্বা গাহতে গাহ-অচ্। কৃষ্ণবর্ণ ঘোটক। (হেম°)

খুজতল্লাসী (দেশজ) সন্ধান, অন্বেষণ।

খুজন (দেশজ) অন্বেষণ।

খুজরা (দেশজ) খুচরা, অল্প, সামান্য।

খুজিস্থান, পারস্যদেশের দক্ষিণপশ্চিমে অবস্থিত একটী প্রদেশ। ইহার উত্তরে লুধিস্থান ও বখ্‌তিয়ারী পর্ব্বত, দক্ষিণে পারস্য উপসাগর ও পশ্চিমে শাটউল্ আরব। ইহার শাসনকার্য্য চব আরবের এবং শুস্তরের সেখদিগের মধ্যে বিভক্ত। শুস্তর নগরই রাজধানী। ইহাতে অনেক খাঁড়ি আছে। করুণ, দিজফুল, জুরাহি, কেরখা প্রভৃতি নদী প্রধান। এখানে অধিকাংশ লোকই গৃহশূন্য, তাঁবুতে বাস করে। কিন্তু শুস্তরের লোকেরা বিশেষ বিত্তশালী না হইলেও প্রস্তরের বাটীতে বাস করে। এখানে 'সর্দ্দ আর' বা ভূগর্ভস্থ গৃহ আছে। এখানকার খাঁড়িগুলি ইউফ্রেটিসের প্রাচীন মোহানা বলিয়া খ্যাত। সামিদা নামক বৃহৎ জলাভূমি পূর্ব্বে কাল-

ডিয়ান হ্রদের অংশ ছিল। খুজিস্থান পারস্যের অন্তর্গত হইলেও সাধারণতঃ আরবীস্থান নামে কথিত হয়। ষ্ট্রাবো ইহাকে 'সুসিয়ানা' ও হেরোদোতাস্ ইহাকে 'সিসা' নামে উল্লেখ করিয়া গিয়াছেন। কেরম্মার নিকট প্রাচীন সুসের ভগ্নাবশেষ আছে।

খুজ্জাক (পুং) খুজ আক নিপাতনাৎ জকারস্য দ্বিত্বং। দেবতাড়ক বৃক্ষ। (রত্নমালা)

খুজ্জাক স্থলে খুঞ্জাক পাঠও দৃষ্ট হয়।

খুজ্‌লানি (দেশজ) চুল্‌কানি।

খুজ্‌লী (দেশজ) একপ্রকার গাছ। (Hibiscus pistus) ইহা স্পর্শ করিলে চুলকানি ধরে।

খুঞ্চিয়া (দেশজ) চুবড়ী, পাত্র।

খুড়তত (দেশজ) খুল্লতাত, খুড়া।

খুড়ততবোন (দেশজ) খুল্লতাতের কন্যা।

খুড়ততভাই (দেশজ) খুল্লতাতের পুত্র।

খুড়ন (খনন শব্দজ) খনন, খোঁড়ন।

খুড়া (খুল্ল শব্দজ) পিতৃব্য, পিতার কনিষ্ঠ ভ্রাতা।

খুড়াত (খুল্লতাত শব্দজ) খুল্লতাত সম্বন্ধীয়।

খুড়াতবহিন্ (দেশজ) পিতৃব্যকন্যা।

খুড়াতভাই (দেশজ) পিতৃব্যপুত্র।

খুড়ক (পুং) খুলক লকারস্য ডকারঃ। গুল্মভাগবিশেষ।

"ন্যস্তে তু বিষমে পাদে রুজঃ কুর্য্যাৎ সমীরণঃ।
বাতকণ্টক ইত্যেষ বিজ্ঞেয়ঃ খুড়কাশ্রিতঃ।"
(সুশ্রুত নিদান ১ অঃ) [খুলক দেখ।]

খুড়ী (দেশজ) পিতৃব্যপত্নী।

খুতাহন্, উ° প° প্রদেশের জৌনপুর জেলার একটী তহসীল। ভূপরিমাণ ৩৬৭ বর্গ মাইল। ইহার উঙ্গ্‌লি, রারি, বদলাপুর, কর্য্যাৎ মেন্ধা ও চন্দা এই পাঁচখানি পরগণা ও ৬৯৭ খানি গ্রাম আছে। লোকসংখ্যা তিন লক্ষ। কৃষকদিগের নিকট হইতে মোট আদায় ৫১৭০৫০৲ টাকা, তন্মধ্যে রাজস্ব ২২৫৮৩০৲ টাকা।

এখানে ৪টী দেওয়ানী ও ৪টী ফৌজদারী আদালত আছে। ইহার মধ্য দিয়া গোমতী নদী প্রবাহিত, এই নদীপথেই যাতায়াত চলে। ইহার পূর্ব্বভাগে ৪টী রেল ষ্টেসন হইয়াছে। ইহার প্রধান কাছারী খুতাহন্ নামক গ্রামে। এই গ্রামটী অক্ষা° ২৫° ৫৮´ ৭´´ উঃ, দ্রাঘি° ৮২° ৩৬´ ৫৮´´ পূঃ, গোমতী নদী-তীরে জৌনপুরসহর হইতে ৯ ক্রোশ উত্তরপশ্চিমে অবস্থিত। গ্রামে প্রায় হাজার লোকের বাস, পুলিস ও ডাকঘর আছে। প্রতি বুধবার ও শনিবারে হাট বসে।

খুৎগাঁ, মধ্যপ্রদেশের চান্দা জেলার মধ্যবর্ত্তী একটী জমিদারী, ৪২ খানি গ্রাম ইহার অন্তর্গত, পরিমাণ ১৫৭ বর্গমাইল, এখানে ৬৯২ ঘর লোকের বসতি।

খুত্তীর্য্য (পুং) একজন প্রাচীন জ্যোতির্ব্বিদ্।

খুদ্ (ক্ষোদ শব্দজ) তণ্ডুলকণা, তণ্ডুলের ক্ষুদ্রাংশ।

খুদ্‌কাস্ত (পারসী) নিজের জোতে নিজে চাষ করা।

খুদ্‌কাস্তা (পারসী) [খুদ্‌কাস্ত দেখ।]

খুদকাস্ত রায়ৎ (পারসী) যে প্রজা নিজের জোতে চাষ করে।

খুদাবন্দ খাঁ (খোদাবন্দ খাঁ) আমীর-উল্-ওম্‌রা সায়েস্তা খাঁর পুত্র। ইনি স্বীয় পিতার জীবদ্দশায় এক হাজারী মন্‌সবদার ও বরাইচের শাসনকর্ত্তা ছিলেন। ১৬৯৪ খৃষ্টাব্দে ইহার পিতার মৃত্যু হইলে ইনি দিল্লীতে আসিয়া জুম্মৎ-উল্-মুলুক আসাদ খাঁর কন্যাকে বিবাহ করেন ও ১৭০০ খৃষ্টাব্দে অরঙ্গজিব কর্ত্তৃক বিদরের ও বিজাপুর-কর্ণাটের শাসনকর্ত্তা এবং আড়াই হাজারী মন্‌সবদার পদ প্রাপ্ত হন। বাদশাহের মৃত্যুর সময় ইনি তিন হাজারী মন্‌সবদার হইয়াছিলেন। বাদশাহের মৃত্যুর পর তাঁহার পুত্রগণের বিবাদে ইনি আজিমশাহের পক্ষাবলম্বন করিয়া যুদ্ধ করেন এবং ১৭০৭ খৃষ্টাব্দে যুদ্ধে আহত হইয়া মারা পড়েন।

খুদাবাদ, একটী প্রাচীন নগর, সিন্ধুপ্রদেশের করাচি বিভাগের অন্তর্গত দাদু তালুকের মধ্যে, দাদু হইতে ৪ ক্রোশ দক্ষিণ-পশ্চিমে ও সেহবান হইতে ৮ ক্রোশ উত্তরপশ্চিমে অবস্থিত। অক্ষা° ২৬° ৩৮´ ৩৫´´ উঃ, দ্রাঘি° ৬৭° ৪৪´ ৩০´´ পূঃ।

এখন এই নগর এককালে শ্রীহীন হইয়াছে, চল্লিশবর্ষ পূর্ব্বে তলপুর মীরগণ এখানে বাস করিতেন, তৎকালে ইহা সমৃদ্ধিশালী ও বিস্তর লোকের এখানে বসবাস ছিল; এখন তলপুর মীরদিগের গোরস্থান পূর্ব্ব সমৃদ্ধির কতকটা পরিচয় দিতেছে।

খুদেওকুড়া, বন্যলতাবিশেষ।

খুদেজাম (ক্ষুদ্রজম্বূ শব্দজ) ক্ষুদ্রজাম।

খুন (পারসী) মারণ, বধকরণ, মারিয়া ফেলা।

"নষ্টের এ বড় গুণ, পিঠেতে মাথয়ে চূণ,
কি দোষ পাইয়া ওরে কোটালিয়া মারিয়া করিলি খুন।"
(ভারত—বিদ্যাসুন্দর)

খুন, বোম্বাই প্রেসিডেন্সীর আহ্মদাবাদ জেলার দণ্ডক নামক উপবিভাগের অন্তর্গত একটী বন্দর। ভাদর বা ধোলেরা হইতে আড়াই ক্রোশ। ভাদর খাঁড়ির প্রবেশপথে অক্ষা° ২২° ৩´ ৩০´´ উঃ এবং ৭২° ১৭´ ৩০´´ পূঃ দ্রাঘিমায় একটী আলোঘর আছে। সেই গৃহে প্রায় ৩৪ হাত উচ্চে দীপমালা থাকে, ৮ ক্রোশ দূর হইতে তাহার আলোক দেখা যায়।

খুনমুষ, কাশ্মীরের একটী প্রাচীন অগ্রহার। বর্ত্তমান নাম খুনমো। [কাশ্মীর দেখ।]

খুন্তি (খনিত্র শব্দজ) লৌহময় অস্ত্রবিশেষ।

খুন্তী (দেশজ) খুন্তি।

খুন্দলু, পঞ্জাবের হিন্দুর রাজ্যের মধ্যে একটী হ্রদ, শতদ্রু হইতে শিবালিক পর্য্যন্ত বিস্তৃত। ১৩৮ ফিট গভীর। সমুদ্রপৃষ্ঠ হইতে ২৮০০ ফিট্ উচ্চে।

খুপ্ (দেশজ) অতি শীঘ্র, হঠাৎ।

খুব (পারসী) উত্তম, ভাল।

খুবরি (ক্ষুপ শব্দজ) ক্ষুদ্র কুঁড়িয়া ঘর, ঝুপড়ী।

খুবরীখাবরি (দেশজ) ক্ষুদ্র ক্ষুদ্র কুটীর।

খুব্‌সূরৎ (পারসী) সুন্দর, সুশ্রী।

খুবানি (পারসী) ফলবিশেষ, চলিতভাষায় 'খোপানী' বলে।

খুবি (পারসী) শ্রী, সৌন্দর্য্য।

খুম্‌খুমনি (দেশজ) বিদ্বেষ, আন্তরিক ক্রোধ।

খুর (পুং) খুর-ক। ১ শফ, অশ্বাদির পায়ের খুর।

"নভিন্নশৃঙ্গাক্ষিখুরৈর্ন বালধিবিরূপিতৈঃ।" (মনু ৪।৬৭)

২ কোলদল, কুলের পাতা। ৩ নখীনামক গন্ধদ্রব্য। ৪ নাপিতের অস্ত্রবিশেষ। (শব্দরত্নাবলী) ৫ খট্টাপাদ, খাটের পায়া। (ধরণী)

খুরক (পুং) খুর ইব কায়তি কৈ-ক। তিলবৃক্ষ। (শব্দচিন্তা°)

খুরণস (ত্রি) খুর ইব নাসিকাঅস্য বহুব্রী নসাদেশঃ টচ্ ণত্বঞ্চ। চিপিটনাসিক, চেপ্টানাক, খাঁদা।

খুরধা (খোরদা, খুরদা) উড়িষ্যার অন্তর্গত পুরীজেলার একটী উপবিভাগ। ইহা ১৯° ৪০´ ৩০´´ হইতে ২০° ২৫´ ১৫´´ উঃ অক্ষাংশে এবং ৮৫° ০´ ১৫´´ হইতে ৮৫° ৫৬´ পূঃ দ্রাঘিমায় অবস্থিত। ইহার পরিমাণ ফল ৯৪৩ বর্গমাইল। লোকসংখ্যা (১৮৮১) ৩২৩৪০৫ জন, তন্মধ্যে হিন্দুর সংখ্যাই অধিক। এই উপবিভাগ দুইটী থানায় বিভক্ত—খুরধা ও বাণপুর।

উড়িষ্যার প্রাচীন হিন্দুরাজগণের অধঃপতন হইলে শেষ রাজারা এই ক্ষুদ্র উপবিভাগটী মাত্র লইয়া কিছুকাল স্বাধীন ছিলেন। ইহার জঙ্গল ও পর্ব্বতাদি মহারাষ্ট্র অশ্বারোহী সৈন্যের পক্ষে দুর্ভেদ্য ও দুরারোহ হওয়ায় তাঁহারা স্বাধীনতা রক্ষা করিতে পারিয়াছিলেন। শেষে ১৮০৪ খৃষ্টাব্দে এখানকার রাজা ইংরাজরাজের বিরুদ্ধে অস্ত্র ধারণ করেন, তাহাতে ইংরাজরাজ তাঁহার রাজ্য কাড়িয়া লন। সেই অবধি ইহা ইংরাজের অধীন হইয়া পড়িয়াছে।

গৌরাঙ্গের সমসাময়িক গঙ্গাবংশীয় রাজা প্রতাপরুদ্রদেব ১৫২৪ খৃষ্টাব্দে স্বর্গগত হন। ইহার সহিত গঙ্গাবংশের গৌরব নষ্ট হয়। তাঁহার মৃত্যুর পর তাঁহার ৩২টী পুত্রের মধ্যে জ্যেষ্ঠ রাজা হন, কিন্তু তিনি প্রভূত ক্ষমতাশালী মন্ত্রী গোবিন্দ বিদ্যাধরের হস্তে নিহত হন। তৎপরে দ্বিতীয় পুত্র রাজা হইলেও মন্ত্রীর কৌশলে মন্ত্রিপুত্র মধু শ্রীচন্দ্রের হস্তে প্রতাপরুদ্রের অবশিষ্ট ৩১টী সন্তান বিনষ্ট হয়। রাজ্যের অনেকগুলি ক্ষমতাশালী ব্যক্তিকে নিহত করিয়া মন্ত্রী গোবিন্দ বিদ্যাধর আকণ্ঠ স্রোতের মধ্য দিয়া রাজা গোবিন্দদেব নামে ১৫৩৩ খৃষ্টাব্দে রাজ্যারোহণ করেন। এই সময়ে মুকুন্দ-হরিচন্দন নামে একজন তৈলঙ্গী ও প্রধান মন্ত্রী দনাই বা দনার্দ্দন-বিদ্যাধর বিশেষ বিখ্যাত হন। মুকুন্দ কটকের শাসনকর্ত্তা হইয়া শেষে রাজা নামে খ্যাত হইয়াছিলেন।

এই সময়ে বাঙ্গালায় মুসলমান-শাসনকর্ত্তা ও দক্ষিণে গোলকুণ্ডার মুসলমান রাজারা উড়িষ্যার বিরুদ্ধে এক যোগে অস্ত্রধারণ করেন। রাজমহেন্দ্রী প্রভৃতি গোদাবরীতীরস্থ স্থান লইয়া গোলকুণ্ডার রাজাদিগের সহিত বিবাদ বাধে, সেই বিবাদের জন্য যুদ্ধ ঘটে। রাজা গোবিন্দদেব রাজ্য ছাড়িয়া ৮ মাস কাল মালিগোণ্ডা নামক স্থানে গিয়া বাস করিতে বাধ্য হন। এদিকে তাঁহার দুই ভ্রাতুষ্পুত্র রঘুভঞ্জ ছোত্র (শ্রোত্র ?) ও বলঙ্কী শ্রীচন্দন জগন্নাথের মন্দিরের প্রধান পার্ষদকে বিনাশ এবং কটকের শাসনকর্ত্তা মুকুন্দ হরিচন্দনকে কটক হইতে দূর করিয়া দিয়া সিংহাসন অধিকার করেন। রাজা গোবিন্দদেব সংবাদ পাইয়া গঙ্গাতীরে ভ্রাতুষ্পুত্রদ্বয়কে পরাস্ত করেন এবং নিজেও গঙ্গাতীরে মৃত্যুমুখে পতিত হন। তাঁহার পর মন্ত্রী দনাই বিদ্যাধর প্রতাপচন্দ্রদেব নামক এক ব্যক্তিকে সিংহাসনে স্থাপন করেন। ইনি বড় অত্যাচারী রাজা ছিলেন, কেবল মন্ত্রীর বলে ৮ বৎসর কাল রাজা থাকিয়া নিঃসন্তান অবস্থায় পরলোক গমন করেন। নরসিংহ জানা নামক একজন সাহসী সর্দ্দার মুকুন্দ হরিচন্দনের সহযোগে মন্ত্রী দনাই-বিদ্যাধরকে কারাবদ্ধ করিয়া রাজসিংহাসনে উপবেশন করেন। ইতি মধ্যে রাজা গোবিন্দদেবের ভ্রাতুষ্পুত্র রঘুভঞ্জ শ্রোত্র সৈন্যসংগ্রহ করিয়া রাজ্য আক্রমণ করেন, কিন্তু মুকুন্দ হরিচন্দনের হস্তে বন্দী হন। এক বৎসর গত হইলে নরসিংহজানা সিংহাসন চ্যুত হন। শেষে মুকুন্দ হরিচন্দন তৈলঙ্গী মুকুন্দদেব নামে ১৫৫০ খৃষ্টাব্দে সিংহাসন গ্রহণ করেন। ইনি বড় বিবেচক সদাশয় দয়ালু রাজা ছিলেন। বুদ্ধিবলে ইনি ত্রিবেণী পর্য্যন্ত দেশ অধিকার করিয়া ত্রিবেণীতে ঘাট ও মন্দির স্থাপন করেন। ইহারই সময় বাঙ্গালার নবাব সুলেমানের সেনাপতি কালাপাহাড় ১৫৫৮ খৃষ্টাব্দে রাজাকে পরাস্ত ও নিহত করিয়া

উড়িষ্যা অধিকার করেন। মুকুন্দদেবের পর দুই জন নাম-মাত্র রাজা হন এবং দুইজনই মুসলমানের হস্তে বিনষ্ট হন। তৎপরে উড়িষ্যা রাজ্য ২১ বৎসর অরাজক অবস্থায় মুসলমানের অধিকারে ছিল, নামেও কোন রাজা ছিল না। তাহার পরে নানা গোলমালের পর দনাই মন্ত্রীর পুত্র রণাই রামচন্দ্রদেব নামে ১৫৮০ খৃষ্টাব্দে সর্দ্দারগণের অভিপ্রায়ানুসারে 'উড়িষ্যার মহারাজ' নামে সিংহাসন গ্রহণ করেন। দনাই বিদ্যাধর গজপতি বংশসম্ভূত ছিলেন বলিয়া ইঁহার বংশাবলী গজপতি বংশ নামেই খ্যাত, তবে পূর্ব্ব গৌরব নষ্ট হওয়ায় ইঁহারা বোহিবংশ (জমিদার বংশ) নামে কথিত হন। মহারাজ রামচন্দ্রদেবই কালাপাহাড়ের ধ্বংসাবশিষ্ট দেব-মন্দিরাদি নির্ম্মাণ, সংস্কার ও দেবমূর্ত্তিগুলি উদ্ধার করেন। জগন্নাথদেবের মূর্ত্তিও এই সময় নূতন প্রস্তুত হয়। ১৫৯২ খৃষ্টাব্দে রাজা মানসিংহ এখানকার শাসনকর্ত্তা হইয়া আসেন। এই সময় তৈলঙ্গ মুকুন্দদেবের দুই পুত্র ও রাজা রামচন্দ্রের রাজ্য লইয়া গোল বাধে। রাজা মানসিংহ মধ্যস্থ হইয়া এই গোলমাল মিটাইয়া বন্দোবস্ত করেন যে খুরধা প্রদেশ ও পুরুষোত্তম ক্ষেত্র বিনা করে মহারাজ রামচন্দ্র ভোগ করিবেন এবং মহারাজ উপাধি তাঁহারই থাকিবে; কিল্লাআল ও তদধীন অন্যান্য স্থান তৈলঙ্গ মুকুন্দের জ্যেষ্ঠ পুত্র রামচন্দ্র রায়ের এবং সারণগড় চাকোরি ভাতৃবর নামক মুকুন্দের দ্বিতীয় পুত্রের হইবে। ইঁহারাও নামে রাজা হইবেন। কিন্তু মহারাজ রামচন্দ্রই ১২৯ কিল্লার উপর কর্তৃত্ব করিবেন এবং সকলের প্রধান থাকিবেন। সেই অবধি মহারাজ রামচন্দ্রের বংশীয়েরা জগন্নাথমন্দিরের রক্ষক ও খুরধারাজ নামে খ্যাত।

খুরধায় এই কয়জন রাজা রাজত্ব করেন।

	খৃষ্টাব্দ		খৃষ্টাব্দ
রামচন্দ্রদেব	১৫৮০	কৃষ্ণ বা হরিকৃষ্ণদেব	১৭১৫
পুরুষোত্তমদেব	১৬০৯	গোপীনাথদেব	১৭২০
নরসিংহদেব	১৬৩০	রামচন্দ্রদেব (২য়)	১৭২৭
গঙ্গাধরদেব	১৬৫৫	বীরকিশোরদেব	১৭৪৩
বলভদ্রদেব	১৬৫৬	দ্রব্যসিংহদেব (২য়)	১৭৯৬
মুকুন্দদেব	১৬৬৪	মুকুন্দদেব (২য়)	১৭৯৮
দ্রব্যসিংহদেব	১৬৯২		

এই শেষ রাজাই ইংরাজরাজের বিদ্রোহী হইয়া রাজ্য হারাইয়াছিলেন। (Sterling's Orissa.) ইহার বংশধরেরা তৎপরে নামে মাত্র 'জগন্নাথের রাজা' বা উড়িষ্যার রাজা বলিয়া রাজদরবারে সম্মানিত হন, কিন্তু প্রকৃত পক্ষে তাঁহারা সাধারণ জমিদার ভিন্ন আর কিছুই নহে। এই বংশের এক রাজা ১৮৭৯ খৃষ্টাব্দে আত্মহত্যা করিতে গিয়াছিলেন বলিয়া ইংরাজের আদালতে বিচারে যাবজ্জীবন দ্বীপান্তরিত হইয়াছেন। [অন্যান্য বিশেষ বিবরণ উৎকল শব্দে দ্রষ্টব্য।]

খুরনস্ (ত্রি) খুরইব নাসিকা অস্য বহুব্রী নসাদেশঃ বিকল্পে ন টচ্ণত্বঞ্চ। [খুরণস দেখ।]

খুরপ্র (পুং) খুর-ইব প্রাতি খুর-প্রা-ক। বাণবিশেষ, চলিত কথায় খুরপা বলে।

খুরলী (স্ত্রী) খুরৈঃ সহ লাতি পৌনঃপুন্যেন ষত্র লা-কঃ গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ শস্ত্রপ্রয়োগ, অস্ত্রশিক্ষা। ২ বিপক্ষের আক্রমণে কি প্রকারে আত্মরক্ষা করিতে হয় তাহার অভ্যাস।

"খুরলীকলহে গণানাম্" (মহাবীরচরিত)

খুর্শী (দেশজ) ১ আসনবিশেষ। ২ গোমেষাদি বাঁধিবার দড়ি।

খুরাক (পুং) খুর-আকন্। পশু। (উণাদিকোষ)। (পারসী) আহার, খাদ্য।

খুরাকী (পারসীজ) ১ পেটুক, ঔদরিক। ২ আহারের খরচ।

খুরালক (পুং) খুরইব অলতি পর্য্যাপ্নোতি অল্ ণ্বুল্। লৌহময় বাণ। (শব্দমালা)

খুরালিক (পুং) খুরাণাং আলিভিঃ কায়তি প্রকাশতে কৈ-ক। ১ নাপিতের অস্ত্র রাখিবার আধার, ভাঁড়। ২ নারাচ অস্ত্র। ৩ উপধান, বালিশ। (মেদিনী)

খুরাসান (পুং) জনপদবিশেষ।

"হিঙ্গুপীঠং সমাসাদ্য মক্কেশান্তং সুরেশ্বরী!
খুরাসানাভিধো দেশো ম্লেচ্ছমার্গপরায়ণঃ॥" (শক্তিসঙ্গমত°)

[খোরাসান দেখ]

খুরি, মালদ্বীপবাসীগণের ব্যবহৃত একপ্রকার নৌকা। মালদ্বীপীরা সুবাতাসে এই নৌকা করিয়া ভারতে আইসে।

খুরিকা (দেশজ) লোহার পতর।

খুরী (দেশজ) কটেরা, মাটির ছোটপাত্র।

খুর্‌খুর্ (দেশজ) চঞ্চলতা, অস্থিরতা।

খুর্‌খুরিয়া (দেশজ) চঞ্চল, অস্থির।

খুর্পা (ক্ষুরপ্র শব্দজ) [ক্ষুরপ্র দেখ।]

খুর্মা (দেশজ) ১ মিষ্টান্নবিশেষ। (পারসী) ২ খেজুর।

খুলক (পুং) খুর-কুন্ স্বার্থে কন্। গুল্‌ফের অষ্টমভাগ।

"আগুল্‌ফকণ্ঠাৎ সুমিতস্য জন্তোঃ
তস্যাষ্টভাগং খুলকাদ্ বিভজ্য।" (সুশ্রুত, চিকিৎসিত°১৮অঃ)

খুলন (দেশজ) প্রসারণ, বন্ধন মোচন।

খুলনা, বাঙ্গালার দক্ষিণপূর্ব্বাংশের অন্তর্গত একটী জেলা। ইহার উত্তরসীমা জেলা যশোর, পূর্ব্বসীমা জেলা বাখরগঞ্জ, দক্ষিণসীমা সুন্দরবন ও পশ্চিমসীমা জেলা ২৪ পরগণা। এই

জেলার সদর খুলনা সহর। এই সহরে আসিয়া মধ্যবাঙ্গালা রেলওয়ে শেষ হইয়াছে।

পদ্মা ও ব্রহ্মপুত্র একদিকে, অপর দিকে ভাগীরথী এই উভয়ের মধ্যস্থলে ঈষদ্দক্ষিণ ঘেঁসিয়া অসমান চতুরস্রাকারে খুলনা জেলা অবস্থিত। ইহাতে নদী খাল বিল যথেষ্ট। সমস্ত জেলাকে অবস্থা ভেদে প্রধান তিনটীভাগে বিভক্ত করা যায়—উত্তরপূর্ব্ব বিভাগ যশোর জেলার সীমা হইতে বাঘেরহাট পর্য্যন্ত—এখানে জমী নাবাল, অনেক জলা জমীও আছে।

দক্ষিণবিভাগ—খুলনা-সুন্দরবন, এদিকে কেবল নদী আর জলা, আর মধ্যে মধ্যে জলা জমী। এদিকে সামান্য পরিমাণে চাষ বাস হয়, মানবের রীতিমত বসতি নাই। উত্তর-পশ্চিম বিভাগের জমী বেশ উচ্চ, বসবাস ভাল। এদিকে খর্জ্জুরের বাগান ও ধান্যক্ষেত্র খুব বেশী। এদিকের খর্জ্জুর-রসে গুড় অতি উৎকৃষ্ট হয় এবং চিনি নানাদেশে রপ্তানি হইয়া থাকে। পূর্ব্বাঞ্চলের জমীই বসবাসের পক্ষে বেশী উপযোগী, নদীর তীরেই ঘন বসতি।

এখানে মধুমতী (এই জেলার পূর্ব্ব সীমা), ভৈরব, কপোতাক্ষ, ভদ্রা, আঠারবাঁকা, যমুনা, ইচ্ছামতী, গলঘসিয়া, বাঁশজলা ও শিবসা নদীই প্রধান। নদীতীরের জমী কিছু উচ্চ।

১৮৮২ খৃষ্টাব্দের পূর্ব্বে খুলনা স্বতন্ত্র জেলা ছিল না। পূর্ব্বে খুলনা যশোর জেলার একটী উপবিভাগ ছিল। তৎপরে ২৪ পরগণা হইতে সাতক্ষীরা উপবিভাগ এবং যশোর হইতে বাঘেরহাট নামক অপর উপবিভাগ লইয়া খুলনার সহিত একত্র আর একটী নূতন জেলা সৃষ্ট হইয়াছে। যশোর ও নদীয়ার শাসনকার্য্যের সুবন্দোবস্ত করিবার জন্যই এই ব্যবস্থা হয়। যশোর হইতে দুইটী উপবিভাগ স্বতন্ত্র করিয়া নদীয়া জেলার ভার কমাইবার জন্য তাহা হইতে বনগাঁ উপবিভাগটী লইয়া যশোর জেলাভুক্ত করা হইয়াছে, বস্তুতঃ বনগাঁ ভৌগোলিক অবস্থিতি-অনুসারে যশোরের মধ্যে হওয়ায় সুবিধা হইয়াছে। ১৮৮২ সালের ১লা জুন তারিখে এই সকল পরিবর্ত্তন হয়।

খুলনায় অন্যান্য জেলার ন্যায় মুন্সেফি, সব্ জজ, জজ, ম্যাজিষ্ট্রেট, জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট, কালেক্টার, জেলার পুলিস অধ্যক্ষ, জেল, সিভিল সার্জ্জন আছে। এই জেলায় ১৩টী থানা, ১১টী ফাঁড়ি ও ১টী লবণ-পাসের আড্ডা আছে।

এই জেলার সদর খুলনা-সহরে। ভৈরবনদী যে স্থলে সুন্দরবনে প্রবেশ করিয়াছে, ঠিক সেইস্থলে খুলনা অবস্থিত। এই জন্য ইহাকে সুন্দরবনের রাজধানী বা প্রধান সহর বলে। বহুকাল হইতে খুলনা বিখ্যাত সহর। সেকালে কোম্পানীর সুন্দরবনের লবণ প্রস্তুত ব্যবসায়ের প্রধান স্থান এই সহরে ছিল, এখনও এখানে লবণের কারবার আছে। এতদ্ভিন্ন সাতক্ষীরা, কালামোয়া, কালীগঞ্জ, দেবহাটা, চন্দনীয়া, বাঘেরহাট, কপিলমুনি, দৌলতপুর, মোরেলগঞ্জ প্রভৃতি স্থান প্রধান। সাতক্ষীরায় অনেক হিন্দুমন্দির আছে। বাঘেরহাটে ষাটগম্বুজ প্রভৃতি খাঁজাহানআলীর কীর্ত্তির ভগ্নাবশেষ আছে। [খাঁজাহানআলী দেখ।] কপিলমুনিতে সাগর-যাত্রীর ভিড় হয়। [কপিলমুনি দেখ।] মোরেলগঞ্জ পাঙ্গাচি বা পাঙ্গাসি নদীর তীরে, ইহা মোরেল ও লাইটফুট্ নাম ইংরাজ জমীদারদিগের সম্পত্তি।

খুলনা, সাতক্ষীরা ও বাঘেরহাটে গবর্ণমেণ্টের দাতব্য ঔষধালয়, তৎসঙ্গে ছোট হাঁসপাতালও আছে। মোরেলগঞ্জে সাহেব জমীদারদিগের স্থাপিত ও দৌলতপুরে মহ্সীনকোষ হইতে স্থাপিত আর দুটী দাতব্য ঔষধালয় এবং সাতক্ষীরার মধ্যে শ্যামনগরে নকীপুরের জমীদারের স্থাপিত আরও একটী ঔষধালয় আছে।

এই জেলায় আউস, আমন ও বোরো এই ৩ প্রকার ধান, এতদ্ভিন্ন মটর, পাট, ইক্ষু, খর্জ্জুর প্রভৃতি যথেষ্ট জন্মে। সুন্দরবনে বাহাদুরীকাঠ, জ্বালানি কাঠ, মধু, কড়ি ইত্যাদি পাওয়া যায়। চিনি, গুড়, নীল ও চাউলের রীতিমত রপ্তানি হয়। লোহার দ্রব্যাদি বিলাতী জিনিষ আমদানী হয়।

সাতক্ষীরা সর্ব্বাপেক্ষা অস্বাস্থ্যকর স্থান, উলাউঠা ও জ্বর বড় বেশী হয়। বসন্ত নাই বলিলেই চলে। বাঘেরহাট ও সুন্দরবনের কাছে গোমেষাদির পীড়া মধ্যে মধ্যে হইয়া থাকে।

এই জেলার হিন্দু অপেক্ষা নিম্নশ্রেণীর মুসলমানের সংখ্যা অধিক। অধিকাংশ লোকেই চাষ বাস করিয়া খায়।

খুলনাসহর ২২° ৪৯´ ১০´´ অক্ষাংশে এবং ৮৯° ৩৬´ ৫৫´´ পূঃ দ্রাঘিমায় অবস্থিত। ইহার নিম্নের নদী দিয়া ঢাকা ও বাখরগঞ্জের চাউল; শ্রীহট্টের চুণ, নেবু, কমলানেবু; পাবনা, রাজসাহী ও ফরিদপুরের সর্ষপ, তিসি, দাইল, কলাই, পাটনার ঘৃত ও সুন্দরবনের কাষ্ঠ কলিকাতায় যায়। এখানকার সেনের বাজার নামক বাজার অতি বৃহৎ, ইহা নদীর পূর্ব্বতীরে। পশ্চিমতীরে আরও দুইটী বড় বাজার আছে।

খুলী (খর্পর শব্দজ) ১ পাত্রবিশেষ। ২ কপাল।

খুল্ল (ক্লী) ক্ষুদ্রং লাতি লা-ক পৃষোদরাদিবৎ সাধুঃ। ১ নখী নামক গন্ধদ্রব্য। ২ ক্ষুদ্র। ৩ অল্প। ৪ কনিষ্ঠ। (ত্রিকাণ্ড°)

খুল্লক (ত্রি) খুল্ল স্বার্থে কন্। ১ অল্প। ২ নীচ। ৩ কনিষ্ঠ। ৪ দরিদ্র। ৫ নিষ্ঠুর। ৬ খল। (অমরটীকা)

খুল্লতাত (পুং) খুল্লঃ কনিষ্ঠঃ তাতস্য পিতুঃ পূর্ব্বনিপাতঃ। পিতার কনিষ্ঠ ভ্রাতা, খুড়া।

খুল্লনা, লক্ষপতি বণিকের কন্যা, ধনপতি বণিকের পত্নী। ইনি স্বর্গের অপ্সরা রত্নমালা ছিলেন, দুর্গার শাপে মানবী হন। ইহার স্বামী ধনপতি সদাগর গৌড়রাজ্যে বাণিজ্য করিতে যান, তখন ইহার সপত্নী ইহাকে অতিশয় কষ্ট দিয়াছিল। ধনপতি বাণিজ্য করিয়া ফিরিয়া আসিলে খুল্লনা তাহার অতিশয় প্রিয়তমা হইয়াছিলেন। ইহার পুত্রের নাম শ্রীমন্ত। (কবিকঙ্কণ—চণ্ডী) [শ্রীমন্ত দেখ।]

খুল্লম (পুং) খুল্লেন মীয়তে মা-বাহুলকাৎ কঃ। বর্ত্ম, পথ।

খুশ (পারসী) মঙ্গল, ভাল।

খুশামদ (পারসী) অভিপ্রায় অনুসারে কথা বলিয়া কোন ব্যক্তিকে সন্তুষ্ট করা, অযথা স্তুতিবাদ।

খুশাব, পঞ্জাবের শাহপুর জেলার একটী তহসীল, জিহ্লম্ নদীর ধারে অক্ষা° ৩১° ৩১´ ৪৫´´ হইতে ৩২° ৪১´ ৩০´´ উঃ এবং দ্রাঘি° ৭১° ৩৮´ ৩০´´ হইতে ৭২° ৮৪° ৪৫´´ পূঃ অবধি বিস্তৃত। পঞ্জাবের লবণ পাহাড়ের দ্বারা এই তহসীলটী বিভক্ত হইয়াছে। এখানে নদীর ধার ছাড়া ভিতরে তেমন শস্যাদি জন্মে না। এখানে লক্ষাধিক লোকের বাস। ২৩৯ খানি নগর ও গ্রাম ইহার অন্তর্গত। একটী ফৌজদারী ও একটী দেওয়ানী আদালত ও ৬টী থানা আছে। রাজস্ব আদায় ১৪৪৩২০৲ টাকা।

২ খুশাব তহসীলের প্রধান নগর। জিহ্লম্ নদীর দক্ষিণকূলে ও শাহপুর নগর হইতে ৪ ক্রোশ দূরে অবস্থিত। অক্ষা° ৩২° ১৭´ ৪০´´ উঃ, দ্রাঘি° ৭২° ২৩´ ৫১´´ পূঃ। লোকসংখ্যা প্রায় দশহাজার, তন্মধ্যে অধিকাংশ মুসলমান। এখানে মিউনিসিপালিটী আছে, প্রতি লোককে প্রায় ১৲ টাকা করিয়া টেক্স দিতে হয়। এখানে মূলতান, আফগানস্থান প্রভৃতির সহিত বিস্তৃত বাণিজ্য চলে। শস্য, কাপাস, পশম, ঘৃত ও দেশীয় বস্ত্রের রপ্তানী এবং বিলাতী কাটকিাপড়, ধাতু, শুষ্ক ফল, চিনি ও গুড় আমদানী হয়। এখানে বেশ মোটা কাপড় ও রেশমীকাপড় প্রস্তুত হয়, রীতিমত ছয়শতখানি তাঁত চলে। নগরের পার্শ্ব দিয়া করবিন্‌বাহ খাল প্রবাহিত। ঐ খালের জল নগরবাসীদের ব্যবহার্য্য। এখানে তহসীলের প্রধান কাছারী, পাঠশালা ও ঔষধালয় আছে।

খুশাল খাঁ, খটকজাতীয় একজন খাঁ সর্দার, মালিক আকোরের পুত্র। অকবরের সময়ে পার্ব্বতীয় জাতিরা কাবুলের নানাস্থানে লুট-পাট করিত, সেই সময় মালিক আকোর অকবর বাদশাহের নিকট কাবুলের দক্ষিণাংশের রক্ষাভার প্রাপ্ত হন। তাঁহার অবর্ত্তমানে তৎপুত্র খুশালখাঁ ঐ ভার গ্রহণ করেন। যখন অরঙ্গজিব পাঠানদিগকে দমন করিবার জন্য আফগানসীমায় সৈন্য প্রেরণ করেন, তৎকালে খুশাল খাঁ জননী জন্মভূমিকে রক্ষা করিবার জন্য ওজস্বিনী ভাষায় কবিতাবলী রচনা করেন, তাহা পাঠ করিয়া খটকজাতি উত্তেজিত হইয়া উঠিত। এখনও খটকেরা অতি সমাদরে ভক্তির সহিত খুশালের কবিতা গান করিয়া থাকে। খুশালের ৫২টী পুত্র জন্মে। জ্যেষ্ঠপুত্র বৈরাম খাঁ খটকের শেখ রহম্‌কর্ নামক সাধুর এক পুত্রকে বিনাশ করায়, সেই অপরাধে অরঙ্গজিব খুশলখাঁকে ১২ বর্ষ দিল্লীতে কারারুদ্ধ করিয়া রাখেন।

খুশালচাঁদ (ঐতিহাসিক) দিল্লীপতি মুহম্মদশাহের দেওয়ানী কার্য্যালয়ের একজন কর্ম্মচারী। ইনি 'তারিখ-ই-মুহম্মদশাহী' অপর নাম 'তারিখ-ই-নাদির-উজজমানী' নামে পারস্য ভাষায় একখানি ইতিহাস রচনা করেন। ঐ গ্রন্থে ইব্রাহিম লোদী হইতে মুহম্মদশাহের রাজত্বকাল (১৭৩৯ ৪০ খৃঃ অঃ) পর্য্যন্ত আনুপূর্ব্বিক বর্ণিত।

খুশী (পারসীজ) আহ্লাদিত।

খুশ্‌কী (পারসী) পদব্রজে স্থলপথে।

খুশ্‌খত্ (পারসী) উত্তম লিখন, ভাল লেখা।

খুশ্‌খবর (পারসী) মঙ্গল সংবাদ।

খুশ্‌খুরাক্ (পারসী) প্রচুর খাদ্য।

খুশ্‌গল্প (পারসী-মিশ্র) মনের স্ফূর্ত্তিতে যে গল্প করা হয়।

খুশ্‌জবান্ (পারসী) সুন্দর কথন।

খুশ্‌ডৌল্ (পারসী) মনোহর আকার।

খুশ্‌নবীস (পারসী) যে সুন্দর লিখিতে পারে, উত্তম লেখক।

খুশ্‌নমা (পারসী) সুন্দর, মনোহর।

খুশ্‌নাম (পারসী) প্রশংসাবাদ, উত্তম নাম।

খুশ্‌নামী (পারসী) প্রশংসাবাদ।

খুশ্‌পোশাক (পারসী) উত্তম পরিচ্ছদ।

খুশ্‌পোশাকী (পারসীজ) যে সর্ব্বদা উত্তম পরিচ্ছদ পরিধান করিতে ভালবাসে।

খুশ্‌বক্ত (পারসী) উত্তম কাল, ভাল অবস্থা।

খুশবক্ত্ রায়, একজন চতুর রাজনৈতিক। ১৮০৯ খৃষ্টাব্দে মহারাজ রণজিৎসিংহের সহিত বৃটীশ গবর্ণমেণ্টের সন্ধি হইলে ইনি বৃটীশ এজেণ্ট ও সংবাদদাতা হইয়া অমৃতসহরে থাকিতেন।

খুশ্‌বো (পারসী) সুগন্ধি, চলিত কথায় 'খোশবাই' বলে।

খুশ্‌রোজ, অপর নাম নৌরোজ অর্থাৎ নববর্ষের প্রথম দিন। যে দিন সূর্য্য মেষ রাশিতে গমন করেন, সেই দিন পারস্যের মুসলমান রাজগণ আনন্দ উৎসব করিয়া থাকেন। দিল্লীর লোকের বিশ্বাস, ভারতে পৃথ্বীরাজই প্রথমে খুশ্‌রোজ উৎসব প্রচার করেন। কিন্তু আবুল ফজল লিখিয়াছেন, অকবর বাদশাহই প্রথম এই উৎসব বাহির করেন। তিনি মুসলমানদিগের নরোজার (নবমী) দিনে রাজকীয় সকল সম্ভ্রান্ত কর্ম্মচারীকে আহ্বান করিয়া আনন্দ উৎসব করিতেন। এইদিন সম্রাটের অন্তঃপুরেও সম্ভ্রান্ত রমণীগণ সখের বাজার খুলিতেন, রাজপুত মহিলাগণও তাহাতে উপস্থিত থাকিতেন। পুরমহিলাগণ তাঁহাদের নিকট হইতে মনোমত জিনিষপত্র ক্রয় করিতেন। সেই সময়ে অকবর বাদশাহ গোপনে রাজ্যের সম্ভ্রান্ত মহিলাগণের মুখে রাজ্যের ও বাণিজ্যের অবস্থা প্রভৃতি অবগত হইতেন।

আবার কেহ বলেন, অকবর যে এই খুশ্‌রোজ করিতেন, তাহাতে অবশ্যই তাঁহার কুঅভিপ্রায় ছিল। তিনি এইরূপে রাজ্যস্থ রূপসী মহিলাগণের রূপমাধুরী পান করিতেন। শুনা যায়, অকবর রাজ-পুত রাজগণকে কেবল আপন বসে আনিয়া ক্ষান্ত হন নাই। এই খুশ্‌রোজ উপলক্ষে সমাগত অনেক কুলকামিনীরই সতীত্ব নষ্ট করিতেন। তাঁহার এই লুকাচুরি শেষে পৃথ্বীরাজের মহিষীর হাতে ধরা পড়ে। সেই অলোকসামান্যা রূপসীর সৌন্দর্য্যে বিমুগ্ধ হইয়া অকবর তাঁহাকে কৌশলক্রমে এক গুপ্তকক্ষে উপস্থিত করেন। রাজপুতবালা সেই কক্ষে প্রবেশ করিয়া গোলোকধাঁদায় পড়িলেন, বাহির হইবার পথ খুঁজিয়া পাইলেন না, সম্মুখে কেবল অকবর বাদশাহকে দেখিতে পাইলেন। সম্রাট্ তাঁহার নিকট প্রেমভিক্ষা চাহিলেন, কতশত লোভ দেখাইলেন। কিন্তু রাজপুতবালা অল্প সময়ের মধ্যেই আপন অবস্থা বুঝিতে পারিলেন। অকবর দেখিলেন, সে কমনীয় মূর্ত্তির আর সে ভাব নাই, কটিদেশ হইতে শাণিত ছুরিকা বাহির করিয়া অকবরের প্রাণবধে অগ্রসর। বাদশাহের মুখ শুখাইল। জোড়করে ক্ষমা প্রার্থনা করিলেন। রাজপুতবালা কহিলেন, "দিল্লীশ্বর! তোমার ইষ্টদেবকে শপথ করিয়া প্রতিজ্ঞা কর, কখন আর নারী জাতির প্রতি এরূপ অন্যায় ব্যবহার করিবেনা? নহিলে তোমার নিস্তার নাই।" অকবর প্রাণভয়ে তাহাই স্বীকার করিলেন ও হেঁটমুখে রাজপুতমহিলাকে নির্গমণের পথ দেখাইয়া দিলেন। সেই দিন হইতে অকবরের হৃদয় হইতে খুশরোজের আমোদ শেষ হইল। আজও রাজপুতভাটগণ সেই সতী রাজপুতবালার সুখ্যাতি গান করিয়া থাকেন।

খুশরোজ (নববর্ষ) উৎসব য়ুরোপীয় সকল জাতির মধ্যেও প্রচলিত আছে।

খুস্ (দেশজ) কাসির ভাব।

খুস্কী (দেশজ) কোন কার্য্য করিতে কাহাকে উত্তেজিত করা।

খুস (দেশজ) অতি শীঘ্র।

খুসনি (দেশজ) ১ তুষ হইতে চাল পৃথক্ করা। ২ ডাইন্।

খুসরাণি (দেশজ) জড় করা, গাদা করা।

খূর্জ্জি, মধ্যপ্রদেশের রায়পুর জেলার দুর্গ তহসীলের অধীন একটী জমিদারী। রায়পুর হইতে ৩৫ ক্রোশ দক্ষিণপশ্চিমে অবস্থিত। অক্ষা° ২১° ৫৭´ উঃ, দ্রাঘি° ৮১° ৫৭´৩০´´ পূঃ। পরিমাণ ৭১ বর্গমাইল। ইহার মধ্যে ৩২ খানি গ্রাম ও ৩৪৫৯ ঘর লোকের বসতি আছে। এখানকার জমিদার একজন মুসলমান।

খূদিয়ান্, লাহোর জেলার চুনিয়ান্ তহসীলের অন্তর্গত একটী নগর। অক্ষা° ৩০° ৫৯´৩০´´ উঃ, দ্রাঘি° ৭৪° ১৯´১৫´´ পূঃ, মূলতান হইতে ফিরোজপুর যাইবার পথের ধারে অবস্থিত। এখানে প্রায় তিনহাজার লোকের বাস। নগরটী অতি প্রাচীন, চারিদিকে প্রাচীর দিয়া ঘেরা। এখানে বিদ্যালয় ও ডাকঘর আছে।

খূন্ (পারসী) বধ করা, খুন্।

খূন্‌খরাব (পারসী) বধ, হত্যা।

খূন্‌খরাবী (পারসী) রক্তপাত।

খূনখূনী (পারসী) রক্তারক্তি।

খূন্‌সড়ি (পারসীজ) কলহ, বিবাদ।

খূনী (পারসীজ) যে খুন করে, হিংসাকারী।

খূনীয়া (পারসীজ) রক্তপাতকারী, হত্যাকারী, নিষ্ঠুর।

খূন্দ, কাশ্মীররাজ্যের মধ্যবর্ত্তী পীরপঞ্জাল পাহাড়ের উত্তরভাগে সমুদ্রপৃষ্ঠ হইতে ৪০০০ হাত উচ্চে অবস্থিত একটী শীতল, উর্ব্বর, শস্যশালী ও দৃশ্যমনোহর উপত্যকা।

খূর্জ্জা, উ° প° প্রদেশের বুলন্দসহর জেলার মধ্যবর্ত্তী একটী তহসীল। খূর্জা, জেবর ও পহাসু নামে তিনটী পরগণা ইহার অন্তর্গত। যমুনা হইতে কালীনদী পর্য্যন্ত বিস্তৃত। ভূপরিমাণ ৪৬০ বর্গমাইল। লোকসংখ্যা দুই লক্ষের অধিক। রাজস্ব ৩৩৫৬১০৲ টাকা। এখানে একটী দেওয়ানী ও একটী ফৌজদারী আদালত আর ৫টী থানা আছে।

২ উক্ত খূর্জা তহসীলের প্রধান নগর এবং (দিল্লী ও হাঠরসের মধ্যে) বুলন্দসহর জেলার প্রধান বাণিজ্যস্থান। অক্ষা° ২৮° ১৫´২৫´´ উঃ, দ্রাঘি° ৭৭° ৫৩´৫০´´ পূঃ। বুলন্দ-

সহর হইতে ৫ ক্রোশ দক্ষিণে অবস্থিত। লোকসংখ্যা প্রায় আটাশ হাজার।

দিল্লী ও মিরাট যাইবার বড় রাস্তা এখানে আসিয়া মিশিয়াছে, আবার নগরের দেড়ক্রোশ দক্ষিণে ইষ্ট ইণ্ডিয়ান্ রেলপথের ষ্টেসন আছে।

এখানে অধিকাংশ চুরুবাল বেণিয়া ও কেশ্‌গি পাঠানের বসবাস। চুরুবাল বেণিয়ারা জৈনমতাবলম্বী, ইহারাই এখনকার প্রধান ব্যবসাদার। ইহাদের যত্নে এখানে একটী সুন্দর জৈনদেবমন্দির নির্ম্মিত হইয়াছে। মন্দিরের গুম্বুজ সোণালীর হল করা, ভিতরেও অতি সুন্দর সোণালীর কাজ আছে। মন্দিরের শিল্পনৈপুণ্য দেখিলে জানা যায়, এখনও দেশীয় শিল্প ও চিত্রবিদ্যা বিলুপ্ত হয় নাই। নগরের মধ্যস্থলে একটী সুন্দর সাণবাঁধান সরোবর আছে। নগরের বড়বাজারটী নির্ম্মাণ করিতে লক্ষাধিক টাকা ব্যয় পড়িয়াছে।

তুলা, কুসুম্ভ, নীল, চিনি, গুড়, শস্য ও ঘৃতের ব্যবসা যথেষ্ট। এখানে লোকসংখ্যা ক্রমশঃই বৃদ্ধি হইতেছে।

খৃগল (ক্লী) তনুত্রাণ, শরীর রক্ষক। "পিশাঙ্গ সূত্রে খৃগলং তদা বধ্নন্তি বৈধসঃ" (অথর্ব্ব ৩।৯।৩)

খৃষ্টান্ [খ্রীষ্টান দেখ।]

খে (দেশজ) ১ সূতার ডগা। ২ সূতার আঁস।

খেআনৎ (আরবী) বিশ্বাসঘাতকতা।

খেআল্ (আরবী) কল্পনা, চিন্তা।

খেআল (দেশজ) উত্তম সূতা বা শণে নির্ম্মিত।

খেই (দেশজ) সূত্রের অগ্রভাগ।

খেউড় (দেশজ) অশ্লীলশব্দযুক্ত অসভ্য গান।

খেউরা, অপর নাম মেও-খনি (Mayo mines)—পঞ্জাবে জিহ্লম্ জেলার পিণ্ডদাদনখাঁর মধ্যবর্ত্তী এক বিস্তৃত লবণের খনি। অক্ষা° ৩২° ৩৯´ ৩০´´ উঃ, দ্রাঘি° ৭৩° ৩´ পূঃ।

এখানে লবণপাহাড় নামে যে একটী গিরিশ্রেণী আছে, তাহারই মধ্যে লাল চিক্কণ মৃত্তিকা ও বালুপাথরের উপর ভাসা-আকর দৃষ্ট হয়। ঐ সকল স্থান মধ্যে স্তরে স্তরে নিকটে ও দূরে লবণের আকর আছে। এই পর্ব্বত প্রমাণ লবণ আকর কত শত বর্ষ ধরিয়া মনুষ্যের ব্যবহারে আসিতেছে, কিন্তু তথাপি ইহার যেন কিছু ক্ষয় হয় নাই। অকবর বাদশাহের সময়েও এখানে গর্ত্ত করিয়া লবণ আহরণ করা হইত। শিখরাজের আধিপত্যকালে এখানকার লোকেরা যেখানে সুবিধা পাইত, সেখানেই গর্ত্ত করিয়া লবণ সংগ্রহ করিত। বৃটীশ গবর্ণমেণ্টের অধিকারে আসিলে আর যাহার তাহার লবণ সংগ্রহ করিবার যো নাই।

এখানকার লবণও বৃটীশরাজ একচেটিয়া করিয়া লইয়াছেন। লবণ তুলিবার জন্য নানাপ্রকার কল ও রাজকর্ম্মচারী নিযুক্ত হইয়াছে। এখন খেউরায় কেবল বগ্‌গী ও সুজাবল নামক খনিতে কাজ চলিতেছে। প্রতিবর্ষে লক্ষাধিক মণ লবণ সংগ্রহ হইয়া থাকে, তাহাতে গবর্ণমেণ্টের প্রায় সাতাশ লক্ষ টাকা আয়।

১৮৭০ খৃষ্টাব্দে বড় লাট মেও এখানে পদার্পণ করেন, তদনুসারে ইহার নাম 'মেও খনি' হইয়াছে।

খেওরা, একজাতীয় ক্ষুদ্রবৃক্ষ (Sonnertia acida.)

খেংরা (দেশজ) সম্মার্জনী, ঝাঁটা।

খেঁক (দেশজ) খেঁক্‌শিয়াল বা কুকুরের ডাকে।

খেঁকানি (দেশজ) বিরক্তি।

খেঁকানীয়া (দেশজ) বিরক্ত, খিট্‌খিটে।

খেঁকারী (দেশজ) কাসিয়া গলা পরিষ্কার করা।

খেঁক্‌শিয়াল্ (খিঙ্খিরশৃগাল শব্দজ) শৃগালবিশেষ।

[খ্যাঁকশিয়াল দেখ।]

খেঁখর (খিঙ্খির শব্দজ) খেঁক্‌শিয়াল।

খেঁচকা (দেশজ) ১ ঘেঙ্গানি, সর্ব্বদা যাচ্ঞা দ্বারা বিরক্ত করা। ২ অনাটন।

খেঁচড়া (দেশজ) কদর্য্য, বিশ্রী, নীচ, দুষ্ট।

খেঁড়ু (দেশজ) ১ ইতর বা অশ্লীলশব্দযুক্ত কবিতা। ২ যে ঐরূপ কবিতা গান করে।

খেকুয়া (দেশজ) যে ফলাদির কিয়দংশ অপরে খাইয়াছে, বা নষ্ট করিয়াছে।

খেকেরা, উ° প° প্রদেশের মিরাট জেলার বাগপৎ তহসীলের একটী নগর। মিরাট নগর হইতে ১৩ ক্রোশ।

নগরটী অতি প্রাচীন। প্রবাদ আছে প্রায় দেড় হাজার বর্ষ পূর্ব্বে আহীরেরা এই নগর পত্তন করে, তৎপরে তাহারা সিকন্দরপুরের জাটজাতি কর্ত্তৃক দূরীভূত হয়। বিদ্রোহের সময় এখানকার জমিদারও বিদ্রোহী হন, তাঁহার সম্পত্তি বাজেয়াপ্ত করিয়া স্থানীয় বৃটীশভক্ত একজন জমিদারকে দেওয়া হয়। এখানে একটী অতি সুন্দর জৈনমন্দির ও পুলিস আছে। বর্ষে বর্ষে একটী মেলা হয়। লোকসংখ্যা সাত হাজার।

খেজিরি, মেদিনীপুর জেলার অন্তর্গত একটী নগর। ভাগীরথীর মোহানায় অবস্থিত। অক্ষা° ২১° ৫৩´ উঃ, দ্রাঘি° ৮৮° পূঃ, পূর্ব্বে এখানে টেলিগ্রাফ আফিস্ ছিল। ইংরাজের জাহাজ এখানে আসিয়া থাকিত। এখন কতকগুলি ইংরাজের গোরস্থান পড়িয়া আছে।

খেখীরক (পুং) খে আকাশে খীলক ইব লম্ব রত্বং। শব্দযুক্ত যষ্টি। (হারাবলী)

খেখীলক (পুং) খে আকাশে খীলক ইব। শব্দযুক্ত যষ্টি। (বাচস্পত্য)

খেগমন (পুং) খে আকাশে গমনং যস্ত বহুব্রী। কালকণ্ঠ-পক্ষী। (শব্দমালা।)

খেঘাট (দেশজ) যে ঘাটে অবতরণ করিয়া নদী পার হইতে হয়।

খেঙ্গরা (দেশজ) সম্মার্জনী, ঝাঁটা।

খেচর (পুং) খে আকাশে চরতি চর-ট-অলুক্ সং। ১ শিব। (শব্দরত্ন°) ২ বিদ্যাধর। (জটাধর)। ৩ পারদ। (রাজনি°) ৪ সূর্য্যাদিগ্রহ। (ত্রি) ৫ আকাশগামী। (পুং) ৬ মেষাদি দ্বাদশরাশি। "খেচরাশ্চ সর্ব্বে" (জ্যোতিঃ) (ক্লী) ৭ কাসীস, হীরাকস। ৮ তৃণ। (পুং স্ত্রী) ৯ ঘোটক। (শব্দরত্নাবলী)

খেচরী (স্ত্রী) খেচর-ঙীপ্। ১ যোগাঙ্গমুদ্রাবিশেষ। কাশী-খণ্ডের মতে জিহ্বাটী বিপরীতভাবে কপালকুহরে এবং দৃষ্টি ভ্রূমধ্যে স্থাপন করিলে ইহাকে খেচরীমুদ্রা বলে। খেচরী মুদ্রা অভ্যাস করিতে পারিলে কোন রোগ ধরিতে পারেনা এবং কর্ম্মবন্ধও বিনষ্ট হয়। চিত্ত এবং জিহ্বা উভয়ই আকাশে অবস্থিত হয় বলিয়া এই মুদ্রাকে খেচরী বলে। সকল মুনিরাই এই মুদ্রাবলে সিদ্ধি লাভ করিয়াছেন। বিন্দু দেহে স্থিরভাবে অবস্থান করিলে মৃত্যুভয় তিরোহিত হয়, এই মুদ্রা করিলেই বিন্দু নিশ্চল হইয়া থাকে। (কাশীখণ্ড ৪০ অঃ)

২ তন্ত্রোক্ত পূজাঙ্গ মুদ্রাবিশেষ। বামবাহুটী দক্ষিণদিকে এবং দক্ষিণবাহু বামদিকে রাখিয়া হস্তদ্বয় পরিবর্ত্তন করিবে। পরে অনামিকা মিলিত করিয়া তর্জ্জনীদ্বারা বদ্ধ করিবে এবং মধ্যমা অঙ্গুলি উন্নত অথবা সরলভাবে অঙ্গুষ্ঠের উপরে স্থাপন করিবে। ইহাকে খেচরীমুদ্রা বলে।

"সব্যং দক্ষিণদেশেষু সব্য-দেশেতু দক্ষিণম্।
বাহুং কৃত্বা মহাদেবি! হস্তৌ দ্বৌ পরিবর্ত্ত্য চ।
কনিষ্ঠানামিকে দেবি! যুক্তে তেন ক্রমেণ চ।
তর্জনীভ্যাং সমাক্রান্তে সর্ব্বোর্দ্ধমপি মধ্যমে।
অঙ্গুষ্ঠোর্দ্ধং মহেশানি! সরলাং বাপি কারয়েৎ।
ইয়ং সা খেচরী নাম্না পার্থিবস্থানযোজিতা॥" (তন্ত্রসার)

খেচা (দেশজ) ১ কোন কিছু ধরিয়া টানা। ২ খেচনি, আক্ষেপ।

খেচরান্ন (ক্লী) খেচরং দ্বিদলাদিমিশ্রিতং অন্নং। দ্বিদলাদি সহিত পক্ক অন্ন, চলিত কথায় খিচড়ি বলে। (পাকরাজেশ্বর)

খেজেল, ইফ্রেটিস্ নদীতীরস্থ ক্ষমতাবান্ যোদ্ধৃজাতি। ইহাদের রমণীগণ পরমাসুন্দরী ও তাহাদের গঠন অতি পরিপাটী।

খেট (পুং) খে অটতি অট্-অচ্, খিট্-অচ্-বা। ১ সূর্য্যাদিগ্রহ।

"যস্মিন্ ঋক্ষে স্থিতাঃ খেটাঃ।" (জ্যোতিস্তত্ত্ব)

(ত্রি) ২ সুনিন্দক। ৩ অধম (পুং) ৪ কর্ষকগ্রাম।

"খেট খর্ব্বটকটীশ্চ বনান্ন্যুপবনানি চ।" (ভাগবত ১।৬।১১)

'খেটাঃ কর্ষকগ্রামাঃ' (শ্রীধর।) ৫ অস্ত্রবিশেষ।

"যষ্টিরূপেণ খেটত্বমরিসংহারকারকঃ।
দেবী হস্তস্থিতোনিত্যং।" পূজামন্ত্র।

৬ চর্ম্ম। (মেদিনী) (পুং ক্লী) ৭ মৃগয়া। (ক্লী) খিট ভয়ে কর্ত্তরি অচ্। ৮ তৃণ। (হেম°) ৯ কুণপাস্ত্রের অধঃস্থিত ফলকাকার কাষ্ঠবিশেষ। হেমাদ্রির পরিশিষ্টখণ্ডে লিখিত আছে যে, বালকের পক্ষে কুণপাস্ত্রের খেট ১২ আঙ্গুল হইলে উত্তম, ১০ আঙ্গুল মধ্যম এবং ৮ আঙ্গুল নিকৃষ্ট। বলবানের ২০ আঙ্গুল উত্তম, ১৮ আঙ্গুল মধ্যম ও ১৬ আঙ্গুল খেট অধম জানিবে।

(ত্রি) ১০ ধনবৃদ্ধিজীবী। (হারাবলী) (পুং) ১১ বলদেবের গদা। ১২ কফ। ১৩ ঘোটক। (ত্রি) ১৪ ভক্ষক।

খেটক (পুং) খেট স্বার্থে কন্। ১ গ্রামবিশেষ। (জটাধর) চাষার গাঁ। ২ ফলক, ঢাল। ৩ অস্ত্রবিশেষ। ৪ ধনবৃদ্ধিজীবী।

খেটাঙ্গ (পুং) খেটমঙ্গং যস্ত বহুব্রী। উপদ্রাবক জন্তুবিশেষ, অপদেবতা। "ডাকিনী শাকিনী ভূতপ্রেতবেতালরাক্ষসাঃ।
গ্রহকুষ্মাণ্ডখেটাঙ্গাঃ কালকর্ণী শিশুগ্রহাঃ॥" (কাশীখণ্ড ৩৩ অঃ)

খেটিতান (পুং) খেটতি খিট-ইন্ খেটিঃ তানোঽস্ত বহুব্রী। বৈতালিক। (শব্দমালা)

খেটিন্ (পুং) খিট্-ণিনি। ১ নাগর। ২ কামুক। (শব্দমালা)

খেটু (ক্লী) তৃণ, খড়। (বৈদ্যক)

খেড় (ক্লী) গন্ধ খড়, একপ্রকার ঘাস।

খেড়, ১ বোম্বাই প্রেসিডেন্সীর অন্তর্গত রত্নগিরি জেলার একটী উপবিভাগ। ইহার উত্তরসীমা কোলাবা জেলা, পূর্ব্বে সাতারা জেলা, দক্ষিণে চিপ্লুন্, পশ্চিমে দাপোলী। ভূপরিমাণ ৪০০ বর্গমাইল। এখানে ধান্যাদি শস্য ও নানাপ্রকার কলাই জন্মে। এখানে তিনটী থানা ও দুইটী ফৌজদারী আদালত আছে। রাজস্ব প্রায় লক্ষ টাকা।

২ উক্ত খেড় মহকুমার প্রধান নগর। জগবুদী নদীর ধারে অবস্থিত। ইহার চারিদিকে পাহাড়। এখানে ডাকঘর, পাঠশালা ও প্লান্থনিবাস আছে। নগরের পূর্ব্বে ৩টী পাথরের মন্দির পড়িয়া রহিয়াছে, তাহাতে কতকগুলি কুষ্ঠরোগীর বাস।

৩ পুণাজেলার অন্তর্গত একটী নগর, ভীমানদীর বামকূলে অবস্থিত। অক্ষা° ১৮° ৫১´ উঃ, দ্রাঘি° ৭৩° ৫৫´। এখানে

মিউনিসিপালিটি, ডাকঘর, ঔষধালয়, রাজস্ব আদায়ের ও পুলিস কর্ম্মচারির প্রধান কাছারী আছে। ইহার আশে পাশের জমি লইয়া খেড় গ্রামের পরিমাণ ২০ বর্গ মাইল। এই গ্রাম মধ্যে অনেক প্রাচীন কীর্ত্তি পড়িয়া আছে। তন্মধ্যে ভীমাতটীস্থ সিদ্ধেশ্বরের মন্দির, দিলাবর খাঁয়ের মস্‌জিদ্ ও তাঁহার গোরস্থান দেখিবার জিনিষ।

খেড়িতাল (পুং) বৈতালিক, গায়ক।

খেড়ি (দেশজ) ১ খর্ব্ব। ২ পাতলা।

খেত (ক্ষেত্রশব্দজ) ১ ক্ষেত্র। ২ পত্নী।

খেতখোলা (দেশজ) ক্ষেত্র।

খেতবাঁট (দেশজ) জমিতে জমিভাগ।

খেতবাঁটমহল (দেশজ) একের জমির সহিত অপরের জমি মিশ্রিত-জমিদারী।

খেতবার (হিন্দী) ক্ষেত্রের উৎপন্ন অনুসারে করনির্দ্ধারণ বা বন্দোবস্ত।

খেতাব (আরবী) উপাধি।

খেতী (ক্ষতিশব্দজ) ক্ষতি, লোকসান।

খেদ (পুং) খিদ-ভাবে ঘঞ্। ১ শোক। ২ অবসাদ।

"অদ্যাপীদং বনং দুর্গং বিচিন্বন্ত বনৌকসাঃ।
খেদং ত্যক্ত্বা পুনঃ সর্ব্বং বনমেব বিচিন্বতাম্॥"(রামায়ণ ৪।৪৯।৭)

খিদ্-ণিচ্ কর্ত্তরি অচ্। ৩ রোগ। (কৈয়ট।) ৪ সাহিত্যদর্পণের মতে রতি অথবা পথগতি প্রভৃতি দ্বারা যে ভ্রম উৎপন্ন হয়, তাহাকে খেদ বলে, ইহা দীর্ঘশ্বাস ও নিদ্রার কারণ। (সাহিত্যদর্পণ ৩ পঃ)

"চিররতি পরিখেদাৎ প্রাপ্তনিদ্রাসুখানাং।" (মাঘ ১১ সঃ)

খেত্রি, রাজপুতানার জয়পুররাজ্যের অধীন একটী সামন্ত রাজ্য। খেত্রি, বাবই, সিংহানা ও ঝুঁঝুনু এই ৪টী পরগণা ইহার অন্তর্গত। আয় প্রায় সাড়ে তিনলক্ষ টাকা। মহারাষ্ট্র-সমরের সময় এখানকার সর্দ্দার রাজা অভয়চাঁদ বৃটীশ সেনাপতি লর্ড লেকের পক্ষ হইয়া অনেক সাহায্য করেন, সেই জন্য প্রত্যুপকার স্বরূপ বৃটীশরাজ উক্ত রাজাকে লক্ষ টাকা আয়ের "কোটপুটলী" নামক একখানি স্বতন্ত্র পরগণা দান করেন। খেত্রির সামন্ত জয়পুররাজকে বৎসরে আশীহাজার টাকা কর দিয়া থাকেন। এখানে প্রায় ৬৫০ হাত উচ্চ গিরিদুর্গের মধ্যে সামন্তরাজের বাসভবন। তাহার নিকটে মূল্যবান্ তামার খনি এবং সহর মধ্যে বিদ্যালয়, ঔষধালয় ও ডাকঘর আছে।

খেদড়া (দেশজ) পশ্চাতে তাড়া, অনুসরণ।

খেদন (ক্লী) খিদ-ল্যুট্। খেদ।

খেদা [বৈ] (স্ত্রী) ১ রশ্মি, রজ্জু।

"সমিত্রান্ বৃত্রহাখিদৎ থে অরাঁ ইব-খেদয়া"। (ঋক্ ৮।৭৭।৩)

'খেদয়া রজ্জ্বা' (সায়ণ)।

(হিন্দী) হাতী ধরার ফাঁদ, ঘেরাও বেড়া, এই বেড়ার মধ্যে হাতির পাল তাড়াইয়া লইয়া ধরিতে হয়। [গজ দেখ।]

খেদান (দেশজ) দূরকরণ, তাড়াইয়া দেওয়া।

খেদানীয়া (দেশজ) যে দূর করিয়া দেয়।

খেদি (পুং) খিদ অপাদানে ইন্। কিরণ। (নিঘণ্ট)

খেদিতব্য (ক্লী) খিদ-ভাবে তব্য। খেদ।

খেদিন্ (ত্রি) খিদ-ণিচ্-ণিনি। দৈন্যকারক, যে দৈন্যযুক্ত করে।

খেদিনী (স্ত্রী) খেদিন্-ঙীপ্। অশন-পর্ণী লতা (শব্দচন্দ্রিকা)

খেদিব (তুর্কী) রাজা, অধিপতি, শাসনকর্ত্তা। তুরুস্কের সম্রাট্ ১৮৬৬ খৃষ্টাব্দে ২৬এ মে তারিখে ইজিপ্টের বংশপরম্পরাগত শাসনকর্ত্তাকে একখানি ফরমান্ দেন, তাহাতে "খেদিব" উপাধি প্রদত্ত হয়। ইজিপ্টের পূর্ব্বতন শাসনকর্ত্তাগণ আলী অর্থাৎ রাজপ্রতিনিধি পদ পাইতেন।

খেদ্য (ত্রি) খিদ-ণিচ্-ণ্যৎ। যাহাকে খেদযুক্ত করা হইবে, যাহাকে খেদযুক্ত করা উচিত।

খেপরিভ্রম (ত্রি) আকাশে বিচরণ।

খেপা (ক্ষিপ্তশব্দজ) উন্মত্ত, পাগল।

খেপান (দেশজ) উন্মত্ত করান।

খেপানি (দেশজ) উত্তেজন।

খেপুর (দেশজ) একপ্রকার ঘাস। (Scirpus kysoor)

খেমকর্ণ, পঞ্জাবের লাহোর জেলার কসুর তহসীলের একটী নগর। কসুর নগর হইতে ৩॥০ ক্রোশ। অক্ষাং ৩১° ৯´ উঃ, দ্রাঘিং ৭৫° ৩৬´ ৩০´´ পূঃ। বিপাশা নদীর প্রাচীনতটে অবস্থিত। এখানকার লোকসংখ্যা প্রায় ছয় হাজার। নগরের চারি পার্শ্বে প্রাচীর দিয়া ঘেরা। পূর্ব্বে ইহা সমৃদ্ধিশালী ছিল, এখন কতকগুলি ধ্বংসাবশেষ পূর্ব্ব গৌরবের কতকটা পরিচয় দিতেছে। এখানে মিউনিসাপাল বাড়ী, বিদ্যালয়, থানা ও পান্থনিবাস আছে।

খেমটা, ছয় মাত্রার তাল। কেহ কেহ চারিমাত্রার তালকেও খেমটা বলিয়া থাকেন। যথা—

```
+       ১       .       ১
|       |       |       |
ধাটে ধে ় নাতে নে, তাটে ধে ় নাধেনেঃঃ
+   .   ১       .       ১
|       |       |       |
ধাগেধি, নাতিন্, নাগ্‌ধি, নাতিন্ঃঃ
```

(সঙ্গীতশাস্ত্র)

খেমী (দেশজ) স্ত্রীলোকের গহনা রাখিবার কৌটা।

খেয় (ত্রি) খন্যতে খন্ কর্ম্মণি ক্যপ্ ইকারশ্চাদেশঃ। ১ খননীয়, যাহা খনন করা হইবে। (ক্লী) ২ পরিখা, গড়খাই। (পুং) ৩ সেতুবিশেষ।

"সেতুশ্চ দ্বিবিধোজ্ঞেয়ঃ খেয়োবন্ধ্যস্তথৈবচ।
তোয়প্রবর্ত্তনাৎ খেয়ঃ।" (নারদ)

খেয়াঘাট (দেশজ) খেয়াঘাট।

খেয়ানৌকা (দেশজ) যে নৌকায় লোক নদীপার হয়।

খেয়াল, এক জাতীয় সঙ্গীত, সুলতান হোসেন ইহার সৃষ্টি করেন। ইহাতে আস্থায়ী ও অন্তরা এই দুইটী তুকই সর্ব্বদা থাকে। খেয়াল নানাপ্রকার। (সঙ্গীতশা°)

খেয়োঙ্‌থা, (খিওঙ্গ্‌থা) চট্টগ্রাম ও আরাকানবাসী জাতিবিশেষ। সাধারণতঃ লোকে ইহাদিগকে জুমিয়ামঘ বলিয়া জানে। ইহাদের মধ্যে ১৫টী শাখা আছে,—(১) রিগ্রাইৎসা, (২) পলেঙ্গৎসা, (৩) পলেঙ্গ্রিৎসা, (৪) কৌকদিনৎসা, (৫) ব্যেয়নৎসা, (৬) সরুঙ্গৎসা, (৭) ফ্রঙ্গোয়ৎসা, (৮) ক্যৌকপিয়াৎসা, (৯) চেরেঙ্গৎসা, (১০) মরোৎসা, (১১) সাবকোৎসা, (১২) ক্রোঙ্গখেউঙ্গৎসা, (১৩) টেইঙ্গচাৎ (১৪) ক্যৌকমাৎসা, (১৫) মহলেঙ্গৎসা। ইহারা যে নদীতীরবর্ত্তী গ্রামে দলবদ্ধ হইয়া বাস করে, সেই নদীর নামে নিজ নিজ শাখার নাম ঠিক করিয়া লয়। কর্ণফুলী নদীর দক্ষিণাংশে যাহারা বাস করে, তাহারা সঙ্গুনদীর তীরে বন্দারবনবাসী সর্দ্দার বোমোঙ্গকে কর বা রাজস্ব দিয়া থাকে। আর যাহারা কর্ণফুলীনদীর উত্তরাংশে বাস করে, তাহারা মোঙ্গরাজাকে কর দিয়া থাকে। গ্রামবাসী দ্বারা নির্ব্বাচিত একজন মণ্ডলকে রাজা রাজস্ব আদায় করিবার জন্য নিযুক্ত করেন। সেই মণ্ডল গ্রামের ছোট খাট মোকদ্দমার বিচার করেন ও তজ্জন্য দুইপক্ষ হইতে কিছু কিছু পাইয়া থাকেন। ইনি যে সমস্ত টাকা প্রজাদিগের নিকট হইতে লইয়া রাজা বা সর্দ্দারকে রাজস্ব পাঠান, বৎসরান্তে তাহার কমিসনস্বরূপ কিছু অংশ পাইয়া থাকেন। প্রত্যেক পরিবারকে ৪৲ হইতে ৮৲ টাকা করিয়া বৎসরে খাজনা দিতে হয়। কেবলমাত্র অবিবাহিত পুরুষ, পুরোহিত, বিধবা, পত্নীহীন ব্যক্তি এবং যাহারা সম্পূর্ণরূপে শীকারের উপর জীবিকানির্ব্বাহ করে, এরূপ ব্যক্তিকে কোনরূপ খাজনা দিতে হয় না।

পূর্ব্বে ইহারা অন্যান্য পার্ব্বতীয় অসভ্যজাতীর মত ভূতপ্রেতগণের তুষ্টিবিধানের জন্য পূজা করিত। এক্ষণে ইহারা গৌতমবুদ্ধের পূজা করিয়া থাকে। প্রত্যেক গ্রামে একটী খিয়ঙ্গ্‌ (ধর্ম্মমন্দির) আছে। সাধারণতঃ কতকগুলি বৃক্ষের ছায়ায় মাটি হইতে ৪ হাত উচ্চ করিয়া মন্দিরগুলি নির্ম্মিত হয়। মন্দিরের বাহিরে ও ভিতরে একমাত্র বাঁশের কারুকার্য্যই থাকে। এই ভজনালয়ের সম্মুখে প্রাঙ্গণভূমি।

প্রত্যহ প্রাতে ও সন্ধ্যাকালে গ্রামের পুরুষেরা দলে দলে আসিয়া মাথার উষ্ণীষ খুলিয়া হাটু গাড়িয়া বসিয়া বুদ্ধদেবের উপাসনা করে ও প্রতিষ্ঠিত মূর্ত্তির পার্শ্বস্থিত ঘণ্টা বাজাইয়া থাকে। ইহাদের বিশ্বাস যে ঐ ঘণ্টার আওয়াজে দেবতা জাগরিত হয়েন ও তাহাদের ভজনাদি শুনেন।

সন্ধ্যাকালে গ্রামের যুবকেরা এইখানে খেলা ও নৃত্য করিয়া থাকে। ভজনমন্দিরের অভ্যন্তরে উচ্চবাঁশের মাচার উপর গৌতমবুদ্ধের প্রতিমূর্ত্তি থাকে। গ্রামস্থ বালিকারা এখানে প্রত্যহ প্রাতে আসিয়া পুষ্পাদি দ্বারা বুদ্ধদেবের পূজা করে। তাহারা উপস্থিত অতিথিগণের দৈনিক আহারোপযোগী খাদ্য দ্রব্য সঙ্গে লইয়া আইসে।

খিয়ঙ্গের বহির্দ্দেশের চারিদিকের দেয়ালে কাল তক্তা ঝুলান থাকে এবং এই স্থানে গ্রামের সমস্ত বালক বালিকারা আসিয়া লেখাপড়া শিক্ষা করে।

প্রতি বৎসর চাষবাসের পূর্ব্বে ইহাদের মধ্যে "সিয়াং প্রুহপো" ব্রত হইয়া থাকে। এই ব্রতে গ্রামের ৮।৯ বৎসরের বালকদিগকে নেড়া করিয়া দিয়া পুরোহিতগণের মত হলদে-রঙ্গে ছোপান কাপড় পরিতে দেওয়া হয়। তাহারা প্রত্যেকেই চাল বা কাপড় দক্ষিণাস্বরূপ লইয়া পুরোহিতের চারিপার্শ্বে বসিয়া থাকে। এই সময়ে তাহাদের প্রত্যেকের সম্মুখে এক একটী আলো জ্বলিতে থাকে। ইহার পর বালকেরা সাতদিন ধরিয়া পুরোহিতের মত খায় দায় ও বেশভূষা করে। ইহাই ইহাদের দীক্ষা। স্ত্রীলোকেরা এই ব্রত করিতে পারে না। যদি কোন প্রিয়ব্যক্তির গুরুতর পীড়া বা আশু বিপদ্ হইতে রক্ষা পায়, তাহা হইলেও ঈশ্বরের তুষ্টিবিধানের জন্য এই ব্রত করিতে হয়।

উক্ত ক্ষুদ্র ক্ষুদ্র মন্দির ব্যতীত ইহাদের দুইটী প্রধান ধর্ম্মমন্দির আছে। একটী বোমোঙ্গ রাজার রাজধানী বন্দারবন নগরে, অপরটী চট্টগ্রামের রাওজান থানার অন্তর্গত। এই দুইস্থানে বৈশাখ মাসে বুদ্ধদেবকে দেখিতে অনেক যাত্রী আসিয়া থাকে।

খেয়োঙ্‌থারা অতি সামান্য ভাবে বস্ত্রাদি পরিধান করে। সাধারণে হাটু পর্য্যন্ত লম্বা কার্পাস বস্ত্র পরে, কিন্তু বড় মানুষে রেশম বা সূক্ষ্ম মস্‌লিন বস্ত্র ব্যবহার করে। সকলেই জামা ও টুপি পরিয়া থাকে। ইহাদের মধ্যে কেহই জুতা পরে না। স্ত্রীলোকেরা সচরাচর বুকে একখণ্ড কাপড় বাঁধিয়া রাখে। সময়ে সময়ে জামাও গায়ে দেয় ও মাথায়

টুপির পরিবর্ত্তে রুমাল বাঁধে। ইহারা অলঙ্কারাদি পরিতে ভালবাসে।

পুত্রের বয়স ১৭।১৮ বৎসর হইলেই ইহাদের বিবাহ হয়। পুত্রের উপযোগী একটী সুপাত্রী পিতাকে খুঁজিতে হয়। পরে বরকর্ত্তা ঘটক স্বরূপ কোন আত্মীয়কে কন্যাকর্ত্তার নিকট বিবাহের সম্বন্ধ স্থির করিতে পাঠাইয়া দেন। যদি কন্যাকর্ত্তার মত হয়, তাহা হইলে একদিন বরকর্ত্তা আসিয়া কন্যা দেখে ও তাহাকে যৌতুক স্বরূপ একটী জামা ও রূপার আংটী দিয়া যান। পরে শুভ নক্ষত্র দেখিয়া বিবাহের শুভলগ্ন স্থির হয়। উভয় পক্ষ হইতে নিজ নিজ কুটুম্বগণকে একখানি নিমন্ত্রণ পত্র ও একটী মুরগী পাঠান হইয়া থাকে। কোন কোন স্থানে এখন মুরগীর বদলে পয়সা দেওয়া হয়। বিবাহের দিন বর ও বরযাত্রীগণ সমারোহে কন্যার বাটীর অভিমুখে যায়। কন্যার গ্রামে বর ও যাত্রীদের জন্য ছোট ছোট বাঁশের ঘর নির্ম্মিত হয়। ঐ ঘরগুলির মধ্যে একখানি বরের জন্য সাজান থাকে। বর আসিয়া সেই ঘরে বসে। সন্ধ্যার সময় বর কন্যার বাড়ীতে যায়। তথায় বর ও কন্যাকে একত্র সূতা দিয়া জড়ান হয়। পুরোহিত আসিয়া বিবাহের মন্ত্রাদি পাঠ করিয়া থাকেন। পরে সাতবার বর ও কন্যার হাতে ভাত তুলিয়া দেন এবং বরের দক্ষিণ হাত লইয়া কন্যার হস্তে তুলিয়া দিয়া পুনর্ব্বার মন্ত্রাদি পাঠ করেন। ইহার পর বিবাহ শেষ হইয়া যায় ও বরযাত্রীরা মহা ধূমধামে ভোজন করিয়া থাকে।

ইহারা শবদাহ করে। জাতির একজন মরিলে ইহাদের মধ্যে একজন ঢাক বাজায় ও স্ত্রীলোকগণ উচ্চৈঃস্বরে কাঁদিয়া উঠে। ঐ ঢাকের আওয়াজে ক্রমে ক্রমে কুটুম্বেরা আসিয়া জোটে। এইরূপে কুটুম্বাদি আসিয়া শব লইয়া দাহ করিতে ২৪ ঘণ্টা সময় লাগে। অগ্রে পুরোহিত, তাহার পর শিষ্যগণ, পরে কুটুম্বাদি ও সর্ব্বশেষে শব লইয়া মৃতের জ্ঞাতিবর্গ যায়। একজন নিকট আত্মীয় শবের মুখাগ্নি করে। পুড়িয়া গেলে ভস্ম লইয়া মাটীতে পুঁতিয়া ফেলে ও সেই কবরের উপর বাঁশে নিশান বাঁধিয়া পুতিয়া রাখে। মৃত্যুর ৭ দিন পরে পুরোহিত ঐ মৃতব্যক্তির বাটীতে আসিয়া মৃতব্যক্তির কল্যাণার্থ স্বস্ত্যয়ন করিয়া থাকেন।

ইহারা সকলেই আরাকানীভাষায় কথা কয় ও ব্রহ্মদেশীয়দিগের মত অক্ষরে লেখাপড়া করে।

এক সময়ে এই জাতি বড় প্রবল হইয়া উঠে। ইহাদের অত্যাচার এখনও বঙ্গবাসীর বিশেষতঃ পূর্ব্ববঙ্গ ও চট্টগ্রাম অঞ্চলের লোকদিগের হৃদয়ে জাগরূক রহিয়াছে। কথায় বলে "মগের মুল্লুক কি না ?" ইহার অর্থ তৎকালের মঘেরা রাজাকে বা রাজ-আদেশকেও ভয় করিত না। তাহারা দলে দলে আসিয়া লুটপাট করিয়া দেশ জ্বালাইয়া দিত, এই কারণে সুন্দরবনের কতকাংশ ও বাখরগঞ্জ, চট্টগ্রাম প্রভৃতি স্থান হইতে অনেক লোক প্রাণ লইয়া পলাইয়া আসে। মঘের দৌরাত্ম্যে উত্যক্ত হইয়া ১৬৬৪-৬৫ খৃষ্টাব্দে বাঙ্গালার শাসনকর্ত্তা সায়েস্তা খাঁ আরাকানরাজের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করেন। এই সময় চট্টগ্রাম মঘরাজের অধীনে ছিল।

এই যুদ্ধে মঘেরা একবারে পরাজিত হইয়া পলাইয়া যায় ও চট্টগ্রাম পুনরায় বাঙ্গালার অধীনে আইসে। এক্ষণে পূর্ব্ববঙ্গের প্রায় সকল স্থানে মঘেরা বাস করিতেছে।

[মঘ দেখ।]

খের (হিন্দী) ১ গ্রামের সন্নিহিত ভূমি। যেখানে পূর্ব্বে বাড়ী ঘর ছিল, কিন্তু তাহা ধ্বংস হইয়া গেলে তাহাদের উপর সচরাচর যে গ্রাম স্থাপিত হয়। ৩ (দেশজ) ক্ষীরা, কাঁকুড়।

খেরকেরিয়া, ভুটানের লক্ষ্মীনদীর নিকটস্থ একটী গ্রাম। দরঙ্গ জেলার উত্তরপ্রান্তে অবস্থিত। এখানে প্রতি বর্ষে একটী মহামেলা হয়, সেই সময়ে বহু দূরদেশ হইতে লোকের সমাগম হয় ও অনেক টাকার দ্রব্যাদি বিক্রয় হইয়া থাকে।

খেরমুগ (দেশজ) একপ্রকার ছোট মুগ। (Phaseolus Mungo)

খেরাদি সুরমল, ভীল জাতির মধ্যে একজন ধর্ম্মপ্রচারক। রামচন্দ্রকে ঈশ্বরাবতার বলিয়া প্রচার করাই তাঁহার উদ্দেশ্য। ভীল জাতির "ভক্ত" নামক গুরুগণ আপনাদিগকে খেরাদি সুরমলের শিষ্য বলিয়া পরিচয় দেয়। [ভীল দেখ।]

খেরালী, কাঠিবাড়ের ঝালাবার বিভাগের মধ্যবর্ত্তী একটী ক্ষুদ্র রাজ্য। খেরালী ও বাদলা নামে দুইখানি গ্রাম ইহার অন্তর্গত। ইহার তিনজন অংশীদার। ভূপরিমাণ ১১ বর্গমাইল।

খেরালু, গুজরাটের মধ্যে বরদা রাজ্যের কাদি বিভাগের অন্তর্গত একটী নগর। অক্ষা° ২৩° ৫৪´ উঃ, দ্রাঘি° ৭২° ৪০´ পূঃ। বল্লভাচার্য্য প্রতিষ্ঠিত গোঁসাইজীর মন্দিরের জন্য এই স্থান প্রসিদ্ধ। দেওয়ানী আদালত, থানা ও গুজরাটী পাঠশালা আছে।

খেরি, উ° প° প্রদেশের ছোট লাটের অধীনস্থ অযোধ্যা প্রদেশের সীতাপুর বিভাগের মধ্যবর্ত্তী একটী জেলা। অক্ষা° ২৭° ৪১´ হইতে ২৮° ৪২´ উঃ এবং দ্রাঘি° ৮০° ৪´ ৩০´´ হইতে ৮১° ২´ পূঃ। উত্তরে মোহন নদী,, পূর্ব্বে কৌরিয়ালা নদী, দক্ষিণে সীতাপুর জেলা এবং পশ্চিমে শাহজহানপুর জেলা। ভূপরিমাণ ২৯৯২ বর্গমাইল। লোকসংখ্যা প্রায় সাড়ে আটলক্ষ। লক্ষ্মীপুরে ইহার প্রধান কাছারী আছে।

এই জেলাটী অধিত্যকায় বিভক্ত, মধ্য দিয়া কৌরিয়ালা, সুহেলী, দহাবর, চৌকা, উল্, জম্বারি, কঠ্না, গোমতী ও সুখেতা নদী প্রবাহিত। উল্নদীর উত্তরাংশে তরাই, এই স্থান বড় অস্বাস্থ্যকর। কৌরিয়ালা ও চৌকা নদীর মধ্যেই শস্যশালিনী উর্ব্বরা ভূমি। জেলার উত্তরাংশে প্রায় ৬৫০ বর্গ মাইল স্থান বন জঙ্গলে পরিপূর্ণ। ঐ বনে ভাল ভাল শাল, শিশু ও খয়ের কাঠ পাওয়া যায়, এই জন্য প্রায় ৩০৩ বর্গমাইল ভূমি গবর্ণমেণ্টের খাসে আছে। জেলার উত্তরাংশে ম্যালেরিয়া জ্বর প্রবল। দক্ষিণাংশ স্বাস্থ্যকর। এই জেলায় তেমন মূল্যবান্ খনিজ পদার্থ পাওয়া যায় না, কেবল খয়েরিগড় পরগণায় মেটেতৈল বাহির হয়। গোলা নামক স্থানে ভাল কাঁকর ও ধৌরাড়া নামক স্থানে উৎকৃষ্ট সোরা পাওয়া যায়। এখানকার বনে বাঘ, হরিণ, চিত্রমৃগ, শূকর ও নীলগাই সচরাচর দেখা যায়। এখানে বিষধর সর্প ও কুম্ভীর যথেষ্ট আছে।

উৎপন্ন দ্রব্যের মধ্যে কোদো, কাঙ্নি, জোয়ারা, বাজরা, মাসকলাই, মুগ, গম, যব, সর্ষপ, ইক্ষু, কাপাস, তামাক, অহিফেন, নীল এবং নানা প্রকার শাকসব্জী জন্মে।

এই জেলা ৩টী তহসীল ও ১৭টী পরগণায় বিভক্ত। ১ম, লক্ষ্মীপুর তহসীলের অধীনে খেরি, শ্রীনগর, ভূর, পাইলা ও কুকরা-মৈলানী পরগণা। ২য়, নিঘাসন তহসীলের অধীনে ফিরোজাবাদ, ধৌরাড়া, নিঘাসন, খয়েরিগড় ও পলিয়া পরগণা। ৩য়, মুহম্দি তহসীলের অধীনে মুহম্দি, পস্গবান্, অরঙ্গাবাদ, কাষ্টা, হায়দরাবাদ, বগ্দপুর, ও অত্বা পিপরিয়া পরগণা। এই জেলা ডেপুটী কমিসনরের শাসনাধীন।

এই জেলার প্রাচীন ইতিহাস তেমন নাই। অক্বর বাদশাহের সময়ে এই স্থান কতকগুলি জমিদারের অধিকারে ছিল। এখানকার মুহম্দির রাজা অক্বর বাদশাহের নিকট ৫ খানি গ্রাম ও ৩০০ বিঘা জমি সনন্দ পান। এক সময়ে তিনি সমস্ত জেলাই অধিকার করিয়াছিলেন। ভূর্বারার আহ্বানজমিদারেরাও অক্বরের সময়ে ছিল, তবে এখনকার মত তাহাদের বিস্তৃত জমিদারী ছিল না। বর্ত্তমান সময়ে জাঙ্রি, রৈকবার, সূর্য্যবংশ, জন্বার রাজপুত, শিখ ও সৈয়দগণ এখানকার জমিদার। ১৬৯০ খানি গ্রামের মধ্যে ৮৫০ খানির রাজপুত, ৩৫৩ খানির মুসলমান, ১১৬ খানির কায়স্থ, ৮৮ খানির ব্রাহ্মণ এবং ৯৮ খানির য়ুরোপীয় ভূম্যধিকারী।

২ উক্ত জেলার অন্তর্গত একটী নগর। অক্ষা° ২৭° ৫৪´ উঃ, দ্রাঘি° ৮০° ৫১´ পূঃ। লোকসংখ্যা প্রায় ছয় হাজার। এখানে ১৪টী হিন্দু দেবালয় ১২টী মস্জিদ ও ৩টী ইমামবাড়ী আছে। ১৫৬৩ খৃষ্টাব্দে পরলোকগত সৈয়দখুরদের গোরস্থান দেখিবার জিনিস।

খেরুয়া (দেশজ) খেরমুগ।

খেল (ত্রি) খেলতি খেল-অচ্। ১ যে অতি সুন্দরভাবে গমন করে। (পুং) ২ বেদপ্রসিদ্ধ একজন রাজা। অগস্ত্য ইহার পুরোহিত ছিলেন, ইহার পত্নীর নাম বিশপলা। এক সময়ে এই রাজার সহিত শত্রুপক্ষীয়দিগের ঘোরতর যুদ্ধ হয়। সেই যুদ্ধে রাজপত্নী বিশপলার পা দুটী ছিঁড়িয়া যায়। পুরোহিত অগস্ত্য অশ্বিনী-কুমারদ্বয়কে ইহার প্রতীকারের জন্য অনুরোধ করেন। অশ্বিনীকুমারদ্বয় রাত্রিতে আসিয়া লৌহময় অপর দুইটী পা নির্ম্মাণ করিয়া বিশপলার ভাঙ্গা পায়ে জুড়িয়া দেন। (ঋক্ ১। ১১৬। ১৫)

৩ দক্ষিণাপথে এক একজন পাটেলের অংশভুক্ত গ্রাম।

খেলঅৎ (আরবী) খেলাত; সম্মানসূচক পরিচ্ছদ।

খেলন (ক্লী) খেল-ল্যুট্। ১ ক্রীড়া। খেলত্যনেন খেল করণে ল্যুট্। ২ যাহাদ্বারা ক্রীড়া করা যায়।

খেলনী (স্ত্রী) খেলত্যত্র খেল আধারে ল্যুট্ ততো ঙীপ্। শারিফলক। (হেম°)

খেলা (স্ত্রী) খেল-অপ্-টাপ্। ক্রীড়া, কূর্দ্দন। (অমর)

খেলাড়িয়া (দেশজ) যে খেলা করিতে অতিশয় ভালবাসে।

খেলাড়ী (দেশজ) খেলাড়িয়া।

খেলাড়ু (দেশজ) খেলার সঙ্গী, যাহাকে লইয়া খেলিতে হয়।

খেলাত (আরবী) খেলঅৎ, মর্য্যাদাসূচক পরিচ্ছদবিশেষ।

খেলি (স্ত্রী) খে আকাশে অলতি পর্য্যাপ্নোতি, খে-অল্-ইন্। ১ গান। ২ বাণ। ৩ সূর্য্য। ৪ পক্ষী। ৫ জন্তু। (অজয়পাল)

খেশ (পারসী) গায়ের কাপড়। ভাগলপুরের খেশ প্রসিদ্ধ।

খেশারৎ (আরবী) ক্ষতি, হানি, অপচয়।

খেশারতী (আরবীজ) যাহা দ্বারা খেশারত পূরণ করা হয়।

খেসর (পুং স্ত্রী) খে আকাশে ইব শীঘ্রগামিত্বাৎ সরতি সৃ-ট অলুকস°। জন্তুবিশেষ, ঘোটকীর গর্ভে গর্দ্দভ হইতে উৎপন্ন, চলিত কথায় খচ্চর বলে। পর্য্যায়—অশ্বখরজ, সকৃদ্গর্ভ, অধ্বগ, ক্ষমী, সন্তুষ্ট, মিশ্রল, মিশ্রশব্দ, অতিভারগ। (রাজনি°)

খেসারী (দেশজ) এক প্রকার ডাল।

খৈ (খদিকা শব্দজ) লাজ, ভৃষ্ট ধান্য, খই। [খই দেখ]

খৈচুর (খদিকা চূর্ণজ) খইচুর।

খৈমখ (পুং) খে আকাশে কর্ত্তব্যো মখঃ স্বার্থে অন্। আকাশকর্ত্তব্য যজ্ঞবিশেষ। "খঘ-থা ই খৈ মখা ই মধ্যে তদুরি।" (অথর্ব্ব ৪। ১৫। ১৫)

খৈরা (খয়রা), মেদিনীপুর জেলার এক প্রাচীন জাতি। এই জাতির অধীনে একসময়ে বলরামপুর, খড়্গপুর ও কেদার কুণ্ড এই তিনখানি পরগণা ছিল। বলরামপুরে খয়রারাজার বাসস্থানের এবং তাঁহাদের প্রতিষ্ঠিত দেবমন্দিরাদির ভগ্নাবশেষ পড়িয়া আছে। অনেকের মতে কর্ণগড় ও বলরামপুরের রাজগণের পূর্ব্বপুরুষগণ খয়রারাজার দেওয়ান ও গড়সর্দ্দার ছিলেন, তাঁহাদের চক্রান্তে খয়রারাজ নিহত হন এবং তাঁহার সাতরাণী তাঁহার অনুগমন করেন। রাণীগণ চিতারোহণকালে এই বলিয়া শাপ দিয়া যান, "যে দুর্বৃত্তেরা চক্রান্ত করিয়া আমাদের সর্ব্বনাশ করিল, সতীর অভিশাপে নিশ্চয়ই তাহারা সাতপুরুষের মধ্যে নির্ব্বংশ হইবে।" সতীর কথা মিথ্যা হইবার নয়। শুনা যায়, বলরামপুরের রাজবংশে ভীমসেন মহাপাত্র হইতে ৭ম পুরুষে রাজা বীরপ্রসাদ ও কর্ণগড় রাজবংশের ১ম রাজা লক্ষ্মণসিংহ হইতে ৭ম পুরুষে অজিতসিংহ নির্ব্বংশ হন।

কেহ বলেন, মেদিনীপুরের সহর হইতে ৫।৬ ক্রোশ দূরে জগন্নাথে যাইবার রাস্তার পার্শ্বে অযোধ্যাগড়ে খয়রা রাজারা থাকিতেন। এই গড়ের মধ্যে জোড়বাঙ্গালা নামে একটী মন্দির আছে, তাহাতে খয়রা রাজের কুলদেবী ভগবতী সিংহবাহিনীর মূর্ত্তি আছে। এ ছাড়া খয়রারাজের আরও অনেক কীর্ত্তি আছে।

এখনও মেদিনীপুর জেলার স্থানে স্থানে খৈরি নামে অর্দ্ধ সভ্য জাতি বাস করে, তাহারা হিন্দু দেবদেবী মানিয়া চলে, অথচ কুক্কুট মাংস ভক্ষণ করে। কাহারও মতে, খয়রারাজগণ এই জাতিভুক্ত ছিলেন।

খৈরী (দেশজ) একজাতীয় বক। (Ardea cinnomomea.)

খৈলায়ন (ত্রি) খিল চাতুরর্থিক অণ্ (পা ৪।২।৮০)। খিল নির্বৃত্ত, তৎসন্নিহিত দেশাদি।

খৈলিক (ত্রি) খিল বা পরিশিষ্ট সম্বন্ধীয়।

খো, ১ মধ্যপ্রদেশের উচহরা নগরের দেড় ক্রোশ পশ্চিমে অবস্থিত একটী অতি প্রাচীন গ্রাম। এক সময়ে এখানে অনেক বাড়ীঘর ও দেবমন্দিরাদি ছিল, এখন কেবল ভগ্নাবশেষ পড়িয়া আছে।

এই গ্রামে গুপ্তরাজ হস্তিনের শিলাফলক পাওয়া গিয়াছে। এখানকার ভগ্নমন্দিরে বৃহদাকার দশাবতারের ভগ্ন প্রস্তরমূর্ত্তি পড়িয়া আছে।

৩ পূর্ব্ব উপদ্বীপের কম্বোজরাজ্যের অধিবাসী প্রবলজাতি, ইহাদের সংখ্যা প্রায় চারিলক্ষ। ইহাদের আচার ব্যবহার চীন ও ব্রহ্মবাসীর মত।

খো (দেশজ) খোয়া, ভাঙ্গা ইট্।

খোআ (ক্ষয় শব্দজ) ১ ক্ষয়, ক্ষতি। ২ ক্ষয়িত। ৩ ভাঙ্গা ইট্।

খোআন (দেশজ) ক্ষয়করণ, নাশ করণ।

খোঁআড় (দেশজ) দুর্দ্দশা, অতিশয় দুঃখ।

খোঁআড়ি (দেশজ) দুর্দ্দশাগ্রস্ত, যাহার অদৃষ্ট অতিশয় মন্দ।

খোঁচ (দেশজ) ১ অভাব, ছিদ্র। ২ নিম্নস্থান। ৩ বাধা।

খোঁচা (দেশজ) আঘাত।

খোঁচাখোঁচি (দেশজ) ১ বিরোধ। ২ পরস্পর খোঁচা দেওয়া।

খোঁটা (দেশজ) ১ তুলিয়া দেওয়া। ২ প্রকৃতদোষের কথা উল্লেখ করিয়া গালি দেওয়া।

খোঁড়া (খোড় শব্দজ) পঙ্গু, গমনশক্তিহীন।

খোঁড়ানি (দেশজ) এক পা অথবা একপায়ের কতক অংশ মাটিতে না লাগাইয়া গমনকে খোঁড়ানি বলে।

খোঁড়ানিয়া (দেশজ) ১ পঙ্গু। ২ যে পঙ্গুর ন্যায় গমন করে।

খোপা (দেশজ) কেশগুচ্ছ, ধম্মিল্ল।

খোকসা (দেশজ) ১ কুরবপক্ষী। (Falco haliæetus) ২ পক্ষীবিশেষ। ৩ মৎস্যবিশেষ।

খোকা (দেশজ) দুগ্ধপোষ্য বালক, শিশু।

খোকী (দেশজ) দুগ্ধপোষ্যা বালিকা।

খোখর, সিন্ধুপ্রদেশবাসী জাটজাতির একশাখা। ইহারা মুসলমানধর্ম্মাবলম্বী। এক সময়ে ইহারা সমস্ত সিন্ধু ও পঞ্জাব প্রদেশে অতিশয় প্রবল হইয়া উঠিয়াছিল। মুহম্মদ ঘোরী যখন ভারত লুণ্ঠন করিয়া স্বদেশে ফিরিতে ছিলেন, সেই সময়ে এই খোখরজাতির হাতে তাঁহার মৃত্যু হয়। অনেক গ্রন্থকার "গকর" "গোক্কর" বা "ঘখর" নামে এই জাতির উল্লেখ করিয়াছেন। কিন্তু "খোখর" ও "গকর" দুই স্বতন্ত্র জাতি। খৃষ্টীয় দ্বাদশ হইতে চতুর্দ্দশ শতাব্দে পঞ্জাব, সিন্ধু, ও কাঠিবাড় অঞ্চলে এই খোখর জাতিই প্রবল হইয়া ছিল, তৎকালে মূলতান প্রভৃতি অনেকস্থান ইহাদের শাসনাধীন ছিল। তখন "গখর" জাতি অতি সামান্য অবস্থায় পঞ্জাবের পশ্চিমকোণে অতি কষ্টে বাস করিতে ছিল। খোখরজাতির প্রতাপ খর্ব্ব হইবার অনেক পরে "গখর" জাতির অভ্যুদয় হয়।

খোখা (দেশজ) চুক্তিপত্র। (Bill of Exchange)

খোঙ্কাহ (পুং) খে আকাশে উঙ্ ইত্যব্যক্তশব্দং কুর্ব্বন্ গাহতে গাহ-অচ্ পৃষোদরাদিবৎ গকারস্য কত্বে সাধুঃ। শ্বেত পিঙ্গলবর্ণ অশ্ব। (হেমং) কেহ কেহ "খোঙ্কাহ" স্থলে 'খোঙ্গাহ' পাঠ করিয়া থাকেন।

খোঙ্গা (দেশজ) একপ্রকার ক্ষুদ্র বাক্স; ইহা বাঁশের শলাকা দ্বারা নির্ম্মিত হয়। [খুঙ্গী দেখ।]

খোঙ্গী (দেশজ) খোঙ্গা।

খোজ (দেশজ) অনুসন্ধান।

খোজক, পাঠানজাতির এক শাখা। ইহারা মেখ্‌তরের কাকর্ পাঠানদিগের একটী অন্যতম শাখা।

খোজদার, বলুচিস্থানের মধ্যে উপত্যকা মধ্যস্থ একটী ক্ষুদ্র নগর। খপ্পার রাজধানী হইতে ১০ মাইল দক্ষিণে অবস্থিত। উদ্ ও ব্যেলা যাত্রীরা এই স্থান দিয়া যাইয়া থাকেন। এই নগরটী পূর্ব্বে সমৃদ্ধিশালী ছিল। এই স্থান হইতে রুদখানা নদীর তীর পর্য্যন্ত অনেক ভগ্নাবশেষ চিহ্নাদি দেখিতে পাওয়া যায়। এইখানে প্রস্তরের চত্বরের উপর ২৫ ফিট উচ্চ স্তম্ভ গ্রথিত আছে।

খোজা (দেশজ) ১ অনুসন্ধান। (পারসীজ) ২ পুরুষত্বহীন, নপুংসক।

খোজা অহ্মদ-য়সেবি, মধ্য-এসিয়ার অন্তর্গত অনুর্ব্বর সমতল ভূমির উপর ভ্রমণকারী নোমাদজাতির মধ্যে ইনি একজন প্যাগম্বর। ধর্ম্ম ও নীতি সম্বন্ধে ইহার কৃত কবিতাগুলি খির-ঘিজ ও উজবকেরা কোরাণের ন্যায় অতিশয় ভক্তি করে।

খোজাখোজি (দেশজ) অতিশয় অনুসন্ধান।

খোটন (ক্লী) খোড়ন, নেংচান।

খোটি (স্ত্রী) খোট-ইন্। ১ চতুরা স্ত্রী। ২ পালঙ্কশাক। (শব্দচন্দ্রিকা) ৩ কাষ্ঠ খোটি। (চক্রদত্ত)

খোটী (স্ত্রী) খোটি বা-ঙীষ্। ১ পালঙ্কীবৃক্ষ। ২ চতুরা স্ত্রী। (শব্দচন্দ্রিকা)

খোট্টা, ভারতবর্ষের উত্তরপশ্চিমাঞ্চলবাসী হিন্দুস্থানীদিগকে সাধারণতঃ বাঙ্গালাভাষায় খোট্টা বলা হইয়া থাকে। মানভূমের উত্তর প্রদেশে যে ভাঙ্গা হিন্দিভাষা প্রচলিত আছে, তাহাকে তথাকার লোকেরা "খোট্টাভাষা," কহিয়া থাকে। সম্ভবতঃ ঐ ভাষার নাম হইতেই হিন্দুস্থানীদিগকে "খোট্টা" নামে অভিহিত করা হয়। ২ পশ্চিমের যে সকল নাপিত বাঙ্গালায় আসিয়া বাস করিয়াছে, তাহাদিগকেও খোট্টা বলা হইয়া থাকে। এক্ষণে ইহারা একটী স্বতন্ত্র শ্রেণী হইয়াছে। বেহার প্রভৃতি পশ্চিম প্রদেশের নাপিতেরা ইহাদিগকে নিকৃষ্টজাতি বিবেচনা করে। উভয়ের মধ্যেই বিবাহাদি কোনরূপ আদান প্রদান নাই।

৩ মুর্শিদাবাদের কাম্মারজাতির ও বাঙ্গালার পশ্চিমের ধোবাদিগের একটী শাখাকেও খোট্টা বলা হয়।

৪ পোদজাতির একটী শাখা। কোথাও কোথাও ইহাদিগকে "খোট্টা" পরিবর্ত্তে "মৌনা" বলে।

খোড় (ত্রি) খোড়তি খোড়-অচ্। খঞ্জ, খোড়া। এই শব্দটী কড়ারাদি গণান্তর্গত বলিয়া কর্ম্মধারয় সমাসে বিকল্পে ইহার পরনিপাত হইয়া থাকে। যথা—খোড়বাল, বালখোড়।

খোড়কশীর্ষক (ক্লী) খোড় ক্ষেপে ধুল্ খোড়কং শীর্ষমস্য বহুব্রী কপ্। ১ কপিশীর্ষবৃক্ষ। ২ হিঙ্গুল। (ত্রিকাণ্ড)

খোন্দমীর, খবন্দশাহ (মীর-খোন্দ) আমীরের এক পুত্র। ইহার আসল নাম—ঘয়াসুদ্দীন্ মুহম্মদ বিন্-হমীদ্‌উদ্দীন্ খোন্দ আমীর।

কাহারও মতে, ইনি ১৪৭৫ খৃষ্টাব্দে হিরাট নগরে জন্ম গ্রহণ করেন। ১৪৯৮ খৃষ্টাব্দে ইনি 'রৌজৎ উস্ সফা' নামক পারস্য গ্রন্থের সারসংগ্রহ করিয়া 'খুলাসৎ-উল্ অখ্‌বার' নামে একখানি সুন্দর গ্রন্থ প্রণয়ণ করেন।

উক্ত গ্রন্থ ব্যতীত 'হবীব্ উস্ সিয়ার', 'মাসির উল্ মুলুক্,' 'অখ্‌বর্-উল্-অখিয়ার্,' 'দস্তূর-উল্-বজ্‌রা', 'মুকা-রিম্-উল্-অখ্‌লাক্,' 'মুন্তখিব্-তারীখ্ বাস্‌গাফ্', 'ঘরাএব্ উল্ অস্‌রার্,' 'জবাহির্ উল্ অখ্‌বার' নামে কতকগুলি গ্রন্থ রচনা করেন।

১৫২৭ খৃষ্টাব্দে জন্মভূমে ঘোরতর বিপ্লব ঘটে, সেই জন্য ইনি হিরাট পরিত্যাগ করিয়া মৌলানা সাহেব-উদ্দীন্ ও মির্জা ইব্রাহিম্ কানুনী নামে দুই মহাপণ্ডিতের সহিত ভারতবর্ষে আগমন করেন। ১৫৭৮ খৃষ্টাব্দে আগ্রা নগরে উপস্থিত হন, এইখানে সম্রাট্ বাবরের সহিত তাঁহার সাক্ষাৎ হয়। এই-খানে খোন্দমীর সম্রাটের নিকট সম্মানলাভ করিলেন। পরে যখন বাবর বাঙ্গালা আক্রমণ করিতে আসেন, তৎকালে ইনিও তাঁহার সঙ্গী ছিলেন। বাবরের মৃত্যু হইলে পর, ইনি হুমায়ুনের নামানুসারে 'কানূন্ হুমায়ূন্' রচনা করেন। এই গ্রন্থ আবুজফজলের অক্‌বরনামায় উদ্ধৃত হইয়াছে। ইনি সম্রাট্ হুমায়ূনের সহিত গুজরাটে যাত্রা করেন। পথিমধ্যে সম্রাটের শিবিরে ১৫৩৫ খৃষ্টাব্দে ইহার মৃত্যু হয়। ইহার মৃতদেহ দিল্লীতে আনিয়া আমীর খুস্‌রুর সমাধির পার্শ্বে গোর দেওয়া হয়।

খোতেন, পূর্ব্ব তুর্কীস্থানের মধ্যবর্ত্তী একটী জনপদ। ইয়র্ক-ন্দের দক্ষিণপূর্ব্বে খোতেন ও কারাকাস্ নদীর সঙ্গমস্থানে অবস্থিত। অক্ষা° ৩৭° ১৫´ উঃ, দ্রাঘি° ৭৯° ২৫´ পূঃ।

মধ্য এসিয়ার মধ্যে এই জনপদটী অতি প্রাচীনকাল হইতে সমৃদ্ধিশালী বলিয়া প্রসিদ্ধ। খৃষ্ট পূর্ব্বের ১৪০ অব্দে চীনের সহিত ইহার বেশ সদ্ভাব ছিল। খৃষ্টীয় চতুর্থ শতাব্দীতে এখানে বৌদ্ধধর্ম্ম অতিশয় প্রবল হইয়াছিল।

খোতেন নগরের চারিদিকে দুর্ভেদ্য প্রাচীর দিয়া ঘেরা, এখানে ১৮ হাজার বাড়ী, বিদেশীয় বণিকগণের জন্য ১০ খানি সরাই আর প্রায় দেড়লক্ষ লোকের বসবাস আছে। নানা-দেশীয় লোক এখানে বাণিজ্য করিতে আইসে।

খোদ (পারসী) স্বয়ং।

খোদকস্তা (পারসী) ভূস্বামী আপনার অধিকারে যে জমা রাখেন, তাহাকে খোদকস্তা বা খোদকাস্ত বলে।

খোদা (ক্ষোদ শব্দজ-) ১ মুদ্রাদিতে অঙ্কপাত। ২ কাষ্ঠ প্রভৃতিতে যন্ত্র নির্ম্মাণ। (পারসী) ৩ ঈশ্বর।

খোদাবন্দ (পারসী) মহাশয়, প্রভু।

খোন (দেশজ) বর্ষা।

খোনকার (পারসী) মুসলমানসমাজে যে ব্যক্তি ত্বক্ ছেদ করে।

খোন্দকার (খবন্দ্‌কার) মুসলমান ধর্ম্মাবলম্বী পারসী শিক্ষক। অপর নাম "মুর্শীদ" অর্থাৎ ধর্ম্মমার্গপ্রদর্শক ও "আখুন্দ" অর্থাৎ শিক্ষক। ত্রিশ বৎসর পূর্ব্বে মুসলমান বালকদিগের শিক্ষা ও কল্‌মা পাঠ ইহাদের ভিন্ন সিদ্ধ হইত না। এখন কেবল মাত্র গোড়া মুসলমানেরা ইহাদিগকে পুত্রের শিক্ষকতা কার্য্যে নিযুক্ত করেন, তদ্ভিন্ন সকলেই মুন্সীর কাছে পাঠ করে। খোন্দকারেরা দীক্ষাগুরুর কার্য্যও করে, শিষ্য রাখে ও ভূত ঝাড়াইয়া থাকে। আবার জল পড়িয়া রোগীকে খাওয়াইয়া রোগশান্তি করিতে পারে। মুসলমান স্ত্রীলোকগণের বিশ্বাস যে ইহারা ইচ্ছা করিলেই মুহূর্ত্ত মধ্যে রোগ শান্তি করিতে পারে। এই জন্য পীড়া হইলেই খোন্দকার ডাকাইয়া পরামর্শ লইয়া থাকে। জ্বর বা তড়কা উপস্থিত হইলে ইহারা প্রায়ই জলপড়া না হয় এক খণ্ড কাগজে দুএক ছত্র কোরাণের মন্ত্র লিখিয়া দেয় ও তাহাই রোগীকে খাওয়ান বা পরান হইয়া থাকে। পূর্ব্ব বঙ্গের হিন্দু ও মুসলমান জাতির স্থির বিশ্বাস যে ইহাদের প্রদত্ত জলপড়া বাত ও স্নায়বীয় বেদনার অব্যর্থ মহৌষধ।

খোপ (ক্ষুপ শব্দজ) ১ ক্ষুদ্র ঘর। ২ পায়রার ঘর।

খোপচাল (দেশজ) ছোট ছোট চাল।

খোপা (ক্ষুপ শব্দজ) ধম্মিল্ল, বাঁধাচুল।

খোমান্, চিতোরের একজন রাণা। ইনি বাপ্পার পুত্র অপরাজিতের পৌত্র ও রাণা কালভোজের * পুত্র। পিতার মৃত্যুর পর নবম শতাব্দীর প্রারম্ভেই ইনি চিতোরের সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। ইহার রাজত্বকালে ৮১২-৩৬ খৃষ্টাব্দের মধ্যে মুসলমানগণ বার বার চিতোর নগর আক্রমণ করেন। খোরাসানের অধিপতি মাম্মদ † এই শত্রুদলের অধিনায়ক ছিলেন।

খোমান্ চতুর্ব্বিংশতিবার অসম সাহসে শত্রুবিরুদ্ধে যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন। পরে ব্রাহ্মণগণের পরামর্শক্রমে নিজ কনিষ্ঠ পুত্র জগরাজকে রাজ্যভার দিয়া রাজকার্য্য হইতে অবসর গ্রহণ করেন। কিন্তু কিছুদিন পরেই আবার তাঁহার মতিগতি ফিরিল। তিনি পরামর্শদাতা ব্রাহ্মণদিগকে বিনাশ করিয়া পুনরায় রাজাসন অধিকার করিলেন। এবার কিন্তু বেশীদিন আর তাঁহাকে রাজমুকুট শিরে ধরিতে হইল না। পাপের প্রায়শ্চিত্ত হইল। ঈশ্বরেচ্ছায় তাঁহার অপর পুত্র মঙ্গল তাঁহাকে শীঘ্রই রাজ্যচ্যুত ও নিহত করিয়া পিতৃসিংহাসনে আরোহণ করিলেন। খোমান স্বজাতীয়ের মধ্যে এত গৌরব ও সম্মানভাজন হইয়াছিলেন যে, অদ্যাবধি উদয়পুরে কোন ব্যক্তির পদস্খলন বা হাঁচি হইলে অমনি পার্শ্বস্থ ব্যক্তি "খোমান তোমাকে রক্ষা করুন" বলিয়া আশীর্ব্বাদ করিয়া থাকেন।

খোয় (পারসী) স্বভাব।

খোয়া (ক্ষয় শব্দজ) ১ অপহৃত, হারাণ। ২ ইষ্টকাদির খণ্ড।

খোয়ানিয়া (দেশজ) যে ক্ষয় করে।

খোয়ার (দেশজ) ১ দুর্দ্দশা। ২ যে গৃহে পশু প্রভৃতি আবদ্ধ করিয়া রাখা হয়।

খোর (ত্রি) খোর-অচ্। খঞ্জ। (হেম°)

খোরক (পুং) খোর স্বার্থে কন্। অশ্বদিগের রোগবিশেষ। [ঘোটক দেখ।]

খোরা (দেশজ) পাত্রবিশেষ।

খোরাক (পারসী) খাদ্য, আহারীয়।

খোরাকী (পারসীজ) আহারের জন্য প্রদত্ত অর্থ, যাহা দ্বারা খাদ্য সংগ্রহ করা হয়।

খোরাসান, একটী বিস্তৃত জনপদ। আমরা যাহাকে আফগানস্থান ও বলুচিস্থান বলিয়া জানি, আফগান, বলুচ ও ব্রহুই জাতি তাহাকেই খোরাসান বলে। কিন্তু খোরাসান দেশ আরও বড়, ঠিক কত বড়, তাহা নিশ্চয় করিয়া বলা যায় না। তবে কাহারও মতে, খোরাসানের উত্তরসীমা আরল ও কাস্পীয় হ্রদের মধ্যস্থ মরুভূমি, দক্ষিণে লবণ মরুভূমি দ্বারা পারস্যের অপরাংশ হইতে পৃথক্ হইয়াছে, পূর্ব্বে আফগানস্থানের সীমাস্থ অসভ্যজাতির নিবাস ও উর্ব্বরাভূমি, পশ্চিমে রুষাধিকৃত অষ্ট্রাবাদরাজ্য। দৈর্ঘ্যে প্রায় ৫০০ মাইল, প্রস্থে প্রায় ৪০০ মাইল মোট পরিমাণ প্রায় দুই লক্ষবর্গ মাইল। ইহার সীমা লইয়া বড়ই গোলযোগ, কত শতবার খোরাসানের উপর বৈদেশিক আক্রমণ হইয়াছে, তাহার ইয়ত্তা নাই। ইহার নানাস্থানের কতবার নাম পরিবর্ত্তন হইয়াছে।

* ইহার অপর নাম কর্ণ। ইনি যোগীশ্বর হারীতের তপস্যার স্থলে প্রসিদ্ধ একলিঙ্গদেবের মন্দির প্রতিষ্ঠা করেন।

† খলিফা-হারুণ-অল্-রসিদ নিজপুত্র অলমামুনকে খোরাসান, সিন্ধু ও ভারতীয় যবন রাজ্য সকল বিভাগ করিয়া দেন। এই মামুনই মহারাজ খোমানের সমকালবর্ত্তী। সুতরাং স্পষ্টই অনুমিত হইতেছে যে লিপিকারগণ ভ্রমবশতঃই মামুনের পরিবর্ত্তে মামুদ (মুহম্মদ) লিখিয়া থাকিবেন।

এখনও সীমান্তবাসী ভিন্ন ভিন্ন জাতি ভিন্ন ভিন্ন নামে পরিচয় দেয়। মোগলসম্রাট বাবর আত্মজীবনীতে লিখিয়াছেন "ভারতবাসী সিন্ধুনদীর পশ্চিমতীরস্থ সমুদয় জনপদকে খোরাসান্ বলিয়া জানে।" ইহার মধ্যে প্রায় ১২।১৩ লক্ষ লোকের বাস। এই বিস্তীর্ণ প্রদেশ পূর্ব্বে পারস্য ও আফগানস্থানের অধিকারভুক্ত ছিল, এখন ইহার অধিকাংশ রুষাধিকৃত। এখানকার প্রজারাও পারস্য অপেক্ষা রুষের অধীনে সন্তুষ্ট। এখানে আরব, বলুচ, বেয়ৎ, চুলই, করাই, খুরশাহী, লেক, লেয়ের, মরদী, মুজদরণী, মেথী, তিমুরি প্রভৃতি জাতির বাস।

এখানে অনেক নদী নালা আছে, তন্মধ্যে আদ্রেক নদীই প্রধান, ইহার জলে এই ভূভাগ উর্ব্বরা ও শস্যশালী হইয়াছে। স্থানে স্থানে কুঞ্জবন, উপবন, সুললিত দ্রাক্ষাবন ও চারণক্ষেত্র শোভা পাইতেছে, দেখিলেই পর্য্যটকের মন বিমোহিত হয়। যখন পারস্যরাজ্যে অন্তর্বিদ্রোহে বিপ্লব ঘটিয়াছিল, সেই সময় তুর্কীরা অক্ষস্ নদীপার হইয়া খোরাসান অধিকার করেন।

এইখানে মহাবীর রোস্তম্ ভুজবলে অফ্রাসিয়াব্‌কে পরাস্ত করিয়া দেশ রক্ষা করেন। জঙ্গিস্‌খাঁ ও তৈমূরের আক্রমণে খোরাসানের দারুণ দুর্দ্দশা হইয়াছিল। সুফাবিয়াগণের রাজত্বকালে উজ্‌বকেরা প্রতিবর্ষে এখানকার শস্যক্ষেত্র ও নগরাদি লুটপাট করিতে আসিত, তাহাদের ভয়ে প্রজাগণ একদিনও সুখে নিদ্রা যাইতে পারিত না।

খোরাসানের কতকাংশ পারস্যরাজের অধিকারভুক্ত, তাহারই মধ্যে সুপ্রসিদ্ধ মসেদ নগর। নগর মধ্যে একটী অতি সুন্দর নেত্রপ্রীতিকর সমাধিমন্দির আছে, সেই মন্দিরে ইমাম্ রজা ও হারুণ অল্ রসীদের অস্থি সংরক্ষিত। পারস্যের অন্তর্গত খোরাসানের অধিবাসীগণ অতিশয় বলিষ্ঠ ও দুর্দ্ধর্ষ। শত শতবার বিপক্ষের আক্রমণ সহ্য করিয়া প্রজাবৃন্দ বংশ-পরম্পরায় যুদ্ধপ্রিয় হইয়া পড়িয়াছে। এই জন্যই নাদিরশাহ একদিন বলিয়াছিলেন—"ইহাই পারস্যের তরবারি!"

খোরদক্, এক প্রকার আনদ্ধ যন্ত্র। ইহার দুইটী মুখ, ইহার দ্বার বাহিরে থাকে। বামটী অপেক্ষা দক্ষিণের মুখটী অপ্রশস্ত। রৌশনচৌকী বাদ্যে তাল দিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

[যন্ত্র দেখ।]

খোল্ল (ত্রি) খোল-অচ্। খঞ্জ। (শব্দমা°)

খোল (দেশজ) একপ্রকার-আনদ্ধ যন্ত্র। ইহার খোলটী মৃত্তিকায় নির্ম্মিত হয়। ইহার প্রচলন বৈষ্ণব সম্প্রদায়েই বেশী। মহাত্মা চৈতন্যের সময়েই বোধ হয় ইহার প্রথম আবিষ্কার। বৈষ্ণব সম্প্রদায় এই বাদ্যযন্ত্রের সহকারে নাচিয়া গাইয়া আমোদ প্রমোদ করিয়া থাকেন। আজকাল ব্রাহ্মসমাজেও ইহা প্রচলিত হইয়াছে।

খোলক (পুং) খোল-অচ্ সংজ্ঞায়াং কন্। ১ পাক করিবার পাত্রবিশেষ, চলিতভাষায় খোলা বলে। ২ মস্তকের অবয়ব-বিশেষ, শিরস্ত্র, চলিত কথায় খোপড়া বলে। ৩ বল্মীক, উয়ের ঢিপি। ৪ পূগকোষ। (মেদিনী) সুপারীর ছোবড়া।

খোলপেটুয়া, বঙ্গের খুলনাজেলার মধ্যে প্রবাহিত একটী নদী, আশাসুনির নিকট কপোতাক্ষ হইতে এই নদী বাহির হইয়াছে। প্রথমে কিছুদূর পশ্চিমমুখে গিয়া বুদাতাগাঙ্গে মিশিয়াছে, তৎপরে দক্ষিণমুখে গিয়া সুন্দরবনের মধ্যে আবার কপোতাক্ষ নদীতে পতিত হইয়াছে।

খোলস (দেশজ) সাপের গায়ের আবরণ, কঞ্চুক।

খোলা (দেশজ) ১ মৃৎপাত্রবিশেষ। ২ অকপটতা। ৩ পরিষ্কার, অনাবৃত স্থান।

খোলাখালি, বঙ্গের ২৪ পরগণার মধ্যবর্ত্তী একটী খাড়ি।

খোলাপুর, বেরারের অমরাবতী জেলার অন্তর্গত একটী নগর। অক্ষা° ২০° ৫৫´৩০´´ উঃ, দ্রাঘি° ৭৭° ৩৩´৩০´´ পূঃ, অমরাবতী নগরী হইতে ৯ ক্রোশ পশ্চিমে অবস্থিত।

এক সময়ে এই স্থান রেশমের ব্যবসার জন্য প্রসিদ্ধ ছিল।

১৮০৯ খৃষ্টাব্দে ইলিচপুরের সুবাদার বিথলভাগদেব লক্ষ টাকা চাহিয়া পাঠান। কিন্তু তাঁহার আদেশ গ্রাহ্য না হওয়ায় তিনি সসৈন্যে এই নগর আক্রমণ করেন। পূর্ব্বে এখানে বর্ষে বর্ষে রাজপুত ও মুসলমানে যুদ্ধ হইত, সেই উৎপাতে এই নগরের বিশেষ ক্ষতি হইয়াছে। এখানে প্রায় সাড়ে ছয়হাজার লোকের বাস।

খোলসা (আরবী) সরলতা, অকপটতা।

খোলাহাঁড়ী (দেশজ) পাকপাত্রবিশেষ, যে পাত্রে খৈ, মুড়ি প্রভৃতি ভাজিয়া লওয়া হয়।

খোলি (স্ত্রী) খোল-ইন্। তূণ, তূণীর। (শব্দমালা)

খোল্‌তা (হিন্দী) খোলা, মুক্ত, অবাধ।

খোল্‌বি, মধ্য-ভারতের অন্তর্গত একখানি ক্ষুদ্র গ্রাম। আগর নগরের ১৫ ক্রোশ উত্তরপশ্চিমে, চন্দা ও ধমনারের ১৫।১৬ ক্রোশ দক্ষিণপূর্ব্বে অবস্থিত। এই গ্রামের উত্তরপূর্ব্বে লাল পাথরের একটী পাহাড় দৃষ্ট হয়। সমতল ক্ষেত্র হইতে পাহাড়টী ১২৫ হইতে ২০০ হাত উচ্চ, মধ্যে মধ্যে প্রায় ২০ হাত উচ্চের কতকগুলি শিখর আছে। বৌদ্ধগণ অজন্তা ও কার্লির মত ঐ খোল্‌বি গ্রামে পর্ব্বত কাটিয়া অনেক স্তূপ, চৈত্য ও গুহামন্দিরাদি নির্ম্মাণ করিয়াছিলেন। স্থানীয় চাষীরা ও ব্রাহ্মণগণ বলেন যে, পাণ্ডুতনয় ভীম, অর্জ্জুন

প্রভৃতি ঐ সকল গিরিগুহা কাটিয়াছিলেন। অধিবাসীরা এখনও দুই একটী গুহাবাটীকে অর্জ্জুনগৃহ, ভীমগৃহ বলিয়া থাকেন। এই খোল্‌বি পর্ব্বতের দক্ষিণভাগে ১১টী বড় বড় গুহামন্দির আছে; তন্মধ্যে ১টীতে দুইটী ঘর। বাহিরের ঘরটী ২২৭ ফিট ও ভিতরের ঘরটী ১১৬ ফিট আয়তন, ইহাই অর্জ্জুনগৃহ। অপর একটী গৃহের নাম ভীমগৃহ; সেটী দৈর্ঘ্যে ৪২ ফিট ও প্রস্থে ২২ ফিট। আর একটী মন্দিরে বুদ্ধদেবের দুইটী দাঁড়াল ও দুইটী বসান মূর্ত্তি আছে। এতদ্ব্যতীত ঐ পাহাড়ের পূর্ব্ব ও উত্তরদিকে অনেকগুলি বৌদ্ধস্তূপাদির ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়। খোল্‌বির ঐ সকল বৌদ্ধ ধ্বংসাবশেষ অল্পসংখ্যক হইলেও ইহার গঠন কৌশল দেখিলে আশ্চর্য্য হইতে হয়। এক একটী স্তূপ কেবল পর্ব্বতের উপরই গঠিত। অন্যান্য স্থানের মত ইহার অন্তর্ভাগ কোন গুহায় সংলগ্ন নহে। এই স্থানের স্তূপভিত্তির নিম্নগৃহ খুঁড়িয়া বাহির করিয়া দেখা গিয়াছে যে সমগ্র স্তূপটী মন্দিরের মত ও ইহার মধ্যে বুদ্ধদেবের প্রতিমূর্ত্তি প্রতিষ্ঠিত আছে। ডাক্তার কানিংহাম সাহেবের মতে খোল্‌বির এই সকল স্তূপগুলি ৭০০ হইতে ৯০০ খৃষ্টাব্দের মধ্যে নির্ম্মিত হইয়াছিল।

খোল্‌মুখ (পুং) খে আকাশে উল্‌মুখইব রক্তবর্ণত্বাৎ। মঙ্গলগ্রহ। (ত্রিকাণ্ড°)

খোশা (কোষ শব্দজ) ত্বক্, ছাল।

খোষাহ্ব (পুং) জীবশাক, চলিত কথায় খোষণা।

"খোষাহ্বঃ শাকবীরশ্চ জীবশাকঃ প্রবালকঃ।" (দ্রব্যাভিধান)

খোস (দেশজ) ক্ষুদ্ররোগবিশেষ, পাঁচড়া।

খোসড়া (দেশজ) খস্‌ড়া, যাহা ভ্রম সংশোধন করিয়া ঠিক করা হয় নাই।

খোসলা (দেশজ) মোটামাদুর, গরীব লোকেরা ইহা পাতিয়া শয়ন করে ও গায়ে দেয়।

খোসা (কোষ শব্দজ) ১ ত্বক্, ছাল। ২ শ্মশ্রুহীন ব্যক্তি।

খোসান (দেশজ) ধানের খোসা হইতে চাল বাহির করা।

খ্যাক্‌শিয়াল, (Vulpes Bengalensis) প্রায় শৃগালাকার জন্তুবিশেষ। ভারতবর্ষের প্রায় সকল স্থানেই এই জন্তু দেখিতে পাওয়া যায়।

ইহাকে সংস্কৃত ভাষায় খিঙ্খির, হিন্দী 'লোম্‌বিরা', 'লম্‌ড়ি', মধ্যপ্রদেশে 'লোক্‌রি', মরাঠী 'কোক্‌রি', বেহারী 'খেকর' বা 'খেকীর', কর্ণাটী 'কোঁক' বা 'চন্দানারী', তৈলঙ্গে 'গুণ্টা নক্কা' বা 'পোতিনারা' বলে।

লোকালয়ের সন্নিহিত জঙ্গলে কিংবা উদ্যানের এক প্রান্তে গর্ত্ত খুঁড়িয়া ইহারা বাস করে। ইহারা অত্যন্ত চতুর। এমনি কৌশলে জীবজন্তু ধরিয়া খায় যে তাহা শুনিলেও আশ্চর্য্য বোধ হয়। রাত্রিকালে বাহির হইয়া কুক্কুট, পেরু প্রভৃতি গৃহপালিত পক্ষীর স্বর শুনিয়া আক্রমণ করে, যখন একটী পক্ষী ধরিয়া লইয়া যায়, তখন অন্য পক্ষীরা কোনক্রমে টের পায় না। সচরাচর পক্ষীর বাসা হইতে শাবক ও ডিম খাইয়া থাকে। যখন এ সব কিছু না পায়, ইন্দুর, টিক্‌টিকি, সর্প, গঙ্গাফড়িং, উইচিঙ্গড়ী, শম্বুক, ঝিণুক, কাঁকড়া প্রভৃতি ধরিয়া খায়। ফলের মধ্যে তরমুজ, ফুটী, বেল ও আম্রাদি খাইতে ভালবাসে। অন্ধকার রাত্রিতে বিল বা জলা ভূমির ধারে যখন কাঁকড়া ও শম্বুকাদি ধরিয়া খাইতে যায়, তখন ইহারা নিজের দন্ত পেষণ দ্বারা অগ্নি বা আলো বাহির করে, ঐ আলোতে ইহারা সমস্ত দেখিতে পায়, এ জন্য খ্যাক্‌শিয়ালকে লোকে 'উল্কামুখী' বলে।

ইহারা মধু খাইতে বড় ভালবাসে। মৌমাছির চাক দেখিতে পাইলেই খাইবার জন্য তাহা ধরিতে যায়। মৌমাছির হুলের যাতনায় ছট্‌ফট্ করিয়া মাটিতে গড়াগড়ি দিতে থাকে, তথাপি মধুর আশা ছাড়ে না। ইহারা কষ্ট সহ্য করিয়াও ৫।৬ বার ঐরূপ তাড়া দিয়া ও মৌমাছির কামড়ে জ্বালাতন হইয়া ডিম শুদ্ধ মৌ-চাক খাইয়া ফেলে।

ইহাদের শরীর ২১।২২ ইঞ্চি ও লাঙ্গুল প্রায় ১২।১৪ ইঞ্চি লম্বা হইয়া থাকে। লেজ অতিশয় কোমল লোমাবৃত, শেষভাগে কালদাগ আছে। সমস্ত গায়ের লোম ঈষৎ পাটলবর্ণ, কেবল গলার কাছে ঈষৎ শাদা। মুখ সরু, কাণ তিন কোণা, দাঁত অতিশয় ধারাল ও চক্ষুঃ সতেজ। যখন শিকার অন্বেষণে যায়, লেজ মাটিতে লুটাইতে থাকে। দৌড়াইবার কালে লেজ সোজা করে ও যখন কুকুরেরা ইহাদিগকে আক্রমণ করে, তখন লেজ একেবারে খাড়া করিয়া পলায়ন করে। ইহাদের মাংস খাইতে ভাল নয়, তথাপি কোন কোন দেশের লোক ভক্ষণ করিয়া থাকে।

থাকিবার জন্য মাটির মধ্যে ৪ হাত নিম্নে ইহারা যে গর্ত্ত কাটে, তাহার চার পাঁচটী প্রবেশদ্বার থাকে। আর বাসস্থান হইতে বরাবর কতকগুলি পথ কাটিয়া মুখ বন্ধ রাখে। ঐ সকল পথের বড়টীতে ও ঠিক মাঝখানে ইহারা শাবক প্রসব করে। জলা জমির মধ্যে বা পুষ্করিণীর পাড়েও বাসা করিয়া থাকে। এরূপ কৌশলের সহিত গর্ত্তের মুখ কাটে যে বর্ষাকালেও ইহার মধ্যে এক ফোঁটা জল প্রবেশ করিতে পারে না। কোথাও কোথাও ইহারা পুরাতন বৃক্ষাদির কোটরের মধ্যেও বাসা করিয়া থাকে।

ফাল্গুন হইতে বৈশাখমাসের মধ্যে খ্যাকশিয়ালী এককালে

৪টী ছানা প্রসব করে। সূর্য্য উঠিলে খ্যাঁকশিয়ালী আর রৌদ্রে বাহির হয় না। শাবকেরাও পূর্ণবয়স্ক না হইলে বাহিরে যায় না। বাচ্ছা খ্যাঁকশিয়াল অত্যন্ত পোষমানে ও কুকুরাদি পালিত জন্তুর ন্যায় নিজ প্রতিপালকের সঙ্গে লাফাইয়া খেলা করে। কিন্তু ইহারা বেশীদিন ঐরূপ অবস্থায় থাকেনা। একটু বড় হইলেই প্রায় পাগল হইয়া পড়ে।

মেরুর নিকটবর্ত্তী বরফাবৃত দ্বীপ ও দেশসমূহে যে সকল খ্যাঁকশিয়াল (Canis legopus) দেখিতে পাওয়া যায়, তাহারা সচরাচর শাদা লোমযুক্ত। তাহারা আপনাদিগকে দুরন্ত শীতের প্রাদুর্ভাব হইতে রক্ষা করিবার জন্য পর্ব্বতের গুহার মধ্যে আশ্রয় লয় বা বালুকাময় জমির মধ্যে গভীর গর্ত্ত খুড়িয়া তাহার মধ্যে বাস করে।

ইহারা সচরাচর লেমিঙ্গ (উত্তরদেশবাসী ইন্দুরের মত জন্তু), বেজী ও খরগোস্ প্রভৃতি জন্তু ও সকলপ্রকার জলচর পক্ষী ও তাহাদের ডিম্ব খাইয়া থাকে। এমন কি সমুদ্রের ধারে মৃত মৎস্য ও শম্বুকাদি তুলিয়া খাইতে ঘৃণা বোধ করে না।

রাজপুতানা, সিন্ধু ও কচ্ছ প্রভৃতির বালুকাময় প্রদেশে একপ্রকার খ্যাঁকশিয়াল (Vulpes leucopus) আছে। ইহাদিগকে দেখিতে পিঙ্গলবর্ণ। মুখ ও শরীরের দুই পার্শ্ব শাদা। ঘাড় ও পাছা পাঁশুটে রঙ্গের। স্থলবিশেষে শাদা ও কাল হইয়া থাকে। পা ছোট ছোট। ইহারা সাধারণতঃ ২০ ইঞ্চি লম্বা হয়। এক একটীর পা হইতে শরীরের অর্দ্ধেক কাল ও উপরের ভাগ শাদা ও ঐ দুই বর্ণের মধ্যবর্ত্তী স্থানে কটা রংএর ব্যবধান আছে। অম্বালায় এই জাতীয়েরা নদীর বালুময় বেলা ভূমিতে বাস করে। হান্সীর নিকটস্থ বালুকাময় পর্ব্বতে এইজাতীয় খ্যাঁকশিয়ালেরা অত্যন্ত মাংসাসী। তাহারা একপ্রকার ইন্দুর খাইয়াই জীবন ধারণ করে। ইহাদের গাত্রে যখন লোম থাকে, তখন বড়ই সুন্দর দেখায়।

হিমালয়ে নেপাল হইতে কাশ্মীর পর্য্যন্ত নানা স্থানে একপ্রকার পাহাড়ী খ্যাঁকশিয়াল (Vulpes montanus) দেখা যায়। কাশ্মীরবাসীরা ইহাকে "লো" ও নেপালীরা "ওয়াম্বো" বলিয়া থাকে।

ইহাদের মুখ হইতে সমগ্র দেহটী ৩০ ইঞ্চি লম্বা ও লেজ ১৯ ইঞ্চি হইয়া থাকে। ইহাদের গায়ের বর্ণ পাণ্ডু। ঘাড় শাদা, পিঠের মাঝখান কাল, পশ্চাতের পা ও লেজ ধূসরবর্ণের, কাণ দুটী মখ্‌মলের ন্যায় কাল ও লোমযুক্ত। ইহাদের গায়ে অধিক পরিমাণে লোম জন্মাইয়া থাকে। সচরাচর ২ ইঞ্চি লম্বা ও পশমের ন্যায় কোমল হয়। যখন ইহাদের লোম থাকে, তখন দেখিতে অতি সুন্দর। ইহারা উচ্ছিষ্ট অন্নাদি অথবা তিত্তির, পেরু প্রভৃতি গৃহপালিত পক্ষী মারিয়া খায়।

পঞ্জাব প্রদেশের খ্যাঁকশিয়াল (Vulpes pusillus) দেখিতে ঠিক পাহাড়ী খ্যাঁকশিয়ালের মত, কিন্তু আকারে ঢের ছোট। সিকিমের খ্যাঁকশিয়ালকে (Vulpes fuliginosus) তথাকার অধিবাসীরা "থেকী" বলিয়া থাকে। ভোটরাজ্যের রাজধানী লাসানগরে একপ্রকার পিঙ্গলজরদ্ আভাযুক্ত খ্যাঁকশিয়াল (V. flavescens) দেখা যায়। ইহাদের গাত্রে সূক্ষ্ম, বড় বড় লোম প্রচুর পরিমাণে আছে। কাণগুলি কাল এবং ঝুঁটীবিশিষ্ট, দেখিতে বড়ই সুন্দর।

খ্যাত (ত্রি) খ্যা-ক্ত। ১ কথিত। ২ বিশ্রুত। (অমর) ৩ খ্যাতিযুক্ত। পর্য্যায়—প্রতীত, প্রথিত, বিত্ত, বিজ্ঞাত, বিশ্রুত। "অমিতম্পচমীশানং সর্ব্বভোগিনমুত্তমম্।
আবয়োঃ পিতরং বিদ্ধি খ্যাতং দশরথং ভুবি।" (ভট্টি ৬।৯৭)

খ্যাতগর্হণ (ত্রি) খ্যাতা প্রসিদ্ধা গর্হণা নিন্দা যস্য বহুব্রী। অবগীত, যাহার নিন্দা সকলেই জানে।

খ্যাতব্য (ত্রি) বক্তব্য, যাহা বলিবার উপযুক্ত, যাহা বলা হইবে।

খ্যাতগর্হিত (ত্রি) খ্যাতং গর্হিতং গর্হণং যস্য বহুব্রী। অবগীত। (জটাধর)

খ্যাতি (স্ত্রী) খ্যা-ক্তিন্। ১ প্রশংসা। ২ প্রসিদ্ধি। ৩ কথন। ৪ প্রকাশ। ৫ জ্ঞান। "খ্যাতিঞ্চ সত্বপুরুষান্যতয়াধিগম্য, বাঞ্ছন্তি তামপি সমাধিভৃতো নিরোদ্ধুং।" (মাঘ ৪।৫৫) ৬ মহত্তত্ত্ব। "মনো মহান্ মতি ব্রহ্মা পূর্বুদ্ধিঃ খ্যাতিরীশ্বরঃ।" (সাঙ্খ্যভাষ্য)

খ্যাতিকর (ত্রি) যে খ্যাতি করে।

খ্যাতিঘ্ন (ত্রি) যে খ্যাতিনাশ করে।

খ্যাতিমৎ (ত্রি) খ্যাতি-মতুপ্। খ্যাতিযুক্ত।

খ্যাত্যাপন্ন (ত্রি) খ্যাত্যা আপন্নোযুক্তঃ ৩তৎ। যে খ্যাতি লাভ করিয়াছে।

খ্যান, ব্যবসায়ী ও কৃষিজীবি জাতিবিশেষ। উত্তর বঙ্গে ইহাদিগকে খ্যাম্ ও আসাম অঞ্চলে কোলিতা বলে। ইহারা কায়স্থের সন্তান বলিয়া পরিচয় দেয়। ইহাদের পূর্ব্বপুরুষ কোচবিহার রাজসরকারে দৈবজ্ঞের কর্ম্ম করিতেন। ইহাদের দেখিতে অতি সুশ্রী, মুখ চৌড়া অথচ ঘোরাল, মস্তক সুগোল, নাক বাঁশীর মত, চক্ষু পটোল চেরা, দেহ ধার্ম্মিক হিন্দুর মত উজ্জ্বল।

ইহাদের মধ্যে অলদীশ, অলম্যান, অগ্নিবাৎস্য, কংসারি, কাশ্যপ, কৌচনঋষি মধুকুল্য, মুগ্রীশ প্রভৃতি গোত্র আছে।

সগোত্রে এবং পিণ্ড বাঁধিলে ইহাদের বিবাহ হয় না। ইহাদের মধ্যে বাল্যবিবাহ চলিত আছে। প্রায় ৫ হইতে ১৩ বৎসরের মধ্যে বালিকার বিবাহ হয়। বিবাহের কার্য্যকলাপাদি উচ্চশ্রেণীর হিন্দুর মত। বিবাহের পূর্ব্বে কন্যা বরকে উপহার পাঠাইয়া থাকে। বর ঐ উপহার গ্রহণ করিলে বিবাহ-বন্ধন দৃঢ় হইয়া যায়। ইহাদের মধ্যে বিধবাবিবাহ ও বিবাহ-বন্ধনচ্ছেদ নিষিদ্ধ।

ইহারা গোঁড়া হিন্দু। অধিকাংশ লোকেই শাক্ত, বৈষ্ণবও অল্প দেখা যায়। পূজা, বিবাহ প্রভৃতি মঙ্গল কার্য্যে ইহারা ব্রাহ্মণ নিযুক্ত করে। সামাজিক মর্য্যাদায় ইহারা অন্য নীচ জাতি অপেক্ষা শ্রেষ্ঠ। ব্রাহ্মণ, কায়স্থ ও বৈশ্যেরা ইহাদের হাতের জল ও মিষ্টান্ন খাইতে পারে।

খ্যাপক (ত্রি) খ্যা-ণিচ্ ণ্বুল্। ১ জ্ঞাপক। ২ প্রকাশক।

খ্যাপন (ক্লী) খ্যা-ণিচ্-ল্যুট্। প্রকাশন।

"খ্যাপনেনানুতাপেন তপসা ধারণেন চ।
পাপকৃন্মুচ্যতে পাপাৎ তথা দানেন চাপদি।" (মনু)

খ্রীষ্টান (খৃষ্টান্—ইং Christian) যীশুখৃষ্টভক্ত ও তন্মতাবলম্বী সম্প্রদায়।

খৃষ্টভক্তগণ বলিয়া থাকেন—"সেই অসীম অনন্ত শক্তিমান্ বিশ্বব্যাপী জগদীশ্বর পরম প্রীতিতে পবিত্রাত্মাসমূহ (Intelligences) আর এই জগৎ সৃষ্টি করিলেন। পবিত্রাত্মাগণ ঈশ্বরের মাহাত্ম্য, প্রেমসম্ভোগ এবং কিয়ৎ পরিমাণে তাঁহার স্বরূপতা লাভ করিতে অধিকারী হইয়াছিল। ঈশ্বর তাহাদিগকে কামাবসায়িতা (Free Will) দান করিলেন। সুতরাং তাহারা যাহা ইচ্ছা, তাহাই করিতে লাগিল। স্বইচ্ছাবশে ক্রমে তাহাদের মন কলুষিত হইল। তাহা হইতেই পাপের উৎপত্তি, ক্রমে পাপের বৃদ্ধি, সেই সঙ্গে দারুণ মনস্তাপ! সয়তান ও তাহার দূতগণই সেই অবস্থায় পড়িয়াছিল। তাহারা যত পাপের ভার সরল প্রকৃতি মানবের উপর আরোপ করিতে চাহিল। তাহাদের মনোবাঞ্ছা পূর্ণ হইল। তাই অভাগা মানবজাতি এত সন্তপ্ত, এত পীড়িত ও এত পাপগ্রস্ত। মানবের পাপমোচন, জগতে ন্যায় ও সুখরাজ্যস্থাপন এবং মানবজাতিকে আবার পবিত্রতা ও পূর্ব্বগৌরব প্রদান করিবার জন্য ভগবান্ প্রিয়পুত্র যীশুখৃষ্টকে ধরাতলে প্রেরণ করেন। যিনি সেই যীশুখৃষ্টের ধর্ম্মোপদেশ প্রকৃতরূপে বুঝিতে পারিয়াছেন, যিনি তাঁহার ইচ্ছামত কার্য্য করিয়া থাকেন এবং যিনি তাঁহার কৃপালাভ করিয়াছেন, তাঁহাকেই খৃষ্টান্ বলা যায়।" (Rev. Charles Buck's Theological Dictionary, p. 65, 69.)

৩০৬ খৃষ্টাব্দে বিখ্যাত পণ্ডিত ল্যাক্টেন্সিয়াস্ লিখিয়াছেন—"যাহারা স্থলপথে চুরি ও জলপথে ডাকাতি করে, তাহারা খৃষ্টান নয়। স্ত্রীঘাতী, পতি বা পুত্রঘাতিনী, ভ্রূণহত্যাকারী, কন্যাগমনকারী, যে ইন্দ্রিয় পরিতৃপ্তির জন্য অপরকে কামনা করে অথবা ভিন্নপুরুষে দেহবিক্রয় করে, ইহাদের মধ্যে কাহাকেও খৃষ্টান বলি না, যে কোনরূপ পাপকার্য্য করে, যে মনেও অপরের অনিষ্ট করিতে অভিলাষী, সেও কখন খৃষ্টান নয়।"

খৃষ্টধর্ম্মবেত্তা অরিগেন বলেন, "যাহার ধনস্পৃহা নাই, নিজের অধিকৃত সম্পত্তি অন্যে অন্যায়পূর্ব্বক গ্রহণ করিলেও যে কুণ্ঠিত হয় না। সরলতা, পবিত্রতা ও উদারতা যাহাদের অলঙ্কার, তাহারাই প্রকৃত খৃষ্টধর্ম্মাবলম্বী।" (J. Eadie's Biblical Cyclopædia.)

যীশুখৃষ্টের ভক্তগণ কোন্ সময়ে কাহা দ্বারা "খৃষ্টান্" নাম পাইল, তাহা ঠিক বলা যায় না। কাহারও মতে অন্তিয়োক নগরে এই নামের প্রথম উৎপত্তি হয়। তথায় অপরাপর সম্প্রদায়গণ য়িহুদী হইতে পৃথক্ করিবার জন্য খৃষ্টীয় সম্প্রদায়কে বিদ্রূপভাবে "খৃষ্টান্" বলিয়া ডাকিত, তখন হইতে এই নাম চলিয়া আসিতেছে।

প্রধানতঃ খৃষ্টান্ সম্প্রদায়কে এই কএকটী মত মানিয়া চলিতে হয়—

১ম—বাইবেল বা খৃষ্টীয় ধর্ম্মপুস্তক ঈশ্বরের বাক্য, সুতরাং ইহার সমস্তই প্রামাণ্য ও গ্রাহ্য।

২য়—বাইবেল সর্ব্বতোভাবে আলোচ্য।

৩য়—ঈশ্বরের একত্ব এবং ঈশ্বর, যীশু ও দিব্যাত্মা (Holy Ghost) এই ত্রিত্ব (Trinity) স্বীকার।

৪র্থ—আদি মানবের পতনই মানবজাতির পাপের কারণ।

৫ম—মানবের ত্রাণের জন্য খৃষ্টের আত্মোৎসর্গ, তিনি ঈশ্বরের প্রিয়পুত্র ও অবতার, তাঁহার কার্য্য কলাপাদি বিশ্বাস্য বলিয়া স্বীকার্য্য।

৬ষ্ঠ—ভক্তি ও একমাত্র বিশ্বাসের দ্বারা পাপীর মুক্তি।

৭ম—পাপীর পরিত্রাণ ও পবিত্রতা সম্পাদন দিব্যাত্মার কার্য্য।

৮ম আত্মা অবিনশ্বর, খৃষ্টদেহের পুনরুত্থান, মহাত্মা যীশুর শেষবিচারে দুষ্টের অনন্ত শাস্তি এবং শিষ্টের অনন্ত স্বর্গীয় সুখলাভ।

৯ খৃষ্টীয় যাজকমণ্ডলীর ধর্ম্মমত ঐশ্বরিক বলিয়া স্বীকার; খৃষ্টীয় ধর্ম্মে দীক্ষিত হইবার কর্ম্মকাণ্ড চিরদিন প্রতিপাল্য ও অবশ্য-কর্ত্তব্য; খৃষ্টের ক্রুশারোপে মৃত্যুর পূর্ব্বরাত্রে সশিষ্য-ভোজ (Lords' Supper) সত্য বলিয়া বিশ্বাস।

যীশুখৃষ্টের পূর্ব্বে জেরুজিলম্, অন্তিয়োক প্রভৃতি স্থানে য়িহুদীরা কুসংস্কারাচ্ছন্ন, তাহাদের যাজকেরা অর্থলোভী ও বড়ই অত্যাচারী হইয়া উঠিয়াছিল। কুসংস্কার ও অত্যাচার নিবারণ করিবার জন্য যীশু নানাস্থানে স্বীয় মত প্রচার করিয়া বেড়ান। তিনি যে সকল মত প্রচার করেন, তাহার অনেক য়িহুদীজাতির প্রাচীন ধর্ম্মপুস্তকে আছে। ইহাতে বোধ হয়, তৎপ্রবর্ত্তিত খৃষ্টান্ ধর্ম্ম য়িহুদীধর্ম্মেরই সংস্কার এবং প্রাচীন য়িহুদী ধর্ম্ম হইতেই খৃষ্টান্ধর্ম্মের উৎপত্তি।

যীশু আপনার ১২ জন প্রধান শিষ্যকে সাধারণের কুসংস্কার দূর করিবার জন্য নিযুক্ত করেন। এই বার জনের ধন, মান বা শিক্ষা কিছুই ছিল না। তথাপি তাঁহাদের কথা শুনিয়া শত শত ব্যক্তি খৃষ্টীয় ধর্ম্মে দীক্ষিত হইয়াছিল। সর্ব্বপ্রথমে জেরুজিলম্ নগরে প্রথম খৃষ্টান্-সমিতি হয়। এই সময়ে য়িহুদীরা খৃষ্টানের উপর ঘোরতর অত্যাচার করিয়াছিল। অনেক কষ্টে অনেক দুঃখ সহ্য করিয়া খৃষ্টের প্রধান শিষ্যগণ জেরুজিলম্, অন্তিয়োক, ইফেসাস্, স্মির্ণা, এথেন্স, কোরিন্থ, রোম ও আলেক্জেন্দ্রিয়ানগরে খৃষ্টীয় ধর্ম্মমন্দির স্থাপন করিয়াছিলেন। সর্ব্বপ্রথম জেরুজিলম্নগরে খৃষ্টীয় ধর্ম্মমন্দির স্থাপিত হয়, সেই জন্য খৃষ্টানেরা জেরুজিলম্কে খৃষ্টীয় সমাজের জননী ও মহাপুণ্যভূমি বলিয়া জ্ঞান করেন।

[যীশুখৃষ্ট ও বাইবেল শব্দে বিস্তারিত বিবরণ দেখ।]

খৃষ্টের প্রধান শিষ্যগণ যে সকল সমাজ স্থাপন করেন, পরবর্ত্তীকালে তাহাই খৃষ্টীয় মতাবলম্বীগণের মহাপুণ্যভূমি ও ভক্তির পাত্র হইয়া উঠিল। এই সময়ে পশ্চিমে রোমনগরী ও পূর্ব্বে অন্তিয়োক প্রধান খৃষ্টীয়সমাজ বলিয়া গণ্য হইয়াছিল।

যীশু খৃষ্টের ধর্ম্ম মত এক বটে, কিন্তু উত্তরকালে নানা জাতির নানা মত ও বিশ্বাস ইহার সঙ্গে মিলিত হইয়া এক খৃষ্টান্ ধর্ম্ম নানা আকার ধারণ করিল, তাহাতে সময়ে সময়ে কএকটী সমাজ হয়। রোমান্ ক্যাথলিক, সিরীয়ক, যাকুবী, নেষ্টোরী, আর্ম্মাণী, গ্রীক, প্রোটেষ্টাণ্ট, জেসুট্ প্রভৃতি।

রোমক-সমাজ।

বিপক্ষবাদীগণের অত্যাচারে আদি খৃষ্টানেরা "ক্যাথলিক" অর্থাৎ সার্ব্বজনিক বা সাধারণ মতাবলম্বী বলিয়া পরিচয় দেন, তখন হইতে এই নাম হইয়াছে। এখন ক্যাথলিক বলিলে রোমান্ ক্যাথলিক (Roman Catholic) নামক খৃষ্টান-সমাজ বুঝায়। ক্যাথলিকেরা রোমরাজ্যের অধিপতি পোপকে যাবতীয় খৃষ্টানের ধর্ম্মপিতা মানিয়া অতিশয় ভক্তি শ্রদ্ধা করিয়া থাকেন। তাঁহারা বলেন, মানবগণ মেষপাল, পাছে তাঁহাদের একতাবন্ধন ছেদন হয়, তাই যীশুখৃষ্ট আপন প্রধান শিষ্য সেণ্টপিটরকে মেষপালকরূপে নিযুক্ত করেন। রোমনগরে সেণ্টপিটর থাকিতেন। এখানে থাকিয়া তিনি সাম্য ও মুক্তিমার্গ প্রকাশ করেন। খৃষ্টের আদেশ ছিল, সেণ্টপিটরের পর তাঁহার উত্তরাধিকারীও "মেষপালক" হইবেন। রোমের পোপ সেণ্টপিটরের স্থলাভিষিক্ত ও উত্তরাধিকারী, সুতরাং যখন যে পোপ হইবেন, তিনিই তখন "মেষপালক"।

রোমান্ ক্যাথলিকদিগকে ধর্ম্মরক্ষার্থ ৭টী শপথ প্রতিপালন করিতে হয়;—খৃষ্টধর্ম্মে দীক্ষা, ধর্ম্মসম্বন্ধীয় উপাসনাদি ক্রিয়াকলাপ, ক্রুশারোপের পূর্ব্বরাত্রে খৃষ্টের সশিষ্যভোজপর্ব্ব, নিগ্রহস্বীকার (Penance), মৃত্যুকালে তৈলঅবলেপন (Extreme unction), ধর্ম্মাধিকার (Orders) ও পাণিগ্রহণ।

এই সমাজের ধর্ম্মাধিকারে অনেকগুলি পদ আছে;—প্রথম পোপ (Pope) অর্থাৎ সকলের ধর্ম্মপিতা, তৎপরে কার্ডিনাল (Cardinal) অর্থাৎ খৃষ্টান সমাজের রাজা প্রভৃতি মহাজন (যাঁহারা পোপের নির্ব্বাচনে অধিকারী), তৎপরে পেট্রিয়ার্ক (Patriarch) অর্থাৎ প্রধান ধর্ম্মগুরু, তাঁহার অধীনে আর্কবিশপ (Arch-bishop) অর্থাৎ ধর্ম্মাচার্য্য, তাঁহার অধীনে বিশপ (Bishop) অর্থাৎ মহাপুরোহিত, তৎপরে পুরোহিত (Priest), ও সামান্য যাজক (Deacon.)

রোমান্ ক্যাথলিকেরা সাকার উপাসক, ঈশ্বর, যীশু ও দিব্যাত্মা (Holy Ghost) তাঁহাদের উপাস্য, এ ছাড়া তাঁহারা মুসা প্রভৃতি সিদ্ধপুরুষদিগকেও বিশেষ ভক্তি ও পূজা করিয়া থাকেন।

খৃষ্টীয় দ্বাদশ হইতে চতুর্দ্দশ শতাব্দীর মধ্যে রোমাধিপতি পোপের প্রবল প্রতাপে সমস্ত য়ুরোপ ক্যাথলিক ধর্ম্ম অবলম্বন করিয়াছিল। উক্ত মহাদেশে প্রবল পরাক্রান্ত রাজাধিরাজ হইতে কুটীরবাসী দীন দরিদ্র পর্য্যন্ত সকলেই পোপের পদাবনত হইয়াছিল। পোপ অথবা তন্নিযুক্ত ধর্ম্মাধিকারি (Orders)-গণের বিনা আদেশে কেহ কোন ধর্ম্মকর্ম্ম করিতে পারিত না। সে সময়ে অনেকেই ভাবিয়াছিল, পোপই বুঝি দেবতা, ঈশ্বরের অংশ! তাঁহার ভয়ে কেহ একটী কথা মুখ ফুটিয়া বলিতে পারিত না। সে সময়ে পোপ খৃষ্টীয় ধর্ম্মাসনে বসিয়া যে সকল অত্যাচার করিয়া গিয়াছেন, শুনিলে হৃৎকম্প উপস্থিত হয়। তৎকালে যে কোন খৃষ্টান্ পোপের নিয়মলঙ্ঘন করিতেন, যথাকালে তাঁহার উপচার প্রদানে বিমুখ হইতেন, অথবা যে ঘুণাক্ষরেও কোন বিধর্ম্মী সংসর্গ করিত, কিম্বা যে কোন বিধর্ম্মী পোপের আদেশ পালন না করিত, তাহার আর নিস্তার ছিল না। এরূপ কত শত ব্যক্তি অসময়ে কালের

আতিথ্যস্বীকার করিয়াছে, কত সহস্র লোক অন্যায়রূপে কারাযন্ত্রণা ভোগ করিয়াছে! আবালবৃদ্ধবনিতা সহস্র ব্যক্তি অসীম মনোকষ্ট পাইয়াছে! য়ুরোপের এমন দেশ নাই যে পোপের সেই দারুণ-দণ্ডবিধি (Inquisition) হইতে অব্যাহতি লাভ করিয়াছে। সর্ব্বজীবে প্রেম যে ধর্ম্মের মূলমন্ত্র, সেই ধর্ম্মের সর্ব্বময় কর্ত্তার এই কাজ! খৃষ্টীয় ইতিহাসে বিষম কলঙ্ক! সে কলঙ্ক কখন কি দূর হইবে?

ক্যাথলিক হইতে যেশুট (Jesuit) সম্প্রদায়ের জন্ম। "যেশুট" অর্থাৎ যীশুর সমাজ। খৃষ্টীয় ষোড়শ শতাব্দীতে স্পেনদেশবাসী ইগ্নেসিয়া লয়োলা (Ignatius Loyola) নামে একব্যক্তি এই সমাজ স্থাপন করেন। তখনও স্পেন প্রভৃতি দেশ পোপের ধর্ম্মনীতির অধীন ছিল। পোপের আদেশ না লইয়া কোন নূতন ধর্ম্মসমাজ স্থাপন করিতে কাহারও অধিকার ছিল না। সুতরাং লয়োলা পোপকে জানাইলেন, "ঈশ্বরাদেশে তিনি এই সমাজ স্থাপনে অগ্রসর, এখন তাঁহার অনুমতি সাপেক্ষ।" পোপ ও তাঁহার সদস্যগণ লয়োলার আবেদন অগ্রাহ্য করিলেন। লয়োলা দেখিলেন, পোপকে হাতে রাখা চাই, নহিলে কার্য্যসিদ্ধি হইবে না। আবার এই বলিয়া আবেদন করিলেন, "এই সমাজ পোপের সম্পূর্ণ অধীন, এই সমাজের লোক বিশুদ্ধ চরিত্র, ধর্ম্মাশ্রমভক্ত, পোপের আজ্ঞাধীন ও অতি দীন দরিদ্র হইতে চায়। ইহার সন্তান যখন যাহা লাভ করিবে, তাহাতেই ধর্ম্মপিতার অধিকার। যে জাতি এই সমাজ কর্ত্তৃক খৃষ্টীয়ধর্ম্মে দীক্ষিত হইবে, তাহারা পোপের প্রজা ও পোপকে ধর্ম্মপিতা বলিয়া স্বীকার করিবে।" এতটা প্রলোভন—মহামতি পোপ কিছুতেই এড়াইতে পারিলেন না। আবেদন গ্রাহ্য হইল। তখন যেশুটেরা কার্য্যক্ষেত্রে অগ্রসর হইলেন।

পূর্ব্বতন খৃষ্টীয় যাজক ও যতিগণের নিয়ম ছিল, তাঁহারা সাংসারিক কোন কর্ম্মে লিপ্ত থাকিবেন না, নির্জ্জনে নিভৃত স্থানে বসিয়া কেবল ঈশ্বরচিন্তা করিবেন ও অন্ধমানবকে জ্ঞানালোক প্রদান করিবেন। কিন্তু যেশুটসমাজ এ সকল বাঁধাবাঁধির ভিতর রহিলেন না। নিয়ম হইল, অপর খৃষ্টীয় যাজক, যতি ও প্রধান ধর্ম্মোপদেষ্টৃগণ যে সকল কার্য্য করিয়া থাকেন, এই সমাজের সহিত তাঁহাদের কোন সংস্রব থাকিবে না। এই সমাজের লোক দেশ, কাল, অবস্থা ও পাত্রভেদে কখন মুক্ত অসিহস্তে, কখন দীনদরিদ্রবেশে, কখন রাজপ্রাসাদে, কখন বা কৃষকের শস্যক্ষেত্রে উপস্থিত থাকিয়া ভয়প্রদর্শন, উদ্দীপন অথবা প্রলোভন দ্বারা স্ব স্ব কার্য্য উদ্ধার করিবেন। যেরূপে হউক, খৃষ্টধর্ম্ম প্রচার করাই এই সমাজের মুখ্য উদ্দেশ্য। যেশুটেরা পোপের নিকট সনন্দ পাইলেন। সেই সনন্দ বলে তাঁহারা পোপের ধর্ম্মনীতির অধীন য়ুরোপের সকল ক্যাথলিক রাজ্যে বিস্তৃত হইয়া পড়িলেন। তাঁহারা সর্ব্বত্র বালক বালিকাদিগকে ধর্ম্মশিক্ষা দিতে লাগিলেন, পথে ঘাটে, পর্ব্বতে ও জঙ্গলে নানাস্থানে যেশুটের গতিবিধিতে বক্তৃতার স্রোত বহিতে লাগিল। সভ্য অসভ্য উচ্চ নীচ শত শত ব্যক্তি যেশুটের মত গ্রহণ করিল। যেশুটেরা কত রাজার ও রাজপরিবারের দীক্ষাগুরু ও ধর্ম্মগুরু হইয়া পড়িলেন। তাঁহারা কেবল ধর্ম্মপ্রচার করিয়াই ক্ষান্ত নহেন। পোপের সনন্দ বলে ভারত ও আমেরিকায় গিয়া বাণিজ্য ব্যবসায় আরম্ভ করিলেন। য়ুরোপের নানাস্থানে তাঁহাদের বাণিজ্যালয় স্থাপিত হইল। বাণিজ্যের লোভে তাঁহারা দেশবিদেশে গিয়া উপনিবেশ করিতে লাগিলেন। এইরূপে বণিকের বেশে যেশুটেরা দক্ষিণ আমেরিকার অন্তর্বর্ত্তী শস্যশালী পারাগুয়া-রাজ্যের অধীশ্বর হইয়া বসিলেন। তাঁহারা এখানকার আদিম অধিবাসীদিগকে খৃষ্টধর্ম্মে দীক্ষিত করিলেন। অসভ্যেরা তাঁহাদের নিকট সভ্য হইল। যাহাতে সেখানকার আদিম অধিবাসীরা অপর কোন য়ুরোপীয়জাতির সহিত মিশিতে না পারে, তাহারও রীতিমত বন্দোবস্ত হইল। বৈদেশিক আক্রমণ হইতে রাজ্যরক্ষার প্রয়োজন, তাই যেশুটগণ অধিবাসীদিগকে গোলাগুলি ও অস্ত্র চালনা শিখাইলেন। এখন আর যেশুটেরা দীনহীন ধর্ম্মপ্রচারক নয়, এখন পরাক্রান্ত বণিক ও অধিপতি। একসময়ে পোপের নিকট যাঁহারা "দীনদরিদ্র" থাকিবে বলিয়া শপথ করিয়াছিলেন, সেই শপথ বেশ রক্ষা হইল!

খৃষ্টীয় ত্রয়োদশ ও পঞ্চদশ শতাব্দীতে রোমান্ ক্যাথলিকেরা ভারতবর্ষে ঘন ঘন আসিতে আরম্ভ করেন। তাঁহাদের অধিকাংশই পর্ত্তুগীজ। কিন্তু তৎকালে পর্ত্তুগীজসৈন্য ও দেশীয় রাজগণের দারুণ উৎপীড়নে পর্ত্তুগীজ খৃষ্টান্ যতিগণ কিছুই করিতে পারেন নাই। সে সময়ে ভারতবাসীরা খৃষ্টান্ যতিগণের প্রতি যেরূপ ঘোর অত্যাচার ও দুর্ব্যবহার করিয়াছিলেন, তাহা শুনিলে ধার্ম্মিকের হৃদয় বিগলিত হয়! খৃষ্টান্ যতিগণের সঙ্গে শত শত অপর ব্যক্তিরও রক্তপাত হইয়াছিল। তৎকালে কেবল পর্ত্তুগীজ-অধিকৃত গোয়া প্রভৃতি স্থানে নির্ব্বিবাদে খৃষ্টধর্ম্ম প্রচারিত হইতেছিল।

পর্ত্তুগালরাজ এমানুএল (১৪৩৯৫-১৫২১ খৃঃ অঃ) ও তৎপুত্র ৩য় জন (২৫২১-৫৭ খৃঃ) ভারতবাসীকে খৃষ্টধর্ম্মে দীক্ষিত করিবার জন্য বিশেষ উদ্যোগী হইয়াছিলেন। তাঁহাদেরই যত্নে দুয়ার্ত্তি নুনেজ (Duarte Nunez a Dominican) নামে এক ব্যক্তি (১৫১৪-১৭ খৃঃ অঃ) সর্ব্বপ্রথম বিসপ (Bishop)

হইয়া ভারতে আগমন করেন। জন-ডি-আল্‌বুকার্ক (John de Albuquerque) গোয়ানগরের সর্ব্বপ্রথম বিসপ হন। কিন্তু তখনও ক্যাথলিক সমাজ ভারতে আপনাদের অভীষ্টসাধন করিতে সফলকাম হন নাই।

১৫৪২ খৃষ্টাব্দে সেণ্ট জেভিয়ার (St. Francis Xavier) নামে একজন যেশুট ভারতে উপস্থিত হইলেন। মলবার, মদুরা ও দক্ষিণ মান্দ্রাজের অনেক অসভ্যজাতি এবং তেনিবল্লী জেলার পরবর নামক কৈবর্ত্তজাতি সেণ্টজেভিয়রের নিকট দীক্ষিত হইল। দাক্ষিণাত্যের ঐ সকলজাতি এখনও সেণ্টজেভিয়রকে অতিশয় ভক্তিশ্রদ্ধা করে এবং "জেভিয়রের সন্তান" বলিয়া আপনাদের পরিচয় দিয়া থাকে (১)। ১৫৪৯ খৃষ্টাব্দে উক্ত তেনিবল্লী জেলায় এণ্টোনিও ক্রিমিনেল নামে একজন বিখ্যাত যেশুট ভারতবাসীর হস্তে নিহত হন। তৎপর বর্ষেও অনেক সম্ভ্রান্ত যেশুট ধর্ম্মপ্রচার করিতে গিয়া বিষম শাস্তি উপভোগ করেন। ১৫৫০ খৃষ্টাব্দে বোম্বাই প্রদেশের অন্তর্গত ঠানা নগরে একটী যেশুটী ধর্ম্মালয় স্থাপিত হইয়াছিল। এখানে বিস্তর অসভ্য জাতি খৃষ্টধর্ম্মে দীক্ষিত হয়। [ঠানা দেখ।]

১৫৭৭ খৃষ্টাব্দে গোয়ানগরে খৃষ্টীয় ধর্ম্মাচার্য্য (Archdishop) নিযুক্ত হইলেন।

১৬০৬ খৃষ্টাব্দে রবার্ট ডি-নবিলি (Robert De-Nobili) নামে একজন সম্ভ্রান্ত যেশুট ইটালী হইতে মান্দ্রাজ উপকূলে আগমন করেন। তিনি যেরূপে এখানে আসিয়া খৃষ্ট ধর্ম্মপ্রচার করেন, তাহা বড়ই অদ্ভুত ও কৌতুহলোদ্দীপক। তিনি দেখিলেন যে, ভারতবাসী হিন্দুগণ য়ুরোপীয়জাতিকে ম্লেচ্ছ বলিয়া অতিশয় ঘৃণা করিয়া থাকেন, সুতরাং কোন উচ্চ হিন্দু সহজে য়ুরোপীয়ের মুখে কোন ধর্ম্ম কথা শুনিবেন না। বিশেষতঃ বহুদিন হইতে তাঁহারা যে ধর্ম্মে ও বিশ্বাসে চলিতেছেন, তাহাও এককালে দূর করা সামান্য মানবের সাধ্য নয়। তিনি প্রথমে এখানকার আচার ব্যবহার বুঝিলেন। আপনার নাম ও জন্মস্থান গোপন করিয়া "রোমক ব্রাহ্মণ" নামে পরিচয় দিলেন। অনেক কষ্টে সন্ন্যাসীর বেশে ব্রাহ্মণ পণ্ডিতের নিকট সংস্কৃত ও তামিল ভাষা শিক্ষা করিলেন। কিছুদিন পরে নবিলির নাম হইল "তত্ত্ববোধস্বামী।" দ্রাবিড়ের ব্রাহ্মণেরা তত্ত্ববোধকে "রোমকব্রাহ্মণ" বলিয়া গ্রহণ করিলেন। যেশুট সন্ন্যাসী তাঁহাদিগের আশ্রয়ে চাল কলা খাইয়া স্বকার্য্য সাধনে প্রবৃত্ত হইবেন। প্রথমে তিনি তামিল ভাষায় "আত্মনির্ণয়বিবেক" ও "পুনর্জন্ম আক্ষেপ" নামে দুইখানি গ্রন্থ লিখিলেন, তাহাতে তিনি বেদান্তমতসিদ্ধ আত্মতত্ত্ব এবং পরলোক ও পুনর্জন্ম সম্বন্ধে পৌরাণিক মত নিরাকরণ করেন। দার্শনিকেরা তাঁহার গ্রন্থপাঠে অনেকেই চটিয়া গেলেন। তাঁহার কথা শাস্ত্রবিরুদ্ধ বলিয়া সকলেই উপহাস করিতে লাগিলেন। এবার তিনি নিজ মত সমর্থন করিবার জন্য কল্পিত বেদ ও উপবেদ লিখিতে আরম্ভ করিলেন। তাঁহার রচিত একখানি কল্পিত উপবেদে লিখিত আছে—

"ব্রহ্মা ন ঈশ্বরো নিত্যং নাবতারশ্চ নিশ্চয়ঃ।
ন সৃষ্টিঃ তস্য জগতঃ কেবলং নররূপকঃ॥
যথা ত্বং চ তথা স হি বিশেষঃ নাস্তি কিঞ্চন।
সৃষ্টিংনাশং পালনন্তু করোতি স স্বয়ম্প্রভুঃ।
তস্যাবতারো নাস্ত্যেব গুণাদিস্পর্শনং তথা॥"

অর্থাৎ ব্রহ্ম নিত্য ঈশ্বরও নন, কিম্বা ঈশ্বরের অবতারও নন, তিনি জগতের স্রষ্টাও নহেন, সামান্য মানবমাত্র। স্বয়ম্ভু ঈশ্বরই সৃষ্টি, নাশ ও পালন করিয়া থাকেন, তাঁহার অবতার কিম্বা স্পর্শাদি গুণ নাই।

এইরূপে যেশুট সন্ন্যাসী গুপ্তভাবে হিন্দুধর্ম্মকে আক্রমণ করিলেন। অনেক অল্পবুদ্ধি ব্রাহ্মণ তাঁহার কল্পিত বেদে বিশ্বাস করিয়া বৈদিকধর্ম্ম ভাবিয়া খৃষ্টধর্ম্ম গ্রহণ করিলেন *। প্রচ্ছন্নভাবে তাঁহাদের মধ্যে হিন্দুধর্ম্মের সহিত খৃষ্টধর্ম্ম মিশ্রিত হইল। এইরূপে নবিলি ৪৫ বর্ষ খালিপায়ে সন্ন্যাসীর বেশে মুখে ভস্ম মাখাইয়া শত শত নির্ব্বোধ হিন্দুকে খৃষ্টধর্ম্মে দীক্ষিত করিলেন। এখনও মান্দ্রাজের নিকটবর্ত্তী অনেক দেশী খৃষ্টান্ নবিলিকে "তত্ত্ববোধস্বামী" ও "সিদ্ধপুরুষ" বলিয়া জানেন। খৃষ্টীয় ধর্ম্মপ্রচারকেরা লিখিয়া গিয়াছেন, খৃষ্টের অন্যতম শিষ্য সেণ্টটমাস এবং তাঁহার অনেক পরে সেণ্টজেভিয়ার যাহা করিতে পারেন নাই, যেশুট সন্ন্যাসী রবার্ট-ডি-নবিলি তাহা অপেক্ষা শতগুণ কার্য্য করিয়া গিয়াছেন। খৃষ্টীয় পণ্ডিত মসীম † তাঁহার রচিত খৃষ্টীয় যাজকগণের ইতিহাসে লিখিয়া গিয়াছেন, "ভারতে যেশুটেরা আপনাদিগকে ব্রাহ্মণ বলিয়া পরিচয় দিতেন। মনে হয় বটে, যে এই যেশুট

(১) যেশুট সমাজে সেণ্ট জেভিয়র অতিশয় সম্মানিত, ইনি ভারতবর্ষ ব্যতীত ভারতমহাসাগরীয় দ্বীপপুঞ্জে ও জাপানরাজ্যে খৃষ্টধর্ম্ম প্রচার করেন। শেষে চীনরাজ্যে ধর্ম্মপ্রচার করিতে গিয়া অনাহারে অনিদ্রায় ১৫৫২ খৃষ্টাব্দে ২২এ ডিসেম্বর চীনের সাংকিন্ নগরে কালগ্রাসে পতিত হন। ১৫৫৪ খৃষ্টাব্দে ১৫ই মার্চ্চ তাঁহার অস্থি আনিয়া গোয়ানগরে রৌপ্যাধারে রক্ষিত হয়।

* এইরূপ কল্পিত বেদের পুথি শ্রীরঙ্গের প্রধান দেবমন্দির হইতে পাওয়া গিয়াছে। (Asiatic Researches, vol. XIV. p. 2.)

† Mosheim's Ecclesiastical History.

ব্রাহ্মণেরা অসম্ভব ও ভয়ঙ্কর কার্য্যসাধন করিয়াছেন। কিন্তু বাস্তবিক তাহা নয়। তাঁহারা বাহিরে সন্ন্যাসী, কিন্তু এদিকে গুপ্তভাবে মদ্য, মাংস ও রমণীর সেবা করিতেন।"

১৬৫৬ খৃষ্টাব্দে যেশুট-সন্ন্যাসী রবার্টের মৃত্যু হইলে যেশুটেরা কিছুকাল তাঁহার অনুবর্ত্তী হইয়া খৃষ্টধর্ম্ম প্রচার করিয়াছিলেন। তাঁহাদের প্রলোভনে মদুরা, ত্রিশিরাপল্লী, তঞ্জোর, তেনিবল্লী, সালেম প্রভৃতিস্থানের অনেক নীচজাতি খৃষ্টধর্ম্মে দীক্ষিত হয়।

এদিকে গোয়ানগরে খৃষ্টীয় ধর্ম্মাচার্য্য (Arch-bishop) প্রতিষ্ঠিত হইবার পর পর্ত্তুগীজ খৃষ্টানেরা একদিকে ভারতে রাজ্য বিস্তার ও অপরদিকে অসিবলে খৃষ্টধর্ম্ম প্রচারে অগ্রসর হইলেন। পোপ য়ুরোপে যে দারুণ দণ্ডবিধি (Inquisition) প্রচার করেন, পর্ত্তুগীজাধিকৃত ভারতমধ্যেও সেই নিয়ম চলিল। পর্ত্তুগীজের অত্যাচার ভারতময় রাষ্ট্র হইয়া পড়িল, এই দোষেই ভারত হইতে পর্ত্তুগীজের পরাক্রম চিরদিনের মত খর্ব্ব হইল। [পর্ত্তুগীজ দেখ।]

খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর শেষভাগে য়ুরোপের প্রধান প্রধান খৃষ্টানেরা যেশুটদিগের ধর্ম্মপ্রণালীর তীব্র প্রতিবাদ করিতে লাগিলেন। সকলই বলিতে আরম্ভ করিল, "যেশুটদিগকে প্রকৃত ধর্ম্মপ্রচারক বলা যাইতে পারেনা, তাহারা য়িহুদীর নিকট য়িহুদীর মনোমত কথা কয়, মুসলমানের নিকট মুহম্মদের দোহাই দেয়, হিন্দুর নিকট আবার ব্রাহ্মণ বলিয়া পরিচিত হয়। এরূপ প্রতারক ও স্বার্থপর সমাজের দ্বারা খৃষ্টীয় সমাজের প্রকৃত হিতসাধন হইতে পারে না।"

যেশুটেরা আপনাদিগের ধর্ম্মনীতির নিগূঢ়রহস্য অপরিচিত কিম্বা স্বদলস্থ কোন ব্যক্তির নিকট কখন প্রকাশ করিতেন না। প্রোটেষ্টাণ্টদিগের অভ্যুদয়ে পোপের অসাধারণ ক্ষমতার হ্রাস হয়, য়ুরোপীয় প্রধান প্রধান খৃষ্টীয় পণ্ডিত পোপের অধীনতা অস্বীকার করেন। সেই বিলুপ্ত গৌরব উদ্ধার করিবার জন্যই যেশুটেরা নিঃস্বার্থ হইতে পারেন নাই, তাঁহাদের ধর্ম্মনীতির সহিত পোপ এবং যেশুট সমাজের স্বার্থ জড়িত ছিল। যেশুটের মধ্যে অসাধারণ পণ্ডিত ও অনেক মহাপুরুষ জন্মিলেও কেবল স্বার্থের জন্য তাঁহাদের অধঃপতন হইল। ১৬০৪ খৃষ্টাব্দে ইংলণ্ড হইতে যেশুটেরা দূরীভূত হন। ক্রমে ক্রমে তাহারা অপর রাজ্য হইতে তাড়িত হইলেন। ১৭৭৩ খৃষ্টাব্দে (১৪শ) ক্লেমেণ্ট নামক পোপ সাধারণের প্রতিবাদে নিতান্ত বিরক্ত হইয়া যেশুট সমাজ এককালে উঠাইয়া দিলেন। যেশুটেরা আবার রোমান্ ক্যাথলিক বলিয়া প্রসিদ্ধ হইলেন।

জাতিভেদ অস্বীকার ও সার্ব্বজনিক ভ্রাতৃভাব-স্থাপন খৃষ্টান ধর্ম্মের প্রধান অঙ্গ। আদি খৃষ্টানগণ এইজন্য সাধারণের ভক্তি ও শ্রদ্ধার পাত্র হইয়াছিলেন, এই জন্যই সমগ্র য়ুরোপ সমাদরে তাঁহাদের মত অবলম্বন করিয়াছিলেন। কিন্তু রোমক সমাজের প্রাদুর্ভাবকালে এই নিয়ম রক্ষিত হয় নাই, তাঁহারা দাক্ষিণাত্যের অনেক লোককে খৃষ্টান্ ধর্ম্মে দীক্ষিত করিয়াছিলেন বটে, কিন্তু জাতিভেদপ্রথা উঠাইতে পারেন নাই। এমন কি উপাসনার সময়ে গির্জাতেও উচ্চজাতি অগ্রে বসিতেন ও নীচজাতি পশ্চাতে থাকিত, নিম্নশ্রেণীর লোকেরা উপাসনার সময়ও বসিবার আসন পাইত না। দাক্ষিণাত্যে যে সকল উচ্চ শ্রেণীর হিন্দু দীক্ষিত হন, তাহারা নীচজাতির উপর কর্ত্তৃত্ব ও যাজকতা করিতেন, কিন্তু নীচজাতি উচ্চশ্রেণীর কখন কোন কার্য্য করিতে পারিত না। বস্তুতঃ দাক্ষিণাত্যে যাহারা খৃষ্টান্ হইয়াছিল, তাহার নাম মাত্র খৃষ্টান্। হিন্দুজাতির প্রধান অঙ্গ বর্ণভেদপ্রথা পরিত্যাগ করিতে পারে নাই। এখনও দাক্ষিণাত্যে সেই সকল দেশী খৃষ্টানের বংশধরেরা অনেকে প্রায় পূর্ব্বভাব রক্ষা করিয়া আসিতেছে। কিন্তু এখন প্রবল স্রোত বহিয়াছে, আর বুঝি থাকে না। এই ভারতবর্ষে দেশী ও বিদেশী লইয়া এখন প্রায় চৌদ্দলক্ষ ক্যাথলিক খৃষ্টানের বাস। ইংরাজ রাজত্বে য়ুরোপের প্রায় সকল দেশের ক্যাথলিক ধর্ম্মপ্রচারকগণ ভারতে অবস্থান করিতেছেন। অধিকাংশ ক্যাথলিক্ গির্জা ও খৃষ্টীয় যাজক গোয়ার ধর্ম্মাচার্য্যের অধীন।

সিরীয়ক-সমাজ।

সিরীয়ক খৃষ্টান্ সমাজ অতি প্রাচীন, অন্তিয়োক ও জেরুজিলমের প্রধান ধর্ম্মগুরুর (Patriarch) অধীন। পূর্ব্বকালে এই সমাজ অতিশয় সমৃদ্ধিশালী হইয়া উঠিয়াছিল। খৃষ্টীয় চতুর্থ শতাব্দীতে এই সমাজের অধীনে ১১৯ জন বিশপ (Bishop) এবং প্রায় দশলক্ষাধিক খৃষ্টান্ ছিলেন। এখন এই সমাজ মেরোনাইট, যাকুবী, আসল সিরীয়ক ও মেল্‌কাইট্ (গ্রীক), এই চারি সম্প্রদায়ে বিভক্ত হইয়াছে। খৃষ্টীয় পঞ্চম শতাব্দীতে যীশুখৃষ্টের অবতার সম্বন্ধে এই সমাজে এক গোলযোগ উপস্থিত হয়। ৪৪ খৃষ্টাব্দে ইউটিকেস্ (Eutyches) নামে কন্‌স্তান্তিনোপলে একজন পাদ্রী প্রচার করেন যে, যীশুখৃষ্টের অবতার হইবার পূর্ব্বে তাঁহার আত্মা ঈশ্বরে মিলিত ছিল, অবতার হইবার পরেও আত্মার সেই পূর্ব্বভাব যায় নাই। খৃষ্টের দৈব ও মানব এই দুই প্রকৃতি থাকিলেও মানবপ্রকৃতি দৈবপ্রকৃতিতে

মিশিয়া গিয়াছিল। এই মতভেদ লইয়া সিরীয়কসমাজে বিষম তর্কবিতর্ক চলিল। কনস্তান্তিনোপলের প্রধান ধর্ম্মগুরু (Patriarch) ফ্লুবিয়ান্ এক মহাসমিতি আহ্বান করিলেন। এই মহাসমিতিতে উক্ত মত অগ্রাহ্য হইল। কিন্তু ৪৪৯ খৃষ্টাব্দে ইউফেসাসের মহাসভায় ইজিষ্টের খৃষ্টীয় উদাসীনগণের প্রবল আন্দোলনে ইউটিকেসের মত আবার সাদরে গৃহীত হইল। ফ্লুবিয়ান ও তাহার সহচরগণ পদচ্যুত হইলেন। তখন সিরীয়কসমাজে উপরোক্ত মত খৃষ্টধর্ম্মের মূলতত্ত্ব বলিয়া প্রচারিত হইল। যাহা হউক, এইমত অধিক দিন স্থায়ী হইল না। কালসিডনের মহাসভায় ৬৫০ জন বিশপের বিচারে স্থির হইল, পূর্ব্বমত নিতান্ত অসঙ্গত ও খৃষ্টীয়ধর্ম্ম বিরুদ্ধ বলিয়া অগ্রাহ্য; যীশুখৃষ্টের দৈব ও মানবপ্রকৃতি একত্র নিবদ্ধ, বস্তুগত্যা কোন প্রভেদ নাই। ইউটিকেসের মত লইয়া এই সময়ে কএকটী সম্প্রদায় হইয়াছিল। তাঁহার মৃত্যুর পরও তাঁহার মত প্রায় শতাধিকবর্ষ চলিয়াছিল। উক্ত মতাবলম্বীগণের মধ্যে পরবর্ত্তীকালে কেহ কেহ আবার মনফাইসাইট্ (Monophysites) অর্থাৎ খৃষ্টে একপ্রকৃতিবাদী নামে বিখ্যাত হন। সেই একপ্রকৃতিবাদ এখনও যাকুবী (Jacobite) সমাজে প্রচলিত।

ইউফাইটিকী মতবৈষম্য হইতেই সিরীয়ক সমাজের পূর্ব্বগৌরব খর্ব্ব হইবার সূত্রপাত হয়। শেষে ইস্‌লামধর্ম্মের অভ্যুদয়ে নিতান্ত অবনতি ঘটিল। খৃষ্টীয় ৭ম শতাব্দীতে, এই সমাজের উপর অনেক বিপদ্ গিয়াছে। খৃষ্টীয় ৮ম শতাব্দীতে মেরোনাইট্‌গণ মুসলমানের অত্যাচারে লেবেনন পাহাড়ে বাস করিয়া স্বধর্ম্ম রক্ষা করেন। এই মেরোনাইটগণই আদি সিরীয়ক খৃষ্টানবংশসম্ভূত। কাহারও মতে, ৬৩০ খৃষ্টাব্দে সম্রাট্ হেরাক্লিয়সের সময়ে সিরীয়কসমাজে মনথেলাইট (Monothelite) অর্থাৎ খৃষ্টে একেচ্ছাবাদী নামে যে এক সম্প্রদায়ের প্রাদুর্ভাব হয় এবং ৬৮০ খৃষ্টাব্দে ষষ্ঠ মহাসমিতিতে খৃষ্টধর্ম্মের বিরুদ্ধবাদী বলিয়া যে সম্প্রদায়ের মত উঠাইয়া দেওয়া হইয়াছিল, এই মোরোনাইটগণ তাঁহাদেরই সন্তান। খৃষ্টীয় পঞ্চম শতাব্দীতে মেরোণ আশ্রমে মেরো নামে একজন ধর্ম্মগুরু থাকিতেন, তাঁহাকেই এই সম্প্রদায় আপনাদের প্রধান বলিয়া স্বীকার করায় 'মেরোনাইট' (Meronite) নামে প্রসিদ্ধ হইল। মুসলমানের আধিপত্যকালে সিরীয়ক সমাজের মধ্যে কেবল এই মেরোনাইটগণ ধর্ম্ম ও স্বাধীনতা রক্ষা করিতে পারিয়াছিলেন। খৃষ্টীয় দ্বাদশ শতাব্দে জেরুজিলমে রোমকসমাজ স্থাপিত হইলে, ইঁহারা একেচ্ছাবাদ পরিত্যাগ করিয়া রোমকসমাজের অধীনতা স্বীকার করেন। ১৫৮৪ খৃষ্টাব্দে, মেরোনাইট যাজকদিগের অধ্যাপনার জন্য রোমে একটী বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। এই সম্প্রদায় রোমকসমাজের অধীনতা স্বীকার করিলেও, ইঁহারা জাতীয় ক্রিয়াকলাপ ও আচারব্যবহারে সম্পূর্ণ অধিকারী। সিরীয়ভাষায় ইহাদের উপাসনাদি হইয়া থাকে। ইঁহাদের যাজক যাজকতা করিবার পূর্ব্বে যদি বিবাহিত হন, তবে পত্নীকে লইয়া ঘর করিতে পারেন, কিন্তু যাজক হইবার পরে আর বিবাহ করিবার অধিকার নাই। এই সমাজকে প্রতি দশমবর্ষে পোপের নিকট ধর্ম্মরাজ্যের আভ্যন্তরিক অবস্থা বিজ্ঞাপন করিতে হয়। এখন মেরোনাইটের সংখ্যা প্রায় দেড়লক্ষ হইবে।

যাকুবী বা যাকোবাইট (Jacobite) সম্প্রদায়ের লোকেরা পূর্ব্বে আদি সিরীয়ক সমাজের মত লইয়া চলিতেন। যাকুববর্দ্দাই (Jacobus Baradaeus) নামে একজন সিরীয়ক যতি এই সম্প্রদায়ের প্রবর্ত্তক, তাঁহার নাম হইতে সম্প্রদায়ের নাম যাকুবী হইয়াছে। ইহার পূর্ব্ব নাম মনোফাইসাইট্ (Monophysite) অর্থাৎ একপ্রকৃতিবাদী। ইঁহাদের মতে খৃষ্টের কেবল একই প্রকৃতি আছে, মানব প্রকৃতিই ক্রমে দৈবভাব ধারণ করিয়াছিল। নেষ্টোরিয়াসের মত-বিরুদ্ধে প্রথমে এই মত উত্থিত হয়। কাল্‌সিডনের সভায় ইউটিকেসের মত উঠিয়া গেলে, সেই সভা হইতেই 'মনোফাইসাইট্' নাম প্রচলিত হয়। এই সভায় স্থির হয় যে খৃষ্টে একাধারে দুইটী প্রকৃতি, উহার পরিবর্ত্তন বা বিভাগ বুঝিবার কাহারও সাধ্য নাই। কিন্তু সাধারণ সিরীয়ক খৃষ্টানগণের তাহা মনোমত হইল না, তর্কবিতর্ক, বাদ প্রতিবাদ, পরস্পর বিরুদ্ধবাদীতে হাতাহাতি, লাঠালাঠী, শেষে রক্তারক্তি আরম্ভ হইল। (খৃষ্টীয় ষষ্ঠশতাব্দীতে) মনোফাইসাইট্ সম্প্রদায় আদি সিরীয়ক সমাজ হইতে পৃথক্ হইল। তৎপরে সম্রাট্ যাষ্টিন্ ও যাষ্টিনিয়ান্ এই সম্প্রদায় পরিত্যাগ করিয়া রোমকসমাজে মিলিত হইলে, ইঁহাদের মধ্যে বড় গোলযোগ বাঁধিল। ইঁহারা পরস্পর একতা হারাইলেন। এই সম্প্রদায় হইতে কতকগুলি নূতন দল হইল। এক দলের নাম হইল "একেফলই" (Akepholoi)। ৫১৯ খৃষ্টাব্দে এক বিষম তর্ক বাঁধিল, "খৃষ্টের শরীর ভ্রষ্ট কি না?" অন্তিয়োকের সেবেরাস্ নামক পদচ্যুত বিশপের শিষ্যগণ (Seberians) প্রচার করিলেন "খৃষ্টের শরীর ভ্রষ্ট।" গজনাস্ নামক বিশপের শিষ্যগণ (Gajanites) বলিয়া বেড়াইতে লাগিলেন, "খৃষ্টের শরীর কখনই ভ্রষ্ট নয়।" এইরূপে প্রথমদল 'ফর্ত্তোলট্রিষ্ট' (Phthartolatrist) অর্থাৎ

ভ্রষ্টোপাসক এবং দ্বিতীয় দল 'অফ্থর্ত্তোদোসিটী' (Aphthartodocetæ) অর্থাৎ পূতদেহপূজক বা শিক্ষক নামে পরিচিত হইলেন। দ্বিতীয় দল আবার তর্ক ধরিলেন, "খৃষ্টের দেহ সৃষ্ট কি না?" 'অক্তিস্তেতোই' (Aktistetoi) অর্থাৎ অসৃষ্টবাদীগণ বলিলেন, "সৃষ্ট নহে।" 'কিষ্টোলট্রিষ্ট' (Kistolatrist) অর্থাৎ সৃষ্টিবাদী প্রমাণ করিয়া দেখাইলেন, "হাঁ সৃষ্ট।"

ইহাদের মধ্যে "অগ্নিটোই" (Agnoetoi) নামে আর একদল হইলেন, তাঁহারা প্রচার করিলেন, 'খৃষ্ট মানব নয়, তিনি সর্ব্বশক্তিমান্'। ৫৬০ খৃষ্টাব্দে একপ্রকৃতিবাদীগণের মধ্যে আস্কুনগেশ (Askunages) নামে এক ব্যক্তি ও তৎপরে ফিলোপোনাস্ (Philoponus) নামে এক পণ্ডিত ঘোষণা করিলেন, 'ঈশ্বর, যীশু ও দিব্যাত্মা, এই তিনজনই এক একটী স্বতন্ত্র ঈশ্বর।' কিন্তু এই মত একপ্রকৃতিবাদীগণ খৃষ্টধর্ম্মের বিরুদ্ধ বলিয়া অগ্রাহ্য করিলেন। ইজিপ্ট, সিরীয় ও মেসোপোটেমিয়া প্রভৃতি স্থানে এই মতাবলম্বীগণ বহুদিন প্রবল ছিলেন, তাঁহারা আলেকজেন্দ্রিয়া ও অন্তিয়োকের ধর্ম্মগুরুর ধর্ম্মানুশাসন মানিতেন। ষষ্ঠ শতাব্দীতে যাকুববর্দ্দাইয়ের অভ্যুদয়ে তাঁহারা স্বাধীন সমাজ স্থাপন করিলেন। ইহাদের মধ্যে কেহ কেহ আর্ম্মানী সমাজভুক্ত হইয়াছেন।

আদি সিরীয়ক খৃষ্টানেরা পোপের প্রাধান্য স্বীকার করেন না। তাঁহাদের বাইবেল সিরীয়ক ভাষায় লিখিত, তাহা দ্বারাই উপাসনাদি হয়। আর আর ধর্ম্মকাণ্ড গ্রীকসমাজের মত। তাঁহাদের পুরোহিতেরা যজন করিবার পূর্ব্বে বিবাহ করিতে পারে, কিন্তু পরে অথবা দ্বিতীয় দারপরিগ্রহ করিবার অধিকার নাই। ইহাদের বিশপেরা আদৌ বিবাহ করিতে পারেন না। ইহারা সিদ্ধপুরুষগণের চিত্র রাখেন ও তাঁহাদের স্তব স্তুতি করেন। ইহাদের রমণীরা বড় ধর্ম্মশীলা। স্ত্রী পুরুষ উভয়েই উপবাসাদি করিয়া থাকেন। ইহাদের সংখ্যা অতি অল্প, পাঁচহাজারের অধিক হইবে না।

নেষ্টোরিয়ান্ (Nestorians)।—সিরীয়কসমাজে খৃষ্টীয় ৫ম শতাব্দে নেষ্টোরিয়া নামে এক মহাত্মা জন্মগ্রহণ করেন। তাঁহার বাক্পটুতা ও সদুপদেশ শ্রবণে দেশীয় সকলেই মুগ্ধ হইয়াছিলেন। ইনি ৪২৮ খৃষ্টাব্দে কনস্তান্তিনোপলের ধর্ম্মগুরু (Patriarch) হইয়া ছিলেন। উক্ত উচ্চাসন লাভের অল্পকাল পরেই খৃষ্টের দৈব ও মানবপ্রকৃতি সম্বন্ধে ঘোরতর তর্ক উঠিল। আনাষ্টেসিয়া নামে একজন পুরোহিত নেষ্টোরিয়ার সঙ্গে কনস্তান্তিনোপলে গিয়াছিলেন। একদিন তিনি উপদেশ দিবার সময়ে কহিলেন, 'কুমারী মেরি ঈশ্বরের বা দৈবপুরুষের মাতা হইতে পারেন না, তিনি মানবখৃষ্টের মাতা।' এই কথা শুনিয়া অনেকে মনে করিলেন, ইহা নেষ্টোরিয়ারই মত। নেষ্টোরিয়া তাহা সমর্থন করিয়া ঘোষণা করিলেন, খৃষ্টের দুই প্রকৃতির ভেদ আছে, তাঁহার দেহ মানবপ্রকৃতিতে গঠিত, কিন্তু তাঁহার উপদেশ দৈবপ্রকৃতি হইতে নিঃসৃত। তৎকালে খৃষ্টান্ জগতে এই কথা লইয়া তুমুল আন্দোলন চলিতে লাগিল। আলেক্জেন্দ্রিয়ার ধর্ম্মাচার্য্য সেণ্টসাইরিল্ তাঁহার বিরুদ্ধে দণ্ডায়মান হইলেন। রোম হইতে বিশপ সিলেষ্টাইন্ নেষ্টোরিয়াকে বলিয়া পাঠাইলেন, "যদি তিনি মঙ্গল প্রার্থনা করেন, তাহা হইলে শীঘ্রই এই দুষ্ট মত পরিত্যাগ করুন।" কিন্তু নেষ্টোরিয়া কিছুতেই বিচলিত হইলেন না। এফেসাসের মহাসভায় ৪৩১ খৃষ্টাব্দে নেষ্টোরিয়া পদচ্যুত হইলেন, কিন্তু তাহাতেও তিনি আপন মত পরিত্যাগ করিলেন না। এবার কনস্তান্তিনোপলের এক ধর্ম্মাশ্রমে চারি বর্ষকাল তাঁহাকে বন্দী করা হইল, তাহাতেও তিনি আপন বিশ্বাস কোন মতে ছাড়িলেন না। অতঃপর তিনি মিশরের মহামরুভূমে নির্ব্বাসিত হইলেন।

যে যে ব্যক্তি তাঁহার মত মানিয়া ছিলেন, সেই সেই ব্যক্তিকেই নেষ্টোরিয়ান্ (Nestorian) বলে। এখন নেষ্টোরিয়ানেরা একটী পৃথক্ সমাজ বলিয়া গণ্য। ইফেসাসের সভায় নেষ্টোরিয়ার পদচ্যুতির পরও তাঁহার মত অসিরীয়া, পারস্য প্রভৃতি নানাস্থানে প্রবল হইয়াছিল। অল্পদিন মধ্যে এই মত রোমের শাসনাধীন সকল স্থান হইতে উঠিয়া গেল বটে, কিন্তু এদিকে পারস্য, আরব, ভারতবর্ষ প্রভৃতি নানাস্থানে নেষ্টোরিয়ান্ সমাজ স্থাপিত হইল। খৃষ্টীয় ৭ম শতাব্দে নেষ্টোরিয়ান্ খৃষ্টানেরা চীনেরাজ্যে ধর্ম্মপ্রচার করিতে গিয়াছিল, সিরীয় ভাষায় লিখিত একখানি শিলালিপি দ্বারা জানা গিয়াছে। তুরুস্কে কালিফ ও মধ্যএসিয়ার মোগলসম্রাট্গণ এই নেষ্টোরিয়ানদিগকে আশ্রয় দিয়াছিলেন। প্রসিদ্ধ জঙ্গিস্খাঁর পত্নী এক নেষ্টোরিয়ান্ কন্যা। শুনা যায়, মধ্য এসিয়ার অনেক মোগলরাজা এই নেষ্টোরিয়ান্ ধর্ম্ম গ্রহণ করিয়াছিলেন, তাঁহাদের মধ্যে কারোকোরমের অধিপতি ঔঙ্গ খাঁ প্রধান। ইনি জঙ্গিস্খাঁর হস্তে পরাস্ত হইলে আপনাকে প্রেষ্টর জোআও (Prester John) অর্থাৎ জন (নামক) যাজক বলিয়া পরিচিত করেন।

খৃষ্টীয় ষোড়শ শতাব্দে নেষ্টোরিয়ান্ সমাজে কিছু গোলযোগ ঘটে। এই সময় কতকগুলি লোক বাধ্য হইয়া পোপের অধীনতা স্বীকার করেন, এখন তাঁহারা কাল্দি খৃষ্টান্ নামে প্রসিদ্ধ। আর সকলে প্রাচীন মত মানিয়া

থাকে। কুর্দ্দিস্থানের পার্ব্বতীয় রাজ্যে এখন নেষ্টোরিয়ান্‌দিগের প্রধান বসবাস, এখন তাহারা দরিদ্র ও মূর্খ হইয়া পড়িয়াছে। তাহাদের পুরোহিত ও নিম্নশ্রেণীর যাজকেরা বিবাহ করিতে পারেন। বিবাহাদিতে ধর্ম্মাচার্য্যের মত লইতে হয়। তাঁহারা মৃতের মূর্ত্তি উদ্দেশে স্তব পাঠ করেন, খৃষ্টের ক্রুশ ভিন্ন অপর কোন মূর্ত্তির পূজা করেন না। বর্ত্তমান সময়ে তাহাদের সংখ্যা প্রায় দেড়লক্ষ হইবে।

ভারতবর্ষেও বহুদিন হইতে নেষ্টোরিয়ান্ দেখা দিয়াছে, দক্ষিণাপথে মলবারে তাহারা সিরীয়ক খৃষ্টান্ নামে প্রসিদ্ধ। ত্রিবাঙ্কুড়ে সিরীয়ক খৃষ্টানের সন্তানেরা এখন "নস্‌রনি মাপিল্লা" নামে অভিহিত। কোন্ সময়ে ভারতে সর্ব্বপ্রথম সিরীয়ক খৃষ্টানেরা আসিল, তৎসম্বন্ধে কিছু মতভেদ আছে। কেহ বলেন, যীশুখৃষ্টের অন্যতম শিষ্য সেণ্টটমাস্ আরব, পারস্যাদি স্থানে খৃষ্টধর্ম্ম প্রচার করিয়া ৬৫ খৃষ্টাব্দে ভারতে আগমন করেন। তাঁহা হইতেই এখানে সিরীয়ক খৃষ্টানের উৎপত্তি।

দাক্ষিণাত্যের "নস্‌রণি মাপিল্লা" ও নীচজাতীয় খৃষ্টান্ মধ্যে অনেকেই সেণ্টটমাসকেই ধর্ম্মপিতা ও স্বয়ং যীশুখৃষ্ট বলিয়া মনে করিত। অনেকের বিশ্বাস, ইনিই ৬৮ খৃষ্টাব্দে ২১এ ডিসেম্বর মান্দ্রাজের পার্শ্ববর্ত্তী মাইলাপুর নামক স্থানে ব্রাহ্মণদিগের উত্তেজনায় হিন্দু অধিবাসী কর্ত্তৃক নিহত হন।

আবার কেহ বলেন, পারস্যবাসী মণির শিষ্য টমাস মণিকীয় (Thomas the Manichæan) খৃষ্টীয় ৩য় শতাব্দে ভারতে আসিয়া অভিনব খৃষ্টধর্ম্ম প্রচার করেন, দাক্ষিণাত্যের টমাস্ খৃষ্টানেরা তাঁহারই শিষ্য।

আর একটী প্রবাদ আছে, খৃষ্টীয় ৮ম শতাব্দে টমাস কাণা নামে একজন আর্ম্মাণী বণিক মলবার উপকূলে বাণিজ্য করিতে আসেন। তিনি দুই সুন্দরী কেরল-রমণীর পাণিগ্রহণ করেন। তাঁহার সহিত দেশীয় রাজগণের বেশ সদ্ভাব হইয়াছিল। তিনি দেখিলেন যে পূর্ব্বে মলবার উপকূলে যে সকল খৃষ্টান্ ছিলেন, তাহারা হিন্দুগণের অত্যাচারে এককালে বিলুপ্ত হইয়াছে। অতি অল্পসংখ্যক দেশীয় খৃষ্টান্ বনে জঙ্গলে ও পাহাড়ের মধ্যে গুপ্তভাবে জীবনরক্ষা করিতেছে। এখানে খৃষ্টান্ ধর্ম্ম প্রচার করিতে তাঁহার ইচ্ছা হইল। দেশীয় রাজগণের নিকট তিনি এইরূপ অনুমতি লইলেন, যে তাঁহারা স্ব স্ব ধর্ম্মপ্রথামত কার্য্য করিবেন, তাহাতে দেশীয় লোকেরা তাঁহাদের কার্য্যে কোন বাধা দিতে পারিবেন না। রাজার অনুমতি লইয়া তিনি গিরিজঙ্গল হইতে খৃষ্টানদিগকে পুনরায় মলবারে আনিয়া স্থাপন করিলেন। এবং তাহাদের সর্ব্বপ্রধান ধর্ম্মাচার্য্য (Arch-bishop) হইলেন। তখন হইতে এখানকার খৃষ্টানেরা টমাসের শিষ্য বলিয়া পরিচয় দিতে লাগিল।

উপরোক্ত তিনজন টমাসকে লইয়াই গোল! শেষোক্ত টমাসেরও পূর্ব্বে যে ভারতে খৃষ্টধর্ম্ম প্রবেশ করিয়াছিল, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। ৩য় শতাব্দে হিপোলিটস্ (Hippolytus, Bishop of Portus) লিখিয়াছেন—খৃষ্টের বারজন প্রধান শিষ্যের মধ্যে সেণ্ট বার্থলমিউ (St. Bartholomew) ভারতে খৃষ্টধর্ম্ম প্রচার করিতে গিয়াছিলেন। আর সেণ্ট টমাস্ পারস্য ও মধ্যএসিয়ায় খৃষ্ট ধর্ম্মপ্রচার করিয়া শেষে ভারতের 'কালমিনা' নগরে আসিয়া কাল কবলে পতিত হন।

৫৪৭ খৃষ্টাব্দে কস্‌মোস্ ইণ্ডিকো প্লুষ্টেশ (Cosmos Indicopleustes) লিখিয়াছেন, 'মলবারের বিশপ পারস্য হইতে নিযুক্ত হন।' কিন্তু তিনি সেণ্ট টমাসের নাম উল্লেখ করেন নাই। যদি খৃষ্টশিষ্য সেণ্ট টমাসের সহিত মলবারবাসী খৃষ্টান্‌দিগের কোন সংশ্রব থাকিত, তাহা হইলে অবশ্যই তিনি লিখিতেন। ইহাতে বোধ হয় যে খৃষ্টশিষ্য সেণ্ট টমাস্ মলবার উপকূলে ধর্ম্মপ্রচার করিতে আসেন নাই। তবে বোধ হয়, উত্তরভারতের কোনস্থানে তাঁহার মৃত্যু হইয়া থাকিবে।

মান্দ্রাজের পার্শ্বে সেণ্ট টমাস্ নামে একটী পাহাড় আছে, এই পাহাড়ে প্রাচীন পহ্লবীভাষায় ক্রুশের উপর খোদিত একখানি লিপি বাহির হইয়াছে। সাধারণের বিশ্বাস এই পাহাড়ের নিকটই সেণ্ট টমাস্ নিহত হন। এক্ষণে উক্ত খোদিত পহ্লবী লিপিদ্বারা অনায়াসেই উপলব্ধি হইতেছে যে পারস্যবাসী মণির (১) শিষ্য সেণ্ট টমাস্‌ই

(১) কারবিকাস নামে একজন সামান্য লোক ছিলেন। যখন তাঁহার বয়স সাতবৎসর, তখন বাবিলনের কোন বিধবা রমণী তাহাকে ক্রয় করিয়া লইয়া যান। এই বিধবার মৃত্যুর পর ক্রীতদাস কারব্লিকাস তাঁহার বিষয়ের উত্তরাধিকারী হইয়া পড়েন। অতুল ঐশ্বর্য্যের অধিকারী হইয়া তিনি পূর্ব্ব নাম বদলাইয়া মণি নামে পরিচয় দেন ও পারস্যরাজ্যে আসিয়া বাস করেন। তাঁহার প্রতিপালিকার সাহায্যে মণির বিশেষ শিক্ষা লাভ হইয়াছিল। পারস্যে থাকিয়া মণি বাইবেল (New Testament) ও অপরাপর খৃষ্টধর্ম্মসম্বন্ধীয় গ্রন্থ পাঠ করেন এবং খৃষ্টধর্ম্মের সংমিশ্রণে অগ্নি-উপাসক আদি পারসীকধর্ম্মের ও বৌদ্ধধর্ম্মের কতকগুলি মতামত লইয়া এক অভিনব খৃষ্টসম্প্রদায় স্থাপন করিতে প্রবৃত্ত হইলেন। এই উদ্দেশ্য সাধন করিবার জন্য তিনি আপনাকে খৃষ্টের প্রেরিত শিষ্য বা দূত (Apostle) বলিয়া ঘোষণা করিলেন। ইহাতেও সন্তুষ্ট না হইয়া, যীশুখৃষ্ট ভবিষ্যতে যে প্যারাক্লিটকে (Paraclete) পাঠাইবেন বলিয়া

দাক্ষিণাত্যে সর্ব্বপ্রথম খৃষ্টীয় ধর্ম্মপ্রচার করেন। দাক্ষিণাত্য-বাসী দেশী খৃষ্টানেরা ইঁহাকেই আপনাদের ধর্ম্মপিতা ও খৃষ্টীয় ১৪শ শতাব্দীর পূর্ব্বাবধি স্বয়ং যীশুখৃষ্ট বলিয়া মনে করিত। ইহারা পারস্য হইতে আগত নেষ্টোরিয়ান্ বিশপের আজ্ঞাধীন ছিল। খৃষ্টীয় ৭ম শতাব্দে পারস্যের খৃষ্টীয় সমাজ আপনাদিগকে টমাস খৃষ্টান্ নামে অভিহিত করেন, তদনুসারে মলবারের অজ্ঞ খৃষ্টানেরাও 'টমাস্ খৃষ্টান্' নাম গ্রহণ করিয়াছিল। এই খৃষ্টানদিগের সংখ্যা অধিক হইলেও দেশীয় লোকের উৎপীড়নে অবস্থা নিতান্ত শোচনীয় হইয়া পড়িয়াছিল। ৬৬০ খৃষ্টাব্দে ধর্ম্মাচার্য্য যেসজেবস্ (Jesajabus) পারস্যের প্রধান খৃষ্টীয় যাজকের নিকট যে পত্র লেখেন, তৎপাঠে জানা যায়, মলবার উপকূলের দেশীয় খৃষ্টান্দিগকে ভালরূপ ধর্ম্মউপদেশ দিতে পারে এমন কোন লোক ছিল না। ৮ম শতাব্দে আর্ম্মাণী টমাস্ দেখিয়াছিলেন,—মলবারের খৃষ্টানগণ বন্যপশুর ন্যায় বন-জঙ্গলে গিরিগহ্বরে বাস করিতেছে। ১৪ শতাব্দে জোর্দানাস্ (Friar Jordanus) দেখেন, তাহারা নামে মাত্র খৃষ্টান্, তাহাদের মধ্যে দীক্ষা (Baptism) নাই। এখনও কামাড়াপ্রদেশে অনেক অসভ্য হিন্দুর মধ্যে খৃষ্টান্ ধর্ম্মের অনেক চিহ্ন বিদ্যমান রহিয়াছে। ইহাতে বোধ হয়, ঐ সকল অসভ্যজাতি অনেকদিন খৃষ্টান্ ছিল, হয় হিন্দুর ভয়ে অথবা আপনাদিগের শোচনীয় অবস্থা দর্শনে হিন্দুসমাজে মিশিবার কোন উপায়

সত্য করিয়াছিলেন আপনাকে সেই প্যারাক্লিট বলিয়া প্রচার করিলেন এবং তাঁহার দেহেও দিব্যাত্মা স্বাধীনভাবে রহিয়াছে, এ কথাও লোকদিগকে বুঝাইতে লাগিলেন।

তাঁহার ক্ষমতাদৃষ্টে পারস্যরাজ তাঁহাকে নিজ পুত্রের চিকিৎসায় নিযুক্ত করেন। কিন্তু মণি রাজপুত্রকে আরোগ্য করিতে না পারায় পারস্যরাজ তাঁহাকে কারাবদ্ধ করিলেন। এই কারাগার হইতে মণি কৌশল করিয়া পলায়ন করেন, কিন্তু তিনি পুনরায় ধরা পড়েন। ২৭৭ খৃষ্টাব্দে জোন্দিশাপুরে পারস্যরাজের আদেশে জীবন্ত অবস্থায় গায়ের ছাল ছাড়াইয়া তাঁহাকে মারিয়া ফেলা হয়।

আদ্দাশ্, টমাস, হরমুজ্ প্রভৃতি তাহার কয়েকজন শিষ্য দেশবিদেশে তাহার প্রবর্ত্তিত মিশ্রিত খৃষ্টধর্ম্ম প্রচার করিতে থাকেন। তাঁহার প্রবর্ত্তিত খৃষ্টান্ সম্প্রদায়ের নাম মণিকীয় (Manichæan)।

এই সম্প্রদায়টী বর্ত্তমান খৃষ্টান্সমাজ হইতে অনেক বিভিন্ন। মণি প্রচার করেন, এই দৃশ্যমান ও অদৃশ্যমান জগতের দুইটী মাত্র মূল কারণ আছে, একটী সৎ (সূক্ষ্মপ্রকৃতি Good or light) বা আলোক; দ্বিতীয় (জড় প্রকৃতি Evil or Darkness) তমঃ। মণিকীয়েরা তাহাই স্বীকার করিয়া থাকেন।

মণিকীয়দিগের মতে আত্মা সূক্ষ্ম প্রকৃতি ও শরীর জড় প্রকৃতি হইতে উদ্ভূত হইয়াছে। ঐ শক্তিদ্বয় অনন্তব্যাপী, সর্ব্বশক্তিমান্ জগদীশ্বরের অংশমাত্র। একমাত্র ঈশ্বর হইতেই সৎশক্তির (Light) মূলকারণ নিরূপিত হয়। তামসিক শক্তির রাজ্য (Darkness) একমাত্র প্রেত ও সয়তান (Hyle or Demon) দ্বারা পরিচালিত। ঈশ্বর ও সয়তানে পরস্পর বিরোধ উপস্থিত হইলে, ঈশ্বর সয়তানকে স্বর্গরাজ্য চ্যুত করেন। সয়তান তমোরাজ্য হইতে আদি মানবের (Adam and Eve) সৃষ্টি করিলেন। সয়তান কর্ত্তৃক সৃষ্ট বলিয়া মনুষ্যশরীরে পাপ ও আত্মায় পুণ্য আশ্রয় করিল। আত্মা ক্রমেই পাপের সংশ্রবে কলুষিত হইয়া উঠিল। কলুষিত মানবের জন্য ঈশ্বর পৃথিবী এবং পরে ঐ আত্মাকে দেহপিঞ্জর হইতে মুক্তি দিবার জন্য এবং পাপ হইতে ঐ স্বর্গীয় পদার্থ নির্লিপ্ত রাখিবার উদ্দেশে যীশুখৃষ্ট ও দিব্যাত্মার সৃষ্টি করিলেন। যীশুখৃষ্ট পবিত্রাত্মাদিগের (Intelligences) মধ্যে একজন। ইনি সূর্য্যলোকে বাস করিতেন। পরে মানবের পাপমোচন ও আত্মার মুক্তি দিবার জন্য মনুষ্যশরীরে য়িহুদীদিগের মধ্যে অবতীর্ণ হইলেন। য়িহুদীরা তমোন্ধ হইয়া তাঁহাকে ক্রুশারোপ করিল। তিনি মরিলেন না, মানবের পাপ নিজ রক্তে ধৌত করিলেন। পৃথিবীর সকল কার্য্য শেষ করিয়া পুনরুত্থানপূর্ব্বক নিজরাজ্য সূর্য্যলোকে চলিয়া গেলেন এবং নিজ ধর্ম্মপ্রচারের জন্য দূতরূপে ও নিজ শিষ্যদিগের সান্ত্বনা করিতে যে প্যারাক্লিট্কে পাঠাইবেন বলিয়াছিলেন, মণিই সেই যীশুপ্রেরিত সান্ত্বনাকারী।

মণির মতে আত্মা চন্দ্রলোকে ও সূর্য্যলোকে পাপমোচন করিয়া পরে পরমপুরুষে লীন হয়। মণিকীয়েরা খৃষ্টদেহের পুনরুত্থান বিশ্বাস করেন না। তাঁহাদের মতে যে আত্মা পাপমুক্ত নয়, তাহা স্বর্গে যাইতে পারেনা, কোন পশুদেহে গঠিত হইয়া নিকৃষ্ট জীবরূপে জন্মগ্রহণ করে। বাইবেলের মুসাকৃত ধর্ম্মশাস্ত্র ঈশ্বরের প্রণোদিত নহে, একমাত্র সয়তানই উহার প্রণয়নকর্ত্তা, এইজন্য কেহই বাইবেলের আদিশাস্ত্রে বিশ্বাস করে না। ইঁহাদের মধ্যে ধর্ম্মপরায়ণ মণিকীয়দিগকে মাংস খাইতে নাই, বাণপ্রস্থ অবলম্বন করিয়া চিরদিন ব্রহ্মচারী হইয়া থাকিতে হয়।

তাঁহাদের মধ্যে ধর্ম্মনিষ্ঠ ও অল্পধী এই দুইদল খৃষ্টান। ধর্ম্মনিষ্ঠ খৃষ্টানদিগকে মাংস, ডিম্ব, দুগ্ধ, মৎস্য, মদ্য ও অপরাপর মাদক দ্রব্য খাইতে নাই, রুটী, শাকসবজি, কলাই ও ফলমূলাদি খাইয়া অতি কষ্টে থাকিতে হয়। কামক্রোধাদি ষড়রিপু দমনই ইঁহাদের উদ্দেশ্য। অল্পধী দুর্ব্বল খৃষ্টানেরা স্ত্রী-পুত্র লইয়া সকল প্রকারই সুখভোগ করিতে পারে। তাহাদের ধর্ম্মসমাজের কার্য্য পর্য্যালোচনা করিবার জন্য একজন (যীশুখৃষ্টের প্রতিনিধিস্বরূপ) সভাপতি ও অপর বারজন ব্যক্তি (খৃষ্টের দূতস্বরূপ) প্রধান ও ৭২ জন বিশপ আছেন। তাঁহাদের নিম্নে অন্যান্য যাজকমণ্ডলী। ইঁহারা খৃষ্টসম্প্রদায়ের দীক্ষা ও শেষভোজপর্ব্ব (Eucharist) বিশ্বাস করেন। মণিকীয়েরা রবিবার, খৃষ্টের পুনরুত্থান (Easter) ও য়িহুদীদিগের পেণ্টিকষ্ট (Pentecost) পর্ব্বাদিতে উপবাস করিয়া থাকেন।

না দেখিয়া আবার ক্রমে ক্রমে হিন্দুধর্ম্ম গ্রহণ করিয়া থাকিবে। ভাস্কো-ডি-গামার আসিবার পূর্ব্বে মলবারে দেশী খৃষ্টানেরা এখানকার রাজার অধীনে সৈনিক বিভাগে প্রবেশ লাভ করিয়াছিল। এই সময়ে ইঁহাদের ধর্ম্মকর্ম্ম নির্ব্বাহের জন্য নেষ্টোরিয়ান্ বিশপ, যাজক, পুরোহিত প্রভৃতি নিযুক্ত ছিলেন। পর্ত্তুগীজ-নৌসেনাপতি ভারতে যেখানে প্রথম অবতরণ করিলেন, সেইখানেই খৃষ্টান্দিগের সহিত তাঁহার সাক্ষাৎ হইল। পর্ত্তুগীজদিগের সঙ্গে যে সকল ক্যাথলিক যাজক আসিয়াছিলেন, তাঁহারা ঐ সকল খৃষ্টান্দিগকে ক্যাথলিক সমাজভুক্ত করিবার চেষ্টা করিতে লাগিলেন। তাঁহাদের উত্তেজনায় ১৫৬০ খৃষ্টাব্দে ভারতের মধ্যে পর্ত্তুগীজাধিকৃত স্থানে বিধর্ম্মীর বিচারালয় (Inquisition) স্থাপিত হইল। অনেক তর্কবিতর্ক বাদ বিসম্বাদ এমন কি অনেকেই স্বমত রক্ষার্থ রক্তপাত করিলেন।

১৫৯৯ খৃষ্টাব্দে কোচীনের নিকটবর্ত্তী উদয়ম্পুর নগরে গোয়ার প্রধান ধর্ম্মাচার্য্য (Arch-bishop) একটী মহাসভা আহ্বান করেন, এইখানে বিস্তর আলোচনার পর সিরীয়ক খৃষ্টানেরা রোমক সমাজভুক্ত হইল *। এইরূপে ভারত হইতে নেষ্টোরিয়ান্ সমাজ উঠিয়া গেল। সিরীয়ক খৃষ্টানেরা রোমক সমাজের অধীনতা স্বীকার করিলেও, তাহারা সিরীয়ক কর্ম্মকাণ্ড পরিত্যাগ করেন নাই। তাহারা এখনও সিরীয়ক ভাষায় উপাসনা করিয়া থাকে।

১৬৬৫ খৃষ্টাব্দে, অন্তিয়োকের ধর্ম্মাচার্য্য ভারতের অনাথা সিরীয়ক সমাজকে রক্ষা করিবার জন্য মার গ্রেগরি নামে একজন বিশপকে ভারতবর্ষে পাঠাইয়া দেন। মার গ্রেগরি মলবারে উপস্থিত হইলে অনেক সিরীয়ক খৃষ্টান তাঁহার মত অবলম্বন করেন। এই সময়ে সিরীয়ক খৃষ্টানেরা দুইভাগে বিভক্ত হইয়া পড়ে। একদলের নাম 'পজ্হেইয়া কুত্তকার' অর্থাৎ প্রাচীন সমাজ। উদয়ম্পুরের মহাসভা হইতে 'পজ্-হেইয়া কুত্তকারের উৎপত্তি। এই সমাজের সিরীয়ক খৃষ্টানেরা পোপের প্রাধান্য স্বীকার করেন। মারগ্রেগরি হইতে "পুত্তেন কুত্তকার" অর্থাৎ নূতন সমাজের সৃষ্টি। নূতন সমাজ যাকোবাইট্ ধর্ম্মমতাবলম্বী, এই দলস্থ সিরীয়ক খৃষ্টানেরা রোমের বিশপ ও নেষ্টোরিয়ান্কে অনেক দোষ দিয়া থাকে। তাহাদের মতে ক্রুশারোপের পূর্ব্বরাত্রে খৃষ্টের সশিষ্য ভোজ উপলক্ষ করিয়া খৃষ্টান্ সমাজে যে পর্ব্ব হয়, তাহাতে যে রুটী ও সুরা ব্যবহৃত হয়, তাহাই খৃষ্টের প্রকৃত শরীর ও রক্ত। এখন ভারতবর্ষে প্রায় দুইলক্ষ সিরীয়ক ক্যাথলিক ও প্রায় একলক্ষ যাকোবাইট খৃষ্টানের বসবাস। এখানকার সিরীয়ক খৃষ্টানের অধিকাংশই ধীবর ও নৌকাজীবী।

* এই সময়ে যাহাতে পারস্য হইতে কোনপ্রকারে নেষ্টোরিয়ান্ বিশপ না আসিতে পারে, তজ্জন্য পর্ত্তুগীজরাজপ্রতিনিধিগণ ভারতের সকল বন্দরে প্রহরী রাখিয়াছিলেন।

গ্রীক সমাজ।

খৃষ্টান সম্প্রদায়ের মধ্যে গ্রীকসমাজের কর্ম্মকাণ্ড ও মতামত স্বতন্ত্র। খৃষ্টানদিগের মধ্যে এই স্বতন্ত্র সমাজ হইবার কারণ, যে ইহারা রোমের একমাত্র পোপের বিরুদ্ধে ও তাঁহার কৃত ধর্ম্মসম্বন্ধীয় নিয়মাবলীর বিরুদ্ধে নানা তর্কযুক্তি করিয়া আপনাদের সমাজ বিভিন্ন করিয়া লইয়াছেন। এক্ষণে গ্রীস, গ্রীসিয় দ্বীপপুঞ্জ, ওয়ালেসিয়া, সোলদাভিয়া, ইজিপ্ট, আবিসিনিয়া, নিউবিয়া, লিবিয়া আরব, মিসোপটেমিয়া, সিরীয়া, সাইলিসিয়া, প্যালেস্তিন, রুষসামাজ্য, অষ্ট্রাকান, কাসান, জর্জিয়া প্রভৃতি স্থানবাসী অধিকাংশ ব্যক্তিই এই সমাজভুক্ত। এখন এই সমাজ ৩টী শাখায় বিভক্ত—১মটী কন্স্তানতিনোপলের ধর্ম্মগুরুর অধীন। ২য়টী গ্রীকরাজ্যের অধীন। ৩য়টী রুষের জারের অধীন।

পোপের ধর্ম্মপ্রণালীর মতামত লইয়া গোল বাঁধে। খৃষ্টীয় নবমশতাব্দীর মধ্যভাগে (৮৬২ খৃঃ) পোপ নিকলাস্ জেরুজিলমের ধর্ম্মগুরু ফোটিয়াসকে (Photius) সমাজ হইতে বহিষ্কৃত করিয়া দেন। ফোটিয়াস্ সেই জন্য একটী সাধারণ ধর্ম্মসভা আহ্বান করেন। ঐ সভায় রোমকসমাজের প্রবর্ত্তিত এই কএকটী মত লইয়া বিচারকার্য্য আরম্ভ হয়।

১ম, রোমকসমাজের মতে ঈশ্বর ও তৎপুত্র যীশু এই দুই হইতে দিব্যাত্মা অবতরণ করেন। কিন্তু গ্রীকসমাজ তাহা বিশ্বাস করেন না। তাঁহারা বলেন যে, দিব্যাত্মা একমাত্র ঈশ্বর হইতে অবতীর্ণ হইয়া তৎপুত্র হইতে আসেন বা তৎপুত্র যীশুই ঐ দিব্যাত্মা প্রাপ্ত হইয়াছিলেন।

২য়, যাজকেরা বিবাহাদি সংসারধর্ম্ম করিতে পারিবেন না, কেবলমাত্র ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া থাকিবেন।

৩য়, পুরোহিতগণ দীক্ষার পর কোন ব্যক্তির ধর্ম্মসংস্কার (Administer confirmation) করিতে পারিবেন না।

ইত্যাদি কতকগুলি মতবিরোধে রোমক ও কন্স্তান্তি-নোপলের ধর্ম্মসমাজ পৃথক্ হইয়া যায়। পরে ৮৬৯ খৃষ্টাব্দে সম্রাট্ বেসিল একটী সভা করিয়া উভয় সম্প্রদায়ের মধ্যে শান্তি ও ঐক্যতা স্থাপন করিয়া দেন। রোম সর্ব্বসমাজের শীর্ষস্থানে ও কন্স্তান্তিনোপল তাহার অধীন থাকায়, পোপ কৃত কার্য্যকলাপের উপর হস্তক্ষেপ করিবার বিশেষ অসুবিধা হইতে লাগিল। পোপের গর্ব্ব ও উদ্ধত্যে ক্রমেই

গ্রীকদিগের মন শ্রদ্ধাহীন হইতে লাগিল। শেষে ১০৫৪ খৃষ্টাব্দে কন্‌স্তান্তিনোপলের ধর্ম্মগুরু মাইকেল কেরুলেরিয়াস্ (Michael Cerularius) খৃষ্টের মৃত্যুর স্মরণার্থ শেষ ভোজপর্ব্বে (Eucharist) অমিশ্রিত রুটী (Unleavened bread) ব্যবহার, রবিবারের ক্রিয়াকলাপের অনুষ্ঠান, শনিবার উপবাস এবং য়িহুদীদিগের সহিত একত্র বাস লইয়া পুনরায় বিবাদ আরম্ভ করেন। এই সময় পোপ ৯ম লিও, কেরুলেরিয়াস্‌কে ধর্ম্মচ্যুত করেন এবং গ্রীকধর্ম্মপ্রণালী সমস্তই মিথ্যা বলিয়া প্রকাশ করেন।

পরিশেষে তিনি নিজ দূতদ্বারা সাণ্টা সাফিয়ার ধর্ম্মগুরুকে পদচ্যুত করিলেন। তাহাতে গ্রীকগণ বিদ্বেষানলে জ্বলিয়া উঠিলেন। তাহাতে চিরকালের মত রোমকসমাজ হইতে এই সমাজ স্বতন্ত্র হইল।

গ্রীকসমাজভুক্ত খৃষ্টানদিগকে এই কএকটী ব্যবস্থার বশীভূত হইয়া চলিতে হয়;—

১ম, কেহই পোপের প্রাধান্য স্বীকার করিবেন না। তাঁহাদের নিকট রোমকসমাজ যথার্থ ক্যাথলিক সমাজ বলিয়া গণ্য হইবে না।

২য়, তিন বৎসরের কম বয়স হইলে পুত্রাদির দীক্ষা দিবার নিয়ম নাই। এমন কি ১৮ বৎসরেও দীক্ষা হইতে পারে। তিনবার জর্ডন নদীর জল মাথায় ছিটাইয়া দিলেই দীক্ষা হয়।

৩য়, খৃষ্টের সশিষ্যভোজ পর্ব্ব উপলক্ষে (Lord's Supper) রুটী ও মদ্য থাকা চাই এবং দীক্ষার পর এই পবিত্র ভোজ সম্বন্ধীয় দ্রব্য পুত্রাদিকে দিতে হয়।

৪র্থ, রোমক-সমাজের মত পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ কোন নির্দ্ধারিত মুদ্রা ধরিয়া লওয়া হয় না।

৫ম, রোমান্ ক্যাথলিকদিগের মতে দেহত্যাগের পর আত্মার পাপক্ষালন জন্য যে স্থান আছে, ইহারা তাহার অস্তিত্ব স্বীকার করেন না। তথাচ মৃতের শেষ বিচারে কল্যাণ হইবে ভাবিয়া ঈশ্বরের উপাসনা করেন।

৬ষ্ঠ, ঈশ্বর ও মনুষ্যের মধ্যস্থ ভাবিয়া ইহারা পুণ্যাত্মা সাধু (Saint) ব্যক্তিদিগের উপাসনা করেন।

৭ম, ইহারা রোমক সমাজের ধর্ম্মসংস্কার (Confirmation), বিপদ্‌জনক রোগে পবিত্র তৈলম্রক্ষণ (Extreme unction) এবং বিবাহপদ্ধতি (Matrimony) ত্যাগ করিয়াছে।

৮ম, ইহারা বলেন, চুপি চুপি পাপ স্বীকার করা ঈশ্বরের আদেশ নহে।

৯ম, খৃষ্টের মৃত্যুর পূর্ব্বভোজপর্ব্ব (Eucharist) ধর্ম্মকাণ্ড মধ্যে গণ্য নয়।

১০ম, রোগী ও বলিষ্ঠ ব্যক্তি উভয়েই ভোজের অংশের অধিকারী এবং যে পুরোহিতের নিকট পাপ স্বীকার করে (Confessor) তাঁহাকে ঐ অংশ ভাগ করিয়া দিতে হইবে না। কারণ ইহাদের বিশ্বাস যে, ধর্ম্মবিশ্বাসী সকল ব্যক্তিই ঐ ভোজের অংশ পাইবার উপযুক্ত।

১১শ, কেবল একমাত্র ঈশ্বর হইতেই দিব্যাত্মা আবির্ভূত হয়েন।

১২শ, ইঁহারা সকলেই অদৃষ্টবাদ বিশ্বাস করেন।

১৩শ, গির্জ্জায় তাম্র ও রূপার ফলকে মেরী ও তৎপুত্র যীশুর প্রতিমূর্ত্তি খুঁদিয়া রাখে।

১৪শ, ধর্ম্মালয়ে নিযুক্ত হইবার পূর্ব্বে পুরোহিতেরা বিবাহ করিতে পারে। কিন্তু বিধবা বিবাহ করিলে যাজক হইতে পারিবেন না।

১৫শ, কতকগুলি পর্ব্ব দিনে ইঁহারা উপবাস করেন।

১৬শ, খৃষ্টের মৃত্যুর পূর্ব্বভোজের (Lord's Supper) রুটি ও মদ, খৃষ্টের মাংস ও রক্তের রূপান্তর বলিয়া বিশ্বাস করিয়া থাকে।

১৭শ, গির্জ্জায় কোনরূপ বাদ্যযন্ত্রের আবশ্যক নাই। কেবল গানেই উপাসনা হয়।

১৮শ, য়িহুদিদিগের পেণ্টিকষ্ট পর্ব্বে (Pentecost) হাটু গাড়িয়া ভজনা ও অপর সকল সময়েই দাঁড়াইয়া উপাসনা করিতে হয়।

১৯শ, সকলেই ক্রুশ ধারণ করিবে।

২০শ, স্ত্রী পুরুষ উভয়েই ব্রহ্মচর্য্য অবলম্বন করিতে পারে।

তুর্কীরাজের অধীনে গ্রীসরাজ্য আসিলে পর এই ধর্ম্মসমাজ অতিশয় বিশৃঙ্খল হইয়া পড়ে। এই সময়ে কন্‌স্তান্তিনোপলের ধর্ম্মাচার্য্যই সমগ্র গ্রীক ও রুষসমাজের দলপতি হইয়া পড়েন। পরে পিটার দি গ্রেট (Peter the great) এই প্রথা উঠাইয়া দেন। এক্ষণে জার (Czar) কর্ত্তৃক নির্ব্বাচিত ধর্ম্ম-সমিতির দ্বারা রুষরাজ্যের ধর্ম্মসমাজের কার্য্য চলিতেছে। ১৮২৯ খৃষ্টাব্দে গ্রীস স্বাধীন হইলে তথাকার সভাপতি ক্যাপো দিস্‌ত্রিয়াস্ (Capo d' Istrius) নূতন রাজ্যে সমাজও পৃথক্ করিয়া লন। এখন সমগ্র গ্রীস রাজ্যের ধর্ম্মকার্য্য ১০টী মাত্র বিশপের দ্বারা পরিচালিত হইতেছে।

ধর্ম্মবিষয়ে পোপের একাধিপত্য মানিয়া ও গ্রীকসমাজের কার্য্যকলাপাদি প্রতিপালন করিয়া যে সম্প্রদায় রোমকসমাজের প্রাধান্য স্বীকার করিয়াছে, তাহার নাম The United Greek Church.

আর্ম্মাণী সমাজ।

খৃষ্টের ২য় শতাব্দে আর্ম্মেণিয়া-রাজ্যে খৃষ্ট-ধর্ম্ম প্রথম প্রবেশ লাভ করে। এই সময়ে মেরুজনেশ নামে একব্যক্তি এখানে বিশপ ছিলেন। কিন্তু তখনও এখানকার লোকের খৃষ্টধর্ম্মের উপর তেমন বিশ্বাস ছিল না। ২৭৬ খৃষ্টাব্দে সেণ্টগ্রেগরি আসিয়া এখানকার রাজা তিরিদতেশকে খৃষ্টীয়-ধর্ম্মে দীক্ষিত করেন। সেই সময় হইতে আর্ম্মেণিয়ায় খৃষ্টীয় ধর্ম্ম প্রবল হইল। খৃষ্টীয় ৫ম শতাব্দে আর্ম্মাণিভাষায় বাইবেলের অনুবাদ হয়। যীশুখৃষ্টের দুই প্রকৃতি লইয়া গোল উঠিলে আর্ম্মাণিরা কালসিডন্ মহাসভার আদেশ অগ্রাহ্য করিয়া একপ্রকৃতিবাদীর পক্ষ অবলম্বন করেন। তাঁহাদের সমাজ পৃথক্ হইল, গ্রেগরি হইতে এই সমাজের প্রথম নাম হইল গ্রেগরীয় (Gragorians) কিছুকাল এই সমাজে জ্ঞানতত্ত্ব লইয়া ঘোরতর আন্দোলন চলিয়া ছিল। খৃষ্টীয় ১২শ শতাব্দে এই সমাজে ক্লা (Klah) নামে একজন মহাজ্ঞানী জন্মগ্রহণ করেন। তাঁহার আধ্যাত্মিক গ্রন্থসকল আর্ম্মাণিরা অতি সমাদর করিয়া থাকেন। এই সমাজের লোকেরা বরাবরই রোমকসমাজকে ঘৃণা করেন। যখন ইস্‌লাম্‌ধর্ম্মের রণভেরী আর্ম্মেণিয়ায় প্রতিধ্বনিত হইল, আর্ম্মাণিসমাজ য়ুরোপীয় খৃষ্টান্‌রাজগণের সাহায্য প্রার্থনা করিলেন; সেই সময়ে পোপ কএকবার (১১৪৫, ১৩৪১, ১৪৪০ খৃঃ) আর্ম্মাণিদিগকে রোমের ধর্ম্মশাসনাধীন করিবার চেষ্টা করেন। আর্ম্মেণিয়ার কতকগুলি সম্ভ্রান্তব্যক্তিও সম্মত হইয়াছিলেন, কিন্তু জনসাধারণের মনোভাব কিছুতেই পরিবর্ত্তন হইল না। তাহাতে পোপ (১২শ) বেনিডিক্ট আর্ম্মাণিসমাজের তীব্র সমালোচনা করিয়া ১১৭টী দোষ প্রকাশ করেন। এই সময়ে কতকগুলি আর্ম্মাণী রোমক-সমাজের সহিত মিলিত হন, এই জন্য তাঁহাদিগকে United Armenians বলে। এই মিলিত সমাজের লোক এখন পারস্য, রুষ, মার্সায়েল, ইটালী, পোলণ্ড প্রভৃতি স্থানে বাস করিতেছে। খৃষ্টীয় ১৭শ শতাব্দে মুসলমানের প্রবল আক্রমণে বিস্তর লোক বাধ্য হইয়া ইস্‌লাম ধর্ম্মগ্রহণ করে। কিন্তু তথাপি অধিকাংশ লোক এখনও পূর্ব্বমত ও বিশ্বাস রক্ষা করিয়া আসিতেছেন।

আর্ম্মাণিসমাজ খৃষ্টে একপ্রকৃতি আরোপ করিয়া থাকেন, তাঁহাদের মতে দিব্যাত্মা (Holy Ghost) কেবল ঈশ্বর হইতেই অবতরণ করেন। দীক্ষার সময় মাথায় তিনবার জল ছিটাইতে হইরে। খৃষ্টের সশিষ্য ভোজ উদ্দেশকপর্ব্বে বিশুদ্ধ সুরা ও পাঁউরুটী সকলকে বিতরণ করিবার পূর্ব্বে সুরায় পাঁউ-রুটী ডুবাইতে হয়। যাজক, পুরোহিত প্রভৃতি ধর্ম্মাধ্যাপক-গণেরই মৃত্যুর পরে তৈল অবলেপনে অধিকার, আর কাহারও অধিকার নাই। খৃষ্টীয় মহাপুরুষগণও আর্ম্মাণি-খৃষ্টান্-সমাজের উপাস্য। ইঁহাদের অধিক ধর্ম্মোৎসব নাই, তবে গ্রীকসমাজ অপেক্ষা অনেক উপবাস করিয়া থাকে। ইঁহাদের পুরোহিতেরা একবার বিবাহ করিতে পারেন। রুষাধিকৃত আর্ম্মেণিয়ার এরিবান্ নগরের নিকট এস্‌মিয়াদ্‌জিন্ নামক আশ্রমে আর্ম্মাণিসমাজের প্রধান ধর্ম্মাচার্য্য অবস্থান করেন। সেই স্থান আর্ম্মাণি-সমাজের মহাতীর্থ, প্রত্যেক আর্ম্মাণি খৃষ্টানকে জীবনের মধ্যে একবার সেই তীর্থ দর্শন করিতে হইবে।

প্রোটেষ্টাণ্ট-সম্প্রদায়।

খৃষ্টীয় ১৬শ শতাব্দে এই সম্প্রদায়ের উৎপত্তি। এই সম্প্রদায়ের অভ্যুদয়ের পূর্ব্বে পোপ আপনাকে সমস্ত খৃষ্টান্ জগতের অধিপতি বলিয়া ঘোষণা করেন। যেখানে খৃষ্টানের বাস ছিল না, সেই সমস্ত দেশ তাঁহার মতে জন-মানবশূন্য বনজঙ্গল বলিয়া গণ্য। তিনি খৃষ্টান সমাজের শীর্ষস্থানে বসিয়া বাইবেলের বিরুদ্ধে ও যীশুর মতবিরুদ্ধে অনেক অন্যায় কার্য্য করিতে লাগিলেন। তাহাতে ধার্ম্মিক খৃষ্টান মাত্রেই তাঁহার প্রতি মনে মনে অত্যন্ত বিরক্ত হই-লেন। কিন্তু প্রবল পরাক্রান্ত পোপের বিরুদ্ধে তখন কথা কয়, এমন সাধ্য কার? পোপের অত্যাচার অনেকের নিতান্ত অসহ্য হইল, অনেকে আর মুখ চাপিয়া থাকিতে পারিলেন না।

১৫১৭ খৃষ্টাব্দে মহাত্মা মার্টিনলুথর সমাজসংস্কারে বদ্ধ-পরিকর হইলেন। তিনি জর্ম্মণির অন্তর্গত উইটেম্বর্গ নগরে ধর্ম্মপুস্তকের প্রধান অধ্যাপক হইলেন। এই সময়ে তেজেল নামে একজন খৃষ্টান্ উদাসীন্ উইটেম্বর্গে উপস্থিত ছিলেন। ইনি সাধারণকে পোপের মুক্তিপত্র দিয়া ঠকাইতে ছিলেন। ধর্ম্মবীর লুথরের তাহা ভাল লাগিল না। তিনি আপনার ৯৫ জন প্রধান শিষ্যকে তেজেলের গতিরোধার্থ নিযুক্ত করিলেন। তেজেল পৃষ্ঠ দেখাইলেন। পোপ লুথরের বিরুদ্ধে বৃষভাঙ্কিত দণ্ডনিয়োগপত্র পাঠাইলেন। কিন্তু লুথর পোপকে অগ্রাহ্য করিয়া ১৫২০ খৃষ্টাব্দে ১৮ই ডিসেম্বর, উইটেম্বর্গের তোরণদ্বারে সর্ব্বসমক্ষে পোপের সেই পত্রখানি ভস্মসাৎ করিলেন।

এই সময়ে সুইজর্লণ্ডে কতকগুলি অনুচর পোপের মুক্তি-পত্র (Indulgences) বিতরণ করিতেছিল। হিন্দুজাতির মধ্যে যেমন কাহার পাপের প্রায়শ্চিত্ত করিতে হইলে অর্থ দিয়া ব্রাহ্মণ পণ্ডিতের নিকট 'পাতি' (তৈলবট) লইতে হয়,

রোমকসমাজে উক্ত মুক্তিপত্রও সেইরূপ। তৎকালে অনেক খৃষ্টানের বিশ্বাস ছিল ঐ মুক্তিপত্র * কিনিলে তাহাদের পাপের প্রায়শ্চিত্ত হইবে, আর পাপের যন্ত্রণা ভোগ করিতে হইবে না। তখন সুইজর্লণ্ডে জুইংলি নামে একজন মহা পণ্ডিত ছিলেন, তিনি মুক্তিপত্রের ঘোরতর বিরোধী হইলেন। লুথরের ন্যায় তিনিও পোপের সমাজ বন্ধন এককালে লোপ করিবার চেষ্টায় রহিলেন। জুরিচ, বরণ, বেসিল প্রভৃতি স্থানের লোকেরা তাঁহার মতানুবর্ত্তী হইল।

এদিকে লুথর জর্ম্মণির উচ্চপদস্থ ব্যক্তিদিগকে সম্বোধন করিয়া ঘোষণা করিলেন, "ভ্রাতৃগণ রোমের বিপক্ষে উঠ, এই প্রকৃত সময়। আবার ঘরে ঘরে ক্রুশযুদ্ধের কথা মনে কর, ভয়ঙ্কর রোমক তুর্কে সকলই গ্রাস করিল, জগতের ধনে রোমের ভাণ্ডার পূর্ণ হইল।"

লুথর রোমকসমাজের সাতটী অঙ্গীকার অস্বীকার করিলেন, তাঁহার মতে খৃষ্টধর্ম্মে দীক্ষা, খৃষ্টের সশিষ্য ভোজ-পর্ব্ব এবং নিগ্রহস্বীকার এই তিনটীই খৃষ্টীয়ধর্ম্মের প্রধান অঙ্গ।

১৫২১ খৃষ্টাব্দে ৫ম চার্লস্ জর্ম্মণির সম্রাট্ ছিলেন। পোপের উপর তাঁহার একটু ভক্তি শ্রদ্ধা ছিল। রোমকসমাজের কর্ত্তৃপক্ষগণ লুথরের দোষ দেখাইয়া সম্রাট্‌কে উত্তেজিত করিলেন। সম্রাট্ সমাজসংস্কারের বিরুদ্ধ হইলেন। তিনি লুথরের পুস্তকাদি ধ্বংস করিতে আদেশ দিলেন। কিন্তু রাজ্যের প্রধান প্রধান সচিববর্গ তাহাতে অসম্মত হইলেন। তাঁহাদের পরামর্শমত ওয়ারমস্‌নগরে একটী মহাসভা হইল। এই সভায় জর্ম্মণির সকল রাজন্যবর্গ ও ধর্ম্মাধ্যাপকগণ উপস্থিত হইলেন। সংস্কারের বিরুদ্ধে অনেকে অনেক কথা বলিল। লুথরও এই সভায় দেখা দিলেন। সভা হইতে বলা হইল, "লুথর রোমকসমাজের বিরুদ্ধে যে সকল আপত্তি উত্থাপন করিয়াছেন, এই সুযোগে পরিবর্ত্তন করুন, ইহাতে লুথরের মঙ্গল হইবে।" লুথর নির্ভীকচিত্তে উত্তর করিলেন, 'সত্য কথা বলিব, প্রাণ যায় তাহাতে ক্ষতি নাই। আমি ঈশ্বরের আদেশের অধীন। যে বিশ্বাস আমার হৃদয়ে বলবান্, যতদিন তাহা ভ্রান্ত বলিয়া কেহ আমাকে না বুঝাইয়া দিবে, ততদিন আমি সত্য লঙ্ঘন করিব না।" তাঁহার এই কথা জর্ম্মণির সর্ব্বত্র প্রচারিত হইল। লুথরের বিপক্ষগণ তাঁহার প্রাণ সংহারে কৃতসংকল্প হইলেন। সাক্সনির রাজা ফ্রেডরিকের সৎপরামর্শমত লুথর কিছুদিন আত্মগোপন করিলেন। এই সময়ে সাক্সনির সর্ব্বত্রই লুথরের মত সাদরে গৃহীত হইল। ইংলণ্ড † ও ডেন্‌মার্কের অধিপতি ও প্রজাবর্গ সমাজসংস্কারের পক্ষপাতী হইলেন। ডেন্‌মার্কের রাজা লুথরের একজন শিষ্যকে আনাইয়া নিজরাজ্যে লুথরের মত প্রচার করিতে লাগিলেন।

১৫২২ খৃষ্টাব্দে লুথর মেলঙ্কথনের (Melancthon) সহিত বাইবেলের শেষভাগ (New Testament) অনুবাদ করিয়া প্রকাশ করেন। অনুবাদ দেখিয়া সাধারণে বিস্মিত হইল। তাঁহারা বুঝিল পোপের নিয়মের সহিত যীশুখৃষ্টের মত সম্পূর্ণ বিভিন্ন, লুথর যে মত প্রচার করিতেছেন, তাহাই যথার্থ খৃষ্টের মত। এবার জর্ম্মণির শত শত ব্যক্তি প্রকাশ্যে রোমের ধর্ম্মানুশাসন অগ্রাহ্য করিল। জর্ম্মণির কৃষকগণ ধর্ম্মের জন্য অস্ত্র ধারণ করিল। জর্ম্মন্‌রাজ্যের সর্ব্বত্রই ঘোরতর যুদ্ধ চলিতে লাগিল।

১৫২৩ খৃষ্টাব্দে ফরাসীরাজ ফ্রান্সিসের ভগিনী মার্গারেট নূতন মতের পক্ষপাতী হইলেন। ফরাসীরাজ্যের নানাস্থানে বিস্তর লোক নূতন মত গ্রহণ করিল। ফরাসীরাজ প্রথমে সংস্কারের সপক্ষ হইয়াছিলেন। কিন্তু শেষে তিনি ঘোর বিপক্ষ হইলেন। নূতন মতাবলম্বীগণের প্রতি দারুণ অত্যাচার করিতে লাগিলেন। এই সময়ে অনেক ব্যক্তি সুইজর্লণ্ডে পলাইয়া গিয়া আত্মরক্ষা করেন। এদিকে রোমকসমাজ পূর্ব্ব গৌরব উদ্ধার করিবার জন্য বিশেষ যত্ন করিতে লাগিলেন। এবার রোমাধিপতি সংস্কারক মতাবলম্বীদিগকে দমন করিবার জন্য যুদ্ধ ঘোষণা করিলেন।

১৫২৬ খৃষ্টাব্দে, স্পায়ার নগরে রাজনৈতিক মহাসভা হইল। এখানে জর্ম্মণ-সম্রাটের দূতগণ লুথরের কার্য্যের প্রতিবাদ করিয়া সংস্কারকদিগকে উৎসন্ন দিবার চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু তাঁহাদের সকল চেষ্টা বিফল হইল। সভার অধিকাংশ সভ্য সংস্কারের সপক্ষে মত দিলেন। জর্ম্মণ-সম্রাটের মনোমত হইল না। আবার সভা আহূত হইল। পূর্ব্বে জর্ম্মণির রাজন্যবর্গের উপর ধর্ম্মনীতি সম্বন্ধে যে সকল অধিকার দেওয়া হইয়াছিল, তাহা কাড়িয়া লওয়া হইল। স্থির হইল, খৃষ্টান্‌সমাজের পূর্ব্বতন রীতিনীতি ও পূজাপদ্ধতির বিরুদ্ধে কেহ কোন কথা কহিতে পারিবেন না, আর কোনরূপ সংশোধন হইবে না। সম্রাটের এই দারুণ আদেশে জর্ম্মণির সমস্ত সম্ভ্রান্ত ব্যক্তি অত্যন্ত বিরক্ত হইলেন। লুথরের মতাবলম্বী সকলে একত্র হইয়া তীব্র প্রতিবাদ করিতে লাগিলেন। এই সময় হইতে যাহারা

* এদেশে যেমন পাপের অল্পতা ও আধিক্য অনুসারে অর্থব্যয় করিয়া প্রায়শ্চিত্ত করিতে হয়। পোপের 'মুক্তিপত্র' কিনিতেও সেইরূপ কমবেশ মূল্য লাগিত।

† অনেকের মতে ১৩৬১ খৃষ্টাব্দে ধর্ম্মপ্রচারক উইকলিফ্ (Wieliffe) হইতেই ইংলণ্ডে সমাজসংস্কারের সূত্রপাত।

রোমক সমাজ হইতে পৃথক্ হইলেন, তাঁহারাই "প্রোটেষ্টাণ্ট" (Protestant) অর্থাৎ "প্রতিবাদী' বলিয়া খ্যাত হইল।

এই সময়ে পোপভক্ত জর্ম্মণসম্রাট্ ইটালীতে ছিলেন, জর্ম্মণির রাজন্যবর্গ দূতদ্বারা তাঁহার নিকট অনেক দুঃখের কথা জানাইলেন। কিন্তু সম্রাট্ তাহাতে ভ্রূক্ষেপ করিলেন না। এদিকে পোপ সম্রাট্‌কে এই বলিয়া উত্তেজিত করিলেন, "বাস্তবিক সম্রাট্‌ই এখন খৃষ্টীয় সমাজের রক্ষক, সুতরাং তাঁহার মতের বিরুদ্ধে যাঁহারা উঠিয়াছে, তাহাদিগকে বিধর্ম্মী ভাবিয়া দমন করা সম্রাটের একান্ত কর্ত্তব্য।" সম্রাট্ জর্ম্মণিতে আসিলেন। অগ্‌স্‌বর্গে রাজনৈতিক সভা আহূত হইল। এই সভায় লুথরের সহচর মেলঙ্কথন্ ধীর ও গম্ভীর ভাবে আপনাদের মত ও বিশ্বাস প্রকাশ করিলেন। পরে রোমের ধর্ম্মাধ্যাপকগণ তাহার প্রতিবাদ করিতে যত্নবান্ হইলেন। উভয়পক্ষে বিবাদ বাঁধিল। সম্রাট্ মিটাইয়া দিবার অনেক চেষ্টা করিলেন, কিন্তু কোন ফল হইল না। পোপভক্তগণ সম্রাটের সাহায্য পাইলেন। ১৯এ নবেম্বর, সম্রাটের অধীনস্থ ধর্ম্মাধ্যাপকগণ যে আদেশ প্রচার করেন, তাহা সংস্কারকদিগের পক্ষে বিশেষ অনিষ্টকর হইয়া পড়িল। সংস্কারকদল স্মাল্‌কল্‌দ নামক স্থানে সকলে মিলিত হইলেন। সকল প্রোটেষ্টাণ্টরাজ্য এক হইল। তাঁহারা ইংলণ্ড ও ফ্রান্সের ভূপতিদ্বয়ের সাহায্য প্রার্থনা করিলেন।

জর্ম্মণসম্রাট্ এই সকল শুনিলেন। তিনি বুঝিলেন, এখন অস্ত্রবলে আর সুবিধা হইবে না। ১৫৪২ খৃষ্টাব্দে রাটিস্‌বরণের সভায় সম্রাট্ সংস্কারকদিগকে শান্তিপ্রদান করিলেন। সভায় স্থির হইল, শীঘ্রই একটী মহাসভা করিয়া সকল বিষয়ের পুঙ্খানুপুঙ্খরূপ বিচার হইবে। এতদিনে প্রোটেষ্টাণ্ট সমাজের ক্ষমতা দৃঢ় হইল।

১৫৪২ খৃষ্টাব্দে, উক্ত সভার প্রতিজ্ঞা অনুসারে পোপ ইটালীর ট্রেণ্টনগরে বিরাটসভা করিবার জন্য অভিপ্রায় প্রকাশ করিলেন। রোমকসমাজভুক্ত প্রধানেরা তাহা অনুমোদন করিলেন। কিন্তু প্রোটেষ্টাণ্টেরা কহিলেন, "পোপের অধিকারভুক্ত স্থানে তাঁহারা এই মহাসভা করিতে পারেন না।"

পোপ প্রোটেষ্টাণ্টদিগকে বলিয়া পাঠাইলেন, "সমাজ সংস্কারে তাঁহার কিছুমাত্র অমত নাই। তিনি সকল সমাজের, বিশেষতঃ রোমকসমাজের সংস্কারেও একান্ত অভিলাষী।" সংস্কারকগণ তাহাতে একটু শান্ত হইলেন। পোপ সমাজ-সংস্কারের ভার চারিজন কার্ডিনালের উপর অর্পণ করিলেন। কিন্তু তাঁহারা যে সকল সংস্কারবিধি প্রকাশ করেন, তাহা নিতান্ত অযৌক্তিক, তাহাতে পোপ ও কার্ডিনালগণের স্বার্থজড়িত।

এদিকে জর্ম্মণসম্রাট্ প্রোটেষ্টাণ্টদিগকে ট্রেণ্টের সভায় উপস্থিত করিবার জন্য অনেক প্রলোভন দেখাইলেন, কিন্তু কিছুতেই কিছু হইল না। এবার তিনি অসিবলে বিবাদের মীমাংসা করিতে অগ্রসর হইলেন। প্রোটেষ্টাণ্টসমাজের নেতাগণও এই আসন্নবিপদ্ হইতে প্রোটেষ্টাণ্টদিগকে রক্ষা করিবার জন্য অস্ত্রধারণ করিলেন। এই সময়ে (১৫৪৬ খৃষ্টাব্দে) মহাত্মা লুথর আইসেল্‌বেন্ নগরে শান্তিভাবে ইহলোক পরিত্যাগ করেন।

একদিকে লুথরের মৃত্যু সংবাদ, অন্যদিকে রণভেরী বাজিয়া উঠিল। এবার জর্ম্মণসম্রাট্ ও পোপ একত্র মিলিত হইয়া বিপক্ষবাদীগণের ধ্বংসে প্রবৃত্ত হইলেন। স্যাক্‌সনিরাজ (Elector of Saxony) ও হেসের সামন্তরাজ (Landgrave of Hesse) সসৈন্যে বাভেরিয়ায় উপস্থিত হইয়া সম্রাটের শিবির আক্রমণ করিলেন। নররক্তে রণক্ষেত্র প্লাবিত হইল। এদিকে স্যাক্‌সনির ডিউক মরিস্ বিশ্বাসঘাতকতা করিয়া খুল্লতাতের রাজ্য অধিকার করিয়া বসিলেন। কাজেই স্যাক্‌সনিরাজকে স্বরাজ্যাভিমুখে ফিরিতে হইল। পথিমধ্যে স্যাক্‌সনিরাজ মরিসের হস্তে পরাজিত ও বন্দী হইলেন। দুর্ব্বৃত্ত মরিস্ স্যাক্‌সনির অধিপতি (Elector of Saxony) হইলেন। তাঁহার চাতুরীজালে পড়িয়া হেসের সামন্তরাজও পরে বন্দী হইলেন। এইরূপে শঠের ছলনায় প্রোটেষ্টাণ্ট-সমাজের দুইজন অধিনেতা নিগৃহীত হইলেন।

আবার অগ্‌স্‌বর্গে মহাসভা হইল, সম্রাট্ আদেশ করিলেন প্রোটেষ্টাণ্টদিগকে আগামী ট্রেণ্ট মহাসভার উপর নির্ভর করিতে হইবে। সে সময়ে সভার চারিদিকে সম্রাটের সৈন্যগণ উপস্থিত ছিল। অনেক সম্ভ্রান্ত প্রোটেষ্টাণ্ট অপমান ও অত্যাচারের ভয়ে সম্রাটের আদেশ গ্রাহ্য করিলেন। কিন্তু ইহার অনতিপরেই জর্ম্মণরাজ্যে মহামারি উপস্থিত হইল। কাজেই সম্রাটের আদেশ কার্য্যকর হইল না।

১৫৫১ খৃষ্টাব্দে আবার সভা বসিল, সম্রাট্ জোর করিয়া জর্ম্মণরাজগণকে ট্রেণ্টের সভায় যোগ দিতে বাধ্য করিলেন। সেই সভায় মরিস্ এই কএকটী প্রস্তাব করিলেন—"ট্রেণ্টের মহাসভায় পোপ স্বয়ং কিম্বা তাঁহার প্রতিনিধি উপস্থিত থাকিতে পারিবেন না, পূর্ব্বে সমাজসংস্কার সম্বন্ধে যে সকল নিষ্পত্তি হইয়াছে, তাহা প্রোটেষ্টাণ্ট ধর্ম্মাধ্যাপকগণের সমক্ষে পুনরালোচিত হইবে।"

সভাভঙ্গের পর প্রোটেষ্টাণ্টেরা আত্মরক্ষার্থ প্রস্তুত হইতে

লাগিলেন। মেলঙ্কথন্ প্রভৃতি প্রোটেষ্টাণ্টপণ্ডিতগণ স্ব স্ব ধর্ম্মনৈতিক মত ও বিশ্বাস লিখিতে প্রবৃত্ত হইলেন।

এদিকে স্যাক্সনিরাজ মরিস্ শুনিলেন, জর্ম্মণসম্রাট্ জর্ম্মণির রাজন্যবর্গের স্বাধীনতা অপহরণের চেষ্টা করিতেছেন। তিনি ইহার প্রতিবিধানের জন্য গুপ্তভাবে রাজগণের নিকট দূত পাঠাইয়া তাঁহাদিগকে উত্তেজিত করিলেন। ফরাসীরাজও এই সঙ্গে যোগ দিলেন। ১৫৫২ খৃষ্টাব্দে মিলিত সৈন্যদল অকস্মাৎ ইন্‌স্‌প্রকনগরে প্রবলবেগে সম্রাট্‌কে আক্রমণ করিল। সম্রাট্ পূর্ব্বে বিন্দুবিসর্গ জানিতেন না, সুতরাং অকস্মাৎ আক্রমণে হতবুদ্ধি হইয়া সন্ধি করিতে বাধ্য হইলেন। সম্রাট্ প্রতিজ্ঞা করিলেন, রোমক ও প্রোটেষ্টাণ্টসমাজ তাঁহার প্রাসাদে সমভাবে গৃহীত হইবে।

ইহার পর ব্র্যাণ্ডেন্‌বর্গের সামন্তরাজকুমার আল্‌বার্ট রোমকসমাজের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। তাঁহার অত্যাচারে জর্ম্মণরাজ্যে হাহাকার পড়িয়া গেল। শত শত রোমান্ ক্যাথলিক প্রাণ বিসর্জ্জন করিলেন।

কেবল যে এই সময় জর্ম্মণরাজ্যে রক্তস্রোত প্রবাহিত হইতেছিল এমন নয়। হলণ্ড প্রদেশেও সেইরূপ প্রোটেষ্টাণ্টদিগের উপর অভাবনীয় অত্যাচার হইতেছিল। তখন পোপভক্ত স্পেনিয়ার্ডগণ হলণ্ডের অধিপতি। শুনা যায়, তাঁহাদের কঠোর নির্যাতনে লক্ষাধিক প্রোটেষ্টাণ্ট অকালে কালকবলে জীবন বিসর্জ্জন করেন। অসহ্য যন্ত্রণায় অস্থির হইয়া ওলন্দাজেরা প্রাণপণ করিয়া যুদ্ধে প্রবৃত্ত হইল। তাহাতে হলণ্ডের অনেক স্থান আবার স্বাধীন হইয়া পড়িল।

১৫৫৫ খৃষ্টাব্দে ২৫এ সেপ্টেম্বর জর্ম্মণসম্রাট্ রাজ্যে শান্তিস্থাপনের জন্য অক্‌স্‌বর্গে আবার মহাসভা করিলেন। এই সভায় স্থির হইল প্রজা সাধারণের যাহার যাহাতে বিশ্বাস সে সেই সমাজভুক্ত হইতে পারিবে। প্রোটেষ্টাণ্টদিগের সহিত রোমকসমাজের কোন সংস্রব থাকিবে না। আজ হইতে পোপের কর্ম্মচারীগণ প্রোটেষ্টাণ্টদিগের উপর কোন কথা কহিতে পারিবে না। এতদিন পরে নির্ব্বিবাদে জর্ম্মণরাজ্যে লুথরের সংস্কার (Reformation) প্রচলিত হইল।

এই সময়ে ইংলণ্ডেও সংস্কারকদিগের উপর দারুণ অত্যাচার চলিতেছিল। রোমকসমাজ কর্ত্তৃক সেই বিষম নির্যাতনের কথা শুনিলে প্রাণ কাঁদিয়া উঠে। বহুকাল যে উইক্‌লিফ্ নিরাপদে প্রাণত্যাগ করিয়াছিলেন, মৃত্যুর চুয়াল্লিশ বর্ষ পরে সেই প্রথম সংস্কারকের গোরস্থান হইতে তাঁহার অস্থি কয়খানি তুলিয়া গোময়কুণ্ডে ডুবাইয়া দগ্ধ করা হইল।

৮ম হেনরীর রাজত্বকালেও কএকজন প্রোটেষ্টাণ্ট পণ্ডিত হুতাসনে দগ্ধ হন। তৎপরে যখন মেরি ইংলণ্ডেশ্বরী হইলেন, তখনও প্রোটেষ্টাণ্টদিগের উপর আরও ঘোর উৎপীড়ন হইতেছিল।

১৫৫৬ খৃষ্টাব্দে ইংলণ্ডেশ্বরীর আদেশে প্রায় শতাধিক প্রোটেষ্টাণ্ট অনলে ভস্মীভূত হন, এই সময় বালক ও অবলা রমণীগণও নিস্তার পান নাই। নিল্‌সাহেব তাঁহার ইতিহাসে লিখিয়াছেন—"ঐ বর্ষের অত্যাচারের কথা আর কি লিখিব! কত শত অবলা রমণী অন্যায়রূপে নির্যাতন সহ্য করিয়াছেন। একটী পূর্ণগর্ভা যুবতী জ্বলন্ত অনলে নিক্ষিপ্ত হইলেন, অগ্নিমধ্যে তাঁহার গর্ভ বিদীর্ণ হইয়া এক নবকুমার বাহির হইল। নিকটস্থ একজন লোক অগ্নি হইতে সেই সদ্যোজাত শিশুটীকে তুলিয়া লইল, কিন্তু নির্দ্দয় ম্যাজিষ্ট্রেট্ সেই সদ্যোজাত শিশুকেও জ্বলন্ত অনলে পোড়াইতে আদেশ দিলেন। এইরূপে গর্ভস্থ শিশু অবধি ধর্ম্মকুহকে ভস্মীভূত হইয়াছিল! অহো! এই কি মানবের জঘন্য প্রকৃতি।" এমন কি সেই সময় যে কেহ পোপের বিরুদ্ধে কোন কথা কহিত, তাহারই মৃত্যু অনিবার্য্য।

১৫৫৮ খৃষ্টাব্দে পোপভক্ত ইংলণ্ডেশ্বরী কাণ্টর্বরির প্রধান ধর্ম্মাচার্য্যকে (Archbishop of Canterbury) সংস্কারের পক্ষপাতী ভাবিয়া নির্দ্দয়রূপে বিনাশ করেন। তিনি ইংলণ্ডের ন্যায় আয়র্লণ্ডের প্রোটেষ্টাণ্টদিগকেও শাস্তি দিবার জন্য ডাক্তার কোলকে পাঠাইয়া দেন, কিন্তু ভগবান্ অদ্ভুত উপায়ে প্রোটেষ্টাণ্টদিগকে রক্ষা করিয়াছিলেন। রাজ্ঞীর মোহরাঙ্কিত আদেশপত্র লইয়া ডাক্তারের যাত্রাকালে তথাকার নগরপাল্ তাঁহার সহিত দেখা করিতে আসেন। অন্যান্য কথার পর ডাক্তার নগরপালকে আপনার ছোট থলিটী দেখাইয়া বলেন, "ইহার মধ্যে আদেশপত্র আছে, যাহাতে আয়র্লণ্ডের (প্রোটেষ্টাণ্ট নামক) বিধর্ম্মীগণ নিপাতিত হইবে।" এই কথা সেই সময়ে এক রমণীর কাণে গেল। সেই রমণীও প্রোটেষ্টাণ্ট, তাঁহার ভ্রাতাও আয়র্লণ্ডে ছিল। নগরপাল যথারীতি আলাপের পর যখন গমন করেন, ডাক্তারও তাঁহার সম্মানরক্ষার্থ উপর হইতে বরাবর নীচে নামিয়া আসেন, সে সময় থলিটী কিন্তু উপরের ঘরেই পড়িয়া থাকে। তিনি আবার ফিরিয়া আসিয়া থলিটী লইয়া যাত্রা করিলেন। ১৫৫৮ খৃষ্টাব্দে ৭ই অক্টোবর ডব্‌লিন্ নগরে আসিয়া নামিলেন। প্রধান প্রধান রাজকর্ম্মচারীগণ তাঁহাকে অভ্যর্থনা করিয়া দুর্গমধ্যে লইয়া গেলেন। এখানে রাজ্যের সকল প্রধান লোক উপস্থিত হইলেন। ডাক্তার উচ্চৈঃস্বরে বক্তৃতা

করিয়া তাঁহার আসিবার কারণ সকলকেই জানাইলেন। এইবার রাজ্ঞীর অনুমতিপত্র সকলকে দেখাইতে হইবে। তিনি রাজ্ঞীর সহকারী প্রতিনিধির হস্তে থলিটী অর্পণ করিলেন। প্রতিনিধি তাঁহার কার্য্যাধ্যক্ষকে রাজ্ঞীর অনুমতিপত্র বাহির করিয়া পাঠ করিতে বলিলেন। থলি খোলা হইল, তাহাতে রাজ্ঞীর আদেশপত্র নাই, কতকগুলি তাস আর কতকগুলি কাঠি পাওয়া গেল। বিষম সমস্যা! ডাক্তার মহাশয়ের মাথা ঘুরিয়া গেল। সকলেই অবাক্! আবার ডাক্তার অনুমতি লইতে ফিরিলেন, কিন্তু ইংলণ্ডে অনুমতি লইবার পরই রাণীর মৃত্যু হইল। এইরূপে আয়র্লণ্ডের প্রোটেষ্টাণ্ট্‌রা অব্যাহতি পাইলেন।

প্রোটেষ্টাণ্ট বলিতে গেলে প্রধানতঃ লুথরের মতাবলম্বী বুঝায় বটে, কিন্তু সকল স্থানের প্রোটেষ্টাণ্ট লুথরের মত মানেন না।

জেনিভানগরে কালবিন্ নামে একজন বিখ্যাত খৃষ্টান্ অধ্যাপক পোপের বিরুদ্ধে যে মত প্রচার করেন, সুইজর্লণ্ড ফ্রান্স, স্কটলণ্ড প্রভৃতি স্থানের অনেক প্রোটেষ্টাণ্ট সেই কালবিনের মত অবলম্বন করেন। তাহারা কাল্‌বিনিষ্ট নামেও খ্যাত। ১৫৬০ খৃষ্টাব্দে এই মতাবলম্বী লোকেরা ফ্রান্সে প্রবল হইয়াছিল। ফরাসীদেশের রোমন্ ক্যাথলিকেরা বিদ্রূপ করিয়া তাঁহাদিগকে হিউগোনট্ (Huguenot) বলিয়া ডাকিতেন, তাহাতে ফ্রান্সের প্রোটেষ্টাণ্টেরা হিউগোনট্ নামে প্রসিদ্ধ হন। স্কট্‌লণ্ডের কাল্‌বিনিষ্ট খৃষ্টানেরাও রাণী মেরীর উৎপাতে যেরূপ কষ্ট পাইয়াছিল, তাহা লিখিয়া শেষ করা যায় না। ১৫৬১ খৃষ্টাব্দে ইংলণ্ডেশ্বরী এলিজাবেথ ইংরাজসৈন্য পাঠাইয়া স্কট্‌লণ্ডের প্রোটেষ্টাণ্টদিগকে পোপভক্ত খৃষ্টানদিগের অত্যাচার হইতে উদ্ধার করিলেন।

ইংলণ্ড, স্কট্‌লণ্ড, আয়র্লণ্ড, ডেন্‌মার্ক, সুইডেন, সুইজার্লণ্ড, জর্ম্মণি, এমন কি রোমরাজ্যেরও কোন কোন স্থানে সমাজসংস্কার হইয়াছিল বটে, কিন্তু তখনও ফ্রান্সে বিষম গোলযোগ চলিতেছিল। ফরাসীরাজগণের উৎপীড়নে কত শত ধর্ম্মাত্মা প্রোটেষ্টাণ্ট নিহত হইয়াছিল, তাহার ইয়ত্তা নাই। শেষে ১৫৭২ খৃষ্টাব্দের ২৪এ আগষ্ট আসিল। সেইদিন খৃষ্টান্‌জগতের কি ভয়ানক দুর্দ্দিন! সমগ্র সিপাহীবিদ্রোহের ইতিহাস পাঠ করিয়াও যে খৃষ্টান্-হৃদয় বিচলিত হয় নাই, বোধ হয় এই একদিনের ইতিহাস পাঠ করিলে তাঁহার প্রত্যেক শিরা কম্পান্বিত হইবে। মানব কিরূপে পিশাচ হয়, ধর্ম্মোন্মত্ততা কি ভয়ঙ্কর, সাম্প্রদায়িক পক্ষপাত মানবজগতে কিরূপ অনিষ্টকর! তাহা ঐ একদিনের ইতিহাসে অতি স্পষ্ট চিত্রিত! তখনকার সভ্যজগতের রাজধানী ফ্রান্সে এই একদিনে সত্তরহাজার প্রোটেষ্টাণ্ট খৃষ্টান্ অতি নিষ্ঠুর অত্যাচারে নিহত হয়। তখন ৯ম চার্লস্ ফ্রান্সের অধিপতি। তাঁহার ভগিনীর সহিত নেভারের রাজার বিবাহ হইবে। শত শত উচ্চপদস্থ প্রোটেষ্টাণ্ট খৃষ্টান পারিস-নগরে উপস্থিত। ঘরে ঘরে আমোদের স্রোত বহিতেছে। কিন্তু একি হইল! মুহূর্ত্ত মধ্যে প্রতিঘরে হাহাকার উঠিল! প্রোটেষ্টাণ্ট-অনুরাগিণী ফরাসীরাজভগিনী বিবাহের পূর্ব্বেই বিষপ্রয়োগে নিহত হইলেন। দুষ্ট রোমান্ ক্যাথলিকেরা ফরাসীরাজের আদেশে নৌসেনাপতি কোলিগ্নের ঘরে অকস্মাৎ প্রবেশ করিয়া অতি নীচ ভাবে সেই বীরপুরুষের প্রাণবধ করিলেন, তাঁহার পূতদেহ শত্রুরা খণ্ডবিখণ্ড করিয়া বাতায়ন হইতে সর্ব্বসমক্ষে রাজপথে ফেলিয়া দিলেন। তাঁহার মুণ্ড রাজমাতা ও রাজার নিকট প্রেরিত হইল! এইবার হত্যাকারীরা প্রকৃত পিশাচরূপ ধারণ করিল। নররক্তে তাঁহাদের সর্ব্বশরীর রঞ্জিত হইল! ঘরে ঘরে আর্ত্তনাদ, মর্ম্মভেদী রোদন-নিনাদ উঠিল! উচ্চপদস্থ শত শত সামন্ত, শত শত সম্ভ্রান্তব্যক্তি হত্যাকারীগণের ভীষণ আঘাতে প্রাণত্যাগ করিতে লাগিলেন! অনাথ প্রোটেষ্টাণ্টদিগকে রক্ষা করে, এমন কোন লোক উপস্থিত নাই! পারিস্‌নগরীর প্রত্যেক রাজপথে প্রকৃতই রক্ত নদী বহিতে লাগিল! বালক বালিকা, যুবক যুবতী, বৃদ্ধ বর্ষিয়সী আজ কাহারও নিস্তার নাই! সেই ভয়ঙ্কর দৃশ্য স্বচক্ষে দেখিয়া কোন কোন ভুক্তভোগী খৃষ্টান্ লিখিয়াছেন, "যাহা দেখিলাম, নয়ন যেন সে নরকের দৃশ্য আর না দেখে। মানব যে এত নিষ্ঠুর এমন রক্তপিশাচ হইতে পারে, তাহা দুর্ব্বল মানবহৃদয় ধারণা করিতেও অক্ষম।—দেখিয়াছি হত্যাকারীর তীব্র আঘাতে পিতা মৃত্যুশয্যায় শায়িত, পতি বিপক্ষের বন্ধনে আবদ্ধ! সেই পিতার ও পতির সমক্ষে অবলা সতীরমণীকে ধরিয়া দুর্বৃত্তেরা বলাৎকার করিতেছে! মাতার সমক্ষে তাঁহার একমাত্র হৃদয়ের ধন স্তন্যপায়ী শিশু পর্য্যন্ত কত শত বিনষ্ট হইতেছে! দুর্বৃত্তেরা কোন সুন্দরী রমণীর স্তনছেদ করিয়া ও তাহাকে উলঙ্গ করিয়া পা ধরিয়া রাজপথে টানিয়া লইয়া যাইতেছে। দুর্বৃত্তগণের পদাঘাতে কত কত গর্ভবতী নারীর গর্ভপাত হইয়াছে। কেহ আসন্ন মৃত্যুকালে এক ফোঁটা জল চাহিতেছে, সেই সময় কোন নির্দ্দয় ব্যক্তি আসিয়া তাহার মুখে প্রস্রাব করিতেছে। কাহার হাত গিয়াছে, কাহার দুইটী পা নাই, কাহারও নাক কাণ কাটা পড়িয়াছে! এরূপ নিগৃহীত কত শত ব্যক্তির

আর্ত্তনাদ শুনিয়াছি। যাহারা সভ্য বলিয়া পরিচয় দেয়, তাহাদিগকে শতধিক্! এই কি সভ্যজগতের চিত্র!" (১)

অতি অল্প সময়ের মধ্যেই এই দারুণ সংবাদ পোপের নিকট পৌঁছিল। পোপের কি মহা আনন্দ! রোমনগরী উজ্জ্বল আলোকমালায় ভূষিত হইল! ঘরে ঘরে নৃত্য গীত চলিতে লাগিল। মহামতি পোপ ঘোষণা করিলেন, "আজ মহোৎসবের দিন! আমাদের বিপক্ষবাদী বিধর্ম্মী (প্রোটেষ্টাণ্ট)-গণ নিহত হইয়াছে! ইহা অপেক্ষা আর সুখের সংবাদ কি হইতে পারে! আমার অধীনে যে যেখানে আছ, এই উৎসবে আমোদ প্রমোদ করিতে ভুলিবে না।" পোপের মহাভিষেক উৎসব হইল। খৃষ্টান্ জগতে এই দিন "সেণ্টবার্থলমিউস্ ডে" (St. Bartholomew's day) নামে প্রসিদ্ধ। জর্ম্মণেরা ইহাকে (Bluthoziet) অর্থাৎ 'রুধির-বিবাহ' বলিয়া থাকেন।

পারিস্‌নগরীর মত ফ্রান্সের সর্ব্বত্রই অনেকদিন ধরিয়া প্রোটেষ্টাণ্ট খৃষ্টানদিগের উপর ঐরূপ অত্যাচার চলিয়াছিল। শেষে ফরাসীরাজ চতুর্দ্দশ লুইর রাজত্বকালে আরও ভীষণ আকার ধারণ করিল! সে উৎপীড়নের কথা লিখিয়া ব্যক্ত করা যায় না। (২) এই সময়ে শত শত প্রোটেষ্টাণ্ট গুপ্তভাবে দেশ ছাড়িয়া ভিন্নরাজ্যে গিয়া তবে প্রাণরক্ষা করিতে পারিয়াছিল। এখন ফরাসীরাজ্যে সর্ব্বত্রই প্রোটেষ্টাণ্টের বাস, আর সে অত্যাচার নাই।

১৭০৫ খৃষ্টাব্দে দিনেমাররাজের সাহায্যে জিগেনবল্‌গ্ (Ziegenbalg) ও প্লুচু (Plutschau) নামে লুথরের মতাবলম্বী দুইজন খৃষ্টান্ ভারতে প্রোটেষ্টাণ্টমত প্রচার করিতে আসেন। উভয়েই মহাপণ্ডিত ছিলেন। জিগেন্‌বল্‌গই তামিলভাষায় বাইবেল অনুবাদে প্রবৃত্ত হন। ভারতে যত ভাষায় বাইবেলের অনুবাদ হইয়াছে, তন্মধ্যে উহাই সর্ব্বপ্রথম অনুবাদ। তাঁহার অন্যতম সহচর সুল্‌জ (Schultze) ১৭২৫ খৃষ্টাব্দে হিন্দুস্থানী ভাষায় বাইবেল প্রচার করেন। ইহাদের যত্নে মান্দ্রাজ, কডেলুর, তঞ্জোর প্রভৃতি নানাস্থানে লুথরের মত প্রচারিত হইয়াছিল এবং অনেক নীচজাতি তাঁহাদের নিকট খৃষ্টীয়ধর্ম্মে দীক্ষিত হয়। কিন্তু তখনও বাঙ্গালায় খৃষ্টানধর্ম্ম আদৃত হয় নাই। এখানকার নবাবদিগের ভয়ে প্রথমে কেহ ধর্ম্মপ্রচার করিতে পারে নাই। বঙ্গরাজ্য ইংরাজ কোম্পানির হস্তগত হইলে পর, তাঁহারাও প্রথমে কোন খৃষ্টীয় ধর্ম্মপ্রচারককে এদেশে প্রবেশ করিতে দেন নাই। কোম্পানীর রাজত্বে নিয়ম ছিল, কোন য়ুরোপীয় কোম্পানীর অধিকারের মধ্যে ধর্ম্মপ্রচার করিতে পারিবেন না, তাহাতে দেশীয়গণের ধর্ম্মে আঘাত লাগিবে এবং অধিবাসীরা সকলে অসন্তুষ্ট হইলে রাজ্যে বিস্তর অনিষ্ট হইতে পারে।

১৭৯৪ খৃষ্টাব্দে বাঙ্গালা-মুদ্রাযন্ত্রের প্রবর্ত্তক কেরিসাহেব এদেশে খৃষ্টীয় ধর্ম্মপ্রচার করিতে আসেন, তিনি অসাধারণ অধ্যবসায় ও সহিষ্ণুতাগুণে অনেক বিপদ্ আপদ্ সহ্য করিয়া সুন্দরবনে থাকিয়া অসভ্য লোকদিগকে গুপ্তভাবে খৃষ্টান্‌ধর্ম্মে দীক্ষিত করিয়াছিলেন, কিন্তু প্রকাশ্যভাবে কোম্পানীর রাজ্যে স্থান পান নাই। শেষে (তৎকালের) ওলন্দাজাধিকৃত শ্রীরামপুরে তিনি আশ্রয় প্রাপ্ত হন। এই শ্রীরামপুরে মার্সম্যান্ ও ওয়ার্ড নামে বিখ্যাত পণ্ডিতদ্বয় আসিয়া ভারতের নানাভাষাবিদ্ কেরিসাহেবের সহিত মিলিত হন। এই শ্রীরামপুরে উক্ত বাপ্টিষ্ট প্রোটেষ্টাণ্টদিগের উৎসাহ গুণে প্রথম বাঙ্গালা-মুদ্রাযন্ত্র স্থাপিত হয়। এইখানে ১৮০০ খৃষ্টাব্দে ১৮ই মার্চ তারিখে ওয়ার্ডসাহেব নিজের হাতে সর্ব্বপ্রথম বাঙ্গালা অক্ষর সাজাইয়া ছিলেন, ঐ দিনেই সন্ধ্যাকালে কেরিসাহেব বাইবেলের বঙ্গানুবাদের প্রথম পৃষ্ঠার ছাপা ভ্রমসংশোধনের জন্য হাতে পাইয়াছিলেন।

ইঁহাদের উৎসাহেই ১৮০১ খৃষ্টাব্দে জুলাই মাসে রামবসু রচিত "প্রতাপাদিত্য-চরিত্র" মুদ্রিত হয়, তাহা বঙ্গসাহিত্যের প্রথম মুদ্রিত পুস্তক বলিয়া বিশেষ আদরণীয়। সত্য কথা বলিতে কি, উপরোক্ত তিনজন মিসনরী যে উদ্দেশ্যে এদেশে আসিয়া ছিলেন, তাহা সফল হউক বা না হউক, কিন্তু বাঙ্গালাভাষা ও বাঙ্গালা মুদ্রাযন্ত্র তাঁহাদের নিকট চিরঋণে আবদ্ধ। [মুদ্রাযন্ত্র দেখ।]

১৮১৩ খৃষ্টাব্দে ইংরাজগবর্ণমেণ্ট খৃষ্টীয় ধর্ম্মপ্রচারকদিগের উপর সদয় হইলেন। এতদিন পরে মিসনরীরা বঙ্গে ধর্ম্মপ্রচার করিবার অধিকার পাইলেন। ১৮১৪ খৃষ্টাব্দে মিডিলটন্ নামে একব্যক্তি সর্ব্বপ্রথম বিসপ হইয়া আসিলেন। মিসনরীগণের অধ্যবসায় গুণে অল্পদিন মধ্যেই অনেক নীচশ্রেণীর বাঙ্গালী খৃষ্টান্ ধর্ম্ম গ্রহণ করিলেন। শেষে খৃষ্টান্ মহিলাগণ শিক্ষার ছলে অনেক সম্ভ্রান্তব্যক্তির গৃহে প্রবেশ করিয়া খৃষ্টীয় আলোক বিতরণ করিতে লাগিলেন, অনেক বাঙ্গালী আপনাদের প্রকৃত জাতীয়তা হারাইলেন। ক্রমে উচ্চশিক্ষার স্রোত বহিল। বল্‌ফোর সাহেব লিখিয়াছেন, "এ উচ্চ শিক্ষালাভ

(১) Comber's History of the Parisian Massacre of St. Bartholomew; Clark's Looking-glass for persecutions প্রভৃতি গ্রন্থ দ্রষ্টব্য।

(২) Lewis de Enarolles' Memoirs of the Persecutions of the Protestants in France দ্রষ্টব্য।

করিয়া আর বড় একটা কেহ খৃষ্টান হইতে চায় না। খৃষ্টানীভাব অনেকের, কিন্তু ধর্ম্মে অধিকাংশই নাস্তিক।"

১৮৮১ সালের গণনায় ভারতে ৫১১২১০ জন প্রোটেষ্টাণ্টের বাস, তন্মধ্যে ইংলণ্ডসমাজের অধীন ৩৫৩৭১৩, স্কটলণ্ডসমাজের অধীন ২০০৩৪, লুথরের মতাবলম্বী ২৯৫৭৭, এবং অপর প্রোটেষ্টাণ্ট ১০৭৮৮৬।

গ

গ, গকার, তৃতীয় ব্যঞ্জনবর্ণ। ইহার উচ্চারণস্থান কণ্ঠ। (অকুহবিসর্জনীয়ানাং কণ্ঠঃ। শিক্ষা) ইহার আভ্যন্তর প্রযত্ন জিহ্বামূল স্পর্শ এবং বাহ্য প্রযত্ন সংবার নাদঘোষ। গকার অল্পপ্রাণ বর্ণের মধ্যে গণিত। মাতৃকান্যাসে দক্ষিণ মণিবন্ধে ইহার ন্যাস করিতে হয়। বঙ্গাক্ষরে ইহার লিখনপ্রণালী তন্ত্র মতে এই প্রকার—গকারে সর্ব্বসমেত তিনটী রেখা থাকে, একটী অধোগত বক্ররেখা, এই রেখার ঊর্দ্ধস্থিত অগ্রভাগে যোগ করিয়া ডানদিকে আর একটী রেখা সরল ভাবে টানিতে হয়, এই সরল রেখার দক্ষিণাগ্র হইতে অধোদিকে একটী সরলরেখা টানিয়া পরে সমান ভাবে ঊর্দ্ধদিকে প্রথম সরলরেখার উপর দিয়া উন্নত করিতে হয়। বর্ত্তমান সময়ে গকারেও একটী মাত্রা দেওয়া হইয়া থাকে, কিন্তু তন্ত্রে তাহার কোন উল্লেখ দেখিতে পাওয়া যায় না। ইহার প্রথম রেখার অধিষ্ঠাত্রী লক্ষ্মী এবং তৃতীয়টীর অধিষ্ঠাতা স্বয়ং ঈশ্বর। গকারকে দাড়িমী কুসুমের ন্যায় রক্তবর্ণা, চতুর্বাহু, রক্তবস্ত্রধারিণী ও রত্নালঙ্কারে পরিশোভিতা ব্রহ্মাণীর ন্যায় ধ্যান করিতে হয়। ইহার নাম গো, গৌরী, গৌরব, গঙ্গা, গণেশ, গোকুলেশ্বর, শার্ঙ্গী, পঞ্চাত্মক, গাথা, গন্ধর্ব্ব, সর্ব্বগ, স্মৃতি, সর্ব্বসিদ্ধি, প্রভা, ধূম্রা, দ্বিজাখ্য, শিবদর্শন, বিশ্বাত্মা, গৌ, বালবদ্ধ, ত্রিলোচন, গীত, সরস্বতী, বিদ্যা, ভোগিনী, নন্দন, ধরা, ভোগবতী, হৃদয়, জ্ঞান, জালন্ধর, লব। (বর্ণাভিধান)

তান্ত্রিকমতে হৃদয়ে যে দ্বাদশদল পদ্ম আছে, তাহার তৃতীয় দলে গকার অবস্থিত। কাব্যাদির প্রথমে গকার থাকিলে রচয়িতার আকাঙ্ক্ষা বৃদ্ধি হয়। কিন্তু অপর কোন ব্যঞ্জনের সহিত যুক্ত হইলে বিপরীত ফল হয়। "কঃ খো গোঘশ্চ লক্ষ্মীং" 'সংযুক্তং চেহ ন স্যাৎ সুখভরণপটুর্বর্গবিন্যাসযোগঃ।' (বৃত্তরত্নাকরটীকা।)

গ (ক্লী) গৈ-ক। ১ গীত। (পুং) ২ গণেশ। ৩ গন্ধর্ব্ব। ৪ একটী গুরুবর্ণ।

"গুরুরেকো গকারস্তু লকারো লঘুরেককঃ।" (ছন্দোমঞ্জরী)

৫ কর্ম্মোপপদে গাধাতুর উত্তর (গাপোষ্টক্। পা ৩।২।৮) সূত্রানুসারে টক্ প্রত্যয় হইয়া যে গ শব্দ উৎপন্ন হয়, তাহার অর্থ গমনকর্ত্তা, গন্তা, ইহা তিন লিঙ্গেই ব্যবহৃত হয়। যথা—সামগঃ, হৃদ্গা, কণ্ঠগং।

"হৃদ্গাভিঃ পূয়তে বিপ্রঃ কণ্ঠগাভিস্তু ভূমিপঃ।
বৈশ্যোঽন্ত্যিঃ প্রাশিতাভিস্তু শূদ্রঃ স্পৃষ্টাভিরন্ততঃ।" (মনু ২।৬২)

গইরা (গম্ভীর শব্দজ) গভীর।

গকার (পুং) গ-স্বরূপে কারঃ। গ স্বরূপবর্ণ।

গগন (ক্লী) গচ্ছন্ত্যস্মিন্ গম-যুচ্ গশ্চান্তাদেশঃ। (গমের্গশ্চ। উণ্ ২।৭৭) ১ আকাশ। ইহার পর্য্যায়—বর্হি, ধন্ব, আপ, পৃথিবী, ভূ, স্বয়ম্ভূ, অধ্বা, সগর, সমুদ্র, অধ্বর। (নিঘণ্টু) [অপর পর্য্যায় আকাশ শব্দে দ্রষ্টব্য।] ইহার গুণ শব্দ, ব্যাপকত্ব, ছিদ্রত্ব, অনাশ্রয়, অনালম্ব, আশ্রয়ান্তরশূন্য, অব্যক্ত, অধিকারিতা।

"প্রেক্ষিষ্যন্তে গগনগতয়ো নূনমাবর্জ্যদৃষ্টীরেকং।"
(মেঘদূত ৪৮ পূর্ব্ব°)

গগন শব্দের নকার ণত্বও হইয়া থাকে। অনেকের মতে মূঢ় ব্যক্তিই ণকার স্বীকার করেন, বাস্তবিক ণকার হইবে না। কিন্তু আচার্য্যমঞ্জরীর "খগগণো গগণো পরিরাজতে।" এই শ্লোকে ণত্বের প্রমাণ পাওয়া যায়।

২ শূন্য। ৩ লগ্নাপেক্ষায় দশম রাশি।

গগ(ণ)নগতি (ত্রি) গগনে গতির্যস্য বহুব্রী। ১ আকাশগামী, যাহারা আকাশে গমন করে। (পুং) ২ দেবতা। ৩ সূর্য্যাদিগ্রহ। (স্ত্রী) গগনে গতিঃ ৭তৎ। ৪ আকাশ গমন।

গগ(ণ)নচর (ত্রি) গগনে চরতি চর-টচ্। ১ আকাশগামী, যে আকাশপথে গমন করিতে পারে।

"বুভুক্ষিতো গগনচরেশ্বরস্তদা।" (ভারত ১।২৮ অঃ)

গগ(ণ)নধ্বজ (পুং) গগনে গগনস্য বা ধ্বজইব। ১ মেঘ। (হারাবলী) ২ সূর্য্য। (হেমচন্দ্র)

গগ(ণ)নপ্রিয় (পুং) দৈত্যবিশেষ। "প্রহ্লাদোঽশ্বশিরঃ কুম্ভঃ সংহ্লাদো গগনপ্রিয়ঃ।" (হরিবংশ ৪২ অঃ)

গগনফুল (ক্লী) অলীক পদার্থ, যাহার সত্তা নাই, আকাশকুসুম।

"আনিব তুলিয়ে গগনফুল, একৈক ফুলের লক্ষৈক মূল।"
(কবিকঙ্কণ চণ্ডী)

গগ(ণ)ন-বিহারিন্ (ত্রি) গগণে বিহর্ত্তুং শীলং যস্য বিহৃ-ণিনি। ১ যে আকাশপথে বিচরণ করে। (পুং) ২ খেচর।

গগ(ণ)নমণ্ডল (ক্লী) গগনস্য মণ্ডলং ৬তৎ। আকাশমণ্ডল, নভোমণ্ডল।

গগ(ণ)নসদ্ (ত্রি) গগনে সীদতি গচ্ছতি গগন-সদ্-কিপ্।

১ আকাশগামী। (পুং) ২ সূর্য্যাদিগ্রহ। "বালত্বং বৃদ্ধতা বা যদি গগনসদাঃ জন্মকালে নরাণাং।" (জাতকালঙ্কার।) ৩ দেবতা। "রিষ্মেরান্ গগনসদঃ করোত্যমুষ্মিন্।" (মাঘ)

গগ(ণ)নসিন্ধু (স্ত্রী) গগনস্থ সিন্ধুঃ ৬তৎ। মন্দাকিনী। "গগনসিন্ধুফেনপটলজালান্তরস্থ।" (কাদম্বরী।)

গগ(ণ)নাঙ্গনা (স্ত্রী) গগনাগতা অঙ্গনা। দিব্যাঙ্গনা, অপ্সরা।

গগনাদিলৌহ (ক্লী) ঔষধবিশেষ। গগন (অভ্র), হরীতকী, আমলকী, বহেড়া, লৌহ, কুটজ, শুঁঠ, পিপুল, মরিচ, পারা, গন্ধক, বিষ, সোহাগা, সাচিক্ষার, দারুচিনি, এলাচ, তেজপত্র, বঙ্গ, জীরা, কৃষ্ণজীরা, ইহাদের প্রত্যেক চূর্ণ সমভাগে লইয়া যত পরিমাণ হইবে, তাহার অর্দ্ধ চিতাচূর্ণ মিশাইবে, ইহাকে গগনাদিলৌহ বলে। দুই তোলা মাত্রায় মধুর সহিত লেহন করিলে সোমরোগ ও মূত্রাতিসার ভাল হয়। (রসেন্দ্রসারসংগ্রহ)

গগনাদিবটী (স্ত্রী) ঔষধবিশেষ। ইহার প্রস্তুতপ্রণালী—গগন (অভ্র), রসসিন্দুর, আম্র, মুণ্ডলৌহ, তীক্ষ্ণলৌহ, স্বর্ণমাক্ষিক, গন্ধক ও পারদ মিশাইয়া যষ্টিমধুর ক্বাথে পেষণ করিবে। বাসক, দ্রাক্ষা ও ভূমিকুষ্মাণ্ড ইহাদের প্রত্যেকের রসে এক একদিন মর্দ্দন করিবে। অর্দ্ধতোলাপরিমিত বটী প্রস্তুত করিতে হয়। ইহাকে গগনাদিবটী বলে। ঘৃত ও মধুর সহিত সেবন করিলে কঠিন বাত, পিত্তরোগ, ক্ষয়, ভ্রম, মদ, কফ, শোষ, দাহ ও তৃষ্ণা বিনষ্ট হয়। (রসেন্দ্রসা°)

গগনাধ্বগ (পুং) গগনাধ্বনা গচ্ছতি গম-ড। সূর্য্য। (হেম°)

গগনাম্বু (ক্লী) গগনস্যাম্বু ৬তৎ। দিব্যোদক, মেঘনিঃসৃত জল, চলিত কথায় বৃষ্টির জল বলে। ইহার গুণ ত্রিদোষঘ্ন, বলকর, রসায়ন, রক্ষোঘ্ন, শীতল, আহ্লাদকর, জ্বর, দাহ ও বিষনাশক। বৃষ্টির জলের স্বাভাবিক এই সকল গুণ থাকিলেও অপবিত্র স্থানে বা অপবিত্র পাত্রে পতিত হয় বলিয়া সেই জল পান ও সেই জলে স্নান অতিশয় অহিতকর ও অব্যবহার্য্য। পাত্রের দোষ গুণ অনুসারে জলেরও দোষ বা গুণ হইয়া থাকে। (সুশ্রুত সূত্র° ৪৫ অঃ)

গগনেচর (পুং) গগনে চরতি চর-ট (চরেষ্টঃ। পা ৩।২।১৬) অলুক্ সমাস°। ১ দেবতা। ২ সূর্য্যাদিগ্রহ। ৩ রাশিচক্র। (ত্রি) ৪ গগনচারী, যাহারা গগনপথে গমন করে। "তস্মিংস্তু কথিতে মাত্রা কারণে গগনেচরঃ।" (ভারত ১।২৭।১৫) স্ত্রীলিঙ্গে টাপ্ হয়।

গগনোল্মুক (পুং) গগনে উল্মুক ইব। মঙ্গলগ্রহ। (হারাবলী)

গগরী (গর্গরী শব্দজ) বড় ঘড়া, বৃহৎ কলসী।

গগ্নু (স্ত্রী) বাক্য। (নিঘণ্টু)।

গগ্ঘ (পুং) হাস।

গঙ্গক, প্রসিদ্ধ কবি ক্ষেমেন্দ্রের গুরু ও একজন কবি।

গঙ্গকা (স্ত্রী) গঙ্গা স্বার্থে কন্-টাপ্ আকারস্য হ্রস্বত্বং (অভাষিত পুংস্কাচ্চ। পা ৭।৩।৪৮) গঙ্গা।

গঙ্গহরি, তত্ত্বদীপিকা নামে আনন্দলহরীর টীকাকার।

গঙ্গা (স্ত্রী) গম্যতে ব্রহ্মপদমনয়া গম্-গন্ (গম্যদ্যোঃ। উণ্ ১।১২২) নিঘণ্টু মতে গচ্ছতীতি গম-গন্-টাপ্। ১ স্বনামপ্রসিদ্ধ নদী ও তদধিষ্ঠাত্রী দেবী। ইহার পর্য্যায়—বিষ্ণুপদী, জহ্নুতনয়া, সুরনিম্নগা, ভাগীরথী, ত্রিপথগা, ত্রিস্রোতাঃ, ভীষ্মসূ, অর্য্যতীর্থ, তীর্থরাজ, ত্রিদশদীর্ঘিকা, কুমারসূ, সরিদ্বরা, সিদ্ধাপগা, স্বর্গাপগা, স্বরাপগা, স্বাপগা, ঋষিকল্প, হৈমবতী, স্বর্বাপী, হরশেখরা, সুরাপগা, ধর্ম্মদ্রবী, সুধা, জহ্নুকন্যা, গান্দিনী, রুদ্রশেখরা, নন্দিনী, অলকনন্দা, সিতসিন্ধু, অধ্বগা, উগ্রশেখরা, সিদ্ধসিন্ধু, স্বর্গসরিদ্বরা, মন্দাকিনী, জাহ্নবী, পুণ্যা, সমুদ্রসুভগা, স্বর্নদী, সুরদীর্ঘিকা, সুরনদী, স্বর্ধুনী, জ্যেষ্ঠা, জহ্নুসুতা, ভীষ্মজননী, শুভ্রা, শৈলেন্দ্রজা, ভবায়না। বৈদ্যক রাজনির্ঘণ্ট মতে ইহার জলের গুণ শীতল, স্বাদু, স্বচ্ছ, অত্যন্ত রুচিকর, পথ্য, পবিত্র, পাপনাশক, তৃষ্ণা ও মোহনাশক, দীপন এবং প্রজ্ঞাবৃদ্ধিকারী। (রাজনি°)

গঙ্গা অতি প্রাচীন পুণ্যসলিলা নদী, হিন্দুগণের দৃঢ় বিশ্বাস যে পৃথিবীর সকলতীর্থ হইতে গঙ্গা প্রধান, গঙ্গায় মৃত্যু হইলে মনুষ্য হইতে নিকৃষ্টজাতি কীট পর্য্যন্তও মুক্তি লাভ করিতে পারে। ঋগ্বেদে (১০।৭৫।৫), কাত্যায়ন শ্রৌতসূত্রে, শতপথব্রাহ্মণ প্রভৃতি প্রাচীন গ্রন্থে গঙ্গা নামের উল্লেখ দেখিতে পাওয়া যায়। পুরাণ, উপপুরাণ, ইতিহাস প্রভৃতি প্রায় সকল প্রাচীন গ্রন্থেই গঙ্গার বিষয় অল্পবিস্তর লিখিত আছে। বাল্মীকিরামায়ণের মতে গঙ্গা হিমালয়ের কন্যা, সুমেরুতনয়া মনোরমা বা মেনার গর্ভে ইহার উৎপত্তি হয়। দেবগণ কোন কার্য্যবশতঃ হিমালয়ের নিকট হইতে ইহাকে ভিক্ষা করিয়া লইয়াছিলেন (১)। তদবধি ইনি ব্রহ্মার কমণ্ডলুতে বাস করিতে লাগিলেন। এদিকে দুর্বৃত্ত সগরতনয়গণ মহামুনি কপিলের শাপে ভস্মীভূত হইলে সগরবংশীয় রাজগণ গঙ্গাকে পৃথিবীতে আনিবার যত্ন করিতে লাগিলেন। কিন্তু অনেকদিন পর্য্যন্ত তাঁহাদের চেষ্টায় কোন ফল হইল না। অনেক দিন পরে সগরবংশীয় ভগীরথ মন্ত্রীদিগের উপরে রাজ্যভার অর্পণ করিয়া প্রথমে ব্রহ্মার তপস্যা করেন। তাঁহার

(১) কৃত্তিবাসী রামায়ণের মতে দেবগণ শিবের সহিত বিবাহ দিতে গঙ্গাকে লইয়া যান। পাষাণী মেনকা গঙ্গাকে দেখিতে না পাইয়া শাপ দেন, তাহাতেই গঙ্গা জলময়ী হইয়াছেন।

কঠোর তপস্যায় হাজার বৎসরের পর পিতামহ সন্তুষ্ট হন। কমলযোনি সমস্ত দেবগণের সহিত ভগীরথের নিকটে উপস্থিত হইলেন। ভগীরথ পিতামহকে আপনার অভিপ্রায় জানাইলেন। ভগীরথের অভিপ্রায় গঙ্গা পৃথিবীতে অবতীর্ণ হইলে তাঁহার পূর্ব্বপুরুষগণ মুক্ত হইতে পারেন, ব্রহ্মা তাহার কোন একটী উপায় করিয়া দেন। ব্রহ্মা স্বীকার করিলেন বটে, কিন্তু ভগীরথের তপস্যার অবসান হইল না। গঙ্গা স্বর্গ হইতে ধরাতলে পতিত হইলে পৃথিবী তাহার বেগ ধারণ করিতে পারিবে না, সুতরাং গঙ্গাধারণ করিবার জন্য আবার মহাদেবের তপস্যা করিতে হইল। * আশুতোষের আরাধনায় মহারাজকে অধিক কষ্ট করিতে হইল না, একবৎসরের মধ্যেই ভগীরথের তপস্যায় সন্তুষ্ট হইয়া ভূতপতি বর দিতে উপস্থিত হইলেন, এবং ভগীরথ আপনার অভিপ্রায় জানাইলে তিনি গঙ্গাধারণ করিতে অঙ্গীকার করিলেন। গঙ্গা মনে মনে ভাবিলেন, ভাল হইয়াছে, এইবার ভোলানাথ আমার হাতে জব্দ হইবেন, আমি এত জোরে পড়িব যে ভোলানাথের সহিত পৃথিবী ভেদ করিয়া পাতালে চলিয়া যাইব। মহাদেব গঙ্গার আন্তরিক ভাব জানিতে পারিয়া পূর্ব্ব হইতেই সাবধান হইলেন। যথাসময়ে গঙ্গা স্বর্গ হইতে শিবের মাথার উপরে পতিত হইল। শিবের অসাধারণ কৌশলে স্রোতস্বতীকে তাঁহার মাথার জটামধ্যেই থাকিতে হইল, কোনপ্রকারেই বাহির হইতে পারিল না। ভগীরথ গঙ্গাকে দেখিতে না পাইয়া পুনর্ব্বার তপস্যা করিতে লাগিলেন, তাহার তপস্যায় সন্তুষ্ট হইয়া ভূতপতি গঙ্গাকে পরিত্যাগ করিলে বিন্দুসরোবরে পতিত হইল। বিন্দুসর হইতে গঙ্গার সাতটী স্রোত বাহির হয়। হ্লাদিনী, পাবনী ও নলিনী নামক তিনটী পূর্ব্বদিকে, বক্ষু, সীতা ও সিন্ধুনামক অপর তিনটী পশ্চিমদিকে গ্রাম, পর্ব্বত, বন, উপবন প্রভৃতি ভাসাইয়া চলিয়া গেল, এবং অপরটী ভগীরথ-প্রদর্শিত পথে গমন করিল। ইহারই ভাগীরথী নাম হইয়াছে। ভাগীরথী যাইয়া সাগরে পতিত হইলে ভস্মীভূত সগরতনয়েরা পবিত্র হইয়া স্বর্গে চলিয়া গেলেন। ভগীরথের অভীষ্টসিদ্ধি হইল।

(রামায়ণ আদিকা° ৪২, ৪৩, ৪৪ সর্গ)

গঙ্গার একটী নাম বিষ্ণুপদী। এই নাম হইতে হউক অথবা অপর কোন কারণেই হউক অনেকের বিশ্বাস যে, গঙ্গা বৈকুণ্ঠবাসী ভগবান্ বিষ্ণুর পা হইতে উৎপন্ন হইয়াছে। কিন্তু বিষ্ণুপুরাণ পাঠে জানা যায়, যে আকাশমণ্ডলে ধ্রুবকে অবলম্বন করিয়া সমস্ত জ্যোতিষ্ক মণ্ডল অবস্থান করে, সেই জ্যোতিষ্কমণ্ডলে মেঘ অবস্থিত, পৌরাণিকগণ ইহাকেই বিষ্ণুর তৃতীয় পদ বলিয়া বর্ণনা করিয়া থাকেন। মেঘ হইতে বৃষ্টি হয় এবং তাহাতেই গঙ্গার উৎপত্তি হইয়াছে। (১) গঙ্গার আর একটী নাম জাহ্নবী, রামায়ণ ও বিষ্ণুপুরাণে ইহার কারণ এইরূপ লিখিত হইয়াছে। মহারাজ ভগীরথ রথে চড়িয়া অগ্রে অগ্রে চলিতে লাগিলেন। স্রোতস্বতী গঙ্গাও গ্রাম, নগর, বন, উপবন প্রভৃতি ভাসাইয়া প্রবলবেগে তাঁহার অনুগমন করিতে আরম্ভ করিলেন। মহামুনি জহ্নু আপনার আশ্রমে বসিয়া একটী যজ্ঞের আয়োজন করিতেছিলেন, গঙ্গার জলে তাঁহার যজ্ঞবাট ভাসিয়া গেল, যজ্ঞে বিঘ্ন হইল, মুনি কিন্তু নড়িলেন না। জহ্নু চটিয়া উঠিয়া গঙ্গাকে জব্দ করিতে চিন্তা করিলেন। ভাবিয়া চিন্তিয়া পরিশেষে যোগবলে গঙ্গাকে পান করিয়া ফেলিলেন। দেবতা, গন্ধর্ব্ব, মনুষ্য প্রভৃতি সকলেই বিস্ময়াপন্ন হইল। গঙ্গার অভাবে কি গতি হইবে ভাবিয়া সকলেই চিন্তাকুল হইয়া উঠিল, পরে মুনিকে অনেক অনুনয় বিনয় করায় জহ্নু কর্ণরন্ধ্র দ্বারা গঙ্গাকে পরিত্যাগ করিলেন, ইহাতেই গঙ্গার নাম জাহ্নবী বা জহ্নুসুতা হইয়াছে। (রামায়ণ ১। ৪৩ সঃ) দেবীভাগবতের এক স্থানে লিখিত আছে—লক্ষ্মী, সরস্বতী ও গঙ্গা তিনজনেই নারায়ণের পত্নী, তিনজনেই বৈকুণ্ঠে নারায়ণের নিকট অবস্থান করিতেন। একদিন গঙ্গা সোৎসুকে বার বার নারায়ণের প্রতি কটাক্ষপাত করেন, নারায়ণও তাহা দেখিয়া একটু হাসিয়াছিলেন, কিন্তু সরস্বতী তাহাতে বড়ই চটিয়া গেলেন। রাণী নারায়ণকে উত্তম মধ্যম দুই এক কথা শুনাইয়া দিলেন। নারায়ণ আর কিছু না বলিয়া বাহিরে আসিলেন। এদিকে সরস্বতী ও গঙ্গার মহাকলহ চলিতে লাগিল। পদ্মা মধ্যস্থ হইয়া মিটাইতে গেলেন, তাহাতে বিপরীত হইল। সরস্বতী পদ্মাকেই প্রথমে শাপ দিলেন, "তুমি নদীরূপ ধারণ করিয়া পাপীর আবাস মর্ত্ত্যলোকে গমন কর।" গঙ্গাও আর স্থির থাকিতে পারিলেন না, তিনিও বলিলেন, "পদ্মে! ও যেমন বিনাদোষে তোমাকে শাপ দিয়াছে, উহাকেও সেইরূপে নদীরূপে মর্ত্ত্যলোকে গিয়া পাপরাশি গ্রহণ করিতে হইবে।" সরস্বতীও

* দেবীভাগবতের মতে, গঙ্গাকে ধারণ করিবার জন্য বসুন্ধরা মহাদেবের আরাধনা করেন।

(১) 'ধ্রুবে চ সর্ব্বজ্যোতিংষি জ্যোতিঃষ্যুম্ভোমুচো দ্বিজ।
যে যেষু সন্ততা বৃষ্টি বৃষ্টেশ্চাপোঽথ পোষণম্।.....
এবমেতৎ পদং বিষ্ণোস্তৃতীয়মমলাত্মকম্।
ততঃ প্রবর্ত্ততে ব্রহ্মন্ সর্ব্বপাপহরা সরিৎ।
গঙ্গা দেবাঙ্গনাঙ্গানাং অনুলেপনপিঞ্জরা।" (বিষ্ণুপু° ২।৮ অঃ।)

ক্রুদ্ধ হইয়া গঙ্গাকে বলিলেন, "তোকেও ঐরূপ ফল ভোগ করিতে হইবে।" এই সময় নারায়ণ আসিয়া উপস্থিত হইলেন, তিনিও কহিলেন, "যাও! দৈবদুর্বিপাকে তোমরা ভারতে নদী হও। দেখ লক্ষ্মি! তোমার পূর্ণ অংশ বৈকুণ্ঠে থাকিবে, অর্দ্ধাংশ ধর্ম্মধ্বজ রাজার গৃহে অযোনিসম্ভবা কন্যারূপে জন্মগ্রহণ করিবে, তাহাই পরে তুলসী নামে বিখ্যাত হইবে। অপর অংশে পদ্মাবতী নদী নামে অবতীর্ণ হও। গঙ্গে তুমিও বিশ্বপাবনী সরিৎরূপে অবতীর্ণ হও, ভগীরথ অনেক আরাধনা করিয়া তোমায় লইয়া যাইবে। সেখানে আমার অংশ সমুদ্র এবং আমার অংশের অংশ হইতে উদ্ভূত শন্তনুরাজ তোমার পতি হইবেন।" (দেবীভা° ৯স্ক°) [ভীষ্ম দেখ।]

মহাভারতীয় দানধর্ম্মের মতে গঙ্গার গর্ভ হইতে ১৫০ হাত পর্য্যন্তকে গঙ্গাতীর বলে। প্রাণ কণ্ঠাগত অর্থাৎ অর্থাভাবে ক্ষুধা তৃষ্ণায় কাতর হইলেও এই স্থানে বসিয়া কাহার দান গ্রহণ করিবে না। (২) গঙ্গার তীর হইতে ২ ক্রোশ পর্য্যন্তকে ক্ষেত্র বলে। গঙ্গাক্ষেত্রে বসিয়া দান, জপ বা হোম করিলে অসীম ফল হয়। (৩) কোন পুরাণের মতে ভাদ্রমাসের কৃষ্ণচতুর্দ্দশী তিথিতে গঙ্গাজল যতদূর পর্য্যন্ত প্লাবিত হয়, তাহাকে গর্ভ ও তাহার পরভাগকে তীর বলে। (৪) গঙ্গার উদ্দেশ্যে গমন করিলে পারদার্য্য, পরদ্রব্যহরণ, পরদ্রোহ প্রভৃতি পাপ বিনষ্ট হয়। গঙ্গার দর্শন করিলে জ্ঞান, ঐশ্বর্য্য, আয়ু, প্রতিষ্ঠা ও সম্মান প্রভৃতি লাভ হয়। গঙ্গাজল স্পর্শ করিলে ব্রহ্মহত্যা, গোহত্যা, গুরুহত্যা প্রভৃতি সমস্ত পাপ হইতে মুক্তি হইয়া থাকে। শত শত অকার্য্য করিয়া যদি গঙ্গায় অবগাহন কর, তাহা হইলেও গঙ্গার জলে সমস্ত পাপরাশি ধৌত হয়। সিংহ দেখিতে পাইলে মৃগগণ যে প্রকার ভয়ে বিহ্বল হইয়া পলায়ন করে, সেই প্রকার গঙ্গাস্নাননিরত ব্যক্তিকে দেখিয়া যমকিঙ্করেরাও পলায়ন করিয়া থাকে; তাহার আর যমভয় থাকে না। গঙ্গাতে অজ্ঞানে স্নান করিলে সকল পাপ নষ্ট হয়, জ্ঞানপূর্ব্বক স্নানে মুক্তি হইয়া থাকে। শ্রবণা নক্ষত্রযুক্ত দ্বাদশী, পুষ্যাযুক্ত অষ্টমী ও আর্দ্রা নক্ষত্রযুক্ত চতুর্দ্দশী তিথিতে গঙ্গাস্নান প্রশস্ত। বৈশাখ, কার্ত্তিক ও মাঘ মাসের পূর্ণিমা, মাঘ মাসের অমাবস্যা, কৃষ্ণপক্ষীয় অষ্টমী তিথিতে গঙ্গাস্নান করিলে বিস্তর ফল হয়। চন্দ্রগ্রহণ, সূর্য্যগ্রহণ ও ব্যতীপাতে গঙ্গাস্নান করিলে সহস্র গুণ ফল হয়। (ব্রহ্মপুরাণ।) গঙ্গামৃত্তিকা মাথায় ধারণ করিলে সূর্য্য হইতেও অধিক তেজশালী হইতে পারে। (অগ্নিপুরাণ।) গঙ্গায় কোনরূপ পুণ্যকার্য্যের অনুষ্ঠান করিলে তাহার সহস্র গুণ ফল হইয়া থাকে। অন্ন, গো, স্বর্ণ, রথ, অশ্ব ও হস্তীদান করিলে যে ফল হয়, গঙ্গাজল দানে তাহার শতগুণ ফল হইয়া থাকে। গণ্ডূষমাত্র গঙ্গাজল পান করিলে অশ্বমেধযজ্ঞের ফল হয়, স্বচ্ছন্দরূপে পান করিলে মুক্তি হইয়া থাকে। যে মনুষ্য সপ্তরাত্র অথবা তিনরাত্রি মাত্র গঙ্গাতীরে বাস করে, তাহাকে আর নরকযাতনা অনুভব করিতে হয় না। তপস্যা, ব্রহ্মচর্য্য, যজ্ঞ ও দান করিয়া যে সুখ লাভ হয় না, কেবল গঙ্গাতীরে বাস করিলেই সর্ব্বজন প্রার্থনায় মুক্তিলাভ করা যাইতে পারে। (ব্রহ্মপুরাণ।) যাইট হাজার বিঘ্ন সর্ব্বদাই গঙ্গাকে বেষ্টন করিয়া রহিয়াছে। অভক্ত অথচ পাপকর্ম্মরত ব্যক্তি গঙ্গাতীরে উপস্থিত হইলে তাহার চিত্তকে কাম, ক্রোধ, লোভ, মোহ প্রভৃতি রিপুদ্বারা পরিপূর্ণ করিয়া তোলে, তাহাকে গঙ্গাস্নান করিতে দেয় না। (ভবিষ্য।) মাতৃবিক্রয়, পিতৃবিক্রয় হইতেও গঙ্গার দান গ্রহণ করা নিন্দনীয়, গঙ্গাজলস্থ হইয়া কখনও দান গ্রহণ করিবে না। (মাৎস্য।) যাহার গঙ্গা হইতে অপর তীর্থে অধিক ভক্তি, যে গঙ্গাকে তত ভক্তি করে না, তাহাকে দারুণ নরকযাতনা অনুভব করিতে হয়। (ভবিষ্য।) জ্ঞানপূর্ব্বক গঙ্গার গর্ভে মৃত্যু হইলে মুক্তি ও অজ্ঞানে মৃত্যুতে স্বর্গলাভ হয়। মনুষ্যের কথা দূরে থাক, কৃমি, কীট ও পতঙ্গ প্রভৃতি যে কোন জন্তু গঙ্গায় মৃত্যু হয় এবং যে সকল বৃক্ষগণ কূল ভাঙ্গিয়া গঙ্গায় পতিত হয়, তাহাদেরও পরম গতি হইয়া থাকে। (ভবিষ্য।) যাহার অর্দ্ধ শরীর মৃত্যু সময়ে গঙ্গাজলে নিমগ্ন থাকে, তাহারও পুনর্ব্বার জন্ম হয় না, ব্রহ্মসাযুজ্য প্রাপ্তি হয়। (স্কান্দ।) মানুষের যে কয়খানি অস্থি গঙ্গাজলে থাকে, তত হাজার বৎসর তাহার ব্রহ্মলোক বাস হয়। এই কারণে এদেশীয় লোকেরা মৃত ব্যক্তির অস্থি গঙ্গায় নিক্ষেপ করিয়া থাকেন। (কৌর্ম্ম।)

যাহার কেশ, রোম ও নখাদিও গঙ্গাজলে নিক্ষিপ্ত হয়, তাহার সদ্গতি হইয়া থাকে। কাশীখণ্ডে গঙ্গামাহাত্ম্য অতি সুন্দররূপে বর্ণিত আছে। তাহার মতে স্বর্গ, মর্ত্ত্য, পাতালে যত যত তীর্থ আছে, সকল তীর্থ হইতেই গঙ্গাতীর্থ প্রধান, এমন কোন পদার্থই নাই যাহার সহিত গঙ্গার উপমা বা উপমেয় ভাব হইতে পারে। সমস্ত যাগ যজ্ঞ করিয়া যে ফল হয়, একগঙ্গার দর্শনেই তাহার শতগুণ ফল হয়। এমন কোন পাপ নাই যাহা গঙ্গাজল স্পর্শমাত্রে বিনষ্ট না হয়,

(২) "অত্র ন প্রতিগৃহ্ণীয়াৎ প্রাণৈঃ কণ্ঠগতৈরপি।
সার্দ্ধহস্তশতং যাবৎ গর্ভস্তত্তীরমুচ্যতে॥"
(৩) "তীরাদ্ গব্যূতিমাত্রন্তু পরিতঃ ক্ষেত্রমুচ্যতে।" (স্কান্দ)
(৪) "ভাদ্রকৃষ্ণচতুর্দ্দশ্যাং যাবদাক্রমতে জলম্।
তাবদ্ গর্ভং বিজানীয়াৎ তদূর্দ্ধং তীরমুচ্যতে।" (দানধর্ম্ম)

এমন কোন অভীষ্ট নাই যাহা গঙ্গাস্নানে পূর্ণ না হয়। শৌচ, আচমন, সেক, নির্ম্মাল্য, মলঘর্ষণ, গাত্রমর্দ্দন, ক্রীড়া, দানগ্রহণ, অভক্তি, অন্যতীর্থের ভক্তি বা প্রশংসা, বিষ্ঠা, মূত্র-পরিত্যাগ ও সন্তরণ এই ১৩টী কার্য্য গঙ্গায় করিতে নিষিদ্ধ।

কোন পুরাণের মতে বৈশাখমাসের তৃতীয়া তিথিতে ব্রহ্ম-লোক হইতে হিমালয়ে গঙ্গার অবতরণ হয়। ব্রহ্মপুরাণের মতে জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষের দশমীতিথিতে মঙ্গলবারে গঙ্গা হিমালয় হইতে ভূমিতে পতিত হয়। [ভীষ্ম ও স্নান প্রভৃতি শব্দেবিশেষ দ্রষ্টব্য।]

পৌরাণিক মতে বিষ্ণু, গঙ্গা ও গ্রাম্যদেবতা প্রভৃতির একটী স্থিতিকাল নিরূপিত হইয়াছে, আস্তিক হিন্দুগণের বিশ্বাস সেই নির্দ্দিষ্ট সময় অতীত হইলেই বিষ্ণু, গঙ্গা প্রভৃতি ধরাতল পরিত্যাগ করিয়া দেবলোকে চলিয়া যাইবেন, লোকের দুর্দ্দশার একশেষ হইবে। দেবীভাগবতের মতে, কলির পাঁচহাজার বৎসর অতীত হইলে গঙ্গা, সরস্বতী ও পদ্মাবতীর শাপমোচন হইবে, ইঁহারা নিজমূর্ত্তি ধারণ করিয়া বিষ্ণুলোকে চলিয়া যাইবেন। ইহা ছাড়া বিষ্ণুর আরও একটী অনুমতি আছে যে, ইঁহারা বিষ্ণুলোকে যাইবার সময় কাশী ও বৃন্দাবন ভিন্ন অপর সকল তীর্থও লইয়া যাইবেন।(১)

ব্রহ্মবৈবর্ত্তপুরাণের মতে সরস্বতীর শাপে গঙ্গার বৈকুণ্ঠ পরিত্যাগ করিয়া ভারতে আসা নিশ্চয় হইলে তিনি কাঁদিয়া আকুল হইয়া বৈকুণ্ঠপতিকে শাপমোচনের কাল নির্ণয় করিতে অনুরোধ করেন। বিষ্ণু তাঁহাকে অতিশয় কাতরা দেখিয়া বলিলেন,

"অদ্য প্রভৃতি দেবেশি! কলেঃ পঞ্চসহস্রকম্।
"বর্ষং স্থিতিস্তে ভারত্যাঃ শাপেন ভারতে ভুবি।"

দেবেশি! আজ হইতে কলির পাঁচহাজার বৎসর পর্য্যন্ত সরস্বতীর শাপে মর্ত্ত্যলোকে ভারতবর্ষে তোমার অবস্থিতি হইবে, তাহার পরেই আবার আমার নিকট আসিতে পারিবে।" এই প্রকারে অপর অপর পুরাণেও গঙ্গার স্থিতি সম্বন্ধে এইরূপ লিখিত আছে। ইহাতে আপাততঃ বোধ হয় যে বর্ত্তমান কলির পাঁচহাজার বৎসর পর্য্যন্তই গঙ্গার স্থিতি, তাহার পরে আর গঙ্গা থাকিবে না। বরাহপুরাণে লিখিত আছে যে—

"পৃথিবী গঙ্গয়া হীনা ভবিষ্যত্যন্তিমে কলৌ।"

অন্তিম কলি অর্থাৎ প্রলয়ের পূর্ব্ব কলিতে পৃথিবীতে গঙ্গা থাকিবে না। আধুনিক ধর্ম্মমীমাংসক হিন্দু পণ্ডিতগণ বরাহপুরাণের বচনের সহিত অপর পুরাণের বচনের এক-বাক্যতা করিয়া অন্তিম কলিতে গঙ্গা চলিয়া যাইবে, বর্ত্তমান কলিতে নহে, এইরূপ মীমাংসা করেন। দার্শনিকেরাও বলেন যে, প্রলয়ের পূর্ব্বে ভয়ানক একটী সূর্য্য উঠিবে, তাহার তেজে পৃথিবীর সমস্ত জল শুকাইয়া যাইবে, পৃথিবীতে নদ নদী কিছুই থাকিবে না।

বঙ্গের অতি প্রাচীন কবি কৃত্তিবাস পণ্ডিত নানা পুরাণ ও উপপুরাণাদির মত সঙ্কলন করিয়া গঙ্গার বিষয়ে এইরূপ বর্ণনা করিয়াছেন—দিলীপনন্দন ভগীরথ মায়ের মুখে পূর্ব্বপুরুষগণের দুর্গতি শুনিয়া গঙ্গাকে ভূতলে আনিতে চেষ্টা করেন। ভগীরথ সর্ব্বপ্রথম ইন্দ্রের আরাধনা করেন। ষাইট হাজার বৎসর পরে ইন্দ্র তাঁহার প্রতি সন্তুষ্ট হন। ভগীরথকে বর দিতে উপস্থিত হইলে ভগীরথ আপনার অভিপ্রায় জানাইলেন। সহস্রলোচন তাঁহাকে মহাদেবের আরাধনা করিতে উপদেশ দেন। ভগীরথ ইন্দ্রের উপদেশে কৈলাস-পর্ব্বতে যাইয়া মহাদেবের উপাসনা করেন। দশহাজার বৎসর পরে শিব সন্তুষ্ট হইয়া ভগীরথকে বলিলেন, "বৎস ভগীরথ! আমা দ্বারা একার্য্য হইবে না, আমার বরে তুমি গঙ্গাকে আনিতে পারিবে, গোলোকপতি বিষ্ণুর উপাসনা কর।" ভগীরথ শিবের আদেশে গোলোকে যাইয়া তপস্যা করিতে লাগিলেন, এখানে ভগীরথকে আর অধিক কষ্ট পাইতে হইল না, চল্লিশ বৎসর তপস্যার পরেই বিষ্ণুকে দেখিতে পাইলেন। বিষ্ণু বর দিতে উপস্থিত হইলে ভগীরথ আপনার অভিপ্রায় জানাইলেন। বিষ্ণু বলিলেন, "বৎস! গঙ্গা ব্রহ্মলোকে, আমি তাঁহার মহিমা জানি না।" ভগীরথ এইবার নিরাশ হইয়া কাঁদিয়া ফেলিলেন, তাহাতে বিষ্ণুর হৃদয় গলিয়া গেল। তিনি ভগীরথকে লইয়া ব্রহ্মলোকে গমন করিলেন। ব্রহ্মলোকে যাইবার পূর্ব্বেই মায়া করিয়া ব্রহ্মলোকের সমস্ত জল হরণ করিলেন। ব্রহ্মলোকের নদ নদী এমন কি জলের কলসীটী পর্য্যন্তও জলশূন্য হইল। বিষ্ণু ব্রহ্মলোকে উপস্থিত হইলে ব্রহ্মা তাঁহাকে পাদ্য দিতে জল আনিতে গেলেন, কিন্তু কোথাও জল পাইলেন না। কমলযোনি লজ্জায় অধোবদন হইয়া ভাবিতে লাগিলেন, শেষে কমণ্ডলু মধ্যে গঙ্গা আছে মনে পড়িল, ব্রহ্মা সেই গঙ্গাজলে বিষ্ণুকে পূজা করিলেন। বিষ্ণু ভগীরথের হাতে একটী শঙ্খ দিয়া বলিলেন, "তুমি আগে আগে শঙ্খ বাজাইয়া চলিয়া যাও, গঙ্গা তোমার অনুগমন করিবে।" ভগীরথের হাঁটিয়া যাইতে কষ্ট হইবে, দেখিয়া

(১) "কলেঃ পঞ্চসহস্রঞ্চ বর্ষং স্থিত্বা চ ভারতে।
ভগ্নস্তাশ্চ সরিদ্রূপং বিহায় শ্রীহরেঃ পদম্।" ৯।৮।১০
"যানি সর্ব্বাণি তীর্থানি কাশীং বৃন্দাবনং বিনা।
যাস্তন্তি সার্দ্ধং তাভিশ্চ বৈকুণ্ঠমাজ্ঞয়া হরেঃ।" দেবীভাগবত ৯।৮।২১।

ব্রহ্মা ভগীরথকে একখানি রথ দিলেন। দিলীপকুমার সেই ব্রহ্মপ্রদত্ত রথে চড়িয়া শঙ্খ বাজাইয়া চলিতে লাগিলেন, গঙ্গাও প্রবলবেগে তাঁহার অনুগমন করিলেন। অপর বর্ণনা পূর্ব্বে যে রামায়ণের মতটী দেখান হইয়াছে, প্রায় তাহারই সমান। কৃত্তিবাসের মতে সুমেরু হইতে গঙ্গার চারিটী ধারা বাহির হয়, বসু, ভদ্রা, শ্বেতা ও অলকানন্দী। ইহাদের মধ্যে বসু পূর্ব্বসাগরে, শ্বেতা পশ্চিমসাগরে ও ভদ্রা উত্তরসাগরে মিলিত হয়। অলকানন্দা ভারতের দিকে আগমন করে। গঙ্গা কৈলাসপর্ব্বতে আসিলে তাহার একটী ধারা পাতালে চলিয়া যায়, তাহার নাম ভোগবতী। পরে হরিদ্বার প্রভৃতি স্থান অতিক্রম করিয়া সরস্বতী ও যমুনার সহিত মিলিত হন, ইহাকে ত্রিবেণী বলে, এই স্থানেই প্রয়াগতীর্থ। ইহার পরে কাশীর নিকট দিয়া যাইতে ছিলেন, সেই স্থানে কাশীনাথ পাঁচক্রোশ জুড়িয়া একটী গণ্ডিরেখা দেন, গঙ্গা তথায় এক রাত্রি বাস করিয়া ছিলেন। ইহার পরে জহ্নুমুনির আশ্রম, মুনির পেট হইতে মুক্ত হইয়া গঙ্গা সেই স্থানে উত্তরবাহিনী হন। জাহ্নবী ক্ষুদ্র ক্ষুদ্র দেশসকল অতিক্রম করিয়া গৌড়ের নিকটে উপস্থিত হন। তথা হইতে পদ্ম নামে একজন মুনি গঙ্গাকে পূর্ব্বমুখে লইয়া যান। সেই নদীর নাম হইল পদ্মা বা পদ্মাবতী। গঙ্গার শাপে ইহার তীরে মৃত্যু হইলে মুক্তি হয় না। ইহার পরে ভৈরব ও অজয়নদের সহিত মিশিয়া ইন্দ্রেশ্বর, মেড়তলা, নদীয়া, সপ্তগ্রাম, আকনা ও মাহেশ অতিক্রম করিয়া খড়দহের ঘাটে আসিয়া উপস্থিত হন। তাহার কিছু দূর পরেই গঙ্গা শতমুখী হন। (কৃত্তিবাসী রামায়ণ—আদিকাণ্ড)

গঙ্গাভক্তিতরঙ্গিণীর মতে গঙ্গা গৌড়ের নিকট পৌঁছিলে শঙ্খাসুর ভগীরথের রূপ ধরিয়া গঙ্গা ও ভগীরথকে ভুলাইয়া পূর্ব্বদিকে লইয়া যান, কিন্তু কিছু দূর গমন করিলে ভগীরথ জানিতে পারিয়া আবার গঙ্গাকে ফিরাইয়া আনিয়া গৌড় হইতে দক্ষিণে লইয়া যান। গঙ্গা পূর্ব্বমুখে পদ্মাকে রাখিয়া আসেন।

এখনকার ভৌগোলিকদিগের মতে গঙ্গা-নদী হিমালয় পর্ব্বত হইতে উদ্ভূত। হিমালয়ে যে স্থানে সাহেবদিগের শিমলা নগর আছে, তাহার দক্ষিণপূর্ব্বে ইহার উৎপত্তিস্থান, উহা গড়বাল রাজ্যের অন্তর্গত। অক্ষা° ৩৪° ৫৬′ ৪″ উঃ ও দ্রাঘি° ৭৯° ৬′ ৩০″ পূঃ মধ্যে অবস্থিত। বরফে আবৃত সেই স্থানকে গঙ্গোত্তরী কহে। গঙ্গোত্তরী সমুদ্রতল হইতে ৯২০০ হস্ত উচ্চ। সেই চিরতুষারমণ্ডিত বৃহৎ খাতের চতুর্দ্দিকে প্রস্তর খণ্ড ও মৃত্তিকার অংশ সকল বিক্ষিপ্ত হইয়া রহিয়াছে। উহার বিস্তার অর্দ্ধক্রোশ হইবে। এই খাত পর্ব্বতের উপরিভাগ হইতে ক্রমশঃ অবতরণ করিয়া আসিয়া একটী গহ্বরে পড়িয়াছে, সেই গহ্বর হইতে গঙ্গা ভূমিতে অবতরণ করিয়াছেন। ইহাকেই গোমুখী বা গঙ্গোত্তরী কহে।

এই স্থান হইতে ৭৭৮ ক্রোশ পথ ভ্রমণ করিয়া গঙ্গা বঙ্গোপসারে মিলিত হইয়াছে। তুষারময়ী গঙ্গোত্তরীর নিকট গঙ্গার বিস্তার ১৮ হাতের অধিক নহে। তথায় জল এক হাতেরও কম। ক্রমশঃ নিম্নে আসিতে আসিতে অন্যান্য নদী মিলিত হওয়ায় তাহার আয়তন ক্রমশঃ বর্দ্ধিত হইয়াছে। উত্তরপশ্চিম হইতে জাহ্নবী ও তাহার পর অলকনন্দা। এই সঙ্গমে দেবপ্রয়াগ নামক তীর্থ। তথা হইতে দক্ষিণ-পশ্চিমে হরিদ্বার। হরিদ্বার হইতে দেরাদুন, শাহরামপুর, মজফরনগর ও বুলন্দসহর হইয়া ফরক্কাবাদে রামগঙ্গা নামক নদী আসিয়া ইহার সহিত মিলিত হইয়াছে। গঙ্গার উৎপত্তিস্থান হইতে ৩৩৪ ক্রোশ দূরে আলাহাবাদে প্রয়াগতীর্থ। এই স্থানে যমুনা আসিয়া গঙ্গায় পড়িয়াছে। এই ৩৩৪ ক্রোশপথ গঙ্গা সঙ্কীর্ণভাবে আসিয়া প্রয়াগতীর্থে বিশাল বিস্তৃত আকার ধারণ করিয়াছে। প্রয়াগ হইতে বারাণসী হইয়া বেহারে আসিলে প্রথমতঃ শোণ নদী ও পরে গণ্ডকী ও কোশী (কৌশিকী) নদী ইহাতে পতিত হইয়াছে। তাহার পর রাজমহল হইয়া প্রাচীন গৌড়-নগরের ভগ্নাবশেষ বিধৌত করিয়া পূর্ব্বমুখে চলিয়াছে। রাজমহলের ১০ ক্রোশ পূর্ব্বে ইহার একটী শাখা বাহির হইয়া মুর্শিদাবাদ, বহরমপুর, নদীয়া, কালনা, হুগলি, চন্দন-নগর ও কলিকাতা হইয়া পশ্চিমদক্ষিণমুখে বঙ্গোপসাগরে মিলিত হইয়াছে। এই শাখাই গঙ্গা বা ভাগীরথী নামে উক্ত হইয়া থাকে। মূল নদী সঙ্গমস্থান হইতে পদ্মা নাম ধারণ করিয়া পাবনা ও গোয়ালন্দ হইয়া গিয়াছে। গোয়া-লন্দের নিকট ব্রহ্মপুত্রের যমুনা নামক শাখা আসিয়া ইহাতে পতিত হইয়াছে। তাহার পর মূল ব্রহ্মপুত্রের সহিত মিলিত হইয়া মেঘনা নামে অভিহিত হইয়া নোয়াখালির নিকট সাগরে মিলিত হইয়াছে। ইংরাজেরা মূলনদীকে (Ganges) গেঞ্জেস্ ও কলিকাতার নিকট দিয়া যে শাখা গিয়াছে, তাহাকে হুগলি নদী বলিয়া থাকেন। মোহানা হইতে ৪৩০ ক্রোশ দূরে যমুনা, ৩০৩ ক্রোশদূরে গগরা (ঘর্ঘরা), ২৪১ ক্রোশদূরে গোমতী, ২৩২৷৷০ ক্রোশ দূরে শোণ, ২২৫ ক্রোশ দূরে গণ্ডকী, ১৮৬৷৷০ ক্রোশ দূরে রামগঙ্গা ১৬২ ক্রোশদূরে কোশী (কৌশিকী) ১২০ ক্রোশদূরে মহানদী, ৭০ ক্রোশদূরে কর্ম্মনাশা, ১১৫ ক্রোশ দূরে কোনাই বা যমুনা, ৪০ ক্রোশদূরে অলকনন্দা, ২০ ক্রোশ

দূরে ভিলং নামক নদী মূল গঙ্গায় মিলিত হইয়াছে। ইহাদের মধ্যে রামগঙ্গা, গোমতী, ঘর্ঘরা, গণ্ডকী, কৌশিকী ও মহানদী গঙ্গার বামভাগে ও কালী, যমুনা ও শোণ নদী দক্ষিণভাগে পড়িয়াছে।

ইংরাজেরা যাহাকে হুগলী নদী বলেন, আমাদের উহাই প্রকৃত গঙ্গা। যে স্থানে গঙ্গা ও পদ্মা বিভিন্ন মুখে গমন করিয়াছে, উহা হইতে গঙ্গার বদ্বীপ আরম্ভ হইয়াছে। এই বদ্বীপে গঙ্গা ভিন্ন ভিন্ন মুখে সাগরে প্রবেশ করিয়াছে। তন্মধ্যে গঙ্গা পশ্চিমপ্রান্তে ও মেঘনা পূর্ব্বপ্রান্তে অবস্থিত। ইহার ক্ষেত্রফল ২৮০৮০ বর্গমাইল। গঙ্গামুখে সাগরতীর্থ হইতে পূর্ব্বে চট্টগ্রাম পর্য্যন্ত ১৩৫ ক্রোশ হইবে। এই স্থলের মধ্যে ৯টী প্রধান শাখা সমুদ্রে পতিত হইয়াছে। যথা—গঙ্গা, মেঘনা বা ব্রহ্মপুত্র, হরিণহাটা, পুস্কর, মুর্জাটা বা কাগ্না, বড়পুঙ্গ, মলিঞ্চু, রায়মঙ্গল বা যমুনা, হুগলি। এতদ্ব্যতীত অনেকগুলি সমুদ্র শাখা ভূখণ্ডে প্রবেশ করিয়াছে। সেগুলি নদীমুখ নহে বলিয়া অপেক্ষাকৃত গভীর।

গঙ্গার প্রকৃত দৈর্ঘ্য সাগরতীর্থ হইতে ধরিলে ১৫৪৷৷০ ক্রোশ, মেঘনার মুখ হইতে ৮৪০ ক্রোশ। গ্রীষ্মকালে সাধারণতঃ গঙ্গার বিস্তার কোথাও একপোয়া, কোথাও অর্দ্ধ ও কোথাও বা এক ক্রোশের কিছু অধিক। সমুদায় গঙ্গা যে স্থানে অধিকার করিয়া আছে, তাহার ক্ষেত্রফল ৩৯১১০০ বর্গমাইল। বর্ষাকালে নদীর জল অনেক বাড়িয়া থাকে। সমুদ্রের নিকটস্থ প্রদেশে জোয়ার ও ভাটা হইয়া থাকে। সময় সময় স্থানে স্থানে কিরূপ জল বাড়িয়া থাকে, তাহার পরিমাণ করা হইয়াছে।

	বর্ষাকালে		গ্রীষ্মকালে	
	ফিট	ইঃ	ফিঃ	ইঃ
আলাহাবাদে	৪৫	৬	২৯	
বারাণসী	৪৫	০	৩৪	
কহলগাঁ	২৯	৬	২৮	৩
জলঙ্গী	২৬	০	২৫	৬
কুমারখালি	২২	৬	২২	
অগ্রদ্বীপ	২৩	৯	২৩	
কলিকাতার (ভাটার সময়)	৭		৬	৭
ঢাকা	১৪			

হরিদ্বারে গঙ্গার পরিসর অতি অল্প, তথায় ৭০০০, বারাণসীতে ১৯০০০, রাজমহলে সহজে ২০৭০০০ ও বন্যার সময় ১৮০০৭০০ ঘনফিট জল প্রতি সেকেণ্ড বাহির হইতেছে। পরীক্ষা হইয়াছে যে আলাহাবাদ হইতে বারাণসী পর্য্যন্ত ১৫৫ ক্রোশ পথ, প্রতি ক্রোশে ১ ফুট করিয়া নিম্ন হইয়াছে। বারাণসী হইতে কহলগাঁ পর্য্যন্ত প্রতি ক্রোশে ১০ ইঞ্চি, কহলগাঁ হইতে হুগলি নদীর প্রারম্ভ পর্য্যন্ত প্রতি ক্রোশে ৮ ইঞ্চি, তথা হইতে কলিকাতা পর্য্যন্ত প্রতি ক্রোশে ৮ ইঞ্চি ও কলিকাতা হইতে সমুদ্র পর্য্যন্ত গড়ে ২ হইতে ৪ ইঞ্চি নিম্ন হইয়া গিয়াছে।

অন্যান্য নদীর ন্যায় গঙ্গা যত উৎপত্তিস্থান হইতে দূরে গিয়াছে, ততই তাহার বেগের হ্রাস হইয়াছে। প্রথমতঃ উহার বেগে প্রস্তরখণ্ড ও মৃত্তিকা বহন করিয়া লইয়া যায়। বেগের অল্পতায় ও মাধ্যাকর্ষণের প্রাবল্যে সেই সকল প্রস্তর ও মৃত্তিকা তলদেশে পতিত হয়। এই কারণে নদী যত সমুদ্রের নিকট হয়, ততই উহার গভীরতা হ্রাস হইয়া থাকে। মধ্যে চড়া পড়িয়া যায়। বর্ষাকালে তাহার উপর আবার পলি পড়ে। এইরূপে চড়ায় ক্রমশঃ এত উচ্চ হইয়া উঠে যে, নদীর জল উহার উপর উঠে না। নদী-পার্শ্ব দিয়া আপনার পথ করিয়া লয়। নদী এইরূপে একদিক্ ভাঙ্গিয়া অপর দিকে পড়িয়া থাকে। নদীমুখে সাগরবক্ষে এইরূপে প্রকাণ্ড ভূখণ্ড নির্ম্মিত হয়। তাহাকে বদ্বীপ কহে। ভূতত্ত্ববিদেরা অনুমান করেন যে, যে স্থানে গঙ্গা পদ্মা হইতে স্বতন্ত্র হইয়া প্রবাহিত হইয়াছে, সেই স্থান হইতে গঙ্গার বদ্বীপের আরম্ভ। সেইস্থান হইতে এখন যেখানে সমুদ্র আছে, সমস্ত প্রদেশ পূর্ব্বে সমুদ্র ছিল। সেই সমুদ্র এখন মনুষ্যের বাসোপযোগী ভূমি হইয়া দাঁড়াইয়াছে। গঙ্গার প্রসাদেই এই সমস্ত জনপদের সৃষ্টি। হিমালয় অঞ্চলের মাটি লইয়া ইহাদের নির্ম্মাণ কার্য্য সম্পন্ন হইয়াছে। কলিকাতার মাটির নিম্নভাগের মৃত্তিকার পরীক্ষা করিয়া তাহাতে ২৫০ হস্ত নীচে জীবকঙ্কাল, কাষ্ঠ, কয়লা প্রভৃতি পাওয়া গিয়াছে।

প্রায় ৫৬ বৎসর পূর্ব্বে গাজিপুরে একবার পরীক্ষা করিয়া দেখা হয়। গঙ্গা তথায় প্রতিবৎসর ৬৩৬৮০০০০ টন পরিমাণ মৃত্তিকা আনিয়া ফেলিয়া দেয়। ২৭ মণ ১৪ সেরে এক টন হয়। ইহাতেই বুঝা যায় কত মৃত্তিকা প্রতিবৎসর গঙ্গাবক্ষে প্রবাহিত হয়। তবে বর্ষাকালেই এই কার্য্য অধিক হয়। গঙ্গার উৎপত্তিকাল হইতেই এই কার্য্য চলিয়া আসিতেছে। ইহাতে কত স্থানে যে কত নূতন ভূমি নির্ম্মিত হইয়াছে, তাহা কে বলিবে?

গঙ্গা যে পথ দিয়া গিয়াছে, তাহার পার্শ্বস্থ প্রদেশগুলি সমধিক উর্ব্বরা। পলিবিশিষ্ট গঙ্গার জল দুকূলে প্রবাহিত হইয়া ভূমিকে উর্ব্বরা করিয়া দেয়। অথচ অন্যান্য নদীর ন্যায়

প্রবল বন্যায় গ্রাম নগর ভাসাইয়া লোকের সর্ব্বনাশ করেনা। রেল হইবার পূর্ব্বে গঙ্গা দেশের বাণিজ্যের দ্রব্যাদি সমুদয় বহন করিত। রেল হইয়াও তাহা কিছু একেবারে বন্ধ হয় নাই। উত্তরপশ্চিমের পণ্যদ্রব্য এই গঙ্গা পথেই সমুদ্রে যাইত। এখনও চাউল, তিসি, সরিষা প্রভৃতি দ্রব্যাদি গঙ্গা বক্ষে আসিয়া রেলে রপ্তানি হয়।

ইংরাজদিগের আমলে গঙ্গা হইতে অনেকগুলি খাল বাহির করা হইয়াছে, উহাদিগকে গঙ্গার খাল (Ganges canal) কহে। গঙ্গার খাল প্রধানতঃ দুই ভাগে বিভক্ত। উত্তর (Upper) ও নিম্ন (Lower)। গঙ্গা ও যমুনার মধ্যবর্ত্তী প্রদেশকে দোয়াব (অন্তর্বেদী) কহে। এই দোয়াবের পূর্ব্ববর্ত্তী প্রদেশে উত্তর খাল। ১৮৩৭-৩৮ খৃষ্টাব্দে এই দোয়াবে ভয়ানক দুর্ভিক্ষ হয়। তাহাতে প্রজালোকেরও বিশেষ ক্ষতি হয়। ভবিষ্যতে যাহাতে এরূপ দুর্ভিক্ষ না হয়, যাহাতে লোকে কৃষিকার্য্যের জন্য প্রচুর জল পাইতে পারে, তাহার উপায় নির্দ্ধারণ করিতে খালের কথা উঠে। শেষ ১৮৪২ খৃষ্টাব্দে হরিদ্বারের নিকট হইতে খাল কাটা আরম্ভ হইল। ১৮৫৪ খৃষ্টাব্দে ৮ই এপ্রেল এই কার্য্য সম্পূর্ণ হয়। হরিদ্বারের উত্তর গণেশঘাটে গঙ্গা হইতে বাহির হইয়া এই খাল শাহরামপুর, মজফরনগর দিয়া গমন করিয়া ফতেগড়ের নিকট একটী শাখা বাহির করিয়া তাহার পর পশ্চিমাভিমুখী হইয়া মিরাটে গিয়াছে। বেগমাবাদের নিকট দক্ষিণপূর্ব্বাভিমুখে কুলন্দসহর ও আলিগড় হইয়া অকবরাবাদে আসিয়া দুইটী শাখায় বিভক্ত হইয়াছে। একটী এতাবা ও অপরটী কাণপুরে গিয়াছে। এই খালের দৈর্ঘ্য ২২২৷৷০ ক্রোশ। ইহাতে ২ কোটী ৮৪ লক্ষ ৮৪ হাজার টাকা খরচ হইয়াছে। এই খাল সম্পূর্ণ হইলে ইঞ্জিনিয়ার কটলি সাহেবের সম্মানার্থ তোপ হইয়াছিল।

নিম্ন বা দক্ষিণ গঙ্গার খালও উপরোক্ত খালটীর বিস্তার মাত্র। আলিগড় জেলার প্রান্তে অক্ষাঃ ২৭° ৪৭´ উঃ ও দ্রাঘিঃ ৭৮° ১৮´ পূঃ রাজঘাট ষ্টেসন হইতে দুইক্রোশ অন্তরে এই খাল বাহির হইয়াছে। এই খাল নাদরাই নামক স্থানে কালীনদী ও ইটার পশ্চিম ঈশাস নামক স্থান দিয়া গোপালপুর, কানপুর, শাখা ও জেরা নামক স্থানে এতাবা শাখায় মিলিত হইয়াছে। তাহার পর শেখোয়াবাদ পার হইয়া দক্ষিণপূর্ব্বে ইষ্ট ইণ্ডিয়া রেলের সহিত সমান্তরালভাবে গিয়া কানপুর জেলার দক্ষিণে শিকন্দ্রা ও ভগ্নিনীপুর হইয়া যমুনায় পতিত হইয়াছে।

বেহারে শোণ ও গঙ্গার মধ্যে কএকটী খাল আছে। কলিকাতা হইতে পূর্ব্বাভিমুখে একটী খাল গিয়াছে। এই সকল খাল হইতে বিশেষ উপকার হইয়াছে। যে যে স্থানে পূর্ব্বে জলাভাবে শস্য জন্মিত না, খালের গুণে তাহাতে বেশ কৃষিকার্য্যের সুবিধা হইয়াছে। বৃষ্টি না হইলেও খালের জলে কৃষিকার্য্য চলিতে থাকে।

গঙ্গার মাহাত্ম্য এই প্রকার ক্রমশই বাড়িয়াছে। এক গঙ্গা হইতে কত লোকের যে জীবনোপায় হইতেছে, তাহার সীমা নাই। জগতের কোন নদীর তীরে এত তীর্থ নাই।

যেখানে আসিয়া গঙ্গা সাগরে মিলিত হন, তাহারই নাম গঙ্গাসাগরসঙ্গম। অতি প্রাচীনকাল হইতে এই সঙ্গম হিন্দুজাতির অতি পবিত্র তীর্থস্থান বলিয়া প্রসিদ্ধ। (ভারত ৩৮৫ অঃ, হরিবংশ ১৬৮ অঃ) কিন্তু পূর্ব্বকালে এই সাগর-সঙ্গম কোথায় ছিল, তাহা লইয়াই গোল। ভূতত্ত্ববিদ্ পণ্ডিতেরা অনুমান করেন, একসময়ে সাগরের স্রোত রাজমহল অবধি প্রবাহিত হইত, এরূপস্থলে স্বীকার করিতে হয়, এখনকার প্রায় দেড়শত ক্রোশ উত্তরে সাগরসঙ্গম ছিল, ২৪ পরগণা, নদীয়া, যশোর, বর্দ্ধমান প্রভৃতি জেলা তখন নদী গর্ভে অবস্থিত ছিল। মহাভারতে তীর্থযাত্রাপর্ব্বাধ্যায়ে লিখিত আছে—

"কৌশিকীতীর্থে (অর্থাৎ গঙ্গা ও কোশিনদীর সঙ্গমে) রাজা যুধিষ্ঠির উপস্থিত হইয়া অনুক্রমে সমস্ত আয়তনে ভ্রমণ করিতে লাগিলেন। তাহারই পর পঞ্চশত নদীযুক্ত গঙ্গা-সাগরসঙ্গম। সাগরের তীরে কলিঙ্গদেশ।" (বনপর্ব্ব ১১৩ অঃ)

রঘুবংশে রঘুর দিগ্বিজয়বর্ণনা পাঠ করিলে বোধ হয়, তৎকালে বঙ্গ দেশের পশ্চিমাংশে গঙ্গা প্রবাহিত ছিল, এবং ইহার মধ্যে বড় বড় দ্বীপ ছিল। (রঘু ৪।৩৫—৩৬)

সপ্তম শতাব্দে হিউএন্‌সিয়াং কামরূপের প্রায় একশত ক্রোশ দক্ষিণে সমতট নামক স্থানে আগমন করেন। তাঁহার বর্ণনানুসারে এই স্থান বর্ত্তমান ঢাকাজেলার উত্তরাংশ বলিয়া বোধ হয়। তাঁহার বর্ণনায় এই সমতট সাগরের তীরে অবস্থিত।

কাশ্মীরের রাজতরঙ্গিণী পাঠে জানা যায়—যে ললিতাদিত্য যখন গৌড়ে আগমন করেন, তখন গৌড়ের পরই পূর্ব্ব সমুদ্র প্রবাহিত ছিল। (রাজতরঙ্গিণী ৫ম তরঙ্গ।)

উপরোক্ত প্রমাণ ও অনুমান দ্বারা বোধ হয় সহস্রবর্ষ পূর্ব্বে বঙ্গের অধিকাংশ সমুদ্রশায়ী ছিল, সাগরসঙ্গমও অনেকটা উত্তরে ছিল।

বঙ্গবাসীরা এখন যাহাকে গঙ্গা বলিয়া থাকেন, তাঁহারই প্রকৃত নাম ভাগীরথী। ভৌগোলিকের মতে ইহা মূল গঙ্গা নয়, গঙ্গার একটী শাখামাত্র। গৌড়নগরের দক্ষিণে গঙ্গা

হইতে এই শাখার উৎপত্তি। বর্ত্তমান মানচিত্রে দেখা যায়, গৌড়ের দক্ষিণ দিয়া পূর্ব্বমুখে গিয়া যে নদী পদ্মা নাম ধারণ করিয়া শেষে কীর্ত্তিনাশা নামে সাগরে মিলিত হইয়াছে, তাহাকেই প্রকৃত গঙ্গানদী বলিয়া বোধ হয়, এই জন্যই কৃত্তিবাস প্রভৃতি বঙ্গীয় কবিগণ গঙ্গাকে পদ্মার সহিত মিশাইয়া আবার গৌড়নগরের নিকট হইতে দক্ষিণদিকে গঙ্গাকে টানিয়া আনিয়াছেন। এরূপ করিবার তাৎপর্য্য কি? বোধ হয়, পূর্ব্বকালে এই গৌড়নগরের দক্ষিণে সাগরসঙ্গম ছিল, পরে গঙ্গার স্রোত ও সমুদ্র সরিয়া পড়ায় মূল গঙ্গা হইতে অনেক শাখা বাহির হইয়া কতক দক্ষিণ ও পূর্ব্বমুখী হয়। সমুদ্র সরিয়া যাওয়ায় ইহার মধ্যে যে বিস্তীর্ণ ভূভাগ পড়িয়া গেল, তাহাতেই বিস্তীর্ণ গাঙ্গেয় বদ্বীপের উৎপত্তি। যেরূপ ভূভাগ হইল, তাহাও পূর্ব্বে লিখিত হইয়াছে। এই অংশে গঙ্গার গতি প্রত্যহই অল্প অল্প পরিবর্ত্তন হইতেছে। ৫০ বর্ষ পূর্ব্বে যেখান দিয়া গঙ্গা প্রবাহিত হইত, এখন সেখানে আদৌ জল নাই। কিছুদিন পূর্ব্বে ঠিক যেখানে সাগরসঙ্গম ছিল, এখন সেখানে ভূভাগ।

২৪ পরগণার মধ্যে এইরূপ পরিবর্ত্তন প্রত্যক্ষ দেখা যায়। এখন যে কালীঘাটে ক্ষুদ্রাকার আদিগঙ্গা প্রবাহিত, এক সময় সেই স্থান দিয়া প্রভূতসলিলা বিস্তীর্ণা ভাগীরথী প্রবাহিত ছিল। এখনকার কালীঘাটের দক্ষিণে আর কিছুদূর গমন করিলে গঙ্গার গর্ভ ভিন্ন আর কোন নিদর্শন নাই। কিন্তু দুই শত বর্ষ পূর্ব্বেও সেই সকল স্থান দিয়া স্রোতস্বতী গঙ্গা প্রবাহিত ছিল। সাগরের সহিত এই গঙ্গার যোগ ছিল, বড় বড় নৌকা তাহার মধ্য দিয়া যাতায়াত করিত। তাহা বঙ্গীয় কবি কৃষ্ণরামের রায়মঙ্গলের নিম্নলিখিত কএকটী কবিতা পাঠ করিলেই জানিতে পারা যায়—

"গাঠের গাবর যত, বাহিতে বড়ই রত,
ছাড়াইল দুর্জ্জয় মগরা॥
গোজনা বাহিয়া চলে, কর্ণধার কুতূহলে,
ধামাই বেতাই কৈল পাছে।
সারি গায় জুড়ি জুড়ি, কাকদ্বীপ গজঘড়ি,
ছাড়াইল বণিকের রাজে॥
টীয়াখোল পাছুআন, গঙ্গাধারায় করি স্নান,
উপনীত হইল ছত্রভোগ॥
অম্বুলিঙ্গ মহাস্থান, নাহি যায় উপমান,
তথায় বন্দিল বিশ্বনাথ।
বাজে বাদ্য সুমধুর, বাহিয়া রাজাবিষ্ণুপুর,
জয়নগর করিল পশ্চাৎ॥
সঘনে দামামাধ্বনি, ভাবি রায় গুণমণি,
বড় ক্ষেত্র বাহিল আনন্দে।
বারাসতে উপনীত, হইয়া সাধু হরষিত,
পূজিল ঠাকুর সদানন্দে॥
রাহিল হাসুড়ি করি, চালাইল সপ্ততরি,
খলটী করিল পাছু আন।
দুই দুর্গাক্রমে * *, বাহিয়া হরিষে ডিঙ্গা,
বাজে কাড়া বরণ বিশাল॥
সাধুঘাটা পাছে করি, সূর্য্যপুর বাহে তরি,
চাপাইল বারুইপুরে আসি।
বিশেষ মহিমা বুঝি, বিশালক্ষ্মী দেবী পূজি,
বাহে তরি সাধু গুণরাশি॥
মালঞ্চা রহিল দূর, বাহিয়া কল্যাণপুর,
কল্যাণমাধব প্রণমিল।
বাহিলেক যত গ্রাম, কি কাজ করিয়া নাম,
বড়দহঘাটে উত্তরিল॥" (রায়মঙ্গল॥ ৪৯॥)

কালীঘাটের কিছুদূরে গিয়া আদিগঙ্গা অদৃশ্য হইলেও এখনও উক্ত স্থানবাসীগণ আপনাদিগকে গঙ্গাতীরবাসী বলিয়া পরিচয় দেন এবং গঙ্গাগর্ভ কাটাইয়া এখন যে সকল সরোবর হইয়াছে, তাহার জলও গঙ্গাতুল্য পবিত্র ভাবিয়া পূজাদি সকল কার্য্যে ব্যবহার করেন। এখন আদিগঙ্গা অর্থাৎ বঙ্গদেশের প্রকৃত গঙ্গা সাগরে মিলিত নাই। এ আদিগঙ্গার এইরূপ অপূর্ব্ব পরিবর্ত্তন দেখিয়া প্রসিদ্ধ স্মার্ত্ত রঘুনন্দন লিখিয়াছেন—"প্রবাহমধ্যে বিচ্ছেদেতু অন্তঃসলিলবাহিত্বান্ন দোষঃ। অন্যথা ইদানীং গঙ্গায়াঃ সাগরগামিত্বানুপপত্তেঃ।" (প্রায়শ্চিত্ততত্ত্ব)

এখন যেখানে গঙ্গার প্রবাহ নাই সেখানে গঙ্গা অন্তঃসলিলা এইরূপ স্বীকার করিলে কোন দোষ হয় না। না হইলে বর্ত্তমান সময়ে গঙ্গার সাগর গমন অসিদ্ধ হইয়া পড়ে।

৩ হিমালয়ের কন্যা। ৪ নদী। "সপ্তগাঙ্গং" সিং কৌং। ৬ শরীরস্থ ইড়া নাড়ী। "ইড়া ভগবতী গঙ্গা পিঙ্গলা যমুনা নদী।" (হঠযোগপ্রদীপিকা ৩।১১০)

গঙ্গাকা (স্ত্রী) গঙ্গা এব গঙ্গা-স্বার্থে কন্-টাপ্ আকারস্য বিকল্পেন হ্রস্বত্বম্ (অভাষিতপুংস্কাচ্চ। পা ৭।৩।৪৮) গঙ্গা।

গঙ্গাক্ষেত্র (ক্লী) গঙ্গায়াঃ ক্ষেত্রং ৬তৎ। গঙ্গার তীর হইতে উভয়পার্শ্বে দুইক্রোশ পর্য্যন্ত স্থান।

"তীরাদ্ গব্যূতিমাত্রন্তু পরিতঃ ক্ষেত্রমুচ্যতে।" (স্কন্দপু॰)

গঙ্গাগোবিন্দসিংহ, পাইকপাড়া-রাজবংশের প্রতিষ্ঠাতা ও সুপ্রসিদ্ধ ওয়ারেণ হেষ্টিংসের দেওয়ান। তাঁহার পিতার নাম গৌরাঙ্গ।

গঙ্গাগোবিন্দ উত্তররাঢ়ীয় কায়স্থসমাজে মান্যগণ্য কুলীন রাজা লক্ষ্মীধরের বংশে জন্মগ্রহণ করেন (১)। তিনি ১৭৬৯ খৃষ্টাব্দের পূর্ব্বে জ্যেষ্ঠভ্রাতা রাধাগোবিন্দসিংহের স্থলাভিষিক্ত হইয়া বঙ্গের নায়েব সুবাদার মহম্মদরেজা খাঁর অধীনে কানুনগোর কার্য্য করিতেন। মহম্মদরেজা খাঁ পদচ্যুত হইলে, গঙ্গাগোবিন্দেরও কর্ম্ম যায়। তিনি কলিকাতায় আসিয়া কার্য্যলাভের আশায় অবস্থান করিতে থাকেন। ক্রমে তিনি গবর্ণর হেষ্টিংসের সুনয়নে পড়িলেন। অতি অল্পদিন মধ্যেই কার্য্যদক্ষতা ও চতুরতাগুণে হেষ্টিংসের সকল কার্য্যের দেওয়ান হইলেন। কেহ কেহ বলেন, কান্তবাবুর যত্নেই গঙ্গাগোবিন্দ হেষ্টিংসের দেওয়ান হইয়াছিলেন।

দেওয়ান হইবার পর রাজস্ববিভাগের সমুদায় কর্ম্মের ভার তাঁহার উপর পড়িল। দেশীয় সকল ব্যক্তির নিকটই তিনি উৎকোচ লইতেন এবং তাঁহার হস্তে বড়লাট হেষ্টিংসও যথেষ্ট উৎকোচ পাইতেন। ১৭৭৫ খৃষ্টাব্দে মে মাসে উৎকোচ লওয়া অপরাধে তাঁহার কর্ম্ম যায়। হেষ্টিংস ও বারওয়ালের শত চেষ্টাতেও সেবার আর বহাল থাকিতে পারিলেন না।

কিন্তু শীঘ্রই তাঁহার ভাগ্য সুপ্রসন্ন হইল, মন্‌সন সাহেবের মৃত্যুর পর হেষ্টিংসের একাধিপত্য বাড়িল। তিনি আবার ১৭৭৬ খৃষ্টাব্দে ৮ই নবেম্বর গঙ্গাগোবিন্দকে দেওয়ানের পদে নিযুক্ত করিলেন। এবার আর গঙ্গাগোবিন্দকে পায় কে? দেশের শত শত জমিদার, শত শত তালুকদার ও জমিদারের নায়েব গোমস্তা নজর লইয়া করযোড়ে সর্ব্বদাই তাঁহার নিকট দণ্ডায়মান থাকিতেন। তখন এমন দশশালা বন্দোবস্ত ছিল না। কেবল পাঁচ বৎসরের মেয়াদী বন্দোবস্ত ছিল। সুতরাং মেয়াদ উত্তীর্ণ হইলে গঙ্গাগোবিন্দ যাহার সহিত ইচ্ছা তাহার সহিত বন্দোবস্ত করিতে পারিতেন। এই উচ্চ ক্ষমতা হাতে পাইয়া তিনি যেরূপ অত্যাচার, স্বদেশীর ও স্বজাতির যেরূপ অনিষ্ট করিয়া গিয়াছেন, তাহা আর বলিয়া শেষ করা যায় না। এই সময় তিনি কত শত ব্রহ্মত্র ও দেবত্র জমি অন্যায়পূর্ব্বক বাজেআপ্ত করিয়াছিলেন। তাঁহার প্রবল প্রতাপের সময়েই দিনাজপুরের রাজা ইহলোক পরিত্যাগ করেন, তাঁহার নাবালক পুত্রের রক্ষাভার গবর্ণমেণ্টের হাতে আসে। গঙ্গাগোবিন্দের যত্নে দেবীসিংহ সেখানকার কর্ম্মকর্ত্তা হইয়া গমন করেন। এই সময় দেবীসিংহ দিনাজপুররাজের কতক জমিদারী অন্যায় করিয়া লইয়া গঙ্গাগোবিন্দকে প্রদান করেন। এইরূপে অল্পদিন মধ্যেই গঙ্গাগোবিন্দ বঙ্গদেশ মধ্যে মান্যগণ্য একজন প্রধান ব্যক্তি হইয়া পড়িলেন। এমন কি রাজা কৃষ্ণচন্দ্র অবধি গঙ্গাগোবিন্দকে ভয় করিয়া চলিতেন। তিনি আপন জ্যেষ্ঠ পুত্রকে রাজা করিতে ইচ্ছা করিলে তাঁহার মধ্যম পুত্র তাহাতে বাধা দেন। এই সময় স্বয়ং মহারাজ কৃষ্ণচন্দ্র গঙ্গাগোবিন্দকে লিখিয়াছিলেন—

"দরবার অসাধ্য পুত্র অরাধ্য
কেবল ভরসা গঙ্গাগোবিন্দ।"

১৭৮১ খৃষ্টাব্দে কলিকাতায় একটী রাজস্বসমিতি (Committee of Revenue.) স্থাপিত হয়, এই সময় হইতে লর্ড কর্ণওয়ালিসের আগমনকাল পর্য্যন্ত রাজস্ববিভাগে গঙ্গাগোবিন্দই এক প্রকার সর্ব্বেসর্ব্বা হইয়া পড়িয়াছিলেন। উৎকোচপ্রিয় হেষ্টিংস্ গঙ্গাগোবিন্দের মত না লইয়া কোন কার্য্যই করিতেন না। এই সময় গঙ্গাগোবিন্দ নানাপ্রকার অন্যায় পথ অবলম্বন করিয়া প্রচুর অর্থ উপার্জ্জন করিয়াছিলেন। শুনা যায়, তিনি আপনার মাতৃশ্রাদ্ধে বার তের লক্ষ টাকা ব্যয় করিয়াছিলেন; সেরূপ মহাশ্রাদ্ধ বঙ্গদেশে আর কখনও হয় নাই। এই শ্রাদ্ধে বঙ্গদেশের সকল রাজা রাজড়া ও প্রধান জমিদারগণ উপস্থিত ছিলেন। সেই শ্রাদ্ধে কৃষ্ণনগরাধিপতি রাজা শিবচন্দ্র তাঁহার বাটীতে আহার করিতে বাধ্য হইয়াছিলেন। [কান্দী দেখ।]

হেষ্টিংস্ কর্ম্মত্যাগ করিয়া স্বদেশ যাত্রা করিলেন। গঙ্গাগোবিন্দও কর্ম্মচ্যুত হইলেন। প্রসিদ্ধ বাগ্মী এড্‌মণ্ড্ বার্ক যখন বিলাতে পার্লেমেণ্ট মহাসভায় হেষ্টিংসের বিপক্ষে বক্তৃতা করেন, সেই সময় তাঁহার মুখে গঙ্গাগোবিন্দের বিস্তর নিন্দাবাদ প্রকাশ পায়। গঙ্গাগোবিন্দ প্রথমে অনেক জমিদারের সর্ব্বনাশ করিলেও উত্তরকালে অনেক সৎকীর্ত্তি করিয়াও গিয়াছেন।

(১) উত্তররাঢ়ীয় কায়স্থগণের কুলাচার্য্যকারিকায় গঙ্গাগোবিন্দের পূর্ব্বপুরুষগণের পুত্রপৌত্রাদিক্রমে এইরূপ বংশাবলী পাওয়া যায়—১ম অনাদিবর সিংহ, ২ সূর্য্যধর, ৩ বিশ্বরূপ, ৪ বরাহ, ৫ ভৈরব, ৬ ভোমন, ৭ এমন, ৮ কায়স্থগুরু লক্ষ্মীবর, ৯ করাতিয়া ব্যাসসিংহ, ১০ বনমালী (কান্দীনিবাসী), ১১ কেশবসিংহ, ১২ রাজা বিনায়ক, ১৩ রাজা লক্ষ্মীধর, ১৪ রুদ্রসিংহ, ১৫ গণপতি, ১৬ মণ্ডন জীবধর, ১৭ লোহাগড়, ১৮ রামচন্দ্র, ১৯ উদয়, ২০ গৌরীবর, ২১ বিষ্ণুদাস, ২২ হরেকৃষ্ণ, ২৩ গৌরাঙ্গ, ২৪ রাধাকান্ত ও গঙ্গাগোবিন্দ, ২৫ প্রাণকৃষ্ণ, ২৬ কৃষ্ণচন্দ্র (প্রসিদ্ধ লালাবাবু।) গঙ্গাগোবিন্দের উপরিতন ১২শ পুরুষে রাজা লক্ষ্মীধর, ইনি উত্তররাঢ়ীয়কায়স্থ সমাজের একজন সভাপতি ছিলেন। রাজা লক্ষ্মীধরের অতিবৃদ্ধপিতামহ লক্ষ্মীবর উত্তররাঢ়ীয় কায়স্থসমাজে সমধিক সম্মানিত এবং "কায়স্থগুরু" নাম প্রাপ্ত হন।

গঙ্গাচিল্লী (স্ত্রী) গঙ্গাস্থিতা চিল্লী। চিল্লবিশেষ, গাংচিল। পর্য্যায়—দেবট্টী, বিশ্বকা, জলকুক্কুটী। (হারাবলী)

গঙ্গাজ (পুং) গঙ্গায়া জায়তে জন-ড। ১ ভীষ্ম।

"গঙ্গাজ! লঙ্কেশবনারিকেতুর্নগাহ্বয়ো নাম নগারিসূনুঃ।" (ভারত ৪।৩৯ অঃ) [ভীষ্ম দেখ।] ২ কার্ত্তিকেয়। [কার্ত্তিক দেখ।]

গঙ্গাজল (ক্লী) গঙ্গায়া জলং ৬তৎ। গঙ্গার জল।

গঙ্গাটেয় (পুং) গঙ্গাতটে যাতি যা ক পৃষোদরাদিবৎ তকার, লোপে সাধুঃ। মৎস্যবিশেষ, চলিত কথায় চিংড়ী বলে। পর্য্যায়—গলানীল। (ত্রিকাণ্ড) "গলানীল" স্থলে 'গলাবিল' পাঠও দৃষ্ট হয়।

গঙ্গাতীর (ক্লী) গঙ্গায়া স্তীরং ৬তৎ। গঙ্গার গর্ভ হইতে ১৫০ হাত পর্য্যন্তকে গঙ্গাতীর বলে।

"সার্দ্ধহস্তশতং যাবৎ গর্ভতস্তীরমুচ্যতে।" (দানধর্ম্ম)

গঙ্গাদত্ত (পুং) গঙ্গয়াদত্তঃ ৩তৎ। ১ ভীষ্ম।

"মৎপ্রসূতং বিজানীহি গঙ্গাদত্তমিমং সুতম্॥"(ভারত ১।৯৮অঃ)

২ সুভাষিত-বলী ধৃত একজন প্রাচীন সংস্কৃত কবি। ৩ চাতুর্বর্ণ্য, বিচার নাম গ্রন্থপ্রণেতা।

গঙ্গাদিত্য (পুং) কাশীস্থ বিশ্বেশ্বরের দক্ষিণে স্থিত আদিত্য-বিশেষ। ইঁহাকে দর্শন করিলে সকল পাপ বিনষ্ট হয়।

"গঙ্গাদিত্যোঽস্তি তত্রান্যো বিশ্বেশাদ্দক্ষিণে স্থিতঃ।"

(কাশীখণ্ড ৫১ অঃ।)

গঙ্গাদাস, ১ ছন্দোগোবিন্দ নামক সংস্কৃত গ্রন্থপ্রণেতা। ২ উক্ত ছন্দোগোবিন্দ নামক গ্রন্থপ্রণেতার শিষ্য, গোপালদাসের পুত্র, অচ্যুতচরিতকাব্য ও ছন্দোমঞ্জরী নামক গ্রন্থকার। ৩ বেদান্তদীপিকা প্রণেতা। ৪ বাক্যপদী নামক ব্যাকরণ-রচয়িতা। ৫ পোবিয়ের পুত্র, অপর নাম জ্ঞানানন্দ, ইনি সংস্কৃত ভাষায় তিলকখণ্ডপ্রশস্তি রচনা করেন।

গঙ্গাদ্বার (ক্লী) গঙ্গায়া ভূম্যবতরণদ্বারং ৬তৎ। ইহার অপর নাম মায়াপুরী, ইহা হরিদ্বার নামেই বিখ্যাত। এই স্থানে গঙ্গা ভারতবর্ষে প্রবেশ করিয়াছেন। কাহারও মতে এই স্থানে দক্ষযজ্ঞ হয়। ঋষিগণ সর্ব্বদা এই স্থানে বাস করিতেন। [হরিদ্বার দেখ]

গঙ্গাধর (পুং) গঙ্গাং ধরতি ধৃ-অচ্ উপপদস°। ১ শিব। সূর্য্যবংশীয় ভগীরথের প্রার্থনায় শিব মাথায় গঙ্গাকে ধারণ করিয়াছিলেন বলিয়া ইহার গঙ্গাধর নাম হইয়াছে।

গঙ্গাধর, ১ একজন প্রাচীন কোষকার। গদসিংহ ও রমানাথ কর্ত্তৃক "গঙ্গাধরকোষ" উদ্ধৃত হইয়াছে।

২ একজন প্রাচীন মাধ্যন্দিনীয় শাখাধ্যায়ী স্মার্ত্ত পণ্ডিত, রামাগ্নিহোত্রের পুত্র। ইনি অনেক সংস্কৃত গ্রন্থ প্রণয়ন করেন, তন্মধ্যে এই কয়খানি পাওয়া যায়—

কাত্যায়নসূত্রটীকা, কাত্যায়নশুল্বসূত্রভাষ্য, আধানপদ্ধতি, পাকযজ্ঞপদ্ধতি, প্রয়োগপদ্ধতি, স্মার্ত্তপদার্থসংগ্রহপদ্ধতি, সংস্কারপদ্ধতি।

৩ কাঠকাহ্নিক নামে গৃহ্যসংগ্রহকার।

৪ ইন্দুপ্রকাশ নামে শব্দেন্দুশেখরের টীকাকার।

৫ একজন উণাদিবৃত্তিকার।

৬ আচারতিলক নামক স্মৃতিসংগ্রহকার।

৭ চন্দ্রমানতন্ত্র নামে জ্যোতিঃশাস্ত্রকার।

৮ কায়স্থোৎপত্তি ও চাতুর্বর্ণ্যবিবরণ নামে সংস্কৃত গ্রন্থকার।

৯ তর্কদীপিকার একজন টীকাকার।

১০ তিথিনির্ণয় ও সর্ব্বলিঙ্গসন্ন্যাসনির্ণয়প্রণেতা এবং দায়-ভাগের একজন টীকাকার।

১১ দেবতার্চ্চনবিধিরচয়িতা।

১২ ন্যায়কুতূহল ও ন্যায়চন্দ্রিকাপ্রণেতা।

১৩ নির্ণয়মঞ্জরী নামক গ্রন্থকার।

১৪ একজন বিখ্যাত বৈয়াকরণ, ইনি সংস্কৃত ভাষায় ব্যাকরণ-পরিভাষা, বৃত্তদর্পণ নামে ছন্দোগ্রন্থ ও শব্দপাঠ রচনা করেন।

১৫ প্রতিষ্ঠাচিন্তামণি ও প্রতিষ্ঠানির্ণয় নামক গ্রন্থকার।

১৬ বদরিকামাহাত্ম্যসংগ্রহরচয়িতা।

১৭ যোগরত্নাবলীপ্রণেতা।

১৮ ভাস্বতীর একজন টীকাকার।

১৯ রসপদ্মাকর নামে অলঙ্কারশাস্ত্ররচয়িতা।

২০ বসুমতীচিত্রাসন নামে সংস্কৃত কাব্যকার।

২১ বিধিরত্ন নামে ধর্ম্মশাস্ত্রকার।

২২ বিশ্বেশ্বরস্তুতিপারিজাত নামে গ্রন্থকার।

২৩ বেদান্তশ্রুতিসারসংগ্রহ নামে দর্শনশাস্ত্ররচয়িতা।

২৪ চিদ্রূপাশ্রমরচিত ব্যাকরণদীপের 'ব্যাকরণপ্রভা' নামে টীকাকার।

২৫ 'শাকুনীপ্রশ্ন' নামে একখানি শকুনশাস্ত্রপ্রণেতা।

২৬ ষোড়শকর্ম্মপদ্ধতি ও সংস্কারভাস্কর নামে সংগ্রহকার।

২৭ সঙ্গীতরত্নাকরের 'সঙ্গীতসেতু' নামে টীকাকার।

২৮ একজন নৈয়ায়িক পণ্ডিত, ইনি সামগ্রীবাদ নামে ন্যায়গ্রন্থ প্রণয়ন করেন।

২৯ সূর্য্যশতকের এক টীকাকার।

৩০ স্মার্ত্তপদার্থসংগ্রহ ও স্মৃতিচিন্তামণিরচয়িতা।

৩১ ডাহলরাজ কর্ণের সভাস্থ একজন কবি, বিহ্লণ ইঁহাকে কবিত্বে পরাজয় করেন। (বিক্রমাঙ্কচরিত ১৮।৯৬)

৩২ অপর নাম লক্ষ্মীধর। জম্বুসরোনগরবাসী দিবাকরের পৌত্র, গোবর্দ্ধনের পুত্র ও বিষ্ণুর কনিষ্ঠ ভ্রাতা। ইনি অনেক সংস্কৃত গ্রন্থ রচনা করেন, তন্মধ্যে এই কয়খানি পাওয়া যায়—

গ্রহলাঘববিবৃতি, তাজিকরত্ন, পঞ্চপক্ষীপ্রকাশ, পাটীলীলাবতীবিবেক, পরাশরপদ্ধতি, বর্ষফলতন্ত্র ও অঙ্কামৃতসাগরী নামে লীলাবতীর টীকা।

৩৩ ভৈরবদৈবজ্ঞের পুত্র, ইনি প্রশ্নভৈরব ও মুহূর্ত্তভৈরব নামে জ্যোতিঃশাস্ত্র রচনা করেন।

৩৪ রামচন্দ্রের পুত্র ও যাজ্ঞিকনারায়ণের ভ্রাতা। ১৬০৬ খৃষ্টাব্দে স্তম্ভতীর্থে বিদ্যমান ছিলেন। ইনি অনেক সংস্কৃত গ্রন্থ রচনা করেন, তন্মধ্যে এই কয়খানি পাওয়া যায়—প্রকৃতিবিকৃতিযাগকালবিবেক, প্রবাসকৃত্য, সর্ব্বতোমুখপদ্ধতি।

৩৫ শিবপ্রসাদের পুত্র, সেতুসংগ্রহ নামে মুগ্ধবোধের টীকাকার।

৩৬ একজন প্রসিদ্ধ সংস্কৃত গ্রন্থকার। বীরেশ্বর মহাড়করের পৌত্র, সদাশিবের পুত্র এবং অদ্বৈতানন্দ যতির শিষ্য। ১৭৬২ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন। ইনি অনেক সংস্কৃত গ্রন্থ রচনা করেন, তন্মধ্যে এই কয়খানি পাওয়া যায়—

আরামাদিপ্রতিষ্ঠাপদ্ধতি, গঙ্গাস্তোত্র, তর্কচন্দ্রিকা, তীর্থকাশিকা, তৈত্তিরীয়সারার্থচন্দ্রিকা, ধ্যানবল্লরী, নামকৌমুদী, নারায়ণতত্ত্ববাদ, প্রপঞ্চসারবিবেক, ভাবসারবিবেক, মণিকর্ণিকাস্তোত্র, মন্ত্রবল্লরী, মন্ত্রমহোদধিটীকা, রামস্তুতি, বিষ্ণুসহস্রনাম, শারীরকসূত্রসারার্থচন্দ্রিকা।

গঙ্গাধর কবিরাজ, বঙ্গের একজন অসাধারণ পণ্ডিত। ১২০৫ বঙ্গাব্দে (১৭২০ শকাব্দ) ২৫এ আষাঢ় কৃষ্ণপক্ষীয় অষ্টমী তিথিতে যশোর জেলার মাগুরা গ্রামে গঙ্গাধর জন্মগ্রহণ করেন। তাঁহার পিতার নাম কবিরাজ ভবানীপ্রসাদ রায়। গঙ্গাধর ৫ম বৎসর বয়স কালে জন্মভূমিস্থ গোপীকান্ত চক্রবর্ত্তীর নিকট বিদ্যারম্ভ করিয়া ১০ম বর্ষ পর্য্যন্ত তাঁহার নিকট শিক্ষালাভ করেন। সেই চক্রবর্ত্তী মহাশয় ছাত্রের মেধা ও স্বভাব চরিত্র দেখিয়া বিস্মিত হইয়া ভবানীপ্রসাদকে বলেন, "গঙ্গাধর বিখ্যাত কবিরাজ এবং পণ্ডিত হইবে।" গোপীকান্তের সুলক্ষণ পরীক্ষার যে বিশেষশক্তি ছিল বলা বাহুল্য। তৎপরে গঙ্গাধর তাঁহার পিতৃস্বস্রেয় নন্দকুমার সেনের নিকট মুগ্ধবোধ ব্যাকরণের কিয়দংশ পাঠ করেন এবং অবশিষ্ট মাণিক্যচন্দ্র বিদ্যাসাগরের নিকট সমাধা করেন। তৎপরে ঐ যশোরের বারুইখালি গ্রাম নিবাসী রামরত্নচূড়ামণির নিকট অভিধান, অলঙ্কার, কাব্য ইত্যাদি পাঠ করেন। পরে প্রায় ১৮ বৎসর বয়ঃক্রম কালে রাজশাহীর (বৈদ্য) বেলঘরিয়া গ্রামনিবাসী রামকান্ত সেনের নিকট আয়ুর্ব্বেদীয় চরকাদি গ্রন্থ পাঠ করেন। তাঁহার পাঠ্যাবস্থায় নিয়ম ছিল, প্রত্যহ ১০পাঁতা পুথি পাঠ লইতেন এবং তাহা অভ্যাস করিয়া মনে দৃঢ়াঙ্কিত করণার্থ এবং লিপিকার্য্যে পটুতা সম্পাদনার্থ প্রত্যহ সেই ১০ পাতা লিপিবদ্ধ করিতেন। এই লিখন পঠনের মধ্যে রামকান্ত-অধ্যাপকের অন্যান্য ছাত্রগণকে ব্যাকরণ, অভিধান, সাহিত্যাদির পাঠ দিতেন। এই সময়ে মুগ্ধবোধ ব্যাকরণের একখানি টীকা করিয়াছিলেন।

এই স্থানে আয়ুর্ব্বেদের পাঠ সমাপ্তি করিয়া নাটোর নগরে গমন করেন, তথায় তাঁহার পিতা কবিরাজ ভবানীপ্রসাদ রায়, নাটোর মহারাজের প্রধান চিকিৎসক ছিলেন। সেই সময়ে নাটোর রাজধানীতে একজন লব্ধনামা প্রসিদ্ধ অধ্যাপক আসিয়াছিলেন। তিনি গঙ্গাধরের বাল্যাবস্থায় লিখিত টীকার কিয়দংশ পাঠ করিয়া ভবানীপ্রসাদকে বলেন, "ইহা অতি প্রাচীন টীকা কোথায় পাইলেন? এ টীকা প্রচার নাই।" ইহা শুনিয়া ভবানীপ্রসাদ একটু হাসিলেন। তাহাতে অধ্যাপক মহা বিরক্ত হইলেন দেখিয়া হাস্যের প্রকৃত কারণ প্রকাশ করিলেন। উহা তাঁহার সন্তানের প্রণীত শুনিয়া অধ্যাপক অবাক্ হইলেন এবং গঙ্গাধরকে বহু আশীর্ব্বাদ করিলেন। গঙ্গাধর নাটোরে পিতার নিকট অল্প দিন থাকিয়াই কলিকাতা গমন করেন। তখন কলিকাতা ইংরাজী বিদ্যার নবানুরাগে অন্ধ, এবং পাশ্চাত্য ডাক্তারীর বিশেষ পক্ষপাতী, সুতরাং তথায় তাঁহার বিদ্যাবর্দ্ধন ও ব্যবসায় বিস্তারের বিশেষ সুবিধা বুঝিলেন না। মুর্শিদাবাদ প্রাচীন রাজধানী, দুর্দ্দশাগ্রস্ত হইলেও প্রাচীনত্বে বহু অধ্যাপকের বাস, সংস্কৃতের চর্চ্চা এবং আয়ুর্ব্বেদোক্ত চিকিৎসার সমাদর প্রচুর আছে শুনিয়া সেখানে সৈদাবাদে আগমন করেন। তখন তাঁহার বয়স ২১ বৎসর।

গঙ্গাধর সেই অল্প বয়সে প্রধান প্রধান চিকিৎসক ও অধ্যাপকের সহিত বাদানুবাদ দ্বারা স্বীয় মত স্থাপন করায় এবং বহুবিধ উৎকট রোগগ্রস্তকে আরোগ্য করায় নানা স্থানে বহুদেশে তাঁহার খ্যাতি প্রতিপত্তির পরিচয় হইতে লাগিল।

ইনি বাল্যকালে পাঠ্যাবস্থায় মুগ্ধবোধের যে টীকা প্রণয়ন করেন, যে টীকা দেখিয়া একজন প্রসিদ্ধ অধ্যাপক নাটোরে অমিত প্রশংসা করেন, সেই টীকার শ্লোক সংখ্যা ১০ সহস্র। তৎপরে বোপদেব গোস্বামী তাঁহার মুগ্ধবোধের যে অংশ শেষ করিয়া যান নাই, সেই অংশ সমাধা করিয়া (পূর্ব্বোক্ত টীকা ব্যতীত) সমগ্র মুগ্ধবোধের পুনরায় টীকা করেন। ব্যাকরণের এই দুইখানি টীকাই তাঁহার বিদ্যা, বুদ্ধির প্রথম, অদ্বিতীয় ও অদ্ভুত কীর্ত্তি। প্রথম টীকার শ্লোক সংখ্যা ১০ সহস্র এবং দ্বিতীয়ের সংখ্যা তদপেক্ষা অধিক।

ঐ সময়ে তিনি দুইখানি মহাকাব্য লেখেন, একখানির নাম "লোকালোকপুরুষীয়," অপরখানির নাম "দুর্গবধ-কাব্য।" তাঁহার ব্যাকরণাদি পাঠ শেষ হইলে আয়ুর্ব্বেদ পাঠকালেও যে পুরাণাদি বহু গ্রন্থানুশীলন করিতেন, উল্লিখিত দুইখানি কাব্যরচনাই তাহার প্রমাণ।

বুদ্ধিমান্ ও মেধাবী ব্যক্তি যে দিকে বুদ্ধিচালনা করে, তাহাতেই পারদর্শিতা এবং উন্নতিপ্রদর্শনে সমর্থ হইতে পারে। গঙ্গাধর চিত্রবিদ্যারও সেবা করিয়া যথাযথ কৃতকার্য্য হইয়াছিলেন। দেবদেবীর মূর্ত্তি গঠনেও তাঁহার সুপটুতা ছিল। তাঁহার পিতা দুর্গোৎসব করিতেন, কোন বৎসর প্রতিমানির্ম্মাতার মৃত্যু হইলে সে বৎসরের প্রতিমা গঙ্গাধর নিজেই নির্ম্মাণ করিয়াছিলেন।

চরকসংহিতার চক্রদত্তকৃত একখানি টীকা আছে। চক্রদত্ত কেবল চিকিৎসাস্থানের কথা লইয়া যথাসাধ্য ব্যাখ্যা করিয়াছেন, দর্শনঘটিত স্থানসমূহের কোন কথাই লেখেন নাই। কিন্তু গঙ্গাধর বিশদরূপে সমস্ত চরকের ব্যাখ্যা এবং পূর্ব্ব টীকাকারের যে যে স্থানে দোষ লক্ষিত হইয়াছে, তৎসমুদায় সংশোধন করিয়া ষাইট্ হাজার শ্লোকে চরকসংহিতার "জল্পকল্পতরু" নামে টীকা প্রণয়ন করিয়াছেন।

তিনি উপরোক্ত গ্রন্থ ব্যতীত তৈত্তিরীয় প্রভৃতি তিনখানি উপনিষদের ভাষ্য, শারীরকসূত্রব্যাখ্যান, ঈশ্বরীগীতা ও ভগবদ্গীতাব্যাখ্যান; সাংখ্য, ন্যায়, বৈশেষিক ও পাতঞ্জলদর্শনের ভাষ্য, গোভিলগৃহ্যসূত্রের ভাষ্য, অগ্নিপুরাণোক্ত আয়ুর্ব্বেদের ভাষ্য, অগ্নিপুরাণোক্ত অলঙ্কার অবলম্বন করিয়া প্রাচ্যপ্রভা নামে অলঙ্কারশাস্ত্র, কৌমার ব্যাকরণের ব্যাখ্যা, পাণিনির কাত্যায়নবার্ত্তিকের উদ্ধার নামে বৃত্তি, শাণ্ডিল্য-সূত্রব্যাখ্যা, মনুসংহিতার প্রমাদভঞ্জনী নামে টীকা, পরাশর যাজ্ঞবল্ক্য প্রভৃতি সংহিতার চূর্ণক, ত্রিকাণ্ডশব্দশাসন ও ত্রিসূত্র-ব্যাকরণ নামে পদ্যে দুইখানি ব্যাকরণ, কুসুমাঞ্জলির টীকা, শিখণ্ডীপ্রাদুর্ভাব নামে আখ্যায়িকা, হর্ষোদয় নামে চিত্রকাব্য, চৈতন্যাষ্টক, গোবর্দ্ধনবর্ণন, রাধাকৃষ্ণবর্ণন ও ভাগবতবিচার প্রভৃতি সর্ব্বশুদ্ধ ৪০খানি সংস্কৃত গ্রন্থ প্রণয়ন করেন।

গঙ্গাধর শ্রীমদ্ভাগবতকে ব্যাসদেবপ্রণীত মহাপুরাণ বলিয়া স্বীকার করেন নাই, এই জন্য নিজ মত রক্ষার্থ শাস্ত্রীয় ও যুক্তিমূলক প্রমাণ দিয়া একখানি বাঙ্গালা গ্রন্থ প্রণয়ন করেন। এই গ্রন্থখানির জন্যই বৈদ্যকুলতিলক গঙ্গাধর বৈষ্ণবসম্প্রদায়ের বিষনয়নে পড়েন। এই জন্যই বিষ্ণুদ্বেষী বলিয়া কেহ কেহ তাঁহার নিন্দা করিতেন। তিনি দেব ও ধর্ম্মসম্বন্ধীয় কথাবার্ত্তায় মহাদেবের প্রাধান্য স্থাপনে প্রয়াস পাইতেন। তাই অনেকের বিশ্বাস তিনি শৈব ছিলেন। বাস্তবিক তিনি বিষ্ণুদ্বেষী ছিলেন না, তৎকৃত গোবর্দ্ধনবর্ণন ও রাধাকৃষ্ণবর্ণনই তাহার প্রমাণ। তাঁহার অন্তিমকালে পরিচয় হইল যে তিনি মহাশক্তির উপাসক।

সময়ে সময়ে তিনি সামাজিক বিষয়েরও অনেক অনুশীলন করিতেন। তিনি "বহুবিবাহরাহিত্য" "বিধবাবিবাহ প্রতিষেধ" ইত্যাদি সম্বন্ধে কএকখানি বাঙ্গালা পুস্তক প্রকাশ করেন। তিনি অম্বষ্ঠ জাতিকে ব্রাহ্মণ করিবার চেষ্টাও করিয়াছিলেন। বৈদ্যজাতীয় অনেক ব্যক্তি তাঁহার মতানুসারে প্রায়শ্চিত্ত করিয়া যজ্ঞোপবীত ধারণ করিয়াছেন।

১২৯২ সালে (১৮৮৫ খৃষ্টাব্দে) ১৯এ জ্যৈষ্ঠ সুপ্রসিদ্ধ গঙ্গাধর কবিরাজ মূত্রকৃচ্ছ্র রোগে গঙ্গাগর্ভে প্রাণত্যাগ করেন। মৃত্যুর পূর্ব্বদিনে নিজের নাড়ীর গতি অনুভব করিয়া ও জ্যোতিষশাস্ত্রের গণনায় স্থির বুঝিয়া বলিয়াছিলেন, "আগামী কল্য আমি কেবল গঙ্গাজল পান করিয়া থাকিব। কারণ কল্য ৩৩ দণ্ড পরে আমার নিশ্চয় মৃত্যু হইবে।"

মরণের পূর্ব্বে "আমার চরক" কেবল এই কথাটী বলিতে না বলিতে তাঁহার কণ্ঠরোধ হয়, চরক সম্বন্ধে তাঁহার হৃদয়ের শেষ অভিলাষ আর ব্যক্ত করিতে পারিলেন না। যাহা হউক, চরকের টীকাই তাঁহার অক্ষয়কীর্ত্তি, এই জন্য সমস্ত বৈদ্যসমাজ তাঁহার নিকট চিরঋণে আবদ্ধ।

গঙ্গাধরক্বাথ (পুং) ঔষধবিশেষ। কাঁচড়াশাক, দাড়িম, জাম, পানীফল, বেলশুঁঠ, বালা, মুতা ও শুঁঠ ক্বাথ প্রস্তুত করিবার প্রণালীতে ইহাদের ক্বাথ করিয়া সেবন করিলে জলের ন্যায় ভেদ হইলে তাহাও প্রশমিত হয়।

গঙ্গাধরচূর্ণ (ক্লী) গঙ্গাধরাখ্যং চূর্ণং মধ্যলো°। জীর্ণাতিসাররোগনাশক ঔষধবিশেষ। ইহার প্রস্তুতপ্রণালী—ধাইফুল, আমলকী, পয়োধর (কেশুর), আকনাদি, শোনাক, যষ্টিমধু, শ্রী (বিল্ব), জম্বু ও আম্রবীজ, শুঁট, বিষ, বালা, লোধ, কুটজ ইহাদের প্রত্যেক সমভাগে ভাল করিয়া চূর্ণ করিয়া মিশাইবে। ইহাকে গঙ্গাধরচূর্ণ বলে। চাউল ধোয়া জলের সহিত এই ঔষধ সেবন করিলে জীর্ণাতিসার রোগের প্রতীকার হয়। (বৈদ্যক)

গঙ্গাধর চক্রবর্ত্তী, বঙ্গদেশীয় একজন স্মার্ত্ত পণ্ডিত। ইনি শ্রাদ্ধতত্ত্বভাবার্থদীপিকা রচনা করেন।

গঙ্গাধরদেব, উড়িষ্যার একজন রাজা। [উৎকল দেখ]

গঙ্গাধরনাথ, রসসারসংগ্রহ নামে বৈদ্যক গ্রন্থকার।

গঙ্গাধর ভট্ট, ১ বিকৃতিকৌমুদী নামে জটাপটলের টীকাকার।

২ ভাট্টচিন্তামণি নামে মীমাংসাসূত্রের টীকাকার।

৩ হালরচিত সপ্তশতীর সপ্তশতকভাবলেশপ্রকাশিকা নামে টীকাকার।

গঙ্গাধর যতি, একজন বিখ্যাত বৈদান্তিক। রামচন্দ্র সরস্বতীর শিষ্য, সর্ব্বজ্ঞ সরস্বতীর প্রশিষ্য এবং যোগবাশিষ্ঠতাৎপর্য্য-প্রকাশরচয়িতা আনন্দবোধেন্দ্র সরস্বতীর গুরু। ইনি গঙ্গাধর ভিক্ষু, গঙ্গাধর সরস্বতী অথবা গঙ্গাধরেন্দ্রযতি নামেও আপনার পরিচয় দিয়াছেন। ইনি অনেক সংস্কৃত গ্রন্থ রচনা করেন, তন্মধ্যে এই কয়খানি পাওয়া যায়—

চন্দ্রিকোদ্ধার নামে বেদান্তসিদ্ধান্তচন্দ্রিকার টীকা, প্রণব-কল্পপ্রকাশ, বেদান্তসিদ্ধান্তমঞ্জরী ও প্রকাশ নামে তাহার টীকা, সাম্রাজ্যসিদ্ধি ও মোক্ষ নামে তাহার টীকা, সিদ্ধান্ত-সংগ্রহ ও তাহার টীকা, স্বারাজ্যসিদ্ধি ও কৈবল্যকল্পদ্রুম নামে তাহার টীকা। শেষোক্ত গ্রন্থখানি ১৮২৭ খৃষ্টাব্দে রচিত হয়।

গঙ্গাধর বাজপেয়িন্, অবৈদিকদর্শনসংগ্রহ ও রসিকরঞ্জিনী নামে অলঙ্কারশাস্ত্ররচয়িতা।

গঙ্গাধর শর্ম্মা, মুগ্ধবোধের একজন প্রসিদ্ধ টীকাকার।

গঙ্গাধরশাস্ত্রী, কৃষ্ণরাজচম্পূপ্রণেতা। ইহার কার্য্যদক্ষতা দেখিয়া বরদার রাজ্যপরিচালক (Regent) ও গাইকোবাড়ের ভ্রাতা ফতেসিং ইহাকে নিজের প্রধান কর্ম্মচারীরূপে নিযুক্ত করেন। চতুরবুদ্ধি ও দক্ষতায় সন্তুষ্ট হইয়া রেসিডেণ্ট লেফ্‌টেনাণ্ট কর্ণেল ওয়াকার ইহাকে বরদার প্রধানমন্ত্রী পদ প্রদান করেন। ১৮১৪ খৃষ্টাব্দে পেশবা বাজীরাও পুণার গাই-কোবাড়ের এজেণ্টে গোলযোগ হওয়ায় ইনি স্থিত হিসাব নিকাশ দিবার জন্য পুণা যাত্রা করিলেন। গাইকোবাড় পেশবার চরিত্র ও বিশ্বাসঘাতকতায় সন্দিগ্ধ হইয়া বৃটীশ গবর্ণমেণ্টকে মধ্যস্থ করেন। গঙ্গাধর পুণায় পৌঁছিলে পেশবা তাঁহাকে সমাদরে আহ্বান করিলেন ও কিছুদিন তাঁহাকে পুণায় থাকিবার জন্য অনুরোধ করিলেন। পরে ১৮১৫ খৃষ্টাব্দে জুলাই মাসে পেশবা পুরন্দরপুরে তীর্থযাত্রা করিলে গঙ্গাধরকেও সঙ্গে লইয়া যান। তথায় ১৪ই জুলাই সায়ংকালে ত্রিম্বকজী পেশবার সহিত সাক্ষাৎ করিবার জন্য তাঁহাকে বিথোবার মন্দিরে লইয়া গেলেন। আরাধনান্তে গঙ্গাধর পেশবার সহিত সাক্ষাৎ করিলেন। অনন্তর যখন তিনি বাসায় প্রত্যাগত হইতেছেন, এমন সময়ে পথে ত্রিম্বকজী কর্ত্তৃক রক্ষিত গুপ্তহত্যাকারীর হস্তে নিহত হন।

গঙ্গাধরসরস্বতী [গঙ্গাধর যতি দেখ]

গঙ্গাধরসূনু, রাঘবাভ্যুদয় নামক সংস্কৃত কাব্যপ্রণেতা।

গঙ্গাধরেন্দ্র [গঙ্গাধর যতি দেখ]

গঙ্গাপত্রী (স্ত্রী) গঙ্গাবৎ পবিত্রং পত্রমস্যাঃ বহুব্রী। ততঃ ঙীপ্। বৃক্ষবিশেষ, ইহার পত্র অতিশয় সুগন্ধি। চলিত কথায় গন্ধপত্রা বা পচাপাতা বলে। ইহার পর্য্যায়—পত্রী, সুগন্ধা, গন্ধপত্রিকা। ইহার গুণ কটু, উষ্ণ, বাতনাশক ও ব্রণের ক্ষতশোধনকারী। (রাজনি°)

গঙ্গাপালঙ্গ (পুং) বনপালঙ্গশাক, বনপালঙ। (বৈদ্যক)

গঙ্গাপুত্র (পুং) গঙ্গায়াঃ পুত্রঃ ৬তৎ। ১ ভীষ্ম। ২ কার্ত্তিক। ৩ বর্ণসঙ্কর জাতিবিশেষ। চলিত কথায় মুরদাফরাস বলে। ব্রহ্মবৈবর্ত্তপুরাণের মতে লেট জাতীয় পুরুষের ওরসে ও তীবর জাতীয় কন্যার গর্ভে এই জাতির প্রথমে উৎপত্তি হয়।

"লেটাৎ স্ত্রীবরকন্যায়াং গঙ্গাপুত্র ইতি স্মৃতঃ।" (ব্রহ্মখণ্ড)

ইহারা সর্ব্বদা গঙ্গাতীরে থাকিয়া মৃতের সৎকারে সাহায্য করে বলিয়া উহাদের নাম গঙ্গাপুত্র হইয়াছে।

৪ কাশী প্রভৃতি স্থানে গঙ্গাতীরে কোন ক্রিয়া করিতে হইলে যে ব্রাহ্মণ তাহা সম্পন্ন করায় তাহাকেও গঙ্গাপুত্র কহে। ইহারা তীর্থযাত্রীদিগকে দেখাইয়া দেয় যে তীর্থাদির কোন্ স্থানে কি কি ক্রিয়া করিতে হয়। সেখানে তীর্থযাত্রিগণ গঙ্গাপুত্রকে জিজ্ঞাসা না করিয়া কোন ধর্ম্মকর্ম্ম করেন না। গঙ্গাস্নানের সময় গঙ্গাপুত্র অগ্রে যাত্রীদিগের হস্তে কুশ ও গঙ্গাজল দিয়া মন্ত্র বলিতে থাকেন। তাহার পর সকলে গঙ্গাস্নান করেন। স্নানের পর সকল যাত্রীর কপালে চন্দ-নের ফোটা দেন। যাত্রীরা তখন তাহাকে অর্থাদি দিয়া বিদায় করেন। কাশীতে গঙ্গার ঘাটে গঙ্গাপুত্রগণের স্ব স্ব স্থান নির্দ্দিষ্ট আছে। সেই স্থানে যে যাত্রী আসিবে তাহাকে সেই গঙ্গাপুত্র অধিকার করিবে। অনেক ব্রাহ্মণও গঙ্গাপুত্রদের কাজ করিয়া থাকেন। গঙ্গাপুত্রগণ অন্য অন্য ব্রাহ্মণ অপেক্ষা নিম্নশ্রেণীর। ধর্ম্মকার্য্য উদ্দেশে ইহারা যাত্রী-দিগের অনেক অর্থ শোষণ করিয়া লয়। পাণ্ডাদিগের সহিত ইহাদের আদান প্রদান চলে।

৩ পাটনীদিগের উপাধি।

গঙ্গাপুর, ১ রাজপুতানার অন্তর্গত জয়পুররাজ্যের একটী নগর। ইহার জনসংখ্যা ৫৮৮০। ২ সারণ জেলার অন্তর্গত একটী নগর। ইহার জনসংখ্যা ২৬৬৬।

(গাঙ্গপুর) ৩ ছোটনাগপুর বিভাগের অন্তর্গত একটী করদ-রাজ্য। অক্ষা° ২১° ৪৭´৫´´ ও ২২° ৩২´২০´´ উঃ, দ্রাঘি° ৮৫° ১০´১৫´´ ও ৮৫° ৩৪´৩৫´´ পূঃ মধ্যে অবস্থিত। ইহার উত্তরে লোহারডাঙ্গা ও যশপুর করদরাজ্য, দক্ষিণে বোনাই, সম্বলপুর ও বামড়া, পূর্ব্বে সিংহভূম ও পশ্চিমে মধ্যভারতের অন্তর্গত রায়গড় প্রদেশ। ইহার ক্ষেত্রফল ২৪৮৫ বর্গমাইল। ইহাতে ৬০১টী গ্রাম আছে। লোকসংখ্যা লক্ষাধিক হইবে। গাঙ্গপুর

রাজ্য একটী সমতল অধিত্যকা, সমুদ্রপৃষ্ঠ হইতে ৪৬৬ হস্ত উচ্চ। মধ্যে পাহাড় ও উচ্চ গিরিশৃঙ্গ দেখিতে পাওয়া যায়। ছোটনাগপুরের উচ্চ ভূমি হইতে গাঙ্গপুরের ভূমি ক্রমশঃ ঢালু হইয়া আসিয়াছে। দক্ষিণে মহাবীরপর্ব্বতশ্রেণী। এই পর্ব্বতের অধিষ্ঠাত্রী দেবতাকে ভূঁইয়া প্রভৃতি জাতিগণ বিশেষ ভক্তি করে। পর্ব্বতের নিম্নভাগে একটী সর ঝা কুঞ্জবন আছে। উহাতে লোকে পূজা দিয়া আসে। গাঙ্গপুরের পাহাড়ের মধ্যে মউ নামক পাহাড় ১২৯০ হাত, নদিয়াবীর ৯৭০ হাত, বিলপাহাড়ী ৮৮৮ হাত ও সাতপাহাড়ী ৯৯৪ হাত উচ্চ। গাঙ্গপুরে কএকটী নদীও আছে। ইব নামক নদী যশপুর হইতে বাহির হইয়া সম্বলপুরে গিয়া মহানদীতে মিশিয়াছে। লোহারডাঙ্গা হইতে শঙ্খনদী ও সিংহভূম হইতে দক্ষিণে কোয়েল নদী আসিয়া গাঙ্গপুরে পূর্ব্বভাগে মিশিয়া ব্রাহ্মণী নামধারণ করিয়া কটকজেলার মধ্য দিয়া প্রবাহিত হইয়াছে। যে স্থানে কোয়েল ও শাখা মিশিয়াছে, তাহা অতি রমণীয় স্থান। প্রবাদ আছে, এই স্থানে মহর্ষি পরাশরের সহিত মৎস্যগন্ধার মিলন হয়। বর্ষাকালে এই সকল নদী দিয়া নৌকাদি গমনাগমন করে। ইব নদীর বালুকা মধ্যে সময় সময় হীরকখণ্ড ও স্বর্ণকণা পাওয়া যায়। ঝোড়াগণ্ড জাতি বালুকাধৌত করিয়া স্বর্ণ বাহির করিয়া থাকে। গাঙ্গপুরের দক্ষিণ হিঙ্গির প্রদেশে পাথুরে কয়লার স্তর দেখা গিয়াছে, কিন্তু এ পর্য্যন্ত তাহা খনন করা হয় নাই। রাঁচি হইতে সম্বলপুরে যাইবার পথে স্থানে স্থানে চূণাপাথর দেখিতে পাওয়া যায়।

হিঙ্গির বিভাগে শালবন আছে। এই বন হইতে শালকাষ্ঠ কাটিয়া মহানদী দিয়া অনায়াসে আনা যাইতে পারে। জঙ্গলের মধ্যে লাক্ষা, তসর, রেশম, রজন, খয়ের প্রভৃতি পাওয়া গিয়া থাকে। এতদ্ব্যতীত নানাপ্রকার গাছগাছড়া ও ঔষধ পাওয়া যায়। বন্যভূমি ব্যতীত অনেকস্থান পতিত রহিয়াছে, তাহাতে কেহ শস্য উৎপাদন করে না। বন মধ্যে ব্যাঘ্র, চিতাবাঘ, নেকড়েবাঘ, বন্যকুক্কুর, বাইসন ও মহিষ প্রভৃতি অনেক দেখা যায়। বর্ষাকালে নদীতে সর্পের কিছু আধিক্য হয়। হাঁটিয়া নদী পার হইবার সময় নাকি এই সকল সর্প লোকের পা জড়াইয়া ধরে, পরে তাহাকে ডুবাইয়া দিয়া মস্তকের ঘৃত ভক্ষণ করে।

গাঙ্গপুরের ভূমি উর্ব্বরা। ইব নদীর উপত্যকা বিশেষ শস্যশালী। এখানে চাউল, ইক্ষু, সরিষা, তিসি ও তামাক জন্মিয়া থাকে। তামাক অল্প জন্মে, কিন্তু যাহা হয়, তাহা অতি উৎকৃষ্ট। ইক্ষু প্রচুর, গুড়ও উৎকৃষ্ট। অনেক দূরের লোকে এই গুড় আদর করিয়া লইয়া যায়। দেশে দ্রব্যাদি সুলভ। কৃষকদিগের অবস্থাও ভাল। এখানকার রাজা ও জমিদারগণ প্রজাদিগকে প্রথম তিনবৎসর বিনা খাজানায় বাস করিতে দেন। তাহার পর বাৎসরিক ১৷৷০ টাকা করিয়া খাজানা দিতে হয়। অনেক জমি চাকরাণ বিলি আছে। জমির দখলের জন্য সৈনিকবৃত্তি করিতে হইত, কিছু কিছু খাজানাও দিতে হইত। এখন খাজানাও দিতে হয়, চাকরিও করিতে হয়। রাজা যখন কোথাও গমন করেন, গ্রামের মণ্ডলগণ নায়করূপে ও সাধারণ প্রজা পাইকরূপে তাঁহার সহিত গমন করে। এই সময়ে কতক লোক বন্দুক ও কতক টাঙ্গি ও তীর ধনুক লইয়া চলে। দ্রব্যাদি মহার্ঘ হওয়াতে পূর্ব্বে যে হারে খাজানা লওয়া হইত, এখন অন্যান্যবাবে প্রজাকে পূর্ব্বহারের প্রায় দ্বিগুণ দিতে হয়। কিন্তু লোকে তাহাকে খাজানা বৃদ্ধি বলিয়া মনে করে না। খাজানার হিসাব স্বতন্ত্র থাকে। অন্যান্যবাবে যাহা দিতে হয়, তাহাকে 'মাঙ্গন' বলিয়া থাকে। পাইক্গণ নায়ককে খাজানা দেয়।

আর একপ্রকার প্রজা আছে, তাহাদিগকে গাঁওতিয়া কহে। ইহাদিগকে রাজসরকারে কোন কর্ম্ম করিতে হয় না। তিন হইতে পাঁচবৎসরের জন্য ইহাদিগের সহিত বন্দোবস্ত করিতে হয়। ইহারা গ্রামকে গ্রাম লইয়া প্রজা বিলি করে। কতক জমি 'বগরা' বা লাখেরাজ করিয়া নিজেরা রাখে। রাইয়তদিগের নিকট হইতে খাজানার টাকা আদায় হইয়া বরং লাভ হইয়া থাকে। মিয়াদ ফুরাইলে নূতন পাট্টা লইবার সময় গাঁওতিয়াকে সেলামী স্বরূপ কিছু টাকা দিতে হয়। গাঁওতিয়াগণের সহিত সাধারণ প্রজার অপর কোন সম্বন্ধ নাই। তবে গাঁওতিয়াগণের যে বগরা বা লাখেরাজ জমি থাকে, তাহার আবাদের জন্য প্রজাকে সাহায্য করিতে হয়। যে জমিতে ফসল হয়, গাঁওতিয়াদিগকে তাহার জন্য বিঘা প্রতি তিন আনা খাজানা দিতে হয়। এই বিঘার পরিমাণ জমির দৈর্ঘ্যপ্রস্থ মাপ করিয়া হয় না। বীজ বোনা হইলে তাহা দেখিয়া একটা আন্দাজ করিয়া লওয়া হয়। জন্ম, মৃত্যু ও বিবাহ উপলক্ষে রাজবাটীতে 'মাঙ্গন' দিতে হয়। গাঁওতিয়াগণ প্রায়ই ব্রাহ্মণ, গোয়ালা, তেলি বা আগরিয়াজাতীয় লোক।

গাঙ্গপুরের স্থানে স্থানে গ্রাম্যদেবতা আছেন। তাঁহাদের পূজার জন্য পুরোহিত আছেন। উহারা কালো, বৈগা, জাকর অথবা পাহন নামে অভিহিত। তাহারা প্রায়ই অনার্য্য জাতীয় লোক। সম্মানে গাঁওতিয়া বা

নায়ক হইতে নিম্ন। সীমা লইয়া বিবাদ হইলে তাহারা মিটাইয়া দেয়। নিকটস্থ বন ও পর্ব্বতের অধিষ্ঠাত্রী দেবতাগণকে তাহারাই পরিতুষ্ট করে। কাহাকেও ডাইনে খাইলে, অথবা কাহাকেও কেহ যাদু করিলে তাহার বিচারের ভার উক্ত পুরোহিতের প্রতি অর্পিত হয়। কথিত আছে, ইংরাজ আমলের পূর্ব্বে সুয়াদি নামক স্থানের কালীমন্দিরে তিনবৎসরান্তর নরবলি হইত।

রাজার খাসে যে যে গ্রাম আছে সেখানে নায়কগণ পাইকের সাহায্যে পুলিসের কার্য্য করে। গাঁওতিয়াগ্রামে গাঁওতিয়ারা গোরাইত বা চৌকিদারের সাহায্যে পুলিসের কার্য্য করিয়া থাকেন।

পূর্ব্বে গাঙ্গপুর মহারাষ্ট্রদিগের অধিকারে ছিল। ১৮০৩ খৃষ্টাব্দে দেবগাঁর সন্ধিপত্রানুসারে নাগপুরের রাজা রঘুজী ভোন্‌স্লা এই রাজ্যটী ইংরাজদিগকে অর্পণ করেন। ১৮০৬ খৃষ্টাব্দে ইংরাজেরা আবার তাঁহাকে প্রত্যর্পণ করেন। মধুজী ভোন্‌স্লা বা আপাসাহেবের সহিত ১৮১৮ খৃষ্টাব্দে ইংরাজদিগের যে সন্ধি হয়, তাহাতে কিছুদিনের জন্য এই রাজ্য ইংরাজ গবর্ণমেণ্টের হস্তে আসে। শেষ ১৮২৬ খৃষ্টাব্দের সন্ধিতে ইহা একেবারে ইংরাজ গবর্ণমেণ্টকে অর্পণ করা হয়। মুসলমান, মহারাষ্ট্র অথবা ইংরাজ যাহার হস্তেই থাকুক গাঙ্গপুরে একজন অধীনস্থ রাজা অনেক কাল হইতে আছেন। কথিত আছে, উড়িষ্যায় কেশরীবংশের কোন ব্যক্তি আসিয়া এখানে রাজত্ব করিতেন। ক্রমে তাঁহার বংশ লোপ পাইলে শিখরভূমি বা পঞ্চকোটের ক্ষত্রিয়-রাজবংশের একটী শিশু সন্তান চুরি করিয়া আনিয়া গাঙ্গপুরের রাজপদে অভিষিক্ত করা হয়। ১৮৭৭ খৃষ্টাব্দে দুইজন ডাইনীকে বিনাশ করিয়াছিলেন বলিয়া রাজা রঘুনাথশিখর ইংরাজ আদালতে অভিযুক্ত হইয়া পদচ্যুত হন। রাঁচিতে তাঁহাকে গ্রেপ্তার করিয়া রাখা হয়। রাণী রাজকার্য্য পরিচালন করেন। দেওয়ানী ও ফৌজদারী কার্য্য গাঙ্গপুরের দুইজন জায়গীরদারের প্রতি অর্পিত হয়। ইব নদীর তীরে সুয়াদি নামক স্থানে রাজভবন। কএকটী চালা ঘর লইয়া রাজবাটী। তন্মধ্যে একটী চালায় বিচারকার্য্য সম্পন্ন হয়।

অধিবাসীগণের মধ্যে ভূঁইয়াগণই প্রধান। ইহাদের সংখ্যা প্রায় পনর হাজার হইবে। দেশের আদিম অধিবাসী বলিয়া ইহারা গ্রাম্যদেবতাগণের পূজা করিবার অধিকারী। ভিলিয়ায় ভগবান্ মাঝি ইঁহাদের মধ্যে প্রধান ব্যক্তি। রাজা সিংহাসনে প্রতিষ্ঠিত হইবার সময় এই বংশের লোক রাজাকে তিলক দান করিয়া থাকে।

গণ্ড ও ঝোড়া জাতিও এখানে অনেক। ঝোড়ি শব্দে ক্ষুদ্র নদী বুঝায়। ঝোড়াগণ এই সকল নদীতে স্বর্ণ ও হীরক আহরণ করে। গণ্ডদিগের মধ্যে ভংলংএর গরহোতিয়ারাই প্রধান। এখানকার ওরাওনেরা ছোটনাগপুর হইতে আসিয়াছে। তাহারা কৃষিকার্য্য করিয়া থাকে। কন্ধজাতির সংখ্যা অল্প।

গাঙ্গপুরে আগরিয়া বা আগুরিদিগের সংখ্যা প্রায় চারিহাজার। ইহারাই সম্পত্তিশালী, কৃষি ইহাদের জীবিকা। আগুরিদিগের স্ত্রীলোকেরা পরমা সুন্দরী। সাধারণ লোকের বিশ্বাস ঐ রমণীরা যাদুবিদ্যা ও বশীকরণ মন্ত্র জানে, তাহাতে সকলকে ইহারা মুগ্ধ করিতে পারে।

গঙ্গাপ্রাপ্তি (স্ত্রী) গঙ্গায়াঃ প্রাপ্তিঃ ৬তৎ। ১ গঙ্গালাভ বা গঙ্গায় গমন। চলিত কথায় গঙ্গাপ্রাপ্তি বলিলে মৃত্যুও বুঝাইয়া থাকে।

গঙ্গাভট্ট, একজন বিখ্যাত স্মার্ত্তপণ্ডিত। ইঁহার রচিত আধানপদ্ধতি, আপস্তম্বপ্রয়োগসার, ধর্ম্মপ্রদীপ ও সময়নয় নামক সংস্কৃত গ্রন্থ পাওয়া যায়।

গঙ্গাভাস্কর, শকুনাবলী নামে গ্রন্থপ্রণেতা।

গঙ্গাম্ভস্ (ক্লী) গঙ্গায়া অম্ভঃ জলং ৬তৎ। গঙ্গাজল।

"যদ্যকার্য্যশতং কৃত্বা কৃতং গঙ্গাবগাহনম্।
সর্ব্বং দহতি গঙ্গাম্ভস্তলরাশি মিবানলঃ।" (বরাহ)

গঙ্গাযাত্রা (স্ত্রী.) গঙ্গামুদ্দিশ্য যাত্রা। গঙ্গার উদ্দেশে যাত্রা, মুমূর্ষু ব্যক্তির প্রাণত্যাগার্থ গঙ্গাতীরে গমন। স্থানবিশেষে মুমূর্ষুর সদ্গতির জন্য পঞ্চবটী প্রভৃতি পবিত্র স্থানে গমনকেও গঙ্গাযাত্রা বলিয়া থাকে।

গঙ্গাযাত্রিন্ (ত্রি) গঙ্গাযাত্রা অস্ত্যর্থে ইনি। যাহারা গঙ্গাতীরে যাইবার জন্য যাত্রা করিয়াছে।

গঙ্গারাম, ১ একজন বিখ্যাত সংস্কৃত জ্যোতির্বিদ্। ইনি ভাবফল, যুদ্ধজয়োৎসব ও রত্নদ্যোতনামে জ্যোতিগ্রন্থ প্রণয়ন করেন।

২ ন্যায়কুতূহল নামে ন্যায়গ্রন্থরচয়িতা।

৩ ভক্তিরসাব্ধিকণিকা নামে গ্রন্থপ্রণেতা।

৪ গোবর্দ্ধনসপ্তশতীর একজন টীকাকার।

গঙ্গারাম জড়িন্, একজন বিখ্যাত নৈয়ায়িক। নারায়ণের পুত্র ও নীলকণ্ঠের শিষ্য। ইনি তর্কামৃতচষক ও তাহার টীকা, দিনকরীখণ্ডন, নৌকারসতরঙ্গিণীব্যাখ্যা, রসমীমাংসা ও তাহার টীকা প্রণয়ন করেন।

গঙ্গারামদাস, একজন বিখ্যাত কবিরাজ, ভবানীদাস কবিরাজের শিষ্য। ইনি সংস্কৃত ভাষায় শরীরবিনিশ্চয়াধিকার নামে একখানি বৈদ্যক গ্রন্থ রচনা করেন।

গঙ্গালাভ (পুং) গঙ্গায়া লাভঃ প্রাপ্তিঃ ৬তৎ। গঙ্গাপ্রাপ্তি, গঙ্গা পাওয়া, গঙ্গার গর্ভে জ্ঞানপূর্ব্বক প্রাণত্যাগ।

গঙ্গাযাত্রিক (ত্রি) ১ যে রোগীকে গঙ্গাযাত্রা করাইবার উপযুক্ত। ২ যোগাদি উপলক্ষে যাহারা গঙ্গাস্নানার্থ গমন করে। (পুং) ৩ গঙ্গাদেবীর উৎসব।

গঙ্গালহরী (স্ত্রী) গঙ্গায়া লহরী ৬তৎ। ১ গঙ্গার তরঙ্গ। ২ প্রসিদ্ধ পণ্ডিত জগন্নাথ তর্কপঞ্চানন প্রণীত গঙ্গাস্তব।

গঙ্গাবংশ, দক্ষিণাপথের এক প্রবল প্রাচীন রাজবংশ। এই বংশ সময়ে সময়ে কলিঙ্গ, মহিসূর, উৎকল, শিবসমুদ্র, উম্মত্তুর প্রভৃতি স্থানে রাজত্ব করিতেন। কেরলের উত্তরাংশে ইহারাই কোঙ্গু নামে প্রসিদ্ধ ছিলেন। [কোঙ্গু ও চের দেখ।]

কদম্বরাজ মৃগেশবর্ম্মার সময়ের খোদিত শিলাফলক পাঠে জানা যায় যে তিনি খৃষ্টীয় ৬ষ্ঠ শতাব্দীতে গঙ্গাবংশীয় রাজগণকে পরাস্ত করিয়াছিলেন। আবার দেবগিরি হইতে প্রাপ্ত তাম্রশাসনপাঠে বোধ হয় যে, উপরোক্ত কদম্বরাজের পূর্ব্বে ও রাজা কৃষ্ণবর্ম্মা গাঙ্গেয়রাজ মাধব (২য়)কে নিজভগিনী সম্প্রদান করেন।

খৃষ্টীয় নবম শতাব্দে পূর্ব্বচালুক্যরাজ্যে অরাজক হওয়ায় গঙ্গাবংশীয় রাজগণ আবার প্রবল হইয়া উঠিয়াছিলেন। খৃষ্টীয় দশম শতাব্দে এই বংশের আধিপত্য বৃদ্ধি হয়। এই সময়ে গঙ্গাবংশীয় জয়বর্ম্মদেব ও তৎপুত্র অনন্তবর্ম্মদেবই (৯৮৫ খৃঃ অঃ) প্রধান। কলিঙ্গের গঙ্গাবংশীয় রাজগণ অতি প্রাচীন, চালুক্যরাজগণের অভ্যুদয়ে ইঁহাদের প্রতাপ কতকটা খর্ব্ব হয়।

কেশরীবংশের অবসানে ১১৩২ খৃষ্টাব্দে গঙ্গাবংশীয় চোরগঙ্গা উৎকলে রাজত্ব করিতে থাকেন, ইনিই উৎকলের প্রথম গঙ্গাবংশীয় রাজা। ১৫৩৪ খৃষ্টাব্দে এই বংশের অবসান হয়।

গঙ্গাবলী, উত্তর কানাড়ার গঙ্গাবলীনদীর মোহানাস্থিত একটী বন্দর। অক্ষা° ১৪° ৩৬´ উঃ, দ্রাঘি ৭৪° ২১´ পূঃ। এখানে বাহাদুরী কাষ্ঠের আড়ং আছে। গঙ্গাদেবীর মন্দিরের জন্য এই স্থান প্রসিদ্ধ ও হিন্দুর একটী তীর্থ বলিয়া গণ্য।

গঙ্গাবাই, একজন বিখ্যাত মহারাষ্ট্রমহিলা, পেশবা নারায়ণরাওর পত্নী। ১৭৭৩ খৃষ্টাব্দে ৩০এ আগষ্ট কতকগুলি সৈন্য বেতন পায় নাই বলিয়া ক্রোধে উন্মত্ত হইয়া অষ্টাদশ বর্ষীয় নারায়ণরাওকে খুন করে। লোকের বিশ্বাস রঘুনাথরাও বা রাঘবার উত্তেজনাতেই এই কাণ্ড ঘটে। কেহ বলেন, রঘুনাথের পত্নী আনন্দ বাইয়ের কৌশলেই এই নিষ্ঠুর কার্য্য সাধিত হয়। [নারায়ণরাও দেখ।] নারায়ণরাওর মৃত্যুর পর রঘুনাথরাও পেশবার হইয়া বহিঃশত্রুর সহিত যুদ্ধবিগ্রহে ব্যাপৃত হইলেন। রঘুনাথের অনেকগুলি প্রধান ব্যক্তি নানা অছিলায় যুদ্ধস্থল হইতে পুনরায় ফিরিয়া আসিলেন। সখারাম বাপু, ত্রিম্বকরাও মামা, নানা-ফড়নবিস্, মোরোবা ফড়নবিস্, বজাবা পুরন্ধর, আনন্দরাও জিবাজী, হরিপন্তফড়কে প্রভৃতিকে লইয়া পুণায় একটী মন্ত্রিসভা গঠিত হইল, তন্মধ্যে নানা-ফড়নবিস্ ও হরিপন্তফড়কে প্রধান। তাঁহারা রঘুনাথের বিপক্ষ। অল্পদিন মধ্যেই প্রকাশ হইল যে, নারায়ণরাওর মৃত্যুর পূর্ব্বে তদীয় পত্নী গঙ্গাবাই গর্ভবতী হইয়াছেন। পাছে কেহ তাঁহার অনিষ্ট করে, সেইজন্য মন্ত্রীগণ পরামর্শ করিয়া তাঁহাকে পুরন্ধরে পাঠাইবার বন্দোবস্ত করিলেন। ১৭৭৪ খৃষ্টাব্দে ৩০এ জানুয়ারি, নানা-ফড়নবিস্ ও হরিপন্তফড়কে গঙ্গাবাইকে পুরন্ধরে লইয়া গেলেন। সদাশিবরায়ের বিধবা প্রভাবতী সাধারণের শ্রদ্ধাস্পদ ছিলেন। তাঁহাকে গঙ্গাবাইয়ের সঙ্গে পাঠান হইল। পুরন্ধরের দুর্গ ১১৩২ হস্ত উচ্চ একটী পর্ব্বতোপরি অবস্থিত। পুরন্ধরের দুর্গে লইয়া যাওয়ার নানা কারণ আছে। পুণার চারিদিকে শত্রুপক্ষীয় লোক। সেজন্য বিধবা গঙ্গাবাইয়ের উপর অনিষ্টপাতের আশঙ্কা ছিল। গঙ্গাবাইয়ের নিকটে কএকটী সদ্যপ্রসূতা পুত্রবতী রমণীকে রাখিয়া দেওয়া হয়। গঙ্গাবাইয়ের যদি পুত্রসন্তান হয়, আর গঙ্গাবাইয়ের স্তনে যদি যথেষ্ট দুগ্ধ না জন্মে, তাহা হইলে ইহাদের স্তন্যদুগ্ধে বালকের জীবনরক্ষা হইবে। আর যদি গঙ্গাবাইয়ের গর্ভে কন্যাসন্তান জন্মে, তাহা হইলে গোপনে অন্যের পুত্রসন্তান গঙ্গাবাইয়ের কন্যার সহিত পরিবর্ত্তন করিয়া লওয়া হইবে। গঙ্গাবাইয়ের গর্ভে পুত্রসন্তান জন্মিলে সেই প্রকৃত পেশবা হইবে। তাহা হইলে রঘুনাথরাওর ক্ষমতা খর্ব্ব হইবে। মন্ত্রিগণ এই পুত্রের আশায় নির্ভর করিয়া গঙ্গাবাইয়ের নামে পেশবার কার্য্য চালাইতে লাগিলেন।

রঘুনাথরাও কর্ণাটে ছিলেন। তথায় তিনি এই সকল সংবাদ পাইয়া পুণাভিমুখে যাত্রা করিলেন। পথে একটী যুদ্ধে তাঁহার জয় হয়। কিন্তু তিনি পুণা অভিমুখে না আসিয়া উত্তরাভিমুখে গমন করিলেন। ১৭৭৪ খৃষ্টাব্দে ১৮ই এপ্রেল, শুনিলেন যে গঙ্গাবাইয়ের পুত্রসন্তান জন্মিয়াছে। রঘুনাথ মলবারে গমন করিলেন। গঙ্গাবাইয়ের পুত্র ৪০ দিনের হইলে সেই শিশুই মাধবরাও নারায়ণ বা মধুরাও নারায়ণ নামে অভিহিত হইয়া পেশবার পদে অভিষিক্ত হইলেন। ইনি পরে সভাই মাধবরাও নামে অভিহিত হইয়াছিলেন।

মাধবরাও জন্মসময়ে রামুসিদিগের অত্যাচারে বিষম উৎপীড়িত হন। রামুসির দলে অশ্বারোহী সেনা ছিল। উহারা বণিকবেশে গমন করিয়া হায়দ্রাবাদ ও বেরারে লুণ্ঠন

করিত। জেজুরির দাদাজী তাহাদের অধিনায়ক। দাদাজী এক ব্রাহ্মণকন্যার ধর্ম্ম নষ্ট করেন। সেই ব্রাহ্মণকন্যা পুরন্ধরে গঙ্গাবাইয়ের নিকট আপন অবস্থা জানাইয়া বলেন যে, তাহার অপমানে সমস্ত ব্রাহ্মণের অপমান হইয়াছে। এমন কি গঙ্গাবাইয়েরও সম্মানের ক্ষতি হইয়াছে। যখন তাহার ধর্ম্ম গিয়াছে, তখন আর কি লইয়া জীবন ধারণ করিবে। এই বলিয়া ব্রাহ্মণী সবলে আপন জিহ্বা টানিয়া বাহির করিয়া ফেলিলেন। রমণীর অনতিবিলম্বেই মৃত্যু হইল। গঙ্গাবাই দেখিয়া স্তম্ভিত হইলেন। তিনি প্রতিজ্ঞা করিলেন যে, দাদাজী রামুসি জীবিত থাকিতে তিনি জলগ্রহণ করিবেন না। মন্ত্রিগণ তাঁহাকে শান্ত করিবার চেষ্টা করিলেন। কিন্তু তিনি কিছুতেই শান্ত হইলেন না। মন্ত্রিগণ দাদাজীকে নিহত করাই স্থির করিলেন। কোন বিশেষ প্রয়োজন আছে বলিয়া তাঁহাকে ডাকাইয়া পাঠাইলেন। দাদাজী নিজমুখেই স্বীকার করেন যে তিনি ১১০০টী ডাকাতী করিয়াছেন। যাহা হউক দাদাজী অনতিবিলম্বে নিহত হইলেন।

এদিকে মন্ত্রিবর্গের মধ্যে মতবৈষম্য উপস্থিত হইল। গঙ্গাবাই নানাফড়নবিস্‌কে কিছু অধিক ভালবাসিতেন। নানার পরামর্শ মত গঙ্গাবাই চলিতেন। কিন্তু মন্ত্রিবর্গের মধ্যে পরস্পর মিল হইল না। গঙ্গাবাইও তাহাতে উৎকণ্ঠিত হইলেন। তাঁহার বিপক্ষেরা বলে, (১৭৭৭ খৃষ্টাব্দে সেপ্টেম্বর মাসে) ফড়নবিসের সহিত অবৈধ প্রণয়ে তাঁহার গর্ভসঞ্চার হয়। এই কথা পাছে প্রকাশ হয়, সেই জন্য বিষপ্রয়োগে গঙ্গাবাই আত্মহত্যা করেন।

গঙ্গাবতার (পুং) গঙ্গায়া অবতারঃ ব্রহ্মলোকাদ্ ভূমৌ পতনমত্র বহুব্রী। ১ তীর্থবিশেষ, গঙ্গাদ্বার। গঙ্গায়া অবতারঃ ৬তৎ। ২ ব্রহ্মলোক হইতে পৃথিবীতে গঙ্গার অবতরণ।

"ভগীরথ ইব দৃষ্ট গঙ্গাবতারঃ।" (কাদম্বরী।)

গঙ্গাসাগর (পুং) গঙ্গয়া সম্মতঃ সাগরঃ মধ্যলো°। যে স্থানে গঙ্গা সাগরের সহিত মিলিত হইয়াছেন। পৌষসংক্রান্তি দিনে ঐ স্থানে অনেক তীর্থযাত্রীর সমাগম হইয়া থাকে। এই স্থানে দান ধ্যান করিলে অনন্ত ফল হয়। ইহার নিকটে একটী কপিলাশ্রম আছে।• (মৎস্য ২২।১১, বৃহন্নীলতন্ত্র ২০।) [গঙ্গা ও সাগরসঙ্গম দেখ।]

গঙ্গাসুত (পুং) গঙ্গায়াঃ সুতঃ ৬তৎ। ১ ভীষ্ম। ২ কার্ত্তিকেয়।

গঙ্গাস্নান (ক্লী) গঙ্গায়াং স্নানং ৭তৎ। গঙ্গায় অবগাহন।

গঙ্গাস্নায়িন্ (ত্রি) গঙ্গায়াং স্নাতি স্না-ণিনি। যে ব্যক্তি গঙ্গাস্নান করে।

গঙ্গাহ্রদ (পুং) গঙ্গায়া হ্রদ ইব। ১ ভারতপ্রসিদ্ধ স্বস্তিপুরের মধ্যবর্ত্তী একটী কূপ। এই কূপে সর্ব্বদাই তিন কোটি তীর্থ অবস্থান করে। ইহাতে স্নান করিলে চরমে স্বর্গপ্রাপ্তি হইয়া থাকে। (ভারত ৩।৮৩ অঃ।)

২ কোটিতীর্থের অন্তর্গত একটী তীর্থ। ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া এই তীর্থে স্নান করিলে রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞের ফল হইয়া থাকে। (ভারত ৩।৮৩ অঃ)

গঙ্গয়া হ্রদঃ ৬তৎ। ৩ গঙ্গার হ্রদ।

গঙ্গিকা (স্ত্রী) গঙ্গা-স্বার্থে কন্-টাপ্ ইত্বঞ্চ। গঙ্গা।

গঙ্গিরু, উ° প° প্রদেশে মুজফরনগর জেলার অন্তর্গত একটী নগর। অক্ষা° ২৯°১৮´৬´´ উঃ, দ্রাঘি° ৭৭°১৫´৩০´´ পূঃ। এই নগরটী অতি প্রাচীন, অনেক ইষ্টকনির্ম্মিত বাটীর ভগ্নাবশেষ পড়িয়া আছে। নগরের পূর্ব্ব দিয়া একটী খাল গিয়াছে। লোকসংখ্যা প্রায় ছয় হাজার।

গঙ্গুক (পুং) কঙ্গুক পৃষোদরাদিবৎ নিপাতনে সাধুঃ। কঙ্গু, ধান্যবিশেষ, চলিত কথায় কাউনি বলে। (সুশ্রুতসূত্র ২০অঃ)

গঙ্গেশ, ১ গঙ্গেশোপাধ্যায় নামে বিখ্যাত। অপর নাম গঙ্গেশ্বর। একজন অসাধারণ নৈয়ায়িক, তত্ত্বচিন্তামণি নামক প্রসিদ্ধ ন্যায়গ্রন্থরচয়িতা।

নবদ্বীপের কোন কোন নৈয়ায়িক বলিয়া থাকেন, "বঙ্গদেশে অতি দরিদ্র ব্রাহ্মণের ঘরে গঙ্গেশ জন্ম গ্রহণ করেন। বাল্যকালে গঙ্গেশের পিতা তাঁহার লেখাপড়া শিক্ষার জন্য অনেক চেষ্টা করেন, কিন্তু তাহাতে গঙ্গেশের কিছুই হইল না। পিতা নিতান্ত দুঃখিত হইয়া গঙ্গেশকে তাঁহার মাতুলালয়ে পাঠাইয়া দিলেন। গঙ্গেশের মাতুল একজন ভাল পণ্ডিত ছিলেন, তাঁহার অনেক ছাত্র ছিল। মাতুল ও তাঁহার ছাত্রগণ অনেক চেষ্টা করিয়াও গঙ্গেশকে একখানি ব্যাকরণ পড়াইতে পারিলেন না, তাহাতে সকলেই তাঁহার লেখাপড়ার আশা একপ্রকার পরিত্যাগ করেন। গঙ্গেশ মাতুলালয়ে সহাধ্যায়িগণের তামাক সাজিয়া অতি দীনভাবে কালযাপন করিতে লাগিলেন। একদিন রাত্রিযোগে একজন ছাত্র আসিয়া গঙ্গেশকে অনেক ডাকাডাকি করিয়া তুলিয়া তামাক সাজিতে হুকুম করিল। গঙ্গেশ ভয়ে ভয়ে চক্ষু মুছিতে মুছিতে তামাক সাজিল, কিন্তু আগুন পাইল না। মাতুলালয়ের সম্মুখে এক বিস্তীর্ণ প্রান্তর। সেই ঘোরা রজনীতে সেই প্রান্তরের মধ্যে আগুন জ্বলিতেছিল। ছাত্র অনেক ধমক্ দিয়া সেই প্রান্তর হইতে গঙ্গেশকে আগুন আনিতে পাঠাইল। গঙ্গেশ ভয়ে কাঁদিতে কাঁদিতে আগুন আনিতে আসিল। কিন্তু সেখানে যাহা

দেখিল, তাহাতে তাঁহার আত্মপুরুষ উড়িয়া গেল। একটা মৃতদেহের উপর বসিয়া এক যোগী তখন শবসাধনা করিতেছে। গঙ্গেশ যোগীর পদে বিলুণ্ঠিত হইলেন। যোগী গঙ্গেশের মুখে তাঁহার আসিবার কারণ ও দুরবস্থার কথা জানিতে পারিলেন। তিনি গঙ্গেশকে সঙ্গে করিয়া লইয়া চলিলেন। তাঁহারই অনুগ্রহে মূর্খ গঙ্গেশ অল্পদিন মধ্যে অনেক শিখিয়া ফেলিলেন।

এদিকে সকলে জানিল যে গঙ্গেশ আর ইহজগতে নাই, তাঁহাকে ভূতে খাইয়াছে। মাতুল মহাশয়ও নিশ্চিন্ত হইলেন। কিন্তু কিছুদিন পরে গঙ্গেশ অকস্মাৎ মাতুলালয়ে আসিয়া উপস্থিত! তাঁহাকে দেখিয়া সকলেই আশ্চর্য্য হইল। কিন্তু গঙ্গেশ কাহারও কাছে কোন কথা প্রকাশ করিলেন না। মাতুল তাঁহাকে গোরু বলিয়া গালি দিলেন। গঙ্গেশ তদুত্তরে কহিলেন—

"কিং গবি গোত্বং কিমগবি গোত্বং
যদি গবি গোত্বং ময়ি নহি তত্বম্।
অগবি চ গোত্বং যদি ভবদিষ্টং
ভবতি ভবত্যপি সম্প্রতি গোত্বম্।"

গোত্ব যদি গোতে হয়, তবে আমি তাহা নই। আর যদি গো ভিন্ন গোত্ব সম্ভব, তবে একথা এখন সকলেই খাটিতে পারে।

উত্তর শুনিয়া মাতুল অবাক্! সেইদিন হইতেই গঙ্গেশ 'চূড়ামণি' বলিয়া প্রসিদ্ধ!"

উপরোক্ত জনশ্রুতি কিছুমাত্র সত্য বলিয়া বোধ হয় না। গঙ্গেশ বঙ্গদেশবাসী নহেন, যখন বঙ্গের নবদ্বীপে ন্যায়ের টোল ছিল না, বাসুদেব সার্ব্বভৌম ও তাঁহার গুরু পক্ষধর-মিশ্র যখন আবির্ভূত হন নাই, তাহারও অনেক পূর্ব্বে গঙ্গেশোপাধ্যায় প্রাদুর্ভূত হন। তিনি মিথিলাবাসী ছিলেন কিনা, তাহাও নিঃসন্দেহে বলিবার উপায় নাই। তবে তাঁহার গ্রন্থ পাঠ করিলে তাঁহাকেই নব্যন্যায়ের জন্মদাতা বলিলেও অত্যুক্তি হয় না।

তাঁহার অক্ষয়কীর্ত্তি তত্ত্বচিন্তামণি, উহা 'ন্যায়তত্ত্বচিন্তামণি', 'চিন্তামণি' বা 'মণি' নামেও উক্ত হইয়া থাকে। এই মহা ন্যায়গ্রন্থ চারিখণ্ডে বিভক্ত—প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শব্দ খণ্ড। ইনি প্রত্যক্ষখণ্ডে শিবাদিত্যমিশ্র ও টীকাকার বাচস্পতির মত উদ্ধৃত করিয়াছেন।

তত্ত্বচিন্তামণির যেরূপ বিস্তৃত ও বহুসংখ্যক টীকা আছে, কোন ন্যায় গ্রন্থের এরূপ টীকা নাই। প্রথমে পক্ষধর মিশ্র, তৎপরে তাঁহার শিষ্য রুচিদত্ত চিন্তামণির টীকা রচনা করেন। এতদ্ভিন্ন বাসুদেব সার্ব্বভৌম, রঘুনাথ শিরোমণি, গদাধর, জগদীশ, মথুরানাথ, গোকুলনাথ, ভবানন্দ, শশধর, শীতিকণ্ঠ, হরিদাস, প্রগল্‌ভ, বিশ্বনাথ, বিষ্ণুপতি, রঘুদেব, প্রকাশধর, চন্দ্রনারায়ণ, মহেশ্বর, হনুমান্ প্রভৃতি প্রধান প্রধান নৈয়ায়িক রচিত অনেক টীকা পাওয়া যায়। এই সকল টীকার আবার শত শত টীকা টিপ্পনী আছে। [ন্যায় দেখ।]

গঙ্গেশ উপাধ্যায়ের পুত্রের নাম বর্দ্ধমান উপাধ্যায়, তিনিও একজন অদ্বিতীয় নৈয়ায়িক ছিলেন।

[বর্দ্ধমান উপাধ্যায় দেখ।]

২ রামার্য্যাশতক নামে সংস্কৃত গ্রন্থকার।

গঙ্গেশদীক্ষিত, তর্কভাষার একজন টীকাকার।

গঙ্গেশমিশ্র, চতুর্বর্গচিন্তামণি নামে একখানি বেদান্তরচয়িতা।

গঙ্গেশমিশ্র উপাধ্যায়, সুমনোরমা নামে সংস্কৃত ব্যাকরণ-রচয়িতা।

গঙ্গেশ্বর বা গঙ্গেশ্বর দত্ত [গঙ্গেশ দেখ।]

গঙ্গেশ্বরসূনু, গঙ্গেশ উপাধ্যায়ের পুত্র বর্দ্ধমান।

গঙ্গৈকণ্ডাপুর, মান্দ্রাজ প্রদেশের ত্রিচীনপল্লী জেলাস্থ একটী নগর ও পুণ্যস্থান। জাইমকোণ্ডুসোলাপুরের ৩ ক্রোশ পূর্ব্বে তঞ্জোর হইতে আর্কটে যাইবার বড় রাস্তার অর্দ্ধক্রোশ দূরে অবস্থিত। অক্ষা° ১১° ১২´ ৩০´´ উঃ, দ্রাঘি° ৭৯° ৩০´ পূঃ। এখানে গঙ্গাদেবীর সুবৃহৎ ও প্রসিদ্ধ মন্দির আছে, তাহা হইতে এই স্থানের নাম গঙ্গৈকণ্ডাপুর হইয়াছে। আবার কাহারও মতে, এই স্থানের প্রকৃত নাম গঙ্গাইকোণ্ড-সোলপুর অর্থাৎ গঙ্গাই নামা চোলরাজের রাজধানী। বাস্তবিক পূর্ব্ব-কালে চোলরাজগণের সময়ে এই নগর বিশেষ সমৃদ্ধিশালী ছিল, গঙ্গামন্দিরও সেই সময় নির্ম্মিত হয়। এমন সুন্দর ও বৃহৎ মন্দির দাক্ষিণাত্যেও বিরল। পূর্ব্বে ৫৮৪ × ৩৭২ ফিট্ পাথরের প্রাচীর দিয়া ঘেরা ছিল। সেই দুর্ভেদ্য প্রাচীরের প্রতি কোণে এক একটী কামান ছিল, এখন আর তাহা নাই। মন্দিরের সমুচ্চ বিমান অতিদূর হইতে দর্শকের মন আকৃষ্ট করে। মন্দিরের সম্মুখে ছয়টী ভগ্ন গোপুর পড়িয়া আছে। ইহার শিল্পনৈপুণ্য অতি চমৎকার, এখানে নানা স্থানে প্রাচীন রাজগণের সময়কার শিল্পলিপি খোদিত রহিয়াছে, কিন্তু তাহার পাঠোদ্ধার হয় নাই।

এই নগরের পার্শ্বে ৮ ক্রোশ বাঁধের ভগ্নাবশেষ পড়িয়া আছে। বাঁধের উত্তরভাগে প্রায় ৩০ ক্রোশ বিস্তৃত ও জঙ্গলাবৃত একটী বৃহৎ সরোবর আছে। কোন পুরাবিদ্ লিখিয়াছেন, "যেমন প্রাচীন বাবিলন নগরের চারিদিকে প্রাচীন ভগ্ন গৃহাদি স্তূপাকারে পড়িয়া রহিয়াছে, এখানকার

মন্দির ও নগরের চারিপার্শ্বে বনজঙ্গলের মধ্যে সেইরূপ ভগ্নগৃহাদির বড় বড় ঢিপি পড়িয়া আছে।”

গঙ্গো, উ° প° প্রদেশের সহারণপুর জেলার অন্তর্গত একটী নগর। অক্ষা° ২৯° ৪৬´ ২০´´ উঃ, দ্রাঘি° ৭৭° ১৮´´। সহারণপুর হইতে ১১॥০ ক্রোশ দক্ষিণপশ্চিমে অবস্থিত। লোকসংখ্যা প্রায় তের হাজার। নগরটী নূতন ও পুরাতন দুইভাগে বিভক্ত। প্রবাদ আছে, গঙ্গারাও নামে একজন রাজা পুরাতন অংশ এবং শেখ আবদুল নূতন অংশ পত্তন করেন।

গঙ্গোত্তম-নরোত্তম, রাসপঞ্চাধ্যায়ের পদসরসী নামে এক টীকাকার।

গঙ্গোত্তরী, উ° প° প্রদেশের গড়বাল জেলার অন্তর্গত একটী পুণ্য স্থান। অক্ষা° ৩০° ৫৯´ উঃ, দ্রাঘি° ৭৮° ৫৯´ পূঃ।

এখানে পাহাড়ের উপরে গঙ্গার দক্ষিণকূলে গঙ্গাদেবীর মন্দির আছে। শত শত তীর্থযাত্রী এই মন্দিরে ভাগীরথীর মূর্ত্তিদর্শনে আসিয়া থাকে। হিন্দুগণের বিশ্বাস এইখান হইতেই গঙ্গা গোমুখী হইয়া ভারতবর্ষে অবতরণ করিয়াছেন। এই স্থান হিন্দুগণের মহাপুণ্যপ্রদ। এখানকার দেবীমন্দির সমুদ্রপৃষ্ঠ হইতে ৬৮৭৮ হাত উচ্চে অবস্থিত।

[গোমুখী দেখ।]

গঙ্গোজ্ঝ (ক্লী) গঙ্গয়া উজ্ঝ্যতে উজ্ঝ কর্ম্মণি ঘঞ্। গঙ্গাপ্রবাহশূন্য জলাদি।

গঙ্গোদ্ভেদ (পুং) গঙ্গায়া উদ্ভেদ প্রথম প্রকাশো যত্র বহুব্রী। তীর্থবিশেষ। এই স্থানে পিতৃদেবতার তর্পণ করিলে বাজপেয় যজ্ঞের ফল হয়, এবং চরমে মুক্তি লাভ হইয়া থাকে।

“গঙ্গোদ্ভেদং সমাসাদ্য তর্পয়েৎ পিতৃদেবতাঃ।
বাজপেয়মবাপ্নোতি ব্রহ্মভূতো ভবেৎ সদা॥” (ভারত ৩.৮১ অঃ)

গঙ্গোল (পুং) মণিবিশেষ, গোমেদক। (হারাবলী)

গচ (দেশজ) স্থূল, মোটা, পুরু।

গচ্ছ (পুং) গম-ভাবে ক্বিপ্ তুক্‌চ গতং গমনং ছ্যতি ছো-ক। ১ বৃক্ষ, গাছ। ২ লীলাবতীর শ্রেঢ়ী ব্যবহারান্তর্গত গণিতবিশেষ। [গণিত দেখ] ৩ জৈনধর্ম্মাবলম্বীর মধ্যে এক একটী শাখার নাম। [জৈন দেখ।]

গচ্ছিত (দেশজ) নিক্ষিপ্ত, ন্যস্ত, গছান।

গছান (দেশজ) নিক্ষিপ্ত, ন্যস্ত, গচ্ছিত।

গজ (পুং স্ত্রী) গজতি মদেন মত্তো ভবতি গজ-অচ্। ১ হস্তী, হাতী। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়।

হস্তী বন্য জন্তু হইলেও মনুষ্যের বিশেষ উপকারী ও আদরণীয়। পৃথিবীর প্রায় সমস্ত স্থানেই হস্তী দেখিতে পাওয়া যায়। বর্ত্তমান সময়ের ন্যায় অতি প্রাচীন কালেও হস্তীর সমধিক আদর ছিল এবং মানুষের অনেক প্রয়োজনে আসিত। ঋগ্বেদের অনেক স্থানে হস্তীর উল্লেখ আছে, ইহা ছাড়া প্রাচীন প্রায় সকল গ্রন্থেই হস্তীর বিষয়ে অনেক বর্ণনা দেখিতে পাওয়া যায়। প্রাচীন ঋষিগণ মনুষ্যাদির ন্যায় হস্তীর জাতিভেদ, লক্ষণ, রোগ ও চিকিৎসা প্রভৃতির বিষয় নিরূপণ করিয়াছেন।

বরাহমিহির বৃহৎসংহিতায় ভদ্র, মন্দ্র ও মৃগ এই তিন জাতীয় হস্তীর উল্লেখ করিয়াছেন। যে হস্তীর দন্তের বর্ণ মধুর ন্যায়, অঙ্গপ্রত্যঙ্গ সুবিভক্ত, দেহটী স্থূলও নহে কৃশও নহে কিন্তু অতিশয় বলশালী, অবয়বের গঠন সুশৃঙ্খলাবদ্ধ, মেরুদণ্ডটী দেখিতে ধনুকের ন্যায় এবং জঘনভাগটী শূকরের সদৃশ, তাহাকে ভদ্রজাতীয় হস্তী বলে।

যে হস্তীর বক্ষস্থল ও কক্ষাবলি শিথিল, উদর দীর্ঘ, গলদেশ বৃহৎ, চর্ম্ম পুরু, পেট ও পুচ্ছমূল স্থূল, চক্ষু দুইটী সিংহের ন্যায়, তাহাকে মন্দ্র হস্তী বলে। যাহার অধর, লাঙ্গুল ও লিঙ্গ খর্ব্বাকৃতি, গলদেশ, দন্ত, শুঁড়, কাণ ও পা চারিখানি অপেক্ষাকৃত ছোট, কিন্তু চক্ষু দুইটী স্থূল, তাহাকে মৃগ বলে। যে সকল হস্তীতে মিশ্র লক্ষণ অর্থাৎ উভয় লক্ষণ দেখিতে পাওয়া যায়, তাহাদিগকে সঙ্কীর্ণ বা সঙ্কর-জাতীয় বলিতে হইবে। এই তিন প্রকার হস্তীর মধ্যে মৃগ জাতীয় হস্তীর উচ্চতা ৫ হাত, দৈর্ঘ্য ৭ হাত এবং দেহের পরিমাণ ৮ হাত পর্য্যন্ত হইয়া থাকে। মন্দ্র হস্তীর উচ্চতা ৪ হাত, দৈর্ঘ্য ৬ হাত ও শরীর-পরিমাণ ৭ হাত। ভদ্র হস্তীর উচ্চতা ৩ হাত, দৈর্ঘ্য ৫ হাত ও শরীর-পরিমাণ ৬ হাত পর্য্যন্ত হইয়া থাকে। কিন্তু সঙ্কীর্ণ বা সঙ্কর-জাতীয় হস্তীর পরিমাণের ঠিক নাই। সময়ে সময়ে হাতীর শরীর হইতে একপ্রকার জল (ঘর্ম্ম) বাহির হয়, তাহাকে মদজল বলে। ভদ্রহস্তীর মদজল হরিদ্বর্ণ, মন্দ্রহস্তীর হরিদ্রা সদৃশ, মৃগহস্তীর মদজল কৃষ্ণবর্ণ এবং সঙ্কীর্ণ-জাতীয় হস্তীর মদ মিশ্র। যে সকল হস্তীর ওষ্ঠ, তালু ও বদন ঈষৎ রক্তবর্ণ, চক্ষু দুইটী দেখিতে চড়াই পাখীর চক্ষুর মত, দাঁতের অগ্রভাগ স্নিগ্ধ অথচ উন্নত, মুখ পৃথু ও আয়ত, মেরুদণ্ড ধনুকের ন্যায় উন্নত, প্রশস্ত ও অতিশয় নিমগ্ন এবং কুম্ভদেশ কূর্ম্মসদৃশ ও এক একটী রোমরেখাযুক্ত, যাহার কর্ণ, হনু, ললাট ও গুহ্যদেশ অপেক্ষাকৃত বিস্তীর্ণ, যাহার নখ ১৮টী বা ২০টী, দেখিতে কূর্ম্মপৃষ্ঠের ন্যায় ক্রমোন্নত, যাহার শুঁড়টী তিনটী রেখাযুক্ত এবং গোল, যাহার লোমাবলী সুন্দর এবং যাহার মদ সুগন্ধি ও শ্বাসবায়ু হইতে পদ্মগন্ধ পাওয়া যায়, বরাহমিহিরের মতে সেই সকল হস্তীই উৎকৃষ্ট এবং রাজগণের ব্যবহারযোগ্য। যে সকল হাতীর অঙ্গুলিগুলি

অতিশয় দীর্ঘ, পুষ্করচিহ্ন রক্তবর্ণ, যাহাদের চীৎকার-ধ্বনি সজল জলদপটলের ন্যায় অতি গভীর এবং গ্রীবা-দেশ বৃত্তাকার ও আয়ত, মহীপালগণ সেই সকল হাতীই ব্যবহার করিবেন। মদহীন, কুব্জ, অতিশয় ক্ষুদ্র ও যে সকল হাতীর দন্ত মেষশৃঙ্গের ন্যায় বক্র, নখ সংখ্যায় অল্প বা অধিক; যাহার কোন একটী অঙ্গ বেশী বা কম, যাহার কোশফল (মুষ্ক) দেখিতে পাওয়া যায়, যাহার শরীর পুষ্কর-চিহ্নহীন, কপিশ, নীল, মিশ্র বা কৃষ্ণবর্ণ, দাঁত ছোট ও মৎকুণ, সেই সকল হাতী প্রশস্ত নহে। রাজা এই সকল হাতী পররাষ্ট্রে প্রেরণ করিবেন। (বৃহৎসংহিতা ৬৭ অঃ।)

বৈদ্যক মতে, গজারোহণ করিলে বায়ুপ্রকোপ বৃদ্ধি, অঙ্গের স্থৈর্য্য এবং ক্ষুধা বৃদ্ধি হয়। (রাজবল্লভ।) কালিকা-পুরাণের মতে কামোন্মত্ত হস্তীর পৃষ্ঠে আরোহণ করিতে নাই, করিলে ইহকাল পরকাল নষ্ট হয়। (কালিকা-পুরাণ ৮৯ অঃ।) জ্যেষ্ঠা, অনুরাধা, শতভিষা, স্বাতী, পুষ্যা, মৃগশিরা, পূর্ব্বাষাঢ়া এই সকল নক্ষত্রে, রবি, শুক্র, বৃহস্পতি ও বুধবারে হস্তীতে গমন প্রশস্ত। মেষ, কর্কট, তুলা ও মকর-লগ্নে, শুভগ্রহের দৃষ্টি বা যোগ থাকিলে এবং যদি সেই শুভ-গ্রহ যুক্ত বা শুভগ্রহ দৃষ্ট লগ্নে চন্দ্রের দৃষ্টি থাকে, তাহা হইলে গজগমনে অমঙ্গল ঘটিয়া থাকে। শুভদিনে হস্তা, মূলা, ধনিষ্ঠা, শ্রবণা, শতভিষা, অনুরাধা ও পুনর্বসু নক্ষত্রে, রবি, মঙ্গল ও শনি ভিন্ন বারে হস্তিক্রয়, হস্তিদর্শন ও হস্তিদান শুভকর। ইহা ছাড়া অপর সময়ে এবং শনিবারে ক্রয়াদি করিলে অমঙ্গল হয়। পরাশরসংহিতায় হস্তীর চারি জাতির উল্লেখ দেখিতে পাওয়া যায়—ভদ্র, মন্দ্র, মৃগ ও মিশ্র। ইহাদের লক্ষণ বরাহমিহির যেরূপ করিয়াছেন, পরাশরসংহিতায়ও প্রায় সেইরূপ, একটু আধটু ভেদ দেখিতে পাওয়া যায়।

সকল স্থানের হাতী একরূপ হইত না। বনভেদে হাতীরও ভেদ হইয়া থাকে। প্রাচীন কালে প্রাচ্য, কারুষ, দশার্ণ, মার্গণেয়ক, কালিঙ্গক, অপরান্তিক, সৌরাষ্ট্র ও পঞ্চনদ এই আটটী বনই হস্তীর আকর বলিয়া পরিগণিত হইত। বাসস্থান অনুসারে ইহাদের আকার-ব্যবহারেও ভেদ হইত। হিমালয়, গঙ্গা, প্রয়াগ ও লৌহিত্যের মধ্যে একটী বিশাল অরণ্য ছিল, তাহার নাম প্রাচ্যবন। এই বনের হাতীগুলি পিঙ্গলবর্ণ, স্থিরস্বভাব, ইহাদের পার্শ্বিদেশ ও নখগুলি দেখিতে অতিশয় বিশ্রী, পৃষ্ঠদণ্ড ও পুচ্ছমূল আয়ত এবং শুঁড় অপেক্ষাকৃত স্থূল, ইহারা তত বেগে চলিতে পারে না, কিন্তু দেখিতে চঞ্চল প্রকৃতি বলিয়া বোধ হয়।

মেকল, মৎস্য ও গঙ্গাবতার এই তিন স্থানের বনের নাম কারুক্ বা কারুষ। এই বনের হাতী শ্যামবর্ণ, অতিশয় বেগশালী, ইহাদের পাগুলি দেখিতে বড়ই সুন্দর, ইহারা তত বড়ও নহে, নিতান্ত ছোটও নহে। মহাগিরি, দশার্ণ, বিন্ধ্যা-টবী ও ইরাবতীর মধ্যে দশার্ণবন, এই বনে শ্যামবর্ণ ও পদ্মবর্ণ হাতী পাওয়া যাইত, ইহাদের অঙ্গুলি ও পুষ্কর অতিশয় দীর্ঘ, জঘন গোলাকার, শরীর ক্ষুদ্র ক্ষুদ্র শ্বেতবর্ণ বিন্দুতে রঞ্জিত, চক্ষু মধুর ন্যায় রক্তবর্ণ, মুখ শির ও গ্রীবাদেশ স্থূল। ইহারা অতিশয় বলশালী। এই সকল হাতীর দন্তগুলিও অতিশয় বড়, ইহাদের ঘর্ম্ম বা মদ হইতে আম্রফলের গন্ধ পাওয়া যায়।

পারিপাত্র, বৈদিশ ও ব্রহ্মাবর্ত্ত বনের মধ্যে মার্গণেয়ক নামে একটী বন ছিল। এই বনে বলশালী অভিমানী বড় বড় হাতী বাস করিত। ইহাদের চক্ষুর রঙ্ মধুর ন্যায়, চামড়াও কিছু নরম, শুঁড়টী সুন্দর, গাত্ররোম স্নিগ্ধ ও শরীরের গঠন অতিশয় মনোহারী, লাঙ্গুলমূল তত বড় নহে।

বিপুল, সহ্যাদ্রি, দক্ষিণারণ্য ও উৎকলের মধ্যবর্ত্তী কালিঙ্গক বন। এইখানে শ্বেতহস্তী পাওয়া যাইত। ইহারা শীঘ্রগামী, স্থিরপদ ও বলশালী। ইহাদের চক্ষু দুইটী চড়াই পাখীর চক্ষুর ন্যায়, শরীরের রোম মৃদু ও অরুণ বর্ণ, পুচ্ছমূল অপেক্ষাকৃত ছোট। এই স্থানে আবার কখন কখন ঈষৎ পদ্মবর্ণ হাতী দেখা যাইত, তাহাদের পৃষ্ঠদণ্ড ধনুক সদৃশ, তালু জিহ্বা ও ওষ্ঠ রক্তবর্ণ, জঘনদেশ বরাহের সদৃশ, নখগুলি নীচবৃত্ত, দাঁতের রঙ্ মধুর ন্যায়, গলা পীতবর্ণ ও থাট এবং শুঁড় একটী বৃহৎ সর্পের ন্যায়। ইহাদিগকে অতি সহজেই ধরিতে পারা যায়।

অপরান্তিকবন নর্ম্মদা, উদধিসেব ও দেশান্ত (?) পাহাড়ের মধ্যবর্ত্তী। এই বনের হস্তীরা মানী, ধীর ও শ্যামবর্ণ, ইহাদের জঘন ও গলদেশ সুন্দর, দন্ত স্থূল ও আয়ত, মুখখানিও দেখিতে মন্দ নহে। চাম্‌ড়া নরম, তালু, জিহ্বা, ওষ্ঠ ও ক্রোড় রক্তবর্ণ ও দীর্ঘাকার, পৃষ্ঠের দণ্ডটী ধনুকের ন্যায়, ইহাদের মদ হইতে পদ্মগন্ধ বাহির হয়। এই বনের হাতী অপর বনে যাইতে ভালবাসে না।

দ্বারকা, অর্ব্বুদাবর্ত্ত ও নর্ম্মদার মধ্যবর্ত্তী সৌরাষ্ট্রবন, এই বনে যে সকল হাতী পাওয়া যায়, তাহারা অতিশয় অল্পায়ু, দুর্দ্দান্ত ও বেগশালী। ইহাদের চক্ষু পিঙ্গল বর্ণ, শরীর গঠন সুন্দর; কর্ণ, নখ ও শরীর অপেক্ষাকৃত ক্ষুদ্র এবং প্রাণান্তেও শিক্ষা গ্রহণ করিতে চাহে না।

হিমালয়, সিন্ধু ও কুরুজাঙ্গলের মধ্যে পঞ্চনদবন। এই বনের হস্তীর দন্ত শ্বেতবর্ণ, রুক্ষ ও স্ফুটিত। ইহাদের শরীর হইতে একপ্রকার সুগন্ধ বাহির হয়, শুঁড়ের উপর ক্ষুদ্র ক্ষুদ্র

বিন্দু থাকে, ইহারা অল্পায়াসেই শিক্ষা গ্রহণ করে এবং সকল স্থানেই যাইতে ভালবাসে। এইরূপ হস্তী সকলেই যে নিন্দনীয় বা প্রশংসনীয় তাহা নহে। অবস্থা ও লক্ষণ দেখিয়া ভাল বা মন্দ নিরূপণ করিতে হয়। (১)

পরাশরসংহিতায় হস্তীর নখ হইতে শুঁড় পর্য্যন্ত প্রত্যেক অবয়বেই শুভাশুভ লক্ষণ উক্ত হইয়াছে, কিন্তু তাহা চিনিয়া লওয়া দুঃসাধ্য। এই কারণ পরাশর নিজেই বলিয়াছেন যে, "কোথায়ও সর্ব্বলক্ষণযুক্ত হাতী দেখিতে পাওয়া যায় না, অতএব প্রধান যে কয়টী লক্ষণ, তাহা দ্বারাই শুভাশুভ নির্ণয় করিতে হয়।" অনাবশ্যক মনে করিয়া সেই সকল সূক্ষ্মলক্ষণের কথা উল্লেখ করা হইল না, প্রধান প্রধান লক্ষণ কয়টীই লিখিত হইল।

হস্তীর শুঁড়টী লাঙ্গুল অপেক্ষা ক্ষুদ্র, অথবা লাঙ্গুলের সমান অতিশয় দীর্ঘ, ক্রমায়ত ক্ষুদ্র, অতিশয় স্থূল, রূক্ষ, ব্রণযুক্ত বা ক্ষুদ্র অঙ্গুলিযুক্ত হওয়া ভাল নহে। ইহার বিপরীত হইলে ভাল। শুঁড় পুচ্ছের সমান, ছোট বা অতিশয় বৃহৎ হইলে দুঃখপ্রদ, ক্ষুদ্র হইলে রোগকর ও অতিশয় স্থূল হইলে অর্থনাশক।

হস্তীর দন্তবেষ্ট দুইটী রোমহীন, অতিশয় স্থূল, অসমান ও শিথিল হইলে প্রভুর অমঙ্গল এবং রোমযুক্ত সুশৃঙ্খলাবদ্ধ ও কিঞ্চিৎ উন্নত হইলে স্বামীর সমৃদ্ধি হয়।

হস্তীর মুখের দুইপাশে যে দুইটী বৃহৎ দাঁত বাহির হয়, তাহাকেই এস্থলে গজদন্ত বলা যাইতে পারে। গজদন্ত দুইটী পরস্পর অসমান, সঙ্কীর্ণ, উন্নত, ভস্মের ন্যায় শুভ্রবর্ণ, বক্র, হ্রস্ব, ধূসর, রূক্ষ, মৃদু, অধোগামী, মূল ও মধ্যে সরু, প্রান্তভাগ স্থূল, দীর্ঘ বা অতিশয় আয়ত হইলে দোষজনক। ইহাতে বাহক ও প্রভুর নানাপ্রকার অমঙ্গল ঘটিয়া থাকে। হস্তীদন্ত সমান, স্নিগ্ধ, অসঙ্কীর্ণ, পূর্ণ, ব্রণশূন্য, মুকুল সদৃশ, দৃঢ়, মৃণাল বা কুমুদের ন্যায় শুভ্রবর্ণ হইলে ভাল।

হস্তীর তালু, শ্বেতবর্ণ বা কষায়বর্ণ হইলে ভাল, ইহা ধন ও আয়ুবর্দ্ধক। হস্তীর ওষ্ঠসন্ধি দুইটী পরিমাণে ছোট হইলে মুখরোগ হয়। কিন্তু ১২ অঙ্গুল প্রমাণ হইলে সর্ব্ববিষয়ে সুখ হয়।

ওষ্ঠ লোমশূন্য শষ্বলীযুক্ত, ঈষৎ তাম্রবর্ণ হইলে মুখরোগ হয় এবং দীর্ঘরোমযুক্ত, সম্পূর্ণ, পদ্মের ন্যায় রক্তবর্ণ, ১৬ অঙ্গুল অনাহ, ও ১২ অঙ্গুল আয়ত হইলে স্বামীর আয়ুবৃদ্ধিকর।

হস্তীকুম্ভদ্বয় বিষম, রোমহীন, দেহচ্ছায়া বিবর্ণ, সমান, কণ্ঠ ও পৃষ্ঠ হইতে অধিক, অসংপূর্ণ, ব্যক্ত, হ্রস্ব, পরিণামশূন্য এবং ক্ষুদ্র হইলে ভাল নহে। কুম্ভ দুইটী পরস্পর সমান, দীর্ঘরোমযুক্ত, বিশাল শিখরবিশিষ্ট, কর্ণমূল হইতে অর্দ্ধহস্ত পর্য্যন্ত বিস্তৃত, সংহত ও স্থূল হইলে নানাবিধ সুখ হইয়া থাকে।

কর্ণ লোমশূন্য, ক্ষুদ্রচর্ম্ম ও ছিদ্রযুক্ত, শিরা সম্বলিত, সংকীর্ণ, বিষম, রূক্ষ, কঠিন, স্তব্ধ বা বর্ত্তুল হইলে হস্তীর আয়ু নাশ করে। নাড়ী শূন্য, বৃহৎ ছিদ্রবিশিষ্ট, স্নিগ্ধ, দুন্দুভির ন্যায় শব্দবিশিষ্ট, কপোলের আস্ফালনে দারুণ শব্দযুক্ত, চামরতুল্য, ময়ূর ও তালবৃন্তের সদৃশ হওয়া ভাল।

হাতীর কণ্ঠদেশ অবক্র, অহীন ও দীর্ঘ হইলে ভাল।

পৃষ্ঠদণ্ড অতিশয় উন্নত, পা নিম্ন বা খাট হইলে ভাল নহে। ৯৬ অঙ্গুলি আয়ত ও অশ্বফলকাকৃতি হওয়া ভাল। হস্তীর গাত্র পরস্পর সমানভাবে উন্নত বা মাংসযুক্ত, বিষম, হ্রস্ব, দীর্ঘ বা কেশযুক্ত হইলে অমঙ্গল হয়। ইহার বিপরীত ভাল।

হাতীর নখগুলি ক্ষুদ্র, কৃষ্ণবর্ণ, খণ্ডাকৃতি, রূক্ষ হইলে অমঙ্গল হয়। স্নিগ্ধ অর্দ্ধচন্দ্রের ন্যায় প্রভাবিশিষ্ট ও পূর্ব্বোক্ত লক্ষণের বিপরীত হইলে ভাল।

হস্তিচরণ হীন, রূক্ষ এবং তলভাগে অতিশয় মনোহর হইলে দুঃখকর হইয়া থাকে। কিন্তু দৈর্ঘ্যে একহস্ত ও কূর্ম্মাকার হইলে শুভজনক, ইহা ছাড়া আরও কত সূক্ষ্ম লক্ষণ মুনি ঋষিরা নির্ণয় করিয়াছেন, জানিতে ইচ্ছা হইলে পরাশরসংহিতা দ্রষ্টব্য।

মনুষ্যেরা যেরূপ পিতামহ ব্রহ্মাকে আপনাদের পূর্ব্বপুরুষ বলিয়া পরিচয় দেয়, মহাকায় হাতীরাও সেইপ্রকারে ঐরাবত প্রভৃতিকে আপনাদের পিতামহ বা পূর্ব্বপুরুষ বলিয়া পরিচয় দিতে পারে। ইহাদের পূর্ব্বপুরুষ আটটী। ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত, সার্ব্বভৌম ও সুপ্রতীক। ইহারা সকলে দিগ্‌গজ নামে বিখ্যাত। এই সকল দিগ্‌গজের বংশধর মহাকায় গজ পৃথিবীর বিশাল অরণ্যে আপনাদের আধিপত্য বিস্তার করিয়াছে। ইহাদের বংশমর্য্যাদাও নাকি দেখিতে পাওয়া যায়, আকারগত পার্থক্যও আছে। অষ্টদিগ্‌গজের বংশজাত বলিয়া হস্তীরাও আটভাগে বিভক্ত। ইহাদের মধ্যে ঐরাবত বংশীয় হস্তীরাই শ্রেষ্ঠ। যে হস্তী শুভ্রবর্ণ লোমশূন্য, অল্পভোজী, বলবান্, অত্যন্ত বৃহৎ, যুদ্ধকালে ক্রোধনস্বভাব, অন্য সময়ে নম্র, শীঘ্রজলপায়ী, লোম ও পুচ্ছে সূক্ষ্মতাযুক্ত, যাহাদের শুণ্ড শ্বেতবর্ণ ও দীর্ঘ, লিঙ্গ ক্ষুদ্র অথচ পুষ্ট এবং যাহাদের শরীর হইতে প্রভূত ও উগ্র মদ জল নিঃসৃত হয়,

(১) "বনেষ্বেতেষু জায়ন্তে প্রধানামধ্যমোত্তমাঃ।
প্রশস্তা নিন্দিতাশ্চাপি তেষাং বক্ষ্যামি লক্ষণম্।" (পরাশর)

সেই হস্তীই ঐরাবতের বংশসম্ভূত। এইরূপ হস্তীর মস্তকে বিশুদ্ধবর্ণযুক্ত ও সুগোল মুক্তা হয়। ইহারা রাজগণের অল্পপুণ্যে পৃথিবী স্পর্শ করেনা, যুদ্ধকালে ইহাদিগের দন্ত ভগ্ন হইলেও পুনরায় বৃদ্ধি হইয়া থাকে।

যে কুঞ্জরের সর্ব্বাঙ্গ কোমল, পুচ্ছদেশ দণ্ডাকৃতি নহে, গণ্ডদেশ খর, সর্ব্বদাই মদস্রাবী ও ক্রুদ্ধ, দেবপ্রিয়, সর্ব্বভক্ষ, বলবান্ এবং দন্ত ও রসনা অতিশয় তীক্ষ্ণ, সেই হস্তীই পুণ্ডরীক দিগ্‌গজের বংশসম্ভূত। ইহাদের রেতঃ পদ্মের ন্যায় গন্ধবিশিষ্ট, ইহাদিগের মদজল ও বমন অধিক হয় না। ইহারা জলপানে বেশী ইচ্ছা করে না এবং অত্যন্ত শ্রমেও ক্লান্ত হইয়া পড়ে না। এই হস্তী যে রাজার গৃহে থাকে, তিনি সমস্ত পৃথিবীর শাসনে উপযুক্ত হন।

যে হস্তীর সমস্ত দেহ অত্যন্ত কর্কশ ও খর্ব্ব, যাহারা কখন কখন উন্মত্ত হয়, সর্ব্বদাই মদস্রাব করে, আহার করিলে বলবান্ ও বীর্য্যবান্ হয়, যাহারা জলপান করিতে বেশী ইচ্ছা করে না, যাহাদিগের গণ্ডস্থল অত্যন্ত লোমশ, দন্তদ্বয় বিরূপ, পুচ্ছ ও কর্ণ সূক্ষ্ম, তাহারাই বামন দিগ্‌গজের বংশ।

যাহার দেহ দীর্ঘ, শুঁড়টী স্থূল নহে, কিন্তু দীর্ঘ, দাঁত দুইটী কুৎসিত, শরীর সর্ব্বদাই মলযুক্ত, গণ্ডদেশ স্থূল, যাহারা বিবাদপ্রিয়, তাহারাই কুমুদ দিগ্‌গজের বংশজাত। ইহারা অপর হস্তীদিগকে দেখিতে পাইলেই মারিয়া ফেলে। মনুষ্যগণ প্রায়ই ইহাদের নিকটে ঘেষিতে পারে না।

যে কুঞ্জর স্নিগ্ধদেহ, জলপানে অত্যন্ত অভিলাষী ও বৃহৎ; যাহার দাঁত ও শুঁড় ছোট, দন্তদ্বয় স্থূল এবং শ্রমদুঃখ সহিতে পারে, তাহারাই অঞ্জন নামক দিগ্‌গজের বংশোৎপন্ন।

যে হাতী সর্ব্বদাই মদ জল ও রেতঃ পরিত্যাগ করে, যাহারা অনূপদেশে উৎপন্ন, যাহাদিগের পুচ্ছদেশ অত্যন্ত সূক্ষ্ম ও বেগ অতি প্রচণ্ড, সেই হাতীই পুষ্পদন্ত নামক দিক্ কুঞ্জরের বংশসম্ভূত।

যে সকল হস্তী বহুলোমযুক্ত, বৃহৎ, অধিক পথ ভ্রমণ করিলেও শ্রান্ত হয় না, যাহারা আহার ও পান করিতে অতিশয় পটু, মরুভূমিতে বিচরণ করিতে ভালবাসে, যাহাদিগের দেহ বৃহৎ ও কর্কশ, দাঁত দুইটী দীর্ঘ, কোমল ও শুক্লবর্ণ, কিন্তু অকর্ম্মণ্য, আহার অধিক, মূত্র বা পুরীষ অল্প, কর্ণদেশ বিস্তীর্ণ, রোমগুলি ও গণ্ডদ্বয় ক্ষীণ; তাহারাই সার্ব্বভৌম নামক দিগ্‌গজের বংশ। এই সকল হাতীতে বিশুদ্ধ মুক্তা পাওয়া যায়।

যাহাদিগের শুঁড় লম্বা, দেহ অসংহত, বেগ প্রচণ্ড, যাহারা ক্রোধী, সর্ব্বদা ভক্ষণাভিলাষী ও হস্তিনীপ্রিয়, যাহাদের পুচ্ছ ও দন্ত ক্ষীণ, গণ্ডদেশ বৃহৎ, কাণদুইটী প্রায়ই খাড়া থাকে, গাত্রে সূক্ষ্ম সূক্ষ্ম অধিক রোম দেখিতে পাওয়া যায়; তাহারা সুপ্রতীক দিগ্‌গজের বংশসম্ভূত। এই সকল হাতীর মাথায় বড় বড় মুক্তা পাওয়া যায়।

প্রাচীন আর্য্যগণের মতে, মনুষ্যের ন্যায় হাতীরাও আবার চারিভাগে বিভক্ত—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। ইহাদের এক-জাতি হইতে উৎপন্ন হস্তীকে শুদ্ধ বলে। শাস্ত্রে উৎকৃষ্ট হস্তীর যে সকল লক্ষণ উক্ত হইয়াছে, এই বিশুদ্ধ হস্তীতে তাহার সমস্তই থাকিবে। শূদ্র ও ব্রাহ্মণ জাতীয় হস্তী হইতে যে হস্তী উৎপন্ন অথচ ব্রাহ্মণজাতীয় হস্তীর লক্ষণযুক্ত ও বলবীর্য্যবান্, তাহাকে জারজ বলে। দুইটী দ্বিজাতীয় হস্তী হইতে যাহার উৎপত্তি, তাহাকে শূর বলে। ব্রাহ্মণজাতীয় ও জারজ হইতে যে হস্তী জন্মিয়াছে, তাহাকে উদ্দান্ত বলে। এই প্রকার পরস্পরের সংযোগে অনেকপ্রকার হস্তীজাতির উৎপত্তি হয়। যিনি এই হস্তীজাতির ভেদ সম্যক্‌রূপে অবগত আছেন, পরাশর বলেন, তিনি রাজার অমাত্যপদ পাইবার উপযুক্ত।

যে হস্তী বিশালদেহ, পবিত্র ও অল্পভোজী, সেই হস্তী ব্রাহ্মণজাতীয়। যাহারা বলিষ্ঠ, বিশালদেহ ও ক্রুদ্ধ, তাহারা ক্ষত্রিয়জাতীয়। অপর দুইজাতি মিশ্রলক্ষণ।

গজপরীক্ষা।—অপরাপর পণ্য দ্রব্য বা ব্যবহার্য্য দ্রব্য যেরূপ পরীক্ষা করিয়া গ্রহণ করিতে হয়, সেইরূপ হাতীও পরীক্ষা করিয়া গ্রহণ করা উচিত। সর্ব্বপ্রথমে হস্তীর বল পরীক্ষা করিবে; রূপে গুণে উৎকৃষ্ট হইলেও যদি বলহীন হয়, তাহা হইলে তাহা গ্রহণ করিবে না। যে হাতী ১৮০০০ পল পরিমাণ সোণা অথবা তামা লইয়া বেগে ১০ যোজন বা ৪০ ক্রোশ রাস্তা চলিলেও ক্লান্ত হইয়া পড়ে না, সে হাতীই উত্তম বলশালী। যে হাতী ১৪০০০ হাজার পল পরিমিত সোণা বা তামা লইয়া ৭ যোজন বা ২৮ ক্রোশ পথ চলিয়াও শ্রম বোধ করেনা, সেই হাতীকে মধ্যবল বলা যাইতে পারে। যে হাতী ঐরূপ ১০০০০ হাজার পল ভার লইয়া পাঁচযোজন বা ২০ ক্রোশ পথ যাইতে পারে, তাহাকে হীনবল বলে। ২½ হাত মোটা একটী স্তম্ভের চারিহাত মাটির মধ্যে প্রোথিত করিবে, যে হাতী ঐ স্তম্ভটীকে ভাঙ্গিয়া বা উঠাইয়া ফেলিতে পারে, সেই হাতীই সকলের মধ্যে শ্রেষ্ঠ। পূর্ব্বের ন্যায় স্থূল স্তম্ভের ৩½ হাত হইতে মাটির মধ্যে প্রোথিত করিবে এবং উপরেও ৭ হাত স্তম্ভ থাকিবে, যে বলবান্ হস্তী সেই থামটীকে ভাঙ্গিতে পারে বা অনায়াসে উঠাইয়া দূরে ফেলিতে পারে, তাহাকেই মধ্যবল বলে। পূর্ব্বে যে স্থূলতার কথা বলা হইয়াছে, তাহার

অর্দ্ধপরিমিত স্থূলতাবিশিষ্ট থামের ৩ হাত মাটিতে প্রোথিত করিবে ও উপরে ৬ হাত রাখিবে। যে হস্তী এই থামটীকে ভাঙ্গিতে পারে বা উঠাইয়া ফেলিতে পারে, তাহাকে হীনবল বলে। এইপ্রকার বলপরীক্ষা দ্বারা হস্তী যুদ্ধ প্রভৃতি কার্য্যে কিরূপ উপযুক্ত ও বলশালী হইবে, তাহার পরীক্ষা করিতে হইবে। শুভদিনে শুভলগ্নে হাতীকে গৈরিক রঙে রঞ্জিত করিয়া কর্ণে চামর শঙ্খ প্রভৃতি মনোহর কর্ণভূষণ পরাইয়া দিবে। হস্তিপক হস্তী চালাইতে আরম্ভ করিবে এবং উভয় পার্শ্বে সহস্র সহস্র লোক কোলাহল করিতে থাকিবে। যে হস্তী হস্তিপকের অঙ্কুশাঘাতে উৎসাহিত হইয়া মুখ উন্নত করিবে এবং হেলিয়া দুলিয়া পা ফেলিয়া চলিতে থাকিবে, যাহার বেগ কৃত আস্ফোটে দন্তে কড়মড়ি শব্দ হইবে, অঙ্কুশাঘাতে যে কিছুমাত্রও বেদনা অনুভব করে না, যে হাতী কখনও রণস্থল হইতে পলায়ন বা ভয়ে প্রত্যাগমন করে না, যাহার কণ্ঠনাদে সমস্ত দিঙ্মণ্ডল আচ্ছন্ন হইয়া উঠে, এবং মদজলস্রাবে যাহার কপোল পূর্ণ হয়, সেই হাতীই বলশালী জানিবে। যে হাতী গজমালাযুক্ত পদাতি ও অশ্বসমূহের কোলাহল শুনিতে পাইলে রোষে চক্ষু রক্তবর্ণ করিয়া তাহাদিগের প্রতি লক্ষ্য রাখিয়া কর্ণপল্লব নিশ্চল ও বিস্তারিত করিয়া অতি দ্রুতবেগে বিপক্ষ দলের প্রতি গমন করে, ঋষিরা তাহাকেও প্রভূত বলশালী বলিয়া প্রশংসা করিয়াছেন। যে সকল কুঞ্জরগণের সিংহাকৃতি বন্যজন্তু দেখিলেও ভীতির সঞ্চার হয় না, যাহারা কৃত্রিম হস্তীদিগকে অনায়াসেই ছিন্ন ভিন্ন করিয়া ফেলে, তাহারাই উত্তম। যাহারা বড় বড় পক্ষী শ্রেণীর শব্দে বা দাবানলে ভীত না হইয়া নিঃশব্দে অবলীলাক্রমে বনে বিচরণ করিয়া থাকে, তাহারা মধ্যম এবং যাহারা ভয়ে আরোহীকে পৃষ্ঠে লইতে চাহে না, মাথা হেঁট করিয়া থাকে, সেই হাতীগুলি একেবারে নিকৃষ্ট। প্রাচীন ঋষিরা উৎকৃষ্ট হস্তীকে দ্বাদশ ভাগে বিভক্ত করিয়াছেন। যথা—১ রম্য, ২ ভীম, ৩ ধ্বজ, ৪ অধীর, ৫ বীর, ৬ শূর, ৭ অষ্টমঙ্গল, ৮ সুনন্দ, ৯ সর্ব্বতোভদ্র, ১০ স্থির, ১১ গম্ভীরবেদী, ১২ বরারোহ।

যে হস্তীর শরীর গঠন অতিশয় সুন্দর ও সুশৃঙ্খলাবদ্ধ, দাঁতগুলি মনোহর, শরীর বৃহৎ ও তেজস্বিতাপূর্ণ এবং দেখিতে অতিশয় হৃষ্টপুষ্ট, তাহাকে রম্যক বলে, ইহারা সম্পত্তির বৃদ্ধি করে।

যে হস্তী অঙ্কুশাদির দারুণ প্রহারেও বেদনা অনুভব করে না এবং শুদ্ধ লক্ষণযুক্ত, তাহাকে ভীম বলে, ইহারা রাজার সর্ব্বার্থসিদ্ধি করে।

যে হস্তীর শুঁড় হইতে লাঙ্গুল পর্য্যন্ত একটী রেখা দেখিতে পাওয়া যায়, সেই শুদ্ধহস্তীকে ধ্বজ বলে, ইহা সাম্রাজ্য ও দীর্ঘজীবনদায়ক।

যাহার কুম্ভ দুইটী পরস্পর সমান, দেখিতে খরাকৃতি, আবর্ত্তবিশিষ্ট ও আবর্ত্তস্থানে উন্নত, সেই কুঞ্জরকে অধীর বলে। এই হস্তী রাজাদিগের অমঙ্গলকারক।

যে কুঞ্জরের পৃষ্ঠ হইতে নাভি পর্য্যন্ত আবর্ত্ত থাকে, দেহ পুষ্ট ও বলশালী, তাহাকে বীর বলে। ইহাতে রাজাদিগের অভিলষিত বিষয়ের সিদ্ধি হয়।

যে হস্তীর পরিমাণ বৃহৎ, দেহ পুষ্ট, দন্ত ও গণ্ডদেশ মনোহর, আহার করিলেই পরিশ্রম বোধ হয় ও যাহার বল অতিশয়, সেই হস্তীকে শূর বলে। ইহাতে রাজলক্ষ্মীর বৃদ্ধি হয়।

যাহার দন্তযুগল নখ ও পুচ্ছ শ্বেতবর্ণ, যাহার শরীরে শ্বেতবর্ণ রেখা থাকে, যাহার কুম্ভ, চক্ষু ও পুংচিহ্ন রক্তবর্ণ, সেই হস্তীকে অষ্টমঙ্গল বলে। এই অষ্টমঙ্গল হস্তী যাহার ঘরে থাকে, তিনি সমস্ত পৃথিবীমণ্ডলের অধীশ্বর হইতে পারেন। এ হস্তী যথায় বাস করে, তথায় অরিষ্ট বা অনীতি থাকে না এবং তথা হইতে শতযোজন পর্য্যন্ত অমঙ্গল বিনষ্ট হয়। কলিকালের রাজগণের পুণ্যের অংশটা বড়ই কম, কাজেই এযুগে আর অষ্টমঙ্গল হস্তী দেখিতে পাওয়া যায় না।

যে হস্তীর মাংস ভেদ করিলে, কি রক্তস্রাব হইলে অথবা মাংস কাটিয়া লইলেও জানিতে পারেনা অর্থাৎ গ্রাহ্য করে না, তাহাকেই গম্ভীরবেদী হস্তী কহে।

দন্তদ্বয়, শুণ্ড, কুম্ভদ্বয় এবং দেহ ও গণ্ড মধ্যে বা গণ্ডদ্বয়ে আবর্ত্ত থাকিলে সেই হস্তী শুভলক্ষণাক্রান্ত হয়। যে সকল হস্তীর গণ্ডদেশ নিরন্তর মদস্রাবে পরিপ্লুত থাকে, তীক্ষ্ণ অঙ্কুশ প্রহারেও যাহাদিগকে নিবারণ করিতে কষ্ট হয়, যাহারা অপর হস্তী দেখিলেও রাগে ফুলিয়া উঠে। যাহাদের শব্দ সজলজলদপটলের ন্যায় গম্ভীর, সেই সকল হস্তীই রাজাদিগের সুখকর হইয়া থাকে।

দুষ্ট হস্তী বিংশতিভাগে বিভক্ত—১ দীন, ২ ক্ষীণ, ৩ বিষম, ৪ বিরূপ, ৫ বিকল, ৬ খর, ৭ বিমদ, ৮ ধনাপক, ৯ কাক, ১০ ধূম্র, ১১ জটিল, ১২ অজিনী, ১৩ মণ্ডলী, ১৪ শ্বিত্রী, ১৫ হতাবর্ত্ত, ১৬ মহাভয়, ১৭ রাষ্ট্রহা, ১৮ মূষলী, ১৯ ভালী, ২০ নিঃসত্ত্ব।

যাহার দেহ অত্যন্ত ক্ষীণ ও প্রভাশূন্য এবং দন্তগুলি ক্ষুদ্র ক্ষুদ্র ও অত্যন্ত ক্ষীণ, সেই হস্তীকে দীন বলে। এই হাতী গৃহে থাকিলে রাজাকে দরিদ্র হইতে হয়।

যাহার শুঁড় খর্ব্ব, পুচ্ছ বৃহৎ ও নিশ্বাসবেগ অল্প, তাহাকে ক্ষীণ বলে। ইহা গৃহে থাকিলে ধনসম্পত্তি নষ্ট হয়।

যাহার কুম্ভ, দন্ত, চক্ষু, কর্ণ বা পার্শ্বদ্বয় পরস্পর অসমান, সেই হস্তীকে বিষম কহে। ইহা সর্পের ন্যায় ক্ষয়কারক।

যাহার স্কন্দদেশ হইতে মস্তক পর্য্যন্ত ক্ষীণ ও পশ্চাৎভাগ স্থূল, তাহাকে বিরূপ হস্তী কহে। ইহা ঘরে থাকিলে রাজার রাজ্যচ্যুতি ও বল হানি হয়।

অনেক ভোগেও যাহার মদক্ষরণ দেখিতে পাওয়া যায় না, যে হস্তী যুদ্ধ সময়ে বলপ্রকাশ করে না, তাহাকে বিকল কহে, এইরূপ হস্তীকে পরিত্যাগ করা উচিত।

যাহার শরীরে খরতা স্বাভাবিক বলিয়া বোধ হয় এবং দাঁত ও শুঁড়টী অপেক্ষাকৃত ছোট; তাহাকে খর বলে। ইহা গৃহে স্থান পাইলে কুলক্ষয় হয়।

যে হাতীর মদস্রাব এককালেই হয় না, হইলেও অকালে হয় এবং যে হস্তী দেখিতে নিতান্ত কুৎসিত ও অবশ, তাহাকে বিমদ বলে। ইহা পরিত্যাগ করাই বিধেয়।

যে হস্তীর পরিমাণ লঘু, অঙ্গ সকল ক্ষীণ, শুঁড়, শিরা ও উদর অপেক্ষাকৃত ছোট, যে ব্যগ্রভাবে অবিশ্রান্ত নিশ্বাস পরিত্যাগ করিয়া থাকে, যাহার চক্ষু হইতে অনবরতই মল নির্গত হয়, যাহার কোমর ও পুচ্ছের অগ্রভাগে আবর্ত্ত বা মণ্ডল থাকে, যাহার লিঙ্গ নিশ্চেষ্ট অথচ সর্ব্বদা বহির্গত থাকে, তাহাকে ধ্যাপক হস্তী বলে। ইহা হস্তীর মধ্যে অতিশয় নিকৃষ্ট। যিনি আপনার শ্রীবৃদ্ধি ও শরীরের আরোগ্য অভিলাষ করেন, সেই নরপতি এই ধ্যাপক হস্তীকে দর্শনও করিবেন না।

যে হস্তীর শঙ্খদেশ অর্থাৎ ললাটস্থ অস্থিফলকদ্বয় ভগ্ন, যাহার স্কন্ধদেশ অতিশয় উচ্চ, সেই হস্তীকে কাক বলে। ইহা প্রভুর মৃত্যুকারক।

যে হাতীর দাঁত দুইটী বিষম ললাটাস্থিগত শুণ্ডবিরোধী, স্বয়ং ভিন্ন বা বিদীর্ণ এবং শূন্যান্তর, সেই গজাধমকে ধূম্র বলে। ইহার ফল কাকের সমান।

যে হস্তীর মস্তকের কেশ কর্কশ, রুক্ষ ও জটার ন্যায় আকারধারী, তাহাকে জটিল হস্তী বলে। ইহাতে ধনক্ষয় হয়।

যাহা স্কন্ধ বা গাত্রচর্ম্ম লগ্ন বলিয়া বোধ হয়, তাহাকে অজিনী বলে। ইহা দ্বারা রাজার ভূমিক্ষয় ও ধনক্ষয় হয়। যিনি শ্রীবৃদ্ধির অভিলাষী, তিনি এই জাতীয় হস্তীকে স্পর্শ বা দর্শন করিবেন না।

যে হস্তীর দেহে একটী দুইটী বা অনেকগুলি মণ্ডল থাকে এবং সেই মণ্ডলগুলি যদি বিরূপ বা উন্নত হয়, তবে সেই হস্তীকে মণ্ডলী কহে; ইহা কুলনাশক।

সেই মণ্ডলগুলি যে হস্তীর শ্বেতবর্ণ, তাহাকে শ্বিত্রী বলে। ইহা গৃহে থাকিলে ধননাশ হয়।

যে হস্তীর হৃদয়ে, উদরে, ত্রিকদেশে, পুচ্ছমূলে, গুহ্যদেশে, লিঙ্গে বা পদে আবর্ত্তগুলি নষ্ট হইয়া যায়; তাহাকে হতাবর্ত্ত বলে। ইহা রাজাদিগের লক্ষ্মীশ্রী বিনাশ করে এবং নরপতিকে যোগী, প্রবাসী বা উপদ্রুত করিয়া তোলে।

যে হস্তীর গমনকালে গুল্‌ফদ্বয় মুহুর্মুহু পরস্পর সংঘর্ষণ হইতে থাকে, তাহাকে মহাভয় বলে। এই হস্তী সকল লক্ষণযুক্ত ও গুণশালী হইলেও ইহাকে পরিত্যাগ করা উচিত। মহাভয় হস্তী গৃহে থাকিলে রাজ্য, ধন, কুল, সৈন্য, মিত্র, পত্নী ও প্রজা দৃষ্টিমাত্রেই নষ্ট হয়। ইহা যে দেশে থাকে, তথাকার লোকও দিন দিন বিনাশ প্রাপ্ত হয় এবং সেই স্থানে বজ্রভয়, ব্যাধিভয় ও অগ্নিভয় উপস্থিত হয়।

যে হস্তী অত্যন্ত তাড়িত হইয়াও গমন করিতে চাহে না, যাহার পৃষ্ঠ হইতে উদর পর্য্যন্ত গোলাকার রেখা দেখিতে পাওয়া যায়, চলিবার সময় অগ্রপদের স্থানে পশ্চাৎপদ পতিত হয়, তাহাকে রাষ্ট্রহা বলে। যে রাজা আপনার শ্রীবৃদ্ধির অভিলাষ করেন, তিনি এইরূপ হস্তীকে রাজ্য হইতেও তাড়াইয়া দিবেন। এই হস্তী যে রাজ্যে বা যে প্রদেশে বাস করে, অল্প দিন মধ্যেই তাহা বিনাশ প্রাপ্ত হয়।

যাহার পদ কয়খানি পরস্পর অসমান, দাঁত দুইটী বিষম, পঞ্জর সকলের মধ্যে একটী দুইটী বা সমস্তগুলিই ভগ্ন, যাহার দন্তদ্বয় নড়িয়া থাকে বা বহে না এবং যাহার কুম্ভ দুইটী শ্বেতবর্ণ, সেই হস্তীর নাম মুষলী। ইহা রাজ্যে থাকিলে রাজ্য, দুর্গ, সৈন্য ও অমাত্যগণের বিনাশ হয়। এইরূপ দুষ্ট হস্তী একান্তই পরিত্যাগ করা উচিত।

যে হাতীর কপালের চামড়া অতিশয় কর্কশ বলিয়া বোধ হয়, তাহাকে ভালী বলে। ইহা স্বামীর কুল ও ধনক্ষয় করে।

যে হস্তীর শরীর পুষ্ট ও বিশাল, দন্ত দুইটী সুন্দর, যে হাতী রণসাজে সজ্জিত, উৎসাহিত ও বাহক কর্ত্তৃক চালিত হইয়াও যুদ্ধ করিতে সাহসী হয় না, তাহাকে নিঃসত্ত্ব বলে। হাতীর যত প্রকার দোষের উল্লেখ করা হইয়াছে, তাহার মধ্যে এই দোষই সর্ব্বাপেক্ষা প্রধান।

রাজগণ দুষ্ট হাতী কখনই অবলোকন করিবেন না। ইহাদিগকে পর রাজ্যে গচ্ছিত রাখিবেন বা নগর হইতে বহিষ্কৃত করিবেন অথবা শুদ্ধ ব্রাহ্মণদিগকে বা বিশুদ্ধগণককে প্রদান করিবেন। যদি কোন সময়ে দুষ্ট হাতী রাজার দৃষ্টি-

গোচর হয়, তবে ব্রাহ্মণকে শত গো দান করিবেন অথচ নগরীকে, আপনাকে বা পুত্রকে নীরাজিত করিবেন। দেবসূক্ত মন্ত্রদ্বারা দশহাজার হোম বা তৎপ্রতীকারের নিমিত্ত অগ্নিতে তিলহোম করিবেন। ব্রাহ্মণাদি জাতিভেদে যে চারি প্রকার হস্তী আছে, তাহারা ব্রাহ্মণ প্রভৃতি চারিজাতির পক্ষে বাহনকার্য্যে যথাক্রমে শুভপ্রদ।


মনুষ্যের আয়ু নির্ণয় করিবার যেরূপ নানাবিধ লক্ষণ আছে, হাতীর আয়ু নির্ণয় করিবার জন্যও প্রাচীন আর্য্য-চিকিৎসকগণ কতকগুলি লক্ষণ স্থির করিয়াছেন। সেই লক্ষণগুলি আবার দুই ভাগে বিভক্ত, বাহ্য ও আভ্যন্তর। আভ্যন্তর লক্ষণ যোগিগণ একমাত্র যোগবলেই অবলোকন করিয়া থাকেন, এস্থলে তাহার উল্লেখ নিষ্প্রয়োজন। বাহ্য-লক্ষণ দ্বাদশটী। যথা—হস্তগত, বদনাশ্রিত, বিষাণস্থ, শিরস্থ, নয়নগত, কর্ণাশ্রিত, কণ্ঠস্থ, গাত্রস্থিত, চরণস্থিত, অপরাঙ্গ-স্থিত, কান্তিস্থ ও সত্বস্থিত। এই সকল লক্ষণ আবার ক্ষেত্র নামে উল্লেখ করা হইয়া থাকে। ভদ্র জাতীয় হস্তীর পূর্ণ আয়ু ১২০ বৎসর, মন্দ্র জাতীয়ের ৪০ বৎসর এবং মিশ্রজাতী-য়ের অনিয়ত। পূর্ব্বে যে দ্বাদশ লক্ষণের উল্লেখ করা হইল, সেই দ্বাদশটী লক্ষণ থাকিলেই হাতীর পূর্ণায়ু হইয়া থাকে এবং হীন হইলে আয়ুরও ন্যূনতা হয়। হস্তগত লক্ষণের অভাব হইলে ১০ বৎসর আয়ু কমিয়া যায়, এই প্রকার যে কোন দুইটী লক্ষণ হ্রাস হইলে ২০ বৎসর, তিনটী হীন হইলে ৩০ বৎসর এবং চারিটী হীন হইলে ৪০ বৎসর আয়ু কমিয়া যায়। এই প্রকার এক একটী লক্ষণের অভাবে ১০ বৎসর করিয়া আয়ুর ক্ষয় হইয়া থাকে। এই লক্ষণগুলি হাতীর দুষ্ট লক্ষণের দোষও দূর করিয়া থাকে। পদ্ম লক্ষণ থাকিলে দন্তদোষ বিনষ্ট হয়। এই প্রকার দন্তলক্ষণ বাহিথদোষ, বাহিথলক্ষণ নেত্রদোষ, নেত্রলক্ষণ তালুদোষ ও তালুলক্ষণ স্কন্ধদোষ নষ্ট করে। এই প্রকার অপরাপর স্থানের লক্ষণেও অপরাপর দোষ নিবারণ করিয়া থাকে।

স্থানভেদে, দেশভেদে এবং আহার ও বাতপিত্তভেদে হস্তীশরীরের বিভিন্ন বর্ণ হইয়া থাকে। তাহার মধ্যে সিন্দূর, শঙ্খ, বৈদূর্য্য, বিদ্যুৎ, সুবর্ণ বা ইন্দ্রনীল বর্ণের হাতীই ভাল। অতিশয় শ্বেতবর্ণ, রক্তবর্ণ বা শুক এবং ময়ূরসদৃশ বর্ণবিশিষ্ট হস্তী সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। এইরূপ হাতী প্রায়ই দেখিতে পাওয়া যায় না। প্রাচ্য বনে ইহার দুই একটী হাতী কখনও কখন দেখিতে পাওয়া যায়। শৃঙ্গার, অঙ্গার, ভস্ম, অস্থি, পঙ্ক, মঞ্জিষ্ঠা বা আম্রপুষ্প তুল্য বর্ণের হাতী ভাল নহে, ইহাতে নানা রকমের উৎপাত হইবার সম্ভাবনা।

মনুষ্যের যে সকল ব্যাধি আছে, হস্তীদিগেরও সেই সকল ব্যাধি হইয়া থাকে। ইহার চিকিৎসাও মনুষ্যের ন্যায় করা কর্ত্তব্য। গরুড়পুরাণের মতে মনুষ্যকে যে মাত্রায় ঔষধ সেবন করাইতে হয়, হাতীকে তাহার চতুর্গুণ মাত্রায় ঔষধ সেবন করাইবে। বনে হস্তী বা হস্তিনী পীড়িত হইলে সংস্কারবশে আপনারাই ঔষধ অন্বেষণ করিয়া লইয়া সেবন করে। হাতীর পেটে প্রায়ই কৃমি হইয়া থাকে। হস্তীরা জানে ক্রিমির ঔষধ কর্দ্দম। কৃমি হইলে তাহারা কাদার গোলা পাকাইয়া খাইয়া ফেলে। গৃহপালিত হস্তীর সুচিকিৎসার ব্যবস্থাও প্রাচীন চিকিৎসকগণ নিরূপণ করিয়াছেন। মনুষ্যের পীড়া হইলে যেরূপ শান্তি স্বস্ত্যয়ন করিতে হয়, হস্তীর পীড়া হইলেও সেইরূপ করিবার বিধান আছে। (অগ্নিপু° ৩০১ অঃ)

প্রাচীন আর্য্যগণ হস্তীর যে সকল লক্ষণ, শান্তি ও ঔষধাদি নিরূপণ করিয়াছেন, তাহা সংক্ষেপে এই স্থানে উল্লেখ করা হইল, বিশেষ জানিতে হইলে, পরাশর, বৃহস্পতি-সংহিতা, যুক্তিকল্পতরু, পালকাপ্য, অগ্নিপুরাণ প্রভৃতি দ্রষ্টব্য।

প্রাচীনকালে ভারতে যে সকল স্থানে হস্তীর বসবাস ছিল তাহা পূর্ব্বে লিখিত হইয়াছে। বর্ত্তমান সময়ে এসিয়া ও আফ্রিকা এই উভয় স্থানকেই হস্তীর আকর বলা যাইতে পারে। দুই স্থানেই হস্তীর আকার ও গঠনগত বিলক্ষণ ভেদ আছে। দেখিলেই আকারগত ভেদ অনেকটা বুঝিতে পারা যায়। ইহাদের আভ্যন্তরিক গঠন-প্রণালীরও তারতম্য আছে।



এসিয়ার হাতী।

এসিয়ার মধ্যে সিংহল, ভারতবর্ষ, ব্রহ্মদেশ, শ্যামদেশ, মলয় উপদ্বীপ ও পূর্ব্বদ্বীপের পার্ব্বত্য ও জঙ্গলময় ভূভাগেই হস্তী দেখিতে পাওয়া যায়। সিংহলে সমুদ্রপৃষ্ঠ হইতে ৭।৮

হাজার ফিট উর্দ্ধে ও দাক্ষিণাত্যে ৪।৫ হাজার ফিট উর্দ্ধ পর্ব্বতশৃঙ্গে হস্তীর দল বিচরণ করিয়া থাকে। দাক্ষিণাত্যের দক্ষিণ ও পশ্চিমভাগ, পূর্ব্ব হিমালয়ের নিকটবর্ত্তী বনময়স্থান, নেপাল, ত্রিপুরা এবং চট্টগ্রাম ভারতের এই সকল স্থানেই হস্তী পাওয়া যায়। এই সকল স্থানের হাতীর মধ্যে আবার আকার গঠনের তারতম্য আছে। ১৮ বৎসর কিম্বা ২৪ বৎসরে হস্তী যত পরিমাণ উচ্চ হয়, তাহার পরে আর তাহা অপেক্ষা বেশী বাড়ে না। হাতীর সম্মুখের পা দড়ি দিয়া দুইবার মাপিলে যতটী হইবে, ততটাই হাতীর খাড়াই হইয়া থাকে। সিংহলের হাতী সচরাচর ৯ ফিট উচ্চ দেখিতে পাওয়া যায়, কোন কোনটা ৯ ফিট ছাড়াইয়াও যায়। জাপানে একবার একটা ধরা পড়ে, তাহার উচ্চতা ১২ ফিট ১ ইঞ্চি। ভারত এবং সিংহল অপেক্ষা অপরাপর উপদ্বীপে হস্তী সংখ্যা অনেক বেশী। সেই সকল স্থানে মনুষ্য বাস বিরল বলিয়া ইহাদের বিচরণ পক্ষে কোন রকম ব্যাঘাত হয় না। হস্তিদল সেই সকলস্থানে স্বচ্ছন্দে বিচরণ করিতে পারে বলিয়া ইহাদের সংখ্যা বৃদ্ধি পায়। রুষজার 'পিটর দি গ্রেটে'র সময় পারস্যের শাহ সেণ্টপিটার্সবর্গে যে হস্তিকঙ্কালটী পাঠাইয়া দিয়াছিলেন, তাহার উচ্চতা ১২ হাত। ইহা অপেক্ষা উচ্চ হস্তী হইতে পারে কি না এ পর্য্যন্ত তাহার কোন বিশেষ প্রমাণ পাওয়া যায় নাই। হস্তী জন্মকালে প্রায় ১॥০ হাত উচ্চ হইয়া থাকে। একজন সাহেব একটী ভারতীয় হস্তিশাবককে ৭ বৎসরকাল পুষিয়াছিলেন। তিনি সাতবৎসরে তাহার এইরূপ উচ্চতা নিরূপণ করিয়াছিলেন—

১ বৎসরে ৩ ফিট ১০ ইঞ্চি, ২য় বৎসরে ৪ ফিট ৬ ইঞ্চি, ৩য় বৎসরে ৫ ফিট, ৪র্থ বৎসরে ৫ ফিট ৫ ইঞ্চি, ৫ম বৎসরে ৫ ফিট ১০ ইঞ্চি, ৬ষ্ঠ বৎসরে ৬ ফিট ১॥০ ইঞ্চি, ৭ম বৎসরে ৬ ফিট ৪ ইঞ্চি।

অনেকেরই বিশ্বাস, ৭ ফিট উচ্চ হস্তী কার্য্যের যোগ্য, কিন্তু ৯ ফিট বা ১০ ফিট উচ্চ হস্তী যুদ্ধের নিমিত্ত শিক্ষিত হইয়া থাকে। টিপুসুলতানের সময়, কাপ্তেন সিডনি যে সকল হাতীর পরিচালনা করেন, তাহার প্রায়ই ৯॥০ ফিট উচ্চ ছিল। হাতীর দৈর্ঘ্য লাঙ্গুল হইতে মুখ পর্য্যন্ত ১৫ ফিট ১২ ইঞ্চি পর্য্যন্ত দেখা গিয়াছে।

হাতীর পিঠে একটী কুঁজ হয়, বাল্যকালে কুঁজটী বড় থাকে। হাতী যত বড় হইতে থাকে, কুঁজটীও তত কমিয়া আইসে। অনেকেই ঐ কুঁজ দেখিয়া হাতীর বৃদ্ধত্ব বা নবীনত্ব বুঝিয়া লইতে পারে। সিংহলের হস্তী অপেক্ষা বাঙ্গালার হস্তী অনেকাংশে উৎকৃষ্ট, কার্য্যনিপুণ ও যুদ্ধোৎসাহী। চট্টগ্রাম এবং ত্রিপুরা অঞ্চলের হাতীই আজকাল আমাদের ইংরেজরাজের যুদ্ধের আনুকূল্য করিয়া থাকে। চট্টগ্রামের দক্ষিণ অংশ, ব্রহ্ম এবং পেগুরাজ্যের হস্তী সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট। ১৭০০ খৃষ্টাব্দে যখন ত্রিপুরা চট্টগ্রামের অন্তর্গত ছিল, তখন ঠিকাদারদের হাতে ইংরাজের সামরিক বিভাগে হাতী যোগাইবার ভার দেওয়া হয়, তাহাদের উপর কঠোর আদেশ ছিল যে, ত্রিপুরার উত্তর অঞ্চলের কোন হাতী যেন সামরিক বিভাগ ভিন্ন অন্য কোথাও পাঠান না হয়। ইহাতে জানা যায় যে, উষ্ণপ্রদেশের জলবায়ু হস্তীর বলবিধান পক্ষে বড়ই উপযোগী এবং তথাকার হস্তী বৃহৎ, উৎকৃষ্ট ও কার্য্যক্ষম হইয়া থাকে। পূর্ব্বে মলবার ও কুর্গরাজ্যের মধ্যে যাহারা হস্তী দেখিতেন, ত্রিপুরা বা চট্টগ্রামের হস্তী দেখিতে তাহাদের পক্ষে বড় সুবিধা হইত না, মলবারের হস্তী সিংহলের হস্তী অপেক্ষা অনেকাংশে নিকৃষ্ট। বোধ হয়, তাহারা তৎকালে সিংহলের হস্তীই উৎকৃষ্ট ও প্রশংসনীয় বলিয়া মনে করিতেন। এই কারণে অনেকের ধারণা আছে যে, সিংহলের হস্তী বাঙ্গালার হাতী হইতে উৎকৃষ্ট।

সিংহলের জঙ্গলে অপরাহ্ণ চারিটার সময় মাতঙ্গগণ দলে দলে বাহির হয়। তাহারা নিকটবর্ত্তী স্থানে বিচরণ করিয়া রাত্রি ৭॥০, ৮টার সময় গহনবনে চলিয়া যায়। তাহারা যতক্ষণ বাহিরে থাকে, ততক্ষণ আক্রমণের ভয়ে চকিত হইয়া থাকে, একবার বনমধ্যে প্রবেশ করিতে পারিলে আর তাহাদের কোন ভয় থাকে না।


হস্তিনীরা ১৬ বৎসর বয়সে সন্তান ধারণের উপযুক্তা হয়। হস্তীর পরমায়ু ১২০ বৎসর। বেকারসাহেব বলেন, হস্তী ১৫০ বৎসর পর্য্যন্ত বাঁচিয়া থাকে। সিংহলে তিন শত হাতীর মধ্যে একটী হাতীর দাঁত দেখিতে পাওয়া যায়। সেখানে ছোট ছোট হস্তীরই দাঁত থাকে। হস্তীরা দল বাঁধিয়া বেড়ায়, সচরাচর ঐ দলে ৮টী করিয়া হাতী থাকে, কখন কখন এক একদলে ৫০ হইতে ৮০টী পর্য্যন্ত হাতীও দেখিতে পাওয়া যায়। প্রত্যেক দলেই হস্তী অপেক্ষা হস্তিনীর সংখ্যা অধিক। অনেক সময়ে দলে কেবল একটীও হস্তী থাকে, আবার কখন কখন কেবল হাতীর দলও দেখিতে পাওয়া যায়। হস্তিনী অপেক্ষা হস্তী বৃহৎ, ভয়ানক ও নির্দ্দয়।

ব্রহ্ম ও শ্যামরাজ্যে শ্বেত হস্তী পাওয়া যায়, ইহার বর্ণ ঠিক শাদা আলোয়ানের মত। শ্যামবাসীদের বিশ্বাস যে, শ্বেতহস্তী পালন করিলে রাজার আয়ুবৃদ্ধি ও রাজ্যের উন্নতি হয়। এই কারণে সেইরাজ্যে শ্বেতহস্তীর পূজা হইয়া

থাকে। ব্রহ্মরাজ্যেও শ্বেতহস্তীর পূজা হয়। ব্রহ্ম ও শ্যাম-রাজের অন্যতম উপাধি শ্বেতহস্তিরাজ। এই দেশবাসীরা ভক্তিপূর্ব্বক শ্বেতহস্তীর গলায় মাল্য, চন্দন দিয়া নানাবিধ উপচারে তাহার পূজা করিয়া থাকে। সে দেশে শ্বেত হস্তীর বাস্তবিকই রাজভোগ। শ্বেতহস্তীকে সুবর্ণ শৃঙ্খলে আবদ্ধ করা হয়। রাজা কখনও ইহার উপরে আরোহণ করেন না। শ্বেতহস্তী অতিশয় দুষ্প্রাপ্য। ১৮০৬ খৃষ্টাব্দে শ্যামরাজ একটী শ্বেতহস্তী পাইয়াছিলেন। এই হস্তীটী ১০ ফিট উচ্চ, ইহার মস্তকটী বড়ই সুন্দর! পূর্ব্ব ও মধ্য আফ্রিকার ইনারিয়া নামক স্থানেও শ্বেত হস্তীর যথেষ্ট সম্মান ও পূজা হইয়া থাকে। পূর্ব্বে ভারতের কান্যকুব্জেও শ্বেত হস্তীর সমাদর ছিল। ১১৯৪ খৃষ্টাব্দে কান্যকুব্জাধিপতি জয়-চন্দ্র মুহম্মদ ঘোরী কর্ত্তৃক পরাজিত ও নিহত হইলে তাঁহার শ্বেতহস্তীটী মুহম্মদ ঘোরীর হস্তগত হয়।

পেগু অঞ্চলে যে হাতী পাওয়া যায়, আফ্রিকার হাতী তাহা হইতে কোন অংশে নিকৃষ্ট নহে। আফ্রিকার হস্তীও বিলক্ষণ বলশালী ও প্রিয়দর্শন। সেখানে এক একটা ১৪ ফিট পর্য্যন্ত উচ্চ হইয়া থাকে। সেনানী মেজর ডেন্‌হাম মধ্য আফ্রি-কার হাতীর উচ্চতা ১২ ফিট ১৭ ইঞ্চি পর্য্যন্ত দেখিয়াছেন।

এসিয়ার হস্তী আফ্রিকার হস্তী হইতে অনেক উৎকৃষ্ট। আফ্রিকাদেশীয় হস্তীর কর্ণদ্বয় এসিয়াদেশীয় হস্তীর কর্ণ



আফ্রিকার হাতী।

হইতে অনেক বড়। ইহাদের পিছনের পায়ে তিনটী করিয়া নখ থাকে। আফ্রিকার সিনিগাল হইতে উত্তমাশা অন্তরীপ পর্য্যন্ত স্থানে স্থানে হস্তী দেখিতে পাওয়া যায়। এসিয়ায় যত হস্তী পাওয়া যায়, আফ্রিকায় তত পাওয়া যায় না। আফ্রিকাবাসী অনেকেই হস্তীমাংস খাইতে ভালবাসে। মেজর ডেনহাম বলেন, হস্তীর মাংস অনেকটা কর্কশ হইলেও আফ্রিকা অঞ্চলে যে গোমাংস পাওয়া যায়, তাহা অপেক্ষা অনেক সুস্বাদু ও সদ্গন্ধযুক্ত। প্রাচীন রোমকেরা হস্তীর মুণ্ডটীকে বড়ই সুখাদ্য মনে করিতেন। কেহ কেহ বলেন, রোম-রাজ্যে হাতীর পা কয়খানিও খাইয়া থাকে। পূর্ব্বে আফ্রিকা-দেশীয় হাতী মানুষের বশে আসিত না, আজকাল অনেকটা পোষ মানে। সেখানকার হাতীর দাঁতে অনেক কারুদ্রব্য প্রস্তুত হইয়া থাকে, প্রতিবৎসর বিলাতে অনেক পরিমাণে হস্তিদন্তের রপ্তানি হয়। সেফিল্ড সহরে প্রায় ৪০।৫০ হাজার টাকার গজদন্ত রপ্তানি হয়, তথাকার প্রায় ৫০০ শত লোক ইহার কারবার করিয়া থাকে। ভারতের বোম্বাই সহরেও অনেক আমদানী হয়। [গজদন্ত দেখ।]

হস্তিনীর স্তন এবং গর্ভ মানবীর মত; জিহ্বা তোতাপাখীর জিহ্বার ন্যায় গোল। হস্তীর ন্যায় হস্তিনীরও জাতি-বিভাগ আছে। হস্তীর যে সকল শুভ লক্ষণ ও দুষ্ট লক্ষণের উল্লেখ করা হইয়াছে; হস্তিনীরও সেইপ্রকার জানিবে। অপরাপর পশু অপেক্ষা হস্তিনীর স্নেহ ও কারুণ্য অনেক বেশী, হস্তিনীর সন্তানবাৎসল্যও যথেষ্ট। একটী সন্তান হত, হৃত বা নষ্ট হইলে হস্তিনীর শোকের সীমা থাকে না। শোকে তাপে অস্থির হইয়া তৃণজল পরিত্যাগ করে। কিন্তু দুইচার দিনের জন্য হস্তিনীকে স্থানান্তর করিলে পুনরায় আর আপন শাবক চিনিতে পারে না, সন্তান তাহাকে দেখিয়া চীৎকার করিলেও ফিরিয়া চাহে না, এইটুকই অনির্ব্বচনীয় পশুলীলা। হস্তিনীরা পূর্ণাবয়বে ৭ হাত উচ্চ হয়। হস্তী অপেক্ষা হস্তিনীর বুদ্ধিকৌশলও বেশী।

হস্তিনীরা প্রায়ই আঠার মাস পর্য্যন্ত গর্ভধারণ করিয়া থাকে। কেহ কেহ বলেন যে, হস্তিনী কুড়ি মাসের পরেও কএক দিন পর্য্যন্ত গর্ভ ধারণ করে। ইহাদের ঋতুকালে ১২ দিন রজস্রাব হয়, ইহার পরে হস্তিসঙ্গমে ইহারা গর্ভধারণ করে। সঙ্গমলিপ্সাকালে হস্তিনী ক্ষণে ক্ষণে চমকিয়া উঠে এবং সর্ব্বদাই বারিকণা বা ধূলিকণা আপন অঙ্গে নিক্ষেপ করিয়া থাকে। এই সময়ে ইহাদের কাণ ও লেজ খাড়া হইয়া উঠে এবং মুহূর্ত্তের জন্যও হস্তিসঙ্গ পরিত্যাগ করে না। তখন হস্তিনী হস্তীর অঙ্গে নিজ অঙ্গ ঘর্ষণ করে মাথাটা সর্ব্ব-দাই দন্তের নীচে নোয়াইয়া রাখে, প্রস্রাব এবং মলের গন্ধ লইতেও ভালবাসে। হস্তী বন্যপশু হইলেও নিয়ম প্রতিপালন করিতে জানে। স্বেচ্ছাচারী লঘুপ্রবৃত্তি মানবের ন্যায় ইহারা যখন তখন সঙ্গমের অভিলাষ করে না, ঋতুকালেই সঙ্গম করিয়া থাকে। ঋতুকাল ভিন্ন অন্য সময়ে যখন হস্তিনীর সঙ্গমে প্রবৃত্তি হয় না, তখন কোন দুষ্টহস্তী বলপূর্ব্বক হস্তি-নীকে আক্রমণ করিলে হস্তিনী উচ্চৈঃস্বরে চীৎকার করিতে

থাকে। সেই চীৎকারে অপরাপর হস্তিনীরা আসিয়া জড় হয় এবং হাতীর হাত হইতে তাহাকে ছাড়াইয়া লইয়া যায়। কোনরূপ অন্যায় আচরণ করিতে দেয় না এবং সেই দুষ্ট হস্তীকে অনেক তর্জন গর্জনও করিয়া থাকে।

হস্তীর রেতঃ তিন মাস কাল হস্তিনীর গর্ভে পড়িয়া থাকে, সেই সময়ে কোনরূপে তাহা হস্তিনীর গর্ভে সঞ্চালিত হইলে ঠিক্ পারার ন্যায় হইয়া থাকে, পঞ্চম মাসে উহা জমাট হয়। সপ্তম মাসে শক্ত ও নবম মাসে পুষ্ট হয়। একাদশ মাসে জীবদেহের আভাস, দ্বাদশ মাসে শিরা, অস্থি, নখ ও মুখ হইয়া থাকে। ত্রয়োদশ মাসে স্ত্রী বা পুং চিহ্নের আবির্ভাব হয়। পঞ্চদশ মাসে গর্ভস্থ জীব এদিক্ ওদিক্ করিয়া নড়ে। ষোড়শ মাসে সকল অঙ্গ পূর্ণ হয়। সপ্তদশ মাসে অকাল প্রসবের সম্ভাবনা, অষ্টাদশ মাসে হস্তিশিশু জন্মগ্রহণ করে। কোন কোন প্রাণিতত্ত্ববিদের মতে প্রথম মাসেই রেতঃ জমাট ও কঠিন হইয়া থাকে, দ্বিতীয় মাসে চক্ষু, কর্ণ, নাসিকা, মুখ ও জিহ্বা গঠিত হয়। তৃতীয় মাসে হস্তপদ প্রভৃতি অঙ্গে আবির্ভাব, চতুর্থ মাসে দেহপ্রাপ্তি ও পঞ্চম মাসে জীবসঞ্চার হয়। ষষ্ঠ ও সপ্তমে জ্ঞানোদয় হয়। অষ্টম মাসে গর্ভস্রাবের সম্ভাবনা। নবম, দশম ও একাদশ মাসে গর্ভস্থ জীব পূর্ণাবয়ব হইয়া দ্বাদশ মাসে প্রসূত হয়।

যদি হস্তীর রেতোভাগ অধিক হয় তবে পুংশাবক, হস্তিনীর রেতোভাগ অধিক হইলে স্ত্রীশাবক এবং উভয়ের সমান হইলে ক্লীব হয়। সচরাচর পুংশিশু গর্ভের ডানদিকে, স্ত্রীশিশু বামদিকে ও ক্লীব মধ্যভাগে অবস্থিতি করে। হস্তিনী প্রায়ই একটী শিশু প্রসব করে। কখন কখন যমজও প্রসব করিয়া থাকে।

হস্তিনীর দুধের গুণ—মধুর, বৃষ্য, গুরু, কষায়, স্নিগ্ধ, স্থৈর্য্যকারী, শীতল, দৃষ্টিবর্দ্ধক ও বলবৃদ্ধিকর।

ইহার দধির গুণ—কষায়, লঘু, উষ্ণ পাক, শূলনাশক, রুচিকর, দীপ্তিপ্রদ, কফরোগনাশক, বীর্য্যবর্দ্ধক ও বলপ্রদ।

নবনীতের গুণ—কষায়, শীতল, লঘু, তিক্ত, বিষ্টম্ভী, পিত্ত, কফ ও কৃমিনাশক।

ঘৃতের গুণ—কষায়, বিষ্টম্ভী, তিক্ত, অগ্নিবৃদ্ধিকর এবং কফ, পিত্ত, বিষ ও কৃমিনাশক।

হস্তীরা আপনাদের সর্ব্বশক্তিশালী শুঁড়টী দিয়াই প্রায় সকল কার্য্য নির্ব্বাহ করে। তাহারা আহারাদিও শুঁড় দিয়াই করিয়া থাকে। কিন্তু হস্তিশিশু শুঁড় দিয়া স্তন্যপান করেনা। অধরওষ্ঠের প্রান্ত দিয়া স্তন্যপান করে। ইহারা স্তন্যপানের সময় শুঁড় দিয়া স্তন চাপিয়া রাখে, ইহাতে সহজেই স্তন্য নিঃসৃত হয়। হস্তিনী দুধ দিবার জন্য শয়ন করে না। হস্তিনী অপেক্ষাকৃত একটু উচ্চ হইলে হস্তিশাবকের দুগ্ধপান করিতে কষ্ট হয়। সেই অবস্থায় হস্তিনীকে কখন অবনত হইয়া দুধ দিতে হয়। গৃহপালিত হস্তিনী যেখানে আবদ্ধ থাকে, হস্তিরক্ষক তাহার নীচে ৬।৭ ইঞ্চি উচ্চ একটী মাটির মঞ্চ প্রস্তুত করিয়া দেয়, হস্তিশিশু তাহার উপরে দাঁড়াইয়া অনায়াসে স্তন্যপান করিতে পারে। হস্তিশিশু পাঁচবৎসর পর্য্যন্ত স্তনদুগ্ধ পান করিয়া থাকে। ইহার পরে তৃণ ও পল্লব আহার করিতে আরম্ভ করে। এই অবস্থায় হস্তিশিশুকে বাল, দশমবৎসরে পুট, বিংশতিবৎসরে বিক্কা, এবং ত্রিশবৎসরে কালবা নামে উল্লেখ করা হইয়া থাকে। কখন কখন হস্তিশিশুর জন্মগ্রহণের পর হস্তিনীরা তাহাকে তুলিয়া তিন চারিদিন হয় পৃষ্ঠের উপর, না হয় দন্তের উপর রাখিয়া দেয়। তিনবৎসর বয়সে হস্তিশাবকের দাঁত বাহির হয়। হস্তিনী গর্ভাবস্থায় পীড়িত হইলে অথবা হস্তিনীর গর্ভবেদনা উপস্থিত হইলে, হস্তীরা তাহাকে ঔষধ সেবন করিতে দেয়। এই সময়ে হস্তিযূথ হস্তিনীকে ঘেরিয়া দাঁড়াইয়া থাকে। যদি কখনও হস্তিশাবক মৃত হয়, তাহা হইলে হস্তীরা কোন ঝোপের ভিতরে লুক্কায়িত থাকে, পরে সন্ধান করিয়া হস্তিশিশুকে উদ্ধার করে এবং শিকারীকে মারিয়া ফেলে। কখন কখন হস্তিনী একাকিনীই শাবকের উদ্ধার করিয়া থাকে।

সচরাচর ৬০ বৎসর বয়সে হস্তী পূর্ণাবয়ব হয়, ৩০ বৎসরে হস্তিনীরও সকল অবয়ব পূর্ণ হইয়া থাকে। একটী গোলা দুই খণ্ড করিলে যেমন দেখায়, পূর্ণবয়সে হস্তীর মস্তকটীও ঠিক সেইরূপ। কাণ দুইটী দুখানি কুলার মত, শুণ্ড, দন্ত, লিঙ্গ ও লাঙ্গুল ভূতলস্পর্শী হইয়া থাকে। সম্মুখের প্রত্যেক পায়ে পাঁচটী করিয়া ও পিছনের প্রত্যেক পায়ে ৪টী করিয়া মোট ১৮টী নখ থাকে।

মনুষ্যের অসাধারণ বুদ্ধিকৌশলে এই মহাকায় বলশালী মাতঙ্গরাজকেও ধরা দিতে হয়, দিন দিন মানুষের অধীন হইয়া তাহাদের আদেশ প্রতিপালন করিয়া সামান্য পশুর ন্যায় আবদ্ধ থাকিতে হয়। প্রাচীনকাল হইতেই হস্তী ধরিবার নিয়ম ছিল, আর্য্যগণ বা প্রাচীন প্রাণিতত্ত্ববিদেরা ইহার বিশেষ কোন উপায় লিপিবদ্ধ করেন নাই, অথবা তাঁহারা লিখিয়া গেলেও তাহা এখন দুষ্প্রাপ্য। আইন্-অকবরীতে হাতী ধরিবার চারিটী প্রণালীর উল্লেখ আছে—খেদা, চোরখেদা, গাদ ও বার।

খেদা—শিকারীদের কতক অশ্বপৃষ্ঠে ও কতক পদব্রজে

বনমধ্যে প্রবেশ করে। গ্রীষ্মকালই হাতী ধরিবার উপযুক্ত সময়। যে স্থানে হস্তিদল স্বাধীনভাবে দলবদ্ধ হইয়া বিচরণ করে, শিকারীরা সেইস্থানে উপস্থিত হইয়া ঢোল এবং ভেঁপু বাজাইতে থাকে। ইহার শব্দে হস্তিপাল ভীত ও বিচলিত হইয়া চারিদিকে দৌড়াইতে থাকে, কিছুকাল পরে ক্লান্ত হইয়া শান্তিসুখের আশায় বৃক্ষচ্ছায়ায় আসিয়া উপস্থিত হয়। তখন পাকা শিকারীরা বৃক্ষের ছাল বা পাটের দড়ি হাতীর গলায় বা পায়ে বাঁধিয়া দেয়। পরে পালিত ও শিক্ষিত হস্তী দ্বারা প্রলোভিত হইয়া বন্যহস্তী মনুষ্যের বশীভূত হয়। একটী হাতীর যত দাম শিকারীরা তাহার সিকি পারিশ্রমিক পায়।

চোরখেদা—যেখানে বন্যহস্তীর প্রধান আড্ডা, শিকারীরা একটী পোষা হস্তিনী লইয়া তথায় উপস্থিত হয়, মাহুত সেই পোষা হস্তিনীর পিঠে নীরবে মড়ার ন্যায় পড়িয়া থাকে, হস্তিরা হস্তিনীকে দেখিয়া আপনাআপনি লড়াই করিতে থাকে। ইত্যবসরে মাহুত হস্তীর পায়ে দড়ি বাঁধিয়া দেয়। শ্যামদেশে এই প্রথায় হাতী ধরা হইয়া থাকে।

গাদ—যেখানে হাতীর পাল সচরাচর বেড়াইয়া থাকে, সেই স্থানে একটী গর্ত্ত খুঁড়িয়া রাখিতে হয়, এই গর্ত্তটী ঘাসে পরিপূর্ণ থাকে। শিকারীরা কিছুদূরে ঝোপের আড়ালে লুকাইয়া থাকে। হাতীর পাল ঐ স্থানে আসিলে শিকারীরা শব্দ করিতে থাকে। সেই ভীষণ শব্দে হাতীগুলি চারিদিকে দৌড়াদৌড়ি করিতে থাকে, ক্রমে এক একটা সেই গর্ত্তের মধ্যে পড়িয়া যায় এবং উচ্চৈঃস্বরে চীৎকার করিতে থাকে, কিন্তু কোনক্রমে উঠিতে পারে না, অনেকদিন ঐ ভাবে পড়িয়া থাকে, জল বা কোন রকম খাদ্য দেওয়া হয় না, কাজেই তাহাকে মানুষের বশীভূত হইতে হয়।

খার—যে স্থানে হস্তীর দল বিশ্রাম করে, সেইখানে শিকারীরা একটা প্রকাণ্ড গর্ত্ত খুঁড়িয়া রাখে। সেই গর্ত্তের একদিকে একটী পথ থাকে, পথের মুখেই একটী দরজা বসাইতে হয়। দরজাটী দড়ি দিয়া বাঁধা থাকে। দরজার নিকটে হস্তীর খাদ্যও অনেক পরিমাণে রাখিতে হয়। হাতীরা সেই সকল খাদ্য খাইতে আরম্ভ করে, ক্রমে খাদ্যের লোভে বেসামাল হইয়া দরজার ভিতরে প্রবেশ করে, শিকারীরা তখন দড়ি কাটিয়া দেয়, অমনিই দরজা বন্ধ হইয়া যায়। হস্তিযূথ তখন বিকট চীৎকার করিতে থাকে এবং দরজা ভাঙ্গিয়া পলাইবার চেষ্টা করে। শিকারীরাও তখন বাদ্য করিতে থাকে ও আগুন জ্বালায়। হস্তীরা কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া কিছুকাল দৌড়াদৌড়ি করিয়া ক্লান্ত হইয়া পড়ে। সেই সময়ে হস্তিনী আনিয়া ছাড়িয়া দেওয়া হয়, শিক্ষিত হস্তিনীর মোহন ফাঁদে পড়িয়া হস্তীরা আপন অবস্থা ভুলিয়া যায়। সেই সুযোগে শিকারীরা তাহাদিগকে ধরিয়া ফেলে।

মোগলসম্রাট্ অক্‌বরের এই চারিপ্রথায় হাতী ধরা হইত। অক্‌বরের সময়ে আর একটী নূতন কৌশল উদ্ভাবিত হয়। সেইটী এই—বন্য হস্তিগণের তিনদিকে হস্তিচালকগণ ঘেরিয়া রহিত, একদিক্ খোলা থাকিত; এই দিকে বহুসংখ্যক হস্তিনী রাখিয়া দেওয়া হইত। চারিদিক্ হইতে বন্যহস্তী আসিয়া হস্তিনীদিগকে ঘেরিয়া দাঁড়াইত। হস্তিনীরা তখন একটী নির্দ্দিষ্ট স্থানে যাইত, তাহাদের প্রেমে পড়িয়া হস্তীরাও তথায় যাইয়া উপস্থিত হইত, পরে তাহাদিগকে ধরা হইত। এখনও হাতী ধরিবার নানা কৌশল প্রচলিত আছে। ভারতের নানাস্থানেই হাতী ধরা হইয়া থাকে। ১৮৬৮ সালে মান্দ্রাজ গবর্মেণ্ট হস্তিনী সংগ্রহ করিতে আরম্ভ করেন। একার্য্যে নেপাল গবর্মেণ্টের অনেক আয় হয়। সিংহলে এখনও হাতী ধরা হইয়া থাকে, আসামেও হয়। সিংহলের হস্তীরা বড়ই দুর্দ্ধর্ষ। তাহারা সময়ে সময়ে কর্ষিত ক্ষেত্রে উপস্থিত হইয়া শস্য নষ্ট করিয়া ফেলে। এই জন্য সিংহল-গবর্মেণ্ট হাতী মারিবার জন্য পুরস্কারের ব্যবস্থা করেন।

সিংহলে হাতী ধরিবার কৌশল।—হাতীর পাল বিশাল ময়দানের মধ্যবর্ত্তী হইলে ১০।১৫ ক্রোশ স্থান মণ্ডলাকারে ব্যাপিয়া তাহার চারিদিকে আলো জ্বালিতে হয়। এই আলোক দূরস্থ হওয়া উচিত নহে। ইহার মধ্যে সহস্র সহস্র লোক রাখিতে হয়। ২॥০ হাত উচ্চ খোঁটার উপরে ঐ আলো থাকিবে, খোঁটাগুলি পরস্পর ১২ হাতের অধিক দূর হইবে না। ক্রমে সেই খোঁটা অগ্রে অগ্রে সরাইয়া আনিতে হয়। সেই খোঁটার উপরে কিঞ্চিৎ কর্দ্দম দিয়া তাহার উপরে পত্রাদি দগ্ধ করিয়া রাখিতে হয়। আলোকের উপরে নারিকেল পাতার আচ্ছাদন থাকে। বৃষ্টি পড়িলে আলো সহজে নিবে না। আলো যত সঙ্কীর্ণ হইয়া আসে, হাতীরাও সেই সঙ্গে সঙ্গে সঙ্কীর্ণ স্থানে আসিয়া উপস্থিত হয়। যখন হস্তিগণ মণ্ডলাকার স্থানে আসিয়া উপস্থিত হয়, তখন সেই মণ্ডলের একদিকে মোটা মোটা কাঠের বেড়া দিয়া একটী অপ্রশস্ত স্থান প্রস্তুত করিতে হয়। সেই পথে একটী হাতী অতি কষ্টে বাহির হইতে পারে, এই প্রকার সেই মণ্ডলাকার স্থানে চারিদিকে মোটা কাঠের বেড়া দিয়া লতা পাতা দিয়া ঢাকিয়া রাখিতে হয়। হাতীরা উহাকে

বন বলিয়া মনে করে, ভাঙ্গিবার চেষ্টা করে না। তাহারা যে মণ্ডলে আবদ্ধ হয়, তাহারই সংলগ্ন তাহার প্রায় অর্দ্ধাকার আর একটী ক্ষুদ্রায়তন মণ্ডপ প্রস্তুত করিতে হয়। তাহার দৈর্ঘ্য ৬০ হাত এবং বিস্তারে ১৩ হাতের অধিক হয় না। তাহার মধ্যে প্রায় ৩ হাত গভীর একটী খাত কাটা থাকে। হাতীরা অগ্নিভয়ে ভীত হইয়া বৃহৎমণ্ডল হইতে সেই পথ দিয়া একে একে সেই ক্ষুদ্রমণ্ডপে প্রবেশ করে, তখন আর তাহাদের নড়িবার শক্তি থাকে না, এই মণ্ডপের দ্বার রুদ্ধ থাকে। যাহারা আলো দেয়, তাহারা তখন পলায়ন করে। হস্তীরা যখন ভয়ে নিশ্চল ও নিস্পন্দ হয়, তখন মণ্ডপের পাশে যাইয়া সঙ্কীর্ণ পথের দ্বারটী খুলিয়া দেওয়া হয়, হাতীগুলি ধীরে ধীরে তাহার মধ্যে প্রবেশ করে। কোনটা পলাইবার চেষ্টা করিলে, শিকারীরা বরষা দ্বারা তাহার মুখে আঘাত করে, সুতরাং পলাইতে পারে না। এই সময়েই শিকারীরা হস্তীর পায়ে বন্ধন করে। বেড়ার পাশে দুইটী পোষা হাতী বাঁধা থাকে, শিকারীরা ঐ অবরুদ্ধ হস্তীর গলায় রজ্জু দিয়া গৃহপালিত হস্তীদ্বয়ের দেহে বাঁধিয়া দেয়, এবং তৎপরে বেড়ার দ্বার খুলিয়া ফেলে। অবরুদ্ধ হস্তী তখন গৃহপালিত হস্তীর সহিত গিয়া মিশে. কিন্তু পলাইতে পারে না; ক্রমে শিকারীরা গৃহপালিত হস্তীর উপরে আরোহণ করিয়া হস্তিত্রয়কে দৃঢ়রূপে বদ্ধ করে। বন্যহস্তী বদ্ধ হইলে পর শিকারীরা তাহাকে নিকটবর্ত্তী দুইটী স্থূল বৃক্ষের মধ্যে আনিয়া দৃঢ় করিয়া বন্ধন করে। হস্তীর ভোজনার্থে নারিকেলপত্র, কদলীবৃক্ষ ও জল সম্মুখে স্থাপন করে। গৃহপালিত হস্তীরা বন্যহস্তীর নিকট হইতে দূরে যাইলে বন্যহস্তী উন্মত্ত হইয়া উঠে, অত্যন্ত চীৎকার করিয়া সাধ্যানুসারে স্বাধীনতা পাইবার চেষ্টা করে, কিছুতেই আহার করিতে প্রবৃত্ত হয় না, কিন্তু দুইতিন মাসের পর ক্ষুধায় তৃষ্ণায় কাতর হইয়া পান ও ভোজন করিয়া থাকে। শিকারীরা গৃহপালিত হস্তীদ্বারা ক্রমে তাহাদিগকে বশীভূত করে। বর্ত্তমান সময়ে দাক্ষিণাত্যের কোইম্বাতুরে এবং বাঙ্গালার ঢাকা অঞ্চলে হাতী ধরিবার প্রধান আড্ডা, মহিসুর-রাজ্যেও হস্তী ধরিবার বন্দোবস্ত আছে।

ইহা ছাড়া বোর্ণিওদ্বীপের উত্তরপূর্ব্ব অঞ্চলে বন্যহস্তী দেখিতে পাওয়া যায়। কিনাজটানগান নদীর তীরে হস্তিদল বিচরণ করিয়া থাকে। এই সকল হস্তীও কর্ষিত কৃষিক্ষেত্রের মধ্যে প্রবেশ করিয়া শস্য নষ্ট করে। মশাল জ্বালাইয়া ইহাদের সম্মুখে ধরিলে ইহারা মশালের তীব্র আলো সহ্য করিতে না পারিয়া বন মধ্যে পলায়ন করে। সেখানে হস্তী ধরিবার কৌশল আছে। শিকারীগণ গভীর রজনীতে একটী ছোট অথচ তীব্র বরিষা লইয়া হামাগুড়ি দিয়া হস্তিযূথের মধ্যে প্রবেশ করে এবং অতি কৌশলে সেই বরিষাটী একটী বৃহৎ হস্তীর পেটের মধ্যে বসাইয়া দেয়। হস্তী সেই দারুণ আঘাত পাইয়া চীৎকার করিতে থাকে। তাহার চীৎকার শুনিয়া অপর হাতীগুলি বনে চলিয়া যায়। পরদিন প্রাতে শিকারী রক্তচিহ্ন দেখিয়া আহত হস্তীর অনুসরণ করে। কতকদূরে যাইয়া দেখিতে পায়, আহত হস্তী বড়ই দুর্ব্বল হইয়া পড়িয়াছে, শিকারী তখন আবার একবার বরিষার আঘাত করে এবং হস্তীও নিতান্ত দুর্ব্বল হইয়া পড়ে, ক্রমে বশীভূত হয়।

ভারত মহাসাগরের সুমাত্রাদ্বীপেও হস্তী পাওয়া যায়। ইহাদের পঞ্জর অস্থি ২০খানি, ভারতীয় হস্তীর দাঁতের মাড়ি অপেক্ষা ইহাদের মাড়ি চওড়া, বুদ্ধিও ভারতীয় হস্তী অপেক্ষা অনেক বেশী।

হস্তীর স্বর তিন প্রকার, ইহা শুনিয়া অনেক অবস্থা বুঝা যাইতে পারে। হস্তী শুঁড় উত্তোলন করিয়া তুরীর ন্যায় শব্দ করিলে বুঝা যায় যে হস্তীর মনে বড়ই আহ্লাদ হইয়াছে। কেবল মুখে যে অনুদাত্ত শব্দ হয়, তাহাতে বুঝিতে হইবে যে, হস্তীর কোন অভাব হইয়াছে। হস্তী কোন কারণবশতঃ ক্রোধিত হইলে কণ্ঠদেশে ভীষণ শব্দ হইতে থাকে, ইহাই ক্রোধজ্ঞাপক।

পূর্ব্বকালে এক একটী হস্তীর মূল্য ১ শত হইতে ১ লক্ষ টাকা পর্য্যন্ত ছিল। আইন অক্‌বরীর মতে পাঁচ শত অশ্বের মূল্য আর একটী হস্তীর মূল্য সমান। আজকাল তত দর নাই, তবুও উৎকৃষ্ট হস্তীর মূল্য ৫ হাজার হইতে ১০ হাজার পর্য্যন্ত। পূর্ব্বে হস্তী ভারতের নৃপতিগণের যুদ্ধের সহায়তা করিত. এখন কেবল সখ ও সমৃদ্ধির পরিচয় মাত্র। মনুষ্যের মত শিক্ষিত হস্তী গানের সুরতাল স্মরণ করিয়া রাখিতে পারে এবং তালে তালে নাচিতে পারে। শিক্ষিত হস্তী ধনুকে বাণ যুড়িয়া ছুড়িতে পারে, কোন কোনটা নাকি বন্দুকও ছুড়িতে শিখিয়াছে।

বর্ত্তমান সময়ে হস্তীর উপর চড়িয়া যুদ্ধ করিবার রীতি নাই, তবে দুর্গাদি আক্রমণ করিতে হইলে হাতীর উপরে কামান রাখিয়া গোলা ছুড়িতে হয়। এখন যুদ্ধকালে হস্তী ভারবহনের জন্য ব্যবহৃত হয়। হস্তী ২২॥০ মণ হইতে ৩০ মণ ওজনের মাল বহিতে পারে। ভার লইয়া ঘণ্টায় ১॥০ ক্রোশ বা দিনে ৮। ১০ ক্রোশ চলিতে পারে, আবশ্যক হইলে ইহা অপেক্ষা আরও দূরে যাইতে পারে। বিশেষ প্রয়োজন হইলে হাতীতে আরোহণ করিয়া ঘণ্টায় ২॥০ ক্রোশ পথও যাইতে পারা যায়।

হস্তীর আহার সমস্ত গৃহপালিত পশু অপেক্ষা বেশী, সচরাচর এক মণ চাউল ও ৩৷৷০ মণ জল খাইতে পারে। মোগলসম্রাট্ অক্‌বর হস্তীকে ৭ শ্রেণীতে বিভক্ত করিয়াছেন—১ মস্ত, ২ সেরগির, ৩ সাদা, ৪ মাঝলা, ৫ কড়া, ৬ কাণডুরকিয়া, ৭ মোকাল। এই ৭ শ্রেণী প্রত্যেক আবার তিনভাগে বিভক্ত—বড় আড়া, মাঝারি আড়া ও ছোট আড়া। মোকালের ১০টী ভাগ আছে।

মস্ত বড় আড়া ২ মণ ৪ সের আহার করিতে পারে। এইপ্রকার মাঝারি আড়া ২ মণ ১৩ সের ও ছোট আড়া ২ মণ ১৪ সের আহার করিতে পারে।

সেরগির বড় আড়া ২ মণ ৯ সের, মাঝারি আড়া ২ মণ ৪ সের, ছোট আড়া ১ মণ ৩০ সের; সাদা বড় আড়া ১ মণ ৩৪ সের, মাঝারি আড়া ১ মণ ২৩ সের, ছোট আড়া ১ মণ ১৪ সের; মাঝলা বড় আড়া ১ মণ ২২ সের, মাঝারি আড়া ১ মণ ১০ সের, ছোট আড়া ১ মণ ১৮ সের; কড়া বড় আড়া ১ মণ ১৫ সের, মাঝারি আড়া ১ মণ ৯ সের, ছোট আড়া ১ মণ ৪ সের; কাণডুরকিয়া বড় আড়া ১ মণ, মাঝারি আড়া ২৪ সের, ছোট আড়া ২২ সের; মোকাল বড় আড়া ২৬ সের, মাঝারি আড়া ২৪ সের; তৃতীয় শ্রেণী ২২ সের, চতুর্থ শ্রেণী ২০ সের, ৫ম শ্রেণী ১৮ সের, ৬ষ্ঠ শ্রেণী ১৬ সের, ৭ম শ্রেণী ১৪ সের, ৮ম শ্রেণী ১২ সের, ৯ম শ্রেণী ১০ সের ও ১০ম শ্রেণী ৮ সের আহার পাইবার উপযুক্ত। ইহাদের ক্রমানুসারে হস্তিনীরও আহারের ব্যবস্থা ছিল। সর্ব্বাপেক্ষা বৃহৎ হস্তিনী ১ মণ ২২ সের ও সর্ব্বাপেক্ষা ছোট হস্তিনী ৬ সের মাত্র আহার পাইত। হস্তীর উপর আরোহণ করিয়া বহুদূর ভ্রমণ করিতে হইলে অনেক ব্যক্তি হস্তীকে ময়দার রুটি খাওয়াইয়া থাকে।

হস্তীরা আহারের জন্য বড় বড় বৃক্ষের ডাল ভাঙ্গিয়া ফেলে, তাহার পরে ধীরে ধীরে পাতা ও ডাল বাদ দিয়া কেবল ছাল খায়। কৎবেল খাইতে হস্তী বড়ই মজ্‌বুদ। একটী আস্ত কৎবেল গিলিয়া ফেলে, মলত্যাগ করিলে দেখিতে পাওয়া যায় বেলটী তেমনি আস্ত আছে, কিন্তু মধ্যে শাঁস নাই। সকাল সন্ধ্যায় হস্তীকে স্নান করাইতে হয়। ভ্রমণে বাহির হইবার পূর্ব্বে হাতীর কপালে, কাণে ও পায়ে মাখন মাখাইতে হয়, নতুবা রৌদ্রতাপে ঐ সকল স্থান সহজেই ফাটিয়া যায়। হস্তী পালক ও চালকের সম্পূর্ণ বশীভূত। চালকের কটাক্ষে ও ইঙ্গিতে হস্তী অসাধ্য সাধন করিয়া থাকে। পশু হইলেও হস্তীর দয়া আছে এবং উপকার পাইলে কৃতজ্ঞতা প্রকাশ করিতে জানে।

বন্যহস্তীকে অনেক সময়ে সিংহ, ব্যাঘ্র প্রভৃতি বন্য জানোয়ারের সহিত যুদ্ধ করিতে হয়, আবার সময়ে সময়ে হস্তীর সহিতও যুদ্ধ হইয়া থাকে। মদক্ষরণকালেই এইরূপ যুদ্ধ ঘটিয়া থাকে। গৃহপালিত হস্তীরও হস্তী, মানুষ, অশ্ব প্রভৃতির সহিত যুদ্ধ হইয়া থাকে। সম্রাট্ অক্‌বরের সময় অনেক হস্তীই যুদ্ধের জন্য প্রস্তুত থাকিত, হস্তীকে যুদ্ধ শিখাইবার জন্য বেতনভোগী লোকও নিযুক্ত ছিল। এখন হস্তিযুদ্ধ প্রায়ই দেখা যায় না। কিছুদিন পূর্ব্বে বরদায় প্রতিবৎসরেই প্রায় হস্তিযুদ্ধ হইত। যে সকল হস্তীরা যুদ্ধ করে, তাহাদিগকে একরকম মাদকদ্রব্য সেবন করান হয়, ইহাতে হস্তী উত্তেজিত হইয়া উঠে, ইহাকে মুস্ত বলে। ইহার পরে তিনমাস কাল মাখন ও চিনি খাওয়াইতে হয়। এইরূপ উত্তেজিত দুইটা হাতীকে যুদ্ধের জন্য আনান হয়, এবং বাজি রাখিয়া উভয়পক্ষই উপস্থিত থাকে। হস্তিযুদ্ধের রঙ্গভূমির দৈর্ঘ্য ৬ শত হাত, এবং বিস্তার ৪ শত হাত। হস্তী দুইটাকে শিকল দিয়া বাঁধিয়া রাখা হয়। যুদ্ধের একটী সঙ্কেত আছে, সেই সঙ্কেতটী হইবামাত্র, দর্শকবৃন্দ আপন আপন স্থানে সরিয়া দাঁড়ায়। তখন হস্তিদ্বয়ের শিকল শিথিল করিয়া দেওয়া হয়, হস্তিদ্বয় তর্জন গর্জন করিয়া রঙ্গের মধ্যস্থলে উপস্থিত হয় এবং পরস্পর সম্মুখে আসিয়া মাথায় মাথায় ঘর্ষণ করিতে থাকে, ইহার পরে শুঁড়ে শুঁড়ে জড়াজড়ি করিয়া যুদ্ধ করে। কেহ কাহারও মাথা হইতে মাথা উঠায় না। এইরূপ অনেক সময় যুদ্ধ হইলে পর যে হাতীর পরাজয় হয়, তাহাকে যুদ্ধক্ষেত্র হইতে লইয়া যাওয়া হয়। জয়ী মাতঙ্গরাজ তখন রঙ্গস্থলে দাঁড়াইয়া আস্ফালন করিতে থাকে, তখন মাহুত নামিয়া পড়ে, অপরাপর লোক আসিয়া কৌশলে হাতীটাকে বাঁধিয়া ফেলে, এবং ক্রীড়কগণ যথাযোগ্য পুরস্কার পাইয়া থাকে। হস্তীর সহিত মানুষেরও যুদ্ধ হয়।

হাতী শিকারের প্রধান সহায়। প্রাচীনকালে হাতী চড়িয়া রাজারাজড়াগণ শিকার করিতেন। এখন ইংরাজরাজপুরুষেরা প্রায়ই হাতীতে চড়িয়া শিকার করিতে যাইয়া থাকেন। অশিক্ষিত হস্তী লইয়া শিকারে গেলে বিপদ্ হইবার সম্ভাবনা। শিক্ষিত হস্তী পাহাড়ে উঠিতে পারে, আবশ্যক হইলে পর্ব্বতের খাদেও নামিতে পারে।

ভূতত্ত্ববিদেরা পৃথিবীর নিম্নস্তর হইতে প্রস্তরীভূত হস্তীকঙ্কাল পাইয়াছেন, তদ্দ্বারা জানা যায়, বহু পূর্ব্বকালে দ্বিশুণ্ড হস্তী বিদ্যমান ছিল। সাগরেও একপ্রকার জলচর হস্তী দেখিতে পাওয়া যায়, তাহাকে জলহস্তী কহে।

[জলহস্তী দেখ।]

গজকচ্ছপ, [গজকচ্ছপীয় যুদ্ধ দেখ।]

গজকচ্ছপীয় যুদ্ধ (ক্লী) গজকচ্ছপীয়ং গজকচ্ছপসম্বন্ধি যুদ্ধং কর্ম্মধা°। মহাভারতবর্ণিত গজ ও কচ্ছপের যুদ্ধ। উপাখ্যানটী এইরূপ।—বিভাবসু নামে এক মহর্ষি ছিলেন, ইহার কনিষ্ঠ ভ্রাতার নাম সুপ্রতীক। সুপ্রতীক বিভাবসুর সহিত একান্নে থাকিতে ভালবাসিতেন না, এই কারণে তিনি সময় পাইলেই বিভাবসুর নিকটে পৈতৃক ধন বিভাগ করিবার কথা উঠাইতেন। বিভাবসুর স্বভাবটা কিছু চটা, হঠাৎ চটিয়া উঠিতেন, কাজেই তাহার বিরক্তি বোধ হইল। একদিন বিভাবসু সুপ্রতীককে ডাকিয়া বলিলেন, "দেখ সুপ্রতীক! আমি তোমার ব্যবহারে নিতান্তই অসন্তুষ্ট হইয়াছি, তুমি অন্যায়রূপে পিতৃধন ভাগ করিয়া লইতে চাহিয়াছ, অতএব তুমি গজযোনি প্রাপ্ত হইবে।" নির্দ্দোষ সুপ্রতীক শুনিয়া অবাক্ হইলেন, ভাবিয়া চিন্তিয়া শেষে বলিলেন, "আমার দোষ নাই, তথাপি দারুণ শাপ দিয়াছ, অতএব তুমিও কাছিম হইয়া জন্মগ্রহণ কর।" সেকালের ব্রাহ্মণ, কথা কখনও মিথ্যা হইবার নয়, কাজেই এক ভাই হাতী আর একজন কাছিম হইয়া জন্মগ্রহণ করিলেন। বিভাবসুকে কচ্ছপ হইয়া গভীর জলে যাইতে হইল। সুপ্রতীক হাতী হইয়াও কিছুদিন সেই বাড়ীতেই বাস করিতে পারিলেন, এবং সেই অবসরে পৈতৃক ধনের অনেক অংশ সংগ্রহ করিয়া শুঁড়ের মধ্যে রাখিয়া দিলেন। ইহাদের জন্মান্তর হইল; কিন্তু বিদ্বেষভাব কিছুই কমিল না। উভয় উভয়কে জব্দ করিবার চেষ্টায় থাকিলেন। বলিয়া রাখা উচিত যে, গজের কলেবর ৬ যোজন উন্নত ও ১২ যোজন আয়ত, এবং কাছিমটী ৩ যোজন উন্নত, পরিধি ১০ যোজন। কাছিমটা একটী বৃহৎ সরোবরে বাস করিত, দৈবক্রমে একদিন ছোট ভাই সরোবরে জল খাইতে আসিয়া উপস্থিত হইল। বড় ভাই কাছিম সময় পাইয়া তাহাকে কামড়াইয়া ধরিল। হাতীও বলবান্; কাছিমও বড় কম নহে। উভয়ের ঘোরতর যুদ্ধ হইতে লাগিল, সকলেই দেখিয়া শুনিয়া বিস্মিত হইল। কিন্তু যুদ্ধটা নিবারণ করিতে কাহারও সাধ্য হইল না। একদিন পক্ষিরাজ গরুড় ক্ষুধায় বড়ই কাতর হইয়া পিতার নিকটে খাবার চাহিলে পিতা কশ্যপ যুধ্যমান গজকচ্ছপ দুইটাকে খাইতে অনুমতি করেন। গরুড় পিতার আদেশে উভয়কে পায়ের নখে করিয়া লইয়া উড়িয়া চলিল। গরুড় মনে মনে ভাবিতে লাগিল, কোথায় বসিয়া গজকচ্ছপকে উদরসাৎ করি, শেষে একটী বটগাছে বসিয়া খাইতে লাগিল; তাহাতে গরুড়কে আরও বিপদগ্রস্ত হইতে হইল। বটগাছ ভাঙ্গিল, পক্ষিরাজ দেখিল গাছটী ভাঙ্গিয়া পড়িলে তপস্যানিরত বালখিল্য মুনিগণের প্রাণ উড়িয়া যাইবে। কাজেই তাহাকে চঞ্চুপুটে সেই ভগ্ন বটশাখা লইয়া উড়িতে হইল। অনেক দূরে যাইয়া জনমানবশূন্য তুষারময় পর্ব্বতে বসিয়া গজকচ্ছপকে উদরসাৎ করিল। গজকচ্ছপের যুদ্ধ যেরূপ ভয়ঙ্কর, বোধ হয় আর সেরূপ ভয়ানক যুদ্ধ হয় নাই। এই জন্যই এ দেশীয় লোকেরা ভীষণ যুদ্ধ দেখিয়া "বাপ! কি ভয়ানক, যেন গজকচ্ছপের যুদ্ধ" বলিয়া উপমা দিয়া থাকে। (ভারত ১।২৯-৩০ অঃ)

গজকচ্ছপের যুদ্ধের কথা সত্যই হউক আর মিথ্যাই হউক, কিন্তু অতি পূর্ব্বকালে কচ্ছপও এখনকার হাতীর মত এক একটী বড় ছিল, ভূতত্ত্ববিদ্যার সাহায্যে তাহার প্রমাণ পাওয়া গিয়াছে। বড় বেশী দিনের কথা নয়, হিমালয়-সন্নিহিত শিবালিক পাহাড় হইতে প্রস্তরীভূত এক প্রকার কচ্ছপের কঙ্কাল বাহির হইয়াছে। সেইখানি এখনকার বড় বড় হাতীর কঙ্কাল অপেক্ষা কোন অংশে ছোট নহে।

(Proc. Geological Survey of India.)

গজকটা (দেশজ) একপ্রকার লতানিয়া গাছ। (Wibera Scandens.)

গজকণা (স্ত্রী) গজপিপ্পলী, গজপিপুল।

গজকন্দ (পুং) গজো গজদন্তইব কন্দোঽস্য বহুব্রী। হস্তিকন্দবৃক্ষ। (রাজনি°।) হাতিকাঁদা।

গজকর্ণ (পুং) গজস্য কর্ণইব কর্ণোযস্য বহুব্রী। যক্ষবিশেষ। (ভারত ২।১০ অঃ।)

গজকর্ণা (স্ত্রী) মূলবিশেষ। ইহার গুণ—তিক্ত, উষ্ণ, বাত ও কফনাশক, স্বাদু এবং শীতজ্বরবিনাশক। ইহার কন্দের গুণ—পাণ্ডুরোগ, ক্রিমি, প্লীহা ও গুল্মরোগনাশক; গ্রহণী, অর্শ ও বিকারঘ্ন। অপর গুণ—বনশূরণ কন্দের সমান। (ভাবপ্রকাশ) বাচস্পত্যে 'গজকর্ণা' স্থলে গজকর্ণী পাঠ দেখিতে পাওয়া যায়।

গজকাঠি (দেশজ) দুইহাত পরিমিত মাপের কাঠি।

গজকুসুম (পুং) নাগকেশর। (চক্রদত্ত)

গজকুসুমা (স্ত্রী) নাগকেশর।

গজকূর্ম্মাশিন্ (পুং) গজকূর্ম্মৌ অশ্নাতি অশ-ণিনি। গরুড়। (শব্দরত্না°)। পক্ষিরাজ গরুড় যুধ্যমান গজকচ্ছপকে ভক্ষণ করে, তাই তাহার এই নাম হইয়াছে। [গজকচ্ছপ দেখ।]

গজকৃষ্ণা (স্ত্রী) গজইব কৃষ্ণা। গজপিপ্পলী। (ভাবপ্রকাশ।) গজপিপুল।

গজকেশরী, কেশরীবংশীয় উড়িষ্যার একজন পরাক্রান্ত রাজা, বটকেশরীর পুত্র। ইনি ১২ বর্ষমাত্র রাজত্ব করেন।

[উৎকল দেখ।]

গজগীর (পারসী) ১ চাতাল, মেজ। ২ চূণকামকারী।

গজঘণ্টা (স্ত্রী) গজস্য ঘণ্টা ৬তৎ। ১ হাতীর গলায় যে ঘণ্টা দেওয়া হয়। ২ রঙ্গপুরজেলার অন্তর্গত একটী বাণিজ্য-প্রধান নগর। অক্ষা° ২৫° ৪৯´ ৪৫´´ উঃ, দ্রাঘি° ৮৯° ২০´ পূঃ। এখান হইতে যথেষ্ট চূণ ও পাট রপ্তানী হইয়া থাকে।

গজচক্ষুস্ (ত্রি) গজস্যেব চক্ষুর্যস্য গজস্য চক্ষুরিব চক্ষুর্যস্য ইতি বা বহুব্রী। যাহার চক্ষু হাতীর চক্ষু সদৃশ, বিকৃতচক্ষু, টেরা।

গজচির্ভিট (পুং) গজপ্রিয়শ্চির্ভিটঃ। গোডুম্বা। (ত্রিকাণ্ড)

গজচির্ভিটা (স্ত্রী) গজপ্রিয়া চির্ভিটা মধ্যলো°। ইন্দ্রবারুণী। (রত্নমালা।) গোরক্ষলাড়ু, রাখালশশা।

গজচির্ভিটী (স্ত্রী) গজপ্রিয়া চির্ভিটী। ইন্দ্রবারুণী। শব্দ-কল্পদ্রুমের মতে গজচির্ভিটা।

গজচোখ (গজচক্ষুঃ শব্দজ) গজচক্ষুঃ।

গজচ্ছায়া (স্ত্রী) গজস্য হস্তিনঃ ছায়া প্রতিবিম্বঃ ৬তৎ। ১ হস্তীর ছায়া। ২ যোগবিশেষ। কৃষ্ণপক্ষীয় ত্রয়োদশী তিথিতে চন্দ্র মঘানক্ষত্রে এবং রবি হস্তানক্ষত্রে থাকিলে গজচ্ছায়া যোগ হয়। এই তিন দিন পিতৃশ্রাদ্ধ করিলে বিস্তর ফল হয়।

"কৃষ্ণপক্ষে ত্রয়োদশ্যাং মঘাস্বিন্দুঃ করে রবিঃ।
যদা তদা গজচ্ছায়া শ্রাদ্ধে পুণ্যৈবরাপ্যতে।" (কৃত্যচিন্তা°)

৩ সূর্য্যগ্রহণকাল। এই সময়ে শ্রাদ্ধ করা প্রশস্ত।

"সৈংহিকেয়ো যদা ভানুং গ্রসতে পর্ব্বসন্ধিষু।
গজচ্ছায়াতু সা প্রোক্তা তত শ্রাদ্ধং প্রকল্পয়েৎ।" (বরাহ)

৪ অমাবস্যার দিন যে সময়ে ছায়া পূর্ব্বমুখী হয় (মানুষের দ্বিগুণ হয়) সেই কালকে গজচ্ছায়া বলে। ধর্ম্মশাস্ত্রকারগণ এই সময়ে শ্রাদ্ধ করিবার বিধান করিয়াছেন।

"অমাবাস্যাং গতে সোমে ছায়া যা প্রাঙ্মুখী ভবেৎ।
গজচ্ছায়েতি সা প্রোক্তা তত্র শ্রাদ্ধং প্রকল্পয়েৎ।" (মলমাসতত্ত্ব)

গজঢক্কা (স্ত্রী) গজোপরিস্থিতা ঢক্কা। হাতীর উপরিস্থ বড় ঢাক। পর্য্যায়—মদায়াত। (হারাবলী)

গজতা (স্ত্রী) গজানাং সমূহঃ গজ-তল্। (গজসহায়াভ্যাঞ্চেতি বক্তব্যম্। পা ৪।২।৪৩ বার্ত্তিক।) হস্তিসমূহ।

গজতুরঙ্গবিলসিত (ক্লী) ছন্দোবিশেষ, অপর নাম ঋষভ-গজবিলসিত।

গজদণ্ড (পুং) গজেন পরিমাণমস্য গজ-দণ্ড্চ্। হস্তিপরিমাণ।

গজদন্ত (পুং) গজস্য দন্তাবিব দন্তাবস্য বহুব্রী। ১ গণেশ। (শব্দরত্নাবলী।) (ত্রি) ২ হস্তীর দন্তের ন্যায় দন্তবিশিষ্ট। (পুং) ৩ নাগদন্ত, জিনিষপত্র রাখিবার জন্য ভিত্তিতে দুইটী দাণ্ডা দেওয়া হয়, তাহাকে গজদন্ত বা নাগদন্ত বলে।

[নাগদন্ত দেখ।]

৪ দাঁতের উপর যে দাঁত হয়। গজস্য দন্তঃ ৬তৎ। ৫ হাতীর দাঁত। গজদন্ত পৃথিবীর উৎকৃষ্ট ও মহার্ঘ পদার্থ, ইহা দ্বারা নানা রকমের ব্যবহার্য্য মনোহর অথচ বহুকাল স্থায়ী জিনিষ প্রস্তুত হইয়া থাকে। হস্তীদিগের উপর মাড়ীতে দুইপার্শে যে দুইটী তীক্ষ্ণ (ইন্‌সাইসার) দন্ত থাকে, তাহাই বৃদ্ধিপ্রাপ্ত হইয়া সকল কার্য্যের উপযোগী গজদন্ত হয়। নীচের মাড়ীর দাঁত তেমন বাড়েনা, হস্তিনীর দন্তও তত বড় হয় না। গাছের ছাল ছাড়াইতে কি গাছ কাটিয়া ফেলিতে বন্যহস্তীর দন্ত মাঝে মাঝে ভাঙ্গিয়া যায়। সেই জন্য অতিশয় বৃহৎ হইতে পারে না। একবার ভাঙ্গিয়া যাইলে পুনরায় গজাইয়া থাকে, গজদন্ত দীর্ঘে ৬ হাত পর্য্যন্ত বড় হইয়া থাকে। এরূপ একজোড়া দন্ত ওজনে প্রায় ৪ মণ হয়, সচরাচর এত বড় গজ দন্ত দেখিতে পাওয়া যায় না, ত্রিশসের একমণ এইরূপ ওজনের গজদন্তই প্রায় দেখিতে পাওয়া যায়। গজদন্ত আড়াআড়ি ভাঙ্গিলে ইহার ভিতরে গোলাকার রেখাসমূহ দেখিতে পাওয়া যায়।

ভারতবর্ষে যে গজদন্ত উৎপন্ন হয়, তাহাতে এদেশের খরচ চলে না। প্রতিবৎসর আফ্রিকা হইতে এদেশে গজদন্ত আমদানী হইয়া থাকে। যে সকল গজদন্ত ভারতবর্ষের বলিয়া পরিচিত, তাহার অধিকাংশই আসাম ও ব্রহ্মদেশ হইতে পাওয়া যায়। কিংবদন্তী আছে যে, পূর্ব্বকালে আসামের নাগাজাতিরা পার্ব্বত্য গ্রামসমূহ হইতে গজদন্ত আনিয়া বনের বাহিরে রাখিয়া দিত, আর আপনারা বনের ভিতর লুকাইয়া থাকিত। হিন্দু বণিক্‌গণ সেইখানে গিয়া নাগারা যে সকল দ্রব্য ভালবাসে বিনিময়ে তাহা রাখিয়া গজদন্তগুলি লইয়া আসিত। বণিকেরা চলিয়া গেলে বন হইতে বাহির হইয়া নাগারা সেই সমুদায় জিনিষ লইয়া ঘরে যাইত। হিন্দুদিগের সহিত নাগাদিগের এইরূপ ভাবে ব্যবসা বাণিজ্য চলিত। হিন্দুর গ্রামে যাইয়া সাক্ষাৎ সম্বন্ধে ব্যবসা বাণিজ্য করা নাগাধর্ম্ম নিষিদ্ধ। এ কথা কতদূর সত্য, তাহা বলিতে পারা যায় না। নাগারা অতি অল্পই গজদন্ত আনিয়া থাকে, সিংকো ও থাম্‌তিরাই এই দ্রব্য অধিক পরিমাণে বিক্রয় করে, প্রতি বৎসরে আসাম হইতে বঙ্গদেশে একশত মণের অধিক গজদন্ত প্রেরিত হয়।

আফ্রিকা হইতে প্রতিবৎসর প্রায় পাঁচ হাজার মণ হস্তিদন্ত আনীত হয়। জাঞ্জিবার, মোজাম্বিক ও আদন হইতেই ইহার অধিকাংশ আসিয়া থাকে। এই সকল গজদন্ত প্রথম বোম্বাই নগরে আসিয়া জমা হয়। তাহার পরে প্রায় ইহার অর্দ্ধভাগ বিলাতে প্রেরিত হয়। অবশিষ্ট এই দেশের ব্যবহারের নিমিত্ত থাকে। আফ্রিকা হইতে বোম্বাই নগরে যে

গজদন্ত আনীত হয়, তাহা ওজনদরে বিক্রয় হয়। বোম্বাইয়ের সের ২৮ তোলায়। একটী গজদন্ত এইরূপ সেরের প্রায় ৪ মণ ওজন হইয়া থাকে। তাহার মূল্য ২৫০৲ টাকা। অপর অপর দেশে পাঠাইবার পূর্ব্বে গজদন্তগুলিকে কাটিয়া বোম্বাইয়ের লোকে নানাভাগে বিভক্ত করে। গজদন্তের অগ্রভাগটী নিরেট, কাটিয়া পৃথক্ করিলে, ইহার নাম হয় "আকাশাশ"। ইহা বিলাতে প্রেরিত হয়। ইহা হইতে বিলিয়ার্ড খেলিবার ভাঁটা প্রস্তুত হয়। গজদন্তের মধ্যভাগ ফাঁপা, ইহাকে "চুড়িদার" বলে। চুড়ি করিবার নিমিত্ত ইহার অধিকাংশ এদেশে বিক্রীত হয়। দন্তের মূলভাগ বিদেশে প্রেরিত হয়। ফাঁপাভাগের আবার একপ্রকার নিকৃষ্ট জাতি আছে, তাহাকে "চীনাইবার" বলে, তাহা চীনদেশে প্রেরিত হয়।

গজদন্তের ব্যবসা দিন দিন কমিয়া আসিতেছে। কুড়ি বৎসর পূর্ব্বে আফ্রিকা হইতে বোম্বাই নগরে অন্যূন ২৫০০০ যোড়া হস্তিদন্ত আমদানী হইত। এখন ১২০০০এর অধিক আসেনা। হস্তিদন্তের অধিকাংশই প্রথমে আফ্রিকার মধ্যবর্ত্তী স্থান হইতে আনীত হয়। সেখান হইতে সমুদ্রকূলে আইসে, তাহার পর জাহাজে বোঝাই হইয়া নানাদেশে প্রেরিত হয়।

অতি প্রাচীনকাল হইতে ভারতবর্ষে গজদন্তের কারুকার্য্য প্রচলিত আছে। বৃহৎসংহিতার মতে, ইহার মত খাট কি পালঙ্ক প্রস্তুত করিবার উপযোগী আর অপর বস্তু নাই। বরাহমিহির লিখিয়াছেন, খাটের পায়াগুলি গজদন্তে নির্ম্মাণ হওয়া আবশ্যক। অপরাপর অংশ কাষ্ঠদ্বারা প্রস্তুত করিয়া তাহার উপরে গজদন্ত বসাইয়া দিলেও চলিতে পারে।

রাজপুতানা, পঞ্জাব প্রভৃতি অঞ্চলে হিন্দু মুসলমান প্রভৃতি সকল জাতির রমণীগণই গজদন্তের চুড়ি পরিয়া থাকে। বিবাহের সময়ে কন্যার মাতুল কন্যাকে গজদন্তের চুড়ি কিনিয়া দেন। শাঁখার ন্যায় গজদন্তের চুড়িও নানাবর্ণে রঞ্জিত হইয়া থাকে এবং ইহার উপরে অভ্র, রাঙতা প্রভৃতি চাকচিক্যময় বস্তুও দেওয়া হয়। বড়ঘরের মেয়েরা বিবাহের পর একবৎসর পর্য্যন্ত এই চুড়ি পরিয়া থাকে, গরীব দুঃখীরা গজদন্তের চুড়ি চিরকাল হাতে রাখে। রাজপুতানার রেলে, যেখানে যোধপুর যাইবার শাখা বাহির হইয়াছে, তাহার নিকট পালীগ্রামে প্রচুর পরিমাণে গজদন্তের চুড়ি প্রস্তুত হয়। গজদন্তের চুড়ি নানাপ্রকার, সচরাচর যাহা হয়, তাহা দেখিতে অনেকটা শাঁখার ন্যায়।

বোম্বাইয়ে হস্তি-দন্ত নানাভাগে কর্ত্তিত হইয়া দেশ বিদেশে প্রেরিত হয়। সূত্রধরেরাই করাত দিয়া হস্তীদন্ত কাটিয়া থাকে। তাহারা মজুরি পায় না। কাটিতে কাটিতে যে গুঁড়া বাহির হয়, তাহাই তাহাদের প্রাপ্য। এই দন্তচূর্ণ তাহারা গোপদিগকে বিক্রয় করে। গোপদিগের বিশ্বাস গো-মহিষদিগকে ইহা খাইতে দিলে দুধ অধিক হয়। মনুষ্যের পক্ষেও গজদন্তচূর্ণ বলকারক ঔষধের মধ্যে পরিগণিত।

ইহার পর হস্তিদন্ত তিনটী আড়তে আসিয়া উপস্থিত হয়। তারপর সেখান হইতে অপরাপর স্থানে প্রেরিত হয়। সেই তিন আড়তের নাম পালি, সুরাট ও অমৃতসর। নহরীয়া সম্প্রদায়ভুক্ত মাড়বারীরাই গজদন্তের প্রধান ব্যবসায়ী। ইহারা জৈনধর্ম্মাবলম্বী, গজদন্ত ছুঁইলে ইহাদের মহাপাতক হয়, তাই নিজে স্পর্শ করেন না, স্পর্শ করা, রাখা ঢাকা, ওজন করা প্রভৃতি যাহা কিছু আবশ্যক, তাহা মুসলমান ভৃত্য দ্বারাই করাইয়া লন। চুড়ির পর এদেশে চিরুণি করিবার নিমিত্তই গজদন্ত অধিক ব্যবহৃত হয়। চিরুণির প্রধান আড্ডা দিল্লী ও অমৃতসর। চিরুণি করিয়া যাহা কিছু গজদন্ত বাদ পড়ে, তাহা আবার অপরলোকে ক্রয় করিয়া লইয়া যায়। তাহারা সেই গজদন্তের পাত বাক্স প্রভৃতি কাঠের দ্রব্যে বসাইয়া দেয়। মূলতান, ডেরা-ইস্মাইল খাঁ, হুশিয়ারপুর, শিয়ালকোট, সুরাট, বঙ্গলুর, বিশাখপত্তন প্রভৃতি স্থানে এইরূপ হস্তিদন্তসম্বলিত অতি সুন্দর কাষ্ঠের দ্রব্য প্রস্তুত হয়। মান্দ্রাজ প্রদেশে বিশাখপত্তনের তুল্য এরূপ কার্য্য আর কোথাও হয় না।

কেবল গজদন্ত হইতে যে সমুদয় দ্রব্য প্রস্তুত হয়, তাহা মুর্শিদাবাদেই অতি সুচারুরূপে হইয়া থাকে। এরূপ সুন্দর কৌশল আর কোথাও দেখিতে পাওয়া যায় না। মুর্শিদাবাদের কারিকরেরা দুর্গাপ্রতিমা, কালীপ্রতিমা, হস্তী, শকট, ময়ূরপঙ্খি, নৌকা প্রভৃতি নানাদ্রব্য প্রস্তুত করিয়া থাকে। কলিকাতাপ্রদর্শনীতে বঙ্গদেশের অন্যান্য স্থান হইতেও হস্তিদন্ত আসিয়াছিল। গয়া, দুমরাওন, দ্বারভাঙ্গা, কটক, উড়িষ্যা-গড়জাত, রঙ্গপুর, বর্দ্ধমান, চট্টগ্রাম, ঢাকা, পাটনা প্রভৃতিস্থান হইতে গজদন্তের দ্রব্যাদি প্রেরিত হইয়াছিল। গজদন্তকে সূক্ষ্ম সূক্ষ্ম চিরিয়া চামর প্রস্তুত হয়। আবার তাহাকে বুনিয়া মাদুর ও শীতলপাটি করিতে পারা যায়। পূর্ব্বকালে শ্রীহট্টে এইরূপ পাটি অনেক প্রস্তুত হইত। কলিকাতাপ্রদর্শনীতে দ্বারভাঙ্গার মহারাজ এইরূপ একখানি পাটি পাঠাইয়াছিলেন; তাহার মূল্য ১৩২৫৲ টাকা। কাশীর মহারাজ শিল্পকারদ্বারা গজদন্তের একখানি কোচ ও বারাণসীর একটী ঘাট প্রস্তুত করাইয়াছিলেন।

মহারাজের ঘরে আরও অনেক দ্রব্য সঞ্চিত আছে। কোচখানি গৃহপালিত হস্তীদন্ত হইতে নির্ম্মিত।

ত্রিবাঙ্কুড়ের মহারাজ হস্তিদন্তের দ্রব্য বড়ই ভালবাসিতেন। এ অঞ্চলে বন্যহস্তীও অনেক আছে এবং তাহা হইতে গজদন্তও লাভ হইয়া থাকে। ত্রিবাঙ্কুড়ে এখনও হস্তিদন্তের নানাপ্রকার দ্রব্য প্রস্তুত হয়। ব্রহ্মবাসীরাও গজদন্তে দ্রব্য নির্ম্মাণ করিতে বিশেষ পারদর্শী। তাহারা হস্তিদন্তের নিরেট অংশ কতকটা পুরাপুরি কাটিয়া লয়। প্রথম তাহার উপরিভাগে লতাপাতা কাটিয়া অলঙ্কৃত করে। তাহার পর সেই লতাপাতার মধ্য দিয়া ভিতরের গজদন্ত কুরিয়া কুরিয়া বাহির করে। বাহিরের লতাপাতার অলঙ্কার ক্রমে জালবৎ ছিদ্রময় হইয়া পড়ে। সেই ছিদ্রসমূহ দিয়া ভিতরে অস্ত্র চালিত হয়। কুরিয়া কুরিয়া অস্ত্র যখন যাইয়া দন্তের মধ্যস্থলে উপস্থিত হয়, তখন সেই মধ্যবর্ত্তী স্থান কাটিয়া ইহার একটী বুদ্ধদেবের মূর্ত্তি বাহির করে। বাহির হইতেই সমুদয় মূর্ত্তিটী প্রস্তুত হয়। গজদন্তকে পত্রাকারে চিরিয়া তাহার উপর নানারূপ চিত্র আঁকিতে পারা যায়। দিল্লীই এ কার্য্যের প্রধান স্থান। মুসলমান বাদশাহগণের প্রতিমূর্ত্তি, নুরজহান্ প্রভৃতি বেগমগণের প্রতিমূর্ত্তি গজদন্তে চিত্রিত হইয়া বিক্রীত হয়। কতিপয় মুসলমান চিত্রকরেরা এই কর্ম্ম করিয়া থাকে।

য়ুরোপে যখন হস্তিদন্ত যাইতে আরম্ভ হইল, তখন সেখানকার অধিবাসীরাও ইহা হইতে নানারূপ কারুকার্য্য প্রস্তুত করিতে লাগিল। প্রাচীন গ্রীসদেশে গজদন্ত হইতে মনুষ্যমূর্ত্তি নির্ম্মিত হইত, সে মূর্ত্তি এখনও বর্ত্তমান আছে। গজদন্তকে পাত করিয়া পুস্তকও হইত, তাহাও এখন বর্ত্তমান আছে। ফরাসীদেশে পারিস নগরের পুস্তকাগারে এইরূপ একখানি পুস্তক আছে, ১৩০০ বৎসর পূর্ব্বে সেই পুস্তকখানি প্রস্তুত ও লিখিত হইয়াছে। ইহার পত্রগুলি দৈর্ঘ্যে ১৫ ইঞ্চ ও প্রস্থে ৬ ইঞ্চ। ইহা দেখিয়া সকলে অনুমান করেন যে, গোলাকার হস্তিদন্তকে সমতল ও প্রশস্ত করিবার নিমিত্ত, বাড়াইবার বা কমাইবার নিমিত্ত সেকালের লোক কোনও রূপ উপায় জানিত, এখনকার লোক আর সে উপায় জানে না। থিওফিলাস নামক একজন প্রাচীন পণ্ডিত লিখিয়াছেন যে, হস্তিদন্তকে ক্ষার, লবণ, গন্ধকদ্রাবক ও শিরকায় ভিজাইয়া রাখিলে উহা মোমের ন্যায় কোমল হয়, তখন ইহাকে ইচ্ছামত বাড়াইতে বা কমাইতে পারা যায়। ইহাকে আবার শুধু শিরকায় ভিজাইলে পুনরায় কঠিন হয়। য়ুরোপবাসীরা গজদন্তে চতুরঙ্গের বল, নরমূর্ত্তি প্রভৃতি প্রস্তুত করিত। বর্ত্তমান সময়ে প্রায় সর্ব্বত্রই ইহার অবনতি হইয়াছে।

গজদন্তফলা (স্ত্রী) গজদন্তইব ফলমস্যাঃ বহুব্রী ততঃ টাপ্। ডঙ্গরীলতা। (রাজনি॰।) চিচিঙ্গে।

গজদন্তময় (ত্রি) গজদন্ত-ময়ট্ বিকারার্থে। গজদন্তনির্ম্মিত, যাহা গজদন্ত দ্বারা নির্ম্মিত হইয়াছে।

গজদান (ক্লী) গজস্য দানং মদঃ ৬তৎ। ১ হস্তীর মদ। প্রাচীন আর্য্যপ্রাণিতত্ত্ববিদ্‌গণের মতে হাতীর শুঁড়, কপোল, মেঢ্র ও নেত্র হইতে মদ নিঃসৃত হয়।

"সসৈন্যপরিভোগেন গজদানসুগন্ধিনা।
কাবেরীং সরিতাং পত্যুঃ শঙ্কনীয়ামিবাকরোৎ।" (রঘু ৪।৪৫)

২ হস্তীর উৎসর্গ।

গজনবীপুর বা গজনীপুর, বঙ্গপ্রদেশের মাঙ্গুদাবাদ সরকারের অন্তর্গত একটী মহল।

গজনাসা (স্ত্রী) গজস্য নাসা ৬তৎ। হাতীর শুঁড়।

"ধর্ম্মস্ত গজনাসোরু! সদ্ভিরাচরিতঃ পুরা।" (রামায়ণ ২।৩০।৩০)

গজনি, আফগানস্থানের একটী নগর। অক্ষা॰ ৩৩° ৩৪´ উঃ, দ্রাঘি॰ ৬৮° ১৮´ পূঃ। কাবুল হইতে ৪২॥০ ক্রোশ দূরে, গজনিনামা নদীর বামকূলে সমুদ্রপৃষ্ঠ হইতে ৫১৫০ হাত উচ্চে অবস্থিত।

নগরটী চতুরস্র মধ্যস্থলে একটী সুদৃঢ় দুর্গ, সার্দ্ধক্রোশ প্রাচীরবেষ্টিত। এখানে কাদার গাথনি প্রায় সাড়ে তিন হাজার গৃহ আছে। অধিবাসীর মধ্যে আফগান জাতির সংখ্যাই প্রায় দশহাজার, হাজারাজাতি ও অল্প সংখ্যক দোকানদার হিন্দুজাতিও বাস করে। এখানে কার্ত্তিক মাসের শেষ হইতে ফাল্গুন মাসের শেষ পর্য্যন্ত বরফ পড়ে।

এই নগর অতি প্রাচীন। এক সময়ে এ অঞ্চলে বিস্তর লোকের বসবাস ও সমৃদ্ধিশালী নগরসমূহ ছিল, গজনির পশ্চিমাংশে তর্ণাক উপত্যকা হইতে শিস্তানের নগর গ্রামাদির ধ্বংসাবশেষই তাহার নিদর্শন।

জশলমীরের ইতিবৃত্ত পাঠে জানা যায়, বিক্রমাদিত্যের আবির্ভাবের অনেক পূর্ব্বে যাদবগণ গজনি হইতে সমরকন্দ পর্য্যন্ত সমুদায় ভূভাগে রাজত্ব করিতেন। কর্ণেল টডসাহেব বিলাতে রয়েল এসিয়াটিক সোসাইটীতে একখানি হিন্দু-মানচিত্র প্রদান করেন, তাহাতে এই স্থান "গজলি-বন" অর্থাৎ হাতীর বন নামে নির্দ্দিষ্ট আছে। অনেকের মতে হিন্দুরাজগণই এই নগর পত্তন করেন। আবার কাহারও মতে এইখানেই সংস্কৃত শাস্ত্রোক্ত যবনরাজ বাস করিতেন। টলেমি 'ওজলা' (Ozola) ও ক্রিসোকোকাস্ সবল (Sabal or Zabal) নামে ইহার উল্লেখ করিয়াছেন।

৯৭৬ খৃষ্টাব্দে আবুস্তকিন্ বোখারা হইতে আসিয়া এখানে রাজধানী করেন। তাঁহার উত্তরাধিকারী সবক্তগীন, ইনিই

ভারতবিজেতা সুলতান্ মাহ্মুদের পিতা। মাহ্মুদের শাসনকালে গজনিরাজ্য পূর্ব্বে গঙ্গা ও পশ্চিমে তাইগ্রীস নদী, উত্তরে অক্ষস্ ও দক্ষিণে ভারতমহাসাগরের উপকূল পর্য্যন্ত বিস্তৃত হইয়াছিল। ১১৫১ খৃষ্টাব্দে আলা উদ্দীন্ ঘোরী গজনি নগর আক্রমণ করেন, এই সময় সহস্র সহস্র অধিবাসী আলার নিষ্ঠুর অত্যাচারে নিহত হয়। তৎপরে আরবেরা এখানে রাজ্যশাসন করিতেন। খৃষ্টীয় ত্রয়োদশ ও পঞ্চদশ শতাব্দে তাতারগণের দারুণ দৌরাত্ম্যে গজনিনগর ছারখার হইয়া পড়ে।

১৮৩৯ খৃষ্টাব্দে ২২এ জুলাই ও তৎপরে ১৮৪১ খৃষ্টাব্দে ইংরাজাধীন ভারতসেনা গজনি আক্রমণ করিয়াছিল। আবার ১৮৮০ খৃষ্টাব্দে বৃটীশসেনা পরিচালিত হইয়াছিল।

আফগানস্থান ও ভারতে যাতায়াত করিবার এখানে ৪টী প্রধান পথ আছে। নগরের চারিপার্শ্বস্থ জমি অতিশয় উর্ব্বরা। সেখানে দ্রাক্ষা, তামাক, কাপাস প্রভৃতি যথেষ্ট জন্মে।

নগরের দুই পার্শ্বে সুলতান্ মাহ্মুদের দুইটী মিনার আছে। মিনার দুইটী ইষ্টকনির্ম্মিত, তাহাতে অতি সুন্দর কারুকার্য্য আছে। একটী প্রায় ৯৪ হাত উচ্চ হইবে।

গজপতি (পুং) গজস্য পতিঃ ৬তৎ। ১ শ্রেষ্ঠ গজ। ২ অত্যুচ্চ হস্তী। "গজপতি দ্বয়সী রপি হৈমনঃ।" (মাঘ)

৩ উৎকল ও কলিঙ্গের প্রাচীন রাজগণের সম্মানসূচক উপাধি। অন্ধ্র ও বেঙ্গীদেশের বৌদ্ধরাজগণও সময়ে সময়ে এই উপাধি ধারণ করিতেন। বর্ত্তমান সময়ে কেবল উত্তরসরকারের একজন রাজা "রাজা গজপতিরাও" উপাধি ধারণ করিয়া থাকেন।

গজপতিনগর, ১ মান্দ্রাজ প্রদেশের বিশাখপত্তন জেলার অন্তর্গত একটী তালুক। ভূপরিমাণ ৩৪ বর্গমাইল। ২২৮ খানি গ্রাম ইহার অন্তর্গত। লোকসংখ্যা প্রায় সপাদলক্ষ।

২ উক্ত তালুকের অন্তর্গত প্রধান নগর, অক্ষা° ১৮°১৬´ উঃ, দ্রাঘি° ৮৩° ২৫´ পূঃ। তালুকের সকল পার্ব্বতীয় দ্রব্যজাত এইখানে আনিয়া বিক্রয় করা হয়। এখানে ফৌজদারী ছোট আদালত, রেজিষ্টরী আফিস, ডাকঘর ও ঔষধালয় আছে।

গজপতিবীরনারায়ণ দেব, একজন সংস্কৃত গ্রন্থকার। পদ্মনাভের পুত্র, কবিরত্ন পুরুষোত্তমমিশ্রের শিষ্য। ইনি অলঙ্কারচন্দ্রিকা ও সঙ্গীতনারায়ণ রচনা করেন।

গজপাদপ (পুং) গজপ্রিয়ঃ পাদপঃ। স্থালীবৃক্ষ। (ভাবপ্রকাশ।) বেলিয়াপিপর।

গজপিপ্পলী (স্ত্রী) গজপূর্ব্বা, গজপ্রিয়া বা পিপ্পলী। পিপ্পলীবিশেষ। গজপিপুল। তৎপর্য্যায়—করিপিপ্পলী, ইভ-কণা, কপিবল্লী, কপিল্লিকা, কপিবল্লিকা, শ্রেয়সী, বসির, গজাহ্বা, কোলবল্লী, ইভোষণা, চব্যফল, চব্যজা, ছিদ্রবৈদেহী, দীর্ঘগ্রন্থি, তৈজসী, বর্ত্তুল, স্থূলবৈদেহী। ইহার গুণ—কটু, উষ্ণ, শ্লেষ্ম ও বাতনাশক, স্তন-কর্ণবৃদ্ধিকর এবং বেদনা ও মলনাশক। (রাজনি°।) রাজবল্লভের মতে ভেদক ও অগ্নিবৃদ্ধিকারী। ভাবপ্রকাশের মতে, ইহার ফলের নাম গজপিপ্পলী। ইহার গুণ—কটু, বাত ও কফনাশক, অগ্নিবৃদ্ধিকারী, অতীসার, শ্বাস, কণ্ঠরোগ ও কৃমিনাশক।

গজপুট (পুং)। গজাহ্বয়ঃ পুটঃ শাকপার্থিববৎসমাসঃ। গর্ত্তবিশেষ, ইহা ঔষধপাক ও লৌহমারণ প্রভৃতি কার্য্যের উপযোগী। কোন বৈদ্যক ১ হাত গভীর ১ হাত বিস্তার ও এক হাত দৈর্ঘ্য গর্ত্তকে গজপুট বলেন।

"হস্তপ্রমাণো গর্ত্তো যঃ পুটঃ স তু গজাহ্বয়ঃ।" (বৈদ্যক)

ভাবপ্রকাশে ক্লীবলিঙ্গে গজপুটশব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যায়। ভাবপ্রকাশের মতে ১।০ হাত (৩০ আঙ্গুল) গভীর, ১।০ হাত পার্শ্ব ও ১।০ হাত দৈর্ঘ্য গর্ত্তকে গজপুট বলে। এইরূপ গজপুট প্রস্তুত করিয়া তাহার মধ্যে পাঁচ শত ঘুটে দিবে। পরে একটী মাটির মূষায় ঔষধ রাখিয়া তাহার মুখ ভাল করিয়া বন্ধ করিবে, এবং ঐ ঘুটের উপরে রাখিবে। পরে মূষার উপরে আর পাঁচ শত ঘুটে সাজাইয়া উপরে আগুন দিতে হয়। গজপুটে এই প্রণালীতে পাক করিতে হয়। সকলপ্রকার পুট হইতে গজপুটশ্রেষ্ঠ। (ভাবপ্র° পূর্ব্ব° ২ভা°)

গজপুর (ক্লী) গজস্য হস্তিনাম নৃপস্য পুরং ৬তৎ। যুধিষ্ঠিরের রাজধানী, হস্তিনাপুর।

"স নির্যযৌ গজপুরাদ্বাজকৈঃ পরিবারিতঃ।"

(ভারত অনু° ১৬৭ অঃ)

গজপুষ্পী (স্ত্রী) গজস্তম্মদ ইব গন্ধযুতপুষ্পমস্যাঃ বহুব্রী, ততো ঙীপ্। নাগপুষ্পা লতা। (শব্দার্থচিন্তামণি।)

"ততো গিরিতটে জাতা মারুহ্য সুদুরাসদাম্।
লক্ষ্মণো গজপুষ্পীং তাং তস্য কণ্ঠে সসক্তবান্॥"(রামা° ৪।১৩।৪৬)

গজপ্রিয়া (স্ত্রী) গজস্য প্রিয়া ৬তৎ। শল্লকীবৃক্ষ। (হেম°)

গজবন্ধনী (স্ত্রী) গজা বধ্যন্তেঽত্র বন্ধ ল্যুট্ ঙীপ্ চ। হাতী বাঁধিবার স্থান, হাতীশালা। পর্য্যায়—বারী, বারি, প্রারব্ধি।

গজবন্ধিনী (স্ত্রী) গজস্য বন্ধোঽস্ত্যত্র গজবন্ধ-ইনি-ঙীপ্। হাতী বাঁধিবার স্থান, হাতীশালা। (জটাধর)

গজভক্ষক (পুং) গজো ভক্ষকোঽস্য বহুব্রী। অশ্বত্থবৃক্ষ।

গজভক্ষা (স্ত্রী) ভক্ষ্যতেঽসৌ ভক্ষ ণিচ্ কর্ম্মণি অপ্ ততঃ টাপ্। শল্লকীবৃক্ষ। (শব্দরত্নাবলী)

গজভক্ষ্যা (স্ত্রী) গজেন ভক্ষ্যা ৩তৎ। শল্লকীবৃক্ষ। (অমর)

গজমণ্ডন (ক্লী) গজস্য মণ্ডনং ৬তৎ। হস্তীর অলঙ্কার, হস্তিভূষণ।

গজমণ্ডলী (স্ত্রী) গজানাং মণ্ডলী বেষ্টনাকারপরিধিঃ ৬তৎ। ১ হস্তীর বেষ্টনাকারপরিধি। ইহার উত্তর স্বার্থে কন্ হইলে ঈকার হ্রস্ব হইয়া গজমণ্ডলিকা শব্দ হয়।

"চন্দ্রাকৃতীনি গজমণ্ডলিকাভিরুচ্চৈঃ।" (মাঘ)

২ হস্তিসমূহ।

গজমাচল (পুং স্ত্রী) গজস্য মাচং শাঠ্যং লুনাতি লূ-বাহুলকাৎ ডঃ। সিংহ। (হারাবলী) স্ত্রীলিঙ্গে ঙীষ্ হইয়া গজমাচলী হয়।

গজমাত্র (ত্রি) গজেন পরিমাণমস্য গজ-মাত্রচ্। গজপরিমিত।

গজমুক্তা (স্ত্রী) গজে গজকুম্ভে জাতা মুক্তা হস্তিকুম্ভজাত এক-প্রকার মুক্তা, এই মুক্তা সকল মুক্তার মধ্যে উৎকৃষ্ট। প্রাচীন আর্য্যগণ—গজ, মেঘ, বরাহ, শঙ্খ, মৎস্য, সর্প, শুক্তি ও বেণু এই আটটী মুক্তার উৎপত্তিস্থান বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

"করীন্দ্রজীমূতবরাহশঙ্খমৎস্যাহিশুক্ত্যুদ্ভববেণুজানি।
মুক্তাফলানি প্রথিতানি লোকে তেষান্তু শুক্ত্যুদ্ভবমেব ভূরি॥"
(কুমারটীকা—মল্লিনাথ)

আধুনিক বৈজ্ঞানিকেরা হস্তিকুম্ভকে মুক্তার আকর বলিয়া স্বীকার করেন না। তাঁহারা কখনও হস্তিকুম্ভে মুক্তা দেখিতে পান নাই।

গজমুখ (পুং) গজস্য মুখং মুখমস্য বহুব্রী। ১ গণেশ। [গজানন দেখ।]

"প্রমথাধিপো গজমুখঃ।" (বৃহৎসং ৫৮ অঃ।) (ক্লী) গজস্য মুখং ৬তৎ। ২ হস্তীর মুখ।

গজমোটন (পুং স্ত্রী) গজং মোটয়তি পীড়য়তি গজ মুট্-ণিচ্ ল্যু। সিংহ। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হইয়া গজমোটনী শব্দ হয়।

গজমৌক্তিক (ক্লী) মুক্তা এব মুক্তা স্বার্থে কন্ ঠঞ্। গজমুক্তা।

"গজমৌক্তিকাবলিযুতেন বক্ষসা।" (কিরাত ১২।৪১)

গজর (দেশজ) ১ গর্জন। ২ বাজে বকা।

গজরা (দেশজ) গর্জ্জন।

গজল (পারসী) একজাতীয় সঙ্গীত; ইহা প্রায়ই পারসী ভাষায় রচিত হয়। ইহাতে নায়ক নায়িকার বিরহ বর্ণিত থাকে।

গজলণ্ড (ক্লী) গজস্য লণ্ডং ৬তৎ। হাতীর নাদ। (চক্রদত্ত)

গজবদন (পুং) গজস্য বদনং যস্য বহুব্রী। ১ গণেশ। (ক্লী) গজস্য বদনং ৬তৎ। ২ হাতীর মুখ।

গজবৎ (ত্রি) গজোঽস্ত্যস্য গজ-মতুপ্ মস্য বঃ। গজবিশিষ্ট, যাহাতে হাতী আছে।

গজবল্লভা (স্ত্রী) গজস্য বল্লভা ৬তৎ। ১ গিরিকদলী, চলিত কথায় পাহাড়ে কলা ও স্থানবিশেষে দয়া-কলা বলে। ২ শল্লকীবৃক্ষ। (রাজনি°)

গজবীথী (স্ত্রী) ১ রোহিণী, আর্দ্রা ও মৃগশিরা এই তিনটী নক্ষত্রকে গজবীথী বলে। [খগোল দেখ।] গজস্য বীথী ৬তৎ। ২ হস্তিপংক্তি।

গজবোরু, অপর নাম গঙ্গাবাড়ী। মানভূমস্থ একটী গিরিশৃঙ্গ।

গজব্রজ (ত্রি) হস্তীবৎ ভ্রমণশীল।

গজশিক্ষা (স্ত্রী) গজানাং শিক্ষা ৬তৎ। হাতীচালনা অভ্যাস।

"তথৈব গজশিক্ষায়াং নীতিশাস্ত্রেষু পারগঃ।"(ভারত ১।১০৯ অঃ)

গজশিরস্ (পুং) গজস্য শির-ইব শিরোযস্য বহুব্রী। ১ দৈত্য-বিশেষ। (হরিবংশ ২৪০ অঃ) বহুব্রী। ২ গণেশ।

গজশাসন, যোগিনীতন্ত্রোক্ত কামরূপের বায়ুকোণস্থ পবিত্রস্থান।

"ঈশানে চৈব কৈদারো বায়ব্যাং গজশাসনঃ।"
(যোগিনীতন্ত্র ১১ প°)

গজসার, একজন জৈনগ্রন্থকার, ধবলচন্দ্রের শিষ্য। ইনি সংস্কৃত ভাষায় চতুর্বিংশতিদণ্ডকস্তোত্র রচনা করেন।

গজসাহ্বয় (পুং) গজেন হস্তিনামক নৃপেণ সহ আহ্বয়ো-যস্য বহুব্রী। হস্তিনাপুর।

"নির্যযুঃ গজসাহ্বয়াৎ।" (ভারত ৩।১ অঃ)

গজস্কন্ধ (পুং) গজস্য স্কন্ধইব স্কন্ধোঽস্য বহুব্রী। দৈত্য বিশেষ।

গজা (দেশজ) মিষ্টান্নবিশেষ।

গজাখ্য (পুং) গজং গজকর্ণং আখ্যাতি পত্রেণ আখ্যা-ক। ১ চক্রমর্দ্দবৃক্ষ, চাকুন্দে। (রাজনি°।) গজেন তুল্যা আখ্যা যস্য বহুব্রী। ২ হস্তিনাপুর।

গজাগ্রণী (পুং) গজস্য অগ্রণীঃ শ্রেষ্ঠঃ ৬তৎ। ঐরাবত।

গজাজীব (পুং) গজৈস্তৎপালনাদিভি রাজীব্যতে জীব-অপ্। হস্তিপালক। (হেম°)

গজাণ্ড (ক্লী) গজস্যাণ্ডমিব অণ্ডমস্য বহুব্রী। পিণ্ডমূল। (রাজনি°।)

গজাদন (পুং) অশ্বত্থবৃক্ষ।

গজাদনী (স্ত্রী) অশ্বত্থবৃক্ষ।

গজাদিনামন্ (স্ত্রী) গজ ইতি শব্দ আদৌ যস্য তাদৃশং নাম যস্যাঃ বহুব্রী। গজপিপ্পলী। "কালমৃতাশিগুপুনর্ণবার্ক-গজাদিনামাকরহাটকুষ্ঠৈঃ॥" (সুশ্রুত, চিকিৎসিত° ১৮অঃ)

গজাধ্যক্ষ (পুং) গজস্য অধ্যক্ষঃ ৬তৎ। যাহার উপরে হাতীর রক্ষণাবেক্ষণের ভার দেওয়া হয়, হাতীর কর্ত্তা।

গজানন (পুং) গজস্যাননমাননং যস্য বহুব্রী। ১ গণেশ। পার্ব্বতীনন্দন গণেশের গজানন হইবার কথা ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণে গণেশখণ্ডে এইরূপ লিখিত আছে—

দক্ষকন্যা সতী পতিনিন্দায় প্রাণত্যাগ করিয়া হিমালয়ে জন্মগ্রহণ করিলে, মহাদেব তাঁহাকে বিবাহ করেন। বিবাহের পর উভয়ের সম্ভোগ হইতে লাগিল, কিন্তু সন্তান হইল না, পার্ব্বতীর মনে বড়ই কষ্ট হইল,

একদিন মহাদেবের নিকটে বসিয়া কাঁদিয়া আকুল হইলেন। মহাদেব অনেক ভাবিয়া চিন্তিয়া বিষ্ণুর আরাধনা করিতে উপদেশ দেন। পার্ব্বতী বিষ্ণুর আরাধনা করিলে বিষ্ণু সন্তুষ্ট হইয়া তাঁহাকে পুত্রবর দিলেন। কিছুদিন পরে পার্ব্বতীর একটী পুত্র হইল। দম্পতী আমোদে মাতিয়া দান করিতে আরম্ভ করিলেন। স্বর্গ, মর্ত্ত্য, পাতাল প্রভৃতি সকল স্থানেই আমোদ প্রমোদ হইতে লাগিল। সকলেই নবজাত শিশুকে দেখিতে কৈলাসে আসিয়া উপস্থিত হইল। ইহার পরে শনিও আসিয়া কৈলাসে উপস্থিত হইলেন। শনি স্ত্রীর অভিশাপে যাহার দিকে তাকাইতেন, তাহাই ভস্ম হইয়া যাইত। শনি ঠাকুর সেই ভয়ে পার্ব্বতীনন্দনকে দেখিতে যাইলেন না। পরিশেষে শিবের কথায় তাঁহাকে বাড়ীর ভিতরে যাইতে হইল; গ্রহরাজ পার্ব্বতীর নিকটে যাইয়া অধোবদনে দাঁড়াইয়া থাকিলেন। পার্ব্বতীর তাহা ভাল লাগিল না। তিনি বালককে দেখিতে অনুরোধ করেন। শনি সব কথা খুলিয়া বলিলেন, তথাপি পার্ব্বতী গ্রাহ্য করিলেন না, তিনি হাসিয়া উড়াইয়া দিলেন। অগত্যা শনিকে বালক দেখিতে হইল। শনির দৃষ্টিমাত্রই বালকের মাথাটী উড়িয়া গেল। পার্ব্বতী কাঁদিয়া আকুল হইয়া পড়িলেন। বিষ্ণুর নিকটে এই সংবাদ পাঠান হইল। বিষ্ণু আসিবার সময় রাস্তায় দেখিলেন, একটা হাতী পরমসুখে শুইয়া আছে। তিনি সেই হাতীটার মাথা লইয়া আসিয়া সেই ছিন্নমস্তক বালকের শরীরে লাগাইয়া দিলেন। হাতীমুখো বলিয়া যদি কেহ আদর করিয়া পূজা না করে, এই আশঙ্কায় সকল দেবতা মিলিয়া বিধান করিলেন যে, এই গজাননের পূজা না করিলে, আমাদের পূজা সিদ্ধ হইবে না, সেই হইতে সকল দেবদেবীর পূজার অগ্রে গণেশের পূজা করিবার নিয়ম হইয়াছে।

স্কন্দপুরাণের গণেশখণ্ডে ইহার উপাখ্যানটী অন্য প্রকার লিখিত আছে—

সিন্দূর নামক একটী দৈত্য পার্ব্বতীর গর্ভে অষ্টম মাসের সময় প্রবেশ করিয়া, গণেশের মাথাটী কাটিয়া ফেলে। তাহাতে বালকের জীবনের কোন অনিষ্ট হইল না। প্রসবের পরে নারদ আসিয়া বালককেই ইহার কারণ জিজ্ঞাসা করিলেন। বালক এই কথা নারদকে বুঝাইয়া বলিলে, নারদ তাঁহাকে সমস্তক হইতে অনুরোধ করেন। বালক আপনার তেজেই গজাসুরের মাথাটী কাটিয়া আপনার স্কন্ধে যোজনা করিয়া দিলেন, সেই হইতেই তাহার গজানন নাম হইল। ভাদ্রমাসীয় চতুর্থী তিথিতে গজাননের জন্ম হয়। (স্কন্দপুরাণ গণেশখণ্ড ১১ অধ্যায়।) [গণেশ দেখ।]

গজানাঙ্ক, বাগীশ্বরী দেবীভক্ত বৈবস্বতগোত্রজ একজন রাজা, মেঘনাদের পুত্র ও বায়ুবাহের পিতা। (সহ্যাদ্রিখ° ১।৩৩।৮৩)

গজারি (পুং) গজস্য অরিঃ শত্রুঃ ৬তৎ, ১ সিংহ। ২ বৃক্ষবিশেষ। ঢাকা অঞ্চলে গরাণ বৃক্ষকে গজারি বা গজী এবং তাহার চারাকে গোচি বলে। ইহার পত্র বিশাল, ত্বক্ স্থূল। ইহার কাণ্ড খুঁটীর জন্য ব্যবহৃত হয়, ইহা এক জাতীয় শালতরু, মধুপুর জঙ্গলে ও আসাম অঞ্চলে জন্মিয়া থাকে।

গজারোহ (পুং) গজমারোহিত আ-রুহ-অণ্। হস্তিপাল, মাহুত।

গজাশন (পুং) গজৈরশ্যতে ভক্ষ্যতে অশ কর্ম্মণি ল্যুট্, যদ্বা অশ্নাতীতি অশনঃ গজোঽশনোভক্ষকো যস্য বহুব্রী। গজভক্ষ্য, অশ্বত্থবৃক্ষ। (রত্নমালা।)

গজাশনা (স্ত্রী) গজাশন-টাপ্। ১ ভঙ্গা, ভাঙ্। ২ শল্লকীবৃক্ষ, হিন্দীতে শালুই বলে। ৩ পদ্মমূল।

গজাসুর (পুং) গজাকারোঽসুরঃ। গজাকৃতি একটী অসুর। ইহার উপাখ্যান—পূর্ব্বকালে মহেশ নামে একজন অতিশয় সচ্চরিত্র, বিদ্যাবান্, ন্যায়বান্ নরপতি ছিলেন. সর্ব্বদাই ইনি দেবতা ও ব্রাহ্মণের সেবা করিতে ভালবাসিতেন। একদিন মহেশ নরপতি আপনার বন্ধুবান্ধবের সহিত বেড়াইতে বাহির হইয়াছেন। এমন সময় নারদকে দেখিতে পাইলেন, কিন্তু তাহার কোনরূপ আদর বা অভ্যর্থনা করিলেন না। নারদ চটিয়া গেলেন এবং শাপ দিলেন যে, "নরাধম তুই গজযোনি প্রাপ্ত হইবি।" নারদের বাক্য মিথ্যা হইল না। কিছুদিন পরেই তিনি গজযোনি প্রাপ্ত হইয়া, গজাসুর নামে বিখ্যাত হইলেন, এই অসুর হইতে দেবগণ সময়ে সময়ে ক্ষতিগ্রস্ত হইয়াছিলেন। শিব ইহার চর্ম্ম নিজে পরিধান করিয়াছেন। (স্কন্দপু° গণে° ১০অঃ।)

গজাসুরদ্বেষিন্ (পুং) গজাসুরং দ্বেষ্টি দ্বিষ্ ণিনি। মহাদেব। [কৃত্তিবাসঃ দেখ।]

গজাস্য (পুং) গজস্য আস্যং মুখমেব আস্যমস্য বহুব্রী। ১ গণেশ। (ক্লী) গজস্য আস্যং ৬তৎ। ২ হাতীর মুখ।

গজাহ্ব (ক্লী) গজসহিতা আহ্বাযস্য বহুব্রী। ১ হস্তিনাপুর। (পুং) [বহু] ২ একটী প্রদেশ, হস্তিনাপুর যে প্রদেশের অন্তর্গত। বৃহৎসংহিতায় কূর্ম্মবিভাগের মধ্যস্থানে এই দেশের উল্লেখ আছে। "গজাহ্বয়শ্চেতি মধ্যমিদং।" (বৃহৎস° ১৪ অঃ।)

গজাহ্বয় (ক্লী) গজেন সহিত আহ্বয়ো যস্য বহুব্রী। হস্তিনাপুর।

"যুধিষ্ঠিরস্যানুমতে বনবাসাদ্‌গজাহ্বয়ং।" (ভারত ৩।৬ অঃ।)

গজাহ্বা (স্ত্রী) গজোপপদা আহ্বাযস্যাঃ বহুব্রী। ১ গজপিপ্পলী। ২ হস্তিনাপুরী।

গজেক্ষণ (পুং) ১ গজচক্ষু। ২ দানববিশেষ।

গজেন্দ্র (পুং) গজইন্দ্র ইব উপমিতস° যদ্বা গজস্য ইন্দ্রঃ ৬তৎ। ১ গজশ্রেষ্ঠ, উৎকৃষ্ট হাতী। ২ গজমুখাধিপতি। "নেত্রশ্রিয়ং বিকসতো বিদধুর্গজেন্দ্রাঃ।" (মাঘ)

৩ অগস্ত্যমুনির শাপে গজযোনি প্রাপ্ত ইন্দ্রদ্যুম্ন রাজা। ভাগবতে ইহার এইরূপ উপাখ্যান আছে।—পূর্ব্বকালে দ্রবিড়দেশে পাণ্ড্যবংশে ইন্দ্রদ্যুম্ন নামে একজন প্রবল পরাক্রান্ত বিষ্ণুভক্ত নরপতি ছিলেন। একদিন নরপতি একাগ্রচিত্তে হরির আরাধনা করিতে ছিলেন, সেই সময়ে অগস্ত্য মুনি আসিয়া তথায় উপস্থিত হন। রাজা তাঁহাকে লক্ষ্য করিলেন না, তিনি আপন মনে আরাধনায় থাকিলেন। মুনির রাগ হইল, রাজাকে ডাকিয়া বলিলেন, "নরাধম! তুমি ব্রাহ্মণের অপমান করিয়াছ, ইহার ফলে কুঞ্জরযোনি প্রাপ্ত হইবে।" মুনির বাক্য মিথ্যা হইল না, কিছু দিন পরেই রাজা হাতী হইয়া জন্মগ্রহণ করিলেন। মৃত্যুকালেও তাঁহার হরিভক্তির হ্রাস হয় নাই, সেই কারণে তাঁহার পূর্ব্বজন্মের কথা সকলই মনে রহিল, কিছুই বিস্মৃত হইলেন না। নরপতি ইন্দ্রদ্যুম্ন হাতী হইয়া বনে বনে বেড়াইতে লাগিলেন; দৈবাৎ এক দিন চিত্রকূট পর্ব্বতে যাইয়া উপস্থিত হইলেন। এই পর্ব্বতে বরুণোদ্যান নামে একটী মনোহর উপবন আছে। রাজা সেই উপবনে যাইয়া স্নান করিতে সরোবরে অবগাহন করিলে, একটা কুম্ভীর তাঁহাকে আক্রমণ করে। তাঁহার সহচর অপর মাতঙ্গরাজেরা তাঁহার সাহায্য করিতে লাগিল, তিনি কুম্ভীরের সহিত যুদ্ধ করিতে লাগিলেন; কিন্তু কোনক্রমেই সেই মহাবল কুম্ভীর পরাজিত হইল না। ইন্দ্রদ্যুম্ন বেগতিক দেখিয়া বিষ্ণুর স্তব করিতে লাগিলেন, তাঁহার স্তবে সন্তুষ্ট হইয়া বিষ্ণু আসিয়া তাঁহাকে রক্ষা করেন। রাজা সেই দিনেই শাপ হইতে মুক্ত হন। বিষ্ণু রাজার প্রতি সন্তুষ্ট হইয়া আর একটী বর দিলেন যে, "তুমি যে স্তবে আমাকে সন্তুষ্ট করিয়াছ, অপর যে কোন ব্যক্তি সেই স্তব পাঠ করিবে, তাহার ঐহিক কীর্ত্তি, দুস্বপ্ন দূর ও দুঃখবিনাশ হইবে এবং চরমে স্বর্গলাভ হইবে।" যে প্রাতে উঠিয়া সেই গজকৃত বিষ্ণুস্তব পাঠ করে তাঁহার বুদ্ধি কখনও কলুষিত হয় না। ভাগবতের ৮ম স্কন্ধে ৪র্থ অধ্যায়ে সেই স্তব লিখিত আছে।

গজেন্দ্রগড়, বোম্বাই প্রেসিডেন্সীর কলাড্‌গি জেলার অন্তর্গত একটী প্রধান নগর। কলাড্‌গি নগর হইতে ২৫৷৷০ ক্রোশ দক্ষিণপূর্ব্বে ও বাদামী হইতে ১৪ ক্রোশ দক্ষিণে অবস্থিত। অক্ষা° ১৫° ৪৪´৩০´´ উঃ, দ্রাঘি° ৭৬° ০´৪৫´´ পূঃ।

মহাবীর শিবাজি এই স্থানে গজেন্দ্রগড় নামে একটী দুর্গ নির্ম্মাণ করেন, তাহা হইতে এই নগরের নামও গজেন্দ্রগড় হইয়াছে। এখন এই নগর মুধোলের ঘোরপড়ে নামক সম্ভ্রান্তবংশীয়দিগের জমিদারীভুক্ত।

এখানে বিরূপাক্ষদেবের প্রাচীন মন্দির আছে। নগরের বাহিরে দুর্গা, রামলিঙ্গ, রামসীতা, পাণ্ডুরঙ্গ প্রভৃতি দেবতার মন্দির অবস্থিত।

গড়ের নিকট পাহাড়ের দিকে একটী শৈবতীর্থ আছে; এখানে অনেক যাত্রী আসিয়া থাকে। পাহাড়ের উপর কতকগুলি তীর্থ ও শিবালয় আছে, তন্মধ্যে বীরভদ্রের মন্দির ও পাতালগঙ্গাতীর্থই প্রধান। পাতালগঙ্গার পার্শ্বে বসবন্ন বা নন্দীমূর্ত্তি আছে। অনেক বন্ধ্যারমণী পুত্র কামনা করিয়া সেই নন্দীর পূজা দিতে আসেন।

গজেষ্টা (স্ত্রী) গজানামিষ্টা ৬তৎ। ভূমিকুষ্মাণ্ড, ভুঁই কুমড়া।

গজোদর (পুং) গজস্য উদরমিদর মস্যা বহুব্রী। দৈত্যবিশেষ।

গজোপকুল্যা (স্ত্রী) গজপ্রিয়া উপকুল্যা পিপ্পলী মধ্যপদলো°। গজপিপ্পলী। (ভৈষজ্যরত্নাবলী)

গজোষণা (স্ত্রী) গজোপপদা ঊষণা। গজপিপ্পলী। (রাজনি°।)

গঞ্জ (পুং) গজি ঘঞ্। ১ অবজ্ঞা। ২ ভাণ্ডাগার। ৩ খনি। (হেম°।) ৪ গোষ্ঠগৃহ, গোয়ালঘর। (পুং-ক্লী) ৫ ভাণ্ডাগার। (মেদিনী।)

গঞ্জজগদল, বাঙ্গালার বার্বকাবাদ সরকারের অধীন একটী মহল। (আইন্-ই-অক্‌বরী।)

গঞ্জভৈরব, বোম্বাই প্রেসিডেন্সীর আহ্মদনগর জেলার অন্তর্গত একটী প্রাচীন গ্রাম। সচরাচর 'গঞ্জি-ভৈরো' নামে খ্যাত। এখানে হেমাড়পন্থীদিগের একটী বৃহৎ শিবমন্দির আছে, মন্দিরের নিকট অনেক প্রাচীন ধ্বংসাবশেষ পড়িয়া আছে।

গঞ্জন (ত্রি) গজি-ণিচ্ ল্যু। ১ তিরস্কার, নিন্দা করা।

"নেত্রেথঞ্জনগঞ্জনে সরসিজ প্রত্যর্থিগাগিদ্বয়ম্।" (সাহিত্যদ°)

(ক্লী) গঞ্জ-ভাবে ল্যুট্। ২ তিরস্কার।

গঞ্জনা (গঞ্জন শব্দজ) গ্লানিসূচকবাক্য, ভৎর্সনা।

গঞ্জবর (পুং) কোষাধ্যক্ষ।

গঞ্জা (স্ত্রী) গঞ্জ-টাপ্। ১ গামরের গৃহ। ২ হট্টস্থান, হাট বসিবার স্থান। ৩ মদ্যভাণ্ড। ৪ মদিরাগৃহ, শুঁড়ীর দোকান। ৬ বিজয়া, গাঁজা।

গঞ্জা [গাঁজা দেখ।]

গঞ্জাম্, মান্দ্রাজ প্রেসিডেন্সীর উত্তরপূর্ব্বদিকের একটী জেলা।

অক্ষা° ১৮° ১৫´ হইতে ২০° ১৫´ উঃ, দ্রাঘি° ৮৩° ৪৯´ হইতে ৮৫° ১৫´ পূঃ মধ্যে অবস্থিত। "গঞ্জ-ই-আম" অর্থাৎ পৃথিবীর গঞ্জ এই অর্থে ইহার নাম গঞ্জাম্ হইয়াছে। ইহার উত্তরে উড়িষ্যার অন্তর্গত নয়াগড়, দশপল্লা ও বোদ নামক করদরাজ্য, পূর্ব্বে পুরীজেলা ও বঙ্গোপসাগর, পশ্চিমে মধ্যভারতের অন্তর্গত কালাহণ্ডি, পাটনা নামক মিত্ররাজ্য ও মান্দ্রাজপ্রেসিডেন্সির অন্তর্গত বিশাখপত্তন জেলা। ইহার ভূপরিমাণ ৮৩১১ বর্গমাইল। ইহার অধিকাংশই পর্ব্বতময়। লোকসংখ্যা প্রায় আঠারলক্ষ হইবে। ইহাতে ১৬টী বড় ও ৩৫টী ছোট জমিদারী এবং ৩টী গবর্মেণ্টের তালুক আছে। প্রদেশটী পাহাড়ে ও উপত্যকায় পরিপূর্ণ। মধ্যে মধ্যে সমতল ভূমিও দেখা যায়। ইহার আকৃতি কতকটা ডমরুর মত, মধ্যস্থল সঙ্কীর্ণ। উত্তর ও দক্ষিণদিকে বিস্তৃত। মধ্যে মধ্যে স্থানে স্থানে সারি সারি সুন্দর বৃক্ষ শ্রেণীবদ্ধভাবে দণ্ডায়মান। পর্ব্বতগুলি ঘন জঙ্গলে পরিপূর্ণ হইয়া অপূর্ব্ব শোভা ধারণ করিয়া আছে। সমুদ্রকূলে সঙ্কীর্ণ জলরাশি। সমুদ্র হইতে মধ্যে বালুকার ব্যবধান। ইহার পশ্চিমদিকে পূর্ব্বঘাট নামক পর্ব্বতশ্রেণীর মাল নামক অংশ। ইহাদের মধ্যে মধ্যে ফাঁক আছে। বোদ নামক প্রদেশের প্রান্তভাগে পর্ব্বত প্রায় ১৩৩২ হাত উচ্চ। দারিঙ্গবাড়ীর নিকট প্রায় ইহার দ্বিগুণ উচ্চ। পেদ্দা কিমেদি ও পার্লাকিমেদী নামে পাহাড়শ্রেণী সহজেই ২০০০ হাত উচ্চ। ইহাদের মধ্যে মহেন্দ্রগিরি নামক শৃঙ্গ ৩২৮২ হাত, সিংহরাজ ২৩১৬ হাত ও দেবডঙ্গা ৩০২২ হাত উচ্চ। গিরিপথ অনেকগুলি, কিন্তু শুদ্ধ কলিঙ্গঘাট নামক পথে শকটাদি গমনের সুবিধা আছে। অন্যান্য পথে পশ্বাদি যাইতে পারে। গঞ্জামে কএকটী নদী আছে। ঋষিকুল্যা নদী উত্তরদিকের পর্ব্বত হইতে ৫০ ক্রোশ আসিয়া গঞ্জামের নিকট সমুদ্রে মিলিত হইয়াছে। বর্ষাকাল ব্যতীত অন্য সময় ইহাতে নৌকাদি চলে না। বংশধারা নদী জয়পুরের পর্ব্বত হইতে বাহির হইয়া ৭২ ক্রোশ পথ আসিয়া গঞ্জামের দক্ষিণ কলিঙ্গপত্তনের নিকট সমুদ্রে পড়িয়াছে। সমুদ্র হইতে ৩৫ ক্রোশপথ পর্য্যন্ত পোতাদি চলে। লাঙ্গুলিয়া নামক নদী কালাহণ্ডি হইতে বাহির হইয়া ৫৭ ক্রোশ পথ আসিয়া মাফুজবন্দর নামক স্থানে সমুদ্রে মিশিয়াছে। নদী ও সমুদ্র নিকট বলিয়া এখানে ধীবরের সংখ্যা কিছু অধিক। শোণপুরের উপকূলে ও চিল্কা হ্রদ হইতে ঋষিকুল্যা নদীর মুখ পর্য্যন্ত নানাস্থানে সামান্য মুক্তার শুক্তি পাওয়া যায়। লৌহস্তর, চূণাপাথর, বেলেপাথর, অভ্র ও দানাদার শিলা অনেক স্থলে পাওয়া গিয়া থাকে। জঙ্গলের মধ্যে শাল, চন্দন, আবলুস্ প্রভৃতি কাষ্ঠ পাওয়া যায়। মধু, মোম, হরিদ্রা, লাক্ষা প্রভৃতি দ্রব্য কন্ধজাতিগণ বন হইতে সংগ্রহ করিয়া বিক্রয় করে। পাহাড়ে বন্য জন্তু অনেক দেখিতে পাওয়া যায়।

গঞ্জামে ধান্য যথেষ্ট জন্মে। কিন্তু দুইবার ফসল প্রায় হয় না। কেবল সমুদ্রতীরে ইচ্ছাপুরে জন্মিয়া থাকে। গঞ্জামের ইক্ষু অতি উৎকৃষ্ট, তবে চাষে বিশেষ যত্ন করিতে হয়। কৃষকগণ প্রায়ই ঋণগ্রস্ত। জমি সম্বন্ধে তিনপ্রকার বন্দোবস্ত প্রচলিত। ১ম, রায়তবারী বন্দোবস্ত—গবর্মেণ্ট হইতে সাক্ষাৎ সম্বন্ধে প্রজা জমি লইয়া থাকে। ২য়, কোস্তগুত্তা বন্দোবস্তে সমস্ত গ্রামের লোক মিলিত হইয়া গবর্মেণ্টের নিকট হইতে জমি লইয়া চাষ করে। ৩য়, মুস্তাজারী প্রথা—ইহাতে জমিদারগণ প্রজাদিগকে জমি বিলি করিয়া দেন। কখনও বা অনাবৃষ্টি, কখনও বা বন্যার জন্য শস্যের বিশেষ ক্ষতি হয়। ১৭৮৯-৯২, ১৭৯৯-১৮০১, ১৮৩৬-৩৯ ও ১৮৬৫-৬৬ খৃষ্টাব্দে অজন্মা হেতু দুর্ভিক্ষ হইয়াছিল। ১৮৬৫।৬৬ খৃষ্টাব্দের দুর্ভিক্ষে গঞ্জামের প্রায় ৬০,০০০ লোকের মৃত্যু হয়। সাহায্যার্থ গবর্মেণ্টের ৩ লক্ষ ৩৭ হাজার টাকা ব্যয় হইয়াছিল। সমভূমি ও পার্ব্বত্য ভূমিতে স্বতন্ত্র স্বতন্ত্র রাস্তা আছে। ১৩ ক্রোশ দীর্ঘ একটী খালকাটা হইয়াছে। চিল্কাহ্রদ হইতে ঋষিকুল্যা নদী পর্য্যন্ত একটী ৪৷৷০ ক্রোশ দীর্ঘ খাল আছে, উহাতে জুয়ার ভাটা খেলিয়া থাকে।

গঞ্জাম্ পূর্ব্বে কলিঙ্গদেশেরই অংশ ছিল। [কলিঙ্গ দেখ।] উড়িষ্যার গজপতি বা গঙ্গাবংশীয় রাজগণের সময়ে উড়িষ্যার অন্তর্ভুক্ত হয়। ১৫৬৮ খৃষ্টাব্দে, যখন বাঙ্গালা হইতে মুসলমানেরা উড়িষ্যা জয় করেন, তখন তাঁহারা গঞ্জামের বড় অধিক জয় করিতে পারেন নাই। ১৬৪১ খৃষ্টাব্দে কুতুবসাহীবংশীয় নবাব সেরমহম্মদ খাঁ চিকাকোল সরকারের ফৌজদার হইয়া আসেন। গঞ্জাম্ প্রদেশটী চিকাকোল সরকারের অধীন ছিল। ঋষিকুল্যা নদীর দক্ষিণ হইতে কাশীবুগা পর্য্যন্ত ইচ্ছাপুর জেলা নামে অভিহিত হইত। চিকাকোল সরকার এইরূপে ফৌজদার ও নায়েবের অধীন-ছিল।

১৭৫৩ খৃষ্টাব্দে নিজাম সলাবৎজঙ্গ নিজের ফরাসীসৈন্যগণের প্রাপ্য বেতন ইত্যাদির পূরণ করিয়া দিবার জন্য ফরাসীদিগকে উত্তর-সরকার-প্রদেশ অর্পণ করেন। সেই সময়ে মুসো বুসি হায়দ্রাবাদে ফরাসীদিগের প্রতিনিধি ছিলেন। ১৭৫৭ খৃষ্টাব্দে তিনি নিজে উত্তর-সরকার দখল করিতে যান। তিনি গঞ্জামের দক্ষিণপশ্চিম এমন কি গুম্‌সর পর্য্যন্ত

দখল করিয়া লইয়াছিলেন। পরবর্ষে (১৭৫৮ খৃঃ অঃ) পুঁদিচারীর গবর্ণর মুসো লালী তাঁহাকে মান্দ্রাজ অবরোধের জন্য ডাকিয়া পাঠাইলেন। ১৭৫৯ খৃষ্টাব্দে বঙ্গদেশ হইতে ক্লাইব কর্ণেল ফোর্ডকে ফরাসীদিগের সহিত যুদ্ধ করিতে পাঠান। ফোর্ডসাহেব মসলিপত্তন জয় করাতে ফরাসীরা দেখিল যে উত্তর-সরকার রক্ষা করা বৃথা। তাঁহারা গঞ্জাম্ ও নিকটস্থ কুঠিগুলি পরিত্যাগ করিয়া চলিয়া গেলেন। ১৭৬৫ খৃষ্টাব্দে ১২ই আগষ্ট তারিখে মোগল সম্রাট্ একখানি ফরমাণ দ্বারা উত্তর-সরকার ইংরাজদিগকে অর্পণ করেন। দাক্ষিণাত্যের সুবাদার নিজাম আলি ১২ই নবেম্বর ১৭৬৬ খৃষ্টাব্দে এই ফরমাণ মঞ্জুর করিয়া ইংরাজদিগকে গঞ্জাম্ জেলা ছাড়িয়া দেন। ১৭৬৮ খৃষ্টাব্দে ইংরাজেরা গঞ্জাম্ অধিকার করিয়া এডওয়ার্ড কর্টস্‌ফোর্ড সাহেবকে এখানকার রেসিডেণ্ট নিযুক্ত করেন। তিনি এখানে একটী দুর্গ ও একটী কুঠি নির্ম্মাণ করেন। ১৮০২ খৃষ্টাব্দ পর্য্যন্ত রেসিডেণ্টদিগের কর্ত্তৃত্বাধীনে ছিল। তাহার পর পুঁড়িনদীর দক্ষিণ পর্য্যন্ত লইয়া গঞ্জাম্ জেলা নামে অভিহিত হয়। রেসিডেণ্টদিগের সময়ে জমিদারগণ সহজে কর দিতেন না। তাহাদিগকে বিশেষ পীড়াপিড়ি করিতে হইত। তখন এখানে নিয়ত লুণ্ঠন ও গৃহদাহাদি হইত। ১৮১৫ খৃষ্টাব্দে গঞ্জামে একপ্রকার জ্বর হয়, তাহা তিন বৎসর থাকে; তাহাতে প্রায় ২০,০০০ লোকের মৃত্যু হয়। ১৮১৬ খৃষ্টাব্দে পিণ্ডারিগণ আসিয়া ইচ্ছাপুর হইতে গঞ্জাম্ পর্য্যন্ত লুঠতরাজ করে। ১৮১৯ খৃষ্টাব্দে তাহাদিগকে দমন করিবার জন্য ইংরাজ গবর্মেণ্ট একজন ইংরাজসেনানায়ককে পাঠাইয়া দেন; শেষে সৈন্যাদি পাঠাইতেও হইয়াছিল। রসেল সাহেব স্পেসাল কমিসনর হইয়া আসিয়া ১৮৩৭ খৃষ্টাব্দে দেশে শান্তি স্থাপন করেন। এখানকার কন্ধজাতি নরবলি দিত, গবর্মেণ্ট তাহা জানিতে পারিয়া তন্নিবারণে বিশেষ উদ্যোগী হন। কন্ধদিগকে অনেক বুঝাইয়া তবে এই প্রথা রহিত করা হয়। কন্ধেরা প্রথমতঃ উত্তেজিত হইয়াছিল, শেষে শান্ত হয়। সেই অবধি দেশে শান্তি বিরাজ করিতেছে। পার্ব্বত্যপ্রদেশ ব্যতীত বার্হামপুর, চিকাকোল ও গুম্‌সর নামক তিনটী তালুক একজন কালেক্টর মাজিষ্টরের কর্ত্তৃত্বাধীনে আছে। তিনিই প্রধান কর্ম্মচারী। তাহার পর একজন রাজস্বসংগ্রাহক, ও তাঁহার অধীনে ৩ জন সাহেব কর্ম্মচারী। জেলায় প্রধান জজ ও ৪ জন মুন্সেফ, একজন পুলিস সুপারিণ্টেণ্ডেণ্ট ও কতকগুলি ইংরাজ ও দেশীয় কর্ম্মচারী। এজেন্সিবিভাগের জন্য একজন জজ ও ৪ জন মুন্সেফ আছেন। বার্হামপুর ও রসেলকণ্ডা পাহাড়ে দুইটী জেল আছে। জেলায় প্রায় ১০০টী বিদ্যালয় হইয়াছে।

২ উক্ত গঞ্জাম্ জেলার প্রধান তালুক।

৩ গঞ্জাম্ জেলার একটী নগর। অক্ষা° ১৯° ২২´২৭´´ উঃ, ও দ্রাঘি° ৮৫° ৭´ পূঃ, ঋষিকুল্যা নদীর মোহানায় চালু ভূমির উপর অবস্থিত। এখানে একটী পুরাতন দুর্গের ভগ্নাবশেষ দেখিতে পাওয়া যায়। পূর্ব্বে ইহা প্রধান বাণিজ্যস্থান ছিল। এখানে একটী দুর্গ, একজন দুর্গস্বামী ও তাঁহার সভা ছিল। ১৮১৫ খৃষ্টাব্দ হইতে বার্হামপুর প্রধান নগর হইয়াছে। সেই অবধি গঞ্জামনগরের গৌরবের হ্রাস হইতে আরম্ভ হয়। এইখানে গবর্মেণ্টের লবণের কারখানা ও একটী মৃত্তিকানির্ম্মিত জাহাজী কারখানা আছে, শেষোক্ত স্থানে দেশীয় সমুদ্রপোতগুলি মেরামত হইয়া থাকে। এখান হইতে বিদেশে চাউল রপ্তানি হয়।

৪ গঞ্জাম্ জেলার একটী নদী।

৫ মহিসূরের অন্তর্গত শ্রীরঙ্গপত্তনের উপনগর। অক্ষা° ১২° ২৪´ উঃ, দ্রাঘি° ৭৬° ৪৭´ পূঃ। টিপুসুলতান এই নগরটী স্থাপন করিয়া অনেক প্রজাকে এখানে আনয়ন করেন। এখানে বস্ত্র ব্যবসা চলিয়া আসিতেছে। মাঘ অথবা ফাল্গুনমাসে এখানে 'কড়িঘাটা যাত্রা' নামে একটী উৎসব হইয়া থাকে, তাহাতে প্রায় ২০,০০০ লোক সমবেত হয়।

গঞ্জাকিনী (স্ত্রী) গাঁজা হইতে যাহা উৎপন্ন হয় (?)।

গঞ্জিকা (স্ত্রী) গঞ্জা স্বার্থে কন্। ১ মদিরাগৃহ, মদের ঘর। (শব্দরত্না°।) ২ গাঁজা। [গাঁজা দেখ।]

গঞ্জিফা (পারসীজ) এক গোছা তাস।

গঠন (দেশজ) নির্ম্মাণ, রচনা, গড়া।

গঠিত (দেশজ) প্রস্তুত, নির্ম্মিত, রচিত।

গড় (পুং) গড় সেকে অচ্। ১ মৎস্যবিশেষ, চলিত কথায় গড়ুই বলে। পর্য্যায়—গরুণ্ডী। ইহার গুণ—মধুর, তিক্ত, কষায়, বাতপিত্তনাশক, কফঘ্ন, রুচিকর, লঘু, দীপন ও বলবীর্য্যকারী। (ভাবপ্রকাশ।) ইহার লেজা ও মুড়া বাদ দিয়া কাসমর্দ্দ (কাসন্দি) মাখাইয়া হিঙ্ মিশান তৈলে ভাজিয়া লইলে তাহার গুণ বাতনাশক, বলকর, বীর্য্যবৃদ্ধিকারী, পথ্য, অগ্নিবর্দ্ধক, রুচিকর, শুক্রবৃদ্ধিকর, অল্পকফবৃদ্ধিকারক এবং ভেদক। (বৈদ্যক)

২ অন্তরায়। (মেদিনী।) ৩ পরিখা। ৪ ব্যবধান। (শব্দরত্নাবলী।) ৫ দেশবিশেষ, শাম্বর। (রাজনি°)

গড় (দেশজ) ১ নমস্কার। ২ ঢেঁকির মুষলের পতন স্থান, যাহাতে ধান প্রভৃতি দেওয়া হয় এবং মুষলের আঘাতে চাউল প্রস্তুত হয়। ৩ দুর্গ। পরিখা বেষ্টিত স্থান।

"রাজার আদেশে দিল দেশে অধিকার।
বসতি গড়ের মাঝে হইল গোয়ালার॥" (ধর্ম্মমঙ্গল।)

গড়, গুজরাটের রেবাকান্থার অন্তর্গত শঙ্খেরা মেহবাসের একটী রাজ্য। ইহার উত্তর ও পূর্ব্বে ছোট উদয়পুর, দক্ষিণে নর্ম্মদা, তাহার পর খান্দেশ, পশ্চিমে পলাসিনী ও বীরপুর। রাজ্যমধ্যে ১০৩টী গ্রাম আছে। ছোট উদয়পুরে ইহার কর দিতে হয়। অধিবাসী ভীলজাতীয়। শঙ্খেরা ও মেহবাস ইহার প্রধান গ্রাম। চোহান রাজপুতবংশীয় একজন সামন্ত এই রাজ্যের অধিকারী।

গড়ই (গড় শব্দজ) গড়, গড়ুইমাছ।

গড়ক (পুং) গড় সংজ্ঞায়াং কন্। গড়ুইমাছ। (অমর।)

গড়কাঠ (দেশজ) ধান পরিষ্কার জন্য ঢেঁকির নীচে ফেলা একখানি বড় কাঠ।

গড়খাই (গড়খাত শব্দজ) দুর্গের চতুর্দ্দিকে যে খাল কাটা হয়।

গড়খানা (গড়খান শব্দজ) রাজা বা ভূম্যধিকারী প্রধান প্রধান জমিদারগণের বাড়ীর চারি দিকের পরিখা, গড়খাই।

গড়গড় (দেশজ) ১ এক প্রকার ঘাস। (Coix barbata) ২ গাড়ী চলিবার শব্দ।

গড়গড়িয়া (দেশজ) অলঙ্কার ভেদ।

গড়গাঁ, আসামের শিবসাগর জেলার অন্তর্গত একটী প্রাচীন নগর ও গড়। শিবসাগর নগরের দক্ষিণপূর্ব্বে ও দিখু নদীর তীরে অবস্থিত। এক সময়ে এইখানে অহম্ রাজাদিগের রাজধানী ছিল, রাজবাটীর ধ্বংসাবশেষ পড়িয়া আছে। সেই রাজবাটী এক সময়ে এক ক্রোশ বিস্তৃত ইষ্টকের প্রাচীর দিয়া ঘেরা ছিল। এখনও তাহার চিহ্ন রহিয়াছে। গড়টীরও ভগ্নাবস্থা। দুর্গপ্রাকারের ভগ্নাবশেষ এখনও দাঁড়াইয়া আছে।

গড়চাঁদ, বঙ্গদেশের অন্তর্গত ত্রিহুত জেলার একটী পরগণা। ছোট গণ্ডক, বাঘমতী ও লখন্দাই নদী এই পরগণা দিয়া গিয়াছে। ইহার মধ্যে অনেকগুলি পাকা রাস্তা আছে। এই পরগণার আদালত মজঃফরপুরে। ইহার অন্তর্গত সরিফ্ উদ্দীনপুর, ধনৌর ও অক্বরপুর উর্ফকৎপা এই কএকটী গ্রামই প্রধান। অক্বরপুর গ্রামে চামুণ্ডাদেবীর মন্দির আছে, সেখানে প্রতি বর্ষে আশ্বিন মাসে এক মেলা হয়।

গড়দেশজ (ক্লী) গড়দেশে শাম্বরদেশে জায়তে জন-ড। শাম্বর দেশজাত লবণ। (রাজনি°)।

গড়ন (দেশজ) গঠন, নির্ম্মাণ।

গড়মণ্ডল, মধ্যপ্রদেশের গোণ্ডবানার অন্তর্গত একটী বিস্তৃত বিভাগ। অতি প্রাচীনকাল হইতে এই ভূভাগ স্বাধীন হিন্দুরাজগণের অধিকারে ছিল। সেই সময় গড়া ও মণ্ডল নামক স্থানে হিন্দুরাজগণের রাজধানী ছিল। এখনও ঐ দুই স্থানের প্রাচীন ধ্বংসাবশেষ ও হিন্দুরাজগণের সময়ে খোদিত প্রাচীন শিল্পলিপি দ্বারা পূর্ব্ব সমৃদ্ধির বিস্তর প্রমাণ পাওয়া যায়। পূর্ব্বকালে ভট্ট, সোহাগপুর, ছত্রিশগড়, সম্বলপুর, গাঙ্গপুর, যশপুর প্রভৃতি জেলাগুলিও এই গড়-মণ্ডলের অন্তর্গত ছিল। এখন আর সে পূর্ব্বসমৃদ্ধি নাই, গড়া ও মণ্ডল নামক দুইটী নগরমাত্র পূর্ব্ব নামের পরিচায়ক। পূর্ব্বকালে গড়মণ্ডলে যে সকল রাজা রাজত্ব করিতেন, নিম্নে তাঁহাদের নাম উদ্ধৃত হইল—

রাজার নাম।			রাজ্যকাল।
যাদবরায়	...	...	৩৮২ খৃঃ অঃ (?)।
মাধবসিংহ	...	...	৩৮৭ „ „
জগন্নাথ	...	...	৪২০ „ „
রঘুনাথ	...	...	৪৪৫ „ „
রুদ্রদেব	...	...	৫০৯ „ „
বিহারীসিংহ	...	...	৫৩৭ „ „
নরসিংহদেব	...	...	৫৬৮ „ „
সূর্য্যভানু	...	...	৬০১ „ „
বাসুদেব	...	...	৬৩০ „ „
গোপালসাহী	...	...	৬৪৮ „ „
ভূপালসাহী	...	...	৬৬৯ „ „
গোপীনাথ	...	...	৬৭৯ „ „
রামচন্দ্র	...	...	৭২৬ „ „
সুরতানসিংহ	...	...	৭২৯ „ „
হরিহরদেব	...	...	৭৫৮ „ „
কৃষ্ণদেব	...	...	৭৭৫ „ „
জগৎসিংহ	...	...	৭৮৯ „ „
মহাসিংহ	...	...	৭৯৮ „ „
দুর্জনমল্ল	...	...	৮২১ „ „
যশস্কর্ণ	...	...	৮৪০ „ „
প্রতাপাদিত্য	...	...	৮৭৬ „ „
যশশ্চন্দ্র	...	...	৯০০ „ „
মনোহরসিংহ	...	...	৯১৪ „ „
গোবিন্দসিংহ	...	...	৯৪৩ „ „
রামচন্দ্র	...	...	৯৬৮ „ „
কর্ণনাথ রত্নসেন	...	...	৯৮৯ „ „
কমলনয়ন	...	...	১০২৬ „ „
নরহরিদেব	...	...	১০৩২ „ „
বীরসিংহ	...	...	১০৩৯ „ „

রাজার নাম।			রাজ্যকাল।
ত্রিভুবনরায়	...	...	১০৬৫ খৃঃ অঃ।
পৃথ্বীরায়	...	...	১০৯৩ „ „
ভারতীচন্দ্র	...	...	১১১৪ „ „
মদনসিংহ	...	...	১১১৬ „ „
উগ্রসেন	...	...	১১৫৬ „ „
রামসাহী	...	...	১১৯২ „ „
তারাচাঁদ	...	...	১২১৬ „ „
উদয়সিংহ	...	...	১২৫০ „ „
ভানুমিত্র	...	...	১২৬৫ „ „
ভবানীদাস	...	...	১২৮১ „ „
শিবসিংহ	...	...	১২৯৩ „ „
হরিনারায়ণ	...	...	১৩১৯ „ „
শবলসিংহ	...	...	১৩২৫ „ „
রাজসিংহ	...	...	১৩৫৪ „ „
দাদিরায়	...	...	১৩৮৫ „ „
গোরক্ষদাস	...	...	১৪২২ „ „
অর্জ্জুনসিংহ	...	...	১৪৪৮ „ „
সংগ্রামসাহী	...	...	১৪৮০ „ „
দলপতি	...	...	১৫৩০ „ „
বীরনারায়ণ	...	...	১৫৪৮ „ „
চন্দ্রসাহী	...	...	১৫৬৩ „ „
মধুকরসাহী	...	...	১৫৭৫ „ „
প্রেমনারায়ণ	...	...	১৫৯৯ „ „
হৃদয়েশ্বর	...	...	১৬১০ „ „
ছত্রসাহী	...	...	১৬৮১ „ „
কেশরীসাহী	...	...	১৬৮৮ „ „
নরেন্দ্রসাহী	...	...	১৬৯১ „ „
মহারাজসাহী	...	...	১৭৩১ „ „
শিবরাজসাহী	...	...	১৭৪২ „ „
দুর্জ্জনসাহী	...	...	১৭৪৯ „ „
নিজামসাহী	...	...	১৭৫১ „ „
নরহরসাহী	...	...	১৭৭৭ „ „
সুমেরসাহী	...	...	১৭৮১ „ „

১৮০৪ খৃষ্টাব্দে রাজা সুমেরসাহী নিহত হইলে, এই রাজবংশের লোপ হয়। কানিংহাম প্রভৃতি পুরাবিদ্‌গণ গড়মণ্ডলের উক্ত রাজগণকে গোণ্ডরাজ বলিয়া উল্লেখ করিয়াছেন, কিন্তু গড়মণ্ডলরাজ হৃদয়েশ্বরের খোদিত শিলাফলক পাঠে জানা যায়—তাঁহারা হিন্দু এবং আপনাদিগকে ক্ষত্রিয় বলিয়া পরিচয় দিতেন।

সুমেরসাহীর মৃত্যুর পর, গড়মণ্ডলের অধিকাংশ নাগপুরের মহারাষ্ট্রদিগের অধিকারভুক্ত হয়। ১৮১৮ খৃষ্টাব্দ হইতে বৃটিশ গবর্মেণ্টের অধীন হইয়াছে।

গড়মান্দারণ, বর্দ্ধমান জেলার জাহানাবাদ মহকুমার অন্তর্গত একটী প্রাচীন গ্রাম, ইহার অপর নাম বিঠুরগড়। মুসলমানদিগের আমলে এখানে মৃত্তিকানির্ম্মিত একটী বৃহৎ গড় ছিল। এখানে ইস্‌মাইল্ গাজী ঘণি লস্কর নামক একজন মুসলমান সাধুর গোরস্থান আছে। স্থানীয় মুসলমান অধিবাসীগণ ঐ সাধুকে অতিশয় ভক্তি শ্রদ্ধা করিয়া থাকেন।

গড়মুক্তেশ্বর, উত্তরপশ্চিমাঞ্চলের মিরাট জেলার মধ্যবর্ত্তী একটী প্রাচীন নগর। অক্ষা° ২৮° ৪৭´১০´´ উঃ, দ্রাঘি° ৭৮° ৮´ ৩০´´ পূঃ। গঙ্গার দক্ষিণকূলে, বুড়ীগঙ্গাসঙ্গমের ২ ক্রোশ নিম্নে অবস্থিত। লোকসংখ্যা প্রায় সাত হাজার।

লোকের বিশ্বাস এই নগরটী এক সময় প্রাচীন হস্তিনাপুরের একটী মহল্লা বলিয়া গণ্য ছিল। মুক্তেশ্বর মহাদেবের একটী প্রসিদ্ধ মন্দির আছে, তাহা হইতে এই নগরের নাম হইয়াছে। এ ছাড়া আরও কএকটী পুরাতন মন্দির এবং ৮০টী সতীস্তম্ভ আছে। প্রতি বর্ষে কার্ত্তিক মাসে এক মহা মেলা হয়, সেই সময় নানাস্থান হইতে লক্ষাধিক যাত্রী আসিয়া থাকে।

গড়য়ন্ত (পুং) গড় ণিচ্ ঝচ্। (তৃভূবহি বসিভাসিসাধি-গড়ি-মণ্ডিজিনন্দিভ্যশ্চ। উণ্ ৩।১২৮) হ্রস্বশ্চ। মেঘ। (উজ্জ্বল°।)

গড়লবণ (ক্লী) গড়দেশজং লবণং। শাম্বরদেশোৎপন্ন শুভ্র লবণ, সমরলুণ। ইহার পর্য্যায়—শুভ্র, পৃথ্বীজ, গড়দেশজ, গড়োত্থ, মহারম্ভ, সাম্বর (শাম্বর), সম্বরোদ্ভব।

ইহার গুণ—উষ্ণ, লবণ, ঈষদম্ল, মলনাশক, দীপন, কফ, বাত ও অর্শনাশক এবং কোষ্ঠপরিষ্কারক। (রাজনি°।) ভাবপ্রকাশ মতে ইহার গুণ লঘু, বাতনাশক, অতিশয় উষ্ণ, ভেদকারক, পিত্তবর্দ্ধক, তীক্ষ্ণ, অভিষ্যন্দি, কটুপাক।

গড়বা, বঙ্গদেশের লোহারডাঙ্গা জেলার অন্তর্গত দৌড়ো নদীর তীরে অবস্থিত একটী নগর। অক্ষা° ২০°৯´৪৫´´ উঃ, দ্রাঘি° ৮৩° ৫১´১০´´ পূঃ। পালামৌ ও সরগুজা প্রভৃতি বিভাগের উৎপন্ন দ্রব্য এইখানে আসিয়া জমে এবং এখান হইতে স্থানান্তরে প্রেরিত হয়। গ্রীষ্মকালে দৌড়ো নদীর বালির উপর বাজার বসে। এখানে বাতি, গালা, রজন, খএর, রেশমের গুটী, চামড়া, তিল, তিসি, ঘৃত, তুলা ও লৌহ সংগৃহীত হইয়া বাহিরে চালান হয়। আমদানীর মধ্যে চাউল, পিত্তলকাঁসার বাসন, বিলাতী কাপড়, কম্বল, রেশমী কাপড়, লবণ, তামাক ও মসলা প্রধান।

গড়বাল, উত্তরপশ্চিমাঞ্চলের ছোটলাটের অধীন একটী জেলা। অক্ষা° ২৯° ২৬´ হইতে ৩১° ৫´ উঃ ও দ্রাঘি° ৭৮° ১৭´ ১৫´´ হইতে ৮০° ৮´ পূঃ মধ্যে অবস্থিত। ইহার উত্তরে তিব্বত (চীনের অধিকার), পূর্ব্বে কুমাওন জেলা, দক্ষিণে বিজনৌর ও পশ্চিমে তেহরী ও দেরাদুন জেলা। ইহার ভূপরিমাণ ৫৫০০ বর্গমাইল। লোকসংখ্যা প্রায় সাড়ে তিন লক্ষ। পৌরিনগর ইহার সদর। প্রধান নগর শ্রীনগর। গড়বাল জেলা পর্ব্বতে পরিপূর্ণ। এই সকল পর্ব্বতাদি হিমালয়পর্ব্বতের অংশমাত্র। ইহার মধ্যে মধ্যে সঙ্কীর্ণ উপত্যকা ও গভীর খাত আছে। উপত্যকাদির মধ্যে শ্রীনগর উপত্যকাই সমধিক প্রশস্ত। রোহিলখণ্ডের দিকে ইহার ভূমি অনেকটা সমতল। উত্তরভাগে হিমালয়ের কোলে কএকটী চূড়া আছে। তন্মধ্যে ত্রিশূল নামক শৃঙ্গ ১৫৫৫৮ হাত উচ্চ, নন্দাদেবী ১৭১০৬ হাত, দুনাগিরি ১৫৪৫৪ হাত, কমেত ১৬৯৪২ হাত, বদরীনাথ ১৫২৬৬ হাত ও কেদারনাথ ১৫২৩৪ হাত উচ্চ। হিমালয়ের দক্ষিণে কতকগুলি পর্ব্বতশ্রেণী গড়বালের উত্তরপূর্ব্বে ও উত্তরপশ্চিমে সমান্তরালভাবে গিয়াছে। নায়ার নামক নদীর দক্ষিণে পাহাড়গুলি অধিক উচ্চ নহে, উহা হইতে ভূমি ক্রমশঃ সমতল হইয়া আসিয়াছে। এই প্রদেশে অলকানন্দা নদীর উৎপত্তি। অলকানন্দাতে যেখানে অপর নদী আসিয়া পড়িয়াছে, সেই স্থান এখানকার এক একটী তীর্থ বলিয়া গণ্য। দেবপ্রয়াগে অলকানন্দা ভাগীরথীর সহিত মিলিত হইয়া গঙ্গা নাম ধারণ করিয়াছে। এইজন্য দেবপ্রয়াগ একটী মহাতীর্থ। রামগঙ্গা নামক নদী লোভা নামক স্থান হইতে বাহির হইয়া কুমাওন ও রোহিলখণ্ড দিয়া ফরক্কাবাদ জেলায় গিয়াছে। অতিরিক্ত স্রোতের জন্য এখানকার কোন নদীতে নৌকাদি চলে না। তবে কাষ্ঠ ভাসাইয়া লইয়া যাইবার বেশ সুবিধা আছে। দেশের অধিকাংশই বন; তাহাতে হিংস্র জন্তু পরিপূর্ণ। তবে শস্যক্ষেত্র বিস্তার হওয়াতে বন্যভূমি ক্রমশঃ হ্রাস হইতেছে।

গড়বালে হিন্দু অধিবাসীই অধিক। হিন্দুর সংখ্যা ৩৪৩১৮৬ জন। মুসলমান অধিক নাই। এতদ্ব্যতীত জৈন, বৌদ্ধ প্রভৃতি জাতির বাস। পৌরীনামক স্থানের নিকট চাপরায় একটী খৃষ্টানদিগের আড্ডা আছে। হিন্দুদিগের মধ্যে ব্রাহ্মণ, রাজপুত, বেণিয়া, গোঁসাই ও ডোম অধিক। অন্যান্যজাতির মধ্যে গড়বালের দক্ষিণভাগে ধুমনামক জাতির বাস। ইহারা লোকের বাড়ী চাকর থাকে। উত্তর ও মধ্যভাগে খশ নামক জাতির বাস। ইহাদের মধ্যে ব্রাহ্মণ ও রাজপুত প্রভৃতি শ্রেণী আছে। কিন্তু এই সকল ব্রাহ্মণ ও ক্ষত্রিয় শূদ্র বলিয়া পরিগণিত। দেশের প্রকৃত ব্রাহ্মণ ও রাজপুতগণ স্থানান্তর হইতে এখানে আসিয়া বাস করিয়াছে। কনকপাল নামক এক রাজা বহুকাল পূর্ব্বে চাঁদপুরে আসিয়া বাস করেন। সেই সময় ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণ নাকি আসিয়াছিলেন। চাঁদপুরের দুর্গের ভগ্নাংশ এখনও দেখা গিয়া থাকে। তুষারাবৃত হিমালয় প্রদেশে ভুটিয়াদিগের বাস। ভুটিয়ারা হিন্দু ও চীনের মিশ্রণে উৎপন্ন বলিয়া বোধ হয়। ইহাদের সংখ্যা অল্প। তিব্বতের বাণিজ্য ইহাদেরই হস্তে। ইহারা দুনিয়া নামক তিব্বতীয় ভাষা ও হিন্দি কথা ব্যবহার করিয়া থাকে। উহাদের উচ্চারণ কিছু স্বতন্ত্র। ইহারা দৃঢ়কায়, অপরিষ্কার ও স্ত্রীপুরুষ উভয়েই মদ্যপায়ী।

গড়বালে সাধারণতঃ বহুবিবাহ প্রচলিত। লোকেরা স্ত্রীলোককে দিয়া চাকরের কর্ম্ম করাইয়া লয় এবং যে যত স্ত্রীলোককে আহার দিতে পারে, তত স্ত্রীলোককে পত্নীরূপে গ্রহণ করে। বিবাহ হইতেও যেমন, বিবাহবিচ্ছেদও তেমনি। স্ত্রীলোকের আত্মহত্যাও অনেক শুনিতে পাওয়া যায়।

গড়বালে কৃষিকার্য্য অতি অল্প ভূমিতেই হয়। তবে পূর্ব্বাপেক্ষা এখন অধিক ভূমি কৃষিযোগ্য হইয়াছে। অনেক যত্নে এখানে ফসল উৎপাদন করিতে হয়। পর্ব্বতের মধ্যে যেখানে এক বা দেড়হাত ভূমি পায়, সেখানেও শস্য উৎপাদন করিয়া থাকে। গম, চাউল ও মড়ুয়া নামক একপ্রকার শস্য উৎপন্ন হয়, ইহাতেই অধিবাসীদিগের অভাব পূরণ করে এবং রপ্তানির জন্য কিছু উদ্বর্ত্ত হইয়া তিব্বত ও বিজনৌরে প্রেরিত হয়। মড়ুয়া কিছু অধিক জন্মিয়া থাকে। তুলার চাষ অল্প। এখানে তুলা প্রস্তুত করিতে অনেক ব্যয় পড়ে। এজন্য অধিবাসীগণ স্থানান্তর হইতে তুলা ক্রয় করিয়া থাকে। ইদানীং কৃষককুলের অবস্থা পূর্ব্বাপেক্ষা উন্নত হইয়াছে। তাহারা এখন পূর্ব্বাপেক্ষা অধিক পরিমাণে গোরু রাখিতে পারে। তাহার জন্য সারও অধিক পায়। পাহাড়ের ধারে যথেষ্ট চারণভূমি আছে। উপত্যকা ও পাহাড়ের নিম্নস্থ ভাবর জমিতে পশ্বাদি চরিবার বেশ জায়গা আছে। কিন্তু গবর্মেণ্টের বন্য বিভাগের কর্ম্মচারী পশু প্রতি কর আদায় করিয়া থাকেন। কুমাওন প্রদেশে ভাল চারণভূমি নাই বলিয়া সেখানকার পশুগুলিকে এখানে চরাইতে আনা হয়।

কৃষকেরা নিজেই জমির অধিকারী। অন্যান্য স্থানের কৃষকের মত তাহারা ঋণগ্রস্ত নহে। খাজনা প্রায়ই টাকায় দেওয়া হয়। তবে কেহ কেহ শস্যের সিকি বা তৃতীয়াংশ দ্বারা খাজনা শোধ করিয়া থাকে। প্রথম ধান্য, পরে গম ও

তাহার পর মড়ুয়া হয়। পরে আবার যতদিন না ধান্য রোপিত হয়, ততদিন জমি পড়িয়া থাকে। চা এখানে প্রচুর হয়। গত ৩০ বৎসরের মধ্যে মজুরের মূল্য প্রায় দ্বিগুণ বাড়িয়াছে।

অলকানন্দা নদীতে মধ্যে মধ্যে বন্যা হইয়া থাকে। একবার শ্রীনগর পর্য্যন্ত প্লাবিত হয়। ১৮৬৮ খৃষ্টাব্দের বন্যায় বিশেষ ক্ষতি হইয়াছিল। মধ্যে মধ্যে অনাবৃষ্টি-নিবন্ধন অন্নকষ্ট উপস্থিত হয়। ১৮৬৮ হইতে ১৮৭০ সালে যখন দুর্ভিক্ষ হয়, তখন দেশের শস্য বাহিরে রপ্তানি হইতে দেওয়া হয় নাই আর বাহিরের তীর্থযাত্রী-দিগকেও আসিতে দেওয়া হয় নাই। তাহার পর ১৮৬৯ খৃষ্টাব্দে শস্য প্রচুর জন্মিয়াছিল। এই কারণে অধিবাসীবৃন্দ দুর্ভিক্ষের প্রকোপ অনুভব করিতে পারে নাই। এই দুর্ভিক্ষের পর হইতে অধিবাসীরা চাষের দিকে অধিক মনো-যোগী হইয়াছে। তথাপি ১৮৭৭।৭৮ খৃষ্টাব্দের দুর্ভিক্ষে বিশেষ ক্ষতি হয়। গম টাকায় /৮ সের ও মড়ুয়া ।০ সের মূল্য হইলেই বুঝিতে হইবে দেশে দুর্ভিক্ষ উপস্থিত।

উৎপন্ন—শস্য, চিনি, বস্ত্র ও তামাক ভুটিয়াগণ তিব্বতে রপ্তানি করে ও তথা হইতে লবণ, সোহাগা, পশম, স্বর্ণ ও বহুমূল্য প্রস্তরাদি লইয়া আসে। চম্বার মেষ ও ছাগল দ্বারা বহনকার্য্য সম্পন্ন হয়। অন্যান্য জন্তু এই পাহাড়ের পথে চলিতে পারে না। পূর্ব্বে গড়বাল হইতে পক্ষীর ছাল ও মৃগনাভি দক্ষিণে চালান হইত। তাহাতে অনেক হত্যা-কাণ্ড ঘটিত। এজন্য তাহা বন্ধ করিয়া দেওয়াতে এই ব্যবসায় কিছু কমিয়াছে।

গড়বালে অল্পপরিমাণে তাম্র, লৌহ, সীসা, রৌপ্য ও স্বর্ণ পাওয়া যায়। তীর্থযাত্রীদিগের আগমনে দেবমন্দির-গুলিতে অনেক অর্থাগম হয়। চার চাষ বিশেষ লাভকর নহে। তবে খরচ কমাইয়া কিছু কিছু লাভ হইতেছে। দেশের মধ্যে ৪টী প্রধান রাস্তা আছে। তন্মধ্যে একটী শ্রীনগর হইতে নীতি পর্য্যন্ত, তাহার দৈর্ঘ্য ৬২ ক্রোশ। এই পথে তিব্বতের বাণিজ্য হয়। শ্রীনগর হইতে কোটদ্বার পর্য্যন্ত যে রাস্তা গিয়াছে, তাহার দৈর্ঘ্য ২৭ ক্রোশ। এই পথে দেশের অন্যান্য সমতল স্থানের সহিত বাণিজ্য চলে। কৈনুর হইতে রামনগর পর্য্যন্ত যে রাস্তা গিয়াছে, তাহাতে পার্ব্বতীয় দ্রব্যাদি চালান হয়। পৌরী হইতে আলমোরা পর্য্যন্ত আর একটী রাস্তা গিয়াছে।

গড়বালে প্রায় ছয়মাস কাল বৃষ্টি হয়। বৎসরে ছয়মাস কাল বেশ শুষ্ক ও গরম থাকে। নীতি ও মানা গিরিপথে যথাসময়ে বৃষ্টি হয় না বটে, কিন্তু তথাপি স্থানগুলি প্রায় শীতল থাকে। উপত্যকা ভূমিতে গ্রীষ্মকালে বড় গরম হয়। কিন্তু শীতকালে প্রাতে ও রাত্রিকালে অত্যন্ত শীত হয়। জ্বর, উদরাময় ও ওলাউঠা কিছু অধিক দেখা যায়। পূর্ব্বে বসন্তরোগ অত্যন্ত হইত, গবর্মেণ্ট গোবীজের টীকা দেওয়া আরম্ভ করিয়া অবধি এখন আর তত হয় না। শ্রীনগর, কর্ণপ্রয়াগ, চিমোলী, যোষীমঠ, গণই ও বিখিয়া-কাসাঁই নামক স্থানে এক একটী দাতব্য চিকিৎসালয় আছে।

একজন প্রধান সহকারী কমিসনর পৌরীতে থাকেন। ইহার উপর সমস্ত প্রদেশের ভার অর্পিত। রাজস্ব ও বিচার উভয় বিভাগই তাঁহার কর্ত্তৃত্বাধীন। তাঁহার অধীনে এক-জন অতিরিক্ত সহকারী কমিসনর ও একজন তহসীলদার আছেন। পৌরীতে একজন জজ আছেন, তাঁহাকে ফৌজ-দারী ও দেওয়ানি উভয়বিধ মোকদ্দমাই করিতে হয়। দেশে অপরাধের সংখ্যা বড় কম।

পুলিসের বন্দোবস্ত ভাল নাই। তাহার প্রয়োজনও নাই। আলমোরায় যে জেল আছে, তাহাতে যাহারা দীর্ঘকাল কারাবাস করিবে, তাহারাই কেবল থাকে। অল্পদিনের জন্য কারাবাসীরা পৌরীতে থাকে।

এই জেলা ১১টী পরগণা ও ৮৬টী পট্টীতে বিভক্ত।

গড়বালের কতক অংশ দেশীয় রাজার অধীন। এই রাজ্যের অপর নাম তেহরী। এই অংশ অক্ষা° ৩০°২´ হইতে ৩১°২০´ উঃ ও দ্রাঘি° ৭৭°৫৪´ হইতে ৭৯°১৯ পূঃ মধ্যে হিমা-লয়ের দক্ষিণপশ্চিম ঢালু ভাগে অবস্থিত। ইহারও মধ্যে প্রকাণ্ড প্রকাণ্ড পর্ব্বতশ্রেণী ও উপত্যকা আছে। সেখানকার সমস্ত জল গঙ্গায় গিয়া পড়িতেছে। গড়বালের ক্ষত্রিয় রাজা চন্দ্রবংশোদ্ভব। এই বংশ বহুকাল হইতে গড়বালে রাজত্ব করিতেছেন।

অতি প্রাচীনকাল হইতে ভোগধূর্ত্ত রাজার নাম পাওয়া যায়। তাহার পর ৯০০ বৎসরের রাজগণের নাম পাওয়া যায় না। তাহার পর ক্রমানুসারে যে সকল রাজা হইয়াছেন, তাহাদের রাজত্বকালের বিভিন্ন তালিকা পাওয়া যায়। যথা—

নাম।	রাজত্বকাল। বর্ষ	নাম।	রাজত্বকাল। বর্ষ
১ আদিপাল	৫০	৯ রামদেব	৫১
২ বিজয়পাল	৬০	১০ রণজিৎদেব	৫৩
৩ লোকপাল	৫৫	১১ ইন্দ্রসেন	৩৫
৪ ধর্ম্মপাল	৬৫	১২ চন্দ্রসেন	৩৯
৫ কর্ম্মপাল	৭০	১৩ মঙ্গলসেন	৩২
৬ নারায়ণদেব	৭২	১৪ চূড়ামণি	২৯
৭ হরদেব	৪৫	১৫ চিন্তামণি	৩৩
৮ গোবিন্দদেব	৪৯	১৬ পূর্ণমণি	২৭

নাম।	রাজত্বকাল। বর্ষ	নাম।	রাজত্বকাল। বর্ষ
১৭ বীরকেবাণ	৭৯	৪০ গোলাপচাঁদ	৪১
১৮ বীর	৮১	৪১ রামনারায়ণ	৫৯
১৯ সূর্য্যবাণ	৭৯	৪২ গোবিন্দনারায়ণ	৩৫
২০ খড়্গসিংহ	৬০	৪৩ লক্ষ্মণনারায়ণ	৩৭
২১ সুরতসিংহ	৭২	৪৪ জগৎনারায়ণ	৩২
২২ মহাসিংহ	৭৫	৪৫ মহাতাব্‌নারায়ণ	২৫
২৩ অনুপসিংহ	৫৯	৪৬ সেতাবনারায়ণ	৩৭
২৪ প্রতাপসিংহ	২৯	৪৭ আনন্দনারায়ণ	৪২
২৫ হরিসিংহ	৩৯	৪৮ হরিনারায়ণ	৪৫
২৬ জগন্নাথ	৫৫	৪৯ মহানারায়ণ	৩৩
২৭ বিজয়নাথ	৬৫	৫০ রণজিৎনারায়ণ	৩১
২৮ গোকুলনাথ	৫৪	৫১ রামরু	৩৩
২৯ রামনাথ	৭৫	৫২ কৃষ্ণরু	৪৯
৩০ গোপীনাথ	৮২	৫৩ যজ্ঞরু	৪২
৩১ লক্ষ্মীনাথ	৬৯	৫৪ হরু	৩২
৩২ প্রেমনাথ	৭১	৫৫ ফতেশাহ	৩৯
৩৩ সদানন্দ	৬৫	৫৬ দুর্লভ	৫০
৩৪ পরমানন্দ	৬২	৫৭ প্রতীত	৩৫
৩৫ মহানন্দ	৬৩	৫৮ ললিত	৪০
৩৬ সুখানন্দ	৬১	১৭৮১ খৃষ্টাব্দে ইহার মৃত্যু হয়। তাঁহার পুত্র	
৩৭ শুভচাঁদ	৫৯	৫৯ জয়কীর্ত্তিশাহ	২৷৷০
৩৮ তারাচাঁদ	৪৪	৬০ প্রধূমনশাহ *।	
৩৯ মহাচাঁদ	৫২		

আর একটী তালিকায় এইরূপ বিবরণ পাওয়া যায়।

নাম।	রাজত্বকাল।	মৃত্যুবর্ষ।	সম্বৎ।
১ কনকপাল	১১	৫১	৭৫৬
২ শ্যামপাল	২৬	৬০	৭৮২
৩ পদ্মপাল	৩১	৪৫	৮১৩
৪ অবিজ্ঞাতপাল	২৫	৩১	৮৩৮
৫ সিগলপাল	২০	২৪	৮৫৮
৬ রত্নপাল	৪৯	৬৮	৯০৭
৭ শালিপাল	৮	১৭	৯১৫
৮ বিধিপাল	২০	২০	৯৩৫
৯ মদনপাল	১৭	২২	৯৫২
১০ ভক্তিপাল	২৫	৩১	৯৭৭
১১ জয়চাঁদপাল	২৯	৩৬	১০০৬
১২ পৃথ্বীপাল	২৪	৪০	১০৩০
১৩ মদনপাল	২২	৩০	১০৫২
১৪ অগস্তিপাল	২০	৩৬	১০৭২
১৫ সুরতিপাল	২২	৩৬	১০৯৪
১৬ জয়ৎসিংহপাল	১৯	৩০	১১১৩
১৭ অনন্তপাল	১৬	২৪	১১২৯
১৮ আনন্দপাল	১২	২০	১১৪১
১৯ বিভোগপাল	১৮	২২	১১৫৯
২০ সুভজনপাল	১৪	২০	১১৭৩
২১ বিক্রমপাল	১৫	২৪	১১৮৮
২২ বিচিত্রপাল	১০	২৩	১১৯৮
২৩ হংসপাল	১১	২০	১২০৯
২৪ শোণপাল	৭	১৯	১২১৬
২৫ কাদিলপাল	৫	২১	১২২১
২৬ কামদেবপাল	১৫	২৪	১২৩৬
২৭ সল্লক্ষণদেব	১৮	৩০	১২৫৪
২৮ লক্ষ্মণদেব	২৩	৩২	১২৭৭
২৯ অনন্তপাল	২১	২৯	১২৯৮
৩০ পূর্ব্বদেব	১৯	৩৩	১৩১৭
৩১ অভয়দেব	৭	২১	১৩২৪
৩২ জয়রামদেব	২৩	২৪	১৩৪৭
৩৩ আসলদেব	৯	২১	১৩৫৬
৩৪ জগৎপাল	১২	১৯	১৩৬৮
৩৫ জিতপাল	১৯	২৪	১৩৮৭
৩৬ আনন্দপাল	২৮	৪১	১৪১৫
৩৭ অজয়পাল	৩১	৫৯	১৪৪৬
৩৮ কল্যাণশাহ	৯	৪০	১৪৫৫
৩৯ সুন্দরপাল	১৫	৩৫	১৪৭০
৪০ হংসদেবপাল	১৩	২৪	১৪৮৩
৪১ বিজয়পাল	১১	২১	১৪৯৪
৪২ সহজপাল	৩৬	৪৫	১৫৩০
৪৩ বলভদ্রশাহ	২৫	৪১	১৫৫৫
৪৪ মানশাহ	২০	২৯	১৫৭৫
৪৫ শ্যামশাহ	৯	৩৯	১৫৮৪
৪৬ মহীপতশাহ	২৫	৬৫	১৬০৯
৪৭ পৃথ্বীশাহ	৬২	৭০	১৬৭১
৪৮ মেদিনীশাহ	৪৬	৬২	১৭১৭
৪৯ ফতেশাহ	৪৮	৫১	১৭৬৫
৫০ উপেন্দ্রশাহ	১	২২	১৭৬৬
৫১ প্রদীপ্তশাহ	৬৬	৭০	১৮২৯
৫২ ললিপৎশাহ	৮	৬০	১৮৩৭
৫৩ জয়কীর্ত্তিশাহ	৬	২৩	১৮৪৩
৫৪ প্রধূমনশাহ	১৮	২৯	১৮৬১

* ইনি ১৭৯৬ খৃষ্টাব্দে হার্ডউইক্ সাহেবকে যে আপনার পূর্ব্বপুরুষগণের বংশাবলী দিয়াছিলেন, তাহাই এখানে সংগৃহীত হইল।

এইরূপ সময় সময় রাজগণের আরও তালিকা সংগৃহীত হইয়াছে। সকলগুলি সমান নহে, তাহাদের মধ্যে অনেক ভিন্নতা দৃষ্ট হয়। তবে কনকপাল হইতেই এই বংশের উৎপত্তি, তাহা অনেকেই স্বীকার করেন। কনকপাল গুজরাট হইতে আসেন। প্রধূমনশাহের রাজ্যকাল ১৭৮৫ হইতে ১৮০৫। ১৮০৬ খৃষ্টাব্দে নেপালের গুর্খাগণ দেশ লুটপাট করিয়া রাজাকে তাড়াইয়া দেয়। ১২ বৎসর কাল গুর্খাগণ গড়বালে রাজত্ব করিয়া অত্যাচারে দেশটীকে উৎসন্ন দেয়। প্রত্যেক সেনাপতি আপন আপন অংশমত ভাগ করিয়া

লইয়া প্রজাদিগের যথাসর্ব্বস্ব হরণ করেন। অধিবাসীরা গ্রাম ছাড়িয়া বনে পলায়ন করিতে থাকে। গুর্খাগণ ক্রমশঃ গোরক্ষপুর ও ত্রিহুত লুঠপাঠ আরম্ভ করে। ইংরাজেরা প্রথমতঃ শান্তভাবে তাহাদিগকে বুঝাইবার চেষ্টা করেন। সে চেষ্টা বিফল হইল। ১৮১৪ খৃষ্টাব্দে নবেম্বর মাসে যুদ্ধ আরম্ভ হয়। ইংরাজেরা যুদ্ধে জয়লাভ করিয়া সুদর্শন-শাহকে স্বাধীন গড়বাল-সিংহাসনে বসাইলেন। আর বাকি অংশ ইংরাজরাজ্য ভুক্ত হইল। ১৮৫৭ খৃষ্টাব্দে সিপাহী বিদ্রোহের সময় সুদর্শনশাহ ইংরাজ গবর্মেণ্টকে বিশেষ সাহায্য করেন। ১৮৫৯ খৃষ্টাব্দে সুদর্শনের মৃত্যু হয়। তাঁহার রাণীর গর্ভে সন্তানাদি হয় নাই। তবে তাঁহার কৃতোপকারের জন্য গবর্মেণ্ট রাজার জারজপুত্র ভবানীসিংহকে রাজপদাভিষিক্ত করিয়া দিলেন। গবর্মেণ্ট এই ভবানীসিংহকেও দত্তক গ্রহণের অনুমতি দেন। ১৮৭১ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়। পরে তাঁহার জ্যেষ্ঠপুত্র প্রতাপশাহ সিংহাসনে আরোহণ করেন। ১৮৫০ খৃষ্টাব্দে প্রতাপশাহের জন্ম হয়। প্রতাপশাহ ইংরাজ-গবর্মেণ্টকে কর দেন না।

গড়বাল হিন্দুদিগের মহাতীর্থ স্থান। গঙ্গার উৎপত্তি বলিয়াই এস্থানের এত মাহাত্ম্য, তদ্ব্যতীত এখানে অনেক দেবদেবীর মন্দির আছে। যেখানে যে যে মূর্ত্তি আছে, তাহার তালিকা নিম্নে দেওয়া যাইতেছে।

শিবমূর্ত্তি।

শ্রীনগর	কমলেশ্বর, কপিলমুনি, গোরক্ষনাথ
কোটেশ্বর	কোটেশ্বর
ইদ্বালসান	ভিল্লকেদার
দইল মওয়ালসান	বীণেশ্বর
পাতাল, মন্দসান	একেশ্বর
গরতর নাগপুর	নলেশ্বর
জিলাসু নাগপুর	জীলেশ্বর
গুপ্তকাশী	বিশ্বনাথ
গড় নাগপুর	মদমহেশ
চৌপাটা নাগপুর	তুঙ্গনাথ
কালাপাহাড় নাগপুর	রুদ্রনাথ
গোঠলা	গোপেশ্বর
ক্ষেত্রপাল পোখড়ি	নাগরাজ
উরগাম ঐ	কল্পেশ্বর ও বৃদ্ধকেদার
সহইকোল	সর্ব্বেশ্বর
পাণ্ডুকেশ্বর	পাণ্ডুকেশ্বর
বদরীনাথ	মহাদেব
লঙ্গুরগড়	ভৈরব
ডুঙ্গরি ও চাঁদপুর	শিলেশ্বর
কৌব, পিণ্ডারবা	কৌবেশ্বর
মিঙ্গ ঐ	মিঙ্গেশ্বর
ইচোলি, পিণ্ডারপুর	বেতালেশ্বর
লাটুগায়ের, লোভা	ঝনঙ্কার
কেদারনাথ	কেদারনাথ

দেবীমূর্ত্তি।

দিউরারী, নাদলসান	মহিষমর্দ্দিনী বা দেওরারি-দেবী
শ্রীনগর	জল্লদেবী
ভাটগাঁও ও ঘরদরসান	কালিকা
নয়ার নগর, কপোলসান	জল্লদেবী
ধনী, চলনসান	কল্যাণী
ফেণ্ড, নাগপুর	নবদুর্গা
বিরান, নাগপুর	চামুণ্ডা
উক্ষীমঠ ঐ	উক্ষা
উর্‌গাম্ নাগপুর	গৌরী
মৈখণ্ড	মহিষমর্দ্দিনী
তরশালী ঐ	চণ্ডিকা
নৈতি, চাঁদপুর	অপর্ণা
কর্ণপ্রয়াগ	উমা
ক্রুর, দশলি	নন্দা
হিন্দোলি ঐ	নন্দা
নৌলী	লাটদেবী
তপোবন	গৌরী
যোষীমঠ	নবদুর্গা

বিষ্ণুমূর্ত্তি।

শিবানন্দী, ধানপুর	লক্ষ্মীনারায়ণ
লুগাই ঐ	নরসিংহ
দইল, সিন্‌সান	লক্ষ্মণজী
বিদ্যাকোটী, কন্দবল্সান	মুরলীমনোহর
বনিযাই নাগপুর	অগস্ত্যমুনি
চন্দ্রপুরী	মুরলীমনোহর
শিলানাগপুর	ঐ
হাটনাগপুর	নারায়ণ
ক্ষেত্রপাল পোখড়ি	নরসিংহ
বিষ্ণুপ্রয়াগ	বিষ্ণু
উর্‌গাম্	ধ্যানবদরী
পাণ্ডুকেশ্বর	যোগবদরী
বদরীনাথ, পইনখণ্ড	বদরীনাথ
গুলাবকোটী ঐ	মুরলীমোহন
যোষীমঠ ঐ	নরসিংহ, বাসুদেব, গরুড়, ভগবতী, ভবিষ্যবদরী।
ত্রিযুগী	নারায়ণ, ত্রিযুগীনারায়ণ, ত্রিযুগী যক্ষ, রাম।
হাতিসের	আদিবদরী, বদরীনাথ।
চাঁইনাগপুর	সীতা।

এই সকল মন্দির ব্যতীত আরও অনেক পবিত্র স্থান আছে, তাহার সংখ্যা নাই। উপরোক্ত পবিত্র দেবমূর্ত্তির মাহাত্ম্য অধিকাংশই স্কন্দপুরাণে হিমাদ্রিখণ্ডে বর্ণিত আছে।

গড়বেতা, মেদিনীপুর জেলার অন্তর্গত একটী নগর। এখানকার সর্ব্বমঙ্গলা দেবী ও কংসেশ্বর শিবের মন্দির অতি প্রাচীন। পূর্ব্বে এখানে বৃহৎ গড় ছিল। যেখানে যেখানে গড়ের বৃহৎ দ্বার ছিল, এখন সেই সকল স্থান লাল-দরজা, হনুমান দরজা, পেশা দরজা, রাউতা দরজা ইত্যাদি নামে খ্যাত। এখানকার রায়কোটে রাজা তেজচন্দ্রের রাজভবন ছিল। তাহার চারিদিকে বড় বড় কামান সজ্জিত থাকিত। ইংরাজেরা সেই সকল কামান লইয়া আসিয়াছেন।

গড়বেতার সাতপুখুরও প্রসিদ্ধ, এই সাতটী বড় বড় পুখুরের মধ্যে এক একটী পাথরের দেবালয় আছে।

এখানে মাজিষ্ট্রেট ও মুন্সেফের কাছারী আছে। পূর্ব্বে এখানেই মহকুমার প্রধান আড্ডা ছিল, এখন ঘাটালে উঠিয়া গিয়াছে।

গড়সুন্দর (দেশজ) একজাতীয় বৃক্ষ। (Mimosa Arabica)

গড়া (দেশজ) গঠন, নির্ম্মাণ।

গড়া, ১ মধ্যভারতের জবলপুর জেলার একটী প্রাচীন নগর। সাগর হইতে ৭৫ ক্রোশ দক্ষিণ পূর্ব্বে। অক্ষা° ২৩°, ১০´ উঃ, দ্রাঘি° ৭৯° ৫৬´ ৩০´´ পূঃ। পূর্ব্বকালে গড়া গড়মণ্ডলের রাজধানী ছিল। রাজা মদনসিংহ ১১০০ খৃষ্টাব্দে নিকটস্থ পর্ব্বতের উপর মদনমহল নামক দুর্গ নির্ম্মাণ করেন। এই দুর্গের ভগ্নাবশেষ দেখিতেও অতি সুন্দর। তাহার নিম্নভাগে গঙ্গাসাগর ও বালসাগর নামক দুইটী সরোবর। গড়াতে একটী ভাল বিদ্যালয় আছে। এখানে বাণিজ্য যৎসামান্য হয়। পূর্ব্বে এখানে একটী টাকশাল ছিল, তাহাতে বালাশাহী নামক মুদ্রা প্রস্তুত হইত। পূর্ব্বে এই মুদ্রা সমগ্র বুন্দেলখণ্ডে প্রচলিত ছিল।

২ মধ্যভারতের গোয়ালিয়ার বিভাগের অন্তর্গত একটী সামান্য রাজ্য। [ঘড়া দেখ।]

গড়ান (দেশজ) ১ নির্ম্মাণ। ২ ঘুরাইয়া ফেলিয়া দেওয়া।

গড়ানিয়া (দেশজ) ঢালু, যাহা উচ্চ হইতে নিম্ন হইয়া আসিয়াছে।

গড়ি (পুং) গড়-ইন্। ১ বৎসতর। (রাজনি°।) বাছুর। ২ অলস গো-প্রভৃতি পশু, চলিত কথায় গড়িয়া বলে।

"গুনানামেব দৌরাত্ম্যাদ্ধুরি ধুর্য্যো নিযুজ্যতে।
অসংজাতকিণস্কন্ধঃ সুখং স্বপিতি গৌর্গড়িঃ।" (কাব্যপ্রকাশ)

৩ বসন্তের পর শরীরে যে দাঘ হয়।

গড়িমসী (দেশজ) বিলম্ব।

গড়িয়া (দেশজ) অলস।

গড়িয়ান (দেশজ) ঢালু।

গড়ু (পুং) ১ গলগণ্ড, ঘাড় ও মস্তকের মধ্যে মাংসবৃদ্ধিকারক রোগবিশেষ। (ভরত।) ২ কুব্জ। (মেদিনী।) ৩ শল্যাস্ত্র। (শব্দরত্নাবলী।) ৪ কিঞ্চুলক, কেঁচো। ৫ বিষমগ্রন্থি। ৬ নিরর্থক, অজাগলস্তনের ন্যায় যাহার কোন প্রয়োজন নাই।

"কাব্যান্তর্গড়ুভূতা যা সাতু নেহ প্রপঞ্চ্যতে।" (সাহিত্যদ° ১০প)

এই শব্দটী আহিতাদির অন্তর্গত বলিয়া কণ্ঠশব্দের সহিত সমাস হইলে বিকল্পে পূর্ব্বনিপাত হয়। যথা গড়ুকণ্ঠঃ কণ্ঠগড়ুঃ। (সপ্তম্যাঃ পূর্ব্বনিপাতে গড়াদিভ্যঃ পর বচনং। ২।২।৩৫ বার্ত্তিক।)

গড়ুক (পুং) গড়ুর্গলগণ্ডইব কায়তি মধ্যে কৈ-ক। ১ ভৃঙ্গার, গাড়ু।

"ঘণ্টা গড়ুককুম্ভাদিস্নানোপস্করভাজনৈঃ।" (কাশীখণ্ড ৩ অঃ)

২ ঋষিবিশেষ। অপত্যার্থে ইহার উত্তর ইঞ্ প্রত্যয় হয়।

গড়ুর (ত্রি) গড়ুঃ কুব্জরোগোঽস্ত্যস্য গড়ু-সিধ্মাদিত্বাৎ লঃ তস্য চ রত্বং। কুব্জ। (শব্দরত্নাবলী।)

গড়ুল (ত্রি) গড়ুঃ কুব্জরোগোঽস্ত্যস্য গড় সিধ্মাদিত্বাৎ লঃ। (সিধ্মাদিভ্যশ্চেতি। পা ৫।২।৯৭।) কুব্জ। (অমর)

গড়ুশিরস্ (ত্রি) শিরসি গড়ুর্যস্য বহুব্রী, সপ্তম্যন্তস্য পূর্ব্বনিপাতঃ। যাহার মাথায় গড়ু আছে।

গড়ের (পুং স্ত্রী) গড়-এরক্। (পতিকম্পিকুঠিগড়িগুড়ি-দশিভ্য এরক্। উণ্ ১।৫৯।) মেষ, গাড়োল। (ত্রিকাণ্ড।) স্ত্রীলিঙ্গে ঙীষ্ হইয়া গড়েরী শব্দ হয়।

গড়োত্থ (ক্লী) গড়াৎ গড়াখ্যদেশাৎ উত্তিষ্ঠতি উদ-স্থা-ক। শাম্বরদেশোৎপন্ন লবণবিশেষ। (রাজনি°)

গড়োল (পুং) গড়-ওলচ্। (কপিগড়িগণ্ডিকটিপটিভ্য ওলচ্। উণ্ ১।৬৭।) ১ গুড়। (উণাদিকোষ।) ২ গ্রাম। (হেম°) ৩ গুড়ুক, গুলী। (উজ্জ্বলদত্ত।)

গড়গড়ি (দেশজ) মেঘের ডাক।

গড়বড়ি (দেশজ) ১ গোলমাল। ২ তাড়াতাড়ি। ৩ কলহ, বিবাদ।

গড্ডর (পুং) গড়-বাহুলকাৎ ডলঃ তস্য ডকারস্য পক্ষে ন ইত্বং। মেষ।

গড্ডরিকা (স্ত্রী) গড্ডরং মেষমনুধাবতি। গড্ডর-ঠন্। ১ মেষপংক্তি, যাহা অবিছিন্ন গতিতে মেষের অনুগমন করে। ২ ধারাবাহী, অবিচ্ছিন্ন গতি, যে প্রবাহের মূল জানিতে পারা যায় না।

গড্ডল (পুং) গড়-বাহুলকাৎ ড-লং। মেষ।

গড্ডলিকা (স্ত্রী) গড্ডলং অনুসরতি গড্ডল-ঠন্। ১ মেষ-পংক্তি। ২ ধারাবাহী। [গড্ডরিকা দেখ।]

গড্ডলিকাপ্রবাহ (পুং) গড্ডলিকায়াঃ প্রবাহ ইব ৬তৎ। গড্ডলিকার ন্যায় কোন ভাল মন্দ বিচার না করিয়া সকলের

দেখাদেখি প্রচলিত মতের অনুসরণ করিয়া চলা।

গড্ডালিকা (স্ত্রী) মেষপংক্তি, ভেড়ার দল।

গড্ডুক (পুং) গড়ুক পৃষোদরাদিত্বাৎ ডস্য দ্বিত্বং। ১ ভৃঙ্গার, গাড়ু। (শব্দরত্নং।)

গড্ডূক (পুং) গড়ুক পৃষোদরাদিবৎ ডস্য দ্বিত্বং উকারস্য দীর্ঘত্বঞ্চ। ভৃঙ্গার, গাড়ু।

গণ (পুং) গণ কর্ম্মণি অচ্ কর্ত্তরি অচ্ বা। ১ সমূহ।

"গণানাং ত্বাং গণপতিম্" (বাজসনেয়সং ২৩।১৯।)

'গণপতিং গণানাং সমূহানাং পালকম্' মহীধর।

২ প্রমথ, শিবের সেবক।

"ভর্ত্তুঃ কণ্ঠচ্ছবিরিতি গণৈঃ সাদরং বীক্ষ্যমাণঃ।" (মেঘদূত ৩৫)

৩ সেনার সংখ্যাবিশেষ। সাতাশখানি রথ, সাতাশটী গজ, একাশীটী ঘোড়া ও একশপঁয়ত্রিশটী পদাতি, সর্ব্বসমেত দুশসত্তরটীকে গণ বলা যাইতে পারে। ৪ চোর নামক গন্ধদ্রব্য। (মেদিনী।) গণঃ প্রমথাদি গণঃ সত্বাদিগুণগণোবা বশ্যত্বেন অস্ত্যস্য যদ্বা গণো দৈত্যবিশেষোনাশ্যত্বেনাস্ত্যস্য গণ-অচ্। ৫ গণেশ। "গণদীক্ষাপ্রবর্ত্তকঃ"। (মহানির্ব্বাণ)

৬ বিবাহে বর ও কন্যার সদ্ভাব বা অসদ্ভাব জানিবার উপায়বিশেষ। জ্যোতিষিকগণ ইহাকে তিনভাগে বিভক্ত করিয়াছেন—দেবগণ, নরগণ ও রাক্ষসগণ। পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্র, ভরণী, আর্দ্রা ও রোহিণী এই কয়টী নক্ষত্রে জন্মিলে নরগণ হয়। জ্যেষ্ঠা, শতভিষা, মূলা, ধনিষ্ঠা, অশ্লেষা, কৃত্তিকা, চিত্রা, মঘা ও বিশাখা এই কয় নক্ষত্রে জন্মিলে রাক্ষসগণ। অশ্বিনী, রেবতী, পুষ্যা, স্বাতী, হস্তা, পুনর্বসু, অনুরাধা, মৃগশিরা ও শ্রবণা এই কয় নক্ষত্রে জন্মিলে দেবগণ। বর ও কন্যা এক গণ হইলে ভাল, একজন দেবগণ অপরে নরগণ হইলে মধ্যম, দেবগণ ও রাক্ষসগণ হইলে অধম সৌহৃদ্য হইয়া থাকে, কিন্তু নরগণ ও রাক্ষসগণ হইলে যাহার নরগণ তাহার মৃত্যু হয়। (জ্যোতিষ।) ৭ ধ্রুবাদিসংজ্ঞক নক্ষত্রসমূহ। "উগ্রঃ পূর্ব্বমঘান্তকা ধ্রুবগণঃ" (জ্যোতিষ)

৮ বাণিজ্যকারী বণিক্‌সমূহ, যাহারা একত্র বাণিজ্য করে।

"গণদ্রব্যং হরেদ্ যস্তু সংবিদং যশ্চ লঙ্ঘয়েৎ।" (যাজ্ঞবল্ক্য)

৯ ব্যাকরণপ্রসিদ্ধ ভ্বাদি, অদাদি, জুহোত্যাদি, দিবাদি, স্বাদি, তুদাদি, রুধাদি, তনাদি, ক্র্যাদি ও চুরাদি এই দশটীকে গণ বলে। ১০ গণপাঠগ্রন্থ। ১১ পাণিনিরচিত স্বরাদি স্বরূপপ্রতিপাদক পাঠগ্রন্থ। ১২ দৈত্যবিশেষ। স্কন্দপুরাণের গণেশখণ্ডে ইহার উপাখ্যানটী এইরূপ লিখিত আছে—

অভিজিৎ নামক একজন ব্রাহ্মণ আপনার পত্নী গুণবতীর সহিত সমুদ্রে স্নান করিতে গিয়াছিলেন। গুণবতী তৃষ্ণায় কাতর হইয়া সমুদ্র জল পান করেন, সেই জলের সহিত ব্রহ্মার বীর্য্য তাহার উদরে প্রবেশ করে এবং সেই অমোঘবীর্য্যে ব্রাহ্মণপত্নী গুণবতীর গর্ভসঞ্চার হয়। যথাসময়ে গুণবতী একটী পুত্র প্রসব করেন। সেই পুত্রই গণ নামে প্রসিদ্ধ দৈত্য। গণ বয়ঃপ্রাপ্ত হইয়া মহাদেবের আরাধনা করে। শিব তাহার প্রতি সন্তুষ্ট হইয়া বর দেন। সেই বরে গণদৈত্য স্বর্গ, মর্ত্ত্য, পাতালের উপরে আপনার আধিপত্য বিস্তার করে। কালক্রমে গণদৈত্য ভয়ানক অত্যাচারী হইয়া দাঁড়াইল। একদিন মহামুনি কপিলকে অপমানিত করিয়া তাঁহার বহুমূল্য চিন্তামণিটী কাড়িয়া লইল। কপিল মনোদুঃখে গণেশের আরাধনা করেন, গণেশ সন্তুষ্ট হইয়া গণদৈত্যকে বিনাশ করিতে অঙ্গীকার করেন। কিছুদিন পরে পার্ব্বতীনন্দন সেই দৈত্যের গৃহে অবতীর্ণ হইয়া তাহাকে নিধন করেন। (স্কন্দপুরাণ গণেশখণ্ড ৬-৭ অঃ।) ১৩ স্বপক্ষ।

"সগণায় সপরিবারায় সায়ুধায় সশক্তিকায় ইন্দ্রায় নমঃ।"

(বিধানপারিজাত°)

১৪ বাক্য। (নিঘণ্টু।) ১৫ ছন্দঃশাস্ত্রোক্ত পারিভাষিক একাক্ষর প্রভৃতির সংজ্ঞাবিশেষ। ইহা আবার দশভাগে বিভক্ত ম-গণ, ন-গণ, ভ-গণ, য-গণ, জ-গণ, র-গণ, স-গণ, ত-গণ, গ-গণ ও ল-গণ। (ছন্দোমঞ্জরী)

১৬ একজন সংস্কৃত চিকিৎসাশাস্ত্ররচয়িতা, দুর্লভের পুত্র। ইনি অশ্বায়ুর্ব্বেদ বা সিদ্ধযোগসংগ্রহ নামে গ্রন্থ প্রণয়ন করেন।

গণক (ত্রি) গণয়তি সংখ্যাং করোতি গণ-ণিচ্-ণ্বুল্। ১ সংখ্যাকারক, যে সংখ্যার নিরূপণ করে। (পুং) গণয়তি গ্রহস্থিতিশুভাশুভফলাদিকানি নিরূপয়তি গণ-ণিচ্-ণ্বুল্।

২ মাতৃকাদেবীভক্ত-মুনিবিশেষ। (সহ্যাদ্রিখ° ১।৩৩।১১৫।) ৩ জ্যোতির্বিদ্। ইহার পর্য্যায়—সাম্বৎসর, জ্যোতিষিক, দৈবজ্ঞ, জ্যোতির্বিদ্, মৌহূর্ত্তিক, মৌহূর্ত্ত, জ্ঞানী, কর্ত্তান্তিক।

অনেকেরই বিশ্বাস যে যাহারা গ্রহনক্ষত্রাদির বিষয় গণনা করে, যাহারা জ্যোতিঃশাস্ত্রের অধ্যয়ন বা ব্যবসায় করে, তাহারা একরূপ পতিত, অপাঙ্‌ক্তেয় ও অস্পৃশ্য এবং শাস্ত্রেও অনেক স্থানে গণকের নিন্দা দেখিতে পাওয়া যায়।

"বরং চাণ্ডালসংস্পর্শং কুর্য্যাৎ তু সাধকোত্তমঃ।
তথাপ্যস্পৃশ্য গণকং সর্ব্বদা তু পরিত্যজেৎ॥"

(শাক্তানন্দতরঙ্গিণী ১৬ উল্লাস)

চাণ্ডাল স্পর্শ বরং ভাল, সাধক দায়ে ঠেকিলে অগত্যা তাহা করিতে পারে, কিন্তু গণক সর্ব্বদাই অস্পৃশ্য, সাধক কখনও তাহাকে স্পর্শ করিবে না, তাহার সংসর্গ একেবারেই পরিত্যাগ করিবে।

ধর্ম্মশাস্ত্রকার সুমন্তও বলিয়াছেন, "সাংবৎসরিকোঽপাঙ্‌ক্তেয়ঃ" সাংবৎসরিক বা দৈবজ্ঞ অপাঙ্‌ক্তেয়, অর্থাৎ তাহার সহিত এক পংক্তিতে বসিয়া আহারাদি করিবে না। মহাভারতে লিখিত আছে—

"কুশীলবো দেবলকো নক্ষত্রৈর্যশ্চ জীবতি।
এতানিহ বিজানীয়াদ্ ব্রাহ্মণান্ পংক্তিদূষকান্॥"

কুশীলব, বেতন গ্রহণে দেবপূজক এবং যাহারা নক্ষত্র গ্রহ প্রভৃতি গণনা করিয়া জীবিকা নির্ব্বাহ করে, এই সকল ব্রাহ্মণকে পংক্তিদূষক অর্থাৎ অপাংক্তেয় জানিবে। ধর্ম্মশাস্ত্রকার কশ্যপ বলেন—

"·····ভ্রূণহন্তৃংশ্চ ব্যঙ্গান্ নক্ষত্রসূচকান্।
বর্জয়েদ্ ব্রাহ্মণানেতান্ সর্ব্বকর্ম্মসু যত্নতঃ॥"

·····ভ্রূণহন্তা, কুটিলাঙ্গ ও নক্ষত্রসূচক (গণক) এই সকল ব্রাহ্মণদিগকে সকল কার্য্যেই পরিত্যাগ করিবে। অপরাপর ধর্ম্মশাস্ত্রেও গণকের অনেক নিন্দার উল্লেখ দেখিতে পাওয়া যায়। কিন্তু সংগ্রহকারগণের মতে যাহারা জ্যোতিঃশাস্ত্র অধ্যয়ন বা জ্যোতিষের ব্যবসায় করে, তাহারা সকলেই পতিত বা নিন্দনীয় নহে। তাঁহারা বলেন যে, জ্যোতিঃশাস্ত্র বেদের অঙ্গ, বেদে ও ধর্ম্মশাস্ত্রে ব্রাহ্মণ জ্যোতিঃশাস্ত্র অধ্যয়ন করিবে, এইরূপ বিধান আছে। যদি অধ্যয়ন করিলেই পতিত হয়, তাহা হইলে ধর্ম্মশাস্ত্রের বিধান মিথ্যা হয়। (১)

ইহা ব্যতীত শাস্ত্রে জ্যোতিষকের ভূয়সী প্রশংসাও দেখিতে পাওয়া যায়।

"ত্রিস্কন্ধপারঙ্গম এব পূজ্যঃ শ্রাদ্ধে সদা ভূসুরবৃন্দ-মধ্যে।
নক্ষত্রসূচী খলু পাপরূপো হেয়ঃ সদা সর্ব্বসুধর্ম্মকৃত্যে।" (বসিষ্ঠ)

যাহারা জ্যোতিঃশাস্ত্রের স্কন্ধত্রয় ভালরূপে অধ্যয়ন করিয়া ব্যুৎপত্তি লাভ করিয়াছেন, তাহারা শ্রাদ্ধে সকল ব্রাহ্মণের মধ্যে পূজনীয়, কিন্তু যাহারা নক্ষত্রসূচী অর্থাৎ জ্যোতিঃশাস্ত্রানভিজ্ঞ অথচ নক্ষত্রাদি গণনা করিয়া জীবিকানির্ব্বাহ করে, তাহারা পতিত, সকল ধর্ম্মকার্য্যেই তাহাদিগকে পরিত্যাগ করিবে। বরাহমিহির বলেন—

"গ্রন্থতশ্চার্থতশ্চৈব কৃৎস্নং জানাতি যো দ্বিজঃ।
অগ্রভুক্ সভবেচ্ছ্রাদ্ধে পূজিতঃ পংক্তিপাবনঃ।
না সাম্বৎসরিকে দেশে বস্তব্যং ভূতিমিচ্ছতা॥" (বরাহ)

যে ব্রাহ্মণ জ্যোতিষের সমস্ত গ্রন্থ অধ্যয়ন করিয়া তাহার প্রকৃত অর্থ গ্রহণ করিতে পারেন, তিনি শ্রাদ্ধে অগ্রভুক্, পূজিত এবং পংক্তিপাবন। যে দেশে জ্যোতিষিক নাই, যিনি মঙ্গলকামনা করেন, তিনি সেই দেশে বাস করিবেন না। ইহা ব্যতীত সূর্য্যসিদ্ধান্ত, সিদ্ধান্তশিরোমণি প্রভৃতি গ্রন্থে জ্যোতিষিকের প্রশংসা আছে এবং জ্যোতিঃশাস্ত্রাধ্যায়ী ব্রাহ্মণ যে অতিশয় পূজনীয়, তাহারও অনেক প্রমাণ পাওয়া যায়।

এখন কথা হইতেছে যে শাস্ত্রে উভয়ই পাওয়া গেল, কতকগুলি শাস্ত্রের মতে গণক পতিত ও নিন্দনীয় এবং কতকগুলির মতে তাহার বিপরীত গণক পূজনীয় এবং অনিন্দিত। যদি প্রকৃত প্রস্তাবে ইহার মীমাংসা না করা হয়, তবে শাস্ত্রে বিরোধ ঘটে। এই কারণে সংগ্রহকারগণ বলেন যে, শাস্ত্রে দুইপ্রকার গণকের বিষয় লিখিত আছে, যাহারা বাস্তবিক জ্যোতিঃশাস্ত্র অধ্যয়ন করে নাই, অথবা অধ্যয়ন করিলেও কিছুই ব্যুৎপত্তি লাভ করিতে পারে নাই, তাহারাই নক্ষত্রসূচী। (১) ইহারা বাড়ী বাড়ী যাইয়া কেহ কিছু জিজ্ঞাসা না করিলেও নক্ষত্রের গণনা করিয়া গৃহস্থের শুভাশুভ ফল বলিয়া থাকে, এই কারণেই শাস্ত্রকারেরা ইহাদিগকে নক্ষত্রসূচী নামে উল্লেখ করিয়াছেন। ইহারা বাস্তবিক জ্যোতিষী নহে। ইহারাই পতিত, অপাংক্তেয় ও নিন্দনীয়। পূর্ব্বে যে সকল প্রমাণ উদ্ধৃত করা হইয়াছে, তাহাও অপর বচনের সহিত একবাক্যতা করিয়া এইরূপেই ব্যাখ্যা করিতে হইবে এবং "ত্রিস্কন্ধ পারঙ্গম" ইত্যাদি বসিষ্ঠ বচন দ্বারা স্পষ্টই নক্ষত্রসূচীর নিন্দার উল্লেখ আছে। ইহা ব্যতীত অপর অপর শাস্ত্রেও নক্ষত্রসূচীর নিন্দাই দেখিতে পাওয়া যায়। যাহারা প্রকৃত প্রস্তাবে জ্যোতিঃশাস্ত্র অধ্যয়ন করেন, তাহারা নিন্দনীয় বা অপাঙ্‌ক্তেয় নহে।

বৃহৎসংহিতার মতে—যিনি সদ্বংশজাত, প্রিয়দর্শন, বিনীতবেশ, সত্যবাদী, যাহার পক্ষপাত অসূয়া বা অঙ্গের কোনরূপ বিকলতা নাই, যাহার শরীরসন্ধি সুবিভক্ত ও উপচিত, যিনি কর চরণ নখ নয়ন চিবুক দন্ত কর্ণ ললাট ও মস্তক প্রভৃতি অঙ্গ প্রত্যঙ্গে চারুতাসম্পন্ন, যিনি স্থূলশরীর, গম্ভীর অথচ মিষ্টভাষী, যিনি দেশ ও কালের তত্ত্ব জানেন, যিনি শাস্ত্রীয় তর্কে সভায় যাইয়া কখনও

(১) "সিদ্ধান্তসংহিতা হোরা রূপস্কন্ধত্রয়াত্মকম্।
বেদস্য নির্ম্মলং চক্ষুর্জ্যোতিঃ শাস্ত্রমকল্মষম্॥
বিনৈতদখিলং শ্রৌতং স্মার্ত্তকর্ম্ম ন সিদ্ধ্যতি।
অতএব দ্বিজৈরেতদধ্যেতব্যং প্রযত্নতঃ॥" (মুহূ° টী° পীযূষধারা)

(১) "অবিদিত্বৈব যঃ শাস্ত্রং দৈবজ্ঞত্বং প্রপদ্যতে।
স পঙ্‌ক্তিদূষকঃ পাপোজ্ঞেয়ো নক্ষত্রসূচকঃ।" (বরাহসংহিতা)
"তিথ্যুৎপত্তিং ন জানন্তি গ্রহাণাং নৈব সাধনং।
পরবাক্যেন বর্ত্তন্তে তে বৈ নক্ষত্রসূচকাঃ।" (বরাহসংহিতা)

ভীত হন না, নিপুণ, অব্যসনী, গ্রহগণিত জানিবার জন্য কৌতূহল, দেবপূজা ব্রত ও উপবাস করিতে যাহার ইচ্ছা আছে, তিনিই জ্যোতিঃশাস্ত্র অধ্যয়ন করিবার উপযুক্ত। গ্রহগণিত অর্থাৎ পৌলিশ, রোমক, বাশিষ্ঠ, সৌর ও পৈতামহ এই পাঁচখানি সিদ্ধান্তশাস্ত্রে যে যুগ, বর্ষ, অয়ন, ঋতু, মাস, পক্ষ, অহোরাত্র, যাম, মুহূর্ত্ত, নাড়ী, বিনাড়ী, প্রাণ, ত্রুটি প্রভৃতি কাল ও ক্ষেত্র নির্ণীত হইয়াছে, তাহার সম্যক্‌বেত্তা, সৌর, সাবন, নাক্ষত্র ও চান্দ্র এই চারি প্রকার মাস, অধিমাস ও অবম প্রভৃতির কারণাভিজ্ঞ, ষষ্টি সংবৎসর, যুগ, বর্ষ, মাস, দিন ও হোরা প্রভৃতির অধিপতিনির্ণয়ে এবং সৌরাদি পরিমাণে অভিজ্ঞ, গ্রহগণের শীঘ্র মন্দ যাম্য উত্তর ও নীচ উচ্চ প্রভৃতির কারণ-নির্ণয়ে পটু, ইহা ব্যতীত যিনি অপরাপর জ্যোতির্ম্মণ্ডলের দুরূহ বিষয়গুলির সুন্দর মীমাংসা করিয়া বুঝাইয়া দিতে পারেন, শাস্ত্রকারগণ তাহাকেই গণক বলিয়া থাকেন। (বৃহৎসংহিতা ২ অঃ।)

৪ জাতিবিশেষ। ইহারা ব্রাহ্মণের ন্যায় আচার ব্যবহারবিশিষ্ট। দেশবিশেষে ইহাদিগকে গ্রহবিপ্র, বা আচার্য্য বলিয়া থাকে। ব্রহ্মযামলে ১৪শ অধ্যায়ে লিখিত আছে—

"শরদ্বীপে চ বেদাগ্নিঃ শাকদ্বীপে চ সিদ্ধ্যতি।
ভূমধ্যেচ ব্রহ্মচারী দৈবজ্ঞো দ্বারকাপুরে॥
দ্রাবিড়ে মৈথিলে চৈব গ্রহবিপ্রেতি সংজ্ঞকঃ।
ধর্ম্মাঙ্গে ধর্ম্মবক্তা চ পাঞ্চালে শাস্ত্রিসংজ্ঞকঃ।
সরস্বত্যাং শুভমুখঃ গঙ্গালে চিত্রপণ্ডিতঃ।
তীরহোত্রে চ তিথিবিল্লাটকে ঋক্ষসূচকঃ।
উদ্যানে জ্যোতিষো বিপ্রো ব্রাহ্মণে বিধিকারকঃ।
বপ্রাটে যোগবেত্তা চ লিটানে দেবপূজকঃ।
রাঢ়দেশে উপাধ্যায়ো গয়ায়াং তন্ত্রধারকঃ।
কালিঙ্গে জাননামাচা আচর্য্যো গৌড়দেশকে॥"

শরদ্বীপে ও শাকদ্বীপে বেদাগ্নি, ভূমধ্যে ব্রহ্মচারী, দ্বারকায় দৈবজ্ঞ, দ্রাবিড় ও মিথিলায় গ্রহবিপ্র, ধর্ম্মাঙ্গে ধর্ম্মবেত্তা, পাঞ্চালে শাস্ত্রী, সরস্বতীনদীতীরে শুভমুখ, গঙ্গালে চিত্রপণ্ডিত, তীরহোত্রে (ত্রিহুতে?) তিথিবিৎ, লাটদেশে ঋক্ষ, উদ্যানে জ্যোতিষ, ব্রহ্মে বিধিকারক, বপ্রাটে যোগবেত্তা, লিটানে দেবপূজক, রাঢ়দেশে উপাধ্যায়, গয়ায় তন্ত্রধারক, কলিঙ্গদেশে জান এবং গৌড়দেশে আচার্য্য বলে।

গ্রহদোষ শান্তির জন্য যাহা কিছু দান করা হয়, তাহা ইহারাই পাইয়া থাকে। এ দেশীয় লোকের বিশ্বাস যে গ্রহবিপ্রকে দান করিলেই গ্রহ সন্তুষ্ট হয়, গৃহস্থের কোন অমঙ্গল হয় না। শব্দের ব্যুৎপত্তি অনুসারে অর্থ ধরিয়া বলিতে হইলে যাহারা জ্যোতিষশাস্ত্র অধ্যয়ন করে এবং গ্রহদিগের গতিনির্ণয় ও কোষ্ঠী গণনা করিয়া শুভাশুভ ফল নির্ণয় করিয়া থাকে, তাহাদিগকেই গণক বলা যাইতে পারে। কিন্তু এ দেশে চলিত কথায় 'গণক' শব্দটী সেইরূপ তাৎপর্য্যে ব্যবহৃত হয় না। ব্রাহ্মণ, কায়স্থ, বৈদ্য প্রভৃতি অপর কোন জাতি জ্যোতিষশাস্ত্র অধ্যয়ন করিয়া তাহার ব্যবসায় করিলে তাহাকে গণক বলেনা; জ্যোতিষিক, জ্যোতির্বিদ্ প্রভৃতি অপর কোন নামে তাহার উল্লেখ করা হইয়া থাকে। কিন্তু পূর্ব্বকথিত জাতির মধ্যে কেহ কেহ গ্রহগণনা দূরে থাকুক, তিথি বা সকল কয়টী নক্ষত্রের নাম না জানিলেও তাহাদিগকে গণক বলা হইয়া থাকে। অপরাপর ব্রাহ্মণের সহিত ইহাদের কন্যা আদান প্রদান চলেনা। ইহাদের মধ্যে অনেকেই জ্যোতিষশাস্ত্র অধ্যয়ন করিয়া উন্নতি ও প্রতিষ্ঠা লাভ করিয়াছেন। ইহাদের মধ্যে যাহারা শিক্ষিত ও ধনী, তাহাদের আচার ব্যবহার উচ্চশ্রেণীর ব্রাহ্মণের ন্যায়। তাহাদের সহিত উচ্চশ্রেণী ব্রাহ্মণের কোন ভেদ দেখিতে পাওয়া যায়না, কেবল আদান প্রদান প্রথা প্রচলিত নাই। অপর কতকগুলি বর্ণবিপ্র বা গণকব্রাহ্মণ আছে, তাহারা অশিক্ষিত, গ্রহদান লইয়াই জীবিকানির্ব্বাহ করিয়া থাকে। নূতন বৎসর পড়িলে ইহারা বাড়ী বাড়ী যাইয়া নূতন পঞ্জিকার ফল শুনাইয়া থাকে; গৃহস্থেরা ইহাদিগকে তাহার দক্ষিণা বা পারিশ্রমিক স্বরূপ চাউল, ডাল, বস্ত্র ও ফল প্রভৃতি দেয়। পূর্ব্বে যে উচ্চশ্রেণী গণকের উল্লেখ করা হইয়াছে, তাহাদের সহিত ইহাদের কোন সম্বন্ধ আছে বলিয়া বোধ হয় না। উচ্চশ্রেণীরাও ইহাদিগকে আপনাদের এক জাতি বলিয়া স্বীকার করিতে চাহেন না। ইহাদের আচার ব্যবহার ঠিক চণ্ডালের মত, ইহারা চণ্ডালস্পৃষ্ট জল খাইয়া থাকে। গলদেশে দোদুল্যমান যজ্ঞোপবীতটী দেখিতে না পাইলে ইহাদিগকে ঠিক চণ্ডাল বলিয়াই মনে হয়। ইহাদের জল শুদ্ধ নহে। ব্রাহ্মণ, কায়স্থ ও বৈদ্য প্রভৃতি উচ্চশ্রেণীর হিন্দুগণ ইহাদিগকে চণ্ডালের সমান মনে করেন। পূর্ব্ববঙ্গ, ফরিদপুর প্রভৃতি স্থানে ইহাদের অনেকের বাস। যাহারা চণ্ডালের পুরোহিত তাহাদের সহিত ইহাদের আহার ব্যবহার ও আদান প্রদান চলিত আছে, আবার কোন কোনস্থানে ইহাদের মধ্যে কতক লোকই চণ্ডালগণের পৌরোহিত্য করিয়া থাকে। ইহারা উচ্চশ্রেণী গণকদিগকে আপনাদের সজাতীয় মনে করে, কিন্তু অপরাপরেরা ইহাদিগের সহিত উচ্চশ্রেণী গণকের যে কোন সম্বন্ধ আছে, তাহা স্বীকার করে না।

মনু যে সকল সঙ্করজাতির উল্লেখ করিয়াছেন, তাহাদের

মধ্যে ইহাদের নাম পাওয়া যায় না। রুদ্রযামলোক্ত জাতিমালায় লিখিত আছে—

"দেবলাৎ গণকো জাতো বৈশ্যাগর্ভসমুদ্ভবঃ।
তস্য বৃত্তিং দদৌ বিপ্র! তিথিবারবিবেচনাম্।"

দেবলের ঔরসে বৈশ্যার গর্ভে গণকজাতি উৎপন্ন, তিথিবার প্রভৃতির বিবেচনা (গণনা) করাই ইহাদের বৃত্তি। এই প্রমাণ অনুসারে বোধ হয়, বৈশ্যার গর্ভে দেবলের ঔরসে যে সঙ্করজাতি উৎপন্ন তাহারাই সম্প্রতি আচার্য্য বা গণক বলিয়া বিখ্যাত। কিন্তু পরশুরামোক্ত জাতিমালার মতে—

"অম্বষ্ঠাদ্ গণকো জাতো বৈশ্যাগর্ভসমুদ্ভবঃ।
নক্ষত্রতিথিযোগাদিগ্রহনির্ণয়কারকঃ।"

অম্বষ্ঠের ঔরসে বৈশ্যার গর্ভে যে সঙ্করজাতি উৎপন্ন হয়, তাহাদিগকে গণক বলে। নক্ষত্র, তিথি, যোগ ও গ্রহ প্রভৃতির নির্ণয় করাই ইহাদের বৃত্তি।

স্থানে স্থানে গণকদিগকে বর্ণবিপ্র বলা হইয়া থাকে, কিন্তু পূর্ব্বোক্ত জাতিমালা দুইখানির মতে পতিত ব্রাহ্মণকেই বর্ণবিপ্র বলা হইয়াছে, সঙ্কর গণকজাতিকে বর্ণবিপ্র নামে উল্লেখ করা হয় নাই।

"ব্রাহ্মণঃ পতিতো ভূত্বা দ্বিজবর্ণত্বমাগতঃ।" (রুদ্রযামঃ জাতিমাঃ)
"ব্রাহ্মণঃ পতিতো ভূত্বা বর্ণানাং ব্রাহ্মণোঽভবৎ।"
(পরশুঃ জাতিঃ)

কোন কারণে পতিত ব্রাহ্মণকেই বর্ণদ্বিজ বা বর্ণবিপ্র বলা হইয়া থাকে।

পরশুরামোক্ত জাতিমালায় ইহাদের পতিত হইবার কারণও নির্দ্দিষ্ট আছে।

"চত্বারিংশৎ জাতিভেদা অমী পুত্রা বিলোমজা।
এতেষাং বিংশতেশ্চৈব পুরোধাঃ শ্রোত্রিয়োদ্বিজঃ।
শ্রোত্রিয়ঃ পতিতো ভূত্বা বর্ণানাং ব্রাহ্মণোঽভবৎ॥"
(পরশুরামোক্ত জাতিমালা)

পূর্ব্বে যে চল্লিশটী সঙ্করজাতির কথা বলা হইয়াছে, ইহারা সকলেই বিলোমজ। ইহাদের বিংশতিটীর পৌরোহিত্য কার্য্য করিলে শ্রোত্রিয় ব্রাহ্মণ পতিত হয়, এবং সেই পতিত ব্রাহ্মণকেই বর্ণব্রাহ্মণ বলে। ইহাতে স্পষ্টই বোধ হয় যে বর্ণব্রাহ্মণ ও গণক একজাতীয় নহে। যাহারা চণ্ডাল প্রভৃতি নিকৃষ্টজাতির পুরোহিত, তাহারা বর্ণবিপ্র এবং যাহারা পূর্ব্বোক্ত সঙ্করজাতি, তাহারা গণক। কালক্রমে আচার ব্যবহার পরিবর্ত্তন হইয়া কোন কোন স্থানে উভয় জাতিই মিশিয়া গিয়াছে।

আবার গ্রহযামলে লিখিত আছে—

"গ্রহাণামর্চ্চনাহেতুঃ শাকদ্বীপসমুদ্ভবঃ।
ব্রহ্মবক্ত্রাদ্ভবেৎ জন্ম দৈবজ্ঞো ব্রাহ্মণো ধ্রুবম্।"

গ্রহগণের পূজার জন্য যে ব্রাহ্মণ ব্রহ্মার মুখ হইতে শাকদ্বীপে জন্মগ্রহণ করেন, তাঁহারাই দৈবজ্ঞ ব্রাহ্মণ।

বঙ্গে এখনকার অনেক শাস্ত্রবিৎ দৈবজ্ঞ আপনাদিগকে ঐরূপ গ্রহযামলোক্ত শাকদ্বীপী ব্রাহ্মণ বলিয়া পরিচয় দিয়া থাকেন। শাম্বপুরাণেও শাম্বকর্ত্তৃক শাকদ্বীপ হইতে ব্রাহ্মণ আনিবার কথা বিস্তৃতভাবে বর্ণিত আছে। [কোণার্ক ও শাকদ্বীপী ব্রাহ্মণ শব্দ দেখ।] কিন্তু ঐ পুরাণে ৪৩ অধ্যায়ে—

"ন ব্রাহ্মণ পরিবাদী ন তিথিনক্ষত্রদেশিকঃ স্যাৎ।"

ইত্যাদি বচন দ্বারা তিথিনক্ষত্র নিরূপণাদি দৈবজ্ঞের কার্য্য করিতে নিষেধ করা হইয়াছে। বোধ হয়, উক্ত পুরাণোক্ত নিষিদ্ধ কর্ম্ম করিয়াও কোন কোন শাকদ্বীপী ব্রাহ্মণ অপর ব্রাহ্মণ হইতে হীন এবং গণকজাতি বলিয়া গণ্য হইয়া থাকিবেন। ব্রহ্মবৈবর্ত্তের মতে "যে দেবব্রাহ্মণের যে ধন হরণ করে, সে ধূমান্ধকার নরকভোগ করিয়া শতজন্ম নানাযোনি ভ্রমণ করিয়া শবর, স্বর্ণকার, সুবর্ণরণিক, পরে যবনসেবি ব্রাহ্মণ হইয়া তৎপরে গণনোপজীবি দৈবজ্ঞ ব্রাহ্মণ হইয়া জন্মগ্রহণ করে।" (শব্দকল্পদ্রুম)

"বসেৎ স্বলোমমানাব্দং তত্রৈব নাগদংশিতঃ।
ততো ভবেৎ স গণকো বৈদ্যশ্চ সপ্তজন্মসু॥" (প্রকৃতিখণ্ড)

বাস্তবিক গণকজাতির উৎপত্তি সম্বন্ধে ভারি গোল। জাতিমালা প্রভৃতি, যে সকল গ্রন্থে সঙ্করজাতির কথা লিখিত আছে, তাহার কোথায়ও ইহা ভিন্ন অন্য কোনপ্রকার সঙ্করগণকজাতির উল্লেখ দেখিতে পাওয়া যায় না। বর্ত্তমান সময়ে ফরিদপুর অঞ্চলে পূর্ব্বোক্ত সঙ্করজাতিই গণক নামে পরিচিত। রাঢ় প্রভৃতি অঞ্চলের শাস্ত্রবিদ্ গণকেরা বলেন, তাঁহাদের সহিত ঐ জাতির কোন সংস্রব নাই। যাহা হউক প্রত্যেক গ্রন্থের মত ভেদ থাকায় ভিন্ন ভিন্ন গণকজাতি থাকিতে পারে। কিন্তু বাচস্পত্য কাহারও মত গ্রহণ না করিয়া চণ্ডালের ঔরসজাত একটী গণকজাতির উল্লেখ করিয়াছেন এবং প্রমাণ করিতে "চর্ম্মকারস্য দ্বৌপুত্রৌ গণকো বাদ্যপূরকঃ" এই কথাটী উদ্ধৃত করিয়াছেন, ঐ অসংপূর্ণ বচনটী কোন্ গ্রন্থের তাহার কোন উল্লেখ করেন নাই। নূতন সংস্করণের শব্দকল্পদ্রুমেও ঐ অংশটুকু উদ্ধৃত হইয়াছে। কিন্তু কোন গ্রন্থের নাম নাই। আমরা বিশেষ প্রমাণ না পাওয়ায় ঐ মতটীকে যথার্থ বলিয়া গ্রহণ করিতে পারিলাম না। [গ্রহাচার্য্য দেখ।]

৫ কেতুবিশেষ, ইহারা আটটী, দেখিতে ঠিক্ তারাপুঞ্জের

ন্যায়, জ্যোতিষিকগণ ইহাদিগকে প্রজাপতিজাত বলিয়া স্থির করিয়াছেন। "তারাপুঞ্জনিকাশা গণকা নাম প্রজাপতেরষ্টৌ।" (বৃহৎসংহিতা ১১।২৫)

গণকর্ম্মন্ (ক্লী) গণযজ্ঞ। [গণযজ্ঞ দেখ।]

গণকর্ণিকা (স্ত্রী) গণস্য গণেশস্য কর্ণইব পত্রমস্যাঃ বহুব্রী টাপ্ অত ইত্বঞ্চ। ইন্দ্রবারুণী। (রাজনি॰)

গণকার (পুং) গণং ধাত্বাদিপাঠং করোতি গণ-কৃ-অণ্ উপপদস॰। ১ ধাতুসংগ্রহকর্ত্তা, যে গণপাঠ প্রণয়ন করে। ২ ভীমসেন। (শব্দরত্নাবলী।) গণং গণনাং করোতি গণ-কৃ-অণ্। ৩ যে গণনা করে, গণক।

গণকারি (পুং) গণং ধাত্বাদিপাঠং করোতি গণ-কৃ-বাহুলকাৎ ইঞ্। ১ ধাতুসংগ্রহকর্ত্তা, গণকার। এই শব্দটী পাণিনির কুর্ব্বাদিগণান্তর্গত ইহার উত্তর অপত্যার্থে ণ্য প্রত্যয় হয়।

গণকী (স্ত্রী) গণক-ঙীষ্। গণকপত্নী। (জটাধর)

গণকুণ্ড, হিমালয়স্থ একটী পবিত্রকুণ্ড। (হিমাদ্রিখ॰ ৮।৪৮)

গণকূট (পুং) গণরূপং কূটং। বর এবং কন্যার দেবমনুষ্য-বা রাক্ষসগণরূপ কূট। [বিবাহ দেখ।]

গণগতি (স্ত্রী) গণনাগতি।

গণচক্রক (ক্লী) গণানাং ধার্ম্মিকানাং চক্রমত্র বহুব্রী কপ্। ধার্ম্মিকগণের মিলিত হইয়া একত্র ভোজন। (ত্রিকাণ্ড)

গণচ্ছন্দস্ (ক্লী) পাদপরিমিত ছন্দ।

গণজীববিজয়, সন্দেহসমুচ্চয় নামে সংস্কৃত ধর্ম্মশাস্ত্রসংগ্রহকার।

গণতা (স্ত্রী) গণস্য ভাবঃ গণ-তল্ টাপ্। ১ সমূহের ভাব, সমূহত্ব। ২ সমূহ। ৩ (দেশজ) পক্ষপাত, আপনাদের বা পক্ষীয় লোকের পোষকতা করা, অন্যের যথার্থ অধিকার বিবেচনা না করিয়া স্বপক্ষীয় লোকের পক্ষ টানা।

গণতিথ (ত্রি) গণানাং পূরকঃ গণ-তিথুগ্। গণপূরক।

গণৎকার (গণকার শব্দজ) গণক।

গণদীক্ষিন্ (পুং) গণান্ দীক্ষয়তি দীক্ষ-ণিনি। ১ বহুযাজক।

"বেণাভিশস্তবার্দ্ধুষি গণিকা গণদীক্ষিণাম্।" (যাজ্ঞবল্ক্য)

'গণদীক্ষিণো বহুযাজকাঃ।' (মিতাক্ষরা)

(ত্রি) গণস্য গণেশস্য শিবস্য বা দীক্ষা বিদ্যতেঽস্মিন্ অস্য বা গণদীক্ষা-ইনি। ২ যিনি গণেশমন্ত্রে বা শিবমন্ত্রে দীক্ষিত।

গণদেবতা (স্ত্রী) গণভূতা দেবতা॰। দ্বাদশ আদিত্য, ১০ বিশ্বেদেব, ৮ বসু, ৩৬ তুষিত, ৬৪ আভাস্বর, ৪৯ বায়ু, ২২০ মহারাজিক, ১২ সাধ্য ও ১১ রুদ্র ইহাদিগকে গণ-দেবতা বলে। (জটাধর)

গণদ্রব্য (ক্লী) গণানাং দ্রব্যং ৬তৎ। ১ সাধারণ দ্রব্য, যাহার স্বামী অনেক। ২ দ্রব্যসমূহ।

গণদ্বীপ (পুং ক্লী) গণানাং সপ্তানাং রাজ্যত্বাৎ দ্বীপঃ। দ্বীপবিশেষ, এই দ্বীপে সাতটী রাজ্য ছিল বলিয়া ইহাকে গণদ্বীপ বলে।

গণধর (পুং) ১ আচার্য্য। ২ অর্হৎ মহাবীরের অধীন সাধুভেদ।

গণন (ক্লী) গণ্যতে গণ-ণিচ্ ভাবে ল্যুট্। ১ সংখ্যা করা, গণা, ঠিক্ দেওয়া।

"যেনৈব লিখিতং কুর্য্যাৎ তেনৈব গণনং ভবেৎ।" (বিশ্বসার)

২ গ্রাহ্য করা। ৩ অবধারণ।

"অয়ং নিজঃ পরোবেতি গণনা লঘুচেতসাম্।" (হিতোপ॰)

গণনা (স্ত্রী) গণ-যুচ্ টাপ্। সংখ্যা করা।

"যদি ত্রিলোকী গণনা পরাস্যাৎ
তস্যাঃ সমাপ্তি যদিনায়ুষঃ স্যাৎ।" (নৈষধ ৩।৪০)

গণনাগতি (স্ত্রী) কোন নির্দ্দিষ্ট উচ্চসংখ্যা।

গণনাথ (পুং) গণানাং প্রমথাদীনাং নাথঃ ৬তৎ। ১ প্রমথাধিপতি শিব। ২ গণেশ। (শব্দরত্নাবলী।) (ত্রি) ৩ যিনি অনেকের উপর আধিপত্য করেন, বহুলোকের স্বামী।

গণনায়ক (পুং) গণানাং নায়কঃ। ৬তৎ। ১ গণেশ।

"লেখকা ভারতস্যাস্য ভবত্বং গণনায়কঃ।" (ভারত ১।১।৭৭)

৯ গণদেবতার অধিপতি।

"যত্র হ দেবপতয়ঃ স্বৈঃ স্বৈর্গণনায়কৈর্বিহিতমহার্হণাঃ।" (ভাগবত ৫।১৭।১৩।) গণানাং প্রমথানাং নায়কঃ ৬তৎ। ৩ শিব।

গণনায়িকা (স্ত্রী) গণানাং নায়কঃ শিবঃ তস্য শক্তিঃ গণনায়ক টাপ্ অত ইত্বঞ্চ। দুর্গা। (ত্রিকাণ্ড)

গণনাপতি (পুং) ১ অঙ্কশাস্ত্রবিদ্। ২ গণেশ।

গণনা-মহামাত্র (পুং) আয় ব্যয়ের মন্ত্রী।

গণনীয় (ত্রি) গণ-অনীয়র্। গণনার্হ, যাহা গণনা করার যোগ্য।

গণপতি (পুং) গণানাং পতিঃ ৬তৎ। ১ গণেশ।

"অত্তুং বাঞ্ছতি শান্তবো গণপতেরাখুং ক্ষুধার্ত্তঃ ফণী।" (পঞ্চতন্ত্র ১।১৭০)

২ শিব। ৩ বহুস্বামী, অনেক লোকের অধিপতি। ৪ আথর্ব্বোপনিষদ্‌বিশেষ।

"ত্রিপুরাতপনদেবীভাবনাভস্মজাবালগণপতিমহাবাক্যগোপালতপনকৃষ্ণহয়গ্রীবেতি।" (মুক্তিকোপনিষদ্)

৫ মৃচ্ছকটিক নাটকের একজন টীকাকার।

৬ গোপ্পালের পুত্র, রত্নপ্রদীপ নামে জ্যোতিঃশাস্ত্রকার।

৭ বারেশ্বরের পুত্র, গঙ্গাভক্তিতরঙ্গিণী নামে সংস্কৃত গ্রন্থপ্রণেতা।

৮ রাম উপাধ্যায়ের পুত্র, চৌরপঞ্চাশিকা-টীকাকার।

৯ একটী বিশিষ্ট রাজোপাধি, দক্ষিণাপথে বরঙ্গলের

রাজগণ এই উপাধি ধারণ করিতেন। চোলরাজগণের অধঃপতনে গণপতি রাজগণের অভ্যুদয় হয়। কাহারও মতে ত্রিভুবনমল্লই এই বংশের প্রথম রাজা, খৃষ্টীয় একাদশ শতাব্দে তিনি বিদ্যমান ছিলেন। কিন্তু প্রকৃত পক্ষে যে সকল প্রাচীন শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তদ্দ্বারা এখনও গণপতি রাজগণের আবির্ভাবকাল স্থির হয় নাই। [বরঙ্গল দেখ।].

গণপতিকল্প (পুং) বিঘ্নশান্তির জন্য গণপতির উদ্দেশে পূজা প্রভৃতি প্রক্রিয়াবিশেষ। বিনায়ক নামে একপ্রকার অপদেবতা বা ভূত আছে; সে সময়ে সময়ে সুন্দর নরনারীদিগকে আশ্রয় করে বা যাহার প্রতি ইহার দৃষ্টি হয়, তাহাকে দেখিয়াই লোকে ভূতে পাইয়াছে বলিয়া স্থির করে। বিনায়কের আশ্রয় বা দৃষ্টি হইলে প্রায়ই দুঃস্বপ্ন হইয়া থাকে। সেই ব্যক্তি স্বপ্নে দেখিতে পায় যেন সে অগাধ জলের তলে প্রবেশ করিয়া হাবুডবু করিতেছে, কখনও সে কাটা মুণ্ড দেখিতে পায়। ইহাই বিনায়ক দৃষ্টির প্রধান লক্ষণ। ইহা ব্যতীত স্বপ্নে কাষায়-বস্ত্র-আচ্ছাদিত হিংস্র জন্তুর উপরে অধিরোহণও হইয়া থাকে। সেই ব্যক্তি সর্ব্বদাই চণ্ডাল প্রভৃতি নিকৃষ্টজাতি, গর্দ্দভ বা উষ্ট্রের সহিত একত্র বাস করিতে ভালবাসে। যখন একাকী কোথায়ও যাইতে থাকে, তখন বোধ হয় যেন অপর কতকগুলি লোক তাহার অনুগমন করিতেছে, ইহাতে সেই ব্যক্তি ভয় পাইয়া চমকিয়া উঠে। মনের স্ফূর্ত্তি একেবারেই বিলুপ্ত হয়। যে কোন কাজ করিতে আরম্ভ করে, তাহারই বিপরীত ফল হয়। রাজকুমারের প্রতি বিনায়কের দৃষ্টি হইলে তিনি রাজত্ব হইতে বঞ্চিত থাকেন। কুমারীর প্রতি বিনায়কের দৃষ্টি হইলে সেই কুমারী স্বামিসুখে বঞ্চিত থাকিয়া ঘোর যাতনায় কাল যাপন করে। গর্ভিনীর প্রতি বিনায়কের আবির্ভাব হইলে সন্তান নষ্ট হয়। বিদ্যার্থীর প্রতি ইহার দৃষ্টি হইলে সে ব্যক্তি আচার্য্য বা শ্রোত্রিয় হইতে পারে না। ইহার দৃষ্টিতে বণিকের বাণিজ্যে লোক্সান ও কৃষকের কৃষি নষ্ট হয়। ইহার শান্তির জন্য যাজ্ঞবল্ক্য এইরূপ বিধান করিয়াছেন। যাহার প্রতি বিনায়কের দৃষ্টি হয়, শুভদিনে শ্বেতসর্ষপ শিলায় পেষণ করিয়া ঘৃতের সহিত তাহার শরীরে মাখাইয়া দিবে এবং মাথায় সর্ব্বৌষধ ও সর্ব্বগন্ধ লেপন করিবে। পরে ঐ ব্যক্তিকে ভদ্রাসনে বসাইবে। অশ্বশালা, হাতীশালা, বল্মীক, সঙ্গমস্থান ও হ্রদের মৃত্তিকা, রোচনাগন্ধ ও গুগ্‌গুল্ জলে নিঃক্ষেপ করিবে। হ্রদ হইতে একবর্ণ চারিটী কলসী ভরিয়া জল আনিতে হয় এবং ভদ্রাসনখানিও রক্তবর্ণ বৃষচর্ম্মের উপরে স্থাপন করিতে হয়। পরে ঐ জল দিয়া সেই ব্যক্তিকে স্নান করাইতে হয়।

তাহার মন্ত্র—

"সহস্রাক্ষং শতধারমৃষিভিঃ পাবনং কৃতম্।
তেন ত্বামভিষিঞ্চামি পাবমান্যঃ পুনন্তু তে॥
ভগস্তে বরুণো রাজা ভগং সূর্য্যো বৃহস্পতিঃ।
ভগমিন্দ্রশ্চ বায়ুশ্চ ভগং সপ্তর্ষয়ো দদুঃ॥
যত্তে কেশেষু দৌর্ভাগ্যং সীমন্তে যচ্চ মূর্দ্ধনি।
ললাটে কর্ণয়ো রক্ষোরাপস্তদ্‌ঘ্নন্তু সর্ব্বদা॥"

এই প্রকারে স্নান করাইয়া তাহার মাথায় উড়ুম্বরের স্রুব দিয়া সর্ষপতৈল দিবে, বামহস্তে কুশাগ্রহণ করিয়া এই কার্য্যের অনুষ্ঠান করিতে হয়। মিত, সংমিত, শালকটঙ্কট, কুষ্মাণ্ড ও রাজপুত্র এই কয়টী নামের সহিত স্বাহা যোগ করিয়া চতুষ্পথে কুলার উপরে কুশ বিছাইয়া তাহার উপরে বলি দিতে হয়। কৃতাকৃত তণ্ডুল, পলান্ন, পক্ক ও অপক্ক মৎস্য এবং মাংস, নানাবর্ণ সুগন্ধ-পুষ্প, তিনপ্রকার মদ, মূলক, পূরী, কচুরী প্রভৃতি মিষ্টান্ন, এরণ্ডের মালা, দধিযুক্ত অন্ন, পায়স, পিষ্টক ও মোয়া এই সকল দ্রব্য বিনায়কের পূজোপহার বা বলি। এই সকল পূজোপহার একত্র করিয়া মস্তকটী মাটিতে রাখিয়া বিনায়কজননীর আরাধনা করিবে, দুর্ব্বা ও সরিষার ফুল দিয়া ইহার অর্ঘ্য দিতে হয়। হাত যোড় করিয়া এই মন্ত্রটী পাঠ করিবে—

"রূপং দেহি যশো দেহি ভাগ্যং ভগবতি দেহি মে।
পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে।"

ইহার পরে শুক্লবস্ত্র পরিধান করিয়া শাদা চন্দন ও শাদা ফুলের মালায় শোভিত হইয়া ব্রাহ্মণ ভোজন করাইবে এবং গুরুকে একটী যোড়া কাপড় দিবে। এই প্রকারে বিনায়কের পূজা শেষ হইলে নবগ্রহ, লক্ষ্মী ও আদিত্যপূজা আর মহাগণপতির তিলক করিবে। ইহাতে সকল দোষের শান্তি হয়। বিনায়কও সন্তুষ্ট হইয়া তাহাকে পরিত্যাগ করিয়া চলিয়া যায়। (যাজ্ঞবল্ক্য)

গণপতিদেব, দক্ষিণাপথের বরঙ্গলের একজন রাজা, প্রতাপরুদ্রের পুত্র। শিলালিপিপাঠে জানা যায়, ইনি (১২২৮ খৃষ্টাব্দে) চোলদিগকে পরাস্ত করিয়া কলিঙ্গদেশ অধিকার করেন।

গণপতিনাগ, সমুদ্রগুপ্তের সমসাময়িক আর্য্যাবর্ত্তবাসী একজন রাজা, ইনি সমুদ্রগুপ্তের নিকট পরাস্ত হইয়াছিলেন।

গণপতিরাবল, একজন বিখ্যাত সংস্কৃত গ্রন্থকার, রাবল হরিশঙ্করের পুত্র ও রামদাসের পৌত্র। ইনি পর্ব্বনির্ণয়, মুহূর্ত্তগণপতি, শান্তিগণপতি, শ্রৌতাধানপদ্ধতি ও সম্বন্ধগণপতি নামে ধর্ম্মশাস্ত্র প্রণয়ন করেন।

গণপতিব্যাস, ১ একজন প্রাচীন কবি, ইনি ১২৭২ খৃষ্টাব্দের

পূর্ব্বে "ধারাধ্বংস" নামে একখানি ঐতিহাসিক কাব্য রচনা করেন।

২ যোগসারসমুচ্চয় নামে বৈদ্যক গ্রন্থরচয়িতা।

গণপর্ব্বত (পুং) গণানাং প্রমথাদীনাং আবাসরূপঃ পর্ব্বতঃ। কৈলাসপর্ব্বত, এই পর্ব্বতে গণদেবতারা বাস করেন বলিয়া ইহাকে গণপর্ব্বত বলে।

গণপাঠ (পুং) গণানাং স্বরাদিগণানাং পাঠোঽত্র বহুব্রী। পাণিনি-প্রণীত একখানি গ্রন্থ, ইহাতে স্বরাদিগণের বিষয় লিখিত আছে।

গণপাদ (পুং) গণস্যৈব পাদোঽস্য বহুব্রী। যাহার পা দুখানি প্রমথের ন্যায়। এই শব্দটী যুক্তারোহ্যাদি গণান্তর্গত, ইহার আদিস্বর উদাত্ত। (যুক্তারোহ্যাদয়শ্চ। পা ৬।২।৮১।)

গণপীঠক (ক্লী) গণস্য শিবস্য পীঠ আসনমিব কায়তি কৈ-কঃ। বক্ষঃস্থল। (শব্দচন্দ্রিকা।)

গণপুঙ্গব (পুং) গণঃ পুঙ্গবইব উপমিতসঃ। ১ গণশ্রেষ্ঠ। ২ দেশবিশেষ। [বহু।] ৩ তদ্দেশবাসী। ৪ সেই দেশের রাজা।

"কৌলিঙ্গান্ গণপুঙ্গবানথশিবীনায়োধ্যকান্ পার্থিবান্।"
(বৃহৎসংহিতা ৪।২৪)

গণপূজ্য (পুং) গণো গণেশো প্রমথো বা পূজ্যোঽত্র বহুব্রী। ১ দেশবিশেষ। [বহু] ২ তদ্দেশবাসী। ৩ সেই দেশের রাজা।

"গণপূজ্যস্খলিতব্রতশবরপুলিন্দার্থপরিহীনাঃ।"(বৃহৎস° ১৬।৩৩)

গণপূর্ব্ব (পুং) গণানাং গ্রামাদিস্থলীকানাং পূর্ব্বঃ প্রধানং ৬তৎ। গ্রামণী, গ্রামের অধিনায়ক।

"অপরিজ্ঞাতপূর্ব্বাশ্চ গণপূর্ব্বাশ্চ ভারত।" (ভারত ১।২৩ অঃ)

'গণপূর্ব্বাঃ গ্রামণ্যঃ।' (নীলকণ্ঠ)

গণপ্রমুখ (পুং) জাতির বা শ্রেণীর মধ্যে প্রধান।

গণভর্ত্তৃ (পুং) গণানাং প্রমথাদীনাং ভর্ত্তা ৬তৎ। ১ মহাদেব।

"শৃঙ্গাণ্যমুষ্য ভজতে গণভর্ত্তুরক্ষ্ণা" (কিরাতার্জ্জুনীয় ৪।৪২)

২ গণেশ। (ত্রি) ৩ বহুজনস্বামী, অনেকের অধিপতি।

গণভোজন (ক্লী) সাধারণ ভোজ।

গণমুখ (পুং) গণানাং মুখঃ ৬তৎ। গ্রামণী। "রবিজে নসিতে বিজিতে গণমুখ্যাঃ শস্ত্রজীবিনঃ ক্ষত্রম্" (বৃহৎসং ১৭।২৪)

গণযজ্ঞ (পুং) গণস্য ভ্রাতৃণাং সখীনাং বা সমূহস্য করণীয়ো যজ্ঞঃ। ভ্রাতৃবর্গ অথবা বন্ধুবর্গের অনুষ্ঠেয় মরুৎস্তোমনামক যজ্ঞ।

"বৈশ্বস্তোমদক্ষিণালিঙ্গো মরুৎস্তোমে গণযজ্ঞো ভ্রাতৃণাং সখীনাং বা।". (কাত্যায়ণশ্রৌত° ২২।১১।১২)

গণযাগ (পুং) গণোদ্দেশেন শান্ত্যর্থং যাগঃ। ১ গণপতিকল্প। গণেশের উদ্দেশে করণীয় পূজাদি।

"বিজয়স্নানগ্রহযজ্ঞগণযাগাগ্নিলিঙ্গেত্যাদি।" (বৃহৎস° ২ অঃ)

গণরত্ন (ক্লী) গণাঃ স্বরাদি গণাঃ রত্নানীব যত্র বহুব্রী। একখানি গ্রন্থ, পাণিনি গণপাঠে যে সকল গণ নির্দ্দেশ করিয়াছেন, তাহাই পদ্যাকারে ইহাতে লিখিত আছে। ব্যাকরণাধ্যায়ীর পক্ষে ইহা বিশেষ উপকারী।

গণরাজ্য (ক্লী) দক্ষিণ অঞ্চলের একটী প্রদেশ।

"গণরাজ্যকৃষ্ণবেল্লূরপিশিকশূর্পাদ্রিকুসুমনগাঃ।"(বৃহৎস° ১৪।১৪)

গণরাত্র (ক্লী) গণানাং রাত্রীণাং সমাহারঃ সমাহার-দ্বিগু, অচ্। রাত্রিসমূহ।

গণরূপ (পুং) গণা বহুনি রূপাণি যস্য বহুব্রী। অর্কবৃক্ষ, আকন্দগাছ। (রাজনি°)

গণরূপিন্ (পুং) গণা বহুনি রূপাণি সন্ত্যস্য গণরূপ-ইনি। শ্বেতার্কবৃক্ষ। (রত্নমালা)

গণবৎ (ত্রি) গণোঽস্ত্যস্য গণ-মতুপ্ মস্য বঃ। গণযুক্ত।

"গণবতী যাজ্যানুবাক্যে ভবতঃ।" তৈত্তিরীয় সং° ২।৩।৩।৫)

গণবতী (স্ত্রী) গণবৎ-ঙীপ্। দিবোদাসের মাতা। (ত্রিকাণ্ড°)

গণশস্ (অব্য) গণ-বীপ্সায়াং কারকার্থে শস্। বহুশঃ, দলে দলে।

"স বিশমসৃজত যান্যেতানি দেবজাতানি গণশ আখ্যায়ন্তে বসবো রুদ্রা আদিত্যা বিশ্বেদেবা মরুতঃ"(শত° ব্রা°১৩।৪।২।২৪)

গণশ্রি (পুং) গণং শ্রয়তি-গণ-শ্রি-ক্বিপ্ নিপাতনে তুগভাবঃ। দেবতাবিশেষ, যাঁহারা কোন একটী গণকে আশ্রয় করিয়া অবস্থান করেন, মরুৎ প্রভৃতি সাতটী গণদেবতা।

"রোদসী আ বদতা গণশ্রিয়ো নৃষাচঃ শূরাঃ শবসাহি মন্যবঃ।"
(ঋক্ ১।৬৪।৯)

'গণশ্রিয়ো গণঃ শ্রয়মাণাঃ সপ্তগণরূপেণাবস্থিতাঃ' (সায়ণ।)

গণহাস (পুং) গণান্ হাসয়তি গণ-হস-ণিচ্ অণ্। ১ চোর নামক গন্ধদ্রব্য, হিন্দীভাষায় "কো-অরা" এবং নেপালে চলিত কথায় "ভটীউর" বলে। (ত্রি) ২ যে অনেক লোককে হাসাইতে পারে।

গণহাসক (পুং) গণান্ হাসয়তি গণ-হস-ণিচ্ ণ্বুল্, যদ্বা গণ-হাস-স্বার্থে কন্। ১ চোর নামক গন্ধদ্রব্য। (অমর।) (ত্রি) ২ যে বহু লোককে হাসাইয়া থাকে।

গণা (গণনা শব্দজ) ১ সংখ্যা করা, গণনা। ২ গ্রহদিগের স্থিতি বা গতি অনুসারে শুভাশুভ নির্ণয় করা। ৩ কোন ভবিষ্য বা অতীত ঘটনার বিষয়ে জিজ্ঞাসা করিলে, দৈবজ্ঞ বা জ্যোতিষিক যে উপায়ে তাহার বিষয় নির্ণয় করে, তাহাকেও গণা বলিয়া থাকে।

গণাক্রান্ত (ত্রি) গণেন আক্রান্তঃ। ১ কোন দলে বা পক্ষে স্থিত। ২ যে ব্যক্তিকে বহুলোকে আক্রমণ করিয়াছে।

গণাগ্রণী (পুং) গণানাং অগ্রণীঃ ৬তৎ। ১ গণেশ। (ত্রিকাণ্ড॰) ২ যিনি অনেকের মধ্যে অগ্রগণ্য, সম্মানিত।

গণাচল (পুং) গণভূয়িষ্ঠোঽচলঃ। কৈলাসপর্ব্বত। এই পর্ব্বতে গণদেবতারা বাস করেন বলিয়া ইহাকে গণাচল বলে।

গণাচার্য্য (পুং) লোকগুরু, সাধারণের শিক্ষক।

গণাধিপ (পুং) গণানামধিপঃ ৬তৎ। ১ গণেশ। (অমর।) ২ শিব। (হলায়ুধ।) ৩ জৈনশাস্ত্রে জৈনশ্রেষ্ঠদিগকে গণাধিপ বলে, ইহারা এগারটী।

('গণা নবাস্তর্ষিসংঘা একাদশ গণাধিপাঃ।' হেম॰)

গণান্ন (ক্লী) গণানামন্নং ৬তৎ। ১ বহুস্বামিক অন্ন, যাহাতে অনেকের স্বত্ব আছে। এই অন্ন খাইতে নাই। মনুর মতে—গণান্ন খাইলে উত্তম লোক লাভ করিতে পারে না, ইহা বেশ্যার অন্নের সমান। "গণান্নং গণিকান্নঞ্চ লোকেভ্যঃ পরিকৃন্ততি।" (মনু ৪। ২১৯।) গণেভ্য উৎসৃষ্টমন্নং। ২ বহু লোকের খাওয়ার জন্য যে অন্ন প্রদত্ত হইয়া থাকে।

গণাভ্যন্তর (পুং) গণঃ গণার্থোৎসৃষ্টমঠধনাদিঃ তেন অভ্যন্তরউপজীবী, ৩তৎ। যে ব্যক্তি মঠাদিতে গণ উদ্দেশ্যে প্রদত্ত ধনাদি দ্বারা প্রতিপালিত হয়।

"যক্ষ্মী চ পশুপালশ্চ পরিবেত্তা নিরাকৃতিঃ।
ব্রহ্মদ্বিট্ পরিবিত্তিশ্চ গণাভ্যন্তর এবচ॥" (মনু ৩।১৫৪)

'গণাভ্যন্তরো গণার্থোৎসৃষ্টমঠধনাদ্যুপজীবী।' কুল্লূক। ভাষ্যকার মেধাতিথি 'গণাভ্যন্তর' শব্দের অন্যরূপ অর্থ করিয়াছেন, তাঁহার মতে যাহারা মিলিত হইয়া একটী কার্য্যের অনুষ্ঠান করিয়া জীবিকা নির্ব্বাহ করে, তাহাদিগকে গণ বলে, চলিত ভাষায় ইহাকেই 'কোম্পানী' বলা হইয়া থাকে। এই গণের অন্তর্গত চাতুর্বিদ্য ব্রাহ্মণকে গণাভ্যন্তর বলে।

'গণঃ সঙ্ঘঃ সহৈকয়া ক্রিয়য়া জীবন্তি যেতে গণশব্দবাচ্যাঃ তদন্তর্গতচাতুর্বিদ্য ব্রাহ্মণঃ গণাভ্যন্তরঃ' (মেধাতিথি)

গণি (স্ত্রী) গণ-ইন্ (সর্ব্বধাতুভ্য ইন্। উণ্ ৪।১১৭) গণন, গণনা।

গণিআরী (গণিকারী শব্দজ) [গণিয়ারী দেখ।]

গণিকা (স্ত্রী) গণোলম্পট গণ উপপতিত্বেনাস্তি অস্যাঃ গণ-ঠন্ টাপ্। ১ বেশ্যা। মেধাতিথির মতে যে কামিনীগণ কেবল সম্ভোগলিপ্সায় বহুপুরুষে অনুরক্ত হয়, তাহাদিগকে পুংশ্চলী বলে এবং যাহারা সাজ পোষাক করিয়া হাবভাবে যুবক মাতহিয়া বেশ্যাবেশে বাস করে, বাস্তবিক তাহাদের হৃদয়ে সম্ভোগলিপ্সা বা প্রেম কখনও স্থান পায়না, অর্থ দিতে পারিলে সকলের প্রতিই অনুরাগ প্রকাশ করিয়া থাকে, সেই বেশ্যাদিগকে গণিকা বলে।

"অন্যা গণিকা অন্যা পুংশ্চলী। গণিকা বেশ্যাবেশেন জীবতি, পুংশ্চলীত্বিন্দ্রিয়চপলা" "পুংশ্চলী যস্য কস্য চিন্মৈথুন-সম্বন্ধেন ঘটতে" (মনু ৪।২১১-মেধাতিথি।) মনুর মতে ইহাদিগের অন্ন খাইলে কোনরূপ সদ্গতি হইতে পারে না। [বেশ্যা শব্দে বিস্তৃত বিবরণ দেখ।] ২ যূথিকা, যুঁই।

গণিকারিকা (স্ত্রী) গণিং গণনং করোতি গণি-কৃ-অণ্-ঙীষ্ গণিকারী স্বার্থে-কন্-টাপ্ ঈকারস্য হ্রস্বত্বঞ্চ। যদ্বা গণিং করোতি কৃ-ণ্বুল্ টাপ্-অত ইত্বঞ্চ। ১ নদী সমীপে উৎপন্ন বৃক্ষবিশেষ। চলিত বাঙ্গালায় বড় গণেরী বা আজ্ঞালু এবং হিন্দীভাষায় গণিয়ার বা অগেথ্ বলে। (Premna spinosa) ইহার পর্য্যায়—শ্রীপর্ণ, অগ্নিমন্থ, গণিকা, জয়া, তেজোমন্থ, জ্যোতিষ্ক, পাবক, অরণি, বহ্নিমন্থ, মথন, গিরিকর্ণিকা, অগ্নিমথন, তর্কারী, বৈজয়ন্তিকা, অরণীকেতু, শ্রীপর্ণী, কর্ণিকা, নাদেয়ী, বিজয়া, অনন্তা, নদীজা। ইহা হ্রস্ব দীর্ঘ ভেদে দুইপ্রকার। ইহার গুণ—কটু, উষ্ণ, তিক্ত; কফ, বায়ু, শোথ, অগ্নিমান্দ্য, অর্শ, মলবন্ধ ও শ্রমনাশক। (রাজনি॰)

গণিকারী (স্ত্রী) গণিকারিকা, পুষ্পবৃক্ষবিশেষ, বসন্তকালে ইহার ফুল ফুটিয়া থাকে, ইহার সৌরভগন্ধে দশদিক্ আমোদিত হয়। চলিত কথায় ইহাকে গণিয়ারী বলে। ইহার পর্য্যায়—কাঞ্চনিকা, কাঞ্চনপুষ্পী, বসন্তদূতী, গন্ধকুসুমা, অলিমোদা, বাসন্তী, মদনমাদনী। ইহার গুণ—সুরভি, ত্রিদোষনাশক, দাহ, কামক্রীড়াজনক ও চাপল্যবৃদ্ধিকারী। (রাজনি॰।)

গণিত (ক্লী) গণ-ভাবে-ক্ত। ১ গণন, গণনা।

"পারে পরার্দ্ধং গণিতং যদিস্যাৎ।" (নৈষধ ৩।৪০)

২ গ্রহদিগের গতিস্থিতি প্রভৃতির গণনা। গণয়ত্যনেন গণ করণে ক্ত। ৩ অঙ্কশাস্ত্র। গণিত দুইভাগে বিভক্ত, ব্যক্তগণিত বা পাটীগণিত ও অব্যক্ত গণিত বা বীজগণিত। [যোগ, বিয়োগ, গুণ, ভাগ প্রভৃতি শব্দে বিশেষ দ্রষ্টব্য।]

"দ্বিবিধগণিতমুক্তং ব্যক্তমব্যক্তসংজ্ঞং
তদবগমননিষ্ঠঃ শব্দশাস্ত্রে পটিষ্ঠঃ।" (গোলাধ্যায়)

(ত্রি) গণ কর্ম্মণি ক্ত। ৪ যাহার গণনা করা হইয়াছে। গণিতেন গণনয়া আগতং গণিত-অচ্। ৫ ক্ষেত্রাদির ফল, কালি।

"ক্ষেত্রস্য পঞ্চকৃতিতুল্যচতুর্ভুজস্য
কর্ণো ততশ্চ গণিতং গণক! প্রচক্ষ্ব।" (লীলাবতী)

গণিতাধ্যায় (পুং) গণিতং গ্রহস্থিত্যাদিগণনমধীয়তেঽত্র অধি-ই-আধারে ঘঞ্। ভাস্করাচার্য্যপ্রণীত সিদ্ধান্তশিরোমণির একটী বিস্তৃত অধ্যায়। ইহাতে গ্রহদিগের মধ্যগতি ও

স্ফুটাদির বিষয় অতি সুন্দরভাবে লিখিত আছে। লীলাবতী ও বীজগণিত পড়া থাকিলে অনায়াসেই ইহার মর্ম্ম গ্রহণ করা যাইতে পারে। [গ্রহ, ভাস্করাচার্য্য প্রভৃতি দ্রষ্টব্য।]

গণিতিন্ (ত্রি) গণিতমনেন গণিত-ইনি (ইষ্টাদিভ্যশ্চ। পা ৫।২।৮৮।) যে গণনা করে।

গণিপিটক (ক্লী) জৈনদিগের দ্বাদশটী অঙ্গ। ১ আচারাঙ্গ, ২ সূত্রকৃত, ৩ স্থানাঙ্গ, ৪ সমবায়যুক্, ৫ ভগবতী, ৬ জ্ঞাতা ধর্ম্মকথা, ৭ উপাসকান্তকৃৎ, ৮ অনুত্তরাপাতিকা, ৯ দশাহঃ, ১০ প্রশ্নব্যাকরণ, ১১ বিপাকশ্রুত, ১২ দৃষ্টিবাদ এই দ্বাদশটী অঙ্গকে গণিপিটক বলে। (১)

গণিয়ারী (গণিকারী শব্দজ) গণিকারী।

গণীভূত (ত্রি) গণ-চ্বি-ভূ-ক্ত। কোন গণ বা পক্ষে স্থিত, গণাক্রান্ত।

গণেয় (ত্রি) গণ-এয়। সংখ্যেয়, গণনীয়।

"পারে পরার্দ্ধঃ গণিতং যদি স্যাদ্
গণেয়নিঃশেষগুণোঽপি স স্যাৎ।" (নৈষধ ৩।৪০)

গণেরু (•পুং) গণ-বাহুলকাৎ এরুঃ। ১ কর্ণিকার বৃক্ষ। (মেদিনী।) কণিয়ার। (স্ত্রী) ২ বেশ্যা। ৩ হস্তিনী। (মেদিনী)

গণেরুকা (স্ত্রী) গণেরুষু বেশ্যাসু কায়তি কৈ-কঃ। দূতী, কুট্টনী। (ত্রিকাণ্ড)

গণেশ (পুং) গণানামীশঃ ৬তৎ। পার্ব্বতীনন্দন, শনির দৃষ্টিতে ইঁহার মস্তকটী ছিন্ন হইলে, বিষ্ণু হস্তীর মস্তক সংযোজিত করিয়া দেন, তাহাতে ইনি গজানন হইয়াছেন। [গজানন দেখ।] মহাবল ক্ষত্রিয়ান্তকারী পরশুরাম ক্ষত্রিয়দিগকে বিনাশ করিয়া শিব ও পার্ব্বতীকে নমস্কার করিতে কৈলাসে উপস্থিত হন। সেই সময়ে শিব ও পার্ব্বতী স্বচ্ছন্দচিত্তে নিদ্রা যাইতে ছিলেন, তাঁহাদের নিদ্রার বিঘ্ন না হয়, এই জন্য গজানন দ্বারে প্রহরী ছিলেন। পরশুরাম দ্বারে আসিয়া জানাইলেন যে, তিনি শিব ও পার্ব্বতীর সহিত সাক্ষাৎ করিতে যাইবেন। কিন্তু গণেশ তাহাতে বাঁধা দিয়া বলিলেন, "এখন তাঁহারা নিদ্রিত, আপনি কিছুকাল এই স্থানেই থাকুন, পরে যাইয়া দেখা করিবেন।" পরশুরাম তাহাতে সন্তুষ্ট হইলেন না। কিছুকাল উভয়ই উভয়কে মিষ্ট বাক্যে প্রবোধ দিতে চেষ্টা করিলেন, কিন্তু তাহাতে কিছুই হইল না। পরশুরামের ক্রোধ হইল, তিনি গণেশকে অবহেলা করিয়া চলিয়া যাইবার উদ্যোগ করায় গণেশ আপনার হাত দুইটী বাড়াইয়া তাহাকে ধরিলেন এবং একে একে সমস্ত ত্রিভুবনে তাঁহাকে ঘুরাইতে লাগিলেন, পরিশেষে তাঁহাকে পরিত্যাগ করিলেন। ইহাতে পরশুরাম নিতান্ত লজ্জিত হইয়া গণেশকে লক্ষ্য করিয়া পরশু নিক্ষেপ করিলেন, অমোঘ পরশু গণেশকে বিনাশ করিতে পারিল না, কিন্তু গণেশের একটী দাঁত সমূলে উৎপাটিত করিল, সেই হইতেই গণেশ একদন্ত হইলেন। (ব্রহ্মবৈবর্ত্ত—গণেশখণ্ড।)

গণেশ একজন প্রসিদ্ধ লেখক ছিলেন। মহাভারতে লিখিত আছে যে, সত্যবতীনন্দন ব্যাসদেব যোগবলে বিপুলায়তন মহাভারত মনে মনে রচনা করিলেন, কিন্তু লেখকের অভাবে জনসমাজে তাহার প্রচার করিতে না পারিয়া নিতান্তই চিন্তিত ও বিষণ্ণ হইলেন। একদিন হিরণ্যগর্ভ তাঁহার নিকট আসিলে তিনি তাঁহাকে আপনার মনোদুঃখ জানাইলেন। তাহাতে হিরণ্যগর্ভ গণেশকে লেখক করিতে পরামর্শ দিলেন। ব্যাসদেব গণেশকে লিখিবার জন্য অনুরোধ করেন। গণেশ লিখিতে অঙ্গীকার করিলেন বটে, কিন্তু তাঁহার কথা থাকে, যদি ব্যাসদেবের বলিতে কাল বিলম্ব হয়, অর্থাৎ তাঁহার দোষে গণেশের লেখনীর বিশ্রান্তি হয়, তবে আর তিনি লিখিবেন না। গণেশ লিখিতে আরম্ভ করেন, ব্যাস বলিতে লাগিলেন। যখন ব্যাস দেখিতেন যে, আর বলিতে পারেন না, তখন দুই একটী কূট শ্লোক রচনা করিয়া বলিতেন। গণেশ অর্থ না বুঝিয়া লিখিবেন না, কাজেই সেই কূট শ্লোকের অর্থ বুঝিতে কিছুকাল লেখনীবন্ধ থাকিত, এই অবসরে ব্যাস মনে মনে অনেক রচনা করিয়া ফেলিতেন। (ভারত ১।১ অঃ।)

গণেশকে স্মরণ করিয়া বা গণেশের মূর্ত্তি দেখিয়া যে কোন কার্য্যের আরম্ভ করা হয়, তাহাই নির্বিঘ্নে সিদ্ধি হয়, এই কারণে গণেশকে সিদ্ধিদাতা বলে।

আস্তিক হিন্দু লেখকগণ সর্ব্বপ্রথমে গণেশের নাম লিখিয়া থাকেন। তাঁহাদের বিশ্বাস যে গণেশ একজন প্রসিদ্ধ লেখক ও সিদ্ধিদাতা, প্রথমে তাঁহার নাম লিখিলে আর বিঘ্ন হয়না।

স্কন্দপুরাণের গণেশখণ্ডে বক্রতুণ্ড, কপিল, চিন্তামণি ও বিনায়ক প্রভৃতি রূপে গণেশের অবতারের কথা লিখিত আছে।

গণপতিতত্ত্ব নামক গ্রন্থের মতে গণেশই পরব্রহ্ম, শ্রুতি স্মৃতি পরমব্রহ্ম, পরমেশ্বর বা পরমাত্মা বলিয়া গণেশকেই উল্লেখ করিয়াছেন। গণপতিতত্ত্বে প্রমাণস্বরূপ এই শ্রুতি উদ্ধৃত আছে—"এষ সর্ব্বেশ্বরঃ এষ সর্ব্বজ্ঞঃ এষ ভূতপতিঃ এষ ভূত-

(১) "আচারাঙ্গং সূত্রকৃতং স্থানাঙ্গং সমবায়যুক্।
পঞ্চমঃ ভগবত্যঙ্গং জ্ঞাতাধর্ম্মকথাপিচ।
উপাসকান্তকৃদনুত্তরাপাতিকা দশাহঃ।
প্রশ্নব্যাকরণঞ্চৈব বিপাকশ্রুত মেবচ।
ইত্যেকাদশ সোপাঙ্গান্যঙ্গানি দ্বাদশ পুনঃ।
দৃষ্টিবাদো দ্বাদশাঙ্গী স্যাদ্‌গণিপিটকাহ্বয়া।" (হেমচন্দ্র)

লয়ঃ…প্রধান ক্ষেত্রজ্ঞ পতির্গণেশঃ।" অর্থাৎ গণেশই সকলের ঈশ্বর, ইনি সকল ভূত ভবিষ্যৎ বা বর্ত্তমান পদার্থ জানিতে পারেন, মূর্ত্তিভেদে এই গণপতিই সমস্তকে প্রতিপালন করেন, আবার সমস্ত জন্য পদার্থ ইহাতেই লয়প্রাপ্ত হয়, প্রধান অর্থাৎ প্রকৃতি এবং ক্ষেত্রজ্ঞ অর্থাৎ জীবাত্মার অধিপতিও গণেশ ইহার আরাধনায় মুক্তি হইয়া থাকে। গণপতিতত্ত্বে এই মতের পরিপোষক অনেক যুক্তি ও প্রমাণ আছে। এদেশে যেরূপ শক্তির উপাসককে শাক্ত ও বিষ্ণুর উপাসককে বৈষ্ণব বলে, সেই প্রকার যাহারা গণপতির উপাসক, তাহাদিগকে গাণপত্য বলে। হিন্দুগণ সিদ্ধিদাতা গণেশকে ভক্তিপূর্ব্বক সর্ব্বাগ্রে পূজা করিয়া থাকেন। গণেশ অনেক প্রকার। তন্ত্রে পঞ্চাশটী গণেশের উল্লেখ আছে। যথা—১ বিঘ্নেশ, ২ বিঘ্নরাজ, ৩ বিনায়ক, ৪ শিবোত্তম, ৫ বিঘ্নকৃৎ, ৬ বিঘ্নহর্ত্তা, ৭ গণ, ৮ একদন্ত, ৯ অদন্তক, ১০ গজবক্ত্র, ১১ নিরঞ্জন, ১২ কপর্দ্দী, ১৩ দীর্ঘজিহ্বক, ১৪ শঙ্কুকর্ণ, ১৫ বৃষভধ্বজ, ১৬ গণনায়ক, ১৭ গজেন্দ্র, ১৮ সূর্পকর্ণ, ১৯ ত্রিলোচন, ২০ লম্বোদর, ২১ মহানন্দা, ২২ মৃতমূর্ত্তি, ২৩ সদাশিব, ২৫ আমোদ, ২৫ দুর্মুখ, ২৬ সুমুখ, ২৭ প্রমোদক, ২৮ একপাদ, ২৯ দ্বিজিহ্ব, ৩০ পুরবীর, ৩১ ষন্মুখ, ৩২ বরদ, ৩৩ বামদেব, ৩৪ বক্রতুণ্ড, ৩৫ দ্বিরণ্ডক, ৩৬ সেনানী, ৩৭ গ্রামণী, ৩৮ মত্ত, ৩৯ বিমত্ত, ৪০ মত্তবাহক, ৪১ জটী, ৪২ মণ্ডী, ৪৩ খড়্গী, ৪৪ বরেণ্য, ৪৫ বৃষকেতন, ৪৬ ভক্ষপ্রিয়, ৪৭ গণেশ, ৪৮ মেঘনাদ, ৪৯ ব্যাপী, ৫০ গণেশ্বর (১)। (শারদাতিলকে রাঘবটীকা) ইহার মধ্যে অনেকগুলি নামই আভিধানিকেরা এক গণেশের পর্য্যায় বলিয়া উল্লেখ করিয়াছেন, তাঁহাদের মতে গণেশ একটী এইগুলি তাঁহার নামান্তর। এই পঞ্চাশটী গণেশের আবার পঞ্চাশটী শক্তি আছে, তাঁহাদের নাম—১ হ্রী, ২ শ্রী, ৩ পুষ্টি, ৪ শান্তি, ৫ স্বস্তি, ৬ সরস্বতী, ৭ স্বাহা, ৮ মেধা, ৯ কান্তি, ১০ কামিনী, ১১ মোহিনী, ১২ নটী, ১৩ পার্ব্বতী, ১৪ জ্বলিনী, ১৫ নন্দা, ১৬ সুযশা, কামরূপিণী, ১৮ উমা, ১৯ তেজোবতী, ২০ সত্যা, ২১ বিঘ্নেশানী, ২২ সুরূপিণী, ২৩ কামদা, ২৪ মদজিহ্বা, ২৫ ভূতি, ২৬ ভৌতিকা, ২৭ সিতা, ২৮ রমা, ২৯ মহিষী, ৩০ শৃঙ্গিণী, ৩১ বিকর্ণপা, ৩২ ভ্রুকুটি, ৩৩ দীর্ঘঘোণা, ৩৪ ধনুর্দ্ধরা, ৩৫ যামিনী, ৩৬ রাত্রি, ৩৭ কামান্ধা, ৩৮ শশিপ্রভা, ৩৯ লোলাক্ষী, ৪০ চঞ্চলা, ৪১ দীপ্তি, ৪২ সুভগা, ৪৩ দুর্ভগা, ৪৪ শিবা, ৪৫ ভর্গা, ৪৬ ভগিনী, ৪৭ শুভদা, ৪৮ কালরাত্রি, ৪৯ কালিকা, ৫০ লজ্জা।

(শারদাতিলকটীকায় রাঘবভট্ট।)

গণেশের শরীরটী স্থূল অথচ খর্ব্ব, হস্তিমুখ, উদর লম্বিত, ইহার কপাল হইতে মদজল বাহির হইতেছে, তাহার সৌরভে আকুল হইয়া মধুপকুল গণ্ডস্থলের নিকটে সর্ব্বদাই ভ্রমণ করিয়া থাকে। বৃহৎ দন্তের আঘাতে অরিকুল নিধন করায় তাহাদের রক্তে সিন্দূরের ন্যায় শোভা ধারণ করিয়াছে। গণেশ বাস্তবিকই বড় সুন্দর, ইহার আরাধনা করিলে বিঘ্ন বিনাশ হয় ও সিদ্ধি হইয়া থাকে। (তন্ত্র)

গণেশের ধ্যান। যথা—"খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপব্যালোল-গণ্ডস্থলম্। দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূর-শোভাকরং বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কর্ম্মসু।"

প্রায় সকলেই এই ধ্যান করিয়া গণেশের পূজা করিয়া থাকেন। তন্ত্রসারে গণেশের আর একটী ধ্যান লিখিত আছে, তান্ত্রিকগণ সেই ধ্যান করিয়া গণেশপূজা করেন। গণেশের তান্ত্রিক ধ্যান যথা—

"সিন্দূরাভং ত্রিনেত্রং পৃথুতরজঠরং হস্তপদ্মৈর্দধানং,
দন্তং পাশাঙ্কুশেষ্টান্যুরকরবিলসদ্ বীজপূরাভিরামম্।
বালেন্দুদ্যোতমৌলিং করিপতিবদনং দানপুরার্দ্রগণ্ডং,
ভোগীন্দ্রাবদ্ধভূষং ভজত গণপতিং রক্তবস্ত্রাঙ্গরাগম্।" (তন্ত্রসার)

এই ধ্যান অনুসারে জানা যায় যে গণেশের চারিখানি হাত ও তিনটী নেত্র, ইনি ইন্দুরবাহন, ইন্দুরে চড়িয়া



ত্রিভুবন ভ্রমণ করিয়া থাকেন। অনেক স্ত্রীলোকের বিশ্বাস যে, গণেশের আরাধনা করিলে গৃহে ইঁদুরের দৌরাত্ম্য থাকে না। অনেক গৃহস্থ কৃষকমহিলা বিজয়ার দিনে দুর্গাপ্রতিমার পার্শ্বস্থিত গণেশমূর্ত্তির পায়ে ইন্দুর মাটি দিয়া ইঁদুরের দৌরাত্ম্য নিবারণ করিতে প্রার্থনা করিয়া থাকে।

গণেশের বীজ গৌঁ। গাং হৃদয়ায় নমঃ, গীং শিরসে

(১) "বিঘ্নেশো বিঘ্নরাজশ্চ বিনায়কশিবোত্তমৌ।…
ব্যাপী গণেশ্বরঃ প্রোক্তাঃ পঞ্চাশদ্ গণপাইমে।"
(শারদাতিলকটীকায় রাঘবভট্ট)

স্বাহা, ইত্যাদি ক্রমে অঙ্গন্যাস ও করন্যাস করিতে হয়। গণেশের পৌরাণিকমন্ত্র, "ওঁ নমো গণেশায়।"

ইহার গায়ত্রী—

"একদংষ্ট্রায় বিদ্মহে বক্রতুণ্ডায় ধীমহি
তন্নো বিঘ্ন প্রচোদয়াৎ।" (প্রাণতোষিণী)

গণেশের নমস্কারমন্ত্র—

"দেবেন্দ্রমৌলিমন্দারমকরন্দকণারুণাঃ।
বিঘ্নান্ হরন্তু হেরম্ব চরণাম্বুজরেণবঃ॥"

পশ্চিম-উত্তর অঞ্চলে বক্রতুণ্ড ও ঢুণ্ঢিরাজ এই দুই গণেশ অতি প্রসিদ্ধ, সেই অঞ্চলে এই দুই গণেশের উপাসনাই অধিক প্রচলিত।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণের মতে—"ওঁ শ্রীঁ হ্রীঁ হীং গণেশ্বরায় ব্রহ্মরূপায় সর্ব্বসিদ্ধিপ্রদেশায় বিঘ্নেশায় নমো নমঃ।" এই মন্ত্রে গণেশের পূজা করিতে হয়। তুলসীপত্র দ্বারা গণেশের পূজা করা নিষিদ্ধ। গণেশের এই মন্ত্রটী পঞ্চাশ লক্ষ জপ করিলে মন্ত্রসিদ্ধি হইবে। গণেশের পূজা শেষ হইলে স্তব পাঠ করিতে হয়। গণেশের স্তব, যথা—

শ্রীবিষ্ণুরুবাচ।

"ঈশ! ত্বাং স্তোতুমিচ্ছামি ব্রহ্মজ্যোতিঃ সনাতনম্।
নিরূপিতুমশক্তোঽহং অনুরূপমনূহকম্॥
প্রবরং সর্ব্বদেবানাং সিদ্ধানাং যোগিনাং গুরুম্।
ব্রহ্মস্বরূপং সর্ব্বেশং জ্ঞানরাশিস্বরূপিণম্॥
অব্যক্তমক্ষরং নিত্যং সত্যমাত্মস্বরূপিণম্।
বায়ুতুল্যাতিনির্লিপ্তং চাক্ষতং সর্ব্বসাক্ষিণম্॥
সংসারার্ণবপারেচ মায়াপোতে সুদুর্লভম্।
কর্ণধারস্বরূপঞ্চ ভক্তানুগ্রহকারকম্॥
বরং বরেণ্যং বরদং বরদানামপীশ্বরম্।
সিদ্ধং সিদ্ধিস্বরূপঞ্চ সিদ্ধিদং সিদ্ধিসাধনম্॥
ধ্যানাতিরিক্তং ধ্যেয়ঞ্চ ধ্যানাসাধ্যঞ্চ ধার্ম্মিকম্।
ধর্ম্মস্বরূপং ধর্ম্মজ্ঞং ধর্ম্মাধর্ম্মফলপ্রদম্॥
বীজং সংসারবৃক্ষাণামঙ্কুরঞ্চ তদাশ্রয়ম্।
স্ত্রীপুংনপুংসকানাঞ্চ রূপমেতদতিন্দ্রিয়ম্॥
সর্ব্বাদ্যমগ্রপূজ্যঞ্চ প্রাকৃতং প্রকৃতেঃ পরম্।
ত্বাং স্তোতুমক্ষমোঽনন্তঃ সহস্রবদনেন চ॥
নক্ষমঃ পঞ্চবক্ত্রশ্চ নক্ষমশ্চতুরাননঃ।
সরস্বতী ন শক্তাচ ন শক্তোঽহং তব স্তুতৌ॥
ইত্যেবং স্তবনং কৃত্বা সুরেশং সুরসংসদি।
সুরেশশ্চ সুরৈঃ সার্দ্ধং বিররাম রমাপতিঃ॥
ইদং বিষ্ণুকৃতং স্তোত্রং গণেশস্যচ যঃ পঠেৎ।
সায়ং প্রাতশ্চ মধ্যাহ্নে ভক্তিযুক্তঃ সমাহিতঃ॥
তদ্বিঘ্ননিঘ্নং কুরুতে বিঘ্নেশঃ সততং মুনে।
বর্দ্ধয়েৎ সর্ব্বকল্যাণং কল্যাণজনকঃ সদা॥
যাত্রাকালে পঠিত্বাতু যো যাতি ভক্তিপূর্ব্বকম্।
তস্য সর্ব্বাভীষ্টসিদ্ধি র্ভবেত্যেব ন সংশয়ঃ॥
তেন দৃষ্টঞ্চ দুঃস্বপ্নং সুস্বপ্নমুপজায়তে।
কদাপি ন ভবেৎ তস্য গ্রহপীড়া চ দারুণা॥
ভবেদ্ বিনাশঃ শত্রূণাং বন্ধূনাঞ্চ বিবর্দ্ধনম্।
শশ্বদ্ বিঘ্নবিনাশশ্চ শশ্বৎ সম্পত্তিবর্দ্ধনম্॥
স্থিরা ভবেদ্ গৃহে লক্ষ্মীঃ পুত্রপৌত্রবিবর্দ্ধনী।
সর্ব্বৈশ্বর্য্যমিহপ্রাপ্য অন্তে বিষ্ণুপদং লভেৎ॥
ফলঞ্চাপি চ তীর্থানাং যজ্ঞানাং যদ্ভবেৎ ধ্রুবম্।
মহতাং সর্ব্বদানানাং শ্রীগণেশপ্রসাদতঃ॥
ইতি শ্রীব্রহ্মবৈবর্ত্তপুরাণে গণেশখণ্ডে বিষ্ণুকৃতং গণেশস্তোত্রং।

গণেশের কবচ।—

শৌনকশ্চর উবাচ।

সর্ব্বদুঃখবিনাশায় দুঃখপ্রশমনায় চ।
কবচং বিঘ্ননিঘ্নস্য বদ বেদবিদাংবরঃ॥
বভুবৈষাং বিবাদশ্চ শক্ত্যাচ মায়য়া সহ।
উদ্বিগ্ন শমনার্থঞ্চ কবচং ধারয়াম্যহম্॥

শ্রীবিষ্ণুরুবাচ।

বিনায়কস্য কবচং ত্রিষু লোকেষু দুর্লভম্।
সুগোপ্যঞ্চ পুরাণেষু দুর্লভঞ্চাগমেষু চ॥
উক্তং কৌথুমশাখায়াং সামবেদে মনোহরম্।
কবচং বিঘ্ননাথস্য সর্ব্ববিঘ্নহরং পরম্॥
রাজ্যং দেয়ং শিরোদেয়ং প্রাণাদেয়াশ্চ সূর্য্যজ।
এবং ভূতঞ্চ কবচং নদেয়ং প্রাণসঙ্কটে॥
আবির্ভাবস্তিরোভাবঃ স্বেচ্ছয়াস্য চ মায়য়া।
নিত্যোঽয়মেকদন্তশ্চ কবচং চাস্য বৎসক॥
পূজাস্য নিত্যা স্তোত্রঞ্চ কল্পে কল্পেঽস্তি সন্ততম্।
অস্যাস্য জন্মনঃ পূর্ব্বং মুনয়শ্চ সিষেবিরে॥
যথা মদবতারেষু জন্মবিগ্রহধারণম্।
তথা গণেশ্বরস্যাপি জন্ম শৈলসুতোদরে॥
যদ্ ধৃত্বা মুনয়ঃ সর্ব্বে জীবন্মুক্তাশ্চ ভারতে।
নিঃশঙ্কাশ্চ সুরাঃ সর্ব্বে শক্রপক্ষবিমর্দ্দকাঃ॥
কবচং বিভ্রতাং মৃত্যুর্নযাতি সন্নিধিং ভিয়া।
নায়ুর্ব্যয়োমাশুভঞ্চ ব্রহ্মাণ্ডেন পরাজয়ঃ॥
দশলক্ষ জপেনৈব সিদ্ধঞ্চ কবচং ভবেৎ।
যো ভবেৎ সিদ্ধকবচো মৃত্যুং জেতুং স চ ক্ষমঃ॥

অসিদ্ধকবচো বাগ্মী চিরজীবী মহীতলে।
সর্ব্বত্র বিজয়ী পূজ্যো ভবেদ্‌গ্রহণমাত্রতঃ॥
মালাতন্ত্রমিদং পুণ্যং কবচঞ্চেদমেবচ।
বিভ্রতাং সর্ব্বপাপানি প্রণশ্যন্তি সুনিশ্চিতম্॥
ভূতপ্রেতপিশাচাশ্চ কুষ্মাণ্ডা ব্রহ্মরাক্ষসাঃ।
ডাকিন্যো যোগিন্যশ্চৈব বেতালাদয় এবচ॥
বালগ্রহা গ্রহাশ্চৈব ক্ষেত্রপালাদয়স্তথা।
তেষাঞ্চ শব্দমাত্রেণ পলায়ন্তে চ ভীরবঃ॥
আধয়ো ব্যাধয়ো মোহাঃ শোকাশ্চৈব ভয়াবহাঃ।
ন যান্তি সন্নিধিং তেষাং গরুড়স্য যথোরগাঃ॥
ঋজবে গুরুভক্তায় স্বশিষ্যায় প্রকাশয়েৎ।
খলায় পরিশিষ্যায় দত্ত্বামৃত্যুমবাপ্নুয়াৎ॥
সংসারমোহনস্যাস্য কবচস্য প্রজাপতিঃ।
ঋষিশ্ছন্দশ্চ বৃহতী দেবোলম্বোদরঃ স্বয়ম্॥
ধর্ম্মার্থকামমোক্ষেষু বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ॥
সর্ব্বেষাং কবচানাঞ্চ সারভূতমিদং মুনে।
ওঁ গৌঁগং শ্রীগণেশায় স্বাহা মে পাতু মস্তকম্॥
দ্বাত্রিংশদক্ষরোমন্ত্রো ললাটং মে সদাবতু।
ওঁ হ্রীঁ ক্লীঁ শ্রীঁ গমিতি চ সন্ততং পাতু লোচনম্।
তালুকং পাতু বিঘ্নেশঃ সন্ততং ধরণীতলে॥
ওঁ গৌঁ গঁ শূর্পকর্ণায় স্বাহা পাত্বধরং মম।
দন্তানি তালুকং জিহ্বাং পাতু মে ষোড়শাক্ষরম্॥
ওঁ লঁ শ্রীঁ লম্বোদরায়েতি স্বাহা গণ্ডং সদাবতু।
ওঁ ক্লীঁ হ্রীঁ বিঘ্ননাশায় স্বাহা কর্ণং সদাবতু॥
ওঁ শ্রীঁ গঁ গজাননায়েতি স্বাহা স্কন্ধং সদাবতু।
ওঁ হ্রীঁ ক্লীঁ বিনায়কায়েতি স্বাহা পৃষ্ঠং সদাবতু॥
ওঁ ক্লীঁ হ্রীঁ ইতি কঙ্কালং পাতু বক্ষঃস্থলঞ্চগম্।
করৌ পাদৌ সদা পাতু সর্ব্বাঙ্গং বিঘ্ননিঘ্নকৃৎ॥
প্রাচ্যাং লম্বোদরঃ পাতু আগ্নেয্যাং বিঘ্ননায়কঃ॥
দক্ষিণে পাতু বিঘ্নেশো নৈর্ঋত্যান্তু গজাননঃ।
পশ্চিমে পার্ব্বতীপুত্রো বায়ব্যাং শঙ্করাত্মজঃ॥
কৃষ্ণস্যাংশশ্চোত্তরে চ পরিপূর্ণতমস্য চ।
ঐশান্যামেকদন্তশ্চ হেরম্বঃ পাতু বোর্দ্ধতঃ॥
গণাধিপ ইত্যধঃ পাতু সর্ব্ব পূজ্যস্য সর্ব্বতঃ।
স্বপ্নে জাগরণে চৈব পাতু মাং যোগিনাং গুরুঃ॥
ইতি তে কথিতং বৎস সর্ব্বমন্ত্রৌঘবিগ্রহম্।
সংসারমোহনং নাম কবচং পরমাদ্ভুতম্॥
শ্রীকৃষ্ণেণ পুরা দত্তং গোলোকে রাসমণ্ডলে।
বৃন্দাবনে বিনীতায় সহ্যং দিনকরাত্মজ॥
পরং বরং সর্ব্ব পূজ্যং সর্ব্ব সঙ্কটতারণম্।
গুরুমভ্যর্চ্চ্য বিধিবৎ কবচং ধারয়েত্তু যঃ॥
কণ্ঠে বা দক্ষিণে বাহৌ সোঽপি বিষ্ণুর্নসংশয়ঃ।
অশ্বমেধসহস্রাণি বাজপেয়শতানিচ।
গ্রহেন্দ্র! কবচস্যাস্য কলাং নার্হন্তি ষোড়শীম্॥
ইদং কবচ মজ্ঞাত্বা যোভজেচ্ছঙ্করাত্মজম্।
শত লক্ষ প্রজপ্তোঽপি ন মন্ত্রঃ সিদ্ধিদায়কঃ।"

ইতি শ্রীব্রহ্মবৈবর্ত্তপুরাণে সংসারমোহনং নাম কবচং সমাপ্তং।

২ একজন বিখ্যাত জ্যোতির্বিদ্, ইনি আপপ্রশ্ন, জাতক-কল্পলতা, তিথিচিন্তামণিপঞ্চাঙ্গসাধন, তিথিচিন্তামণিসারণী, পাটীটীকা, ভাবাধ্যায়, রত্নাবলীপদ্ধতি, স্ত্রীজাতক প্রভৃতি সংস্কৃত জ্যোতিষ রচনা করেন।

৩ হিরণ্যকেশিকারিকারচয়িতা।

৪ পিষ্টপশুসরণী ও মহিষোৎসর্গবিধি নামক ধর্ম্মশাস্ত্র-সংগ্রহকার।

৫ ভাগবতবাদিতোষিণী-রচয়িতা।

৬ রসতরঙ্গিণীর রসোদধি নামে টীকাকার।

৭ স্মৃতিচন্দ্রোদয়-প্রণেতা।

৮ কৃষ্ণভট্টের পুত্র, ঋগ্বেদপাঠানুক্রমণদীপিকা-রচয়িতা।

৯ গোপালের পুত্র, ইনি ১৬১৪ খৃষ্টাব্দে জাতকালঙ্কার নামে সংস্কৃত গ্রন্থ রচনা করেন।

১০ ঢুণ্ঢিরাজের পুত্র, ইনি গণিতমঞ্জরী, তাজিকচন্দ্রিকা-বিনোদ, তাজিকভূষণ প্রভৃতি সংস্কৃত গ্রন্থ প্রণয়ন করেন।

১১ বল্লালের পুত্র, শিবতোষিণী নামে লিঙ্গপুরাণের টীকাকার।

১২ রামদেবের পুত্র, নলোদয়টীকা-রচয়িতা।

গণেশকুণ্ড (ক্লী) ১ নর্ম্মদা নদীর তীরবর্ত্তী একটী কুণ্ড। স্কন্দ-পুরাণে গণেশখণ্ডে এই কুণ্ডটীর উৎপত্তি-বিষয়ে এইরূপ লিখিত আছে—একদিন পার্ব্বতী ও শিব পর্য্যঙ্কাসনে নিদ্রিত ছিলেন। সেই সময়ে সিন্দূর নামক একটা দুষ্ট দৈত্য আসিয়া তথায় উপস্থিত হইল। পার্ব্বতী ও শিবকে ঘোর নিদ্রায় অভিভূত দেখিয়া সিন্দূর পার্ব্বতীর উদরে প্রবেশ করিল এবং পার্ব্বতীর গর্ভস্থ সন্তানের মুণ্ড কাটিয়া লইয়া বাহির হইল। ঐ গর্ভে গণেশের জন্ম হয়। সিন্দূর গণেশের মুণ্ডটী নর্ম্মদার তীরে যে স্থানে রাখিয়াছিল, সেই স্থানে একটী কুণ্ড উৎপন্ন হয়, তাহারই নাম গণেশকুণ্ড। এই কুণ্ডের নিকটবর্ত্তী শিলাখণ্ড রক্তবর্ণ, কেহ কেহ সেই শিলাখণ্ডকে গণেশশিলা বলিয়া থাকেন। রাজগীরের মধ্যবর্ত্তী একটী পবিত্র উষ্ণপ্রস্রবণ।

গণেশকুসুম (ক্লী) গণেশবদ্ রক্তং কুসুমং। ১ রক্তকুসুম। (শব্দার্থচিন্তামণি।) ২ রক্তকরবীর। (রাজনি॰)

গণেশখণ্ড (ক্লী) স্কন্দপুরাণের একটী অংশ, ইহাতে গণেশের আবির্ভাব প্রভৃতি বর্ণিত আছে। ২ ব্রহ্মবৈবর্ত্তপুরাণের এক খণ্ড, ইহাতেও গণেশের বিষয় বর্ণিত আছে।

গণেশখিন্দ, বোম্বাই প্রেসিডেন্সির পুণা জেলার অন্তর্গত একটী খ্যাত গণ্ডগ্রাম। বোম্বাই যাইবার পথে অবস্থিত। এখানে চতরসিংহী দেবীর মন্দির আছে। ভীমবর্দ্ধা পাহাড় অশ্বখুরাকারে ঘুরিয়া আসিয়া এইখানে প্রায় মিলিত হইয়াছে। এইখানে পাহাড়ের উপর একটী গুহামন্দির আছে। তাহার দৈর্ঘ্য ২০ ফিট, বিস্তার ১৫ ফিট ও উচ্চতা ১০ ফিট হইবে। এখন একজন বাবাজী এই গুহামন্দিরে বাস করিতেছেন। একটী শিবলিঙ্গ, বিথোবা ও লক্ষ্মীরমূর্ত্তি আছে। তাহার ২০ হস্ত পশ্চিমে পাহাড়ের উপরদিকে দুইটী গুহা আছে। তাহার কিয়দ্দূরে জল রাখিবার একটী ভূমি আছে। প্রতি শুক্রবারে এখানে হাট বসে। আশ্বিন মাসে নবরাত্রির সময় মন্দিরে কিছু ধূমধাম হয়। জাটদিগের রাজা গুহার দ্বারদেশে একটী দেওয়াল গাঁথাইয়া দিয়াছেন। জাটরাজের প্রতিষ্ঠিত একটী কূপও অসম্পূর্ণ অবস্থায় রহিয়াছে।

গণেশখিন্দে বোম্বাইয়ের লাটসাহেবের একটী বাটী আছে। আষাঢ় হইতে আশ্বিন মাস পর্য্যন্ত তিনি এই বাটীতে অবস্থিতি করেন। নিকটে অন্যান্য সাহেবদিগের থাকিবারও স্বতন্ত্র বাটী আছে।

গণেশগুহা, ১ (গণেশ লেনা) বোম্বাই প্রেসিডেন্সির মধ্যে পুণানগরের নিকটস্থ কতকগুলি গুহা, যেখানে হাটকেশ্বর ও সলিমান পাহাড় মিলিয়াছে, তথা হইতে একটী ছোট পাহাড় বাহির হইয়া পুণানগরের উত্তরদিকে গিয়াছে। এই ছোট পাহাড়ে সারি সারি অনেকগুলি গুহা খোদিত, তন্মধ্যে সর্ব্বাপেক্ষা বৃহত্তর গুহাটীর নাম গণেশলেনা। ইহার মধ্যে গণপতির মন্দির। নগরের উত্তরভাগ হইতে কুডকি তৎপরে ইক্ষু, তেঁতুল ও আম বাগান দিয়া এই মন্দিরে যাইতে হয়। ১৭৭৪ খৃষ্টাব্দে ৬ষ্ঠ পেশবা রঘুনাথরাওর পুত্র অমৃতরাও এই সকল আম্র বৃক্ষ রোপণ করেন। তাহার পর মন্দিরে উঠিবার পথে পাহাড়ের গায়ে গণপতির ভক্তগণের নির্ম্মিত সোপানশ্রেণী। সোপান ও অসম পাহাড়ের ভূমি পার হইয়া মন্দিরে যাইতে হয়। একাদিক্রমে ইহার মধ্যে ২৪টী গুহামন্দির আছে। তাহাতে নানাবিধ দেবদেবীর মূর্ত্তি ও নানাবিধ শিল্পলিপি খোদিত।

২ উড়িষ্যার অন্তর্গত উদয়গিরি পাহাড়ের একটী গুহামন্দির। পাহাড়ের উপরদিকে এই গুহা অবস্থিত। ইহার অভ্যন্তরে গণেশদেবের মূর্ত্তি এবং অপর অপর বহুবিধ মূর্ত্তি খোদিত আছে। এই গুহার শিল্পনৈপুণ্য দেখিলে চমৎকৃত হইতে হয়।

গণেশচতুর্থী, দক্ষিণাপথবাসীর করণীয় একটী প্রধান ব্রত। বোম্বাই ও পুণাঅঞ্চলে এই উপলক্ষে বিশেষ উৎসব হইয়া থাকে। স্কন্দপুরাণের মতে, ভাদ্রপদী চতুর্থীতে গণেশের জন্ম, তদুপলক্ষে এই ব্রতের উৎপত্তি *। এই জন্য বোম্বাই প্রদেশের অনেকের বাটীতে স্বতন্ত্র দালান নির্দ্দিষ্ট আছে। এই ব্রতে পূজার আড়ম্বর যথেষ্ট। ব্রতের কএক দিন পূর্ব্বে দালান চূণকাম করিয়া পরিষ্কার করা হয়। যাহার যেমন সাধ্য, সে সেইরূপ আলোকমালায় গৃহ সজ্জিত করে। গণেশচতুর্থীর দিন প্রাতে বাটীর কর্ত্তা ও বালকগণ বেহারা, পাল্কী ও বাদ্যকর সঙ্গে লইয়া বাজারে যান। তথায় গণপতির একটী মাটির মূর্ত্তি ক্রয় করিয়া পাল্কিতে বসাইয়া বাদ্য করিতে করিতে গৃহে আনেন। বড়লোকের মধ্যে অনেকের বাটীতেই মূর্ত্তি গড়া হয়। কোথাও বা একটী থালের উপরে চাউলের গুঁড়ি দিয়া গণেশমূর্ত্তি অঙ্কিত করে। ভিন্ন ভিন্ন বাটীর ভিন্ন ভিন্ন নিয়ম। মূর্ত্তি প্রায়ই চতুর্ভুজ। বাজারে যে মূর্ত্তি বিক্রয় হয়, তাহা একশ্রেণীর ব্রাহ্মণেরা নির্ম্মাণ করে। দেবমূর্ত্তি-নির্ম্মাণই তাহাদের ব্যবসায়। বাজার হইতে গণেশমূর্ত্তি বাটীতে পৌঁছিলে গৃহিণী প্রদীপ লইয়া আরতি করিয়া দালানে আনিয়া সিংহাসনে স্থাপন করেন। পরে পুরোহিত আসিয়া যথাবিহিত পূজাদি করেন। গণেশের বাহন ইন্দুরটীও নিকটে থাকে। পুরোহিতের পূজার পর গৃহস্বামী বাটীর সকলের সহিত মিলিত হইয়া উচ্চৈঃস্বরে গণপতিদেবের মহিমা গান করেন। এইরূপ গান প্রাতে ও সন্ধ্যার সময় হয়। প্রাতে সকলে চাউলের গুঁড়ির প্রস্তুত আনন্দলাড়ু আহার করে। রাত্রিতে উহার কতকঅংশ ইন্দুরদিগকে খাইতে দেওয়া হয়। প্রবাদ আছে যে, একদিন গণপতি মূষিকে চড়িয়া যাইতে যাইতে পড়িয়া যান। আকাশে চন্দ্র তাহা দেখিয়া হাসিয়াছিলেন। গণপতি তাহাতে ক্রুদ্ধ হইয়া চন্দ্রকে অভিসম্পাত করেন যে, কেহ আর চন্দ্রদেবকে দেখিবে না। চন্দ্রদেব অপরাধ স্বীকার করিয়া শাপমোচনের জন্য প্রার্থনা করিতে লাগিলেন। গণপতি তুষ্ট হইলেন, কিন্তু তাহার বাক্য ব্যর্থ হইবার নহে। এই জন্য বলিলেন যে, বৎসরের মধ্যে অন্ততঃ একদিনও

* ভবিষ্যোত্তরপুরাণের মতে ফাল্গুনমাসের চতুর্থীতিথিতে এই ব্রত করিতে হয়।

লোকে তাহার মুখ দেখিবে না। এই জন্য গণপতির জন্ম দিবসে নষ্টচন্দ্র হয়। সেই দিন কেহ চন্দ্রের দিকে দেখে না। চতুর্থীব্রতের পর কেহ বা একদিন কেহ বা দুইদিন কেহ বা ২১ দিন পর্য্যন্ত গণপতির প্রতিমার পূজা করে। প্রাতে ও সন্ধ্যায় পূজা হইয়া থাকে। বিসর্জ্জনের দিন আবার বেহারা পাল্কি লইয়া আসে। বাদ্য হইতে থাকে। পুরোহিত আসিয়া গণেশের পূজা করিয়া গৃহস্থের মঙ্গল ও বালকের জন্য বিদ্যা প্রার্থনা করেন। তাহার পর বিসর্জ্জন হয়। বিসর্জ্জনের পূর্ব্বে গৃহিণী আসিয়া প্রদীপ জালিয়া আরতি করিয়া যাত্রার জন্য হস্তে দধি দিয়া দেবমূর্ত্তিকে পাল্কিতে তুলিয়া দেন। পাল্কি নানাপুষ্পে সুশোভিত হইয়া নিকটস্থ নদী বা হ্রদের কূলে আনীত হয়। জলের নিকটে পাল্কি রাখিয়া দেবমূর্ত্তি বাহির করিয়া একবার প্রদীপ লইয়া আরতি করা হয়। তাহার পর সকলে কাঁদিতে কাঁদিতে দেবমূর্ত্তি জলে বিসর্জ্জন করে। আবার এক বৎসর পরে তাঁহার দেখা হইবে কি না! এই ভাবিয়া সকলে দুঃখে শোকে কাতরহৃদয়ে গৃহে ফিরিয়া আসে।

ভাদ্রপদের পঞ্চমী অর্থাৎ গণেশপূজার পরদিন স্ত্রীলোকেরা 'সপ্তভাত' বা সাতভাইয়ের সম্মানার্থ ব্রত পালন করে। সে দিন চাষের বা মানবহস্তপ্রস্তুত কোন দ্রব্য তাহারা ভক্ষণ করে না। কেবল ফলমূল আহার করিয়া দিন যাপন করে। ভাদ্রপদীয় অষ্টমী ও নবমী দিনে অর্থাৎ গণেশের জন্মের তৃতীয় ও চতুর্থদিনে গণেশ-জননী গৌরীর ব্রত হয়। সেইদিন বাটীর মধ্যে চন্দনের আলিপনা ও গৃহদ্বারে 'তেড়দা' নামক ছোটগাছের পাতা ঝুলাইয়া দেয়। তেড়দা গাছগুলি কাপড়ে জড়াইয়া নবপত্রিকা প্রস্তুত হয়। তাহাই গৌরী। কোন বালিকা তাহাকে কোলে করিয়া লয়, তাহার হাতে একটী পাত্র, একটী প্রজ্বলিত দীপ, কএকটী শস্য, একটী সিন্দুরের কৌটা, কএকটী "বাদলিখণ্ড" থাকে। একজন বালক ঘণ্টা বাজাইতে বাজাইতে সঙ্গে সঙ্গে যায়। গৃহস্থরমণী সেই বালিকাকে গৃহের ভিতর লইয়া বসিতে দেয়, প্রদীপ জালিয়া বালিকার ও গৌরীর মুখের নিকট লইয়া আরতি করে। এক একখণ্ড কলা তাহাদিগকে খাইতে দেয় ও বলে—"লক্ষ্মী লক্ষ্মী তুমি এসেছ কি?" বালিকা বলে, "আমি এসেছি।" "তুমি কি আনিয়াছ?" "ঘোড়া, হাতি, সৈন্য ও রাশি রাশি ধন তাহাতে তোমার বাড়ী ও এই নগর পরিপূর্ণ হইবে।" এইরূপে একে একে সকল ঘরে গিয়া শেষে গৌরীকে মধ্যস্থ দালানে আনিয়া নির্দ্দিষ্ট স্থানে দেওয়ালে ঠেস দিয়া রাখা হয়। সন্ধ্যার পর নানাবিধ ফল, দুগ্ধ ও মিষ্টান্ন ভোগ হয়, আবার অধিক রাত্রিতে নানাবিধ অলঙ্কার দিয়া সজ্জিত করে। পরদিবস মৎস্য ও মাংসের ভোগ হয়। দিবসে কোলি ও কুণবীজাতীর রমণীগণ আসিয়া দেবীর সম্মুখে নৃত্যগীত করে। তিনদিন অন্ন ভোগের পর দেবীর গহনাদি খুলিয়া লইয়া তাহার কাপড়ে কিছু খাদ্য ও ৪টী পয়সা বাঁধিয়া দিয়া জনৈক দাস বা দাসীর হস্তে দেওয়া হয়। দাস তাহা লইয়া বাটীর বাহির হয়। গৃহিণী জলের ঝারা দিতে দিতে যান। শেষে দাস দেবীকে জলে বিসর্জ্জন দিয়া বস্ত্রখানি ও একটু জল লইয়া গৃহে ফিরিয়া আসে।

গণেশজননী (স্ত্রী) গণেশস্য জননী ৬তৎ। দুর্গা।

"গণেশজননী দুর্গা রাধালক্ষ্মীঃ সরস্বতী।" (তন্ত্রসার)

গণেশমাতৃ প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত হয়।

গণেশদত্ত, ক্রমদীপিকা তন্ত্রের একজন টীকাকার।

গণেশদত্তশর্ম্মা, ইনি "মৈথিল গণেশদত্ত" নামে খ্যাত, মালতী-মাধবের "প্রকরণোদ্ধার" নামক টীকাকার।

গণেশদাস, দ্রব্যাদর্শ নামে বৈদ্যক গ্রন্থকার।

গণেশদীক্ষিত, একজন বিখ্যাত দার্শনিক। ভাবা বিশ্বনাথ-দীক্ষিতের পুত্র, ভাবা রামকৃষ্ণের পৌত্র এবং বিজ্ঞানভিক্ষুর শিষ্য। ইনি সাংখ্যসূত্রের টীকা, প্রবোধচন্দ্রোদয়ের চিচ্চন্দ্রিকা নামে টীকা, তর্কভাষার তত্ত্বপ্রবোধিনী নামে টীকা, তত্ত্বসমাস-যাথার্থ্যদীপন, যোগানুশাসনসূত্রবৃত্তি প্রভৃতি সংস্কৃত টীকা রচনা করেন।

গণেশদেব, একজন সঙ্গীতশাস্ত্রবিদ্ পণ্ডিত, ইনি রাজা খড়্গবাহুর আদেশে সঙ্গীতকল্পতরুর সুবোধিনী নামে এক-খানি টীকা প্রণয়ন করেন।

গণেশদৈবজ্ঞ, নন্দিগ্রামবাসী একজন প্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ্, অপর নাম গণেশ্বর আচার্য্য, কেশবার্কের পুত্র ও নৃসিংহ দৈবজ্ঞের খুল্লতাত। ইনি বিস্তর জ্যোতিঃগ্রন্থ প্রণয়ন করেন, তন্মধ্যে গ্রহলাঘব (সিদ্ধান্তরহস্য), চাবুকযন্ত্র, তর্জ্জনীয়যন্ত্র, প্রতোদযন্ত্র, লঘুপযন্ত্র, বৃহৎ ও লঘুতিথিচিন্তামণি, মঙ্গলনির্ণয় (ধর্ম্মশাস্ত্র), শ্রাদ্ধাদিনির্ণয়, সিদ্ধান্তশিরোমণিবিবৃতি, চন্দোর্ণবটীকা, পাতসারণী, বুদ্ধিবিলাসিনী নামে লীলাবতী-ব্যাখ্যা এবং কেশবের মুহূর্ত্ততত্ত্ব ও বিবাহবৃন্দাবনের টীকা পাওয়া যায়।

উপরোক্ত গ্রন্থগুলির মধ্যে গ্রহলাঘবই প্রধান। গণেশের গ্রহলাঘব ১৪৪২ শকে (১৫২০ খৃঃ অঃ), পাতসারণী ১৪৪৪ শক (১৫২২ খৃঃ অঃ) এবং লীলাবতীব্যাখ্যা ১৫৪৬ খৃঃ অঃ রচিত হয়।

গণেশ শুভাশুভ ফলনির্ণয়কে অকিঞ্চিৎকর বলেন, তাঁহার মতে, যাহার প্রতিবিধান হইবার সম্ভাবনা নাই, তাহা জানিয়াই বা ফল কি।

গণেশপণ্ডিত, হরিবিনোদ নামে সংস্কৃত গ্রন্থকার।

গণেশপাঠক, নির্ণয়কৌস্তভ নামে ন্যায় ও প্রয়োগকৌস্তভ নামে ধর্ম্মশাস্ত্রপ্রণেতা।

গণেশপুরাণ, একখানি উপপুরাণ, ইহাতে গণেশের মাহাত্ম্য বর্ণিত আছে।

গণেশভট্ট, ১ উদ্বাহবিবেক নামক সংস্কৃত গ্রন্থপ্রণেতা। ২ শাকুনদীপকরচয়িতা।

গণেশভারতী, শিবতাণ্ডবস্তোত্রটীকা প্রণেতা।

গণেশভিষক্ (জ্), একজন বিখ্যাত চিকিৎসক, ইনি চিকিৎসামৃত, যোগচিন্তামণি, রুগ্‌বিনিশ্চয়ার্থপ্রকাশিকা প্রভৃতি বৈদ্যক গ্রন্থ প্রণয়ন করেন।

গণেশরায়, দিনাজপুর অঞ্চলের একজন রাজা। কাহারও মতে বঙ্গাধিক রাজা কংস ও গণেশ একব্যক্তি, কিন্তু তাহা ঠিক নহে। [বিশ্বকোষে কুলীন শব্দ দেখ।]

গণেশভূষণ (ক্লী) গণেশং ভূষয়তি গণেশ ভূষি-ল্যুট্। সিন্দূর।

গণেশমিশ্র, প্রায়শ্চিত্তপারিজাত নামে ধর্ম্মশাস্ত্রসংগ্রহকার।

গণেশমহামহোপাধ্যায়, হরিভক্তিদীপিকা রচয়িতা।

গণেশশৈশব (দেশজ) শিব।

"গণেশ-শৈশব বিভূতিবৈভব ভবেশ ভৈরব দিগম্বর।"

(অন্নদামঙ্গল)

গণেশান (পুং) গণানামীশানঃ ৬তৎ। ১ গণেশ।

"ততঃ সস্মার হেরম্বং ব্যাসঃ সত্যবতীসুতঃ।
স্মৃতমাত্রো গণেশানো ভক্তচিন্তিত পূরকঃ॥"(ভারত ১।১৩ অঃ)

২ শিব।

গণেশ্বর (পুং) গণানাং ঈশ্বরঃ ৬তৎ। ১ গণেশ। ২ শিব। ৩ গণাত্মক ঈশ্বরঃ। ১১ রুদ্র, ১২ আদিত্য, ৮ বসু ও ২ অশ্বিনীকুমার এই তেত্রিশটী দেবতাকে গণেশ্বর বলে।

"এতে দেবাস্ত্রয়স্ত্রিংশৎ সর্ব্বভূতে গণেশ্বরাঃ॥"

(ভারত অনু ১৫০ অঃ)

গণেশ্বর, বালেশ্বর জেলার অন্তর্গত একটী পরগণা। ইহার মধ্যে চালুনি গাঁ ও পাইক্রপা নামক দুইটী গণ্ডগ্রাম আছে।

গণেশ্বরী, একটী নদী। আসামের অন্তর্গত গারো পর্ব্বতের কৈলাশ নামক শৃঙ্গ হইতে ক্রমশঃ দক্ষিণবাহিনী হইয়া ময়মনসিংহ জেলার মধ্য দিয়া প্রবাহিত হইয়াছে। তথায় যে স্থানে দুইকূলে পাহাড়ের মধ্য দিয়া ইহা প্রবাহিত হইয়াছে, তথাকার শোভা চমৎকার।

গণোৎসাহ (পুং স্ত্রী) গণে গণ-ভাবে সম্ভূয় করণে উৎসাহো যস্য বহুব্রী। গণ্ডক। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হইয়া 'গণোৎসাহী' হয়।

গণ্‌গণিয়া (দেশজ) অতিশয় প্রখর।

গণতি (গণয়তি শব্দজ) গণা, গণনা করা।

গণ্ড (পুং) গড়ি বদনৈকদেশে গড়ি অচ্। যদ্বা গম্-ড (ঞমন্তাদ্ ডঃ। উণ্ ১।১১৩।) ১ কপোল, গাল। ২ হস্তিকপোল। ইহার পর্য্যায়—কট, করট, কটক, হস্তিগণ্ডক।

"প্রমাণাভ্যধিকস্যাপি গণ্ডস্যাম্মদচ্যুতেঃ।
পদং মূর্দ্ধ্নি সমাধাত্ত কেশরী মত্তদন্তিনঃ॥" (পঞ্চতন্ত্র)

(পুং স্ত্রী) ৩ গণ্ডক, গণ্ডার। ৪ বীথ্যঙ্গ। ৫ পিটক। ৬ চিহ্ন। ৭ বীর। ৮ অশ্বভূষণ, ঘোড়ার সাজোয়ার্। ৯ বুদ্বুদ। (মেদিনী)। ১০ স্ফোটক, ফোড়া। ১১ গ্রন্থি। (অমরটীকা° রমানাথ।) ১২ বিষ্কুম্ভাদি যোগের মধ্যে ১০ম যোগ।

"গণ্ডোবৃদ্ধির্ব্যয়শ্চৈব ব্যাঘাতো হর্ষণস্তথা।" (জ্যোতিষ°)

কোষ্ঠীপ্রদীপের মতে এই যোগে জন্মিলে স্বার্থপর, পরের অনিষ্টকারী, অতিশয় ধূর্ত্ত, কুরূপ ও আত্মীয়বর্গের যন্ত্রণার কারণ হয়, ইহার গণ্ডদুটী অপেক্ষাকৃত স্থূল এবং কথাও কিছু বড় বড় হইয়া থাকে।

১৩ অশ্বিনী প্রভৃতি কএকটী নক্ষত্রের দুষ্ট অংশ। কোন নক্ষত্রের কোন অংশকে গণ্ড বলে এবং তাহার ফলই বা কি? এ বিষয়ে জ্যোতির্বিদ্‌গণের মতভেদ লক্ষিত হয়।

অশ্বিনী, মঘা ও মূলানক্ষত্রের প্রথম তিন দণ্ড এবং রেবতী, অশ্লেষা ও জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ পাঁচদণ্ডকে গণ্ড বলে। ইহার মধ্যে মূলা ও জ্যেষ্ঠা নক্ষত্রের গণ্ডকে দিবাগণ্ড, মঘা ও অশ্লেষার গণ্ডকে রাত্রিগণ্ড এবং রেবতী ও অশ্বিনীর গণ্ডকে সন্ধ্যাগণ্ড বলে। গণ্ডযোগে জাতবালকের প্রায়ই মৃত্যু হয়। বাঁচিয়া থাকিলে পিতা বা মাতার মৃত্যু হইয়া থাকে। কিন্তু দিবাগণ্ডে বালিকার এবং রাত্রিগণ্ডে বালকের জন্ম হইলে কোনরূপ বিঘ্ন হয় না। মূলার প্রথমপাদে অর্থাৎ গণ্ডের মধ্যে বালক অথবা বালিকার জন্ম হইলে পিতার বিনাশ হয়, এই প্রকার মূলার দ্বিতীয়পাদে জননীর ভয়ানক রোগ, তৃতীয়পাদে ধন হানি ও চতুর্থপাদে সম্পত্তি লাভ হয়। অশ্লেষা নক্ষত্রে ইহার বিপরীত জানিবে। গণ্ডযোগে বালক অথবা বালিকার জন্ম হইলে তাহাকে পরিত্যাগ করাই উচিত। যদি স্নেহবশতঃ পরিত্যাগ করা না হয় তবে ৬ মাসের মধ্যে পিতা তাহার মুখ দেখিবেন না, দেখিলে বিপদ্ হইবার সম্ভাবনা। এরূপ স্থলে কুঙ্কুম, চন্দন, কুড়, গোরোচনা ঘৃতের সহিত মিশাইয়া চারিটী জলপূর্ণ কলসী দ্বারা বালককে স্নান করা-

হইবে। সহস্রাক্ষ মন্ত্রে স্নান করাইতে হয়। বালক দিবাগণ্ড জাত হইলে তাহার পিতার সহিত তাহাকে স্নান করাইতে হয়, রাত্রিগণ্ড জাত হইলে জননী এবং সন্ধ্যাগণ্ড জাত হইলে পিতামাতা উভয়ের সহিত বালককে স্নান করাইবে। ঘৃতপূর্ণ কাংস্যপাত্র, সুবর্ণ ও ধেনু গ্রহবিপ্রকে দান করিবে এবং গ্রহগণের পূজা করিবে। এইরূপ করিলে গণ্ডযোগ শান্তি হয়। (জ্যোতিষতত্ত্ব)।

মুহূর্ত্তচিন্তামণি ও পীযূষধারা গ্রন্থে লিখিত আছে (১) যে, নারদের মতে জ্যেষ্ঠানক্ষত্রের শেষ চারিদণ্ড ও মূলানক্ষত্রের প্রথম চারিদণ্ড এই আটদণ্ডকে গণ্ড বলে। অশ্লেষার শেষ চারিদণ্ড ও মঘার প্রথম চারিদণ্ডকেও গণ্ড বলা যায়। বসিষ্ঠের মতে জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ একদণ্ড ও মূলার প্রথম দুই দণ্ড এই তিন দণ্ডকে গণ্ড নামে উল্লেখ করা হইয়া থাকে। বৃহস্পতি জ্যেষ্ঠার শেষ অর্দ্ধদণ্ড ও মূলানক্ষত্রের প্রথম অর্দ্ধ দণ্ডকে গণ্ড বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। কোন কোন জ্যোতির্বিদের মতে মূলার প্রথম আটদণ্ড ও জ্যেষ্ঠার শেষ পাঁচদণ্ড এই ১৩ দণ্ড গণ্ড বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। পীযূষধারার মতে নারদের মতই গ্রাহ্য। ইহাতে বালক বা বালিকা জন্মিলে তাহাকে পরিত্যাগ করিবে অথবা ৮ বৎসর পর্য্যন্ত পিতা বালকের মুখ দেখিবেন না। [কোষ্ঠী দেখ।]

১৪ জাতিবিশেষ। [গোণ্ড দেখ।]

গণ্ডক (পুং) গণ্ড-স্বার্থে কন্। ১ খড়্গী, গাণ্ডার। স্ত্রিয়াং জাতিত্বাৎ ঙীষ্। ২ সংখ্যাপ্রভেদ, চারি কড়া। ৩ জ্যোতির্বিদ্যাবিশেষ। ৪ অবচ্ছেদ। ৫ অন্তরায়। ৬ ভূষণ, অলঙ্কার।

"ব্যাঘ্রনখপঙ্‌ক্তিমণ্ডিতা গণ্ডকাভরণা চ।" কাদম্বরী।

৭ দেশভেদ, গণ্ডকীনদী প্রবাহিত জনপদ।

"ততঃ স গণ্ডকান্ শূরো বিদেহান্ ভরতর্ষভ ॥"ভারত ৩।২৯।৪।

৮ ছন্দোভেদ। ৯ গ্রন্থি। "গোরোচনালিখিতভূর্জপত্র গর্ভান্ মন্ত্রগণ্ডকান্" (কাদম্বরী।)

১০ স্ফোটক রোগবিশেষ।

"অনেকবেত্রাঘাতনির্ম্মিত বহুগাত্রগণ্ডকম্।" (কাদম্বরী।)

১১ নদীবিশেষ। [গণ্ডকী দেখ।]

গণ্ডকারী (স্ত্রী) গণ্ডং ভগ্নাস্থিগ্রন্থিং করোতি সংযোজয়তি, গণ্ড-কৃ-অণ্ ঙীপ্। ১ খদিরবৃক্ষ। (শব্দচন্দ্রিকা।) ২ বরাহাক্রান্তা। (রত্নমালা।) ৩ গড়ুক মৎস্য, গড়ুই মাছ।

গণ্ডকালী (স্ত্রী) গণ্ড-কৃ-অণ্। (কর্ম্মণ্যণ্। পা ৩।১।৬) রম্ভ লম্বং। যদ্বা গণ্ডেষু গ্রন্থিষু কালী যস্যাঃ বহুব্রী। খদিরীবৃক্ষ।

"গণ্ডকালী নমস্কারী সমঙ্গা খদিরী ক্বচিৎ।" (বৈদ্যকরত্নমালা)

গণ্ডকী (স্ত্রী) গণ্ডক-ঙীষ্। ১ গণ্ডকজাতীয় স্ত্রী।

২ (বড়।) নদীবিশেষ, সচরাচর 'বড় গণ্ডক' নামে খ্যাত। ইহার অপর নাম নারায়ণী, শালগ্রামী ও হিরণ্যবাহ। হিমালয়ে নেপালরাজ্যের মধ্যে অক্ষা° ৩০° ৫৬´ ৪´´ উঃ ও দ্রাঘি° ৭৯° ৬´ ৪০´´ পূঃ মধ্যে সপ্তগণ্ডকী শৈল হইতে উদ্ভূত হইয়া দক্ষিণপশ্চিমদিকে গিয়া গোরক্ষপুরে ও চম্পারণ জেলার মধ্য দিয়া আসিয়া মজফরপুর জেলার পশ্চিম ও সারণ জেলার পূর্ব্বপ্রান্ত দিয়া পাটনার অপরপারে গঙ্গায় মিলিত হইয়াছে। গণ্ডকী পূর্ব্বে ধবলাগিরি ও পশ্চিমে গোঁসাইথানের পার্ব্বতীয় তুষার রাশি হইতে স্রোতস্বিনীরূপে পরিণত হইয়া চম্পারণের উত্তর-পশ্চিম ত্রিবেণী ঘাট হইতে নদীরূপে প্রবাহিত হইতে আরম্ভ হইয়াছে। এই স্থানে পূর্ব্বদিকে তটে একটী বালুপাথুরের পাহাড় আছে। উহা বৃক্ষশ্রেণীতে পরিপূর্ণ। ইহার অপরদিকে বাজবোটবালের বন। এই বন একেবারে গণ্ডকনদীর তীর পর্য্যন্ত আসিয়া পড়িয়াছে। এই স্থান হইতে হিমালয়ের তুষার রাশি দেখিতে পাওয়া যায়। ত্রিবেণীঘাট হইতে প্রায় ৬ ক্রোশ পথ দুইপার্শ্বে বনাকীর্ণ। নদী পার্ব্বতীয় ভূমির উপর দিয়া চলিয়াছে, সেই জন্য জলও পরিষ্কার! বন্যার পলিতে পার্শ্বস্থ ভূমি দূরস্থ ভূমি অপেক্ষা উচ্চ হইয়া উঠিয়াছে। কূলের ভূমির যে স্থান নিম্ন, সেইস্থান দিয়া বন্যার জল প্রবেশ করিয়া নিকটস্থ প্রদেশ প্লাবিত করে। বন্যা হইতে দেশ রক্ষার জন্য স্থানে স্থানে বাঁধ দেওয়া হইয়াছে। ঐ প্রদেশের জমির জল গড়াইয়া নদীতে পড়ে না, অপর দিকে যায়। পাহাড় হইতে নদীর যেখানে উৎপত্তি হইয়াছে, সেখানে অত্যন্ত স্রোত, মধ্যে মধ্যে ঘূরুনিজল, নৌকাদি তাহাতে যাতায়াতের বিশেষ অসুবিধা। তবে উহাতে নেপালের কাষ্ঠ আসিয়া থাকে। বরফ গলিয়া ইহার জল বাহির হয় বলিয়া ইহাতে বারমাস জল থাকে। বর্ষার পর স্থানে স্থানে বালির চড়া পড়ে। কোন্ সময় কোথায় চড়া পড়িবে তাহার স্থিরতা নাই। বর্ষার সময় ইহা কোথাও দেড় ক্রোশ কোথাও বা এক ক্রোশ প্রশস্ত হয়। কিন্তু শীতকালে কোথাও অর্দ্ধপোয়ার অধিক থাকে না। চম্পারণে ধেকাহা বা সত্তরঘাট, সংগ্রামপুর, গোবিন্দগঞ্জ, বরি-

(১) "অভুক্তমূলং ঘটিকা চতুষ্টয়ং জ্যেষ্ঠান্ত্যমূলাদিভবং হি নারদঃ।
বসিষ্ঠ এক দ্বিঘটীমিতং জগৌ বৃহস্পতিস্ত্বেক ঘটীপ্রমাণকম্॥
অথোচুরন্যে প্রথমাষ্টঘট্যোমূলস্য শাক্রান্তিমপঞ্চনাড্যঃ।
জাতং শিশুং তত্র পরিত্যজেদ্বা সুখং পিতাহস্যাষ্টসমা ন পশ্যেৎ॥"

য়ারপুর, রতবাল, বগহা, নারায়ণপুর, ও শনিচরি, সারণে সলিমপুর, সত্তর, সারঙ্গপুর, সোহাঁসি, রেবা, বারবা, সজ্জা ও শোনপুরে ইহার ঘাট আছে।

গণ্ডক নদী অতি প্রাচীন কাল হইতে পুণ্যসলিলা বলিয়া বিখ্যাত। (স্কন্দপুরাণে হিমবৎখণ্ড ৮।৪, পাতাল খণ্ড ১১৩।১, ভবিষ্যব্রহ্মখ° ৩৮।১-১০।) মহাভারতের সভাপর্ব্বের ২০ অধ্যায়ে লিখিত আছে যে কৃষ্ণ অর্জ্জুন ও ভীমসেন কুরুদেশ হইতে গমন করিয়া কুরুজাঙ্গল পার হইয়া পদ্মসরোবরে আসিলেন। তথা হইতে কালকূট পর্ব্বত অতিক্রম করিয়া গণ্ডকী, চক্রাবর্ত্ত ও একটী পার্ব্বত্য স্রোতস্বিনী পার হইয়া চলিলেন। বৌদ্ধদিগের গ্রন্থেও গণ্ডকীনদীর নামোল্লেখ দেখিতে পাওয়া যায়। গ্রীকদিগের গ্রন্থেও ইহার উল্লেখ আছে। মিগাস্থনিস ইহাকে কণ্ডকেতিস্ (Candochates) বলিয়া উল্লেখ করিয়াছেন। টলেমী ইহার কোন নামে উল্লেখ করেন নাই; কিন্তু প্রকারান্তরে ইহার বৃত্তান্ত লিখিয়াছেন। তাঁহার মতে এই নদী সেলামপুর হইতে উঠিয়া শৈলপুর বা শৈলগ্রাম হইতে আসিয়া গঙ্গার সহিত মিলিত হইয়াছে। পূর্ব্বে এই নদীতে শালগ্রামশিলা পাওয়া যাইত বলিয়া ইহার নাম শালগ্রামী বা নারায়ণী। কথিত আছে, নারায়ণ শনির ভয়ে ভীত হইয়া মায়াপ্রভাবে শৈলময় পর্ব্বত হইয়াছিলেন। শনি তাহা বুঝিতে পারিয়া কীটরূপে তাহার মধ্যে প্রবেশ করিয়া একদিক্ হইতে অপরদিক্ পর্য্যন্ত গর্ত্ত করিয়া ফেলে। এক বৎসর কাল এইরূপে উত্যক্ত হইয়া নারায়ণের ঘর্ম্ম হইতে লাগিল। এক গণ্ড কৃষ্ণবর্ণ ও শ্বেতবর্ণ ঘর্ম্ম বাহির হইল। সেই কৃষ্ণবর্ণ ঘর্ম্ম হইতে কৃষ্ণা ও শ্বেতবর্ণ ঘর্ম্ম হইতে শ্বেত গণ্ডকী প্রবাহিত হইল। একটী পূর্ব্বে ও অপরটী পশ্চিমে চলিল। এক বৎসরের পর বিষ্ণু নিজরূপ ধরিয়া চলিয়া গেলেন। কিন্তু শালগ্রামশিলাকে নারায়ণরূপে পূজা করিতে বলিয়া দিলেন। [শালগ্রাম দেখ।] সেই অবধি উহা পূজিত। গণ্ডকের জলে নারায়ণের অংশ আছে বলিয়া উহা হিন্দুর নিকট অতি পবিত্র। ৩ পূর্ব্বোক্ত গণ্ডকী নদীর অধিষ্ঠাত্রী দেবী।

গণ্ডকীদেবী দশহাজার বৎসর পর্য্যন্ত বহুকষ্টে বায়ু ও বৃক্ষগলিতপত্র খাইয়া ভগবান্ বিষ্ণুর আরাধনা করেন। বিষ্ণু গণ্ডকীর তপস্যায় সন্তুষ্ট হইয়া তাহার নিকটে উপস্থিত হইলেন। গণ্ডকী সেই চতুর্ভুজ শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী বিষ্ণুকে দেখিয়া ভক্তিসহকারে নানাবিধ স্তব করেন। তাহাতে বিষ্ণু আরও প্রীত হইলেন এবং গণ্ডকীকে বর লইতে বলিলেন। গণ্ডকী বলিল, "জগদীশ্বর! যদি এ দাসীর প্রতি আপনার করুণা হইয়া থাকে, তবে দাসীর অভিপ্রায় যে আপনি আমার গর্ভগত হইয়া আমার পুত্র হউন।" বিষ্ণু বলিলেন, "গণ্ডকি! আমি শালগ্রামশিলারূপে তোমার গর্ভে বাস করিব, তুমি জগতের মধ্যে শ্রেষ্ঠ হইবে। তোমার দর্শন, স্পর্শন, তোমাতে অবগাহন বা স্নান এবং তোমার জলপান করিলে কায়িক, বাচনিক ও মানসিক এই তিন প্রকার পাপ বিনষ্ট হয়।" বিষ্ণু এই প্রকার বর দিয়া চলিয়া গেলেন। সেই হইতেই গণ্ডকী নদী সকল নদীর প্রধানা হইল। এ দেশে যে সকল শালগ্রাম শিলা ভক্তিসহকারে বিষ্ণু ভাবিয়া পূজিত হইয়া থাকে, সেই সকল শিলাই গণ্ডকী নদী হইতে উৎপন্ন। বিষ্ণুর বরেই তাহা সকলের আদরণীয় হইয়াছে। (বরাহপুরাণ) [শালগ্রাম দেখ।]

গণ্ডকী (ছোট) একটী প্রসিদ্ধ নদী। বড়গণ্ডকের মত ইহাও নেপালরাজ্যের পর্ব্বতশ্রেণী হইতে উদ্ভূত হইয়া গোরক্ষপুর জেলা হইয়া আসিয়াছে। ইহা বড় গণ্ডক হইতে ৪ ক্রোশ দূর থাকিয়া সমান্তরালভাবে আসিয়া সারণজেলার মধ্যে সুনারিয়া নামক স্থানে (অক্ষা° ২৫°৪১´ উঃ ও দ্রাঘি° ৮৫°১৪´ ৩০´´ পূঃ) ঘর্ঘরা নদীতে পতিত হইয়াছে। যে স্থানে ইহার উৎপত্তি সেই স্থানকে সোমেশ্বর পর্ব্বত বলে। উহা চম্পারণের দুন নামক পর্ব্বতের অংশ। হরহা নামক গিরিশঙ্কট ইহার অতি নিকট। এজন্য ছোটগণ্ডকের প্রথমাংশ হরহা নামে অভিহিত। তৎপরের অংশ ক্রমশঃ শিখরেনা, বুড়িগণ্ডক ও ছোটগণ্ডক বলিয়া উক্ত হইয়া থাকে। রামনগর, বেতিয়া ও সগৌলিনগর ইহার তীরে অবস্থিত। গ্রীষ্মকালে ইহাতে জল থাকে না। তখন ইহার বিস্তার ৪০ হস্তমাত্র। কিন্তু বর্ষাকালে ইহাতে প্রচুর জল আসিয়া পড়ে। উড়িয়া, ধোরাম, জমুয়া, পাণ্ডাই, হরবোরা, বালইয়া, রামরেখা ও মাসাই নামক উপনদী ইহাতে মিলিত হইয়াছে। কাহারও মতে এই ছোট গণ্ডকের অপর নাম হিরণ্বতী।

গণ্ডকী, পূর্ব্বোক্ত গণ্ডকী নদী-নিঃসৃত একটী পয়োপ্রণালী। গণ্ডকনদীর একটী শাখা হইতে বাহির হইয়া সারণ জেলার মধ্যে দক্ষিণপূর্ব্বভাগে শীতলপুরের নিকট মহী নামে শোনপুরের নিকট গঙ্গায় মিলিত হইয়াছে। গোপালগঞ্জ, চৌকি হসন, রামপুর, খোবাম, গুরখা ও শীতলপুর ইহার তটে অবস্থিত। গঙ্গার বন্যা হইলে সেই জল গুরখা পর্য্যন্ত গিয়া থাকে। দিঘবারা পর্য্যন্ত সমুদায় স্থান জলে প্লাবিত হয়। গ্রীষ্মকাল হইতে সামান্যই জল থাকে; কৃষকেরা তখন ইহার মধ্যে বাঁধ বাধিয়া দিয়া জল ধরিয়া কৃষিকার্য্য

করে। গণ্ডকের ধারে বাধ দেওয়াতে ইহার জল কমিয়া গিয়াছে। বাধ দেওয়ার পূর্ব্বে গণ্ডকনদী পর্য্যন্ত ইহাতে বড় বড় নৌকা গতিবিধি করিত। এখন বর্ষাকালে হাজার মণী নৌকা গুরখা পুল পর্য্যন্ত গমন করিতে পারে। এই গণ্ডকীর দৈর্ঘ্য ৪৫ ক্রোশ। ইহার মধ্যে নদীগর্ভ ৫২ হস্ত নামিয়া আসিয়াছে। ধনাই নামক নদী ইহাতে আসিয়া পড়িয়াছে।

গণ্ডকীপুত্র (পুং) গণ্ডক্যাঃ পুত্রঃ ৬তৎ। শালগ্রামশিলা।

গণ্ডকুসুম (ক্লী) গণ্ডস্য হস্তিকপোলস্য কুসুমমিব ৬তৎ। হস্তিমদ। (হারাবলী)

গণ্ডকূপ (পুং) গণ্ডে গণ্ডবদুচ্চে পর্ব্বতভূগৌ কূপঃ, ৭তৎ। পর্ব্বতের উচ্চস্থান।

'উদ্দেশো গণ্ডকূপস্তু পর্ব্বতস্যাভিধীয়তে।' (হারাবলী)

গণ্ডগড়, পঞ্জাবের অন্তর্গত রাবলপিণ্ডি ও হাজারা জেলার মধ্যে একটী গিরিশ্রেণী, অক্ষা° ৩৩° ৫৭´ উঃ ও দ্রাঘি° ৭২° ৪৬´ পূঃ মধ্যে অবস্থিত। পাহাড়গুলি হাজারা হইতে আরম্ভ করিয়া রাবলপিণ্ডি পর্য্যন্ত গিয়া গণ্ডগড় পর্ব্বতে গিয়া মিলিত হইয়াছে। চচ নামক উপত্যকার দিকে এই পর্ব্বত ক্রমশঃ ঢালু হইয়া আসিয়াছে। অপর সকল দিকে উচ্চ ও দুরারোহ। এই সকল দিক্ হইতে কএকটী উপনদী নির্গত হইয়া হরো নামক নদীতে মিলিত হইয়াছে।

গণ্ডগাত্র (ক্লী) গণ্ডইব উচ্চাবচং গাত্রমস্য বহুব্রী। ফলবিশেষ। (শব্দচিন্তামণি।) আতা। হিন্দীভাষায় সারিফা বলে। ইহার গুণ শীতল, বৃষ্য, বাতপিত্তনাশক, শ্লেষ্মবৃদ্ধিকর, তৃষ্ণানাশক ও বমন-ক্লেশনিবারক। (আত্রেয়সংহিতা)

গণ্ডগোল (দেশজ) ১ বিবাদ। ২ অতিশয় কোলাহল।

গণ্ডগ্রাম (পুং) গণ্ডঃ ভূষণস্বরূপঃ প্রশস্তঃ গ্রামঃ। প্রশস্ত গ্রাম, যে গ্রামে বহুলোক বাস করে, তাহাকে গণ্ডগ্রাম বলে।

গণ্ডদূর্ব্বা (স্ত্রী) গণ্ডা গ্রন্থিযুক্তা দূর্ব্বা কর্ম্মধা°। দূর্ব্বাবিশেষ, চলিতভাষায় গাঁটিয়াদূর্ব্ব ও হিন্দীতে দুবিপাৎ বলে।

ইহার পর্য্যায়—গণ্ডালী, অতিতীব্রা, মৎস্যাক্ষী, বারুণী, মীনপর্ণী, সূচীনেত্রা, শ্যামগ্রন্থি, গ্রন্থিলা, গ্রন্থিপর্ণী, সূচীপত্রা, শ্যামকাণ্ডা, জলস্থা, শকুলাক্ষী, কলায়া, চিত্রা। ইহার গুণ—মধুর, বাত, পিত্ত, জ্বর, ভ্রান্তি ও তৃষ্ণাশ্রমনাশক এবং শীতল। (রাজনি°) ভাবপ্রকাশের মতে ইহার গুণ—শীতল, লোহদ্রাবক, গ্রাহী, লঘু, তিক্ত, কষায়, মধুর, কটুপাক, বাতবৃদ্ধিকর; দাহ, তৃষ্ণা, দুর্ব্বলতা, শ্বাস, কুষ্ঠ ও পিত্তজ্বর নাশক। (ভাবপ্রকাশ)

গণ্ডদেব, দক্ষিণাপথের গঙ্গাবংশীয় একজন প্রাচীন রাজা। শিলালিপিপাঠে জানা যায়, ইনি কাঞ্চিপুরের পল্লবরাজ ও চোলরাজকে পরাজয় করিয়া ছিলেন। কাঞ্চীরাজ গণ্ডদেবকে কর দিতেন। পাণ্ড্যরাজ ইঁহার সহিত মিত্রতা স্থাপন করেন।

গণ্ডদেশ (পুং) গণ্ডস্থল, কপোল।

গণ্ডপাদ (ত্রি) গণ্ডস্য পাদ ইব পাদোঽস্য বহুব্রী। যাহার পা দুখানি গণ্ডের সদৃশ। এই শব্দটী হস্ত্যাদি গণান্তর্গত বলিয়া পাদশব্দের অকার লোপ হইল না।

গণ্ডফলক (ক্লী) গণ্ডঃ ফলকমিব উপমিতস°। ১ বিস্তীর্ণ গণ্ডস্থল। (ত্রি) গণ্ডঃ ফলকমিব যস্য বহুব্রী। ২ যাহার গণ্ডস্থল অতিশয় বিস্তীর্ণ। "ধৃতমুগ্ধগণ্ডফলকৈর্বিবভুর্বিকসদ্ভিরাস্যকমলৈঃ প্রমদাঃ।" (মাঘ ৯। ৪৭)

গণ্ডপোলিকা (স্ত্রী) কীটবিশেষ, চলিত কথায় গণ্ডহুয়া বলে।

গণ্ডপ্রপালী (স্ত্রী) কীটবিশেষ। (বৈদ্যক)

গণ্ডভিত্তি (স্ত্রী) গণ্ডং ভিত্তিরিব উপমি°। প্রশস্ত গণ্ডস্থল। "অনুগতমলিবৃন্দৈর্গণ্ডভিত্তীং বিহায়।" (রঘু ১২।১০২)

গণ্ডমাক, আফগানস্থানের নিকট জলালাবাদ হইতে কাবুলে যে রাস্তা গিয়াছে তাহারই পার্শ্বে অবস্থিত একটী গ্রাম। জলালাবাদ হইতে ১৭॥০ ক্রোশ; পার্শ্ববর্ত্তী স্থান হইতে সমধিক উচ্চ। জলালাবাদ হইতে এস্থান অধিক শীতল। অধিবাসীরা গুটিপোকার চাষ করে। ১৮৩৯ ও ১৮৪২ খৃষ্টাব্দে ইহার নিকটে ইংরাজদিগের সহিত আফগানবাসীদিগের যুদ্ধ হয়। ১৮৫২ খৃষ্টাব্দে ইংরাজসেনা যখন কাবুল হইতে প্রত্যাবর্ত্তন করেন, তখন অবশিষ্ট ২০ জন সেনানায়ক ও ৪৫ জন গোরা এইখানে কাটা পড়ে। ১৮৭৯ খৃষ্টাব্দে মে মাসে আফগানস্থানের আমীর সের আলির পুত্র যাকুবখাঁর সহিত একটী সন্ধি হয়। এই সন্ধিতে ইংরাজ অধিকার আফগানপ্রান্তে বিস্তৃত হয় ও কাবুলে একজন ইংরাজ রেসিডেণ্ট রাখিবার বন্দোবস্ত হয়।

গণ্ডমালা (স্ত্রী) গণ্ডানাং গ্রীবাজাত স্ফোটবিশেষাণাং মালা সমূহোঽস্যাং বহুব্রী। গলরোগবিশেষ, গলগণ্ড। [গলগণ্ড দেখ।]

গণ্ডমালিকা (স্ত্রী) গণ্ডানাং গ্রন্থীনাং মালা যত্র বহুব্রী, কপ্ অত ইত্বং। লজ্জালুলতা। (রত্নমালা)

গণ্ডমালিন্ (ত্রি) গণ্ডমালা অস্ত্যস্য গণ্ডমালা-ইনি। যাহার গণ্ডমালা রোগ আছে, গলগণ্ডরোগযুক্ত।

গণ্ডমূর্খ (ত্রি) গণ্ডঃ অতিশয়িতঃ মূর্খঃ। অতিশয় মূঢ়, ঘোর নির্বোধ।

গণ্ডয়ন্ত (পুং) গড়ি ঝচ্। মেঘ। (উজ্জ্বলদত্ত) [গড়য়ন্ত দেখ।]

গণ্ডলিখ্যা (স্ত্রী) চর্ম্মকরা। (বৈদ্যক)

গণ্ডলী (স্ত্রী) গণ্ডইব ক্ষুদ্রশৈলং তত্র লীয়তে লী-ক্বিপ্। মহাদেব। "গণ্ডলী মেরুধামা চ দেবাধিপতিরেবচ।" (ভারত, আনু ১৭ অঃ।) 'সুলোপ আর্ষ' নীলকণ্ঠ।

গণ্ডলেখা (স্ত্রী) লিখ্যতেঽত্র লেখাস্থলীগণ্ডঃ লেখাইব। প্রশস্ত গণ্ডস্থল।

গণ্ডবানা, [গোণ্ডবন দেখ।]

গণ্ডবিন্দু (পুং) কুবেরের সেনাপতি। বিশ্রবামুনির জ্যেষ্ঠ পুত্র ধর্ম্মপরায়ণ কুবের পিতার আজ্ঞায় লঙ্কায় রাজত্ব করিতে ছিলেন। দুর্বৃত্ত রাবণ তাঁহাকে তাড়াইয়া লঙ্কা নগরে আপনার আধিপত্য বিস্তার করেন। কুবের তাঁহার ভয়ে দেশ ছাঁড়িয়া কৈলাসপর্ব্বতে বাস করিতে ছিলেন, রাবণের চক্ষে তাহাও অসহ্য হইয়া উঠিল, রাবণ কুবেরপুরী আক্রমণ করেন। তখন কুবের আপনার সেনাপতি গণ্ডবিন্দুর উৎসাহে ও পরামর্শে যুদ্ধ করিতে আরম্ভ করেন। সেই যুদ্ধে সেনাপতি গণ্ডবিন্দু অনেক ভুজবিক্রম ও যুদ্ধ কৌশল প্রকাশ করেন। তাহার কৌশলে রাবণের অনেক সৈন্য কালগ্রাসে পতিত হয়। পরিশেষে মারীচের মায়াযুদ্ধে গণ্ডবিন্দুকে পরাজিত হইতে হইয়াছিল। (রামরসায়ণ উত্তর ৫ অঃ)

গণ্ডশিলা (স্ত্রী) গণ্ডঃ ভূমে রুচ্ছ্রূনপ্রদেশঃ তদ্বৎ শিলা। স্থূলপাষাণ। "দৃষ্টোঽঙ্গুষ্ঠশিরোমাত্রঃ ক্ষণাদ্ গণ্ডশিলা সমঃ।" (ভাগবত ৩।১৩।৩১)

গণ্ডশৈল (পুং) গণ্ডইব শৈলঃ যদ্বা শৈলস্য গণ্ডইব রাজদণ্ডাদিত্বাৎ গণ্ডশব্দস্য পূর্ব্বনিপাতঃ। ১ ভূকম্পাদি দ্বারা পর্ব্বত হইতে পতিত স্থূলপাষাণ। (অমর)

"অস্মিন্ ভজন্তি কনকোপলগণ্ডশৈলাঃ।" (মাঘ)

২ ক্ষুদ্র পর্ব্বত। ৩ ললাট। (হেমঃ)

গণ্ডসাহ্বয়া (স্ত্রী) গণ্ডেন সহিত আহ্বয়ো যস্যাঃ বহুব্রী। গণ্ডকী নদী। "গঙ্গাচ শতকুম্ভাচ শরযুর্গণ্ডসাহ্বয়া!" (ভারত ৩। ২১২ অঃ)

গণ্ডস্থল (ক্লী) গণ্ডঃ স্থলমিব উপমিতসং। গণ্ডদেশ, সমস্ত গাল। "অভিনবমদলেখাশ্যামগণ্ডস্থলানাম্" (ভর্তৃহরি)

গণ্ডস্থলী (স্ত্রী) গণ্ডঃস্থলীব উপমিতসং। গণ্ডদেশ, কপোল স্থল। "সুরতজনিতখেদ স্বাদ্র গণ্ডস্থলীনাম্।" (ভর্তৃহরি)

গণ্ডা (দেশজ) অঙ্কশাস্ত্রের পারিভাষিক সংজ্ঞা বিশেষ, চারি কড়া।

গণ্ডা, উত্তর পশ্চিমাঞ্চলের অযোধ্যা প্রদেশের একটী নগর। অক্ষা° ২৭° ৭´৩০´´ উঃ ও দ্রাঘি° ৮২° পূঃ মধ্যে ফয়জাবাদ হইতে ১৪ ক্রোশ দূরে অবস্থিত। ইহা গণ্ডা জেলার প্রধান নগর। এই জেলায় আহীরজাতি কৃষি-কার্য্য করে।

এই প্রদেশ পূর্ব্বে উত্তরকোশল রাজ্যের অন্তর্গত গৌড় বলিয়া খ্যাত ছিল। [শ্রাবস্তী দেখ।] শ্রাবস্তীনগরের ধ্বংশাবশেষ এইখানে দেখিতে পাওয়া যায়।

গণ্ডাকিয়া (দেশজ) চারিকড়ায় একগণ্ডা, আটকড়ায় দুই গণ্ডা ইত্যাদি প্রকারে গণনা করিবার প্রণালীকে গণ্ডাকিয়া বলে। এ দেশীয় পাঠশালায় এই নিয়মে ছোট বালক বালিকাদিগকে গুরুমহাশয় গণ্ডাকিয়া পড়াইয়া থাকেন।

গণ্ডাঙ্গ (পুং স্ত্রী) গণ্ড ইব উচ্ছ্রূনমঙ্গং যস্য বহুব্রী। গণ্ডক। (শব্দচন্দ্রিকা) স্ত্রীলিঙ্গে ঙীপ হইয়া গণ্ডাঙ্গী শব্দ হয়।

গণ্ডান্ত (ক্লী) তিথি, নক্ষত্র ও লগ্নের সন্ধিকাল।

"নক্ষত্রতিথিলগ্নানাং গণ্ডান্তং ত্রিবিধং স্মৃত°।
নবপঞ্চ চতুর্থানাং দ্বেকার্দ্ধঘটিকামিতং॥" (জ্যোতিষ°)

গণ্ডার (গণ্ডক শব্দজ) স্বনাম প্রসিদ্ধ জন্তুবিশেষ, গণ্ডক। [গাণ্ডার দেখ।]

গণ্ডারি (পুং) গণ্ডস্য গণ্ডরোগস্যারিরিব তস্য নাশকত্বাৎ। কোবিদার বৃক্ষ। (ভাবপ্রকাশ) [কোবিদার দেখ]

গণ্ডারী (স্ত্রী) মঞ্জিষ্ঠা। (বৈদ্যক)

গণ্ডালী (স্ত্রী) গণ্ডেন গ্রন্থিনা অল্যতে ভূষ্যতে অল্-ঘঞ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। যদ্বা গণ্ডং অলতি গণ্ড-অল-কর্ম্মণ্যণ্। উপপদসং ততঃ ঙীপ্। ১ শ্বেতদূর্ব্বা। ২ সর্পাক্ষী বৃক্ষ। (ভাবপ্রকাশ।) ৩ মৎস্যাক্ষী।

গণ্ডাব, বলুচিস্থানের কাছি নামক বিভাগের প্রধান নগর। বাঘ নামক স্থান হইতে ২০ ক্রোশ দক্ষিণ পশ্চিম মূলা নামক গিরিসঙ্কট যাইবার পথে অক্ষা° ২৮°৩২´ উঃ ও দ্রাঘি° ৬৩°৩২´ পূঃ মধ্যে অবস্থিত। ইহা একটী উচ্চ ভূমির উপর পরিখা দ্বারা বেষ্টিত গড় দ্বারা সুরক্ষিত। এই স্থানে খিলাতের খাঁর একটী বাটী আছে। শীতকালে খাঁ তথায় অবস্থিতি করেন।

গণ্ডি (পুং) গড়ি-ইন্। বৃক্ষের মূল হইতে শাখা পর্য্যন্ত ভাগকে গণ্ডি বলে। চলিত কথায় গাছের গুঁড়ি।

গণ্ডি (দেশজ) বৃত্তাকারে অঙ্কিত রেখা।

গণ্ডিক (ত্রি) গণ্ডঃ বুদ্বুদ্ ইব আকারেণাস্ত্যস্য গণ্ড ঠন্। ১ বুদ্বুদের তুল্য ক্ষুদ্র পাষাণাদি।

"গন্ধমাদনপার্শ্বেতু পরে ত্বপরগণ্ডিকাঃ" (ভারত ৬।৬ অঃ)

'অপরে অস্য গন্ধমাদনস্যৈবায়বভূতাঃ বুদ্বুদোপমাঃ ক্ষুদ্রশৈলাঃ'। নীলকণ্ঠ।

গণ্ডিকা (স্ত্রী) গণ্ড-অল্পার্থে-ঙীপ্-স্বার্থে-কন্ ঈকারস্য হ্রস্বত্বঞ্চ। ক্ষুদ্রগণ্ড পাষাণ।

"তথা মাল্যবতঃ শৃঙ্গে পূর্ব্বাপূর্ব্বানুগণ্ডিকাঃ। (ভারত ৬।৭ অঃ)

গণ্ডিকোট বা গুণ্ডিকোটা—মান্দ্রাজ প্রেসিডেন্সির অন্তর্গত

কদাপা জেলার মধ্যে যেরমলয় নামক পর্ব্বতের একটী দুর্গ। ইহা অক্ষা° ১৪° ৪৮´ উঃ ও দ্রাঘি ৭৮° ২০´ পূঃ মধ্যে অবস্থিত। ইহা একটী সুদৃঢ় দুর্গ। এখানে বিজয়নগর রাজাদিগের প্রতিষ্ঠিত একটী দেবমন্দির আছে। প্রসিদ্ধ ইতিহাসলেখক ফেরিস্তা বলেন যে, ইহা ১৫৮৯ খৃষ্টাব্দে নির্ম্মিত হয়। গোলকণ্ডার রাজা ইহা একবার অধিকার করিয়াছিলেন। অরঙ্গজিবের সময় তাঁহার সেনাপতি মীরজুম্লা কয়েক বৎসর দখল করিয়াছিলেন। তাহার পর হায়দ্রাবাদের বালাঘাটের ৫টী সরকারের মধ্যে একটীর রাজধানী হইয়াছিল। শেষে কদাপার পাঠান নবাব এই স্থান অধিকার করিয়া নিজ রাজ্যভুক্ত করিয়া লন। প্রসিদ্ধ হায়দার আলির পিতা ফতে নায়কের বীরত্ব এইখানে প্রকাশ পায়। হায়দার আলি অধিকার করিয়া আরও সুদৃঢ় করেন। কিন্তু ১৭৯১ খৃষ্টাব্দে টিপুর সহিত যুদ্ধের সময় ইংরাজ সেনাপতি কাপ্তেন লিটল্ জয় করিয়া লন। ১৮০০ খৃষ্টাব্দে নিজাম ইহা ইংরাজদিগকে দান করেন। এই দুর্গ বালুপাথরের পাহাড়ের উপর নির্ম্মিত। ইহার মধ্য দিয়া পেনার নামক নদী প্রবাহিত হইয়া কদাপা অঞ্চলে গিয়াছে।

গণ্ডী (স্ত্রী) খড়ির রেখা টানিয়া সীমা চিহ্নিত করিয়া দেওয়া। (দিব্যাবদান)

গণ্ডীর (পুং) গড়ি বাহুলকাৎ ঈরন্। ১ সমষ্ঠিলা। (জটাধর।) শশা। ২ অনুপদেশজাত শাক। (ভরত।) পুমিয়া। ৩ বীর।

গণ্ডীরী (স্ত্রী) গণ্ডীর গৌরাদিত্বাৎ ঙীষ্। সেহণ্ড বৃক্ষ। (রাজনি°।) চলিত কথায় সিজ বলে।

গণ্ডু(ণ্ডূ) (পুং স্ত্রী) গণ্ড্যতে গড়ি-উন্। স্ত্রীলিঙ্গে ঊঙ্ হয়। ১ উপধান, বালিশ। (জটাধর) (পুং) ২ গ্রন্থি। (শব্দার্থচিন্তামণি) (ত্রি) ৩ গ্রন্থিযুক্ত।

গণ্ডুপদ (পুং) গণ্ডুঃ গ্রন্থিযুতানি পদানি যস্য বহুব্রী। ১ কিঞ্চুলক, কেঁচো।

গণ্ডুপদভব (ক্লী) গণ্ডুপদইব ভবতি উৎপদ্যতে ভূ-অচ্। সীসক। (হেম°)

গণ্ডূপদী (স্ত্রী) ক্ষুদ্রো গণ্ডূপদঃ গণ্ডূপদ অল্পার্থে ঙীপ্। ১ ক্ষুদ্র কিঞ্চুলক, ছোট কেঁচো। ২ কিঞ্চুলকজাতীয় স্ত্রী। (অমর)

গণ্ডূষ (পুং) গড়ি-ঊষন্। (গণ্ডেশ্চ। উণ্ ৪। ৭৮) ১ মুখপূরণ।

"ভীমস্ত বিজয়স্যাথ কাঞ্চনো হোত্রকস্ততঃ।
তস্য জহ্নুঃ সুতো গঙ্গাং গণ্ডূষীকৃত্য যোঽপিবৎ॥"
(ভাগবত ৯।১৫।৩)

২ মুখের মধ্যে ধৃত জল।

"গণ্ডূষমুজ্ঝিতবতা পয়সঃ সরোষং।" (মাঘ)

৩ হাতীর শুঁড়ের অগ্রভাগ। ৪ প্রস্থতি পরিমিত, এক কোষ। (মেদিনী)

"গণ্ডূষ জলমাত্রেন শফরী ফর্‌ফরায়তে।" (উদ্ভট)

গণ্ডূষবিধি (পুং) গণ্ডূষস্য বিধির্বিধানং ৬তৎ। ভাবপ্রকাশোক্ত মুখগণ্ডূষ করিবার নিয়ম। ভাবপ্রকাশের মতে দন্তধাবন ও জিহ্বা নির্লেখনের পরে শীতল জল দিয়া বার বার গণ্ডূষ ধারণ করিবে। ইহাতে কফ, তৃষ্ণা, মুখ মল বিনষ্ট হয়, এবং মুখের অভ্যন্তরও বিশোধিত হয়। ঈষৎ উষ্ণজলে গণ্ডূষ ধারণ করিলে কফ, অরুচি, মুখ মল ও দন্তের জড়তা নিবারিত হয়। বিষ, মূর্চ্ছা, মদাত্যয়, রাজযক্ষ্মা ও রক্তপিত্ত এই সকল রোগাক্রান্ত ব্যক্তির পক্ষে গণ্ডূষ ধারণ অহিতকর। যাহার চক্ষু দূষিত বা মল কুপিত হইয়াছে কিম্বা যে ব্যক্তি অতিশয় দুর্ব্বল বা রুক্ষ তাহার পক্ষে উষ্ণজলে গণ্ডূষ ধারণ প্রশস্ত নহে।

গণ্ডূষা (স্ত্রী) গণ্ডূষ-টাপ্। গণ্ডূষ। (অমর)

গণ্ডোপধান (ক্লী) উপধীয়তে অত্র উপধা অধিকরণে ল্যুট্ গণ্ডস্য উপধানং ৬তৎ। উপধানবিশেষ, যাহাতে গণ্ডস্থল বিন্যস্ত করিয়া রাখা যায়, গালবালিশ।

"মৃদুগণ্ডোপধানানি শয়নানি সুখানি চ।" (সুশ্রুত, চি° ৫ অঃ)

গণ্ডোল (পুং) গড়ি-ওলচ্। (কপিগড়িগণ্ডিকটিপটিভ্য ওলচ্। উণ্ ১। ৬৭) ১ গুড়। ২ গ্রাস। (হেম°)

গণ্ডোলপাদ (ত্রি) গণ্ডোলইব পাদোযস্য বহুব্রী। গণ্ডোলের ন্যায় বর্ত্তুলাকার পাদবিশিষ্ট। এই শব্দটী হস্ত্যাদি গণান্তর্গত বলিয়া অন্ত্যলোপ হইল না। স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীপ্ হয়।

গণ্য (ত্রি) গণং লব্ধা গণ-যৎ (ধনগণং লব্ধা। পা ৪। ৪। ৮৪) যদ্বা গণ্যতে ঽসৌ। গণ কর্ম্মণি যৎ। ১ যিনি শ্রেষ্ঠতা লাভ করিয়াছেন, শ্রেষ্ঠ। ২ গণনীয়, যাহা গণনা করিবার যোগ্য। গণে ভবঃ গণ-যৎ (দিগাদিভ্যো যৎ। পা ৪। ৩। ৫৪) ৩ গণ হইতে যাহার উৎপত্তি হয়।

গৎ (ত্রি) গচ্ছতি গম্-ক্বিপ্ মকারস্য লোপঃ (গমঃ ক্বৌ। পা ৬। ৪। ৪০) তুগাগমশ্চ। ১ যে গমন করে। এই শব্দটী প্রায়ই অন্য শব্দের যোগে ব্যবহৃত হয়। যথা অধ্বগৎ।

গত (ত্রি) গম-কর্ত্তরি-ক্ত (গত্যর্থাকর্ম্মকশ্লিষশীঙ্স্থাসবসজনরুহজীর্যতিভ্যশ্চ। পা ৩। ৪। ৭২।) ১ যিনি গমন করিয়াছেন। ২ অতীত। "আয়ুষোঽর্দ্ধং গতং তস্য।" (সুং সি°) ৩ প্রাপ্ত। "কুনোদ তস্য স্থলপদ্মিনীগতং বিতর্কমাবিষ্কৃতফেণসন্ততি।" (কিরাত ৪। ৫)

৪ সমাপ্ত। ৫ পতিত। গত-কর্ম্মণি-ক্ত। ৬ জ্ঞাত। ৭ লব্ধ।

৮ যে স্থানে বা যে গ্রামে গমন করা হইয়াছে। গম-ভাবে ক্ত। ৯ গমন। "গতং তিরশ্চীন মনূরু সারথেঃ" (মাঘ ১। ২)

গতকলুষ (ত্রি) গতং কলুষং পাপং যস্য বহুব্রী। নিষ্পাপ, যাহার পাপ নষ্ট হইয়াছে।

গতকল্মষ (ত্রি) গতং কল্মষং পাপং যস্য বহুব্রী। নিষ্পাপ, যাহার পাপ নাই।

গতকল্য (ক্লী) গতঞ্চ তৎ কল্যঞ্চেতি কর্ম্মধা°। বর্ত্তমান দিনের অব্যবহিত পূর্ব্বদিন, গতকাল।

গতকার্য্য (ত্রি) গতং অতীতং প্রমাদান্নষ্টং কার্য্যং কর্ত্তব্যং যস্য বহুব্রী। ১ যাহার কর্ত্তব্য কার্য্য নষ্ট হইয়াছে। (ক্লী) গতঞ্চ তৎকার্য্যঞ্চেতি কর্ম্মধা°। ২ অতীত কর্ম্ম।

গতকাল (গতকল্যশব্দজ) বর্ত্তমান দিনের অব্যহিত পূর্ব্বদিন, গতকল্য।

গতকীর্ত্তি (ত্রি) গতা অতীতা নষ্টা বা কীর্ত্তির্যস্য বহুব্রী। যাহার কীর্ত্তি অতীত হইয়াছে।

গতক্লম (ত্রি) গতঃ ক্লমঃ শ্রমোযস্য বহুব্রী। যাহার শ্রম দূর হইয়াছে, বিশ্রান্ত।

গতত্রপ (ত্রি) গতা ত্রপা লজ্জা যস্য বহুব্রী। নির্লজ্জ, যাহার লজ্জা নাই।

গতনাসিক (ত্রি) গতা নাসিকাযস্য বহুব্রী। নাসিকাশূন্য, যাহার নাক নাই, চলিত কথায় খাঁদা বলে।

গতনিধন (ক্লী) পাস ভেদ।

গতপশ্চু (গত পরশ্বঃ শব্দজ) বর্ত্তমানদিনের পূর্ব্বদিনের পূর্ব্বদিন, গত কালের অব্যবহিত পূর্ব্বদিন।

গতপাপ (ত্রি) গতং বিনষ্টং পাপং যস্য বহুব্রী। যাহার পাপ নষ্ট হইয়াছে, নিষ্পাপ।

গতপুণ্য (ত্রি) গতং বিনষ্টং পুণ্যং যস্য বহুব্রী। যাহার পুণ্য নষ্ট হইয়াছে।

গতপ্রত্যাগত (ত্রি) পূর্ব্বং গতঃ পশ্চাৎ প্রত্যাগতঃ কর্ম্মধা°। ১ যে গমন করিয়া পুনর্ব্বার ফিরিয়া আসিয়াছে। (ক্লী) [দ্বি] গতঞ্চ প্রত্যাগতঞ্চ দ্বন্দ্বস°। গমন ও প্রত্যাগমন।

গতপ্রভ (ত্রি) গতা দূরীভূতা প্রভাযস্য বহুব্রী। যাহার প্রভা নাই, নিষ্প্রভ।

গতপ্রাণ (ত্রি) গতাঃ প্রাণাযস্য বহুব্রী। যাহার প্রাণ দেহ ছাড়িয়া গিয়াছে, মৃত।

গতবুদ্ধি (ত্রি) গতা বুদ্ধির্যস্য বহুব্রী। বুদ্ধিশূন্য, নির্বোধ।

গতভর্ত্তৃকা (স্ত্রী) গতো নষ্টঃ প্রোষিতো বা ভর্ত্তা যস্যাঃ বহুব্রী, কপ্। ১ বিধবা। ২ যাহার স্বামী দূরদেশে গমন করিয়াছে। "কিমু মুহু র্মুমুহু র্গতভর্ত্তৃকাঃ।" (মাঘ)

গতরস (ত্রি) গতঃ নষ্টং রসোযস্য বহুব্রী। যাহার রস নষ্ট হইয়াছে, বিরস।

"যাতযামং গতরসঃ পূতি পর্য্যুসিতঞ্চ যৎ।" (গীতা)

গতব্যথ (ত্রি) গতা নষ্টা ব্যথা পীড়া যস্য বহুব্রী। ব্যথা-শূন্য, যাহার ব্যথা নাই।

গতমর্য্যাদ (ত্রি) গতামর্য্যাদা যস্য বহুব্রী। অপমানিত, যাহার মর্য্যাদা লুপ্ত হইয়াছে।

গতর্ (গাত্র শব্দজ) শরীর, গাত্র।

গতরাত্রি (স্ত্রী) গতা চাসৌ রাত্রিশ্চেতি। অতীত রাত্রি।

গতলজ্জ (ত্রি) গতা লজ্জা যস্য বহুব্রী। নির্লজ্জ, যাহার লজ্জা নাই।

গতরায়তী (যাবনিক) প্রজার কোন জমি জমা হইতে খারিজ হইলে তাহাকে গতরায়তী বলে।

গতশোচন (ক্লী) গতস্য শোচনং ৬তৎ। গতানুশোচনা, অতীত বিষয়ের অনুশোচনা।

গতশোচনা (স্ত্রী) গতস্য শোচনা ৬তৎ। গতানুশোচন।

গতশ্রী (ত্রি) গতা শ্রীঃ শোভা যস্য বহুব্রী। যাহার শোভা নাই, নিষ্প্রভ। "গতশ্রীঃ প্রতিষ্ঠাকামঃ।" (তৈত্তিরীয়সং° ২।১।৩।৪)

গতসঙ্গ (ত্রি) গতঃ নষ্টঃ সঙ্গ আসক্তির্যস্য বহুব্রী। ১ যে সঙ্গ পরিত্যাগ করিয়াছে, নিঃসঙ্গ, ফলকামনাশূন্য। গতঃ প্রাপ্তঃ সঙ্গ আসক্তি র্যেন বহুব্রী। ২ যে সঙ্গ প্রাপ্ত হইয়াছে, ফলকামনাযুক্ত।

গতসন্নক (পুং) গতং সন্নমবসাদহেতুর্মদোঽস্য বহুব্রী, কপ্। মদশূন্য হস্তী। (শব্দচিন্তামণি)

গতস্পৃহ (ত্রি) গতা নষ্টা স্পৃহা যস্য বহুব্রী। যাহার স্পৃহা নাই, নিস্পৃহ। "গতস্পৃহো হস্যাগমনপ্রয়োজনং।" (মাঘ)

গতস্ময় (ত্রি) গতঃ স্ময়োগর্ব্বো বিস্ময়ো বা যস্য বহুব্রী। ১ গর্ব্বশূন্য। ২ বিস্ময়শূন্য।

গতাক্ষ (ত্রি) গতমক্ষিমস্য বহুব্রী সমাসান্ত টচ্। নেত্রহীন, অন্ধ।

গতাগত (ক্লী) গতং গমনং আগতং আগমনং দ্বয়োঃ সমাহারঃ, সমাহারদ্বন্দ্বঃ। গমনাগমন।

"এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্না গতাগতং কামকামা লভন্তে।"(গীতা)

গতং ঊর্দ্ধগমনং আগতমধোগমনং যত্রঃ বহুব্রী। ২ পক্ষির গতিবিশেষ। (জটাধর।) (পুং) গতং বিনষ্টং আগতং পুনঃ সংসারগমনং যস্মাৎ বহুব্রী। ৩ মহাদেব।

"নীতির্হ্যনীতিঃ শুদ্ধাত্মা শুদ্ধো মান্যো গতাগতঃ।"

(ভারত ১৩। ১৭। ৭৯)

গতাগতি (স্ত্রী) গতোত্তরমাগতিঃ। গমনাগমন।

"জাবালিরপি জানীতে লোকস্যাস্য গতাগতিম্।"
(রামা॰ ২।১১০ অঃ)

গতাগতিক (ত্রি) গতাগতেন নির্ব্বৃত্তং গতাগত-ঠন্। গমনাগমনে যাহা নিষ্পাদিত হইয়াছে।

গতাজু (গতায়ু শব্দজ) যাহার আয়ুঃ শেষ হইয়াছে।

গতাধ্বন্ (ত্রি) গতঃ অধ্বা যেন বহুব্রী। ১ তত্ত্বজ্ঞ, জ্ঞাততত্ত্ব।
"সাঙ্খ্যজ্ঞানে চ যোগেচ মহীপালরিভৌ তথা।
ত্রিবিধে মোক্ষধর্ম্মেঽস্মিন্ গতাধ্বা ছিন্নসংশয়ঃ।"
(ভারত ১২।২ অঃ)

গতাধ্বা (স্ত্রী) গতাধ্বন্-ডাপ্। (ডাবুভাভ্যামনতরস্যাং। পা ৪।১।১৩) চতুর্দ্দশীযুক্ত অমাবস্যা তিথি।
"সংমিশ্রা যা চতুর্দশ্যা অমাবাস্যা ভবেৎ ক্বচিৎ।
খর্ব্বিকাং তাং বিদুঃ কেচিৎ গতাধ্বামিতি চাপরে।" (কাত্যায়ন)

গতানুগত (ত্রি) গতস্য অনুগতঃ ৬তৎ। ১ যিনি অগ্রগামী কোন ব্যক্তির অনুগমন করে। (ক্লী) গতস্য অনুগতং অনুগমনং ৬তৎ। ২ গমনের অনুগমন।

গতানুগতিক (ত্রি) গতানুগতিং অস্ত্যস্য গতানুগত-ঠন্। গমনানুগমন বিশিষ্ট।
"একস্য কর্ম্ম সংবীক্ষ্য করোত্যন্যোঽপি গর্হিতং।
গতানুগতিকো লোকো ন লোকঃ পারমার্থিকঃ॥" (পঞ্চতন্ত্র)

গতান্ত (ত্রি) গতঃ উপস্থিতঃ অন্তঃ অন্তকালোযস্য বহুব্রী। ১ যাহার অন্তকাল উপস্থিত, মুমূর্ষু।
"মম বৃদ্ধস্য কৈকেয়ি! গতান্তস্য তপস্বিনঃ।" (রামা॰ ৩।১২।৩০)
গতঃ প্রাপ্তঃ অন্তে যেন বহুব্রী। ২ যে চরম সীমা প্রাপ্ত হইয়াছে।

গতায়াত (ক্লী) গতঞ্চ আয়াতঞ্চ তয়োঃ সমাহারঃ, সমাহারদ্বন্দ্ব। গমনাগমন।

গতায়ুস্ (ত্রি) গতং গতপ্রায়ং আয়ুর্জীবনকালোযস্য বহুব্রী। যাহার আয়ুঃ শেষ, চরমকাল প্রায় উপস্থিত।

বৈদ্য রোগীকে চিকিৎসা করিতে আরম্ভ করিবার পূর্ব্বে রোগীর আয়ুর বিষয়ে ভালরূপে বিবেচনা করিয়া দেখিবেন। এই বিষয়টী বৈদ্যশাস্ত্রের মধ্যে বড়ই কঠিন। মহাত্মা সুশ্রুত আয়ু প্রায় শেষ হইলে রোগীর যে সকল লক্ষণ প্রকাশিত হয়, তাহার কতকগুলি নির্ণয় করিয়াছেন। যথা—মানুষের মৃত্যুকাল নিকটবর্ত্তী হইলে শরীর ও স্বভাবের পরিবর্ত্তন হয়, এই দুইটীই প্রধান লক্ষণ। যে ব্যক্তি বাস্তবিক কোন শব্দ না হইলেও নানা প্রকার শব্দ শুনিতে পায়, সমুদ্র পুর বা মেঘের শব্দ শুনিয়া অন্য প্রকার মনে করে, অথবা সেই শব্দ শুনিতেই পায় না, যে ব্যক্তি নিবিড় অরণ্যের ঘোরতর শব্দকে গ্রাম্য শব্দ ও গ্রামের জনরবকে বন্য জন্তুর শব্দ বলিয়া অনুমান করে, যে ব্যক্তি বন্ধু বান্ধবের কথা শুনিতে ভালবাসে না, শুনিলেও আপনার অনিষ্টকর ভাবিয়া কুপিত হয় এবং শত্রুর কথা বা উপদেশ যাহার অতিশয় প্রীতিকর, তাহার আয়ুঃ শেষ হইয়াছে বলিয়া স্থির করিবে। যে ব্যক্তি উষ্ণকে শীতল ও শীতলকে উষ্ণ বলিয়া গ্রহণ করে, শীতে শরীর রোমাঞ্চ হইলেও যাহার গাত্রদাহের শান্তি হয় না, শরীর অতিশয় উষ্ণ হইলেও যে ব্যক্তি শীতে কম্পিত হয়, প্রহার বা অঙ্গচ্ছেদ করিলেও যাহার বেদনা অনুভব হয় না, যাহার শরীরে অকস্মাৎ বর্ণান্তর বা রেখার ন্যায় চিহ্ন জন্মে, চন্দন মাখাইলে যাহার শরীরে নীলমক্ষিকা আশ্রয় করে, অকস্মাৎ যাহার শরীর হইতে সুরভি গন্ধ নিঃসৃত হয়, তাহার মৃত্যুকাল নিকটবর্ত্তী জানিবে। যে ব্যক্তি একপ্রকার রস আস্বাদন করিয়া অন্য রস বিবেচনা করে, এবং সকল রসই যাহার দোষবৃদ্ধিকর অথবা মিথ্যা আহারে যাহার দোষ বৃদ্ধি বা অগ্নিমান্দ্য হয়, যে ব্যক্তি কোন রস বা সুগন্ধ কি দুর্গন্ধ জানিতে পারে না, অথবা যাহার ঘ্রাণশক্তি একেবারেই বিনষ্ট হইয়াছে, শীত, উষ্ণ প্রভৃতি কাল অবস্থা বা দিক্ বিষয়ে যাহার বিপরীত জ্ঞান, যে ব্যক্তি দিনের বেলায় আকাশমণ্ডলে প্রজ্বলিত নক্ষত্র, বা চন্দ্রকিরণ ও রাত্রি কালে জ্বলন্ত সূর্য্য দেখিতে পায়, মেঘশূন্য আকাশে ইন্দ্রধনু বা বিদ্যুৎ এবং নির্ম্মল আকাশে কৃষ্ণবর্ণ মেঘ যাহার দৃষ্টিগোচর হয়, যে ব্যক্তি আকাশমণ্ডল অট্টালিকা বা বিমান যানে পরিপূর্ণ এবং ভূমণ্ডল ধূম নীহার বা বস্ত্র দ্বারা আবৃত বলিয়া বোধ করে; যাহার নিকটে সমস্ত লোক প্রজ্বলিত বা জল-প্লাবিত বলিয়া বোধ হয়, যে ব্যক্তি অরুন্ধতী, ধ্রুব, আকাশ, গঙ্গা এবং উষ্ণজলে, জ্যোৎস্নায় বা আদর্শে আপনার ছায়া দেখিতে পায় না। অথবা অঙ্গহীন, বিকৃত বা কুকুর, কাক, গৃধ্র, প্রেত, যক্ষ, রাক্ষস বা পিশাচের ছায়ার ন্যায় দেখিতে পায় এবং যে ব্যক্তি নির্ধূম অগ্নিকে ময়ূরের কণ্ঠ সদৃশ অবলোকন করে, সে ব্যক্তি সুস্থ শরীরে থাকিলেও পীড়িত হয় এবং পীড়িত থাকিলে তাহার মৃত্যু হয়। (সুশ্রুত সূত্র॰ ৩০ অঃ)

শ্যাব, লোহিত, নীল বা পীতবর্ণ ছায়া যাহার অনুগমন করে, তাহার মৃত্যু আসন্ন। হঠাৎ যাহার লজ্জা ও স্ত্রী বিনষ্ট হয়, অথবা তেজ, বল, স্মৃতি বা প্রভা যাহার হঠাৎ জন্মে, তাহার নিশ্চয়ই আসন্ন কাল উপস্থিত। যাহার নীচের ওষ্ঠ পতিত ও উপরিভাগের ওষ্ঠ উৎক্ষিপ্ত অথবা দুইটী ওষ্ঠই জামফলের ন্যায় নীলবর্ণ হয়, তাহার আয়ুঃ শেষ

হইয়াছে। যাহার দন্ত ঈষৎ রক্তবর্ণ, শ্যাববর্ণ বা পতিত হয়, অথবা অতিশয় কৃষ্ণবর্ণ হয়, তাহার আয়ুঃ শেষ হইয়াছে জানিবে। যাহার জিহ্বা কৃষ্ণবর্ণ, স্তব্ধ, অবলিপ্ত, কর্কশ বা স্ফীত, যাহার নাসিকা বক্র, স্ফুটিত, শুষ্ক, অবনত বা উন্নত, চক্ষু দুইটীর একটী ছোট ও একটী বড়, অথবা চক্ষু দুইটী ক্ষুদ্র, নিশ্চল, রক্তবর্ণ ও অধোদৃষ্টিবিশিষ্ট, এবং যাহার চক্ষু হইতে অনবরত জল পড়ে, সে রোগীর নিশ্চয়ই মৃত্যু হয়। যাহার কেশ সীঁতে কাটার ন্যায় দুই পাশে বিক্ষিপ্ত, ভ্রূদুইটী ক্ষুদ্র বা বিস্তৃত এবং চক্ষুর পক্ষ্ম ছিন্ন, সে রোগী শীঘ্র প্রাণত্যাগ করে। যে ব্যক্তি মুখস্থিত অন্ন গ্রাস করিতে পারে না, মস্তক সরলভাবে ধারণ করিতে পারে না, একাগ্র দৃষ্টি এবং অচেতন, সে রোগীর শীঘ্র মৃত্যু হয়। রোগী সবলই হউক বা দুর্ব্বলই হউক, যত্নপূর্ব্বক তুলিয়া বসাইলে যে মূর্চ্ছিত হয়, তাহার আর বাঁচিবার আশা নাই। যে রোগী চিৎ হইয়া শুইয়া পাদুখানি কুঞ্চিত করে, অথবা সর্ব্বদাই প্রসারণ করিতে অভিলাষ করে, যাহার হস্ত, পদ অতিশয় শীতল এবং ঊর্দ্ধশ্বাস, ছিন্ন শ্বাস বা কাকের ন্যায় মুখ বিকৃত হইয়া শ্বাস বাহির হয়, তাহার আয়ুঃ শেষ হইয়াছে জানিবে, তাহার নিদ্রা ভঙ্গ হয় না; অথবা যে সর্ব্বদাই জাগরিত থাকে ও কোন কথা বলিতে উদ্যত হইলে মোহ প্রাপ্ত হয়, যে রোগী নীচের ওষ্ঠ লেহন করে, ঘন ঘন উদ্গার তোলে ও প্রেতের সহিত কথা বলে, সে রোগীর মৃত্যু হয়। শরীর কোন রূপে বিষদূষিত না হইলেও যাহার রোমকূপ হইতে রক্ত নির্গত হয়, সে রোগী তৎক্ষণাৎ প্রাণত্যাগ করে। বাতাষ্ঠীলা রোগে যাহার অষ্ঠীলা ঊর্দ্ধগামিনী হইয়া হৃদয়ে উঠে, এবং সেই কারণে ঘোর যন্ত্রণা ও অন্নে অরুচি জন্মে, তাহার মৃত্যু নিশ্চিত। অন্য কোন উপদ্রব ব্যতীত পুরুষের পাদ স্ফীত বা নারীর গুহ্যদেশ অথবা মুখ স্ফীত হইলে মৃত্যু হয়। অতীসার, জ্বর, হিক্কা বমী এবং অণ্ড ও মেঢ্রদেশ স্ফীত, শ্বাসরোগী বা কাশরোগীর এই সকল উপদ্রব ঘটিলে তাহার আশা পরিত্যাগ করিবে। অতিশয় ঘর্ম্ম, দাহ, হিক্কা ও শ্বাস এই কয়টী উপদ্রব জন্মিলে বলবান্ রোগীরও প্রাণ বিয়োগ হয়। যে রোগীর চক্ষুজলে মুখ পরিপূর্ণ হয়, পা দুখানিতে অবিরতই ঘর্ম্ম হইতে থাকে, চক্ষু আকুলিত হয়, যাহার শরীর হঠাৎ অতিশয় লঘু বা অতিশয় ভারযুক্ত বলিয়া বোধ হয় অথবা যাহার বমনে পঙ্ক, মৎস্য, বসা, তৈল বা ঘৃতের ন্যায় গন্ধ হয়, তাহার মৃত্যু উপস্থিত। যাহার মাথার উকুনে কপাল পর্য্যন্ত ব্যাপ্ত হয়, যাহার মঙ্গল কামনায় প্রদত্ত বলি কাক প্রভৃতিতে গ্রহণ করে না এবং যাহার রতিশক্তি একেবারেই বিনষ্ট হয়, তাহার মৃত্যু উপস্থিত। যে রোগীর জ্বর, অতীসার ও ফুলা এই তিনটীই প্রবল হইয়া উঠে এবং মাংসে ও বলে ক্ষীণতা জন্মে, তাহাকে কেহই চিকিৎসা করিতে পারেনা। শরীর অতিশয় ক্ষীণ হইলে রুচিকর, মিষ্ট ও হিতকর অন্ন পান দ্বারা যাহার ক্ষুধা বা তৃষ্ণার শান্তি হয় না, তাহার মৃত্যু আসন্ন জানিবে। গ্রহণী, শিরঃশূল, কোষ্ঠশূল, অতিশয় পিপাসা ও বলহানি এককালে যাহার এই কয়টী উপদ্রব ঘটে, তাহার নিশ্চয়ই মৃত্যু হয়। (সুশ্রুত সূত্র ৩১ অঃ)।

শরীরের যে অঙ্গ স্বভাবতঃ যে প্রকার হইয়া থাকে, তাহার অন্যথা হইলে মৃত্যুর লক্ষণ বলা যায়। শরীরের শুক্লবর্ণের কৃষ্ণতা, কৃষ্ণবর্ণের শুক্লতা, রক্ত প্রভৃতি বর্ণের অন্য প্রকার বর্ণ হওয়া, স্থিরের অস্থিরতা, স্থূলের কৃশতা, কৃশের স্থূলতা, দীর্ঘের খর্ব্বতা, খর্ব্বের দীর্ঘতা; অথবা কোন অঙ্গ হঠাৎ শীতল, উষ্ণ, স্নিগ্ধ, রুক্ষ, বিবর্ণ বা অবসন্ন হওয়া যাহার শরীরে এই সকল লক্ষণ প্রকাশিত হয়, অল্পদিন মধ্যেই তাহার মৃত্যু ঘটিয়া থাকে। শরীরের কোন স্থান স্বস্থান হইতে স্খলিত, উৎক্ষিপ্ত, অবক্ষিপ্ত, পতিত, নির্গত, অন্তর্গত, গুরু বা লঘু হওয়াও স্বভাবের বিপরীত। শরীরে অকস্মাৎ প্রবালের ন্যায় চাকা চাকা দাগ জন্মান, ললাটের শিরা সকল দৃষ্ট হওয়া, নাকের ডাঁটীতে পিড়ক উৎপত্তি, প্রভাতকালে ললাট হইতে ঘর্ম্ম বাহির হওয়া, নেত্ররোগ না থাকিলেও অশ্রুধারা পতন, মস্তকে গোময়চূর্ণের ন্যায় ধূলিদর্শন অথবা মস্তকে কপোত কঙ্ক প্রভৃতি পক্ষীর পতন, ভোজন না করিলেও মলমূত্রের বৃদ্ধি অথবা ভোজন করিলেও মলমূত্রের অভাব, স্তনমূল, বক্ষঃস্থল বা হৃদয়ে অতিশয় বেদনা, কোন অঙ্গের মধ্যস্থল স্ফীত ও উভয়পার্শ্ব কৃশ অথবা মধ্যস্থল কৃশ ও উভয়পার্শ্ব স্ফীত, অর্দ্ধাঙ্গে শোথ, সমস্ত অঙ্গ শুষ্ক এবং স্বর নষ্ট, হীন, বিকৃত, বিকল অথবা দন্ত, মুখ বা নখ প্রভৃতি স্থানে বিবর্ণ পুষ্পের ন্যায় চিহ্ন, কফ পুরীষ বা রেত জল দিলে মগ্ন হওয়া, দৃষ্টিমণ্ডলে ভিন্নপ্রকার বিকৃতরূপ দর্শন, কেশ বা অঙ্গ তৈল মাখার ন্যায় দেখান, অতীসার রোগে অরুচি ও দুর্ব্বলতা, কাশরোগে তৃষ্ণায় অভিভূত হওয়া, ক্ষীণতা, বমন, অরুচি, ফেণার সহিত পূয রক্ত বমন, ভগ্নস্বর ও বেদনায় অভিভূত হওয়া, হস্ত, পদ ও মুখ স্ফীত, ক্ষীণ, রুচিহীন, নাভি, স্কন্ধ ও হস্ত পদের মাংসের শিথিলতা, জ্বর ও কাশে অভিভূত হওয়া;

এই সকল লক্ষণের মধ্যে কোন প্রকার লক্ষণ দেখিতে পাইলে আয়ুঃ শেষ হইয়াছে বলিয়া জানিবে। যে ব্যক্তি পূর্ব্বাহ্নে আহার করিয়া অপরাহ্নে বমন করে এবং যাহার পাকাশয়ে অম্লরস না জন্মিয়াও অতীসারের ন্যায় মল নিঃসৃত হয়, যে ব্যক্তি ভূমিতে পতিত হইয়া ছাগলের ন্যায় শব্দ করে, কোষ শিথিল, উপস্থ সঙ্কুচিত, এবং গ্রীবাভগ্ন হইয়া পড়ে, যে ব্যক্তি নীচের ওষ্ঠ দংশন করিতে থাকে, বা উপরের ওষ্ঠ লেহন করে অথবা যে ব্যক্তি কেশ বা কর্ণদ্বয় ছিঁড়িয়া ফেলে, যে ব্যক্তি দেবতা, দ্বিজ, গুরু, সুহৃদ্ এবং বৈদ্যের দ্বেষ করে, যাহার পাপগ্রহ সকল অধিকতর মন্দ বা মন্দস্থানে গমন করিয়া জন্মনক্ষত্রকে পীড়িত করে অথবা উল্কা বা বজ্র দ্বারা অভিহত হয়, তাহার আয়ুঃ শেষ হইয়াছে বলা যায়। স্ত্রী-পুত্র, গৃহ, শয়ন, আসন, যান, বাহন ও মণি রত্ন প্রভৃতি গৃহের উপকরণ দ্রব্যের দুর্লক্ষণের প্রাদুর্ভাব হইলেও আয়ুঃ শেষ জানিবে। বল ও মাংসহীন রোগীর চিকিৎসা করিলেও যদি রোগ বৃদ্ধি হয়, তবে সেইটী তাহার আয়ুশেষের লক্ষণ। যাহার উৎকট পীড়া এককালে হঠাৎ নিবৃত্তি হইয়া যায় অথবা যাহার শরীরে আহারের ফল দেখা যায় না, তাহার মৃত্যু শীঘ্রই হয়।

(সুশ্রুত সূত্র° ৩২ অঃ)

গতার্ত্তবা (স্ত্রী) গতং নির্বৃত্তং আর্ত্তবং রজো যস্যাঃ বহুব্রী, টাপ্। ১ বৃদ্ধা স্ত্রী, যাহার বয়স পঞ্চাশ বৎসরের উপরে। বৈদ্যক শাস্ত্র মতে দ্বাদশবর্ষ হইতে ৫০ বৎসর পর্য্যন্ত রমণীগণের ঋতু বা রজো দর্শন হয়। তাহার পরেই রমণীকে গতার্ত্তবা বলা যায়।

"দ্বাদশাদ্ বৎসরাদূর্দ্ধমাপঞ্চাশৎ সমং স্ত্রিয়ঃ।
মাসি মাসি ভগদ্বারা প্রকৃত্যৈবার্ত্তবং স্রবেৎ।" (ভাবপ্রকাশ)

২ বন্ধ্যা স্ত্রী। (রাজনি°)

গতার্থ (ত্রি) গতো বিদিতঃ অর্থোযস্য বহুব্রী। ১ যাহার অর্থ জ্ঞাত হইয়াছে, চরিতার্থ।

"তদপি স্বলক্ষণ কথনেনৈব গতার্থম্।" (সাহিত্যদ°)

গতঃ সমাপ্তঃ অর্থঃ প্রয়োজনং যস্য বহুব্রী। ২ যাহার প্রয়োজন নিবৃত্তি হইয়াছে, আর যে বিষয়ের প্রয়োজন নাই।

গতাসু (ত্রি) গতা অসবো যস্য বহুব্রী। ১ মৃত। ২ শব।

"গতাসূনগতাসূংশ্চ নানুশোচন্তি পণ্ডিতাঃ।" (গীতা)

৩ গতায়ুঃ, যাহার আয়ুঃ প্রায় শেষ হইয়া আসিয়াছে।

গতি (স্ত্রী) গম-ভাবে ক্তিন্। ১ গমন।

"মণৌ বজ্রসমুৎকীর্ণে সূত্রস্যেবাস্তি মে গতিঃ।" (রঘু ১।৪)

২ পরিণাম। "মদনমুপদধে স এব তাসাং দুরধিগমা হি গতিঃ প্রয়োজনানাম্।" (কিরাত° ১০।৪০) 'গতিঃ পরিণতিঃ' মল্লিনাথ।

৩ জ্ঞান। "নতে বিদুঃ স্বার্থগতিং হি বিষ্ণুং
দুরাশয়া যে বহিরর্থমানিনঃ।" (ভাগবত ৭। ৫। ৩১)

'স্তস্মিন্নেব অর্থঃ প্রয়োজনং যেষাং তে স্বার্থাঃ তত্ত্ববিদঃ তেষাং গতিং জ্ঞানং স্বরূপং বিষ্ণুং'। (শ্রীধর।) গম্যতে হনয়া গম করণে ক্তিন্। ৪ প্রমাণ।

"কৃপেতি চেদস্ত মৃগঃ ক্ষতঃ ক্ষণা-
দনেন পূর্ব্বং ন ময়েতি কা গতিঃ।" (কিরাত° ১৪। ১৫)

'কা গতিঃ কিং প্রমাণম্' মল্লিনাথ।

গম্যতে হস্যাং গম অধিকরণে ক্তিন্। ৫ মার্গ, পথ।

"শুক্লকৃষ্ণে গতী হ্যেতে জগতঃ শাশ্বতে মতে।
একয়া যাত্যনাবৃত্তিমন্যয়া বর্ত্ততে পুনঃ।" (গীতা ৮।২৬)

৬ স্থান। "গতিং প্রতাপস্য জ্বলৎ প্রমাথিনঃ।" (কিরাত°)

'গতিং স্থানং' মল্লিনাথ। গম্যতে গম কর্ম্মণি-ক্তিন্। ৭ স্বরূপ।

"চরতস্তপস্তব বনেষু সহা ন বয়ং নিরূপয়িতুমস্য গতিম্।"

(কিরাত ৬। ৩৬) 'গতিং স্বরূপং' মল্লিনাথ। ৮ বিষয়।

"তপঃ কিলেদং তদবাপ্তিসাধনং মনোরথানামগতির্ন বিদ্যতে।" (কুমার° ৫। ৬৪) 'মনোরথানাং কামানাং অগতিরবিষয়ঃ' (মল্লিনাথ।) গম-ভাবে ক্তিন্। ৯ যাত্রা। গম্যতে হনয়া গম-করণে-ক্তিন্। ১০ অভ্যুপায়, উপায়।

"যজ্ঞ ইজ্যো মহেজ্যশ্চ ক্রতুঃ সত্রং সতাং গতিঃ।"

(ভারত ১৩।১৪৯।৬১)

১১ নাড়ীব্রণ। ১২ সরণী। ১৩ কর্ম্মফল।

"গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ।" (গীতা ৯।১৮)

'গতিঃ কর্ম্মফলং' (শঙ্করভাষ্য) ১৪ দশা, অবস্থা।

"অযতিঃ শ্রদ্ধয়োপেতো যোগচ্চলিতমানসঃ।
অপ্রাপ্য যোগসংসিদ্ধিং কাং গতিং কৃষ্ণ গচ্ছতি।" (গীতা ৬।৩৭)

১৫ পাণিনিকৃত একটী সংজ্ঞা বিশেষ। পাণিনির ১। ৪। ৬০ হইতে ৭৯ সূত্র পর্য্যন্ত গতি সংজ্ঞা নিরূপিত হইয়াছে। (গতিশ্চ। পা ১। ৪। ৬০) ক্রিয়ার সহিত যোগ থাকিলে প্রাদি উপসর্গের গতি সংজ্ঞা হয়। (ঊর্য্যাদিচ্বিডাচশ্চ। ১। ৪। ৬১) ক্রিয়ার যোগ থাকিলে চি বা ডাচ প্রত্যয়ান্ত ঊর্য্যাদি শব্দের গতি সংজ্ঞা হয়। যথা ঊরীকৃত্য, পটপটাকৃত্য। (অনুকরণং চানিতি-পরম্।" ১। ৪। ৬২) ইতিশব্দ পরে না থাকিলে অনুকরণ শব্দের গতিসংজ্ঞা হয়। যথা খাৎকৃত্য। (আদরানা-দরয়োঃ সদসতী। ১। ৪। ৬৩) আদরার্থে সৎশব্দের ও

অনাদরার্থে অসৎশব্দের গতি সংজ্ঞা হয়। যথা সৎকৃত্য, অসৎকৃত্য। (ভূষণেঽলং। পা ১।৪।৬৪) অলঙ্কার বুঝাইলে অলং শব্দের গতি সংজ্ঞা হয়। যথা—অলংকৃত্য। (অন্তরপরিগ্রহে। পা ১।৪।৬৫) পরিগ্রহ না বুঝাইলে অন্তর শব্দের গতি সংজ্ঞা হয়। যথা অন্তর্হত্য। (কণে মনসী শঙ্কাপ্রতীঘাতে। পা ১।৪।৬৬) শঙ্কার প্রতীঘাত বুঝাইলে কণে ও মনস্ শব্দের গতি সংজ্ঞা হয়। যথা, কণেহত্য, মনোহত্য। (পুরোঽব্যয়ম্। পা ১।৪।৬৭।) অব্যয় পুরস্ শব্দের গতি সংজ্ঞা হয়। যথা, পুরস্কৃত্য। (অস্তং চ। পা ১।৪।৬৮) অস্তং এই অব্যয় শব্দটীর গতি সংজ্ঞা হয়। যথা, অস্তংগত্য, (অচ্ছগত্যর্থবদেষু। পা ১।৪।৬৯) গত্যর্থ ও বদ ধাতুর যোগে অব্যয় অচ্ছশব্দের গতি সংজ্ঞা হয়। যথা অচ্ছগত্য, অচ্ছোদ্য। (অদোঽনুপদেশে। পা ১।৪।৭০) পরের প্রতি উপদেশ না বুঝাইলে অদস্ শব্দের গতি সংজ্ঞা হয়। যথা, অদঃ কৃত্য। (তিরোঽন্তর্ধৌ। পা ১।৪।৭১) ব্যবধানার্থে তিরস্ শব্দের গতি সংজ্ঞা হয়। যথা, তিরোভূয়। (বিভাষা কৃঞি। পা ১।৪।৭২) কৃঞ্ ধাতুর যোগে তিরস্শব্দের বিকল্পে গতি সংজ্ঞা হয়। যথা, তিরস্কৃত্য, তিরঃকৃত্বা। (উপাজেঽন্বাজে। ১।৪।৭৩) কৃঞ্ ধাতুর যোগে উপাজে ও অন্বাজে শব্দের বিকল্পে গতি সংজ্ঞা হয়। যথা, উপাজেকৃত্য, অন্বাজেকৃত্য। (সাক্ষাৎ প্রভৃতীনি চ। পা ১। ৪। ৭৪) কৃঞ্ যোগে সাক্ষাৎ প্রভৃতি শব্দের বিকল্পে গতি সংজ্ঞা হয়। যথা, সাক্ষাৎকৃত্য। (অনত্যাধান উরসিমনসী। পা ১।৪।৭৫) অত্যাধান না বুঝাইলে কৃঞ্ ধাতুর যোগে উরসি ও মনসি শব্দের বিকল্পে গতি সংজ্ঞা হয়। যথা উরসিকৃত্য, উরসিকৃত্বা, মনসিকৃত্য মনসিকৃত্বা। (মধ্যে পদে নিবচনেচ। পা ১।৪।৭৬) অত্যাধান না বুঝাইলে কৃঞ্ ধাতুর যোগে মধ্যে, পদে ও নিবচনে একয়টী শব্দের গতি সংজ্ঞা হয়। যথা মধ্যেকৃত্য, মধ্যেকৃত্বা। (নিত্যং হস্তে পাণাবুপযমনে। পা ১।৪।৭৭) কৃঞ্ ধাতুর যোগে বিবাহ বুঝাইলে হস্তে ও পাণৌ এই দুইটী শব্দের গতি সংজ্ঞা হয়। যথা হস্তেকৃত্য, পাণৌকৃত্য। (প্রাধ্বং বন্ধনে। পা ১।৪।৭৮) বন্ধন বুঝাইলে কৃঞ্যোগে প্রাধ্বং শব্দের গতি সংজ্ঞা হয়। যথা প্রাধ্বং কৃত্য।

(জীবিকোপনিষদাবৌপম্যে। পা ১।৪।৭৯) কৃঞ্ধাতুর যোগে সাদৃশ্যার্থে জীবিকা, ও উপনিষদ্শব্দের গতি সংজ্ঞা হয়। যথা জীবিকাকৃত্য, উপনিষৎকৃত্য।

যে সকল শব্দের গতি সংজ্ঞা আছে, তাহাদের সহিত অপর সমস্যমান পদের নিত্য সমাস হয়। (কুগতিপ্রাদয়ঃ। পা ২।২।১৮) গতি সংজ্ঞক শব্দ পরে থাকিলে গতিসংজ্ঞক অনুদাত্ত হয়। (গতির্গতৌ। পা ৮।১।৭০) উদাত্তযুক্ত কোন তিঙন্ত পদ পরে থাকিলে গতিসংজ্ঞক শব্দ অনুদাত্ত হয়। যথা যৎ প্রপচতি। নিঘণ্টুতে গতিবোধক ১২২টী ধাতুর উল্লেখ আছে।

১৬ মুক্তি।

গতিক (ক্লী) ১ গতি। ২ অবস্থা। ৩ আশ্রয়।

গতিক্রিয়া (স্ত্রী) গমন ক্রিয়া, যাওয়া।

গতিতালিন্ (পুং) গতেস্তালোঽস্ত্যস্য গতি তাল-ইনি। কার্ত্তিকেয়ের একজন সৈন্য।

"বৈতালী গতিতালীচ তথা কথকবাচকৌ।"

(ভারত শল্য ৪৬ অঃ)

গতিলা (স্ত্রী) গম-ইলচ্ (মিথিলাদয়শ্চ। উণ্ ১।৫৮) নিপাতনে সাধুঃ ততঃ টাপ্। ১ বেত্রলতা। (উজ্জ্বলদত্ত) ২ নদী বিশেষ। ৩ পরম্পরা। (উণাদিকোষ)

গতিবিধি (পুং) গতের্বিধিঃ ৬তৎ। ১ গতিবিধান। ২ সামান্য রূপে জ্ঞান।

গতিশক্তি (স্ত্রী) গতেঃ শক্তিঃ ৬তৎ। গমনাগমনের ক্ষমতা, চলিতে পারা।

গতিশক্তিরহিত (ত্রি) গতিশক্ত্যা রহিতঃ ৩তৎ। যাহার গতিশক্তি লোপ হইয়াছে। গমনাগমনে অক্ষম।

গতিসত্তম (পুং) গতির্বোধঃ স চাসৌ সত্তমশ্চেতি কর্ম্মধা°। পরমেশ্বর। "আদিত্যো জ্যোতিরাত্মা চ সহিষ্ণুর্গতিসত্তমঃ।"

(বিষ্ণুস°)

গতীক (ত্রি) গমনযোগ্য।

গত্বন্ (ত্রি) গম-কনিপ্ মলোপে তুক্। গমনকর্ত্তা, স্ত্রীলিঙ্গে ঙীপ্ হইয়া গত্বরী শব্দ হয়।

গত্বর (ত্রি) গচ্ছতি গম-করপ্ (ইণ্নশজিসর্ত্তিভ্যঃ করপ্। পা ৩।২।১৬৩) গমনশীল। "বীভৎসাবিষয়া জুগুপ্সিততমঃ কায়ো বয়ো গত্বরং" (শান্তিশতক ১।২০।) স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়।

গত্বা (অব্য) গম-ক্ত্বা। গমন করিয়া, যাইয়া।

"সদ্যঃ পুরী পরিসরেচ শিরীষমৃদ্বী
গত্বা জবাৎ ত্রিচতুরাণি পদানি সীতা।" (উত্তরচরিত)

গত্বায় (অব্য) [বৈ] গম-ক্ত্বী ততো যক্ (ক্ত্বোযক্চ। পা ৩।১।৪৭) গমন করিয়া, যাইয়া।

"দিবং সুপর্ণো গত্বায় সোমং বজ্রিণ আভরৎ।" (ঋক্ ৮।১০০।৮)

'গত্বায় গত্বা' সায়ণ।

গত্বী (অব্য) [বৈ] গম্ ক্ত্বা আকারস্য ঈকারঃ। (ম্নাত্যাদয়শ্চ। পা ৭।১।৪৯।) গমন করিয়া, যাইয়া।

"সা নোদুহী য়দ্ যবসেব গত্বী সহস্রধারা পয়সা মহী গৌঃ।" (ঋক্ ৪।৪১।৫) "গত্বী গত্বা' সায়ণ।

গদ (পুং) গদ-অচ্। ১ রোগ।

"অসাধ্যং কুরুতে কোপং প্রাপ্তে কালে গদোযথা।"(মাঘ ২ সঃ।)

গদ অব্যক্তধ্বনৌ ভাবে অচ্। ২ মেঘধ্বনি। (ক্লী) ৩ বিষ। ৪ কুষ্ঠ, কুড়। (রাজনি॰)

(পুং) ৫ বসুদেবের পুত্র, শ্রীকৃষ্ণের ভ্রাতা, রোহিণীর গর্ভজাত। (ভাগবত ১।১৪।২৮) ৬ অসুরবিশেষ। (বায়ুপু॰ গয়া॰ ৫ অঃ)

গদগ (গডগ), ধারবার জেলার অন্তর্গত একটী মহকুমা। অক্ষা॰ ১৫° ৯৬´ উঃ ও দ্রাঘি॰ ৭৫° ৪৩´ পূঃ। ইহার উত্তরসীমা রোণ মহকুমা, পশ্চিমে নবালগণ্ড, দক্ষিণে জামখণ্ডি মহকুমার শ্রীহট্ট ও কুন্দগুল বিভাগ ও পূর্ব্বে নিজাম রাজ্য। ইহাতে গবর্মেণ্টের খাসদখলে ১১৪ খানি ও যৌতে ১৪ খানি গ্রাম আছে। ভূমির পরিমাণ ৬৯৯ বর্গমাইল। দেয় রাজস্ব ২৫৭৪০০৲ টাকা।

গদগ নগরের ১ মাইল পূর্ব্বে বেত্তিগেরি গ্রাম, এইজন্য সচরাচর লোকে নগরটীকে গদগ-বেত্তিগেরি বলিয়া থাকে। এই স্থানে রাজস্ব আদায়ের জন্য একটী কাছারি ও পুলিশের ফাঁড়ি আছে। স্থানীয় মোকদ্দমাদি নিষ্পন্ন করিবার জন্য একটী সবজজ আদালত, পোষ্টাপিস ও মিউনিসিপ্যালটী আছে। এই স্থানে প্রচুর পরিমাণে তুলার ব্যবসা হইয়া থাকে। প্রতিবৎসর এখানকার কল হইতে ৫০০০০০৲ টাকা মূল্যের তুলা রপ্তানি হইয়া থাকে। রেলওয়ে কোম্পানীর হট্‌গী-গদগ গাঁও মর্ম্ম ও বেলারি দুই শাখা পূর্ব্বে ও দক্ষিণে থাকায় ব্যবসা বাণিজ্য বিষয়ে বিশেষ উন্নতি লাভ করিয়াছে। এইখানে গবর্মেণ্ট বাহাদুরের জিন কাপড়ের একটী কুঠি আছে। এতদ্ভিন্ন "সাদী" নামে স্থানীয় একপ্রকার সূক্ষ্ম ও (পাকা) রঙ্গিলা সুন্দর সুন্দর কাপড় প্রস্তুত হয়। প্রতি শনিবারে কাপড় ও চাউল বিক্রয়ের জন্য হাট বসে।

১৮৬৪ খৃষ্টাব্দে এই স্থানে দরিদ্রদিগের শুশ্রূষার জন্য একটী হাঁসপাতাল স্থাপিত হয়। এতদ্ব্যতীত একটী চতুষ্কোণ দুর্গের ধ্বংশাবশেষ দৃষ্ট হয়। তাহার কতক সংস্কার হইয়া সৈনিকবাস হইয়াছে। ইহার চারিদিকের পরিখা উচ্চে ১৮ ফিট এবং তাহার চারিধারে গড়খাই কাটা, তাহার বাহির পার্শ্বে ক্রমনিম্ন ঢালু জমি দ্বারা রক্ষিত। দুর্গের চারিদিকের বেড় সর্ব্বসমেত ১৫৩৪ গজ; ইহাতে ২১টি বুরুজ দেখা যায়।

এই নগরের মধ্যে অনেকানেক সুন্দর ও শিল্পকার্য্য পরিপূর্ণ মন্দিরাদির ধ্বংসাবশেষ দেখা যায়, তন্মধ্যে ত্রিকূটেশ্বর, সরস্বতী, নারায়ণ, সোমেশ্বর ও রামেশ্বরের মন্দিরই প্রধান।

একটী দেবসভার মধ্যে ত্রিকূটেশ্বর ও সরস্বতীদেবীর মূর্ত্তি বিরাজিত আছে। মন্দির কয়টি অতি সুচারুরূপে সম্পন্ন, ইহার থামগুলি এরূপ সুন্দররূপে শিল্প-খোদিত যে ভারতের অপর কোন শিল্পকার্য্যের সহিত সহজে তুলনা করা যায় না। মন্দিরের সম্মুখে একটী মণ্ডপ আছে, তাহার পরই দেবীমন্দির, বহুকাল হইতেই ইহার চূড়া খসিয়া গিয়াছে। সরস্বতী দেবীর মন্দিরের উত্তরদিকে অবস্থিত ও দরদালানের পশ্চিমদিকে শালুঙ্কার উপরিস্থিত তিনটী শিবমূর্ত্তি দেখা যায়, তাহাই ত্রিকূটেশ্বর। সোমেশ্বর দেবের মন্দিরে এখন গদগের বালকদিগকে শিক্ষা দেওয়া হয়। ইহার দক্ষিণে রামেশ্বরদেবের মন্দির। বাজারের নিকট বীরনারায়ণ দেবের মন্দির। মন্দিরটী ত্রয়োদশ কিম্বা চতুর্দ্দশ শতাব্দীর হইবে, কারুকার্য্যের বিশেষ সুখ্যাতি নাই, কেবলমাত্র ইহার গোপুরটী সুন্দররূপে খোদিত ও উচ্চতায় ১০০ ফিট হইবে।

বেত্তিগেরি গ্রামের মধ্যে প্রাচীর-পরিবেষ্টিত স্থানে ১৫ খানি বীরমূর্ত্তি খোদিত বড় বড় প্রস্তরখণ্ড পাওয়া যায়, তন্মধ্যে সর্ব্বাপেক্ষা বৃহৎটী ১৩ ফিট উচ্চ হইবেক। তাঁহার মধ্যে কতকগুলি প্রস্তরে পুরাতন কণাড়ি অক্ষরে খোদিত লিপি আছে। ইহা ছাড়া গ্রামের প্রবেশদ্বারে একখানি বড় শিল্পলিপি ও শিবলিঙ্গ বিদ্যমান আছে।

গদগের মামলাৎদার আপিসে কতকগুলি তাম্রশাসন ও মন্দিরাদিতে প্রায় ২০ খানি শিল্পলিপি পাওয়া গিয়াছে।

১ম, শিল্পলিপি খানি কণাড়ী ভাষায় ও কণাড়ী অক্ষরে লিখিত, ইহাতে চালুক্যরাজ ২য় সত্যাশ্রয়ের প্রধান সামন্ত রাজা শোভন কর্ত্তৃক ৯২৪ সম্বতে ত্রিকূটেশ্বরদেবের মন্দির-প্রতিষ্ঠা উপলক্ষে প্রশস্তি বর্ণিত। মন্দিরাদিতে খোদিত প্রশস্তি ও অনেকানেক তাম্রশাসন সুন্দররূপে বুঝিতে পারা যায় না। তাহাতে চালুক্যরাজ ৩য় জয়সিংহ (১০১৮-১০৪২), আহবমল্ল ২য় (১০৪২-১০৬৮) এবং ৬ষ্ঠ বিক্রমাদিত্য (১০৭৫-১১২৬ সং) ও অপর একখানি বিক্রমপত্নী বাচলদেবী প্রদত্ত শাসন আছে, লেখা কিছু অস্পষ্ট। কলচুরি বংশীয় বিজ্জলপুত্র সংক্রমদেব (১১৭৫-১১৮০ সং)-প্রদত্তও একখানি শাসন পাওয়া গিয়াছে।

১১১৫ সম্বতে হয়শাল বীরবল্লাল প্রদত্ত ত্রিকূটেশ্বরের প্রশস্তি, ১১২১ সম্বতে বীর বল্লালের রাজমন্ত্রী রায়দেব প্রদত্ত প্রশস্তি; ১১৩৫ সম্বতে দেবগিরি যাদববংশীয়

২য় সিংহাণা প্রদত্ত প্রশস্তি, ১৪৬১ সম্বতে বিজয়নগর-রাজ অচ্যুতরায় প্রদত্ত এবং বীরনারায়ণের মন্দিরে চারখানি (৯৫৯, ১০২০, ১০২২, ১৪৬১ সম্বতের) প্রশস্তি পাওয়া গিয়াছে। এতদ্ব্যতীত বীরনারায়ণ মন্দিরের দক্ষিণস্থিত নরসিংহদেবের মন্দিরে ১০১৬ ও ১৪৬১ খৃষ্টাব্দের দুইখানি খোদিত শিল্পলিপি পাওয়া যায়।

এই গদগের পুরাতন সংস্কৃত নাম "ক্রতুক," তাহা ১১৩৫ সম্বতে রাজা ২য় সিংহানার প্রশস্তির প্রারম্ভেই লিখিত হইয়াছে।

গদগের ত্রিকূটেশ্বর ও বীরনারায়ণের মন্দির ১০ম বা ১১শ শতাব্দীর হইবে। উক্ত শিল্পলিপি পাঠে স্পষ্টই প্রতীয়মান হয় যে কালে এই গদগ নগর ভিন্ন ভিন্ন সময়ে (৯৭৩-১১৯০) চালুক্য, (১১৬১-১১৮৩) কলচুরি, (১০৪৭-১৩১০) হয়শাল বল্লাল, (১১৭০-১৩১০) দেবগিরি-যাদব ও (১৩৩৬-১৫৮৭ খৃঃ) বিজয়নগর প্রভৃতি রাজবংশের অধীনে ছিল।

১৭৯৯ খৃষ্টাব্দে ধম্বল দুর্গ অবরোধের পর কর্ণেল ওয়েলেস্‌লি গদগ যাত্রা করেন। তাঁহার আগমনে ধুন্ধিয়ারা সকলেই নগর ছাড়িয়া পলাইয়া যায়। পরে তিনি পেশোবার সৈন্যাধ্যক্ষের উপর ধম্বল ও গদগ দুর্গের ভার দিয়া চলিয়া আসেন। ১৮১৮ খৃষ্টাব্দে শেষ মহারাষ্ট্র-যুদ্ধে জেনারেল মন্‌রো পুনরায় গদগ আক্রমণ করেন এবং একদিন গুলিবর্ষণের পর ধুন্ধিয়ার হাত হইতে পুনর্ব্বার গদগ ইংরাজ অধিকারে আইসে।

গদ্‌গদ (ক্লী) গদ্‌গদ পৃষোদরাদিবৎ সাধুঃ। গদ্‌গদ ভাষণ, গদ্‌গদস্বরে কথা বলা। "বক্ত্রজেষু কণ্ঠোষ্ঠতালূনা মন্যতমস্মিংস্তৈর্গদগদবাক্যতা রসাজ্ঞানং মুখরোগাশ্চ ভবন্তি।"

(সুশ্রুত° নিঃ ২ অঃ)

গদমুরারি (পুং) জ্বররোগের ঔষধবিশেষ। পারা, গন্ধক, লৌহ, অভ্র, তামা, হিঙ্গুল ও সীসক এই সকল দ্রব্য সমভাগে মর্দ্দন করিবে। মাত্রা দুই রতি। ইহা সেবন করিলে সদ্যজ্বর বিনাশ হয়। (রসেন্দ্রসার°)

গদমুরারিইচ্ছাভেদী, ঔষধবিশেষ। পারা, গন্ধক, তামা, হরিতাল, বিষ, শুঁঠ, পিপুল, মরিচ, হরীতকী, আমলকী, বহেড়া, সোহাগা, এই সকল দ্রব্য সমভাগে এবং ইহাদের সমষ্টির পরিমাণের সমান জয়পাল দিয়া ভৃঙ্গরাজের রসে দুইপ্রহর খল করিবে। ইহা সেবনে ভেদ হয় এবং সন্নিপাতাদি সকল রোগ নষ্ট হয়। বিরেচনের পরে মৎস্য, মাংস ও ঘৃতসংযুক্ত দ্রব্য পথ্য। (রসেন্দ্রসার°)

গদয়িত্নু (পুং) গদয়তি পীড়য়তি গদ-ইত্নুচ্ (উণ্ ৩।২৯।) ১ কাম। (ত্রি) ২ কামুক। ৩ বাবদূক। (পুং) ৪ শব্দ। (উজ্জ্বল)

গদরিয়া, উত্তরপশ্চিমাঞ্চলবাসী মেষপালক জাতিবিশেষ। ইহাদের মধ্যে অনেক শ্রেণী ভেদ আছে, একশ্রেণী অন্য শ্রেণীর সহিত বিবাহে দানগ্রহণ করে না। ইহাদের বিধবারা দেবরকে বিবাহ করে, কিন্তু জ্যেষ্ঠ মৃত কনিষ্ঠের বিধবাকে বিবাহ করিতে পারে না। আগ্রা ও ফরুখাবাদ অঞ্চলে এই জাতির বাস অধিক।

গদসিংহ, একজন সংস্কৃত গ্রন্থকার। ইনি অনেকার্থধ্বনিমঞ্জরী নামে একখানি সংস্কৃত অভিধান, তত্ত্বচন্দ্রিকা নামে কিরাতার্জ্জুনীয় টীকা ও উষ্মাবিবেক রচনা করেন। অনেকার্থধ্বনিমঞ্জরীতে রুদ্র, গঙ্গাধর, ধরণী ও রত্নকোষ এবং তত্ত্বচন্দ্রিকায় প্রকাশবর্ষের টীকা উদ্ধৃত হইয়াছে। রঘুনন্দন গদসিংহের কোষ উল্লেখ করিয়াছেন।

গদা (স্ত্রী) গদ-অচ্-টাপ্। ১ স্বনামখ্যাত লৌহময় অস্ত্রবিশেষ। যন্ত্রযুদ্ধের মধ্যে গদা যুদ্ধই অতিশয় কঠিন ও যোদ্ধৃবর্গের বলসাপেক্ষ। অগ্নিপুরাণে আহত, গোমূত্র, প্রভৃত, কমলাসন, ঊর্দ্ধগাত্র, নামিত, বামদক্ষিণ, আবৃত্ত, পরাবৃত্ত, পাদোদ্ধূত, অবপ্লুত, হংসমার্গ ও বিমার্গ এই কয় প্রকার গদাযুদ্ধের উল্লেখ আছে। মহাভারতে মণ্ডল, গতপ্রত্যাগত, অস্ত্রযন্ত্র, স্থান, পরিমোক্ষ, প্রহারবর্জন, পরিধাবন, অভিদ্রবণ, আক্ষেপ, অবস্থান, সবিগ্রহ, পরিবর্ত্ত, সংবর্ত্ত, অবপ্লুত, উপপ্লুত, উপন্যস্ত ও অপন্যস্ত এই কয়প্রকার গদা যুদ্ধের কৌশলের কথা আছে। গদাযুদ্ধনিপুণ মহাবল ভীম ও দুর্য্যোধন এই সকল যুদ্ধ কৌশল প্রকাশে স্বর্গমর্ত্যপাতালবাসীদিগকে বিস্ময়াপন্ন করিয়া ভয়ঙ্কর গদা যুদ্ধ করিয়াছিলেন। (ভারত, শল্য ৫৭ অঃ।) টীকাকার নীলকণ্ঠের মতে যুদ্ধ কালে শত্রুর চারিদিকে ভ্রমণ করিয়া যুদ্ধকরার নাম মণ্ডল। যে কৌশলে শত্রুর নিকটে উপস্থিত হইয়া সহসা দূরে সরিয়া পড়া যায়, তাহাকে গতপ্রত্যাগত বলে। শত্রুর কঠিন মর্ম্ম দেশের আক্ষেপ করিয়া ঊর্দ্ধদিকে উঠান বা ভূতলে নিক্ষেপ করাকে অস্ত্রযন্ত্র বলা হইয়া থাকে। আঘাতের উপযুক্ত মর্ম্ম দেশ অর্থাৎ কর্ম্মস্থানে আঘাত করাকে স্থান বলিয়া উল্লেখ করা হয়। অতিশয় বেগে ঘুরিয়া ফিরিয়া আসাকে পরিধাবন, বেগে শত্রুর সম্মুখে উপস্থিত হওয়াকে অভিদ্রবণ, শত্রুর যত্নেই তাহারই নিপাতের কারণ সম্পাদন করাকে আক্ষেপ, যুদ্ধে কোন রূপ চঞ্চলতা প্রকাশ না করাকে অবস্থান, শত্রু উপস্থিত হইলে পুনরায় তাহার সহিত যুদ্ধ করাকে সবিগ্রহ, শত্রুর চারিদিকে বিচরণ করাকে পরিবর্ত্তন, শত্রুকে এদিক্ ওদিক্ সরিতে না দেওয়াকে সংবর্ত্ত, শত্রুর প্রহার হইতে আপনাকে

রক্ষা করিবার জন্য অবনত হইয়া সরিয়া যাওয়াকে অবপ্লুত, বিপক্ষের আঘাত হইতে রক্ষা পাইবার জন্য পিছনে সরিয়া যাওয়াকে উপপ্লুত, শত্রুর নিকটে আসিয়া গদা প্রহারকে উপন্যস্ত এবং ফিরিয়া হস্তদ্বারা শত্রুকে তাড়না করাকে অপন্যস্ত বলে। (ভারত শল্যপ° ৫৭ অধ্যায়ের নীলকণ্ঠ টীকা দেখ।)

দেবগণের মধ্যে বিষ্ণুই গদা যুদ্ধে অতিশয় নিপুণ। বায়ুপুরাণে লিখিত আছে যে, গদ নামে একটা ভয়ঙ্কর অসুর ছিল। তাহার শরীরের অস্থি বজ্র হইতে কঠিন। গদাসুর অতিশয় দুর্বৃত্ত হইয়া দেবগণের উপরে ভয়ানক অত্যাচার করিত। পরিশেষে ব্রহ্মা তাহার অস্থি চাহিয়া লন। সেই অস্থিতে বিষ্ণুর গদা নির্ম্মিত হয়। (বায়ুপুরাণ)

২ বুদ্ধিতত্ত্ব, মহত্তত্ত্ব।

"মনস্তত্ত্বাত্মকং চক্রং বুদ্ধিতত্ত্বাত্মিকাং গদাম্।" (বিষ্ণুস°)

৩ পটোলা বৃক্ষ। ৪ যোগবিশেষ।

লঘুজাতকের মতে সকল গ্রহ অনন্তর কেন্দ্রস্থিত হইলে গদা নামক যোগ হইয়া থাকে।

গদাক্ষেত্র, বিরজাক্ষেত্রের অপর নাম। [বিরজা ও যাজপুর দেখ।]

গদাখ্য (ক্লী) গদা ইত্যাখ্যা যস্য বহুব্রী। কুড়, কুষ্ঠ। (রত্নমা°)

গদাগদ (পুং) [দ্বি°] গদমাগচ্ছতি গদ-আ-গম-ড গদাগং রোগিণং দায়তঃ শোধয়তঃ গদাগ-দা-ক। অশ্বিনীকুমারদ্বয়।

গদাগ্রজ (পুং) গদস্য অগ্রজঃ ৬তৎ। ১ বলরাম। ২ কৃষ্ণ।

"তথ্যামুতথ্যানুজবজ্জগাদাগ্রে গদাগ্রজং।" (মাঘ ২ সর্গ)

গদাগ্রণী (পুং) গদস্য অগ্রণীঃ ৬তৎ। ক্ষয়রোগ। সকল রোগের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া ক্ষয়রোগের নাম গদাগ্রণী হইয়াছে।

গদাধর (পুং) গদাং ধরতি গদা-ধৃ-অচ্। ১ বিষ্ণু, গদাসুরের অস্থি নির্ম্মিত গদাধারণ করিয়া ইহার নাম গদাধর হইয়াছে। [গদা দেখ।] বিষ্ণুর গদা প্রাপ্তির কথা বায়ুপুরাণে এইরূপ লিখিত আছে,—স্বায়ম্ভুব মন্বন্তরে হেতিরক্ষ নামে একটা ব্রহ্মপুত্র ব্রহ্মার আরাধনা করে। তাহার কঠোর তপস্যায় সন্তুষ্ট হইয়া বিরিঞ্চি তাহাকে বর দিতে উপস্থিত হন। হেতি বলিল, 'প্রভো! অধমের প্রতি কৃপা হইয়া থাকিলে এই বিধান করুন, আমি যেন ত্রিলোকে অজেয় হইতে পারি। দেবাস্ত্র, অসুরাস্ত্র বা মনুষ্যাস্ত্রে যেন আমার জীবনের অনিষ্ট না হয়।' ব্রহ্মা তাহাই স্বীকার করিলেন। ব্রহ্মার বর পাইয়া দুর্বৃত্ত হেতি মাতিয়া উঠিল। কএকদিন পরেই ইন্দ্রকে তাড়াইয়া স্বর্গের রাজত্ব অবধি অধিকার করিল, ক্রমে ক্রমে সকল দেবতাকেই পদচ্যুত করিয়া তাড়াইয়া দিতে লাগিল। হেতির অত্যাচার সহ্য করিতে না পারিয়া সকলে মিলিয়া বিষ্ণুর নিকটে উপস্থিত হইলেন এবং হেতির ভয়ঙ্কর অত্যাচারের কথা জানাইলেন। দেবগণের কান্নায় বিষ্ণুর দয়া হইল, তিনি ভাবিয়া চিন্তিয়া বলিলেন যে, তোমরা যদি আমাকে একটী মহাস্ত্র দিতে পার, তবে হেতির বিনাশ করিতে পারি। ইহার পূর্ব্বে গদাসুরের বজ্রকঠিন অস্থিতে একটী গদা নির্ম্মিত হয়, দেবগণ সময় বুঝিয়া সেই গদাটী বিষ্ণুকে দিলেন। বিষ্ণু গদার দৃঢ় আঘাতে হেতিকে বিনাশ করিলেন। গদাটী তাঁহার প্রিয় হইল, তিনি গদাটী আর ফিরাইয়া দিলেন না, স্বহস্তে ধারণ করিলেন। তদবধি তাঁহার গদাধর নাম হইল। (গয়ামাহাত্ম্য ৫ অঃ)

২ গয়াতীর্থস্থিত দেবমূর্ত্তি বিশেষ।

"ভোজপুরে ভোজনাথো গয়ায়াঞ্চ গদাধরঃ।" (মাহেশ্বরতন্ত্র)

(ত্রি) ৩ যে গদা ধারণ করে।

গদাধর, কএকজন সংস্কৃত গ্রন্থকারের নাম।

১ ক্রিয়াকল্পদ্রুমপ্রণেতা।

২ গ্রহযাগাযুতহোমাদিসিদ্ধি নামে সংস্কৃত গ্রন্থরচয়িতা।

৩ একজন প্রাচীন বৈদ্যক গ্রন্থকার, ভাবমিশ্র ও বৈদ্যবাচস্পতি ইঁহার মত উদ্ধৃত করিয়াছেন।

৪ একজন ধর্ম্মশাস্ত্রসংগ্রহকার, রাজগুরু বলিয়া আখ্যাত। ইনি গদাধরপদ্ধতি, সম্প্রদায়প্রদীপ ও নবকণ্ডিকাসূত্রভাষ্য প্রণয়ন করেন।

৫ বৃহত্তারতম্যস্তোত্ররচয়িতা।

৬ ভগবত্তত্ত্বদীপিকা নামে ভক্তিশাস্ত্রপ্রণেতা।

৭ রসিকজীবন নামে সংস্কৃত অলঙ্কার-রচয়িতা।

৮ বিবাহসিদ্ধান্তরহস্য নামে জ্যোতির্গ্রন্থপ্রণেতা।

৯ একজন প্রসিদ্ধ তান্ত্রিক, রাঘবেন্দ্রের পুত্র, ধীরসিংহের পৌত্র এবং দর্পনারায়ণের প্রপৌত্র। ইনি তন্ত্রপ্রদীপ নামে সারদাতিলকের একখানি টীকা রচনা করেন।

১০ সদুক্তিকর্ণামৃতধৃত একজন প্রাচীন কবি।

গদাধরচক্রবর্ত্তী, কাব্যপ্রকাশের একজন টীকাকার।

গদাধরতর্কাচার্য্য, রামতর্কালঙ্কারের পুত্র, দেবীমাহাত্ম্যটীকারচয়িতা। রাঢ়ীয় ব্রাহ্মণদিগের নির্দ্দোষকুলপঞ্জিকা নামক কুলগ্রন্থে একজন নৈয়ায়িক গদাধর ভট্টাচার্য্যের নাম পাওয়া যায়, তিনিও রামতর্কালঙ্কারের পুত্র বলিয়া উক্ত। এরূপ স্থলে উভয়ে একব্যক্তি হইলেও হইতে পারে।

গদাধরদাস, একজন হিন্দী কবি, ব্রজবাসী প্রসিদ্ধ হিন্দী কবি কৃষ্ণদাসপয়-অহারীর শিষ্য ও বল্লভাচার্য্যের প্রশিষ্য। শিবসিংহ ইঁহার শান্তিরসাত্মক হিন্দী কবিতার সুখ্যাতি করিয়া গিয়াছেন।

গদাধরদীক্ষিত, একজন প্রাচীন বৈদিক সূত্রভাষ্যকার, ইঁহার পিতার নাম বামন, ইঁহার রচিত আশ্বলায়ন-গৃহ্যসূত্রভাষ্য ও পারস্করগৃহ্যসূত্রভাষ্য পাওয়া যায়। দেবভদ্র ও যাজ্ঞিকদেব ইঁহার ভাষ্য উদ্ধৃত করিয়াছেন।

গদাধরনদী, ব্রহ্মপুত্রের একটী শাখা নদী। ভুটানের গিরিমালা হইতে নির্গত হইয়া জলপাইগুড়ি ও গোয়ালপাড়াকে পশ্চিম ও পূর্ব্বদ্বারে বিভক্ত করিয়াছে। ইহার গতি বড়ই পরিবর্ত্তনশীল, তাই স্থানে স্থানে নামভেদ ঘটিয়াছে। কাহারও মতে, এই নদী উত্তরাংশে সঙ্কোশ, গোয়ালপাড়ায় গঙ্গাধর এবং ইহার নিম্নাংশে ও প্রাচীন গর্ভ এখনও গদাধর নামে খ্যাত। রামনাই নামে ইহার একটী শাখা আছে।

গদাধরনাথ, সদুক্তিকর্ণামৃত ধৃত একজন প্রাচীন কবি।

গদাধরপণ্ডিত, চৈতন্যদেবের একজন প্রধান অন্তরঙ্গ। গৌরাঙ্গ ইঁহার রাধাভাব দেখিয়া ছিলেন। চৈতন্যভক্তগণ ইঁহাকেও বিশেষ ভক্তি করেন।

গদাধরভট্ট, বর্ত্তমান শতাব্দীর বান্দাপ্রদেশের একজন প্রসিদ্ধ হিন্দী কবি। ইঁহার প্রপিতামহ মোহনভট্ট, পিতামহ পদ্মাকর ও পিতা মিহীলাল, তাঁহারা সকলেও কবি ছিলেন, কিন্তু গদাধর কবিতা লিখিয়া পিতৃগণ হইতে উচ্চাসন লাভ করিয়াছেন। ইনি রাজা ভবানীসিংহ দতিয়ার সভায় থাকিতেন এবং অলঙ্কার-চন্দ্রোদয় রচনা করেন। কৃষ্ণানন্দ ব্যাসদেব ইহার কবিতা উদ্ধৃত করিয়া গিয়াছেন।

গদাধরভট্টাচার্য্য, সংস্কৃত অধ্যাপক ও বিখ্যাত নৈয়ায়িক পণ্ডিত। বারেন্দ্রশ্রেণীর ব্রাহ্মণবংশে ইঁহার জন্ম। পিতার নাম জীবাচার্য্য। পাবনা জেলার অন্তর্গত লক্ষ্মীচাপড়া নামক গ্রামে তাঁহার আদিবাস। বিদ্যাভ্যাস করিবার জন্য নবদ্বীপে আসিয়া নৈয়ায়িক হরিরাম তর্কবাগীশের টোলে ন্যায়শাস্ত্র অধ্যয়ন করেন। গদাধরের শিক্ষা সমাপ্ত না হইতেই হরিরামের মৃত্যু হয়। টোলের অধ্যাপনা করাইতে পারে হরিরামের এরূপ পুত্র ছিল না। এজন্য তিনি ব্রাহ্মণীকে বলিয়া যান যে, ছাত্রবর্গের মধ্যে গদাধরকে যেন টোলের অধ্যাপনা কার্য্যে নিযুক্ত করা হয়। হরিরাম জানিতেন যে যদিও গদাধরের পাঠ সমাপ্তি হয় নাই, তথাপি এই ছাত্র স্বীয় বুদ্ধি বলে সকল বাধা অতিক্রম করিবে। গদাধর অধ্যাপনায় প্রবৃত্ত হইলেন। কিন্তু ছাত্রগণ সহাধ্যায়ীর নিকট পাঠ স্বীকার করিতে অসম্মত হইয়া অন্য টোলে পড়িতে গেল। তেজস্বী গদাধর তাহাতে নিরুৎসাহ না হইয়া হরিরামের টোল পরিত্যাগ করিয়া গঙ্গাস্নানের পথের পার্শ্বে একটী স্বতন্ত্র চতুষ্পাটী ও তৎসংলগ্ন একটী ফুলের বাগান করিলেন। ফুলবাগানের উদ্দেশ্য যে, পণ্ডিতগণ সম্ভবতঃ পূজার জন্য তথায় পুষ্পচয়ন করিতে আসিবেন। সেই সুযোগে তিনি তাহাদের সহিত শাস্ত্রালাপ করিয়া নিজ পাণ্ডিত্য প্রচার করিবেন। এদিকে তিনি নিজ বাসস্থান লক্ষ্মীচাপড়া হইতে ছাত্র আনিতে পাঠাইলেন। যতদিন না ছাত্র আসে, ততদিন বাগানে বসিয়া বৃক্ষকে উপলক্ষ করিয়া পড়াইতে লাগিলেন ও আপন ব্যাখ্যা লিপিবদ্ধ করিতে লাগিলেন। অধ্যাপক ও ছাত্র মধ্যে অনেকেই পুষ্প চয়ন করিতে আসিতেন। তাঁহারা গদাধরের অধ্যাপনা-প্রণালী ও ব্যাখ্যা শুনিয়া মনে মনে তাঁহার প্রশংসা করিতে লাগিলেন। ক্রমে ছাত্রগণ গোপনে আসিয়া তাঁহার নিকট নানা বিষয়ে সন্দেহভঞ্জন করিয়া লইতে লাগিলেন, কেহ বা তাঁহার কৃত ব্যাখ্যা বিশদ বলিয়া তুলিয়া লইতে লাগিলেন। জগদীশ তর্কালঙ্কার সেই সময় নবদ্বীপের একজন প্রধান নৈয়ায়িক, তাঁহার পাণ্ডিত্যের প্রশংসাও সুদূর বিস্তৃত। গদাধর বৌদ্ধাধিকারদীধিতির টীকা রচনা করেন। তাহাতে লিপিকর ভ্রমক্রমে "শিব্যন্তে" পাঠের পরিবর্ত্তে "শিচ্যন্তে" লিখিয়া বসেন। সেই পত্র কোন মতে জগদীশের টোলের কোন ছাত্রের হস্তে পতিত হয়। ছাত্রেরা উপহাস করিয়া সেই পত্র একটী কুক্কুরের গলায় বাঁধিয়া দেয়। গদাধর এই সংবাদ পাইয়া কুক্কুরের গলা হইতে তাহা খুলিয়া লইয়া নিজ বুদ্ধিবলে "শিচ্যন্তে" পাঠই বজায় রাখিয়া নূতনরূপে ব্যাখ্যা করিয়া সেই টীকা জগদীশের নিকট পাঠাইয়া দিলেন। জগদীশ তর্কালঙ্কার ঐ টীকা পাঠ করিয়া বলিয়াছিলেন, "গদাধরের টীকা পড়িয়া আমি নিশ্চয় বলিতে পারি না, যে কোন পাঠ প্রকৃত।" জগদীশের এই কথায় গদাধরের খ্যাতি নবদ্বীপে পরিব্যাপ্ত হইল। তৎপরেই ছাত্রগণ অবাধে তাহার চতুষ্পাটীতে অধ্যয়নার্থ আসিতে লাগিল। গদাধরের বংশধরেরা এক্ষণেও নবদ্বীপে রহিয়াছেন। গদাধর হইতে সাতপুরুষ হইয়াছে। তাহাতে বোধ হয় যে দুইশত বর্ষের পূর্ব্বে গদাধর জীবিত ছিলেন। কথায় বলে—

"হরের গদা, গদার জয়।
জয়ার বিশু, লোকে কয়॥"

অর্থাৎ হরিরামের ছাত্র গদাধর ভট্টাচার্য্য, গদাধরের ছাত্র জয়রাম ও জয়রামের ছাত্র বিশ্বনাথ।

গদাধর ভট্টাচার্য্য অনেক টীকা প্রণয়ণ করেন। সাধারণতঃ সেই সমস্ত "গাদাধরী টীকা" ও "গদাধরী পাতড়া" বলিয়া কথিত।

গদাধর ব্রহ্মনির্ণয় নামে এখখানি বেদান্ত, কুসুমাঞ্জলি

ব্যাখ্যা, মুক্তাবলীটীকা এবং তত্ত্বচিন্তামণিদীধিতি ও তত্ত্বচিন্তামণ্যালোকের গাদাধরী নামে সুবৃহৎ ব্যাখ্যাগ্রন্থ প্রণয়ণ করেন। গাদাধরী নব্যন্যায়ের অপূর্ব্বগ্রন্থ এবং গদাধরের অক্ষয়কীর্ত্তি। এই মহাগ্রন্থ সম্পূর্ণ সংগ্রহ করা বড়ই দুর্ঘট, তবে যত অংশ পাওয়া গিয়াছে, নিম্নে তাহার তালিকা দেওয়া হইল।

অতএবচতুষ্টয়ীরহস্য ও টীকা, অনুকরণবিচার, অনুপসংহারী, অনুপসংহারীগ্রন্থরহস্য, অনুপসংহারিবাদ, অনুমাননিরূপণ, অনুমিতিটিপ্পন, অনুমিতিতত্ত্ববাদ, অনুমিতিমানসবাদার্থ, অনুমিতিরহস্য, অনুমিতিবিচার, অনুমিতিসংগ্রহ, অন্যথাখ্যাতিবাদ, অন্বয়বাদ, অন্বয়ব্যতিরেকি, অপূর্ব্ববাদ, অর্থাপত্তিবাদ, অবচ্ছেদকতানিরুক্তি, অবচ্ছেদকত্ববাদ, অবচ্ছেদকত্বনিরুক্তিরহস্য, অবয়বনিরূপণ, অবয়বগ্রন্থরহস্য, অষ্টাদশবাদ, অসাধারণবাদ, অসিদ্ধগ্রন্থরহস্য, আকাশবাদ, আখ্যাতবাদ বা আখ্যাতবিচার, আত্মতত্ত্ববিবেকদীধিতিটীকা, আলোকটিপ্পনী, উৎপত্তিবাদ, উদাহরণলক্ষণটীকা, উপনয়নলক্ষণটীকা, উপসর্গবিচার, উপাধিবাদ, উপাধিসিদ্ধান্তগ্রন্থটীকা, কারকবাদ, কেবলব্যতিরেকিরহস্য, কেবলান্বয়ি, কেবলান্বয়িকেবলব্যতিরেকিরহস্য, কেবলান্বয়িগ্রন্থবিবরণ, চতুর্দ্দশলক্ষণী, চিত্ররূপবাদ, তদাদিসর্ব্বনামবিচার, তর্করহস্য, তর্কবাদ, তাৎপর্য্যজ্ঞানকারণতাবিচাররহস্য, তাদাত্ম্যবাদ, ত্বতলাদিভাবপ্রত্যয়বিচার, দ্বিতীয়প্রগল্‌ভলক্ষণটীকা, দ্বিতীয়স্বলক্ষণটীকা, দ্বিতীয়াদি ব্যুৎপত্তিবাদ, ধর্ম্মিতাবচ্ছেদকপ্রত্যাসত্তি, ধর্ম্মিতাবচ্ছেদকবাদ, নানার্থবাদটীকা, নানার্থসন্দিগ্ধার্থবিচার, নঞ্‌বাদটীকা, নব্যধর্ম্মতাবচ্ছেদকবাদার্থ, নব্যমতরহস্য, নব্যমতবাদার্থ, নির্দ্ধারণবিচার, পক্ষতা, পক্ষতারহস্য, পক্ষতাবাদ, পক্ষতাবাদার্থ, পক্ষতাসিদ্ধান্তগ্রন্থটীকা, পঞ্চলক্ষণী, পঞ্চবাদটীকা, পরামর্শরহস্য, পরামর্শবাদ, পরামর্শবাদার্থ, পূর্ব্বপক্ষগ্রন্থটীকা, পূর্ব্বপক্ষরহস্য, পূর্ব্বপক্ষব্যাপ্তি, পূর্ব্বসিদ্ধান্ত, প্রতিজ্ঞালক্ষণটীকা, প্রথমপ্রগল্‌ভলক্ষণটীকা, প্রথমস্বলক্ষণবিবরণ, প্রবৃত্ত্যঙ্গ, প্রাগভাববাদ, প্রামাণ্যবাদটীকা, প্রামাণ্যবাদসংগ্রহ, প্রামাণ্যবাদার্থ, বাধগ্রন্থরহস্য, বাধতা, বাধতাবাদ, বাধবুদ্ধিবাদ, বাধবুদ্ধিবাদার্থ, বাধরহস্য, বাধবাদ, বুদ্ধিবাদ, ভূয়োদর্শনবাদ, মঙ্গলবাদ, মুক্তিবাদ, মুক্তিবাদার্থ, মোক্ষবাদ, রত্নকোষবাদার্থরহস্য, লক্ষণবাদ, লঘুবাদার্থ, লিঙ্গকারণতাবাদ, লিঙ্গোপলৈঙ্গিকবাদার্থ, বায়ুপ্রত্যক্ষবাদ, বিধিবাদ, বিধিবাদার্থ বা বিধিস্বরূপবাদার্থ, বিরুদ্ধগ্রন্থরহস্য, বিরুদ্ধসিদ্ধান্তগ্রন্থটীকা, বিরোধ, বিরোধবাদ, বিরোধিগ্রন্থ, বিশিষ্টবৈশিষ্ট্যজ্ঞানবাদার্থ, বিশিষ্টবৈশিষ্ট্যবোধবিচার, বিশিষ্টবৈশিষ্ট্যবাদ, বিশেষজ্ঞানবাদার্থ, বিশেষনিরুক্তিটীকা, বিশেষব্যাপ্তি, বিশেষব্যাপ্তিরহস্য, বিষয়তাবাদ বা বিষয়তাবিচার, বিষয়তাবাদার্থ, বৃত্তিবাদ, ব্যধিকরণধর্ম্মাবচ্ছিন্নবাদ, ব্যধিকরণধর্ম্মাবচ্ছিন্নভাব, ব্যাপ্তিগ্রহোপায়টীকা, ব্যাপ্তিনিরূপণ, ব্যাপ্তিপঞ্চকটীকা, ব্যাপ্তিবাদ, ব্যাপ্ত্যনুগমটীকা, ব্যাপ্ত্যনুগমরহস্য ব্যাপ্ত্যনুগমবাদার্থ, ব্যুৎপত্তিবাদ, ব্যুৎপত্তিবাদার্থ, শক্তিবাদ বা শক্তিবিচার, শব্দপরিচ্ছেদ, শব্দালোকরহস্য, সঞ্চয়পক্ষতাবাদ, সঞ্চয়বাদ, সঞ্চয়বাদার্থ, সঙ্গতিবাদ, সঙ্গত্যনুমিতিবাদ, সৎপ্রতিপক্ষ, সৎপ্রতিপক্ষগ্রন্থরহস্য, সৎপ্রতিপক্ষপত্র, সৎপ্রতিপক্ষপূর্ব্বপক্ষগ্রন্থটীকা, সৎপ্রতিপক্ষবাধগ্রন্থ, সৎপ্রতিপক্ষবাদ, সর্ব্বনামশক্তিবাদ, সব্যভিচারগ্রন্থ, সব্যভিচারগ্রন্থরহস্য, সব্যভিচারবাদ, সহচারবাদ, সহচারিগ্রন্থরহস্য, সাদৃশ্যবাদ, সাধারণগ্রন্থ, সাধারণরহস্য, সাধারণাসাধারণানুপসংহারিবিরোধগ্রন্থ, সামগ্রীবাদ, সামগ্রীবাদার্থ, সামান্যনিরুক্তি, সামান্যনিরুক্তিগ্রন্থরহস্য, সামান্যলক্ষণরহস্য, সামান্যবাদটীকা, সামান্যাভাবরহস্য, সামান্যভাবরহস্য, সামান্যভাবসাধন, সিংহব্যাঘ্রলক্ষণী, সিংহব্যাঘ্রী, সিদ্ধান্তলক্ষণ, সিদ্ধান্তলক্ষণক্রোড়, সিদ্ধান্তলক্ষণরহস্য, সিদ্ধান্তব্যাপ্তি, হেতুলক্ষণটীকা, হেত্বাভাস, হেত্বাভাসনিরূপণ, হেত্বাভাসসামান্যলক্ষণ।

কৃষ্ণভট্টআর্ডে, কৃষ্ণমিত্র, গোস্বামী, নীলকণ্ঠ, রঘুনাথ, শঙ্কর, হরনারায়ণ প্রভৃতি পণ্ডিতগণ গাদাধরীর কোন কোন অংশের ব্যাখ্যা লিখিয়া গিয়াছেন।

গদান্তক (পুং) গদাসুরনিহন্তা বিষ্ণু।

গদাপাণি (পুং) গদা পাণৌ যস্য বহুব্রী। ১ বিষ্ণু। ২ মাতৃকাদেবীভক্ত গণকমুনিগোত্রীয় রাজা চাপপাণির পুত্র।

(সহ্যাদ্রিখণ্ড ১।৩৩।১১৬)

গদাভৃৎ (পুং) গদাং বিভর্ত্তি গদা-ভৃ-ক্বিপ্ তুগাগমশ্চ। বিষ্ণু। "তীর্থীকুর্ব্বন্তি তীর্থানি স্বান্তস্থেন গদাভৃতা।" (ভাগ° ১।১৩।১০)

(ত্রি) ২ যে গদা ধারণ করে।

গদামুদ্রা (স্ত্রী) বিষ্ণুপূজার অঙ্গমুদ্রাবিশেষ। হাত দুইখানি পরস্পর মুখামুখী করিয়া অঙ্গুলী আবদ্ধ করিবে। অঙ্গুষ্ঠদ্বয় ও মধ্যমা দুইটী সংলগ্ন করিয়া প্রসারিত করিবে, ইহাকে গদামুদ্রা বলে। (১) (তন্ত্রসার)

গদাম্বর (পুং) গদোঽভ্রধ্বনিযুক্তমম্বরং যস্মাৎ বহুব্রী। মেঘ।

গদারাতি (পুং) গদস্য অরাতিঃ ৬তৎ। ঔষধ। (রাজনি°)

(১) "অন্যোন্যাভিমুখৌ হস্তৌ কৃত্বা তু গ্রথিতাঙ্গুলী।
অঙ্গুষ্ঠৌ মধ্যমে ভূয়ঃ সুলগ্নে সুপ্রসারিতে।
গদামুদ্রেয় মুদিতা।" (তন্ত্রসার)

গদালোল (ক্লী) গয়াতীর্থস্থ একটী তীর্থ। বিষ্ণু হেতিকে মারিয়া যে স্থানে গদাটী ধুইয়া ছিলেন, সেই স্থান গদালোল। (গয়ামাহাত্ম্য)

গদাবসান (ক্লী) গদায়া জরাসন্ধত্যক্তগদাগতেরবসানমত্র বহুব্রী। মথুরার নিকটবর্ত্তী একটী স্থান। শ্রীকৃষ্ণ কংসবধ করিলে কংস-শ্বশুর জরাসন্ধ জামাতৃহন্তা যদুনন্দনকে সংহার করিবার অভিপ্রায়ে একটী গদাকে নবনবতিবার ঘুরাইয়া গিরিব্রজ হইতে মথুরায় নিক্ষেপ করেন। গিরিব্রজ হইতে মথুরা ১০০ যোজন, গদা মথুরা পর্য্যন্ত পৌঁছিতে পারিল না। ৯৯ যোজন আসিয়াই ভূতলশায়ী হইল। যে স্থানে গদা পতিত হয়, মথুরার নিকটবর্ত্তী সেইস্থানকে গদাবসান বলে। (ভারত ২। ১৮ অঃ)

গদাসন (ক্লী) আসনবিশেষ। বাহু দুইটী ঊর্দ্ধ করিয়া গদার ন্যায় উপবেশনকে গদাসন বলে, এই আসনে সিদ্ধি হইয়া থাকে। "গদাসনমথোবক্ষ্যে গদাকৃতি বসেদ্ ভুবি।
ঊর্দ্ধবাহুর্ভবেৎ যেন তস্য সাধনহেতুনা।" (তন্ত্রসার)

গদাহ্ব (ক্লী) গদএব আহ্বা যস্য বহুব্রী। কুষ্ঠ, কুড়।

গদাহ্বয় (ক্লী) গদ ইত্যাহ্বয়ো যস্য বহুব্রী। কুষ্ঠ, কুড়।

গদিত (ত্রি) গদ-কর্ম্মণি-ক্ত। ১ কথিত, উক্ত। (ক্লী) গদ ভাবে-ক্ত। ২ কথন।

গদিতোজ্জ্বলা (স্ত্রী) ছন্দবিশেষ। "ননভরৈঃ সহিতা গদিতোজ্জ্বলা।" (বৃত্তরত্না°) যে সমবৃত্তের প্রতি চরণের ৭ম, ১০ম ও ১২শ অক্ষর গুরু; অপর সকল অক্ষরই লঘু, তাহার নাম গদিতোজ্জ্বলা। ইহার প্রতিচরণে ১২টী করিয়া অক্ষর থাকে। কোন ব্যাখ্যাকার উক্ত বৃত্তের উজ্জ্বলা নাম বলিয়া থাকেন।

গদিন্ (পুং) গদা হস্ত্যস্য গদা-ইনি। ১ বিষ্ণু।
"কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ।" (গীতা)
(ত্রি) ২ যাহার গদা আছে, গদাধারী।
"পিনাকিনং বজ্রিণং দীপ্তশূলং
পরশ্বধিনং গদিনং স্বায়তাসিম্।" (ভারত, দ্রোণ ২০১ অঃ)
গদো রোগোঽস্ত্যস্য গদ-ইনি। ৩ রোগযুক্ত, রোগী। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়।

গদী (হিন্দী) ১ আসন। ২ মোটা কাপড়ের ভিতর তুলা পোরা ও টোপ্ তোলা শয্যা বিশেষ। ৩ মহাজনের কর্ম্মস্থান।

গদ্‌খালী, বঙ্গের যশোর জেলার অন্তর্গত একটী নগর। কলিকাতা হইতে যশোর যাইবার পথে কবদক (কপোতাক্ষ) নদীর ধারে অবস্থিত। অক্ষা° ২৩° ৫´ ৩০´´ উঃ, দ্রাঘি° ৮৯° ৬´ পূঃ। বেদিয়াজাতির উৎপাতের জন্য এই স্থান প্রসিদ্ধ।

গদ্‌গদ (পুং) গদগদ-কণ্ঠা° ভাবে ঘঞ্। ১ অব্যক্ত অস্পষ্ট শব্দ। (ত্রি) ২ অস্পষ্ট শব্দযুক্ত। নিদানপ্রণেতা মাধবকরের মতে কফ ও বায়ু শব্দবাহিনী ধমনী আবৃত করিলে শব্দ স্পষ্ট হইয়া বাহির হইতে পারে না, এই কারণেই গদ্‌গদস্বর হইয়া থাকে।

সাহিত্যদর্পণের মতে স্বরভঙ্গকে গদ্‌গদ স্বর বলে, ইহা সাত্ত্বিক ভাবের অন্তর্গত; মদ, অতিশয় আহ্লাদ বা পীড়াই ইহার প্রতি কারণ।

"বিললাপ স বাষ্পা গদ্‌গদং সহজামপ্যহায় ধীরতাম্।" (রঘু)

গদ্‌গদক (ত্রি) গদ্‌গদে চাটু-বাক্যে কুশলঃ গদ্‌গদ-কন্- (আকর্ষাদিভ্যঃ কন্। পা ৫। ২। ৬৪) চাটুবাক্য-নিপুণ।

গদ্‌গদধ্বনি (পুং) গদ্‌গদঃ কফাদিনা অব্যক্তধ্বনিঃ। ১ অব্যক্ত ধ্বনি। (ত্রি) গদ্‌গদোধ্বনির্যস্য বহুব্রী। ২ যাহার কথা স্পষ্ট হয় না, অব্যক্ত ধ্বনিযুক্ত।

গদ্‌গদস্বর (পুং) গদ্‌গদঃ কফাদিনা অব্যক্তঃ স্বরো ধ্বনিঃ। অব্যক্ত ধ্বনি।
"সগদ্‌গদস্বরং কিঞ্চিৎ প্রিয়ং প্রায়েণ ভাষতে।" (সাহিত্যদ°)

গদ্দি (দেশজ) ১ পরিহাস, কৌতুক।

২ হিমালয় ও উত্তরপশ্চিমাঞ্চলবাসী জাতিবিশেষ। গড়মুক্তেশ্বর, সরবা ও রামপুর অঞ্চলে অনেকের বাস। অনেকেই ইস্‌লামধর্ম্ম গ্রহণ করিয়াছে। আচার ব্যবহার অনেকটা ঘোষীর ন্যায়। [ঘোষী দেখ।]

গদ্য (ত্রি) গদ-যৎ (গদমদচর-যমশ্চানুপসর্গে। পা ৩। ১। ১০০) ১ কথনীয়, যাহা বলা হইবে।
"সহ্যঃ কথং বিয়োগশ্চ গদ্যমেতৎ ত্বয়া মম।" (ভট্টি ৬। ৪৭)
(ক্লী) ২ শ্রব্যকাব্য বিশেষ, যাহা ছন্দোবন্ধে রচিত নহে। সাহিত্যদর্পণের মতে ছন্দোবন্ধহীন কাব্যকে গদ্য বলে। ইহা চারিভাগে বিভক্ত মুক্তক, বৃত্তগন্ধি, উৎকলিকা-প্রায় ও চূর্ণক।

সমাসরহিত গদ্যভাগকে মুক্তক বলে। যথা, গুরুর্বচসি, পৃথুরুরসি, অর্জ্জুন যশসি ইত্যাদি। যে গদ্যভাগের কতক অংশে কোন একটী বৃত্তলক্ষণাক্রান্ত হয়, তাহাকে বৃত্তগন্ধি বলে। যথা—"সমরকণ্ডুননিবিড়ভুজদণ্ডকুণ্ডলীকৃতকোদণ্ড-শিঞ্জিনী টঙ্কারোজ্জাগরিতবৈরিনগরঃ" এই গদ্য ভাগের "কুণ্ডলীকৃতকোদণ্ড" এই অংশটুক্ অষ্টুরবৃত্তের লক্ষণাক্রান্ত হইয়াছে বলিয়া ইহাকে বৃত্তগন্ধি বলা যাইতে পারে।

দীর্ঘসমাসযুক্ত গদ্যকে উৎকলিকা প্রায় বলে। যথা "অণিসবিস্থমরণিসিদদরসরবিসরবিদলিতসমরপরিগদপবরপর-বল" ইত্যাদি।

অল্পসমাসযুক্ত এবং প্রসাদগুণভূষিত গদ্যকে চূর্ণক বলে। যথা, "গুণরত্নসাগর জগদেকনাগর কামিনীমদন জনরঞ্জন" ইত্যাদি।

ছন্দোমঞ্জরীর মতে গদ্য তিনপ্রকার—বৃত্তক, উৎকলিকা-প্রায় ও বৃত্তগন্ধি। কঠোর অক্ষরশূন্য অল্পসমাসযুক্ত গদ্যকে বৃত্তক বলে, ইহা বৈদর্ভী রীতিতে রচিত হয়। কঠোরাক্ষর ও বহুতর সমাসযুক্তকে উৎকলিকাপ্রায় এবং বৃত্তের একদেশযুক্তকে বৃত্তগন্ধিগদ্য বলে।

কাব্যাদর্শের মতে পাদলক্ষণরহিত পদসমূহকে গদ্য বলে। গদ্যকাব্য প্রধানতঃ দুইভাগে বিভক্ত, কথা ও আখ্যায়িকা। (কাব্যাদর্শ ১ পরিচ্ছেদ।) [কাব্য দেখ।]

গদ্যাণ (পুং) পরিমাণ বিশেষ। ভাবপ্রকাশের মতে দুই যবে এক গুঞ্জা, ৮ গুঞ্জায় এক মাষ এবং ৬ মাষ বা ৪৮ গুঞ্জায় এক গদ্যাণ হয়। কোন কোন বৈদ্যকের মতে, ৭ গুঞ্জায় এক মাষ, ৬ মাষে বা ৪২ গুঞ্জায় এক গদ্যাণ হয়।

গদ্যাণক (পুং) গদ্যাণ এব স্বার্থে কন্। ১ গদ্যাণ। ২ লীলাবতী-উক্ত পরিমাণ বিশেষ। লীলাবতীর মতে ২ যবে এক গুঞ্জা, ৩ গুঞ্জায় এক বল্ল, ৮ বল্লে এক ধরণ ও ২ ধরণে এক গদ্যাণক হয়।

কোন কোন পুস্তকে 'গদ্যাণক' স্থলে গদ্যানক বা গদ্যালক এইরূপ পাঠও লক্ষিত হয়। কোন বৈদ্যকের মতে ৬৪ গুঞ্জা বা রতিতে এক গদ্যাণক হয়।

গদ্রা, ১ বোম্বাই প্রদেশের কাঠিয়াবাড়ের গোহেলবারপ্রান্তের অন্তর্গত একটী নগর, লোকসংখ্যা প্রায় ছয় হাজার। ১৮০৪ খৃষ্টাব্দে সহজানন্দ-প্রতিষ্ঠিত স্বামী নারায়ণ সম্প্রদায়ের এখানে একটী প্রধান আড্ডা আছে। এইখানে সহজানন্দ ১৮৩০ খৃষ্টাব্দে ইহলোক পরিত্যাগ করেন। ফৌজদারী আদালত, বালক ও বালিকাবিদ্যালয় এবং ঔষধালয় আছে।

২ সিন্ধুপ্রদেশের থর ও পার্কর জেলার অন্তর্গত উমারকোট তালুকের একটী নগর। এখানে প্রায় দুই সহস্র লোকের বাস।

গধালি, কাঠিয়াবাড়ের গোহেলবারপ্রান্তের অন্তর্গত একটী ক্ষুদ্র রাজ্য। উজলবার রেল্ ষ্টেসন্ হইতে ৩॥০ ক্রোশ পশ্চিমে অবস্থিত, এখানে তিনজন করদ সামন্তের অধীন তিনখানি গ্রাম আছে। আয় প্রায় ৯০০০৲ টাকা, তন্মধ্যে বরদার গাইকবাড়কে ১৬৯৯৲ টাকা ও জুনাগড়ের নবাবকে ৩০০৲ টাকা কর দিতে হয়।

গধি দূভার, উ° প° প্রদেশের মজফরনগর জেলার অন্তর্গত একটী গ্রাম। এখানে দুই সহস্রাধিক লোকের বাস, তন্মধ্যে বলুচি মুসলমানই অধিক। এখানে কএকটী ইষ্টকালয়, তিনটী মস্‌জিদ্ ও প্রাত্যহিক বাজার আছে। এখানে চিনি ও লবণের ব্যবসাই অধিক। গ্রামের চারিদিকে সুন্দর উপবন।

গধিয়া, দক্ষিণ কাঠিয়াবাড়ের অন্তর্গত একটী ক্ষুদ্র রাজ্য। গিরিজঙ্গলের ধারে অবস্থিত। ইহার মধ্যে দুইখানি গ্রাম দুইজন সামন্তের অধীন। আয় প্রায় ২৫০০৲ টাকা, তন্মধ্যে বরদার গাইকবাড়কে ২৭৪৲ টাকা ও জুনাগড়ের নবাবকে ২০৲ টাকা কর দিতে হয়।

গধুল, কাঠিয়াবাড়ের গোহেলবারপ্রান্তের অন্তর্গত একটী ক্ষুদ্র রাজ্য। ধোলা রেলপথের ২॥০ ক্রোশ দূরে অবস্থিত। দুইজন সামন্তরাজের অধীন। আয় প্রায় ৩০০০৲ টাকা, তন্মধ্যে বরদার গাইকবাড়কে ১৬৮৲ টাকা ও জুনাগড়ের নবাবকে ২৮৲ টাকা কর দিতে হয়।

গধ্‌কা, কাঠিয়াবাড়ের হলার প্রান্তের অন্তর্গত একটী ক্ষুদ্র রাজ্য। একজন করদ সামন্তের অধীনে এখানে ছয়খানি গ্রাম আছে। রাজকোট হইতে ৫ ক্রোশ পূর্ব্বে অবস্থিত। আয় ১০০০০৲ টাকা, তন্মধ্যে বৃটিশ গবর্মেণ্টকে ৪৬০৲ টাকা ও জুনাগড়ের নবাবকে ২০০৲ টাকা কর দিতে হয়।

গধ্য (ত্রি) [বৈ] গ্রহ-যৎ পৃষোদরাদি-বৎ নিপাতনে সাধুঃ। প্রাপ্য, যাহা পাইবার যোগ্য। "ত্বাং বাজী হবতে বাজিনেয়ো মহো বাজস্য গধ্যস্য সাতৌ।" (ঋক্ ৬। ২৬। ২)

'গধ্যস্য প্রাপ্যস্য' (সায়ণ)।

গনতঙ্গ, পঞ্জাব প্রদেশের বসহর বিভাগে স্থিত কুনাবার ও চীনসাম্রাজ্যের মধ্যবর্ত্তী গিরিসঙ্কট। অক্ষা° ৩১° ৩৮´ উঃ ও দ্রাঘি° ৭৮° ৪৭´ পূঃ। ঐ সঙ্কটের উপর ঋষি গনতঙ্গ পর্ব্বত। ইহা উচ্চে ২১২২৯ ফিট হইবে। ইহার সর্ব্বোচ্চ স্থানসমূহ চিরদিনই বরফাবৃত থাকে। বরফাবৃত বলিয়া এই স্থানের পার্ব্বতীয় দৃশ্য ভয়াবহ ও পর্ব্বতটী দুরারোহ। এস্থানে কোন বৃক্ষাদি জন্মে না। গিরিসঙ্কট হইতে পর্ব্বত শিখরের উচ্চতা ১৮২৯৫ ফিট।

গনুটিয়া, জেলা বীরভূমের অন্তর্গত পুকুর পরগণার একটী নগর। অক্ষা° ২৩° ৫২´৩০´´ উঃ, ও দ্রাঘি° ৮৭° ৫২´৪৫´´ পূঃ। এই গণ্ডগ্রামখানি মোর (ময়ূরাক্ষ) নদীর উত্তরকূলে অবস্থিত, এই স্থানে পূর্ব্বে প্রচুর পরিমাণে রেশমের চাষ হইত। গ্রামের সমস্ত অধিবাসীরা গুটী ভাঙ্গিয়া রেশম তৈয়ার করিয়া ইংরাজের কুঠিতে বিক্রয় করে। ইহাই তত্রত্য বাসন্দাদিগের একমাত্র জীবনোপায়।

খৃষ্টীয় ১৭৮৬ অব্দে ফ্রাস্‌হার্ড সাহেব সর্ব্বপ্রথমে এইখানে

রেসম ব্যবসার জন্য একটী কুঠি নির্ম্মাণ করেন এবং ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির এজেণ্ট হইয়া এই বীরভূমিজাত রেশম পাট করিয়া রপ্তানি করিতেন। গন্ধুটিয়ায় আর সে পরিমাণে গুটির চাষ হয় না। ফ্রাসহার্ড সাহেবের ঐ কুঠি এক্ষণে কলিকাতার একজন ইংরাজ বণিক্ ক্রয় করিয়াছেন। তিনিই এখনকার স্বল্পজাত গুটি রেশম কলিকাতায় আমদানী করিয়া থাকেন।

গনিমর্দ্দী, বোম্বাই প্রদেশের সম্পগাঁও উপবিভাগের ১০ মাইল দক্ষিণে হিরেনন্দীহল্লী গ্রামের নিকটস্থ একটী পর্ব্বতশ্রেণী। ইহা সমতলক্ষেত্র হইতে ৬০০ ফিট উচ্চ। পর্ব্বতটী সমস্তই কালপাথরের।

গন্তব্য (ত্রি) গম-তব্য। গমনীয়, গমন করিবার যোগ্য।

"গন্তব্যমস্তি কিয়দিত্যসকৃদ্‌ব্রুবাণা
রামাশ্রুণঃ কৃতবতী প্রথমাবতারম্।" (উত্তরচরিত)

গন্তি (দেশজ) গণনা।

গন্তু (ত্রি) গম-কর্ত্তরি তুন্ (সিতনিগমিমমিসচ্যবিধাঞ্‌ঞুশিভ্যস্তন্। উণ্ ১।৭০) ১ পথিক। (উজ্জ্বলদত্ত) ২ গমনকর্ত্তা, যে গমন করে। (পুং) গম-ভাবে তুন্। ২ গমন।

"মা নো মধ্যা রীরিষতায়ুর্গন্তোঃ।" (ঋক্ ১।৮৯।৯)

'গন্তোঃ' ক্লপ্তস্যায়ুষো গমনাৎ পূর্ব্বং সায়ণ। সায়ণাচার্য্য 'গন্তোঃ' এই পদের সাধনপ্রণালীতে লিখিয়াছেন "গন্তোঃ 'ভাবলক্ষণে স্থেণ্' (পা ৩।৪।১৬) ইতি গমেস্তোসুন্ প্রত্যয়ঃ।" ইহাতে বোধ হয় যে সায়ণাচার্য্যের মতে গম ধাতুর উত্তর পাণিনির ৩।৪।১৬ সূত্র অনুসারে তোসুন্ প্রত্যয় হইয়া গন্তোঃ শব্দ সিদ্ধ হইয়াছে। কিন্তু পাণিনির ৩।৪।১৬ সূত্রে গমধাতুর পাঠ নাই, ভাষ্যকার, বৃত্তিকার বা বার্ত্তিককার ঐ সূত্র অনুসারে গন্তোঃ প্রয়োগ সিদ্ধ হইতে পারে এরূপ কোন উল্লেখ করেন নাই। এস্থলে সায়ণের মত গ্রহণ করা যাইতে পারে না। কেহ কেহ গমধাতুর উত্তর বাহুল্যে তোসুন্ প্রত্যয় হইয়া গন্তোস্ সিদ্ধ হয় এইরূপ স্বীকার করিয়া থাকেন, তাহাদের মতে গন্তোস্ শব্দ এবং ঐ শব্দটী অব্যয়। ৩ সন্মার্গ, উৎকৃষ্ট পথ। "যুযোত ন অনপত্যানি গন্তোঃ" (ঋক্ ৩।৫৪।১৮) 'গন্তোঃ সন্মার্গাৎ।' সায়ণ। এ স্থলে সায়ণাচার্য্যের মতেও গম ধাতুর উত্তর তুন্ প্রত্যয়ে গন্তু পদ সিদ্ধ হইয়াছে। 'গন্তোঃ গম্ল গতৌ তুন্ প্রত্যয়ঃ।' সায়ণ।

গন্তৃ (ত্রি) গম-শীলার্থে-তৃণ্। ১ গমনশীল। ২ প্রাপ্তিশীল। শীলার্থে তৃণ্ করিয়া যে গন্তৃ শব্দ নিষ্পন্ন হয়, তাহার কর্ম্মে ষষ্ঠী হয় না। "তদা গন্তাসি নির্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ।" (গীতা ২।৫২) গম-কর্ত্তরি-তৃচ্। ৩ গমনকর্ত্তা, যে গমন করে। ইহার কর্ম্মে ষষ্ঠী হয়। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হইয়া গন্ত্রী শব্দ সিদ্ধ হয়।

গন্ত্রী (স্ত্রী) গম্যতেঽনয়া গম-ষ্ট্রন্ (সর্ব্বধাতুভ্যঃ ষ্ট্রন্। উণ্ ৪।১৫৮) ততো ঙীপ্। ১ বৃষবহনীয় শকট, গোরুর গাড়ী। ২ গমনকারিণী স্ত্রী।

"গন্ত্রী বসুমতীনাশমুদধিদৈবতানি চ।" (যাজ্ঞবল্ক্য ৩।১০)

গন্ত্রীরথ (পুং) গন্ত্রীরথইব যদ্বা গন্ত্রীণাং গচ্ছন্তীনাং স্ত্রীণাং গমনায় রথঃ ৬তৎ। শকট। (অমর)

গন্দিকা (স্ত্রী) নগরীবিশেষ। এই শব্দটী সিন্ধ্বাদি গণান্তর্গত।

গন্ধ (পুং) গন্ধ পচাদিত্বাদচ্। ১ ঘ্রাণেন্দ্রিয়গ্রাহ্য গুণ। প্রাচীন আর্য্য দার্শনিকগণের মতে কেবল পৃথিবীতেই গন্ধ আছে আর কোন পদার্থে গন্ধ নাই। জল প্রভৃতি অন্য যে কোন পদার্থে আপাততঃ গন্ধের উপলব্ধি হইয়া থাকে, তাহা বাস্তবিক জলাদির গন্ধ নহে, উহাদের সহিত মিশ্রিত পার্থিবাংশের গন্ধ আছে আর কোন পদার্থে গন্ধ নাই। জল প্রভৃতি অন্য যে কোন পদার্থে আপাততঃ গন্ধের উপলব্ধি হইয়া থাকে, তাহা বাস্তবিক জলাদির গন্ধ নহে, উহাদের সহিত মিশ্রিত পার্থিবাংশের গন্ধ। আধুনিক বৈজ্ঞানিকেরা জলের গন্ধ স্বীকার করিয়া থাকেন, উট্ বহুদূর হইতে জলের গন্ধ পায়, ইহাই তাহাদের প্রধান প্রমাণ, উট যদি জলের গন্ধ না পাইত, তবে বহুদূর হইতে জলের অনুসরণ করিয়া জলের নিকটে উপস্থিত হইতে পারিত না। আধুনিক মত ঠিক্ বলিয়া বোধ হয় না। আমরা বিশুদ্ধ পরিস্কৃত জলের কোন গন্ধ পাই না, কিন্তু নিকটে জলাশয় থাকিলে বায়ুর শীতল স্পর্শেই তাহার অনুমান করিয়া থাকি। বায়ু যে প্রকারে বহুদূরস্থিত পদার্থের গন্ধ লইয়া আমাদের নাসিকার নিকটে উপস্থিত হইলে আমরা দূরস্থিত পদার্থের গন্ধ পাইয়া থাকি, সেই প্রকার বায়ু জলের শীতলস্পর্শ (শীতল স্পর্শযুক্ত জলীয় সূক্ষ্মাংশও) বহন করিয়া থাকে, তাহাতে আমরা দূরস্থিত জলাশয়ের অনুমান করিতে পারি। আমাদের ন্যায় উটও দূরস্থিত জলের স্পর্শ অনুভব করিয়াই জলের অনুসরণ করিয়া থাকে। এইরূপ স্বীকার করিলেই চলিতে পারে। ইহা না করিয়া কোন উটের অনুরোধে মনুষ্যবুদ্ধির অগম্য জলের গন্ধ স্বীকার করা সঙ্গত বলিয়া বোধ হয় না।

বৈশেষিকদর্শনের উপস্কারপ্রণেতা শঙ্করমিশ্রের মতে গন্ধ নিত্য ও অনিত্য এই দুইভাগে বিভক্ত। নিত্য পৃথিবী বা পরমাণুতে যে গন্ধ আছে, তাহাই নিত্য কখনও

তাহার বিনাশ হইবে না। ইহা ব্যতীত দ্ব্যণুক প্রভৃতি-জন্য পৃথিবীর গন্ধ অনিত্য, পাক প্রভৃতি কারণে বিনষ্ট হইয়া থাকে। (১)

মুক্তাবলীকার বিশ্বনাথের মতে সকল গন্ধই অনিত্য। তিনি নিত্য গন্ধ স্বীকার করেন না।

দার্শনিকের মতে এই গন্ধ আবার দুই প্রকার সুরভি ও অসুরভি। মহাভারতের মতে গন্ধ দশভাগে বিভক্ত। (২) ১ ইষ্ট, ২ অনিষ্ট, ৩ মধুর, ৪ অম্ল, ৫ কটু, ৬ নির্হারী, ৭ সংহত, ৮ স্নিগ্ধ, ৯ রূক্ষ ও ১০ বিশদ। ইহাদের মধ্যে কুস্তুরী প্রভৃতির গন্ধ ইষ্ট, বিষ্ঠাদির গন্ধ অনিষ্ট, মধুযুক্ত পুষ্পাদির গন্ধ মধুর, মরিচ প্রভৃতির গন্ধ কটু, হিঙ্গুর গন্ধ নির্হারী, মিশ্রিত গন্ধ চিত্র, সদ্য তপ্ত ঘৃতের গন্ধ স্নিগ্ধ, সার্ষপ তৈলের গন্ধ রূক্ষ, শালীতণ্ডুলের গন্ধ বিশদ ও তিন্তিড়ী প্রভৃতির গন্ধ অম্ল নামে বিখ্যাত।

কালিকাপুরাণের মতে সুরভি গন্ধ পাঁচভাগে বিভক্ত—চূর্ণীকৃত, ঘৃষ্ট, দাহাকর্ষিত, সম্মর্দ্দজ রস ও প্রাণীর অঙ্গসমুদ্ভব রস। গন্ধদ্রব্যের চূর্ণ, গন্ধপত্র বা পুষ্পের চূর্ণ এই সকল প্রকার গন্ধকে চূর্ণীকৃত গন্ধ বলে। চন্দন, সরল ও নমেরুর ঘর্ষণ জন্য গন্ধ এবং অগুরু প্রভৃতি ঘর্ষণ দ্বারা যাহার পঙ্ক নির্গত করিয়া দেবতাকে অর্পণ করা যায়, ইহাদিগকে ঘৃষ্ট গন্ধ বলে। দেবদারু, অগুরু, পদ্ম, গন্ধসার ও চন্দন প্রিয়া চোয়াইয়া যে সুগন্ধি রস নির্গত হয়, তাহার নাম দাহাকর্ষিত গন্ধ। সুগন্ধ করবীর, বিল্ব, গন্ধিনী এবং তিলক প্রভৃতি নিষ্পীড়ন করিয়া যে রস গৃহীত হয়, তাহার নাম সম্মর্দ্দজগন্ধ। মৃগনাভি বা তাহার কোষ হইতে যে গন্ধ উৎপন্ন হয়, তাহার নাম প্রাণ্যঙ্গজগন্ধ। ইহা স্বর্গবাসীদের অত্যন্ত আমোদপ্রদ। কর্পূর ও গন্ধসারাদি চূর্ণ এবং ঘৃষ্ট এই উভয়ের অন্তর্গত।

(কালিকাপুরাণ ৬৯ অধ্যায়।)

তন্ত্রসারের মতে মধ্যমা, অনামিকা ও অঙ্গুষ্ঠের অগ্রভাগ দ্বারা দেবতাদিগকে গন্ধ দিতে হয়। [গন্ধযুক্তি দেখ।]

২ লেশ। ৩ সম্বন্ধ। ৪ গন্ধক। ৫ গর্ব্ব। ৬ শোভাঞ্জন। (শব্দরত্নাবলী)

(১) "এতেন নিত্যেষু নিত্যত্বমুক্তং।" (বৈশেষিক সূ°) 'রূপাদীনামেব চতুর্ণাং নিত্যেষ্বাশ্রয়েষু বর্ত্তমানাং নিত্যত্বমুক্তম্।' (উপস্কার)

(২) "ইষ্টশ্চানিষ্টগন্ধশ্চ মধুরোঽম্লঃ কটুস্তথা।
নির্হারী সংহতঃ স্নিগ্ধো রূক্ষো বিশদ এবচ।
এবং দশবিধো জ্ঞেয়ঃ পার্থিবো গন্ধ ইত্যুত।" (ভারত ১৪।৫০ অঃ)

(ক্লী) ৭ কৃষ্ণাগুরু। (ত্রি) গন্ধোঽস্য অস্তি গন্ধ-অচ্। ৮ গন্ধযুক্ত, যাহার গন্ধ আছে। ৯ প্রতিবেশী।

বহুব্রীহি সমাস হইলে উৎ, পূতি, সু, ও সুরভিশব্দের পরবর্ত্তী গন্ধ শব্দের অকারের স্থানে ইকার হয়। যথা উদ্গন্ধিঃ, পূতিগন্ধিঃ, সুগন্ধি, সুরভিগন্ধিঃ।

গন্ধক (পুং) গন্ধোঽস্ত্যস্য গন্ধ-অচ্ ততঃ স্বার্থে কন্। ১ শিগ্রু বৃক্ষ। (শব্দরত্নাবলী) সজনা। ২ স্বনামখ্যাত উপধাতু বিশেষ। পর্য্যায়—গন্ধাশ্ব, সৌগন্ধিক, গন্ধিক, সুগন্ধিক, গন্ধপাষাণ, পামাঘ্ন, গন্ধমোদন, পূতিগন্ধ, অতিগন্ধ, বর, সুগন্ধ, দিব্যগন্ধ, রসগন্ধক, কুষ্ঠারি, ক্রূরগন্ধ, কীটঘ্ন, শরভূমিজ, গন্ধী। বৈদ্যকমতে ইহার গুণ—কটু, উষ্ণ, তীব্র, অতিশয় অগ্নিবৃদ্ধিকর। (রাজনি°) কৃমি, প্লীহা ও নেত্ররোগনাশক। (রাজবল্লভ)

ভাবপ্রকাশে গন্ধকের উৎপত্তি সম্বন্ধে এইরূপ লিখিত আছে।—কোন একদিন দেবী ভগবতী শ্বেতদ্বীপে ক্রীড়া করিতেছিলেন। এমন সময়ে তাঁহার পরিধেয় বস্ত্রখানি আর্ত্তবরক্তে প্লাবিত হয়। পর্ব্বতনন্দিনী আস্তে ব্যস্তে সেই কাপড় পরিয়াই ক্ষীরসমুদ্রে স্নান করেন। ইহাতে রজঃ নিঃসৃত হয়, তাহা হইতে গন্ধকের উৎপত্তি হয়। গন্ধক বর্ণভেদে চারিপ্রকার। রক্ত, পীত, শ্বেত ও কৃষ্ণবর্ণ। স্বর্ণসংস্কারবিষয়ে রক্তবর্ণ, রসায়নক্রিয়াতে পীতবর্ণ ও ব্রণ-আলেপন বিষয়ে শ্বেতবর্ণ গন্ধক প্রশস্ত। কৃষ্ণবর্ণ গন্ধক স্বর্ণ সংস্কারাদি সমস্ত কার্য্যে প্রশস্ত, কিন্তু প্রায়ই দেখিতে পাওয়া যায় না। (ভাবপ্রকাশ পূর্ব্ব° ১ম ভা।) অশুদ্ধগন্ধক কুষ্ঠ, পিত্তরোগ ও ভ্রান্তিজনক এবং বীর্য্য, বল ও রূপনাশক, সুতরাং গন্ধক শোধন না করিয়া প্রয়োগ করিতে নাই।

গন্ধকশোধনপ্রণালী—একটী লৌহনির্ম্মিত পাত্রে ঘৃত চাপাইয়া অগ্নিতে উত্তপ্ত করিবে। ঘৃত উত্তপ্ত হইলে তাহার সমান পরিমাণ গন্ধকচূর্ণ তাহাতে নিক্ষেপ করিবে। গন্ধক গলিয়া গেলে সূক্ষ্ম বস্ত্রে ছাঁকিয়া দুগ্ধ মধ্যে ফেলিবে। এইরূপ করিলেই গন্ধক শোধিত হইবে। শোধিত গন্ধকের গুণ—কটু, তিক্ত, কষায় রস, উষ্ণবীর্য্য সরগুণবিশিষ্ট, পিত্তবৃদ্ধিকর, কটুপাক, রসায়ন এবং কণ্ডূ, বিসর্প, ক্রিমি, কুষ্ঠ, ক্ষয়, প্লীহা, কফ ও বায়ুনাশক। (ভাবপ্রকাশ পূর্ব্ব° ২ ভা°)

রসেন্দ্রসারসংগ্রহের মতে গন্ধকের শোধনপ্রণালী—একটী ভাঁড়ের মধ্যে দুধ ও ঘৃত রাখিয়া কাপড় দিয়া ভাঁড়ের মুখ বাঁধিয়া দিবে এবং তাহার উপরে গন্ধক রাখিয়া শরা ঢাকা দিয়া সন্ধি স্থানে লেপ দিবে। পরে মাটির মধ্যে পুঁতিয়া উপরে লঘু পট প্রদান করিলে গন্ধক গলিয়া দুগ্ধে

পতিত হইবে। এই বিশুদ্ধ গন্ধক ঔষধার্থ প্রয়োগ করিবে। বিশুদ্ধ গন্ধকের গুণ—রসায়ন, সুমধুর, পাকে কটু ও উষ্ণ, কণ্ডু, কুষ্ঠ ও বীসর্পরোগনাশক। অগ্নিবৃদ্ধিকর, পাচন, আমশোধক ও নিবারক, কৃমিনাশক, বিষঘ্ন, পুত্রোৎপাদক, ইন্দ্রিয়ের বলকারক ও বীর্য্যপ্রদ। ইহা স্বর্ণ হইতেও অতিশয় বীর্য্যকর। রসেন্দ্রসারসংগ্রহে গন্ধকশোধনের আর একটী উপায়ও লিখিত আছে,—গন্ধকচূর্ণ ভৃঙ্গরাজ রসে ভিজাইয়া রৌদ্রে শুকাইবে। এইরূপ তিনবার করিয়া কুল কাঠের আগুণে গলাইয়া বস্ত্রাবৃত পাত্রপূর্ণ ভৃঙ্গরাজরসে ঢালিয়া দিবে। এইরূপ দুইবার করিয়া ধৌত ও শুষ্ক করিলে গন্ধক শুদ্ধ হয়। (রসেন্দ্রসারসংগ্রহ)

পাশ্চাত্য মতে গন্ধক শুদ্ধ হরিদ্রাবর্ণ, কখন হরিদ্রাবর্ণের সঙ্গে অন্যান্য রঙের আভা থাকে। ইহা দহনশীল কঠিন ভঙ্গপ্রবণ স্বাদবিহীন, ২২৬° ডিগ্রি উত্তাপে গলিয়া যায়। ৫৬০° ডিগ্রি উত্তাপে দগ্ধ হয়। পুড়িবার সময় ইহা হইতে এক প্রকার গন্ধ ও নীলবর্ণ শিখা বাহির হয়। অধিক উত্তাপে শিখা শ্বেতবর্ণ ধারণ করে। গন্ধক খনিজ, কিন্তু ধাতু নহে। খনিতে ইহা কখন স্বতন্ত্র, কখন বা সীসা, দস্তা, লোহা, বিষ, পারদ, লৌহ ও তাম্রের সহিত মিশ্রিত দেখিতে পাওয়া যায়। সরিষার বীজের মধ্যেও গন্ধকের অংশ আছে। ডিম্বের শ্বেত অংশে ও মনুষ্যদেহের রক্তের মধ্যে গন্ধক দেখা গিয়া থাকে। খনিজ গন্ধকই সচরাচর ব্যবহার হয়। অন্যান্য দ্রব্যের সহিত মিশ্রিত থাকিলে চোলাই করিয়া গন্ধক বাহির করিয়া লইতে হয়। দ্রবগন্ধক ছাঁচে ফেলিয়া গন্ধকের বাতি প্রস্তুত হয়। আগ্নেয়পর্ব্বতের পার্শ্বদেশেই অপেক্ষাকৃত অধিক পরিমাণে গন্ধক পাওয়া যায়। য়ুরোপের স্পেন, সিসিলি, সুইজর্লণ্ড, আমেরিকায় ইউনাইটেডষ্টেট্‌স্ বা যুক্তরাজ্য, এসিয়ায় পারস্য, নেপাল, ব্রহ্মদেশ, বলুচীস্থান, আফগানস্থান, উত্তরব্রহ্ম, ভারতের মরিপাহাড়, দেরা ইস্‌মাইল খাঁ, উদয়পুর প্রভৃতি স্থানে অধিক পরিমাণে গন্ধক পাওয়া যায়। এক্ষণে দক্ষিণ ভারতে মসলিপত্তন, সালেম, কদাপা, ত্রিবাঙ্কুড়, ত্রিচিনপল্লী, উত্তর আরকট প্রভৃতি স্থান হইতে অল্প পরিমাণে পাওয়া যাইতেছে। ভারতের নানাস্থানে উষ্ণপ্রস্রবণে অনেক গন্ধক দেখা যায়। এরূপ উষ্ণপ্রস্রবণ যবদ্বীপ, সিলিবিশ প্রভৃতি নানাস্থানে আছে।

গন্ধক হইতে অনেক প্রয়োজনীয় দ্রব্য প্রস্তুত হয়। পূর্ব্বে এদেশে গন্ধকের দেশালাই হইত। এখনকার অনেক দেশালাইয়ে গন্ধক দেওয়া হয়।

পাশ্চাত্য মতে গন্ধক হইতে অনেক ঔষধ প্রস্তুত হয়। গন্ধকের ভাপ্‌রা লইলে রক্ত পরিষ্কার হয়। ফুস্‌ফুসের পীড়া, বুকে সর্দ্দিবসা, যক্ষ্মা, উদরাময়, ওলাউঠা, ক্রিমি রোগ, খোসপাঁচড়া, বসন্ত, বাত, বহুমূত্র, আমাশয় প্রভৃতি রোগে গন্ধকের প্রয়োগ বিশেষ উপকারজনক। কি হোমিওপ্যাথি, কি এলোপ্যাথী উভয়বিধ চিকিৎসাপ্রণালীতেই ইহার প্রয়োগ হইয়া থাকে।

গন্ধককজ্জলী (স্ত্রী) ঔষধবিশেষ। রসেন্দ্রসারসংগ্রহের মতে ইহার প্রস্তুতপ্রণালী—কণ্টকারী, নিসিন্দা ও নাটাকরঞ্জের রস একটী পাত্রে রাখিয়া তাহাতে গন্ধক নিক্ষেপ করিবে এবং অল্প আগুণে জ্বাল দিবে। গন্ধক গলিয়া গেলে গন্ধকের সমান পরিমাণ পারা তাহাতে দিবে। যখন দেখিবে যে পারা ও গন্ধক মিশিয়াছে, তখন নামাইয়া মাড়িতে থাকিবে। এইরূপে মাড়িতে থাকিলে যখন উহা ঠিক কজ্জলবর্ণ হইবে, তখন ঔষধ প্রস্তুত হইল জানিবে। ইহার মাত্রা এক রতি। জীরা একমাষা, লবণ এক মাষা ও পাণের সহিত সেবন করিবে। ইহাতে ত্রিদোষজনিত জ্বর নাশ হয়। ঔষধ খাইয়া পরে উষ্ণজল পান করিবে। বমনে চিনি, আমে গুড়, ক্ষয়ে ছাগদুগ্ধ, রক্তাতীসারে কুরচীমূলের ছালের রস, ও রক্তবমনে যজ্ঞডুমুরের রস অনুপানে সেবন করিলে ভাল হয়। (রসেন্দ্রসারসংগ্রহ)

গন্ধকচূর্ণ (ক্লী) গন্ধকপ্রধানং চূর্ণং মধ্যপদলো°। গন্ধপ্রধান চূর্ণ, বারুদ।

গন্ধকদ্রাবক (ক্লী) ঔষধবিশেষ। [গন্ধদ্রাবক দেখ।]

গন্ধকন্দ (পুং) গন্ধপ্রধানঃ কন্দোঽস্য বহুব্রী। কশেরুবৃক্ষ, কেশুর। (বৈদ্যক)

গন্ধকস্তূরিকা (স্ত্রী) সুগন্ধি দ্রব্যবিশেষ।

গন্ধকস্তূরী (স্ত্রী) সুগন্ধি দ্রব্যবিশেষ।

গন্ধকারিকা (স্ত্রী) গন্ধং গন্ধপ্রধানং বেশাদিকং করোতি গন্ধ কৃ-ণ্বুল্-টাপ্-অতইত্বং। স্বৈরিন্ধ্রী, পরগৃহস্থিতা শিল্পনিপুণা স্বাধীনা রমণী। (হলা°)

গন্ধকালিকা (স্ত্রী) গন্ধকালী-কন্ টাপ্ ঈকারস্য হ্রস্বত্বঞ্চ। ব্যাসদেবের মাতা।

গন্ধকালী (স্ত্রী) গন্ধঃ প্রশস্তগন্ধস্তস্মৈ অলতি পর্য্যাপ্নোতি অল-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ ব্যাসদেবের মাতা, ইহার অপর নাম সত্যবতী।

"অদ্য ত্বং জননীং ভীষ্ম! গন্ধকালীং যশস্বিনীম্।"

(হরিব° ২০।৫০) [সত্যবতী দেখ।]

২ কুম্ভীরমূর্ত্তিধারিণী শাপভ্রষ্টা একটী অপ্সরা। হনুমানের হস্তে নিহত হইয়া মুক্তিলাভ করে। (রামায়ণ)

গন্ধকাষ্ঠ (ক্লী) গন্ধযুক্তং কাষ্ঠমস্য বহুব্রী। ১ অগুরুচন্দন। (ত্রিকাণ্ড°) ২ শম্বর চন্দন। (রাজনি°)

গন্ধকুটী (স্ত্রী) গন্ধস্য কুটীব আধারঃ। ১ মুরা নামক গন্ধদ্রব্য। (অমর)

গন্ধকুসুমা (স্ত্রী) গন্ধযুক্তং কুসুমং যস্যাঃ বহুব্রী। গণিকারী, গণিয়ারী। (রাজনি°)

গন্ধকূটী (স্ত্রী) বৌদ্ধবিহারস্থ আরামস্থান।

"যাবৎ ভগবতা গন্ধকূট্যাং সাভিসংস্কারং পাদোন্মস্তঃ।"

দিব্যাবদানে পূর্ণাবদান।

গন্ধকেলিকা (স্ত্রী) গন্ধং কেলতি সঞ্চারয়তি কেল-ধ্বুল্-টাপ্ অতইত্বং। কস্তূরী। (রাজনি°) মৃগনাভি।

গন্ধকোকিলা (স্ত্রী) গন্ধপ্রধানা কোকিলাইব। গন্ধদ্রব্যবিশেষ। ইহার গুণ—তীক্ষ্ণ, উষ্ণ, কফনাশক, তিক্ত ও সুগন্ধি। (ভাবপ্রকাশ)

গন্ধখেড় (ক্লী) গন্ধস্য খেলা যত্র বহুব্রী। লকারস্য ডকারঃ। ভূতৃণ, গন্ধবেণ। (রত্নমালা) ইহার পর্য্যায়—ভূতৃণ, রৌহিষ, গোময়প্রিয়, গন্ধতৃণ, সুগন্ধভূততৃণ, সুরস, সুরভি, সুগন্ধি, মুখবাস। ইহার গুণ—ঈষৎ তিক্ত, রসায়ন, স্নিগ্ধ, মধুর, শীতল, কফ, পিত্ত ও শ্রমনাশক এবং সুগন্ধি। (রাজনি°)

গন্ধগকুলা (গন্ধগোকুল শব্দজ) খট্টাশ।

গন্ধগোকুল (দেশজ) খট্টাশ। [খট্টাশ দেখ।]

গন্ধচেলিকা (স্ত্রী) গন্ধং চেলতি গচ্ছতি চেল-ধ্বুল্-টাপ্ অতইত্বং। কস্তূরী, মৃগনাভি।

গন্ধজটিলা (স্ত্রী) গন্ধেন জটিলা ৩তৎ। বচা, বচ।

গন্ধজল (ক্লী) গন্ধাঢ্যদ্রব্যবাসিতং জলং মধ্যপদলো°। সুগন্ধি কুসুমাদি বাসিত জল, গোলাপজল প্রভৃতি।

"সিক্তাং গন্ধজলৈ রুপ্তাং ফলপুষ্পাক্ষতাঙ্কুরৈঃ।"

(ভাগবত ১। ১১। ১৫)

গন্ধজাত (ক্লী) গন্ধো ব্যঞ্জনাদৌ জাতো যস্মাৎ বহুব্রী। ১ তেজপত্র, তেজপাত। গন্ধানাং জাতং সমূহঃ ৬তৎ। ২ গন্ধসমূহ।

গন্ধজ্ঞা (স্ত্রী) গন্ধং জানাতি জ্ঞা কর্ত্তরি-ক-টাপ্। নাসিকা। (হেম°)

গন্ধতণ্ডুল (ক্লী) গন্ধং প্রধানং তণ্ডুলমস্য বহুব্রী। শালিবিশেষ, বাসমতী।

গন্ধতন্মাত্র (ক্লী) গন্ধস্য তন্মাত্রং ৬তৎ। সাঙ্খ্যমতসিদ্ধ স্থূল পৃথিবীর কারণ সূক্ষ্ম দ্রব্য; ইহা আমরা দেখিতে পাই না বলিয়া আমাদের ভোগ্য নহে। যোগীরা ও দেবগণই ইহা ভোগ করিয়া থাকেন। স্থূল পৃথিবীর গন্ধ আমরা যাহা অনুভব করিয়া থাকি, তাহা শান্ত, ঘোর বা মূঢ় অর্থাৎ সুখকর, দুঃখকর বা মোহজনক। কিন্তু গন্ধতন্মাত্রে যে গন্ধ আছে, তাহা শান্ত, ঘোর বা মূঢ় নহে। বৈদান্তিকগণ এই তন্মাত্রকেই অপঞ্চীকৃতভূত নামে অভিহিত করিয়া থাকেন। নৈয়ায়িক ও বৈশেষিকেরা তন্মাত্র স্বীকার করেন না, তাঁহাদের মতে পরমাণু (পৃথিবীর অতিশয় সূক্ষ্মাংশ, যাহাকে আর ভাগ করিতে পারা যায় না) তাহাই চরম অবয়ব—তাহার আর অবয়ব নাই। সাঙ্খ্যভাষ্যকার বিজ্ঞানভিক্ষু ঐ মতটী খণ্ডন করিয়াছেন। [তন্মাত্র শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

গন্ধতূর্য্য (ক্লী) গন্ধে হিংসাস্থানে, যুদ্ধক্ষেত্রে আহন্যমানং তূর্য্যং। রণবাদ্যবিশেষ। ইহার পর্য্যায়—রণতূর্য্য, মহাস্বন।

গন্ধতৃণ (ক্লী) গন্ধপ্রধানং তৃণং মধ্যপদলো°। গন্ধযুক্ত তৃণবিশেষ, বেণা। ইহার পর্য্যায়—সুগন্ধি, ভূতৃণ, সুরস, সুরভি, সুগন্ধি, মুখবাস। ইহার গুণ—ঈষত্তিক্ত, সুগন্ধি, রসায়ন, স্নিগ্ধ, মধুর, শীতল, কফ, পিত্ত ও শ্রান্তিনাশক। (রাজনি°)

গন্ধতৈল (ক্লী) গন্ধযুক্তস্য চন্দনস্য অগ্নিযোগেন জনিতং তৈলং মধ্যপদলো°। যন্ত্রপাকে উৎপন্ন গন্ধযুক্ত তৈলবিশেষ, চলিত কথায় চন্দনী আতর বলে।

"প্রদীপৈঃ কাঞ্চনৈস্তত্র গন্ধতৈলাবসেচিতৈঃ।"(ভারত ৯।৯৮অঃ)

২ সুশ্রুতোক্ত ঔষধ ও তৈলবিশেষ। ইহা পাক করিবার প্রণালী—কৃষ্ণতিল রাত্রিকালে জলে আলোড়িত করিবে এবং দিনে রৌদ্রের উত্তাপে শুকাইয়া গো-দুগ্ধে ভাবনা দিবে। তিন রাত্র বা সাত রাত্র এইরূপ করিয়া পরে মধু মিশ্রিত জলে ভাবনা দিবে। অনন্তর গো-দুগ্ধের ভাবনা দিয়া শুষ্ক করিয়া চূর্ণ করিবে। কাকোল্যাদিগণ, যষ্টিমধু, মঞ্জিষ্ঠা, শ্যামালতা, কুড়, ধূনা, জটামাংসী, দেবদারু, রক্তচন্দন ও শতপুষ্প, এই সকলের চূর্ণ পূর্ব্বোক্ত তিল চূর্ণের সহিত মিশ্রিত করিবে। গুড়ত্বক্, এলাচ, তেজপাত, নাগকেশর, কর্পূর, কক্কোল, অগুরু, কুঙ্কুম ও লবঙ্গ ইহাদের যোগে দুগ্ধ পাক করিবে, সেই দুগ্ধযোগে এই সকল চূর্ণ পাক করিয়া তৈল বাহির করিবে এবং সেই তৈল চতুর্গুণ দুগ্ধযোগে পাক করিবে। ইহার পর এলাচ, শালপর্ণী, তেজপাত, জীরক, তগরপাদুকা, লোধ, প্রপৌণ্ডরীক, শৈলজ, সৈরেয়ক, শুষ্ক ভূমিকুষ্মাণ্ড, অনন্তমূল, মধুলিকা, ও শৃঙ্গাটক একত্র পেষণ করিয়া উষ্ণ তৈলের সহিত অল্প অগ্নিতে একত্র পাক করিবে। ভগ্ন রোগের চিকিৎসায় সকল প্রকার কার্য্যেই এই তৈল প্রয়োগ করিবে। আক্ষেপক, পক্ষাঘাত, তালুশোষ, অর্দ্দিত, সামক, বায়ুরোগ, মন্যাস্তম্ভ, শিরোরোগ, কর্ণশূল, হনুগ্রহ, বধিরতা, তিমিররোগ

ও শুক্রক্ষয় জন্য ক্ষীণতা এই সকল রোগে পানে মর্দ্দনে নস্যে বস্তিকার্য্যে ও ভোজনে এই তৈল প্রয়োগ করিবে। ইহাতে গ্রীবা, স্কন্ধ ও বক্ষঃস্থল বৃদ্ধিপ্রাপ্ত হয়। মুখখানি পদ্মের ন্যায় প্রফুল্ল ও নিশ্বাস সুগন্ধযুক্ত হয়। ইহার নাম গন্ধতৈল; সকল প্রকার বায়ু জন্য বিকারের শান্তিকর। (সুশ্রুত, চিং ৪ অঃ)

গন্ধত্বচ্ (ক্লী) গন্ধপ্রধানা ত্বক্ যস্য বহুব্রী। এলবালুক। (রাজনিং)

গন্ধদলা (স্ত্রী) গন্ধযুক্তং দলং যস্যাঃ বহুব্রী। অজমোদা, বনযমানী। (রাজনিং)

গন্ধদারু (ক্লী) গন্ধপ্রধানং দারু। চন্দন। (হেমং)

গন্ধদ্রব্য (ক্লী) গন্ধপ্রধানং দ্রব্যং। ১ নাগকেশর। (ত্রিকাণ্ডং) ২ তৈলপাক হইয়া আসিলে যে সকল দ্রব্য দিয়া ঔষধকে সুগন্ধি করিতে হয়, বৈদ্যকশাস্ত্রে তাহাকে গন্ধ বলে। এলাচ, চন্দন, কুঙ্কুম, অগুরু, মুরা, কঙ্কোল, জটামাংসী, শঠী, শ্রীবাসচ্ছদ, চোরক, কর্পূর, শৈলজ, উশীর, কস্তূরী, নখী, রোহিষতৃণ, মুথা এবং লবঙ্গাদি ইহাদিগকে গন্ধদ্রব্য বলে। (বৈদ্যক)

গন্ধদ্রাবক (ক্লী) গন্ধকযুক্তং দ্রাবকং। প্লীহাদি রোগনাশক ঔষধবিশেষ। একপ্রকার আরক। ইহার প্রস্তুতপ্রণালী বঙ্গ বা গন্ধক এবং সোরা যন্ত্রযোগে পৃথক্‌ভাবে পোড়াইয়া তাহাদের ধূম সীসার পাত্রে অম্বুবাষ্পের সহিত মিশ্রিত করিবে। ইহাকেই গন্ধদ্রাবক বলে। ইহার গুণ অগ্নিবীর্য্য, অতিশয় উগ্র, প্লীহাদি পীড়ানাশক, অগ্নিবৃদ্ধিকর, সকল প্রকার উদররোগবিনাশক। রক্তস্রাব, অতিশয় ঘর্ম্ম, বিসূচী, তরুণজ্বর ও অগ্নিমান্দ্যাদি রোগে ইহা বিশেষ উপকারী। পরিমিত দ্রাবক চৌদ্দগুণ জলের সহিত মিশাইয়া ১ বিন্দু পান করিবে। ইহা অতিশয় দাহকর। জল ব্যতীত পান করিবে না। (আত্রেয়সংহিতা)

গন্ধদ্রাবককে ইংরাজীভাষায় Sulphuric Acid বা Oil of Vetriol বলে। উহা কখন কখন আগ্নেয় পর্ব্বতের নিকটে অল্প পরিমাণে পাওয়া যায়। পাশ্চাত্য ঔষধাদিতে ইহা প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়। ইহা গন্ধক ও সোরা হইতে প্রস্তুত করিয়া লওয়া হয়। প্রস্তুতের প্রণালী আত্রেয়সংহিতায় লিখিত প্রণালীর অনেকটা অনুরূপ।

গন্ধদ্বিপ (পুং) গন্ধপ্রধানো মদগন্ধযুক্তো দ্বিপঃ। মদগন্ধযুক্ত হস্তী, উৎকৃষ্ট হস্তী।

"গন্ধদ্বিপস্যেব মতঙ্গজৌঘঃ।" (কিরাত ১৭।১৭)

গন্ধধারিন্ (ত্রি) গন্ধং গন্ধযুক্তং দ্রব্যং ধারয়তি ধারি-ণিনি। ১ যে গন্ধদ্রব্য ধারণ করে। (পুং) ২ মহাদেব।

"অজশ্চ বহুরূপশ্চ গন্ধধারী কপর্দ্দ্যপি।" (ভারত অনুং ১৭ অঃ)

গন্ধধূমজ (পুং) গন্ধস্য গন্ধাঢ্যস্য ধূমাৎ জায়তে গন্ধধূম-জন-ড। স্বাদুনামক গন্ধদ্রব্য। (রাজনিং)

গন্ধধূলি (স্ত্রী) গন্ধযুক্তো ধূলিশ্চূর্ণো যস্যাঃ বহুব্রী। কস্তূরী।

গন্ধন (ক্লী) গন্ধ-ল্যুট্। ১ উৎসাহ। ২ প্রকাশ। ৩ হিংসা। ৪ সূচন। (মেদিনী) ৫ তৃণভেদ, গন্ধতৃণ। (শব্দার্থচিন্তাং)

"বাগতিগন্ধনয়োঃ।" (কলাপ, ধাতুপাঠ)

গন্ধনকুল (পুং) গন্ধঃ গন্ধপ্রধানো নকুল ইব। ছুছুন্দরী, ছুঁছো। (হারাবলী)

গন্ধনাকুলী (স্ত্রী) গন্ধযুক্তা নাকুলী। ১ রাস্নাবিশেষ, স্থানবিশেষে ইহাকে গন্ধরাস্না বলে। (Opioxyton Serpentinum) ইহার পর্য্যায় মহাসুগন্ধা, সুবহা, সর্পাক্ষী, ফণিহন্ত্রী, নকুলাঢ্যা, অহিভুক্, বিষমর্দ্দনিকা, অহিমর্দ্দনী, মহাহিগন্ধা, অহিলতা। ইহার গুণ—তিক্ত, কটু, উষ্ণ, ত্রিদোষনাশক ও বিষঘ্ন। (ভাবপ্রকাশ)

২ চবিকা, চই। ৩ কন্দবিশেষ, নাই।

গন্ধনামন্ (পুং) গন্ধেতি পদযুক্তং নাম যস্য বহুব্রী। রক্ত তুলসী, লালতুলসী।

গন্ধনাম্নী (স্ত্রী) গন্ধনামন্ সংজ্ঞায়াং ঙীষ্। ক্ষুদ্ররোগবিশেষ।

গন্ধনালিকা (স্ত্রী) গন্ধস্য গন্ধজ্ঞানস্য নালিকা ইব। নাসিকা।

গন্ধনালী (স্ত্রী) গন্ধস্য নালীব। নাসিকা। (ত্রিকাণ্ডং)

গন্ধনিলয়া (স্ত্রী) গন্ধস্য নিলয়ো বাসোযত্র বহুব্রী। নবমল্লিকা।

গন্ধনিশা (স্ত্রী) গন্ধেন নিশা হরিদ্রাইব। গন্ধপত্রা, শঠীবিশেষ।

গন্ধপ (ত্রি) গন্ধং পিবতি গন্ধ পা-ক। দেবতাবিশেষ।

"আভাস্বরা গন্ধপা দৃষ্টিপাশ্চ
বাচা বিরুদ্ধাশ্চ মনো বিরুদ্ধাঃ।" (ভারতং অনু ১৮ অঃ)

গন্ধপত্র (ক্লী) গন্ধযুক্তং পত্রং। ১ পচা পাতা। ইহার গুণ বাতনাশক, শীতল ও অগ্নিবৃদ্ধিকর।

"গন্ধাঢ্যা সৌরভেয়ীচ গন্ধপত্রং নপুংসকম্।
গন্ধপত্রং বাতহরং শীতলং বহ্নিবর্দ্ধনম্॥" (বৈদ্যক)

(পুং) গন্ধযুক্তং পত্রং যস্য বহুব্রী। ২ শ্বেততুলসী। (রত্নমালা) ২ মরুবক বৃক্ষ। ৩ বর্বর ৪ নাগরঙ্গ। ৫ বিল্ব। (রাজনিং)

গন্ধপত্রা (স্ত্রী) গন্ধযুক্তং পত্রং যস্যাঃ বহুব্রী, ততঃ টাপ্। শঠীবিশেষ, মালবদেশে চলিত কথায় পলাশ বলে। ইহার পর্য্যায়—স্থূলা, তিক্তকন্দিকা, বনজা, শঠিকা, বন্যা, তবক্ষীরী, একপত্রিকা, গন্ধপীতা, পলাশান্তা, গন্ধাঢ্যা, গন্ধপত্রিকা, দীর্ঘপত্রা, গন্ধনিশা, বেদমুখ্যা, সুপাকিনী।

ইহার গুণ—কটু, স্বাদু, তীক্ষ্ণ, উষ্ণ, কফ, বাত, কাস, ছর্দ্দি ও জ্বরনাশক, এবং পিত্তকোপবৃদ্ধিকর। (রাজনিং)

গন্ধপত্রিকা (স্ত্রী) গন্ধপত্রা সংজ্ঞায়াং কন্-টাপ্, অতইত্বঞ্চ। ১ গন্ধপত্রা। ২ অজমোদা। (রাজনি°)

গন্ধপত্রী (স্ত্রী) গন্ধপত্র-ঙীষ্। ১ অম্বষ্ঠা, দক্ষিণাপথে অম্বাড়া নামে প্রসিদ্ধ। ২ অশ্বগন্ধা। ৩ অজমোদা, বনযোয়ান।

গন্ধপর্ণ (ক্লী) গন্ধযুক্তং পর্ণমস্য বহুব্রী। গন্ধপত্র।

গন্ধপলাশিকা (স্ত্রী) গন্ধযুক্তং পলাশমস্যা বহুব্রী, কপ্-টাপ্, অতইত্বং। হরিদ্রা। (হারাবলী) কোন কোন বৈদ্যকের মতে গন্ধপলাশিকা শব্দে গন্ধপত্রাও বুঝায়।

গন্ধপলাশী (স্ত্রী) গন্ধযুক্তং পলাশং যস্যাঃ বহুব্রী। শঠী। (ভাবপ্রকাশ) কোন বৈদ্যকের মতে গন্ধপত্রাও বুঝায়।

শব্দার্থচিন্তামণির মতে ইহার গুণ—কষায়, গ্রাহী, লঘু, তিক্ত, তীক্ষ্ণ, কটু, মলনাশক, কাস, ব্রণ, শ্বাস, শূল ও হিক্কানাশক।

গন্ধপাষাণ (পুং) গন্ধযুক্তঃ পাষাণইব। উপধাতুবিশেষ, গন্ধক।

"গন্ধপাষাণচূর্ণেন যবক্ষারেণ লেপিতম্।
সিধ্মনাশং ব্রজত্যাশু কটুতৈলযুতেন চ॥" (চক্রপাণি° কুষ্ঠরো°)

গন্ধপিশাচিকা (স্ত্রী) গন্ধেন পিশাচান্ কিরতি দূরীকরোতি যদ্বা গন্ধেন পিশাচান্ কৃণাতি হন্তি পিশাচ-কৃ-ড, পৃষোদরাদিবৎ সাধুঃ, বাহুলকাৎ টাপ্। ধূপ। (হেম°) ধূপ-গন্ধ পাইলে পিশাচেরা দুঃখিত হইয়া পলায়ন করে বলিয়া উহাকে গন্ধপিশাচিকা বলে।

গন্ধপীতা (স্ত্রী) গন্ধযুক্তং পীতং পত্রং যস্যাঃ বহুব্রী টাপ্। ১ শঠীবিশেষ। ২ গন্ধপত্রা। (রাজনি°)

গন্ধপুষ্প (পুং) গন্ধযুক্তং পুষ্পং যস্য বহুব্রী। ১ বেতস বৃক্ষ। (শব্দরত্না°) ২ অঙ্কোট বৃক্ষ, ধলা আঁকড়া। (জটাধর) ৩ বহুবার বৃক্ষ, চাল্‌তে গাছ। ৪ অশোক বৃক্ষ। (রাজনি°) (ক্লী) গন্ধযুক্তং পুষ্পম্। ৫ গন্ধযুক্ত পুষ্প।

(দ্বি) (ক্লী) গন্ধশ্চ পুষ্পঞ্চ ইতরেতরদ্বং। ৬ গন্ধ ও পুষ্প।

"অভাবে গন্ধপুষ্পাভ্যাং কেবলেন জলেন বা।" (আহ্নিকতত্ত্ব)

গন্ধপুষ্পক (পুং) গন্ধপুষ্প সংজ্ঞার্থে কন্। বেতস বৃক্ষ।

গন্ধপুষ্পা (স্ত্রী) গন্ধযুক্তং পুষ্পং যস্যাঃ বহুব্রী। ১ নীলীবৃক্ষ। ২ কেতকীবৃক্ষ। ৩ গণিকারীবৃক্ষ। (রাজনি°)

গন্ধপ্রিয় (ত্রি) গন্ধঃ প্রিয়ো যস্যাঃ বহুব্রী। যাহার গন্ধ অতিশয় প্রিয়।

গন্ধপ্রিয়ঙ্গুকা (স্ত্রী) গন্ধপ্রধানা প্রিয়ঙ্গুকা, প্রিয়ঙ্গুবিশেষ। [প্রিয়ঙ্গু দেখ।]

গন্ধফণিজ্ঝক (পুং) গন্ধপ্রধানঃ ফণিজ্ঝকঃ। রক্ত তুলসী বৃক্ষ। (রত্নমালা)

গন্ধফল (পুং) গন্ধযুক্তং ফলং যস্য বহুব্রী। ১ কপিত্থবৃক্ষ, কৎবেল। ২ বিল্ববৃক্ষ। ৩ তেজঃফলবৃক্ষ, চলিত কথায় তেজবল। (রাজনি°)

গন্ধফলা (স্ত্রী) গন্ধযুক্তং ফলং যস্যাঃ বহুব্রী টাপ্। ১ প্রিয়ঙ্গুবৃক্ষ। (শব্দরত্না°) ২ মেথিকা। ৩ বিদারী, ভুঁইকুমড়া। ৪ শল্লকীবৃক্ষ। (রাজনি°)

গন্ধফলী (স্ত্রী) গন্ধযুক্তং ফলং যস্যাঃ বহুব্রী, ততো গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ চম্পককলিকা, কাঁটালে চাঁপা। ২ প্রিয়ঙ্গু।

গন্ধবণিক্ (জ্) (পুং) গন্ধস্য আমোদযুক্তদ্রব্যস্য বণিক্ ৬তৎ। চলিত কথায় "গন্ধবেনে" বা "গন্ধবেণিয়া," কোথাও কোথাও ইহাদিকে "পুটুলি" বলিয়া থাকে।

এই জাতির উৎপত্তি সম্বন্ধে অনেক লোকে অনেক প্রকার বলিয়া থাকে। ইহারা আপনাদিগকে বৈশ্য জাতির অন্তর্গত ও চাঁদসওদাগরের বংশসম্ভূত বলিয়া মনে করে। কেহ কেহবা পদ্মপুরাণোক্ত শাহরাজকেই তাহাদিগের বংশের আদিপুরুষ বলিয়া জানে। এইরূপ আপনাদিগকে বৈশ্য জাতিভুক্ত করিলেও তাহারা কোনকালে যজ্ঞোপবীত ধারণ করে নাই বা বিবাহাদি শুভকার্য্যে ঐ জাতির মত কুশণ্ডিকা নাই; আগরওয়ালা বেণিয়ার মত ১৩ দিন, মৃতাশৌচের পরিবর্ত্তে শূদ্রের ন্যায় ১ মাস অশৌচগ্রহণ করিয়া থাকে।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণ, পরশুরামপদ্ধতি ও রুদ্রযামলোক্ত জাতিমালার মতে—

"অম্বষ্ঠাৎ রাজপুত্র্যাঞ্চ জায়তে গান্ধিকো বণিক্।
গন্ধচন্দনধূপাদিক্রয়বিক্রয়কারকঃ॥"

অম্বষ্ঠের ঔরসে রাজপুতমহিলার গর্ভে গন্ধবণিকের জন্ম, গন্ধ, চন্দন ও ধূপাদির ক্রয় ও বিক্রয় ইহাদের উপজীবিকা।

প্রবাদ আছে, কংসরাজসভায় কুব্জাদাসী রাজসদনে ফুলচন্দন প্রভৃতি বিবিধ সুগন্ধি দ্রব্য যোগাইত। যখন কৃষ্ণ মথুরায় কংসপুরে যাইতেছেন, পথে এই কুব্জার সহিত তাহার সাক্ষাৎ হয়। শ্রীকৃষ্ণ এই কুব্জাদাসীকে সুন্দরী করিয়া নিজের পাটরাণী করেন। ঐ কুব্জাগর্ভপ্রসূত কুমারই সর্ব্বপ্রথমে গন্ধদ্রব্য বিক্রয় করেন এবং তিনিই গন্ধবণিক্‌গণের আদি পিতা। অপর একটী প্রচলিত প্রবাদ এই, যে দেবাদিদেব শিবের দুর্গার সহিত বিবাহের সময় গন্ধদ্রব্যের প্রয়োজন হওয়ায় তিনি প্রথমে নিজ কপাল দেশ হইতে "দেশ" গন্ধবণিক্, বগল হইতে "শঙ্খ", নাভি হইতে "আঁউত" ও পাদদেশ হইতে "ছত্রিশ" এই চারিজনকে সৃষ্টি করিলেন।

গন্ধবণিক্ জাতির মধ্যে আঁউতাশ্রম, ছত্রিশাশ্রম, দেশাশ্রম ও শঙ্খাশ্রম এই চারিটী নামধেয় শ্রেণী বর্ত্তমান আছে। এতদ্ব্যতীত ইহাদের মধ্যে আলম্যান, ভরদ্বাজ, কাশ্যপ,

কৃষ্ণাত্রেয়, মৌদ্গল্য, নৃসিংহ, রাসঋষি, সাবর্ণ ও শাণ্ডিল্য প্রভৃতি গোত্র আছে। দেশাশ্রমী গন্ধবণিকের মধ্যে সাহা, সাধু, লাহা, ও খাঁ এবং আউতাশ্রমীদিগের মধ্যে দত্ত, দে, ধর, ধার, কর, নাগ প্রভৃতি পদবী প্রচলিত দেখা যায়। ঢাকা জেলায় উপরিলিখিত শেষোক্ত তিনটী আশ্রমের মধ্যে পরস্পর আদান প্রদানপ্রথা ও ভোজনাদি প্রচলিত আছে।

গন্ধবণিকেরা বাল্যাবস্থায় কন্যার বিবাহ দিয়া থাকে। বর ও কন্যা পক্ষের সাংসারিক অবস্থানুসারে কন্যাপণ দিতে হয়। বিক্রমপুরের গন্ধবণিকেরা বংশমর্য্যাদায় ঊন, তাহারা নিম্নশ্রেণীর ঘরে কন্যার বিবাহে বেশী পণ লইয়া থাকে এবং পুত্রাদির বিবাহে অল্প পণ দিয়া থাকে। ঢাকা সহরে গন্ধবণিক্‌দিগের ছয়টী দল আছে, তাহাদের মধ্যে বংশমর্য্যাদায় মান্য গণ্য এক এক ব্যক্তি দলপতি আছেন। ছয় দলের মধ্যে একটী দলের বিবাহ রীতি কিছু নূতন ধরণের। বর বিবাহ করিতে আসিয়া একটী চাঁপা গাছে চড়িয়া বসে, তাহার পর কন্যাকে একখানি চৌকি বা পিড়িতে বসাইয়া সাতবার বরকে প্রদক্ষিণ করান হয়। যেখানে চাঁপা গাছ পাওয়া যায় না, সেইখানে চাঁপা গাছের ডাল কাটিয়া, বা চাঁপা কাঠের নির্ম্মিত তক্তায় বরকে বসিতে দেওয়া হয়। অন্যান্য দলেরা শূদ্রের ন্যায় ক্রিয়াকলাপ করিয়া থাকে। ইহারা প্রকাশ্যভাবে উপরিউক্ত দলের সহিত সামাজিকতা রাখে না, কিন্তু গোপনে পরস্পরের মধ্যে যাওয়া আসা চলিত হইয়া গিয়াছে। বিবাহ সময়ে বরকন্যা উভয়কেই লালপাড় জরদ চেলী পরিতে হয়। কন্যাকে বিবাহের দশদিন পর পর্য্যন্ত ঐ চেলী পরিয়া থাকিতে হয়।

ইহাদের মধ্যে দুই বা বহুবিবাহপ্রথা প্রচলিত নাই। তবে প্রথমা স্ত্রীর গর্ভে সন্তানাদি না হইলে, দ্বিতীয়বার দারপরিগ্রহ করিতে বাধা নাই। বিবাহবন্ধনচ্ছেদ বা বিধবার বিবাহ একবারে নিষিদ্ধ। স্ত্রীলোক অসতী (পরপুরুষগামী) জানিতে পারিলে তাহাকে জাতি ও হিন্দুসমাজ হইতে বহিষ্কৃত করিয়া দেওয়া হয় এবং তাহার স্বামী তাহার মূর্ত্তি গড়িয়া দাহকার্য্য সম্পন্ন করে এবং তজ্জন্য একটী মিথ্যা শ্রাদ্ধও সম্পন্ন হয়।

ইহাদের ক্রিয়াকলাপাদি সমস্তই উচ্চ শ্রেণীর হিন্দুর মত। কায়স্থজাতির যাহা নিষিদ্ধ, তাহা ইহারাও মানিয়া চলে। ইহাদের অধিকাংশই বৈষ্ণব, কতকগুলি শাক্ত ও অল্প শৈব দেখা যায়। বৈশাখী পূর্ণিমায় ইহারা একটী পাত্রে সিন্দূর মাখাইয়া তাহার সম্মুখে দাঁড়ি, বাট্‌খারা ও হিসাবের খাতা রাখিয়া ষোড়শোপচারে নিজ নিজ ইষ্টদেবীর পূজা করিয়া থাকে। গন্ধেশ্বরী ইহাদেরই ইষ্টদেবী। ব্রাহ্মণেরা আসিয়া গন্ধেশ্বরী মূর্ত্তির পূজা করিয়া থাকেন।

ইহারা নানাবিধ মসলা চন্দনাদি দ্রব্য ও নানাবিধ গাছ গাছড়া ও ঔষধ বিক্রয় করিয়া থাকে। বর্ত্তমানকালে ইহারা বিলাতজাত নানাপ্রকার দ্রব্যেরও ব্যবসা করিতেছে এবং অধীত বিদ্যা না থাকিলেও ইহারা কতক কবিরাজী ঔষধের ব্যবস্থা দিতে পারে। জাত ব্যবসা করিয়া ইহারা এরূপ পারদর্শিতা লাভ করিয়াছে যে সহজেই লবণ ও কোনরূপ খনিজ পদার্থের বিভিন্নতা ধরিতে পারে। অল্প স্বল্প রোগ হইলে ইহারা ঔষধ দিয়া থাকে। হিন্দুস্থানী ভাষায় ইহাদিগকে "পন্‌সারী" বলে। একখানি পন্‌সারীর (বেনের) দোকানে প্রায় ৩৬০ রকম ঔষধ পাওয়া যায়। ইহারা নিজ হইতেই নানাবিধ পাচনাদি প্রস্তুত করিয়া বিক্রয় করে।

এই গন্ধবণিক্‌দিগকে বর্ত্তমান সময়ে অনেকে নবশাকের অন্তর্গত বলিয়া স্থির করিয়াছেন, কিন্তু বস্তুতঃ তাহা নহে, 'পরাশরপদ্ধতিতে'ও নবশাক বলিয়া ইহাদের কোন উল্লেখ নাই।

গন্ধবন্ধা (স্ত্রী) গন্ধস্য বন্ধোগ্রহণং যয়া বহুব্রী, টাপ্। নাসিকা। (শব্দরত্না°)

গন্ধবন্ধু (পুং) গন্ধং বধ্নাতি বন্ধ-উণ্ যদ্বা গন্ধস্য বন্ধুরিব। আম্রবৃক্ষ। (শব্দরত্না°) গন্ধবিশিষ্ট। (গীতগো°)

গন্ধবহল (পুং) গন্ধো বহলো বহুলোঽস্য বহুব্রী। তিতার্জক।

গন্ধবহুল (পুং) গন্ধো বহুলো যস্য বহুব্রী। গন্ধশালি।

গন্ধবহুলা (স্ত্রী) গন্ধো বহুলো যস্যাঃ বহুব্রী. ততঃ টাপ্। গোরক্ষীবৃক্ষ। (রাজনি°)

গন্ধভদ্রা (স্ত্রী) গন্ধো ভদ্রং রোগনাশকো যস্যাঃ বহুব্রী। গন্ধোলী, গন্ধভাদলী। (শব্দরত্না°)

গন্ধভাদালী (গন্ধভদ্রা শব্দজ) গন্ধোলী।

গন্ধভাণ্ড (পুং) গন্ধস্য ভাণ্ড ইব। গর্দ্দভাণ্ড বৃক্ষ, গাঁধি ভাঁট। (শব্দরত্নাবলী) ইহার পর্য্যায় নন্দিবৃক্ষ, তাম্রপাকী, ফলপাকী, পীতক, গন্ধমুণ্ড ও ক্ষিপ্রপাকী। (বৈদ্যকরত্নমালা)

গন্ধমাংসী (স্ত্রী) গন্ধপ্রধানা মাংসী। জটামাংসীবিশেষ। ইহা দেখিতে ধূসরবর্ণ, কেশর জটার সদৃশ। পর্য্যায়—কেশী, ভূতজটা, পিশাচী, পূতনা, ভূতকেশী, লোমশা, জটালা, লঘুমাংসী। ইহার গুণ—তিক্ত, শীতল, রুক্ষ, কণ্ঠরোগ, রক্তপিত্ত, বিষ ও জ্বরনাশক এবং কান্তিপ্রদ। (রাজনি°)

[জটামাংসী দেখ]

গন্ধমাতৃ (স্ত্রী) গন্ধস্য মাতা জননী ৬তৎ। পৃথিবী। (হেম°)

গন্ধমাদ (পুং) ১ রামের সৈন্য একটী বানর। (ভাগব° ৯।১০।১৯) রামরাবণের যুদ্ধে ইহার যুদ্ধকৌশলের অনেক পরিচয় পাওয়া যায়। ২ শ্বফল্কের ঔরসে গান্ধিনীর গর্ভে জাত অক্রূরের ভ্রাতা। (ভাগবত ৯।১৪।৯০)

গন্ধমাদন (পুং ক্লী) গন্ধেন মাদয়তি মদ-ণিচ্-ল্যু। ১ পর্ব্বত-বিশেষ। গন্ধমাদন শব্দের প্রয়োগ প্রায়ই পুংলিঙ্গে দেখিতে পাওয়া যায়।

"তথৈবাপরেণ পূর্ব্বেণ চ মাল্যবদ্‌গন্ধমাদনৌ নীলনিষধায়তৌ।" (ভাগবত ৫।১৬।১০২) কোন কোন স্থলে ক্লীবলিঙ্গেও প্রয়োগ আছে—"যস্য চোপবনং বাহ্যং গন্ধবদ্‌গন্ধমাদনং" (কুমার) বাস্তবিক এই পাঠটী আধুনিক, প্রাচীন পুস্তকে "সুগন্ধির্গন্ধমাদনঃ" এইরূপ পাঠ দেখিতে পাওয়া যায়।

গোলাধ্যায়ের মতে, গন্ধমাদনপর্ব্বত রোমকপত্তনের উত্তরে, কেতুমাল ও ইলাবৃতবর্ষের মধ্যে অবস্থিত। এই পর্ব্বতটী নীল ও নিষধ পর্য্যন্ত আয়ত। বিষ্ণুপুরাণের মতে ইহা সুমেরুপর্ব্বতের দক্ষিণদিকে তাহার বিষ্কম্ভরূপে অবস্থিত। ইহাতে জম্বূ নামক একটী কেতু বৃক্ষ আছে। এই পর্ব্বতের পূর্ব্বদিকে চৈত্ররথ, দক্ষিণে গন্ধমাদন, পশ্চিমে বৈভ্রাজ ও উত্তরে নন্দন নামক চারিটী মনোহর উপবন আছে। দেবগণ এই সকল উপবনে মনের সুখে বিচরণ করিয়া থাকেন। গন্ধমাদন কিম্পুরুষ, সিদ্ধ ও চারণগণের আবাসস্থান। বিদ্যাধর, বিদ্যাধরী, কিন্নর ও কিন্নরীগণ সর্ব্বদাই বিচরণ করিতেছে। শাল, তমাল, পাটল, বকুল প্রভৃতি বিটপিশ্রেণী মালার ন্যায় ইহাকে বেষ্টন করিয়া আছে। সানুদেশে বিমল স্ফটিকের ন্যায় স্বচ্ছ কলহংস ও সারসগণ বিচরণ করিয়া থাকে। (ভারত বন ১৫৮ অঃ)

বিষ্ণুপুরাণের মতে এই পর্ব্বতে মহাভদ্র নামে একটী বৃহৎ দেবভোগ্য সরোবর আছে। (১) কিন্তু সিদ্ধান্তশিরোমণির "সরাংস্তথৈতেষ্বরুণঞ্চ মানসং মহাহ্রদং শ্বেতজলং যথাক্রমং" এই বচন অনুসারে জানা যায় যে গন্ধমাদনে মানসসরোবর আছে, কেহ কেহ কল্পভেদে একটী সরোবরেরই দুইটী নাম হইয়াছে এইরূপ স্বীকার করিয়া বিরোধ ভঞ্জন করেন। মানসসরোবর হিমালয়ের উত্তরে তিব্বতের মধ্যে। [মানস দেখ।]

২ গন্ধমাদন পর্ব্বতস্থিত একটী বন। ৩ গন্ধমাদন পর্ব্বতনিবাসী একটী বানর, রামরাবণযুদ্ধে রামের সহায়তা করে। "গন্ধমাদনবাসী চ প্রথিতো গন্ধমাদনঃ।" (ভারত বন ২য় অঃ।)

৪ উড়িষ্যার কেউঞ্চর রাজ্যের অন্তর্গত একটী পাহাড়। অক্ষা° ২১° ৩৮´ ১২´´ উঃ ও দ্রাঘি° ৮৫° ৩২´ ৫৬´´ পূঃ মধ্যে অবস্থিত একটী গিরিশৃঙ্গ, ইহার উচ্চতা ৩৪২৯ ফিট্।

গন্ধমাদনী (স্ত্রী) গন্ধেন মাদ্যতেঽনয়া গন্ধমাদি-ণিনি। ১ মদিরা। ২ বন্ধারু। ৩ চীড়া নামক গন্ধদ্রব্য। (রাজনি°)

গন্ধমাদিনী (স্ত্রী) গন্ধেন মাদয়তি গন্ধ-মদ-ণিচ্-ণিনি-ঙীপ্। ১ লাক্ষা। ২ মুরা নামক গন্ধদ্রব্য। (রাজনি°)

গন্ধমাদ্রিকা (স্ত্রী) সুগন্ধি দ্রব্যবিশেষ।

গন্ধমাদ্রী (স্ত্রী) সুগন্ধি দ্রব্যবিশেষ।

গন্ধমার্জ্জার (পুং) গন্ধপ্রধানো মার্জ্জারঃ। খট্টাশ, খটাস।

গন্ধমালতী (স্ত্রী) গন্ধেন মালতীব। লতাবিশেষ। ইহার গুণ গন্ধকোকিলার তুল্য।

"গন্ধকোকিলয়া তুল্যা বিজ্ঞেয়া গন্ধমালতী।" (ভাবপ্রকাশ)

গন্ধমালিনী (স্ত্রী) গন্ধমালা অস্ত্যস্যাঃ গন্ধমালা ইনি ঙীপ্। মুরা নামক গন্ধদ্রব্য।

গন্ধমাল্য (ক্লী) [দ্বি] গন্ধশ্চ মাল্যঞ্চ ইতরেতরদ্বন্দ্ব। গন্ধ ও মাল্য।

"অথ যদি গন্ধমাল্যলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য গন্ধমাল্যে সমুত্তিষ্ঠতঃ।" (ছান্দোগ্য উপ° ৮।২।৬)

গন্ধমুখা (স্ত্রী) গন্ধো মুখে যস্যাঃ বহুব্রী। ১ ছুছুন্দরী, ছুঁচা। (শব্দার্থচিন্তা°) ১ (ত্রি) ২ যাহার মুখে গন্ধ আছে।

গন্ধমুণ্ড (পুং) গন্ধং অপরগন্ধং মুণ্ডয়তি নিবারয়তি গন্ধ-মুড়ি-ণিচ্-অণ্। লতাবিশেষ, গন্ধভাদুলিয়া। ইহার পর্য্যায় নন্দীবৃক্ষ, তাম্রপাকী, ফলপাকী, পীতক, গর্দ্দভাণ্ড, ক্ষিপ্রপাকী। (বৈদ্যক)

গন্ধমূল (পুং) গন্ধপ্রধানং মূলং যস্য বহুব্রী। কুলঞ্জনবৃক্ষ।

গন্ধমূলক (পুং) গন্ধমূলএব গন্ধমূল স্বার্থে কন্। ১ শঠী। (শব্দরত্না°) ২ কচ্ছূর, খোস। (রাজনি°)

গন্ধমূলা (স্ত্রী) গন্ধপ্রধানং মূলং যস্যাঃ বহুব্রী, ততঃ টাপ্। ১ শল্লকী। ২ শঠী। (রাজনি°)

গন্ধমূলিকা (স্ত্রী) গন্ধমূলা-কন্ টাপ্ ইত্বঞ্চ। ১ মাকন্দী। ২ শঠী। (রাজনি°)

গন্ধমূলী (স্ত্রী) গন্ধপ্রধানং, মূলং যস্যাঃ বহুব্রী। ততো জাতিত্বাৎ ঙীষ্। ১ শঠী। (অমর ২।৪।১৪৫।) ২ শল্লকী (রাজনি°)

গন্ধমূষিক (পুং) গন্ধপ্রধানো মূষিকঃ। ছুছুন্দরী।

গন্ধমূষী (স্ত্রী) গন্ধপ্রধানা মূষী। ছুছুন্দরী। (হেম°)

গন্ধমৃগ (পুং) গন্ধপ্রধানো মৃগঃ। ১ কস্তূরী মৃগ। যে মৃগ হইতে কস্তূরী পাওয়া যায়। ২ খট্টাশ, খটাস।

(১) "অরুণোদং মহাভদ্রং সসিতোদং সমানসম্। সরাংস্যেতানি চত্বারি দেবভোগ্যানি সর্ব্বদা।" (বিষ্ণুপুরাণ)

গন্ধমৈথুন (পুং) গন্ধেন যোনিগন্ধগ্রহণেন মৈথুনং মৈথুনারম্ভো যস্য বহুব্রী। বৃষ। (জটাধর)

গন্ধমোজবাহ (পুং) শ্বফল্কের পুত্রের নাম। (বিষ্ণুপু°)

গন্ধমোদন (পুং) গন্ধেন মোদয়তি আহ্লাদয়তি গন্ধ-মুদ-ণিচ্-ল্যুট্। গন্ধক। (রাজনি°)

গন্ধমোদিনী (স্ত্রী) গন্ধেন মোদয়তি মুদ্-ণিচ্-ণিনি-ঙীপ্। ১ চম্পককলিকা, কাঁটালেচাঁপা। ২ চম্পকপুষ্পকলিকা।

গন্ধমোহিনী (স্ত্রী) গন্ধেন মোহয়তি মুহ-ণিচ্-ণিনি। চম্পককলিকা। (রাজনি°)

গন্ধযুক্তি (স্ত্রী) গন্ধানাং গন্ধদ্রব্যাণাং যুক্তিঃ যোগঃ ৬তৎ। গন্ধদ্রব্যের যোগবিশেষ। বৃহৎসংহিতায় ইহার প্রস্তুতপ্রণালী ও গুণাদি এইরূপ লিখিত আছে—

যাহার কেশ শুক্ল হইয়াছে, কাপড় ও অলঙ্কারাদি কিছুই তাহাকে ভাল দেখায় না, কেশের শোভায় মনুষ্যকে সর্ব্বদাই শোভিত দেখায়। বলিতে গেলে কেশই মানুষের প্রকৃত মনোহর ও শোভাকর অলঙ্কার। কিন্তু মনুষ্যের এই অনুপম অলঙ্কারটী বড় বেশীদিন স্থায়ী নহে, অল্পদিন মধ্যেই নানা কারণে শুক্ল হইয়া একেবারে শোভাহীন করিয়া ফেলে, এই কারণে অঞ্জন ও ভূষণাদির ন্যায় যাহাতে কেশের বর্ণ রক্ষা হয়, তাহাও করা একান্ত কর্ত্তব্য।

নির্ম্মল লৌহপাত্রে কোদো ধানের চাউল পাক করিয়া লৌহচূর্ণের সহিত পেষণ করিবে। ভালরূপে পেষিয়া অল্প পরিমাণে শুক্ল কেশের উপরে প্রলেপ দিবে এবং ভিজা পাতা দিয়া বাঁধিয়া রাখিবে, দুই প্রহর পরে প্রলেপ পরিত্যাগ করিয়া মস্তকে আমলকের প্রলেপ দিবে এবং পূর্ব্বের ন্যায় ভিজা পাতা দিয়া বাঁধিয়া রাখিবে, দুই প্রহর পরে প্রলেপ ফেলিয়া মাথাটী ভাল করিয়া প্রক্ষালন করিবে। এইরূপ করিলে শুক্লকেশ কৃষ্ণবর্ণ হয়। ইহার পরে শিরঃস্নান সুগন্ধ তৈলাদি বিবিধ মনোহর গন্ধ ও ধূপদ্বারা মস্তকের দুর্গন্ধ নিবারণ করিতে হয়।

শিরঃস্নানপ্রস্তুত করিবার প্রণালী—দারুচিনি, কুড়, ক্ষেৎপাপড়া, নখী, পিড়িঙ্গশাকের রস, তগর ও বালা ইহাদের প্রত্যেক সমভাগে লইয়া কেশরপত্রের সহিত মিশাইলে অতি উৎকৃষ্ট শিরঃস্নান প্রস্তুত হয়। ইহা রাজগণের ব্যবহারযোগ্য।

চম্পকগন্ধিতৈল—মঞ্জিষ্ঠা, ব্যাঘ্রনখ, নখী, দারুচিনি, কুড়, বোলনামক গন্ধদ্রব্য ও চূর্ণ, তৈলের সহিত মিশাইয়া রৌদ্রে তপ্ত করিবে। ইহাকে চম্পকগন্ধিতৈল বলে।

গন্ধদ্রব্য প্রস্তুত করিবার নিয়ম—শিলারস বা সিহ্লা, বালা ও তগর এই সকল দ্রব্য সমানভাগে মিশ্রিত করিলে, যে গন্ধদ্রব্য প্রস্তুত হয়, তাহাকে কামোদ্দীপকগন্ধ বলে। ইহার সহিত ব্যাম, বকুল ও হিঙ্গুর ধূপ মিশাইলে কটুক নামক গন্ধদ্রব্য হয়। কটুকের সহিত কুড় মিশাইলে পদ্ম; পদ্মগন্ধের সহিত চন্দন যোগ করিলে চম্পক; চম্পকগন্ধের সহিত ধনে, জাতিফল ও দারুচিনি যোগ করিলে অতিমুক্ত নামক গন্ধ দ্রব্য প্রস্তুত হয়।

সুগন্ধধূপ প্রস্তুত করিবার প্রণালী—শতপুষ্পা, কুন্দুরু চারিভাগের এক ভাগ, নখী ও শিলারস অর্দ্ধেক এবং চন্দন ও প্রিয়ঙ্গুর সিকি ভাগকে গুঁড় ও নখের সহিত মিশাইলে এক প্রকার সুগন্ধি ধূপ প্রস্তুত হয়। ইহা ব্যতীত গুগ্‌গুলু, বালা, লাক্ষা, মুথা, নখী ও শর্করা সমভাগে মিশ্রিত করিলে এক প্রকার ধূপ প্রস্তুত হয়। জটামাংসী, বালা, শিলারস, নখী ও চন্দন দ্বারা পিণ্ড করিলেও ধূপ প্রস্তুত হইয়া থাকে। হরীতকী, শঙ্খ, ঘনদ্রব ও বালা সমভাগে মিশ্রিত হইলে এক প্রকার ধূপ হয়, ইহার সহিত গুড় ও উৎপল মিশ্রিত করিলে দ্বিতীয় প্রকার ধূপ হয়; দ্বিতীয় প্রকার ধূপের সহিত শৈলজ ও মুথা মিশাইলে আর এক প্রকার ধূপ প্রস্তুত হইয়া থাকে। এই নয় প্রকার দ্রব্যের মধ্যে ক্রমে অন্ত্যদ্রবের সিকি পরিমাণ বৃদ্ধি করিয়া ধূপ প্রস্তুত করিলে অতিশয় মনোহর ধূপ হইয়া থাকে। শর্করা, শৈলেয় ও মুস্তার চারিভাগ, শ্রীবাসক ও সর্জ দুইভাগ, নখী ও গুগ্‌গুলু দুইভাগ, কর্পূর চূর্ণের সহিত যোগ করিয়া মধু দিয়া পিণ্ড প্রস্তুত করিলে কোপচ্ছদ নামক ধূপ হয়।

দারুচিনি ও উশীরপত্রের সহিত ইহার অর্দ্ধ পরিমাণ ছোট এলাচি মিশাইয়া চূর্ণ করিবে, ইহার সহিত অল্পপরিমাণ মৃগনাভি ও কর্পূর মিশাইলে পটবাসক নামক অতি উৎকৃষ্ট গন্ধচূর্ণ প্রস্তুত হয়। ঘন (অভ্র), বালা, শৈলেয় ও কর্পূর; উশীর, নাগপুষ্প, ব্যাঘ্রনখ ও পিড়িঙ্গশাক; অগুরু, দমনক, নখ ও তগর; ধনে, কর্পূর, চোর ও চন্দন এই চার চারিটী পদার্থে এক একটীগণ হয়, ইহাদের সমভাগে এক একপ্রকার গন্ধচূর্ণ প্রস্তুত হইবে, ইহার প্রত্যেক গণেরই নাম গন্ধার্ণব। এই গন্ধদ্রব্য ১৭৪৭২০ ভাগে বিভক্ত হইতে পারে। সমস্ত গন্ধদ্রব্যেই নখী, তগর ও শিলারস মিশাইতে হয়। জাতি, কর্পূর ও মৃগনাভি দ্বারা সুগন্ধি এবং গুড় ও নখীদ্বারা ধূপিত করিতে হয়, ইহারই নাম সর্ব্বতোভদ্র। এই মিশ্রিত পদার্থে জাতীফল, মৃগনাভি ও কর্পূর দ্বারা সুগন্ধি করিয়া আম্রমধুদ্বারা সিক্ত এবং ইচ্ছানুসারে চারিভাগ করিলে বহু প্রকার পারিজাততুল্য সদ্গন্ধ উৎপন্ন হইবে। সর্জরস

ও শ্রীবাসক মিশাইলে যত পরিমাণ দ্রব্য হয়, তাহাতে সেই পরিমাণ বালা ও দারুচিনি যোগ করিবে। শ্রীবাস ও সর্জরস দিবে না, পরে সেই সকল দ্রব্য দ্বারা স্নান জল প্রস্তুত করিবে।

লোধ্র, উশীর, তগরপাদুকা, অগুরু, মুথা, প্রিয়ঙ্গু, বন ও পথ্যা এই সকল দ্রব্যকে নবকোষ্ঠ কচ্ছপুট হইতে তিন তিনটী দ্রব্য সম্যক্‌রূপে উদ্ধার করিয়া চন্দন ও শিলারস দুইভাগ, অর্দ্ধপরিমাণ শুক্তি, সিকি পরিমাণ শতপুষ্পা, কটু হিঙ্গুল ও গুড় দিয়া ধূপিত করিলে চৌরাশি প্রকার কেশর গন্ধ প্রস্তুত হয়। হরীতকীচূর্ণসংযুক্ত গোমূত্রে দন্তকাষ্ঠ ৭ দিন ভিজাইয়া রাখিয়া গন্ধজলে নিক্ষেপ করিবে। এলাচী, দারুচিনি, তেজপাতা, মধু, মরিচ, নাগপুষ্প ও কুড় এই সকল দ্রব্য মিশ্রিত করিয়া পরিষ্কার জলে কিছুকাল রাখিয়া দিলে গন্ধজল প্রস্তুত হয়। পরে জাতিফল, তেজপাতা, এলাচি ও কর্পূর যথাক্রমে চারি, দুই, এক ও তিনভাগ দ্বারা অবচূর্ণিত করিয়া সূর্য্যকিরণে শুকাইবে। গন্ধযুক্ত দন্তকাষ্ঠ সেবন করিলে মুখের প্রসন্নতা, কান্তি ও সৌগন্ধ বৃদ্ধি হয় এবং বাক্যও অতিশয় শ্রুতিসুখকর হইয়া থাকে। (বৃহৎসংহিতা ৭৭ অঃ)

গন্ধযুতি (স্ত্রী) নানাপ্রকার গন্ধদ্রব্যের একত্র মিশ্রণ।

গন্ধরস (পুং) গন্ধযুক্তো রসো যস্য বহুব্রী। উপধাতুবিশেষ, বোল, চলিত কথায় ফুলসত্ত্ব বলে। ইহার পর্য্যায়—বোল, প্রাণ, পিণ্ড, গোপ, রস, গোস, পিণ্ডগোস, শশ, গোসশশ, গান্ধার, মসীবর্দ্ধন, বোলজ, গোপক। [দ্বি] গন্ধশ্চ রসশ্চ ইতরেতরদ্বন্দ্ব। ২ গন্ধ ও রস।

"ন্যায়োপেতং ব্রাহ্মণেভ্যো যদন্নং
শ্রদ্ধাপূতং গন্ধরসোপপন্নম্।" (ভারত ৫।২৭।১১)

গন্ধরসাঙ্গক (পুং) গন্ধরসোঽঙ্গে যস্য বহুব্রী ততঃ স্বার্থে কন্। শ্রীবেষ্ট নামক গন্ধদ্রব্য। (রাজনি°)

গন্ধরাজ (পুং) গন্ধানাং গন্ধসারাণাং রাজা ৬তৎ ততঃ টচ্ (রাজাহসখিভ্যষ্টচ্। পা ৫।৪।৯১।) ১ মুদ্গর বৃক্ষ। ২ কণ-গুগ্‌গুলু। ৩ স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ, ইহার পুষ্প অতিশয় সুগন্ধি, গন্ধে দশদিক্ আমোদিত হয়। শ্বেতবর্ণ ১২টী দল ও ৬টী কেশরবিশিষ্ট। বসন্তকালে ও বর্ষাকালে প্রস্ফুটিত হয়। ইহার ফল নাই, ডাল রোপণ করিলে বাঁচিয়া থাকে। ৪ শ্রেষ্ঠগন্ধ। (ক্লী) গন্ধেন রাজতে রাজ-অচ্। ৫ চন্দন। ৬ জবাদি নামক গন্ধদ্রব্য।

গন্ধরাজী (স্ত্রী) গন্ধরাজ-স্ত্রিয়াং ঙীপ্। নখী নামক গন্ধদ্রব্য।

গন্ধরাজ (পুং) গন্ধেন রাজতে রাজ-ক্বিপ্। ধূপক, ধুনা।

গন্ধরুহা (স্ত্রী) বনমল্লিকা, কাষ্ঠমল্লিকা ফুলগাছ। ইহার পর্য্যায় মদয়ন্তী, মোদয়ন্তি, সরস্রবা। (রাজনি°)

গন্ধর্ব্ব (পুং) গাঃ স্তুতিরূপা গীতিরূপা বা বাচঃ রশ্মীন্ বা ধারয়তি ধৃ-ব। গোশব্দস্য চ গমাদেশঃ। ১ ঘোটক।

"রথং সংযোজয়ামাসু র্গন্ধর্ব্বৈর্হেমমালিভিঃ।" (ভারত ৩।১৬১।২৩।) ২ মৃগবিশেষ, কস্তুরীমৃগ। ৩ অন্তরাভবসত্ত্ব। (৩।৩।১৩২) অমরের টীকাকার রায়মুকুটের মতে প্রাণীর মৃত্যু হইলে যতদিন পর্য্যন্ত অপর শরীর প্রাপ্ত না হয়, ততদিন পর্য্যন্ত একটী সূক্ষ্ম শরীর গ্রহণ করিয়া যাতনা অনুভব করে, এই অবস্থায় তাহাদিগকে অন্তরাভবসত্ত্ব বলে।

টীকাকার রমানাথের মতে অন্তরাভবসত্ত্বের অর্থ গুপ্ত প্রাণী, তিনি উদাহরণ স্বরূপ বিরাটপর্ব্বের "গন্ধর্ব্বাঃ পতয়ো মম" এই বাক্যটী উদ্ধৃত করিয়াছেন। ৪ গ্রহবিশেষ, ইহারা সময় পাইলে মনুষ্যশরীরে প্রবেশ করিয়া নানা রকমের অশান্তির উৎপাদন করে। আর্য্যচিকিৎসক সুশ্রুত বলেন, যে কবিরাজ ক্ষত ও আতুর রোগীকে নিশাচরদিগের হাত হইতে রক্ষা করিতে সর্ব্বদাই যত্ন করিবেন। রোগী ক্ষত হউক আর নাই হউক কোনরূপে অশুচি হইলে অথবা তাঁহা-দিগের মর্য্যাদা রক্ষা না করিলে গ্রহগণ হিংসাভিলাষ পূরণ করিতে অথবা পূজা পাইবার আশায় রোগীকে আশ্রয় করিয়া নানা রকমের অশান্তি জন্মাইতে থাকে, যথানিয়মে তাহাদের পূজা কিম্বা উপযুক্ত ঔষধ সময় মত দিতে না পারিলে রোগীকে মারিয়াও ফেলে।

এইরূপ গ্রহ অসংখ্য, কিন্তু প্রধানতঃ ইহাদিগকে আটভাগে বিভক্ত করিতে পারা যায়। যথা—দেব, অসুর, গন্ধর্ব্ব, যক্ষ, পিতৃ, রক্ষ, ভুজঙ্গ ও পিশাচ। ইহাদিগের আবেশ হইলে রোগী ভূত ভবিষ্যৎ জানিতে পারে, তখন রোগীকে জিজ্ঞাসা করিলে সে যে কোন অতীত বা ভবিষ্যৎ গোপনীয় ঘটনা ঠিক্ বলিয়া দিতে পারে, তখন তাহার সহিষ্ণুতা একেবারেই বিলুপ্ত হইয়া যায়, যে সকল কার্য্য মনুষ্যবুদ্ধির অগম্য কখনও মনুষ্য দ্বারা সম্পন্ন হইবার সম্ভব নাই, রোগী অনায়াসেই সেই সকল কার্য্য অনুষ্ঠান করিয়া দর্শকবৃন্দকে বিস্ময়াপন্ন ও আত্মীয় স্বজনকে ভয়বিহ্বল ও শোককাতর করিয়া তোলে। আধু-নিক বৈজ্ঞানিক মতে যাহাই বলুন, প্রাচীনেরা কিন্তু এই অবস্থাকেই ভূতে পাওয়া বা গ্রহাবেশ বলিয়া থাকিতেন এবং গ্রহপূজাদি করিয়া রোগীকে প্রকৃতিস্থ করিতেও পারিতেন। [দেব প্রভৃতি অপর অপর গ্রহগণের কথা তৎতৎ শব্দে দ্রষ্টব্য।]

গন্ধর্ব্ব গ্রহের আবেশ হইলে রোগীর মন সর্ব্বদাই হৃষ্ট থাকে, নদীতীরে বা নির্জন বনে বেড়াইতে এবং শুদ্ধাচারে থাকিতে অভিলাষ জন্মে। এই অবস্থায় রোগী গন্ধ মাল্য ও গীতে অতিশয় প্রীতি প্রকাশ করে, সর্ব্বদাই হাস্য করিতে

থাকে, নাচিতে ভালবাসে এবং তাহার কথা অতিশয় মনোহর ও মৃদু হয়।

দর্পণে ছায়া বা প্রতিবিম্ব, প্রাণীদেহে শীতোষ্ণ ও সূর্য্যকিরণ এবং দেহে জীব যেরূপ অলক্ষিত ভাবে প্রবেশ করে, গন্ধর্ব্বগ্রহও সেইপ্রকার অলক্ষিত হইয়া মানুষের শরীরে প্রবেশ করিয়া থাকে। অষ্টমী তিথিতে ইহাদের প্রথম আবির্ভাব হয়।

ইহার শান্তির জন্য নিয়মিত জপ ও হোম প্রভৃতি দৈব ক্রিয়া করিতে হয়। রক্তবর্ণ গন্ধমাল্য, মধু, ঘৃত, সকল প্রকার খাদ্য, বস্ত্র, মদ্য, মাংস, রুধির ও দুগ্ধ প্রভৃতি প্রদান করিবে।

এই সমস্ত ক্রিয়ায় নিবৃত্তি না হইলে ঔষধ প্রয়োগ করিবে। ছাগল, ভালুক, শল্যক ও উলূক ইহাদের চামড়া ও রোম, হিঙ্গু এবং ছাগমূত্র মিশাইয়া ধূম প্রয়োগ করিবে। ইহাতে বলবান্ গ্রহেরও শান্তি হয়।

গোসাপ, নকুল, বিড়াল ও ভালুকের পিত্ত একত্র করিয়া গজপিপ্পলীর মূল, ত্রিকটু, আমলকী ও সরিষা দিয়া ভাবিত করিবে। ইহার নস্য, অভ্যঙ্গ বা সেবনে গ্রহের শান্তি হয়।

নাটাকরঞ্জার ফল, ত্রিকটু, সোণা, বেলমূল, হরিদ্রা ও দারুহরিদ্রা এক সঙ্গে লইয়া ইহা দ্বারা বর্ত্তি প্রস্তুত করিবে, পিত্ত সহযোগে ইহার অঞ্জন সেবন করিলে গ্রহের শান্তি হয়।

এই সকল ঔষধ বা অন্য কোন চিকিৎসা দেবগ্রহস্থলে অযুক্তরূপে প্রয়োগ করিবে না। পিশাচ ভিন্ন অপর গ্রহের স্থলে কোন রূপ প্রতিকূল আচরণ করিতে নাই, করিলে গ্রহ ক্রুদ্ধ হইয়া বৈদ্য ও রোগী উভয়কেই বিনাশ করে।

(সুশ্রুত° উত্তর° ৬০ অঃ)

এই গন্ধর্ব্ব গ্রহের কথা বৈদিক উপন্যাসেও শুনিতে পাওয়া যায়। বৃহদারণ্যক উপনিষদে লিখিত আছে যে, কএক জন মুনিকুমার অধ্যয়ন করিতে মদ্রদেশে গিয়াছিলেন। তাঁহারা বিশ্রামের জন্য কপিগোত্রসম্ভব পতঞ্জলের গৃহে উপস্থিত হইয়া তাঁহার নন্দিনীকে গন্ধর্ব্বগ্রহগ্রস্তা দেখিতে পাইলেন (১)। শতপথব্রাহ্মণে (১৪।৬।৩।১)ও এই প্রস্তাবটী ঠিক্ এই ভাবেই লিখিত আছে। ৫ এরণ্ড।

"গন্ধর্ব্বতৈলসিদ্ধাং হরীতকীং গোঽম্বুনা পিবেৎ।"

'গন্ধর্ব্বতৈলং এরণ্ডতৈলং' (ভাবপ্রকাশ।)

৬ দেবযোনিবিশেষ, স্বর্গগায়ক, ইহারা দেবগণের সভায় গান, বাদ্য ও নাট্যাভিনয় করিয়া থাকে, ইহারা অতিশয় রূপবান্, স্বর্গলোকে ইহাদের মত আর কোন জাতি সুন্দর নাই, ইহাদের আবাস গুহ্যলোক ও বিদ্যাধর লোকের ঠিক মধ্যস্থলে। শব্দার্থচিন্তামণির মতে গন্ধর্ব্ব দুই ভাগে বিভক্ত দিব্য ও মর্ত্ত্য (২)। যে সকল মনুষ্য এই কল্পের মধ্যে পুণ্যবলে গন্ধর্ব্বত্ব প্রাপ্ত হইয়া গন্ধর্ব্ব সমাজভুক্ত হইয়াছে, তাহাদিগকে মর্ত্ত্য ও যাহারা এই কল্পের আদিতে গন্ধর্ব্ব তাহাদিগকে দিব্য গন্ধর্ব্ব বলে। ঋগ্বেদেও দিব্যগন্ধর্ব্বের উল্লেখ দেখিতে পাওয়া যায়।

"বিশ্বাবসু রসি তন্নো গৃণাতু দিব্যো গন্ধর্ব্বঃ।"(ঋক্ ১০।১৩৯।৫)

বহ্নিপুরাণের মতে দিব্য গন্ধর্ব্ব আবার একাদশ ভাগে বিভক্ত—১ অভ্রাজ, ২ অজ্যারি, ৩ রম্ভারি, ৪ সূর্য্যবর্চ্চা, ৫ কৃধু, ৬ হস্ত, ৭ সুহস্ত, ৮ মূর্দ্ধবান্, ৯ মহামনাঃ, ১০ বিশ্বাবসু, ১১ কৃশাণু। জটাধর আটটী প্রধান গন্ধর্ব্বের নাম উল্লেখ করিয়া গন্ধর্ব্ববংশের পরিচয় দিয়াছেন। যথা—হাহা, হূহূ, চিত্ররথ, হংস, বিশ্বাবসু, গোমায়ু, তুম্বুরু ও নন্দি। ইহারাই গন্ধর্ব্বনগরে গণ্যমান্য এবং ইহাদের নামেই এক একটী বংশ প্রতিষ্ঠিত। অথর্ব্ববেদে ৬৩৩৩ জন গন্ধর্ব্বের উল্লেখ আছে।

মনুষ্যের ন্যায় গন্ধর্ব্ব দুইশ্রেণীতে বিভক্ত—মৌনেয় ও প্রাধেয়। মুনি ও প্রধা নামে কশ্যপের দুইটী পত্নী ছিল। দক্ষকন্যা মুনির গর্ভে ষোলটী গন্ধর্ব্ব উৎপন্ন হয়; ১ ভীমসেন, ২ উগ্রসেন, ৩ সুপর্ণ, ৪ বরুণ, ৫ গোপতি, ৬ ধৃতরাষ্ট্র, ৭ সূর্য্যবর্চ্চা, ৮ অর্কপর্ণ, ৯ পর্য্যন্য, ১০ কলি, ১১ প্রযুত, ১২ ভীম, ১৩ চিত্ররথ, ১৪ সর্ব্ববিদ্বশী, ১৫ শালিশিরা, ১৬ নারদ। ইহাদিগকে মৌনেয় বলে। প্রধার গর্ভে ১০টী গন্ধর্ব্ব উৎপন্ন হয়। ১ সিদ্ধ, ২ পূর্ণ, ৩ বর্হী, ৪ পূর্ণায়ু, ৫ ব্রহ্মচারী, ৬ রতিগুণ, ৭ সুপর্ণ, ৮ বিশ্বাবসু, ৯ ভানু, ১০ চন্দ্র।

(ভারত ১।৬৫ অঃ)

বিষ্ণুপুরাণের মতে—

"ধয়ন্তো গাং সমুৎপন্না গন্ধর্ব্বাস্তস্য তৎক্ষণাৎ। ৪৪।
পিবন্তো জজ্ঞিরে বাচং গন্ধর্ব্বাস্তেন তে দ্বিজ॥"১।৫অঃ।

ব্রহ্মা হইতে তৎক্ষণাৎ গন্ধর্ব্বের উৎপত্তি হইল, ইহারা

(১) "মদ্রেষু চরকাঃ পর্য্যব্রজাম তে পতঞ্জলস্য কাপ্যস্য গৃহানৈম, তস্যাসীদ্ দুহিতা গন্ধর্ব্বগৃহীতা।" (বৃহদারণ্যক ৭ ব্রাহ্মণ)

'তে ষ পর্যটন্তঃ পতঞ্জলস্য নামতঃ কাপ্যস্য কপিগোত্রস্য গৃহানৈম গতন্তঃ তস্যাসীদ্ দুহিতা গন্ধর্ব্বগৃহীতা, গন্ধর্বেণ অমানুষেণ কেনচিৎ সত্ত্বেন আবিষ্টা।" (ভাষ্য)

(২) "অস্মিন্কল্পে মনুষ্যঃ সন্ পুণ্যপাকবিশেষতঃ।
গন্ধর্ব্বত্বং সমাপন্নো মর্ত্ত্যগন্ধর্ব্ব উচ্যতে॥
পূর্ব্বকল্পকৃতাৎ পুণ্যাৎ কল্পাদাবস্যচেদ্ ভবেৎ।
গন্ধর্ব্বত্বং তাদৃশোঽথ দিব্যগন্ধর্ব্ব উচ্যতে।" (শব্দার্থচি°)

গো (বাক্য বা গীত) ধমন অর্থাৎ উচ্চারণ বা গান করিতে করিতে জন্মিল বলিয়া গন্ধর্ব্ব নামে অভিহিত।

হরিবংশের মতে স্বারোচিষ মন্বন্তরে অরিষ্টার গর্ভে গন্ধর্ব্ব জন্মগ্রহণ করে। (হরিবংশ ৩ অধ্যায়) কোন কোন পুরাণের মতে ব্রহ্মার কান্তি হইতে এই জাতির উৎপত্তি হয়। ইহারা রূপ দান করেন।

বিষ্ণুপুরাণে বর্ণিত আছে যে গন্ধর্ব্বেরা পাতালে গিয়া নাগদিগকে পরাস্ত করে ও তাহাদের ধনরত্নাদি বলপূর্ব্বক কাড়িয়া লয়। নাগগণ বিষ্ণুর সাহায্য প্রার্থনা করে। তাহাতে বিষ্ণুও স্বীকার করেন যে তিনি পুরুকুৎসরূপে তাহাদের সাহায্য করিবেন। নাগেরা ভগিনী নর্ম্মদাকে বিষ্ণুর নিকট পাঠাইল। নর্ম্মদা পুরুকুৎসকে সঙ্গে করিয়া পাতালে আসিল। এবার পুরুকুৎস কর্ত্তৃক পাতালস্থ গন্ধর্ব্বেরা সকলেই বিনষ্ট হইল।

(ত্রি) ৭ গায়ক, যে গান করিতে পারে। (মেদিনী) গাঃ রশ্মীন্ ধারয়তি ধৃ-ব, গোশব্দস্য গম্যাদেশঃ। ৮ রশ্মি-ধারক, যে রশ্মি ধারণ করে, চন্দ্র, সূর্য্য প্রভৃতি।

"গন্ধর্ব্বোঽস্য রসনাম গৃভ্নাৎ।" (ঋক্ ১।১৬৩।২)

"গন্ধর্ব্বঃ সোমঃ"। সায়ণ।

'ঊর্দ্ধো গন্ধর্ব্বো অধিনাকে অস্থাৎ'। (ঋক্ ৯।৮৫।১২)

'গন্ধর্ব্বো রশ্মীনাং ধারকঃ' সায়ণ।

(পুং) ৯ দ্বীপবিশেষ।

"নাগদ্বীপস্তথা সৌম্যো গন্ধর্ব্বস্থথ বারুণঃ।" (বায়ুপুং)

১০ দিন, দিবস।

"তস্যাহানীহ গন্ধর্ব্বা গন্ধর্ব্বোরাত্রয়ঃ স্মৃতাঃ।" (ভাগবত ৪। ২৯। ২১)

"নটনর্ত্তকগন্ধর্ব্বাঃ সূতমাগধবন্দিনঃ।
গায়ন্তি চোত্তমশ্লোকচরিতান্যদ্ভুতানি চ॥" (ভাগ° ১।১১।২০)

১১ শরীরাধিষ্ঠাতৃদেবতাবিশেষ, ইহারা অবিবাহিতা কামিনীর স্বামিসম্ভোগের পূর্ব্বে ঈষদ্ বিকসিতযৌবন উপ-ভোগ করেন। ঋগ্বেদে লিখিত আছে যে, রমণীদিগকে প্রথম চন্দ্র, তারপরে গন্ধর্ব্ব ও তৎপরে অগ্নি উপভোগ করেন। ইহাদের উপভোগ শেষ হইলে মনুষ্যপতি তাহাদিগকে পাইয়া থাকেন। (১) ১২ প্রাণবায়ু। "পতঙ্গো বাচং মনসা বিভর্ত্তি তাং গন্ধর্ব্বোঽবদদ্গর্ভে অন্তঃ।" (ঋক্ ১০।১৭৭।২) 'গাং শব্দান্ ধাবয়তীতি গন্ধর্ব্বঃ প্রাণবায়ু' (সায়ণ)।

১৩ মহাভারতবর্ণিত ভারতের উত্তরবাসী জাতিবিশেষ। জাতিবাচক গন্ধর্ব্ব শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়।

"নৈব দেবী ন গন্ধর্বী ন যক্ষী ন চ কিন্নরী।" (রামায়ণ ৩।৮৩ অঃ)

গন্ধর্ব্বখণ্ড (ক্লী) গন্ধর্বনামকং খণ্ডং মধ্যপদলো°। ভারতবর্ষের অন্তর্গত একটী প্রদেশ।

গন্ধর্ব্বগড়, বোম্বাই প্রদেশের বেলগাম্ জেলার অন্তর্গত একটী উপবিভাগ। এই উপ-বিভাগে বেলগাম্ হইতে প্রায় ২১ মাইল পশ্চিমে সহ্যাদ্রিপর্ব্বতের পার্শ্বশাখার সমতল ক্ষেত্র হইতে ৪০০ ফিট উচ্চে গন্ধর্ব্বগড় গিরিদুর্গ। এই দুর্গ ১০০০ ফিট চতুরস্র ভূমির উপর নির্ম্মিত, ইহার অধিকাংশ স্থল ভাঙ্গিয়া গিয়াছে, কেবলমাত্র চারিধারের প্রাচীর ভগ্নাবশেষ-দুর্গের পরিচয় দিতেছে। এই দুর্গটী ১৭২৪ খৃষ্টাব্দে সাবন্তবাড়ীর রাজা ফোন্দ সামন্তের দ্বিতীয় পুত্র নাগসামন্ত কর্ত্তৃক নির্ম্মিত হয়। ১৭৭৮ খৃঃ কোল্হাপুররাজ গন্ধর্ব্বগড় অধিকার করেন। পরে, ১৭৯৩ খৃঃ সিন্ধিয়ারাজের সাহায্যে গন্ধর্ব্বগড় পুনরায় সাবন্তবাড়ীর দখলে আইসে। মধ্যে ১৭৮৭ খৃঃ নেসর্গী সর্দ্দার নিজ প্রভু কোল্হাপুররাজের বিরুদ্ধে যুদ্ধ করিয়া গন্ধর্ব্বগড় ও অন্যান্য স্থান কাড়িয়া লন। কিন্তু অনতিকাল পরেই রাজা পুনরায় আসিয়া সর্দ্দারকে তাড়া-ইয়া গন্ধর্ব্বগড় দখল করেন।

গন্ধর্ব্বগৃহীত (ত্রি) গন্ধর্বেণ গৃহীতঃ ৩তৎ। যাহাকে গন্ধর্বে গ্রহণ করিয়াছে। [গন্ধর্ব দেখ]।

গন্ধর্বগ্রহ (পুং) শরীরপ্রবেশকারী উপদেববিশেষ। [গন্ধর্ব দেখ]

গন্ধর্বতীর্থ (পুং) তীর্থবিশেষ। (ভারত শল্য ৮ অঃ)

গন্ধর্বনগর (ক্লীং) গন্ধর্ব্বাণাং নগরং ৬তৎ। ১ গগনমণ্ডলে উদিত অনিষ্টসূচক পুরবিশেষ। [খপুর দেখ] ২ মানস সরোবরের নিকটবর্ত্তী হাটকের চতুষ্পার্শ্বে অবস্থিত একটী নগর, গন্ধর্ব্বেরা ইহার রক্ষণাবেক্ষণ করেন বলিয়া ইহাকে গন্ধর্বনগর বলে। মহাভারতে লিখিত আছে যে, মহা-পরাক্রমশালী অর্জ্জুন, গন্ধর্ব্বরক্ষিত গন্ধর্ব্বনগর জয় করিয়া তিত্তিরি, কল্মাষ ও মণ্ডুক নামে অশ্বরত্ন লাভ করিয়াছিলেন। (ভারত ২.২৭ অধ্যায়)

গন্ধর্বতৈল (ক্লী) ঔষধ তৈলবিশেষ, ইহার অপর নাম এরণ্ড-তৈল। ভাবপ্রকাশের মতে এই তৈল দিয়া হরীতকী সিদ্ধ করিয়া গোমূত্রের সহিত ভক্ষণ করিলে, গোদ ও বিবন্ধরোগ ভাল হয়। (ভাবপ্রকাশ)

গন্ধর্ব্বরাজ, রাগরত্নাকর নামে সংস্কৃত সঙ্গীতগ্রন্থপ্রণেতা।

গন্ধর্ব্বলোক (পুং) গন্ধর্ব্বাণাং লোক আবাসস্থানং ৬তৎ। গুহ্যক লোকের উপরে ও বিদ্যাধরলোকের নীচে অবস্থিত একটী স্থান। এই স্থানে দেবগায়ক গন্ধর্ব্বগণ বাস করেন।

(১) "সোমঃ প্রথমো বিবিদে গন্ধর্ব্বো বিবিদে উত্তরঃ তৃতীয়োঽগ্নিষ্টে-পতিস্তুরীয়স্তে মনুষ্যজাঃ।" (ঋক্ ১০। ৮৫। ৪০)

কাশীখণ্ডের মতে যাহারা গীতশাস্ত্রাভিজ্ঞ, গান করিয়া রাজ রাজড়ার মনস্তুষ্টি করিতে পারে এবং ধনলোভে মোহিত হইয়া ধনশালী মানবগণকে গীতি দ্বারা স্তুতি করে, রাজা প্রসন্ন হইয়া বস্ত্র প্রভৃতি দান করিলে যে তাহা ব্রাহ্মণদিগকে দান করিয়া থাকে, গানেই যাহাদের অতিশয় প্রীতি এবং নাট্যশাস্ত্রেও বিশেষ পারদর্শিতা আছে, তাহারা গন্ধর্ব্বলোক প্রাপ্ত হইয়া পরমসুখে কালযাপন করে। (কাশীখণ্ড)

গন্ধর্ববধূ (স্ত্রী) গন্ধর্ব্বস্য বধূরিব। ১ শঠী। ২ চীড়া নামক গন্ধদ্রব্য।

গন্ধর্ববিদ্যা (স্ত্রী) গন্ধর্ব্বাণাং বিদ্যা ৬তৎ। সঙ্গীতবিদ্যা।

গন্ধর্ববিবাহ (পুং) গন্ধর্ব্বমতানুসারী বিবাহঃ মধ্যপদলো°। আটপ্রকার বিবাহের অন্তর্গত একপ্রকার বিবাহ, কেবল কন্যা ও বরের অভিপ্রায় অনুসারে প্রতিজ্ঞাপাশে বদ্ধ হইয়া যে বিবাহ হইয়া থাকে। [গান্ধর্ব্ব দেখ।]

গন্ধর্ববেদ (পুং) গন্ধর্ব্বাণাং বেদঃ ৬তৎ। সঙ্গীতের মূলগ্রন্থ সামবেদের উপবেদ বিশেষ। শৌনকোক্ত চরণব্যূহের মতে আয়ুর্বেদ গন্ধর্ব্ববেদের উপবেদ, যজুর্বেদের ধনুর্বেদ, সামবেদের গন্ধর্ব্ববেদ ও অথর্ব্বের উপবেদ শস্ত্রশাস্ত্র।

গন্ধর্ব্বহস্ত (পুং) গন্ধর্ব্বস্য মৃগবিশেষস্য হস্তঃ পাদইব পত্রমস্য বহুব্রী। এরণ্ডবৃক্ষ।

গন্ধর্ব্বহস্তক (পুং) গন্ধর্ব্বহস্ত স্বার্থে কন্। এরণ্ড বৃক্ষ। সুশ্রুতের মতে ইহা হইতে লবণ উৎপন্ন হয়।

গন্ধর্ব্বী (স্ত্রী) গন্ধর্ব্ব-জাতিত্বাৎ ঙীপ্। ১ গন্ধর্ব্বজাতীয় স্ত্রী। গন্ধর্ব্বাণাং পত্নী গন্ধর্ব্ব-ঙীষ্। গন্ধর্ব্বের পত্নী, গন্ধর্ব্বের বিবাহিত স্ত্রী। ৩ সুরভীর কন্যা। ৪ অশ্বজাতীর জননী।

গন্ধলতা (স্ত্রী) গন্ধযুক্তা লতা। প্রিয়ঙ্গু। (শব্দার্থচিন্তামণি)

গন্ধলোলুপা (স্ত্রী) গন্ধেন লোলুপা ৩তৎ। মধুমক্ষিকা।

গন্ধবৎ (ত্রি) গন্ধো বিদ্যতেঽস্য গন্ধমতুপ্ মস্য বঃ। গন্ধযুক্ত।

"গন্ধবদ্রুধিরচন্দনোক্ষিতা।" (রঘু)

গন্ধবতী (স্ত্রী) গন্ধবৎ-ঙীপ্। ১ পৃথিবী। ২ মৎস্যগন্ধা, ব্যাসের মাতা; ইহার অপর নাম সত্যবতী। মহাভারতে লিখিত আছে যে, জালিককন্যা মৎস্যগন্ধা পিতার আদেশে নৌকা বাহিয়া যাত্রিদিগকে নদী পার করিয়া দিত। একদিন পরাশর মুনি পার হইবার কালে তাহাকে দেখিয়া মাতিয়া উঠিলেন এবং মৎস্যগন্ধার গায়ের দুর্গন্ধে তাহার ধারে যাইতে না পারিয়া তপোবলে তাহাকে সুগন্ধযুক্তা করিয়া লইলেন। সেইদিন হইতেই তাহার নাম গন্ধবতী হইল। (ভারত ১।৬৩ অঃ) ৩ সুরা। (মেদিনী) ৪ নবমল্লিকা। (রত্নমালা) ৪ মুরানামক গন্ধদ্রব্য। (জটাধর) ৫ বায়ুপুরী। ইহা বরুণপুরীর উত্তরভাগে অবস্থিত।

"ইমাং গন্ধবতীং রম্যাং পুরীং বায়োর্বিলোকয়।
বারুণ্যা উত্তরে ভাগে মহাভাগ্যনিধে দ্বিজ।" (কাশী° ১৩ অঃ)

৬ গঙ্গা।

"গঙ্গা গন্ধবতী গৌরী গন্ধর্ব্বনগরপ্রিয়া।" (কাশী°২৯।৪৯)

৭ পুরীজেলার অন্তর্গত পুণ্যক্ষেত্র ভুবনেশ্বরের নিকট প্রবাহিত একটী ক্ষুদ্র নদী। এই নদীর অনেক স্থানে প্রায় জল থাকে না, সকল সময়েই লোক হাঁটিয়া পার হয়। পূর্ব্বে ইহা আরও খানিকটা বিস্তৃত ছিল, অদ্যাপি এই নদীর গর্ভে হিন্দুরাজনির্ম্মিত পুরাতন আঠারনালার ভগ্নাবশেষ কতক কতক দেখিতে পাওয়া যায়। ক্ষুদ্র হইলেও এই নদী হিন্দুদিগের নিকট অতি পবিত্র তীর্থ বলিয়া গণ্য। একাম্রপুরাণে লিখিত আছে—

"পুরাসৌ ভগবান্ রুদ্রো ক্ষেত্রজ্ঞো ভূতভাবনঃ।
ভূতানাঞ্চ হিতার্থায় চক্রে গন্ধবতীং নদীম্॥.....
স্বর্ণকূটগিরেঃ পৃষ্ঠে সরিদেষা সনাতনী।
প্রচ্ছন্নরূপিণী গঙ্গা শিবোপাসনতৎপরা॥
দক্ষিণাবর্ত্তমালভ্য ক্ষেত্ররাজাৎ পরেতরাৎ।
নাম্না গন্ধবতী খ্যাতা যাতি গঙ্গা সরিদ্বরা॥" ১৭ অঃ।

স্বয়ং ভগবান্ রুদ্র ভূতগণের মঙ্গলবিধানের জন্য সর্ব্বপাপহারিণী কীর্ত্তিপ্রদায়িনী প্রচ্ছন্নরূপিণী গন্ধবতী নাম্নী গঙ্গাকে স্বর্ণকূটে উৎপাদন করিয়াছিলেন।

কপিলসংহিতার মতে রুদ্রের জটাকলাপ মধ্যে ভ্রমমাণা গঙ্গাকে ভগীরথ আনয়ন করেন, সেই ভ্রমমাণা ত্রিকোটি কুলতারিণী গঙ্গা হইতে হিমালয় আদিগঙ্গাকে নিঃসারিত করেন, মুনিগণ সেই আদিগঙ্গাকেই গন্ধবতী বলিয়া থাকেন। সেই গন্ধবতী স্বর্ণকূটাচলে প্রবাহিত হইতেছেন।

"জটাকলাপে রুদ্রস্য ভ্রমমাণা মহাতপাঃ।
নীতা ভগীরথেনৈব গঙ্গা ত্রৈলোক্যপাবিনী॥ ৪৮॥
তাং ক্ষেত্রমধ্যে হিমবান্ সসর্জ্জ শিবভক্তয়ে।.....
আদ্যাং গঙ্গাং বিদুস্তান্তু ত্রিকোটিকুলতারিণীম্।
পুণ্যাং গন্ধবতী নাম্না মুনয়ো ব্রহ্মবাদিনঃ।" ৫০।

কপিলসংহিতা ১৭ অঃ।

শিবপুরাণের মতে দক্ষিণসমুদ্রের নিকট বিন্ধ্যপাদ হইতে এই গন্ধবতী নদী নিঃসৃত।

"শ্রীমদুৎকলকে ক্ষেত্রে দক্ষিণার্ণবসন্নিধৌ।
বিন্ধ্যপাদোদ্ভবাদিত্যা নদ্যাস্তে পূর্ব্বগামিনী॥
সরিত্তদুদ্ভবা হ্যেকা নাম্না গন্ধবতী শ্রুতা॥" উত্তরখণ্ড ২৬ অঃ।

গন্ধবধূ (স্ত্রী) গন্ধযুক্তা বধূরিব। ১ শঠী। ২ চীড়ানামক গন্ধদ্রব্য।

গন্ধবন্ধু (পুং) গন্ধস্য বন্ধুরিব। আম্রবৃক্ষ।

গন্ধবল্কল (ক্লী) গন্ধো বল্কলেঽস্য বহুব্রী। ত্বক্, দারুচিনি।

গন্ধবল্লরী (স্ত্রী) গন্ধযুক্তা বল্লরী। লতাবিশেষ, সহদেবী। গন্ধবল্লরী স্থলে গন্ধবল্লী পাঠও দৃষ্ট হয়। (রাজনি॰)

গন্ধবহ (পুং) গন্ধং গন্ধযুক্তং পার্থিবাংশং বহতি বহ-অচ্। ১ বায়ু। "দিগ্ দক্ষিণা গন্ধবহং মুখেন।" (কুমার)

(ত্রি) গন্ধযুক্ত নায়কবিশেষ।

"নবা লতা গন্ধবহেন চুম্বিতা।" (নৈষধচ॰)

(ত্রি) ৩ গন্ধধারী, যাহার গন্ধ আছে।

"আকাশাত্তু বিকুর্ব্বাণাৎ সর্ব্বগন্ধবহঃ শুচিঃ।" (মনু॰ ১।৭৬)

গন্ধবহল (পুং) গন্ধং বহতি বহ-বাহুলকাৎ অলচ্ যদ্বা গন্ধো বহলো যস্য বহুব্রী। ১ সিতার্জকবৃক্ষ। ২ শ্বেত তুলসী।

গন্ধবহা (স্ত্রী) গন্ধং গুণবিশেষং বহতি গৃহ্লাতি বহ-অচ্-টাপ্। ১ নাসিকা। ২ ভুবনেশ্বরের নিকট প্রবাহিত গন্ধবতী নদীর নামান্তর। [গন্ধবতী দেখ।]

গন্ধবহুল (ক্লী) গন্ধো বহুলো যস্য বহুব্রী। ১ কক্কোল, কাকলা। (পুং) গন্ধশালি, কলমা।

গন্ধবহুলা (স্ত্রী) গন্ধো বহুলো যস্যাঃ বহুব্রী। গোরক্ষী, মালব দেশেই ইহা বেশী পরিমাণে পাওয়া যায়।

গন্ধবাকুচী (স্ত্রী) লতাকস্তূরী।

গন্ধবারি (ক্লী) গন্ধদ্রব্যবাসিতং বারিঃ। সুগন্ধি দ্রব্যবাসিত জল, গোলাপ জল প্রভৃতি।

গন্ধবাহ (পুং) গন্ধং বহতি গন্ধ-বহ-অণ্-উপপদস॰। ১ বায়ু। "প্রসরদসমবাণপ্রাণবদ্ গন্ধবাহঃ।" (গীতগোবিন্দ)

২ কস্তূরী মৃগ। (হেম।)

গন্ধবাহী (স্ত্রী) গন্ধবাহ-ঙীষ্। নাসিকা।

গন্ধবিহ্বল (পুং) গন্ধেন বিহ্বলয়তি বিহ্বল-ণিচ্ অচ্। গোধূম। (শব্দচন্দ্রিকা)

গন্ধবীজা (স্ত্রী) গন্ধো বীজে যস্যাঃ বহুব্রী, ততো টাপ্। মেথিকা, মেথী। (রাজনি॰)

গন্ধবৃক্ষক (পুং॰) গন্ধপ্রধানো বৃক্ষঃ সংজ্ঞায়াং কন্। সাল-বৃক্ষ। (রাজনি॰)

গন্ধবোধিকা (স্ত্রী) কস্তূরী, মৃগনাভি। (শব্দচন্দ্রিকা)

গন্ধবেষ্ট (পুং) গন্ধং বেষ্টয়তি স্বগন্ধেন পরগন্ধমাবৃণোতি গন্ধ-বেষ্ট-ণিচ্-অণ্। ধূনক, ধূনা।

গন্ধব্যাকুল (পুং ক্লী) গন্ধেন ব্যাকুলয়তি বি-আ-কুল-ণিচ্-অচ্। কক্কোল। (শব্দচন্দ্র॰)

গন্ধশঠী (স্ত্রী) গন্ধপ্রধানা শঠী শাকপার্থিববৎ মধ্যলো॰। শঠী। (শব্দচন্দ্রিকা)

গন্ধশাক (ক্লী) গন্ধপ্রধানং শাকপার্থিববৎ মধ্যলো॰। গৌর সুবর্ণশাক। এই শাক চিত্রকূট অঞ্চলে অধিক পাওয়া যায়।

গন্ধশালি (পুং) গন্ধপ্রধানঃ শালিঃ। ধান্যবিশেষ, সুগন্ধিশালি ধান্য, চলিত কথায় বাসমতী বলে। ইহার পর্য্যায়—কল্যাষ, গন্ধালু, উত্তমোত্তম, সুগন্ধি, গন্ধবহুল, সুরভি, গন্ধতণ্ডুল, সুগন্ধিশালি। ইহার গুণ—মধুর, বলকারী, পিত্ত ও শ্রম-নাশক, স্নায়ুবিদাহনিবারক, গর্ভের স্থিরতাসম্পাদক, অল্প বাতনিবারক এবং অল্প পরিমাণে কফ ও বলবৃদ্ধিকর। (রাজনি॰)

গন্ধশুণ্ডিনী (স্ত্রী) গন্ধযুক্তঃ শুণ্ডোঽস্ত্যস্যাঃ গন্ধশুণ্ড-ইনি-ঙীপ্। ছুছুন্দরী। (রাজনি॰)

গন্ধশেখর (পুং) গন্ধঃ শেখরে শিরোদেশেঽস্ত্যস্য বহুব্রী। কস্তূরী। (হারাবলী)

গন্ধসার (পুং) গন্ধঃ গন্ধযুক্তঃ সারঃ স্থিরাংশো যস্য বহুব্রী। ১ চন্দনবৃক্ষ। (অমর) ২ মুদ্গর বৃক্ষ। (রাজনি॰)

গন্ধসারণ (পুং) গন্ধং সারয়তি স্থ-ণিচ্ ল্যু। ১ বৃহন্নখী নামক গন্ধদ্রব্য। (রত্নমালা) ২ মুদ্গর বৃক্ষ। (রাজনি॰)

গন্ধসোম (ক্লী) গন্ধার্থং সোমশ্চন্দ্রো যস্য বহুব্রী। কুমুদ।

গন্ধহস্তিন্ (পুং) গন্ধযুক্তো মদগন্ধযুক্তো মত্তোহস্তী। মত্ত হস্তী, মাতয়াল হাতী। "গন্ধহস্তীব দুর্ধর্ষঃ।" (রামায়ণ ৫।৭৩।২৬)

২ বৌদ্ধস্তূপবিশেষ, বুদ্ধগয়া হইতে আধ ক্রোশ দক্ষিণ-পূর্ব্বে লীলাজন নদীর পূর্ব্বতটে বর্ত্তমান বাক্‌রর নামক স্থানে অবস্থিত।

গন্ধহারিকা (স্ত্রী) গন্ধং হরতীতি হৃ-ণ্বুল্ ক ততষ্টাপ্ অত ইত্বঞ্চ। শিল্পনিপুণা, যে কামিনী পরের গৃহে যাইয়া কর্ম্ম করে।

গন্ধা (স্ত্রী) গন্ধয়তি গন্ধং বিতরতি গন্ধ-ণিচ্-অচ্ টাপ্। ১ চম্পককলিকা। (শব্দরত্নাবলী) ২ শঠী। (রাজনি॰) ৩ শালপর্ণী। (অমরটী॰ ভরত) ৪ গন্ধযুক্তা স্ত্রী।

গন্ধাখু (পুং) গন্ধযুক্ত আখুঃ। ছুছুন্দরী। (হারাবলী)

গন্ধাজীব (পুং) গন্ধেন গন্ধদ্রব্যেণ আজীবতি আ-জীব-অচ্। গন্ধবণিক্। (জটাধর)

গন্ধাঢ্য (ক্লী) গন্ধেন আঢ্যং। ১ জবাদি নামক গন্ধদ্রব্য। ২ চন্দন। (ত্রি) ৩ গন্ধযুক্ত। (পুং) ৪ নারঙ্গক বৃক্ষ।

গন্ধাঢ্যা (স্ত্রী) গন্ধেন আঢ্যা ৩তৎ। ১ গন্ধপত্রা। ২ স্বর্ণ-যূথী, হলদে যুঁই ফুল। ৩ তরুণীপুষ্প, সেঁউতী। ৪ আরাম-শীতলা। (রাজনি॰) ৫ গন্ধালী, গন্ধভাদলী। ৬ মুরানামক গন্ধদ্রব্য। ৭ শতপত্রী, গোলাপ ফুল। ৭ গন্ধপত্র, পচাপাতা।

গন্ধাধিক (ক্লী) গন্ধোঽধিকো যস্য বহুব্রী। তৃণকুঙ্কুম। (রাজনি॰)

গন্ধাধিবাস (পুং) গন্ধেন গন্ধদ্রব্যেণ অধিবাসঃ ৩তৎ। আঘ্রা-

দয়িক প্রভৃতি কর্ম্মে চন্দন ও পুষ্প মাল্য প্রভৃতি গন্ধদ্রব্যে যে অধিবাস করা হয়, তাহার নাম গন্ধাধিবাস।

গন্ধাম্লা (স্ত্রী) গন্ধযুক্তোঽম্লো রসো যস্যাঃ বহুব্রী। বনবীজপূরক। (রাজনি°)

গন্ধার (পুং) [বহু] ১ দেশবিশেষ। [গান্ধার দেখ।]

"কম্বীরাঃ সিন্ধুসৌবীরা গন্ধারাদর্শকাস্তথা।" (ভারত ভীষ্ম ৯ অঃ)

২ গন্ধার দেশীয় রাজা।

গন্ধারি (পুং) [বহু] গন্ধং ঋচ্ছতি ঋ-ইন্ ৬তৎ। গন্ধারদেশ।

"সর্ব্বাহ মস্মি রোমশা গন্ধারীণামিবাবিকা।" (ঋক্ ১।১২৬।৭)

গন্ধারী (স্ত্রী) গন্ধং লেশরূপং গর্ত্তং ঋচ্ছতি গন্ধ-ঋ-অণ্ উপপদসং° ততো গৌরাদিত্বাৎ ঙীপ্। গর্ভধারিণী স্ত্রী, গর্ভবতী।

"যদ্বা গন্ধারীণাং গর্ভধারিণীনাং স্ত্রীণাং।" (মাধব ঋক্ ১।১২৬।৭)

গন্ধালা (স্ত্রী) গন্ধায় অলতি পর্য্যাপ্নোতি অল্-অচ্ ততঃ টাপ্ চ। বৃক্ষবিশেষ। (শব্দচন্দ্রিকা) চলিত কথায় জিয়তী বলে।

গন্ধালী (স্ত্রী) গন্ধস্য আলী শ্রেণী যস্যাং বহুব্রী। যদ্বা গন্ধং অলতি পর্য্যাপ্নোতি গন্ধঅল্-অণ্ ততো গৌরাদিত্বাৎ ঙীষ্। লতাবিশেষ, গন্ধভাদালী, গাঁদাল। ইহার পর্য্যায়—প্রসারণী, ভদ্রপর্ণী, কটম্ভরা, গন্ধাঢ্যা, সরণা, রাজবালা, ভদ্রবলা, সারণী। ইহার গুণ—উষ্ণবীর্য্য, বাতনাশক, তিক্ত, গুরু, বৃষ, বলবৃদ্ধিকর, বাত রক্ত ও কফনাশক। (ভাবপ্রকাশ) [প্রসারণী দেখ।]

গন্ধালীগর্ভ (পুং) গন্ধালী গন্ধশ্রেণী গর্ভে যস্য বহুব্রী। ছোটএলাচি। (রাজনি°)

গন্ধাশ্মন্ (পুং) গন্ধযুক্তোঽশ্মা শাকপার্থি°। গন্ধক।

গন্ধাষ্টক (ক্লী) গন্ধায়াং গন্ধদ্রব্যাণাং অষ্টকং ৬তৎ। আট প্রকার গন্ধদ্রব্য মিশ্রিত করিলে তাহাকে গন্ধাষ্টক বলে। তন্ত্রে দেবতাভেদে ভিন্ন প্রকার গন্ধাষ্টক নিরূপিত আছে।

শক্তির গন্ধাষ্টক—১ চন্দন, ২ অগুরু, ৩ কর্পূর, ৪ চোর নামক গন্ধদ্রব্য, ৫ কুঙ্কুম, ৬ গোরোচনা, ৭ জটামাংসী ও ৮ কপিযুতা।

বিষ্ণুর গন্ধাষ্টক—১ চন্দন, ২ অগুরু, ৩ বালা, ৪ কুড়, ৫ কুঙ্কুম, ৬ বীরণমূল, ৭ জটামাংসী ও ৮ মুরা।

শিবের গন্ধাষ্টক—১ চন্দন, ২ অগুরু, ৩ কর্পূর, ৪ তমাল, ৫ জল, ৬ কুঙ্কুম, ৭ রক্তচন্দন ও ৮ কুঁড়।

গণেশের গন্ধাষ্টক—১ স্বরূপ, ২ চন্দন, ৩ চোর, ৪ রোচনা, ৫ অগুরু, ৬ মৃগমদ, ৭ কস্তূরী ও ৮ কর্পূর। (শারদাতি°)

মেরুতন্ত্রের মতে—চন্দন, অগুরু, কর্পূর, গোরোচনা, কুঙ্কুম, মৃগমদ ও বালা এই আটটী গাণপত্য গন্ধাষ্টক। মাংসাদির যূষ প্রস্তুত করিয়া সুগন্ধির জন্য আটটী গন্ধদ্রব্য তাহাতে দিতে হয়, ইহাকেও গন্ধাষ্টক বলে। লক্ষ্মানাথের মতে জাতীফল, তেজপাতা, লবঙ্গ, এলাচি, দারুচিনি, নাগকেশর, মরিচ ও মৃগনাভি ইহাদিগকে গন্ধাষ্টক বলে।

গন্ধাহ্বা (স্ত্রী) গন্ধেন আহ্বয়তি আ-হ্বে-ক-টাপ্। রক্ততুলসী।

"মালতী কটুতুম্বী গন্ধাহ্বা মূলকং তথা।" (সুশ্রুত চি° ৯)

গন্ধি (ক্লী) গন্ধ-ইন্ (সর্ব্ব-ধাতুভ্যইন্। উণ্ ৪।১১৭) তৃণ-কুঙ্কুম। (রাজনি°)

গন্ধিক (পুং) গন্ধো হস্ত্যস্য গন্ধ-ঠন্। ১ গন্ধক। গন্ধো গন্ধদ্রব্যং পণ্যত্বেনাস্ত্যস্য গন্ধ-ঠন্। ২ গন্ধবণিক্।

গন্ধিন্ (ত্রি) প্রশস্তো গন্ধোঽস্ত্যস্য গন্ধ-ইনি। প্রশস্ত গন্ধযুক্ত।

"যন্নৈব গন্ধিনো রস্যং নো রূপি ন চ শব্দবৎ।
মন্যন্তে মুনয়ো বুদ্ধ্যা তৎ প্রধানং প্রচক্ষতে॥"

(ভারত আশ্ব° ৫২ অঃ)

গন্ধিনী (স্ত্রী) গন্ধিন্-ঙীপ্। মুরানামক গন্ধদ্রব্য।

গন্ধিপর্ণ (পুং) গন্ধি গন্ধযুক্তং পর্ণং যস্য বহুব্রী। সপ্তচ্ছদ বৃক্ষ, ছেতেন। গন্ধিপত্রাদি শব্দও এই অর্থে ব্যবহৃত হয়।

গন্ধেন্দ্রিয় (ক্লী) গন্ধগ্রাহকং ইন্দ্রিয়ং শাকপার্থিবাদিবৎ সমাসঃ। ঘ্রাণেন্দ্রিয়, যে ইন্দ্রিয় দ্বারা গন্ধের অনুভব হয়। ইন্দ্রিয় সম্বন্ধে দার্শনিকগণের মধ্যে একটু মত ভেদ লক্ষিত হয়। ন্যায়দর্শনের মতে পৃথিবীর অংশ হইতে গন্ধেন্দ্রিয় বা নাসিকা উৎপন্ন হয়, ইহা দ্বারা আমরা গন্ধ গ্রহণ করিয়া থাকি। সাঙ্খ্য ও পাতঞ্জলের মতে ঘ্রাণেন্দ্রিয় পৃথিবীর অংশ হইতে উৎপন্ন নহে, উহা সাত্ত্বিক অহঙ্কার হইতে আবির্ভূত হইয়াছে। আবার প্রলয় সময়ে তাহাতেই লীন হয়। ভাষ্যকার বিজ্ঞানভিক্ষু সাংখ্যপ্রবচনের দ্বিতীয় অধ্যায়ে ইন্দ্রিয়ের ভৌতিকত্ববাদ অতিসুন্দর রূপে নিরাকরণ করিয়া আহঙ্কারিত্ব সংস্থাপন করিয়াছেন।

গন্ধেভ (পুং) গন্ধযুক্তঃ মদগন্ধযুক্ত ইভঃ শাকপার্থিবাদিবৎ সমাসঃ। গন্ধগজ, মত্তহস্তী।

"সিন্ধুরানিব গন্ধেভো গন্ধেনৈব ব্যদারয়ৎ।" (রাজতর° ১।৩০০)

গন্ধো(ন্ধো)তু (পুং) গন্ধপ্রধান ওতুঃ বা বৃদ্ধিঃ। খট্টাশ, খটাশ। (ত্রিকাণ্ড°)

গন্ধোৎকটা (স্ত্রী) গন্ধেন উৎকটা উগ্রা তৎ। দমনক বৃক্ষ।

গন্ধোত্তমা (স্ত্রী) গন্ধেন উত্তমা উৎকৃষ্টা ৩তৎ। মদিরা।

গন্ধোদ (ক্লী) গন্ধবাসিতমুদকং শাকপার্থিববৎসমাসঃ উদকস্য উদাদেশশ্চ। গন্ধদ্রব্যবাসিতজল, গন্ধজল।

"আসিক্তমার্গং গন্ধোদৈঃ" (ভাগবত ৯।১১।১৮)

গন্ধোদক (ক্লী) গন্ধবাসিতমুদকং শাকপার্থিববৎসমাসঃ বিকল্পপক্ষে উদকস্য ন উদাদেশঃ। গন্ধদ্রব্যবাসিত জল, গন্ধজল।

গন্ধোপজীবিন্ (পুং) গন্ধং গন্ধদ্রব্যং উপজীবতি উপ-জীব-ণিনি। গন্ধবণিক্।

"দন্তকারাঃ সূপকারা যে চ গন্ধোপজীবিনঃ।"(রামা° ২।৭৩।১)

গন্ধোলি (স্ত্রী) গন্ধয়তি গন্ধ বাহুলকাৎ ওলচ্ ততো জাতৌ ঙীষ্ নিপাতনাৎ হ্রস্বঃ। ১ (শব্দরত্নাবলী) ২ ভদ্রমুস্তা। (মেদিনী)

গন্ধোলী (স্ত্রী) গন্ধয়তি অর্দ্দয়তি গন্ধ-অর্দ্দনে ওলচ্ জাতৌ-ঙীষ্। বরটা, বোল্‌তা। (অমর ২।৫।২৭)

গন্নাবেগম, নবাব আলী কুলিখাঁর কন্যা। আলীকুলি পঞ্চহাজারী মনসবদার ছিলেন। তাঁহার হস্তে ছয়টী করিয়া অঙ্গুলী থাকায় লোকে তাহাকে ছঙ্গা বা ষড়ঙ্গুলি বলিয়া ডাকিত। প্রথমে নবাব সফ্‌দরজঙ্গের পুত্র সুজাউদ্দৌলার সহিত গন্নাবেগমের বিবাহসম্বন্ধ স্থির হয়, কিন্তু পরে কোন কারণবশত পিতার অভিমতে ইনি উজীর ইমাদ্-উল্ মুলুক-গাজিউদ্দীন খাঁকে বিবাহ করেন। ইনি মুসলমান সমাজের মধ্যে সম্ভ্রান্তবংশীয়া বিদুষী রমণী। ইঁহার তীক্ষ্ণবুদ্ধি ও কবিত্ব-শক্তির বিস্তর পরিচয় পাওয়া যায়। হিন্দুস্থানী ভাষায় ইঁহার কৃত কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র কবিতা * অদ্যাপি পশ্চিমাঞ্চলে গীতও সকলের নিকট সমাদৃত হইয়া থাকে। ধৌলপুরের নিকট নূরাবাদ গ্রামে সম্রাট্ আলমগীর নির্ম্মিত উদ্যানে ইঁহাকে ১১৮৯ হিজিরাতে কবরিত করা হয়। ইহার কবিতাগুলি শোজসৌদা ও মিন্নৎ প্রভৃতি কবি-কর্ত্তৃক সংশোধিত হইয়াছিল।

গপ্প (দেশজ) গল্প, উপন্যাস।

গপ্পিয়া (দেশজ) যে সর্ব্বদা গল্প করিতে ভালবাসে।

গপ্পী (দেশজ) যে সর্ব্বদা গল্প করে।

গভ (ক্লী) ভগ পৃষোদরাদিবৎ বর্ণবিপর্য্যয়ে সাধুঃ। ভগ, যোনি।

"আহন্তি গভে পশো নিগলপিতিধারকঃ।" বাজসনেয়স° ৩।২২৩

'গভে বর্ণবিপর্য্যয় আর্ষঃ ভগযোনৌ।' (মহীধর)

গভস্তি (পুং) গম্যতে জ্ঞায়তে গম-ড গুঃ বিষয়ঃ তং বভস্তি ভস্-ক্তিচ্। ১ কিরণ। ২ সূর্য্য। ৩ শিব।

"গভস্তি ব্রহ্মকৃদ্ ব্রহ্মা ব্রহ্মবিদ্ ব্রাহ্মণোগতিঃ।"

(ভারত ১৩।১৭।১২৩)

ভস-করণে-ক্তিচ্। ৪ স্বাহা। (বহু) ৫ অঙ্গুলী। [দ্বিব°] (স্ত্রী) গচ্ছতি প্রাপ্নোতি গম-ভ গোঽগ্নিঃ তং বভস্ত্যনয়া। ৬ বাহুযুগল। (নিঘণ্টু) "পৃথু করস্রা বহুলা গভস্তী" (ঋক্ ৬।১৯।৩) 'গভস্তী বাহূ।' (সায়ণ।) ৭ হস্ত। "পাণী বৈ গভস্তী পাণিভ্যাং হেনং পাবয়তি" (শতপথ ব্রা° ৪।১।১।৯)

গভস্তিনেমি (পুং) গভস্তয় এব চক্রং তস্য নেমিরিব। পরমেশ্বর। 'গভস্তিনেমিঃ সত্ত্বস্থঃ।' (বিষ্ণুস°)

গভস্তিপাণি (পুং) গভস্তিঃ পাণিরিবাস্য রসাকর্ষণকর্ম্মণি। সূর্য্য। (হেম°)

গভস্তিমৎ (পুং) গভস্তয়ো ভূম্নাসন্ত্যস্য গভস্তি-মতুপ্। ১ সূর্য্য। "বিভাবসুঃ সারথিনেব বায়ুনা

ঘনব্যপায়েন গভস্তিমানিব।" (রঘু° ৩।৩৭)

(ক্লী) গভস্তয়ো নিত্যং সন্ত্যত্র গভস্তি নিত্যযোগে মতুপ্। ২ পাতালবিশেষ, সপ্তপাতালের অন্তর্গত একটী, ইহার অপর নাম তলাতল। (শব্দরত্নাবলী) [পাতাল দেখ] ৩ দ্বীপবিশেষ। (ত্রি) ৪ কিরণযুক্ত।

গভস্তিহস্ত (পুং) গভস্তয়ো হস্তাইব রসাকর্ষণায় যস্য বহুব্রী। সূর্য্য। "গভস্তিহস্তো ব্রহ্মা চ সর্ব্বদেবনমস্কৃতঃ।" (শাম্বপু°)

গভস্তীশ (পুং) কাশীস্থ শিবলিঙ্গবিশেষ। [কাশী দেখ।]

"গভস্তীশো মহালিঙ্গমেতদ্দিব্যমহঃপ্রদম্।" (কাশীখণ্ড)

গভি (ত্রি) গচ্ছতি নীরমত্র গম-আধারে ইন্, ভশ্চান্তাদেশঃ। গভীর।

গভিষজ্ (ত্রি) [বৈ] গভৌ সঞ্জতে সন্‌জ-ক্বিপ্। গভীরস্থায়ী, যাহা গভীর স্থানে অবস্থিত।

"তেষাং হি ধাম গভিষক্‌সমুদ্রিয়ম্।" (অথর্ব্ববেদ ৭।৭।১)

গভীকা (স্ত্রী) গভীরে কায়তি কৈ-ক পৃষোদরাদিবৎ লোপে সাধু। ১ বৃক্ষবিশেষ, গাম্ভার। গভীকায়াঃ ফলং গভীকা অণ্ তস্য লোপঃ। (হরীতক্যাদিভ্যশ্চ। পা ৪।৩।১৬৭) ২ গভীকার ফল।

গভীর (ত্রি) গচ্ছতি জলমত্র গম-ঈরন্ ভশ্চান্তাদেশঃ। (গভীরগম্ভীরৌ। উণ্ ৪।৩৫।) ১ নিম্নস্থান। ২ অতলস্পর্শ। ৩ মন্দ্রধ্বনি। ৪ গহন। ৫ দুষ্প্রবেশ। ৬ দুর্ব্বোধ। ৭ প্রচণ্ড।

"কালেন সর্ব্বত্র গভীররংহসা।" (ভাগবত ১।৫।১৮)

গভীরক (ত্রি) গভীরএব স্বার্থে কন্। [গভীর দেখ।]

গভীরচেতস্ (ত্রি) গভীরং দুষ্প্রবেশং চেতঃ চিত্তবৃত্তির্যস্য বহুব্রী। যাহার মানসিক ভাব অতিশয় গভীর।

গভীরবেপস্ (ত্রি) [বৈ] বেপৃ-অসুন্ বেপঃ গভীরং দুর্বোধং সাধারণৈরলক্ষ্যং বেপঃ কম্পনং যস্য বহুব্রী। যাহার কম্পন সাধারণে জানিতে পারে না।

"বি সুপর্ণো অন্তরিক্ষাণ্যখ্যদ্ গভীরবেপাঃ অসুরঃ সুনীথঃ।" (ঋক্ ১।৩৫।৭) 'গভীরবেপা গম্ভীরকম্পনঃ।' (সায়ণ।)

গভীরা (স্ত্রী) ১ বাক্য। (নিঘণ্টু) [দ্বিব°] ২ দ্যাবা পৃথিবী, রোদসী। (নিঘণ্টু)

* এসিয়াটিক্ রিসার্চেস্ নামক গ্রন্থের প্রথম খণ্ডে ৫৫ পৃষ্ঠায় ইহার কবিতা মুদ্রিত আছে।

গভীরাত্মন্ (পুং) গভীরঃ দুর্লক্ষ্য আত্মা স্বরূপং যস্য বহুব্রী। পরমেশ্বর। "চতুরস্রো গভীরাত্মা" (বিষ্ণুসহস্রনাম)

'আত্মা স্বরূপং চিত্তং বা গভীরং পরিচ্ছেত্তুমশক্যমস্য গভীরাত্মা।' (ভাষ্য)

গভীরিকা (স্ত্রী) গভীরা সংজ্ঞার্থে কন্-টাপ্ ইত্বঞ্চ। ১ বৃহৎ ঢক্কা, বড় ঢাক। (শব্দরত্নাবলী) ২ মন্দ্রধ্বনিযুক্তা স্ত্রী।

গভোলিক (পুং) মস্থর। (হারাবলী)

গম (পুং) গম-অপ্। ১ জিগীষু ব্যক্তির যাত্রা, পরাজয় করিবার ইচ্ছায় গমন। ২ পথ। (অমর) ৩ দ্যূতক্রীড়াবিশেষ, অক্ষবিবর্ত্ত। ৪ গমন। ৫ অপর্য্যালোচিত পথ, যাহার কখনও পর্য্যালোচনা করা হয় নাই। (মেদিনী) ৬ গম্যতে গম কর্ম্মণি অচ্। ৭ গম্যমান। (পুং) ৮ উপভোগ, মৈথুন।

"ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ।" (মনু ১১।৫৪)

গমক (ত্রি) গময়তি গম-ণিচ্-ণ্বুল্। ১ গময়িতা, যে গমন করে। ২ বোধক।

"যৎ প্রৌঢ়ত্বমুদারতা চ বচসাং যচ্চার্থতো গৌরবং
তচ্চেদস্তি ততস্তদেব গমকং পাণ্ডিত্যবৈদগ্ধয়োঃ।" (মালতীমাধব)

৩ স্বরভেদ, একটী স্বরের শ্রুতিপ্রচয় প্রকাশের নাম গমক। ইহা সাত প্রকার, যথা—কম্পিত, স্ফুরিত, নীল, ভিন্ন, স্থবির, আহত ও আন্দোলিত। গায়ক পৌষ ও মাঘ মাসে বা এক প্রহর রাত থাকিতে জলে নামিয়া এই সকল গমক সাধনা করিবেন। (সঙ্গীতদামোদর)

মতান্তরে গমক ২৩ প্রকার, যথা—অপূর্ব্বাহত, অস্থিত, অয়োঘর্ষণ, অস্ত্রাহত, আন্দোলিত, আহত, আঘর্ষিত, উত্রাহত, কম্পিত, করোরি, কর্ষোমস্থান, ঘর্ষিত, জয়ত, ঢালা, তুরিত, নিষ্পত, পুরোহত, প্রস্থাহত, বায়মি, মুদ্রিত, শান্ত, সুবালা ও সোমস্থান। (সঙ্গীতশাং)

গমকারিত্ব (ক্লী) গম্যতে গম ভাবে অপ্ গমং করোতি কৃ-ণিচ্ তস্য ভাবঃ গমকারিন্-ত্ব। রসভ। (ত্রিকাণ্ড°)

গমথ (পুং) গম অধিকরণে অথ। (শীঙ্‌শপিগমিবঞ্চিজীবিপ্রাণিভ্যোঽথঃ। উণ্ ৩।১১৩।) ১ পথ। গম কর্ত্তরি অথ। ২ পথিক। (উজ্জ্বলদত্ত)

গমন (ক্লী) গম ভাবে ল্যুট্। ১ ক্রিয়াবিশেষ।

"প্রসারণঞ্চ গমনং কর্ম্মাণ্যেতানি পঞ্চ চ।" (ভাষাপরিচ্ছেদ) [ক্রিয়া দেখ।] ২ জিগীষু ব্যক্তির যাত্রা, পারস্য ভাষায় কুচ বলে। ইহার পর্য্যায় যাত্রা, ব্রজ্যা, অভিনির্যাণ, প্রস্থান, গম, প্রয়াণ, প্রস্থিতি, যান ও প্রাণন। ৩ যাত্রা।

"নচ মে রোচতে বীর গমনং দণ্ডকং প্রতি।"(রামায়ণ ৩।১৩।১২)

৪ উপভোগ।

"অগম্যাগমনাচ্চৈব অভক্ষস্য চ ভক্ষণাৎ।
মুচ্যতে সর্ব্বপাপেভ্যঃ পঞ্চবক্ত্রস্য ধারণাৎ।" (তিথিতত্ত্ব)

গম-করণে ল্যুট্। ৫ যাহা দ্বারা গমন করা যায়, রথ শকট প্রভৃতি।

গমনাগমন (ক্লী) গমনঞ্চাগমনঞ্চ ইতরেতরদ্বন্দ্ব। গতায়ত, যাওয়া আসা।

গমনার্হ (ত্রি) গমনস্য অর্হোযোগ্যঃ ৬তৎ। যাইবার উপযুক্ত।

গমনীয় (ত্রি) গম-অনীয়র্। গম্য, যাইবার উপযুক্ত।

গময়িতৃ (পুং) গম-ণিচ্-তৃচ্। [গমক দেখ।]

গময়িতব্য (ত্রি) গম-ণিচ্-তব্য। গমন করাইবার উপযুক্ত।

গমাগম (পুং) [দ্বি] গমশ্চ আগমশ্চ ইতরেতরদ্বন্দ্বঃ। ১ চরাচর, সংসার। ২ গমনাগমন।

গমিত (ত্রি) গম-ণিচ্-ক্ত। ১ প্রাপিত। ২ জ্ঞাপিত। ৩ অতিবাহিত।

গমিন্ (ত্রি) গমিষ্যতি গম-ইনি (গমেরিনিঃ। উণ্ ৪।৬।) (ভবিষ্যতি গম্যাদয়ঃ। পা ৩। ৩। ৩।) গমনকর্ত্তা, যে গমন করিবে। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়।

গমিষ্ঠ (ত্রি) অতিশয়েন গন্তা গন্তৃ ইষ্ঠন্। গন্তৃতম, যিনি অতিশয় গমন করিতে পারেন।

"কিমঙ্গ বাং প্রত্যবর্ত্তিং গমিষ্ঠাহু র্বিপ্রাসো অশ্বিনা পুরাজাঃ।" (ঋক্ ১।১১৮।৩) 'গমিষ্ঠা গন্তৃতমৌ' (সায়ণ।)

গম্বাত, সিন্ধুপ্রদেশের খয়েরপুর ক্ষুদ্ররাজ্যের একটী নগর। এই স্থানের তাঁতিরা তুলা হইতে একপ্রকার দেশী কাপড়ের থান প্রস্তুত করিয়া থাকে।

গম্বীল, পঞ্জাবের বন্নু জেলার মধ্য দিয়া প্রবাহিত একটী নদী। আফগানস্থানের মঙ্গলজাতির পার্ব্বত্য আবাসের নিকট হইতে উৎপন্ন হইয়া দাবাড় অধিত্যকার মধ্য দিয়া পূর্ব্বাভিমুখে আসিয়া অক্ষাং ৩২° ৩৭´ ৩০´´ উঃ ও দ্রাঘিং ৭১° ৬´ ১৫´´ পূর্ব্বে লক্ষ্মীনগরের দক্ষিণে কুরমনদীতে আসিয়া মিলিত হইয়াছে। উৎপত্তিস্থান হইতে মরবৎ তহসীল পর্য্যন্ত ইহার নাম টোকীনদী। এই তহসীলের নিকট কতকগুলি প্রস্রবণ আছে। এই নদীর উভয়তীরবর্ত্তী ভূমি বালুকাময়, তজ্জন্য তথায় চাষবাস করিবার বিশেষ সুবিধা নাই। ইহার জল সুস্বাদু ও স্বাস্থ্যকর। নদীটী সচরাচর হাঁটিয়া পার হওয়া যায়। বর্ষাকালে বৃষ্টির সময় ইহার গভীরতা ৪½ ফিটের অধিক হয় না, ইহা হইতে কতকগুলি কাটা খাল হওয়ায় স্থানীয় কৃষিকার্য্যের অনেক উন্নতি হইয়াছে।

গম্ভন্ (ত্রি) গম-বাহুলকাৎ অন্ ভুগাগমশ্চ। গম্ভীর।

"অপাং গম্ভন্ সীদমাত্বা সূর্য্যোঽভিতাপসীন্মাগ্নি বৈশ্বানরঃ।" (বাজসনেয়° ১৩৩০) 'গম্ভন্ গম্ভনি গম্ভীরে স্থানে' মহীধর।

গম্ভর (ক্লী) গম-বিচ্ গমং নিম্নগতিং বিভর্ত্তি-ভৃ অচ্ ৬তৎ। জল। (নিঘণ্টু) "বৃহন্তেব গম্ভরেষু প্রতিষ্ঠাং" (ঋক্ ১০।১০৬।৯) 'গম্ভরেষু গহনেষু জলেষু' (সায়ণ।)

গম্ভার, পঞ্জাব প্রদেশের একটী পার্ব্বতীয় জলস্রোত। অক্ষা° ৩০° ৫২´ উঃ এবং দ্রাঘি° ৭৭° ৮´ পূঃ, হিমালয়শ্রেণী হইতে উদ্ভূত হইয়া উত্তরপশ্চিমদিকে গিয়া সুবাথুর সৈনিক-নিবাস অতিক্রম করিয়া শতদ্রু নদীতে মিশিয়াছে। ইহার গভীরতা অল্প বলিয়া নৌকা যাতায়াতের সুবিধা নাই, কিন্তু বর্ষাকালে অতিরিক্ত বন্যা হইয়া থাকে। সুবাথু হইতে সিমলা শৈলে যাইবার পথে এই নদীর উপর একটী সেতু নির্ম্মিত আছে।

গম্ভারিক (স্ত্রী) গম-বিচ্ গমং নিম্নগতিং বিভর্ত্তি ভৃ-ধৃল্ টাপ্ অতইত্বং। গম্ভারীবৃক্ষ। (রাজনি°)

গম্ভারী (স্ত্রী) গমঃ গতিভেদং বিভর্ত্তি-অণ্ উপপদস° গৌরাদিত্বাৎ ঙীষ্। বৃক্ষবিশেষ, চলিত কথায় গামীর, গম্ভার বা যুগনিচক্র বলে। (Gmelina arborea) ইহার পর্য্যায়—সর্ব্বতোভদ্রা, কাশ্মরী, মধুপর্ণিকা, শ্রীপর্ণী, ভদ্রপর্ণী, কাশ্মর্য্য, কাশ্মর্য্রী, ভদ্রা, গোপভদ্রিকা, কুমুদা, সদাভদ্রা, কট্ফলা, কৃষ্ণবৃন্তিকা, কৃষ্ণবৃন্তা, হীরা, সর্ব্বতোভদ্রিকা, স্নিগ্ধপর্ণী, সুভদ্রা, কন্তারী, গোপভদ্রা, বিদারিণী, ক্ষীরিণী, মহাভদ্রা, মধুপর্ণী, স্বরুভদ্রা, কৃষ্ণা, অশ্বেতা, রোহিণী, গৃষ্টি, স্থূলত্বচা, মধুমতী, সুফলা, মহাকুমুদা, সুদৃঢ়ত্বচা। ইহার গুণ—কটু, তিক্ত, গুরু, উষ্ণ, ভ্রম, শোথ, ত্রিদোষ, বিষদাহ, জ্বর, তৃষ্ণা ও রক্তদোষনাশক। (রাজনি°) ইহার ফলের গুণ তিক্ত, গুরু, গ্রাহী, মধুর, কেশহিতকর, রসায়ন, মেধ্য, শীতল, দাহ ও পিত্তনাশক। ইহার মূলের গুণ অতিশয় উষ্ণ, মানসিক ব্যাধির অহিতকর। (রাজবল্লভ) ভাবপ্রকাশ মতে ইহার গুণ কষায়, তিক্ত, উষ্ণবীর্য্য, মধুর, গুরু, দীপন, পাচন, ভ্রম ও শোষ, তৃষ্ণা, আমশূল, অর্শ, বিষদাহ ও জ্বরনাশক। ইহার ফলের গুণ—বৃংহণ, বৃষ্য, গুরু, কেশহিতকর, রসায়ন, বাত, পিত্ত, তৃষ্ণা, ক্ষয়, মূত্র ও আনাহরোগনাশক, পাকে স্বাদু, শীতল, স্নিগ্ধ, কষায় ও অম্লরস। (ভাবপ্রকাশ)

গম্ভিষ্ঠ (ত্রি) গম্ভন্ ইষ্ঠন্। গম্ভীরতম।

"গম্ভিষ্ঠং যত্রৈষ এতৎ পততি।" (শতব্রা° ৭।৫।১।৮)

গম্ভীর (ত্রি) গচ্ছতি জলমত্র গম ঈরন্ নিপাতনাৎ ভুগাগমঃ। (গভীরগম্ভীরৌ। উণ্ ৪।৩৫) ১ নিম্নস্থান, গভীর।

"ধৃতগম্ভীরধ্বনীথনীলিম।" (নৈষধ)। ২ মন্দ্র শব্দ। মেঘের ডাক।

"স্নিগ্ধগম্ভীরনির্ঘোষমেকস্যন্দনমাস্থিতৌ।" (রঘু ১ স।)

(পুং) ৩ জম্বীর। ৪ পদ্ম। ৫ ঋক্মন্ত্রবিশেষ।

"স্বরে সত্ত্বে চ নাভৌ চ ত্রিষু গম্ভীরতা শুভা।" (স্মৃতি)

গম্ভীরনাথ, একটী গুহামন্দির। বোম্বাই প্রেসিডেন্সির পুণা জেলার অন্তর্গত খণ্ডালবিভাগে বেরান্ বা নাথপথার পাহাড়ে ইহা অবস্থিত। খণ্ডালনগর হইতে চলিয়া যাইতে প্রায় ছয় ঘণ্টা লাগে। যানাদি লইয়া সে পথে যাইবার সুবিধা নাই। গুহামন্দিরের সম্মুখভাগে ঢালু ভাবে একটী আটচালা আছে। কদলীপত্রে উহা আচ্ছাদিত। আটচালা পার হইয়া গম্ভীরনাথের গুহামন্দির। পাহাড় কাটিয়া এই মন্দির প্রস্তুত হইয়াছে।

গম্ভীররায়, একজন প্রসিদ্ধ হিন্দী কবি। ইনি নুরপুরের ইতিহাস হিন্দিকবিতায় রচনা করেন। ১৬২৮ হইতে ১৬৫৮ খৃষ্টাব্দে মধ্যপ্রদেশের অন্তর্গত সুমেরুর রাজা জগৎসিংহের সহিত দিল্লির বাদশাহ শাহজহানের যুদ্ধ হয়। কবিতায় সেই সকল যুদ্ধ বৃত্তান্ত জলন্ত ভাষায় বর্ণিত আছে।

গম্ভীরবেদিন্ (পুং) গম্ভীরং গহনং বহুকালাৎ পরং বেত্তি গম্ভীর-বিদ্-ণিনি। ১ একপ্রকার হাতী।

"চিরকালেন যো বেত্তি শিক্ষাং পরিচিতামপি।
গম্ভীরবেদী বিজ্ঞেয়ঃ স গজো গজবেদিভিঃ॥"

(রাজপুত্রীয় হস্তিশিক্ষা)

যে হাতী পরিচয়, শিক্ষা বা উপদেশ বহুকাল পরে বুঝিতে পারে, তাহাকে গম্ভীরবেদী বলে। ইহার পর্য্যায়—অঙ্কুশদুর্দ্ধর, চালক, ব্যালক, অবমতাঙ্কুশ।

"স প্রতাপং মহেন্দ্রস্য মূর্দ্ধ্নি তীক্ষ্ণং ন্যবেশয়ৎ।
অঙ্কুশং দ্বিরদস্যেব যন্তা গম্ভীরবেদিনঃ॥" (রঘু ৪।৩৯)

২ মোটা বুদ্ধি।

গম্ভীরবেদিতৃ (পুং) গম্ভীর-বিদ্-তৃচ্। অজ্ঞহস্তী।

"ত্বগ্ ভেদাৎ শোণিতস্রাবাৎ মাংসস্য ক্রথনাদপি।
আত্মানং যো ন জানাতি স স্যাদ্ গম্ভীরবেদিতা।"

(রঘুটী° মল্লিনাথ)

যে হাতীর চর্ম্ম ভেদ করিয়া রক্ত বাহির করিলে অথবা মাংস ছিঁড়িয়া ফেলিলেও সে জানিতে পারে না, তাহাকে গম্ভীরবেদিতা বলে।

গম্য (ত্রি) গম্-যৎ। ১ গমনীয়। ২ প্রাপ্য।

"জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞানগম্যং হৃদি সর্ব্বস্য বিষ্ঠিতম্।" (গীতা ১৩।১৭)

গম অর্হার্থে যৎ। ৩ গমনযোগ্য।

"গম্যাস্বপি চ তীর্থানি কীর্ত্তিতান্যগমানি চ।" (ভারত ৮৩।৩৫)

গম্যমান (ত্রি) গম-কর্ম্মণি শানচ্। ১ জ্ঞায়মান। ২ বর্ত্তমান গমনের কর্ম্ম, যে গ্রামে যাওয়া হইতেছে।

গম্যা (স্ত্রী) গম-যৎ-টাপ্। সম্ভোগার্হা স্ত্রী, যাহার সম্ভোগ শাস্ত্রবিরুদ্ধ নহে। "অভিকামাং স্ত্রিয়ং যশ্চ গম্যাং রহসি যাচিতঃ।" (ভারত ১।৮৩।৩৫)

গম্যাদি (ক্লী) নিপাতনে সিদ্ধ ইনি প্রত্যয়ান্ত কএকটী শব্দ। গমী, আগমী, ভাবী, প্রস্থায়ী, প্রতিরোধী, প্রতিযোধী, প্রতিবোধী, প্রতিযায়ী ও প্রতিষেধী ইহাদিগকে গম্যাদি বলে। ইহাদের যোগে দ্বিতীয়া তৎপুরুষ সমাস হয়।

গয় (পুং) ১ রামায়ণ প্রসিদ্ধ একটী বানর।

(ভারত ৩।২৮২ অঃ)

২ হবির্ধান রাজার পুত্র। (ভাগবত ৫।১৫।৭।) ৩ প্রিয়-ব্রতবংশীয় একজন রাজা। ইনি অতিশয় উদারচিত্ত ও ধর্ম্ম-নিষ্ঠ ছিলেন। (ভাগবত ৫।১৫।৬।১৪)

৪ একজন রাজর্ষি, ইঁহার পিতার নাম অমূর্ত্তরয়। ইনি শত বর্ষ পর্য্যন্ত কেবল আহুতির অবশেষ ভক্ষণ করিয়া অগ্নির উপাসনা করেন। অগ্নি সন্তুষ্ট হইয়া বর দিতে উপস্থিত হইলে গয়রাজ কৃতাঞ্জলি হইয়া বলিলেন, হুতাশন যদি এ অধমের প্রতি সন্তুষ্ট হইয়া থাকেন, তবে আমাকে বেদে অধিকার প্রদান করুন, আমার বেদ অধ্যয়ন করিতে বড়ই অভিলাষ হইয়াছে এবং আমি যেন ধর্ম্মানুসারে বিপুল ধনের অধীশ্বর, শত্রুকুলের নিহন্তা, ধনরত্ন ব্রাহ্মণদিগকে দান করিতে যত্নবান্ এবং সুখী হইতে পারি। অগ্নি তাহাই হইবে বলিয়া প্রস্থান করিলেন। গয়রাজ অগ্নির বরে সমস্ত বিপক্ষদল সমূলে নির্ম্মূল করিয়া সমগ্র পৃথিবীর উপরে আপনার আধি-পত্য বিস্তার করেন। গয়রাজের দিন দিন ধর্ম্মনিষ্ঠা বাড়িতে লাগিল। তিনি একটী বৃহদ্‌যজ্ঞের অনুষ্ঠান করেন, সেই যজ্ঞ আর কোন রাজাই করিতে পারেন নাই। ইঁহার যজ্ঞের সুবর্ণময় বেদিটী দৈর্ঘ্যে ৩০ যোজন ও প্রস্থে ২৬ যোজন নির্ম্মিত হইয়াছিল। ইঁহার যজ্ঞফলে একটী বটবৃক্ষ চিরজীবী হয়, তাহা অক্ষয়বট নামে প্রসিদ্ধ। যজ্ঞের অবসানে ব্রহ্ম নামক একটী সরোবর নির্ম্মিত হয়। (ভারত দ্রোণ° ৬৬ অঃ।)

৫ ধন। ৬ অপত্য। ৭ গৃহ। (নিঘণ্টু)

"ইন্দ্রো বসুভিঃ পরিপাতু নো গয়ম্।" (ঋক্ ১০।৬৬।৩) 'গয়ং গৃহনামৈতৎ' (সায়ণ।)

৮ অন্তরীক্ষ। "গয়মস্মাকং শর্ম্ম" (ঋক্ ৫।৪৪।৭) 'গয়ং গৃহমন্তরীক্ষং বা' (সায়ণ।)

৯ গৃহগত প্রাণী। "যানো গয়মাবিবেশ" (ঋক্ ৬।৭৪।২) 'গয়ং গৃহগতপ্রাণিজাতম্।' (সায়ণ।)

১০ স্বস্থান। "হিত্বী গয়মারেঅবদ্য আগাৎ" (ঋক্ ১০। ৯৯।৫) 'গয়ং স্বস্থানং' (সায়ণ।)

[বহু] ১১ প্রাণ। "সা হৈষা গয়াংস্তত্রে প্রাণা বৈ গয়াস্তৎ প্রাণাংস্তত্রেতদ্ যদ্ গয়াংস্তত্র তস্মাদ্ গায়ত্রী নাম।" (শতব্রা° ১৪।৮।১৫।৭)

[বহু] গয়া অস্ত্যত্র গয়া অচ্। ১২ গয়াপ্রদেশ।

"গয়স্য যজমানস্য গয়েষ্বেব মহাক্রতুম্।
আহূতা সরিতাং শ্রেষ্ঠে পয়যজ্ঞে সরস্বতী।" (ভারত শল্য ৩৯)

১৩ অসুরবিশেষ, গয়াসুর। [গয়া দেখ।]

গয়দাস, একজন বৈদ্যক গ্রন্থকার।

গয়রসপুর, মধ্যভারতে ভিল্‌সার নিকট একটী স্থান। এখানে অতি প্রাচীন মন্দিরের ভগ্নাবশেষ দেখিতে পাওয়া যায়। খৃষ্টীয় একাদশ শতাব্দীতে জৈনদিগের দ্বারা নির্ম্মিত বলিয়া অনেকের অনুমান।

গয়শাত (পুং) একজন প্রধান বৌদ্ধাচার্য্য।

গয়শিরস্ (ক্লী) গয়স্য শিরঃ। ৬তৎ। ১ গয়ার নিকটস্থ পর্ব্বত-বিশেষ। ২ গয়াসুরের মস্তক। (ভারত, বন) [গয়া দেখ।]

গয়সাধন (ত্রি) গয়স্য সাধনম্। ৬তৎ। গৃহের সাধন, গৃহের ধনাদি বৃদ্ধিকারক।

"সমী বৎসং ন মাতৃভিঃ সৃজতা গয়সাধনম্।" (ঋক্ ৯।১০৪।২)
'গয়সাধনং গৃহস্য সাধনম্।' (সায়ণ।)

গয়স্ফান (ত্রি) স্ফায়ী বৃদ্ধৌ অন্তর্ভূতণ্যর্থাৎ ল্যুট্, যলোপ, গয়স্য ধনস্য স্ফানো বর্দ্ধকঃ। ধনবর্দ্ধনকারক।

"গয়স্ফানো অমীবহা" (ঋক্ ১।৯১।১২) 'গয় ইতি ধননাম। গয়স্য বর্দ্ধয়িতা।' (সায়ণ।)

গয়া, বাঙ্গালার ছোটলাটের অধীন একটী বিস্তৃত জেলা, ইহার উত্তরসীমা পাটনা জেলা, পূর্ব্বে মুঙ্গের, দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব্বে লোহারডাগা ও হাজারিবাঘ, পশ্চিমে শোণনদী সাহাবাদ হইতে এই জেলাকে পৃথক্ করিয়াছে। অক্ষা° ২৪° ১৭´ হইতে ২৫° ১৯´ উঃ এবং দ্রাঘি° ৮৪° ৪´ হইতে ৮৬° ৫´ পূঃ। ভূপরিমাণ ৪৭১২ বর্গমাইল। লোকসংখ্যা ২১ লক্ষের অধিক।

ইহার প্রধান নগর গয়া, কিন্তু রাজকীয় আদালতাদি তাহার পার্শ্ববর্ত্তী সাহেবগঞ্জ নামক স্থানে আছে।

গয়া জেলার দক্ষিণাংশে গিরিমালা, উহা বিন্ধ্যগিরির অংশ বলিয়া অনেকে স্থির করিয়াছেন। দক্ষিণ ভাগ হইতে জমি ক্রমশঃ নিম্ন হইয়া গঙ্গাতট পর্য্যন্ত বিস্তৃত হইয়াছে। জেলার নানাস্থানেই ছোট ছোট পাহাড় আছে, তন্মধ্যে মাহের পাহাড় সর্ব্বাপেক্ষা বড়, সমুদ্র হইতে প্রায় ১৬২০ ফিট্ উচ্চ হইবে। এই পাহাড় গয়াপুরী হইতে ৬ ক্রোশ দক্ষিণ-পূর্ব্বে অবস্থিত। এ ছাড়া বরাবার ও রাজগৃহ নামে একটী বিখ্যাত পাহাড় আছে। [বরাবার ও রাজগৃহ দেখ।]

এই জেলায় শোণ ও ফল্গুনদীই প্রধান, এ ছাড়া কুশী, দোঙ্গা ধারহার, তিলিয়া, ধনর্জি, শোব ও শকরি নদী আছে। এই জেলার মধ্য দিয়া দুইটী বৃহৎ কাটাখাল গিয়াছে, একটী শোণ হইতে পুন্‌পুন্ নদী পর্য্যন্ত ৪ ক্রোশ বিস্তৃত, অপরটী শোণখালের ২ ক্রোশ দূরে উত্তরভাগে প্রবাহিত হইয়া প্রায় ৪০ ক্রোশ গিয়া বাঁকিপুর ও দানাপুরের মধ্যে গঙ্গায় মিলিত হইয়াছে। উক্ত নদী ও খালের জলে একপ্রকার কৃষিকার্য্য চলে। জেলার পূর্ব্বাংশেই চাষবাস অধিক, উত্তর ও পশ্চিমাংশ তেমন উর্ব্বরা নহে। এখানকার পাহাড়ে ও জঙ্গলে গুটি, মৌচাক, নানাপ্রকার গঁদ ও উৎকৃষ্ট মউয়া সংগৃহীত হয়। পাহাড়ের বন জঙ্গলে নানাপ্রকার বাঘ, ভালুক, হায়না, হরিণ, শূকর প্রভৃতি বন্যজন্তু এবং বন্যকুক্কুট, পাতিহাঁস প্রভৃতি নানা প্রকার পক্ষী দেখা যায়।

গয়া জেলা অতি পূর্ব্বকাল হইতে হিন্দু ও বৌদ্ধগণের পুণ্যভূমি ও মুক্তিক্ষেত্র বলিয়া প্রসিদ্ধ। এখানকার মুরহর-নদীতীরস্থ টিকারি নগরে টিকারিরাজের দুর্গ আছে। জাহানাবাদ ও দাউদনগরে এক সময়ে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর কাপড়ের কুঠী ছিল। শোণনদীতীরবর্ত্তী অরবাল নামক স্থান এক সময়ে কাগজ ও চিনির ব্যবসার জন্য প্রসিদ্ধ ছিল, এখন গয়া জেলার মধ্যে এইস্থানেই কেবল নীলের কারবার চলে। দেও নামক স্থানে এখানকার প্রাচীন রাজগণের রাজভবন আছে। নবাদা, বজীরগঞ্জ, বেলা, হস্‌য়া ও বারিসালীগঞ্জে নানাপ্রকার ব্যবসা হয়।

এখানে ধান্য বেশ জন্মে। যব, গম, কোদো, ছোলা, মটর, খেসারি, কলাই, শণ, পাট, তুলা, সর্ষপ, অহিফেন, নীল, ইক্ষু, পাণ, আলু প্রভৃতিও যথেষ্ট উৎপন্ন হয়।

এখানে বন্যা হয় না, তবে মধ্যে মধ্যে অতিবৃষ্টিতে শস্যের হানি করে। পূর্ব্বে স্থানে স্থানে বসন্ত ও গ্রীষ্মকালে জলাভাব ঘটিত। এখন খাল কাটিয়া দেওয়াতে সে অভাব দূর হইয়াছে। ১৮৬৬ খৃষ্টাব্দে এখানে দারুণ দুর্ভিক্ষ হইয়াছিল, তাহার উপর ঐ বর্ষে ওলাউঠায় বিস্তর লোকের প্রাণ নষ্ট হয়। এক সময়ে গয়া জেলায় দেশীয় বস্ত্র ও কাগজের ব্যবসা প্রবল ছিল, কিন্তু এখন প্রায় তাহা লোপ হইয়া আসিয়াছে। এখানকার প্রধান রপ্তানী—সকল প্রকার শস্য, সর্ষপ, নীল, আফিম, সোরা, চিনি, কম্বল ও পিত্তলের বাসন। আমদানীর মধ্যে লবণ, থানবস্ত্র, তুলা, তক্তা, তামাক, লাক্ষা, লৌহ, গরম মসলা ও নানাবিধ ফল।

সিপাহী বিদ্রোহের সময় এখানকার সকল প্রকার রাজকীয় কাগজপত্র নষ্ট হওয়ায় ইতিহাস ও পূর্ব্বেকার শাসন-বিবরণী জানিবার কোন উপায় নাই। বিদ্রোহের সময় এই এই জেলা হইতে ২১৩১২৫০৲ টাকা রাজস্ব আদায় হইত, এখন ছাব্বিশ লক্ষ টাকা রাজস্ব আদায় হইতেছে।

এখন সমস্ত গয়া জেলার মধ্যে ১২টী ফৌজদারী ও ৫টী দেওয়ানী আদালত আছে। এখানে ১৪টী থানা ও ২৪টি ফাঁড়ি আছে। গ্রাম্য চৌকিদার ছাড়া এখানে দিগ্‌বার নামে একপ্রকার প্রহরী আছে।

পূর্ব্বে গয়াতীর্থযাত্রীর প্রতি পথে ঘাটে দস্যুদিগের অত্যাচার ছিল, সেই দস্যু দমন করিবার জন্য গ্রামের জমিদারেরা দিগ্‌বার নিযুক্ত করেন। দিগ্‌বারীপ্রথা হইবার পর হইতে পথে ঘাটে যাত্রীদের প্রতি পূর্ব্ববৎ আর অত্যাচার হয় না।

গয়াজেলার জলবায়ু স্বাস্থ্যকর। এখানকার তাপমান যন্ত্রে সচরাচর ৭৯.৯৮° ডিগ্রি উষ্ণতা উঠে, অধিক গ্রীষ্মের সময় ১১১.৫° ডিগ্রি পর্য্যন্ত উঠিতে দেখা যায়। গড়পড়তা জলপাত ১১.৩৭ ইঞ্চি হয়। রোগের মধ্যে ওলাউঠা, কুষ্ঠ, বসন্ত, শিরঃপীড়া, স্নায়ুশূল ও পাদশোথ হয়। এখানকার লোকেরা টীকা দিতে চায়না বলিয়া বসন্ত কিছু প্রবল।

পূর্ব্বকালে গয়াজেলা মগধরাজের অধীন ছিল। বৌদ্ধধর্ম্মের অভ্যুদয়কালে এখানকার বুদ্ধগয়া সবিশেষ প্রতিষ্ঠা লাভ করে। [বুদ্ধগয়া শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

খৃষ্টীয় দশম শতাব্দী পর্য্যন্ত এখানে পালবংশীয় বৌদ্ধরাজ ও পরে কনোজের হিন্দু রাজগণের অধিকারে ছিল। তৎপরে মুসলমান অধিকারভুক্ত হয়। দিল্লীর মোগল বাদশাহগণের গৌরববরবি অস্তমিত হইবার উপক্রম হইলে মহারাষ্ট্রেরা গয়াপুর লুট করিতে আসিয়া সময়ে সময়ে এই স্থান আক্রমণ করে, কিন্তু বিশেষ কিছু ক্ষতি করিতে পারে নাই। [বেহার দেখ।]

১৭৬৫ খৃষ্টাব্দে বেহারপ্রদেশ ইংরাজের হস্তগত হইলে রাজা সেতাব রায়ের উপর এই জেলার বন্দোবস্তের ভার অর্পিত হয়। ১৮১৪ খৃষ্টাব্দে প্রথম এখানে বিচারকার্য্যের সুবিধার জন্য একজন জয়েণ্ট মাজিষ্ট্রেট্ নিযুক্ত হন।

গয়া, উপরোক্ত গয়াজেলার প্রধান নগর, অক্ষা° ২৪°৪৮′৪৪″ উঃ, দ্রাঘি° ৮৫° ৩′ ১৬″ পূঃ, ফল্গুনদীর দক্ষিণকূলে অবস্থিত। ইহারই পার্শ্বে সাহেবগঞ্জ, সাহেবগঞ্জে গবর্মেণ্টসংক্রান্ত বিচারালয়াদি, সাহেব ও মুসলমানদিগের বাসভবন আছে। নিজ গয়াপুরীতে সাহেব বা মুসলমানের বাস করিবার অধিকার নাই। এই পুরীই হিন্দুজাতির প্রধান পুণ্যধাম "গয়া" নামে বিখ্যাত, এইখানেই গদাধরের পাদপদ্ম বিরাজিত ও গয়ার পাণ্ডা গয়ালীগণের বাস।

প্রত্নতত্ত্ববিদ্ কনিংহাম্, রাজা রাজেন্দ্রলাল ও বিচক্ষণ হণ্টর সাহেবের মতে (১)—এই গয়াক্ষেত্র প্রথমে হিন্দুতীর্থ বলিয়া গণ্য হয় নাই, প্রথমে ইহা প্রধান বৌদ্ধতীর্থ বলিয়া প্রসিদ্ধ ছিল, বৌদ্ধদিগের অধঃপতন হইলে হিন্দুগণ বৌদ্ধকীর্ত্তির উপরে আপনাদিগের বর্ত্তমান গয়াধাম স্থাপন করেন। কিন্তু তাঁহাদের উক্ত মতটী সমীচীন বলিয়া বোধ হইল না। কারণ বৌদ্ধপ্রাধান্যের এমন কি বুদ্ধদেবের জন্মের পূর্ব্ব হইতেই গয়া হিন্দুজাতির একটী প্রধান প্রাচীনতীর্থ এবং পিতৃপুরুষদিগের পিণ্ড দিবার একমাত্র পুণ্যস্থান বলিয়া প্রসিদ্ধ ছিল। বাল্মীকি রামায়ণে লিখিত আছে ;—

"শ্রূয়তে ধীমতা তাত শ্রুতির্গীতা যশস্বিনা।
গয়েন যজমানেন গয়েষ্বেব পিতৃন্ প্রতি॥
পুন্নাম্নো নরকাদ্ যস্মাৎ পিতরং ত্রায়তে সুতঃ।
তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ পিতৃন্ যঃ পাতি সর্ব্বতঃ॥
এষ্টব্যা বহবঃ পুত্রা গুণবন্তো বহুশ্রুতাঃ।
তেষাং বৈ সমবেতানামপি কশ্চিৎ গয়াং ব্রজেৎ॥"

অযোধ্যাকাণ্ড ১০৭।১১-১৩।

শুনা যায়, গয়া প্রদেশে গয় নামে কোন ধীমান্ ও যশস্বী যজমান পিতৃলোকের প্রতি উদ্দেশ করিয়া এই শ্রুতি গান করিয়াছিলেন, 'সন্তান পুৎ নামক নরক হইতে পিতাকে ত্রাণ করে ও সর্ব্বতোভাবে পিতাকে রক্ষা করে বলিয়াই পুত্র নামে অভিহিত।' লোকে এই জন্যই নানাবিদ্যায় পারদর্শী গুণবান্ বহু পুত্র কামনা করে, (তাঁহাদের ইচ্ছা) তাহাদিগের মধ্যে অন্ততঃ একজন পুত্রও গয়ায় গমন করিবে। মহর্ষি যাজ্ঞবল্ক্য লিখিয়াছেন—

"যদ্দদাতি গয়াস্থশ্চ সর্ব্বমানন্ত্যমশ্নুতে।" যাজ্ঞবল্ক্যস্মৃতি ১।২৬০।

গয়াতে শ্রাদ্ধকালে যাহা প্রদত্ত হয়, তাহাই অনন্তফলজনক।

এইরূপ মহাভারত (বনপর্ব্ব ৮৪,৮৭,৯৫ অঃ, অনুশাসন ২৫ অঃ) হরিবংশ প্রভৃতি গ্রন্থেও গয়াতীর্থের উল্লেখ আছে।

গয়ার উৎপত্তি সম্বন্ধে প্রাচীন গ্রন্থসমূহেও মতভেদ লক্ষিত হয়। মহাভারতের মতে—

অমূর্ত্তরয়ার পুত্র রাজর্ষি গয় এইখানে প্রচুরান্ন ও ভূরিদক্ষিণ এক যজ্ঞানুষ্ঠান করেন ; ঐ যজ্ঞে শত সহস্র অন্নাচল ও ঘৃতকুল্যা প্রস্তুত হয় ; শত শত দধির নদী এবং শত সহস্র উত্তমোত্তম ব্যঞ্জন প্রবাহ প্রবাহিত হইয়াছিল। রাজর্ষি গয় যাচকদিগকে প্রতিদিনই এইরূপ সমারোহে অন্নদান করিতেন এবং ব্রাহ্মণ ভিন্ন অন্যান্য জাতিও বহুবিধ অন্নব্যঞ্জন ভোজন করিত। দক্ষিণা প্রদানকালে বেদধ্বনি গগন স্পর্শ করিয়াছিল, অন্য কোন শব্দ কর্ণগোচর হয় নাই। রাজর্ষি গয় যেরূপ সমারোহে যজ্ঞ করেন, সেরূপ কেহ কখন করে নাই এবং করিবে এমন বোধও হয় না। দেবগণ গয়রাজ-প্রদত্ত হবিঃ দ্বারা এরূপ পরিতৃপ্ত হইয়াছিলেন, যে তাঁহারা আর কাহারও দ্রব্যগ্রহণে ইচ্ছা করিতেন না। রাজর্ষি গয় ব্রহ্মসরোবরের নিকট এইরূপ যজ্ঞানুষ্ঠান করিয়াছিলেন। [বনপর্ব্ব ৯৫ অঃ] বোধ হয় রাজর্ষি গয় যজ্ঞ করেন বলিয়া এই স্থান গয়া ও মহাপুণ্য স্থান বলিয়া পূর্ব্বকালে বিখ্যাত হয়। [মহাভারত দ্রোণপর্ব্ব ৬৬ অঃ দেখ।] (২) পাণ্ডবেরাও এইখানে তীর্থ করিতে আসিয়াছিলেন।

হরিবংশের মতে—মনুর যজ্ঞে মিত্র ও বরুণের অংশে ইলা নামে যে কন্যা জন্মে সেই কন্যাই পুরুষরূপে মনুর পুত্র সুদ্যুম্ন নামে বিখ্যাত হন. এই সুদ্যুম্নের তিনটী পুত্রের মধ্যে গয় নামে একটী পুত্র হয়, তিনি গয়াপুরীতে রাজধানী নির্ম্মাণ করেন (৩)। (হরিবংশ ১০ম অধ্যায় দেখ।)

বায়ুপুরাণীয়—গয়ামাহাত্ম্যে লিখিত আছে—

মহাবলশালী গয়নামে একটী বিষ্ণুভক্ত অসুর ছিল। সে ১২৫ যোজন উচ্চ ও ৬০ যোজন স্থূল, ইহার আকৃতিটা ভয়ঙ্কর হইলেও চরিত্র মন্দ ছিল না। গয়াসুর অতিশয় ধার্ম্মিক ও নম্র স্বভাব ছিল, অকারণে কাহারও কোন অনিষ্টের দিকে যাইত না। অসুর কিছুদিন পরে কোলাহল পর্ব্বতে যাইয়া বিষ্ণুর আরাধনা করিতে আরম্ভ করে, তাহার কঠোর তপস্যা দেখিয়া দেবতাদের প্রাণ চমকিয়া উঠিল, তাহারা সকলে মিলিয়া পরামর্শ করিয়া পিতামহের নিকট উপস্থিত হইয়া জানাইলেন যে, গয় যদি এইরূপ ভাবে আর কিছুদিন তপস্যা করে, তাহা হইলে সকল দেবতাকেই স্বীয় স্বীয় অধিকার হইতে বঞ্চিত হইতে হইবে, অতএব পিতামহ এই বেলাই ইহার যা হয়, একটা বিধান করুন।

(১) Sir W. W. Hunter's Imperial Gazetteer of India, (2nd Ed.) Vol. V. p. 47 ; Sir Alex. Cunninggham's Archæological Survey Reports, Vols I. III. ; Raja R. Mitra's Buddha Gaya.

(২) এই জন্য বোধ হয়, মহাভারতে এই স্থান গয়রাজ-অভিসংস্কৃত মহীধর তীর্থ বলিয়া অভিহিত। যথা—

"ততো মহীধরং জগ্মুর্ধর্ম্মজ্ঞেনাভিসংস্কৃতম্।
রাজর্ষিণা পুণ্যকৃতা গয়েনানুপমদ্যুতে॥
নগো গয়শিরো যত্র পুণ্যা চৈব মহানদী॥" বনপর্ব্ব ৯৫।৯-১০।

(৩) "প্রদ্যুম্নস্য তু দায়াদাস্ত্রয়ঃ পরমধার্ম্মিকাঃ।
উৎকলশ্চ গয়শ্চৈব বিনতাশ্চ ভারত।
দিক্‌পূর্ব্বা ভরতশ্রেষ্ঠ গয়স্য তু গয়াপুরী।" হরিবংশ ১০ অঃ।

বিরিঞ্চি দেবগণকে লইয়া বিষ্ণুর নিকটে উপস্থিত হইলেন। সেখানে একটী সভা হইয়া স্থির হইল যে এই বেলাই সকলে মিলিয়া বর দিয়া গয়কে তপস্যা হইতে বিরত করা উচিত। এই পরামর্শ করিয়া ব্রহ্মা, বিষ্ণু প্রভৃতি সকলেই কোলাহল পর্ব্বতে উপস্থিত হইয়া গয়াসুরকে বর লইতে বলিলেন। পরোপকারী গয়াসুর রাজ্য, ঐশ্বর্য্য প্রভৃতি কিছুই না চাহিয়া বলিল যে, "যদি আপনারা আমার প্রতি সন্তুষ্ট হইয়া থাকেন, তবে এই বিধান করুন যে, আমার শরীর যেন ব্রাহ্মণ, তীর্থশিলা, দেবতা, মন্ত্র, যোগী, ন্যাসী, কর্ম্মী, ধর্ম্মী, জ্ঞাতি প্রভৃতি সকল পবিত্র পদার্থ হইতেও পবিত্র হয়।" দেবগণ অসুরের চালাকী বুঝিতে পারিলেন না। অসুর যাহা চাহিলেন, তাহাই স্বীকার করিয়া যথা স্থানে চলিয়া গেলেন। গয়াসুরের শরীর পবিত্র হইল। গয়াসুর তাহার পরে নগরভ্রমণে বাহির হইল, তাহার পবিত্র শরীর দেখিয়া সকল জীবজন্তুই চতুর্ভুজ হইয়া বৈকুণ্ঠে যাইতে লাগিল। নগরটী জনশূন্য হইয়া পড়িল। তাহার পরে গয়াসুর যে গ্রামে বা নগরে যাইতে লাগিল, তথাকার প্রাণিগণই চতুর্ভুজ হইতে লাগিল। তখন দেবগণ অসুরের চালাকী বুঝিতে পারিলেন এবং চিন্তা করিয়া কোন উপায় স্থির করিতে পারিলেন না। যমেরই চিন্তা বেশী, গয়াসুরের শরীর পবিত্র হওয়ার পরে একটী পশুপক্ষীও যমের বাড়ী যাইত না। যম ও অপর দেবগণ মিলিত হইয়া পিতামহের নিকটে যাইয়া বলিলেন, "প্রভো! সর্ব্বনাশ উপস্থিত, গয়াসুরের পবিত্র শরীর দেখিয়া সকলেই পবিত্র হইয়া বৈকুণ্ঠে যাইতেছে, যমপুরী একপ্রকার প্রাণীশূন্য, আপনি যাহা হয় একটা উপায় করুন।" ব্রহ্মা দেবগণকে লইয়া বিষ্ণুর নিকটে উপস্থিত হইলেন। বিষ্ণুর পরামর্শে গয়াসুরের শরীর যজ্ঞের জন্য চাহিয়া লন, কতকগুলি ব্রাহ্মণ কল্পনা করিয়া তাহাদের দ্বারা যজ্ঞের অনুষ্ঠান করেন। সমস্ত দেবগণই সেই যজ্ঞে উপস্থিত হইয়াছিলেন। গয়াসুরের শরীরের উপরেই যজ্ঞ করা হয়। ব্রহ্মার আদেশে যম ধর্ম্মশিলাটী আনিয়া গয়াসুরের উপরে চাপা দেন এবং গয়াসুরকে নিশ্চল করিবার জন্য সকল দেবগণই তাহার উপরে উঠিয়া দাঁড়ান। কিন্তু তাহাতে গয়াসুর নিশ্চল হইল না, পরে গদাধর বিষ্ণু আসিয়া দাঁড়াইলে গয়াসুর নিশ্চল হয়। গয়াসুর দেবগণের উদ্দেশ্য বুঝিয়া বলিল যে, "আপনারা অধমকে একটীবার বলিলেই আমি নিশ্চল হইতাম। আপনারা আমাকে বঞ্চিত করিয়া এরূপ বিরাট আয়োজন করিলেন কেন?" দেবগণ তাহার বিনয়বাক্যে অতিশয় সন্তুষ্ট হইয়া বর লইতে বলিলে অসুর কহিল, "যে পর্য্যন্ত চন্দ্র, সূর্য্য বা পৃথিবী থাকিবে ততকাল পর্য্যন্ত সমস্ত দেবগণ এই শিলায় অবস্থিতি করিবেন, এবং আমার নামে এই স্থানে একটী পুণ্যক্ষেত্র হইবে, ইহার পাঁচক্রোশ গয়াক্ষেত্র এবং একক্রোশ গয়াশিরঃ, ইহা সকল তীর্থ হইতে শ্রেষ্ঠ হইবে এইরূপ বরপ্রদান করুন।" দেবগণ তাহাই স্বীকার করিলেন। গয়াসুর নিশ্চল হইল*।

(গয়ামাহাত্ম্য)

বর্ত্তমানকালে অনেকেই শেষোক্ত বিবরণটী জানেন এবং গয়ার পাণ্ডারা এইরূপেই গয়াতীর্থের উৎপত্তি কীর্ত্তন করিয়া থাকেন।

কিন্তু শেষোক্ত গয়াসুরের উপাখ্যানটী অধিক প্রাচীন বলিয়া বোধ হয় না। মহাভারতে গয়াক্ষেত্রের মধ্যস্থ অনেক তীর্থের উল্লেখ আছে, কিন্তু গয়াসুর অথবা গয়াসুরের মস্তকে গদাধর ও অন্যান্য দেবগণের পদস্থাপন বিষয়ের কোন কথা মহাভারতে নাই। ইহাতে অনুমিত হয়, বিষ্ণুপাদপদ্মের নিমিত্ত এখন যেমন গয়া ভারতপ্রসিদ্ধ হইয়াছে, অতি পূর্ব্বকালে এরূপ ছিল না।

মহাভারতে গয়াস্থ গয়শির, অক্ষয়বট, মহানদী, ধর্ম্মারণ্য ব্রহ্মসর, ধেনুকতীর্থ, গৃধ্রবট, উদ্যন্তপর্ব্বত, যোনিদ্বার, ফল্গুতীর্থ, ধর্ম্মপ্রস্থ, মতঙ্গাশ্রম ও ধর্ম্মতীর্থ কেবল এই কয়টীর উল্লেখ আছে, এ ছাড়া বায়ুপুরাণীয় গয়ামাহাত্ম্যে ও অগ্নিপুরাণে যে সকল স্থান বা তীর্থ এবং যে সকল দেবপদে পিণ্ড দিবার ব্যবস্থা আছে, তাহা মহাভারতে নাই। এতদ্দ্বারাও স্পষ্ট জানা যাইতেছে যে মহাভারতে গয়ায় আসিয়া পিতৃগণের উদ্দেশে শ্রাদ্ধতর্পণাদির ব্যবস্থা থাকিলেও তৎকালে গয়ামাহাত্ম্যবর্ণিত ও এখনকার মত ৪৫টী বেদী ও বহুতর তীর্থ ছিল না। এখন যেমন গয়া একটী প্রধান বৈষ্ণবতীর্থ বলিয়া সর্ব্বত্র প্রসিদ্ধ, মহাভারতের সময় এরূপ ছিল না। ভারতে গয়াতীর্থের যথেষ্ট বিবরণ লেখা থাকিলেও এই তীর্থপ্রসঙ্গে আদৌ বিষ্ণুর কথাই নাই, ইহাও বিস্ময়কর বটে! বরং এখানে 'ধর্ম্মরাজ স্বয়ং বাস করিতেছেন এবং পিনাকপাণি ভগবান্ শঙ্কর নিরন্তর সন্নিহিত আছেন†" এরূপ কথা মহাভারতে বিবৃত দেখা যায়।

---

* দেবগণ গয়াশিরে পদার্পণ করায় গয়াক্ষেত্রে দেবগণের পদচিহ্ন দৃষ্ট হইয়া থাকে এবং গয়ামাহাত্ম্যে ঐ সকল দেবপদচিহ্নে পিণ্ড দিবার ব্যবস্থা আছে।

† "উবাস স স্বয়ং তত্র ধর্ম্মরাজঃ সনাতনঃ।"
"যত্র সন্নিহিতো নিত্যং মহাদেবঃ পিনাকধৃক্॥"
মহাভারত বনপর্ব্ব ৯৫।১২১-১২২।

গয়া অতি প্রাচীন হিন্দুতীর্থ হইলেও বৌদ্ধধর্ম্মের অভ্যুদয়ে এখানেও বৌদ্ধাধিকার প্রবল হইয়াছিল। স্বয়ং শাক্যসিংহ সংসারশ্রম পরিত্যাগ করিয়া গয়াক্ষেত্রের অন্তর্গত গয়াশীর্ষ পর্ব্বত হইয়া নৈরঞ্জনানদীতীরে উপস্থিত হন *। এবং তাহারই অদূরে বোধিতরুমূলে বুদ্ধপদ লাভ করেন। যেখানে তিনি যোগবলে বুদ্ধ হইয়াছিলেন, এখন সেই স্থান বোধিগয়া বা বুদ্ধগয়া নামে প্রসিদ্ধ।

[বুদ্ধগয়া শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

এইখানে বুদ্ধদেব গয়াকাশ্যপ ও নদীকাশ্যপকে দীক্ষিত করেন। বুদ্ধদেব এখানে বোধিজ্ঞান লাভ করিয়াছিলেন বলিয়া বৌদ্ধদিগের নিকট এই স্থান এমন কি সমস্ত গয়াক্ষেত্র অতীব পুণ্যপ্রদ মোক্ষধাম বলিয়া পরিগণিত হয়। বৌদ্ধসম্রাট্ অশোক গয়ার ব্রহ্মযোনি পাহাড়ে একশত ফিট উচ্চ একটী স্তূপ করিয়া দিলেন ও বুদ্ধদেবের লীলাক্ষেত্রসমূহে বিস্তর বিহার, মঠ, সঙ্ঘারাম প্রভৃতি প্রতিষ্ঠিত হইল। দক্ষিণে সিংহল ও উত্তরে চীন অবধি নানাস্থান হইতে বৌদ্ধ তীর্থযাত্রীগণ ঐ সকল পুণ্যস্থান দর্শন করিবার জন্য আসিতে লাগিল, এখনও সেই প্রাচীন বৌদ্ধকীর্ত্তির পরিচয় গয়ার নানাস্থানে পড়িয়া আছে। † [বুদ্ধগয়া প্রভৃতি শব্দ দেখ।] এই সময় প্রাচীন হিন্দুতীর্থের নিতান্ত দুরবস্থা হইল। বৌদ্ধগণ সেই সকল স্থান অধিকার করিয়া বসিল। প্রাচীন পুণ্যভূমি গয়ানগরীর পূর্ব্ব গৌরব বিলুপ্ত হইল। ৪০১ খৃষ্টাব্দে চীনপরিব্রাজক ফা-হিয়ান্ গয়া নগরী বিধ্বস্ত ও জনমানবহীন মরুপ্রায় দেখিয়া গিয়াছিলেন (১)। তখনও এই বিধ্বস্ত নগরীর দেড়ক্রোশ দক্ষিণে বৌদ্ধকীর্ত্তি জাজ্বল্যমান। কিন্তু এখানে অনতিকাল পরেই হিন্দুধর্ম্মের পুনরভ্যুদয় হইল। ধর্ম্মোন্মত্ত হিন্দুজাতি আবার আপনাদিগের পুণ্যধাম গয়াপুরীর বৌদ্ধকীর্ত্তি বিলোপ করিয়া তীর্থোদ্ধারে যত্নবান্ হইলেন। এই সময় অশেষ শিল্পনৈপুণ্যযুক্ত কত শত বৌদ্ধমঠ, বিহার, সঙ্ঘারাম ও প্রাচীন স্তূপ বিলুপ্ত, চূর্ণিত ও বিধ্বস্ত হইল। এইরূপে কত প্রাচীন হিন্দুতীর্থের পুনরুদ্ধার, আবার কত প্রাচীন বৌদ্ধকীর্ত্তির উপর নূতন বেদী ও তীর্থ হইল। এই সময়ে বায়ুপুরাণীয় গয়ামাহাত্ম্যের সৃষ্টি। গয়াসুররূপী বৌদ্ধধর্ম্মের উপর দেবরূপী হিন্দুধর্ম্মের প্রাধান্য স্থাপন, তাহাই গয়াসুরের প্রকৃত রূপক উপাখ্যান। বোধ হয় খৃষ্টীয় ষষ্ঠশতাব্দীর পূর্ব্বেই এই ঘটনা হইয়াছিল। কারণ খৃষ্টীয় সপ্তম শতাব্দে চীনপরিব্রাজক হিউএন্ সিয়াং যখন গয়ানগরীতে আগমন করেন, তখন এখানে প্রায় হাজার ঘর ব্রাহ্মণের বাস ছিল। হিউএন্ সিয়াং লিখিয়াছেন—'ঐ সকল ব্রাহ্মণগণ ঋষিবংশসম্ভূত। সর্ব্বত্রই লোকে তাঁহাদিগকে ভক্তিশ্রদ্ধা করিয়া থাকেন *।' চীনপরিব্রাজকবর্ণিত ব্রাহ্মণগণকে এখনকার গয়ালীদিগের পূর্ব্বপুরুষ বলিয়া বোধ হয়। বোধ করি, তাঁহারাই প্রাচীন গয়াতীর্থ উদ্ধার করিয়া থাকিবেন, এই জন্যই গয়ালীদিগের এত প্রাধান্য ও তাঁহারা মহাধনবান্ হইতে দীন দরিদ্র সকল প্রকার হিন্দুতীর্থযাত্রীর উপর আধিপত্য বিস্তার করিয়া থাকেন।

চীনপরিব্রাজকের বর্ণনায় জানা যায়, তিনি বোধিতরুর উত্তরে কোন কোন স্থানে বুদ্ধদেবের পদচিহ্ন দর্শন করিয়া গিয়াছিলেন †। বোধ হয়, সেই সকল পদচিহ্নই ব্রাহ্মণেরা গদাধরের পাদপদ্ম বলিয়া প্রচার করিয়া থাকিবেন। প্রচার করিবার আরও একটী কারণ ছিল;—ব্রাহ্মণ পণ্ডিতেরা জানিতেন যে মহাভারতে গয়ার অন্তর্গত ধেনুকতীর্থে গোবৎসের পদচিহ্ন এবং উদ্যন্ত পর্ব্বতে সাবিত্রীর পদচিহ্ন বর্ণিত আছে। সুতরাং যখন তাঁহারা দেখিলেন, পূর্ব্বেও যখন ব্রাহ্মণগণ এই গয়াতেই পদপূজা করিতেন, তখন এখনই বা পাদপূজা কেন না হইবে? এইরূপে বৌদ্ধেরা যাহা যাহা বুদ্ধপদ বলিয়া ভক্তি প্রদর্শন করিতেন, গয়ার ব্রাহ্মণেরাও সেই সকল গদাধর প্রভৃতি দেবপদচিহ্ন বলিয়া প্রকাশ করিলেন। গয়ামাহাত্ম্যেও লিখিত আছে—

"সর্ব্বত্র মুণ্ডপৃষ্ঠাদ্রিঃ পাদৈরেভিঃ সুলক্ষিতঃ।
প্রয়ান্তি পিতরঃ সর্ব্বে ব্রহ্মলোকমনাময়ম্॥" ৭।৭৭॥

কেবল তাহাই নয়, গয়ানগরের বহির্ভাগে 'পাঁচক্রোশের মধ্যে যে সমস্ত বৌদ্ধক্ষেত্র ছিল, তাহাও হিন্দুতীর্থ বলিয়া গৃহীত হইল, তন্মধ্যে বর্ত্তমান বুদ্ধগয়াস্থ যে অশ্বত্থবৃক্ষমূলে শাক্যসিংহ বুদ্ধপদ লাভ করেন, সেই মহাবোধিতরুই

* "ভিক্ষবো বোধিসত্ত্বো যথাভিপ্রেতং গয়ায়াং বিহৃত্য গয়াশীর্ষপর্ব্বতে জঙ্ঘাবিহারমনুচংক্রম্যমানো যেনোরুবিল্বাসেনাপতিগ্রামকস্তদনুস্থতস্তদনু. প্রাপ্তোভূতৎ॥ তত্রাদ্রাক্ষীন্নদীং নৈরঞ্জনামচ্ছোদকাং সুপতীর্থ্যাং প্রাসাদিকৈশ্চক্রমণ্ডলৈরলঙ্কৃতাং সমন্ততশ্চ গোচরগ্রামান্॥" ললিতবিস্তর ১৩ অঃ।

† এখনও বিষ্ণুপদ-মন্দিরের নিকট বৌদ্ধস্তূপ ও তাহাতে বৌদ্ধধর্ম্মপরিচায়ক "যে ধর্ম্মহেতুপ্রভবা" ইত্যাদি সূত্র এবং সূর্য্যমন্দিরে অশোকবল্ল কর্ত্তৃক বুদ্ধদেবের নির্ব্বাণের ১৮১৩ বর্ষ পরে প্রদত্ত বৌদ্ধশিলালিপি দৃষ্ট হয়।

(১) Fo-kwo-ki, Ch. XXXI.

* Beal's Records of the Western Countries, Vol. II. p. 113.

† Beal's Records &c. Vol II. p. 122.

প্রধান *। এখনও হিন্দুগণ গয়ার আড়াইক্রোশ দক্ষিণে বুদ্ধগয়াস্থ বোধিতরুমূলে পিণ্ডদান করিতে গিয়া থাকেন।

বর্ত্তমান গয়াক্ষেত্রে ৪৫টী বেদী বা তীর্থ আছে। গয়ালীরা বলিয়া থাকেন, পূর্ব্বে ইহা অপেক্ষা আরও অনেক তীর্থ ছিল, কালক্রমে সে সমস্ত লোপ হইয়াছে। গয়াতীর্থযাত্রীগণ ঐ সকল তীর্থের মধ্যে কেহ ১টী, কেহ বা ২টী, কেহ কেহ ৩৮টী এবং কেহ বা ৪৫টীই দর্শন ও তথায় পিণ্ডদান করিয়া থাকেন। ঐ সকল তীর্থদর্শনাদি সম্বন্ধে নিয়ম আছে। ত্রিস্থলীসেতু ও গয়াযাত্রাপদ্ধতিতে লিখিত আছে—

যে দিন গয়াযাত্রা করিবে, তাহার পূর্ব্ব পূর্ব্ব দিনে একাহার, হবিষ্যভোজন ও স্ত্রীসংসর্গ ত্যাগ করিয়া শুচিভাবে থাকিবে, তৎপরদিন প্রাতঃস্নানাদি করিয়া দেশ কালনিয়মানুসারে গয়াযাত্রার অঙ্গরূপে উপবাস করিয়া সংকল্প করিবে। তৎপর দিন অর্থাৎ গয়াযাত্রাদিনে প্রাতঃকৃত্যাদি সমাপন ও ইষ্টপূজাদি করিবার পর মস্তক মুণ্ডন করিয়া কুলাচারানুসারে শ্রাদ্ধ করিবে। শ্রাদ্ধান্তে নিজগ্রাম ৫ বার প্রদক্ষিণ করিয়া মৃত পিতৃপুরুষগণকে তাঁহার সহিত গয়ায় যাইতে অনুরোধ করিবেন। গয়ায় আসিলে তাঁহার পাণ্ডা যাত্রীকে তীর্থ সকল দর্শনাদি করাইবার জন্য সঙ্গে একজন ব্রাহ্মণ নিযুক্ত করিয়া দেন।

গয়ামাহাত্ম্যে লিখিত আছে (১ম দিবস) গয়ায় আসিয়া সর্ব্বপ্রথমে সবস্ত্র ফল্গুতীর্থে পরে ব্রহ্মকুণ্ডে স্নান ও তর্পণ করিবে। পরে প্রেতপর্ব্বতে প্রাচীনাবীতী ও দক্ষিণমুখ হইয়া—

"কব্যবালোঽনলঃ সোমো যমশ্চৈবার্য্যমা তথা।
অগ্নিষ্বাত্তা বর্হিষদঃ সোমপাঃ পিতৃদেবতাঃ।
আগচ্ছন্তু মহাভাগাঃ যুষ্মাভীরক্ষিতাস্থথ।
মদীয়াঃ পিতরো যে চ কুলে জাতা সনাভয়ঃ।
তেষাং পিণ্ডপ্রদানায় আগতোঽস্মি গয়ামিমাম্।
তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু শ্রাদ্ধেনানেন শাশ্বতীম্॥"

এই মন্ত্রদ্বারা পিতৃলোকের আবাহন ও পূজা করিয়া পিণ্ডদান করিবে।

শ্রাদ্ধার্থ জল লইয়া প্রেতপর্ব্বতে রাখিয়া পরে সুবর্ণরেখাঙ্কিত শিলায় যাইয়া পাদশৌচাদি করিয়া পূর্ব্বদর্শিত "কব্যবাল" ইত্যাদি মন্ত্রে আবাহন করিবে। পরে গায়ত্রী পাঠ করিয়া পঞ্চগব্য দ্বারা শ্রাদ্ধস্থান শোধন করিবে। পরে প্রেতপর্ব্বতে শ্রাদ্ধ বা পিণ্ডদান করিয়া পিতৃগণ ও আপনার প্রেতত্ব মুক্তিকামনায় সংকল্প করিয়া প্রেতপর্ব্বতে তিলমিশ্রিত সক্তু ও তিলযুক্ত অঞ্জলি প্রমাণ দান করিবে। অনন্তর প্রেতপর্ব্বত হইতে নামিয়া গয়াগ্রামের উত্তরভাগে প্রায় আড়াইক্রোশ দূরে মহানদীর পশ্চিমভাগস্থ প্রেতশিলায় গমন করিবে। প্রায় ৪০০ ধাপ সিঁড়ি বাহিয়া তবে প্রেতশিলায় উঠা যায়, এখানে পাদশৌচ ও সংকল্প করিয়া "কব্যবাল" ইত্যাদি মন্ত্রে আবাহন এবং যথাশক্তি তাঁহাদের শ্রাদ্ধ ও পিণ্ডদানমাত্র করিবে। পরে প্রেতশিলার নিম্নে প্রভাসপর্ব্বতে সঙ্গত মহানদীর রামতীর্থে যাইবে। মহাভারতে এই রামতীর্থের উল্লেখ নাই বটে, কিন্তু মহানদীর উল্লেখ আছে, তন্মতে এই মহানদীতে স্নান করিয়া পিতৃলোক ও দেবগণের তর্পণ করিলে অক্ষয়লোক লাভ ও নিজ কুল উদ্ধার হয়। (বন ৮৪ অঃ) গয়ামাহাত্ম্যের মতে এখানে

"জন্মান্তরশতং সাগ্রং যন্ময়া দুষ্কৃতং কৃতম্।
তৎসর্ব্বং বিলয়ং যাতু রামতীর্থাভিষেচনাৎ॥"

এই মন্ত্র পাঠ করিয়া স্নান করিবে। পরে শ্রাদ্ধ ও পিণ্ডদান করিয়া—

"রাম রাম মহাবাহো দেবানামভয়ঙ্কর।
ত্বাং নমাম্যত্র দেবেশ মম নশ্যতু পাতকম্।"

এই মন্ত্র দ্বারা রামকে প্রণাম করিবে। পরে যমরাজের নিকট প্রার্থনা করিয়া যমবলি ও কুক্কুরবলি দিবে (২)।

গয়ামাহাত্ম্যের মতে এই প্রথমদিনেই উত্তরমানসে গমন করিবে। তথায় মানস নামে একটী সরোবর আছে, ইহা গয়ার প্রথমতীর্থ ও মুণ্ডপৃষ্ঠ পাহাড়ের উপর অবস্থিত। এখানে—"উত্তরে মানসে স্নানং করোম্যাত্মবিশুদ্ধয়ে।
সূর্য্যলোকাদিসংসিদ্ধিসিদ্ধয়ে পিতৃমুক্তয়ে॥" গ° মা°

এই মন্ত্রপাঠপূর্ব্বক স্নান করিবে, পরে দেব প্রভৃতির তর্পণ করিয়া পিণ্ডদান ও শ্রাদ্ধ করিবে। এখানে মৌনী হইয়া দক্ষিণমানসে যাইবে। উত্তর মানস ও উদীচীনদীর মধ্যে কনখল নামে পিতৃমুক্তিদায়ক একটী তীর্থ আছে, গয়ামাহাত্ম্যে ও অগ্নিপুরাণের মতে এই তীর্থে স্নান করিলে আর পুনর্জন্ম হয় না।

বিষ্ণুপদ মন্দিরের কিছু দূরে একটী সরোবর ও একটী সূর্য্যমন্দির আছে, গয়ামাহাত্ম্যে ঐ সূর্য্যমূর্ত্তি মৌনার্ক নামে বর্ণিত। ঐ মন্দিরের নাটমণ্ডপ প্রায় দৈর্ঘ্যে ৩৯ ফিট্ ও প্রস্থে

* বায়ুপুরাণীয় গয়ামাহাত্ম্যে এবং অগ্নিপুরাণেও এই মহাবোধিতরুর উল্লেখ আছে। যথাস্থানে গয়াযাত্রার বিবরণ মধ্যে বিবৃত হইবে।

(২) তারানাথ বাচস্পতিকৃত গয়াযাত্রাপদ্ধতিতে দ্বিতীয় দিবসেও এইরূপ করিবার বিধান আছে। কিন্তু বায়ুপুরাণীয় গয়ামাহাত্ম্যে এরূপ বিধান না থাকায় ৺তারানাথের মত গ্রহণ না করিয়া গয়ামাহাত্ম্যের নিয়মানুসারে লিখিত হইল।

২৫½ ফিট্ হইবে, ইহার পশ্চিমাংশে গর্ভগৃহ, উহা প্রায় ৮½ বর্গ ফিট্, মন্দিরের প্রাচীর ইষ্টকনির্ম্মিত, কিন্তু স্তম্ভগুলি গ্রেণাইট্ পাথরের। অরুণচালিত সপ্তাশ্বরথে দ্বিহস্ত সূর্য্যমূর্ত্তি বিরাজমান। উক্ত সরোবরের চারিদিকে প্রাচীরবেষ্টিত, তাহা দৈর্ঘ্যে ২৯২ ফিট্ ও প্রস্থে ১৫৬ ফিট্ হইবে। এই সরোবরের পশ্চিমে একটী নিমগাছ আছে, সে স্থানকেই লোকে কনখল বলে। তাহার দক্ষিণে দক্ষিণমানস, এখানেও তিনটী তীর্থ আছে, এখানে—"দিবাকরকরোমীহস্নানং দক্ষিণমানসে।

নমামি সূর্য্যতৃপ্ত্যর্থং পিতৃণাং তারণায় চ।

পুত্রপৌত্রধনৈশ্বর্য্যায়ায়ুরোগ্যবৃদ্ধয়ে॥"

এই মন্ত্রদ্বারা স্নান ও পূজা করিয়া শ্রাদ্ধ ও পিণ্ডদান করিবে। দানান্তে ঐ মন্ত্রপাঠপূর্ব্বক মৌনার্ককে নমস্কার করিবে।

তৎপরে (দ্বিতীয় দিবসে) ফল্গুতীর্থে গমন করিবে। এই তীর্থ অতি প্রাচীন। মহাভারতেও লিখিত আছে, গয়াস্থ ফল্গুতীর্থে গমন করিলে অশ্বমেধের ফল ও মহাসিদ্ধি লাভ হয়। (বনপ° ৮৪ অঃ।) বায়ুপুরাণীয় গয়ামাহাত্ম্যের মতে, পূর্ব্বকালে ব্রহ্মার প্রার্থনায় বিষ্ণু ফল্গুরূপী হইয়া দক্ষিণাগ্নিতে যে হোম করিয়াছিলেন, তাহার রজকণাতে ফল্গুতীর্থ হইয়াছিল। গঙ্গা বিষ্ণুর পদজাতা, কিন্তু স্বয়ং আদিগদাধর দ্রবীভূত হইয়া ফল্গুতীর্থ হয়, এই জন্য গঙ্গা হইতে ফল্গুতীর্থ শ্রেষ্ঠ। ত্রিভুবনে যত পবিত্র তীর্থ আছে, স্নানকালে সে সমস্ত ফল্গুতীর্থে সন্নিহিত হয়। (গয়ামা° ৭।১৪-১৭)

অগ্নিপুরাণের মতে গয়াশিরই ফল্গুতীর্থ। ফল্গুতীর্থে স্নান করিয়া গদাধর দর্শন করিলে যে সুকৃত লাভ হয়, আর কিছুতে তেমন হইতে পারে না। (অগ্নিপু° ১১৫।২৬) গয়ামাহাত্ম্যের অন্যত্র লিখিত আছে—নাগকুট, গৃধ্রকুট ও উত্তরমানস, এই সকলের মধ্যবর্ত্তী স্থানকে গয়াশির ও ফল্গুতীর্থবলে। মুণ্ডপৃষ্ঠপর্ব্বতের নিম্নস্থানেই ফল্গুতীর্থ আছে। এখানে—

"ফল্গুতীর্থে বিষ্ণুজলে করোমি স্নানমাদৃতঃ।

পিতৃণাং বিষ্ণুলোকায় মুক্তিভুক্তিপ্রসিদ্ধয়ে॥"

এই মন্ত্রে স্নান ও তর্পণ করিয়া প্রেতশিলা-সংলগ্ন ব্রহ্মকুণ্ডে স্নানান্তে স্বশাখানুসারে শ্রাদ্ধ ও পিণ্ডদান করিবে। পরে

"নমঃ শিবায় দেবায় ঈশান পুরুষায় চ।

অঘোর বামদেবায় সদ্যোজাতায় শম্ভবে॥"

এই মন্ত্রে পিতামহকে এবং তৎপরে—

"ওঁ নমো বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ।

প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় শ্রীধরায় চ বিষ্ণবে॥"

এই মন্ত্রে গদাধরকে প্রণাম ও পূজা করিবে। দ্বিতীয় দিবসে ধর্ম্মারণ্যে গমন করিবে। এই স্থানে ধর্ম্মরাজ যজ্ঞ করিয়াছিলেন। এখানে মতঙ্গবাপীতে স্নানান্তে তর্পণ ও শ্রাদ্ধ করিবে। পরে এই মন্ত্রে মতঙ্গেশ্বরকে প্রণাম করিবে—

"প্রমাণং দেবতাঃ সন্তু লোকপালাশ্চ সাক্ষিণঃ।

ময়াগত্য মতঙ্গেঽস্মিন্ পিতৃণাং নিষ্কৃতিঃ কৃতা॥"

ধর্ম্মারণ্যের পূর্ব্বে ব্রহ্মতীর্থ। মহাভারতে লিখিত আছে—ধর্ম্মারণ্যোপশোভিত ব্রহ্মসরতীর্থে গমন করিলে ব্রহ্মলোক লাভ হয়, ব্রহ্মা এই সরোবরে এক যূপকাষ্ঠ নিখাত করিয়াছিলেন, ঐ যূপকে প্রদক্ষিণ করিলে অশ্বমেধের ফল হয়। গয়ামাহাত্ম্যমতে—ঐ ব্রহ্মকূপ ও ব্রহ্মযূপ মধ্যে শ্রাদ্ধ করিলে পিতৃগণ উদ্ধার হয়। ইহারই নিকট (বুদ্ধগয়াস্থ) মহাবোধি নামক অশ্বত্থবৃক্ষ। গয়ামাহাত্ম্যে লিখিত আছে, ধর্ম্ম ও ধর্ম্মেশ্বরকে নমস্কার করিয়া মহাবোধিতরুকে (১) এই তিন মন্ত্র দ্বারা নমস্কার করিবে—

"চলদ্দলায় বৃক্ষায় সর্ব্বদা স্থিতিহেতবে।

বোধিসত্ত্বায় যজ্ঞায় অশ্বত্থায় নমো নমঃ॥ ১॥

একাদশোঽসি রুদ্রাণাং বসূনাং পাবকস্তথা।

নারায়ণোঽসি দেবানাং বৃক্ষরাজোঽসি পিপ্পল॥ ২॥

অশ্বত্থ যস্মাত্ত্বয়ি বৃক্ষরাজ নারায়ণস্তিষ্ঠতি সর্ব্বকালম্।

অতঃ শুভস্ত্বং সততং তরূণাং ধন্যোঽসি দুঃস্বপ্নবিনাসনোঽসি॥"৩

তৎপরে (বুদ্ধগয়াস্থ) বিষ্ণুকে (বুদ্ধকে) এই বলিয়া নমস্কার করিবে—

"অশ্বত্থরূপিণং দেবং শঙ্খচক্রগদাধরম্।

নমামি পুণ্ডরীকাক্ষং বৃক্ষরূপধরং হরিম্॥"

তৃতীয় দিবসে ব্রহ্মসরোবরে যাইবে। মহাভারতে লিখিত আছে রাজর্ষি গয়ের যজ্ঞাবসানে ঐ ব্রহ্মসরোবর নির্ম্মিত হয়। (দ্রোণপ° ৬৬ অঃ।) এখানে—

"শ্রাদ্ধায় পিণ্ডদানায় তর্পণায়াত্মশুদ্ধয়ে।

স্নানং করোমি তীর্থেঽস্মিন্ ঋণত্রয়বিমুক্তয়ে॥"

এই মন্ত্র দ্বারা স্নান করিয়া, পরে শ্রাদ্ধ করিবে।

---

(১) "ধর্ম্মং ধর্ম্মেশ্বরং নত্বা মহাবোধিতরুং নমেৎ।"

বায়ুপুরাণীয় গয়ামাহাত্ম্য ৭। ৩১।

অগ্নিপুরাণেও (১১৬।৩৭) লিখিত আছে—

"মহাবোধিতরুং নত্বা ধর্ম্মবান্ স্বর্গলোকভাক্।" মহাবোধিতরুকে নমস্কার করিলে ধর্ম্ম ও স্বর্গলোক লাভ হয়। কিন্তু মহাভারতে এই মহাবোধিতরু অথবা ধর্ম্মেশ্বরের কোন উল্লেখ নাই। বুদ্ধদেব ঐ অশ্বত্থবৃক্ষমূলে মহাবোধি লাভ করেন বলিয়া উহা মহাবোধিতরু নামে বৌদ্ধসমাজে বিখ্যাত হয়। সুতরাং অগ্নিপুরাণের অংশ ও গয়ামাহাত্ম্য যে বৌদ্ধপ্রাধান্যের পর লিখিত হইয়াছে, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই।

ব্রহ্মসরের নিকট গোপ্রচার তীর্থ। এক্ষণে একটী আম্র বৃক্ষ আছে। গয়ামাহাত্ম্যের মতে ঐ আম্রবৃক্ষ ব্রহ্মপ্রকল্পিত। এই বৃক্ষমূলে—"আম্রং ব্রহ্মসরোভূতং সর্ব্বদেবময়ং তরুম্।

বিষ্ণুরূপং প্রসিঞ্চামি পিতৃণাং মুক্তিহেতবে॥"

এই মন্ত্রপাঠ করিয়া সেচন করিবে। তৎপরে ব্রহ্মযূপকে প্রদক্ষিণ করিয়া—

"ওঁ নমো ব্রহ্মণে হজায় জগজ্জন্মাদিকারিণে।
ভক্তানাঞ্চ পিতৃণাঞ্চ তারণায় নমোস্তুতে॥"

এই মন্ত্রে ব্রহ্মাকে প্রণাম করিবে। ইহার পর যথাক্রমে যমবলি ও কুক্কুরবলি দিবে। যমবলি দিবার মন্ত্র—

"যমরাজ ধর্ম্মরাজৌ নিশ্চলার্থং হি সংস্থিতৌ।
তাভ্যাং বলিং প্রদাস্যামি পিতৃণাং মুক্তিসিদ্ধয়ে॥"

কুক্কুরবলি দিবার মন্ত্র এই—

"দ্বৌ শ্বানৌ শ্যামধবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ।
তাভ্যাং বলিং প্রদাস্যামি রক্ষেতাং পথি সর্ব্বদা॥"

পরে কাকবলি দিয়া স্নান করিবে। কাকবলি দিবার মন্ত্র—

"ঐন্দ্রবারুণবায়ব্যযাম্যা বৈ নৈর্ঋতাস্তথা।
বায়সাঃ প্রতিগৃহ্ণন্তু ভূম্যাং পিণ্ডং ময়োজ্ঝিতম্॥"

চতুর্থ দিবসে—ফল্গুতীর্থে স্নান করিয়া গয়াশীর্ষে বিষ্ণুপদে যাত্রা করিবে। বিষ্ণুপদের মন্দিরই গয়ার মধ্যে সর্ব্বপ্রধান। ইহার নাটমন্দিরের কারুকার্য্য অতি সুন্দর। গয়াগ্রাম মধ্যে এমন কারুকার্য্য ও গঠনপ্রণালী অন্য কোন মন্দিরে নাই। মহারাষ্ট্ররাজ্ঞী অহল্যাবাই এই সুপ্রসিদ্ধ মন্দির নির্ম্মাণ করাইয়া দেন। এই মন্দির নির্ম্মাণ করিতে প্রায় ৯ লক্ষ টাকা ব্যয় হইয়াছিল। মন্দিরটী ধূসরবর্ণ গ্রেণাইট্ পাথরে নির্ম্মিত। মণ্ডপটী ৫৮ ফিট্ চতুরস্র। প্রত্যেক কোণে আট থাক থাম আছে। মূলস্থান ৮ আটকোণা বুরুজের মত, বিস্তারে প্রায় ৩৮ ফিট্ ইহার মাথায় ৮০ ফিট্ উচ্চ চূড়া আছে। নাটমন্দিরের মধ্যে ও মূলমন্দিরের সম্মুখে নেপালরাজমন্ত্রী রণজিৎ পাঁড়ে প্রদত্ত একটী বৃহৎ ঘণ্টা ঝুলিতেছে, তাহার নিনাদ, যাত্রীগণের জয়ধ্বনি ও ব্রাহ্মণগণের ঘন ঘন মন্ত্রপাঠ শ্রবণ করিলে মনে স্বতই ভক্তির সঞ্চার হয়। এখানে যেমন লোকের জনতা, গয়ার মধ্যে এত আর কোথাও নাই। এই মন্দির মধ্যেই হিন্দুর আরাধ্য গদাধরের পাদপদ্ম। পাদপদ্মের চারিদিক্ রৌপ্যমণ্ডিত। এইখানেই যাত্রীগণ পিণ্ডদান করিয়া থাকেন। নিক্ষেপমাত্র পিঙ্গলবর্ণের গাভিগণ খাইয়া ফেলে। গয়ামাহাত্ম্যের মতে এইখানেই সাক্ষাৎ গয়াসুরের মস্তক বিন্যস্ত আছে, ইহাই গয়াসুরের মুখ্যস্থান। এখানে শ্রাদ্ধে অক্ষয় পুণ্য হয়। আদিগদাধর পিতৃগণের মুক্তিহেতু ব্যক্ত ও অব্যক্তরূপে বিষ্ণুপদ রূপে বাস করিতেছেন। এখানে শ্রাদ্ধ ও পিণ্ডদানে স্বয়ং এবং সহস্রকুল বিষ্ণুলোকপ্রাপ্ত হয়।

বিষ্ণুপদ মন্দিরের নিকট গয়েশ্বরীদেবীর একটী প্রসিদ্ধ মন্দির আছে। সাধারণের বিশ্বাস ইনিই গয়ার অধিষ্ঠাত্রী দেবী।

বিষ্ণুপদমন্দিরের কার্য্য শেষ করিয়া যাত্রী নাটমন্দির পার হইয়া আর একটী স্থানে আসিবেন, এখানে একস্থানে ব্রহ্মপদ, রুদ্রপদ, দক্ষিণাগ্নিপদ, গার্হপত্যপদ, আহবনীয়পদ, সভ্যপদ, আবসথ্যপদ, অর্কপদ, কার্ত্তিকেয়পদ, ইন্দ্রপদ, আগস্ত্যপদ, কাশ্যপপদ, গজকর্ণপদ, প্রভৃতিপদ আছে (১)। এই কয়টী পদে শ্রাদ্ধ ও পিণ্ডদান করিবে। এখন অনেকেই উক্ত পদগুলির মধ্যে কেবল রুদ্রপদ ও বিষ্ণুপদে পিণ্ড দিয়া থাকে। গয়ামাহাত্ম্যে লিখিত আছে, "একতম পদে শ্রাদ্ধ করিলেও কর্ত্তার মঙ্গল হয়।"

পদশিলার উত্তরস্থ পথে বনকেশ, কেদারেশ্বর, নরসিংহ, বামন প্রভৃতি দেবতা আছেন। গয়ামাহাত্ম্যে তাঁহাদের পূজা করিবার বিধান আছে।

পঞ্চম দিবসে—গদালোলতীর্থে স্নান করিয়া শ্রাদ্ধ ও পিণ্ড দান করিবে। তাহার পর সর্ব্বশেষে অক্ষয়বট সমীপে যাইবে। মহাভারতে লিখিত আছে—রাজর্ষি গয়ের যজ্ঞকালে একটী বটবৃক্ষ চিরজীবি হয়, তাহাই অক্ষয়বট। (দ্রোণপর্ব্ব ৬৬ অঃ)। গয়ামাহাত্ম্য মতে এখানে পিতৃউদ্দেশে যাহা দত্ত হয়, তাহাতেই অক্ষয় ফল হইয়া থাকে।

গয়ামাহাত্ম্যে যেরূপ তীর্থযাত্রার কথা লিখিত আছে, তাহাই লিখিত হইল। এ ছাড়া গয়ার মধ্যে গায়ত্রীতীর্থ, সমুদিততীর্থ, সরস্বতীতীর্থ, বিশালানদী, লেলিহান্‌তীর্থ, ভরতাশ্রম, বৈতরণী নদী, ঘৃতকুল্যা ও মধুকুল্যা, কোটিতীর্থ, রুক্মিণীতীর্থ, পাণ্ডুশিলা, মধুশ্রবানদী, কর্দ্দমালতীর্থ, আকাশগঙ্গা, স্বর্গদ্বার, যোনিদ্বার, ব্রহ্মযোনি, ধৌতপাদ, মাহেশ্বরীতীর্থ, দেবদারুবন, দেবীরূপাশিলা, ধর্ম্মশিলা বা ধর্ম্মপ্রস্থ ও মুণ্ডপৃষ্ঠাদ্রির উল্লেখ আছে। এতদ্ব্যতীত আধুনিক গয়াযাত্রাপদ্ধতিতে রামশিলা, রামগয়া, জীব্যালোল, রামশির, তামশির, সাতশির, ভীমগয়া প্রভৃতির উল্লেখ আছে। এখন যাহারা গয়াস্থ ৪৫টী বেদী পর্য্যটন করিতে ইচ্ছা করেন, তাহারা ১৩ দিনে ঐ সকল তীর্থ ও স্থান দর্শন করিয়া থাকেন।

(১) গয়ামাহাত্ম্যে উক্ত পদ কয়টী উল্লেখ আছে। কিন্তু বর্ত্তমানকালে উক্ত পদ কয়টী ব্যতীত দধীচিপদ, চন্দ্রপদ, মাতঙ্গপদ, কর্ণপদ, ক্রৌঞ্চপদ, ইত্যাদি ১৮টী পদে পিণ্ড দিবার বিধান আছে।

রামশিলা পাহাড়ে মহাদেব ও পার্ব্বতীর মন্দির এবং নাট মন্দির আছে। এই পাহাড়ের পাদদেশে ও পাটনা যাইবার বড় রাস্তার ধারে রামকুণ্ড। গয়ার মধ্যে ফল্গুনদীর ধারে মুণ্ডপৃষ্ঠ নামে একটী ছোট পাহাড়, ইহার উপরে একটী মন্দিরে অষ্টভুজাদেবী মূর্ত্তি আছে। ইহার নিকট আদিগয়ানামক স্থান। ইহার চারিদিকে পাথরের থাম আছে। প্রবাদ এইরূপ, পূর্ব্বকালে এইখানেই সকলে আসিয়া পিণ্ডদান করিত। ব্রহ্মযোনি * পাহাড়ের উপর একটী অদ্ভুত গহ্বর আছে, তাহাকেই লোকে ভীমগয়া বলিয়া থাকে। লোকের বিশ্বাস এইখানে ভীম হাঁটু গাড়িয়া বসিয়া ছিলেন। পাহাড়ে এখনও তাঁহার বামহাঁটুর চিহ্ন আছে। তাই এখানে যাত্রীরা বাম হাঁটু গাড়িয়া বসিয়া পিণ্ডদান করেন। এই ব্রহ্মযোনি পাহাড়ের উপর পঞ্চাননা আদ্যাশক্তির মন্দির আছে। মন্দিরটী ১৬৯০ সম্বতে নির্ম্মিত হয়। এখানে অনেক দেবমূর্ত্তি পড়িয়া আছে। সম্রাট্ অরঙ্গজিবের দৌরাত্ম্যে এখানকার অনেক দেবমূর্ত্তি ভগ্ন ও শ্রীহীন হইয়াছে।

ইহার নিকটেই মহাভারতোক্ত ধেনুকতীর্থ, এখানে পাহাড়ের গায়ে আজও গো ও বৎসের পদচিহ্ন দেখিতে পাওয়া যায়। গয়ামাহাত্ম্যে ও অগ্নিপুরাণে ইহা "গোপ্রচার" নামে উক্ত হইয়াছে।

গয়াবাসীর বিশ্বাস—ব্রহ্মা গয়ালীদিগকে যে গো প্রদান করিয়াছিলেন, উহা তাহাদেরই পদচিহ্ন। কিন্তু মহাভারতে লিখিত আছে—"পূর্ব্বে পর্ব্বতোপরি সঞ্চরণকালে সবৎসা কপিলার পদচিহ্ন তথায় নিপতিত হইয়াছিল, উহা আজও দেখিতে পাওয়া যায়। ঐ সমস্ত পদচিহ্নে স্নান করিলে সকলপ্রকার অশুভ বিনষ্ট হয় (১)।" (বনপ° ৮৪ অঃ)

সকল বেদী দর্শন ও পিণ্ডদানাদি শেষ হইলে যাত্রী গায়ত্রীঘাটে উপস্থিত হন। এইখানে গয়ালী আসিয়া সুফল দিয়া থাকেন। সাধারণের বিশ্বাস গয়ালী আসিয়া সুফল প্রদান না করিলে কোন কার্য্যই সিদ্ধ হয় না। কাজেই এই সময় গয়ালীরা তীর্থযাত্রীর উপর চাপিয়া বসেন এবং যতদূর পারেন যাত্রীর নিকট শেষ দক্ষিণাস্বরূপ টাকা আদায় করিতে ছাড়েন না। বস্তুতঃ সুফল দিবার সময়ই গয়ালীরা যাত্রীদিগের নিকট হইতে জোরের সহিত বেশ অর্থ লাভ করিয়া থাকেন। পূর্ব্বে এই সুফল দিবার সময় যাত্রীদিগের উপর বিলক্ষণ উৎপীড়ন হইত। এখন বৃটীশ গবর্মেণ্টের শাসনগুণে আর ততটা উৎপীড়ন হইতে পারে না।

পূর্ব্বকালে গয়ালীরাই তীর্থযাত্রীর সঙ্গে সঙ্গে ভ্রমণ করিয়া শ্রাদ্ধকার্য্যাদি সমাধা করিতেন, কিন্তু আর তাহা ঘটে না। এখন গয়ালীরা বেশ ধনী হইয়া পড়িয়াছেন, অন্নের জন্য কাহারও ভাবনা নাই। সুতরাং এখন তাঁহারা নিজে কোন কার্য্য না করিয়া অধীনস্থ ধামিন্ নামক এক শ্রেণীর ব্রাহ্মণ দ্বারা সকল কার্য্য করাইয়া থাকেন। কেবল সুফল দিবার সময় গয়ালীঠাকুর দেখা দেন। [গয়ালী দেখ।]

গয়ার অপর নাম পিতৃতীর্থ, কারণ এখানে আসিয়া হিন্দু মাত্রেরই পিতৃপুরুষগণের উদ্দেশে পিণ্ডদিবার বিধি আছে। গয়ামাহাত্ম্যে লিখিত আছে—

"আত্মজশ্চান্যজো বাপি গয়াশ্রাদ্ধে যদা তদা।
যন্নাম্না পাবয়েৎ পিণ্ডং তন্নয়েদ্ব্রহ্মশাশ্বতম্॥" ১। ১৫।

নিজ পুত্র কিম্বা অন্য যে কেহ যে কোন সময়ে গয়ায় যাইয়া যাহার নামোল্লেখ করিয়া পিণ্ডদান করে, সে শাশ্বত ব্রহ্মধামে গমন করে।

"গয়ায়াং সর্ব্বকালেষু পিণ্ডং দদ্যাদ্বিচক্ষণঃ।
আধিমাসে জন্মদিনে অস্তেচ গুরুশুক্রয়োঃ॥
ন ত্যক্তব্যং গয়াশ্রাদ্ধং সিংহস্থে চ বৃহস্পতৌ।" ১।১২০।

মলমাসে, জন্মদিনে, অকালে, সিংহস্থ বৃহস্পতিতে এবং সর্ব্বকালেই পণ্ডিতগণ গয়াতে পিণ্ডদান করিবেন।

"অষ্টকাসু চ বৃদ্ধৌ চ গয়ায়াং চ মৃতেঽহনি।
মাতুঃশ্রাদ্ধং পৃথক্ কুর্য্যাদন্যত্র পতিনা সহ॥ ১৬॥
বৃদ্ধিশ্রাদ্ধেতু মাত্রাদি গয়ায়াং পিতৃপূর্ব্বকম্।...
সক্তুনা মুষ্টিমাত্রেন দদ্যাদক্ষয্য পিণ্ডকম্।
তিলাজ্যমধুদধ্যাদিপিণ্ডদ্রব্যেষু যোজয়েৎ॥ ১৯॥
পায়সেনাপি চরুণা সক্তুনা পিষ্টকেন বা।
গুড়েন তণ্ডুলাদ্যৈর্বা পিণ্ডদানং বিধীয়তে॥ ২০॥
মুষ্টিমাত্রপ্রমাণেন চাত্রামলকমাত্রতঃ।
শমীপত্রপ্রমাণেন পিণ্ডং দদ্যাদ্গয়াশিরে॥ ২১॥
উদ্ধরেৎ সপ্তগোত্রানি কুলমেকোত্তরং শতম্।
মাতা পিতা চ ভার্য্যা চ ভগিনী দুহিতুঃ পতিঃ।
পিতৃষসা মাতৃষসা সপ্তগোত্রাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ২২॥

* চীনপরিব্রাজক হিউএন্‌সিয়াং এই পাহাড়কে 'দেবপর্ব্বত' বলিয়া উল্লেখ করিয়াছেন।

(১) "কপিলায়াঃ সবৎসায়াশ্চরন্ত্যাঃ পর্ব্বতে কৃতম্।
সবৎসায়াঃ পদানি স্ম দৃশ্যন্তে হদ্যাপি ভারত।
তেষুপস্পৃশ্য রাজেন্দ্র পদেষু নৃপসত্তম।
যৎ কিঞ্চিদশুভং কর্ম্ম তৎ প্রণশ্যতি ভারত।
উদান্তশ্চ ততো গচ্ছেৎ পর্ব্বতং গীতনাদিতম্।
সাবিত্র্যাস্তু পদং তত্র দৃশ্যতে ভরতর্ষভ।
তত্র সন্ধ্যামুপাসীত ব্রাহ্মণঃ সংশিতব্রতঃ।" বনপর্ব্ব ৮৪ অঃ।

বিংশতির্বিংশতিঃ পিত্রোরষ্টেন্দ্রাঃ ষোড়শক্রমাৎ।
একাদশ দ্বাদশাথ কুলান্যেকোত্তরং শতম্॥" ২৩। ৬ অঃ।

অষ্টকাদিবসে, বৃদ্ধিকালে, গয়াতীর্থে ও মৃতদিনে মাতার শ্রাদ্ধ পিতা হইতে পৃথক্ করিবে। বৃদ্ধিকালে পূর্ব্বে মাতৃগণের পরে পিতৃগণের শ্রাদ্ধ করিবার বিধান আছে, কিন্তু গয়াতে পূর্ব্বে পিতৃগণের পরে মাতৃগণের শ্রাদ্ধ করিবে। তিল, ঘৃত, মধু, দধি প্রভৃতি সহ মুষ্টিপ্রমাণে সক্তু দ্বারা পিণ্ড দিবে। পায়স, চরু, সক্তু, পিষ্টক, গুড় ও তণ্ডুলাদি দ্বারাও পিণ্ড দিতে পার। গয়াশীর্ষে মুষ্টিপ্রমাণে, একটী মাত্র আমলকীফলপ্রমাণে অথবা অন্ততঃ একটী (ক্ষুদ্র) শমীপত্র প্রমাণেও পিণ্ড দিবে। এখানে পিণ্ড দিলে পিতা, মাতামহ, শ্বশুর, ভগিনীপতি, জামাতা, পিতৃষ্বস্পতি ও মাতৃষ্বস্পতি এই সপ্তগোত্রের উদ্ধার হয়। তাহাতে পিতার ও মাতামহের কুড়ি, শ্বশুরের আট, ভগিনীর চৌদ্দ, জামাতার ষোল, পিতৃষ্বস্পতির এগার, মাতৃষ্বস্পতির বার, এই ১০১ কুলজাত লোকের উদ্ধার হয়।

গয়ায় স্ত্রীপুরুষের একযোগে পিণ্ডদান করিবার নিয়ম নাই।

"স্বগোত্রে পরগোত্রে বা দম্পত্যোঃ পিণ্ডপাতনম্।
অপৃথক্ নিষ্ফলং শ্রাদ্ধং পিণ্ডঞ্চোদকতর্পণম্॥"

এখানে স্ত্রী ও পুরুষ এক যোগে স্বগোত্রীয় বা ভিন্ন গোত্রীয় মৃত ব্যক্তির উদ্দেশে পিণ্ডদান বা তর্পণ করিলে তাহা নিষ্ফল হয়।

গরুড়পুরাণের মতে—

"তীর্থশ্রাদ্ধং গয়াশ্রাদ্ধং শ্রাদ্ধমন্যচ্চ পৈতৃকম্।
অব্দমধ্যে ন কুর্ব্বীত মহাগুরুনিপাতনে॥"

তীর্থশ্রাদ্ধ, গয়াশ্রাদ্ধ ও যে কোন অন্য শ্রাদ্ধ মহাগুরু নিপাত হইলে তাহার একবর্ষ মধ্যে করিবে না।

কিন্তু ত্রিস্থলীসেতুর মতে—

অস্থিক্ষেপং গয়াশ্রাদ্ধং শ্রাদ্ধং চাপরপক্ষিকম্।
প্রথমাব্দেঽপি কুর্ব্বীত যদি স্যাদ্ভক্তিমান্ সুতঃ॥"

তবে পুত্র যথার্থ ভক্তিমান্ হইলে অস্থিক্ষেপ, গয়াশ্রাদ্ধ ও অপর পক্ষ শ্রাদ্ধ একবর্ষ মধ্যেই করিতে পারে।

মৈত্রায়ণীয় পরিশিষ্টে লিখিত আছে—

"আষ্টক্যং গয়াপ্রাপ্তৌ সত্যাং যচ্চ ক্ষয়াহনি।
মাতুঃ শ্রাদ্ধং সুতঃ কুর্য্যাৎ পিতর্য্যপি চ জীবতি॥"

অর্থাৎ পিতা জীবিত থাকিলেও পুত্র মাতার শ্রাদ্ধ গয়ায় করিতে পারে।

কিন্তু হারীতের—

"জীবে পিতরি বৈ পুত্রঃ শ্রাদ্ধকার্য্যং বিবর্জ্জয়েৎ।"

এই বচনানুসারে জীবৎপিতৃকের কোনরূপ শ্রাদ্ধে অধিকার নাই। ভিক্ষু বা গৃহত্যাগী সন্ন্যাসীদিগেরও গয়ায় পিণ্ডদানে অধিকার নাই। গয়ামাহাত্ম্য-(১।২২) মতে—

"দণ্ডং প্রদর্শয়েদ্ভিক্ষুর্গয়াং গত্বা ন পিণ্ডদঃ।
দণ্ডং স্পৃষ্টা বিষ্ণুপদে পিতৃভিঃ সহ মোদতে॥"

ভিক্ষু গয়াতে পিণ্ডদান না করিয়া দণ্ড প্রদর্শন করিবে। দণ্ডদ্বারা বিষ্ণুপদ স্পর্শ করিলেই তিনি পিতৃলোকের সহিত শান্তিপ্রাপ্ত হন।

গয়াকাশ্যপ, শাক্যসিংহের একজন প্রধান শিষ্য, গয়াতে ইনি বুদ্ধদেবের নিকট দীক্ষিত হন।

গয়াদাস, একজন বৈদ্যক গ্রন্থকার, ভাবমিশ্র ও বৈদ্যবাচস্পতি ইঁহার মত উদ্ধৃত করিয়াছেন।

গয়াদীন, রামগীতগোবিন্দ নামক সংস্কৃত কাব্যপ্রণেতা।

গয়ার (দেশজ) শ্লেষ্মা, গয়ের।

গয়ালী (গয়াল, গয়াবাল)—গয়াবাসী ব্রাহ্মণজাতি। তীর্থযাত্রীদিগের পিতৃপুরুষের পিণ্ডদান ও শ্রাদ্ধাদি ক্রিয়ায় পৌরোহিত্য করাই ইঁহাদের প্রধান কার্য্য। প্রবাদ—গয়াসুরের পৃষ্ঠে ব্রাহ্মণ ভোজন করাইবেন বলিয়া পদ্মযোনি ব্রহ্মা যে চৌদ্দজন ব্রাহ্মণ সৃষ্টি করেন, সেই ব্রাহ্মণগণ হইতেই তাহাদের উৎপত্তি। ইহাদের মধ্যে ১৪টী গোত্র আছে।

এখন সর্ব্বসমেত ৩০০ ঘর গয়ালীর বাস। অনেকেই ভালরূপ লেখাপড়া জানেন না। যাত্রীদের নিকট প্রচুর পরিমাণে টাকা আদায় করেন। সকলেরই ভোগশক্তি কিছু বেশী, এমন কি যাহারা মন্দিরাদিতে ভিক্ষা করিয়া থাকে, তাহারাও ২।৩টী চাকর রাখিতে পারে। ইহারা সকল সময় আড্ডায় (বৈঠকে) কাটায়। বাল্যাবস্থা হইতেই ইহাদের এই রীতি। এখানে থাকিয়া ইহারা কেবল পাণ, গাঁজা ও ভাঙ্ খাইতে শিখে। নাচ, গান, তামাসা ও তাস, দাবা, পাশা প্রভৃতি খেলায় ইহাদের ভারী আমোদ। বড়ভায়ের সহিত একত্র এই আমোদে যোগদান করিতে ইহারা কিছুমাত্র লজ্জাবোধ করে না। স্ত্রীলোকেরা নিজ নিজ স্বামীর উপভোগের জন্য পাণ সাজিয়া থাকেন ও গৃহাদির আস্বাবের পারিপাট্য করেন। সন্ধ্যাকালে দাসদাসীপরিবৃত হইয়া বৈকালীন বায়ুসেবন ও নিজ বন্ধুবান্ধবের সহিত সাক্ষাৎ করিয়া বেড়ান। মহারাষ্ট্রজাতীয় স্ত্রীলোকেরাই ইহাদের খাদ্যাদির আয়োজন করিয়া থাকে।

বাল্যাবস্থায় ইহাদের বিবাহ হইয়া থাকে। বিবাহে বিস্তর খরচ। বর একখানি সুন্দর চতুর্দোলে বসিয়া আত্মীয় স্ত্রীলোকগণ সমভিব্যাহারে জাঁকজমকের সহিত যায়।

কন্যার বাটীতে বরকে রাখিয়া স্ত্রীলোকগণ "মছরহাতা" সারিবার জন্য বিষ্ণুপদমন্দিরের নিকট সূর্য্যকুণ্ড সরোবরে আসিয়া জমা হয়। এই স্থানে তাহারা দুইচারি বা ততোধিক ব্রাহ্মণকে বসাইয়া রাখে। সোহাগিনীরা (নয়বৎসরের বালিকা সবে একবৎসর মাত্র বিবাহিত) আসিয়া দুই হাতের তালু পিটুলিবাটার মধ্যে ডুবাইয়া ঐ ব্রাহ্মণদের পৃষ্ঠে দশ আঙ্গুলের ছাব দেয় ও প্রতিফলিত দুই তালুর মধ্যস্থলে সিন্দূরের টিপ দিয়া উহাদিগকে ফুল চন্দন দিয়া পূজা করে এবং তৎপরে দক্ষিণা দিয়া তাঁহাদিগকে বিদায় দেয়।

বিবাহের পর কন্যাকে শ্বশুরের কোলে বসাইয়া তাহার সীমন্তে সিন্দূর দেওয়া হয়। তৎপরে বরের আত্মীয়গণকে কাপড় উপঢৌকন দিতে হয়। চারদিন পরে "চৌথারি" হইয়া থাকে। ইহার পর নবদম্পতি স্বজন সহিত রুক্মিণীকুণ্ডের তীরে আসে। এই স্থানে দিবাভাগে তাহাদের সম্মুখে একটী ক্ষুদ্র নাটকাভিনয়ও হয়। এই সময় কন্যার মাথার উপর একটী পাত্রে চাল ও কড়ি রাখে, কন্যা তাহা অল্পে অল্পে ফেলিতে থাকে এবং ক্রমেই কৃত্রিম ক্রোধ দেখায়, তখন বর তাহাকে সান্ত্বনা করিতে থাকে। অভিনয়ান্তে সকলে নৃত্যগীত ও ভোজনাদি শেষ করিয়া সন্ধ্যার সময় বাড়ীতে ফিরিয়া আসেন।

যাত্রীদিগের নিকট বিস্তর অর্থ উপার্জ্জন করিয়া এই গয়ালীরা প্রচুর সম্পত্তিশালী হইয়া উঠিয়াছেন। ইহাদের মধ্যে অতি সামান্য লোকেরও উদরচিন্তা করিতে হয় না। এখন ধনগৌরবে আর গয়ালীরা নিজে যাত্রীগণের পৌরোহিত্য করেন না, অধীনস্থ অপর ব্রাহ্মণকে এই কার্য্যে নিযুক্ত করিয়া থাকেন। তবে যাত্রীর তীর্থযাত্রা শেষ হইলে সুফল দিবার সময় গয়ালীরা আপনার লভ্য যথেষ্ট আদায় করিয়া থাকেন। [গয়া দেখ।]

গয়াশিখর (ক্লী) [গয়শিরস্ দেখ।]

গয়াশীর্ষ (ক্লী) গয়ার নিকটস্থ পর্ব্বতবিশেষ।

গয়াশ্বত্থ (পুং) অশ্বত্থবৃক্ষবিশেষ।

গয়াস্‌উদ্দীন্ মুহম্মদ, একজন গ্রন্থকার। উঃ পঃ প্রদেশের লক্ষ্ণৌর অন্তর্গত সাহাবাদ পরগণার মুস্তফাবাদ বা রামপুরবাসী জলাল্ উদ্দীনের পুত্র ও সরফউদ্দীনের পৌত্র। গয়াস্‌উদ্দীন্ চতুর্দ্দশ বর্ষকাল অনবরত পরিশ্রম করিয়া ১৮২৬ খৃঃ অব্দে "গয়াস্ উল্ লুঘাৎ" নামক একখানি পারস্যভাষায় অভিধান সম্পূর্ণ করেন। এ ছাড়া মিফতা উল্‌কুনুজ, সারাসিকন্দরনামা, নস্‌কারাগ ও বাহার নামক কএকখানি পুস্তক, ছোট কবিতা ও কশিদা (দীর্ঘ-পদ্য) রচনা করেন।

গয়াস্‌উদ্দীন্ বাহ্মণি, দক্ষিণাপথের বাহ্মণিরাজ্যের রাজা বা সুলতান। ১৩৯৭ খৃষ্টাব্দের এপ্রেলমাসে তাঁহার পিতা সুলতান মাহ্মুদ শার মৃত্যু হইলে গয়াস্‌উদ্দীন্ রাজা হন। লালচীন নামক একজন তুর্কী ক্রীতদাস মনে করিয়াছিল যে গয়াস্‌উদ্দীন রাজত্ব লাভ করিলে সে প্রধান মন্ত্রী নিযুক্ত হইবে। কিন্তু তাহা না হওয়াতে ক্রুদ্ধ হইয়া নিজের ছোরা দিয়া গয়াসের দুই চক্ষু উৎপাটিত ও তাহাকে সাগরের দুর্গে অবরুদ্ধ করিয়া তাহার পিতৃব্য সামস্‌উদ্দীন্‌কে রাজা করে। ১৩৯৭ খৃষ্টাব্দে ১৪ই জুন এই ঘটনা ঘটে।

গয়াস্‌উদ্দীন্ বলবন্, (কোকলতাস্) একজন তুর্কী সামন্তের পুত্র। মোগলেরা তাঁহাকে বাল্যকালে চুরি করিয়া বিক্রয় করিলে তিনি বোগদাদে নীত হন ও তথা হইতে দিল্লীতে আনীত হইলে দিল্লীর বাদশাহ আলতামাস্ তাঁহাকে বহু মূল্যে ক্রয় করেন। মিন্‌হাজ্-ই সরাজ নামক একজন মুসলমান ইঁহারই রাজত্বকালে তবকাত-ই-নাসিরী নামক ইতিহাস রচনা করেন। ঐ ইতিহাসে সম্রাটের রাজত্বের প্রথম অংশের বিশেষ বৃত্তান্ত লিখিত হইয়াছে। সম্রাটকে তিনি উলুগখাঁ নামে অভিহিত করিয়াছেন। মিন্‌হাজের মৃত্যু হওয়ায় তাহার গ্রন্থে পরবর্ত্তীকালের বৃত্তান্ত লিখিত হয় নাই। পরবর্ত্তীকালের কথা জিয়াউদ্দীন্ বরণিকৃত তারিখ-ই-ফিরোজশাহী নামক গ্রন্থে বর্ণিত আছে। এই পুস্তকে সম্রাটের প্রশংসাই অধিক। নিন্দার কথা বিশেষ নাই। অন্যান্য ইতিহাস হইতে তাহা জানিতে পারা যায়। শুনিতে পাওয়া যায়, সম্রাট্ আল্‌তামাস্ প্রথমতঃ তাঁহাকে ক্রয় করিয়া বাজপক্ষীর তত্ত্বাবধায়ক নিযুক্ত করেন। গয়াসের এক ভ্রাতা তখন রাজসংসারে উচ্চপদে প্রতিষ্ঠিত ছিলেন। তাঁহারই সাহায্যে গয়াস্‌উদ্দীন্ উচ্চ আমীরপদ লাভ করেন। আল্‌তামাসের পুত্র রুকুন্‌উদ্দীনের রাজত্বকালে তিনি পঞ্জাবের শাসনকার্য্যে নিযুক্ত হন। কিছুকাল থাকিয়া দিল্লির অধীনতা অস্বীকার করিয়া নিজের নামে পঞ্জাবে রাজত্ব করিতে থাকেন। সুলতানা রেজিয়ার রাজত্বকালে কতকগুলি লোক রাজ্ঞীর বিরুদ্ধে ষড়যন্ত্র করে। গয়াস্‌উদ্দীন্ তাহাদের সহিত মিলিত হইয়া সসৈন্যে দিল্লী যাত্রা করেন। তথায় যুদ্ধে পরাস্ত হইয়া বন্দী হন। কিছুকাল পরে কারাগার হইতে পলায়ন করিয়া বহ্‌রামের সহায়তা করেন। সম্রাট্ বহ্‌রামের রাজত্বকালে তিনি হান্সি ও রেবারি প্রদেশের শাসনকর্ত্তা নিযুক্ত ছিলেন। এই সময় মীরাটের বিদ্রোহ নিবারণ করায় তাঁহার বিশেষ প্রতিপত্তি জন্মে। সম্রাট্ আলাউদ্দীন্ মুসাউদের সময় আমীর

হাজিব পদে মনোনীত হন। তাহার পর নাসিরউদ্দীন্ বাদশাহের আমলে তিনি নামে মন্ত্রী ছিলেন, কিন্তু সম্রাটের সমস্ত ভার তাঁহার উপর ছিল। নাসিরউদ্দীনের পুত্র সন্তান না থাকায় গয়াস্‌উদ্দীন্ বল্‌বন্ নাম ধারণ করিয়া ১২৬৬ খৃষ্টাব্দে ফেব্রুয়ারি মাসে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। সেই সময় অনেক তুর্কী ক্রীতদাস ওমরাহ হইয়া রাজ্যের বড় বড় পদ অধিকার করিয়াছিলেন। গয়াস্‌উদ্দীন্ নিজে ক্রীতদাস হইতে সম্রাট্‌পদে উন্নীত হন। অতঃপর যাহাতে আর কোন তুর্কী তাঁহার মত সিংহাসন অধিকার করিতে না পারে ও যাহাতে নিজবংশেই রাজত্ব অক্ষুণ্ণ থাকে, এই চেষ্টা করিতে লাগিলেন। প্রথমতঃ তুর্কী ওমারাহদিগের বিনাশ সাধন করিয়া সৈনিক বিভাগ সুদৃঢ় করিয়া লইলেন। একদল চর নিযুক্ত করিয়া গোপনে কর্ম্মচারীদিগের সংবাদ সংগ্রহ করিতে লাগিলেন। সুতরাং রাজধানী হইতে বড় নড়িতে পারিতেন না। কিছুকাল এইরূপে রাজত্ব করিয়া পরে অনেক বিষয়ে উদারতা দেখাইয়াছিলেন। বংশমর্য্যাদার উপর তাঁহার বিশেষ আস্থা ছিল। তবে হিন্দুদিগের প্রতি তাঁহার বিশ্বাস ছিল না। তিনি হিন্দুকে উচ্চকর্ম্মে নিযুক্ত করিতেন না। বিদ্বানের আদর করিতেন বলিয়া অনেক কৃতবিদ্য তাহার সভায় উপস্থিত থাকিতেন। ইতিহাসলেখক ফেরিস্তা বলেন, তাহার সময়ে রাজসভায় খুব ধূমধাম ছিল। সম্রাটের দেখা দেখি অনেকে তাহার অনুকরণ করিত। গয়াস্‌উদ্দীন্ পূর্ব্বে মদ্যপান করিতেন, কিন্তু সিংহাসনে আরোহণ করিয়া তাহা পরিত্যাগ করেন। তখন কেহ মদ্যপান করিলে তাহার বিশেষ শাস্তি বিধান করিতেন। দেশে কেহ মদ্য প্রস্তুত করিলে তাহারও বিশেষ শাস্তির ব্যবস্থা হইয়াছিল। এক সময়ে তিনি রাজ্যের সমস্ত বৃদ্ধকর্ম্মচারীকে কর্ম্ম হইতে অবসর দিয়া তাঁহাদিগের গ্রাসাচ্ছাদনের জন্য অর্দ্ধেক বেতন দিবার ব্যবস্থা করেন। এখন ইংরাজ গবর্মেণ্টের আমলে এইরূপ পেন্‌সন্ বিশেষ আদরের সহিত গৃহীত হইয়া থাকে। কিন্তু তখনকার লোক ইহাতে বড়ই দুঃখিত হইল। তাঁহারা সকলে পরামর্শ করিয়া দিল্লীর ফৌজদারের নিকট উপস্থিত হইয়া ইহার প্রতিবিধানের জন্য চেষ্টা করিতে চলিলেন। ফৌজদার সম্রাটের বিশেষ প্রিয়পাত্র ছিলেন ও সকলেই ইঁহাকে শ্রদ্ধা ভক্তি করিত। ফৌজদার পরদিন সম্রাটের নিকট উপস্থিত হইয়া ম্লানভাবে দণ্ডায়মান রহিলেন। বাদশাহ তাহার কারণ জিজ্ঞাসা করিলে বলিলেন, 'আমি ভাবিতেছি যে পরমেশ্বরের নিকট যদি সকল বৃদ্ধলোক পরিত্যক্ত হয়, তবে আমার দশায় কি হইবে।' সম্রাট্ বুঝিলেন ও বৃদ্ধদিগকে আপন আপন কর্ম্ম করিতে বলিলেন।

বল্‌বনের ভ্রাতুষ্পুত্র সেরখাঁ লাহোর মূলতান প্রভৃতি প্রদেশের শাসনকর্ত্তা নিযুক্ত ছিলেন। মোগলেরা তখন এই প্রদেশ লুণ্ঠন করিত। ১২৭০ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হইলে বল্‌বন্ পুত্র মাহ্মুদকে তাঁহার পদে নিযুক্ত করিয়া পাঠাইয়া দিলেন। সেই সময় রাজ্য মধ্যে ঘোষণা করিয়া দিলেন যে তাঁহার মৃত্যুর পর এই মাহ্মুদ তাহার উত্তরাধিকারী হইয়া সিংহাসনে আরোহণ করিবেন।

বল্‌বনের এক সময় পীড়া হইলে গুজব উঠে যে তাঁহার মৃত্যু হইয়াছে। বঙ্গদেশের শাসনকর্ত্তা তোগ্‌রল্ খাঁ এই সংবাদ পাইয়া নিজে স্বাধীন রাজা বলিয়া ঘোষণা করিলেন। বল্‌বন্ এই সংবাদ পাইয়া অযোধ্যার শাসনকর্ত্তা আলপ্তগীন বা আগীর খাঁকে বঙ্গের শাসনকর্ত্তা নিযুক্ত করিয়া তাঁহাকে বহুসংখ্যক সৈন্য দিয়া প্রেরণ করিলেন। আলপ্তগীন পরাজিত হইলে বল্‌বন্ ক্রোধে উন্মত্ত হইয়া তাঁহার ফাঁসি দিলেন। তাহার পর মল্লিক তিরমণি তুর্ক নামক অপর একজনকে বঙ্গদেশে পাঠাইলেন, সেও পরাজিত হইয়া প্রত্যাগমন করিল। বল্‌বন্ তখন নিজে যাত্রা করিলেন। তোগ্‌রল্ রাজধানী ছাড়িয়া ত্রিপুরায় পলায়ন করিলেন। সম্রাট্ তাহার অনুশরণ করেন। কোলরাজ্যের শাসনকর্ত্তা মল্লিক মুকুদ্দর একদল সেনা লইয়া গোপনে তোগ্‌রলের শিবিরে গিয়া 'বালিন বাদশাহের জয়' বলিতে বলিতে সম্মুখে যাহাকে পান তাহাকেই কাটিতে লাগিলেন। তোগ্‌রল বিপদ্ জানিয়া নদী পার হইতে যান, এমন সময়ে মল্লিকের এক বাণে বিদ্ধ হইয়া পড়িয়া গেলেন। মল্লিক তাঁহার মস্তক ছেদন করিয়া লইয়া দেহ জলে ভাসাইয়া দিলেন। বল্‌বন্ তোগ্‌রলের বংশীয় সকলকেই বিনাশ করিলেন। তাহার পর তিনি গৌড়ে প্রত্যাগমন করিয়া নিজ পুত্র নাসিরউদ্দীন্ বঘরা খাঁকে বঙ্গের শাসনকর্ত্তা করিয়া দিল্লী প্রস্থান করেন। দিল্লীতে আসিলে তাঁহার জ্যেষ্ঠপুত্র তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আসেন। বল্‌বন্ তাঁহাকে তাঁহার অবর্ত্তমানে কিরূপে সম্রাটের কার্য্য করিতে হইবে, তদ্বিষয়ে উপদেশ প্রদান করিয়া মূলতানে পাঠাইয়া দেন। এই সময় তৈমুর খাঁ সসৈন্যে আসিয়া এই প্রদেশ লুণ্ঠন আরম্ভ করেন। মাহ্মুদ যুদ্ধে তাঁহাকে পরাস্ত করেন। কিন্তু তিনি ক্লান্ত হইয়া নদীতীরে জলপান করিতেছিলেন। এমন সময়ে তৈমুর গুপ্তভাবে তাঁহাকে আক্রমণ করিয়া নিহত করেন। বল্‌বন্ এই সংবাদ পাইয়া ভগ্নহৃদয় হইয়া

নিজের মৃত্যুকামনা করিতে লাগিলেন। বঙ্গদেশ হইতে বঘ্‌রা খাঁকে আনয়ন করিয়া তাঁহাকে উত্তরাধিকারী মনোনীত করিলেন ও মৃত্যুকাল পর্য্যন্ত তাঁহার নিকট থাকিতে অনুরোধ করিলেন। বঘ্‌রা খাঁ মৃত্যুর বিলম্ব আছে মনে করিয়া তাঁহাকে না বলিয়া বঙ্গদেশে যাত্রা করিলেন। বল্‌বন্ ইহাতে ক্রুদ্ধ হইয়া মাহ্মুদের পুত্র খোস্‌রুকে তাঁহার উত্তরাধিকারী নিযুক্ত করিয়া ১২৮৬ খৃষ্টাব্দে ইহলোক পরিত্যাগ করেন। ২১ বর্ষকাল তিনি রাজত্ব করিয়াছিলেন।

গয়াস্‌উদ্দীন্ করৎ ১ম, (মালিক্-) হিরাট, বাল্‌খ ও গজনির রাজা, ইনি করৎ বা কর্দবংশীয় ৪র্থ রাজা। ১৩০৭ হইতে ১৩২৯ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করেন।

গয়াস্‌উদ্দীন্ করৎ ২য় (মালিক্-) হিরাট, ঘোর, সরখস্ ও নৈসাপুরের রাজা। ১৩৭০ খৃষ্টাব্দে সিংহাসনে আরোহণ করিয়া ১২ বৎসর কাল রাজত্ব করেন। ইনি তুস্ ও জাম প্রদেশ অধিকার করিয়াছিলেন। সব্দবারের সর্ব্বদার ও জানিকুর্ব্বানির সামন্তদিগের সহিত ইঁহাকে যুদ্ধ করিতে হয়। ১৩৮১ খৃষ্টাব্দে (হিজিরা ৭৮৩) তৈমুরলঙ্গ হিরাটপ্রদেশ জয় করিয়া সুপুত্র গয়াসউদ্দীন্‌কে বন্দী করিয়া নিহত করেন।

গয়াস্‌উদ্দীন্ খিলজি, সুলতান, গুজরাটের একজন রাজা। ১৪৬৯ খৃষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন। ৩৩ বৎসর রাজত্ব করিবার পর, তিনি বৃদ্ধ হইলে তাহার পুত্রদ্বয় তাঁহার মৃত্যু কামনা করিতে লাগিলেন। শেষে ভ্রাতৃদ্বয় মধ্যে বিবাদ আরম্ভ হইল। জ্যেষ্ঠ নাসিরউদ্দীন্, কনিষ্ঠ সুজাত খাঁকে বিনাশ করিয়া ১৫০০ খৃষ্টাব্দে ২২এ অক্টোবর রাজ্যভার গ্রহণ করিলেন। কিছুদিন পরে হঠাৎ এক দিন দেখা গেল যে, অন্দরমহলে তাঁহার বৃদ্ধ পিতার মৃত্যু হইয়াছে। অনেকের অনুমান বিষপ্রয়োগে তাঁহার মৃত্যু হয়।

গয়াস্‌উদ্দীন্ মাহ্মুদ, ঘোর ও গজনির রাজা। ১২০৫ খৃষ্টাব্দে ইনি রাজত্ব করিতে আরম্ভ করেন। ৪ বৎসর রাজত্বের পর, ১২১০ খৃষ্টাব্দে ৩১এ জুলাই শনিবার রাত্রিতে মুহম্মদআলি শাহের লোকেরা ইহার প্রাণ বিনাশ করে। ফেরোজকো নামক স্থানে ইহাকে গোর দেওয়া হয়।

গয়াস্‌উদ্দীন্ মুহম্মদ ঘোরি, ঘোর ও গজনির অধিপতি। ১১৫৭ খৃষ্টাব্দে ইনি রাজত্ব লাভ করিয়া ভ্রাতা শাহাবুদ্দীন্ বা মৈজউদ্দীন মুহম্মদকে গজনির শাসনভার অর্পণ করেন। এই শাহাবুদ্দীন্, গয়াস্‌উদ্দীনের হইয়া খোরাসান ও ভারতবর্ষের অধিকাংশ জয় করেন। গয়াস্‌উদ্দীন্ ঐ সকল প্রদেশ আপন রাজ্যভুক্ত করিয়া লন। ১২০৩ খৃষ্টাব্দে ১২ই মার্চ বুধবার গয়াস্‌উদ্দীনের মৃত্যু হয়।

গয়াস্‌উদ্দীন্ মাহ্মুদ ঘোরি, ঘোর ও গজনির অধিপতি। গয়াস্‌উদ্দীন্ মুহম্মদের পুত্র। পিতার মৃত্যু হইলে, পিতৃব্য শাহাবুদ্দীন্ সিংহাসনে আরোহণ করেন। তাঁহার মৃত্যু হইলে গয়াসউদ্দীন্ মাহ্মুদ রাজ্যলাভ করিলেন। ইনি তাজউদ্দীন্ এল্‌দুজকে গজনির রাজ্যভার অর্পণ করেন। ১২১০ খৃষ্টাব্দে ইঁহার মৃত্যু হয়। ইনি বড় অলস ছিলেন।

গয়াস্‌উদ্দীন্, বঙ্গের একজন সুবেদার। (ইঁহার অপর নাম হসাম্‌উদ্দীন্ ইরাজ্।) ইনি পারস্যের অন্তর্গত ঘোররাজ্যের কোন সম্ভ্রান্তবংশে জন্মগ্রহণ করেন। বয়োপ্রাপ্ত হইলে অর্থোপার্জ্জনের জন্য তুর্কিস্থানে উপস্থিত হন। তথায় পুসতে, অফরোজ নামক একটী পর্ব্বতে আরোহণ করিয়া দুইটী ফকিরকে দেখিতে পান। ফকিরগণ তাহাকে জিজ্ঞাসা করিল, "তোমার কাছে কিছু খাদ্যসামগ্রী আছে?" তিনি তখন খাদ্য বাহির করিয়া দিলেন। ফকিরগণ তাহা আহার করিতে লাগিলেন। পরে তিনি জল আনিয়া দিলেন। তাঁহারা আহার করিয়া তৃপ্ত হইয়া তাহাকে বলিয়া দিলেন, "তুমি ভারতবর্ষে গমন কর, তথায় তোমার ভাগ্যে সিংহাসন আছে।" হসাম্‌উদ্দীন্ এই কথায় বিশ্বাস করিয়া ভারতে আসিয়া বখ্‌তিয়ারের অধীনে চাকরি গ্রহণ করিলেন। বখ্‌তিয়ার তাঁহাকে বাঙ্গলায় লইয়া গিয়া গঙ্গত্রির শাসনকর্ত্তা নিযুক্ত করিলেন। এ গঙ্গত্রি কোথায় অবস্থিত, তাহা আজিও ঠিক নির্ণীত হয় নাই। কেহ বলেন, বিহার ও নাগরের মধ্যবর্ত্তী গুরগুরি, কেহ বলেন বিহারের অন্তর্গত গিধোড় নামক স্থান পূর্ব্বে গঙ্গত্রি বলিয়া উক্ত হইত। যাহা হউক, হসাম্‌উদ্দীন্ কিছুকাল পরে দেবকোট নামক স্থানের শাসনকর্ত্তা হন। তখন দেবকোট একটী প্রধান সেনা-নিবাস ও ফৌজদারী আড্ডা ছিল। উহা দিনাজপুর জেলায় গঙ্গারামপুরের অন্তর্গত দমদমা নামক স্থানে অবস্থিত। হসাম্‌উদ্দীনের সাহায্যে দিল্লির সম্রাটের কর্ম্মচারীরা মুহম্মদ সেরান ও অন্যান্য খিলজীসামন্তদিগকে জয় করেন। দিল্লির সম্রাট্ বখতিয়ার খিলজির পর আলিমর্দ্দান খিলজিকে বঙ্গের সিংহাসনে প্রতিষ্ঠিত করেন। আলিমর্দ্দানের আগমন কালে হসাম্‌উদ্দীন্ কুশী নদীর তীরে গিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিয়া অভিবাদন করেন ও তাহার অনুগমন করিয়া দেবকোট নামক স্থানে আলিমর্দ্দানের অভিষেককার্য্য সম্পন্ন করাইয়া দেন। হিজরি ৬০৭ সনে লাহোরে সম্রাট্ কুতুবউদ্দীনের মৃত্যু হইলে, আলিমর্দ্দান দিল্লির অধীনতা অস্বীকার করিয়া স্বাধীন হইয়া আলাউদ্দীন্ নাম গ্রহণ করিলেন। কিন্তু দুই বৎসর পরেই খিলজিরা তাঁহাকে বধ

করিয়া হসাম্‌উদ্দীন্‌কে সুবেদার করিলেন। হিজিরা ৬০৮ সনে এই ঘটনা হয়। হসাম্‌উদ্দীনও পরে দিল্লির অধীনতা পরিত্যাগ করিয়া গয়াস্‌উদ্দীন্ নাম ধারণ করেন। গয়াস্‌উদ্দীন্ ৬১৬ হিজিরা অব্দে স্বনামে রৌপ্যমুদ্রা প্রচলিত করেন। আরও অনুমান হয় যে, তিনি দিল্লির সম্রাট্‌কে ছাড়াইয়া বোগ্‌দাদ হইতে নিজ নামে সনন্দ আনাইয়া নাসির আমীর আল্‌মুনিম্ (অর্থাৎ বিশ্বস্তদিগের রক্ষাকর্ত্তা) উপাধি গ্রহণ করেন। যাহা হউক তিনি গৌড়নগরে অনেক উত্তম অট্টালিকা, একটী বিদ্যালয় ও অনাথশালা স্থাপন করেন। বন্যার সময় দেশ প্লাবিত হইয়া যাইত, লোকের যাতায়াতের কষ্ট হইত, তন্নিবারণের জন্য দেবকোট হইতে বীরভূমের রাজধানী "নগর" পর্য্যন্ত দশ দিনের পথ ব্যাপিয়া এক বাঁধ প্রস্তুত করিয়া দেন। বিচারকালে কি হিন্দু, কি মুসলমান, কি ধনী, কি নির্ধন, কাহারও প্রতি তিনি পক্ষপাত করিতেন না। আসাম, ত্রিহুত, ত্রিপুরা ও উড়িষ্যার কতক জয় করিয়া সেখানকার রাজাদিগের নিকট হইতে করগ্রহণ করিতেন। তিনি দিল্লির সম্রাট্ আল্‌তামাসের নিকট উপঢৌকন পাঠান নাই বলিয়া দিল্লীশ্বর সসৈন্যে আগমন করেন। গয়াস্‌উদ্দীন্ নৌকাগুলি সরাইয়া লইয়া সম্রাটের সৈন্যদিগকে গঙ্গাপার হইতে দেন নাই। শেষে সন্ধির প্রস্তাব করায় সম্রাট্ শান্ত হন। সন্ধি হইল যে সম্রাটের নামে মুদ্রা প্রচলিত হইবে ও তাঁহার নামে খুত্‌বা (ঘোষণাপত্র) পঠিত হইবে। গয়াস্‌উদ্দীন্ প্রভূত অর্থ ও ৩৮টী হস্তী সম্রাট্‌কে দান করিবেন এবং দিল্লিতে দুই বৎসর রীতিমত কর পাঠাইতে থাকিবেন। গয়াস্‌উদ্দীন্ এই সকল প্রস্তাবে সম্মত হইলে সম্রাট্ দিল্লিযাত্রা করিলেন। যাত্রাকালে মুলক্ আলা-উদ্দীন্‌কে বেহারের শাসনকর্ত্তা করিয়া গেলেন। সম্রাট্ যাইবার পরে গয়াস্‌উদ্দীন্ গঙ্গাপার হইয়া উক্ত শাসনকর্ত্তাকে ও সম্রাটের সৈন্যদিগকে দূর করিয়া বেহারবিভাগ নিজ শাসনাধীন করিয়া লইলেন।

সম্রাটের নিকট এই সংবাদ পৌঁছিলে, তিনি অত্যন্ত বিরক্ত হইলেন ও পুত্র নাসিরউদ্দীন্‌কে সসৈন্যে বঙ্গজয় করিতে পাঠাইয়া দিলেন। গয়াস্‌উদ্দীন্ বঙ্গের পূর্ব্বাঞ্চলের রাজগণের সহিত যুদ্ধে ব্যাপৃত ছিলেন। সুতরাং নাসির-উদ্দীন্ অযোধ্যায় আসিয়া নির্ব্বিবাদে রাজধানী লক্ষ্মণাবতী অধিকার করিলেন। গয়াস্‌উদ্দীন্ এই সংবাদ পাইবামাত্র তথায় আসিয়া সম্রাট্ সৈন্যের সহিত ঘোরতর যুদ্ধ করেন। তিনি যুদ্ধস্থলেই হউক অথবা যুদ্ধে পরাজিত হইয়া শত্রুহস্তেই হউক নিহত হন। ১২২৭ খৃষ্টাব্দে (হিজিরা ৬২৪ সনে) এই ঘটনা হয়। গয়াস্‌উদ্দীনের সুখ্যাতি সকলেই করিত। সম্রাট্ আল্‌তামাস্ পর্য্যন্ত তাহার সুখ্যাতি করিতেন।

গয়াস্‌উদ্দীন্, বাঙ্গালার একজন নবাব। ১৫৬৪ খৃষ্টাব্দে ইনি নবাব জলাল্‌উদ্দীনের পুত্রকে বিনাশ করিয়া বাঙ্গালার সিংহাসন অধিকার করিয়াছিলেন। ইনি অল্প দিনমাত্র রাজত্ব করেন।

গয়াস্‌উদ্দীন্ তোগ্‌লক, দিল্লির একজন সম্রাট্। ইঁহার প্রকৃত নাম গাজিবেগ তোগ্‌লক্; পিতা করাউনিয়া তুর্ক জাতীয় এবং মাতা জাঠবংশীয়া। ইঁহার পিতা সুলতান গয়াস্‌উদ্দীন্ বল্‌বনের ক্রীতদাস ছিলেন। গাজিবেগ অতি দরিদ্র দশায় আলাউদ্দীন্ খিলজির ভ্রাতা উলুগ্ খাঁর অধীনে সামান্য সৈনিকের কর্ম্ম গ্রহণ করেন। কিন্তু সাহস ও বুদ্ধিমত্তার পরিচয় পাইয়া তাঁহার প্রভু সন্তুষ্ট হইয়া তাঁহাকে দেবলপুরে প্রধান সেনাপতি করিয়া পাঠাইয়া দেন। সম্রাট্ নাসিরউদ্দীন্ বা খস্‌রুর আচরণে প্রধান প্রধান লোক বিরক্ত হইয়া তাঁহার বিরুদ্ধে ষড়যন্ত্র করিয়া বিদ্রোহাচরণ করেন। গাজিবেগ বিদ্রোহীদলের সেনাপতি হইয়া সম্রাট্ নাসিরউদ্দীনের সহিত যুদ্ধ করেন। যুদ্ধে সম্রাট্ পরাস্ত ও নিহত হইলে, দেশের আমীর ওম্‌রাহগণ গাজিবেগকে সিংহাসনে বসাইয়া তাঁহাকে শাহজহান (অর্থাৎ ব্রহ্মাণ্ডের অধিপতি) নামে অভিবাদন করিলেন। গাজি-বেগের সম্রাট্ হইবার তাদৃশ ইচ্ছা ছিল না। সকলের অনু-রোধক্রমে রাজ্যভার গ্রহণ করিলেন। কিন্তু শাহজহান্ নামক উচ্চ খেতাব গ্রহণ করিতে অসম্মত হইয়া গয়াস্‌উদ্দীন্ অর্থাৎ 'ধর্ম্মের সহায়' নাম গ্রহণ করিলেন। রাজ্যভার গ্রহণ করিয়া এক সপ্তাহের মধ্যে চারিদিকে এরূপ সুশৃঙ্খলা স্থাপন করিলেন যে, অনেক দিন সেরূপ হয় নাই। উপযুক্ত লোক দেখিয়া ওম্‌রাহদিগকে খেতাব ও জায়গীর দান করিলেন। ভারতপ্রান্তে মোগলদিগের অত্যাচার ক্রমশঃ বৃদ্ধি হইতেছিল। তিনি সমস্ত প্রদেশ সুদৃঢ়রূপে রক্ষার বন্দোবস্ত করিলেন। যাহারা খস্‌রুর পক্ষীয়, তাহাদিগকে শাসন করিলেন। জ্যেষ্ঠপুত্র একরউদ্দীন্ জনা বা উলুগ খাঁকে যুবরাজ করিয়া অপর পুত্রদিগকে অন্যান্য প্রদেশের মুক্‌তিয়ার করিয়া পাঠাইয়া দিলেন। তাহাতে অনেক প্রদেশ ও কেল্লা দখল হইল। লক্ষ্মণাবতীতে বিদ্রোহ উপস্থিত হইলে তিনি উলুগ্ খাঁকে দিল্লিতে রাখিয়া নিজে তথায় গিয়া বিদ্রোহনিবারণ ও তথা হইতে অনেক ধন রত্ন আনয়ন করেন। সেতারগ্রামের হাকিম বাহাদুর খাঁ

তাঁহার আজ্ঞাপালন না করায় তাহার গলায় জিঞ্জির দিয়া টানিয়া আনেন।

কিছুদিন পরে বরঙ্গলে বিদ্রোহ ঘটে। সম্রাটের পুত্র উলুগ্ খাঁ বা জুনা খাঁ গিয়া নগর অবরোধ করিলেন। রাজা লড্ডরদেব তাঁহার সহিত ঘোরতর যুদ্ধ করিতে লাগিলেন। কিন্তু গ্রীষ্ম ও উত্তপ্ত বায়ুর জন্য পীড়িত হইয়া সম্রাটের সেনা দলে দলে মরিতে লাগিল। সৈন্যগণ দিল্লী প্রত্যাগমনের জন্য বিশেষ উৎসুক হইয়া উঠিল। কএক জন সেনাপতি না বলিয়া রাত্রিযোগে পলায়ন করিলেন। রাজপুত্রকে অগত্যা অবরোধ ছাড়িয়া চলিয়া আসিতে হইল। প্রত্যাগমন সময়ে শত্রুরা পশ্চাৎ ধাবমান হইয়া অনেক সৈন্য বিনষ্ট করিল। দিল্লীতে ফিরিয়া আসিয়া নূতন সৈন্য সংগ্রহ করিয়া কুমার আবার যুদ্ধ যাত্রা করিলেন। এবার বিদর ও বরঙ্গল অধিকৃত হইল। তিনি রাজাকে বন্দী করিয়া দিল্লীতে পাঠাইয়া দেন।

ইতিমধ্যে একবার গুজব উঠে যে সুলতানের মৃত্যু হইয়াছে। যাহারা এই কথা রটাইয়াছিল সুলতান তাহাদিগকে ধরিয়া আনিয়া জীবিত অবস্থায় সকলকে গোর দেন। সম্রাট্ তাঁহাদিগকে বলিয়াছিলেন যে, "তোমরা মিথ্যা করিয়া জীবিত অবস্থায় আমাকে গোর দিয়াছ, আমি সত্য সত্য জীবিতাবস্থায় তোমাদের গোর দিব।"

বঙ্গের লোকেরা তথাকার শাসনকর্ত্তার বিরুদ্ধে কতকগুলি অভিযোগ উপস্থিত করায় গয়াস্‌উদ্দীন্ ৭২৪ হিজিরাসনে তাহার তদারক করিতে গেলেন, যাইবার সময় কুমার উলুগ্‌খাঁকে দিল্লীতে রাজ্যভার দিয়া যান। বাহাদুর বাঙ্গালার পূর্ব্ব অঞ্চলের শাসনকর্ত্তা ছিলেন। সুবর্ণগ্রামে তাঁহার রাজধানী ছিল। তিনি সম্রাট্‌কে উপেক্ষা করিয়া নিজের নামে টাকা প্রচলিত করেন। তাঁহার অত্যাচারে সকলেই জ্বালাতন হইয়াছিল। গয়াস্‌উদ্দীন্ আসিবার সময় ত্রিহুতে পৌঁছিলে লক্ষ্মণাবতীর সুলতান্ শাহাবুদ্দীন্ বঘ্‌রা শাহ বা বঘ্‌রা খাঁ তাঁহার বশ্যতা স্বীকার করিলেন। এই শাহাবুদ্দীন্ স্বীয় ভ্রাতা সুবর্ণগ্রামের বাহাদুর শাহের বিপক্ষে সম্রাটের নিকট অভিযোগ করেন। গয়াস্‌উদ্দীন্ সুবর্ণগ্রামে গিয়া বাহাদুরকে পরাস্ত করিয়া তাহার গলায় রজ্জু দিয়া দিল্লীতে পাঠাইয়া নিজেও দিল্লীযাত্রা করিলেন। পথে ত্রিহুত জয় করিয়া গেলেন। রাজধানী পৌঁছিবার সময় পুত্র উলুগ্ খাঁ তাঁহার সম্মানার্থ অগ্রে আসিয়া আফগানপুরে একটী কাষ্ঠের বাটী নির্ম্মাণ করিয়া তথায় তাঁহার অভ্যর্থনা করেন। নানাপ্রকার ধুমধামের পর গয়াস্‌উদ্দীন্ তথা হইতে দিল্লীযাত্রার উদ্যোগ করিতেছেন। এমন সময়ে সেই বাটী ভাঙ্গিয়া তাঁহার উপর পড়িয়া গেল। তিনি তখনই পঞ্চত্ব পাইলেন। কেহ বলেন যে, পুত্র অনেক দিন হইতে পিতাকে বিনাশ করিবার চেষ্টা করিতেছিলেন। সেই জন্যই এই বাটী নির্ম্মিত হইয়াছিল। কেহ বলেন, মায়াবলে এই বাটী নির্ম্মিত হয়, ইন্দ্রজাল অপহৃত হইবামাত্র বাটী পড়িয়া গেল। রাজাবলীগ্রন্থে লিখিত আছে যে, সেই সময় দিল্লীতে মুদ্দীন্‌আউলি নামে এক মহাপুরুষ ছিলেন। তাঁহাকে সকলে বাদশাহ অপেক্ষা অধিক সম্মান করিত। গয়াস্‌উদ্দীন্ বঙ্গদেশ হইতে প্রত্যাগমন সময়ে পথে তাঁহাকে লিখিয়া পাঠাইলেন যে, "হয় তুমি দিল্লীতে থাক, নয় আমি দিল্লীতে থাকি।" মহাপুরুষ উত্তরে লিখিলেন— "দিল্লী এখনও অনেক দূরে আছে।" বাদশাহ এই কথা শুনিয়া তোগলকাবাদে পঁহুছিয়া যে ঘরে রহিলেন, সেই ঘরের ছাদ ভাঙ্গিয়া বাদশাহের উপর পড়িল। তাহাতেই তাঁহার মৃত্যু হইল। ১৩২৫ খৃঃ অব্দে (৭২৫ হিঃ সনে) ফেব্রুয়ারিমাসে এই ঘটনা ঘটে। গয়াস্‌উদ্দীন্ দিল্লীনগর নূতন করিয়া নির্ম্মাণ করিয়া তোগলকাবাদ নামক দুর্গ নির্ম্মাণ করেন। তারিখ মুবারক-শাহী পুস্তকে লিখিত আছে যে, এই দুর্গ নির্ম্মাণ করিতে তিন বৎসরের অধিক সময় লাগে। দুর্গটী বালুপাথরে নির্ম্মিত। আরব্যপরিব্রাজক ইবন্ বতুতা মুলতানের জুম্মা মস্‌জিদে একটী শিল্পলিপি খোদিত দেখিয়াছেন। তাহাতে বাদশাহের পরিচয়স্থলে লিখিত আছে, "আমি ২৯বার তাতারীদিগকে আক্রমণ করিয়া পরাজিত করিয়াছি। এই জন্য আমার নাম মালিক্ ইসানির।" জিয়াউদ্দীন্ বরণী কৃত তারিখ-ই ফিরোজশাহী গ্রন্থেও ঐরূপ লেখা আছে। গয়াস্‌উদ্দীন্ ৪ বৎসর ২ মাস রাজত্ব করেন।

গয়াস্‌উদ্দীন্ তোগ্‌লক ২য়, দিল্লীর একজন সম্রাট্। ইনি সম্রাট্ ফিরোজশাহ তোগ্‌লকের নাতি ও ফতেখাঁর পুত্র। ফিরোজশাহের মৃত্যু হইলে ১৩৮৮ খৃঃ অব্দে (৭৯০ হিঃ সনে) সিংহাসনারোহণ করেন। বিলাসপরবশ হইয়া রাজকার্য্যে অবহেলা করিতেন বলিয়া রাজ্যের প্রধান প্রধান লোক ও সৈন্যসামন্ত বিদ্রোহী হইয়া ১৩৮৯ খৃষ্টাব্দে ১৯এ ফেব্রুয়ারী দিবসে তাঁহাকে নিহত করেন। তিনি ছয়মাস মাত্র রাজত্ব করেন। মান্ধুদশাহ নামক পার্ব্বতীয় রাজার সহিত যুদ্ধই ইঁহার রাজ্যকালের প্রধান ঘটনা।

গয়াস্‌উদ্দীন্, বঙ্গদেশের একজন সুলতান। সুলতান সেকন্দর শাহের পুত্র। সেকন্দর শাহের দুই পত্নী ছিলেন।

প্রথমার গর্ভে ১৭টী সন্তান হয়। দ্বিতীয়ার গর্ভে একমাত্র গয়াস্‌উদ্দীন্ জন্মগ্রহণ করেন। তিনি নিজ অমায়িকতাগুণে ও বহুবিধ বিদ্যা শিক্ষা করিয়া অপর অপর ভ্রাতৃগণ অপেক্ষা অনেক গুণে শ্রেষ্ঠ হইয়া উঠিয়াছিলেন। সেকন্দরশাহ সে জন্য তাঁহাকে বড়ই ভালবাসিতেন। কিন্তু ইহাতে বিমাতার ক্রমশঃ হিংসা বাড়িতে লাগিল। তাঁহার প্রতি কিসে রাজার স্নেহ কমে, কিসে তাঁহার উপর সুলতানের বিষদৃষ্টি হয়, এজন্য নানা প্রকার উপায় চিন্তা করিতে লাগিলেন। এক দিন সুলতানকে একাকী পাইয়া তাঁহার বিমাতা অতি নম্র ও বিনীতভাবে বলিতে লাগিলেন, "জাঁহাপনা! আমি আপনাকে কিছু বলিব মনে করিতেছি, কিন্তু সাহস হইতেছে না। বলিলে আপনার মনে কষ্ট হইবে, রাগ হইবে।" সুলতান উৎসুক হইয়া বলিলেন, "বল, আমি রাগ করিব না, তুমি বল।" রাণী বলিলেন, "অগ্রে শপথ করুন, কাহাকেও বলিবেন না?" সুলতান তাহাই করিলেন। বেগম বলিতে লাগিলেন, "এখন আমার বড় বিপদ্—আপনি যখন বলিতে আজ্ঞা দিয়াছেন, তখন আমার ইচ্ছা না থাকিলেও বলিতে হইবে। কথাটা এই, গয়াস্‌উদ্দীন্ আমার সন্তানদিগকে বিনাশ করিবার জন্য চক্রান্ত করিতেছে। শুধু তাহাই নহে, আপনাকেও বিনাশ করিবার কথা বলিয়া থাকে। আমার মত আপনার মঙ্গল আর কেহই কামনা করে না। আমার বিবেচনায় তাহাকে হয় কারারুদ্ধ করুন, না হয় তাহার চক্ষু দুইটীর তারা উৎপাটন করিয়া এরূপ চক্রান্ত করিতে অসমর্থ করিয়া দিন।" সেকন্দরশাহ এই কথায় একেবারে ক্রুদ্ধ হইয়া বলিয়া উঠিলেন, "বিশ্বাসঘাতিনি, ক্রূরমতি পাপিয়সি! ঈশ্বর তোর গর্ভে এতগুলি সন্তান সন্ততি দিয়াছেন, তাহারা এক্ষণে মানুষ হইয়া উঠিল, তজ্জন্য ঈশ্বরকে ধন্যবাদ না দিয়া তুই কি না সপত্নীর একমাত্র সন্তানকে বিনাশ করিতে উদ্যত হইয়াছিস্। দূর হ, তোর কথা আর শুনিতে চাই না।" সুলতান এ কথা গয়াস্‌উদ্দীন্‌কে বলেন নাই। কিন্তু গয়াস্ গতিক বুঝিতে পারিয়া শিকারযাত্রাচ্ছলে সুবর্ণগ্রামে পলায়ন করিয়া সৈন্যসংগ্রহপূর্ব্বক রাজবিদ্রোহী হইয়া পাণ্ডুয়া অভিমুখে অগ্রসর হইতে লাগিলেন। গোয়ালপাড়ায় আসিলে সেকন্দর সসৈন্যে বিদ্রোহ নিবারণ করিতে তথায় উপস্থিত হইলেন। যুদ্ধ আরম্ভ হইল। গয়াস্ সৈন্যদিগকে বলিয়া দেন যে, তাঁহার পিতার অঙ্গে যেন অস্ত্রাঘাত না হয়। কিন্তু যুদ্ধস্থলে আজ্ঞাপালন হয় নাই। সিকন্দর আহত হইয়াছেন শুনিয়া গয়াস্ অশ্রুবিসর্জ্জন করিতে করিতে পিতৃসমক্ষে উপস্থিত হইয়া তাঁহার মস্তক নিজ ক্রোড়ে তুলিয়া লইয়া ক্ষমা প্রার্থনা করিতে লাগিলেন। তখন সেকন্দর বলিলেন, "আমার কার্য্য শেষ হইয়াছে। তুমি সুখে রাজ্য কর।" এই কথাটী বলিতে বলিতে প্রাণত্যাগ করিলেন। গয়াস্ ১৩৬৭ খৃষ্টাব্দে সিংহাসনে আরোহণ করিয়া বিমাতার পুত্রদিগের চক্ষু উৎপাটনপূর্ব্বক বিমাতার নিকট পাঠাইয়া দেন। ইহা ব্যতীত তাঁহার নিষ্ঠুরতার আর কোন প্রমাণ পাওয়া যায় না। তিনি ৭ বৎসর সুবিচারে রাজ্যশাসন করিয়া ১৩৭৩ খৃষ্টাব্দে পরলোক গমন করেন। তাহার সুবিচারের একটী গল্প শুনা যায়। একদিন রাজা ধনুক লইয়া তীর ছুড়িতে ছিলেন। একটা তীর গিয়া এক বিধবার পুত্রের গায়ে লাগে। বিধবা কাজির নিকট রাজার নামে অভিযোগ করিল। কাজি রাজাকে বিচারালয়ে উপস্থিত হইতে বলেন। গয়াস্‌উদ্দীন্ একখানি তরবারি পরিচ্ছদের মধ্যে লুকাইয়া লইয়া বিচারালয়ে উপস্থিত হইলেন। কাজি বলিলেন, "তুমি এই দুঃখিনী বিধবার পুত্রকে আঘাত করিয়াছ, অতএব হয় ইহাকে কোনরূপে সন্তুষ্ট কর, নতুবা বিচারমত দণ্ড গ্রহণ কর।" সুলতান্ সেলাম করিয়া ঐ বিধবাকে প্রচুর অর্থ দিলে সে তাঁহাকে ক্ষমা করিল ও কাজির নিকট সন্তোষ প্রকাশ করিল। কাজি তাহাকে বিদায় দিলে সুলতান্ তরবারি বাহির করিয়া বলিলেন, "যদি এই বিচারে তোমার অনুমাত্র পক্ষপাত দেখিতাম, তাহা হইলে এ অস্ত্রদ্বারা তোমার মস্তকচ্ছেদন করিতাম। আমার রাজ্যে এরূপ সুবিচার হয় বলিয়া আমি পরমেশ্বরকে ধন্যবাদ প্রদান করি।" কাজি আপন দণ্ডযষ্টি দেখাইয়া বলিলেন, "আপনি যদি অবাধ্য হইতেন, এই দণ্ড আপনার শরীর পিশিয়া ফেলিত।" রাজা ইহাতে আরও সন্তুষ্ট হইয়া তাঁহাকে পারিতোষিক প্রদান করিলেন।

আর একটী গল্প আছে। গয়াস্ কিছু আমোদপ্রিয় ছিলেন। তাহার তিনটী পুষ্পের নামে তিনটী উপপত্নী ছিল। একবার তাঁহার সঙ্কটাপন্ন পীড়া হইলে বলিয়া রাখেন যে তাঁহার মৃত্যু হইলে এই তিনজনে তাঁহার দেহ স্নান করাইয়া দিবে। কিন্তু কিছুদিন পরে রোগমুক্ত হইয়া উঠিলেন। পূর্ব্বোক্ত তিন উপপত্নীর প্রতি বিশেষ প্রেম হওয়াতে অন্যান্য উপপত্নীগণ হিংসা করিয়া তাহাদিগকে 'গোশালী' বলিয়া উপহাস করিত। সুলতান্ ইহা শুনিতে পাইয়া কিরূপে ঐ তিন জনকে বাড়াইবেন, তাহার চিন্তা করিতে লাগিলেন। শেষে তাহাদের নামে একটী কবিতা রচনা করিলেন। কিন্তু উহার প্রথম পাদ লিখিয়া শেষ পাদপূরণ করিতে পারিলেন না। শেষে পারস্যরাজ্যে

প্রসিদ্ধ কবি হাফেজের নিকট লোক পাঠাইয়া দিলেন। পত্রে কবিবরকে বঙ্গদেশে আসিবার জন্য বিশেষ অনুরোধ ছিল। সেই লোক হাফেজের নিকট উপস্থিত হইবামাত্র কবি কোন কথা জিজ্ঞাসা না করিয়া অগ্রেই অপর চরণ আবৃত্তি করিলেন। পরে পত্রাদি পাঠ করিলেন। হাফেজ উত্তর পাঠাইয়া দিলেন। কিন্তু বঙ্গে আসিতে সম্মত হইলেন না।

গয়াস্‌উদ্দীন্ বিশেষ সাহিত্যানুরাগী ছিলেন। তিনি বীরভূমের নগর নামক নগরের ফকীর হামিদ্‌উদ্দীনের নিকট ধর্ম্মনীতি শিক্ষা করেন। পীর কুতুবউল্ আলম্ তাঁহার সহাধ্যায়ী ছিলেন। সুবর্ণগ্রামের ভগ্নাবশেষ মধ্যে তাঁহার সমাধিস্থান এখনও দেখা যায়।

গয়ের (ক্লী) শ্লেষ্মা, গয়ার।

গর (ক্লী) গীর্য্যতে ইতি গৃ পচাদিত্বাৎ অচ্। ১ ববাদিকরণ মধ্যে পঞ্চম করণ। "বববালবকৌলবতৈতিলাখ্যগরবণিজ-বিষ্টিসংজ্ঞানাম্।" (বৃহৎসংহিতা ৯৯।৪।)

২ বিষ। (ভাগবত ৮।৭।৪১।) ৩ বৎসনাভনামক বিষ। ৪ সম্মোহজনিত বিষ।

(পুং) গীর্য্যতে ইতি কর্ম্মাদৌ-অচ্। ৫ বিষ। (ভাগবত ৬।১৪।৪৩।) ৬ উপবিষ। ৭ রোগভেদ।

গরগীর্ণ (ত্রি) যে বিষপান করিয়াছে।

গরগীর্ণিন্ (পুং) ১ যে বিষপান করিয়াছে। ২ একজন ঋষি।

গরঘ্ন (পুং) গরং বিষং হন্তীতি হন্-টক্। ১ কৃষ্ণার্জ্জক। ২ বর্ব্বর। (রাজনি°) (ত্রি) ৩ বিষনাশক।

গরঘ্নী (স্ত্রী) গরঘ্ন-ঙীপ্। মৎস্যবিশেষ, গরুই মাছ। ইহার গুণ—মধুর, কষায়, বাতপিত্ত ও কফনাশক, রুচি ও বলবীর্য্যকর, লঘু। (ভাবপ্রকাশ।)

গরজ (আরব্য) ১ ইচ্ছা, অভিপ্রায়। ২ প্রয়োজন, দরকার। "তোরে দিব পরিচয় এত কি গরজ।" ভারত, বিদ্যাসুন্দর।

গরজউল্, বঙ্গের ত্রিহুত জেলার অন্তর্গত একটী বিভাগ। ইহার আর ছয়টী উপবিভাগ আছে। গণ্ডক, ছোট গণ্ডক, বিয়া, নুন ও কদানা নামক কয়টী নদী ইহার মধ্য দিয়া প্রবাহিত। মজঃফরপুর ও তাজপুর ইহার প্রধান নগর। মজঃফরপুর হইতে হাজিপুর পর্য্যন্ত দুইটী পথ গিয়াছে। পুরাতন পথ শাহপুর হইয়া ও নূতন পথ গুড়িয়া হইয়া এতাবার খাঁর সরাই নামক স্থানে আসিয়া মিলিত হইয়াছে। হাজিপুর হইতে কন্‌হৌলি ও মহোবা থানা হইয়া পুসা ও দ্বারভাঙ্গা পর্য্যন্ত একটী পথ গিয়াছে। এতদ্ব্যতীত আরও কএকটী পথ আছে। গরজউল মধ্যে লালগঞ্জ ও মহোবা নামক গ্রামে বাজার আছে। কন্‌হৌলি, ঘটারু, ও রসুলগঞ্জ নামক আরও কএকটী প্রধান গ্রাম ইহার অন্তর্ভুক্ত।

গরণ (ক্লী) গৃ সেচনে, গৃ-নিগরণে বা ভাবে ল্যুট্। ১ সেচন। ২ ভক্ষণ।

গরণবৎ (ত্রি) উদ্গীরণবিশিষ্ট। "গরুত্বান্ গরণবান্।" (নিরুক্ত ৭।১৪।)

গরদ (ত্রি) গরং বিষং দদাতীতি গর-দা-ক। ১ বিষপ্রদ। "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ।" (মনু ৩।১৫৪।)

(ক্লী) গৃ ভাবে অপ্ গরো ভক্ষণম্, গরেণ ভক্ষণেন দীয়তে ম্রিয়তে ইতি ঘঞর্থে ক। ২ বিষ। (হেম।) ৩ রেশমের এক প্রকার সূক্ষ্ম বস্ত্র।

গরদান (ক্লী) দা-ল্যুট্। গরস্য দানম্ ৬তৎ। বিষপ্রদান। (ভাগবত ৭।৫।১৩।)

গরধ্বজ (ক্লী) অভ্রক।

গরনাশিনী (স্ত্রী) পীতবর্ণ দেবদালীলতা।

গরভ (পুং) গীর্য্যতে ইতি গৃ-অভচ্। যদ্বা গর্ভস্য গরভা দেশঃ। "মূর্দ্ধ্নি রেফা বিকল্প্যন্তে ছন্দোভঙ্গভয়াদিহ।" গর্ভ। (হেম°)

গরম (দেশজ) উষ্ণ।

গরমমশলা (দেশজ) খাদ্যাদিতে দেয় দারুচিনি, এলাচ, লবঙ্গ ইত্যাদি সুগন্ধি দ্রব্য।

গরম্‌লি নানি, বোম্বাই প্রেসিডেন্সির কাঠিবাড় প্রদেশের দক্ষিণস্থ একটী গ্রাম। এখানে স্বতন্ত্র একজন জমিদার আছেন। তিনি কেবল বরদার গাইকোবাড়কে খাজনা দিয়া থাকেন।

গরম্‌লি মতি, বোম্বাই প্রেসিডেন্সির কাঠিবাড় প্রদেশের দক্ষিণস্থ একটী গ্রাম। ইহাতে স্বতন্ত্র একজন জমিদার আছেন। খাজনা কতক অংশ বরদার গাইকোবাড়ের ও কতক জুনাগড়ের রাজকোষে প্রেরিত হয়।

গরল (ক্লী) গিরতি জীবনমিতি গৃ-অলচ্। বিষ।

"গরলমিব কলয়তি" (গীতগোবিন্দ ৪।৩)।

গরলারি (পুং) গরলস্য অরিঃ, ৬তৎ। মরকতমণি। (রাজনি°)

গরব্রত (পুং) গরং বিষবৎ সর্পভক্ষণং ব্রতং যস্য। বহুব্রী। ময়ূর।

গরস্‌পুর, মধ্যভারতের গোয়ালিয়র রাজ্যের একটী নগর। অক্ষা° ২৩°৪০´ উঃ, দ্রাঘি° ৭৪° ৯´ পূঃ। এখানে কএকটী বালুপাথরে নির্ম্মিত প্রাচীন বাটী আছে। তাহাতে শিল্পকার্য্য খোদিত দেখা যায়।

গরহাজীর (পারসীজ) অনুপস্থিত।

"পরের হাজীর গরহাজীর লিখিতে।" বিদ্যাসুন্দর।

গরহাজীরী (পারসীজ) অনুপস্থিত।

"ঘরে গরহাজীরী সে না পায় দেখিতে।" বিদ্যাসুন্দর।

গরহন্ (পুং) গরং হন্তীতি কিপ্। ১ কৃষ্ণার্জক। ২ বর্ব্বর। (ত্রি) বিষনাশক।

গরা (স্ত্রী) গীর্য্যতে ভক্ষ্যতে ইতি গৃ-অপ্, অজাদিত্বাৎ টাপ্। ১ দেবদালীলতা। (রাজনি°)। ভাবে অপ্। ২ ভক্ষণ।

গরাগরী (স্ত্রী) গরং মূষিকবিষং আগিরতি গৃ-পচাদিত্বাৎ অচ্। গৌরাদিত্বাৎ ঙীষ্। দেবতাড় বৃক্ষ।

গরাণ (দেশজ) বৃক্ষবিশেষ। (Rhizophora decandra) চর্ম্মপ্রস্তুতকালে ইহার ছালের রস দিয়া রঙ্ করা হয়।

গরাধিকা (স্ত্রী) গরে বিষপ্রতীকারে অধিকা প্রধানা। লাক্ষা। (গরায়িকা পাঠও দৃষ্ট হয়।)

গরাত্মক (ক্লী) গরং বিষং বীজভূতমাত্মা যস্য। শোভাঞ্জনবীজ।

গরারি, বঙ্গদেশের পূর্ণিয়াজেলার অন্তর্গত একটী পরগণা। কুশীনদী ইহার মধ্য দিয়া প্রবাহিত। ঐ নদীর বন্যাতে বিলক্ষণ ক্ষতি হয়। এখানে চাউল, সরিষা, তামাক, গম ও নীল উৎপন্ন হয়।

গরারিগ বা গদারিয়া, জাতিবিশেষ। (গডর শব্দে মেষ ও গড়ারিগ শব্দে মেষপালক বুঝায়।) আলাহাবাদ হইতে ফরক্কাবাদ প্রদেশ মধ্যে ইহাদের বাস। গরারিগদিগের মধ্যে অনেক শ্রেণীভেদ আছে। যথা—ইলাহাবাদী, জৌনপুরী, বাকরকাশান, বরকতা, ভেড়ারিয়া, চক্‌বড়েয়া, চিকাবা, ধাঙ্গড়, নামদাবালে, নিখর, পাইহবার, পাচেদ, তসেলহা। ভেড়া হইতে ভেড়ারিয়া নাম হইয়াছে। চিকাবাগণ মুসলমান-ধর্ম্মাবলম্বী। ধাঙ্গড়, জৌনপুরী ও নিখরগণ কম্বল বুনিয়া জীবিকা নির্ব্বাহ করে। ভ্রাতার মৃত্যু হইলে তাহার বিধবা পত্নীকে বিবাহ করা ইহাদের মধ্যে নিষিদ্ধ নহে। ইহাদের আচার ব্যবহার কতকটা গোপ বা গোয়ালার মত। [গরেরি দেখ।]

গরিত (ত্রি) গরোজাতোঽস্য তারকাদিত্বাৎ ইতচ্। সঞ্জাত বিষ, যাহার বিষ জন্মিয়াছে।

গরিমন্ (পুং) গুরোর্ভাবঃ। (পৃথ্যাদিভ্যইমনিজ্ বা। পা ৫।১।১২২) ইতি ইমনিচ্। (প্রিয়স্থিরক্ষিরোরুবহুলগুরু ইতি। পা ৬।৪।১৫৭) ইতি গুরোর্গরাদেশঃ। ১ গুরুতা, গৌরব। ২ মাহাত্ম্য। ৩ গুরুত্ব, ভার।

"গিরিং গরিম্না পরিতঃ প্রকম্পয়ন্।" (ভাগবত ৮।২।২২।)

৪ গর্ব্ব। ৫ অহঙ্কার। ৬ আত্মশ্লাঘা।

গরিয়া, জাতিবিশেষ, কামরূপ অঞ্চলে ইহাদের বাস। ইহারা মুসলমানধর্ম্মাবলম্বী, কিন্তু ত্বক্‌চ্ছেদ করে না। সাধারণ মুসলমানেরা নীচজাতি বলিয়া ইহাদিগকে অত্যন্ত ঘৃণা করে। গোমাংস ও শূকর মাংস উভয়ই আহার করে এবং দরজির কাজ করিয়া ইহারা জীবিকা নির্ব্বাহ করে।

গরিষ্ঠ (ত্রি) অতিশয়েন গুরুরিতি গুরু-ইষ্ঠন্ গরাদেশশ্চ। ১ অতি গুরু, অতি ভারী। ২ অতি মহৎ। ৩ অতি গৌরবান্বিত। ৪ মর্য্যাদাবিশিষ্ট।

(পুং) ৫ দানবভেদ। "গরিষ্ঠশ্চ দনায়ুশ্চ দীর্ঘজিহ্বশ্চ দানবঃ।" (ভারত ১।৬৫।৩০।)

৬ নৃপভেদ। (ভারত ২।৭।১২)

গরী (স্ত্রী) গৃ-অচ্-ঙীপ্। ১ দেবতাড় বৃক্ষ। ২ খরা। (মেদিনী)

গরীয়স্ (পুং) অতিশয়েন গুরুঃ, গুরু-ইয়সুন্ গরাদেশশ্চ। ১ অতিশয় গুরু, অতি ভারী। ২ অতি গৌরবান্বিত। ৩ মর্য্যাদাসম্পন্ন।

গরীয়সী (স্ত্রী) গরীয়স্-স্ত্রিয়াং ঙীপ্। ১ অতিগুরুতরা। ২ অতিমাননীয়া। ৩ অতিগৌরবান্বিতা।

"জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী।" (রামায়ণ।)

গরীব (দেশজ) দীন, দরিদ্র।

গরীবানা (দেশজ) গরীবের ভাব।

গরু (দেশজ) গোরু, গোজাতি।

গরুড় (পুং) গরুদ্‌ভ্যাং পক্ষাভ্যাং ডয়তে ইতি ডী-ড। পৃষোদরাদিত্বাৎ তলোপঃ। বিনতার গর্ভজাত কশ্যপাত্মজ পক্ষিরাজ। (রামায়ণ ১।১৩।৩০) নামান্তর—গরুত্মান্, তার্ক্ষ্য, বৈনতেয়, খগেশ্বর, নাগান্তক, বিষ্ণুরথ, সুপর্ণ, পন্নগাশন, মহাবীর, পক্ষিসিংহ, উরগাশন, শাল্মলী, হরিবাহন, অমৃতাহরণ, নাগাশন, শাল্মলীস্থ, খগেন্দ্র, ভুজগান্তক, তরস্বী, তার্ক্ষ্যনায়ক।

কশ্যপ পুত্রেচ্ছু হইয়া যজ্ঞ করিতে আরম্ভ করিলেন। তিনি ইন্দ্র, বালখিল্য ও অন্যান্য দেবতাগণকে যজ্ঞীয় কাষ্ঠ আনিবার নিমিত্ত নিযুক্ত করিলেন। ইন্দ্র আপন বলবীর্য্যের অনুরূপ পর্ব্বতপ্রমাণ কাষ্ঠরাশি উত্তোলন করিয়া অনায়াসেই আনিতে লাগিলেন। অঙ্গুষ্ঠপ্রমাণ বালখিল্য ঋষিগণ সকলে মিলিয়া একটী পলাশপত্রের বৃন্ত বহিয়া লইয়া যাইতে ছিলেন, ইন্দ্র পথিমধ্যে তাঁহাদিগকে উপহাস ও অবমাননা করিয়া শীঘ্রই চলিয়া আসেন। তাহাতে বালখিল্য মুনিগণ অন্তরে অতিশয় ক্রুদ্ধ হইয়া দেবরাজের ভয়প্রদর্শন অন্য ব্যক্তিকে দেবগণের ইন্দ্র করিবার নিমিত্ত একান্ত যত্ন করিতে লাগিলেন। তাহা জানিতে পারিয়া ইন্দ্র অত্যন্ত সন্তপ্তচিত্তে কশ্যপের শরণাপন্ন হইলেন। প্রজাপতি কশ্যপ ইন্দ্রের সেই কথা শুনিয়া বালখিল্যগণের নিকট যাইয়া কর্ম্মসিদ্ধির বিষয় জিজ্ঞাসা করিলেন। সত্যবাদী বালখিল্যগণ মহাত্মা কশ্যপকে প্রত্যুত্তর দিলেন। তখন প্রজাপতি কশ্যপ তাঁহাদিগকে সান্ত্বনাপূর্ব্বক এইরূপ বলিলেন, 'দেখ ব্রহ্মার নিয়োগে ইনি ইন্দ্র হইয়াছেন, তোমরাও

তপোধন হইয়া অন্য ইন্দ্রের নিমিত্ত যত্ন করিতেছ। তোমরা সজ্জন, অতএব ব্রহ্মার বাক্যে অন্যথা করিবার যোগ্য নহ। আর তোমাদেরও সংকল্প মিথ্যা হইবার নহে, তোমাদের ইনি পক্ষিগণের ইন্দ্র হউন। দেবরাজ তোমাদের নিকট যাচ্ঞা করিতেছে, তোমরাও ইহার প্রতি প্রসন্ন হও।' বালখিল্যগণ বলিলেন, 'আমরা আপনার সন্তানের নিমিত্ত সংকল্প করিয়া এই কার্য্যের অনুষ্ঠান আরম্ভ করিয়াছি, যাহাতে মঙ্গল হয়, আপনি তাহাই করুন।' এই সময়ে দক্ষ-কন্যা বিনতাদেবী পুত্রের নিমিত্ত অভিলাষ করিয়া আপন স্বামীর নিকট আগমন করিলে কশ্যপ তাঁহাকে বলিলেন, 'হে দেবি! তোমার এই অভিলাষ সিদ্ধ হইবে, তুমি ত্রিভুবনের প্রভুত্বসম্পন্ন দুইটী পুত্র প্রসব করিবে। বালখিল্যগণের তপস্যা এবং আমার সংকল্প দ্বারা দুই পুত্র লাভ করিবে, ইহারা পক্ষিগণের ইন্দ্রত্ব প্রাপ্ত হইবে।' তখন বিনতা সফল-কাম হইয়া হৃষ্টচিত্ত হইলেন এবং যথাকালে অরুণ ও গরুড় নামে দুইটী পুত্র প্রসব করিলেন। অরুণ বিকলাঙ্গ হইয়া জন্মগ্রহণপূর্ব্বক সূর্য্যদেবের সম্মুখে অবস্থিত রহিলেন। গরুড় পক্ষিদিগের ইন্দ্রত্বপদে অভিষিক্ত হইলেন।

মহাতেজস্বী গরুড় স্বয়ং অণ্ড বিদীর্ণ করিয়া জন্মগ্রহণ করিলেন। জন্মকালে ইহার রূপ—অগ্নিরাশির ন্যায় প্রভা-সম্পন্ন, অতিশয় ভয়ঙ্কর, প্রলয়কালের অগ্নির ন্যায় প্রদীপ্ত, বিদ্যুতের ন্যায় পিঙ্গলবর্ণ চক্ষুবিশিষ্ট, সমুদ্রাগ্নির ন্যায় ঘোরতর উগ্র, ঘোরস্বরবিশিষ্ট ও মহাকায়।

গরুড়ের বিষ্ণুবাহন হইবার কথা মহাভারতে এইরূপ লিখিত আছে—পক্ষিরাজ অমৃত লইয়া বাহির হইলেন। সেই সময় গরুড় বিষ্ণুর সহিত আসিতে ছিলেন। নারায়ণ তাহার প্রতি তুষ্ট হইয়া বলিলেন, আমি তোমাকে বর দিব। গরুড় বলিলেন, আমি আকাশগামী হইয়া আপনার উপরি-ভাগে থাকিব, অমৃত ব্যতিরেকেও অজর ও অমর হইব। বিষ্ণু বিনতাপুত্রকে "তথাস্তু" বলিয়া সেই বর দিলেন। গরুড় সেই বর লইয়া বিষ্ণুকে বলিলেন, আমি আপনাকেও বর দিব, গ্রহণ করুন। তখন বিষ্ণু মহাবল গরুড়কে বলিলেন, তুমি আমার বাহন হও এবং তুমি আমার ধ্বজের উপর থাকিবে, তাহাতে তোমার আমার উপরিভাগে অবস্থিতি করা হইবে।

গরুড় স্বীয় পদনখে গজ ও কচ্ছপ এবং চঞ্চুপুটে মহাবটবৃক্ষ ধারণ করিয়া আকাশমার্গে উড়িয়াছিলেন। অমৃতের নিমিত্ত ইহার সহিত দেবগণের ঘোরতর যুদ্ধ হয়, তাহাতে ইনি জয়লাভ করেন। (মহাভারত আদিপর্ব্ব।)

২ ব্যূহবিশেষ। "বরাহমকরাভ্যাং বা সূচ্যা বা গরুড়েন বা।" মনু ৭।১৮৭। 'সূক্ষ্মমুখ পশ্চাদ্ভাগঃ পৃথুমধ্যো বরাহ ব্যূহঃ। এষ এবপৃথুতরমধ্যো গরুড়ব্যূহঃ।' (কুল্লূকভট্ট।)

৩ বিংশতি প্রকার প্রাসাদ মধ্যে প্রাসাদবিশেষ।

"গরুড়াকৃতিশ্চ গরুড়ো নন্দীতি চ ষট্‌চতুষ্কবিস্তীর্ণঃ।
কার্য্যশ্চ সপ্তভৌমো বিভূষিতোঽণ্ডশ্চ বিংশত্যা॥"

(বৃহৎসংহিতা ৫৬।২৪)

গরুড়গিরি বা গর্দ্দনগিরি, একটী গিরিশৃঙ্গ। মহিসুর রাজ্যের মধ্যে কাদুর জেলার অন্তর্গত অক্ষা° ১৩° ২৯´ উঃ ও দ্রাঘি° ৭৬° ১৭´ পূঃ মধ্যে অবস্থিত।

গরুড়ধ্বজ (পুং) গরুড়ো ধ্বজোযস্য বহুব্রী। বিষ্ণু।

"বালস্য পশ্যতোধাম স্বমগাদ্ গরুড়ধ্বজঃ॥" (ভাগবত ৩।৪।২৬)

গরুড় নদী বা গড্ডিলাম্, মান্দ্রাজ প্রেসিডেন্সির অন্তর্গত দক্ষিণ আর্কট জেলার একটী নদী। কল্লকুরচি তালুকের মধ্যে বিগল সরোবর নামক স্থান হইতে বাহির হইয়া মল্লতার নদীর সহিত মিলিত হইয়া ৩০ ক্রোশ পথ গিয়া বঙ্গোপসাগরে পড়িয়াছে। নদীর তলদেশ অত্যন্ত বালুকাময়।

গরুড়পুরাণ (ক্লী) গরুড়ায় উক্তং বিষ্ণুনা পুরাণম্, মধ্যলো°। অষ্টাদশ পুরাণান্তর্গত সপ্তদশ মহাপুরাণ। ভগবান্ গরুড়াসন এই পুরাণ গরুড়কে বলিয়াছিলেন। ইহাতে উনিশ হাজার শ্লোক আছে। এই পুরাণ তার্ক্ষ্যকল্পের কথা অবলম্বনে বর্ণিত হইয়াছে। ইহাতে এইরূপ বিবরণ আছে,—সূতনৈমিষীয়সংবাদে সূতের গরুড়পুরাণকথনজিজ্ঞাসা, গরুড়পুরাণের উৎপত্তিকথা, রুদ্রবিষ্ণুসংবাদে সৃষ্টিকথন, প্রজাপতিসৃষ্টি, কশ্যপকৃত সৃষ্টি, সূর্য্যাদিপূজাকথন, বিষ্ণুপূজা-কথন, দীক্ষাবিধি, লক্ষ্মীপূজা, নবব্যূহার্চ্চন, পূজাক্রম, বিষ্ণুপঞ্জরকথন, সংক্ষেপে যোগোপদেশ, বিষ্ণুর সহস্রনাম, বিষ্ণুধ্যান ও সূর্য্যপূজাকথন, মৃত্যুঞ্জয়পূজা, গারুড়বিদ্যা, শিবোক্তসর্পমন্ত্র, পঞ্চবক্ত্রপূজা, শিবপূজা, গাণপত্যাদি পূজা, পাদুকাপূজা, করন্যাসাদি কথন, বিষহরণ, গোপাল-পূজা, শ্রীধরাদিমন্ত্রকথন, বিষ্ণুপূজার প্রকারান্তর, পঞ্চতত্ত্বার্চ্চন, সুদর্শনপূজাদি, হয়গ্রীবপূজা, গায়ত্রীমাহাত্ম্য, দুর্গাদিপূজাবিধি, প্রকারান্তরে সূর্য্যপূজা, মহেশ্বরপূজা, নানাবিদ্যাকথন, শিবপবিত্রারোহণ, বিষ্ণুপবিত্রারোহণ, মূর্ত্তামূর্ত্তধ্যান, শালগ্রামলক্ষণ, বাস্তুনির্ণয়, প্রাসাদলক্ষণ, দেবপ্রতিষ্ঠাকথন, যোগধর্ম্মাদি আহ্নিকনির্ণয়, দানধর্ম্ম, প্রায়শ্চিত্তবিধি, অষ্টনিধিকথন, প্রিয়ব্রতবংশবর্ণনে সপ্তদ্বীপাদি বর্ণন, ভূসংস্থানকথন ও ভারতবর্ষের বিবরণ, প্লক্ষদ্বীপের রাজপুত্রাদির নামকীর্ত্তন, সপ্তপাতাল ও নরকবর্ণন, সূর্য্যাদির প্রমাণ ও সংস্থানবর্ণন, জ্যোতিঃসার কীর্ত্তনে

নক্ষত্রাধিপ ও যোগিনী প্রভৃতির বর্ণন, দশাদি বিচার, চন্দ্রশুদ্ধ্যাদি, লগ্নমান, চরস্থিরাদি ভেদে কার্য্যবিশেষের কর্ত্তব্যাকর্ত্তব্যতা কথন, সংক্ষেপে পুরুষের ও নারীগণের শুভাশুভ লক্ষণ, সামুদ্রিক লক্ষণ, শালগ্রামশিলাভেদ কথন, তীর্থকথন, প্রভবাদি ষষ্টিবর্ষকীর্ত্তন, পবনবিজয়াদি, রত্নোৎপত্তিকথন, রত্নপরীক্ষা, মুক্তাফলপরীক্ষা, পদ্মরাগ-পরীক্ষা, মরকতপরীক্ষা, ইন্দ্রনীলপরীক্ষা বৈদূর্য্যপরীক্ষা, পুষ্পরাগপরীক্ষা, কর্কেতনপরীক্ষা, ভীষ্মরত্নপরীক্ষা, পুলক-পরীক্ষা, রুধিররত্নপরীক্ষা, স্ফটিকপরীক্ষা, বিদ্রুমপরীক্ষা, সংক্ষেপে বহুতীর্থকথন, গয়ামাহাত্ম্য, গয়াতীর্থের উৎপত্তি প্রভৃতি কথন, গয়ায় স্থানভেদে ও ক্রিয়াভেদে ফলভেদ কথন, ফল্গুনদীতে স্নান ও রুদ্রপদাদিতে পিণ্ডদানমাহাত্ম্যাদি কথন, বিশাল নৃপতির ইতিহাস, প্রেতশিলাদিতে পিণ্ডদানকথন, প্রেতশিলায় শ্রাদ্ধ কর্ত্তার ফল, চতুর্দ্দশ মনু ও তৎপুত্র এবং তৎ মন্বন্তরের সপ্তর্ষি ও দেবাদি কীর্ত্তন, মার্কণ্ডেয়-ক্রৌষ্টকি সংবাদে রুচির উপাখ্যান, রুচিকৃত পিতৃস্তব, পিতৃগণের নিকট হইতে রুচির বরপ্রাপ্তি, রুচির পরিণয়, রৌচ্য মনুর উৎপত্তি, হরিধ্যান, প্রকারান্তরে হরিধ্যান, যাজ্ঞ-বল্ক্যোক্ত ধর্ম্মকথনে ধর্ম্মদেশাদি কথন, উপনয়ন ও স্বাধ্যায় কীর্ত্তন, গৃহস্থ-ধর্ম্মনির্ণয়, সংকীর্ণজাতি, পঞ্চ মহাযজ্ঞ সন্ধ্যোপাসনাদি কথন, গৃহীর ধর্ম্ম ও বর্ণধর্ম্মাদি কথন, দ্রব্যশুদ্ধি, দানধর্ম্ম, শ্রাদ্ধবিধি, বিনায়ক-শান্তি, গ্রহশান্তি, বাণপ্রস্থাশ্রমবিবরণ, যতিধর্ম্ম, পাপচিহ্নকথন, প্রায়শ্চিত্ত-বিধি, অশৌচাদিনির্ণয়, পরাশর-ধর্ম্মশাস্ত্র, নীতিসার, নীতিসারে ধনরক্ষাদির উপদেশ, নীতিসারে ধ্রুব পরিত্যাগ নিষেধাদি, নীতিসারে রাজলক্ষণ, ভৃত্যলক্ষণ, গুণবন্নিয়োগাদি, মিত্রামিত্র-বিভাগ, কুমার্য্যাদিপরিত্যাগাদির উপদেশ, ব্রত-কথনারম্ভ, অনঙ্গত্রয়োদশী ব্রত, অখণ্ডদ্বাদশী ব্রত, অগস্ত্যার্ঘ্য-ব্রত, ভীষ্মপঞ্চকাদি ব্রতবিধি, শিবরাত্রিব্রত, একাদশীমাহাত্ম্য, বিষ্ণুপূজন, ভীমৈকাদশ্যাদিকীর্ত্তন, ব্রতাবলম্বীর নিয়মাবলী, প্রতিপদাদি ব্রত, ষষ্ঠীসপ্তমীব্রত, রোহিণ্যষ্টমীব্রত, বুধাষ্টমীব্রত, অশোকাষ্টমীব্রত, মহানবমীব্রত, মহানবমী-ব্রতপ্রসঙ্গে কৌশিকমন্ত্রকথন, বীরনবমীব্রত, দমননবমী ব্রত, দিগ্‌দশমীব্রত, একাদশীব্রত, শ্রবণদ্বাদশীব্রত, মদন-ত্রয়োদশীব্রতাদি, সূর্য্যবংশকীর্ত্তন, চন্দ্রবংশ-বর্ণন, পুরুবংশ-কীর্ত্তন, জনমেজয়ের বংশকথন. বিষ্ণুর অবতার-কথা, পতিব্রতা-মাহাত্ম্য, রামায়ণকথন, হরিবংশকথন, ভারতকথন, আয়ুর্ব্বেদকথনে সর্ব্বরোগের নিদান, জ্বরনিদান, রক্তপিত্ত-নিদান, কাসনিদান, হিক্কারোগনিদান, যক্ষ্মনিদান, অরোচক-নিদান, হৃদ্রোগাদি নিদান, মদাত্যয়াদি নিদান, অর্শোনিদান. অতীসারনিদান, মূত্রাঘাতনিদান, প্রমেহনিদান, বিদ্রধিনিদান, উদরনিদান, পাণ্ডুশোথনিদান, বীসর্পাদি নিদান, কুষ্ঠনিদান, ক্রিমিনিদান, বাতব্যাধিনিদান, বাতরক্তনিদান, সূত্রস্থান, অনুপানাদি কথন, জ্বরাদিরোগের চিকিৎসা, নাড়ীব্রণাদির চিকিৎসা, স্ত্রীরোগাদির চিকিৎসা, দ্রব্যনির্ণয়, ঘৃততৈলাদি-কথন, নানাযোগাদি কথন, নানারোগৌষধকথন, বশীকরণাদি, দন্তশ্বেতী করণাদি, স্ত্রীবশীকরণ ও মশকমারণাদি কথন, নেত্রশূলাদির ঔষধকথন, রক্তশক্তি বৃদ্ধির উপায়, গ্রহণীরোগের ঔষধ, কটিশূলের ঔষধ, গণেশপূজা, প্রমেহের ঔষধ, মেধাবৃদ্ধির ঔষধ, রক্তপাত নিবারণের ঔষধ, পটলদন্ত-ব্যথাদির ঔষধ, গণ্ডমালাদির ঔষধ, সর্পাঘাতাদির ঔষধ, যোনিব্যথার ঔষধ, পশুচিকিৎসা, পাণ্ডুরোগাদির ঔষধ, বুদ্ধি নির্ম্মলকরণের ঔষধ, বিষ্ণুকবচ, বিষ্ণুবিদ্যা, বিষ্ণুধর্ম্ম নামক বিদ্যা, গারুড়বিদ্যা, ত্রিপুরাকল্প, প্রশ্নগণনা, বায়ুজয়, অশ্বচিকিৎসা, ওষধির নাম নির্দ্দেশ, ব্যাকরণের নিয়ম, উদা-হরণ, ছন্দঃশাস্ত্রারম্ভ, মাত্রাবৃত্তকথন, সমবৃত্ত, অর্দ্ধসমবৃত্ত, বিষমবৃত্ত, প্রস্তারাদি নির্দ্দেশ, ধর্ম্মোপদেশ, স্নানবিধি, তর্পণ, বৈশ্বদেববিধি, সন্ধ্যাবিধি, শ্রাদ্ধবিধি, নিত্যশ্রাদ্ধ, সপিণ্ডীকরণ, ধর্ম্মসার কথন, শূদ্রোচ্ছিষ্ট ভোজনাদির প্রায়শ্চিত্ত, যুগধর্ম্মকথন, নৈমিত্তিক প্রলয়, সংসারকথনে পাপপরিমাণ, অষ্টাঙ্গযোগ, বিষ্ণুভক্তি, নারায়ণনমস্কার, নারায়ণের আরাধনা, নারায়ণের ধ্যান, বিষ্ণুমাহাত্ম্য, নৃসিংহস্তব, জ্ঞানামৃত, মার্কণ্ডেয়প্রোক্ত নারায়ণের স্তব, ব্রহ্মপ্রোক্ত বিষ্ণুস্তব, ব্রহ্মজ্ঞান, আত্মজ্ঞান, গীতাসার, অষ্টাঙ্গযোগের প্রয়োজন, বৈকুণ্ঠে নারায়ণের প্রতি গরুড়ের বিবিধ প্রশ্ন, ঔর্দ্ধদেহিক বিধি, নরকের স্বরূপ বর্ণন, গর্ভাবস্থা কীর্ত্তন, দশদানাদি কথন, পর্ণনরদাহবিধি, অশৌচ লক্ষণের কালনিরূপণ, বৃষোৎসর্গকথন, পঞ্চপ্রেতোপাখ্যান, ঔর্দ্ধ-দেহিক কর্ম্মাধিকারী, বভ্রুবাহন-প্রেতসংবাদ, শ্রাদ্ধের নানা-রূপ তৃপ্তিকীর্ত্তন, মনুষ্যজন্মাদি লাভের কারণ, মনুষ্যের তত্ত্বকথা, প্রেতত্বনাশক কর্ম্মকথন, আতুর মুমূর্ষুর দানকৃত্য যমনগরপথকথা, যাম্যপুরাদিগমনাবস্থা, যমমার্গনিষ্কৃতি-কথন, চিত্রগুপ্তপুর-গমনকীর্ত্তন, প্রেতের বাসস্থাননির্ণয়, প্রেতের লক্ষণ, প্রেতমুক্তির উপায়, প্রকারান্তরে পঞ্চপ্রেতের উপাখ্যান, প্রেতস্বরূপ নিরূপণ, মনুষ্যদিগের আয়ু নিরূপণ, বালকদিগের পিণ্ডদানাদি, শৈশবাদি ভেদে কুমারকাল হইতে কর্ত্তব্যের উপদেশ, সপিণ্ডীকরণবিধি, বিশেষ জ্ঞানার্থ নারায়ণের প্রতি গরুড়ের জিজ্ঞাসা, ঔর্দ্ধদেহিক

ক্রিয়াকথন, দানবিধি, দানমাহাত্ম্যাদি, জীবোৎপত্তি-কথন, যমলোকের বিস্তারাদি, যুগভেদে ধর্ম্মকার্য্যব্যবস্থা, দাহকারী ও সগোত্রদিগের প্রতি কর্ত্তব্যোপদেশ, অশৌচাদি নিরূপণ, সপিণ্ডীকরণে বিশেষবিধি ও শববিধি, অনশনাদি দ্বারা মরণের ফল, জলকুম্ভপ্রদানাদি, অপঘাতে মৃত ব্যক্তিদিগের গতি ও উদ্ধারের উপায়, কার্ত্তিকাদিতে বৃষোৎসর্গের বিধান, পূর্ব্বকৃত কর্ম্মের কর্ত্তার অনুবন্ধিত্ব কথন, বিশেষ দানের প্রকার, জলাগ্নিবন্ধনভ্রষ্টদিগের প্রায়শ্চিত্তকথন, আত্মঘাতীর শ্রাদ্ধাদি নিষেধ, বার্ষিকশ্রাদ্ধাদি, পাপভেদে চিহ্নভেদ ও জন্মভেদ কথন, মৃতের প্রতি অনুতাপ, মোক্ষের উপায়।

গরুড়মন্ত্র (পুং) গরুড়স্য মন্ত্রঃ ৬তৎ। গরুড়দৈবত মন্ত্রবিশেষ।

"সম্বর্ত্তকোনেত্রযুতঃ পার্শ্বস্তারোঽগ্নিসুন্দরী।
গারুড়ো মন্ত্ররথ্যাতো বিষদ্বয়বিনাশনঃ।
স্মরন্ গরুড়মাত্মানং মন্ত্রমেনং জপেন্নরঃ॥
বিষমালোচনেনৈব হন্যান্নাগভয়ং কুতঃ॥"

মন্ত্র যথা—ক্ষিপ ওঁ স্বাহা (তন্ত্রসার)

এই মন্ত্র দ্বারা বিষ নষ্ট হয় এবং সর্প ভয় নিবারিত হয়।

গরুড়মুদ্রা (স্ত্রী) বিষ্ণুপূজার অঙ্গভূত মুদ্রাবিশেষ।

"হস্তৌ তু বিমুখৌ কৃত্বা গ্রথয়িত্বা কনিষ্ঠকে।
মিথস্তর্জ্জনিকে শ্লিষ্টে শিষ্টাবঙ্গুষ্ঠকৌ তথা।
মধ্যমানামিকাগ্রে তু দ্বৌ পক্ষাবিব চালয়েৎ।
এষা গরুড়মুদ্রাস্যাদ্‌বিষ্ণোঃ সন্তোষবর্দ্ধিনী॥" (তন্ত্রসার)

গরুড়রুত (ক্লী) গরুড়স্য রুতমিব। ১ ছন্দোবিশেষ।

"গরুড়রুতং নজৌ ভজতগা যদাস্যুস্তদা।" (ছন্দোমঞ্জরী।)

যাহার প্রথমে নগণ পরে জ-ভ-জ-ত গণ ও তৎপরে একটী গুরু অক্ষর থাকে, তাহাকে গরুড়রুতচ্ছন্দ কহে। গরুড়স্য রুতং ৬তৎ। ২ গরুড়ের রব।

গরুড়বেগা (স্ত্রী) গরুড়স্য বেগ ইব বেগ উৎপত্তৌ অস্যাঃ। লতাবিশেষ।

"বীরুধয়ো বারাহী জ্যোতিষ্মতী চ গরুড়বেগা।" (বৃহৎসং ৫৪।৮৭)

গরুড়ব্যূহ (পুং) গরুড়ইব আকারেণ ব্যূহঃ। গরুড়াকৃতি সৈন্য রচনাবিশেষ। [গরুড় দেখ।]

গরুড়-শিলা, কুমাউন্ প্রদেশস্থ হিমালয়ের নিকট বদরীনাথ তীর্থের বৈষ্ণবক্ষেত্রের অন্তর্গত ১২টী ক্ষেত্রের মধ্যে একটী ক্ষেত্র।

গরুড়াগ্রজ (পুং) গরুড়স্য অগ্রজঃ। বিনতার জ্যেষ্ঠ পুত্র, সূর্য্যসারথি অরুণ।

"বিনতাচাপি সিদ্ধার্থা বভূব মুদিতা তথা।
জনয়ামাস পুত্রৌ দ্বাবরুণং গরুড়ং তথা।" (ভারত ১।৩১।২৯)

গরুড়াঙ্কিত (ক্লী) গরুড়ইব অঙ্কিতম্। মরকতমণি।

গরুড়াচল, মান্দ্রাজ প্রেসিডেন্সির রাজমহেন্দ্রী সরকারের অন্তর্গত একটী পর্ব্বত।

গরুড়াশ্মন্ (পুং) গরুড় বর্ণইব বর্ণবান্ অশ্মা প্রস্তরঃ। মরকত মণি। (জটাধর।)

গরুড়াসন (ক্লী) আসনবিশেষ।

"গরুড়াসন মাবক্ষ্যে যেন ধ্যানস্থিরো ভুবি।
সর্ব্বদোষাদ্‌বিনির্মুক্তো ভবতীহ মহাবলী॥
একপাদমুরৌ বদ্ধা একপাদে চ দণ্ডবৎ।
জঙ্ঘাপাদসন্ধিদেশে জানোরগ্রং ব্যবস্থিতম্॥" (রুদ্রযামল।)

একপাদ উরুতে রাখিয়া অন্যপাদ দণ্ডের ন্যায় রাখিবে, তৎপরে জঙ্ঘা ও পাদের সন্ধিস্থলে জানুর অগ্রভাগ স্থিরভাবে স্থাপিত করিবে। ইহাকেই গরুড়াসন কহে।

গরুড়োত্তীর্ণ (ক্লী) গরুড়ো বর্ণেন উত্তীর্ণোঽতিক্রান্তোঽনেন। মরকতমণি। (রাজনি°)

গরুড়োপনিষদ্ (স্ত্রী) অথর্ব্ববেদান্তর্গত একখানি উপনিষদ্।

গরুৎ (পুং) গৃণাতি শব্দায়তে বায়ুবেগেনেতি গৃ-উতি (গ-মৃ-গ্রোরুতিঃ। উণ্।১।৯৬।) ইতি উতি প্রত্যয়ঃ। ১ পক্ষ, পাখা। ২ নিগরণ। ৩ ভক্ষণ। "সুপর্ণোঽসি গরুত্মান্ পৃষ্ঠে।" (যজুর্ব্বেদ ১৭।৭২)। 'গরুত্মান্ গরণং গিলনং ভক্ষ অস্যাস্তীতি গরুত্মান্ অশনায়ত্বানিত্যর্থঃ।' (বেদদীপ।)

গরুত্মন্ (পুং) গরুতঃ প্রশস্তপক্ষাঃ সন্ত্যস্য গরুৎ-মতুপ্। ১ গরুড়। "জগ্রাহলীলয়া প্রাপ্তাং গরুত্মানিব পন্নগীম্।" (ভাগ° ৬।১৯।১১) ২ পক্ষিমাত্র। ৩ হবির্ভক্ষক অগ্নি। (যজুর্ব্বেদ। ১৭।৯৩।)

গরুদ্‌যোধিন্ (পুং) গরুদ্‌ভ্যাং পক্ষাভ্যাং যুধ্যতীতি, যুধ্-ণিনি। ১ ভারতী নামক পক্ষী, ভারুই। (ত্রিকাণ্ড°)

গরুয়ারি, একটী বন। আসামের অন্তর্গত দরঙ্গ জেলার মধ্যে অবস্থিত। ইহা হইতে মূল্যবান্ শাল কাষ্ঠ আনীত হয়।

গরুল (পুং) গরুড় ডস্য লো বা। গরুড়। (হেম°)

গরেরি, বেহারবাসী জাতিবিশেষ। ছাগমেষাদি পালন ও তাহার লোমে কম্বল বয়নই ইহাদের উপজীবিকা। এই জাতির উৎপত্তি সম্বন্ধে কোন প্রবাদ বা বিশেষ বিবরণ নাই। কেবল তাহারা পশ্চিমাঞ্চল হইতে আসিয়াছে, এইমাত্র জানা যায় ইহারা গোয়ালার নিকট অন্নব্যঞ্জনাদি খাইতে দোষ বোধ করে না। সম্ভবতঃ ইহারা গোয়ালা জাতির একটী শাখা। কোথাও কোথাও ইহাদিগকে গদারিয়া, কোথাও বা ভেঁড়িহর বলিয়া থাকে। [গরারিগ দেখ।]

বেহারে ইহাদের মধ্যে ধেন্‌গড়, ফরক্কাবাদী, গঙ্গাজলী ও নিকর এই চারিটী শ্রেণী আছে। ধেন্‌গড়দিগের মধ্যে চন্দেল,

চৌধুরিয়া, কাশ্যপ ও নানকর এই কএকটী গোত্র আছে। ইহারা সগোত্রে বিবাহ করে না। অপর শ্রেণীর গরেরিগণ "মমেরা" "চচেরা" প্রভৃতি জাতীয় প্রথা মত ছয় পুরুষের মধ্যে পুত্রকন্যার বিবাহ দেয় না। ইহাদের মধ্যে কম্বলিয়া, কম্মলি, মরার ও রাউত এই চারিটী পদবী প্রচলিত আছে।

বাল্যকালেই ইহাদের বিবাহ হইয়া থাকে। স্ত্রী বন্ধ্যা হইলে পুরুষেরা পুনরায় বিবাহ করিতে পারে। ইহাদের মধ্যে বিধবা বিবাহ প্রচলিত আছে। স্বামী শপথ করিয়া স্ত্রীত্যাগ করিলে সেই স্ত্রী বিধবার মত বিবাহ করিতে পারে। স্ত্রীলোক পরপুরুষে আসক্ত জানিতে পারিলে তাহাকে জাতিচ্যুত ও সমাজ হইতে বহিষ্কৃত করিয়া দেয়। পুরুষেরা কোন কুকর্ম্ম করিলে তাহাকে গ্রামের পঞ্চায়ত ও মণ্ডলের নিকট নির্দ্দিষ্ট সাজা পাইয়া পাপের প্রায়শ্চিত্ত করিতে হয় এবং পরে স্বজাতিকে ভোজ দিয়া পুনরায় সমাজভুক্ত হয়।

ইহাদের মধ্যে সকলেই বৈষ্ণব। দুই একজন শৈবও দেখা যায়। দরিয়াদাস নামে একজন গরেরি প্রথমে স্বজাতির মধ্যে বৈষ্ণবধর্ম্ম প্রচার করেন। তাঁহার শিষ্যেরা তাঁহাকে ধর্ম্মগুরু বলিয়া ভক্তি করে। কেহই মাছ মাংস খায় না। কনোজিয়া বা জ্যোষী ব্রাহ্মণেরাই ইহাদের পৌরহিত্য করে এবং বৈরাগী অথবা "দশনামী" সন্ন্যাসীরাই ইহাদের মন্ত্রদাতা গুরুর কার্য্য করিয়া থাকে। বন্দি, গোরৈয়া, ধর্ম্মরাজ, নরসিংহ, পাঁচপীর ও কালীমাতা ইহাদের কুলদেবতা। ৩০এ শ্রাবণ বাড়ীর পুরুষেরা নানাবিধ উপচারে ঐ সকল দেবদেবীর পূজা করিয়া থাকে। শৈবদিগের মধ্যে কেহ কেহ ছাগাদি বিক্রয়ের সময় একটী ভেড়া রাখিয়া দেয়। পরে তাহাকে "বন্‌জারীর" সম্মুখে বলি দিয়া স্বদলে আমোদে ভোজন করে।

ইহারা আপনাদিগকে আহীর গোয়ালাদের অপেক্ষা উচ্চশ্রেণীর এবং মজ্‌রোতি ও কৃষ্ণায়ত গোয়ালাদের সহিত সমশ্রেণীর বলিয়া গণ্য করে ও তাহাদের দত্ত অন্নজলাদি গ্রহণ করিয়া থাকে। পক্ষান্তরে ইহারা নিজেই ছাগ বা মেষ খাসী করে বলিয়া মজ্‌রোতি ও কৃষ্ণায়তেরা ইহাদের জল লয় না। বরং ঐ কার্য্যের জন্য ইহাদিগকে আরও নিকৃষ্ট মনে করে। বেহার ও বাঙ্গালার ব্রাহ্মণেরা ইহাদের স্পৃষ্ট জল খায়, কিন্তু পূর্ণিয়া জেলায় ইহারা অতি নিকৃষ্ট জাতি বলিয়া গণ্য। স্বজাতি ভিন্ন অপর কাহারও নিকট মেষপালকের কার্য্য করিলে ইহাদের জাতি যায়।

গরোথা, উত্তরপশ্চিমপ্রদেশের ঝান্সি জেলার উত্তরপূর্ব্বস্থিত একটী তহশীল। ইহার ভূমি উচ্চ ও পার্ব্বতীয়, ক্রমশঃ ঢালু হইয়া বেতওয়া ও দসান নদীদ্বয়ের কূল পর্য্যন্ত আসিয়াছে। ক্ষেত্রফল ৫০১ বর্গমাইল। ইহার অর্দ্ধেক অংশে শস্য জন্মে।

গরোদি, একজাতীয় সাপুড়িয়া, ইহারা মুসলমানধর্ম্মাবলম্বী।

গরোল, বোম্বাই প্রেসিডেন্সির রেবাকান্তা বিভাগের অন্তর্গত একটী ছোট রাজ্য। সম্প্রতি পাঁচটী মহল ইহার অন্তর্গত হইয়াছে। ইহার খাজনা রেবাকান্তার এজেন্সী দ্বারা বরদার গাইকোবাড়ের নিকট প্রেরিত হয়।

গরোলা, মধ্যপ্রদেশের সনার জেলার অন্তর্গত একটী লাখেরাজ গ্রাম। ইহার ক্ষেত্রফল প্রায় ১৬০০০ বিঘা, দিল্লীর বাদশাহ রাও রামচন্দ্রকে এই স্থান অর্পণ করেন। ১৭৪৬ খৃষ্টাব্দে পেশবা ইহার অধিকাংশ অধিকার করিয়া লন। গ্রামে প্রাচীরবেষ্টিত একটী ছোট দুর্গ আছে। ইহার পূর্ব্বদিকে একটী হ্রদ আছে। হ্রদের চারি পার্শ্ব বেশ উর্ব্বরা। গ্রামে একটী বিদ্যালয় আছে।

গর্গ (পুং) গৃণাতি বেদশব্দেন স্তৌতি। গৃ-র্গ। (মুদ্রিগ্রোর্গগ্‌-র্গৌ। উণ্ ১।১২৭।) ১ বৃহস্পতির বংশজাত মুনিবিশেষ, বিতথের পুত্র। (হরিবংশ ৩২।২০) ইনি শিবের আরাধনা করিয়া চৌষট্টি অঙ্গ জ্যোতিষাদিতে জ্ঞান লাভ করেন।

"চতুষষ্ট্যঙ্গমদদৎ কলাজ্ঞানং মমাদ্‌ভুতম্।
সরস্বত্যাস্তটে তুষ্টো মনোযজ্ঞেন পাণ্ডব !।"(ভারত ১৩।১৮।৩৮)
"বহুনাং গর্গাদীনাং মতং বক্ষ্যে॥" (বৃহৎসংহিতা ২১।৫)

অশ্বায়ুর্বেদ, কেরলপ্রশ্ন, কেরলপাশাবলী, গর্গসংহিতা নামে জ্যোতিষ ও গর্গমনোরমা নামে তাহার টীকা, প্রশ্নমনোরমা, প্রশ্নবিদ্যা, ষোড়শপ্রশ্ন, জ্যোতির্গর্গ, পল্লীসরট-বিধান, কাত্যায়নশ্রৌতসূত্রভাষ্য, গর্গপদ্ধতি প্রভৃতি গর্গাচার্য্য প্রণীত বলিয়া প্রচলিত আছে। কিন্তু সকলগুলি তেমন প্রাচীন বলিয়া বোধ হয় না। (পুং স্ত্রী) গর্গ অপত্যে যঞ্। বহুষু যঞো লুক্ অস্ত্রিয়াম্; অনো লুক্। ২ গর্গের গোত্রাপত্য। "গর্গাঃ শতং ভোজ্যন্তাম্।" (মহাভাষ্য।) ৩ মুনিবিশেষ, ইনি কুণিগর্গ নামে খ্যাত। (ভারত) কাহারও মতে ইনি গর্গস্মৃতি রচনা করেন। মাধবাচার্য্য, হেমাদ্রি, কমলাকর প্রভৃতি স্মার্ত্তগণ গর্গস্মৃতি উদ্ধৃত করিয়াছেন। ৪ গয়াক্ষেত্রে যজ্ঞের নিমিত্ত সৃষ্ট ব্রহ্মার মানসপুত্রবিশেষ।

"গর্গং কৌশিকবাশিষ্ঠৌ।" (বায়ুপুরাণে গয়ামাহাত্ম্য ২ অঃ।)

৫ তালবিশেষ। ইহাতে চারিটী দ্রুত অন্তে বিরাম আছে।
"চতুর্দ্রুতং বিরামান্তং তালোঽয়ং গর্গসংজ্ঞিতঃ॥"(সঙ্গীতদামো০।)

৬ বৃশ্চিক। ৭ কিঞ্জলক। (শব্দার্থচি০) ৮ একজন জৈনগ্রন্থকার, ইনি মাগধী ভাষায় কর্ম্মবিপাক প্রণয়ন করেন।

৯ একজন প্রাচীন কবি, মঙ্খ শ্রীকণ্ঠচরিতে ইহার নাম উদ্ধৃত করিয়াছেন।

গর্গত্রিরাত্র (পুং) ত্রিদিবসসাধ্যযাগবিশেষ।

(কাত্যায়ন শ্রৌতসূত্র ২।৩।২।৮।)

গর্গভূমি (পুং) একজন রাজকুমার।

গর্গর (পুং) গর্গ ইতি শব্দং রাতি রা-ক। গৃ বাহুলকাৎ গরন্ বা। ১ মৎস্যবিশেষ। (জটাধর) ইহার গুণ—মধুর, স্নিগ্ধ ও বাতপিত্তনাশক। (রাজবল্লভ।) ইহা পীতবর্ণ ও পিচ্ছিলাঙ্গ। ইহার পৃষ্ঠদেশে বহুতর রেখা ও আঁইষ্ আছে। (রাজনিং।) গর্গরমৎস্য পিত্তকর, বাত ও কফনাশক, এবং কোপকর। (ভাবপ্রকাশ)

গর্গরিক (পুং) গর্গর-স্বার্থে কন্। সমুদ্রজাত গর্গর মৎস্য।

"মকর-গর্গরক-চন্দ্রক-মহামীন-রাজীব-প্রভৃতয়ঃ সামুদ্রাঃ।"

(সুশ্রুত, সূত্রস্থান ৪৬ অঃ।)

গর্গরী (স্ত্রী) গর্গর জাতৌ ঙীষ্। ১ মন্থনী। ২ দধিমন্থনপাত্র। (অমর।) ৩ কলসী।

"মেষাদৌ শক্তবো দেয়া বারিপূর্ণা চ গর্গরী।" (তিথিতত্ত্ব)

গর্গবংশী, রাজপুত জাতির একটী শ্রেণী, আজিমগড় ও গোরক্ষপুর অঞ্চলে ইহাদের বাস।

গর্গশিরস্ (পুং) দৈত্যবিশেষ। "ইরা গর্গশিরা যশ্চ।"

(হরিবংশ ৩ অঃ।)

গর্গসংহিতা (স্ত্রী) গর্গেণ কৃতা সংহিতা মধ্যপদলোং। কালজ্ঞানার্থ গর্গকৃত সংহিতা, জ্যোতিষগ্রন্থবিশেষ। বৃহদ্গর্গ ও বৃদ্ধগর্গ নামে আরও দুই প্রকার গর্গসংহিতা পাওয়া যায়।

গর্গস্রোতস্ (ক্লী) গর্গেণ আশ্রিতমুষিতং বা স্রোতঃ। ১ তীর্থবিশেষ। গর্গ মুনির নামানুসারে ইহার নামকরণ হইয়াছে। এই তীর্থ সরস্বতীতীর্থের মধ্যে অবস্থিত।

"তস্মাৎ গন্ধর্ব্ব-তীর্থাচ্চ মহাবাহুররিন্দমঃ।
গর্গস্রোতো মহাতীর্থমাজগামৈককুণ্ডলী॥
যত্র গর্গেণ বৃদ্ধেন তপসা ভাবিতাত্মনা।
কালজ্ঞান-গতিশ্চৈব জ্যোতিষঞ্চ ব্যতিক্রমঃ॥
উৎপাতা দারুণাশ্চৈব শুভাশ্চ জনমেজয়।
সরস্বত্যাঃ শুভে তীর্থে বিদিত্বা বৈ মহাত্মনা॥
যস্য নাম্না চ তত্তীর্থং গর্গস্রোত ইতি স্মৃতম্॥"

(ভারত ৯।৩৮ অঃ।)

গর্গাট (পুং) গর্গ ইতি শব্দেন অটতি, অট্-অচ্, শকন্ধাদিত্বাৎ অলোপঃ। মৎস্যবিশেষ। পর্য্যায়—যোগনাবিক।

গর্গাদি (পুং) পাণিনীয় গণ-বিশেষ, ইহার উত্তর। গোত্রার্থে যঞ্ প্রত্যয় হয়। গর্গাদিগণ যথা—বৎস, সংকৃতি, অজ, ব্যাঘ্রপাদ, বিদভৃৎ, প্রাচীনযোগ, অগস্তি, পুলস্তি, চমস, রেভ, অগ্নিবেশ, শঙ্খ, শট, শক, এক, ধূম, অবট, মনস, ধনঞ্জয়, বৃক্ষ, বিশ্বাবসু, জরমাণ, লোহিত, সংশিত, বভ্রু, বল্গু, মণ্ডু, গণ্ডু, শঙ্কু, লিণ্ড, গৃহলু, মন্ত, মুক্ষু, অলিণ্ড, জিগীষু, মনু, তন্ত, মনায়ী, সুনু, কথক, কন্থক, ঋক্ষ, তনু, তরুক্ষ, তলুক্ষ, তণ্ড, বতণ্ড, কপি, কত, কুরুকত, অনড়ুহ্, কণ্ব, শকল, গোকক্ষ, অগস্ত্য, কুণ্ডিনী, যজ্ঞবন্ধ, পর্ণবন্ধ, অভয়জাত, বিরোহিত, বৃষগণ, বহুমণ শণ্ডিল, চণক, চুলুক, মুদ্গল, মুসল, জমদগ্নি, পরাশর, জাতূকর্ণ, মহিত, মন্ত্রিত, অশ্মরথ, শর্করাক্ষ, পূতিমাষ, স্থূরা, অররক, এলাক, পিঙ্গল, কৃষ্ণ, গোলন্দ, উলূক, তিতিক্ষ, ভিষজ্, ভিক্ষজ, ভড়িত, ভণ্ডিত, দল্ভ, চেকিত, চিকিৎসিত, দেবহূ, ইন্দ্রহূ, একলূ, পিপ্পলূ, বৃহদগ্নি, সুলোহিন্, সুলাভিন্, উক্থ, কুটীগু।

গর্জ্জ (পুং) গর্জ্জ-ভাবে ঘঞ্। ১ হস্তীর শব্দ। ২ গর্জ্জন, মেঘাদির শব্দ।

"মাঘাদি চতুরোমাসান্ গর্জ্জমাত্রং বিবর্জ্জয়েৎ॥" স্মৃতিঃ।

গর্জ্জক (পুং) গর্জতি ইতি গর্জ-ণ্বুল্। মৎস্যবিশেষ। পর্য্যায় শাল, শালজ। (শব্দরত্না।)

গর্জ্জন (ক্লী) গর্জ্জ-ভাবে ল্যুট্। ১ শব্দ। ২ কুপিত জন্তুর শব্দ। ৩ সিংহাদির শব্দ। "বারণগর্জ্জনং" (রামায়ণ। ৫।২৪।) ৪ কোপ। (মেদিনী।) ৫ বৃক্ষবিশেষ। ৬ তজ্জাত তৈলবিশেষ।

গর্জ্জনতৈল, গর্জ্জনবৃক্ষজাত (Dipterocarpus turbinatus.) নির্য্যাসবিশেষ। আসাম, ত্রিপুরা, চট্টগ্রাম, ব্রহ্মদেশ, পেগু ও মলয় দ্বীপসমূহে এই বৃক্ষ প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। বৃক্ষগুলি প্রায় ২৫০ ফিট্ উচ্চ ও গুড়ির বেড় প্রায় ১৫ ফিট্ হয়। বর্ষাকালে ইহাতে ফুল ও বীজ জন্মে। ইহা হইতে ধূনা সংযুক্ত গাঢ় কৃষ্ণ ও শ্বেতবর্ণের দুই প্রকার আঠা বাহির করা হয়, তাহাই গর্জ্জন তৈল। ইহার গন্ধ অতি তীব্র। মাটি হইতে ৩।৪ ফিট্ উচ্চ বৃক্ষের গায়ে ৪।৫ ইঞ্চি একটী গর্ত্ত কাটিতে হয়। ঐ কর্ত্তিত স্থানটীতে অগ্নি দিয়া দগ্ধ করিলে পর তৈল গড়াইতে থাকে। তৈল নিম্নস্থ পাত্রে লইবার জন্য বৃক্ষের গাত্রে আবশ্যক মত প্রণালী কাটিয়া লয় প্রতি সপ্তাহে ঐ গর্ত্ত নূতন করিয়া কাটিয়া পূর্ব্বমত অগ্নি দিয়া পোড়াইতে হয়। কোন কোন গাছে ২।৩টী গর্ত্ত কাটে তাহাতেও গাছটী মরে না। অগ্রহায়ণ হইতে ফাল্গুন-মাস পর্য্যন্ত ঐরূপে তৈল বাহির করা হয়। এক একটী বৃক্ষে বৎসরে ৩ হইতে ৫ মণ পর্য্যন্ত তৈল জন্মে। ইহা বিশেষ

কাজে আইসে, কাষ্ঠে মাখাইলে তাহা অধিককাল স্থায়ী হয়। পালিসাদি কার্য্যে ইহা প্রচুর ব্যবহৃত হয়।

গর্জ্জমান (ত্রি) যে গর্জ্জন করিতেছে।

গর্জ্জর (ক্লী) গর্জ্জ বাহুলকাৎ অরচ্। গৃঞ্জন, গাঁজর। পর্য্যায় পিণ্ডমূল, পীতকন্দ, সুমূলক, স্বাদুমূল, সুপীত, নারঙ্গ, পীতমূলক। ইহার গুণ—মধুর, রুচিকর, কিঞ্চিৎ কটু, কফ আধ্মান, ক্রিমিশূল, দাহ, পিত্ত ও তৃষ্ণানাশক (রাজনি°) ভাব প্রকাশে ইহার পর্য্যায় গাজর, গৃঞ্জন, নারঙ্গবর্ণক। গুণ যথা—মধুর, তীক্ষ্ণ, তিক্তোষ্ণ, দীপক, লঘু, সংগ্রাহী, রক্তপিত্ত অর্শঃ গ্রহণী কফ ও বাতনাশক।

গর্জ্জা (স্ত্রী) গর্জ-টাপ্। গর্জন, মেঘাদির ধ্বনি।

"গণ্ডূষগর্জ্জজাগরভুজ কীল জ্বাল বর্ত্তকব্রীড়াঃ।
উৎকণ্ঠ সঠ বিরাটক রভসাঃ স্ত্রীত্বে তু টাবন্তাঃ॥" (ত্রিকাণ্ড।)

গর্জ্জাফল (পুং) গর্জ্জয়া গর্জ্জনেন ফলং যস্য। ১ বিকণ্টক বৃক্ষ। (রাজনিং) গর্জ্জাএব ফলমস্য। ২ যুদ্ধ। (হেম°) ৩ ভৎর্সন। ৪ উত্তেজন। (শব্দর°।)

গর্জ্জি (পুং) গর্জ্জ-ইন্। (সর্ব্বধাতুভ্য ইন্। উণ্ ৪।১১৭। মেঘ শব্দ। (হেম°)

গর্জ্জিত (ক্লী) গর্জ্জ ভাবে ক্ত। ১ মেঘাদির শব্দ। (অমর।)

"প্রচণ্ডঘনগর্জ্জিত প্রতিরবানুকারী মুহুঃ।" (বেণীসংহার)

২ রণাদিতে আস্ফালন।

"এহ্যেহি যুধ্যস্ব রণে কিং বৃথা গর্জ্জিতেন তে॥"
(হরিবংশ ১৮২।৪৯)

(ত্রি) কর্ত্তরি-ক্ত। ৩ কৃতশব্দ, যে শব্দ করিয়াছে।

"সন্ধ্যায়াং গর্জ্জিতে মেঘে শাস্ত্রচিন্তাং করোতি যঃ।
চত্বারি তস্য নশ্যন্তি আয়ুর্বিদ্যা যশো বলম্॥" (স্মৃতি।)

(পুং) গর্জ্জো-জাতোঽস্য তারকাদিত্বাৎ ইতচ্। ৪ মত্তহস্তী। (অমর ২।৮।৩৬।)

গর্জ্য (ক্লী) গর্জ্জ-ণ্যৎ (ন ক্বাদেঃ। পা ৭।৩।৫৯। ইতি নকুত্বম্।) গর্জ্জনীয়।

গর্ত্ত (পুং) গিরতি গৃ-নিগরণে তন্ (হসিমৃগ্রিণবামিদমিলূপূ ধূর্বিভ্যস্তন্। উণ্ ৩।৮৬।) ১ ভূমিছিদ্র। ইহার পর্য্যায়—রন্ধ্র, বিল, গহ্বর, অবট, ভূরন্ধ্র, দর, শ্বভ্র, আবটি, আবটু, পৃথিবীরন্ধ্র।

"ন সসত্ত্বেষু গর্ত্তেষু ন গচ্ছন্ নাপি চ স্থিতঃ।" (মনু।৪।৪৭।)

২ ত্রিগর্ত্তদেশ। ৩ স্ত্রীনিতম্বের কুকুন্দর। ৪ রোগপ্রভেদ। ৫ গৃহ। (নিঘণ্টু) ৬ সভাস্থাণু। (নিরুক্ত।) ৭ রথ।

"আরোহথো বরুণ মিত্র গর্ত্তমতশ্চাক্ষাথে অদিতিং দিতিঞ্চ।" (ঋগ্বেদ ৫।৬২।৮।) 'গর্ত্তং রথম্'। (সায়ণ।) ৮ যে জলাশয়ের গতি বা প্রবাহ স্থান আট হাজার ধনুর অধিক নহে তাহাকে গর্ত্ত বলে।

"ধনুঃ সহস্রাণ্যষ্টৌ চ গতির্যাসাং ন বিদ্যতে।
ন তা নদীশব্দবহা গর্ত্তাস্তাঃ পরিকীর্ত্তিতাঃ॥" (ছান্দোগপরি.)

৯ নরকবিশেষ। (মার্কণ্ডেয়পুরাণ ২১।১০।)

গর্ত্তসদ্ (ত্রি) গর্ত্তে সীদতীতি সদ্-ক্বিপ্ রথস্থিত। (ঋক্। ২।৩৩।১১।)

গর্ত্তাশ্রয় (ত্রি) যাহারা গর্ত্ত আশ্রয় করিয়া বাস ও জীবিকা নির্ব্বাহ করে।

গর্ত্তিকা (স্ত্রী) গর্ত্তোঽস্ত্যস্যাঃ ঠন্। তন্তুশালা, তাঁত ঘর।

গর্ত্ত্য (ত্রি) গতমর্হতি যৎ। (ছন্দসি চ। পা ৫।১।৬৭।) গর্ত্ত-বিশিষ্টদেশ।

গর্দ্দভ (পুং) গর্দ্দতি কর্কশশব্দং করোতি গর্দ্দ-অভচ্ (কৃশৃশলি-কলিগর্দ্দিভ্যোঽভচ্। উণ্ ৩।১২২।) পশুবিশেষ, গাধা, পর্য্যায়—চক্রীবান্ বালেয়, রাসভ, খর, রাশভ, শঙ্কুকর্ণ, ভারগ, ভূরিগম, ধূসরাহ্বয়, বেশব, ধূসর, স্মরসূর্য্য, চিরমেহী, পশুচরি, চারপুচ্ছ, চারট গ্রাম্যাশ্ব। হিন্দী—গদ্ধা। তামিল—কলদ। তেলগু—গুর্দ্দি।

ইহারা স্তনপায়ীর মধ্যে একশফশ্রেণীভুক্ত।

গর্দ্দভ দেখিতে অনেকটা অশ্বের মত। ইহাদের লাঙ্গুলের উপরিভাগের ও লাঙ্গুলের শেষভাগের লোম অপেক্ষাকৃত অল্প। বর্ণ পাঁশুটে। কাহারও রং বালির মত। ঘাড়ের গোড়ায় মেরুদণ্ড হইতে কৃষ্ণবর্ণ লোমাবলী একটী সরু-দাগের মত হইয়া গলার নিম্ন অবধি আসিয়াছে। আর একটী মস্তক হইতে লাঙ্গুল পর্য্যন্ত গিয়াছে।

গর্দ্দভের রং যদি অপেক্ষাকৃত সাদা হয়, তবে এই দাগ কিছু অধিক স্পষ্ট দেখা যায়। নহিলে বড় অধিক লক্ষ্য হয় না। পায়ের খুরেও ঘোড়া হইতে একটু প্রভেদ দৃষ্ট হয়।

গর্দ্দভের খুর শরীরের পারিমাণে অপেক্ষাকৃত বড় ও পার্শ্ব-দেশ আরও সরু। মধ্যে একটী গর্ত্তের মত আছে। পার্ব্বতীয় পথে যেখানে অশ্ব যাইতে পারেনা, গর্দ্দভগণ তথায় ইহা দ্বারা অনায়াসে গমন করিতে পারে। পিচ্ছিল ভূমিতে যাইবারও ইহাতে সুবিধা হয়। সমতল ভূমিতে গমন করিবার পক্ষে অশ্ব, বন্য ভূমিতে হস্তী, মরু-ভূমিতে উষ্ট্র যেরূপ উপযোগী, পর্ব্বতোপরি দ্রব্যাদির ভার বহিবার পক্ষে গর্দ্দভও সেইরূপ উপযোগী। গর্দ্দভের কাণ লম্বা। মস্তক শরীরের পরিমাণে কিছু বড়। পা গুলি ছোট। পায়ের খুরের উপরে একটী করিয়া দাগ আছে। গর্দ্দভ শান্ত ও সহিষ্ণু, অথচ নির্ব্বোধ নহে। কোন পথ দিয়া

কবার লইয়া গেলে অনায়াসে সেই পথ চিনিয়া আসে। ড়ের মধ্যে আপন প্রভুকে চিনিয়া লইতে পারে। ষ্ঠর ভার অতিরিক্ত হইলে নড়ে না। তবে লিয়া যায়। গর্দ্দভের ডাক কর্কশ। এই জন্য কোন য়কের গলার স্বর কর্কশ হইলে তাহাকে গর্দ্দভের সহিত লনা করা হয়। সাধারণতঃ লোকের ধারণা গর্দ্দভের মত র্ব্বোধ পশু আর নাই। এই জন্য কোন মনুষ্যকে নির্ব্বোধ ঝাইতে হইলে গর্দ্দভের সহিত তুলনা দেয়। গর্দ্দভের গ্ধ অজীর্ণের পক্ষে বিশেষ উপকারী। স্তন্য দুগ্ধ অভাবে র্দ্দভের দুগ্ধ পান করিয়া অনেক শিশু জীবন ধারণ করি-ছে। এদেশে সাধারণতঃ ধোপাদিগের কাপড়ের মোট হিবার জন্য গর্দ্দভের ব্যবহার দেখা যায়। ইহারা স্বল্পেই ষ্ট। তৃণপত্র ইত্যাদি আহারেই ইহাদের তৃপ্তি।


এগার মাস গর্ভধারণ করিয়া গর্দ্দভী সন্তান প্রসব করে। ৪ বৎসরে বড় হইয়া উঠে। গর্দ্দভ ২০।২২।২৪ বৎসর র্য্যন্ত জীবিত থাকে। ইহাদের চর্ম্ম স্থিতিস্থাপক, ইহাতে র্চমেণ্ট, জয়ঢাক, জুতা, পুস্তকের মলাট প্রভৃতি প্রস্তুত য়। গৃহপালিত গর্দ্দভ অপেক্ষা বন্য গর্দ্দভ অনেক বলিষ্ঠ। াহাদের চর্ম্মও সমধিক চিক্কণ। তুরস্কের সিরিয়া অঞ্চলে ছারা দেখিতে অনেকটা সুন্দর। সেখানকার রমণীগণ হাদিগকে বিশেষ যত্নে পালন করেন। আরবেরা ইহার উপর ড়িয়া বেড়ায় কৃষিকার্য্যেও গর্দ্দভ লাগাইয়া থাকে। জেরুজি-মে পূর্ব্বে বড় বড় লোক ও পুরোহিতগণ গর্দ্দভে চড়িয়া ড়াইতেন। কিন্তু মিসরবাসী লোকেরা ইহাদিগকে অমঙ্গল ন করিয়া বড়ই ঘৃণা করিত। তাহারাই প্রথমে নির্ব্বোধ াককে গর্দ্দভ বলিয়া বিদ্রূপ করিত। ভারত ও আফ্রিকার র্দ্দভেরা খর্ব্বকায় ও দুর্ব্বল। আফ্রিকার কাইরো, বিয়া, নিউমিডিয়া প্রভৃতি দেশের বনে অনেক গর্দ্দভ াছে। সেখানকার লোক ইহার মাংস ভক্ষণ করে। মধ্য সিয়াতেই গর্দ্দভের পাল অধিক। গ্রীষ্মের সময় এই া উত্তরে ইউরাল পর্ব্বত পর্য্যন্ত যায়। আর শীতের য় ভারতপ্রান্তে আসিয়া উপস্থিত হয়। এই দলের কজন করিয়া দলপতি থাকে, সেটী সর্ব্বাপেক্ষা সতেজ, তগামী ও চতুর। শিকারীরা তাহাকে ধরিতে পারিলে ার্থ মনে করে। পূর্ব্বে য়ুরোপে গর্দ্দভ ছিল না। অল্পকাল লে সেখানে গিয়াছে। ইংলণ্ডের দরিদ্র লোকে ইহার শেষ আদর করে। স্পেনের লোকে বিশেষ আদর করে লয়াই হউক অথবা সেখানকার জল গুণেই হউক সেখানে

মূল্যও কম। একটা ঘোড়ার মূল্যের কুড়িভাগের একমাত্র। অশ্ব ও গর্দ্দভের সঙ্গমে দুইজাতীয় অশ্বতর জন্মে। এক গর্দ্দভের ঔরসে অশ্বিনীর গর্ভে আর এক অশ্বের ঔরসে ও গর্দ্দভীর গর্ভে জন্মে। ইংরাজীতে পূর্ব্বোক্তগুলিকে মিউল Mule ও শেষোক্তগুলিকে হিনী (Hinny) বলে। মিউলগুলি বৃহৎ বলবান্ ও সুগঠন। গর্দ্দভের হাড়ে পূর্ব্বকালে একপ্রকার বংশী প্রস্তুত হইত। ভারতের কচ্ছ, গুজরাট, জশলমীর ও বিক নীর প্রদেশে গোখুর নামক একপ্রকার বন্য গর্দ্দভ দৃষ্ট হয়।

গর্দ্দভের ঘ্রাণশক্তি অতিশয় প্রবল। চর্ম্ম স্থূল। স্থূল বলিয়া কশাঘাত করিলেও বিশেষ ক্লেশ বোধ করে না। ভারতের গর্দ্দভ ধূসরবর্ণ। আরব প্রভৃতি দেশের গর্দ্দভের ঈষৎ রক্তবর্ণ। পূর্ব্বে আফ্রিকা ও য়ুরোপে গর্দ্দভ ছিল না। আরব হইতে মিসরে নীত হয় এবং তথা হইতে গ্রীশ, গ্রীশ হইতে ইতালি, তথা হইতে ফ্রান্স এবং ফ্রান্স হইতে জর্ম্মণি, ইংলণ্ড, সুইডেন্ প্রভৃতি নানাদেশে ছড়াইয়া পড়িয়াছে। শীত-প্রধান দেশে গর্দ্দভ দুর্ব্বল ও খর্ব্বাকার হয়। গর্দ্দভ স্বভাবতঃ দ্রুতগামী ও ভয়ঙ্কর। কিন্তু ধৃত হইবার অল্পদিন পরেই স্বভাবের পরিবর্ত্তন হয়। তখন তাহারা নিরীহ হইয়া পড়ে। সকল পশু অপেক্ষা গর্দ্দভ অতি শীঘ্র পোষ মানে। যে স্থানের জল ভাল বলিয়া ইহার বোধ হইবে নিত্যই সেইজল পান করিবে। জলপান করিবার সময় ঘোটকের মত জলের ভিতর নাসিকা ডুবাইয়া দেয় না। ইহারা ঘাসের উপর গড়াগড়ি দিতে বড় ভালবাসে। জলে নামিতে ইহাদের বড় ভয়। শিশুকালে ইহারা দেখিতে সুন্দর। স্বভাবও অনেকটা চতুর থাকে। তখন হইতে শিক্ষা না দিলে বড় হইয়া মন্দমতি বুদ্ধিহীন ও অবাধ্য হয়। ইহাদের অপত্যস্নেহ বেশ দেখা যায়। গর্দ্দভ ও গর্দ্দভীতে ভালবাসাও বেশ। গর্দ্দভের পৃষ্ঠে অধিক ভার চাপাইয়া দিলে মস্তক ও কর্ণ নত করিয়া থাকে। তখন মুখব্যাদান করিয়া ওষ্ঠদ্বয় এরূপে টানে যে তাহাতে বড়ই কদাকার দেখায়। চক্ষু ঢাকা থাকিলে গর্দ্দভ চলে না। ইহাদিগকে শোয়াইয়া যদি তাহার একচক্ষু ঘাসে ও অপর চক্ষু পাতা বা ঢিল দিয়া ঢাকিয়া রাখা যায়, তাহা হইলে গর্দ্দভ নড়িবে না, সেই অবস্থাতেই থাকিবে। ইহারা ঘোটকের ন্যায় লম্ফ দিতে ও দ্রুত গমন করিতে পারে। কিন্তু অতি শীঘ্র ক্লান্ত হইয়া পড়ে। একবার ক্লান্ত হইলে সহস্র প্রহার করিলেও নড়িবে না।

গিনিদেশের গর্দ্দভ সেখানকার ঘোটক অপেক্ষা বড় ও

একপ্রকার স্থূলকায় ও মন্দগামী, ইহারা ভারবহন করে। আর একপ্রকার সুপরিষ্কৃত সুন্দরকায় গর্দ্দভ আছে। তাহাতে চড়িয়া লোকে ইতস্ততঃ গমনাগমন করে। একেবারে অধিক শ্বাস নির্গত করিতে পারিবে ও সহজে ক্লান্ত হইয়া পড়িবেনা বলিয়া পারস্যবাসীরা ইহাদের নাসিকাছিদ্র চিরিয়া প্রশস্ত করিয়া দেয়। এই গর্দ্দভ কখন কখন ৪।৫ শত টাকা মূল্যেও বিক্রয় হয়।



গর্দ্দভজাতি ঘোটক অপেক্ষা অধিক পরিশ্রম করিতে পারে। ইহাদের চর্ম্ম শুষ্ক ও অতিশয় শক্ত। এজন্য কীটদ্বারা আক্রান্ত হয় না। ইহারা ঘোটক অপেক্ষা অল্পক্ষণ নিদ্রা যায়। শ্রান্ত না হইলে শয়ন করে না। আরব ও মিসরের গর্দ্দভগুলি যেমন দ্রুতগামী, তেমনি সাবধানী। কাইরো নগরের রাজপথে গর্দ্দভদিগকে ভাড়া দিবার নিমিত্ত জিন ও লাগাম দিয়া রাখা হয়। যে ভাড়া দেয় সে চড়িয়া যায়। যাহার গাধা সে পশ্চাৎ পশ্চাৎ তাহাকে তাড়াইয়া লইয়া যায় এবং সম্মুখস্থ লোকদিগকে সরাইবার জন্য চীৎকার করিতে থাকে। মুসলমান তীর্থযাত্রিগণ মক্কায় যাইবার সময় গর্দ্দভে চড়িয়া যান। নিউবিয়া দেশের বড় বড় বণিকেরা গর্দ্দভে আরোহণ করিয়া মিসরদেশে গমন করেন। যাইতে প্রায় দুইমাস সময় লাগে। গর্দ্দভ এই দীর্ঘকাল পর্য্যটন করিয়াও ক্লান্ত হয় না। আমেরিকায় পূর্ব্বে গর্দ্দভ ছিল না। স্পেনের লোকেরা তথায় প্রথম গর্দ্দভ পাঠায়। এখন গর্দ্দভের বংশ বৃদ্ধি হইয়া তথায় অনেক গর্দ্দভ হইয়াছে। তাহারা স্থানে স্থানে দলবদ্ধ হইয়া ভ্রমণ করে। ফাঁদ পাতিয়া ধরিতে হয়।

গৃহপালিত গর্দ্দভের মাংস শক্ত। খাইতে ভাল লাগে না। তথাপি অনেকে খাইয়া থাকে। গালেন সাহেবের মতে এই মাংস আহারে রোগ জন্মিবার সম্ভাবনা। গ্রীকেরা গর্দ্দভের দুগ্ধে পূর্ব্বে অনেক ঔষধ প্রস্তুত করিত, এখনও কিছু কিছু করিয়া থাকে। স্থূলকায় অল্পবয়স্ক সুস্থ গর্দ্দভী যে অল্প দিন প্রসব করিয়াছে, অথচ গর্দ্দভে আসক্ত হয় নাই, এইরূপ গর্দ্দভের দুগ্ধই সর্ব্বাপেক্ষা উত্তম। গর্দ্দভীকে শাবক হইতে বিচ্ছিন্ন করাইয়া ঘাস ও যব আহার করাইয়া রাখিতে হয়। সেই গর্দ্দভীর দুগ্ধ রোগীর পক্ষে বিশেষ উপকারজনক। ঐ দুগ্ধ শীতল হইলে ও বাতাস লাগিলে নষ্ট হয়। গর্দ্দভের রক্ত ঔষধে লাগে বলিয়া লোকের বিশ্বাস ছিল। এক্ষণে সে বিশ্বাস কমিয়াছে। ইহাদের বিষ্ঠায় উত্তম সার হয়।

য়ুরোপের আল্‌পস্ পর্ব্বত হইতে নামিবার সময় গর্দ্দভ যেরূপ বুদ্ধিমত্তা প্রকাশ করে, তাহা দেখিলে আশ্চর্য্য হইতে হয়। পর্ব্বতে আরোহণ করিবার পথ বড় ভয়ানক। এক দিক্ উচ্চ, অপর দিক্ অত্যন্ত গভীর। কোথাও উন্নত, কোথাও অবনত। গর্দ্দভ ব্যতীত আর কোন পশু সে পথে নামিতে পারে না। নামিবার সময় উহারা কিয়ৎক্ষণ স্থির হইয়া দাঁড়াইয়া দেখে। কিরূপে কোন দিকে নামিবে তাহা একবার ভাবিয়া লয়। সে সময়ে আরোহী সহস্র আঘাত করিলেও নড়ে না। কেবল সেই গভীর গর্ত্তের প্রতি চাহিয়া থাকে। ভয়ে কম্পিত কলেবর হইয়া মধ্যে মধ্যে চীৎকার করে। যখন নামিতে আরম্ভ করে, তখন সম্মুখের পা এরূপে ফেলে, বোধ হয় যেন দাঁড়াইবার চেষ্টা করিতেছে। পরে পশ্চাতের পা জড় করিয়া আনিয়া সম্মুখের পা সম্মুখের দিকে প্রসারিত করে। এই ভাবে থাকিয়া একবার নীচের দিকে দৃষ্টিপাত করে। পরক্ষণেই দ্রুতবেগে নামিতে থাকে। সে সময় আরোহীকে লাগাম আল্গা দিয়া রাখিতে হয়। লাগামে টান পড়িলে গর্দ্দভের হঠাৎ গতিরোধ হয়। তাহাতে গর্দ্দভ ও আরোহী উভয়ে নিম্নে পড়িয়া গিয়া প্রাণ হারাইতে পারে। আরোহী লাগাম আল্গা দিয়া জিনের সহিত আপন কটিদেশ বাঁধিয়া রাখে। এইরূপ পার্ব্বতীয় পথে গর্দ্দভের অবতরণ দেখিলে চমৎকৃত হইতে হয়।

গর্দ্দভ সম্বন্ধে অনেক আশ্চর্য্য কথা শুনা গিয়াছে। ১৮১৬ খৃষ্টাব্দে কাপ্তেন ডণ্ডাস্ মাল্টা উপদ্বীপে ছিলেন। তাহার জন্য একটা গর্দ্দভ ক্রয় করিয়া জিব্রাল্টার হইতে জাহাজে করিয়া মাল্টায় লইয়া যাইতেছিল। সমুদ্রের ভয়ানক তরঙ্গে জাহাজখানি চড়ায় ঠেকিল। তথা হইতে কূল অধিক দূরে নহে। গর্দ্দভ সেই তরঙ্গে সাঁতার দিয়া কূলে উঠিতে পারে কিনা দেখিবার জন্য জাহাজের লোকেরা গর্দ্দভকে জলে ফেলিয়া দিল। সকলে মনে করিল গর্দ্দভ সেইখানেই পঞ্চত্ব পাইল। কিন্তু গর্দ্দভ স্বচ্ছন্দে কূলে উঠিয়া যাহার নিকট হইতে ক্রয় করা হয়, তাহার নিকটই উপস্থিত হইল। কূল হইতে সে স্থান এক ক্রোশেরও অধিক হইবে, অথচ সে পথে সে পূর্ব্বে কখন যায় নাই।

কাইরো নগরের একটী গর্দ্দভের কথা শুনা গিয়াছে। সে

নৃত্য ও নানা কৌতুক করিত। যখন তাহাকে বলা হইত যে সুলতান তোমাকে বাটীনির্ম্মাণের জন্য সুরকী ও প্রস্তর আনিতে পাঠাইবেন, সে তখন অমনি পা উচ্চ করিয়া চক্ষু বুজিয়া মৃতের ন্যায় ভূতলে পড়িয়া থাকিত। আবার যখন বলিত সুলতান তাহার উপর আরোহণ করিয়া মহোৎসব দেখিতে যাইবেন ও ভাল ভাল খাবার দিবেন, এই কথা শুনিবামাত্র সে উঠিয়া আহ্লাদে নৃত্য করিত। অমুক কুৎসিতা স্ত্রীলোককে তোমায় লইয়া যাইতে হইবে বলিলে সে খঞ্জের ন্যায় গমন করিত। অনেক স্ত্রীলোক একত্র হইলে বলা হইত, ইহার মধ্যে কে সর্ব্বাপেক্ষা সুন্দরী, তাহা দেখাইয়া দেও। সে তৎক্ষণাৎ এক সুন্দরীর নিকট গিয়া মস্তক নত করিয়া তাহাকে স্পর্শ করিত। এইরূপ গর্দ্দভ কলিকাতায় বিলাতি সার্কাস্ দলে অনেকবার প্রদর্শিত হইয়াছে। গর্দ্দভ যে এই সকল কথার অর্থ বুঝিয়া কার্য্য করিয়াছে, তাহা নহে। তবে ইহাতে বুঝা যায় যে গর্দ্দভ স্বর বুঝিতে পারে ও শিখাইলে শিখিতে পারে। এক সময় একজন লোক একটা কুক্কুরকে গাধার প্রতি আক্রমণ করিতে সঙ্কেত করে। কুক্কুর নিকট যাইবামাত্র গর্দ্দভ পদ দ্বারা তাহাকে আঘাত করিয়া পরে দন্ত দ্বারা কুক্কুরকে ধরিয়া নিকটস্থ নদীতে ডুবাইয়া দেয়, যতক্ষণ না কুক্কুরের জীবন শেষ হইল, ততক্ষণ ছাড়ে নাই। ইহাতে বোধ হয় গর্দ্দভের প্রতিহিংসা কম নহে। গর্দ্দভ সুস্বর শুনিতে ভালবাসে। চাট্রে নগরে এক বিবি বড় সুন্দর গান করিতেন। নিকটে একটী গর্দ্দভ থাকিত। বিবি গান আরম্ভ করিলেই গর্দ্দভ তথায় উপস্থিত হইয়া গৃহের গবাক্ষের নিকট দাঁড়াইয়া শুনিত। এমন কি এক একদিন বিবির গৃহের ভিতর গিয়া উপস্থিত হইত। গান থামিলে গর্দ্দভ নিজেই চীৎকার করিয়া বিবির অনুকরণ করিবার চেষ্টা করিত। এই সকল দেখিয়া বোধ হয়, গর্দ্দভকে যতটা নির্ব্বোধ মনে করা যায়, বাস্তবিক গর্দ্দভ তত নির্ব্বোধ নহে।

পৌরাণিকগণের মতে, গর্দ্দভ শীতলাদেবীর বাহন। [শীতলা দেখ।]

বৈদ্যশাস্ত্রের মতে ইহার মাংসের গুণ—কিঞ্চিদ্ গুরু, বলপ্রদ। ইহার মূত্রের গুণ—কটু, উষ্ণ, তিক্ত, ক্ষার, কফ, মহাবাত, ভূতকম্প ও উন্মাদনাশক। (রাজনি°)। সক্ষার, তিক্ত, কটু, উন্মাদ ও কুষ্ঠনাশক। (হারীত ১।৯।) বিষ, চিত্তবিকার, তীক্ষ্ণ, গ্রহণীরোগনাশক, দীপক, কৃমি বাত ও কফনাশক।

(সুশ্রুত, সূত্রস্থান ৫৪ অঃ)

"অবিশ্রান্তং বহেদ্ভারং শীতোষ্ণঞ্চ ন বিন্দতি।
সসন্তোষস্তথানিত্যং ত্রীণি শিক্ষেত গর্দ্দভাৎ॥" (চাণক্য)

অবিশ্রান্ত ভারবহন, শীতোষ্ণ সহ্যকরণ ও নিত্য সন্তোষ এই তিনটি গুণ গর্দ্দভ হইতে শিক্ষা করিবে।

গর্দ্দভ (ক্লী) গর্দ্দ্যতে। গর্দ্দ-অভচ্। ১ শ্বেতকুমুদ। (হেম°)।

"কৈরবং চন্দ্রকান্তঞ্চ গর্দ্দভং কুমুদং কুমুৎ।" (রত্নমালা)।

২ বিড়ঙ্গ। (রত্নমালা)। ৩ ভ্রমরভেদ, গোবরে পোকা।

গর্দ্দভক (পুং) গর্দ্দভ-সংজ্ঞায়াং কন্। কীটবিশেষ। এই কীট শ্লেষ্মার প্রকোপকারক।

"কীটগর্দ্দভকশ্চৈব তথা ত্রোটক এব চ।
ত্রয়োদশৈতে সৌম্যাস্যাঃ কীটাঃ শ্লেষ্মপ্রকোপনাঃ॥

(সুশ্রুত কল্পস্থান ৮ অঃ।)

গর্দ্দভগদ (পুং) গর্দ্দভাখ্যোগদঃ। জালগর্দ্দভ নামক রোগবিশেষ। (ইহার লক্ষণাদি জালগর্দ্দভ শব্দে দ্রষ্টব্য।)

গর্দ্দভনাদিন্ (ত্রি) গর্দ্দভইব নদতি নদ-ণিনি। যে গর্দ্দভতুল্য শব্দ করে।

গর্দ্দভযাগ (পুং) গর্দ্দভেন যাগঃ। (ব্রহ্মচর্য্যভ্রষ্ট ব্রহ্মচারীর অনুষ্ঠেয়) যাগবিশেষ।

"অবকীর্ণী তু কাণেন গর্দ্দভেন চতুষ্পথে।
পাকযজ্ঞবিধানেন যজেত নির্ঋতিং নিশি॥
হুত্বাগ্নৌ বিধিবদ্ঘোমানন্তশ্চ সমেত্যৃচা।
বাতেন্দ্রগুরুবহ্নীনাং জুহুয়াৎ সর্পিষাহুতীঃ॥
কামতো রেতসঃ সেকং ব্রতস্থস্য দ্বিজন্মনঃ।
অতিক্রমং ব্রতস্যাহু ধর্ম্মজ্ঞা ব্রহ্মবাদিনঃ॥
মারুতং পুরুহূতঞ্চ গুরুং পাবকমেবচ।
চতুরো ব্রতিনোঽভ্যেতি ব্রাহ্ম্যস্তেজোঽবকীর্ণিনঃ॥"

(মনু ১১।১১৯-২২।)

ব্রহ্মচর্য্যভ্রষ্ট ব্যক্তি রাত্রিকালে চতুষ্পথে পাকযজ্ঞবিধানে কাণা গর্দ্দভদ্বারা নৈর্ঋত দেবতার যাগ করিবে। ইহাতে বিধিপূর্ব্বক অগ্নিতে হোম করিয়া 'সমাসিঞ্চন্তু মরুতঃ' এই মন্ত্রে ঘৃত দ্বারা বায়ু, ইন্দ্র, বৃহস্পতি ও অগ্নির আহুতি প্রদান করিবে। ব্রহ্মবাদী ব্যক্তিগণ কহিয়া থাকেন, যে ব্রতস্থিত দ্বিজগণ যদি ইচ্ছাক্রমে স্ত্রীযোনিতে রেতঃ সেক করে, তাহা হইলে ব্রতভঙ্গ হয়। সেই ব্রত ভ্রষ্টের ব্রাহ্মতেজ মারুত, ইন্দ্র, বৃহস্পতি ও পাবকে গমন করিয়া থাকে। (গর্দ্দভযজ্ঞ, গর্দ্দভেজ্যা শব্দের এই অর্থ।)

[কাত্যায়নশ্রৌতসূত্রে বিশেষ বিবরণ দেখ।]

গর্দ্দভরূপ (পুং) গর্দ্দভস্যরূপোঽস্য গর্দ্দভরূপধারণাৎ তথাত্বম্। বিক্রমাদিত্য রাজা।

গর্দ্দভশাক (পুং) গর্দ্দভগন্ধঃ শাকে যস্য। গর্দ্দভাখ্যঃ শাকো বা। ব্রহ্মযষ্টি, বামনহাটী। (জটাধর।)

গর্দ্দভশাকা (স্ত্রী) গর্দ্দভশাক-টাপ্। ব্রহ্মযষ্টি, বামনহাটী।

গর্দ্দভশাখী (স্ত্রী) গর্দ্দভগন্ধ শাখা যস্যাঃ, গৌরাদিত্বাৎ ঙীষ্। ভার্গী। (রাজনির্ঘণ্ট)।

গর্দ্দভা (স্ত্রী) শ্বেতকণ্টকারী। (ভাবপ্রকাশ।)

গর্দ্দভাক্ষ (ত্রি) গর্দ্দভস্যেবাক্ষিণী যস্য। ১ গর্দ্দভতুল্য চক্ষুবিশিষ্ট। ২ বলিরাজার পুত্রভেদ। (হরিবংশ ৩।১৭।১৮)

গর্দ্দভাণ্ড (পুং) গর্দ্দভং গন্ধবিশেষমমতি। অম্-ড (অমন্তাড্ডঃ। উণ্ ১।১১৩।) প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ। ইহার পত্র, কাণ্ড ও ফলাদি অশ্বত্থের ন্যায়। পর্য্যায়—কন্দরাল, কপীতন, সুপার্শ্বক, প্লক্ষ, শুঙ্গী, প্লব, কমণ্ডলু, প্লক্ষেশ, কন্দরালক, প্লক্ষবৃক্ষ।

গর্দ্দভাণ্ডক (পুং) গর্দ্দভাণ্ড-স্বার্থে কন্। গর্দ্দভাণ্ডবৃক্ষ, পাকুড়গাছ।

গর্দ্দভাহ্বয় (পুং) গর্দ্দভ আহ্বয় আখ্যা যস্য। কুমুদবিশেষ।

গর্দ্দভি (পুং) বিশ্বামিত্রের পুত্রভেদ। (মহাভারত ১৩।৪।৫৬) গর্দ্ধভি পাঠও দৃষ্ট হয়।

গর্দ্দভিকা (স্ত্রী) গর্দ্দভঃ গর্দ্দভগন্ধি পীড়কাস্ত্যস্যাম্ ঠন্ টাপ্। ক্ষুদ্ররোগবিশেষ। বৃত্তাকারে উৎপন্ন পীড়কাদ্বারা ব্যাপ্ত, মণ্ডলাকার, পীড়াদায়ক, বাতপিত্ত হইতে উৎপন্ন রোগবিশেষকে গর্দ্দভিকা কহে। পৈত্তিক বীসর্প রোগের ন্যায় বিবৃত্তা, ইন্দ্রবৃদ্ধা, গর্দ্দভী ও জালগর্দ্দভ এই সকল রোগের চিকিৎসা করিবে। পাককালে পাক করা ঘৃত এবং পক্ক মধুর ঔষধ দ্বারা শুষ্ক করিবে। (ভাবপ্রকাশ।)

গর্দ্দভিল্ল, গুজরাটের অন্তর্গত বলভীপুরের একজন রাজা। জৈনগ্রন্থ মতে ইনি ৫২৩ সম্বতে রাজত্ব করিতেন।

গর্দ্দভী (স্ত্রী) গর্দ্দ-অভচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ কীটবিশেষ।

"পঞ্চালকঃ পাকমৎস্যঃ কৃষ্ণতুণ্ডোঽথ গর্দ্দভী।" (সুশ্রুত।)

২ অপরাজিতালতা। ২ শ্বেতকণ্টকারী। ৩ কটভী। (রাজনি°।) ৪ গর্দ্দভিকারোগ।

"সা বিদ্ধা বাতপিত্তাভ্যাং তাভ্যামেবচ গর্দ্দভী।
মণ্ডলা বিপুলোৎসন্না সরাগপিড়কাচিতা॥

(বাভট, উত্তরস্থান ২১ অঃ।)

গর্দ্দভ-জাতৌ ঙীষ্। ৫ গর্দ্দভপত্নী, মাদী গাধা। ইহার দুগ্ধ গুণ—বলকারক, বাতশ্বাসনাশক, মধুরাম্লরসবিশিষ্ট, রুক্ষ, দীপন ও পথ্য। দধির গুণ—রুক্ষ, উষ্ণ, লঘু, দীপন, পাচন, মধুরাম্লরসবিশিষ্ট, রুচিকারক, বাতদোষনাশক। নবনীতের গুণ—কষায়, কফবাতনাশক, বলকর, দীপন, পাকে লঘু, উষ্ণ ও মূত্রদোষকারক। (রাজনি°)।

গর্দোখ, ভারতবর্ষের উত্তরস্থ একটী রাজ্য অক্ষা° ৩১° ৪০´ উঃ ও দ্রাঘি° ৮০° ২৫´ পূঃ, সিন্ধু ও শতদ্রু নদীর উৎপত্তি স্থানের মধ্যে অবস্থিত। গর্দোখ হইতে তিব্বতের লাসা পর্য্যন্ত একটী রাস্তা গিয়াছে। ১৮২৬-২৭ খৃষ্টাব্দে চংপাজাতি এদেশ জয় করে। তাহার পর মহারাজ গোলাব সিংহ ইহা অধিকার করিয়া লন। এখানে শাল বুনিবার পশম বিক্রয় হয়।

গর্দ্ধ (পুং) গর্দ্ধ্যতে ইতি গর্দ্ধ-ভাবে ঘঞ্। ১ অত্যন্ত লাভেচ্ছা, স্পৃহা। (হেম।) ২ গর্দ্দভাণ্ড বৃক্ষ। (শব্দর°)।

গর্দ্ধন (ত্রি) গৃধ্যতি-গৃধ-যুচ্। (জুচঞ্ক্রম্যদন্দ্রম্যস্যৃগৃধীতি। পা ৩।২।১৫০।) লুব্ধ। (অমর)

গর্দ্ধভি (পুং) বিশ্বামিত্রের পুত্রভেদ। (মহাভারত ১৩।৪।৫৬) গর্দ্দভি পাঠও দৃষ্ট হয়।

গর্দ্ধিত (ত্রি) গর্দ্ধো জাতোঽস্য তারকাদিত্বাৎ ইতচ্। লুব্ধ, লোভী।

গর্দ্ধিন্ (ত্রি) গর্দ্ধোঽস্যাস্তীতি গর্দ্ধ-ণিনি। অত্যন্তলোভী।

"নবান্নামিষগর্দ্ধিনঃ।" (মনু ৪।২৮)

গর্ব্ব (পুং) গর্ব্ব-ভাবে অপ্। অহঙ্কার।

"প্রাপ্য দুর্মনসা বীর! গর্ব্বেণ চ বিশেষতঃ।" (রামা° ২।৩১।২০)

গর্ভ (পুং) গীর্য্যতে ইতি গৃ-ভন্ (অর্ত্তিগৃভ্যাং ভন্। উণ্ ৩।১৫২।) ১ ভ্রূণ, দেহজন্মকারক শুক্রশোণিত সংযোগ জন্য মাংসপিণ্ড। ২ শিশু। ৩ কুক্ষি। ৪ পনস, কণ্টক। ৫ নাটকের সন্ধিভেদ। (মেদিনী) ৬ অপরবক, অন্তর্গৃহ, গর্ভাগার। ৭ উদর। ৮ অভ্যন্তর। ৯ নদীর অন্তর্ভাগবিশেষ। ভাদ্রকৃষ্ণ চতুর্দ্দশীতে যে পর্য্যন্ত জল উঠে, তাহাকে নদীর গর্ভ কহে। ১০ অন্ন। ১১ অগ্নি। ১২ পুত্র।

গর্ভাশয়গত শুক্রশোণিতের নাম জীব। বিকারবিশিষ্ট প্রকৃতি প্রভৃতি সমস্তই গর্ভ নামে কথিত হয়। কালবশে যখন অঙ্গ ও উপাঙ্গের সহিত গর্ভবর্দ্ধিত হয়, তখন মুনিগণ তাহাকে শরীরী বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন। যখন নরনারী সংযোগকামী হইয়া পরস্পর শুক্র ত্যাগ করে, তখন অস্থিশূন্য গর্ত্ত উৎপন্ন হয়। যে নারী ঋতুস্নাতা হইয়া স্বপ্নে মৈথুন করে, তাহার ঋতুশোণিত বায়ুযোগে কুক্ষিতে যাইয়া গর্ত্ত হয়, তাহা মাসে মাসে বাড়িতে থাকে। ক্রমে তাহা ইন্দ্রিয়াদি পৈতৃক গুণবর্জ্জিত হইয়া উৎপন্ন হয়। (ভাবপ্রকাশ)

গর্ভের গতি।—বিগুণ বায়ুদ্বারা গর্ত্ত ভাঙ্গিয়া গিয়া সংখ্যা অতিক্রমপূর্ব্বক বহুপ্রকারে বিভক্ত হইয়া যোনিগত হয়। কোন গর্ভ মস্তক ও জঠর দ্বারা যোনিদ্বার নিরোধ করে, কোন গর্ভ শরীর পরিবর্ত্তিত করিয়া কুব্জদেহ হইয়া থাকে। কোনও গর্ভ একটী হস্ত, কোনটী দুইটি হস্ত বক্র করিয়া বক্রভাবে অবস্থিত হয়, কোনটী বা অধোমুখে, কোনটী পাশাপাশি

ফিরিয়া অবস্থিতি করে, গর্ভের গতি এই আটপ্রকার। আরও চারিপ্রকার গতি আছে তাহা এই—সঙ্কীলক, প্রতিখুর, পরিঘ ও বীজ। যে গর্ভস্থ শিশু বাহু ও পদ ঊর্দ্ধে তুলিয়া মস্তক দ্বারা কীলকের ন্যায় যোনিদ্বারে সংযুক্ত হয়, তাহাকে কীলক কহে। ঐ শিশু খুরের মত দৃশ্য হইলে প্রতিখুর বলে। ভুজদ্বয় ও মস্তকের সহিত যোনিগত হইলে বীজ বলে। পরিঘের ন্যায় হইয়া যোনিগত হইলে তাহাকে পরিঘ বলে। (মাধবকর)

যে নারী শীতলাঙ্গী ও লজ্জাহীনা, যাহার শিরা সকল নীলবর্ণ ও দেহমধ্যে উচ্চভাবে অবস্থিত, সেই গর্ভিনী মানসিক ও আগন্তুক সন্তাপ ও ব্যাধি দ্বারা অত্যন্ত পীড়িত হয় ও তাহার উদরমধ্যে গর্ভ বিনষ্ট হয়।

যে নারীর গর্ভ নড়েনা, দেহের বর্ণ কৃষ্ণ, পীত এবং শোথ ও নিঃশ্বাসে পূতিগন্ধ হয়, তাহার গর্ভস্থ শিশু মৃত জানিবে। (মাধবকর।)

কামহেতু স্ত্রীপুরুষের সংযোগে বিশুদ্ধ শুক্রশোণিত দ্বারা নারীদিগের গর্ভ উৎপন্ন হয়, তাহাকে কলল বলে। শোণিতের আধিক্যে কন্যা এবং শুক্রের আধিক্যে পুত্র এবং শুক্রশোণিত সমান হইলে নপুংসক উৎপন্ন হয়। (শার্ঙ্গধর।)

জীবাত্মা পূর্ব্বকৃত স্বীয় কর্ম্ম জন্য ক্লেশ দ্বারা প্রেরিত হইয়া বিশুদ্ধ শুক্র ও শোণিতের সম্মিলনে অরণি ঘর্ষণ দ্বারা অগ্ন্যুৎপত্তির ন্যায় গর্ভাকারে জন্মগ্রহণ করে। পরে মাতার আহার-রসজাত বীজরূপী সূক্ষ্ম জীবনীশক্তিসমন্বিত মহাভূতসমূহ দ্বারা মাতার গর্ভ মধ্যে ক্রমে ক্রমে বাড়িতে থাকে। স্ফটিকের উপর সূর্য্যের রশ্মি যেরূপে গমন করে, জীবও সেইরূপে গর্ভাশয়ে গমন করে। সমস্ত কার্য্যই কারণসংযুক্ত, অতএব জীব দ্রবলৌহের ন্যায় নানাবিধ আকারে পরিণত হইয়া বিবিধ ভিন্ন ভিন্ন আকার ধারণ করে, ইহাই স্বভাব। এই জন্য শুক্রের আধিক্যে পুরুষ, রক্তের আধিক্যে কন্যা, উভয়ের সমতায় নপুংসক জন্মে। বায়ুদ্বারা বহু প্রকারে বিভক্ত হইলে বহু সন্তান জন্মে। বিকৃত কফাদি মলদ্বারা বিজাতীয় ও বিকৃতগর্ভ উৎপন্ন হয়। (বাভট।)

সুশ্রুতের মতে, পূর্ণ ষোড়শবর্ষীয়া স্ত্রী পূর্ণ বিংশতি বৎসরের পুরুষের সহিত সঙ্গত হইলে যদি গর্ভাশয়, হৃদয়, রক্ত, শুক্র, বায়ু ও পথ বিশুদ্ধ থাকে, তবে বলবীর্য্যবান্ পুত্র জন্মে। স্ত্রীপুরুষের তাহা অপেক্ষা কম বয়স হইলে রোগী, অল্পায়ু ও অল্পবুদ্ধি শিশু উৎপন্ন হয় অথবা একবারেই গর্ভ হয় না।

স্ত্রীদিগের রেতঃ রজোময় পুরুষগণের বীজবিশিষ্ট ইন্দ্রিয় আছে, সেই হেতু সংযোগদ্বারা গর্ভের উৎপত্তি হয়। প্রথম দিনে শুক্রশোণিত যোগে কলল হয়, দশদিনে সেই শোণিত বুদ্‌বুদের আকার ধারণ করে, পনরদিনে উহা ঘন হইয়া কুড়ি দিনে মাংসপিণ্ডাকার হয়। একমাসে উহাতে সূক্ষ্ম পঞ্চভূত ও পঞ্চ ইন্দ্রিয়ের উৎপত্তি। পঞ্চাশদিনে অঙ্গাদির অঙ্কুরসমূহ, তৃতীয়মাসে হস্তপদাদির, সাড়ে তিনমাসে মস্তক জন্মে ও তাহা সারবিশিষ্ট হয়। চতুর্থমাসে লোম, পঞ্চমে সজীব, ষষ্ঠে গতি, অষ্টমমাসে জঠরাগ্নি ও নবমমাসে চেষ্টাদি হয়। তৎপরে গর্ভবাস হেতু তাহার বৈরাগ্য জন্মে। তাহার পর দশম বা একাদশ মাসে ঐ গর্ভ প্রসূত হয়। (হারীত।)

সুশ্রুতের মতে—আদ্য অঙ্গ মস্তক ও উহার উপাঙ্গ কেশসমূহ, উহার অভ্যন্তরে মস্তিষ্ক বা ঘৃতিকা আছে। তৎপরে ললাট, ভ্রূদ্বয়, নেত্রদ্বয়, তাহার অন্তর্ভাগে দুই কনীনিকা। চক্ষুদ্বয়ের গোলক দুইটী কৃষ্ণবর্ণ, উহার প্রান্তে শ্বেতভাগদ্বয়। চক্ষুর উপরে ও নিম্নে পক্ষ্ম, তৎপরে অপাঙ্গ বা নেত্রপ্রান্তভাগ, তদনন্তর ক্রমে শঙ্খদ্বয়, কর্ণদ্বয় ও উহার ছিদ্রদ্বয়, কর্ণপালী (কাণের পাতা,) তৎপরে ক্রমে নাসিকা, ওষ্ঠ, অধর, সৃক্কনী, অধর ওষ্ঠের প্রান্তভাগ, মুখ, তালু ও হনুদ্বয়, দন্তসমূহ, দাঁতের মাড়ি, জিহ্বা, চিবুক ও গল। দ্বিতীয় অঙ্গ গ্রীবা, এই গ্রীবা মস্তককে ধরিয়া আছে। বাহুদ্বয় তৃতীয় অঙ্গ উহার উপাঙ্গ—উপরিভাগে স্কন্ধদ্বয়, তাহার নিম্নে প্রগণ্ডদ্বয়, তাহার নিম্নভাগে কফোণিযুগল, তাহার নীচে প্রকোষ্ঠদ্বয়, তৎপরে মণিবন্ধদ্বয়, তলদ্বয়, হস্তদ্বয়, হস্তদ্বয়ের অঙ্গুলি দশটী ও তাহাতে দশটী নখ। চতুর্থ অঙ্গ বক্ষঃস্থল, তাহার উপাঙ্গ স্তনদ্বয়। (পুরুষ হইতে নারীগণের স্তনদ্বয়ের প্রভেদ আছে। যৌবনকালে নারীদিগের স্তন উন্নত হয়। গর্ভবতীর ও প্রসূত নারীর স্তনদ্বয় দুগ্ধে পূর্ণ হয়।) হৃদয় পদ্মের ন্যায় ও অধোমুখে অবস্থিত আছে। জাগিয়া থাকিলে উহা বিকসিত থাকে, নিদ্রিত হইলে নিমীলিত হয়। এই হৃৎপদ্মই জীবাত্মার স্থান এবং চেতনাস্থান, অতএব ঐ স্থান তমোগুণ দ্বারা পরিব্যাপ্ত হইলে প্রাণিগণ নিদ্রা যায়। তৎপরে ক্রমে কক্ষদ্বয়, বক্ষঃস্থলের সন্ধিদ্বয়, জত্রুযুগল, তৎপরে বংক্ষণ। উদর পঞ্চমাঙ্গ, পার্শ্বদ্বয় ষষ্ঠ, পৃষ্ঠবংশের সহিত সমস্ত পৃষ্ঠদেশ সপ্তম অঙ্গ। উহাদের উপাঙ্গ এই—শোণিত হইতে প্লীহা জন্মে, উহা হৃদয়ের অধোভাগে বামদিকে অবস্থিত। ঋষিগণ উহাকে রক্তবাহী শিরাসমূহের মূল বলিয়া থাকেন। হৃদয়ের অধোভাগে বাম দিকে ফুস্‌ফুস, উহা রক্তফেন হইতে উৎপন্ন। তৎপরে হৃদয়ের দক্ষিণদিকের রক্ত হইতে উৎপন্ন যকৃৎ অবস্থিত আছে। উহা রক্ত ও পিত্তের স্থান। তাহার নিম্নে হৃদয়ের দক্ষিণ দিকে ক্লোম আছে, উহা জলবাহী শিরার মূল, ইহা তৃষ্ণা

নিবারণ করিয়া রাখে। ইহা বাতরক্ত হইতে উৎপন্ন। মেদ ও শোণিতের সার হইতে বৃক্কদ্বয়ের উৎপত্তি। আয়ুর্ব্বেদবিৎ পণ্ডিতগণ বলেন যে, পুরুষদিগের অন্ত্র সাড়ে তিন ব্যাম ও স্ত্রীলোকদিগের তিন ব্যাম পরিমিত। পরে উণ্ডক অর্থাৎ ফুসফুসের আবরক চর্ম্ম। ক্রমে কটিদেশ, ত্রিক্ (মেরুদণ্ডের নিম্নস্থান), বস্তি, বংক্ষণদ্বয়। বস্তিদেশ হইতে বৃহৎ বৃহৎ শিরাসকল উৎপন্ন হইয়াছে এবং উহা বীর্য্য ও মূত্রস্থান। স্ত্রীদিগের যোনি শঙ্খনাভির ন্যায় তিনটী আবর্ত্তবিশিষ্ট। সেই যোনি দ্বারা স্ত্রীদিগের গর্ভাশয়ে গর্ভাধান হয়। যোনি শঙ্খনাভির ন্যায় আকৃতিবিশিষ্ট, তাহাতে তিনটী আবর্ত্ত, তাহার তৃতীয় আবর্ত্তে গর্ভ প্রতিষ্ঠিত আছে। অণ্ডকোষদ্বয় কফ রক্ত ও মেদের সারে উৎপন্ন। ঐ অণ্ডদ্বয় বীর্য্যবাহী শিরার আধার, ইহাতেই পুরুষত্ব প্রতিষ্ঠিত আছে।) গুহ্যের পরিমাণ সাড়ে চারি অঙ্গুলি, তাহাতে শঙ্খাবর্ত্তের ন্যায় তিনটী বলয় আছে, প্রথমটীর নাম প্রবাহিণী, উহার পরিমাণ দেড় আঙ্গুল, উহার নিম্নে উৎসর্জ্জিনী, উহার পরিমাণও দেড় আঙ্গুল। তাহার নিম্নে সঞ্চরণী, উহার পরিমাণ এক আঙ্গুল। গুহ্যদেশের মুখ আধ আঙ্গুল, ইহা মলত্যাগের পথ। যাহা পুরুষের প্রোথ, তাহাই স্ত্রীদিগের নিতম্ব নামে কথিত, তৎপরে ককুন্দরদ্বয়। তৎপরে সক্থিদ্বয়, ইহাই অষ্টম অঙ্গ, ইহার উপাঙ্গ—জানুদ্বয় ও পিণ্ডিকাদ্বয়, জঙ্ঘাদ্বয়, ঘণ্টিকাদ্বয়, পার্ষ্ণিদ্বয়, তলদ্বয়, পদাগ্রদ্বয়। পদদ্বয়ে দশ অঙ্গুলি ও তদগ্রে দশটী নখ।

এই শরীর অপরাপর যে যে অবয়বীভূত কারণে উৎপন্ন হয়, তাহা এই ;—প্রথমে বাত, পিত্ত, কফ ও ধাতুসমূহ। গর্ভ গ্রহণের পরেই যোনি হইতে শুক্রশোণিতস্রাব, শ্রমবোধ সক্থির অবসন্নতা, পিপাসা, গ্লানি, যোনিস্ফুরণ হয়। স্তনদ্বয়ের মুখ কৃষ্ণবর্ণ, রোম উদ্গম, বিশেষতঃ সেই স্ত্রীর চক্ষু ও চোখের পাতার লোম নিমীলিত হয়। অনিচ্ছায় বমি, মনোহর গন্ধ হইতে উদ্বেগ, শ্লেষ্মাদির নিঃসরণ, অবসাদ এই সকল গর্ভিণীর চিহ্ন।)

কেশ, শ্মশ্রু, লোম, নখ, দন্ত, শিরা, ধমনী, স্নায়ু, সাদ, শুক্র ও রক্ত এই সকল পিতা হইতেই জন্মে। মাংস, মজ্জা, মেদ, যকৃৎ, প্লীহা, অন্ত্র, নাভি, হৃদয় ও গুহ্যদেশ মাতা হইতে জন্মে। শরীরের বৃদ্ধি, বর্ণ, বল ও দেহস্থিতি এই সকল রস হইতে জন্মে। জ্ঞান, বিজ্ঞান, আয়ু, সুখদুঃখাদি ইন্দ্রিয় সকল জীবাত্মারই হইয়া থাকে। (স্ত্রীর রসবাহিনী নাড়ীর সহিত গর্ভের নাভি সংযুক্ত হইয়া থাকে, সেই জন্য নিত্য নিত্য গর্ভের বৃদ্ধি হয়। এই গর্ভ, মাতার নিঃশ্বাস, উচ্ছ্বাস, সংক্ষোভ ও স্বপ্নাংশ প্রাপ্ত হয়।)

গর্ভস্থ সন্তানের নাভি মধ্যে জ্যোতিঃস্থান প্রতিষ্ঠিত আছে, বায়ু ঐ জ্যোতিঃ দ্বারা চালিত হয়, তাহাতেই গর্ভের দেহ বর্দ্ধিত হয়। বায়ু উষ্মার সহিত মিলিয়া শরীরের যে যে স্থানে বিসারিত হয়, গর্ভস্থ সন্তানের সেই সেই স্থান বর্দ্ধিত হয়। বায়ুর অল্পতা, পক্বাশয়ের সহিত বায়ুর অযোগ, এই উভয় কারণে গর্ভস্থ শিশু বাত, মূত্র ও বিষ্ঠা পরিত্যাগ করে না।

গর্ভস্থ শিশুর মুখ জরায়ু দ্বারা আচ্ছাদিত এবং কণ্ঠদেশ কফদ্বারা পরিবেষ্টিত থাকে এবং বায়ু-পথ নিরুদ্ধ থাকে বলিয়া গর্ভস্থ শিশু রোদন করিতে পারে না। (ভাবপ্রকাশ।)

নারীদিগের গর্ভ হইলে প্রথমমাসে যষ্টিমধু, নবনীত, দুগ্ধ ও মধুর দ্রব্য পান করিবে। দ্বিতীয়মাসেও কাকোলী ও মধুর দ্রব্য, তৃতীয়মাসে তিলযোগে প্রস্তুত করা খিচুড়ী, চতুর্থে ঘৃতৌদন, পঞ্চমে পায়স, ষষ্ঠমাসে মধুর দধি, সপ্তমে ঘৃতযোগে প্রস্তুত খাঁড়, অষ্টমে ঘৃতযোগে প্রস্তুত চন্দ্রপুলী ও অন্যান্য মিষ্টান্ন, নবমে বিবিধ প্রকার অন্ন, দশমে দোহদ অর্থাৎ গর্ভিণীর অভিলাষ অনুসারে ভোজন প্রদান কর্ত্তব্য। তৃতীয়মাসেই নারীগণের দোহদ হয়, গর্ভিণী যাহা যাহা খাইতে ইচ্ছা করিবে, তাহাই খাইতে দিবে। দালের খিচুড়ী, বিদাহী দ্রব্য, গুরুপাক, উষ্ণ দুগ্ধ ও অম্ল খাইতে দিবে না। গর্ভিণীর মৃত্তিকা ভক্ষণ অনুচিত। ওলের গেঁড়ো, রশুন ও পেঁয়াজ পরিত্যাগ করিবে। উত্তম ওল, মধুর দ্রব্য ও সরস দ্রব্য গর্ভিণীদিগের পথ্যবিষয়ে হিতকর। গর্ভিণী ব্যায়াম, মৈথুন, রোষ, পরাক্রম প্রকাশ ও অধিক ভ্রমণ পরিত্যাগ করিবে। তাহা হইলে কোনপ্রকার বিঘ্ন ঘটে না।

যদি প্রথমমাসে গর্ভের চলন দেখা যায়, তবে যষ্টিমধু, আঙ্গুর বা কিস্‌মিস্, চন্দন ও রক্তচন্দন দুগ্ধযোগে আলোড়িত করিয়া পান করিলে গর্ভ স্থির থাকে। যদি দ্বিতীয় মাসে চলন দেখা যায়, তবে পদ্মমৃণাল, বেণার মূল ও নাগকেশর দুধের সহিত খাইতে দিবে। তৃতীয়মাসে চলন দেখা গেলে ইন্দুরের বিষ্ঠা ও শর্করা দুগ্ধের সহিত পান করিতে দিবে। চতুর্থমাসে দাহ, পিপাসা ও বেদনাদ্বারা যদি গর্ভের স্খলনভাব দেখা যায়, তবে বেণার মূল, চন্দন, নাগকেশর, ধাইফুল, চিনি, ঘৃত, মধু ও দধি পান করাইবে। পঞ্চমমাসে গর্ভচলন দেখা গেলে ডালিমের পাতা, চন্দন, দধি ও মধু পান করাইবে। ষষ্ঠমাসে গর্ভচলন দেখা গেলে গৈরিক, কৃষ্ণমৃত্তিকা, গোবরভস্ম, পরিস্রুত শীতল জল, চন্দন ও চিনির সহিত একত্র পান করিবে। সপ্তমমাসে গোক্ষুর, লজ্জালুলতা, পদ্মকাষ্ঠ, দারুচিনি, বেণারমূল ও মধুর দ্রব্য দুগ্ধ

বা জলের সহিত পান করাইবে। অষ্টমমাসে চলন হইলে লোধ্র, মধু ও পিঁপুল দুগ্ধযোগে পান করিলে সুস্থ থাকে।

[অন্তঃসত্ত্বা শব্দে অপরাপর বিবরণ দ্রষ্টব্য।]

১২ মেঘের জলবর্ষণসম্পাদক নিমিত্তবিশেষ। বরাহমিহিরের বৃহৎসংহিতার মতে—যে দৈবজ্ঞ দিবারাত্র মেঘে গর্ভলক্ষণ মনোযোগ করেন, মুনিগণের ন্যায় বারিবর্ষণবিষয়ে তাহার বাক্য মিথ্যা হয় না। এই শাস্ত্র জানিলে কলিকালেও ত্রিকালজ্ঞ হয়। কেহ কেহ বলেন যে, কার্ত্তিকমাসের শুক্লপক্ষের পর মেঘের গর্ভ হয়, এই মত বহু সম্মত নহে। গর্গাদি মুনিগণের মতে অগ্রহায়ণ মাসের শুক্লপক্ষের প্রতিপদ হইতে আরম্ভ করিয়া যে দিন চন্দ্র পূর্ব্বাষাঢ়ায় সঙ্গত হয়, সেই হইতেই মেঘের গর্ভলক্ষণ জানিবে। চন্দ্র যে নক্ষত্রে যাইলে মেঘের গর্ভ হয়, চন্দ্রের বশে একশ-পঁচানব্বইদিনে ঐ গর্ভ প্রসবকাল প্রাপ্ত হয়। শুক্লপক্ষজ গর্ভ কৃষ্ণপক্ষে, কৃষ্ণপক্ষজাত গর্ভ শুক্লপক্ষে, দিবাজাত গর্ভ রাত্রিকালে ও রাত্রিজাত গর্ভ দিবাভাগে, এবং সন্ধ্যাজাত গর্ভ বিপরীত সন্ধ্যায় প্রসবকাল প্রাপ্ত হয়। যে গর্ভ অগ্রহায়ণ ও পৌষের শুক্লপক্ষে জন্মে, তাহার ফল মন্দ অর্থাৎ অল্পবর্ষণ হইয়া থাকে। পৌষ কৃষ্ণপক্ষজাত গর্ভ শ্রাবণের শুক্লপক্ষে বর্ষণ করিবে। মাঘের শুক্লপক্ষজাত গর্ভ সকল শ্রাবণের কৃষ্ণপক্ষে বর্ষণ করিবে। মাঘের কৃষ্ণপক্ষের গর্ভ ভাদ্রের শুক্লপক্ষে, ফাল্গুনের শুক্লপক্ষজাত গর্ভ ভাদ্রের কৃষ্ণপক্ষে, ফাল্গুনের কৃষ্ণপক্ষজাত গর্ভ আশ্বিনের শুক্লপক্ষে বারিবর্ষণ করে। চৈত্রের শুক্লজাত গর্ভ আশ্বিনের কৃষ্ণপক্ষে ও চৈত্রের কৃষ্ণজাত গর্ভ কার্ত্তিক শুক্লে বারিপ্রদান করে। পূর্ব্বদিকের মেঘ পশ্চিমদিকে ও পশ্চিমের মেঘ পূর্ব্বদিকে উদিত হয়, অবশিষ্ট দিক্ সকলে আরও এইরূপ বিপর্য্যয় ভাব ঘটিয়া থাকে। ঈশান কোণে ও পূর্ব্বদিকের আকাশ বিমল ও আনন্দদায়ক হইয়া অনেক জল বর্ষণ করে এবং চন্দ্র ও সূর্য্য বহুতর শুক্লমণ্ডলে পরিবৃত হইয়া স্নিগ্ধ হয়। অগ্রহায়ণ ও পৌষে মেঘ সকল সন্ধ্যারাগে রঞ্জিত ও সমমণ্ডল হইলেও অগ্রহায়ণে অতিশয় শীত এবং পৌষে অতিশয় হিমপাত হইলে গর্ভ পুষ্ট হয় না। যদি মাঘে প্রবল চন্দ্র ও সূর্য্যের কিরণ তুষারের ন্যায় কলুষিত এবং অত্যন্ত শীতল হয়, তবে মেঘযুক্ত সূর্য্যের উদয় ও অস্ত শুভকর। যদি ফাল্গুনে বায়ু রূক্ষ ও প্রচণ্ড হয়, মেঘ সঞ্চয় স্নিগ্ধ, পরিবেশ অসম্পূর্ণ, সূর্য্য অগ্নির ন্যায় পিঙ্গল ও তাম্র বর্ণ হয়, তবে তাহা শুভদায়ক। যদি বৈশাখ মাসে মেঘ, বায়ু, জল ও বিদ্যুৎ হয়, তবে সেই গর্ভ হিতকর। মুক্তা, রৌপ্য, তমাল, নীলোৎপল বা অঞ্জনের ন্যায় দ্যুতিমান্ অথবা জলচর প্রাণীর আকার সম্পন্ন মেঘ সকল প্রভূত পরিমাণে বর্ষণ করে। আর যদি গর্ভ সূর্য্যের সুতীক্ষ্ণকিরণে সন্তপ্ত ও মন্দবায়ুবিশিষ্ট হয়, তবে প্রসব সময়ে যেন ক্রুদ্ধ হইয়াই জলবর্ষণ করিয়া থাকে। বজ্রপাত, উল্কা, পাংশুবর্ষণ, দিগ্‌দাহ, ভূমিকম্প, গন্ধর্ব্বনগর, কীলক, কেতু, গ্রহযুদ্ধ, নির্ঘাত, রুধিরাদিবৃষ্টি, পরিঘ, ইন্দ্রধনু, রাহুদর্শন এই সকল উৎপাত দ্বারা ও অন্য তিনপ্রকার উৎপাত দ্বারা গর্ভ নষ্ট হয়। ঋতু-স্বভাবজাত সামান্য লক্ষণে গর্ভ বৃদ্ধি হইলে তাহার বিপরীত লক্ষণে তাহার বিপর্য্যয় ঘটে। সকল ঋতুতেই পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া ও রোহিণীনক্ষত্রে গর্ভ হইলে বহুল পরিমাণে জল প্রদান করে। শতভিষা, অশ্লেষা, আর্দ্রা, স্বাতি, ও মঘাযুক্ত গর্ভ শুভদায়ক ও বহুদিবস জলদান করে। উহারা ত্রিবিধ উৎপাতে আহত হইলে বিনাশ করে। যখন চন্দ্র ঐ পাঁচটি নক্ষত্রের একটীতে থাকে, তখন অগ্রহায়ণ হইতে বৈশাখ পর্য্যন্ত ছয়মাসে যথাক্রমে ৮,১৬,২৪,২০ ও ২৪ দিন অবিরাম বর্ষণ হয়। চন্দ্র বা সূর্য্য ক্রূরগ্রহযুক্ত হইলে গর্ভ সকল করকা, অশনি ও মৎস্য বর্ষণ করে, শুভগ্রহযুক্ত অথবা শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে সেই গর্ভ বহু বৃষ্টি প্রদান করে। যদি গর্ভকালে অকারণে অতিবৃষ্টি হয়, তবে আর গর্ভ হয় না। দ্রোণাংশের অধিক বর্ষণ করিলেও গর্ভ নষ্ট হয়। গর্ভ পুষ্ট হইলেও যদি গ্রহের উপঘাতাদি দ্বারা বর্ষণ না হয়, তবে প্রসবকালে আপনার করকামিশ্র জল প্রদান করে। যেরূপ ধেনুগণের বহুকালধৃত দুগ্ধ কঠিন হয়, সেইরূপ অনেকদিন অতীত হইলে জল কঠিন হয়। যে গর্ভ পাঁচপ্রকার নিমিত্ত দ্বারা পরিপুষ্ট হয়, সেই গর্ভ শত যোজন ব্যাপিয়া বর্ষণ করে। সেই নিমিত্ত সকলের এক একটীর অভাব হইলে শতযোজনের অর্দ্ধ হানি হইয়া বৃষ্টি হয়। যে গর্ভে পবন, জল, বিদ্যুৎ, গর্জ্জন ও মেঘ এই পঞ্চ নিমিত্ত থাকে, তাহাতে অধিক বৃষ্টি হয়। (বৃহৎসংহিতা ২১ অঃ)

গর্ভক (ক্লী) গর্ভ-সংজ্ঞায়াং কন্। ১ রজনীদ্বয়, দুইরাত্রি। (হেম)

(পুং) গর্ভে কেশমধ্যে তিষ্ঠতীতি সংজ্ঞায়াং কন্। ২ কেশমধ্যস্থ মাল্য, খোঁপার মালা।

গর্ভকর (পুং) গর্ভং করোতি সেবনেন দোষং নিবার্য্যেতি। কৃ-ট। ১ পুত্রজীব বৃক্ষ। (ভাবপ্রকাশ)

(ত্রি) গর্ভং করোতীতি কৃ-ট। ২ গর্ভকারক।

গর্ভকরণ (ত্রি) গর্ভং করোতীতি কৃ-ল্যু। গর্ভকারক দ্রব্য মাত্র।

"যদিন্দ্রো বৃত্রহাবেদ তদ্‌গর্ভকরণং পিব।" (অথর্ব্ব ৫।২৫।৬)

গর্ভকার (পুং) গর্ভং করোতীতি কৃ-ণ্বুল্। ১ গর্ভকারক, পতি প্রভৃতি। (ক্লী) গর্ভ-কৃ-ণ্বুল্। ২ রথন্তর স্তোমদ্বয়ের মধ্যে বৈরাজ পাঠরূপ স্তোমভেদ।

"গর্ভকারঞ্চেৎ স্তবীরংস্তথৈব স্তোত্রিয়ানুরূপান্।"

(আশ্বলায়নগৃহ্যসূত্র ৯।৫।)

গর্ভকাল (পুং) গর্ভস্য গর্ভগ্রহণস্য কালঃ ৬তৎ। গর্ভধারণের উপযুক্ত সময়। "বিসৃজতি যদি তোয়ং গর্ভকালে ইতি ভূরি।" (বৃহৎসংহিতা ২১।৩৭।)

গর্ভকোষ (পুং) গর্ভস্য কোষ আধার ইব। গর্ভাশয়।

"গর্ভকোষ-পরাসঙ্গো মক্কল্লোযোনিসংবৃতিঃ।
হন্যাৎ স্ত্রিয়ং মূঢ়গর্ভে যথোক্তাশ্চাপ্যুপদ্রবাঃ॥"(সুশ্রুত সূত্র°৩৩অঃ)

গর্ভক্লেশ (পুং) গর্ভজাতঃ ক্লেশঃ মধ্যলো°। গর্ভজনিত কষ্ট।

"গর্ভক্লেশঃস্ত্রিয়ো মন্যে।" (মার্কণ্ডে° ২২।৪৫)

গর্ভক্ষয় (পুং) গর্ভস্য ক্ষয়ঃ ৬তৎ। গর্ভনাশ।

"গর্ভক্ষয়ে গর্ভাস্পন্দনমনুন্নতকুক্ষিতা চ।" (সুশ্রুত ১।১৫)

গর্ভগৃহ (ক্লী) গর্ভ-ইব গৃহম্। ১ ভবনের মধ্যভাগস্থিত গৃহ-বিশেষ। ২ গৃহের মধ্যভাগ।

"বাতায়নবিমানেষু তথা গর্ভগৃহেষু চ।" (ভারত ৫।১১৭ অঃ)

গর্ভগ্রহণ (ক্লী) গর্ভস্য গ্রহণম্। গর্ভধারণ।

"গর্ভগ্রহণযোগ্যস্তু সএব সময়ঃ স্মৃতঃ।" (ভাবপ্রকাশ।)

গর্ভঘাতিন্ (ত্রি) গর্ভং হন্তি-ণিনি। যে গর্ভ বিনাশ করে।

গর্ভঘাতিনী (স্ত্রী) গর্ভং হন্তি স্রাবয়তীতি হন-ণিনি-ঙীপ্। লাঙ্গলিকাবৃক্ষ। (রত্নমালা)

গর্ভচিন্তামণিরস, বৈদ্যকোক্ত ঔষধবিশেষ। ইহার প্রস্তুত প্রণালী এইরূপ—পারদ, গন্ধক ও স্বর্ণ জম্বীর নেবুর রসে তিনদিন মাড়িয়া শুঁঠ, পিপুল ও মরিচের কাথে তিনবার ভাবনা দিবে। পরে ৪ রতি প্রমাণ এক একটী বটী প্রস্তুত করিবে। ইহা সেবনে গর্ভিণীর শূল, বিষ্টম্ভ, জ্বর ও অজীর্ণ প্রভৃতি রোগ বিনষ্ট হয়।

আর একপ্রকার গর্ভচিন্তামণিরস আছে, তাহা এইরূপে প্রস্তুত করিতে হয়।—রসসিন্দুর, রৌপ্য ও লৌহ প্রত্যেকের দুই তোলা, কর্পূর, বঙ্গ, তাম্র, জাতিফল, জৈত্রী, গোখুর, শতমূলী, বেড়েলা, গোরক্ষচাকুলিয়া প্রত্যেকের একতোলা জলে পিষিয়া দুই রতি প্রমাণ বটিকা করিবে। ইহা সেবনে গর্ভিণীর জ্বর, দাহ, প্রদর, সন্নিপাত, আদিসূতিকা প্রভৃতি সত্বর আরোগ্য হয়। (রসেন্দ্রসারসংগ্রহ)

গর্ভচ্যুতি (স্ত্রী) গর্ভস্য চ্যুতিঃ ক্ষরণম্। গর্ভস্রাব, গর্ভক্ষরণ।

"এবং কালপ্রকর্ষেণ মুক্তো নাড়ীনিবন্ধনাৎ।
গর্ভাশয়স্থো যো গর্ভো জননায় প্রপদ্যতে।
কৃমিবাতাভিঘাতৈস্তু তদেবোপদ্রুতং ফলম্।
পততাকালেঽপি তথা তথাস্যাদ্গর্ভবিচ্যুতিঃ॥" (সুশ্রুত)

গর্ভাশয়স্থিত গর্ভ যথাকালে নাড়ীবন্ধন হইতে মুক্ত হইলে তাহাকে জন্ম বলে। কিন্তু কৃমি ও বাতাদি দ্বারা উপদ্রুত হইয়া অকালে পতিত হইলে তাহাকে গর্ভচ্যুতি কহে।

গর্ভজ (ত্রি) গর্ভ-জন-ড। গর্ভে উৎপন্ন।

গর্ভণ্ড (পুং) গর্ভস্য অণ্ড ইব, শকন্ধ্বাদিত্বাদকারলোপঃ। নাভিগুড়ক, নাভির গোঁড়। (ত্রিকাণ্ডশেষ)

গর্ভত্ব (ক্লী) গর্ভ-ত্ব। ১ গর্ভের ধর্ম্ম, গর্ভের ভাব। ২ মেঘ মধ্যে জলের গর্ভভাব প্রাপ্তি।

"আদহ স্বধামনু পুনর্গর্ভত্বমেরিরে।" (ঋগ্বেদ ১।৬।৪ অঃ)

'গর্ভত্বমেরিরে মেঘমধ্যে জলস্য গর্ভাকারং প্রেরিতবন্তঃ।' সায়ণ।

গর্ভদ (পুং) গর্ভং দদাতি সেবনেনেতি দা-ক। ১ পুত্রজীব বৃক্ষ, জিয়াপুতা। (রাজনি°।) ২ পুত্রোৎপাদক ঔষধ ভেদ। (ত্রি) ৩ যে গর্ভ সম্পাদন করে।

গর্ভদা (স্ত্রী) গর্ভ-দা-ক-টাপ্। শ্বেতকণ্টকারী। (ভাবপ্র°)

গর্ভদাত্রিকা, [গর্ভদাত্রী দেখ।]

গর্ভদাত্রী (স্ত্রী) গর্ভং দদাতীতি গর্ভ-দা-তৃচ্ ঙীপ্। ক্ষুপ-বিশেষ, গর্ভদা। পর্য্যায়—পুত্রদা, প্রজাদা, অপত্যদা, সৃষ্টিপ্রদা প্রাণিমাতা, তাপসদ্রুমসন্নিভা। ইহার গুণ—মধুর, শীত, স্ত্রীলোকের পুষ্পাদির দোষ, পিত্ত, দাহ ও শ্রমনাশক এবং গর্ভোৎপাদক। (রাজনি°)

গর্ভদাস (পুং) গর্ভাৎ গর্ভমারভ্য দাসঃ ৫তৎ। গৃহস্থিত দাসীতে উৎপন্ন দাসবিশেষ। "সপুরুষং প্রাচীদিগ্ ধোতুঃ।" (শতপথব্রাহ্মণ ১৩।৬।২।১১ অঃ) 'ন চ বিরোধো গর্ভদাসস্য।'(কর্ক)

গর্ভদাসী (স্ত্রী) গর্ভদাস-ঙীপ্। গৃহস্থিত দাসীতে উৎপন্ন দাসী। (বেণীসংহার।)

গর্ভদিবস (পুং) গর্ভায় গর্ভধারণায় দিবসঃ। গর্ভধারণের উপযুক্ত দিন।

"কেচিদ্বদন্তি কার্ত্তিকশুক্লান্তমতীত্য মেঘস্য গর্ভদিবসাঃ সুঃ।"

(বৃহৎসংহিতা ২১।৫)

গর্ভদোহদ (ক্লী) গর্ভস্য দোহদম্, ৬তৎ। গর্ভ জন্য অভিলষ-নীয় দ্রব্য।

গর্ভদ্রুহ্ (ত্রি) গর্ভং দ্রুহ্যতি, দ্রুহ-ক্বিপ্। গর্ভপাতকারিণী স্ত্রী, যে নিজের গর্ভ নষ্ট করে।

"পাষণ্ডমাশ্রিতানাঞ্চ চরন্তীনাঞ্চ কামতঃ।
গর্ভভর্তৃদ্রুহাঞ্চৈব সুরাপীনাঞ্চ যোষিতাম্॥"

'গর্ভভর্তৃদ্রুহাং গর্ভপাতনভর্তৃবধকারিণীনাং।' (কুল্লুক)।

গর্ভধ (ত্রি) গর্ভং দধাতীতি ধা-ক। গর্ভ ধারণকারক রেতঃ প্রভৃতি।

"আহমজানি গর্ভধমাত্বমজাসি গর্ভধম্।" (শুক্লযজুর্বেদ ২৩।১৯)

'গর্ভধং গর্ভধারকং রেতঃ।' (বেদদীপ।)

গর্ভধরা (স্ত্রী) ধরতীতি-ধৃ-অচ্। গর্ভস্য ধরঃ টাপ্। গর্ভধারিণী স্ত্রী।

"নগরাণাং বিহারেষু চৈত্যেষ্বপি চশেরতে।
সপ্তবর্ষাষ্টবর্ষাচ স্ত্রিয়ো গর্ভধরা নৃপ॥" (ভারত ৩।১৮৮।৭০)

গর্ভধান (ক্লী) গর্ভস্য ধানমাধানম্। পুত্রোৎপাদনার্থ নারীগর্ভে গর্ভপাতনরূপ ক্রিয়াবিশেষ, গর্ভাধান।

"প্রাগ্‌গর্ভধান মন্ত্রাহি প্রবর্ত্তন্তে দ্বিজাতিষু।"
(ভারত ১২।২৭০।১৩।)

গর্ভধারণ (ক্লী) গর্ভস্য ধারণম্ ৬তৎ। সন্তান উৎপাদন নিমিত্ত শুক্রশোণিতানুবন্ধরূপ গর্ভগ্রহণ, গর্ভে সন্তান ধারণ, গর্ভিণী হওয়া। গর্ভধারণের চিহ্ন মিতাক্ষরায় এইরূপ লিখিত হইয়াছে—শ্রমাদি লক্ষণ দ্বারা গর্ভধারণ জানিতে পারা যায়। যে নিজে সদ্যই গর্ভগ্রহণ করিয়াছে, তাহার শ্রম, গ্লানি, পিপাসা, অশক্তি, অবসন্নতা, শুক্রশোণিতের অনুবন্ধ ও যোনিস্ফুরণ হয়। পারস্করের মতে, স্ত্রী যদি গর্ভধারণ না করে, তবে উপাধান করিয়া নিদিগ্ধিকা, সিংহী ও শ্বেতপুষ্পার মূল, পুষ্যা নক্ষত্রে তুলিয়া ঋতুস্নান করিলে চতুর্থদিবসের রাত্রিতে জলযোগে বাটিয়া দক্ষিণ নাসিকাতে নাস দিবে। আয়ুর্বেদীয় গ্রন্থেও লিখিত আছে যে, শৃঙ্গবের, মরিচ, নাগকেশর ও পিপুল ঘৃতের সহিত খাওয়াইলে বন্ধ্যাও গর্ভধারণ করে।

গর্ভধি (স্ত্রী) গর্ভং দধাতীতি, গর্ভ-ধা ইন্। গর্ভধারিণী।

"অরমু তে সমতসিকপোতইব গর্ভধিম্।" (ঋগ্বেদ ১।৩০।৪)

'গর্ভধিং গর্ভধারিণীং কপোতীং।' (সায়ণ।)

গর্ভনাড়ী (স্ত্রী) গর্ভস্য গর্ভোৎপাদনস্য যোগ্যা নাড়ী। গর্ভধারণের উপযুক্ত নাড়ীবিশেষ।

"ততো বিমুক্তে গর্ভনাড়ী প্রবন্ধে।" (সুশ্রুত শারীর ১০ অ)

গর্ভনিঃসৃত (ত্রি) গর্ভাৎ নিঃসৃতম্। গর্ভ হইতে নির্গত।

গর্ভনুদ্ (পুং) গর্ভং নুদতি পাতয়তীতি নুদ্ কিপ্। কলিকারী বৃক্ষ, ঈশলাঙ্গুলে। (ভাবপ্রকাশ।)

গর্ভপরিস্রব (পুং) গর্ভস্য পরিস্রবঃ ক্ষরণযোগ্যাংশঃ। সন্তান হইলে তাহার সহিত যে চর্ম্মপুট্টলিকা বাহির হয়, চলিত কথায় যাহাকে 'ফুল' কহে।

গর্ভপাকিন্ (পুং) গর্ভস্য পাকো পরিণতিঃ সাধ্যত্বেনাস্ত্যস্যাঃ ইনি। ষষ্টিধান্য, ষাটধান।

গর্ভপাত (পুং) গর্ভস্যপাতঃ, ৬তৎ। পঞ্চম ও ষষ্ঠমাসের গর্ভপতন। "ততঃ স্থিরশরীরস্য পাতঃ পঞ্চমষষ্ঠয়োঃ॥" (মাধব) [গর্ভস্রাব দেখ।]

গর্ভপাতকঃ (পুং) গর্ভং পাতয়তীতি, পিত-ণিচ্-ণ্বুল্। রক্তশোভাঞ্জন বৃক্ষ, রক্তসজনা। (জটাধর) (ত্রি) ২ গর্ভনাশক।

গর্ভপাতন (পুং) গর্ভং পাতয়তীতি, পাত-ণিচ্-ল্যু। ১ রীঠা করঞ্জ। (ভাবপ্রকাশ।) ২ গর্ভ নষ্ট করা।

গর্ভপাতিনী (স্ত্রী) গর্ভপাতন-ঙীষ্। কলিকারী বৃক্ষ, ঈশলাঙ্গুলে (রাজনি॰)

গর্ভপাতিনী (স্ত্রী) গর্ভং পাতয়তি-পত্-ণিচ্-ণিনি। বিশল্যা বৃক্ষ। (জটাধর।)

গর্ভপোষণ (ক্লী) গর্ভস্য পোষণম্ ৬তৎ। যত্নপূর্ব্বক গর্ভপালন। ২ গর্ভের পুষ্টিসম্পাদক বিধিবিশেষ।

গর্ভবতী প্রথম দিন হইতেই হৃষ্ট, পবিত্র ও অলঙ্কৃত হইয়া শুভ্র বস্ত্র পরিধানপূর্ব্বক শান্তিকর্ম্ম ও মঙ্গলজনক কর্ম্ম করিবে এবং দেবতা, ব্রাহ্মণ ও গুরুর প্রতি শ্রদ্ধান্বিত হইবে। মলিন, বিকৃত ও হীনগাত্র স্পর্শ করিবে না। দুর্গন্ধ গ্রহণ, দূষিত দ্রব্য দর্শন ও উত্তেজক বাক্য পরিত্যাগ করিবে। শুষ্ক, বাসি ও ক্লেদযুক্ত অন্ন ভোজন করিবে না। বাহিরে বেড়ান, শূন্য ঘর, বাঁধা গাছতলা, শ্মশানে গমন, গাছে উঠা, ক্রোধ, ভয়, ভারবহন ও উচ্চ কথা পরিত্যাগ কর্ত্তব্য। যাহা দ্বারা গর্ভ বিনষ্ট হয়, সর্ব্বদা সেইরূপ তৈলাদি সেবন অথবা শরীরকে কোনপ্রকার কষ্টপ্রদান করিবে না। যাহা অতিশয় উচ্চ নয়, যাহাতে কোন বাধা নাই, এরূপ শয্যা, আসন ও মৃদু আস্তরণ ব্যবহার করিবে। তৃপ্তিজনক, দ্রব, মধুর, রসপ্রচুর, স্নিগ্ধ, দীপনীয় ও সুসংস্কৃত অন্ন ভোজন করিবে। এই সকল কার্য্য প্রসবকাল পর্য্যন্তই কর্ত্তব্য। বিশেষতঃ গর্ভবতী প্রথম, দ্বিতীয় ও তৃতীয় মাসে প্রায়ই মধুর ও শীতল দ্রব্য আহার করিবে। তৃতীয় মাসে দুগ্ধের সহিত ষষ্টিক তণ্ডুলের অন্ন ভোজন করিবে। চতুর্থ মাসে দধির সহিত, পঞ্চমে দুগ্ধের সহিত, কেহ কেহ বলেন ঘৃতের সহিত ষষ্টিকান্ন ভোজন করা কর্ত্তব্য। আরও চতুর্থ মাসে দুগ্ধ ও ননীর সহিত অন্ন এবং জঙ্গলজাত জীবের মাংস সহিত তৃপ্তিকর অন্ন; পঞ্চমে দুগ্ধ ও ঘৃতবিশিষ্ট উক্ত সমাংস অন্ন, ষষ্ঠে গোক্ষুরক সিদ্ধ কাথ, ঘৃতের সহিত অথবা যবাগু সেবন করিবে। সপ্তম মাসে পৃশ্নিপর্ণী আদি সিদ্ধ করিয়া ঘৃতের সহিত সেবন করিবে। এরূপ করিলে গর্ভ পরিপুষ্ট হয়। অষ্টম মাসে কুলের জলের সহিত বলা, অতিবলা, শতপুষ্প, তিলকুটা, দুগ্ধ, দধির মাত, তৈল, লবণ, মদনফল, মধু ও ঘৃতমিশ্রিত অন্ন ভোজন করিবে। ইহাতে পুরাণ

মলশুদ্ধি ও বায়ুর অনুলোমন হইবে। পরে দুগ্ধ, মধুর ও কষায় দ্রব্য সিদ্ধ করিয়া তৈলের সহিত মাখাইবে, তাহাতে বায়ু সরল হইবে এবং উপদ্রবশূন্য হইয়া সুখে প্রসব করিতে পারিবে।

গর্ভপ্রসব (পুং) গর্ভস্য প্রসবঃ। গর্ভস্থ শিশুর ভূমিষ্ঠ হইবার নিমিত্ত বহির্গমনরূপ ক্রিয়াবিশেষ।

গর্ভভর্ম্মন্ (ক্লী) ভৃ-মনিন্ ভাবে ভর্ম্ম ভরণং গর্ভস্য শিশোঃ ভরণম্। ৬তৎ। ১ শিশুসন্তানের ভরণপোষণ। ২ গর্ভস্থ শিশুর ভরণ পোষণ।

"কুমারভৃত্যাকুশলৈরনুষ্ঠিতে
ভিষগ্‌ভিরাপ্তৈরথ গর্ভভর্ম্মণি॥" (রঘু ৩।১২।)

গর্ভভবন (ক্লী) গর্ভস্য ভবনম্। ১ বাটীর মধ্যবর্ত্তী গৃহ, গর্ভাগার। ২ সূতিকাগার।

গর্ভমাস (পুং) গর্ভস্য-গর্ভারম্ভস্য মাসঃ। ১ গর্ভারম্ভক মাস। ২ গর্ভ সহিত মাস।

"যদি নাধীয়াৎ তৃতীয়ে গর্ভমাসে।" (আশ্বলা° গৃহ্যসূত্র ১।৩।২)
'গর্ভসহিতো মাসঃ গর্ভমাস ইতি।' (নারায়ণ।)

গর্ভভার (পুং) গর্ভএব ভারঃ। গর্ভরূপ ভার। "গর্ভভারে তয়া ধৃতে।" (কথাসরিৎসাগর ২৬।২১৬।)

গর্ভমণ্ডপ (পুং) গর্ভস্থিতঃ মণ্ডপঃ। ভবনের অন্তর্গত মণ্ডপ।

গর্ভমোচন (ক্লী) গর্ভস্য মোচনম্, ৬তৎ। প্রসবকরণ।

গর্ভযোষা (স্ত্রী) গর্ভার্থা যোষা। গর্ভস্থানীয়া স্ত্রী।

"ইয়ং গঙ্গেতি নিয়তং প্রতিষ্ঠা
গুহস্য রুক্মস্য চ গর্ভযোষা॥" (ভারত ১৩।২ অঃ।)

গর্ভরক্ষণ (ক্লী) গর্ভস্য রক্ষণম্। গর্ভপালন।

গর্ভরস (ত্রি) গর্ভে রসমস্য। ১ যাহার গর্ভে বা অন্তরে রস আছে। ২ গর্ভোৎপত্তি নিমিত্ত রস।

"সা বীভৎসুর্গর্ভরসা নিবিদ্ধা।" (ঋগ্বেদ ১।১৬৪।৮।)
'গর্ভরসা গর্ভরসেন।' (সায়ণ)

গর্ভরূপ (ত্রি) গর্ভস্য নবোৎপন্নশিশোঃ রূপমস্য যথা গর্ভে দেহকোষে রূপমস্য। তরুণ। (ভূরিপ্রয়োগ।)

গর্ভলক্ষণ (ক্লী) গর্ভো লক্ষ্যতে যেনেতি করণে ল্যুট্। গর্ভসূচক চিহ্ন। "রক্তলক্ষণমার্ত্তবং গর্ভকৃচ্চ। গর্ভো-গর্ভলক্ষণম্।" (সুশ্রুত ১।১৫ অঃ।)

গর্ভলম্ভন (ক্লী) গর্ভোঽমোঘবীর্য্যত্বেন লভ্যতেঽনেনেতি। লভ-ল্যুট্-মুম্। নিষিক্ত বীর্য্য যাহাতে ব্যর্থ না হয়, অর্থাৎ গর্ভরক্ষার্থ ক্রিয়া। [গর্ভাধান দেখ।]

"উপনিষদি গর্ভলম্ভনং।" (আশ্বলায়নগৃহ্যসূত্র ১।১৩।১)
'আত্মাতমিতিশেষঃ। গর্ভোলভ্যতে যেন কর্ম্মণা নিষিক্তবীর্য্যমমোঘং ভবতি।' (নারায়ণ।)

গর্ভবতী (স্ত্রী) গর্ভো-বিদ্যতে যস্যাঃ মতুপ্ মস্য বঃ। অন্তঃসত্ত্বা, অন্তরাপত্যা, গর্ভিণী, পোয়াতী। নামান্তর—অন্তর্বত্নী, গুর্ব্বিণী, গর্ভিণী, সসত্ত্বা, আপন্নসত্ত্বা, দোহদবতী, উদরিণী, গুর্ব্বী।

"দশৈব মাসান্ বিভ্রতি গর্ভবত্যঃ।' ভারত—বনপর্ব্ব।

যে স্ত্রী অল্পদিন গর্ভ ধারণ করিয়াছে, তাহার যোনি হইতে শুক্র ও শোণিতক্ষরণ, শ্রমবোধ, অবসন্নতা, পিপাসা, গ্লানি ও যোনিস্ফূরণ হয়, গর্ভধারণের পর উত্তরোত্তর ক্রমে ক্রমে স্তনদ্বয়ের মুখ কৃষ্ণবর্ণ হয়, রোমরাজির উদ্গম, বিশেষতঃ উহার চক্ষুর পাতা নিমীলিত হইতে থাকে। [গর্ভ দেখ।]

গর্ভে পুত্র জন্মিলে দ্বিতীয় মাসে গর্ভাশয়ে পিণ্ডাকার গর্ভ, আর দক্ষিণ চক্ষুর গুরুত্ব দৃষ্ট হয়, প্রথমেই দক্ষিণ স্তনে দুগ্ধ জন্মে, দক্ষিণ উরুদেশ সুপুষ্ট হয়, মুখের বর্ণ প্রসন্ন থাকে, স্বপ্নেও পুত্রের নিমিত্ত বাসনা হয়। স্বপ্নে আম্রফল ও পদ্মাদি প্রাপ্ত হয়।

যাহার গর্ভে কন্যা জন্মিয়াছে, দ্বিতীয় মাসে তাহার গর্ভে পেশী দেখা যায় এবং পুত্র জন্মিলে যে যে চিহ্ন হয়, তাহার বিপরীত লক্ষণ প্রকাশ পায়।

নপুংসক হইলে গর্ভ আবের মত, গর্ভের পার্শ্বদ্বয় উন্নত এবং উদরের অগ্রভাগ বিস্তৃত হয়। (ভাবপ্রকাশ)

যে মাসে উদর যে পরিমাণে বড় হওয়া উচিত যমজ সন্তান হইলে তদপেক্ষা দ্বিগুণ ও ততোধিক পরিমাণে বড় দেখায়। উদরের সম্মুখ চেটাল, উহার উপর হইতে নিম্ন পর্য্যন্ত মধ্যভাগ ঈষৎ চাপা হইয়া উদর সমদ্বিভাগে বিভক্ত বোধ হয়। উদরের স্থানে স্থানে উচ্চ নীচ হইয়া পড়ে এবং ভ্রূণদ্বয়ের বিষম চলনক্রিয়া দ্বারা গর্ভিণীর অত্যন্ত কষ্ট জন্মে। পেট খুব ভারী হওয়াতে শেষে গর্ভিণীর পদদ্বয়ে শোথ জন্মে। এই সব লক্ষণ থাকিলেও অনেক সময় যমজ গর্ভ স্থিরনিশ্চয় করা যায় না। য়ুরোপীয় চিকিৎসকেরা ষ্টেথস্‌কোপ যন্ত্র বা কর্ণ দ্বারা দুই হৃৎপিণ্ডের সঙ্কোচিকা ও প্রসারিকা ক্রিয়ার শব্দ শুনিয়া যমজ গর্ভ স্থির করেন।

গর্ভবসতি (স্ত্রী) গর্ভঃ কুক্ষিরেব বসতিঃ বাসস্থানং। ১ কুক্ষিরূপ বাসস্থান।

"স তত্র গর্ভবসতৌ বসত্যাত্মেচ্ছয়া হরিঃ।" (হরিবংশ ৬০ অঃ)

গর্ভে বসতিঃ স্থিতিঃ, ৭তৎ। ২ গর্ভমধ্যে অবস্থিতি।

গর্ভবাস (পুং) বসন্তি অস্মিন্ বাসঃ। গর্ভএব বাসঃ বাসস্থানং। ১ কুক্ষিরূপ বাসস্থান।

"অসৃক্‌কৃগর্ভবাসে চ বাসং জন্ম চ দারুণম্।" (মনু ১২।৭৮।)

বস্-ভাবে ঘঞ্। ২ গর্ভে অবস্থিতি।

গর্ভবিচ্যুতি (স্ত্রী) গর্ভাৎ বিচ্যুতিঃ ৫তৎ। গর্ভ হইতে ক্ষরণ। [গর্ভচ্যুতি দেখ।]

গর্ভবিনোদরস, সূতিকারোগের বৈদ্যকোক্ত ঔষধবিশেষ। হিঙ্গুল ৮ তোলা, শুঁঠ, পিপুল, মরিচ, জৈত্রী, লবঙ্গ প্রত্যেকের ৬ তোলা, স্বর্ণমাক্ষিক ৪ তোলা, জলে পিষিয়া চণক পরিমাণ এক একটী বটিকা করিবে। ইহা সকল প্রকার সূতিকা-রোগনাশক।

গর্ভবিপত্তি (স্ত্রী) গর্ভস্য বিপত্তিঃ ৬তৎ। রোগ, স্রাব ও পাতাদি জন্য গর্ভের আপদ্, গর্ভের ব্যাঘাত।

গর্ভবেদনা (স্ত্রী) গর্ভস্য বেদনা। সন্তানোৎপত্তি জন্য ব্যথা।

গর্ভবেশ্মন্ (ক্লী) গর্ভএব বেশ্মন্। গর্ভরূপ গৃহ।

গর্ভব্যাকরণ (ক্লী) গর্ভস্য ব্যাকরণম্। যে প্রকারে গর্ভ উৎপত্তি হয় তদ্বিবরণ, গর্ভের বিবরণ।

গর্ভব্যাপদ্ (স্ত্রী) গর্ভস্য ব্যাপৎ, ৬তৎ। গর্ভের বিপত্তি।

গর্ভব্যূহ (পুং) গর্ভইব গূঢ়োব্যূহঃ। ব্যূহবিশেষ, যুদ্ধার্থ পদ্মাকৃতি সৈন্যরচনাবিশেষ।

"পশ্চাদ্ যৈ তস্য পদ্মস্য গর্ভব্যূহঃ সুদুর্ভিদঃ।
সূচীপক্ষস্য পর্ভস্থো গূঢ়োব্যূহঃ কৃতঃ পুনঃ॥" (ভারত ৩৭ অঃ)

গর্ভশঙ্কু (পুং) গর্ভস্য গর্ভচিকিৎসার্থঃ শঙ্কুঃ। মূঢ়গর্ভ আকর্ষণার্থ যন্ত্রবিশেষ, ইহার আকৃতি শঙ্কুর ন্যায় অগ্রভাগে নত ও আট অঙ্গুলি আয়ত।

"নতোঽগ্রে শঙ্কুনাতুল্যো গর্ভশঙ্কুরিতি স্মৃতঃ।
অষ্টাঙ্গুলায়তস্তেন মূঢ়গর্ভং হরেৎ স্ত্রিয়াম্॥" (আয়ুর্ব্বেদ।)

গর্ভশঙ্কুক (পুং) গর্ভশঙ্কু-স্বার্থে কন্। মৃতগর্ভাকর্ষণার্থ যন্ত্রবিশেষ [গর্ভশঙ্কু দেখ।]

গর্ভশয্যা (স্ত্রী) গর্ভস্য গর্ভস্থশিশোঃ শয্যাইব স্থানম্। গর্ভোৎপত্তির স্থান।

"শঙ্খনাভ্যাকৃতির্যোনিরাবর্ত্তা সা চ কীর্ত্তিতা।
তস্যাস্তৃতীয়ে ত্বাবর্ত্তে গর্ভশয্যা প্রকীর্ত্তিতা॥
যথা রোহিতমৎস্যস্য মুখং ভবতি রূপতঃ।
তৎসংস্থাঞ্চ তথারূপাং গর্ভশয্যাং বিদুর্বুধাঃ॥"
(ভাবপ্রকাশ)

গর্ভশ্রাব (পুং) [গর্ভস্রাব দেখ।]

গর্ভসংক্রমণ (ক্লী) গর্ভে সংক্রমণং অন্যদেহপরিত্যাগেন দেহান্তরাপাদানার্থং প্রবেশঃ। দেহান্তরগ্রহণার্থ কুক্ষি প্রবেশরূপ জন্ম।

"গর্ভসংক্রমণে চাপি কর্ম্মণামভিসর্পণে।
তাদৃশীমেব লভতে বেদনাং মানবঃ পুনঃ॥"
(ভারত অশ্বমেধ ১৭ অঃ।)

গর্ভসংভব (পুং) গর্ভস্য সম্ভবঃ। গর্ভোৎপত্তি।

গর্ভসংভূতি (স্ত্রী) গর্ভস্য সম্ভূতিঃ। গর্ভোৎপত্তি।

"তদেষা গর্ভসম্ভূতিঃ কুতঃ।" (কথাসরিৎ ৫।৬২।)

গর্ভসময় (পুং) গর্ভস্য সময়ঃ। ১ গর্ভকাল, ঋতুস্নানের পর সহবাসকাল। ২ বৃষ্টির উৎপত্তিনিমিত্তক কাল।

"গর্ভসময়েঽতিবৃষ্টির্গর্ভাভাবায় নির্নিমিত্তকৃতা।"
(বৃহৎসংহিতা ২১।৩২।)

গর্ভসুভগ (ত্রি) গর্ভে সুভগঃ। ১ গর্ভকালাবধি সৌভাগ্যশালী। স্ত্রিয়াং টাপ্। ২ গর্ভধারণাৎ সুভগা। গর্ভধারণহেতু সৌভাগ্যশালিনী।

গর্ভসূত্র (ক্লী) বৌদ্ধসূত্রবিশেষের নাম।

গর্ভস্থ (ত্রি) গর্ভে তিষ্ঠতি স্থা-ক। যে গর্ভে থাকে।

"সসভাগঃ শিশোস্তস্য গর্ভস্থস্য প্রপীড্যতে॥" (সুশ্রুত ১।৩ অঃ।)

গর্ভস্থলী (স্ত্রী) গর্ভ এব স্থলী স্থানম্। গর্ভরূপ স্থান, গর্ভাশয়।

গর্ভস্রাব (পুং) গর্ভ-স্রু-ঘঞ্। গর্ভস্য স্রাবঃ ৬তৎ। প্রসবকালের পূর্ব্বে গর্ভকাল হইতে চতুর্থ মাস পর্য্যন্ত শোণিতরূপ গর্ভের স্রবণ, গর্ভচ্যুতি, পেট খসা।

যদি গর্ভবতীর গর্ভ হইতে বারবার রক্তস্রাব হয়, তবে তাহা বন্ধ করিবার জন্য সুস্নিগ্ধ উৎপলাদি সিদ্ধ করিয়া ক্বাথ পান করাইবে। নীল, উৎপল, রক্তবর্ণ কুমুদ, কহ্লার, শ্বেত পদ্ম ও যষ্টিমধু ইহাকে উৎপলাদিগণ বলে।

গর্ভস্রাব হইলে দাহ, পার্শ্ববেদনা, প্রদর, পৃষ্ঠবেদনা, আনাহ ও মূত্রসঙ্গ হয়।

গর্ভ এক স্থান হইতে স্থানান্তরে চলিত হইলে আমাশয় ও পক্বাশয়ে ক্ষোভ এবং দাহাদি উপরোক্ত উপদ্রব ঘটিয়া থাকে।

গর্ভস্রাবে দাহাদি ঘটিলে স্নিগ্ধ ও শীতল ক্রিয়া কর্ত্তব্য।

কুশমূল, কাশমূল, ভেরেণ্ডামূল ও গোক্ষুর এই সমস্ত যোগে দুগ্ধ পাক করিয়া তাহাতে চিনি মিশাইয়া পান করিতে দিবে। গোক্ষুর, যষ্টিমধু, কণ্টকারী ও বাণপুষ্প এই সমস্তের সহিত দুগ্ধপাক করিয়া চিনি ও মধু দিয়া পান করিলে গর্ভিণীর গর্ভবেদনা দূর হয়।

কোষ্ঠাগারিকা মৃত্তিকা, নবমল্লিকা, লজ্জালুলতা, ধাইফুল, গেরিমাটী, রসাঞ্জন ও ধূনা এই সমস্ত দ্রব্য যত পাওয়া যায়, তাহা চূর্ণ করিয়া মধুর সহিত চাটিয়া খাইলে গর্ভপাত নিবারিত হয়।

গর্ভস্রাবাশৌচ (ক্লী) গর্ভস্রাব জন্য অশৌচ। যত মাসে গর্ভস্রাব হয়, সেই পরিমাণ রাত্রি গর্ভাশৌচের কাল। (মনু) কূর্ম্মপুরাণের মতে ছয়মাসের পূর্ব্বে যদি গর্ভস্রাব হয়, তবে যত মাসে গর্ভস্রাব হইবে ততদিন গর্ভস্রাবাশৌচ হইবে।

ছয়মাসের পর গর্ভপাত হইলে স্ত্রীদিগের দশ রাত্রি, সপিণ্ডদিগের সদ্যশৌচ।

গর্ভস্রাবিন্ (পুং) গর্ভং স্রাবয়তীতি-স্রু-ণিচ্-ণিনি। হিন্তাল বৃক্ষ, হেঁতাল গাছ। (রাজনি০।)

গর্ভাগার (ক্লী) গর্ভইব আগারম্। ১ গৃহের মধ্যভাগস্থিত বাসগৃহ। গর্ভএব আগারম্। ২ গর্ভস্থান। ৩ গর্ভাশয়।

গর্ভাঙ্ক (পুং) গর্ভস্থিতঃ অঙ্কঃ। নাটকের অঙ্কের অন্তর্গত অপর অঙ্কবিশেষ।

"অঙ্কোদরপ্রবিষ্টো যো রঙ্গদ্বারামুখাদিমান্।
অঙ্কোঽপরঃ স গর্ভাঙ্কঃ সবীজঃ ফলবানপি॥"(সাহিত্যদর্পণ।)

গর্ভাদ (ত্রি) গর্ভমত্তি-অদ্ ঘঞ্। গর্ভভক্ষক।

"গর্ভাদং কণ্বং নাশয় পৃশ্নিপর্ণি সহস্ব চ।" (অথর্ব্ব ২।২৫।৩।)

গর্ভাধান (ক্লী) গর্ভ আধীয়তে হনেন, আ-ধা-করণে ল্যুট্। ১ দশবিধ সংস্কারের প্রথম সংস্কার, চলিত কথায় ইহাকে পুনর্ব্বিবাহ বলিয়া থাকে। প্রাচীন আর্য্য ধর্ম্মশাস্ত্রকারগণের মতে যদি প্রতিবন্ধক না থাকে তবে বিবাহিত স্ত্রীর প্রথম ঋতুতেই গর্ভাধানসংস্কার করা কর্ত্তব্য। গোভিল বলেন—"যদা ঋতুমতী ভবতি উপরতশোণিতা তদা সম্ভবকালঃ" (২।৫।৮) অর্থাৎ ঋতুমতী স্ত্রীর যখন শোণিতস্রাব বন্ধ হইবে, তখনই সঙ্গমকাল। সাঙ্খ্যায়ন ঋষির মতে "ঋতুকালে বৈ জায়া মুপেয়াৎ" (৩।৩।৪১) অর্থাৎ নবোঢ়া বা চিরপরিণীতা ভার্য্যামাত্রেরই ঋতুকাল উপস্থিত হইলে অভিগমন করিবে। মনুসংহিতায় উক্ত হইয়াছে যে "ঋতুকালাভিগামী স্যাৎ" (৩।৪৫) ঋতুকালে অভিগমন করিবে। ইহা ছাড়া গৌতম, যাজ্ঞবল্ক্য প্রভৃতি সংহিতাতেও এইরূপ বিধানই দেখিতে পাওয়া যায়। প্রদর্শিত প্রমাণ দ্বারা প্রথম ঋতুতেই যে গর্ভাধান সংস্কার করিতে হইবে, এরূপ নিশ্চয় না হইলেও সংগ্রহকারগণ অপর অপর বচনের সহিত সামঞ্জস্য করিয়া প্রথমঋতুতেই গর্ভাধান সংস্কারের বিধান করিয়াছেন। ধর্ম্মশাস্ত্রের বিধিপালন না করিলে প্রত্যবায় বা পাপ হয়, ইহা সর্ব্ববাদীসম্মত, যখন সাঙ্খ্যায়নীয় গৃহ্যসূত্র ও মনু প্রভৃতি প্রায় সকল ধর্ম্মশাস্ত্রেই ঋতুকালে গমন করিবার বিধান আছে, তখন প্রথম ঋতুতে যদি অভিগমন না করা হয়, তাহা হইলে শাস্ত্রীয় বিধান লঙ্ঘন করা হইল বলিয়া যে প্রত্যবায় বা পাপ হইবে, তাহার আর সন্দেহ নাই।

পরাশর স্পষ্টাক্ষরেই বলিয়াছেন, যে—

"ঋতুস্নাতাস্তু যো ভার্য্যাং স্বস্থঃ সন্নোপগচ্ছতি।
বালকঘ্নাপরাধেন বিধ্যতে নাত্র সংশয়ঃ॥"

যে ব্যক্তি সুস্থ শরীরে থাকিয়াও ঋতুমতী ভার্য্যাকে অভিগমন না করে, তাহার বালকহত্যার পাপ হইয়া থাকে। ইহাতে স্পষ্টই বুঝিতে পারা যায় যে, কোন প্রতিবন্ধক না থাকিলে প্রথম ঋতুতেই গর্ভাধান সংস্কার করা কর্ত্তব্য, না করিলে পাপী হইতে হয়। আশ্বলায়নগৃহ্যপরিশিষ্টে প্রথম ঋতুতেই গর্ভাধানের কথা আছে। "অথর্ত্তুমত্যাঃ প্রাজাপত্যমৃতৌ প্রথমে হনুকূলে হনি স্নাতায়াদ্বারবন্ধঃ প্রাজাপত্যস্য স্থালীপাকস্য হুত্বেতা আজ্যাহুতীর্জুহুয়াৎ।" (আশ্বলায়নগৃহ্যপরিশিষ্ট।)

বিবাহের পর ঋতুমতী পত্নীর প্রথম ঋতুতেই শুভদিনে গর্ভাধান কার্য্যের অনুষ্ঠানে প্রবৃত্ত হইয়া প্রজাপতি দেবতার উদ্দেশে চরুপাক করিয়া ঘৃতাহুতি প্রদান করিবে। গৃহ্যপরিশিষ্টের এই বিধান অনুসারে স্পষ্টই বোধ হয় যে বিবাহের পর প্রথম ঋতুতেই গর্ভাধান সংস্কার কর্ত্তব্য। এই গর্ভাধান প্রথা হিন্দুসমাজে চিরদিনই প্রচলিত; দেশভেদে ইহাই পুনর্ব্বিবাহ, পুষ্পোৎসব, ফলশোভন, ফুলচৌক প্রভৃতি ভিন্ন ভিন্ন নামে অভিহিত হইয়া থাকে। সকল দেশে সকল শ্রেণীর হিন্দুরাই বিশেষ প্রতিবন্ধক না থাকিলে প্রথম ঋতুতে গর্ভাধান সংস্কার করিয়া আসিতেছেন। প্রাচীন স্মৃতিসংগ্রহকারগণ ও তৎপরবর্ত্তী রঘুনন্দন ইঁহারা সকলেই প্রথম ঋতুতে গর্ভাধানের বিধান করিয়াছেন। সুশ্রুত মুনির মতে বালিকার গর্ভাধান নিষিদ্ধ।

"ঊনষোড়শবর্ষীয়ামপ্রাপ্তঃ পঞ্চবিংশতিম্।
যদ্যাধত্তে পুমান্ গর্ভং কুক্ষিস্থঃ সবিপদ্যতে॥
জাতো বা ন চিরংজীবেৎ জীবেদ্বা দুর্ব্বলেন্দ্রিয়ঃ।
তস্মাদত্যন্তবালায়াং গর্ভাধানং ন কারয়েৎ॥" (সুশ্রুত সূত্রস্থান)

পঞ্চবিংশতি বর্ষের ন্যূনবয়স্ক পুরুষ ঊনষোড়শবর্ষীয়া স্ত্রীর গর্ভাধান করিলে সেই গর্ভ পেটেই বিনষ্ট হয়, অথবা জাত বালক অধিকদিন জীবন ধারণ করে না, যদি কোনরূপে বেঁচে থাকে, তবে অতিশয় দুর্ব্বল হইয়া যায়। এই কারণে অত্যন্ত বালিকারমণীর গর্ভাধান করিবে না। কেহ কেহ বলেন যে—ভিষক্‌শাস্ত্র বা জ্যোতিষশাস্ত্রের সিদ্ধান্ত ধর্ম্মশাস্ত্রবিরুদ্ধ হইলে তাহা গ্রহণ করিবে না। অতএব সুশ্রুতের এই মতটী ধর্ম্মশাস্ত্রবিরুদ্ধ বলিয়া আদরণীয় নহে। আবার কাহারও মতে দেশভেদে ও কালভেদেই সুশ্রুতের মত চলিত ছিল, সকল দেশে ও সকল সময়ের জন্য উহা আদরণীয় নহে। এই প্রকার অপর অপর স্থানেও পূর্ব্ব প্রদর্শিত ধর্ম্মশাস্ত্রবিরুদ্ধ যে দুই একটী মত লক্ষিত হয়, হিন্দুগণ তাহার অন্যরূপ তাৎপর্য্য বা অন্য সময়ের জন্য ব্যাখ্যা করিয়া থাকেন। [বিবাহ দেখ।]

ধর্ম্মশাস্ত্রের মতে রজোদর্শনের প্রথম তিনরাত্রির পর শুভবার, তিথি ও নক্ষত্রে গর্ভাধান সংস্কার করিবে। কিন্তু গোভিলের মতে ঋতুমতী স্ত্রীর শোণিতস্রাব বন্ধ হইলে সঙ্গমকাল উক্ত হইয়াছে, কোন রাত্রি বা দিনের সংখ্যা নাই। ইহাতে স্পষ্টই বোধ হয় যে, ঋতুর পর যতদিন পর্য্যন্ত শোণিতপাত হয়, ততদিন সঙ্গম বা গর্ভাধান করা উচিত নহে, করিলে সন্তানের অনিষ্ট হয়। অপর ধর্ম্মশাস্ত্রকারগণ প্রায়শ তিনরাত্রির পরে রক্তপতন বন্ধ হয় বলিয়া তিনরাত্রির উল্লেখ করিয়াছেন। রজোদর্শনের প্রথমদিন হইতে ষোলরাত্রি পর্য্যন্তকে ঋতুকাল বলে, ইহার মধ্যেই গর্ভাধান কর্ত্তব্য। যুগ্ম রাত্রিতে গর্ভাধান করিলে কন্যা এবং অযুগ্ম রাত্রিতে গর্ভাধান করিলে পুত্র হয়। চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা, রবিবার ও সংক্রান্তি দিবসে গর্ভাধান করা নিষিদ্ধ। জ্যেষ্ঠা, মূলা, মঘা, অশ্লেষা, রেবতী, কৃত্তিকা, অশ্বিনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ ও উত্তরফল্গুনীনক্ষত্রে গর্ভাধান করিবে না। হস্তা, শ্রবণা, পুনর্বসু ও মৃগশিরা এই কয়টী নক্ষত্রকে পুংনক্ষত্র বলে, ইহারা গর্ভাধানকার্য্যে শুভ। গর্ভাধান কার্য্যে রবি, মঙ্গল ও বৃহস্পতিবার এবং বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, ধনু ও মীন লগ্ন প্রশস্ত।

ভরদ্বাজের মতে রজস্বলা স্ত্রী প্রথমদিনে চাণ্ডালী, দ্বিতীয় দিনে ব্রহ্মঘাতিনী ও তৃতীয়দিনে রজকীর ন্যায় অপবিত্র ও অস্পৃশ্যা হয়। চতুর্থদিবসে শুদ্ধিলাভ করে। চতুর্থদিন হইতে ষোলদিন পর্য্যন্ত গর্ভাধানের যোগ্যকাল।

বৃহজ্জাতকের নিষেকাধ্যায়ে লিখিত আছে যে, গর্ভের প্রথমমাসে শুক্র ও শোণিত মিশ্রিত হয়, ইহাকে কললাবস্থা বলে, এই সময়ের অধিপতি শুক্র। দ্বিতীয়মাসে গর্ভ অপেক্ষাকৃত কঠিন হয়, তাহার অধিপতি মঙ্গল। তৃতীয় মাসে হস্তপদাদি উৎপন্ন হইতে থাকে, তাহার অধিপতি বৃহস্পতি। চতুর্থমাসে অস্থির সঞ্চার হয়, অধিপতি সূর্য্য। পঞ্চমমাসে চর্ম্মের উৎপত্তি, অধিপতি চন্দ্র, ষষ্ঠে রোম জন্মে, তাহার অধিপতি শনি, সপ্তমে চেতনার প্রাদুর্ভাব হয় অধিপতি বুধ; অষ্টমে ভোজন শক্তি উৎপন্ন হয়, লগ্নাধিপতিই তাহার অধিপতি; নবমমাসে উদ্বেগ জন্মে, সেই সময়ের অধিপতি চন্দ্র ও দশমমাসে প্রসব হয়, তাহার অধিপতি সূর্য্য। যে সকল গ্রহের উল্লেখ করা হইল, গর্ভাধানকালে ইহার মধ্যে কোন গ্রহপীড়িত থাকিলে সেই গ্রহের মাসে গর্ভপাতাদি ঘটিয়া থাকে। আর যদি ইহারা বলবান্ থাকে, তবে সেই সেই মাসে গর্ভের পুষ্টি হয়।

সুশ্রুতের মতে অতিশয় বৃদ্ধা, চিররোগিণী বা অন্য কোনরূপ বিকারযুক্ত রমণীর গর্ভাধান করা একান্ত নিষিদ্ধ এবং অতিশয় বৃদ্ধ চিররোগগ্রস্ত বা অপর কোন প্রকার বিকারযুক্ত পুরুষের পক্ষেও গর্ভাধান করা উচিত নহে। প্রথম ঋতুতে গর্ভাধান সংস্কার করিলে তাহার পর আর কোন ঋতুতে সংস্কারের আবশ্যক হয় না। দেবল বলেন—

"সকৃচ্চ সংস্কৃতা নারী সর্ব্ব গর্ভেষু সংস্কৃতা।"

অর্থাৎ রমণীগণের একবার সংস্কার হইলে সকল গর্ভেরই সংস্কার হয়। অতএব গর্ভাধান, পুংসবন ও সীমন্তোন্নয়ন একবারই কর্ত্তব্য।

গোভিলগৃহ্যসূত্রে গর্ভাধানপ্রণালী এইরূপ লিখিত আছে—

"দক্ষিণেন পাণিনোপস্থমভিমৃশেদ্ বিষ্ণুর্যোনিং কল্পয়ত্বিত্যেতয়র্চ্চা গর্ভং ধেহি সিনীবালীতি চ সমাপ্যর্চ্চৌ সন্তবতঃ॥"

(গোভিলগৃহ্যসূত্র ৯।১০।৫)

ঋতুর প্রথম তিন দিনের পর শুভদিনে কোনরূপ দোষ বা প্রতিবন্ধক না থাকিলে গর্ভাধান করিবে। গর্ভাধানের দিবসে সায়ং সন্ধ্যা অতীত হইলে পতি পবিত্র ভাবে ও পবিত্র বেশে "নমো বিবস্বতে বিষ্ণুঃ" ইত্যাদি মন্ত্রদ্বারা সূর্য্যার্ঘ প্রদান করিবে। "পরে বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টারূপাণি পিংশতু। আসিঞ্চতু প্রজাপতি র্ধাতা গর্ভং দধাতু তে।" (মন্ত্রব্রা॰ ১।৪।৬) এই মন্ত্রটী ও "গর্ভং ধেহি সিনীবালি গর্ভং ধেহি সরস্বতী। গর্ভন্তে অশ্বিনৌ দেবা বাধত্তাং পুষ্করস্রজৌ।" (মন্ত্রব্রা॰ ১।৪.৭।) এই মন্ত্রটী উচ্চারণ করিয়া দক্ষিণ হস্তদ্বারা পত্নীর যোনিদেশ স্পর্শ করিবে এবং তৎপরে উভয়ে সঙ্গত হইবে। ইহাকেই গর্ভাধান সংস্কার কহে।

পদ্ধতিপ্রণেতা ভবদেবভট্টের মতে যোনিদেশ স্পর্শ করিয়া উপরি উক্ত মতে মন্ত্রদ্বয় পাঠ করিতে হয়। কোন কোন মতে বিবাহের ন্যায় গর্ভাধানের দিনেও আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হয়। (১) ছন্দোগপরিশিষ্টের মতে বিবাহাদি গর্ভাধানান্ত সংস্কারের মধ্যে একটী শ্রাদ্ধ করিলেই চলিতে পারে, প্রত্যেক কর্ম্মের প্রথমেই আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হয় না। (২) লৌকিক প্রথা অনুসারে অথবা বিলুপ্ত শাখীয় বিধি অনুসারে গর্ভাশয়ের শুদ্ধির জন্য মন্ত্রপূত পঞ্চগব্য ভক্ষণ করিবার নিয়ম আছে।

(১) "নিষেককালে সোমে চ সীমন্তোন্নয়নে তথা।
জ্ঞেয়ং পুংসবনে চৈব শ্রাদ্ধং কর্ম্মাঙ্গমেবচ॥"
(সংস্কারতত্ত্বে ভবিষ্যপুরাণ)

(২) "বিবাহাদ্যেকমেবাত্র কুর্য্যাৎ।
শ্রাদ্ধং নান্দী কর্ম্মণঃ কর্ম্মণঃ স্যাৎ॥" (ছন্দোগপরিশিষ্ট।)

আশ্বলায়নগৃহ্যপরিশিষ্টে গর্ভাধান বিষয়ে এইরূপ লিখিত আছে—

বিবাহের পরে ঋতুমতী নবোঢ়া পত্নীর মঙ্গলার্থ প্রজাপতি দেবতার উদ্দেশে হোম করিবে। তাহার রীতি এই—প্রথম ঋতুর ষোলদিনের মধ্যে শুভদিনে পবিত্র ও মনোহর বেশধারিণী নবোঢ়া রমণীর সহিত গর্ভাধান কার্য্যের অনুষ্ঠানে প্রবৃত্ত হইয়া স্থালীতে বিধি অনুসারে চরুপাক করিয়া তাহার কিয়দংশ প্রজাপতি দেবতার উদ্দেশে অগ্নিতে আহুতি দিবে। অবশিষ্ট চরু দম্পতীর ভোজনের জন্য রাখিয়া দিবে। পরে "বিষ্ণুর্যোনিং কল্পয়তু" ইত্যাদি মন্ত্রে ঘৃতাহুতি প্রদান করিবে। স্থানান্তরে ইহার পরে কি করিতে হইবে তাহাও লিখিত আছে। প্রাজাপত্যহোমের পর যে ক্রিয়া দ্বারা গর্ভলাভ হয়, তাহাই করিবে, ইহাকে গর্ভলম্ভন বলে। তাহার রীতি যথা,—নিষিদ্ধ কএক রাত্রি পরিত্যাগ করিয়া দম্পতীর শারীরিক সুস্থতা থাকিলে সুন্দর সুসজ্জিত ও সুগন্ধিকুসুম প্রভৃতি দ্বারা সুবাসিত গৃহে নানাবিধ আভরণে বিভূষিতা অঙ্গরাগরঞ্জিতা মাল্যচন্দন দ্বারা পরিশোভিতা ও শুক্লবস্ত্রধারিণী রমণীকে পালঙ্কে শয়ন করাইয়া স্বয়ংও সেইরূপ সুস্নাত ও মাল্যাদি পবিত্র বেশাদিভূষিত হইয়া শয়ন করিবে। পরে কতকগুলি দূর্ব্বা বাটিয়া তাহার রস "উদীর্ষাতঃ পতিবতী হেষা বিশ্বাবসুং নমসা গীর্ভিরীড়ে। অন্যামিচ্ছ পিতৃষদং ব্যক্তাং সতে ভাগো জনুষা তস্য বিদ্ধি ॥" (ঋক্ ১০।৮৫।২১) ও "উদীর্ষাতো বিশ্বাবসো নমসেড়ামহেত্বা। অন্যামিচ্ছ প্রফর্ব্যাংসং জায়াং পত্যাসৃজ ॥" (ঋক্ ১০।৮৫।২২) অন্তে স্বাহাযুক্ত এই মন্ত্রদ্বয় উচ্চারণ করিয়া দম্পতীর নাসিকায় সেচন করিবে অথবা অশ্বগন্ধার চূর্ণ মিহিকাপড়ের মধ্যে লইয়া পোটলী করিবে। পরে পূর্ব্বোক্ত মন্ত্রদ্বয় পাঠ করিয়া দম্পতীর নাসিকারন্ধ্রে আঘ্রাণ দ্বারা প্রবেশ করাইবে। পরে "গন্ধর্বোঽসি বিশ্বাবসু র্মুখমসি" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া উপস্থেন্দ্রিয় মর্ষণ করিবে, তৎপরে "বিষ্ণুর্যোনিং কল্পয়তু" ইত্যাদি মন্ত্রদ্বয় পাঠ করিয়া আদিরসের আবির্ভাব করিবে ও "যো গর্ভমোষধীনাং" এই মন্ত্র পাঠ করিয়া সঙ্গম করিবে (১)। ধর্ম্মের অবনতি ও শ্রদ্ধার হ্রাস হওয়ায় দিন দিন প্রায় সকল বৈদিক কার্য্যই বিলুপ্ত হইয়া পড়িয়াছে। বর্ত্তমান সময়ে পরিশিষ্ট প্রদর্শিত নিয়ম একেবারেই চলিত নাই।

২ গর্ভনিষেক মাত্র।

"গর্ভাধানক্ষমপরিচয়ং নূনমাবদ্ধমালাঃ।
সেবিষ্যন্তে নয়নসুভগং খে ভবন্তং বলাকাঃ ॥" (মেঘদূত ৯।)

"প্রজনে সর্ত্তেঃ" পা ৩।৩।৭১।

এই সূত্রে 'গবামুপসরঃ। স্ত্রীগবীষু পুংগবানাং গর্ভাধানায় প্রথম গমনম্।' (বৃত্তিকার।)

গর্ভাবক্রান্তি (স্ত্রী) গর্ভস্য অবক্রান্তিঃ। গর্ভোৎপত্তি, জীবের গর্ভাশয়ে প্রবেশরূপ অবতরণ।

"অথাতো গর্ভাবক্রান্তিশারীরং ব্যাখ্যাস্যামঃ।"

(সুশ্রুত ২।৩ অঃ)

গর্ভাশয় (পুং) আশেতেঽত্রেতি আ-শী-আধারে অচ্। গর্ভস্য আশয়ঃ ৬তৎ। গর্ভের আধারস্থান, গর্ভ-শয্যা, জরায়ু। (অমর)

"শুক্রং শোণিতসংসৃষ্টং স্ত্রিয়া গর্ভাশয়ং গতম্।
ক্ষেত্রং কর্ম্মজমাপ্নোতি শুভং বা যদিবাশুভম্ ॥"

(ভারত ১৪।১৮।৫।)

গর্ভাষ্টম (পুং) গর্ভাৎ গর্ভকালাৎ অষ্টমঃ। গর্ভাবধি ধরিয়া অষ্টম মাস ও বর্ষাদি।

"গর্ভাষ্টমেঽব্দে কুর্ব্বীত ব্রাহ্মণস্যোপনয়নম্।" (মনু।)

গর্ভাস্পন্দন (ক্লী) গর্ভস্য আস্পন্দনম্ ৬তৎ। গর্ভক্ষয়ের চিহ্নবিশেষ, গর্ভের বিকৃতিবিশেষ।

"গর্ভক্ষয়ে গর্ভাস্পন্দনমুন্নতকুক্ষিতা চ।" (সুশ্রুত ১।১৫ অঃ)

গর্ভাস্রাব (পুং) গর্ভস্য আস্রাবঃ। [গর্ভস্রাব দেখ।]

গর্ভিণী (স্ত্রী) গর্ভোঽস্ত্যাস্যাঃ ইনি ঙীপ্। ১ গর্ভবতী নারী, অন্তঃসত্ত্বা, পোয়াতী।

"সুবাসিনীঃ কুমারাংশ্চ রোগিণো গর্ভিণীস্তথা।
অতিথিভ্যোঽগ্রএবৈতান্ ভোজয়েদবিচারয়ন্ ॥" (মনু ৩।১১৪।)

কশ্যপ বলেন—গর্ভিণী হস্তী, অশ্বাদি, পর্ব্বত ও অট্টালিকাদিতে আরোহণ, ব্যায়াম, বেগে গমন, শকটে আরোহণ, শোক, রক্তমোক্ষণ, ভয়, কুক্কুটভোজন, মৈথুন, দিবানিদ্রা ও রাত্রিজাগরণ পরিত্যাগ করিবে। স্কন্দপুরাণে লিখিত আছে, গর্ভিণী নারী স্বামীর আয়ুবৃদ্ধি করে বলিয়া হরিদ্রা, কুঙ্কুম, সিন্দূর, কাজল, কাঁচুলী, তাম্বূল, মঙ্গলজনক আভরণ, কেশসংস্কার, ঝুটিবাধা, কর ও কর্ণভূষণ পরিত্যাগ করিবে না। বৃহস্পতি বলেন যে, গর্ভিণী চতুর্থ, ষষ্ঠ বা অষ্টম মাসে বিশেষতঃ আষাঢ় মাসে যাত্রা করিবে না। আশ্বলায়নের মতে—গর্ভবতীর স্বামী কেশাদি কর্ত্তন, মৈথুন ও তীর্থযাত্রা পরিত্যাগ করিবে। মুহূর্ত্তদীপিকাও কালবিধানের মতে—গর্ভিণীর স্বামী

(১) "অথ গর্ভলম্ভনমৃতাবনুকূলায়াং নিশি স্বলঙ্কৃতে সুগন্ধৌ বাসিতে বেশ্মনি তামাসনে পর্য্যঙ্কশয়নে সুস্নাতামলঙ্কৃতাং শুক্লবসনাং স্রগ্বিণীং ভার্য্যাং স্বয়ং তথা ভূতো নিবেশ্য দূর্ব্বাপিষ্টাশ্বগন্ধং বা সূক্ষ্মেণ বাসসা সংগৃহ্য উদীর্ষাতঃ পতিবতী দ্বাভ্যাং স্বাহাকারান্তাভ্যামুভয়ো র্নাসিকয়ো র্নিষিচ্য সংবেশ্য গন্ধর্বোঽসি বিশ্বাবসুর্মুখমসীতি উপস্থমভিমৃশ্য বিষ্ণুর্যোনিং কল্পয়ত্বিতি জপিত্বোপগচ্ছেৎ।" (আশ্বলায়নগৃহ্যপরি০ ২০)

ক্ষৌরকর্ম্ম, শবানুগমন, নখকর্ত্তন, যুদ্ধাদিস্থলে গমন, অতিদূরে গমন, উদ্বাহ, উপনয়ন ও সমুদ্রে অবগাহন করিলে তাহার আয়ুঃ ক্ষয় হয়।

গর্ভিণী যাহা যাহা ভোগ করিতে অভিলাষ করে, তাহা না দিলে গর্ভের পীড়া হয়, আর সেই সেই অভিলাষ পূর্ণ করিলে গুণবান্ পুত্র প্রসব করে। অভিলাষ অনুসারে ভোগ না পাইলে আপনা আপনি ভয় পায়। গর্ভিণীর যে যে ইন্দ্রিয়ের অভিলাষ পূর্ণ না হয়, সন্তানেরও সেই সেই ইন্দ্রিয়ের পীড়া হয়। রাজদর্শনে অভিলাষ হইলে সন্তান মহাভাগ্যবান্ ও ধনবান্ হয়। পট্টবস্ত্রাদি অথবা অলঙ্কারে অভিলাষ জন্মিলে সন্তান মনোহর ও অলঙ্কারপ্রিয় হয়। আশ্রম দর্শনে অভিলাষ হইলে সন্তান ধর্ম্মশীল ও সংযতচিত্ত হয়। দেবপ্রতিমাদিতে অভিলাষ হইলে সন্তান সভাসদ্, সর্পাদি দর্শনে অভিলাষ হইলে হিংস্রক, গোধামাংসে অভিলাষ হইলে বলিষ্ঠ ও ক্লেশসহিষ্ণু, মহিষমাংসে অভিলাষ হইলে সন্তান শৌর্য্যান্বিত, রক্তলোচন ও লোমশ, বরাহ মাংসের অভিলাষে সন্তান নিদ্রালু ও বীর, জঙ্ঘাল মাংসের অভিলাষে সন্তান বনেচর, শ্বমর অর্থাৎ মৃগবিশেষের মাংসে অভিলাষ হইলে সন্তান উদ্বিগ্ন ও তিত্তির মাংসে অভিলাষ হইলে সন্তান ভীত হয়। ইহা ভিন্ন অন্য জন্তুর মাংসে অভিলাষ হইলে সেই সেই জন্তুর যেরূপ স্বভাব ও আচার সন্তানেরও সেইরূপ স্বভাব ও আচার হইয়া থাকে। গর্ভিণী দেবতা ব্রাহ্মণাদিতে ভক্তি ও শ্রদ্ধাযুক্ত হইলে এবং শুদ্ধাচারিণী ও অন্যের সহিত হিতসাধনে নিরত হইলে অতি গুণবান্ সন্তান প্রসব করে। ইহার বিপরীত হইলে সন্তান গুণহীন হয়। (সুশ্রুত ৩।৩ অঃ)

২ ক্ষীরাবী বৃক্ষ, ক্ষীরই গাছ। (শব্দচন্দ্রিকা।)

গর্ভিণীদৌহৃদ (ক্লী) গর্ভিণ্যা দৌহৃদম্ ৬তৎ। গর্ভিণীর অভিলষিত দ্রব্য। [গর্ভিণী দেখ।]

গর্ভিণ্যবেক্ষণ (ক্লী) গর্ভিণ্যা অবেক্ষণম্ ৬তৎ। গর্ভিণীর পরিচর্য্যা, কুমারভৃত্যা। (ত্রিকাণ্ডশেষ।)

গর্ভিত (ত্রি) গর্ভোজাতোঽস্যেতি (তদস্যসঞ্জাতং তারকাদিভ্য ইতচ্। পা ৫।২।৩৬।) ইতি ইতচ্। ১ জাতগর্ভ, যাহার গর্ভ জন্মিয়াছে। ২ কাব্যের দোষভেদ। [দোষ দেখ।]

গর্ভিন্ (ত্রি) গর্ভোঽস্যাস্তীতি গর্ভ-ইনি। গর্ভবিশিষ্ট।

"সর্ব্বাণি ভূতানি গর্ভ্যভবৎ।" (শতপথব্রাহ্মণ ৮।৪।২।১।)

গর্ভেতৃপ্ত (ত্রি) গর্ভে শিশৌ অন্নেবা তৃপ্তঃ। (পাত্রেসমিতাদয়শ্চ। পা ২।১।৪৮।) ইতি অলুক্ সমাসঃ। ১ যে শিশু পাইয়া তৃপ্ত হইয়াছে। ২ অন্নে তৃপ্ত।

গর্ভেশ্বর (পুং) গর্ভাবধি ঈশ্বরঃ গর্ভাদারভ্য ঈশ্বরো বা। গর্ভকাল হইতেই রাজা, যাহার পূর্ব্বপুরুষ হইতে রাজা হইয়া আসিতেছে।

"গুণাবির্ভাবঃ গর্ভেশ্বরঃ।" (বিশ্বরূপদেবের তাম্রশাসন।)

গর্ভেশ্বরতা (স্ত্রী) গর্ভেশ্বর-তল্ টাপ্। গর্ভকাল হইতেই ঈশ্বরত্ব বা রাজত্ব।

"প্রাপ্তৈশ্বর্য্যোভবেন্মূঢ়ো গর্ভেশ্বরতয়ান্যথা।"

(রাজতরঙ্গিণী ৫।২০৩)

গর্ভোৎপত্তি (স্ত্রী) গর্ভস্য উৎপত্তিঃ। গর্ভের জন্ম।

গর্ভোপঘাত (পুং) গর্ভস্য উপঘাতঃ। ১ গর্ভের নাশ। ২ মেঘের জলোৎপাদনশক্তির বিনাশ।

"গর্ভোপঘাতলিঙ্গানি।" (বৃহৎসংহিতা ২১।২৫।)

গর্ভোপঘাতিনী (স্ত্রী) গর্ভং উপহন্তীতি উপ-হন্-ণিনি। গর্ভনাশিনী গাভী প্রভৃতি। নামান্তর বেহৎ। (অমর।) অসময়ে বৃষসঙ্গাদি হেতু যে গাভীর গর্ভপাত হয়, গাবড়া ফেলা গাই।

গর্ভোপনিষদ্ (স্ত্রী) গর্ভাবেদিকা উপনিষৎ। গর্ভজ্ঞাপিকা একখানি আথর্ব্বণ উপনিষৎ।

গর্ম্মুচ্ছদ (পুং) গর্ম্মুতো নড়স্যছদ ইব ছদো যস্য। ধান্যবিশেষ, মেড়ুয়া ধান। (রত্নমালা)

গর্ম্মুটিকা (স্ত্রী) গর্ম্মুতইব উটং পর্ণং যস্যাঃ কন্ টাপ্ অতইত্বম্। ধান্যবিশেষ, মেড়ুয়া ধান। (রত্নমালা।)

গর্ম্মুটী (স্ত্রী) গর্ম্মুতইব উটং পর্ণমস্যাঃ ঙীষ্। গর্ম্মুটিকা ধান্য, মেড়ুয়াধান। (চরক।)

গর্ম্মুৎ (স্ত্রী) গীর্য্যতে ইতি-গৃ-উতি। (গ্রোতুট্চ। উণ্ ২।৯৭।) ইতি মুড়াগমশ্চ। ১ তৃণধান্যবিশেষ। ময়না। (অমর)

"তা যত্রাবসন্তুতো গর্ম্মুদতিষ্ঠৎ।" (তৈত্তিরীয়সং ২।৪।১।২।)

গর্ম্মুচ্ছদ (পুং) গর্ম্মুচ্ছদ-নিপাতনাৎ দীর্ঘঃ। গর্ম্মুচ্ছদ, মেড়ুয়াধান।

গর্ম্মুটিকা (স্ত্রী) গর্ম্মুটিকা নিপাতনাৎ দীর্ঘঃ। গর্ম্মুটিকা, মেড়ুয়া ধান।

গর্ম্মোটিকা (স্ত্রী) গর্ম্মুটিকা নিপাতনাদুকারস্য ওকারঃ। জরড়ী তৃণ। (রাজনি॰)

গর্ব্ব (পুং) গর্ব্ব মদে ঘঞ্। যদ্বাগিরতি ইতি গৃ-ব (কৃ গৃ শৃ গৃভ্যোবঃ। উণ্ ১।১৫৫।) অহঙ্কার (অমর) অবজ্ঞাবিশেষ।

"ঐশ্বর্য্যরূপতারুণ্য কুলবিদ্যাবলৈরপি।
ইষ্টলাভাদিনান্যেষামবজ্ঞা গর্ব্ব ঈরিতঃ।"

ইষ্টলাভাদি হইলে অন্যের প্রতি যে অবজ্ঞা তাহার নাম গর্ব্ব।

"বেড়েছে বিশেষ গর্ব্ব দেবসভা শুনি।" (শ্রীধর্ম্মমঙ্গল)

৩ ব্যভিচারিভাব বিশেষ। সাহিত্যদর্পণের মতে—

গর্ব্বের নামান্তর মদ, ইহা প্রভুত্ব, ধন, বিদ্যা, সৎকুলজাতত্ব প্রভৃতি দ্বারা উৎপন্ন হয়। অবজ্ঞা, বিলাসের সহিত অঙ্গদর্শন ও অবিনয়াদি প্রকাশ করে। (সাহিত্যদ° ৩ প°)

গর্ব্বণ (পুং) একটী পর্ব্বতের নাম।

গর্ব্বর (পুং) গীর্য্যতে ইতি গৃ-নিগরণে ষরচ্। (কৃগৃহৃশৃবৃ-চতিভ্যঃ ষরচ্। উণ্ ২।১২৩।) ১ অহঙ্কার।

গর্ব্বরোঽস্যাস্তীতি অচ্। ২ নায়ক। (ত্রি) ৩ অহঙ্কারী।

গর্ব্বাট (পুং) গর্ব্বেণ অটতি অট-অচ্। শকন্ধ্বাদিত্বাৎ অকারলোপঃ। দ্বারপাল। (ত্রিকাণ্ডশেষ)।

গর্ব্বাল্লাবু (স্ত্রী) পাতাল গরুড়ী।

গর্ব্বিত (ত্রি) গর্ব্ব-কর্ত্তরি ক্ত। যদ্বা গর্ব্বোঽস্য সঞ্জাত-ইতচ্। গর্ব্বযুক্ত, অহঙ্কৃত।

"কোঽর্থান্ প্রাপ্য ন গর্ব্বিতঃ।" (পঞ্চরত্ন)।

গর্ব্বিন্ (ত্রি) গর্ব্বোঽস্যাস্তীতি ইনি। গর্ব্বযুক্ত।

গর্হক্ (আরবী) অন্যায়, অনুপযুক্ত।

গর্হণ (ক্লী) গর্হ কুৎসনে ভাবে ল্যুট্। নিন্দা। (অমর)।

"শক্রভির্গর্হণং সংখ্যে পুত্রস্য মরণং তথা।"

(ভারত ১২।২৫২ অঃ)।

গর্হণা (স্ত্রী) গর্হ-ভাবে যুচ্ টাপ্। নিন্দা।

গর্হণীয় (ত্রি) গর্হ-অনীয়র্। নিন্দনীয়। "নচতৈ গর্হণীয়া হি গর্হিতব্যাঃ স্ত্রিয়ঃ ক্বচিৎ।" (ভারত, বনপর্ব্ব।)

গর্হ্য (স্ত্রী) গর্হ্যতে ইতি গর্হ-অ। (গুরোশ্চ হলঃ। পা ৩।৩।১০২।) ততষ্টাপ্। নিন্দা।

"পুণ্যং প্রাণান্ ধারয়তি পুণ্যং প্রাণদমুচ্যতে।
যেন যেনাচরেদ্ধর্ম্মং তস্মিন্ গর্হ্য ন বিদ্যতে॥"

(ভারত ১।১৫৫ অঃ)

গর্হ্য, মধ্যভারতের গূণা উপবিভাগের অন্তর্গত একটী ক্ষুদ্র রাজ্য। লোকসংখ্যা প্রায় এক সহস্র হইবে। পূর্ব্বে ইহা রাঘুগড় জায়গীরের অন্তর্গত ছিল। ১৮৪৩ খৃষ্টাব্দে রাজপুত খীচিবংশীয় তিন জনের অংশে পড়ে। এখন গোয়ালিয়র এজেন্সির অধীন একটী করদরাজ্য। গর্হার রাজা বলভদ্র সিংহের নাবালক অবস্থায় গূনার পলিটিকেল এসিষ্টণ্টের অধীন একজন কামদার রাজকার্য্য সম্পন্ন করিতেন।

গর্হাকলান্, উত্তরপশ্চিমাঞ্চলের বান্দাজেলার অন্তর্গত একটী গ্রাম। ইহার অধিকাংশ অধিবাসীই ব্রাহ্মণ ও চামার। ৫০০ বৎসরের অধিক হইল এই গ্রাম স্থাপিত হইয়াছে। সিপাহীবিদ্রোহের সময় এই গ্রামের লোকেরা রসদ যোগাইতে পারে নাই বলিয়া করবীর নারায়ণরাও এই গ্রাম দগ্ধ করেন।

গর্হাকোট (গড়াকোট) মধ্যভারতের সাগরজেলার অন্তর্গত একটী বিভাগ। ইহার প্রধান নগর গর্হাকোট। সোণার ও গধাইচি নদীর সঙ্গমে অক্ষা° ২৩° ৪৭´ উঃ ও দ্রাঘি ৭৯° ১১´৩০´´ পূঃ মধ্যে সাগরনগর হইতে ১৩ ক্রোশ পূর্ব্বে অবস্থিত। নগরটী সম্ভবতঃ গোঁড়জাতি কর্ত্তৃক নির্ম্মিত হয়। ১৬২৯ খৃষ্টাব্দে চন্দ্রশাহ নামে বুন্দেলখণ্ডের একজন রাজপুত-সামন্ত গোঁড়দিগকে তাড়াইয়া এই স্থান অধিকার করিয়া একটী দুর্গ নির্ম্মাণ করেন। পন্নার বুন্দেল রাজা ছত্র সালের পুত্র হৃদয়শাহ চন্দ্রশাহবংশীয় কোন রাজাকে রেহ-লির অন্তর্গত নাইগুবান গ্রাম অর্পণ করিয়া গর্হাকোট নগরটী গ্রহণ করেন। হৃদয়শাহ নদীর অপরপারে আর একটী দুর্গ ও নগর নির্ম্মাণ করিয়া তাহার নাম হিরদি (হৃদয়) নগর রাখেন। ১৭৩৯ খৃষ্টাব্দে হৃদয়শার মৃত্যু হয়। পাঁচবৎসর পরে শোভাসিংহ ও তাহার ছোট ভ্রাতা পৃথ্বীসিংহ উভয়ের মধ্যে বিবাদ হইল। পৃথ্বীসিংহ পেশবার সাহায্যে নিজে রাজা হইলেন। ১৮২০ খৃষ্টাব্দে নাগপুরের রাজা দুর্গ আক্র-মণ করিলে পৃথ্বীসিংহের বংশীয় মর্দ্দনসিংহ যুদ্ধে নিহত হন। মর্দ্দনসিংহের পুত্র অর্জ্জুনসিংহ সিন্ধিয়ায় আশ্রয় গ্রহণ করেন। কর্ণেল জিয়ান্ ব্যাপ্তিস্ত নামক একজন য়ুরোপীয় সেনাপতির অধীনে সিন্ধিয়া একদল সেনা পাঠাইয়া দিলেন। যুদ্ধে নাগপুরসেনা পরাজিত হইলে সিন্ধিয়া মাল্‌থন ও গর্হাকোট অধিকার করিয়া শাহগড় ও অন্যান্য প্রদেশ অর্জ্জুনসিংহকে অর্পণ করিলেন। ব্যাপ্তিস্ত সাহেব গর্হা-কোটের দুর্গে সসৈন্যে অবস্থান করিতে লাগিলেন। কিছু-দিন পরে অর্জ্জুনসিংহ বিশ্বাসঘাতকতা ও কৌশল অবলম্বন করিয়া দুর্গ অধিকার করিয়া লন। ছয়মাস পরে জেনেরল ওয়াট্‌সন্ একদল ইংরাজসেনা লইয়া তাঁহাকে তাড়াইয়া দেন। রাজ্যটী সিন্ধিয়ার অধিকারভুক্ত রহিল, কিন্তু ইংরাজ গবর্মেণ্ট কর্ত্তৃত্ব করিতে লাগিলেন। ১৮৬১ খৃষ্টাব্দে সিন্ধিয়াকে অন্যস্থান দিয়া বৃটীশ গবর্মেণ্ট নিজ অধিকারভুক্ত করিয়া লন। নগরটী এক্ষণে দুইভাগে বিভক্ত। মধ্যে সোণার নদী। অপর পারে হিরদিনগরে প্রধান বাণিজ্যস্থান। এখানে স্ত্রীলোকদিগের পরিধেয় আধ্বি ও পট্টি নামক লাল কাপড় প্রস্তুত হয়। প্রতি শুক্রবারে এখানে হাট বসে। এতদ্ব্যতীত এখানে পৌষমাসে একটী প্রকাণ্ড মেলা হয়; প্রায় দেড় মাস কাল থাকে। উহাতে প্রায় ৩০০০০ লোক উপ-স্থিত হয়। সোণার ও গধাইরি নদীর সঙ্গমস্থলে উচ্চ-ভূমির উপর দুর্গ নির্ম্মিত। তাহাতে অনেক গৃহাদি আছে। ১৮৫৮ খৃষ্টাব্দে ইংরাজসেনাপতি সার হিউরোজ ইহা জয় করেন। নগরের ১ ক্রোশ উত্তরে মর্দ্দনসিংহের

প্রকাণ্ড প্রাসাদের ভগ্নাবশেষ দেখা যায়। তাহার দেউলটী এখনও নষ্ট হয় নাই। ইহা প্রায় ৬০ হস্ত উচ্চ হইবে। একটী ঘোরান সিঁড়ি দিয়া ইহাতে উঠিতে হয়।

গর্হামণ্ডলা [গড়মণ্ডল দেখ।]

গর্হাকোট রমণা, মধ্যভারতের সাগর জেলার অন্তর্গত একটী সেগুন কাষ্ঠের বন।

গর্হিত (ত্রি) গর্হ-ক্ত। নিন্দিত। "সর্ব্বমত্যন্তগর্হিতম্।" (চাণক্য)

গর্হিতব্য (ত্রি) গর্হ-তব্য। নিন্দনীয়।

"ন তেঽম্বা মধ্যমা তাত! গর্হিতব্যা মমাগ্রতঃ।"

(রামায়ণ ৩।২২।২৫।)

গর্হিন্ (ত্রি) গর্হ-ণিনি। নিন্দুক, নিন্দাকারক।

"অতস্তবোৎপন্নমিদং কলেবরং

ন ধারয়িষ্যে শিতিকণ্ঠগর্হিণঃ॥" (ভাগবত ৪।৪।১৮।)

গর্হ্য (ত্রি) গর্হ-ণ্যৎ (ঋহলোর্ণ্যৎ। পা ৩।২।১২৪।) নিন্দনীয়, অধম। (অমর)

"পিত্রাভত্রা সুতৈর্বাপিনেচ্ছেদ্‌বিরহমাত্মনঃ।

এষাং হি বিরহেণ স্ত্রী গর্হ্যে কুর্য্যাদুভে কুলে॥" (মনু ৫।১৪৯।)

গর্হ্যবাসিন্ (ত্রি) গর্হ্যং বসতীতি বস-ণিনি। (সুপ্যজাতৌ ণিনিস্তাচ্ছীল্যে। পা ৩।২।৭৮।) কুৎসিতবাসী, মন্দস্থানবাসী।

গল (পুং) গলতি ভক্ষয়ত্যনেন গল-করণে অপ্। ১ কণ্ঠ, গলান্ধ্র।

"যো গলে চোষমুৎপাদয়তি।" (সুশ্রুত ১।৪২।)

গলতীতি কর্ত্তরি অচ্। ২ সজ্জরস, ধূনা। (মেদিনী) ৩ বাদ্যভেদ। ৪ গড়ক মৎস্য। (শব্দরত্নং)

গল, সমিতিক জাতির একটী বিস্তৃত শাখা। ইহারা আফ্রিকার অন্তর্গত আবিসিনিয়ার মধ্যে সোয়া প্রদেশে বাস করে। সোয়া প্রদেশের জল বায়ু অতি উত্তম। শীতের প্রাখর্য্য বা গ্রীষ্মের আতিশয্য এখানে নাই। জলবায়ুগুণে গলেরাও দেখিতে সুশ্রী ও সুন্দর। কথাবার্ত্তাও তেমনি মিষ্ট। ইহাদের মধ্যে কেহ কেহ খৃষ্টান বা মুসলমান। কিন্তু ইহাদের অধিকাংশই জড়োপাসক ভৌতিক ধর্ম্মাবলম্বী। ইহারা সর্পকে মানবজাতির মাতা বলিয়া থাকে। ঈশ্বর ও পরকালে ইহাদের বিশ্বাস আছে। ঈশ্বরে তিনটী স্বরূপ স্বীকার করে। যথা—১ম "ওয়াক্" বা "ওয়াকা" অর্থাৎ সর্ব্বপ্রধান, ২য় "ওগলি" বা পুরুষ ৩য় "অতেলি" অর্থাৎ স্ত্রী বা শক্তি। শনি ও রবিবারে ইহারা কোন কার্য্য করে না।

গল বা পয়েন ডি গল, সিংহলের দক্ষিণপশ্চিমে সমুদ্রউপকূলস্থ একটী নগর। একটী পাহাড়ের উপর অবস্থিত। পাহাড় সমুদ্র পর্য্যন্ত বিস্তৃত। এই পাহাড়ে একটী দুর্গ আছে। কলম্বো হইতে ইহা ৩৫ ক্রোশ দক্ষিণপশ্চিম। অতি প্রাচীন কাল হইতে ইহা একটী প্রধান বাণিজ্যস্থান বলিয়া গণ্য। আরবেরা ইহাকে কল্ল বলিত। অনেকে বলেন বাইবেলে যে টারসিস্ নগরের উল্লেখ আছে, তাহাতে এই স্থানকে বুঝাইত। ফিনিকিয় বণিকেরা এখানে আসিয়া বাণিজ্য করিত। পর্ত্তুগীজগণ ইহাকে কক্‌স্‌পয়েণ্ট বলিয়া থাকে। তাহারাই এখানে প্রথম দুর্গ নির্ম্মাণ করে। ১৫৪০ খৃষ্টাব্দে ওলন্দাজেরা উহা কাড়িয়া লইয়া ভাঙ্গিয়া ফেলে ও পুনর্নির্ম্মাণ করে। ১৭৯৬ খৃষ্টাব্দে ইংরাজদিগকে অর্পিত হয়।

গলক (পুং) গলতীতি গল-অচ্ সংজ্ঞায়াং কন্। গড়কমৎস্য, গড়ইমাছ। (শব্দরত্নং)

গলকম্বল (পুং) গলে কম্বলইব। গোরুর গললম্বিত কম্বলাকৃতি রোমশ মাংসপট্ট, নামান্তর সাস্না। (অমর)

"গলকম্বলাদিমান্‌গৌঃ।" (ন্যায়শাস্ত্র।)

গলকোণ্ডা বা গলিপর্ব্বত, মান্দ্রাজ প্রেসিডেন্সির বিশাখপত্তন জেলার অন্তর্গত একটী পর্ব্বতশ্রেণী। অক্ষা° ১৮° ৩০´ উঃ দ্রাঘি ১৯° ৫০´ পূঃ মধ্যে অবস্থিত। ইহার দুইটী চূড়া আছে, একটী ৩৫৬২ ও অপরটী ৩৫২৪ হস্ত উচ্চ। ইহাতে উঠিবার পথ আছে। ১৮৬০ খৃষ্টাব্দে এখানে একটী স্বাস্থ্যাবাস করিবার জন্য ইংরাজসেনা রাখা হয়। কিন্তু তাহারা বারংবার জ্বরে পীড়িত হওয়ায় সে সংকল্প পরিত্যক্ত হইয়াছে। বিজয়নগরের রাজার এখানে একটী কাফিক্ষেত্র আছে।

গলগণ্ড (পুং) গলে গণ্ডঃ স্ফোটকইব। গলরোগবিশেষ, চলিত কথায় গরগণ্ড বলে। ইহার লক্ষণ ও নিদানাদি ভাবপ্রকাশে এইরূপ লিখিত আছে,—গলদেশে বৃহৎ অথবা ক্ষুদ্র অণ্ডকোষের ন্যায় লম্বমান অথচ কঠিন শোথ উৎপন্ন হইলে, তাহাকে গলগণ্ড বলা যায়। ভোজরাজের মতে গাল, মন্যা (ঘাড়ের শির), ও গলদেশ আশ্রয় করিয়া অণ্ডকোষের ন্যায় লম্বমান শোথ হইলে তাহাকে গলগণ্ডরোগ বলে। বায়ু, কফ বা মেদ দূষিত হইয়া গলদেশ ও মন্যাদ্বয় আশ্রয় করিলে তাহা হইতে ক্রমে গলগণ্ডরোগ জন্মিয়া থাকে।

গলগণ্ড চারিপ্রকার—বাতজ, শ্লেষ্মজ, কফজ ও মেদোজ। বাতজ গলগণ্ড শ্যাব বা অরুণবর্ণ বেদনাযুক্ত ও পরুষ হয়। ইহা কৃষ্ণবর্ণ শিরাসমূহে ব্যাপ্ত থাকে ও কালবিলম্বে বর্দ্ধিত হয়। ইহা প্রায়ই পাকে না, আবার কখন কখন বিনা কারণেও পাকিয়া উঠে। রোগীর মুখ বিরস এবং তালু ও গলদেশ শুষ্ক হইয়া যায়। কফজ গলগণ্ড স্থির, গুরু, শীতল, অত্যন্ত কণ্ডু, অল্প বেদনাযুক্ত ও শরীরের বর্ণ হয়। ইহাও কালবিলম্বে বাড়ে এবং পাকিয়া থাকে। রোগীর

মুখ অভ্যন্তরে মধুর রসযুক্ত ও বাহিরে দেখিতে স্নিগ্ধ হয়, গলনালীতে সর্ব্বদাই শব্দ হইয়া থাকে এবং তালু ও গলদেশ কফ কর্ত্তৃক প্রলিপ্ত বলিয়া বোধ হয়।

মেদোজ গলগণ্ড স্নিগ্ধ, কোমল, পাণ্ডুবর্ণ, দুর্গন্ধযুক্ত, কণ্ডু ও বেদনাবিশিষ্ট হয়। ইহা অলাবুর ন্যায় লম্বমান এবং শরীর ক্ষীণ হইলে ক্ষীণ এবং বর্দ্ধিত হইলে ইহাও বাড়িয়া থাকে। রোগীর মুখ স্নিগ্ধ হয় ও গলনালীতে সর্ব্বদাই শব্দ হইয়া থাকে।

গলগণ্ড রোগীর যদি শ্বাস প্রশ্বাস করিতে অতিশয় কষ্ট হয় এবং অরুচি, স্বরভঙ্গ বা ক্ষীণতা উপস্থিত হয়, তাহা হইলে চিকিৎসক তাহাকে পরিত্যাগ করিবেন, তাহা অসাধ্য। রোগীর শরীর মৃদু কিম্বা সম্বৎসর অতীত হইলেও গলগণ্ড অসাধ্য হয়। (ভাবপ্রকাশ ৩য় ভাগ মধ্যমখণ্ড।) সুশ্রুতে গলগণ্ডরোগের নিদান ও লক্ষণাদি এইরূপই লিখিত আছে। (সুশ্রুত নিদানস্থা ১২ অঃ)

গলগণ্ডরোগের চিকিৎসা—সর্ষপ, সজিনা বীজ, শণবীজ, তিসী, যব ও মূলার বীজ অম্লরসযুক্ত ঘোলের সহিত পেষণ করিয়া প্রলেপ দিলে বহুদিনের গলগণ্ডও নষ্ট হয়। শ্বেত অপরাজিতার মূল পেষণ করিয়া প্রাতে ঘৃতের সহিত নিয়ত আহার করিলেও গলগণ্ড ভাল হয়। পাকা তিতলাউএর মধ্যে জলপূর্ণ করিয়া সাতদিন পর্য্যন্ত রাখিয়া দিবে। পরে সেই জলপান ও হিতকর দ্রব্য পথ্য করিবে। ইহাতেও গলগণ্ড রোগের প্রতীকার হয়। যব, মুগ, পটোলাদি, কটু ও রুক্ষ দ্রব্য ভোজন, বমন এবং রক্তমোক্ষণ গলগণ্ডরোগে হিতকারক। সৈন্ধব, পান্না ও পিপ্পলীচূর্ণের সহিত প্রতিদিন প্রাতে ভক্ষণ করিলে গলগণ্ডের প্রতীকার হয়। অমৃতাদিতৈল পান করিলেও গলগণ্ড আরোগ্য হয়। (ভাবপ্রকাশ)

সুশ্রুত মতে—বায়ুজন্য গলগণ্ডরোগে মূত্রসংযোগে বিবিধপ্রকার অম্লরস, উষ্ণ দুগ্ধ বা তৈলের সহিত মাংস বা পলাশীলতার রস; ইহাদ্বারা প্রথমে নাড়ীস্বেদ প্রয়োগ করিবে। পরে বিস্রাবিত করিয়া নিয়ত স্বেদ দিবে। এইরূপে ব্রণ সংশোধিত হইলে শণবীজ, তিসী, মূলক, সজনা ও সুরাবীজ এবং পিয়ালের মজ্জা এই সকল দ্রব্য তিলের সহিত তাহাতে বন্ধন করিবে। নীলবৃক্ষ, অমৃতা, সজিনা, পুনর্নবা, আকন্দ, চক্রমর্দ্দ, মদনবৃক্ষ, বক, খদির, তিলক ও কুড় এই সকল দ্রব্য সুরাম্লের সহিত পিষিয়া প্রলেপ দিলে বায়ুজন্য গলগণ্ডরোগ নষ্ট হয়।

কফ জন্য গলগণ্ডরোগে স্বেদ প্রয়োগ করিয়া শস্ত্রদ্বারা স্রাবিত করিবে। পরে অজগন্ধা, অতিবিষা, গুলঞ্চ, অজশৃঙ্গী, কুড়, গেঁঠেলা ও গুঞ্জা পলাশের ক্ষারের উষ্ণজলের সহিত পেষণ করিয়া প্রয়োগ করিবে। ইহাতে কফ জন্য গলগণ্ডের প্রতীকার হয়।

মেদো জন্য গলগণ্ডরোগে বিধান অনুসারে শিরা বিদ্ধ করিয়া দিবে। শ্যামালতা, কলিচূণ, লোহমল, দন্তী ও রসাঞ্জন এই সকল দ্রব্য মিশাইয়া প্রলেপ দিবে। শালবৃক্ষের সার মূত্রের সহিত আলোড়িত করিয়া পান করিবে। অথবা শস্ত্রদ্বারা বিদীর্ণ করিয়া অন্তরস্থ মেদ সকল বাহির করিবে। মজ্জা, ঘৃত, বসা বা মধুর সহিত দগ্ধ করিয়া তাহাতে ঘৃত মধু প্রয়োগ করিবে। রোগীর শরীর স্নিগ্ধ থাকিলে এইরূপ চিকিৎসা করা উচিত। ইহাতে মেদোজন্য গলগণ্ড নিবারিত হয়। (সুশ্রুত, চিকিৎসিত ১৮)

ভাবপ্রকাশকার গণ্ডমালা নামে একপ্রকার রোগের নির্ণয় করিয়াছেন, কিন্তু সুশ্রুত প্রভৃতিতে তাহার কোন উল্লেখ দেখা যায় না। সুশ্রুত গ্রন্থি নামে যে রোগের লক্ষণ করিয়াছেন, ভাবপ্রকাশোক্ত গণ্ডমালা প্রায় সেই লক্ষণাক্রান্ত। প্রসিদ্ধ অভিধানপ্রণেতা হেমচন্দ্র গণ্ডমালা ও গলগণ্ডের এক পর্য্যায় ধরিয়াছেন। এরূপ স্থলে ভাবপ্রকাশোক্ত গণ্ডমালা যে একটী পৃথক্ রোগ নহে তাহা বলা যাইতে পারে, হয় গলগণ্ডের অন্তর্গত ও না হয় গ্রন্থিরোগের অন্তর্গত হইবে। [গ্রন্থি দেখ।]

ভাবপ্রকাশে গণ্ডমালার লক্ষণাদি এইরূপ লিখিত আছে—বাহুমূল, মন্যা (ঘাড়ের শির) বা কুচ্‌কীতে বদরী বা আমলকীর ন্যায় আকারযুক্ত গ্রন্থিমালা উৎপন্ন হইলে তাহাকে গণ্ডমালা বলে। ইহা কালবিলম্বে পাকিয়া থাকে, দূষিত কফ ও মেদই ইহার কারণ। গণ্ডমালার চিকিৎসা গলগণ্ডের ন্যায়।

কাঞ্চনবৃক্ষের ছাল বা বরুণমূলের ছাল দ্বারা কাথ করিয়া শুণ্ঠীচূর্ণ ও মধু প্রক্ষেপ দিয়া পান করিলে বহুকালের গণ্ডমালাও শীঘ্র আরোগ্য হয়। কাঞ্চনবৃক্ষের ছাল ৪ তোলা বা ৮ তোলা চাউল-ধোয়া জলের সহিত পান করিলে গণ্ডমালা বিনষ্ট হয়। কাঞ্চনার গুগ্‌গুলুও ইহাতে প্রযোজ্য।

বৈদ্যজীবনের মতে—তেলার আঁঠির শাঁস, হীরাকস্, রক্তচিতার মূল, গুড়, আকন্দের ক্ষীর ও মনসাসিজের ক্ষীর এই সকল দ্রব্য একত্র পিষিয়া প্রলেপ দিলে অল্পকাল পরেই গণ্ডমালা বিলুপ্ত হয়। (বৈদ্যজীবন।)

য়ুরোপীয় ডাক্তারদিগের মতে গণ্ডমালা ও গলগণ্ড দুইটী স্বতন্ত্র রোগ।

গণ্ডমালা (Scrofula) গলার গ্রন্থি স্ফীত হওয়াই রোগের

প্রকৃত অবস্থা। ইহা কৌলিক রোগ মধ্যে গণ্য। কিন্তু শারীরিক দৌর্ব্বল্য, রক্তাল্পতা প্রভৃতি কারণে অনেক অবস্থায় এই রোগ ঘটিয়া থাকে। য়ুরোপীয় চিকিৎসকেরাও গলগণ্ড ও গণ্ডমালাকে কোন কোন সময়ে এক জাতির রোগ বলিয়াই মনে করিয়া থাকেন। তাঁহাদের মতে, গণ্ডমালা রোগের তিন অবস্থা আছে, ১ম অবস্থায় চোষক গ্রন্থি (Lymphatic gland) ও ত্বক্, ২য় অবস্থায় শ্লৈষ্মিক ঝিল্লী (Mucous membrane) অথবা কোষময় পদার্থ (Cellular tissue) এবং ৩য় অবস্থায় অস্থি ও শারীরিক যন্ত্র সকল (ফুস্‌ফুস্, শ্বাসনালী, যকৃৎ, প্লীহা ও বৃক্ক) আক্রান্ত হয়। অতি সামান্য কারণে প্রথমে গলার ভিতর বা মাথায় ক্ষত হইয়া গ্রীবাদেশের গ্রন্থিগুলি ফুলিয়া উঠে, তাহা এক ভাবে থাকিয়া যায়।

পূর্ব্বকালে য়ুরোপে গণ্ডমালারোগের চিকিৎসা বড় অদ্ভুত উপায়ে হইত। বাইবেলপাঠে জানা যায়, যাজকেরা কেবলমাত্র স্পর্শ করিয়া এই রোগ আরোগ্য করিতেন। প্লিনি, টাসিটাস্, সিউটোনিয়া প্রভৃতির গ্রন্থেও স্পর্শ দ্বারা গণ্ডমালা আরোগ্যের কথা আছে। দুইশত বর্ষ পূর্ব্বের স্কন্দনাভ ও জর্ম্মণভাষায় লিখিত অনেক গ্রন্থে রাজস্পর্শে এই রোগ ভাল হইবার কথা দৃষ্ট হয়। এই জন্য ইংরাজী চলিত কথায় এই রোগ King's evil নামে অভিহিত। বঙ্গদেশেও স্থানবিশেষে ইহাকে "রাজগাঁড়" বলে।

শিশুর গণ্ডমালা হইলে যদি মাতা বা পিতার ঐ রোগ থাকে, তাহা হইলে ধাত্রী নিযুক্ত করিয়া তাহার স্তন্যপান করাইবে। শিশুর পক্ষে ১৫।২০ ফোঁটা কড্‌লিবার অয়েল মহোপকারী। এলোপাথী মতে—গণ্ডমালা রোগে অল্পমাত্রা আইওডাইন্ লাগান যাইতে পারে, ইহাতে বিশেষ ফল দর্শে, কিন্তু ইহা প্রয়োগ করিবার পর যদি মূত্রে সাণ্ডগুরু দৃষ্ট হয়, তবে আর ব্যবহার করিবে না। ঔষধ খাইতে হইলে—

আইওডাইড্ অব পটাসিয়ম্	১ গ্রেণ,
সিরপ ফেরি আইওডাইড্	১০ ফোঁটা,
সিরপ ঝিঞ্জিবেরিস্	২০ ফোঁটা,
অনন্তমূল বা সাল্‌সার ক্বাথ	২ ড্রাম,

মিলাইয়া ৪ ড্রাম হইতে ৬ ড্রাম মাত্রায় দিনে ২।৩ বার গ্রহণ করিবে। এই রোগে রোগীর পক্ষে সর্ব্বদা পরিষ্কার পরিচ্ছন্ন থাকা বিশুদ্ধ বায়ু সেবন এবং হাল্কা, অথচ বলকর পথ্য একান্ত কর্ত্তব্য।

গলগ্রন্থির এক বা উভয় সূক্ষ্মভাগ (lobes) ফুলিয়া স্থায়ী হইলে ডাক্তারেরা তাহাকেই গলগণ্ড রোগ বলিয়া থাকেন। তাঁহাদের মতে পার্ব্বতীয় ও স্যাঁত্‌সেঁতে স্থানে এই রোগ অধিক জন্মে। পুরুষ অপেক্ষা স্ত্রীলোকের কিছু এই রোগ বেশী হয়। রীতিমত ঋতু না হইলে অনেক সময়ে স্ত্রীলোকদিগের এই রোগ হইতে দেখা যায়। ডাক্তারেরা প্রথমে এই রোগে আইওডাইন্ লাগাইতে বলেন। তাহাতে কোন ফল না দর্শিলে অস্ত্রচিকিৎসা করিতে পরামর্শ দেন। হোমিওপাথী মতে দিবসে ও রাত্রে এক এক ফোঁটা স্পন্‌জিয়া প্রথমে ছয় দিন, তৎপরে সাত দিন পরে আবার এক এক ফোঁটা সেবন করাইবে, ইহাতে উপকার না হইলে প্রাতে প্রতিদিন ১ ফোঁটা আইওডাইন্ সাতদিন ব্যবহার করিয়া আবার সাতদিন ফাক্ দিবে। ইহাতেও ভাল না হইলে রাত্রিকালে ১ ফোঁটা কালি হাইড্রিড্ দিবে। গলগণ্ডের মধ্যে চূর্ণখণ্ড জন্মিলে এই রোগ অসাধ্য জানিবে।

গলগণ্ডিন্ (ত্রি) গলগণ্ডোঽস্যাস্তীতি ইনি। গলগণ্ডরোগী।

"ক্ষীণন্তু বৈদ্যো গলগণ্ডিনং তং
ভিন্নস্বরং চৈব বিবর্জ্জয়েত্তু॥" (সুশ্রুত, নিদান ১১ অঃ।)

গলগনাথ, বোম্বাই প্রেসিডেন্সির অন্তর্গত ধারবার জেলার মধ্যে করজগি হইতে ১০ ক্রোশ উত্তরপূর্ব্বে তুঙ্গভদ্রা নদীর বামপার্শ্বে অবস্থিত একটী গ্রাম। এখানে গর্গেশ্বর ও হনুমানের মন্দির আছে। গ্রামের উত্তরদিকে বর্দা ও তুঙ্গভদ্রা নদী যে স্থানে মিলিত হইয়াছে, গর্গেশ্বর দেবের মন্দির সেই স্থানে অবস্থিত। মন্দিরটী কৃষ্ণবর্ণ গ্রেণাইট প্রস্তরে নির্ম্মিত। ইহার দৈর্ঘ্য প্রায় ৫৩ হস্ত ও বিস্তার প্রায় ২৭ হস্ত হইবে। ইহার ছাদ ৪টী বড় বড় থামের উপর রক্ষিত। দেওয়ালে নানাবিধ পৌরাণিক মূর্ত্তি খোদিত আছে। মন্দির মধ্যে ১০০২ ও ১০৬৯ শকের দুইটী প্রস্তরলিপি আছে। হনুমান্ মন্দিরে দেবমূর্ত্তির পার্শ্বে একখানি প্রকাণ্ড বীরগল প্রস্তর আছে, উহা সম্ভবতঃ ১০১১ খৃষ্টাব্দে স্থাপিত হয়।

গলগলি, বোম্বাই প্রেসিডেন্সির বিজাপুর জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। কলাদ্‌গি হইতে ৭ ক্রোশ উত্তরে কৃষ্ণানদীর তীরে অবস্থিত। পূর্ব্বে ইহা প্রাচীন দণ্ডকারণ্যের অন্তর্গত ছিল। গালব ঋষি এইখানে ছিলেন বলিয়া এ স্থানকে গালবক্ষেত্র বলিয়া থাকে। গলগলি গ্রামের অর্দ্ধক্রোশ দক্ষিণে পাহাড়ের মধ্যে একটী স্থান গালব ও আর ছয়টী ঋষির আশ্রম বলিয়া গণ্য। লোকে বলে, গ্রামের তিনপোয়া পথ উত্তরে কৃষ্ণানদীর গর্ভে একটী মন্দির আছে, উহা নদীর জলে ঢাকা থাকে। ১৮৭৬-৭৭ খৃষ্টাব্দে নদীর জল শুখাইয়া গেলে মন্দিরের উপরিভাগ প্রকাশ হইয়াছিল। যে অংশ প্রকাশ হয়, তাহার দৈর্ঘ্য ও প্রস্থ ৬০ হস্ত হইবে। নদীতীরে

যল্লমা দেবীর মন্দির। এতদ্ব্যতীত গ্রামে আরও ৪টী ছোট দেবমন্দির আছে। ১৬৮৯ খৃষ্টাব্দে মহারাষ্ট্রদিগের সহিত যুদ্ধের সময় সম্রাট্ অরঙ্গজেব নিজ সৈন্য সামন্ত লইয়া এই স্থানে অবস্থিতি করেন। ইটালী দেশীয় পরিব্রাজক কেরেরি সাহেব এই স্থানে আসিয়া তাহার সহিত সাক্ষাৎ করেন।

গলগোড়িকা (স্ত্রী) বিষযুক্ত জন্তুবিশেষ। ইহার দংশনে দাহ, তোদ, স্বেদ ও শোথ (ফুলা) হয়। (চরক)

গলগ্রহ (পুং) গলং কণ্ঠদেশং গৃহ্লাতি, গ্রহ-অচ্। ১ ব্যঞ্জনবিশেষ। পর্য্যায় মৎস্যঘণ্ট। ২ তিথিবিশেষ।

"কৃষ্ণপক্ষে চতুর্থী চ সপ্তম্যাদিদিনত্রয়ম্।
ত্রয়োদশী চতুষ্কঞ্চ অষ্টাবেতে গলগ্রহাঃ॥"

কৃষ্ণপক্ষে চতুর্থী, সপ্তমী, অষ্টমী, নবমী ও দশমী এবং ত্রয়োদশী, চতুর্দশী, পূর্ণিমা, অমাবস্যা ও প্রতিপৎ এই আট তিথিকে গলগ্রহ বলে।

৩ আরম্ভের পর যাহাতে প্রত্যারম্ভ দৃষ্ট না হয়, গর্গাদি মুনিগণ তাহাকে গলগ্রহ বলেন। ইহাতে আরম্ভ দিনের পর স্মৃতিশাস্ত্রোক্ত অনধ্যায় দিনের সম্পাত হেতু প্রত্যারম্ভের অভাব হইয়া থাকে। ৪ অপরিহার্য্য আপদ্ পরিত্যাগ করিতে পারা যায় না বলিয়া অনিচ্ছাতে যাহার ভার লইতে হয়, যাহার কোন গুণাদি নাই কেবল বসিয়া অন্ন ধ্বংস করে, সেই গলগ্রহ। ৫ কণ্ঠরোধরোগবিশেষ। যাহার শ্লেষ্মা প্রকুপিত হইয়া গলার ভিতরে স্থির থাকে, তাহাতে শীঘ্রই শোথ জন্মিয়া গলগ্রহ রোগ উৎপন্ন হয়। (চরক।)

"পার্শ্বশূলে প্রতিশ্যায়ে বাতরোগে গলগ্রহে।
আধ্মাতে স্তিমিতে কোষ্ঠে সদ্যঃ শুদ্ধে নবজ্বরে।
হিক্কায়াং স্নেহপীতে চ শীতাম্বু পরিবর্জ্জয়েৎ॥"

(সুশ্রুত ১।৪৫ অঃ।)

গলঘসিয়া বা বাঁসতলা, বঙ্গদেশের ২৪ পরগণার মধ্য দিয়া প্রবাহিত একটী নদী, বাঁসতলা খাল ও গুণ্টিয়াখালি এই দুইটী সঙ্গমে গলঘসিয়া নদীর উৎপত্তি। তাহার পর দক্ষিণপূর্ব্বদিকে প্রবাহিত হইয়া খুলনা জেলার কল্যাণপুর গ্রামের নিকট খোলপেটুয়া নদীতে পড়িয়াছে।

গলচা, আফগানস্থানে বদক্সান্ প্রদেশের অধিবাসী জাতিবিশেষ। প্রাচীন ইরাণী ও হিন্দু জাতি হইতে উৎপন্ন বলিয়া কথিত। একজন গলচার মাথায় খুলি লইয়া পরীক্ষার্থ ফ্রান্সের পারিস্ নগরে পাঠান হয়। তথায় টপিনার্ড সাহেব তাহা আর্য্যদিগের মস্তকের মত বলিয়া স্থির করিয়াছেন। ফরাসী উজ্‌ফলবি সাহেব ইহাদিগকে গলচা নামে অভিহিত করিয়াছেন।

গলৎ (ত্রি) ১ যাহা গলিয়া পড়িতেছে। ২ ভ্রান্তি, ভুল।

গলৎকুষ্ঠ (ক্লী) গলৎ রসাদিক্ষরণশীলং কুষ্ঠম্। রসরক্তাদিক্ষীরণশীল কুষ্ঠবিশেষ।

"ভ্রাতৃভার্য্যাভিগমনাৎ গলৎকুষ্ঠং প্রজায়তে।" (শাতাতপ।)

গলৎকুষ্ঠারিরস (পুং) গলৎকুষ্ঠরোগের পারদঘটিত ঔষধবিশেষ।

পারা, গন্ধক, তামা, লৌহ, গুগ্‌গুল্ চিতা, শিলাজতু, মাকড়াগাব ও বচ প্রত্যেকে এক এক ভাগ এবং অভ্র, ডহর করঞ্জের বীজ প্রত্যেক চারি চারিভাগ একত্র ঘৃত ও মধুর সহিত মর্দ্দন করিয়া দুই তোলা পরিমাণে সেবন করিলে গলৎকুষ্ঠ, কিলাস, বাত রক্ত, জলোদর ও মলবদ্ধাদি রোগ বিনষ্ট হয়।

গলদ (দেশজ) ভুলিয়া ছাড়িয়া যাওয়া।

গলদশ্রু (ত্রি) যাহার অশ্রু গলিতেছে।

গলদ্বার (ক্লী) গলার পথ।

গলদেশ (পুং) গলএব দেশঃ। গল, গলা।

গলন (ক্লী) গল-ভাবে ল্যুট্। ১ ক্ষরণ, গলিয়া নির্গত হওয়া। ২ দ্রব হওয়া, গলিয়া যাওয়া।

গলনীয় (ত্রি) গল্-অনীয়র্। গলিবার যোগ্য।

গলন্তিকা (স্ত্রী) গলতীতি গল-শতৃ-ঙীপ্ মুম্ অল্পার্থে কন্। স্বল্পবারিধানিকা, গাড়ু, ঝাড়ী, নামান্তর কর্করী।

"প্রপা কার্য্যাচ বৈশাখে দেবে দেয়া গলন্তিকা।" (কাশীখণ্ড ৫ অঃ)

গলভঙ্গ (পুং) গলস্য কণ্ঠস্বরস্য ভঙ্গঃ, ৬তৎ। ১ স্বরভঙ্গ, গলাভাঙ্গা।

গলমেখলা (স্ত্রী) গলস্য মেখলাইব। কণ্ঠাভরণবিশেষ, গলসূত্র। পর্য্যায়—সূত্রবলী। (হারাবলী ১৭৪।)

গলরোগ (পুং) গলজাতঃ রোগঃ। গলদেশজাত রোগ, গলব্যাধি।

গলবথি, উত্তরপশ্চিমাঞ্চলের বুলন্দসহর জেলার একটী নগর। বুলন্দসহর হইতে ৬ ক্রোশ উত্তর ও মীরাট হইতে ১৪ ক্রোশ দূরে অবস্থিত। সৈয়দজাতীয় কএকজন লোককে অক্‌বর-শাহ এই স্থানে নিষ্কর ভূমি দান করেন। ১৮৫৭ খৃষ্টাব্দে অধিকারীগণ বিদ্রোহী হওয়ায় ইংরাজ গবর্মেণ্ট তাহাদের নিকট হইতে কাড়িয়া লন। এখানে সৈন্যাবাস, সরকারী বাঙ্গলা, ডাকঘর ও পুলিশ আছে। সপ্তাহে সপ্তাহে হাট বসিয়া থাকে। এখানে বাটীর উপর কর আদায় হয়।

গলরোহিণী (স্ত্রী) গলে রোহতি রুহ-ণিনি ঙীপ্। কণ্ঠগত রোগবিশেষ। বায়ু, পিত্ত ও কফ গলদেশে বর্দ্ধিত হইয়া মিলিতভাবে অথবা পৃথক্ পৃথক্ ভাবে রক্ত ও মাংস দূষিত

করিয়া অঙ্কুর সকল উৎপাদন করে, তাহাই গলরোহিণী রোগ। ইহাতে শীঘ্রই প্রাণ বিনষ্ট হয়।

গললগ্ন (ত্রি) গলে লগ্নঃ। গলদেশে জড়ান।

গলবস্ত্র (ত্রি) গলে বস্ত্রমস্য। যে প্রণামাদির নিমিত্ত গলায় কাপড় দিয়াছে।

গলবার্ত্ত (ত্রি) গলে গলব্যাপারে আর্ত্তঃ নিরাময়ঃ সমর্থঃ। যথেষ্ট ভোজনযোগ্য নিরাময় ব্যক্তি, ভূরিভোজন সমর্থ।

"দৃশ্যন্তে চৈব তীর্থেষু গলবার্ত্তাস্তপস্বিনঃ।" (পঞ্চতন্ত্র)

গলবিদ্রধি (পুং) গলজাতঃ বিদ্রধিঃ। গলদেশজাত ব্রণ-রোগবিশেষ।

এই রোগ সমস্ত গলদেশ ব্যাপিয়া উত্থিত হয়, ইহাতে শোফ (ফুলা) ও বেদনাদি সমস্তই থাকে। এই রোগ যদি মর্ম্মস্থানে না জন্মে এবং উত্তমরূপ পাকে, তবে তাহাতে অস্ত্র করিবে। (সুশ্রুত।)

গলব্রত (পুং) গরোগরণং গিলনং সর্পাদিভক্ষণং ব্রতমস্য, রস্য লঃ। ময়ূর। (ত্রিকাণ্ডশেষ।)

গলশুণ্ডিকা (স্ত্রী) স্বল্পা শুণ্ডা কন্। গলে শুণ্ডিকেব। ১ তালুর ঊর্দ্ধস্থিত সূক্ষ্মজিহ্বিকা, আল্‌জিভ। পর্য্যায়—সুধাস্রবা, ঘণ্টিকা, লম্বিকা, রসাঙ্কা, প্রতিজিহ্বিকা, মাধ্বী, অলিজিহ্বিকা। (শব্দর°)

"তালূদরং বস্তিশীর্ষং চিবুকে গলশুণ্ডিকে।" (যাজ্ঞবল্ক্য।)

২ তালুগত রোগবিশেষ। যাহার শ্লেষ্মা প্রকুপিত হইয়া গলদেশে অবস্থিত হয়, শীঘ্রই তাহার গলদেশে শোথ জন্মাইয়া গলশুণ্ডিকারোগ উৎপাদন করে। (চরক)।

"শল্যং জতুমণির্মাংসসঙ্ঘাতো গলশুণ্ডিকা।" (সুশ্রুত ১।২৫অঃ)

চিকিৎসক শস্ত্রদ্বারা শুণ্ডিকাছেদনপূর্ব্বক উহা টিপিয়া দিবে। পরে পিপুল, মরিচ, হরীতকী, বচ, ধান্য, যবানিকা এই সকলের ক্বাথ ও গরম গরম স্বেদ দিবে। দিবারাত্র মুখ মধ্যে জোয়ান রাখিবে। কণ্ঠদেশ মর্দ্দন করিবে। তাহাতে রোগী সুস্থ হয়। শ্বেত সরিষা, বচ, কুড়, হরিদ্রা, পালদে মাদার, ঝুল ও লবণ একত্র করিয়া কণ্ঠে লেপ দিলেও উপকার হয়। ইহাতে তৈল ও পিচ্ছিল দ্রব্য সেবন করিবে না। (হারীত চিকিৎ° ৫৪ অঃ।)

গলশুণ্ডী (স্ত্রী) গলে শুণ্ডীব। গলশুণ্ডিকা রোগ। (সুশ্রুত) [গলশুণ্ডিকা দেখ।]

গলস্তনী (স্ত্রী) গলে স্তনোঽস্যাঃ পক্ষে অলুক্। ছাগী। (হেম°)

গলহস্ত (পুং) গলে ন্যস্তোহস্তঃ। দূর করিয়া দিবার নিমিত্ত গলদেশে অর্পিত হস্ত, গলাটিপি, গলাধাক্কা।

"অনিচ্ছন্ গলহস্তেন তাভির্নির্বাসিতস্তদা।" (কথাসরিৎ।)

গলহস্তিত (ত্রি) যাহাকে গলহস্ত দেওয়া হইয়াছে।

"অর্দ্ধেন্দুলীলৈর্গলহস্তিতেব।" (নৈষধ। ৬।২৫।)

গলা (স্ত্রী) গলতীতি-গল-অচ্ টাপ্। ১ অলম্বুষা, লজ্জালুলতা, ফুলশোলা। ২ গলদেশ। (দেশজ) ৩ গলিত, দ্রবীভূত।

গলাখেঁকারি (দেশজ) গলার শব্দ করণবিশেষ।

গলাগলি (দেশজ) ১ গলায় গলায় মিলাইয়া। ২ বিশেষ সৌহার্দ্য।

গলাঙ্কুর (পুং) গলজাতঃ অঙ্কুরঃ। গলদেশজাত মাংসাঙ্কুরবিশেষ।

গলাটিপি (দেশজ) গলহস্ত।

গলাধঃকরণ (ক্লী) গিলন, গেলা।

গলাধাক্কা (দেশজ) গলহস্ত।

গলানিক (পুং) গলে অনিকো প্রাণো যস্য। চিঙ্গড়ীমাছ।

গলানিল (পুং) গলে অনিলঃ। প্রাণবায়ু। (ত্রিকাণ্ড) ২ মৎস্যভেদ, গল্‌দা চিঙ্গিড়ী। (ত্রিকা°)

গলাবিল (পুং) গলানিল মৎস্য, গল্‌দা চিঙ্গিড়ী। (ত্রিকা°)

গলাসী, ১ গবাদির গলবন্ধন রজ্জু। ২ যে গলায় দড়ি দিয়া মরিয়া ভূত হইয়াছে।

গলি (পুং) গিরতি শ্রমমকৃত্বেব ভক্ষয়তীতি গৃ-ইন্। রস্য লঃ। ২ সামর্থ্যসত্ত্বেও যে ভার বহন করে না, এরূপ বৃষ। গড়ে গোরু। পর্য্যায়—দুষ্টবৃষ। (হেম°)। ২ স্বল্পপরিসর পথ।

গলিত (ত্রি) গল-ক্ত। ১ পতিত। পর্য্যায়—স্রস্ত, ধ্বস্ত, ভ্রষ্ট, স্কন্ন, চ্যুত। (অমর)।

"নিগমকল্পতরোর্গলিতং ফলম্।" (ভাগবত ১।১।৩)

২ দ্রবীভূত, যাহা গলিয়া গিয়াছে।

গলিতকুষ্ঠ (ক্লী) গলিতং কুষ্ঠম্, কর্ম্মধা। গলৎকুষ্ঠরোগ। [গলৎকুষ্ঠ দেখ।]

গলু (পুং) গল্-উন্। মণিবিশেষ। (মহাভারত)

গলুই (দেশজ) নৌকাদির অংশবিশেষ।

গলূন (পুং) কাশ্মীরের একজন রাজমন্ত্রী।

"সোঽপাসীদ্বাসবসমোদ্বাচত্যারিংশতিং সমাঃ॥
চক্রে ব্রহ্মমঠং ব্রহ্মা গলূনোলূনদুষ্কৃতঃ।
রত্নাবল্যাখ্যয়া বধ্বা বিহারং নিরমাপয়ৎ॥"

(রাজতরঙ্গিণী ৩।১৭৬-১৭৭)।

গলেগণ্ড (পুং) গলে গণ্ড ইবাস্য। পক্ষিবিশেষ, হাড়গিলা। পর্য্যায়—মর্কট। (ত্রিকা°)

গলেচোপক (ত্রি) গলে চুপ্যতে ঽসৌ চুপ কর্ম্মণি ণ্বুল্। অলুক্ সমাসঃ। কণ্ঠে কর্ত্তনীয়, গলা কাটিবার যোগ্য।

"গলেচোপকপাদহারকৌ।" (মুগ্ধবোধ)।

গলেস্তনী (স্ত্রী) ছাগী। [গলস্তনী দেখ।]

গলোড্য (ক্লী) গলেন লোড্যং, পৃষোদরাদিত্বাৎ ললোপে সাধুঃ। ধান্যবিশেষ। "শৃঙ্গাটকগলোড্যগৌরীতি।" (সুশ্রুত ৪।৫ অঃ)

গলোদ্দেশ (পুং) গলস্য উদ্দেশঃ সমীপম্। গলার নিকটস্থিত অবয়ববিশেষ, নিগাল। (অমর।)

গলোদ্ভব (পুং) গলে অশ্বগলদেশে উদ্ভবতি উদ্-ভূ কর্ত্তরি অচ্। অশ্বগলদেশজাত রোচমান নামক রোমাবর্ত্তবিশেষ।

গলৌঘ (পুং) গলে ওঘ ইব। সুশ্রুতোক্ত রোগবিশেষ।

শোণিতবিশিষ্ট কফ গলদেশে বৃহৎ শোথ জন্মায়, তাহাতে রোগী অন্নজল ভোজন করিতে পারে না; বায়ুর গতি নিরোধ ও অতি উগ্রতর জ্বর হয়, এইরূপ রোগকে গলৌঘ বলে।

"কণ্ঠগতাস্ত্ব·····গিলায়ুর্গলবিদ্রধির্গলৌঘঃ।"

(সুশ্রুত, নিদান ১৫ অঃ)

গল্‌তি (দেশজ) বাদ যাওয়া, কমিয়া যাওয়া।

গল্‌দা (স্ত্রী) গল কিপ্ গলেন দীয়তে দা-ক। ১ বাক্য। (নিঘণ্টু ১।১১) ২ নিঃসৃত, গলিত।

"মা ত্বা সোমস্য গল্‌দয়া সদা যাচন্নহং গিরা।" (ঋক্ ৮।১।২০)

'গল্‌দয়া গালনেন' স্রাবণেন।' (সায়ণ)। গল্-ধীয়তে আসুধা-ক পৃষো° ধস্য দঃ। ৩ ধমনীবিশেষ।

"আ ত্বা বিশন্ত্বিন্দব আগল্‌দা ধমনীনাম্।" 'ইমামৃচমধিকৃত্য গল্‌দা ধমনয়ো ভবন্তি গলনমাসুধীয়তে।' (নিরুক্ত নৈগম° ৬।২৪) (দেশজ) ৩ একপ্রকার চিংড়ী মাছ।

গল্প (দেশজ) উপকথা, উপন্যাস।

গল্‌ভ (ত্রি) গল্‌ভ-অচ্। ১ সঙ্কোচশূন্য, নির্ভয়। ২ গর্ব্বকারী।

গল্যা (স্ত্রী) গলানাং কণ্ঠানাং সমূহঃ। (পাশাদিভ্যো যঃ। পা ৪।২।৪৯।) ইতি য প্রত্যয়ঃ। গলসমূহ। (অমর)

গল্ল (পুং) গল্-ল। গণ্ড, গাল। (হেম°)।

"তে গল্লপুদ্‌গলাঃ।" (দ্বাত্রিংশৎপুত্তলিকা)।

গল্লক (পুং) গল্ল-স্বার্থে কন্। ১ গণ্ড, গাল। গল্ল-সংজ্ঞায়াং কন্। ২ চষক, মদ্যপানপাত্র। (হেম°)। ৩ ইন্দ্রনীলমণি। (ত্রিকা°) কেহ কেহ বলেন এই শব্দ 'গল্বক' হইবে।

গল্লচাতুরী (স্ত্রী) গল্লে চাতুরী যস্যাঃ। উপধানবিশেষ, গালবালিশ। (জটাধ°)।

গল্লদাসার, ধারবারপ্রদেশের অধিবাসী জাতিবিশেষ। (দাসার শব্দে দাস বা ভৃত্য বুঝায়।) গল্লদাসারদিগকে দেখিতে কৃষ্ণবর্ণ, দীর্ঘ, চক্ষু ছোট, নাসিকা উচ্চ, ঠোঁট পাতলা, গণ্ডদেশ নিম্ন, মস্তকের চুল পাতলা ও দাড়ির চুল ঘন। ইহারা ভাল পাক করিতে জানে না, কিন্তু বেশ আহার করিতে পারে। রুটী, তরকারী ও দধি ইহাদের প্রধান আহার। মদ্যমাংস নিষিদ্ধ। পায়ে খড়ম, মাথায় পাগড়ি, পরনে ধুতি, গায়ে জামা। স্ত্রীলোকেরা সাড়ী ও অঙ্গরাখা পরিয়া থাকে। সকলেই শান্ত ও পরিশ্রমী। কৃষি ইহাদের প্রধান অবলম্বন। পর্ব্বদিন ব্যতীত অন্য সময়ে ইহারা প্রাতঃকাল হইতে সন্ধ্যা পর্য্যন্ত মাঠে পরিশ্রম করিয়া থাকে। পরিবারস্থ স্ত্রীলোক ও বালক বালিকাগণও মাঠে গিয়া কাজ করে। তিরুপতির হনুমানজী ও ব্যঙ্কটরমণ ইহাদের উপাস্য দেবতা। সময় সময় যল্লমা ও দুর্গা নামে দুই দেবতারও পূজা করিয়া থাকে। যাদুমন্ত্র ও কুহকবিদ্যার উপর ইহাদের যথেষ্ট ভক্তি। কাহারও পীড়া হইলে রোঝা আসিয়া রোগের ব্যবস্থা করে। সন্তান ভূমিষ্ঠ হইলে তাহার নাড়ী কাটিয়া ফুলটী মাটির পাত্রে পূরিয়া পরিষ্কার স্থানে মৃত্তিকার ভিতর পুতিয়া রাখে। পঞ্চমদিনে জীবতীদেবীর পূজা ও জ্ঞাতিভোজ এবং দ্বাদশদিনে নবজাত শিশুর নামকরণ হইয়া থাকে। বিবাহের দিন বর ও কন্যা উভয়কে তৈল ও হরিদ্রা মাখিয়া স্নান করিতে হয়। তাহার পর উভয়ে একটী বেদীর উপর বসিলে গ্রামস্থ দৈবজ্ঞ মন্ত্র পাঠ করিয়া ধান্য দিয়া আশীর্ব্বাদ করেন, পরে সকলকে পান সুপারী বিতরণ ও শেষে আত্মীয় কুটুম্বের ভোজন হইয়া থাকে। বিধবাবিবাহ ও বহুবিবাহ ইহাদের মধ্যে প্রচলিত আছে। সমাজশাসন ইহাদের মধ্যে বিশেষ প্রবল। ইহারা সন্তানদিগকে স্কুলে পড়িতে দেয় না। এই জাতি ক্রমশঃ লোপ পাইতেছে। ইহারা কর্ণাটী-ভাষায় কথা কয়। ইহাদের মধ্যে শ্রেণীবিভাগ নাই।

গল্লিকা (স্ত্রী) গল্লক-টাপ্ অত ইত্বম্। গল্ল, গাল।

গল্বর্ক (পুং) গলুর্মণিভেদস্তস্যেবার্কো দীপ্তির্যস্য। ১ চষক, মদ্যপানপাত্র। (হেম°)। ২ সারবিশিষ্ট মণিবিশেষ। (ত্রিকাণ্ড°।) ২ পদ্মরাগমণি।

"সসারগল্বর্কসুবর্ণরূপ্যৈঃ।" (ভারত ৭।১০।৫৩।)

'সসার ইন্দ্রনীলঃ অশ্মসারত্বাৎ গল্বর্কঃ পদ্মরাগঃ।' (নীলকণ্ঠ।)

গবচী (স্ত্রী) গাং ভূমিমঞ্চতি, গো-অন্‌চ কিপ্, অবঙাদেশঃ ঙীপ্ অচোঽল্লোপঃ পৃষোদরাদিত্বাৎ ন দীর্ঘঃ। ইন্দ্রবারুণী।

গবত্র (ক্লী) গাং ত্রাতি ইতি ত্রৈ-ড। গোভক্ষ্য, বিচালী, খড়।

গবন্দি, দাক্ষিণাত্যবাসী জাতিবিশেষ। সাধারণতঃ ঘরামী বা রাজমজুরি করাই এই জাতির পেশা। বিজাপুর জেলা ও তাহার এলাকাভুক্ত বাগেবাড়ী উপবিভাগে এই জাতির বসবাস অধিক। ইহারা কণাড়ীর অপভ্রংশ গ্রাম্যভাষায় কথাবার্ত্তা কহিয়া থাকে, কিন্তু কার্য্যক্ষেত্রে হিন্দুস্থানী বা মরাঠী ভাষায় কথা কয়। ইহাদের দেখিতে ঠিক কুণ্বি জাতির মত, কেবল গায়ের রঙ্গ অপেক্ষাকৃত কিছু কাল ও দেহ লম্ব।

বর্ত্তমান গবন্দিদিগের এই কএকটী উপাধি বা পদবী

দেখিতে পাওয়া যায়। ভন্দিগরভ্রু, ভম্‌দীয়ারভ্রু, চ্যাম-দিয়াভ্রু, গুড়টিয়াভ্রু, গৌস্‌লিয়াভ্রু, খিন্দিয়াভ্রু, লনিয়া-ভ্রু. মোড়েনাভ্রু, রাম্যমভ্রু ও শিঙ্গ্‌য়াভ্রু। ইহাদের মধ্যে কোনরূপ শ্রেণীবিভাগ বা গোত্র অথবা কুলগত বিভিন্নতা কিছুই দেখা যায় না। পরস্পরে এক উপাধিধারী হইলে বর ও কন্যা উভয়ের মধ্যে বিবাহ হয় না।

গবন্দিরা পাথর ও মাটি দিয়া থাকিবার উপযোগী গৃহ নির্ম্মাণ করে। খড় বা তদ্রূপ কোন পদার্থ দিয়া বাড়ীর ছাদ ছাওয়াইয়া লয়। নিজের ব্যবহারের জন্য গো-মেষাদি জন্তু ও কুকুর পুষিয়া থাকে, নিজেরাই তাহাদিগকে প্রতিপালন করে। কোন কাজকর্ম্ম করিবার জন্য ইহারা চাকর রাখে না। ডাল, রুটি ও শাকসবজিই ইহাদের মোটামুটি খাদ্য। পার্ব্বণাদিতে অন্নপাক করিয়া খায়। ভেড়া, হরিণ, খরগোস, হংস, কুক্কুটাদি পালিত পক্ষী ও মৎস্যই ইহাদের প্রিয়বস্তু, অন্যান্য মাংস অপবিত্র ও অখাদ্যবোধে ভোজন করে না। মাদক সেবনে ইহাদের আসক্তি কিছু বেশী, পূজাপর্ব্বে ইহারা অতিরিক্ত মদ্যপান করে। মদের জন্য সকলেই প্রায় ঋণগ্রস্ত।

সকলেই মাথা নেড়া করিয়া রাখে, কাহারও বা মাথায় টিকি দেখা যায়। প্রায় সকলের বেশভূষা সাদাসিদা ও পরিষ্কার। পুরুষেরা সাধারণতঃ ধুতি, চাদর, জামা ও জুতা, আর স্ত্রীলোকেরা শাড়ী ও জামা ব্যবহার করে। স্ত্রীপুরুষ উভয়েই কর্ণ ও হস্তাদিতে অলঙ্কার পরে। স্ত্রীলোকেরা লাল ও কাল রঙ্গের কাপড় পরিতে কিছু ভালবাসে।

সকলেই আজ্ঞাবাহী, আতিথেয়, কর্ম্মঠ, মিতব্যয়ী ও নম্র, কিন্তু অধিকাংশ লোকেই অপরিষ্কার। পূর্ব্বে ইহারা লবণ প্রস্তুত করিয়া বিক্রয় করিত, কিন্তু ঐ ব্যবসা এক্ষণে বন্ধ হওয়ায় সকলেই মজুরি ও চাষবাস করিয়া জীবিকানির্ব্বাহ করিতেছে। স্ত্রী ও পুরুষ এমন কি বালকবালিকারাও নিজ নিজ অবস্থানুসারে যথাসাধ্য জীবিকার জন্য চেষ্টা করে।

গবন্দিরা বড় ধর্ম্মভীরু। দেবদ্বিজে ইহাদের বিশেষ ভক্তি। ইহারা ব্রাহ্মণের নিকট হইতে শুভদিন স্থির করিয়া শস্যকর্ত্তন, বিবাহ ও গর্ভাধান প্রভৃতি শুভকর্ম্ম করে এবং বিবাহাদি কর্ম্মে ইহারা ব্রাহ্মণদিগকে নিযুক্ত করে। "ওঠম্" নামে নিম্ন শ্রেণীর তৈলঙ্গী ব্রাহ্মণেরাই ইহাদের পুরোহিত। হনুমন্তদেব, তুলজাভবানী, ব্যঙ্কটমরণ ও যল্লমাদেবী ইহাদের কুলদেবতা। ইহারা আর্কটনগরের উত্তরে ব্যঙ্কটগিরিতে ব্যঙ্কটরমণের পূজার জন্যও নিজামরাজ্যের অন্তর্গত তুল্‌জাপুরে তুলজাভবানীদেবীর পূজার্থ তীর্থযাত্রা করিয়া থাকে। আশ্বিন মাসে "দসেরা" পর্ব্বোপলক্ষে তুলজাভবানী দেবীর প্রীত্যর্থে ভেড়াবলি দিয়া থাকে। যল্লমাদেবীর পূজার সময় নিমন্ত্রিত জ্ঞাতিদিগকে ভোজ দেয়।

দেবমূর্ত্তিগুলি সাধারণতঃ মনুষ্য, বৃষ ও হনুমানের আকারে হইয়া থাকে। কোন মূর্ত্তিটী প্রস্তরখোদিত, কোনটী পিত্তল বা তাম্রদ্বারা নির্ম্মিত।

সকলেই প্রাতরাশের পূর্ব্বাহ্নে স্নান করিয়া গৃহদেবতার পূজা করে। যাহাদের গৃহদেবতা নাই, তাহারা মারুতির মন্দিরে আহ্নিকক্রিয়া সমাপন না করিয়া জলগ্রহণ করে না। পর্ব্বাদিতে রীতিমত উপবাসাদি করে। ধর্ম্মদীক্ষার জন্য 'ওঠম্' নামক ব্রাহ্মণবংশই বংশপরম্পরায় একজন করিয়া গুরুর কার্য্য করিয়া আসিতেছে। এই গুরুর নাম তাতাচার্য্য, ইনিই এই জাতির একমাত্র ধর্ম্মোপদেষ্টা; তিনি বেল্লারি জেলায় হাম্‌পি গ্রামে বাস করেন। তাঁহার ভরণ-পোষণের জন্য সকলেই চাঁদা দেয়। গবন্দিরা গ্রাম্যদেবতা বা কোন উপদেবতার পূজা করে না।

ডাইনা খাওয়া, ভূতে পাওয়া ও ভবিষ্যৎবাক্যে ইহাদের দৃঢ় বিশ্বাস। ঔষধে রোগশান্তি না হইলে রোঝা আনিয়া রোগীকে ঝাড়াইয়া থাকে। ঝাড়াইবার পর বাটীর কর্ত্তা ভূতকে খাদ্য ও কাপড় দিতে স্বীকৃত হইলে ভূত সরিয়া যায়। কোন সময় বা রোগীকে কোন দেবতার সম্মুখে শোয়াইলে ভূতযোনি আর তথায় থাকিতে না পারিয়া রোগীকে পরিত্যাগ করিয়া পলায়ন করে। ইহাদের বিশ্বাস যে রোঝা মন্ত্রদ্বারা লোকের মৃত্যুও ঘটাইতে পারে। ইহারা বলে যে, বিজাপুরের অনেক বড় বড় জমিদার এইরূপে রোঝা কর্ত্তৃক হত হইয়াছেন এবং তথাকার অনেকেই নিজের প্রাণরক্ষা করিবার জন্য নিজ ব্যয়ে রোঝা রাখিয়া থাকেন।

পুত্র ভূমিষ্ঠ হইলে গবন্দিরা নবজাত শিশু ও প্রসূতিকে স্নান করাইয়া খাটিয়ায় শোয়ায় এবং তাপের জন্য তাহার নীচে ঘুটে জ্বালাইয়া রাখে। মাতাকে শুক্‌না নারিকেলের শাঁস ও গুড় খাইতে দেয়। সন্তান প্রসূত হইবার অর্দ্ধঘণ্টা পরে প্রসূতিকে অন্ন ও মাখন খাওয়ায় এবং ক্রমান্বয়ে পাঁচ দিনই এইরূপ পথ্য দিয়া থাকে। পঞ্চম রাত্রিতে ধাত্রী আসিয়া জীবতীর পূজা করে ও নৈবেদ্যাদি নিজে গ্রহণ করিয়া তৎসঙ্গে প্রদীপটী ঢাকা দিয়া লইয়া যায়। ইহাদের বিশ্বাস যদি কেহ ঐ আলো দেখে, তাহা হইলে পুত্র ও প্রসূতির পীড়া হইয়া থাকে। দ্বাদশ বা ত্রয়োদশদিনে পুত্রের নামকরণ হয়। কুলদেবতার নামানুসারে ইহারা সন্তানাদির নাম রাখে। এইদিনে প্রসূতি শুচি হয়।

বিবাহের পূর্ব্বে পাকা দেখার সময় বরকর্ত্তা কন্যাকে পাণ, সুপারি, নারিকেল, চিনি, কাপড় ও জামা পাঠাইয়া দেন। একটী নারিকেল কন্যার কুলদেবতার সম্মুখে দিতে হয়। কন্যা ঐ কাপড় ও জামা পরিয়া একখানি কম্বলের উপর আসিয়া বসে, এবং বরকর্ত্তা স্বয়ং বধূমাতার কপালে সিন্দূর ও মুখে চিনি দিয়া থাকেন। "ষোষী" বা গণক কর্ত্তৃক বিবাহ দিন ধার্য্য হইলে, ঐ দিনে কন্যাকর্ত্তা বরকে আনিতে একজন লোক ও একটী ষাঁড় পাঠাইয়া দেন। বর আসিয়া পৌঁছিলে, বর ও কন্যা উভয়কেই হরিদ্রা মাখাইয়া স্নান করান হয় এবং যে স্থানে বরকন্যা স্নান করে, তাহার চারিকোণে চারিটী জলপূর্ণ কলসী চতুষ্পার্শ্বে সুতা দিয়া ঘেরা থাকে। একজন অবিবাহিত ব্যক্তি ঐ কলসী হইতে ক্রমান্বয়ে জল লইয়া নবদম্পতির মস্তকে ছিটাইয়া দেয়। স্নানান্তে কন্যা একখানি শাদা কাপড় ও হরিদ্রাবর্ণের জামা পরে। সম্প্রদানের সময় বর একটী ঝুড়ির উপর দাঁড়ায়, এই সময় পুরোহিত তাহাদের মাথার উপর একখানি শাদা কাপড় ঢাকা দিয়া উভয়ের মাথায় ধান দিয়া আশীর্ব্বাদ করেন ও কন্যার গলায় "মঙ্গলসূত্র" বাঁধিয়া দেন। কন্যার "ফলশোভন" (পুষ্পোৎসব) হইলে গর্ভাধানক্রিয়া সম্পন্ন হইয়া থাকে।

গবন্দিরা মৃত্যুর পর শবদেহ দাহ করে। তৃতীয়দিনে দাহ স্থানে যায় এবং মৃতের উদ্দেশে পিণ্ডদান করিয়া জলে ফেলিয়া দেয়।

ইহাদের মধ্যে বিধবাবিবাহ ও বহুবিবাহ চলিত আছে।

ধারবার জেলার গবন্দিরা আপনাদিগকে "সাগরচক্রবর্ত্তী" বলিয়া পরিচয় দেয়। ইহাদের কোন গোত্র বা উপাধি নাই। তবে বদগুস্, দন্নানাবুর, কন্নানাবুর, ত্রিণামধারী, ও পাকুত্রা এই পাঁচটী শ্রেণীবিভাগ আছে। প্রথমোক্ত তিনঘরের মধ্যে দানগ্রহণ প্রচলিত নাই, কেবল শেষোক্ত দুই ঘরে আদান প্রদান চলিত আছে। ইহারা বিজাপুরের গবন্দি অপেক্ষা বেশী অপরিষ্কার ও কদাচার। তাতাচার্য্যই ইহাদের গুরু। ইহাদের মধ্যে কেহ মৃতদেহ পোড়ায়, কেহ বা গোর দেয়। ইহারা পুত্রাদির জন্মে, ঋতুকালে ও মৃত্যুতে যথাক্রমে ১০, ৪ ও ১০ দিন অশৌচ-গ্রহণ করে।

গবয় (পুং) গুঙ্ শব্দে ভাবে অপ্ গবং শব্দভেদং যাতি প্রাপ্নোতি যা ক। যদ্বা গাং তদবয়বসাদৃশ্যেন অয়তে ইতি অয়-অচ্। ১ গলকম্বলশূন্য গোতুল্য পশুবিশেষ।

পর্য্যায়—গবালুক, বনগোঃ, বলভদ্র, মহাগন্ধ। ইহার মাংস কর্কশ ও পুষ্টিকর। (রাজনি°)।

"গ্রামীণস্য প্রথমতঃ পশুতো গবয়াদিকম্।
সাদৃশ্যধীর্গবাদীনাং যা স্যাৎ সা করণং মতম্॥" (ভাষাপরি°)

২ বানরবিশেষ। এই বানর বৈবস্বতমনুর পুত্র। (রামায়ণ)।

গবয়ী (স্ত্রী) গবয়-জাতৌ ঙীষ্। গবয়স্ত্রী, মাদীগবয়। পর্য্যায়—বনধেনু, ভিল্লগবী। (রাজনি°)

গবরাজ (পুং) গবেন শব্দেন রাজতে রাজ-অচ্। বৃষ। (শব্দচ°।)

গবল (পুং) গবং শব্দং লাতি লা-ক। বনমহিষ। (হেম)।

"গবলালিকুলাহিনিভা বিসৃজন্তি পয়ঃ পয়োবাহাঃ।"
(বৃহৎসং ৩২।১৭)

গবল (ক্লী) গব-লা-ক। মহিষশৃঙ্গ। (অমর)।

গবলী (পুং) মহিষ। (রাজনি°)

গবল্গণ (পুং) সঞ্জয়ের পিতা। "সঞ্জয়ো মুনিকল্পস্তু জজ্ঞে সূতো গবল্গণাৎ।" (ভারত° ১।৬৩ অঃ।)

গবাক্ষ (পুং) গবামক্ষীব। (অক্ষোঽদর্শনাৎ। পা ৫।৪।৭৬।) অচ্। নিত্যমবঙ্। যদ্বা গাবঃ সূর্য্যকরা জলানি বা অক্ষুবন্তি ব্যাপ্নুবন্তীতি অনেনেতি। অক্ষ-ঘঞ্। ১ বাতায়ন, জানালা। পর্য্যায়—বধূদৃগয়ন, জাল, জালক।

"বিলোলনেত্রভ্রমরৈর্গবাক্ষাঃ।" (কুমার)

২ বানরবিশেষ। বৈবস্বতমনুর পুত্র। রামরাবণযুদ্ধে এই বানরটী রামের একজন সেনাপতি পদে নিযুক্ত ছিল।

গবাক্ষী (পুং) গাং ভূমিং অক্ষোতি অক্ষ-অণ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ গোড়ুম্বা, গোমুক্ বা গুমুক্। ২ ইন্দ্রবারুণী, রাখালশশা। পর্য্যায়—ঐন্দ্রী, ইন্দ্রবারুণী, চিত্রা, গবাক্ষী, গজচির্ভটা, মৃগেব্বারু, পিটঙ্কোটী, বিশালা, মৃগাদনী। (রত্নমালা) ৩ শাখোট, শেওড়া। (রাজনি°)। ৪ অপরাজিতা।

"গবাক্ষ্যশ্বখুরী শ্বেতাশ্বেতভণ্ডাপরাজিতা।" (রত্নমালা)

গবাচী (স্ত্রী) গবি ভূমৌ অঞ্চতীতি। অন্চ্-ক্বিপ্-ঙীপ্। (অবঙস্ফোটায়নস্য। পা ৬।১।১২৩) ইতি অবঙ্। মৎস্যবিশেষ। পাঁকাল মাছ। ইহা অজীর্ণকারক, গুরু, শ্লেষ্মার প্রকোপকর। (রাজবল্লভ)। (গবাটী পাঠান্তর)।

গবাদন (ক্লী) গোভিরদ্যতে অদ-কর্ম্মণি ল্যুট্ অবঙ্। ঘাস।

গবাদনী (স্ত্রী) গবাদন গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ ইন্দ্রবারুণী। ২ নীল অপরাজিতা। (রাজনি°) আধারে ল্যুট্ ঙীপ্। ৩ গোগণের ভক্ষণের আধার পাত্র, ডাবা।

গবাদি (পুং) পাণিনীয় একটী গণ। গো, হবিস্, অক্ষর, বিষ, বর্হিস্, অষ্টকা, সখদা, যুগ, মেধা, স্রুচ, কূপ, খদ, দর, খর, অসুর, অধ্বন্, বেদ, বীজ, দীপ্ত এই কয়টী গবাদি।

গবাধিকা (স্ত্রী) গবাকিরণেন অধিকায়তি কৈ-ক টাপ্। লাক্ষা। (ত্রিকাণ্ড)

গবানৃত (ক্লী) গবি গোবিষয়ে অনৃতম্। গোবিষয়ে মিথ্যা কথন। "গবানৃতে পঞ্চশতং সহস্রং পুরুষানৃতে।" (স্মৃতি)

গবান্ মাহ্মুদ বা মাহ্মুদ গবান্, দক্ষিণাপথের বাহ্মণী রাজগণের একজন প্রধান মন্ত্রী। ১৪৬১ খৃষ্টাব্দে ৩রা সেপ্টেম্বর রাজা হুমাউনের মৃত্যু হইলে তৎপুত্র অষ্টম বর্ষীয় নিজামশাহ রাজপদে অভিষিক্ত হন। তাঁহার মাতা বিশ্বস্ত ও বিচক্ষণ মাহ্মুদ গবান্‌কে মন্ত্রিত্বে নিযুক্ত করেন। ১৪৬৩ খৃষ্টাব্দে নিজামশাহের মৃত্যু হইলে তাঁহার ভ্রাতা মহম্মদ রাজা হন। তিনিও মাহ্মুদ গবানকে মন্ত্রী করেন। ১৪৮১ খৃষ্টাব্দে নিজাম উল্‌মুল্‌ক ভৈরি নামক এক ব্যক্তি চক্রান্ত করিয়া মাহ্মুদ গবানকে বিশ্বাসঘাতক বলিয়া রাজার নিকট প্রতিপন্ন করেন। রাজাও সে কথায় বিশ্বাস করিয়া গবানের প্রাণ-বধের আজ্ঞা দেন। গবানের মৃত্যু হইতেই বাহ্মণী রাজ্যের অধঃপতন আরম্ভ হয়।

গবাময়ন (ক্লী) দশমাস বা দ্বাদশমাস সাধ্য যজ্ঞবিশেষ। তাণ্ড্যব্রাহ্মণের চতুর্থ ও পঞ্চম অধ্যায়ে ইহার বিষয় এইরূপ লিখিত আছে—পূর্ব্বকালে কতকগুলি বন্য পশু মিলিত হইয়া সংবৎসর পর্য্যন্ত একটী যজ্ঞের অনুষ্ঠান করে। তাহার পরে অপর অপরেও এই যজ্ঞের অনুষ্ঠান করে বলিয়া ইহার নাম গবাময়ন হইয়াছে। বন্য পশুর সাধারণ নাম গো। যাহারা যজ্ঞ করিতে আরম্ভ করিয়াছিল, দশমাস পর্য্যন্ত যজ্ঞের অনুষ্ঠান হইলে তাহাদের মধ্যে কতকগুলি গোরুর শৃঙ্গ উঠিল। তাহারা পরস্পর বলিতে আরম্ভ করিল যে, আমরা সকলেই যজ্ঞফলে সমৃদ্ধিশালী হইয়াছি এবং আমাদের শৃঙ্গও উঠিয়াছে। অতএব আর যজ্ঞানুষ্ঠানের আবশ্যক নাই, এখন যজ্ঞের সমাপন করিব। তাহারা দশমাস পর্য্যন্ত যজ্ঞ করিয়া ফললাভ করিয়াছিল বলিয়া এই যজ্ঞটী দশমাস সাধ্য হইয়াছে। (তাণ্ড্যব্রাহ্মণ ৪।১।১।) তাহাদের মধ্যে অপর কতকগুলি পশু যাহারা ফল লাভ করিতে পারে নাই, তাহারা বলিয়াছিল যে, আমরা সংবৎসরের অবশিষ্ট আরও দুই মাস পর্য্যন্ত যজ্ঞের অনুষ্ঠান করিয়া প্রারব্ধ যাগের সমাপন করিব। সংবৎসর যজ্ঞের অনুষ্ঠান করিলে তাহাদের শৃঙ্গ উঠিয়াছিল। কাহারও মতে তাহারা শৃঙ্গ উঠিলে পরেও অশ্রদ্ধায় যজ্ঞ করিয়াছিল বলিয়া তাহাদের শৃঙ্গ পুনর্ব্বার পতিত হইয়াছিল। যজ্ঞফলে ইহারা সকল ঋতুসুলভ আহারীয় দ্রব্য প্রাপ্ত হইল। বোধ হয়, এই সময় হইতেই ইহাদের ঘাস খাইবার ব্যবস্থা হইয়াছে। এই কারণে শৃঙ্গহীন পশুগণ সকল ঋতুতেই হৃষ্টপুষ্ট হইয়া বিচরণ করে। কিন্তু শৃঙ্গযুক্ত মহিষ প্রভৃতি পশুসমূহ শীত ও রৌদ্রের উত্তাপে কৃশ হইয়া যায়। (তাণ্ড্যব্রাং ৪।১।২) ইহারা দ্বাদশ মাস অনুষ্ঠান করিয়া ফললাভ করে সেই কারণে এই যজ্ঞটী দ্বাদশ মাসসাধ্যও হইয়াছে। ভাষ্যকারের মতে—জ্যোতিষ্টোম ও দশপূর্ণমাসাদি যজ্ঞের বিধান স্থলে কোনরূপ ফলের উল্লেখ না থাকিলেও যেরূপ স্বর্গলাভই তাহার ফল। সেই প্রকার এই স্থলে কোন ফলের উল্লেখ নাই বলিয়া ইহার ফল স্বর্গপ্রাপ্তি হইতে পারে। কিন্তু ইহার পরে সমৃদ্ধিপ্রাপ্তির কথা আছে বলিয়া এই যজ্ঞের ফল সমৃদ্ধিপ্রাপ্তি, স্বর্গলাভ নহে। তৈত্তিরীয়ক ব্রাহ্মণে এই যাগের ফল সমৃদ্ধিলাভ স্পষ্টাক্ষরেই লিখিত আছে।

চৈত্রমাসীয় শুক্লপক্ষের একাদশী তিথিতে এই যজ্ঞে দীক্ষিত হইতে হয়। চৈত্রমাস সংবৎসরের চক্ষুর ন্যায় সর্ব্বপ্রথমাবয়ব, এই কারণে তাহাতেই যজ্ঞদীক্ষার বিধান করা হইয়াছে। যজ্ঞমাত্রেই বারটী দীক্ষা আছে, যদি শুক্লপক্ষীয় একাদশীতে প্রথম দীক্ষা হয়, তবে কৃষ্ণপক্ষীয় সপ্তমী পর্য্যন্ত দ্বাদশরাত্রিতে দ্বাদশটী দীক্ষা সমাপ্ত হয়, কৃষ্ণপক্ষীয় অষ্টমীকে একাষ্টকা বলে, তাহাতে রাজক্রয় হইতে পারে। এই দিন প্রাতে প্রায়ণীয় প্রভৃতি যজ্ঞাবয়বের অনুষ্ঠান করিতে হয়। ইহা ছাড়া আরও ফল আছে। শুক্লপক্ষীয় একাদশীতে দীক্ষা হইলে সোমযাগটী পূর্ব্বপক্ষেই সমাপ্ত হইয়া যায় এবং সকল যজ্ঞেই দীক্ষার পরে অনুষ্ঠেয় দ্বাদশটী উপসদ থাকে, এরূপস্থলে দ্বাদশ দীক্ষার পর কৃষ্ণপক্ষীয় অষ্টমী হইতে শুক্লপক্ষের চতুর্থী পর্য্যন্ত দ্বাদশ দিনে দ্বাদশটী উপসদ শেষ হয় এবং শুক্লপক্ষীয় পঞ্চমীতে প্রথম অতিরাত্রের অনুষ্ঠান করা যাইতে পারে। এইরূপ ত্রিশ দিনে পূর্ব্বপক্ষেই মাস সমাপ্ত হয়। যথাবিধানে দ্বাদশ মাস পর্য্যন্ত যাগ করিয়া কৃষ্ণপক্ষেই সমাপন করিয়া যজ্ঞ হইতে উঠিবে, ইহার পরেই যজমানের পশু ও ধান্যাদি বৃদ্ধি এবং যজমানের বাক্য ও কল্যাণজনক হয়। এই যজ্ঞফলে অল্পকাল মধ্যেই যজ্ঞকারী বিপুল সমৃদ্ধিশালী হইয়া উঠেন। (তাণ্ড্যব্রাং ৫।৯।১৪।) ইহার অপর অপর বিধান তাণ্ড্যব্রাহ্মণের ৫ম অধ্যায়ে দ্রষ্টব্য।

গবামৃত (ক্লী) গোরমৃতমিব অবঙাদেশঃ। গোদুগ্ধ। "অতিথিঃ সর্ব্বভূতানামগ্নিঃ সোমো গবামৃতম্।"

(ভারত ৩।৩১২ অঃ।)

গবাম্পতি (পুং) গবাং পতিঃ অলুক্‌সমাসঃ। ১ বৃষভ। "সিংহেনেব গবাংপতিম্।" (ভারত ৩।১৬ অঃ।) ২ গোপালক। "তথা দৃষ্ট্বা যবীয়াংসং সহদেবং গবাংপতিম্।" (ভারত ৪।১৯) ৩ গোস্বামী। ৪ রুদ্র। ৫ কিরণপতি, সূর্য্য ও অগ্নি প্রভৃতি। "প্রশান্তোঽগ্নির্মহাভাগ পরিশ্রান্তো গবাংপতিঃ।"

(ভারত ৪।২২০ অঃ)

গবার (পারসী) ১ যাহারা মুসলমান নহে, সাধারণতঃ অগ্নি-উপাসক পারসিক জাতি। ২ পূর্ব্বে কাবুল অঞ্চলে গবার নামে একজাতি ছিল। বাবরের সময় তাহাদের ভাষাকে 'গবরি' বলিত। এই জাতি এখন আর দেখা যায় না।

গবালুক (পুং) গবায় শব্দায় অলতি অল-বাহুলকাৎ উকঞ্। গবয়। (ত্রিকাণ্ড°)।

গবাবিক (ক্লী) গোশ্চ অবিশ্চ (গবাশ্বপ্রভৃতীনি চ। পা ২।৪।১১) দ্বয়োঃ সমাহারঃ, অবঙাদেশঃ কশ্চ। গোমেষের সমাহার।

গবাশন (পুং) গামশ্নাতি অশ্ ভোজনে ল্যু। গোভক্ষক, মুচি, চামার।

"মাতাপ্যেকা পিতাপ্যেকো মম তস্য চ পক্ষিণঃ।
অহং মুনিভিরানীতঃ সচানীতো গবাশনৈঃ॥" (উদ্ভট।)

গবাশির্ (ত্রি) গোভিঃ ক্ষীরৈঃ উদকৈর্বা আশির মিশ্রিতঃ। ক্ষীরমিশ্রিত, বা উদকমিশ্রিত।

"ইমে বাং মিত্রাবরুণা গবাশিরঃ সোমাঃ শুক্রা গবাশিরঃ।"
(ঋগ্বেদ ১।১৩৭।১)

গবাশ্ব (ক্লী) গৌশ্চ অশ্বশ্চ তয়োঃ সমাহারঃ অবঙাদেশঃ। গো অশ্বের সমাহার বা একত্র মিলন।

গবাশ্বাদি (ক্লী) পাণিনীয় গণপাঠোক্ত সমাহারদ্বন্দ্ব নিমিত্তক শব্দসমূহ। যথা—গবাশ্ব, গবাবিক, গবৈড়ক, অজাবিক, অজৈড়ক, কুব্জবামন, কুব্জকিরাত, পুত্রপৌত্র, শ্বচণ্ডাল, স্ত্রীকুমার, দাসীমাণবক, শাটীপটীর, শাটীপ্রচ্ছদ, শাটীপট্টি, উষ্ট্রখর, উষ্ট্রশশ, মূত্রপুরীশ, যকৃন্মেদঃ, মাংসশোণিত, দর্ভশর, দর্ভপূতীক, অর্জ্জুনশিরীষ, অর্জ্জুনপুরুষ, তৃণোলপ, দাসীদাস, কুটীকুট, ভাগবতীভাগবত। (গবাশ্বাদীনি যথোচ্চারিতানি সাধূনি। সিদ্ধান্ত কৌমুদী)।

গবাষিকা (স্ত্রী) লাক্ষা। (রত্নমালা)

গবাহ্নিক (ক্লী) অহ্নি ভবং দিনভোজনায় পর্য্যাপ্তং অহন্ ঠক্ আহ্নিকম্, গোঃ আহ্নিকম্ ৬তৎ। গোরুর একদিন ভক্ষণের নিমিত্ত পর্য্যাপ্ত ঘাসাদি।

"গবাহ্নিকং দৈবপূজা বেদাভ্যাসঃ সরিৎপ্লবঃ।
নাশয়ন্ত্যাশু পাপানি মহাপাতকজান্যপি॥" (আহ্নিকতত্ত্বে যম)
'গবাহ্নিকং গোর্দিনভক্ষ্যম্।' (রঘুনন্দন।)

যে ব্যক্তি পাপাসক্তি পরিহারপূর্ব্বক একমাস গবাহ্নিক প্রদান এবং একভক্ত ব্রত করে, মহাভারতের মতে তাহার ধর্ম্ম দিন দিন বাড়িতে থাকে। (ভারত ১৩।১৩২ অঃ।)

গবিজাত (পুং) গবি গোনামিকায়াং পুলস্ত্যভার্য্যায়াং বা জাতঃ অলুক্ সমাসঃ। ১ ঋষিবিশেষ। তিনি নহুষের নিমিত্ত গোরুকে চ্যবনের মূল্যরূপে কল্পনা করিয়াছিলেন।

"তত্র ত্বন্যোবনচরঃ কশ্চিন্মূলফলাশনঃ।
নহুষস্য সমীপস্থো গবিজাতোঽভবন্ মুনিঃ॥"
(ভারত ১৩।৫১ অঃ)

২ বৈশ্রবণ, ইনিও পুলস্ত্যের গোনাম্নীভার্য্যাতে উৎপন্ন।

"পুলস্ত্যো নাম তস্যাসীদ্ মানসোদয়িতঃ সুতঃ।"
'গবি গোসংজ্ঞায়াং ভার্য্যায়াং।' (ভারতে নীলকণ্ঠ ৩।২৭ অঃ)

গবিনী (স্ত্রী) গবাং সমূহঃ খলাদি ইনি-ঙীপ্। গোসমূহ।

গবিপুত্র (পুং) বৈশ্রবণ। ইনি পুলস্ত্যের গোনাম্নী ভার্য্যার গর্ভজাত। (ভারত ৩।২৭ অঃ)

গবিষ্ (ত্রি) গাং স্তুতিবাচমিচ্ছতি ইষ্-ক্বিপ্। স্তোত্রাদি বাক্যেচ্ছাবিশিষ্ট।

"সুন্বন্তি সোমং রথিরাসো অদ্রয়ো নিরস্য রসং গবিষো দুহন্তি তে।" (ঋক্ ১০।৭৬।৭) 'গবিষঃ স্তুতিবাচমিচ্ছন্তঃ সন্তঃ।'(সায়ণ)

গবিষ (ত্রি) গামিচ্ছতি। ইষ-ক। গাভীর প্রতি ইচ্ছাবিশিষ্ট।

"ঊর্দ্ধং ভানুং সবিতাদেবো অশ্রেদ্ দ্রপ্সং দবিধ্বদ্গবিষে ন সত্বা।"
(ঋক্ ৪।১৩।২)

'গবিষো গাইচ্ছন্ সত্বা ন বৃষভ ইব তদ্বৎ।' (সায়ণ)

গবিষ্টি (ত্রি) ইষ-ক্তিন্। গবামিষ্টি রন্বেষোঽস্তি অস্য। গোরুর অন্বেষণকর্ত্তা।

"আ পবস্ব গবিষ্টয়ে মহে সোম নৃচক্ষসে।" (ঋক্ ৯।৬৬।১৫)
'গবিষ্টয়ে গবামন্বেষ্ট্রে।' (সায়ণ)

গবিষ্ঠ (ত্রি) গবি স্বর্গে ভূমৌ বা তিষ্ঠতি স্থা-ক, অলুক্স°। ১ স্বর্গস্থিত। ২ ভূমিস্থিত।

"সায়ং ভেজে দিশং পশ্চাদ্ গবিষ্ঠো গাং গতস্তদা।"
(ভাগবত ১।৩৩।৩৬)

'তদা চ গবিষ্ঠঃ স্বর্গস্থঃ সূর্য্যঃ গামুদকং গতঃ। যদ্বা সায়ংকালে জাতে রথাদবতীর্য্য গবিষ্ঠঃ ভূমৌ স্থিতঃ।' (শ্রীধর)

(পুং) ৩ দৈত্যবিশেষ।

"গবিষ্ঠশ্চ বনায়ুশ্চ দীর্ঘজিহ্বশ্চ দানবঃ।" (ভারত ১।৬৫ অঃ)

গবিষ্ঠির (পুং) গবিবাচি স্থিরঃ যত্বং অলুক্ সমাসঃ। ১ গোত্র-প্রবর্ত্তক ঋষিবিশেষ।

"গবিষ্ঠিরাণামাত্রেয় গাবিষ্ঠিরপৌতিমাস্যেতি।"
(আশ্ব° শ্রৌতসূ° ১২।১৪।১)

"গবিষ্ঠিরো নমসা স্তোমমগ্নৌ।" (ঋক্ ৫।১।১২)

গবী (স্ত্রী) গো-ঙীপ্। গাভি।

গবীধুকা (স্ত্রী) গবেধুকা পৃষোদরাদিত্বাৎ, সাধুঃ। ধান্যবিশেষ গড়গড়ে ধান। "জর্ত্তিলাশ্চ গবীধুকাশ্চ।"
(তৈত্তিরীয়সং ৫।৪।৩।২)

গবীশ (পুং) গবামীশঃ। গোস্বামী।

গবীশ্বর (পুং) গবামীশ্বরঃ ৬তৎ বিকল্প পক্ষে ন অবঙাদেশঃ। গোস্বামী। পর্য্যায়—গোমান্, গোমী। (অমর)

গবেঙ্গিত (ক্লী) গবামিঙ্গিতম্ অবঙাদেশঃ বা। গোগণের শুভাশুভসূচক চেষ্টাবিশেষ। বৃহৎসংহিতায় লিখিত আছে যে, গোগণ দীনভাবাপন্ন হইলে রাজগণের অমঙ্গল, এবং পাদ দ্বারা ভূমি কুট্টন করিলে রোগ হয়, তাহাদের চক্ষু অশ্রুপূর্ণ হইলে স্বামীর মৃত্যু হয়, ভীত হইয়া শব্দ করিলে তস্করগণের মৃত্যু হয়। যদি অকারণে ঐরূপ শব্দ করে, তবে অনর্থ ঘটে, আর রাত্রিতে অকারণে ঐরূপ শব্দ করিলে মঙ্গল হয়। যদি মক্ষিকা দ্বারা ব্যাপ্ত অথবা কুক্কুরগণ দ্বারা বেষ্টিত হয়, তবে শীঘ্রই বৃষ্টি হইবে। গৃহে আসিতে আসিতে হম্বা রব করিলে গোষ্ঠবৃদ্ধি, এবং আর্দ্রদেহ, হৃষ্ট অথবা রোমাঞ্চিত হইলে গোসকল মঙ্গল প্রদান করে। (বৃহৎস° ৯২ অঃ)

গবেড়ু (স্ত্রী) গবে দীয়তে দা-মৃগয়াদিত্বাৎ কু পৃষোদরাৎ দস্য ডঃ, অলুক্‌সমাসঃ। ধান্যভেদ, গড়গড়ে।

গবেড়ুকা (স্ত্রী) গবেড়ু-কন্ টাপ্। গবেধু, গড়গড়ে।

গবেধু (স্ত্রী) গবে ধীয়তে, ধা-কু অলুক্‌সমাসঃ। ধান্যবিশেষ, গড়গড়ে।

"গবেধুকা তু বিদ্বদ্ভির্গবেধুঃ কথিতা স্ত্রিয়াম্।
গবেধুঃ কটুকা স্বাদ্বী কার্শ্যকৃৎ কফনাশিনী ॥" (ভাবপ্রকাশ)

গবেধুক (পুং) গবেধু-কন্। ১ দর্ব্বীকরজাতীয় সর্পবিশেষ। (ক্লী) গবেধু-সংজ্ঞায়াং কন্। ২ গৈরিক, গিরিমাটি। (রাজনি°) ৩ তৃণধান্যবিশেষ, গড়গড়ে। (বাভট, সূত্র° ৬ অঃ)

গবেধুকা (স্ত্রী) গবেধু-কন্ টাপ্। তৃণধান্যবিশেষ, গড়গড়ে।

"শ্যামাকস্থথ নীবারা জর্ত্তিলাঃ সগবেধুকাঃ।" (বিষ্ণুপু° ১।৬।২৫)

পর্য্যায়—গরেডু, গবেধু, গবেড়কা, ক্ষুদ্রা, গোজিহ্বা, গুন্দ্রা, গুল্ম, নাগবলা, গাঙ্গেরুকী, ঝষা, হ্রস্বগবেধুকা, খরবল্লরিকা, বিশ্ববেদা, গোরক্ষতণ্ডুলী।

গবেধূ (স্ত্রী) গবেধুকা। (ভাবপ্রকাশ)

গবেন্দ্র (পুং) গোরিন্দ্র ইব নিত্য-অবঙ্। শ্রেষ্ঠ গোরু।

গবেরুক (ক্লী) গাং ভূমিং ঈর্ত্তে উৎপত্তয়ে প্রাপ্নোতি ঈর্ উকঞ্, অবঙাদেশঃ। গৈরিক, গিরিমাটি। (ত্রিকাণ্ড)

গবেলগড়, বেরার অঞ্চলের একটী গ্রাম। ১৮০৩ খৃষ্টাব্দে নিকটস্থ আরগাম্ নগরে ইংরাজসেনাপতি জেনারেল ওয়েলেসলির সহিত যুদ্ধে নাগপুরের রাজা ভোঁসলের সেনাপতি ভেন্‌কোজি পরাজিত হন, তাহাতে ইংরাজসেনাপতি ষ্টিভেনসন গবেলগড় দখল করিয়া লন।

গবেশ (পুং) গবামীশঃ, অবঙাদেশঃ। ১ গোস্বামী, গোরক্ষক।

গবেশকা (স্ত্রী) গবেশ সংজ্ঞায়াং কন্ টাপ্। বৃক্ষবিশেষ, গোরক্ষচাকুলে। (শব্দচ) কেহ বলেন এই শব্দটী স্ত্রীলিঙ্গেই ব্যবহৃত হয়। গবেশকী।

গবেষ (ত্রি) গবেষ অন্বেষণে অচ্। অন্বেষণ।

গবেষণ (ত্রি) ইষ কর্ত্তরি ল্যু, গোরেষণঃ, ৬তৎ। ১ গোরুর অন্বেষণকর্ত্তা। ২ জলান্বেষণকারী। গবেষ-ল্যু। ৩ অন্বেষণকর্ত্তা।

"অন্বিন্দ্রো গবেষণো বন্ধুক্ষিদ্‌ভ্যো গবেষণঃ।" (ঋক্ ১।১৩২।৩।)

'গবেষণ উদকান্বেষণশীলঃ।' (সায়ণ)

'যজমানেভ্যো গবেষণঃ প্রসিদ্ধানামন্বেষণকর্ত্তা। ইষেবাহুলকাৎ ল্যু। যদ্বা গবেষমার্গণে পূর্ব্ববল্ল্যুট্। যজমানফলস্য মৃগয়িত্যের্থঃ।' (সায়ণ)

(পুং) ৪ চিত্রকের একপুত্র। (হরিবংশ ৩৫ অঃ।)

গবেষণা (স্ত্রী) গবেষ-ভাবে যুচ্ টাপ্। ১ অন্বেষণ। (অমর) গোরুদকস্য এষণা। ২ গোরুর অথবা জলের অন্বেষণ।

গবেষণীয় (ত্রি) গবেষ-অনীয়র্। অন্বেষণযোগ্য।

গবেষিত (ত্রি) গবেষ-ক্ত। অন্বেষিত। (অমর)

গবেষিন্ (ত্রি) গবেষ-ণিনি। অন্বেষণকর্ত্তা।

"তত্র সর্ব্বে গমিষ্যামো ভীমার্জ্জুনগবেষিণঃ।" (ভার° ৩।১৪২অঃ)

গবেষ্ঠিন্ (পুং) দৈত্যবিশেষ। "শঙ্কুকর্ণো বিরোধশ্চ গবেষ্ঠী দুন্দুভিস্তথা।" (হরিবংশ ৩ অঃ)

গবৈড়ক (ক্লী) গৌশ্চ এড়কশ্চ। গো এবং মেষ।

গবোদ্‌ঘ (পুং) প্রশস্তো গৌঃ। প্রশস্ত গোরু।

গব্য (ত্রি) গোরিদং গোর্বিকারো বা যৎ। (গোপয়সোর্যৎ। পা ৪।৩।১৬০) (বান্তো যি প্রত্যয়ে। পা ৬।১।৭৯) ইতি অব্। ১ গোসম্বন্ধীয় দুগ্ধঘৃতাদি। (অমর)

"সংবৎসরন্তু গব্যেন পয়সা পয়সেন চ।" (মনু ৩।৭১)

২ গোরুর হিতকর। (মেদিনী)।

(ক্লী) গবি বাণে সাধুঃ গো-যৎ। ৩ জ্যা, ধনুকের ছিলা। ৪ রাগ দ্রব্য। (মেদিনী)

গব্যয়ী (স্ত্রী) গোরিদং বাহুলকাৎ অয়ট্ যুড়াগমশ্চ। যাদৌ অব্ ঙীপ্। ত্বক্ প্রভৃতি।

"গব্যয়ী ত্বগ্‌ভবতি।" (ঋক্ ৯।৭০।৭) 'গব্যয়ী গোময়ী।' (সায়ণ)

গব্যয়ু (ত্রি) গামিচ্ছতি গো-ক্যচ্ উণ্ যাদৌ বেদে দীর্ঘ যলোপাভাবৌ। যে গোরু গ্রহণে ইচ্ছাবান্।

"আদিবস্পৃষ্ট মশ্বযুর্গব্যয়ুঃ।" (ঋক্ ৯।৩৬।৬)

'গব্যয়ুর্গামিচ্ছন্।' (সায়ণ)

গব্যা (স্ত্রী) গবাং সমূহঃ (খলগোরথাৎ। পা ৪।২।৫০) ইতি যৎ। (বান্তো যি প্রত্যয়ে। পা ৬।১।৭৯।) ইতি অব্ টাপ্। ১ গোসমূহ। পর্য্যায়—গোত্রা। (অমর) ২ জ্যা, ধনুকের ছিলা। ৩ গব্যুতি, দুইক্রোশ। (হেম°) ৪ গোরচনা। (রাজনি°)

গব্যু (ত্রি) গামিচ্ছতি ইষ-ক্যচ্ উণ্ (বান্তোষিপ্রত্যয়ে। পা ৬।১।৭৯)। দীর্ঘ যলোপাভাবৌ অব্। যে গো গ্রহণে ইচ্ছাবান্।

"অশ্বয়ুর্গব্যুরথযুর্বসূয়ুরিন্দ্র ইন্দ্রায় ক্ষয়তি প্রয়ন্তা।" (ঋক্ ১।৫১।১৪)

গব্যূত (ক্লী) গব্যূতিঃ পৃষোদরাদিত্বাৎ অদন্তাদেশঃ। ১ এক ক্রোশ। ২ দুইক্রোশ। (হেমচ°।)

গব্যূতি (স্ত্রী) গোর্যুতিঃ (গোর্যুতৌ ছন্দস্যুপসংখ্যানম্। পা ৬।১।৭৯। ইত্যস্য 'অধ্বপরিমাণে চ' ইতি বার্ত্তিকাং' অব্। দুই হাজার ধনু। (শব্দার্ণব।) দুই ক্রোশ। পর্য্যায়—ক্রোশযুগ, গব্যূত, গোরুত, গোতম, বাচস্পতি, গব্যা।

গস্‌গস্ (দেশজ) গরম।

গস্তা (দেশজ) বেড়াইয়া পণ্যসংগ্রহ।

গস্তানী (দেশজ) যে স্ত্রী স্বেচ্ছানুসারে পরপুরুষের সঙ্গ করে।

"কুটিনী গস্তানী বড় যে মস্তানী,
উভে উভে দিব শূলে।" (বিদ্যাসুন্দর।)

গহগহ (দেশজ) নিবিড়রূপে প্রকাশ, ভিড়।

গহড়বার, (গহরবার বা গহর্বার)—উত্তরপশ্চিমবাসী রাজপুত জাতির একটী শাখা। ডেরা মঙ্গলপুর, বিঠুর, জাজমৌ, কনোজ, বিলহৌর, ইস্‌লামগঞ্জ, বুন্দেলখণ্ড, গোরখপুর, কটিহর, বারাণসীর হজুর তহসীল, গাজিপুরের পছোতর ও মহাইচ, খয়রাগড়, কান্তিৎ প্রভৃতি স্থানে এই জাতির বাস অধিক।

এই জাতির উৎপত্তি সম্বন্ধে বংশগত কোন ইতিহাস নাই, তবে বর্ত্তমান গহড়বারেরা আপনাদিগকে কনোজের পূর্ব্বতন রাজবংশীয় বলিয়া পরিচয় দেয়। রাজপুত ইতিহাসেও ইহারা ৩৬টী রাজবংশের অন্তর্ভুক্ত। কাহারও মতে এই গহড়বার হইতেই বর্ত্তমান রাঠৌরবংশের সৃষ্টি। কেবল বিল্‌হৌর ও গোরক্ষপুরের গহড়বার ব্যতীত অপর কেহ রাঠৌর বংশে দান গ্রহণ করে না। [রাঠৌর ও রাষ্ট্রকূট দেখ]

হদি কতুল্ অকালীম্ নামক পারস্য গ্রন্থে লিখিত আছে, যে ইহারা (খৃষ্টীয় ১১১৫ অব্দে) বারাণসী হইতে কান্তিতে আসিয়া বাস করে। অপর কোন ঐতিহাসিকের মতে রাঠৌরবংশীয় জয়চাঁদের ভ্রাতুষ্পুত্র গড়ন দেব দ্বাদশ শতাব্দীর শেষভাগে কাশ্মীর হইতে আসিয়া ভরপত্তাদিগকে গঙ্গার উপকূল হইতে তাড়াইয়া দেন এবং আপনার বংশকে গহর্বার নামে আখ্যাত করিয়া কান্তিতে রাজ্য স্থাপন করেন। সাধারণতঃ কাশীধামই গহড়বারদিগের আদিবাসস্থান বলিয়া নিরূপিত। উপরোক্ত দুইজন লেখকের মতানুসারে গহড়বারদিগের স্বদেশ পরিত্যাগ ও কান্তিতে আসিয়া বাস প্রায় এক সময়েই ঘটিয়াছিল। সুতরাং নিম্নলিখিত কাশ্মীর শব্দটী সম্ভবতঃ ভ্রমক্রমে কাশীর পরিবর্ত্তে বসিয়া থাকিবে। গোরক্ষপুর অঞ্চলে এই জাতির উৎপত্তি সম্বন্ধে আরও দুইটী বিভিন্ন প্রবাদ প্রচলিত আছে। ১ম, গহড়বারেরা নলরাজের বংশসম্ভূত। গোয়ালিয়রের নিকটবর্ত্তী নরবার নামক স্থান হইতে কাশীধামে আসিয়া বাস করে। ২য়, কাশীরাজ বলদেব মগধরাজ কর্ত্তৃক তাড়িত হইলে স্বরাজ্যপরিত্যাগপূর্ব্বক কাশ্মীররাজ ত্রিপুরের অধীনে কর্ম্ম গ্রহণ করেন। পরে স্বীয় প্রভুর বিরুদ্ধে ষড়যন্ত্র করিয়া কাশ্মীর-রাজ্যের অধীশ্বর হয়েন। তাঁহার বংশধরেরা ১২১ পুরুষ রাজত্ব করিলে ইরান্, তুর্কস্থান ও রোমদেশাধিপতি কাশ্মীর আক্রমণ করে। তথা হইতে যবন কর্ত্তৃক তাড়িত হইয়া বলদেবের বংশধরগণ কনোজে পলাইয়া আসেন এবং এইখানে জয়চাঁদ পর্য্যন্ত ৫০ পুরুষ রাজত্ব করেন। রাজা বলদেবের তৃতীয় পুত্র রাজা বনার গহড়বার সামন্তদিগের আদিপুরুষ। (কাহারও মতে এই বনার হইতেই কাশীর 'বনারস্' নাম হয়।)

বস্তুতঃ কনোজের রাঠৌররাজ জয়চন্দ্র হইতে ঊর্দ্ধতন পঞ্চম পুরুষে রাজা চন্দ্রদেব ও মহীপাল প্রভৃতি কনোজরাজগণ গহড়বারবংশীয় ছিলেন, তাহা ১১৬১ সম্বতে প্রদত্ত বসাহী হইতে প্রাপ্ত শাসনলিপি পাঠে জানা যায়। [কনোজ দেখ।]

চন্দ্রদেবের পিতা মহীপাল বঙ্গ, বেহার ও কাশীর অধিপতি, কিন্তু বৌদ্ধমতাবলম্বী ছিলেন। শিলালিপি পাঠে জানা যায় যে তাঁহার রাজত্বকালে কলচুরি রাজগণের হস্তে কনোজের আধিপত্য ছিল। মহীপালের কনিষ্ঠ পুত্র চন্দ্রদেব কলচুরিরাজ কর্ণের নিকট হইতে বন্ধুতার চিহ্নস্বরূপ কনোজ প্রাপ্ত হইয়াছিলেন। হিন্দুধর্ম্মের উপর চন্দ্রদেবের বড়ই আস্থা ছিল। বিহার ও কাশীর পালবংশীয় বৌদ্ধরাজগণ তাঁহার আত্মীয় হইলেও তিনি তাহাদের সংস্রব এককালে পরিত্যাগ করেন। এমন কি তিনি তাঁহার বংশগত 'পাল' উপাধি ত্যাগ করিয়া 'চন্দ্র' উপাধি গ্রহণ করেন। এই চন্দ্রদেবই কনোজের রাঠৌর-রাজবংশের প্রথম রাজা। তাঁহার পর হইতেই বেহার ও কাশীর গহড়বারেরা পাল ও কনোজের রাঠৌরেরা চন্দ্র উপাধি গ্রহণ করেন। এতদ্ভিন্ন বুন্দেলখণ্ডের বুন্দেলা জাতিও এই বংশসম্ভূত।

গহড়বারেরা যে কনোজের রাজা ছিল, সে সম্বন্ধে আরও একটী প্রমাণ পাওয়া যায়। রাজপুতজাতির গৌতম গোত্রীয়েরা বলেন যে, তাঁহারা বাস জন্য কনোজের গহড়বার রাজগণের অনুগ্রহে নিম্ন দোয়াবের অধিকার পান।

হাবিবুর সৈর, তাজলমুয়াসির, তবকৎ ই অকবরী, ফিরিস্তা প্রভৃতি গ্রন্থে লিখিত আছে যে গজনিপতি মাহ্মুদ

কনোজরাজ গোড়কে আক্রমণ করেন। যৎকালে মাহ্মুদ কনোজাভিমুখে আসেন, তখন জয়পাল রাজা ছিলেন। অতএব স্পষ্টই বুঝা যাইতেছে যে মুসলমান ইতিহাসবেত্তারা ভ্রমক্রমে গহড়বার জাতির পরিবর্ত্তে গোড় জাতির উল্লেখ করিয়া থাকিবেন।

১৭৫৮ খৃঃ অব্দে গহড়বার সামন্ত গৌতম ভূমিহারদিগের অত্যাচারে উত্ত্যক্ত ও কাশী হইতে তাড়িত হইলে বৃটীশ অধীনে আশ্রয় গ্রহণ করেন। এক্ষণে তিনি মির্জাপুরের পশ্চিমে বিজয়পুরে গবর্ণমেণ্টের বদান্যতায় রাজসম্মানে বাস করিতেছেন।

গহন (ক্লী) গহ-ল্যুট্, গাহ্-ল্যুট্, ষদ্বা কৃচ্ছ্রগহনয়োরিতি নির্দ্দেশাৎ পৃষোদরাদ্বা হ্রস্বঃ। ১ বন। ২ গহ্বর। ৩ দুঃখ। (ত্রি) ৪ নিবিড়। ৫ দুর্গম। ৬ দুর্ব্বোধ। ৭ দুষ্প্রবেশ। (পুং) ৮ বিষ্ণু পরমেশ্বর।

"করণং কারণং কর্ত্তা বিকর্ত্তা গহনো গুহঃ।" (বিষ্ণুসং)

গহনা (স্ত্রী) অলঙ্কার।

গহরা (দেশজ) গভীর।

গহলোত, রাজপুতজাতির একটী শাখা। বর্ত্তমান সিসোদীয় ও অহেরীয় রাজপুতেরা ইহার ভিন্নতম শাখা। ইহারা আপনাদিগকে সিসোদীয় বলিয়া পরিচয় দিলেও ইহাদের গহলোত আখ্যা দূর হয় নাই। ভৌলি পরগণা, খাঁপুর, নিজামাবাদ, বিলহৌর, বিঠুর, রশূলাবাদ, সৈয়দাবাদ, তিরুয়া, রামীয়া, হাতরাস, শাহপুর, জলেশ্বর এবং বুলন্দসহরে ইহাদের বাস অধিক।

বুলন্দসহরবাসী গহলোতদিগের মধ্যে প্রবাদ এইরূপ যে সম্রাট্ অকবরের চিতোর-আক্রমণের পর রাজা খোমানের রাজত্বকালে ইহারা দসনার নিকটবর্ত্তী দেহড়া ও ধোলনা নামক স্থানে আসিয়া বাস করে। কিন্তু বাস্তবিক তাহা ঠিক নহে, কারণ আইন-ই-অকবরী পাঠে জানা যায় যে সম্রাট্ অকবরের সময় গহলোত বংশীয়েরা দসনার জমিদার ছিলেন। সম্রাট্ আলাউদ্দীন্ খিলজীর চিতোর আক্রমণ অথবা খোমানের রাজত্বকালে মামুনের আক্রমণের পর ইহারা দসনায় আসিয়া বাস করে—ইহাই যুক্তিসিদ্ধ ও সম্ভবপর বলিয়া বোধ হয়। [খোমান দেখ।]

কেহ কেহ বলেন যে, বর্ত্তমান গহলোতদিগের একজন পূর্ব্বপুরুষ গোবিন্দরাও দিল্লীপতি পৃথ্বীরাজের ভগিনীকে বিবাহ করেন এবং তাহার অন্তরঙ্গ মিত্র ও যুদ্ধবিগ্রহে সহকারী ছিলেন। কেহ বা ইহাদের বর্ত্তমান ভীরুতা ও কাপুরুষতা দেখিয়া বলেন যে, গহলা অর্থাৎ ক্রীতদাসীকন্যা হইতে উৎপন্ন বলিয়া ইহাদের গহলোত নাম হইয়াছে। কিন্তু কবি চাঁদ বরদাই তাঁহার পৃথ্বীরাজ রাসো কাব্যে লিখিয়াছেন যে, গোহিলবংশীয় সামন্ত গোবিন্দরাও চৌহানরাজ পৃথুর সহকারী ছিলেন এবং বর্ত্তমানকালে ভীরুতারূপ দোষারোপসত্ত্বেও তিনি এই জাতিকে সৎ ও বীর বলিয়া উল্লেখ করিয়াছেন। সম্ভবতঃ সংস্কৃত গোভিলগোত্র শব্দের অপভ্রংশে গোহিলগোত, তৎপরে হিন্দী অপভ্রংশে গোহিলোত হইয়া থাকিবে। কিন্তু মিবারের সর্ব্বত্রই এই জাতির উৎপত্তিসম্বন্ধে নিম্নলিখিত প্রবাদটী যথার্থ বলিয়া বিশ্বাস করে।—মিবারের রাণার পূর্ব্বপুরুষগণ গুজরাট হইতে তাড়িত হইলে পুষ্পবতী নামে এক রাজমহিষী মলয়পর্ব্বতে ব্রাহ্মণগণের নিকট আশ্রয় গ্রহণ করিবার অনতিকাল পরেই এক পুত্ররত্ন প্রসব করেন এবং পর্ব্বতগুহার মধ্যে জন্মহেতু তিনি পুত্রের নাম গহলোত অর্থাৎ গহ্বরোৎপন্ন রাখিলেন। বর্ত্তমান উদয়পুরের রাণারাই ঐ গহলোতের বংশধর।

গহাদি (ক্লী) ছ প্রত্যয় নিমিত্তক পাণিনীয় গণবিশেষ। (গহাদিভ্যশ্ছঃ। ৪।২।১৩৮।) গহ, অন্তস্থ, সম, বিষম, উত্তম, অঙ্গ, বঙ্গ, মগধ, পূর্ব্বপক্ষ, অপরপক্ষ, অধমশাখ, উত্তমশাখ, একশাখ, সমানশাখ, সমানগ্রাম, একগ্রাম, একবৃক্ষ, একপলাশ, ইষ্বগ্র, ইষ্বনীক, অবস্যন্দন, কামপ্রস্থ, খাড়ায়ন, কাঠেরণি, লাবেরণি, সৌমিত্রি, শৈশিরি, আস্থৎ, দৈবশর্ম্মি, শ্রৌতি, আহিংসি, আমিত্রি, ব্যাড়ি, বৈজি, আধ্যশ্বি, আনৃশংসি, শোঙ্গি, আগ্নিশর্ম্মি, ভৌজি, বারাটকি, বাল্মীকি, ক্ষৈমবৃদ্ধি, আশ্বথি, ঔদগাহমানি, ঐকবিন্দবি, দন্তাগ্র, হংস, তন্ত্বগ্র, উত্তর ও অনন্তর। এই কয়টী গহাদি, ইহা আকৃতিগণ।

গহীর (দেশজ) গভীর।

গহেরা (দেশজ) গভীর।

গহ্ব (ক্লী) গহ-বাহুলকাৎ ভাবে কর্ম্মণি বা বঃ। ১ গাম্ভীর্য্য। ২ গহ্বর। (ত্রি) ৩ গহ্বরযুক্ত।

গহ্বর (ক্লী) গাহতে-গাহ বিলোড়নে (ছিন্ধরচ্ছতরধীবরপীবরমীবরচীবরতীবরনীবরগহ্বরেতি। উণ্ ৩।১।) ইতি ধরচ্ প্রত্যয়ঃ নিপাতিতশ্চ। ১ বিল, গর্ত্ত। ২ গিরিগুহা।

"গৌরীগুরোর্গহ্বরমাবিবেশ।" (রঘু ২।২৬।)

গাহতে আত্মা অনেন। ৩ দন্ত। (অমর) ৪ বন। (মেদিনী) ৫ রোদন। (হেম)। ৬ বিষমস্থান। ৭ অনেকার্থের সম্মিলন। (শব্দার্থচিং)। (পুং) ৮ নিকুঞ্জ, লতাগৃহ। (মেদিনী)।

গহ্বরা (স্ত্রী) গহ্বর-টাপ্। বিড়ঙ্গ।

গহ্বরী (স্ত্রী) গহ্বর, গুহা। (শব্দরং)।

"যা হেষা গহ্বরীমায়ানিদ্রেতি জগতিস্থিতা।" (হরিবংশ)

গহ্বরিত (ত্রি) গহ্বরং জাতমস্য ইতচ্। ১ গুপ্ত, লুক্কায়িত। ২ ক্ষুব্ধ, নিস্তব্ধ।

"যাজ্ঞসেন্যা বচঃ শ্রুত্বা কৃষ্ণো গহ্বরিতোঽভবৎ।" (ভারতসভা°)

গহ্বরেষ্ঠ (ত্রি) গহ্বরে তিষ্ঠতি স্থা-ক। যে গহ্বরে লুক্কায়িত।

গা (স্ত্রী) ১ গাথা। (গাত্রশব্দের অপভ্রংশ) ২ শরীর, দেহ।

"মহাকোপে কম্পমান হয় সর্ব্ব গা।" কবিকঙ্কণ।

গাই (গাভি শব্দের অপভ্রংশ) গবী, মাদি গোরু।

গাইকোবাড়, (গাইকবাড়, গুইকুয়ার,) বরদার রাজবংশের নাম। যিনি রাজা থাকেন, তিনিই এই নামে অভিহিত হন। "সেন খাস্ খেল্ সম্‌সের্ বাহাদুর" নামে ইহাদের অপর একটী উপাধি আছে। তাহার উপর ১৮৭৭ খৃষ্টাব্দে ১লা জানুয়ারি দিল্লির দরবার হইতে "ফরজন্দ-ই-খাস্ দৌলত-ই-ইংলিসিয়া" উপাধি এই বংশের উপর দেওয়া হয়। ইংরাজ গবর্মেণ্ট ২১টী তোপ ছুড়িয়া গাইকোবাড়ের সম্মান করিয়া থাকেন।

দমাজী গাইকোবাড় হইতে এই বংশের উৎপত্তি। দমাজী মহারাষ্ট্ররাজ সাহুর অধীনে কর্ম্ম করিতেন। তাঁহার সেনাপতি খণ্ডেরাও ধাবারাই বালাপুরের যুদ্ধে দমাজীর বীরত্ব দেখিয়া সন্তুষ্ট হন এবং তাঁহার পদোন্নতি করিয়া দিবার জন্য রাজাকে অনুরোধ করেন। তদনুসারে দমাজী দ্বিতীয় সেনাপতির পদ ও সম্‌সের বাহাদুর উপাধি লাভ করিলেন। দমাজীর মৃত্যু হইলে তাঁহার ভ্রাতুষ্পুত্র পিলাজী রাও গাইকোবাড় পদে অভিষিক্ত হয়েন। খণ্ডেরাওর পুত্র ত্র্যম্বকরাও ধাবারাই ও পিলাজী উভয়ে মিলিত হইয়া অন্যান্য মহারাষ্ট্রসামন্তদিগের সহিত পেশবার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। ১৭৩১ খৃষ্টাব্দে বরদা-নগরের নিকট একটী যুদ্ধ হয়। যুদ্ধে ত্র্যম্বকরাও পরাজিত ও নিহত হইলেন। পেশবা তাঁহার শিশু সন্তান যশোবন্ত রাওকে সেনাপতির পদে নিযুক্ত করিয়া পিলাজী গাইকোবাড়কে পূর্ব্বমত মুতালেক বা সহকারী সেনাপতিপদে নিযুক্ত করিয়া 'সেন্ খাস্ খেল্' উপাধি দিলেন ও যশোবন্ত রাওর প্রতি গুজরাটের সমস্ত কার্য্যভার অর্পণ করেন। শর্ত্ত ছিল যে রাজস্বের অর্দ্ধেক অংশ পেশবাকে দিতে হইবে। এই সময় দিল্লির সম্রাট্ ঐ প্রদেশের কতকগুলি রাজ্যের কর পেশবাকে দিতেন। দিল্লির সম্রাট্ তাঁহাকে কর্ম্মচ্যুত করিয়া যোধপুররাজ অভয়সিংহকে তৎপদে নিযুক্ত করেন। এই ব্যাপার লইয়া পিলাজী গাইকোবাড় সম্রাটের বিপক্ষে অস্ত্রধারণ করেন ও তাঁহার সেনাদিগকে যুদ্ধে পরাস্ত করিয়া অনেক স্থান অধিকার করিয়া লন। অভয়সিংহ দেখিলেন যে পিলাজী সাধারণের প্রিয়পাত্র, তাঁহাকে যুদ্ধে পরাস্ত করা সহজ হইবে না। এই বিবেচনা করিয়া ১৭৩২ খৃঃ অব্দে গোপনে দস্যু দ্বারা তাঁহার প্রাণ বিনাশ করিলেন। তাঁহার পুত্র দমাজী গাইকোবাড় পদে অভিষিক্ত হন। এদিকে সেনাপতি যশোবন্ত রাও বয়ঃপ্রাপ্ত হইলেও কার্য্যভার বহনে অসমর্থ হওয়ায় গাইকোবাড়বংশের উপরই এই ভার অর্পিত হইল। ১৭৩২ খৃষ্টাব্দে পিলাজীর ভ্রাতা মহাজী বরদানগর অধিকার করেন, সেই অবধি বরদানগর গাইকোবাড়-বংশের রাজধানী হইয়া আসিতেছে। তারাবাই যখন আপনার নাতি সেতারার রাজাকে বালাজী বাজিরাও পেশবার অধীনতা হইতে মুক্ত করেন, তখন দমাজী গাইকোবাড় তাঁহার সহায়তা করিয়াছিলেন। পেশবা সেই জন্য তাঁহাকে বিশ্বাসঘাতকতাপূর্ব্বক ধরিয়া আনিয়া রাখিলেন। শেষে দমাজী গুজরাটের বাকি খাজনাস্বরূপ ১৫ লক্ষ টাকা দিতে স্বীকৃত হইলে পেশবা তাঁহাকে ছাড়িয়া দেন। সেই সময় একটী লেখাপড়াও হয় যে রাজ্যের যাহা অধিকৃত আছে ও যাহা অধিকৃত হইবে, তাহার অর্দ্ধেক পেশবাকে দিতে হইবে। কাঠিবাড় প্রদেশে গাইকোবাড় যে সকল স্থান অধিকার করিয়াছিলেন, পর বৎসর পেশবা তাহার কতক অংশ গ্রহণ করিলেন। গাইকোবাড় পেশবাকে সৈন্য সাহায্য করিতে প্রতিশ্রুত হইলেন। তাহার পর পেশবা ও গাইকোবাড়ের মিলিত সৈন্য লইয়া রাঘব গুজরাট অধিকার করিতে গমন করিলেন। ১৭৫৫ খৃষ্টাব্দে আহ্মদাবাদ দিল্লির শাসন হইতে পৃথক্ হইল। পেশবা ও দমাজী উভয়ে তাহার রাজস্ব ভাগ করিয়া লইলেন। কিন্তু রাজ্যের অধিকাংশই পেশবার হস্তগত হইল।

১৭৬১ খৃষ্টাব্দে ৭ই জানুয়ারি, আহ্মদশাহ আবদালির সহিত পাণিপথে যে যুদ্ধ হয়, তাহাতে মহারাষ্ট্র পক্ষে দমাজী নিজ সৈন্য লইয়া যুদ্ধ করিয়া বিলক্ষণ বীরত্ব প্রকাশ করিয়াছিলেন। এই যুদ্ধে অনেক মহারাষ্ট্রবীর ধরাশায়ী হইয়াছিলেন। দমাজী অল্পসংখ্যক সৈন্য লইয়া গৃহে প্রত্যাগমন করেন। সেই অবধি তিনি আর বড় যুদ্ধবিগ্রহে ব্যাপৃত হন নাই, নিজ রাজ্য রক্ষার্থ ব্যাপৃত ছিলেন। এই সময় তিনি গুজরাটের উত্তরদিকে বাধানপুর ব্যতীত অপর সমস্ত স্থান জোয়ান্ মরদখাঁ বাবির নিকট হইতে দখল করিলেন এবং এদরের রাঠোরবংশীয় রাজাদিগকে করদ করিয়া রাখিলেন। এইরূপে দমাজী একজন পরাক্রান্ত নরপতি হইয়া উঠিলেন। পেশবা মধুরাওর সেনাপতি

রঘুনাথ রাও বা রাঘব প্রভুর বিপক্ষে অস্ত্রধারণ করেন। দমাজী রাঘবের সহায়তা করিবার জন্য নিজ পুত্র গোবিন্দ রাওকে সসৈন্যে পাঠাইয়া দিলেন। উভয়পক্ষে ঘোরতর যুদ্ধ হইল, কিন্তু শেষে রাঘব পরাস্ত হইলেন। পেশবা গোবিন্দ রাওকে বন্দী করিয়া রাখিলেন। দমাজীকে ৫২৫০০০৲ টাকা দিয়া সন্ধি করিতে হইল। তিনি শান্তির সময় ৩০০০ ও যুদ্ধের সময় ৪০০০ অশ্বারোহী দিতে স্বীকৃত হইলেন। এতদ্ব্যতীত কতকগুলি প্রদেশ পেশবা অধিকার করিয়া লইলেন। কথা রহিল যে আর ২৫৪০০০৲ টাকা দিলে সেগুলি প্রত্যর্পণ করা হইবে। এই ঘটনার পর দমাজীর রাজ্যকালে আর কোন বিশেষ ঘটনা হয় নাই। সন্ধির শর্ত্ত পূর্ণ হইতে না হইতেই ১৭৬৮ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়। তাহার তিন পত্নী ছিল, প্রথমার গর্ভে গোলিন্দরাও, দ্বিতীয়ার গর্ভে সভাজী ও ফতেসিংহ এবং তৃতীয়ার গর্ভে মাণিকজী নামে পুত্র জন্মে। সেই পুত্রগণের মধ্যে দ্বিতীয়ার গর্ভজাত সভাজী রাও সর্ব্ব জ্যেষ্ঠ। পিতার মৃত্যুকালে প্রথমার গর্ভজাত গোবিন্দরাও বন্দীভাবে পুণায় ছিলেন। তিনি তথায় পেশবা মধুরাওকে বহুমূল্য উপঢৌকনে তুষ্ট হইয়া করিয়া ও পূর্ব্বকৃত সন্ধির মত কার্য্য করিতে স্বীকৃত হইয়া মধুরাওর নিকট হইতে আপনার নামে রাজ্য করিবার অনুমতি লইলেন এবং তিনি সেন খাস্ খেল্ উপাধিও পাইলেন। (১) এদিকে ফতেসিংহ জ্যেষ্ঠভ্রাতা বুদ্ধিহীন সভাজীকে বরদার সিংহাসনে বসাইয়া রাজকার্য্য পরিচালন ভার নিজ হস্তে লইলেন এবং পেশবাকে তুষ্ট করিবার জন্য পুণায় যাত্রা করিলেন। সেই সময় মধুরাওর বংশ মধ্যে বিবাদ উপস্থিত হয়। লোভে পড়িয়া পেশবা সভাজীর অধিকার স্বীকার করিলেন এবং তাঁহাকে সেন্ খাস্ খেল উপাধি দিয়া ফতেসিংহকে তাঁহার মুতালেক নিহত করিলেন। তাহাতে গোবিন্দরাওর সহিত ফতেসিংহের বিবাদ আরম্ভ হইল। ফতেসিংহ মধুরাওকে বলিলেন যে, গোবিন্দরাও সত্বরতঃ যুদ্ধের উদ্যোগ করিবেন। সুতরাং যে সৈন্য এখন পেশবার নিকট রাখা হইয়াছে, তাহাদিগকে গুজরাটে রাখিলে ভাল হয়; আর সেই সৈন্যের খেসারত-স্বরূপ তিনি বাৎসরিক ৬৭৫০০০৲ টাকা দিতে প্রস্তুত আছেন। ফতেসিংহ পেশবার অভিসন্ধি বেশ বুঝিয়াছিলেন, তিনি জানিতেন পেশবা কোন সময়ে তাঁহাকেই আক্রমণ করিয়া বিপর্য্যস্ত করিবে। তিনি ১৭৭২ খৃষ্টাব্দে ইংরাজদিগের বোম্বাই গবর্মেণ্টের নিকট সন্ধির প্রস্তাব করিয়া পাঠাইলেন। কিন্তু বিলাতের কোর্ট অব্ ডিরেক্টরেরা সে প্রস্তাবে অসম্মতি প্রকাশ করিলেন। তবে ১৭৭৩ খৃষ্টাব্দে ১২ই জানুয়ারি বরোচের রাজস্বসম্বন্ধে একটী সন্ধি হইল।

এদিকে নারায়ণ রাওর প্রাণবিনাশের পর রাঘব পেশবা হইলে আবার গোবিন্দরাওকে "সেন্ খান্ খেল্" উপাধি দেওয়া হইল। এবার গোবিন্দরাওর সাহস বাড়িল, তিনি ফতেসিংহের নিকট হইতে বরদারাজ্য কাড়িয়া লইবার জন্য গুজরাট যাত্রা করিলেন। তথায় আসিয়াই বরদানগর অবরোধ করিয়া রহিলেন। রাঘব নরোত্তমদাস নামক এক ব্যক্তিকে গোবিন্দরাওর পক্ষে সুরাটের দক্ষিণ প্রদেশসমূহের রাজস্ব আদায় করিতে নিযুক্ত করেন। ফতেসিংহ আসিয়া তাঁহাকে বন্দী করিয়া লইয়া যান। রাঘব সেই জন্য গোবিন্দরাওর সহিত মিলিত হইয়া অবরোধে যোগ দিলেন। এদিকে ফতেসিংহ হোলকার ও সিন্ধিয়ার সৈন্য লইয়া রাঘবের সৈন্যদিগকে আক্রমণ করিলেন। রাঘব পরাজিত হইয়া পলায়ন করেন। গোবিন্দরাও, খণ্ডেরাও প্রভৃতি প্রথমতঃ কপ্পরবঞ্জ ও পরে পহ্লানপুরে পলায়ন করিয়া আত্মরক্ষা করেন। শেষে রাঘব ইংরাজদিগের আশ্রয় লইলেন। [ফতেসিংহ গাইকোবাড় দেখ।] ১৭৮০ খৃষ্টাব্দে ২০এ জানুয়ারি ফতেসিংহের সহিত একটী সন্ধি হয়। পরে সে সন্ধি বাতিল হইয়া ১৭৮২ খৃষ্টাব্দে আর একটী সন্ধি হয়। ১৭৮৯ খৃষ্টাব্দে ২১এ ডিসেম্বর ফতেসিংহের মৃত্যু হইলে দমাজীর অপর পুত্র মানাজী রাজ্যভার গ্রহণ করিয়া পূর্ব্বমত সভাজীর নামে রাজ্য চালাইতে লাগিলেন। ১৭৯৩ খৃষ্টাব্দে আগষ্টমাসে তাঁহার মৃত্যু হইলে পূর্ব্বোক্ত গোবিন্দরাও গাইকোবাড় বরদার সিংহাসনে আরোহণ করিলেন। ১৮০০ খৃষ্টাব্দে সেপ্টেম্বর মাসে গোবিন্দরাওর মৃত্যু হয়। গোবিন্দরাওর ১১টী পুত্র ছিল, তন্মধ্যে ৭টী জারজ। গোবিন্দরাওর জ্যেষ্ঠ পুত্র আনন্দরাও গাইকোবাড় সিংহাসনে আরোহণ করেন। কিন্তু তাঁহার তেমন বুদ্ধি ছিল না। সহজেই

(১) গোবিন্দ রাওকে এই উপলক্ষে ৫০,৪৮,৯১৪৸৶০ টাকা দিতে হয়। পেশবার দপ্তরের হিসাবে দেখা যায় নিম্নলিখিত বাবে তাঁহাকে এই টাকা দিতে হয়—

গত সনের কর	... ...	৫,২৫,০০০
১৭৬৮ খৃঃ অনুপস্থিতের জরিমানা	... ...	২৩,২৫,০০০
সেন্ খাস্ খেল্ উপাধির জন্য নজর ও জায়গীর ইত্যাদি	...	২১,০০,০০০
বাবে বাবুত	... ...	১,০০০০০
মুকুন্দ কাজির যে অতিরিক্ত কর আদায় করেন তজ্জন্য		২৬,৬৩০,
		৫০,৫২,৬৩০
নগদ স্বর্ণ দেওয়া হয়	... ...	৩৭১৫৶০
বাকী	... ...	৫০,৪৮,৯১৪৸৶০

গোবিন্দরাওর জারজ পুত্র কনোজীরাও রাজ্যের সকল ক্ষমতা নিজ হস্তে লইতে লাগিলেন। বরদা রাজ্যের পূর্ব্বতন মন্ত্রী রাওজী আপ্পাজী আনন্দরাওর সহায়তা করিয়া কনোজীরাওর হস্ত হইতে রাজমোহর কাড়িয়া লইলেন। উভয়পক্ষে সংগ্রাম আরম্ভ হইল। রাওজীর পক্ষে তাহার ভ্রাতা বাবাজী, তাঁহার অধীনে গুজরাটী অশ্বারোহী দল ও সপ্তসহস্র আরবসেনা ছিল। তৎকালে মঙ্গল পারিখ ও সামুএল্‌বিচর নামে দুইজন সরকার অধিক সুদে টাকা সরবরাহ করিয়া এই সেনাদলকে পালন করিত। সেনারা বেতন পাইলে তাহাদের দেনা শোধ দিত। সুতরাং সেনাগণ সরকারদিগের বিশেষ বশীভূত ছিল। এই দুইজন সরকার বাবাজীর পক্ষে থাকাতে আনন্দরাওর পক্ষই বলবান্ হইল। এদিকে কনোজীর পক্ষও নিতান্ত সহায়শূন্য ছিল না। তাঁহার পিতৃব্য মলহররাও করারি নামক স্থানের জায়গীরদার ছিলেন। কনোজী রাজ্য পাইলে তাঁহার বাকি রাজস্ব রেহাই দিবেন ও ভবিষ্যতে আর রাজস্ব লইবেন না, এইরূপ প্রতিশ্রুত হইলে মলহররাও তাহার পক্ষ লইলেন ও অবিলম্বে সেনাসংগ্রহ করিয়া বরদা আক্রমণ করিলেন। আনন্দরাওর পক্ষে রাওজী অনন্যোপায় হইয়া বোম্বাইয়ের ইংরাজ গবর্ণমেণ্টকে বলিয়া পাঠাইলেন যে মলহর রাওর বিপক্ষে যদি ইংরাজেরা সাহায্য করেন, তবে পাঁচদল ইংরাজ সেনার খরচ তিনি যোগাইতে প্রস্তুত আছেন। বোম্বাইয়ের শাসনকর্ত্তা ডন্‌কান্ সাহেব ভারত গবর্মেণ্টের অনুমতি চাহিয়া পাঠাইলেন। কিন্তু অনেকদিন অপেক্ষা করিয়াও কোন মতামত না পাইয়া, শেষে মেজর আলেক্‌জাণ্ডার ওয়াকারকে সেনাপতি করিয়া ১৬০০ সেনাসহ পাঠাইয়া দিলেন, তাঁহাকে আরও বলিয়া দিলেন যে, প্রথমতঃ তিনি মিটমাটের চেষ্টা করিবেন। মিটমাটের সুবিধা না হইলে রাওজীর সহায় হইয়া মলহররাওর বিপক্ষে অস্ত্রধারণ করিবেন। মলহররাও গতিক বুঝিয়া প্রথমতঃ দেখাইলেন যেন বড় ভয় পাইয়াছেন। এজন্য যে যে স্থান অধিকার করিয়াছিলেন, তাহা ছাড়িয়া দিতে চাহিলেন। শান্তির কথা হইতেছে, এমন সময় হঠাৎ মলহররাও ১৭ই মার্চ তারিখে ইংরাজসৈন্যদিগকে আক্রমণ করিলেন। কিন্তু শেষে তাঁহাকেই পরাজিত হইয়া পলায়ন করিতে হইল। এই যুদ্ধে ইংরাজদিগের ৫০ জন হত হয়। এদিকে মলহর রাও গোপনে বাবাজীর অনেক সেনাদল ভাঙ্গাইয়া লইতে লাগিলেন। ওয়াকার সাহেব অবস্থা বুঝিয়া বোম্বাইয়ে সংবাদ দিলে বোম্বাই গবর্মেণ্ট আরও কতকগুলি সৈন্যসহ সার উইলিয়ম ক্লার্ক সাহেবকে পাঠাইলেন। ৩০এ এপ্রেল, তিনি বরদায় উপস্থিত হইয়াই মলহর রাওকে আক্রমণ করিলেন। মলহররাও শেষে আত্মসমর্পণ করিয়াছিলেন। ইংরাজ গবর্মেণ্ট ওয়াকার সাহেবকে বরদার পলিটিকেল এজেণ্ট নিযুক্ত করিলেন। স্থির হইল, মলহর রাও নেরিয়েদ নামক স্থানে বাস করিবেন আর মাসিক ১,২৫,০০০৲ টাকা খরচ স্বরূপ পাইবেন। ভাল ব্যবহার করিলে আরও বাড়াইয়া দেওয়া হইবে। কনোজী বরদায় বন্দীভাবে রহিলেন। কথা হইল—আনন্দরাও ইংরাজ গবর্মেণ্টের একদল সেনা রাখিবেন, আর সুরাট ও চৌরাসীজেলার চৌথ ইংরাজ গবর্মেণ্টকে দিবেন। রাওজী আপ্পাজী যাবজ্জীবন মন্ত্রী থাকিবেন। ইংরাজ গবর্মেণ্ট তাহার পুত্র, ভ্রাতা, ভ্রাতুষ্পুত্র, ভাগিনেয় ও বন্ধুবান্ধবদিগের প্রতি যথেষ্ট উদারতা দেখাইবেন।

এদিকে বরদা রাজকোষের অর্থ সম্বন্ধে বিশেষ গোলযোগ উপস্থিত! মন্ত্রী রাওজী আপ্পাজী তাহার শৃঙ্খলা স্থাপন করিতে অসমর্থ, তাঁহাকে ইংরাজ গবর্মেণ্টের সাহায্য লইয়া কার্য্য করিতে হইল। গাইকোবাড়বংশীয় গণপৎ নামে এক ব্যক্তি মলহররাওর পক্ষ অবলম্বন করিয়া সংখেরা দুর্গ অধিকার করিয়া বসিলেন। ভূতপূর্ব্ব গোবিন্দরাও গাইকোবাড়ের আর এক জারজ পুত্র মুরারি রাও গণপতের সহিত যোগ দিয়াছিলেন। ইঁহাদিগকে দমন করা একান্ত আবশ্যক জানিয়া একদল সেনা পাঠান হইল। গণপৎ রাও ও মুরারিরাও পলায়ন করিয়া ধাররাজ্যে পুয়ারদিগের আশ্রয় গ্রহণ করিলেন।

অপরদিকে আর এক বিভ্রাট্ উপস্থিত। আরবদেশীয় নগদা সেনাদল অনেকদিন বেতন পায় নাই বলিয়া যথেচ্ছাচার আরম্ভ করিল। তাহাদিগকে দমন করা কঠিন হইয়া উঠিল। শৃঙ্খলা স্থাপনের উদ্যোগ দেখিয়াই হউক অথবা তাহাদিগকে তাড়াইয়া দেওয়া হইবে এই আশঙ্কায় তাহারা বিদ্রোহী হইয়া গাইকোবাড় আনন্দরাওকে বন্দী করিল ও কনোজীকে মুক্ত করিয়া দিল। মলহররাও সেই সুযোগে নেরিয়াদ নামক স্থান হইতে গোপনে পলায়ন করিলেন। চারিদিকে হুলস্থুল পড়িয়া গেল।

পলিটিকাল এজেণ্ট ওয়াকার সাহেব প্রথমতঃ মিষ্ট কথায় আরবদিগকে শান্ত করিবার চেষ্টা করিলেন। সে চেষ্টা ব্যর্থ হইল। তিনি বোম্বাই হইতে ইংরাজসৈন্য আনাইয়া বরদা অবরোধ করিলেন। অবরোধ সময়ে আরবেরা গৃহের অভ্যন্তর হইতে বন্দুক ছুড়িয়া ইংরাজসৈন্যের অনেককে বিনষ্ট করিতে লাগিল। দশদিন অবরোধের পর আরবসেনাগণ

বলিল, "আমাদের প্রাপ্য অর্থ পাইলে আমরা দেশ ছাড়িয়া চলিয়া যাইতে প্রস্তুত আছি।" তাহাদের ১৭ লক্ষ ৫০ হাজার টাকা প্রাপ্য হইয়াছিল। রাজকোষে এত টাকা নাই। এজন্য ৪১ লক্ষ ৩৮ হাজার টাকা ঋণ করিতে হইল। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি নিজে ইহার অর্দ্ধেক দিলেন আর বাকি টাকার জন্য দেশীয় কুঠিয়ালদিগের নিকট জামিন হইলেন। শত করা ৯৲ টাকার হিসাবে সুদ ধরা হইল। তিন বৎসরে টাকা পরিশোধ করিবার কথা রহিল।

এইরূপে বেতনের বাকি টাকা পাইয়া আরব সেনাদল অধিকাংশই দেশ ছাড়িয়া চলিয়া গেল। কেবল আবুদ জমাদার নামক একজন সামন্ত সসৈন্যে কনোজীকে সাহায্য করিবার জন্য তাঁহার সহিত মিলিত হইল। কনোজী বরদা হইতে পলায়ন করিয়া মহারাষ্ট্রের উত্তরসীমায় রাজপিপ্পলি নামক পার্ব্বত্য প্রদেশে গমন করেন। তথায় সৈন্যসংগ্রহ করিতে লাগিলেন। বরদা অবরোধের সময় তিনি পথে বাবাজীর একদল সেনাকে পরাজয় করিয়া বরদা অভিমুখে আগমন করিতেছিলেন। ১৮০৩ খৃষ্টাব্দে জানুয়ারি মাসে, ইংরাজেরা আরবসেনাদিগকে পরাজয় করিয়াই মেজর হোমস্‌কে সসৈন্যে কনোজীর বিপক্ষে প্রেরণ করেন। কনোজী শৌরী গ্রামের নিকট গিরিপথ অধিকার করিয়া গুপ্তভাবে ইংরাজসৈন্যের উপর অস্ত্র বর্ষণ করিতে থাকেন। ইংরাজসেনা পৃষ্ঠপ্রদর্শন করিবার উপক্রম করিতেছে। এমন সময় মেজর হোমস্ সৈন্যদিগকে উত্তেজিত করিয়া প্রবলবেগে শত্রুর অনুসরণ করিলেন। কপ্পরবঞ্জ নামক স্থানে কনোজীর দলবল ছিন্নবিচ্ছিন্ন হইয়া পড়িল। কনোজী উজ্জয়িনীতে পলায়ন করিলেন। অবশেষে তিনি ১৮০৮ খৃষ্টাব্দে ইংরাজের নিকট আত্মসমর্পণ করেন। ইংরাজেরা তাঁহাকে ছাড়িয়া দিয়া মাসহরার বন্দোবস্ত করিয়া দেন। কিন্তু শেষে বিশ্বাসঘাতকতা করায় ইংরাজ গবর্মেণ্ট ১৮১২ খৃষ্টাব্দে তাঁহাকে, মান্দ্রাজে পাঠাইয়া দিলেন। সেখানে তাঁহার মৃত্যু হয়। তাঁহার সহকারী মলহররাও নেরিয়াদ নামক স্থান হইতে পলায়ন করিয়া ইতস্ততঃ ভ্রমণ করিতেছিলেন, এমন সময় বাবাজীর সৈন্য আসিয়া তাঁহাকে ধরিয়া ইংরাজহস্তে অর্পণ করেন। ইংরাজেরা তাঁহাকে বোম্বাইয়ের দুর্গে বন্দী করিয়া রাখেন। সেখানে তাঁহার মৃত্যু হয়।

ইংরাজরাজের সাহায্যে আনন্দরাও গাইকোবাড় বরদার রাজ্যশাসন করিতে লাগিলেন। রাওজী অপ্পাজী মন্ত্রী, বাবাজী সেনাপতি ও লেফ্‌টেনেণ্ট কর্ণেল ওয়াকার ইংরাজপক্ষে রেসিডেণ্ট বা পলিটিকেল এজেণ্ট রহিলেন। রাজ্যের আয় তখন ৫৫ লক্ষ টাকা, কিন্তু ব্যয় ৮২ লক্ষ। সুতরাং ঋণ পরিশোধের কোন উপায় ছিল না।

১৮০৫ খৃষ্টাব্দে ইংরাজ গবর্মেণ্ট গাইকোবাড়ের সহিত একটী নূতন সন্ধি করিলেন। পূর্ব্বে গাইকোবাড়কে ২০০০ সৈন্য রাখিতে হইত, এই নূতন সন্ধি অনুসারে তাহাকে ৩০০০ পদাতিক ও একদল গোলন্দাজ রাখিতে হইল। আর তাহাদের ব্যয়নির্ব্বাহের জন্য ১১,৭০,০০০৲ টাকা আয়ের সম্পত্তি (১) বিলি করা হইল। চৌরাসি, চিক্‌লি ও কৈরা প্রদেশ এবং সুরাটের চৌথ, এতদ্ব্যতীত ১২ লক্ষ ৯৫ হাজার টাকা আয়ের সম্পত্তি ঋণ পরিশোধের জন্য ইংরাজ গবর্মেণ্টকে দেওয়া হইল। সন্ধির দুইবৎসর পরে ইংরাজ গবর্মেণ্ট দেখিলেন যে সৈন্যরক্ষার জন্য যে সম্পত্তি নির্দ্দিষ্ট আছে, তাহাতে খরচ কুলায় না। এই জন্য গাইকোবাড় আরও ১,৭৬,১৬৮৲ টাকার সম্পত্তি ছাড়িয়া দিলেন। ১৮০৯ খৃষ্টাব্দে দেখা গেল, ঋণ কিছুই কমে নাই, বরং সুদ বাড়িয়া যাইতেছে। সন্ধিতে কাহারও সুবিধা হয় নাই। ইংরাজ গবর্মেণ্ট সম্পত্তি পাইয়া সৈন্যের খরচ কুলাইতে পারেন না। গাইকোবাড়েরও দেনা শোধ হয় না। ১৮১১ খৃষ্টাব্দে রেসিডেণ্ট মেজর ওয়াকার কর্ম্ম হইতে অবসর লওয়ায় কাপ্তেন রিভেট কার্ণাক রেসিডেণ্ট হইলেন। ১৮১২ খৃষ্টাব্দে বোম্বাই গবর্মেণ্ট প্রস্তাব করেন যে গাইকোবাড় এক কোটী টাকা দিলে তাঁহার অন্য সমস্ত সম্পত্তি ফিরাইয়া দেওয়া যায়। কিন্তু সে প্রস্তাবে গবর্ণর জেনেরেল সম্মত হইলেন না। ১৮১৩ খৃষ্টাব্দে বরদারাজ্যে ভয়ানক দুর্ভিক্ষ হওয়াতে রাজস্ব আদায়ের বিশেষ অসুবিধা হইল। তাহাতে ঋণ আরও বাড়িয়া গেল। পর বৎসর পেশবাকে লইয়া আর এক গোল বাঁধিল। ইতিপূর্ব্বে আহ্মদাবাদ ও কাঠিবাড় প্রদেশ ৪৷৷০ লক্ষ টাকা বার্ষিক আয়ের সম্পত্তি ধরিয়া কয়েক বৎসরের জন্য পেশবাকে দেওয়া হয়। নির্দ্দিষ্টকাল শেষ হওয়ায় পেশবা পুনরায় তাহা লেখাপড়া করিয়া লইতে চাহেন। গাইকোবাড়ের পক্ষ হইতে বলা হয় যে পেশবা

(১) সম্পত্তি।	আয়।
ঢল্‌কা	৪,৫০,০০০
নেরিয়দ	১,৭৫,০০০
বিজাপুর	১,৩০,০০০
মাথুর	১,৩০,০০০
মুণ্ডা	১,১০,০০০
কুরির তপ্পা	২৫,০০০
খিমকটোল্রা	৫০,০০০
কাঠিবাড়ের বরাট	১,০০,০০০

গাইকোবাড়ের অধিকৃত বরোচের খাজনা দেন নাই। তিনি গাইকোবাড়কে না বলিয়া ইংরাজ গবর্মেণ্টকে দিয়াছিলেন। উভয়পক্ষের হিসাব নিকাশ করিবার জন্য গাইকোবাড়ের পক্ষ হইতে গঙ্গাধরশাস্ত্রী পুণায় প্রেরিত হইলেন। [গঙ্গাধর শাস্ত্রী দেখ।] ইংরাজ গবর্মেণ্ট তাঁহার রক্ষার জন্য দায়ী হন। তথাপি গঙ্গাধর নিহত হইলে ইংরাজ গবর্মেণ্ট হত্যাকারী ত্র্যম্বকজী অংগ্রিয়াকে তাঁহাদের হস্তে অর্পণ করিবার জন্য পেশবাকে বলিয়া পাঠাইলেন। অনিচ্ছাসত্ত্বেও পেশবা তাঁহাকে ধরিয়া দিলেন। কিন্তু ত্র্যম্বকজী রক্ষীদিগের হস্ত হইতে পলায়ন করিয়া সেনাসংগ্রহপূর্ব্বক পেশবার সাহায্যে যুদ্ধের উদ্যোগ করিতে লাগিলেন। ১৮১৭ খৃঃ অঃ, ইংরাজ গবর্মেণ্ট পুণা অবরোধ করিলে পেশবা সন্ধির প্রস্তাব করিলেন। ইংরাজ-পক্ষে এলফিন্‌ষ্টোন্ সাহেবের প্রস্তাবে সন্ধি হইল।

এতদিন পেশবা মহারাষ্ট্রদিগের অগ্রণী বলিয়া গণ্য হইতেন। অতঃপর সেই সম্মান হইতে বঞ্চিত হইলেন। স্থির হইল—তাঁহার সমস্ত দাবি দাওয়া পরিশোধের জন্য তাঁহাকে বৎসর বৎসর ৪ লক্ষ টাকা দেওয়া হইবে। তিনি আর গাইকোবাড়রাজ্যে কোনরূপ হস্তক্ষেপ করিতে পারিবেন না। আহ্মদাবাদ পূর্ব্বসন্ধি মত তাহার জমা থাকিবে। কাঠিবাড় প্রদেশের রাজস্ব ইংরাজ গবর্মেণ্টের হস্তে অর্পিত হইবে।

পেশবার সহিত সন্ধি হইয়া গেলে গাইকোবাড়ের সহিত ইংরাজ গবর্মেণ্টের এই শর্ত্তে আর একটী সন্ধি হইল যে, কোন যুদ্ধ উপস্থিত হইলে উভয়পক্ষকে সৈন্য দিয়া সাহায্য করিতে হইবে। গাইকোবাড়ের ৩০০০ অশ্বারোহী ইংরাজের অধীনে থাকিবে। উভয়পক্ষের বন্দীদিগকে পরস্পরে ছাড়িয়া দিবেন। ইংরাজ গবর্মেণ্ট গাইকোবাড়ের সাহায্য জন্য আরও সৈন্যসংখ্যা বৃদ্ধি করিলেন। তাহাদের ব্যয়নির্ব্বাহার্থ গাইকোবাড় ইংরাজ গবর্মেণ্টকে গুজরাটের অংশ ছাড়িয়া দিলেন। পরে ইংরাজ গবর্মেণ্ট ও গাইকোবাড় উভয়ে কতক-গুলি স্থান পরিবর্ত্তন করিয়া লইয়া পরাপর খোলসা হইলেন।

এই সন্ধির পর আনন্দরাওর সময় কোন বিশেষ ঘটনা ঘটে নাই। ১৮১৯ খৃষ্টাব্দে ২রা অক্টোবর তাঁহার মৃত্যু হয়। তৎপূর্ব্বে তাঁহার ভ্রাতা ফতেসিংহের মৃত্যু হইয়াছিল। ইনি ১২ বৎসরকাল রাজকার্য্যের অধ্যক্ষ ছিলেন। ফতেসিংহের মৃত্যু হইলে কনিষ্ঠ ভ্রাতা শিবাজীরাও সেই কার্য্য করিতেন। আনন্দরাওর মৃত্যু হইলে তাঁহার দুই পুত্র থাকিতেও এই শিবাজীরাও রাজা হইয়া বসিলেন।

আনন্দরাও বুদ্ধিহীন ছিলেন বলিয়া ইংরাজ গবর্মেণ্ট সকল বিষয়ে হস্তক্ষেপ করিতেন। কিন্তু শিবাজীরাও বুদ্ধিমান্, তাঁহার সময়ে সেরূপ হস্তক্ষেপের প্রয়োজন হয় নাই। তবে রেসিডেণ্ট যেরূপ ছিলেন, সেইরূপই রহিলেন। ১৮২০ খৃষ্টাব্দে বোম্বাইএর গবর্ণর এল্‌ফিন্‌ষ্টোন সাহেব বরদায় আসিয়া সর্ব্ববিষয়ে সুশৃঙ্খলা স্থাপনের জন্য নূতন বন্দোবস্ত করিয়া গেলেন, স্থির হইল যে রাজ্যের কার্য্যকলাপ বৃটীশ গবর্মেণ্টের হস্তে থাকিবে। আভ্যন্তরিক বিষয়ে গাইকো-বাড়ের সম্পূর্ণ কর্ত্তৃত্ব থাকিবে। তবে কুঠিয়ালদিগের সহিত দেনা সম্বন্ধে যে ব্যবস্থা হইয়াছে, তাহার কোনমতে ত্রুটী না হয়,আর বাৎসরিক আয় ব্যয়ের কিরূপ ব্যবস্থা করা হয়,তাহা যেন রেসিডেণ্টকে দেখাইয়া লওয়া হয়। রেসিডেণ্ট ইচ্ছা করিলে খাতাপত্র দেখিতে পারিবেন। কোন বিষয়ে অধিক খরচ করিতে হইলে রেসিডেণ্টের সহিত পরামর্শ করিয়া কার্য্য করিতে হইবে। বৃটীশ গবর্মেণ্ট মন্ত্রী ও অন্যান্য কর্ম্মচারীদিগের প্রতি যে অভয় দান করিয়াছেন, তাহা রক্ষা করিতে হইবে। গাইকোবাড় নিজে মন্ত্রী নিয়োগ করিবেন। কিন্তু নিয়োগ করিবার পূর্ব্বে রেসিডেণ্টের সহিত এ সম্বন্ধে পরামর্শ করিতে হইবে। সময় সময় বৃটীশ গবর্মেণ্টের পরামর্শ দিবার অধিকার থাকিবে। এই সকল নিয়ম হইল বটে, কিন্তু শিবাজীরাও তদনুসারে চলিতে পারেন নাই। ঋণপরিশোধের জন্য সময়ে সময়ে যেরূপ টাকা দিবার ব্যবস্থা হইয়াছিল, তাহাও তিনি দিতে পারেন নাই। এইরূপে ১৮২০ খৃষ্টাব্দে তাঁহার ঋণ ১ কোটি ৭ লক্ষ হইয়া দাঁড়ায়। বৃটীশ গবর্মেণ্ট বলিয়া পাঠাইলেন, যদি তিনি টাকা না দিতে পারেন, তবে যাহাতে ঋণ ক্রমে পরিশোধ হয়, পাওনাদারদিগকে এরূপ পরিমাণ ভূমি ছাড়িয়া দেওয়া হউক। কিন্তু শিবাজী তাহা না করিয়া রাজসরকারের যখন যেখানে সুবিধা পাইতেন, সেই তহবিল হইতে টাকা লইয়া আত্মসাৎ করিতে লাগিলেন। গবর্মেণ্ট যাহা-দিগের কোনরূপ অত্যাচার হইবে না বলিয়া স্বীকার করিয়াছিলেন, তিনি তাহাদিগের প্রতি নানাবিধ অত্যা-চার করিতে লাগিলেন। এল্‌ফিন্‌ষ্টোন সাহেবের পর সার-জন মেল্‌কল্‌ম বোম্বাইএর গবর্ণর হন। তিনি শিবাজীকে অনেক বুঝাইলেন, তথাপি কোন ফল হইল না। শেষে ১৮২৮ খৃষ্টাব্দে কতকগুলি সম্পত্তি কাড়িয়া লইয়া পাওনা-দারদিগের সহিত বন্দোবস্ত করিলেন। ইংরাজ গবর্মেণ্টের যে সেনাদল মজুত রাখিবার কথা ছিল, তাহাদিগকে শিবাজী করদ রাজ্যে প্রহরীর কার্য্যে নিযুক্ত করিলেন। তাহারা কিন্তু রীতিমত বেতন পাইল না। এজন্য ১৮৩০ খৃষ্টাব্দে গবর্মেণ্ট

আবার ১৫ লক্ষ টাকা আয়ের সম্পত্তি কাড়িয়া লইলেন। ১৮৩২ খৃষ্টাব্দে লর্ড ক্লেয়ার বরদায় গিয়া গাইকোবাড়ের সহিত সাক্ষাৎ করিলেন। স্থির হইল যে, গাইকোবাড় মহাজনদিগের ঋণ পরিশোধ করিবেন। মহাজনদিগের উপর কোনরূপ অত্যাচার না হয়, এজন্য গবর্মেণ্ট দায়ী হইলেন। গাইকোবাড় অশ্বারোহী সেনাদলের বেতন সময় মত দিবেন স্বীকার করিলেন এবং অঙ্গীকার প্রতিপালনের জামিন স্বরূপ গবর্মেণ্টের নিকট ১০ লক্ষ টাকা জমা রাখিলেন। গবর্মেণ্ট ইতিপূর্ব্বে ১৫ লক্ষ টাকা আয়ের সম্পত্তি কাড়িয়া লইয়াছিলেন, তাহা ফিরিয়া দিলেন। কিন্তু শিবাজীর পক্ষে প্রতিজ্ঞা পালন করা অসাধ্য হইয়া উঠিল। তিনি নানা বিষয়ে গবর্মেণ্টের পরামর্শের বিরুদ্ধে কার্য্য করিতে লাগিলেন। অতঃপর ইংরাজ গবর্মেণ্ট আর চুপ করিয়া থাকিতে পারিলেন না। গাইকোবাড়ের কতকগুলি স্থান ইংরাজ গবর্মেণ্টের অধিকারে ছিল। গাইকোবাড়কে তাহার খাজনা দিতে হইত। ১৮৩৭ খৃষ্টাব্দে গবর্মেণ্ট গাইকোবাড়কে এই খাজনার টাকা দেওয়া বন্ধ করিলেন এবং তৎপর বর্ষে নউসরী নামক স্থান অধিকার করিয়া লইলেন। শিবাজীর তথাপি গ্রাহ্য নাই। তিনি শর্ত্ত মত কার্য্য করিবার কোন চেষ্টাই করিলেন না। তাঁহার বিপক্ষে ক্রমশঃ অনেক অভিযোগ উপস্থিত হইতে লাগিল। গবর্মেণ্ট আপনাদিগের অসন্তোষ প্রকাশ করিবার জন্য পিৎলাউড নামক জেলার শিবাজীর যে অংশ ছিল, তাহা অধিকার করিয়া লইলেন। উহার আয় ৭,০২,০০০৲ টাকা। তাহার পর তাঁহাকে রাজ্যচ্যুত করিয়া অপরকে রাজ্য দিবার ভয় দেখান হইল। কিছুতেই তাঁহার ভ্রূক্ষেপ নাই। শেষে ১৮৩৯ খৃষ্টাব্দে গবর্মেণ্ট যখন সাতারার রাজা প্রতাপসিংহকে রাজ্যচ্যুত করিলেন, তখন শিবাজী কি ভাবিয়া বশ্যতা স্বীকার করিয়া দুই একটী ব্যতীত সকল বিষয়ে গবর্মেণ্টের আজ্ঞা মত কার্য্য করিতে অঙ্গীকার করিলেন। ইংরাজ গবর্মেণ্ট সন্তুষ্ট হইয়া পিৎলাউডের অংশ ছাড়িয়া দিলেন এবং পূর্ব্বে জামিন স্বরূপ যে দশ লক্ষ টাকা গচ্ছিত রাখিয়াছিলেন, তাহাও প্রত্যর্পণ করিলেন। ১৮৪৭ খৃষ্টাব্দে ১৯এ ডিসেম্বর শিবাজীর মৃত্যু হয়। তাঁহার জ্যেষ্ঠ পুত্র গণপৎরাও তৎপদে প্রতিষ্ঠিত হইলেন। গণপৎরাও গাইকোবাড়ের রাজত্বকালে কোন বিশেষ ঘটনা ঘটে নাই। প্রজার সুখস্বচ্ছন্দতার দিকে তাঁহার দৃষ্টি ছিল না। নিজের বিলাস লইয়াই কালযাপন করিতেন। ১৮৫৬ খৃষ্টাব্দে বোম্বাই ও বরদা রেলের জন্য ইংরাজ গবর্মেণ্টকে জমি দান করেন। এইরূপ শর্ত্ত থাকে যে এই রেল খুলিলে গাইকোবাড়ের আমদানী রপ্তানি মাসুলের যে ক্ষতি হইবে, তাহা পূরণ করিয়া দিতে হইবে। বৎসর বৎসর সেই ক্ষতির হিসাব হয় ও পূরণ করিয়া দেওয়া হয়। ১৮৫৬ খৃষ্টাব্দে ১৯এ নবেম্বর গণপৎরাওর মৃত্যু হয়। তাঁহার সন্তান না থাকায় তাঁহার কনিষ্ঠ খণ্ডেরাও সিংহাসনে আরোহণ করেন। [খণ্ডেরাও গাইকোবাড় দেখ।] ইংরাজ গবর্মেণ্ট ইঁহাকে জি সি এস্ আই (G. C. S. I.) উপাধি দেন। ১৮৭২ খৃষ্টাব্দে ২৮এ নবেম্বর খণ্ডেরাওর মৃত্যু হইলে তাঁহার ভ্রাতা মলহাররাও গাইকোবাড় বরদার সিংহাসনে আরোহণ করিলেন। খণ্ডেরাওর বিধবাপত্নী যমুনাবাই তখন গর্ভবতী ছিলেন। ইংরাজ গবর্মেণ্ট মলহাররাওকে বলিয়া রাখিলেন যে, যদি যমুনাবাইয়ের গর্ভে পুত্র সন্তান জন্মে, তবে তিনিই রাজত্ব পাইবেন। কয়েক মাস পরে যমুনাবাইয়ের একটী কন্যা সন্তান হইল। সুতরাং মলহাররাও নিষ্কণ্টকে রাজ্য করিতে লাগিলেন। মলহাররাও পূর্ব্বে খণ্ডেরাওর প্রাণবিনাশের চেষ্টা করিয়াছিলেন বলিয়া কারাগারে নিক্ষিপ্ত হন এবং কারাগার হইতে একবারে সিংহাসনে আরোহণ করেন। এরূপ লোক যে ভালরূপ রাজকার্য্য করিবে, ইহা কেহই আশা করে নাই। ফলেও তাহাই হইল। ১৮৭০ খৃষ্টাব্দে প্রজারা বিরক্ত হইয়া ইংরাজরাজের নিকট আবেদন করিলে গবর্মেণ্ট তদারক্ করিবার জন্য একটী কমিসন নিযুক্ত করিলেন। কমিসন আবেদনের কথা ছাড়া রাজস্ব, রাজনৈতিক ও বিচার প্রভৃতি নানা বিষয়ে তদারক করিয়া মন্তব্য লিখিয়া পাঠাইলেন। সেই মন্তব্য পাঠ করিয়া ইংরাজ রাজপ্রতিনিধি লর্ড নর্থব্রুক তাঁহাকে ১৮৭৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত শাসনসংস্কার করিবার সময় দিলেন। ইতিমধ্যে তিনি যদি সুবন্দোবস্ত করিতে না পারেন তাহা হইলে সিংহাসনচ্যুত করা হইবে। কিন্তু ১৮৭৫ খৃষ্টাব্দে ইংরাজ রেসিডেণ্ট কর্ণেল ফেয়ারকে বিষপ্রয়োগের চেষ্টার সংবাদ প্রচার হইল। অনুসন্ধানে মলহাররাওর প্রতিই সন্দেহ হয়। গবর্ণর জেনারেল লর্ড নর্থব্রুক একটী ঘোষণা প্রচার করিলেন যে, গাইকোবাড়ের বিপক্ষে যখন সন্দেহ, তখন তাহার অনুসন্ধানের জন্য একটী আদালত বসিবে। যত দিন আদালতের বিচারে তিনি নির্দ্দোষ বলিয়া সাব্যস্ত না হন, ততদিন তিনি রাজ্যভার গ্রহণ করিতে পারিবেন না। ততদিন ইংরাজ গবর্মেণ্ট স্বয়ং সেই ভার গ্রহণ করিবেন। মলহাররাও ইতিমধ্যে আদালতে আপনার দোষক্ষালণের জন্য প্রমাণাদি দিবেন। [মলহাররাও দেখ।]

কলিকাতার হাইকোর্টের প্রধান বিচারপতি, গোয়ালিয়রের মহারাজ, জয়পুরের মহারাজ, মহিসুরের চিফ কমিসনর, সার দিনকররাও (গোয়ালিয়রের মন্ত্রী) ও পঞ্জাবের কমিসনর এই কএক জনে বসিয়া আদালতে গাইকোবাড়ের বিচার করিলেন। ১৮৭৫ খৃষ্টাব্দে, ২৩এ ফেব্রুয়ারী এই আদালত বসে। বিচারকগণ মলহাররাওর দোষ সম্বন্ধে একমত হইতে পারেন নাই। তাঁহাকে তিনজন দোষী ও তিনজন নির্দ্দোষ সাব্যস্ত করিলেন। কিন্তু গবর্মেণ্ট তাঁহার পূর্ব্বকৃত অপরাধ স্মরণ করিয়া রাজকার্য্য পরিচালনে অনুপযোগী বিবেচনা করিয়া ১৮৭৫ খৃষ্টাব্দে ২২এ এপ্রেল তাঁহাকে পদচ্যুত করিয়া মান্দ্রাজে পাঠাইয়া দিলেন। খণ্ডেরাও সিপাহীবিদ্রোহের সময় সহায়তা করিয়াছিলেন বলিয়া তাঁহার সম্মানের জন্য তৎপত্নী যমুনাবাইকে একটী দত্তক গ্রহণ করিবার অনুমতি পত্র দেওয়া হইল। তদনুসারে তিনি পিলাজীরাওর পুত্র দমাজীর কনিষ্ঠ প্রতাপরাওর বংশীয় সয়াজী (সভাজী)রাওকে মনোনীত করিলেন। ১৮৭৫ খৃষ্টাব্দে ২৭এ মে সয়াজী গাইকোবাড় ১২ বৎসর বয়সে বরদার সিংহাসনে আরোহণ করিলেন। হোলকরের মন্ত্রী সুবিখ্যাত সার টি মাধবরাও কে সি এস আই বরদায় মন্ত্রিত্বপদে নিযুক্ত হইলেন। এলিয়ট সাহেবকে সয়াজীর শিক্ষক নিযুক্ত করা হইল। বালক পূর্ব্বে সামান্য গ্রাম্য-বালকদের সহিত খেলা করিত, তখন কেহই জানিত না যে ইহার অদৃষ্টে রাজসিংহাসন আছে। ১৮৭৫ খৃষ্টাব্দে ৮ই নবেম্বর যখন প্রিন্স অব ওয়েলস্ (রাজকুমার) বোম্বাইয়ে অবতরণ করেন, তখন বালক গাইকোবাড় তথায় তাঁহার সহিত সাক্ষাৎ করিতে যান। ১৯এ নবেম্বর যুবরাজ বরদায় গমন করিয়া গাইকোবাড়ের আতিথ্য গ্রহণ করেন। যাঁহারা যুবরাজের সঙ্গে আসিয়াছিলেন, তাঁহারা বালক গাইকোবাড়ের গাম্ভীর্য্য ও রাজোচিত ব্যবহারে আশ্চর্য্য হইয়াছিলেন। ১৮৭৭ খৃষ্টাব্দে ১লা জানুয়ারী মহারাণী ভিক্টোরিয়ার ভারতেশ্বরী উপাধি গ্রহণোপলক্ষে দিল্লিতে দরবার হয়, তাহাতে সয়াজী উপস্থিত ছিলেন। দরবার হইতে তিনি ফরজন্দ-ই খাস্-দৌলত ইংলিসিয়া উপাধি প্রাপ্ত হন। ১৮৭৮ খৃষ্টাব্দে যমুনাবাইকে ভারতমুকুট বা সি আই ই উপাধি দেওয়া হয়। সয়াজী গাইকোবাড়ও পরে কে সি এস আই উপাধি পাইয়াছেন।

গাইল (দেশজ) কটূক্তি, কুৎসিত বাক্য।

গাএন (দেশজ) গায়ক, যে গান করে।

গাওন (দেশজ) গান করণ, গীত গাওন।

গাওনা (দেশজ) গান।

গাং (দেশজ) ১ নদী। ২ গঙ্গা, ভাগীরথী।

গাংকই (দেশজ) একপ্রকার কইমাছ।

গাংখয়রা (দেশজ) নদী প্রভৃতির খয়রা মাছ।

গাংচাঁদা (দেশজ) নদী প্রভৃতির চাঁদা মাছ।

গাংচি (দেশজ) একরকম চাউল।

গাংচিল (দেশজ) চিল্ল পক্ষিবিশেষ। [চিল দেখ।]

গাংদাড়া (দেশজ) মৎস্যবিশেষ।

গাংপট্‌কা (দেশজ) নদীজাত মৎস্যবিশেষ।

গাংফড়িঙ্গ (দেশজ) একপ্রকার ফড়িঙ্গ, পতঙ্গবিশেষ।

গাংফেঁসা (দেশজ) নদীজাত মৎস্যবিশেষ।

গাংবেণা (দেশজ) নদীতীরাদি জাত বেণাতৃণবিশেষ।

গাংশালিক (দেশজ) শারিকা পক্ষিবিশেষ।

গাঁ (দেশজ) গ্রাম।

গাঁই (গ্রামী শব্দের অপভ্রংশ) আদিশূরের সময় ও পরে বঙ্গের কনোজাগত ব্রাহ্মণগণ যে যে গ্রামে বাস করেন, এক্ষণে সেই সেই গ্রামের নাম তাঁহাদের কৌলিক উপাধিরূপে পরিণত হইয়াছে, তাহারই নাম গাঁই। [গাঁঞি দেখ।]

গাঁইট (দেশজ) ১ গ্রন্থি, গিরা, গিঁট। ২ মোট, বস্তা।

গাঁইটকাটা (দেশজ) যাহারা গাঁট কাটিয়া টাকা পয়সা প্রভৃতি চুরি করে, চোরবিশেষ।

গাঁইটশূল (দেশজ) গ্রন্থিশূল, সন্ধিস্থানের বেদনাবিশেষ, গাঁট কামড়ানি।

গাঁইড় (দেশজ) ১ গা। ২ গুহ্যস্থান।

গাঁজন (দেশজ) দ্রবদ্রব্যের বিকৃতি করণ।

গাঁজলা (দেশজ) ফেনযুক্ত।

গাঁজা, স্বনামখ্যাত গাছ ও তাহার ফুল। (Cannabis Sativa বা Cannabis Indica) ইংরাজী Hemp, ফরাসী Chanvre, জর্ম্মণ Hanf, ইটালী Canape, রুষ Konoplia, স্পেনীয় Canamo, দিনা Hamp, হিন্দী ভাঙ্গ, কাশ্মীরী বঙ্গি, মহারাষ্ট্র ভাঙ্গাছা ঝাড়া, বঙ্গে সিদ্ধি, ভাঙ্গ, গাঁজা। সংস্কৃত পর্য্যায়—গঞ্জিকা, বজ্রদারু, ভঙ্গা, ভরিতা, গজাশন, গঞ্জাকিনী, মৎকুণারি, মাতুলী, মাতুলানী, মাদিনী, শক্রাশন, ত্রৈলোক্য-বিজয়া, ইন্দ্রাশন, জয়া। (শব্দচন্দ্রিকা।) বীরপত্রা, গঞ্জা, চপলা, অজয়া, আনন্দা, প্রকাশিনী, হর্ষিণী। ইহার গুণ—কটু, কষায়, উষ্ণ, তিক্ত, বাত ও কফনাশক, সংগ্রাহী, বলকর, মেধাবৃদ্ধিকারী, দীপন ও বাক্যবৃদ্ধিকর। (রাজনি°) ভাব-প্রকাশমতে ইহার গুণ—কফনাশক, তিক্ত, গ্রাহী, পাচক, লঘু, তীক্ষ্ণ, উষ্ণ, পিত্ত, মোহ, মত্ততা, বাক্য ও অগ্নিবৃদ্ধিকর।

রাজবল্লভ বলেন যে, সমুদ্রমন্থন সময়ে ইহা পীযূষরূপে উৎপন্ন হয়। বিজয় প্রদান করে বলিয়া ইহার একটী নাম বিজয়া হইয়াছে। ইহা সেবনে আতঙ্ক বিনাশ হয় এবং হর্ষ বাড়িয়া থাকে।

ইহা রসায়নবিশেষ। আর্য্য চিকিৎসকগণ অনেক ঔষধে ইহা ব্যবহার করেন।

বৃহৎসংহিতার মতে বিজয়া একটী মাঙ্গলিক পদার্থ। পুণ্যস্থানে বেদির কোণস্থিত কুম্ভে অপর মাঙ্গলিক দ্রব্যের সহিত ইহাও অর্পণ করিতে হয়। (বৃহৎসংহিতা ৩৮।৩৯)

সুশ্রুত সিদ্ধি বৃক্ষকে স্থাবর বিষের মধ্যে উল্লেখ করিয়াছেন; তাঁহার মতে ইহার মূলে বিষ থাকে। (সুশ্রুত কল্প ২ অঃ)

সুশ্রুতের মতে প্রতিশ্যায়রোগে ইহা সেবন করিবার বিধান আছে। (সুশ্রুত উত্তর ২৪ অঃ।) কটুকী, দ্রাক্ষা, মুথা ও ক্ষেত্রপর্পটীর সহিত ইহার ক্বাথ করিয়া সেবন করিলে পিত্তশ্লেষ্মা জ্বরে উপকার হয়। এদেশে অনেক দিন হইতে ইহা প্রচলিত। পাণিনির ৫।২।২৯ সূত্রের বার্ত্তিকে ও পাণিনির ৫।৫।৪ সূত্রে ইহার পর্য্যায়ান্তর ভঙ্গা শব্দের উল্লেখ আছে।

গাঁজায় ছারপোকা নষ্ট হয়। এই বিশ্বাসে ইহার নাম মৎকুণারি হইয়াছে। গ্রীক ঐতিহাসিক হিরোডোটাসের গ্রন্থেও কানাবিস্ নামের উল্লেখ আছে। য়ুরোপীয়গণ গাঁজা ও শণ গাছকে এক জাতীয় ধরিয়া উভয়কেই ক্যানাবিস বা হেম্প নামে অভিহিত করিয়াছেন। আমাদের দেশে গাঁজা শণ গাছ হইতে স্বতন্ত্র। হিরোডোটাস্ লিখিয়াছেন, সিথিয়গণ হেম্প বৃক্ষের বীজ শণের ভিতর পূরিয়া তাহাকে উত্তপ্ত পাথরের উপর রাখিয়া দিত। তাহা হইতে যে ধূম নির্গত হইত, তাহাই সেবনে সুখানুভব করিয়া তাহারা উল্লাসধ্বনি করিত। হাসানের আরবী গ্রন্থে লিখিত আছে যে, সেখ জাফর সিবানী নামে একজন ফকির মিসাবার পর্ব্বতে নির্জ্জনে উপাসনা করিতেন। তিনি একদিন বনের মধ্যে গাঞ্জার পাতা খাইয়া মহা আনন্দ বোধ করিয়া শিষ্যদিগকে তাহা দেখাইয়াছিলেন। মিসরে নেশার জন্য গাঁজার ব্যবহার আছে। সেখানকার গাঁজাখোরেরা গোজে নামক নল দিয়া হাসিসের (গাঁজার পত্র ও ঝুরি) ধূমপান করে।

সিদ্ধির নানাবিধ আচার ও মিষ্টান্ন প্রস্তুত হয়। এদেশেও গাঁজার ধূমপান, সিদ্ধিপান ও মাজন প্রস্তুত করিবার প্রথা আছে। বঙ্গদেশে দুর্গাপূজায় বিসর্জ্জনের পর হিন্দুমাত্রেই সিদ্ধিবাটা জলযোগে পান করে অথবা জিহ্বায় ঠেকায়। আজকাল হাঁপানি কাশি প্রভৃতি অনেক রোগে ইহার আরক বা চুরট প্রস্তুত হইয়া বিক্রীত হইতেছে।

আমরা যাহাকে সিদ্ধির গাছ বলি, তাহার ফুলকেই গাঁজা ও পত্রগুলিকে সিদ্ধি বলিয়া থাকে। গাছ ও ফুলের আঠাকে



(ক—পুংপুষ্প। খ—স্ত্রীপুষ্প। গ—গাঁজার জটা।)

চরস্ বলে। সকল পদার্থই মাদক। তবে গাঁজার মাদকতা সিদ্ধি ও চরসের মাদকতা হইতে ভিন্ন। আসল নির্য্যাসই গাঁজার মাদকতার মূল কারণ। গাঁজা ডাক্তারি চিকিৎসায় ঔষধরূপে ব্যবহৃত হয়। ইংরাজী ভৈষজ্যতত্ত্বে ইহা উত্তেজক, বেদনানিবারক, স্নিগ্ধকারক, অবসাদক, আক্ষেপক বা ধনুষ্টঙ্কাররোগনাশক, মাদক, মূত্রকারক ও প্রসবের সহকারী বলিয়া উক্ত হইয়াছে। এই জন্য ইহা ধনুষ্টঙ্কার, জলাতঙ্ক বা অলর্করোগ, কম্প, প্রলাপ, দড়কা, স্নায়বীয় বেদনা প্রভৃতিতে প্রয়োগ করিয়া সুফল প্রদান করিয়াছে। এতদ্ব্যতীত ওলাউঠা, অধিক রজঃ, জরায়ু হইতে রক্তস্রাব, বাতরোগ, হাঁপানি, হৃৎপিণ্ডের বৈলক্ষণ্য, ক্লেশকর চর্ম্মরোগ ও চুলকনা প্রভৃতি রোগে ইহার ব্যবহার হইয়া থাকে। প্রসবকালে জরায়ুর অবসাদ বশতঃ অধিকক্ষণ ব্যথা খাইলে ইহার প্রয়োগে উহাকে সঙ্কোচ করিয়া প্রসবের সহায়তা করে। ইহার সার (Extractum Canabis Indicæ) প্রস্তুতপ্রণালী এইরূপ। ৪ পাইণ্ট বিশুদ্ধ স্পিরিটে অর্দ্ধসের গাঁজার গুঁড়া মিশ্রিত করিয়া ৭ দিন ভিজাইয়া রাখিয়া তাহার পর তাহাতে চাপ দিয়া বা তাহা নিংড়াইয়া আরক বাহির করিতে হয়। ইহাকে চোঁয়াইয়া স্পিরিট উড়াইয়া দিলে এই ঔষধ প্রস্তুত হয়। অবস্থাবিশেষে অর্দ্ধ গ্রেণ হইতে দুই গ্রেণ পর্য্যন্ত ইহা রোগীকে দেওয়া যাইতে পারে। উহার এক আউন্স লইয়া এক পাইণ্ট বিশুদ্ধ স্পিরিটে মিশাইয়া দিলে টিঞ্চর (Tinctura Cannabis Indicæ) প্রস্তুত হয়। অবস্থানুসারে ৫ হইতে ২০ ফোঁটা পর্য্যন্ত ইহার প্রয়োগ হইতে পারে।

ডাক্তার ওসফ্‌নেসি সর্ব্বপ্রথমে গাঁজার গুণাগুণ অবগত হইয়া ইহাকে বিলাতী ঔষধে প্রয়োগ করেন। *

ইংরাজীতে হেম্প (Hemp) শব্দে শণ বা গাঁজা উভয়ই বুঝায়। এন্‌সাইক্লোপিডিয়া বৃটানিকা প্রভৃতি গ্রন্থেও এই গোল দৃষ্ট হয়। দুই বৃক্ষ এক জাতীয় হইলেও গাঁজা গাছের আকারে একটু বিশেষত্ব আছে। গাঁজা গাছে কাষ্ঠের ভাগ অধিক। ইহা শণ বৃক্ষ অপেক্ষা স্থূল। ডাঁটা সরল, নিম্নদেশ বিস্তৃত, ঊর্দ্ধদেশ সরু। উচ্চে সচরাচর ৪ হস্ত, কখন ৬ হস্ত পর্য্যন্ত হয়। উচ্চ পত্রগুলি ঘোর সবুজ, ফুলগুলি শাদা, তাহাতে সবুজের আভা দেখা যায়। ইহার শিকড় শাদা মধ্যস্থলে মোটা, দুই দিক্ সরু। তাহাতে অনেক রেশ বা আঁশ আছে। গুঁড়ি সরল, ঊর্দ্ধগ, ও তাহার পরিধি ৬ হইতে ৮ ইঞ্চি পর্য্যন্ত হইবে। তলদেশ হইতে শাখাগুলি কখন জড়িত ভাবে কখন বা স্বতন্ত্র ভাবে ছড়াইয়া পড়ে। সকল স্থানেই রোঁয়া সংযুক্ত। ডালের ভিতর এক প্রকার কোমল শ্বেত মজ্জা বা শস্য পরিপূর্ণ থাকে। এই মজ্জার উপর বুদ্বুদ বিশিষ্ট একটী সূক্ষ্ম ভঙ্গপ্রবণ আবরণ আছে। ইহার উপরেই ছাল, লম্বা লম্বা আঁসে এই ছাল নির্ম্মিত; সেগুলি সমান্তরাল ভাবে অবস্থিত। পত্রগুলি একটী সরুডালের উভয় পার্শ্বে বর্দ্ধিত। পাতা গোড়ার দিক্ হইতে মোটা হইয়া ক্রমে সূচ্যগ্রবৎ সরু। পত্রের পার্শ্বদেশ করাতের ন্যায় কাটা কাটা। পত্র যেখানে বাহির হয়, তথায় হয়ত ৫।৭টী একত্র দেখা যায়। ইহার ফুল কতক পুরুষজাতীয় ও কতক স্ত্রীজাতীয়। পুরুষজাতীয় ফুল স্বতন্ত্র গাছে হয়। সেগুলি এক এক থোবা একত্র জন্মিয়া থাকে ও প্রায়ই অধিক নত হয়। তাহার গোড়ায় নূতন নূতন কুড়ি ধরিতে থাকে। পরিব্যাপ্ত পাঁচকোণা। এ গুলিতে নেশা হয় না বলিয়া এদেশীয় কৃষকেরা ফেলিয়া দেয়। ইহার ফুলগুলি গুচ্ছ বান্ধিয়া সোজা হইয়া উঠে। তাহার মধ্যে ডিম্বকোষ। ডিম্বকোষটী অর্দ্ধ গোলাকার। তাহাতে একটী মাত্র উদ্ভিদ্ ভ্রূণ থাকিতে পারে। ফুলে বীজ বড় হইলেই গাছটী মরিয়া যায়।

স্ত্রীজাতীয় পুষ্পই এদেশে নেশার জন্য গাঁজারূপে ব্যবহৃত হয়। কিন্তু চাষী লোকেরা এই গুলিকেই মদ্দা বা পুংজাতীয় বলিয়া জানে। এই বিশ্বাসে তাহারা প্রকৃত পুংপুষ্পগুলি ক্ষেত্র হইতে বাছিয়া লইয়া ফেলিয়া দেয়। পুংপুষ্প হইলে ভাল মাদক দ্রব্য হয় না। বীজে পরিপূর্ণ হইয়া যায়।

রয়েল সাহেব বলেন যে, এক গাছে দুই জাতীয় ফুলই ফুটিয়া থাকে। কিন্তু সে অনুমানও ঠিক নহে। প্রথম অবস্থায় কোন কোন গাছ পুংজাতীয় তাহা নির্ণয় করা বড় কঠিন। তবে যাহারা উহার চাষ করে, তাহারাই কেবল বুঝিতে পারে।

গাঁজার মধ্যে রজনের মত একপ্রকার চট্‌চটিয়া দ্রব্য থাকে, তাহাতেও বেশ নেশা হয়, এই আঠা কখন কখন স্বতন্ত্রভাবে বাহির হইয়া থাকে। ইহাই "চরস্" নামে অভিহিত। এ দেশের গাছে এই আঠা অল্পই বাহির হয়। কিন্তু হিমালয়-প্রদেশে গ্রীষ্মকালে প্রচুর পরিমাণে পাওয়া যায়। চরসেরও মাদকতাশক্তি যথেষ্ট, গাঁজার মত ধূম টানিয়া নেসাখোরেরা চরস্ খায়। এ দেশে গাঁজাগাছে ফুলের ভিতর চরস্ থাকে। কিন্তু পুষ্পের মধ্যে ডিম্বকোষের ভিতর বীজ পড়িয়া গর্ভসঞ্চার হইলে এই রস আর থাকে না। এই জন্যই কৃষকেরা গর্ভনিবারণ করিবার এত চেষ্টা করে। স্ত্রী ও পুরুষ উভয়জাতীয় বৃক্ষও আছে। তাহাতে অধিক পত্র হইয়া বৃক্ষটী ঝুপি হইয়া উঠে। তাহাতে ফুল হয় না। এ শ্রেণীর বৃক্ষ থাকিলে গাঁজার চাষের কোন অনিষ্ট হয় না। ইহাদিগকে খাসিয়া বলে।

প্রায় যেখানে সেখানে গাঁজা গাছ সকল সময়েই জন্মিয়া থাকে। তবে যাহারা ইহার চাষ দেয়, তাহারা আশ্বিন বা কার্ত্তিক মাসে ইহার বীজ বপন করে। পৌষ মাঘ মাসে গাছে ফুল ধরিতে থাকে।

যে জমিতে কোন বড় গাছের ছায়া পড়ে, সেই জমি গাঁজাগাছের উপযোগী নহে।

মাঘ বা ফাল্গুন মাসেই গাঁজার ভূমি কর্ষণ করিতে হয়। কোন কোন স্থানে কিছু পরেও হইয়া থাকে। তাহার পর তিন চারিদিন অন্তর একটা জমি অন্ততঃ চারিবার কর্ষণ করা আবশ্যক। জমিতে কোনপ্রকার গাছ গাছড়া থাকিবে না। ভাল পরিষ্কার করা চাই। নিম্ন ভূমি হইতে নূতন মাটি আনিয়া তাহাতে এক হস্ত বা দুই হস্ত অন্তর এক এক ঝুড়ি ছড়াইয়া দেওয়া হয়। ইহাকে "বড়কোটা" বলে।

কিছুদিন পরে ক্ষেত্রের পার্শ্ব হইতে কোদাল দিয়া ঘাসের চাপড়া ও অন্যান্য গাছ গাছড়া কাটিয়া লইয়া ক্ষেত্র মধ্যে ফেলিয়া দিতে হয়। ইহাকে "চালিকাটা" বলে। পরে নিকটস্থ জমি হইতে মাটি লইয়া আইল উচ্চ করিয়া দিতে হয়। ইহাকে "পগারবান্ধা" বলে। সময় সময় গোবরের সার ও তাহার পর মই দিতে হয়। তাহাতে চাপড়া মাটি ভাঙ্গিয়া যায় ও ঘাস জন্মিতে পারে না।

বৃষ্টির জলবাহির করিয়া দিবার জন্য নালি কাটিয়া দেওয়া হয়, তাহাকে ভমর বলে। গোবরাদির সার জমা করিয়া ভাদ্র মাসে জমিতে ছড়াইয়া দেয়। আশ্বিন মাসে আকাশ পরিষ্কার

* Johnwarings Pharmacopaeia of India p 464.

থাকিলে আর একবার লাঙ্গল ও মই দিয়া ভাল করিয়া আল দিতে হয়।

এক দিকে ক্ষেত্রটী বপনোপযোগী অপর দিকে বীজগুলি স্থানান্তরে অঙ্কুরিত হইতে থাকে। জমি প্রস্তুত হইলে ঐ বীজগুলি ক্ষেত্রে রোপণ করিতে হয়। বীজ তৈয়ার করিতে প্রায় দেড় মাস লাগে। তখন চারাগুলি ৮ অঙ্গুলি হইতে ২০ অঙ্গুল পর্য্যন্ত বাড়িয়া উঠে। বীজের মধ্যে যেগুলি ছোট থাকে, সেগুলি না বাড়িলে রোপিত হয় না। অপেক্ষাকৃত ছোট চারাগুলি উচ্চ শুষ্ক ভূমিতে ও বড় চারাগুলি আর্দ্র নিম্নভূমিতে রোপিত হয়। ১০।১২ অঙ্গুলি অন্তর এক একটী গাছ রাখা হয়। আশ্বিন মাসের ৮।১০ দিনের মধ্যে এই বপন কার্য্য না করিলে ভাল জন্মিতে পারে না। বপনের পর দুই তিন দিনের মধ্যে জল না হইলেই ভাল। জল হইলে গোড়া আল্গা হয়, গাছও শেষে মরিয়া যায়। তাহা হইলে আবার নূতন বীজ আনিয়া বপন করিতে হয়।

যে স্থানে বীজ প্রস্তুত হয়, তাহার পাট স্বতন্ত্র। দুই এক পসলা বৃষ্টির পর জ্যৈষ্ঠ মাস হইতে আরম্ভ করিয়া ভাদ্র মাস পর্য্যন্ত তাহাতে ৩।৪ বার লাঙ্গল দেয়। পরে মই দিয়া জমি পরিষ্কার করিয়া খুব গুঁড়া মাটি দিয়া রৌদ্রের সময় বীজ পুতিয়া ফেলে, তাহার উপর মই দিয়া মাটি চাপা দেয়। বৃষ্টির জল বাহির হইবার জন্য পার্শ্বে নালি করিয়া দিতে হয়। এক কাঠা জমিতে প্রায় /৪।৬ সের বীজ প্রস্তুত হয়। সেই বীজ এক বিঘা জমিতে রোপিত হইতে পারে। ক্ষেত্রে বীজ রোপিত হইবার ৪ দিন পরেই তাহাতে অঙ্কুর গজায়। ৬।৭ দিন পরে সেগুলি সবুজ বর্ণ পত্রাকার ধারণ করে।

যে জমিতে মুথা জন্মে, তাহাতে বীজ ভাল হয়। অঙ্কুরিত হইবার সময় বৃষ্টি পাইলে বীজ নষ্ট হইয়া যায়। ক্ষেত্রটী খোলা স্থানে হওয়া আবশ্যক। তাহাতে ঘাস জন্মিলে উপকার বই অপকার নাই। এক এক ক্ষেত্রে ৪।৫ বৎসর বীজ প্রস্তুত হইতে পারে।

রোপণক্ষেত্রের যেখানে যেখানে মৃত্তিকা উচ্চ করিয়া দেওয়া হইয়াছে, তাহাতে অঙ্কুর রোপিত হয়। রোপণের ৩।৪ সপ্তাহ পরে আশ্বিনের শেষ বা কার্ত্তিকের প্রারম্ভে গাছের গোড়া ব্যতীত স্থলির অপর অংশগুলি কাটিয়া দিতে হয়। তাহার পর গাছের গোড়ায় খইল বা খইলে গোবরে মিশাইয়া দেয়। পরে স্থলি অর্থাৎ মাটি উচ্চ করিতে হয়। অগ্রহায়ণ মাসের প্রারম্ভে গাছের নিম্ন দিকের ২।৩টী করিয়া ডাল ভাঙ্গিয়া অথবা কাটিয়া দিতে হয়। ইহাকে ঝোড়া বা বিষপাতা ভাঙ্গা বলে। এরূপ করিলে গাছের তেজ ঊর্দ্ধগামী হয়। তৎপরে স্থলির মধ্যস্থিত নিম্নভূমি লাঙ্গল দিয়া কর্ষণ করিতে হয়।

অগ্রহায়ণ মাসের ১০।১২ই, কখন বা তাহার পূর্ব্বে গাঁজার পরীক্ষক আসে। তাহাকে পোদ্দার বা পরখ্‌দার বলে। পরখদারকে দুই তিন বার পরীক্ষা করিতে হয়। সে প্রত্যূষে সূর্য্যোদয়ের পূর্ব্বে পুষ্পগুলির পরীক্ষা করে। তাহার যেগুলি মাদি বলিয়া বোধ হয়, সেইগুলির বৃন্ত ভাঙ্গিয়া দিয়া আসে। পরে কৃষক আসিয়া সেইগুলি উপাড়িয়া ফেলে। এইরূপ পরীক্ষা অগ্রহায়ণ মাসে তিনবার ও পৌষ মাসে একবার হইয়া থাকে। ইহাকে বাছাই করা বলে। তথাপি মাদি (প্রকৃত মদ্দা) গাছ একেবারে নষ্ট হয় না। অনেক গাছ থাকিয়া যায়। বাছাই হইয়া গেলে কৃষকেরা নিজে গাছগুলি একবার দেখিয়া যায়। যেখানে যে যে পত্র হরিদ্রা বর্ণ হইয়াছে, সেইগুলি ভাঙ্গিয়া ফেলিয়া দেয়। এই সময় যেখানে গাছ ঘন থাকে, সেখান হইতে দুই একটী গাছ উঠাইয়া লইয়া যেখানে স্থান হইয়াছে, সেইখানে মাদিগাছ পুতিয়া দিতে হয়। রোপিত হইলে ভূমির অবস্থা দেখিয়া সমস্ত ক্ষেত্রে অগ্রহায়ণ মাসে একবার ও পৌষমাসে একবার এই দুইবার জল সিঞ্চন করিতে হয়। পরে পৌষমাসের শেষ অথবা মাঘমাসের প্রারম্ভে গাছে ফুল ধরিতে আরম্ভ হয়। মাঘমাসের মাঝামাঝি ফুলগুলি পরিপূর্ণ হইয়া উঠে। ফুল যত পরিপক্ক হইতে থাকে, তত কটা বর্ণ হয়। তাহাদিগকে তখন খুচরা বা ভুয়া বলিয়া থাকে। পুংজাতীয় গাঁজার ফুলকে "ফুল" বলে। মাঘমাসের শেষ বা ফাল্গুন মাসের প্রথমে গাঁজার গাছ কাটা হয়।

গাঁজা দুই প্রকার। একপ্রকার চেপ্টা ও অপর প্রকার গোলাকার। চেপ্টা গাঁজা প্রস্তুত করিবার জন্য একটী ঘাসযুক্ত জমি পরিষ্কার করিতে হয়। তাহাকে চাতর বলে। বেলা ৯টার সময় গাঁজার জটাগুলি কাটিয়া আনিতে হয়। অর্থাৎ দেখিতে হয় যেন প্রাতঃকালের শিশির না লাগে। যেগুলি বেশ পূর্ণতা লাভ করিয়াছে, সেইগুলি প্রথমতঃ কাটিয়া আনিয়া ঘাসের উপর বেলা একটা বা দুইটা পর্য্যন্ত শুকাইতে হয়। তাহার পর এক চাতরে বসিয়া ফুলের দিকে ১ হাত ৫ পোয়া রাখিয়া গাছের বাকিটা কাটিয়া ফেলিয়া দেয়। সেই সঙ্গে যে সকল ডালে ফুল ধরে নাই, সেইগুলি ছাঁটিয়া ফেলে। পরে সেইগুলি সমস্ত রাত্রি শিশিরে রাখে। কোথাও কোথাও শিশির খাওয়ান হইলে পর ছাঁটা হইয়া থাকে।

পর দিবস বেলা দুই তিনটার সময় সেইগুলিকে বাণ্ডিল বাঁধা হয়। স্থূলত্ব অনুসারে এক এক বাণ্ডিলে কখন ও তিন চারিটী, কখন ৮টী বা দশটী করিয়া ফুল থাকে। এইরূপ বাঁধা হইলে একটী দরমা পাতিয়া তাহার উপর সেই বাণ্ডিলগুলি (ফুলের মাথার দিক্ পরস্পর মুখামুখি করিয়া) গোলাকারে সাজান হয়। একটীর গায়ে অপর একটী রাখিয়া দেওয়া হয়। তাহার পর ৪।৫ জন লোক গলা ধরাধরি করিয়া পা দিয়া সেইগুলি মাড়াইতে থাকে। বাম পায়ে চাপিয়া ধরে ও দক্ষিণ পা তুলিয়া জোরে আঘাত করিতে থাকে। অল্পক্ষণ এইরূপ করিলেই গাঁজাগুলি চেপ্টা হইয়া যায়। তাহার পর আবার আর এক বাণ্ডিল আনিয়া তাহার উপর আবার রাখিয়া দেওয়া হয় ও সেইরূপ করিয়া মাড়ান হয়। তাহার উপর মাদুর ঢাকা দিয়া দুই তিন জন লোক তাহার উপর বসে। ইহাকে জাগ দেওয়া বলে। জাগ দিলে ফুল তৎসংলগ্ন আঠাবৎ নির্য্যাসে জমাট বাধিয়া যায়; পত্র ও বীজগুলি বিচ্ছিন্ন হয়। তখন আর একখানি মাদুর বিছাইয়া দুই হস্তে দুইটী বাণ্ডিল লইয়া পরস্পরে আঘাত করিতে থাকে। তাহাতে বীজ ও পত্রগুলি ঝরিয়া পড়িলে জটাগুলি স্বতন্ত্র একটী চেটায় গোলাকারে সাজাইয়া রাখে। তাহাতে পূর্ব্বে যে জটাগুলি উপরে ছিল, সেগুলি নিম্নে পড়ে ও যেগুলি উপরে ছিল সেগুলি সর্ব্বনিম্নে থাকে। এইরূপ সাজান হইলে আবার মাড়ান ও আবার জাগ দেওয়া হয়। দুই তিনবার এইরূপ করিয়া জটাগুলি স্বতন্ত্র করিয়া রাখে। তখন বীজ ও পত্রগুলি অঞ্জলি পূরিয়া লইয়া কৃষক দণ্ডায়মান হইয়া অল্প অল্প করিয়া ছাড়িয়া দেয়। তাহাতে বীজগুলি নীচে পড়ে ও পাতাগুলি উড়িয়া যায়। কৃষকেরা সেই বীজসংগ্রহ করিয়া পর বৎসরের জন্য রাখিয়া দেয়। তাহার পর একখানি চেটাই বিছাইয়া কৃষকগণ তাহার উপর দাঁড়াইয়া বামপদে জটাগুলি চাপিয়া ধরে ও দক্ষিণ পা দিয়া নিম্ন দিক্ হইতে উপর দিক্ পর্য্যন্ত পিষিয়া আবার ঝাড়িয়া স্বতন্ত্র করিয়া রাখে। এইরূপ কএকবার করিয়া ঘাসের উপর চেটাই চাপা দেয়, পর দিবস আসিয়া জড়িত অংশগুলি স্বতন্ত্র করিয়া দেয়। ইহাকে জোড়াভাঙ্গা বলে। দুই তিন দিন এইরূপ করিবার পর সেগুলি রৌদ্রে দেওয়া হয়। আবার বীজ ও শুষ্ক পত্র সংগৃহীত হয়। তাহাকে খোঁচা বলে। তাহার পর গাঁজার গুচ্ছগুলি স্বতন্ত্র রাখিয়া আবার মাড়ান হয়। ইহাকে পাটিভাঙ্গা বলে। পাটিভাঙ্গা হইলে পাতাগুলি ১০টী করিয়া এক এক বাণ্ডিল বান্ধা হয়। কৃষক তখন সেইগুলিকে বাড়ী লইয়া গিয়া রৌদ্রে দুই একদিন শুকাইয়া গৃহের ভিতর বাঁসের মাচায় তুলিয়া রাখে।

গোল গাঁজা প্রস্তুত করিবার প্রণালীও ঐরূপ। সেগুলিও কাটিয়া আনিয়া তাড়া বান্ধিয়া চাতরে রৌদ্রে রাখিয়া দেয়। রাত্রেও শিশির খাওয়ান হয়। পর দিবস যেগুলিতে বড় বড় ফুল হইয়াছে, সেইগুলিকে কাটিয়া কোনটা ৩ খণ্ড, কোনটা ৪ খণ্ড, কোনটা বা ৫ খণ্ড করা হয়। আর যে যে গাছে ফুল হয় নাই সেগুলি পরিত্যক্ত হয়। চেপ্টা গাঁজা অপেক্ষা ইহাতে আরও অধিক বাছাই করা আবশ্যক। ইহার মনোনীত ফুলগুলি রৌদ্রে শুকাইতে দেওয়া হয়। অপরাহ্ণে সারি সারি দুই চারিটী খোটা পুতিয়া আড়ে আড়ে বাঁশ বাঁধিয়া তাহার দুইপার্শ্বে দুইখানি মাদুর বা চেটাই পাতে ও তাহাতে গাঁজাগুলি দুইভাগে সারি সারি করিয়া সাজাইয়া দিতে হয়। ১০।১২ জন লোক খোটার দুইপার্শ্বে দাঁড়াইয়া গাঁজাগুলিকে পায়ের চাপ দিয়া রগড়াইয়া গোল করিয়া ফেলে। ইহাকে "একমালাই" বলে। ছোট ছোট বাণ্ডিলগুলি হস্ত দিয়া পাকান হয়। এইরূপে ফুলগুলি গোলাকার হইলে এক একটী স্বতন্ত্রভাবে রৌদ্রে শুকাইতে হয়। খানিক পরে তাহাদিগকে লইয়া পুনরায় ঐরূপে "দোমালাই" করা হয়। মধ্যে মধ্যে হাত দিয়া পাকাইতে হয়। ইহাকে "হাতমুটা" বলে। পর দিবস আবার শুকাইয়া আবার ঐরূপ করিতে হয়। তাহার পর অতি সাবধানে কৌশলপূর্ব্বক "আঁটি" বান্ধিয়া রাখিতে হয়। ইহাকে "সরবাঁধা" বলে। আঁটিগুলির উপর নিম্নদিকে দড়ি দিয়া দৃঢ়রূপে বাঁধিতে হয়। পর দিবস রৌদ্রে শুকাইয়া কৃষকেরা বাণ্ডিল লইয়া বসিয়া হস্তদ্বারা পাক দিতে থাকে, এই সময় কতক কতক গাঁজা ভাঙ্গিয়া পড়িয়া যায়। সেগুলির নাম "চুড়", তাহা স্বতন্ত্র বিক্রয় হয়। মধ্যে মধ্যে অঙ্গুলি দিয়া বা চাপড় দিয়া ফুলের সঙ্গে যে সকল শুষ্ক পত্র থাকে, তাহা ঝাড়িয়া দেওয়া হয়। তাহার পর ফুলের দিকে ঢাকা দিয়া বোঁটায় রৌদ্র খাওয়ান হয়। এইরূপ প্রস্তুত হইলে সেগুলি মাচায় তুলিয়া রাখে। পরে বস্তাবন্দি করিয়া তাহার উপর খড় জড়াইয়া দেয়।

গাঁজা প্রস্তুত করিতে রৌদ্রের বিশেষ আবশ্যক, রৌদ্র না থাকিলে অগ্নিতে শুকাইয়া লইলেও চলে। গাঁজা নানা প্রকারে নষ্ট হইতে পারে। অসময়ে বৃষ্টি হইয়া গাছের উপর কাদা মাটি লাগিলে গাছ নষ্ট হইয়া যায়। বৃষ্টিতে হিরকাটি নামক এক প্রকার পোকা জন্মে,

উহারা ফুল ও কোরক কাটিয়া ফেলে। সিঁদলে পোকা নামক আর এক প্রকার ঘুণের মত পোকা আছে, ইহারাও গাছ নষ্ট করে। গাছে কাল কাল দাগ হইলে বুঝা যায় যে সিঁদলে পোকা ধরিয়াছে। এতদ্ব্যতীত "খড়খড়ি" নামক এক প্রকার রোগ আছে। এই রোগ হইলে গাছ শুকাইয়া যায়। "গরজালি" নামে আর এক প্রকার রোগ আছে, তাহাতে পাতা ও ডাটাগুলি হরিদ্রাবর্ণ হইয়া গাছটী মরিয়া যায়।

গাঁজার চাসের খরচা এদেশে এইরূপ ধরা হইয়া থাকে।

ক্ষেত্রে নূতন মাটি আনিতে	...	৪৲
খইল ...	...	৫৲
পোদ্দার বা পরখদার	...	৩৷৵০
জলসিঞ্চন ...	...	৬৲
জমির খাজনা ...	...	৩৷৷০
	মোট	২১৷৵০

ইহার উপর চাষীর নিজের খরচ, চাকরের খরচ, লাঙ্গল ভাড়া, গোবর ক্রয় ইত্যাদি ধরিলে বিঘাপ্রতি ৫০৷৬০৲ টাকার কম নহে। তাহার পর গাঁজা কাটিয়া গোল বা চেপ্টা গাঁজা তৈয়ার করিতে মণকরা কৃষকদিগের ৩৷৷০ টাকা ও ব্যাপারীদিগের ৪৲ টাকা করিয়া পড়ে। চেপ্টা অপেক্ষা গোল গাঁজা-প্রস্তুতের খরচ কিছু অধিক।

বঙ্গদেশে রাজসাহী, বগুড়া, বীরভূম, বর্দ্ধমান, পাটনা, ভাগলপুর, মুঙ্গের, আরা, শাহাবাদ, শারণ, চম্পারণ ও উড়িষ্যার গড়জাতমহলে প্রধানতঃ গাঁজার চাষ হইয়া থাকে। ১৮৮৩-৮৪ খৃষ্টাব্দে ১৯৭৩ জন গাঁজা প্রস্তুত করিয়াছিল। সে বৎসর ৮৯৮২ মণ গাঁজা উৎপন্ন হয়। আসামের উপত্যকা ভূমিতে, কাছাড়ে এবং মধ্যভারতেও চাষ হইয়া থাকে। উত্তরপশ্চিমে গাঁজার চাষ নিষিদ্ধ, তবে তথায় ভাঙ্গ বা সিদ্ধির চাসে দোষ নাই। হিমালয়ের নিকট গড়বালে যথেষ্ট চরস্ উৎপন্ন হয়। হিমালয়ের নিকট প্রদেশে অনেক লোক গাঁজার বীজগুলি ভাজিয়া খায়। আসামের ভাঙ্গ হইতে এক পানীয় প্রস্তুত হয়, তাহাকে গুণ্টা বলে। উত্তরপশ্চিমে পত্তর নামক একপ্রকার গাঁজা বিক্রয় হয়। উহা ইন্দোর হইতে আসে। বঙ্গের গাঁজা তথায় বিলুচর নামে বিক্রয় হয়। বোম্বাইয়ের আহ্মদনগর, সাতারা, শোলাপুর ও পুণায় গাঁজার চাষ আছে। পঞ্জাবে গাঁজা হয় না বিদেশ হইতে আমদানী হয়। মান্দ্রাজের আরকট, গঞ্জাম, মহিসুর, মলবার, তাঞ্জোর, বেল্লুর, সালেম প্রভৃতি প্রদেশে গাঁজার বিলক্ষণ চাষ হইয়া থাকে।

পূর্ব্বে সকলে অবাধে গাঁজার চাষ করিতে পারিত। কিন্তু ১৮৭৬ খৃষ্টাব্দে নূতন ১০ আইন হওয়ায় গবর্মেণ্টের অনুমতি ব্যতীত আর কেহ গাঁজার চাষ করিতে পারে না। ১৮৭৫।৭৬ খৃষ্টাব্দে এদেশে গাঁজা বড় কম হয়। কিন্তু সেই বৎসর গাঁজা বিক্রয়ের অনুমতি নিলামডাকে বিলি হওয়ায় উৎপন্ন কম হইলেও রাজস্ব ৬২,১৭১৲ টাকা বাড়িয়াছিল। সেই সময় বঙ্গের লেফ্‌টেনেণ্ট গবর্ণর সার রিচার্ড টেম্পল সাহেব গাঁজার উৎপত্তি সম্বন্ধে তদারক করেন ও খরিদ্দারের নিকট শুল্ক আদায় করিতে ইচ্ছা করেন। গাঁজা চাষ করিবার পূর্ব্বে জেলার কালেক্টরের নিকট হইতে লাইসেন আনিতে হয়। মাঘ মাসে আবার সেই লাইসেন দেখাইয়া ক্ষেত্র হইতে গাঁজা উঠাইবার অনুমতি লইতে হয়। গাঁজা প্রস্তুত হইলে তাহা কৃষকের বাড়ীতে না রাখিয়া সরকারি গোলায় আনিয়া রাখিতে হয়। সরকারী গোলাদার অধিকারীদিগকে স্বতন্ত্র স্বতন্ত্র রসিদ দেন ও ভিন্ন ভিন্ন অধিকারীর দ্রব্য স্বতন্ত্র টিকিট লাগাইয়া রাখিয়া দেন। যে পরিমাণ গাঁজার জন্য অনুমতি লওয়া হয়, তদপেক্ষা কম হইলে তাহার কারণানুসন্ধান হইয়া থাকে। গোলা হইতে খরিদদারে লইয়া যায়। দালালদিগকেও লাইসেন লইতে হয়। গোলায় রাখিবার জন্য অধিকারীদিগকে মাসুল দিতে হয়। কখন কখন ক্ষেত্র হইতেই গাঁজা বিক্রয় হইয়া যায়। গোলাতে গাঁজা দুই বৎসরের পুরাতন হইলেই বিক্রয় করিয়া ফেলা হয়। গাঁজার উপর শুল্ক ও লাইসেনের জন্য গবর্মেণ্টের বিলক্ষণ আয় হয়। এই জন্যই গাঁজার মূল্য সময়ে সময়ে বৃদ্ধি হইয়া পড়ে। বঙ্গদেশের এইরূপ অন্যান্য বিভাগের জন্য স্বতন্ত্র ব্যবস্থা আছে। যেখানে গাঁজা জন্মে না, বাহির হইতে আমদানী হয়, তথায় গাঁজার ডাক ও লাইসেন মাত্র আদায় হইয়া থাকে। ১৮৯০ খৃষ্টাব্দে বঙ্গদেশে ২৪৮৮ বিঘা ভূমিতে গাঁজার চাষ হইয়াছিল। তাহাতে ২৪৮০ জন লোক নিযুক্ত ছিল এবং ৮০২১ মণ গাঁজা উৎপন্ন হইয়াছিল। এক এক মণ গাঁজা ১৫৲ হইতে ৪৫৲ টাকা পর্য্যন্ত মূল্যে বিক্রয় হয়। ঐ বৎসর বঙ্গে ২৮১৯ খানি গাঁজার দোকান ছিল। ঐ সকল দোকান হইতে ৬১০১ মণ গাঁজা বিক্রয় হইয়াছে।

গাঁজাখোরেরা বাম হস্তে গাঁজা লইয়া দক্ষিণহস্তের বৃদ্ধাঙ্গুলি দিয়া উত্তমরূপ মলিয়া থাকে, তাহাতে গাঁজা আঠায় সংলগ্ন হইয়া জমাট হইয়া যায়। তখন দোক্তা মিশাইয়া উহাকে কোন কঠিন স্থানে রাখিয়া ছুরি দিয়া কুচি কুচি করিয়া কাটিয়া লয়। তাহার পর কলিকাতে ঠিকরা দিয়া তাহার উপর অল্প পরিমাণ তামাকু দেয়। উহাকে তই বলে। তাহার উপর ঐ কর্ত্তিত গাঁজা সাজিয়া আগুন দিয়া টানিয়া খায়।

অনতিবিলম্বেই নেশা হয়। নেশা হইলে চক্ষু রক্তবর্ণ ও ছোট হয়, মস্তক যেন ঘুরিতে থাকে। তুরুস্কে ভিন্ন প্রকারে গাঁজা খায়। তথায় ইহাকে হাসিস্ বলে। ডাক্তার পোল্লি একবার নিজে হাসিসের আরক খাইয়া ও দুইটী বন্ধুকে খাওয়াইয়া তাহার ফলাফল পরীক্ষা করেন। তিন জনে ৭ গ্রেণ করিয়া ঐ আরক তামাক সংযোগে নল দিয়া ধূম টানিয়া ছিলেন। অর্দ্ধ ঘণ্টায় কোন নেশা হইলনা দেখিয়া কএক মিনিট পরে আবার দুইবার সেবন করিলেন। টানা হইতে না হইতে একজন একটা ফরাসী কথা লইয়া নানা প্রকার অকারণ উপহাস করিতে লাগিলেন, তাহার পর কাফি পাত্রে চামচা দিয়া অকারণে ঠেকাঠেকি করিতে আরম্ভ করিলেন। এক ঘণ্টা পরে ক্রমে তাঁহারা দেখিলেন, তাহারা যেন পরের বশ হইয়াছেন। নিজের ইচ্ছামত আর কোন কাজ করিতে পারেন না। সকলেই শুনিতেছেন, সকলি দেখিতেছেন কিন্তু যেন কে শুনিতেছে কে দেখিতেছে, এইরূপ বোধ হইতে লাগিল। তাহার পর কখন হাত নাড়েন, কখন পা নাড়েন, কখন লম্ফ ঝম্প করিতে থাকেন। একজন মত্ত হইয়া অকারণে কাঁদিয়া ফেলিলেন। কেহ বা অকারণে হাসিতে লাগিলেন। কাহারও স্মৃতি লোপ হইল। ডাক্তার সাহেব এই মানসিক অবস্থাকে সমুদ্রের তরঙ্গের সহিত তুলনা করিয়াছেন। অনেকক্ষণ পরে ডাক্তারদিগের নেশা ছোটে। একজনের নেশা ছুটিতে ৩৬ ঘণ্টা লাগিয়াছিল। ১৮৬২ সালে আবগারি নামক ত্রৈমাসিক পত্রে এই বৃত্তান্ত লিখিত হইয়াছে।

এ দেশে সিদ্ধি খাইয়া অনেকের উপরোক্ত রূপ অবস্থা হইতে দেখা গিয়াছে। গাঁজা খাইলে শীতে শৈত্যানুভব হয় না; রৌদ্রের তাপ লাগে না, মানুষ এক অবস্থায় অনেকক্ষণ থাকিতে পারে। এই জন্য এ দেশের সন্ন্যাসিগণ গাঁজা সেবন করিয়া উলঙ্গাবস্থায় থাকিতে কোন কষ্ট বোধ করে না। ভারতবর্ষে গাঁজার ধূমপান বহুদিন হইতে চলিত আছে। গাঁজা খাইলে মানসিক অবস্থা কিরূপ হয়, তাহা ধূর্ত্তসমাগম নামক সংস্কৃত প্রহসনে এইরূপ লিখিত আছে—

"কৌলিকাদাকৃষ্য গঞ্জাকিনীং দদাতি। মূলনাশকং স গৌরবং গৃহীত্বা স প্রমোদং আঘ্রায়।...অসজ্জাতিমিশ্রঃ সবেদনং—

'দলতি হৃদয়মেতন্মোহমভ্যেতি চেতঃ।
স্ফুটতি সকলদেহে কীকসগ্রন্থিসন্ধিঃ॥
বিরম বিরম শিল্পান্মূলনাশতমস্মাৎ।
শিব শিব শিব সদ্যো জীবনং কুট্যতীব॥' ইতি মোহমুপাগতঃ।"

সিবিল সার্জ্জন ডি বসু বলেন, "গাঁজা অধিকদিন সেবন করিলে লোকে উন্মাদ হইয়া যায়।" একবার মাত্র সেবনে উন্মাদ হইয়া যাওয়ার কথাও শুনা গিয়াছে। গাঁজা হইতে যে সকল অনিষ্ট হয়, তাহা নিবারণ করিবার জন্য অনেকে সচেষ্ট হইয়াছেন। এ দেশের গবর্মেণ্ট নিজহস্তে মাদকদ্রব্যব্যবসার বন্দোবস্ত করেন, তাহাতে অনেক রাজস্ব আদায় হয়। লোকের সম্মুখে নেশার দ্রব্য আনিয়া গবর্মেণ্ট লোককে গাঁজাখোর করিতেছেন। লোকে তাহাতে উৎসন্ন যাইতেছে। এই অনিষ্ট নিবারণ করাই মাদকনিবারণীসমিতির উদ্দেশ্য।

২ বিকৃতদুগ্ধবিশেষ।

"চূণে পাণে খয়ের করিবা তার খার।
কাল গোরুর গাঁজা আন ঔষধের সার॥" (কবিকঙ্কণ।)

গাঁজাখোর (দেশজ) যে অধিক গাঁজা খায়।

গাঁঞি (গ্রামিন্ শব্দজ) বারেন্দ্র ও রাঢ়ীশ্রেণীর ব্রাহ্মণ প্রভৃতির পৃথক্ করিবার উপাধিবিশেষ। পূর্ব্বে যাঁহারা যে গ্রামে বাস করিতেন, তাহাদিগকে সেই গ্রামী নামে উল্লেখ করা হইত, সেই গ্রামের নামই তাহাদের বংশধরগণের গাঁঞি হইয়াছে। বারেন্দ্রকুলাচার্য্যগণ বারেন্দ্রশ্রেণীর মধ্যে ১০০ গাঁঞি কল্পনা করেন। যথা, (শাণ্ডিল্যগোত্রে)—১ রুদ্রবাগছি। ২ লাহেড়ি। ৩ সাধুবাগছি। ৪ চম্পটী। ৫ নন্দনাবাসী। ৬ কামেন্দ্র। ৭ সিহরী। ৮ তাড়োয়ালা। ৯ বিশী। ১০ মৎস্যাশী বা মতস্যাশী। ১১ চম্প। ১২ সুবর্ণতোটক। ১৩ পূষাণ। ১৪ বেলুড়ি। (কাশ্যপগোত্রে)—১৫ মৈত্র। ১৬ ভাদুড়ি। ১৭ করঞ্জ। ১৮ বালয়ষ্ঠি। ১৯ মোধা। ২০ বলিহারী। ২১ মোয়ালী। ২২ কিরল। ২৩ বীজকুঞ্জ। ২৪ শরগামী। ২৫ সহগ্রামী। ২৫ কটিগ্রামী। ২৭ মধ্যগ্রামী। ২৮ মঠগ্রামী। ২৯ গঙ্গাগ্রামী। ৩০ বেলগ্রামী। ৩১ চসগ্রামী। ৩২ অশ্রুকোটী। (বাৎস্যগোত্রে)—৩৩ সান্যাল বা সঞ্জামিনী। ৩৪ ভীমকালী। ৩৫ ভট্টশালী। ৩৬ কামকালী। ৩৭ কুড়ম্ব বা কুড়মুড়ি। ৩৮ ভাড়িয়াল। ৩৯ লক্ষ। ৪০ জামরুখী। ৪১ সিমলী। ৪২ ধোসালী। ৪৩ তানুরি। ৪৪ বৎসগ্রামী। ৪৫ দেউলী। ৪৬ নিদ্রালী। ৪৭ কুকুটী। ৪৮ বোঢ়গ্রামী। ৪৯ শ্রুতবটী। ৫০ অক্ষগ্রামী। ৫১ সাহরী। ৫২ ভীমকালী হাই। ৫৩ পৌণ্ড্রকালী। ৫৪ কালিন্দী। ৫৫ চতুরাবন্দী। ৫৬ কালী বা কালাই। (সাবর্ণগোত্রে)—৫৭ সিংদিয়াড়। ৫৮ পাকুড়ী। ৫৯ দধি। ৬০ শৃঙ্গী। ৬১ মেদড়ি। ৬২ উন্ধুড়ি। ৬৩ ধুন্ধুড়ি। ৬৪ তাড়োয়ার। ৬৫ সেতু। ৬৬ নৈগ্রামী। ৬৭ নেধুড়ি। ৬৮ কপালী। ৬৯ টুটুরী। ৭০ পঞ্চবটী। ৭১ খণ্ডবটী। ৭২ নিকড়ি। ৭৩ সমুদ্র। ৭৪ কেতু। ৭৫ যশ। ৭৬ শীতলী। (ভরদ্বাজগোত্রে)—৭৭ ভাদড়। ৭৮

লাডুলি। ৭৯ ঝম্পটি। ৮০ আতুর্থি। ৮১ রাই। ৮২ রত্নাবলী। ৮৩ উচ্ছরথি। ৮৪ গোচ্ছাসি। ৮৫ বাল। ৮৬ শাকটি। ৮৭ শিম্বি। ৮৮ বহাল। ৮৯ সরিয়াল। ৯০ ক্ষেত্র। ৯১ দধিয়াল। ৯২ পূতি। ৯৩ কাছটী। ৯৪ নন্দী। ৯৫ গোগ্রামী। ৯৬ নিখটী। ৯৭ পিপ্পলী। ৯৮ শৃঙ্গ। ৯৯ খোর্জার। ২০০ গোস্বালম্বি।

ঘটকদের মতে বল্লালসেন বারেন্দ্র ব্রাহ্মণদিগকে শতখানি গ্রাম দিয়াছিলেন, তদনুসারে উহাদের মধ্যে ১০০টী গাঁঞি হইয়াছে। কিন্তু এবিষয়ে মতামত আছে। [কুলীন দেখ।]

প্রাচীন কুলাচার্য্য হরিমিশ্রের মতে রাঢ়ীয় ব্রাহ্মণগণের সর্ব্বসমেত ৫৬টী গাঞি আছে। (১) যথা—১ বন্দ্য। ২ কুলভী। ৩ কুলীকুসুম বা কুসুমকুলী। ৪ সেউ। ৫ কড়িয়াল। ৬ ঘোষলী। ৭ মাসচটক। ৮ বড়াল। ৯ বসুয়াড়ি। ১০ কুশি বা কুশাড়ি। ১১ ঝিকরাড়ী। ১২ বৌকট্টাল। ১৩ গড়গড়ী। ১৪ সাহুড়ি বা সাহুড়িয়ান্। ১৫ সিমলাই। ১৬ পালধি। ১৭ দীর্ঘবাটী বা দগ্ধবাটী। ১৮ পোষ বা পুষিলাল। ১৯ তৈলবাটী বা তিলাড়ী। ২০ অম্বুলি। ২১ ভূরি। ২২ পলসাঁই। ২৩ পাকড়ী। ২৪ মূলী। ২৫ পূর্ব্ব। ২৬ বাপুলি। ২৭ হিজ্জল। ২৮ কাঞ্জড়ী। ২৯ সিমলাল। ৩০ পালিয়াল। ৩১ বালি। ৩২ নন্দি। ৩৩ সিদ্ধল। ৩৪ সাণ্ডে বা সাটেশ্বরী। ৩৫ দায়ী। ৩৬ শিয়াড়ি। ৩৭ নাঞাড়ি। ৩৮ মুখুটী। ৩৯ চট্ট। ৪০ গাঙ্গুলী। ৪১ পূতিতুণ্ড। ৪২ কাঞ্জিলাল। ৪৩ ঘোষাল। ৪৪ কুন্দলাল। ৪৫ রায়ী। ৪৬ ডিণ্ডি বা ডিংসাই। ৪৭ পিপ্পলাই। ৪৮ দীর্ঘাঙ্গী। ৪৯ হড়। ৫০ গুড়। ৫১ কেশর। ৫২ মহিন্তা। ৫৩ পারিহাল। ৫৪ ঘণ্টেশ্বরী। ৫৫ পীতমুণ্ডী। ৫৬ চতুর্থ বা চৌৎখণ্ডী।

কিন্তু তৎপরবর্ত্তী কুলাচার্য্য বাচস্পতিমিশ্রের মতে—রাঢ়ীয় ব্রাহ্মণদিগের সর্ব্বশুদ্ধ ৫৯টী গাঁঞি। তিনি লিখিয়াছেন—ভট্টনারায়ণ হইতে ১৬, দক্ষ হইতে ১৬, শ্রীহর্ষ হইতে ৪, বেদগর্ভ হইতে ১২ এবং ছান্দড় হইতে ১১টী পুত্র পৌত্র জন্মে—এই সর্ব্বশুদ্ধ ৫৯ জন হইতে ৫৯টী গ্রামী হইয়াছে। যথা—

(ভট্টনারায়ণের বংশে *)—১ বন্দ্য, ২ কুসুম, ৩ দীর্ঘাটী, ৪ ঘোষলী, ৫ বটব্যাল, ৬ পারিয়াল, ৭ কুলভী, ৮ বসু, ৯ মাস, ১০ কুশিয়ারি, ১১ শেয়ু, ১২ গড়, ১৩ আকাশ, ১৪ কেশর, ১৫ দীর্ঘগ্রামী, ১৬ কড়ালক ; (দক্ষের বংশে)—১৭ গুড়, ১৮ অম্বুলী, ১৯ ভূরি, ২০ তৈলবাটী, ২১ পীতমুণ্ডী, ২২ চট্ট, ২৩ পলশায়ী, ২৪ হড়, ২৫ পোড়ারি, ২৬ পালধি, ২৭ কোয়ারি, ২৮ পর্কটী (পাকড়ী), ২৯ সিমলায়ী, ৩০ পুষলী, ৩১ ভট্ট, ৩২ মূল ; (শ্রীহর্ষের বংশে)—৩৩ মুখৈটী, ৩৪ ডিণ্ডিসায়ী, ৩৫ সাহরী, ৩৬ রায়ী ; (বেদগর্ভের বংশে)—৩৭ গাঙ্গুলী, ৩৮ কুন্দ, ৩৯ সিদ্ধল, ৪০ দায়ী, ৪১ নন্দী, ৪২ বালি, ৪৩ সিয়ারি, ৪৪ পুংসিক, ৪৫ সাটক, ৪৬ পারী, ৪৭ ঘণ্টেশ্বরী, ৪৮ নায়ারী ; (ছান্দড়ের বংশে)—৪৯ মহিন্তা, ৫০ ঘোষ বা ঘোষাল, ৫১ শিমলাল, ৫২ বাপুলি, ৫৩ পিপ্পলি, ৫৪ পূতি, ৫৫ পূর্ব্ব, ৫৬ কাঞ্জিবিল্লি, ৫৭ কাঞ্জিয়ারি, ৫৮ চৌৎখণ্ডী, ৫৯ দিঘল।

প্রসিদ্ধ রাঢ়ীয় কুলাচার্য্য মহেশ্বর ও গোপালশর্ম্মার মতেও (রাঢ়ীয় ব্রাহ্মণের মধ্যে) প্রকৃত ৫৬ গাঁঞি। তাঁহারা বাচস্পতিমিশ্রের ন্যায় ছান্দড়ের বংশে ১১ জন স্বীকার না করিয়া ছান্দড়ের ৮টী মাত্র পুত্র স্বীকার করিয়াছেন ও কাঞ্জিয়ারি, চৌৎখণ্ডী ও দিঘল এই তিনটী গাঁঞি পরিত্যাগ করিয়াছেন। বর্ত্তমান কুলাচার্য্যগণের মতে শেষ তিনটী গ্রামী সপ্তশতী হইতে রাঢ়ীয় ব্রাহ্মণ মধ্যে প্রবেশলাভ করিয়াছেন। কিন্তু অতি প্রাচীন কুলাচার্য্য হরিমিশ্রের গ্রন্থে ৫৬ গাঁঞি উল্লেখ মধ্যে চতুর্থী ও কাঞ্জাড়ী গাঁঞির উল্লেখ থাকায় উক্ত মত ঠিক বলিয়া গ্রহণ করা যায় না। [কুলীন দেখ।]

গাঁটরি (দেশজ) কাপড়াদির বস্তা।

গাঁটি (দেশজ) গাঁইট।

গাঁটিকাটা (দেশজ) যে বস্ত্রাদির গাঁট কাটিয়া চুরি করে।

গাঁটিবন্দী (দেশজ) যাহা গাঁট বাঁধা হইয়াছে।

গাঁট্‌কাটা (দেশজ) যাহারা গাঁট কাটিয়া চুরি করে।

গাঁট্‌ছড়া (দেশজ) ১ ক্ষুদ্র শৃঙ্খলাদি। ২ বিবাহকালে বর-কন্যার বস্ত্রপ্রান্ত উত্তরীয় দ্বারা বন্ধন।

গাঁট্‌রী (দেশজ) পুঁটুলী, বস্তা।

গাঁড় (দেশজ) ১ গা, গাত্র। ২ গুহ্যস্থান। ৩ স্ফোটকবিশেষ। [গণ্ড দেখ।]

গাঁড়পোল (দেশজ) পতঙ্গবিশেষ, গগনভেলা।

গাঁড়ার (দেশজ) গাণ্ডার। [গাণ্ডার দেখ।]

গাঁড়ি (দেশজ) গুহ্যস্থান।

গাঁতা (দেশজ) ১ পালা। ২ সূত্রাদি দ্বারা বন্ধ।

গাঁতাল (দেশজ) একত্র বাঁধা।

গাঁতী (দেশজ) মাটি খুঁড়িবার অস্ত্রবিশেষ।

গাঁথন (দেশজ) ১ সূত্রাদি দ্বারা বন্ধকরণ। ২ গঠন।

(১) "ষষ্ঠপঞ্চাশতো জ্ঞেয়া গ্রামিসংখ্যাঃ প্রতিষ্ঠিতাঃ"। (হরিমিশ্র)

* "ভট্টজাৎ ষোড়শোজাতো দক্ষত শ্চাপি ষোড়শঃ।
চত্বারঃ শ্রীহর্ষজাতা দ্বাদশো বেদগর্ভকঃ।
পুত্রতঃ পৌত্রতশ্চৈব ছান্দড়েকাদশঃ স্মৃতা।
মিলিত্বা নবপঞ্চাশৎ গ্রামিণঃ কথিতাঃপুরা।" বাচস্পতিমিশ্র—কুলরাম।

গাঁথনি (দেশজ) গ্রন্থন, গাঁথা।

"কণ্ঠেতে কনকহার, হীরায় গাঁথনি ষার।" (কবিকঙ্কণ।)

গাঁথা (দেশজ) গাঁথনিকরণ।

গাঁথান (দেশজ) গাঁথনি করান।

গাঁধালী (দেশজ) গাঁদাল গাছ, গন্ধভেদাল।

গাঁধি (দেশজ) ঝাঁক বাঁধিয়া মৎস্যসমূহের উত্থান।

গাঁধিপোকা (দেশজ) একপ্রকার পোকা।

গাকর, পঞ্জাবপ্রদেশের সিন্ধু ও বিতস্তা নদীর মধ্যবর্ত্তী সিন্ধু-সাগরদোয়াব নামক স্থানের উত্তরাংশবাসী তুরাণীয় জাতি। কোথাও কোথাও গাক্কর বা গাগর বলে।

ইতিহাসপাঠে জানা যায় যে, বহু পূর্ব্বকাল হইতেই ইহারা ভারতের উত্তরপশ্চিমাংশে বাস করিতেছে। কিন্তু ঠিক কোন সময়ে ইহারা স্বদেশত্যাগ করিয়া ভারতে আইসে, তাহার প্রকৃত ইতিহাস পাওয়া যায় না। তবে এই জাতির উৎপত্তি ও ভারতাগমন সম্বন্ধে ঐতিহাসিকগণ যাহা নির্ণয় করিয়াছেন, অনুমান ও যুক্তিদ্বারা তাহার কতক কতক জানিতে পারা যায়।

ঐতিহাসিকগণের মতে—পুরু ও তক্ষশিলারাজ্যের উত্তরে বর্ত্তমান সুহান্‌নদীর উৎপত্তিস্থান মুরী ও মার্গল গিরিসঙ্কটের নিকট প্রাচীন অভিসাররাজ্য; ঐ স্থানই বর্ত্তমান গাকর জাতির আবাসভূমি এবং ইহাদিগকেই অভিসাররাজের পূর্ব্বতন প্রজার বংশধর বলিয়া অনুমিত হয়। অভিসাররাজ্যের প্রাচীন অধিবাসী বর্ত্তমান গাকরেরা ভারতবাসী হিন্দু নহে। ইতিহাসপাঠে আরও জানা যায় যে, অভিসাররাজ উত্তরমদ্র (Media) ও পারদনিবাসী সর্পোপাসক শকজাতীয় ছিলেন। পুরাবেত্তা এরিয়ান্ ঐ মতটী সম্ভবপর ও যথার্থ বলিয়া নির্ণয় করিয়াছেন। ইহাদের শক বলিবার আরও কারণ আছে, পুরাতন মুসলমান লেখকগণের ও ইহাদের আত্মগত বিবরণপাঠে জানা যায় যে, "অফ্রাসিয়াব কয়ানদেশ হইতে পঞ্জাবের উত্তরপশ্চিমাংশে আসিয়া বাস করেন এবং বহু পূর্ব্বকাল হইতেই মঙ্গলনগরের পরপারে বিতস্তা-তীরে অব্রিয়ান নগরে রাজধানী স্থাপন করেন।" পুরাতত্ত্ববিৎ কানিংহাম্ সাহেব ঐ দুইটী প্রাচ্য নাম লইয়া অনুমান করেন যে, গাকরেরা প্রাচীন অবার বা অফার জাতির একটী শাখা। কালে ইহারা সৌভাগ্যবান্ ও বলবান্ ছিল। সেই উন্নতির সময় ইহারা পূর্ব্বাভিমুখী হইয়া ভারতে আইসে। খোরাসনের অন্তর্গত বর্ত্তমান নিশাপুর (প্রাচীন অবার সহর) ইহাদের রাজধানী ছিল। ইতিহাসবেত্তা ষ্ট্রাবো ঐ স্থানবাসী লোকদিগকে "অপর্ণি" বলিয়া উল্লেখ করিয়াছেন। ইহারাও দাহী শাখান্তর্ভুক্ত তুরাণীয় জাতি। কানিংহামের সিদ্ধান্তানুসারে হার্কনিয়াবাসী আরবেরা দরায়ু হয়স্তাস্পস্ কিম্বা তৎপূর্ব্ববর্ত্তী কোন শকরাজার রাজত্বকালে বিতস্তাতীরে অব্রিয়ান নগরে উপনিবেশ স্থাপন করেন এবং হেরোদোতাস্ বর্ণিত শক "সাগর" বা "সাকর" শব্দ হইতেই গাগর বা গাকর নাম হইয়াছে। শব্দতত্ত্ববেত্তারা বলেন যে, শক, সাকর ও গাকর শব্দে একপ্রকার লৌহাস্ত্র বুঝায় এবং ঐরূপ অস্ত্রই আবর নামধেয় জাতির জাতীয় অস্ত্র, সুতরাং দেশ ও কালভেদে, সাগর বা আবর অস্ত্রধারী ষ্ট্রাবোল্লিখিত অপর্ণি (হার্কনিয়াবাসী আবর) জাতি গাকর এইরূপ নাম ধারণ করিয়াছে।

এতদ্ভিন্ন ডিওনিসিয়াস্, প্রিস্‌কিয়ানাস্ প্রভৃতি পাশ্চাত্য ঐতিহাসিকগণের গ্রন্থে এক সমৃদ্ধিশালী গাগরজাতির উল্লেখ আছে। পঞ্জাবপ্রদেশের শতদ্রু ও অশিক্নী নদীর নিকটবর্ত্তী তক্ষশিলারাজ্যের পার্ব্বত্যপ্রদেশে ইহাদের বাস ছিল। সম্ভবতঃ ইহারাই বিতস্তানদীর তীরবর্ত্তী গাকরজাতি। ইহারা বেকস্ ও হিয়াক্লিসের উপাসনা করিত *। কেহ কেহ অনুমান করেন, সিন্ধু ও বিতস্তার মধ্যবর্ত্তী গন্ধগড় পর্ব্বতে "মষ্‌বানী" আফগানদিগের বাস। স্থানীয় লোকেরা ইহাদিগকে গন্ধগড়িয়া বলিয়া থাকে। এই গন্ধগড় পর্ব্বত এককালে এই গাকর বা গাগরজাতির দুর্গ বা সুরক্ষিত আবাস স্থান ছিল। এতদ্ব্যতীত আরও জানা যায় যে, শিয়ালকোটের যাদববংশীয় রাজা রসালুর সহিত গন্ধগড়পর্ব্বতবাসী দস্যুদিগের বিশেষ শত্রুতা ছিল এবং পরে তাঁহার বংশধরগণ কর্ত্তৃক অভিসারের গাকরজাতি সদলে দমিত ও প্রায় দুই শতাব্দীকাল নিস্তেজ ছিল। সুতরাং অনুমান হইতেছে যে, গন্ধগড়বাসী "গন্ধগড়িয়া" ও পাশ্চত্য ইতিহাসগত গার্গর (Gargaridæ) গাকরজাতির নামান্তর মাত্র।

ফিরিস্তায় লিখিত আছে যে পঞ্জাবের অন্তর্গত ভেরা ও জম্বু প্রদেশের কচ্ছবাহবংশীয় রাজা কেদারকে স্বরাজ্য হইতে বহিষ্কৃত করিয়া দিতে এই গাকরেরা তদীয় আত্মীয় রাজা দুর্গাকে সাহায্য করিয়াছিল। ৬৩ হিজিরাতে গাকরেরা আফগানদিগের সহিত সন্ধি করিয়া লাহোররাজকে বশে আনে এবং তাহার রাজ্যের কতকাংশ নিজেরা দখল করিয়া লয়। ১০০৮ খৃষ্টাব্দে যখন গজনিরাজ মাহ্মূদ ভারত আক্রমণ করেন, তৎকালে প্রায় ত্রিশহাজার গাকর পেশোবারের নিকট হিন্দুরাজগণের সহায়তা করিয়াছিল। সেই যুদ্ধে

* Dionysius orbis descriptio, V. 1143 ; Priscianus, V.1050.

প্রায় ৫ সহস্র মাক্কদসেনা বিনষ্ট হয়। ১০৭৯ খৃষ্টাব্দে ইব্রাহিম্ গজনাবি যুধ পর্ব্বতে দারপুর দুর্গ অধিকার করেন। ঐ দারপুর জলালপুরের কিছু উত্তরে বিতস্তাতীরে অবস্থিত। ঐ নগরের লোকেরা খোরাসানদেশবাসীর বংশধর। অফ্রাসিয়াব কর্ত্তৃক স্বদেশ হইতে তাড়িত হইয়া উক্তস্থানে আসিয়া বাস করে। ইহারাও গাকরদিগের মত আপনাপন ঘরে বিবাহ করে, অপর কোন জাতি বা শ্রেণীতে বিবাহ দেয় না। অনেকে অনুমান করেন, যে গাকর ও দারপুরের খোরাসানীরা একজাতি। চাঁদকবির পৃথ্বীরাজ-রাসৌগ্রন্থে লিখিত আছে যে, ১১৮০ খৃঃ অব্দে যখন মুহম্মদ-ঘোরি ভারত আক্রমণ করেন, তখন গাকর সর্দ্দার মালিক হাথ পৃথ্বীরাজের সহায়তা করেন।

কথিত আছে, মুহম্মদ ঘোরির রাজত্বের শেষভাগে গাকর-সর্দ্দার সর্ব্বপ্রথমে ইস্‌লাম্ ধর্ম্মে দীক্ষিত হয়েন। কিন্তু তাহার পূর্ব্ব হইতেই তিনি "মালিক" (জাতির সর্দ্দার) এই বিজাতীয় উপাধি গ্রহণ করিয়াছিলেন।

১২০৫ খৃঃ অব্দে গাকরেরা পঞ্জাবের লাহোরদ্বার পর্য্যন্ত আক্রমণ করিয়াছিল। ১২০৬ খৃষ্টাব্দে মুসলমান সুলতান্‌কে তাঁহার তাম্বুতে আক্রমণ করে ও হৃদয়ে ছুরিকার আঘাতে তাহার প্রাণবিনাশ করে। ১৫২৫ খৃষ্টাব্দে ইহারা মোগলসম্রাট্ বাবরের অধীনতা স্বীকার করিতে বাধ্য হয়। ১৭৬৫ খৃষ্টাব্দে রাবলপিণ্ডির সমতলক্ষেত্র হইতে শিখ কর্ত্তৃক তাড়িত হইলে ইহারা মুরি পর্ব্বতে যাইয়া স্বাধীনভাবে রাজত্ব করিতে থাকে। এই স্থানে ১৮৩০ খৃষ্টাব্দে শিখদিগের সহিত ইহাদের যুদ্ধ হয় ও বহু রক্তপাতের পর গাকরেরা পরাভব স্বীকার করে। ১৮৪৯ খৃষ্টাব্দে রাবলপিণ্ডি শিখহস্ত হইতে ইংরাজ অধিকারে আসিলে গাকরেরা পরবর্ত্তী চারিবৎসরকালে ইংরাজ বিরুদ্ধে অস্ত্রধারণ করিয়াছিল এবং ১৮৫৭ খৃষ্টাব্দে পঞ্জাবের রাজধানী মুরিনগর আক্রমণ করিয়াছিল।

বর্ত্তমানকালে ইহারা পঞ্জাবপ্রদেশের রাবলপিণ্ডি, বিতস্তাতীরবর্ত্তী প্রদেশ, গুজরাট ও হাজারা নামক স্থানে বাস করিতেছে।

ফিরিস্তায় লিখিত আছে, "যে কোন গাকর কন্যা-সন্তান হইলে তাহাকে বাজারে লইয়া যায় এবং তথায় এক হস্তে কন্যাটীকে ও অপর হস্তে একখানি শাণিত ছুরিকা লইয়া উচ্চৈঃস্বরে চিৎকার করিয়া বলে, 'যদি কেহ এই কন্যার বিবাহপ্রার্থী থাকেন, শীঘ্র আসুন।' নচেৎ তৎক্ষণাৎ ঐ নব-জাত কন্যাকে দ্বিখণ্ড করিয়া ফেলা হয়। এই কারণে ইহাদের মধ্যে এক স্ত্রীর বহুস্বামী দৃষ্ট হয়।"

৩২৭ খৃঃ পূর্ব্বাব্দে গ্রীকদিগের ভারতাক্রমণের সময় রাবলপিণ্ডি প্রদেশে শকজাতীয় তক্ক শাখার বাস ছিল। সম্ভবতঃ ঐ তক্ক সংস্কৃত তক্ষক শব্দের অপভ্রংশ। কারণ শকদিগের মধ্যে আর একটী নাগবংশও আছে, ইহারাও সর্পোপাসক। অনেকের অনুমান হয় ঐ তক্কবংশীয় শকজাতি মুসলমানগণ কর্ত্তৃক গাক্কর বা গাকর বলিয়া উক্ত হইয়াছে।

গাখসা (দেশজ) গর্ভপাত।

গাগট (দেশজ) মৎস্যবিশেষ।

গাগর (দেশজ) ১ একপ্রকার নেবু।

২ উত্তরপশ্চিমপ্রদেশে কুমায়ুন্ জেলার অন্তর্গত একটী পর্ব্বতশ্রেণী। অক্ষা° ২৯°১৪´ হইতে ২৯°৩০´ উঃ ও দ্রাঘি° ৭৯° ৯´ হইতে ৭৯° ৩৯´ পূঃ মধ্যে অবস্থিত। জেলার দক্ষিণ-ভাগে সমান্তরালভাবে কোশীনদী হইতে কালী নদী পর্য্যন্ত বিস্তৃত। ইহার সর্ব্বোচ্চ শৃঙ্গ "চীন" হইতে নৈনীতাল হ্রদ, নগর ও সৈনিকাবাস সহজেই দেখা যায়। পর্ব্বতটী মোটের উপর ৭০০০ হইতে ৮০০০ ফিট উচ্চ। এখানে তৃণ, ঝাউ, শাল প্রভৃতি বাহাদুরি কাঠ পাওয়া যায়।

গাগরাওন্, রাজপুতনার অন্তর্গত ঝালাবাররাজের এলাকার অধীন একটী নগর ও গিরিদুর্গ। ঝাল্‌রাপাটনের পূর্ব্বে আহু ও কালীসিন্ধু নদীর মধ্যবর্ত্তী পর্ব্বতমালার একপার্শ্বে আলের উপর দুর্গটী স্থাপিত। ইহার ঠিক দক্ষিণপূর্ব্ব-দিকে পর্ব্বতের নিম্নস্তরে গাগরাওন্ নগর। রাজা জালিম-সিংহ নগররক্ষার জন্য এই দুর্গ নির্ম্মাণ করেন। দুর্গের মধ্যে কাহারও প্রবেশ করিবার হুকুম নাই। নগরের মধ্য দিয়া কেবলমাত্র একটী প্রবেশপথ আছে। অপর পথ দিয়া যাতায়াত নিবারণের জন্য নগরের সম্মুখে প্রায় ৭০ ফিট উচ্চ সুদৃঢ় প্রাচীর গাঁথা। এতদ্ভিন্ন উভয়ের ব্যবধানে পাহাড়-কাটা খাল আছে।

একটী চিরস্থায়ী পাথরের সেতুর উপর দিয়া খাল পার হইতে হয়। খাল কাটিবার সময় কৌশলক্রমে ঐ পুলটীও পাহাড় খুঁদিয়া কাটা হয়। ইহা পার হইয়া বাহিরের দুই পার্শ্বের উচ্চ পরিখার মধ্য দিয়া দুর্গের প্রবেশপথ।

দুর্গদ্বারে প্রবেশ করিয়াই একটী সুবৃহৎ "খাল"। তাহার পার্শ্ব দিয়া ঘুরিয়া ফিরিয়া কিছুদূর যাইলে দুর্গের অভ্যন্তরভাগ দৃষ্ট হয়। অভ্যন্তর দ্বার অতিক্রম করিয়াই একটী মাঠ, তাহার পশ্চাতেই সৈনিক-বারিক। গাগরাওনের চারিধারের পার্ব্বতীয় দৃশ্য অতি মনোহর। গিধকেরই নামক শিখরটী সর্ব্বাপেক্ষা দীর্ঘ ও ৩০৭ ফিট উচ্চ। প্রবাদ আছে যে—"পূর্ব্বে কোটার

রাজগণের অধিকারকালে বধ্য অপরাধীদিগকে এই স্থানে আনিয়া পর্ব্বতশিখর হইতে ফেলিয়া দেওয়া হইত। গাগরাওনের উত্তরে আমজড় অধিত্যকার মধ্য দিয়া পনবাড় অভিমুখে ও ইহার প্রায় ১।০ ক্রোশ উত্তরে রাজপুর যাইবার পথে একটী গিরিসঙ্কট আছে। এই পর্ব্বতে অনেকগুলি বেগবান্ জলস্রোত আসিয়া নদীতে মিশিয়াছে।

গাগলা, বাঙ্গালার রঙ্গপুর জেলার অন্তর্গত একখানি বাণিজ্যশালী গণ্ডগ্রাম। ধরলা ও শঙ্খ নদীদ্বয়ের মধ্যে অক্ষাং ২৫° ৫৯´ উঃ এবং দ্রাঘিং ৮৯° ৪০´ ৩০´´ পূর্ব্বে অবস্থিত। প্রতিবৎসর এখান হইতে উৎপন্ন দ্রব্যের মধ্যে পাট, তামাক ও আদা প্রচুর পরিমাণে রপ্তানি হইয়া থাকে।

গাগরা (দেশজ) মৎস্যবিশেষ।

গাগরী (দেশজ) ক্ষুদ্র কলসী, ঘট।

গাগাভট্ট, প্রকৃত নাম বিশ্বেশ্বর ভট্ট, দিনকরভট্টের পুত্র, রামেশ্বরের পৌত্র এবং সুপ্রসিদ্ধ কমলাকরভট্টের ভ্রাতুষ্পুত্র। ইনি অশৌচদীপিকা, দিনকরোদ্যোত, নিরূঢ়পশুবন্ধনপ্রয়োগ (বৌদ্ধ), পিণ্ডপিতৃযজ্ঞপ্রয়োগ, প্রয়োগসার, জৈমিনীসূত্রের ভাট্টচিন্তামণি নামে টীকা, মীমাংসাকুসুমাঞ্জলি, চন্দ্রালোকের রাকাগম নামে টীকা, শ্লোকবার্ত্তিকের শিবার্কোদয় নামে টীকা, সুজ্ঞানদুর্গোদয় এবং আপাজীর পুত্র বল্লালবর্ম্মার আদেশে কায়স্থধর্ম্মপ্রকাশ নামে সংস্কৃতগ্রন্থ প্রণয়ন করেন। ইনি ১৬১২ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন।

গাগী (দেশজ) একজাতীয় ছোট ছোট তোতাপাখী।

গাঙ্গ (পুং) গঙ্গায়া অপত্যম্। (শিবাদিভ্যোঽণ্। পা ৪।১।১১২) ইতি অণ্। ১ গঙ্গাপুত্র, ভীষ্ম। ২ কার্ত্তিকেয়। ৩ ইলিশ মাচ। (ক্লী) ৪ স্বর্ণ। ৫ ধুস্তূরবিশেষ। (অমর।) ৬ কেশুর। (গঙ্গায়া ইদমিতি অণ্।) (ত্রি) ৭ গঙ্গাসম্ভূত জলাদি।

"বিকীর্ণ সপ্তর্ষিবলিপ্রহাসিভি
স্তথা ন গাঙ্গৈঃ সলিলৈ র্দিবশ্চ্যুতৈঃ।" (কুমার ৫।৩৭।)

(ক্লী) ৮ মেঘনিঃসৃত জলবিশেষ।

সুশ্রুতের মতে—এই গাঙ্গজল সকল দোষনাশক, বলকর, পবিত্র, রসায়ন, শ্রম, ক্লান্তি ও পিপাসানাশক, কণ্ডুদোষের নিবারক, লঘু, মূর্চ্ছা, তৃষ্ণা, বমি ও মূত্রস্তম্ভনিবারক। দিবসে অথবা সন্ধ্যার সময় এই জল পড়ে।

৯ নদীর তটাদি। (পুং) ১০ মহালক্ষ্মীভক্ত চ্যবনমুনিগোত্রীয় একজন চন্দ্রবংশীয় রাজা, আয়াস্তির পুত্র।

(সহ্যাদ্রিখণ্ড ১।৩১।১০)

১১ বাগীশ্বরীদেবী ভক্ত অত্রিগোত্রীয় একজন রাজা, প্রমাথির পুত্র। (সহ্যাদ্রি° ১।৩২।১৬)

গাঙ্গট (পুং) গাঙ্গং নদীতটাদি কমটতি অট-অচ্। শকন্ধ্বাদি। মৎস্যবিশেষ, চিঙ্গিড়ীমাছ। (শব্দর°)

গাঙ্গটক (পুং) গাঙ্গট স্বার্থে কন্। গাঙ্গটমৎস্য, চিঙ্গিড়ীমাছ।

গাঙ্গটেয় (পুং) গাঙ্গট স্বার্থে ঢক্। গাঙ্গটমৎস্য, চিঙ্গিড়ীমাছ।

গাঙ্গদেব (পুং) সূক্তিকর্ণামৃতধৃত একজন কবি।

গাঙ্গপুর, ছোট নাগপুরের অন্তর্গত একটী দেশীয় রাজ্য। কাহারও মতে, গঙ্গবংশীয় কর্ত্তৃক প্রতিষ্ঠিত হয় বলিয়া ইহা গঙ্গাপুর, গঙ্গপুর বা গাঙ্গপুর নামে অভিহিত।

[গঙ্গাপুর ও গাঙ্গেয় দেখ।]

গাঙ্গবেণা (দেশজ) নদীতীরাদি জাত তৃণবিশেষ, গাংবেণা।

গাঙ্গায়নি (পুং) গঙ্গায়া অপত্যম্। (তিকাদিভ্যঃ ফিঞ্। পা ৪।১।১৫৪।) ইতি ফিঞ্। ১ ভীষ্ম। (ত্রিকা°) ২ কার্ত্তিকেয়। ৩ প্রবর ঋষিভেদ।

গাঙ্গিনী (স্ত্রী) গঙ্গার শাখা নদীবিশেষ।

"পশ্চিমে আপনি গঙ্গা পূর্ব্বেতে গাঙ্গিনী।"

গৌড়নগরের নিকট হইতে গঙ্গা দুইশাখায় বিভক্ত হইয়া একটী শাখা পূর্ব্বমুখে যাইয়া ব্রহ্মপুত্রনদের সহিত মিলিয়াছে, ইহার নাম গাঙ্গিনী।

গাঙ্গেয় (পুং) গঙ্গায়া অপত্যং ঢক্। (শুভ্রাদিভ্যশ্চ। পা ৪।১।১২৩) ১ ভীষ্ম। "গাঙ্গেয়োঽয়ং মহাভাগ ভবিষ্যতি বলাধিকঃ।"

(দেবীভাগবত ২।৪।৩৭)

২ কার্ত্তিকেয়।

"আগ্নেয়ঃ কৃত্তিকাপুত্রো রৌদ্রো গাঙ্গেয় ইত্যপি।
শ্রূয়তে ভগবান্ দেবঃ সর্ব্বদেবময়ো গুহঃ॥" (ভারত ১।১৩৮ অঃ)

৩ ইল্লিশমৎস্য। (ত্রিকাণ্ড°) ৪ ভদ্রমুস্তা। (রাজনি°)

(ক্লী) গঙ্গায়া অপত্যং ঢক্। ১ স্বর্ণ।

"যং গর্ভং সুষুবে গঙ্গা পাবকাদ্দীপ্ততেজসম্।
তদুদ্ভবং পর্ব্বতে ন্যস্তং হিরণ্যং সমপদ্যত॥" (ভারত বন।)

২ ধুস্তূর। ৩ কশেরু। (অমর)। ৪ মুস্ত। (হেম) পর্য্যায়—মেঘাখ্য, মুস্তক, মুস্তা, গাঙ্গেয়, ভদ্রমুস্তক। (রত্নমালা) (ত্রি) ৫ গঙ্গা জলাদি।

"গাঙ্গেয়ং বার্য্যুপস্পৃশ্য প্রাণায়ামেন তস্থিবান্।"

(ভারত ৩।৩।৩৪)

গাঙ্গেয়, দক্ষিণাপথের পরাক্রান্ত রাজবংশ। দাক্ষিণাত্যের দক্ষিণাংশে ইহারা কোঙ্গু* বা কোঙ্গনি নামে এবং উত্তরাংশে গাঙ্গেয় নামে খ্যাত ছিলেন। [কোঙ্গু দেখ।]

কত পূর্ব্বকাল হইতে এই বংশের প্রথম অভ্যুদয় হয়, তাহা স্থির করিবার উপায় নাই। মহারাজাধিরাজ বীর-

* Epigraphia Indica, Vol. I. p. 249-50.

চোড়ের তাম্রশাসনপাঠে জানা যায়—চালুক্যরাজ ১ম বিজয়াদিত্যের পুত্র বিষ্ণুবর্দ্ধন গঙ্গ ও কদম্বদিগকে পরাজয় করিয়া দক্ষিণাপথে রাজ্যবিস্তার করিয়াছিলেন। এই বিষ্ণুবর্দ্ধনের প্রপৌত্র কীর্ত্তিবর্ম্মদেব ৪৮৯ শকে রাজত্ব করিতেন *। এরূপস্থলে কীর্ত্তিবর্ম্মদেবের অন্ততঃ একশত বর্ষ পূর্ব্বে বিষ্ণুবর্দ্ধনের আবির্ভাব ধরিয়া লইলেও প্রায় ৩৮৯ শকে অর্থাৎ ৪৬৭ খৃষ্টাব্দে গঙ্গবংশের অস্তিত্ব স্বীকার করা যায়।

কোন কোন ঐতিহাসিকের মতে—পরাক্রান্ত আন্ধ্রভৃত্য রাজগণের অবসানে খৃষ্টীয় দ্বিতীয় শতাব্দীতে গঙ্গ ও পল্লবরাজগণ দাক্ষিণাত্যের কোল্‌হাপুর, ধারবার, বনবাসী প্রভৃতি স্থানে রাজত্ব করিতেন †।

গাঙ্গেয়রাজ অনন্তবর্ম্মা ওরফে চোড়গঙ্গের ১০৪১ শকে প্রদত্ত তাম্রশাসনে লিখিত আছে—চন্দ্র হইতে বুধ, বুধের পুত্র পুরুরবা, তৎপুত্র আয়ু, আয়ুর পুত্র নহুষ, নহুষের পুত্র যযাতি, যযাতির পুত্র তুর্ব্বসু, তৎপুত্র গাঙ্গেয়। তুর্ব্বসু গঙ্গাদেবীকে আরাধনা করিয়া এই গাঙ্গেয় নামে পুত্র লাভ করেন। তাঁহারই বংশধরগণ "গঙ্গান্বয়" বা গাঙ্গেয় নামে প্রসিদ্ধ (১)।

উক্ত তাম্রশাসন, এতদ্ভিন্ন কটকজেলা হইতে নবাবিষ্কৃত উৎকলরাজ বীরশ্রীনরসিংহদেবের তিনপ্রস্থ অপ্রকাশিত তাম্রশাসনেও গাঙ্গেয়ের পর পুত্রাদিক্রমে এইরূপ বংশাবলী আছে—বিরোচন, সম্বেদ্য বা সাম্বেদ্য, ভাস্বান্, দত্তসেন, সোম বা সৌম্য, অশ্বদত্ত (২), সৌরাঙ্গ, চিত্রাঙ্গদ (৩), শীরধ্বজ, ধর্ম্মৈষী (৪), পরীক্ষিৎ, জয়সেন, বিজয়সেন (৫), বৃষধ্বজ, শক্তি **, প্রগল্‌ভ এবং তৎপরে তাঁহার পুত্র কোলাহল। ইনি গঙ্গবাড়ি রাজ্যে কোলাহলপুর নামে নগর স্থাপন করেন। উৎকলরাজ নরসিংহদেবের তিন প্রস্থ তাম্রফলকেই লিখিত আছে, এই কোলাহলের অপর নাম অনন্তবর্ম্মা, ইঁহার পুত্র পৌত্রগণ বহুকাল কোলাহলপুরে রাজত্ব করেন। [ক্রোড়পত্রে ৮ শ্লোক দেখ।]

চোড়গঙ্গের উক্ত তাম্রশাসনের মতে কোলাহলের পুত্রের নাম বিরোচন, তৎপরে কোলাহলপুরে ৮১ জন রাজা রাজত্ব করিবার পর তাঁহার বংশে বীরসিংহ নামে নৃপতি জন্ম গ্রহণ করেন। বীরসিংহের কামার্ণব, দানার্ণব, গুণার্ণব, মারসিংহ ও বজ্রহস্ত নামে পাঁচ পুত্র জন্মে। জ্যেষ্ঠ কামার্ণব পিতৃব্যকে (৬) গঙ্গবাড়ি রাজ্য প্রদান করিয়া চারিভ্রাতার সহিত অন্যরাজ্য জয়ে যাত্রা করেন।

গঙ্গবাড়ি ও কোলাহলপুর কোথায়? উক্ত উভয় স্থানই বোম্বাই প্রেসিডেন্সীর মধ্যে। কলভাবির শিলাফলকপাঠে অনুমিত হয়, এক সময়ে বর্ত্তমান বেলগাম্, ধারবার ও কোল্‌হাপুর গঙ্গবাড়িবিষয়ের অন্তর্গত ছিল (৭)। নরসিংহদেবের বৃহৎ তাম্রফলকে ১ম কামার্ণবের প্রসঙ্গে সমুদ্রতটে গোকর্ণস্বামীর উল্লেখ আছে। চোড়গঙ্গের তাম্রশাসনে লিখিত আছে—মহীপতি কামার্ণব কলিঙ্গজয়ের পূর্ব্বে গোকর্ণস্বামীর (৮) আরাধনা করিয়া তাঁহার প্রসাদে সাম্রাজ্যচিহ্নরূপ বৃষভলাঞ্ছন লাভ করেন।

---

* E. Hultzsch, *South Indian Inscriptions*, vol. I. P. 32.

† Campbell's *Bombay Gazetteer*, (Dharwar) vol. XXII. P. 390,

(১) "ততো যযাতির্ব্বিজিতারিবৃতির্জজ্ঞে ততস্তুর্ব্বসুরুর্ব্বরেশঃ।
সপূর্ব্বগীর্ব্বাণগুরোর্গরিম্না মাতামহস্যোরসি হি প্রবৃদ্ধঃ।
অপুত্রতাং প্রাপ্তসমুচিরমতিখিন্নো নৃপবৃষ
স্ম গঙ্গামারাধ্যাং নিয়তগতিরারাধ্য বরদাম্।
অজেয়ং গাঙ্গেয়ং সুতমলভতারভ্য চ তদা
ক্রমস্তদ্‌বংশ্যানাং ভুবি জয়তি গঙ্গান্বয় ইতি॥"
১০৪১ শকে প্রদত্ত চোড়গঙ্গের তাম্রশাসন।

(২) প্রত্নতত্ত্ববিৎ ফ্লিটসাহেব চোড়গঙ্গের তাম্রশাসনের পাঠ প্রকাশ করিয়াছেন, তাহাতে অংশুদত্ত আছে। কিন্তু বিশ্বকোষকার্য্যালয়ে সংগৃহীত ২য় নরসিংহদেবের ৩ খানি তাম্রফলকেই অশ্বদত্ত পাঠ আছে।

(৩) ফ্লিটসাহেবের পাঠ—চিত্রাম্বর।

(৪) ফ্লিটসাহেবের পাঠ—"সারধ্বজ" "ধম্মেব" বা "ধর্ম্মাখ্য"।

(৫) চোড়গঙ্গের তাম্রশাসনে ছন্দোপতনের নিমিত্ত বিজয়সেনের স্থলে জয়সেন নাম লিখিত হইয়াছে, কিন্তু ২য় নরসিংহদেবের ৩ খানি তাম্রফলকেই বিজয়সেন নামের উল্লেখ থাকায় তাহাই গৃহীত হইল।

** ফ্লিটসাহেবের মতে [বি]জয়সেনের পর যথাক্রমে জিতবীর্য্য, বৃষধ্বজ ও প্রগল্‌ভ জন্মে ও তাঁহার প্রকাশিত আদর্শের ৩২।৩৩ ছত্রে লিখিত আছে—

"অভবৎ সুতোস্য জয়সেনসংজ্ঞিতঃ প্রথয়ন্ দিশাসিতদুকুলিতং যশঃ।
জিতবীর্য্য মসাবজীজনৎ সচ ভূপালবৃষং বৃষধ্বজং
সহশক্তি মলঙ্ঘ্যশাসনং বিজিগীষুং সবিরোধিভীষণং।"

কিন্তু আমাদের বিবেচনায় শেষোক্ত ছত্রের "সহশক্তি" স্থানে "সচ শক্তিমলঙ্ঘ্যশাসনং" পাঠ করাই সঙ্গত। তাহা হইলে নরসিংহদেবের তাম্রশাসনের সহিত ঐক্য থাকে।

(৬) নরসিংহদেবের বৃহৎ তাম্রশাসনে লিখিত আছে, যখন কামার্ণব প্রভৃতি ভিন্নরাজ্য জয় করিবার জন্য যাত্রা করেন, তখন নারসিংহ নৃপতি সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন, ইনিই কি কামার্ণবের পিতৃব্য?

(৭) ধারবারের পুরাতত্ত্বপাঠে জানা যায় যে চালুক্যরাজ সোমেশ্বরের পুত্র ষষ্ঠ বিক্রমাদিত্য ১০৫৫ খৃষ্টাব্দে গঙ্গবাড়িবিষয় শাসন করিতেন। বোম্বাই প্রেসিডেন্সীর বেলগাম্ জেলার অন্তর্গত কলভাবি গ্রামে রামলিঙ্গমন্দিরের সম্মুখে একখানি শিলাফলকে খোদিতলিপি আছে, তাহাতে গঙ্গবাড়িবিষয়ের অন্তর্গত কাদলবল্লীর কুমুদবাড়গ্রামে গঙ্গরাজ সৈগোট্ট পের্ম্মানদি কর্ত্তৃক জিনেন্দ্রভবন নির্ম্মাণকথা, এই গঙ্গবাড়ি বহুদিন হইতে গঙ্গরাজগণের লীলাভূমি ও গঙ্গমহামণ্ডলেশ্বর কঞ্চরসের উল্লেখ আছে। কাদলবল্লীর বর্ত্তমান নাম কাদরবল্লী ও কুমুদবাড়ের বর্ত্তমান নাম কলভাবি, উভয়স্থান সম্পগাঁওর প্রায় ৪ ক্রোশ দক্ষিণে অবস্থিত।

(৮) গাঙ্গেয়রাজগণের তাম্রশাসনে কড়ায় সংলগ্ন এইরূপ তামার বৃষভমূর্ত্তি আছে।


সহ্যাদ্রিপর্ব্বতের ধারে সমুদ্রতটে অক্ষা° ১৪° ৩২´ উঃ, এবং দ্রাঘি° ৭৪° ২২´৩০´´ পূর্ব্বে গোকর্ণ নামক প্রসিদ্ধ তীর্থ *। এখানে গোকর্ণস্বামীর মূর্ত্তি আছে। এই গোকর্ণের দুইক্রোশ উত্তরে গঙ্গাবালি নদীর তীরে গঙ্গবালি নামে একটী বন্দর দৃষ্ট হয়, এখানে এখনও গঙ্গাদেবীর পুরাতন মন্দির আছে। সম্ভবতঃ এই স্থান গঙ্গবংশীয়দিগের প্রাচীনতম রাজধানী গঙ্গবাড়ি এবং গঙ্গাবালিনদী প্রবাহিত সমুদয় ভূভাগ পূর্ব্বে গঙ্গবাড়িরাজ্য বলিয়াই প্রসিদ্ধ ছিল। তৎপরে কোলাহল ওরফে অনন্তবর্ম্মার আধিপত্যকালে এই ক্ষুদ্ররাজ্য উত্তরে কোল্‌হাপুর, ধারবার ও বেলগামের কতক অংশ পর্য্যন্ত বিস্তৃত হয়, বোধ হয় তৎপর হইতেই গঙ্গবাড়িরাজ্য ৯৬ সহস্র গ্রামবিশিষ্ট বলিয়া গণ্য হইয়া থাকিবেক। গাঙ্গেয়রাজ ১ম অনন্তবর্ম্মা নিজনামে যে কোলাহলপুর নগর স্থাপন করেন, তাহারই বর্ত্তমান নাম 'কোল্‌হাপুর' †। বর্ত্তমান কোল্‌হাপুর নগরের অবস্থা পর্য্যবেক্ষণ করিলে অতিশয় পুরাতন নগর বলিয়া বোধ হয়, এখানে প্রাচীনতম লাট অক্ষরে খোদিত শিলালিপি আছে। এখানকার মহালক্ষ্মীর মন্দির অতি প্রাচীন ও প্রসিদ্ধ। [করবীর দেখ।] চোড়গঙ্গ প্রভৃতির বিস্তৃত তাম্রশাসনে প্রথমেই লক্ষ্মীদেবীর স্তব দৃষ্ট হয়। বোধ হয়, উক্ত মহালক্ষ্মীদেবীই গাঙ্গেয়রাজগণের ইষ্টদেবী ছিলেন।

চালুক্যরাজ ১ম অম্ম নামান্তর ষষ্ঠ বিষ্ণুবর্দ্ধনের তাম্রশাসন পাঠে জানা যায় যে তাঁহার পূর্ব্বপুরুষ ২য় বিজয়াদিত্য ওরফে নরেন্দ্রমৃগরাজ (৭১৬ শক বা ৭৯৪ খৃষ্টাব্দ হইতে) দ্বাদশবর্ষকাল গঙ্গ ও রট্টসৈন্যের সাহায্যে ১০৮ বার যুদ্ধ করিয়াছিলেন। সম্ভবতঃ এসময়েও গঙ্গবাড়ির গঙ্গরাজগণ স্বাধীন অথবা চালুক্যরাজগণের মিত্ররাজরূপে গণ্য ছিলেন। সেই সময় রট্টরাজগণের অভ্যুদয়। অল্পকাল মধ্যেই রট্টরাজ কৃষ্ণের পরাক্রমে গঙ্গবাড়ির গঙ্গরাজগণ হীনবল হইয়া পড়েন, শেষে রট্টের অধীনে মহামণ্ডলেশ্বর বা করদরাজরূপে গণ্য হন।

উক্ত চালুক্যরাজের তাম্রশাসনে লিখিত আছে, ৩য় বিজয়াদিত্য (৭৬৬ হইতে ৮১০ শকের মধ্যে) রট্টেশ-সঙ্ঘোদিত হইয়া অসমশক্তিশালী গঙ্গদিগকে জয় করিয়া কৃষ্ণের পুরদাহন করেন। বোধ হয়, তৎকালে গঙ্গরাজগণ রাষ্ট্রকূটরাজ কৃষ্ণের অধীনে বিজয়াদিত্যের সহিত যুদ্ধ করিয়া থাকিবেন। বেল্‌গামের অন্তর্গত কলভাবি গ্রামের খোদিত-লিপি দৃষ্টে প্রত্নতত্ত্ববিদ্ ফ্লিট্‌সাহেব অনুমান করেন যে, উহা খৃষ্টীয় একাদশ শতাব্দীতে লিখিত। সুতরাং দাক্ষিণাত্যের উত্তরপশ্চিমাংশে খৃষ্টীয় একাদশ শতাব্দী পর্য্যন্ত গঙ্গমহামণ্ডলেশ্বরগণ বিদ্যমান ছিলেন, তাহা অনুমান করা যাইতে পারে। তাঁহারা শেষদশায় জৈনধর্ম্ম অবলম্বন করিয়াছিলেন, তাহা উক্ত শিলাফলকপাঠে জানা যায়।

সম্ভবতঃ নরেন্দ্রমৃগরাজের পূর্ব্বেই কামার্ণব প্রভৃতি পঞ্চ ভ্রাতা গঙ্গবাড়ি বিষয় পরিত্যাগ করিয়া কলিঙ্গরাজ্যে উপস্থিত হন। চোড়গঙ্গের তাম্রশাসনে লিখিত আছে—

কামার্ণব চারিভ্রাতার সহিত চালুক্যরাজ বালাদিত্যকে পরাজয় করিয়া কলিঙ্গরাজ্য অধিকার করেন ও "জন্তাবুরম্" নামক স্থানে রাজধানী স্থাপন করিয়া রাজত্ব করিতে থাকেন। তিনি অনুজ দানার্ণবকে কণ্টকবন্ধুরকন্ধর, গুণার্ণবকে আম্ববাড়ি, মারসিংহকে সোদামগুল এবং বজ্রহস্তকে কণ্টকবর্ত্তনী প্রদান করেন। ঐ তাম্রশাসনে গঙ্গবংশীয় রাজগণের এইরূপ বংশাবলী ও রাজত্বকাল প্রদর্শিত হইয়াছে—



* বোধ হয় উক্ত সমুদ্রতীরবর্ত্তী গোকর্ণের আদর্শে ১ম কামার্ণব গঞ্জাম্ জেলায় মহেন্দ্রগিরির উপর স্বতন্ত্র গোকর্ণস্বামী প্রতিষ্ঠা করিয়া থাকিবেন। কারণ চোড়গঙ্গ ও অপরাপর গাঙ্গেয় রাজগণের তাম্রশাসনে মহেন্দ্রগিরিস্থ গোকর্ণস্বামীর স্তুতি বর্ণিত আছে। [মহেন্দ্রগিরি দেখ।]

† কোলাহলপুরাধিষ্ঠিত মহেন্দ্রবর্ম্মার পুত্র পৃথিবীবর্ম্মা প্রদত্ত তাম্রশাসন পাওয়া গিয়াছে, কিন্তু এখনও তাহার সম্পূর্ণ পাঠোদ্ধার হয় নাই।

* চোড়গঙ্গ প্রদত্ত ১০০৩ ও ১০৫৭ শকাঙ্কিত আরও দুইখানি তাম্রশাসন পাওয়া যায়। এই দুইখানির বংশাবলী এক প্রকার, কিন্তু ১০৪০ শকাঙ্কিত

১ম কামার্ণব যে জন্তাবুর নগরে রাজত্ব করিতেন, সম্ভবতঃ সেই স্থান মান্দ্রাজ প্রেসিডেন্সীর বিশাখপত্তন জেলার গজপতিনগরের অন্তর্গত "জয়ন্তী অগ্রহার" নামক গ্রামের নিকট হইবে। জন্তাবুর সংস্কৃত জয়ন্তীপুর শব্দের অপভ্রংশ। বর্ত্তমান জয়ন্তী অগ্রহারে অনেক প্রাচীন শিলালিপি দৃষ্ট হয়। বর্ত্তমান বিশাখপত্তনের নানাস্থানেই গাঙ্গেয়রাজগণের কীর্ত্তি পড়িয়া আছে।

পূর্ব্বেই লিখিত হইয়াছে, ১ম কামার্ণব দানার্ণবকে "কণ্টকবন্ধুরকন্ধর" নামক স্থান প্রদান করিয়াছিলেন, এই স্থান গোদাবরীর জেলার তনুকু-তালুকের অন্তর্গত 'কণ্টেরু' বলিয়া অনুমিত হয়, এখনও 'কণ্টেরু' নামক প্রাচীন গ্রামে প্রাচীন দেবালয় ও খোদিত প্রাচীন শিলাফলকাদি দৃষ্ট হয়। দানার্ণবের পুত্র ২য় কামার্ণব "নগরম্" নামক স্থানে রাজত্ব করিতেন। গোদাবরীজেলার নর্সাপুর তালুকের মধ্যে পুরাতন দুর্গবিশিষ্ট "নগরম্" নামে একটী প্রাচীন গ্রাম আছে, সম্ভবতঃ ইহাই পূর্ব্বে কামার্ণবের রাজধানী ছিল, মুসলমানের উপদ্রবে এই নগর এককালে উৎসন্নে গিয়াছে, দুর্গ ভিন্ন পূর্ব্বগৌরবের কিছুই নাই।

বোধ হয়, কামার্ণবের সময় কলিঙ্গরাজ্য উত্তরে গঞ্জাম্ ও দক্ষিণে কৃষ্ণানদীর উত্তরতীর পর্য্যন্ত বিস্তৃত ছিল। চোড়গঙ্গের তাম্রশাসনে ১ম কামার্ণবের পুত্রাদির উল্লেখ নাই। কিন্তু উৎকলরাজ ২য় নরসিংহদেবের বৃহৎ তাম্রফলকে ১২শ শ্লোকে লিখিত আছে, কামার্ণবের পুত্রপৌত্রগণ বহুদিন রাজত্ব করিয়াছিলেন। ইহা যদি প্রকৃত হয়, তবে অনুমান করিয়া লওয়া যাইতে পারে যে ১ম কামার্ণবের পুত্রপৌত্রগণ গোদাবরীর উত্তরাংশে এবং দানার্ণবের বংশধরগণ প্রথমে গোদাবরীর দক্ষিণাংশে রাজত্ব করিতেন। ১০৪০ শকাঙ্কিত চোড়গঙ্গের তাম্রশাসনে লিখিত আছে—


"স রাজরাজঃ প্রথমং জয়শ্রিয়ঃ পতির্বভূব দ্রমিলাহবোৎসবে।
বিরাজমানামথ রাজসুন্দরীমুদূঢ়বাংশ্চোড়মহীভুজাত্মজাং॥
ত্যক্ত্বা বেঙ্গীং সপদি পরিণামোদয়ে দ্যামিবান্যাং
চোড়ব্যাজে মহতি বিজয়াদিত্যমন্কৌ নিমংক্ষুম্।
আপন্নানাং পরমশরণং রাজরাজো বিচিত্রং
লক্ষ্মীভাজং সুচিরমকরোৎ পশ্চিমায়াং দিশায়াং॥"

(১০৪০ শকাঙ্কিত তাম্রশাসন ৮৪-৮৯ শ্লোক)

(চোড়গঙ্গের পিতা) সেই রাজরাজ প্রথমে দ্রমিলযুদ্ধে জয়শ্রীরূপ কামিনী লাভ করিয়াছিলেন। পরে (রাজেন্দ্র) চোড়রাজের কন্যা রাজসুন্দরীর পাণিগ্রহণ করেন। হঠাৎ ভাগ্যবিপ্লব উপস্থিত হওয়ায় দ্বিতীয় সুরপুরীর ন্যায় বেঙ্গী পরিত্যাগ করিয়া চোড়রাজরূপ বিপুল সমুদ্রে নিমগ্নপ্রায় বিজয়াদিত্যকে শরণাগতবৎসল রাজরাজ পশ্চিমদিকে লক্ষ্মীযুক্ত করিয়াছিলেন।

উক্ত প্রমাণ দ্বারা বোধ হয়, প্রথমে রাজরাজ সুরীপুরী সদৃশ বেঙ্গীনগরে রাজত্ব করিতেন, তৎপরে বিজয়াদিত্যকে রাজধানী পরিত্যাগ করিয়া আসেন।

রাজরাজের শ্বশুর মহারাজাধিরাজ রাজেন্দ্রচোল (অপর নাম কুলোত্তুঙ্গ)-প্রদত্ত শিলাফলক ও তাম্রশাসনে লিখিত আছে যে তাঁহার নিকট হইতে তদীয় পিতৃব্য (ষষ্ঠ) বিজয়াদিত্য বেঙ্গীরাজ্য প্রাপ্ত হন। এই বিজয়াদিত্য ৯৮৫ হইতে ১০০০ শক পর্য্যন্ত বেঙ্গীতে রাজত্ব করেন *। সুতরাং সম্ভবতঃ ৯৮৫ শকের পূর্ব্বে গঙ্গবংশীয় রাজরাজ ও তাঁহার পিতৃপুরুষগণ বেঙ্গীরাজ্যে রাজত্ব করিয়া থাকিবেন। গোদাবরীজেলায় ইল্লোর তালুকের অন্তর্গত "বেগী" নামক স্থানে যে সকল ধ্বংশাবশেষ পড়িয়া আছে, তাহাতে 'সুরপুরী সদৃশ' রাজরাজের পরিত্যক্ত বেঙ্গীর কতক পরিচয় পাওয়া যায়, ইহারই তিনক্রোশ দূরে প্রাচীন কীর্ত্তিশালী তড়িকলপূতিগ্রামে অতি পুরাতন খোদিতশিলালিপিশোভিত গাঙ্গেয়স্বামী বা "গঙ্গেশ্বর" স্বামীর মন্দির † আছে, ঐ দেবালয় এখনও গঙ্গবংশীয়দিগের পরিচায়ক স্বরূপ বর্ত্তমান।



* Hultzsch, South Indian Inscriptions, Vol I. p. 32.

† Sewell's Lists of the Antiquarian Remains in the Presidency of Madras, vol. 1. I. 36.

তাম্রশাসন হইতে কিছু ভিন্ন। এই উভয় তাম্রশাসনে এইরূপ বংশাবলী আছে—

প্রাচীন তাম্রশাসন ও খোদিত শিলাফলক পাঠে জানা যায় যে, এক সময়ে কলিঙ্গনগরে গঙ্গবংশীয় রাজগণের রাজধানী ছিল। গঞ্জাম্ প্রদেশের মধ্যে বংশধরা নদী যেখানে আসিয়া সমুদ্রে মিশিয়াছে, ঠিক সেইখানে কলিঙ্গপত্তন * নামে একটী নগর ও বন্দর আছে, উহার প্রাচীন কীর্ত্তি ও ধ্বংসাবশেষ দৃষ্টে উহাই কলিঙ্গরাজ্যের রাজধানী প্রাচীন কলিঙ্গনগর বলিয়া স্থিরীকৃত হইয়াছে। তাম্রশাসন হইতে কলিঙ্গনগরাধিষ্ঠিত এই কয়জন গাঙ্গেয়রাজের নাম ও রাজ্যকাল পাওয়া গিয়াছে—

৫১ সংবৎসরে অনন্তবর্ম্মার পুত্র দেবেন্দ্রবর্ম্মা।

৫১ ঐ দেবেন্দ্রবর্ম্মার পুত্র সত্যবর্ম্মা।

৯১ ঐ ইন্দ্রবর্ম্মা অপর নাম রাজসিংহ।

১২৪।১২৮।১৩৪।১৪৬ সং ইন্দ্রবর্ম্মা।

২৫৪ সংবৎসরে অনন্তবর্ম্মার পুত্র দেবেন্দ্রবর্ম্মা।

উক্ত সংবৎসরগুলি যেন কোন বিশেষ শকবাচক এবং উক্ত রাজগণের 'বৃষভলাঞ্ছন' চিহ্নিত তাম্রশাসন পাঠ করিলে উহাদিগকে কলিঙ্গবিজেতা ১ম কামার্ণবের বংশধর বলিয়া বোধ হয়। ইতিপূর্ব্বে বলিয়াছি, দানার্ণবের বংশধরগণ কলিঙ্গের দক্ষিণাংশে বেঙ্গিরাজ্যে রাজত্ব করিতেন। এখন বোধ হইতেছে ১ম কামার্ণবের বংশধরগণ কলিঙ্গের উত্তরাংশে অধিষ্ঠিত ছিলেন। কিন্তু ঐ 'সংবৎসর' কোন্ সময় হইতে আরম্ভ হইল? তাহার কোন প্রামাণিক নিদর্শন নাই। তবে এই মাত্র অনুমান হয়, ১ম কামার্ণব কর্ত্তৃক বালাদিত্যের পরাজয় ও তাঁহার রাজ্যারম্ভ হইতে কলিঙ্গে 'গাঙ্গেয়শক' প্রচলিত হইয়া থাকিবে †।

চোড়গঙ্গের ১০৪০ শকাঙ্কিত তাম্রশাসনে গঙ্গবংশীয় রাজগণের শাসনকাল যোগ করিলে মোটামুটি ৬৫০ শক বা ৭২৮ খৃষ্টাব্দ পাওয়া যায়, ঐ সময়েই ১ম কামার্ণবের রাজ্যারোহণ ও সম্ভবতঃ গাঙ্গেয় 'সংবৎসর' প্রচলিত হয়। এরূপ হইলে বলা যায়, ১ম কামার্ণব ৭২৮ হইতে ৭৬৪ খৃঃ অঃ, তৎপরে দেবেন্দ্রবর্ম্মার পিতা ৭৭৮ খৃঃ অঃ, দেবেন্দ্রবর্ম্মা ৭৭৯ খৃঃ অঃ, তৎপুত্র সত্যবর্ম্মা ৭৭৯ খৃঃ অঃ, রাজসিংহ ইন্দ্রবর্ম্মা ৮১৯ খৃঃ অঃ, ইন্দ্রবর্ম্মা ‡ ৮৫২ হইতে ৮৭৪ খৃঃ অঃ, এবং অপর অনন্তবর্ম্মার পুত্র দেবেন্দ্রবর্ম্মা ৯৮২ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন। দেবেন্দ্রবর্ম্মার পর সংবৎসরাঙ্কিত আর কোন গাঙ্গেয়রাজের তাম্রশাসন এখনও আবিষ্কৃত হয় নাই। তবে এই মাত্র অনুমান করা যায়, যে দেবেন্দ্রবর্ম্মার বংশধরেরা বহুদিন আর কলিঙ্গনগরের সিংহাসনে অবস্থান করিতে পারেন নাই। উৎকলরাজ ২য় নরসিংহদেবের বৃহৎতাম্রফলকে (১৪ শ্লোকে) লিখিত আছে—চোড়গঙ্গের পিতামহ ভিন্নরাজ্য জয় করিয়া ত্রিকলিঙ্গনাথ হইয়াছিলেন। চোড়গঙ্গের ১০৪০ শকাঙ্কিত তাম্রশাসন অনুসারে ৯৬১ শকে বা ১০৩৯ খৃষ্টাব্দে বজ্রহস্ত রাজ্যারোহণ করেন, সম্ভবতঃ ঐ সময় অথবা ইহারই অনতিকাল পরে কলিঙ্গনগর অবধি নিজ অধিকারভুক্ত করেন। রাজা বজ্রহস্তের পুত্র রাজরাজ বেঙ্গি পরিত্যাগ করিয়া কলিঙ্গনগরে আগমন করেন, এইখানে তৎপুত্র অনন্তবর্ম্মা চোড়গঙ্গ ৯৯৯ শকে কুম্ভরাশিতে শুক্লপক্ষে রবিবারে রেবতী নক্ষত্রে ও মিথুন লগ্নে রাজপদে অভিষিক্ত হন। (১)

মাদলাপঞ্জী সাহায্যে দেশীয় ও বিদেশীয়গণ উৎকল, বাঙ্গালা ও ইংরাজীভাষায় যে সকল ওড়িশার ইতিহাস প্রকাশিত করিয়াছেন, তাহাতে লিখিত আছে, ১০৫৪ শকে ১৩ই আশ্বিন, "চোরগঙ্গ উৎকল জয় করেন।" কিন্তু ইহা ঠিক নহে।

১০৪০ শকাঙ্কিত তাম্রশাসনে লিখিত আছে,—চোড়গঙ্গ পশ্চিমে বেঙ্গি ও পূর্ব্বে উৎকল পর্য্যন্ত জয় করিয়াছিলেন। (২) চোড়গঙ্গের ১০০৩ শকে প্রদত্ত তাম্রশাসনে বেঙ্গি ও উৎকলের কোন কথাই নাই। এতদ্দ্বারা বোধ হয়, ১০০৩ শক অর্থাৎ ১০৮১ খৃষ্টাব্দের পরে ও ১০৪০ শক বা ১১১৮ খৃষ্টাব্দের পূর্ব্বে চোড়গঙ্গ উক্ত দুই প্রদেশ জয় করিয়া থাকিবেন। ইনিই উৎকলের গঙ্গবংশীয় প্রথম নরপতি। (৩)

* এই কলিঙ্গপত্তন, অক্ষা° ১৮° ২০´ উঃ ও ৮৪° ৯´৫০´´ পূঃ দ্রাঘিমায় চিকাকোল হইতে ৮ ক্রোশ উত্তরে অবস্থিত। এখন এই নগর একটী বন্দর বলিয়া প্রসিদ্ধ। এখানে একটী আলোকগৃহ আছে।

† বোধ হয় দানার্ণবের বংশধরগণ এই 'সংবৎসর' গ্রহণ করেন নাই।

‡ ইন্দ্রবর্ম্মার ১২৮ সংবৎসরাঙ্কিত তাম্রশাসনে মার্গশীর্ষে পূর্ণিমায় চন্দ্রগ্রহণোপলক্ষে ভূমিদানের কথা আছে, জ্যোতিষসাহায্যে গণনা দ্বারা দেখা যায় ৮৫৬ খৃষ্টাব্দে ১৫ই ডিসেম্বর মার্গশীর্ষপূর্ণিমায় চন্দ্রগ্রহণ হইয়াছিল।

(১) "শকাব্দে নন্দরন্ধ্রগ্রহগণগণিতে কুম্ভসংস্থে দিনেশে
শুক্লে পক্ষে তৃতীয়াযুজি রবিজদিনে রেবতীভে নৃযুগ্মে।
লগ্নে গঙ্গাম্বরায়াম্বুজবনদিনকৃদ্বিশ্ববিশ্বম্ভরায়াঃ
শক্রং সংরক্ষিতুং সদ্‌গুণনিধিরধিপশ্চোড়গঙ্গোভিষিক্তঃ॥"
(অনন্তবর্ম্মচোড়গঙ্গের তাম্রশাসন।)

(২) বহুদিন হইল চোড়গঙ্গের তাম্রশাসন পাওয়া গিয়াছে, কিন্তু ইনিই যে উৎকলের গঙ্গবংশীয় প্রথম রাজা, তাহা কেহই স্থির করিতে পারেন নাই। সম্প্রতি কটকজেলা হইতে ২য় নরসিংহদেবের ২১খানি তাম্রফলকযুক্ত তিনখানি তাম্রশাসন আবিষ্কৃত হওয়ায় তদ্দ্বারা উক্ত অনন্তবর্ম্মা চোড়গঙ্গদেবকে উৎকলের ১ম গাঙ্গেয়রাজ বলিয়া জানিতে পারিয়াছি।

(৩, ২য় নরসিংহদেবের তাম্রশাসন বিশেষ আবশ্যক বোধে তাহার একখানি গাঙ্গেয় শব্দের ক্রোড়পত্ররূপে স্বতন্ত্র প্রকাশ করা গেল।


ইংরাজীভাষায় প্রথম উড়িষ্যার ইতিহাসলেখক ষ্টার্লিং সাহেব লিখিয়াছেন,—

"বংশাবলীমতে—মহাদেবের ঔরসে অপরগঙ্গা (গোদাবরীর) গর্ভে চুরঙ্গ বা সারঙ্গদেব * জন্মগ্রহণ করেন।"

তাঁহার মতে গঙ্গাবংশীয় এই প্রথম রাজা পুরীর জগন্নাথের মন্দিরে মাদলাপঞ্জী লেখাইবার রীতি প্রচলন করেন এবং একমাত্র দেবীর উপাসক ছিলেন।

কিন্তু উহার মূলে কিছুমাত্র সত্য নাই। চোড়গঙ্গের তিনখানি এবং কটকজেলা হইতে নবাবিষ্কৃত ৩ প্রস্থ সুবৃহৎ তাম্রফলকেই চোড়গঙ্গের পিতার নাম রাজরাজ লিখিত আছে। চোড়গঙ্গের পূর্ব্বপুরুষগণ এবং তিনিও প্রথমে শৈব ছিলেন বটে, কিন্তু পরে তিনি একজন পরম বৈষ্ণব হন, তাহা উক্ত তাম্রফলক পাঠ করিলে স্পষ্টই প্রমাণিত হয়। উৎকলরাজ ২য় নরসিংহ দেবের সুবৃহৎ তাম্রশাসনের ২৭ শ্লোকে এইরূপ লিখিত আছে, "এই বিশাল ভূমণ্ডল যাঁহার চরণ, অন্তরীক্ষ নাভি, দশদিক্ কর্ণ, সূর্য্য ও চন্দ্র যাঁহার নয়নযুগল, স্বর্গলোক যাঁহার মস্তক, সেই ত্রিলোকব্যাপী পরমেশ্বর পুরুষোত্তমের বাসযোগ্য মন্দির নির্ম্মাণ করিতে কোন্ ব্যক্তি সমর্থ হইবে? এই ভাবিয়াই যেন পূর্ব্বতন নরপতিগণ পুরুষোত্তমের মন্দির নির্ম্মাণ করিতে হস্তক্ষেপ করেন নাই। মহারাজ গঙ্গেশ্বর (চোড়গঙ্গ) পুরুষোত্তমের মন্দির নির্ম্মাণ করিয়া আপনার কীর্ত্তিস্তম্ভ চিরস্থায়ী করিয়াছেন। তৎপরে তিনি মন্দরাধিপতিকে পরাজয় করিয়া তাঁহার নগর দাহন করেন।" (ক্রোড়পত্রে মূল শ্লোক দ্রষ্টব্য)

ষ্টার্লিং, হণ্টর, রাজা রাজেন্দ্রলাল ও উৎকল ভাষায় রচিত সকল ওড়িশার ইতিহাসমতে রাজা অনঙ্গভীমদেবই জগন্নাথের প্রসিদ্ধ মন্দির নির্ম্মাণ করেন, কিন্তু এখন দেখা যাইতেছে, রাজা অনঙ্গভীমের অনেক পূর্ব্বে উৎকলের প্রথম গাঙ্গেয়রাজ চোড়গঙ্গ উৎকলবিজয়কীর্ত্তি চিরস্থায়ী করিবার জন্যই সর্ব্বপ্রথমে জগন্নাথদেবের প্রসিদ্ধ মন্দির নির্ম্মাণ করাইয়াছিলেন। পুরীমন্দিরে তৎকর্ত্তৃক মাদলপঞ্জী সংরক্ষণের কথা এ পর্য্যন্ত প্রাপ্ত কোন তাম্রশাসনেই বা তৎসাময়িক গ্রন্থে নাই। না থাকিবারই কথা, উপরোক্ত ঐতিহাসিকগণ মাদলাপঞ্জীর দোহাই দিয়া গঙ্গাবংশীয় রাজসম্বন্ধে যে সকল কথা লিখিয়াছিলেন, গাঙ্গেয়রাজ ২য় নরসিংহদেবের নবাবিষ্কৃত ২১খানি তাম্রফলকসংযুক্ত ৩ প্রস্থ শাসনপত্রের ও অপরাপর (তৎসাময়িক) প্রাচীন শিলালিপির সহিত কি বংশাবলী, কি রাজ্যকাল, কি ঘটনা বৈচিত্রের কথা, আদৌ কিছুতেই ঐক্য নাই। গাঙ্গেয়রাজগণ স্ব স্ব তাম্রশাসনে ও শিলালিপিতে যে সময় ও রাজ্যসংক্রান্ত কথা লিখিয়াছেন, তাহা সাময়িক প্রমাণ বলিয়া অপরাপর প্রমাণ অপেক্ষা সমধিক প্রামাণ্য, কিন্তু ঐতিহাসিকগণ মাদলাপঞ্জী ও বংশাবলী সাহায্যে যে সকল কথা লিখিয়াছেন, যখন কোন অংশে সাময়িক লিপির সহিত মিলিতেছে না, তখন অবশ্যই উহা আধুনিক অথবা অপ্রমাণিক বলিয়া স্বীকার করিতে হইবে *। সাময়িক তাম্রশাসনে ও শিলালিপিতে এইরূপ উৎকলের গাঙ্গেয়রাজগণের বংশাবলী ও অধিকারকাল প্রদত্ত হইয়াছে—



* এই ভ্রমাত্মক শারঙ্গ নাম পড়িয়া দাক্ষিণাত্যের পুরাতত্ত্ববিদ্ বরাট সিউএল ইঁহাকে শারঙ্গধরচরিত বর্ণিত রাজরাজপুত্র শারঙ্গধর বলিয়া অনুমান করিয়াছেন। কিন্তু এ অনুমানও সম্পূর্ণ ভ্রমাত্মক।

* বিশ্বকোষে উৎকল শব্দে ষ্টার্লিং হণ্টর প্রভৃতির ইতিহাস সাহায্যে গঙ্গাবংশীয় রাজগণের বিবরণ ও রাজত্বকাল যাহা লিখিত হইয়াছে, তাহা এখন সমস্তই ভুল বলিয়া বোধ হইতেছে। এই গাঙ্গেয় শব্দে যাহা লিখিত হইল তাহাই সমধিক প্রামাণিক বলিয়া গ্রাহ্য।

(ক) মান্দ্রাজ-প্রসিডেন্সির বিশাখপত্তন জেলার অন্তর্গত বিজয়নগ্রামের ২ ক্রোশ দক্ষিণপশ্চিমে রেল্লিবলস্ নামে একটী গ্রাম আছে, এই গ্রামের মধ্যভাগে শিলাফলকে খোদিতলিপি দৃষ্ট হয়, তাহাতে ১০৭৫ শকে শ্রীচোড়গঙ্গদেবের ভ্রাতা মল্লয্যগোণ্টি কর্ত্তৃক অনন্তবর্ম্মদেবের রাজত্বকালে ভূমিদানের কথা লিখিত আছে। ইহাতে জানা যায়, চোড়গঙ্গ ও তাঁহার বংশধরগণ যখন উৎকলে রাজত্ব করিতেছিলেন, তৎকালে চোড়গঙ্গের ভ্রাতা ও তাঁহার জ্ঞাতি গঙ্গবংশীয় অপর রাজগণ বিশাখপত্তন জেলায় সামান্য ভাবে রাজত্ব করিতেন। ১০৭৫ শকাঙ্কিত অনন্তবর্ম্মা চোড়গঙ্গ অনন্তবর্ম্মা হইতে স্বতন্ত্র। বিশাখপত্তন জেলার রেল্লিবলস, রামতীর্থ, শারিক, শ্রীপুর ও গুডিবাড় গ্রামস্থ খোদিত শিলাফলক পাঠে জানা যায়, দ্বিতীয় অনন্তবর্ম্মা ১০৭৩ শক হইতে ১১০৬ শক পর্য্যন্ত দক্ষিণে রাজত্ব করিতেছিলেন।

(খ) কটকনগরের প্রায় ৫ ক্রোশ পূর্ব্বে অবস্থিত মহাসিংহপুর নামক গ্রামে প্রতিষ্ঠিত চাটেশ্বরের প্রস্তরনির্ম্মিত প্রাচীন মন্দিরে একখানি শিলালিপি রক্ষিত আছে। এই শিলাফলকের প্রশস্তির ৬ষ্ঠ ছত্রে চোড়গঙ্গের এক পুত্র রাজা অনঙ্গভীমের নাম আছে। ২য় নরসিংহদেবের তাম্রশাসনে তাঁহার রাজত্বকাল নির্ণীত হয় নাই। [চাটেশ্বর শব্দ দেখ।]

নরসিংহদেবের তাম্রশাসনের (৩৭ শ্লোক) মতে, মহারাজ চোড়গঙ্গ স্বর্গারোহণ করিলে ১০৬৪ শকে (অর্থাৎ ১১৪২ খৃষ্টাব্দে) তৎপুত্র মহাবীর কামার্ণব * সিংহাসনে অভিষিক্ত হন। ইনি (১১৪২ হইতে ১১৫৩ খৃষ্টাব্দ পর্য্যন্ত) ১০ বর্ষ রাজত্ব করেন। তৎপরে গঙ্গরাজ রাঘব রাজ্যারোহণ করেন। মহারাজ চোড়গঙ্গ সূর্য্যবংশীয় রাজকন্যা ইন্দিরার পাণিগ্রহণ করেন, তাঁহারই গর্ভে রাঘবের জন্ম। (ক্রোড়পত্র ৪৫-৪৬ শ্লোক) মহারাজ রাঘব † (১১৫৩ হইতে ১১৬৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত) ১৫ বর্ষ রাজত্ব করেন। [ক্রোড়পত্রে ৫২ শ্লোক দেখ] তৎপরে ২য় রাজরাজ, চোড়গঙ্গের অপর মহিষী চন্দ্রলেখার গর্ভে ইঁহার জন্ম। ইঁহার শরীর অতিশয় প্রকাণ্ড ছিল, ইঁহার সম্বন্ধে যাহা কিছু ঘটিত, তাহা মানব প্রকৃতির পক্ষে নিতান্তই অসম্ভব। এই রাজরাজ (১১৬৭ হইতে ১১৯২ খৃষ্টাব্দ পর্য্যন্ত) ২৫ বর্ষ প্রবল প্রতাপে রাজত্ব করেন। [ক্রোড়পত্রে ৫৩-৫৮ শ্লোক দেখ।]

উক্ত রাজরাজের পর তাঁহার কনিষ্ঠ সহোদর অনিয়ঙ্ক বা অনঙ্কভীম সিংহাসনে আরোহণ করেন। ইনি একজন মহাযোদ্ধা ছিলেন। ইঁহার রাজত্বকাল (১১৯২ হইতে ১২০২ খৃঃ অঃ) ১০ বর্ষমাত্র। (১) তাঁহার পর ৩য় রাজরাজ। অনিয়ঙ্ক বা অনঙ্কভীমের ঔরসে বাভল্লদেবীর গর্ভে এই ৩য় রাজরাজের জন্ম। ইনি যৌবনকালেই রাজ্যের অধীশ্বর হইয়াছিলেন। ১৭ বর্ষ মাত্র (১২০৩ হইতে ১২১৯ খৃষ্টাব্দ পর্য্যন্ত) ইনি রাজ্যলক্ষ্মী উপভোগ করেন। (২)

তাঁহার মৃত্যু হইলে মঙ্কুণদেবীর গর্ভজাত তৎপুত্র অনঙ্গভীম (১২১৯ খৃষ্টাব্দে) রাজপদে অভিষিক্ত হন। (৩) ঐতিহাসিক ষ্টার্লিং, হণ্টর ও রাজা রাজেন্দ্রলালের মতে, এই অনঙ্গভীম ১১৯৬ খৃষ্টাব্দে পুরীর প্রসিদ্ধ জগন্নাথদেবের মন্দির নির্ম্মাণ করেন।" কিন্তু একথা ঠিক নহে। ঐ সময়ে অনঙ্গভীম উৎকলের রাজা হন নাই, সে সময়ে তাঁহার পিতামহ অনিয়ঙ্ক বা অনঙ্কভীম উৎকলে রাজত্ব করিতেছিলেন। তিনিও সুপ্রসিদ্ধ জগন্নাথদেবের মন্দির নির্ম্মাণ করেন নাই, তাঁহারও বহুপূর্ব্বে চোড়গঙ্গ ঐ মন্দির নির্ম্মাণ করিয়াছিলেন। তবে একটী কথা আছে—

সম্প্রতি আমরা কটকজেলার অন্তর্গত মহাসিংহপুরের চাটেশ্বর মন্দির হইতে প্রাপ্ত একখানি বৃহৎশিলাফলকের প্রতিকৃতি (৪) প্রাপ্ত হইয়াছি, তাহাতে চোড়গঙ্গের একপুত্র অনঙ্গভীম কর্ত্তৃক উক্ত শিবমন্দির প্রতিষ্ঠার কথা লিখিত আছে। ঐ শিলাফলকের ২৩ ছত্রে লিখিত আছে—

"চকার তত্র প্রতিপত্তি-সম্পদাস্পদং পুরাণানি পুনর্নবানি যঃ।"

ইহা দ্বারা অনুমিত হয়, চোড়গঙ্গের পুত্র ঐ শিলাফলকবর্ণিত অনঙ্গভীম পুরাতন মন্দির সংস্কার করিয়া নূতন করিয়াছিলেন। সম্ভবতঃ এই—অনঙ্গভীমের সময় পুরুষোত্তমের মন্দির সংস্কার অথবা সম্পূর্ণ হইয়া থাকিবে। রাজরাজের পুত্র ২য় অনঙ্গভীমের সময় হয় নাই।

রাজরাজের পুত্র ২য় অনঙ্গভীম বিদ্বান্, শাস্ত্রদর্শী, মহাবীর, পণ্ডিতপ্রিয় ও পরম বৈষ্ণব ছিলেন। সমস্ত কলিঙ্গ রাজ্য ইঁহার অধিকারভুক্ত ছিল, ইঁহার রাজ্যে কলির অধিকার ছিল না, (যেন সত্যযুগের আবির্ভাব হইয়াছিল।) [ক্রোড়পত্রে ৭১-৮০ শ্লোক] ইনি প্রবল পরাক্রমে (১২১৯ হইতে ১২৫৩ খৃষ্টাব্দে পর্য্যন্ত) ৩৪ বর্ষ রাজত্ব করেন। ২য় নরসিংহ দেবের তাম্রশাসন ব্যতীত গঞ্জামের অন্তর্গত কলিঙ্গপত্তনের ৩ ক্রোশ পশ্চিমে অবস্থিত "শ্রীকূর্ম্মম্" নামক গ্রামে শ্রীকূর্ম্মস্বামীর প্রসিদ্ধমন্দিরের ১০ম স্তম্ভে ১১৭৪ শকে খোদিত অনঙ্গভীমের অনুশাসনলিপি (৫) আছে, তাহাতেও মহারাজ অনঙ্গভীমের শৌর্য্য, বীর্য্য ও দানাদির বিস্তর প্রশংসা লিপিবদ্ধ দেখা যায়।

২য় অনঙ্গভীমের ঔরসে কস্তূরাদেবীর গর্ভে মহারাজ নরসিংহদেব জন্মগ্রহণ করেন। ইঁহার "প্রতাপবীরশ্রী" এই উপাধি ছিল। (৬) ইনি বাল্যকাল হইতেই একজন মহা যোদ্ধা হইয়া উঠিয়াছিলেন। গঞ্জামের অন্তর্বর্ত্তী শ্রীকূর্ম্মস্বামীর মন্দিরের নিকট ১১৭২ শকে (১২৫০ খৃষ্টাব্দে) উৎকীর্ণ শিলাফলক পাঠে জানা যায়, "প্রতাপবীরশ্রী" নরসিংহ দেবের শত্রুবিনাশী বাহুযুগল সুদৃঢ় রাখিবার জন্য সাহনমল্ল নামে

* ঐতিহাসিক ষ্টার্লিং ও হণ্টরসাহেবের অনুসারে চোড়গঙ্গের পর তৎপুত্র গঙ্গেশ্বর ১১৫১ খৃষ্টাব্দে রাজা হন। পুরুষোত্তমচন্দ্রিকা, উৎকল ভাষায় রচিত "ওড়িশার ইতিহাস" মতে এই গঙ্গেশ্বর ১৫ বর্ষ মাত্র রাজত্ব করেন। কিন্তু গঙ্গবংশে এই গঙ্গেশ্বর নামে স্বতন্ত্র কোন রাজার নাম নাই। গাঙ্গেয়রাজনরসিংহের তাম্রশাসনে চোড়গঙ্গকেই গঙ্গেশ্বর আখ্যা দেওয়া হইয়াছে।

† উৎকলের কোন ইতিহাসে উক্ত গাঙ্গেয়রাজ কামার্ণব ও রাঘবের নাম নাই, তাহার স্থলে একজটা কামদেব ও মদনমহাদেবের উল্লেখ আছে। উভয়ে কাহার সন্তান তাহাও কিছু লিখিত নাই।

(১) উৎকলের ইতিহাসে এই অনিয়ঙ্ক বা অনঙ্কভীমের নামোল্লেখ নাই।

(২) উৎকলের ইতিহাসে ইনি রাজরাজেশ্বর নামে বর্ণিত হইয়াছেন। উক্ত ঐতিহাসিকগণ ইঁহার ৩৬ বর্ষ রাজত্বকাল লিখিয়াছেন।

(৩) ষ্টার্লিং সাহেবের মতে এই "অনঙ্গভীম" ১১৭৪ খৃষ্টাব্দে রাজ্যারোহণ করেন।

(৪) এই শিলাফলকের বিষয় এখনও কোন পুস্তকে প্রকাশিত হয় নাই।

(৫) দুঃখের বিষয় এই অনুশাসন লিপিখানিও এপর্য্যন্ত কোন গ্রন্থে প্রকাশিত হয় নাই।

(৬) কলিঙ্গপত্তনের প্রায় ৩ ক্রোশ দূরে অবস্থিত শ্রীকূর্ম্মস্বামীর মন্দিরের নিকট ১১৭২ ও ১২০১ শকাঙ্কিত খোদিত শিলাফলকে "প্রতাপবীরশ্রী" উপাধিযুক্ত নরসিংহদেবের নাম দৃষ্ট হয়।

এক ব্যক্তি দেবোদ্দেশে ভূমিদান করিতেছেন। তখন বোধ হয়, মহাবীর নরসিংহদেব যুবরাজপদে অভিষিক্ত ছিলেন। তাঁহার পিতা অনঙ্গভীমের মৃত্যু হইলে নরসিংহদেব (১২৫২ হইতে ১২৮৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত) ৩৩ বর্ষকাল রাজত্ব করেন। [ক্রোড়-পত্রে ৮৮ শ্লোক।]

প্রসিদ্ধ মুসলমান ঐতিহাসিক মিন্‌হাজ্ উদ্দীনের তবকাত-ই-নাসিরী নামক সাময়িক ইতিহাস পাঠে জানা যায়—

"৬৪১ হিজিরায় (১২৪৩ খৃষ্টাব্দে) জাজনগররাজ লক্ষ্মণাবতী রাজ্যে দৌরাত্ম্য আরম্ভ করায় (গৌড়াধিপ) মালিক তুগ্রিল্-ই-তুগান্ খাঁ জাজনগর অভিমুখে যাত্রা করেন, যুদ্ধ-যাত্রায় ঐতিহাসিক মিন্‌হাজউদ্দীন্ তাঁহার সহচর ছিলেন। জাজনগরের সীমা কতাসিনে যুদ্ধ হয়। প্রথমে হিন্দুগণ পৃষ্ঠপ্রদর্শন করেন, তৎপরে ইক্ষুজঙ্গল হইতে পঞ্চাশজন অশ্বারোহী ও ২০০ পদাতি আসিয়া অকস্মাৎ মুসলমানসৈন্য-দিগকে আক্রমণ করে, তাহাতে বিস্তর মুসলমান যোদ্ধা প্রাণত্যাগ করেন। গৌড়াধিপ প্রাণ লইয়া লক্ষ্মণাবতী নগরে পলাইয়া আসেন এবং দিল্লীশ্বরের সাহায্য প্রার্থনা করেন। সুলতান্ আলাউদ্দীন্ মস্‌উদ্‌শাহ অযোধ্যার সুবাদার তমুর খাঁন্-ই-কিরাণকে সসৈন্যে জাজনগরসৈন্যের বিপক্ষে লক্ষ্মণাবতীতে প্রেরণ করেন। এদিকে ৬৪২ হিজিরায় (১২৪৪ খৃষ্টাব্দে) জাজনগররাজ প্রতিশোধ লইবার জন্য গজারোহী ও বিস্তর পদাতি সৈন্য লক্ষ্মণাবতীতে প্রেরণ করেন। জাজনগরসৈন্য প্রথমে ফক্‌রুল্ মুলুককে পরাজয়পূর্ব্বক "লখন্-ওর" প্রদেশ অধিকার করিয়া তৎপরে লক্ষ্মণাবতী নগরের প্রাকারের পার্শ্বে উপস্থিত হইয়া ঘোর-তর যুদ্ধ করিতে থাকে। পরে অযোধ্যা-সৈন্যের আগমন সংবাদ পাইয়া ফিরিয়া যায়।" (৭)

মিন্‌হাজ লিখিয়াছেন, জাজনগরের সেনাপতির নাম "সাবন্ত্রা," তিনি জাজনগররাজের জামাতা ছিলেন। (৮) মুসলমান ঐতিহাসিক বর্ণিত জাজনগর (৯) উৎকলের যাজ-পুর। 'সাবন্ত্রা' নাম নহে, উপাধি। সংস্কৃতে সামন্ত ও উৎ-কলের চলিতভাষায় "সান্ত্রা" নামে খ্যাত। মিন্‌হাজ্ সাবন্ত্রাকে জাজনগররাজের জামাতা বলিয়া উল্লেখ করিয়াছেন, কিন্তু আমাদের বিবেচনায় বিদেশী লেখক ভ্রমক্রমে পুত্রকে জামাতা ভাবিয়া উল্লেখ করিয়া থাকিবেন। তৎকালে যাজপুরে বা সমস্ত কলিঙ্গরাজ্যে মহারাজ অনঙ্গভীম অধিষ্ঠিত ছিলেন। তাঁহারই পুত্র প্রতাপবীর ১ম শ্রীনরসিংহদেব। ২য় নরসিংহদেবের তাম্রশাসনে লিখিত আছে—

"রাঢ়া-বরেন্দ্রযবনীনয়নাঞ্জনাশ্রু-
পূরেণ দূরবিনিবেশিতকালিমশ্রীঃ।
তদ্বিপ্রলম্ভকরণাদ্ভুতনিস্তরঙ্গা
গঙ্গাপি নূনমমুনা যমুনা তদাভূৎ॥"

রাঢ় ও বরেন্দ্রদেশের যবনীরা স্বামীবিরহে সর্ব্বদাই রোদন করিত, তাহাদের অশ্রুজলে নরনাঞ্জন ধৌত হইয়া গঙ্গার জলে মিলিত হইত, তাহাতে গঙ্গারও জল কালিমশ্রী ধারণ করিয়াছিল। সেই ভয়ানক কাণ্ড দেখিয়া বিস্ময়েই যেন গঙ্গা তরঙ্গহীন হইয়াছিলেন। (বাস্তবিক সেই সময়ে নরসিংহের জন্যই) গঙ্গা যমুনা হইয়া উঠিয়াছিলেন।

উক্ত শ্লোকদ্বারা স্পষ্ট জানা যাইতেছে, প্রতাপবীর শ্রীনর-সিংহদেবই পিতার রাজত্বকালে লক্ষ্মণাবতী আক্রমণ করিয়া শত শত মুসলমান সৈন্যবিনাশ করিয়াছিলেন এবং তজ্জন্যই রাঢ় ও বরেন্দ্রের যবনীগণের স্বামীবিরহের হেতু। এই প্রতাপবীরের সহিত আরও কয়েকবার যুদ্ধ করিয়াছিলেন, কিন্তু ইঁহার প্রবল প্রতাপে কোন মুসলমানবীর উড়িষ্যাজয়ে সমর্থ হন নাই।

২য় নরসিংহদেবের ১২১৭ শকাঙ্কিত দুইখানি (অপ্রকা-শিত) বৃহৎ তাম্রশাসন পাঠে জানা যায়,—যে ১১৯৬ শক বা ১২৭৪ খৃষ্টাব্দে উৎকলরাজ্যে একটী নূতন সম্বৎ চলিত হয়। বোধ হয়, (১ম) নরসিংহদেব পুনরায় রাঢ় ও বরেন্দ্রা-ধিপতিকে পরাজয় করিয়া ১২৭৪ খৃষ্টাব্দে নূতন সম্বৎ প্রচলিত করেন এবং আপনার কীর্ত্তি অক্ষয় করিবার জন্য কোণার্কের (১০) প্রসিদ্ধ সূর্য্যমন্দির প্রতিষ্ঠা করেন। মুসলমান ঐতি-হাসিক ফেরিস্তা উক্ত ঘটনা উল্লেখ না করিয়া লিখিয়াছেন, যে ৬৭৮ হিজিরায় (১২৭৯ খৃষ্টাব্দে) তুগ্রিল খাঁ জাজনগর আক্রমণ করিয়া বিস্তর অর্থ ও একশত হস্তী জয় করিয়া আনেন। বোধ হয় ফেরিস্তা পূর্ব্ব ঘটনা চাপা দিবার জন্য শেষোক্ত বিবরণ কল্পনা করিয়া থাকিবেন। তিনি ১৬০৯ খৃষ্টাব্দে আপনার গ্রন্থ রচনা করেন, কিন্তু তাহার অনেক পূর্ব্বে ২য় নরসিংহ-দেবের তাম্রশাসনে ১ম নরসিংহ কর্ত্তৃক রাঢ় ও বরেন্দ্র

(৭) Raverty's Tabakat-i-Násiri, p. 738—39.

(৮) Raverty's Tabakat-i-Násiri, p. 765.

(৯) কেহ কেহ এই জাজনগরকে ত্রিপুরারাজ্য বলিয়া অনুমান করেন, কিন্তু তাহা ঠিক নহে। See H. Blochmann's contribution to the Geography and History of Bengal, (in Journal of the Asiatic Society of Bengal, Vol. XLII. pt. 1 p. 237.)

(১০) ২য় নরসিংহদেবের সুবৃহৎ তাম্রফলকে এই স্থান 'কোণাকোণ' নামে বর্ণিত। সম্ভবতঃ এই মন্দির ১২৭৪ খৃষ্টাব্দে আরম্ভ এবং ১২৭৮ খৃষ্টাব্দে সম্পূর্ণ হয়।

আক্রমণের কথা আছে। প্রতাপবীরশ্রী নরসিংহদেবের পর তাঁহার ঔরসে মাল্যচন্দ্রাত্মজা সীতাদেবীর গর্ভজাত ভানুদেব রাজ্যে অভিষিক্ত হন, ইনি (১২৮৫ হইতে ১২৯৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত) ১০ বর্ষ মাত্র রাজত্ব করেন। (১১)

তৎপরে ২য় নরসিংহদেব রাজা হন, ইনি ভানুদেবের ঔরসে চালুক্যকুলসম্ভূতা জাকল্লদেবীর গর্ভে জন্ম গ্রহণ করেন। সম্প্রতি ইঁহারই প্রদত্ত ২১খানি তাম্রফলকযুক্ত ৩ প্রস্থ সুবৃহৎ তাম্রশাসন পাওয়া গিয়াছে।

ইহার ১ম খানি "সপ্তদশোত্তরদ্বাদশশতশকবৎসরে" "স্বরাজ্যস্যৈকবিংশত্যঙ্কে নবরাজ্যান্তর-বিজয় সময়ে" "সিংহ-শুক্ল-ষষ্ঠ্যাং সোমবারে";

২য় খানি—"সপ্তদশোত্তরদ্বাদশশতমিতে গতবতি শক-বৎসরে," "মেষ-কৃষ্ণ চতুর্দ্দশ্যাং সৌরিবারে," "স্বরাজ্যস্য দ্বাবিংশত্যঙ্কে"; এবং

৩য় খানি—"অষ্টাদশোত্তর দ্বাদশশতশকবর্ষে" প্রদত্ত হয়।

১ম ও ২য় খানির স্বরাজ্যের ২১শ ও ২২শঅঙ্কপাঠ করিলে প্রথমে উহা তাঁহার অধিকার কাল বলিয়াই মনে হয়, কিন্তু পূর্ব্বেই চোড়গঙ্গ ও তৎপুত্র কামার্ণবের অভিষেকশক ও প্রত্যেক রাজার অধিকারবর্ষ স্পষ্ট করিয়া লিখিত থাকায় ১২১৭ শকেই ২য় নরসিংহের রাজ্যারোহণ হইয়াছে, জানা যায়। বোধ হয় "স্বরাজ্য" নির্দ্দেশক অঙ্ক ১ম নরসিংহের সময় ১১৯৬ শকে প্রচলিত হইয়া থাকিবে, পূর্ব্বোক্ত গাঙ্গেয়শকের সহিত ইহার কোন সৌসাদৃশ্য নাই।

২য় নরসিংহের ১ম তাম্রশাসনে নবরাজ্যবিজয়ের কথা আছে। শ্রীকূর্ম্মস্বামীর মন্দিরে অনেকগুলি খোদিত শিলা-ফলকে ইনি বীরারি-বীরবর শ্রীনরসিংহদেব নামে বর্ণিত হইয়াছেন। ঐ সকল শিলাফলকের মধ্যে শেষ সময়ের লিপি ১২৭১ শকে অঙ্কিত, ইহাতে অনুমান হয় যে, ইনি ১২১৭ শক অর্থাৎ ১২৯৫ খৃষ্টাব্দ হইতে ১২৭১ শক অর্থাৎ ১৩৪৯ খৃষ্টাব্দ পর্য্যন্ত সুদীর্ঘকাল রাজত্ব করিয়াছিলেন। ইঁহার পরবর্ত্তী গাঙ্গেয়রাজগণের প্রদত্ত সাময়িক লিপি অভাবে গাঙ্গেয়রাজগণের এই পর্য্যন্ত বিবরণ লিখিয়া ক্ষান্ত হইলাম। (১২)

(১১) পূর্ব্বোক্ত শ্রীকূর্ম্মস্বামীর মন্দিরের ১১শ স্তম্ভে খোদিত ১১৫৩ শকে প্রদত্ত ভানুদেবের মন্ত্রীর দানপত্র দৃষ্ট হয়। ইহাতে অনুমান হয় যে ১১৫৩ শকে অর্থাৎ ১২৩১ খৃষ্টাব্দে রাজা অনঙ্গভীমের রাজ্যারোহণের পূর্ব্বে দক্ষিণাংশে ভানুদেব নামে অপর কোন রাজা রাজত্ব করিতেন। নিশ্চয়ই ইনি নরসিংহদেবের পুত্র পূর্ব্ব বর্ণিত ভানুদেব হইতে স্বতন্ত্র। ষ্টার্লিং ও হণ্টর সাহেব উক্ত নরসিংহের পর কবীর নরসিংহ বা কেশরী নরসিংহের নাম উল্লেখ করিয়াছেন, কিন্তু এই নাম গাঙ্গেয় রাজগণের প্রদত্ত কোন তাম্র-শাসনে দৃষ্ট হয় না।

(১২) হণ্টর ও ষ্টার্লিং সাহেব ঐ সময়ের পরেও কএকজন গঙ্গবংশীয় রাজার উল্লেখ করিয়াছেন, কিন্তু সে নাম বিশ্বাসযোগ্য না হওয়ায় গৃহীত হইল না। উক্ত ঐতিহাসিকগণের লিখিত ১৩৪৯ খৃষ্টাব্দের পরেরও বিবরণ বিশ্বাস না করিবার কারণ আছে। কটকজেলার অন্তর্গত গোপীনাথপুরে বিধ্বস্ত গোপীনাথজীর মন্দিরের সম্মুখে এবং বিশাখপত্তন জেলায় সর্ব্বসিদ্ধি তালুকের অন্তর্গত কোরুকোণ্ডগ্রামে বীরভদ্রদেবের মন্দিরের সম্মুখে যথাক্রমে কপিলেশ্বর গজপতি বা কপিলেন্দ্রদেবের আজ্ঞায় ১৩৬৫ শকে মন্দিরের প্রশস্তি বর্ণিত শিলাফলক খোদিত আছে। ষ্টার্লিং, হণ্টর প্রভৃতির ইতিহাসে ১৪৫২ খৃষ্টাব্দে কপিলেন্দ্রদেবের রাজ্যারোহণ কাল দৃষ্ট হয়। কিন্তু উক্ত সাময়িক প্রমাণেই জানা যাইতেছে যে, ১৪৫৩ খৃষ্টাব্দের অনেক পূর্ব্বে ১৩৬৫ শকে উৎকলরাজ কর্ণাট-বিজেতা সূর্য্যবংশীয় কপিলেন্দ্রদেব রাজত্ব করিতেন।

গাঙ্গেরুক (ক্লী) গোরক্ষ-তণ্ডুলের বীজ। (সুশ্রুত সূত্র° ৪৬ অঃ)

গাঙ্গেরুকী (স্ত্রী) গাঙ্গং জলমীরয়তি ঈর-কু "মৃগর্য্বাদয়শ্চ।" (উণ্ ১।৩৮) ততঃ স্বার্থেকন্। গৌরাদিত্বাৎ ঙীষ্। গোরক্ষ তণ্ডুলা (অমর)। পর্য্যায়—নাগবলা, ঋষা, হ্রস্ব-গবেধুকা, খরবল্লরিকা, বিশ্ববেদা, গোরক্ষ-তণ্ডুলী। (রত্নমালা) ইহা মধুর, কষায়, শীতল, পিত্ত ও কফনাশক। (চরক সূত্রস্থান ২৭ অঃ)।

গাঙ্গেরুহী (স্ত্রী) গাঙ্গে তটাদৌ রোহতি রুহ-ক। গৌরাদিত্বাৎ ঙীষ্। নাগবলা (রাজনি°)।

গাঙ্গেষ্ঠী (স্ত্রী) গাঙ্গে নদীতটে তিষ্ঠতি স্থা-ক ষত্বম্, অলুক-সমা° গৌরাদিত্বাৎ ঙীষ্। কটশর্করা, নটা। (হারাব°)।

গাঙ্গৌঘ (পুং) গাঙ্গো গঙ্গাসম্বন্ধী ওঘঃ। কর্ম্মধা°। গঙ্গাস্রোতঃ।

গাঙ্গ্য (ত্রি) গাঙ্গে গঙ্গাকূলে ভবঃ যৎ। গঙ্গাকূলাদি সম্বন্ধী।

"উরুঃ কক্ষো ন গাঙ্গ্যঃ।" (ঋগ্বেদ ৬।৪৫।৩১)

'গাঙ্গ্যঃ গঙ্গায়াঃ কূলে ভবঃ'। (সায়ণ)

গাচা (দেশজ) ১ বৃক্ষ, গুল্মাদি। ২ সংখ্যা। যেমন এক বা দুই গাচা ছড়ি, এক গাচা দড়ি ইত্যাদি।

গাছ (দেশজ) বৃক্ষ।

গাছড়া (দেশজ) শাক সবুজি।

গাছী (দেশজ) সংখ্যা। স্ত্রীলিঙ্গে ব্যবহৃত হয়। যেমন একগাছী দড়ি ইত্যাদি।

গাছুড়ে (দেশজ) যে গাছে উঠিতে অতিশয় নিপুণ।

গাজন (দেশজ) শিবের উৎসববিশেষ।

"গাজন লইয়া এল ময়না মণ্ডলে।
শিরে ধর্ম্ম-পাদুকা সোনার চতুর্দ্দোলে॥" শ্রীধর্ম্মমঙ্গল।

গাজর (ক্লী) গাজং মদং রাতি রা-ক। গৃঞ্জন, গর্জ্জর, গাজোর। (রাজনি॰)

গাজি (পারস্য) ১ যে ধর্ম্মের জন্য বিধর্ম্মী বিনাশ করিয়াছে। ২ মুসলমানদিগের একটী সম্প্রদায়। এদেশে এই সম্প্রদায়ের লোক অনেক আছে।

গাজিউদ্দীন্ খাঁ ফিরোজ জঙ্গ ১ম, ইঁহার আসলনাম মীর সাহাবুদ্দীন। সম্রাট্ বাহাদুর শাহের সময়ে ইনি গুজরাটের শাসনকর্ত্তা নিযুক্ত হন। ইনি দিল্লীতে আজমীর ফটকের বাহিরে একটী বিদ্যালয় স্থাপন করেন। ১৭১০ খৃষ্টাব্দে আহ্মদাবাদে তাঁহার মৃত্যু হয়। তাঁহার দেহ দিল্লীতে আনীত হইয়া ঐ বিদ্যালয়ের মধ্যে কবরস্থ করা হয়। সুবিখ্যাত নিজাম-উল্‌মুল্ক আসফ্‌জা ইঁহারই পুত্র।

গাজিউদ্দীন্ খাঁ ফিরোজ জঙ্গ ২য়, নিজাম উল্‌মুল্ক আসফ্‌জার পুত্র, নাদিরশাহের পারস্যদেশে প্রত্যাগমনের পর ইনি আমীর-ওল-ওমরা উপাধি প্রাপ্ত হন। ১৭৫২ খৃষ্টাব্দের ১৬ই অক্টোবর দিল্লী যাইবার সময় পথে আরঙ্গবাদে তাঁহার মৃত্যু হয়। কেহ কেহ বলেন, বিষ প্রয়োগ দ্বারা তাঁহার বিনাশ সাধন হইয়াছিল।

গাজিউদ্দীন্ খাঁ ৩য়, ইমাদ-উল্-মুলুক; নিজাম উল্‌মুল্কের পৌত্র ও ২য় গাজিউদ্দীনের পুত্র। ইঁহার আসল নাম সাহাব্‌উদ্দীন্। পিতার মৃত্যু হইলে তাঁহার নাম ও উপাধি ধারণ করেন। ইনি উজীর হইয়া সম্রাট্ আহ্মদশাহকে কারারুদ্ধ ও তাঁহাকে অন্ধ করিয়া দেন। পরে তৎকর্ত্তৃক ২য় আলমগীর বাদশাহের প্রাণ বিনষ্ট হয়। গাজিউদ্দীন্ গন্নাবেগমকে বিবাহ করেন। [গন্নাবেগম দেখ।] ১৭৭৫ খৃঃ অব্দে গন্নাবেগমের মৃত্যু হয়। তাহার পর গাজিউদ্দীনের অবস্থা মন্দ হইয়া পড়ে। মাসির-উল্-উমরা নামক গ্রন্থে লিখিত আছে যে তিনি ১৭৭৩ খৃঃ দক্ষিণাপথে গমন করেন ও মালবপ্রদেশে একটী জায়গীর প্রাপ্ত হন। পরে সুরাটে গমন করিয়া তথায় কিছুকাল ইংরাজদিগের নিকট থাকিয়া মক্কা গমন করেন। গুলজার ইব্রাহিম কৃত কাব্য-গ্রন্থেও ইঁহার বৃত্তান্ত বর্ণিত আছে। তাহাতে ইনি নিজাম নামে উক্ত হইয়াছেন। গাজিউদ্দীন্ পারসি ও রেখতা কবিতা; আরব ও তুর্কিভাষায় গজল এবং পারস্যভাষায় "দিবান" ও "মস্‌নবী" রচনা করেন। কেহ কেহ বলেন কাল্পিতে তাঁহার মৃত্যু হয়।

গাজিউদ্দীন্ নগর [গাজিয়াবাদ দেখ।]

গাজিউদ্দীন্ হাইদার, অযোধ্যার নবাব উজীর। ১৮১৪ খৃষ্টাব্দে ১১ই জুলাই পিতা নবাব সদত্ আলি খাঁর মৃত্যু হইলে গাজিউদ্দীন্ অযোধ্যায় নবাব পদে প্রতিষ্ঠিত হন। সদত্ আলি মৃত্যুকালে ধনাগারে অনেক অর্থ রাখিয়া যান। ১৮১৪ খৃষ্টাব্দের ১৪ই অক্টোবর গবর্ণর-জেনারল লর্ড ময়রার সহিত নবাবের সাক্ষাৎ হয়। তাহাতে নবাব কোম্পানি বাহাদুরকে এক কোটি টাকা দান করিতে চাহেন। কিন্তু গবর্ণর-জেনারল উহা দান শর্ত্তে না লইয়া ঋণ বলিয়া গ্রহণ করিতে স্বীকৃত হয়েন এবং নেপাল যুদ্ধের ব্যয়ের কারণ আরও এক কোটি টাকা চাহেন। এই অতিরিক্ত টাকা নবাব উজীর প্রথমতঃ দিতে সম্মত হন নাই। শেষ রেসিডেণ্ট লেফ্‌টেনাণ্ট কর্ণেল বেলির উদ্যোগে সেই টাকাও গবর্ণমেণ্টকে দেওয়া হয়। ১২২৬ সালের ৬ই বৈশাখ (ইং ১৭ই এপ্রেল ১৮১৯) তারিখের সমাচার দর্পণ পত্রিকায় লিখিত হইয়াছে "তিন চারিবৎসর হইল ইংলণ্ডীয়েরা নেপালের রাজার সহিত যুদ্ধ করিয়া নেপাল-রাজ্যের তৃতীয়-ভাগ লইলে লক্ষ্ণৌয়ের নবাব সাহেব কোম্পানি বাহাদুরকে কহিলেন যে, আমার রাজ্য-সংলগ্ন নেপালীয় দেশ আমাকে দেও। তাহাতে কোম্পানি বাহাদুরকে এক কোটি টাকা দিয়া সেই নেপালীয় দেশ নবাব সাহেব লইলেন।"

ইতিপূর্ব্বে ওয়ারেণ হেষ্টিংস যে বেগমের প্রতি অত্যাচার করেন সেই বেগমের ত্যক্ত স্থাবর ও অস্থাবর সম্পত্তি উত্তরাধিকারী সূত্রে গাজিউদ্দীন্ পাইয়াছিলেন। কিন্তু কোম্পানি বেগমের অছি বলিয়া কর্ত্তৃত্ব ভার নিজ হস্তে রাখিয়া সেই সম্পত্তি হইতে প্রায় ১ কোটি টাকা অধিকার করিয়া লইলেন। পরে কয়েক সহস্র টাকা ফেরত দেওয়া হয় মাত্র। বেগমের উইলে অনেক লোকের বৃত্তির ব্যবস্থা ছিল, নবাব রেসিডেণ্টকে দিয়া ঐ বৃত্তিদানের জন্য অনেক আবেদন করেন, কিন্তু তাহাতে কোন ফল হয় নাই।

১৮১৪ খৃঃ অব্দে ১২ই নবেম্বর তিনি তৎকালিক গবর্ণর-জেনারল লর্ড ময়রা বা মারকুইস্ অব হেষ্টিংস সাহেবকে লিখিয়া পাঠান যে "আপনি আমাকে পিতৃসিংহাসনে স্থাপিত করিয়াছেন। সুতরাং আমি পিতার রাজ্য সম্পত্তিতে অধিকারী। অতএব সেই রাজ্য যেন আমার সম্পূর্ণ কর্ত্তৃত্বাধীনে থাকে। একটী পরগণা বা গ্রাম যেন আমার শাসন হইতে বিচ্ছিন্ন না হয়। আর আমি রাজ্যমধ্যে সুবিচারের জন্য তিন প্রকার আদালত স্থাপন করিয়াছি। অতএব আমার আত্মীয়, অনুচর বা ভৃত্যবর্গের মধ্যে কেহ যদি কলিকাতায় গিয়া আপনাদিগের নিকট আমার সম্বন্ধে কোন অনুযোগ করে তবে তাহাদিগকে সুবিচার জন্য

আমার রাজ্যেই পাঠাইবেন। এরূপ না করিলে আমার সম্মান প্রতিপত্তি কিছুই থাকিবে না।" গবর্ণর-জেনারল উত্তরে বলেন, যে ন্যায় সঙ্গত বিষয়ে ইংরাজ গবর্ণমেণ্টের শর্ত্ত সকল বজায় রাখিয়া নবাবের অভিপ্রায় আনুষায়িক কার্য্য করা যাইবে। বেলিসাহেব তখন লক্ষ্ণৌয়ের রেসিডেণ্ট। গবর্ণমেণ্টের সেক্রেটরি এডাম সাহেব তাঁহাকে লেখেন যে নবাবকে বাহিরে স্বাধীন রাজা বলিয়া দেখান হইবে। বস্তুতঃ তাঁহাকে ইংরাজ গবর্ণমেণ্টের অধীন হইয়া থাকিতে হইবে। *

গাজিউদ্দীন নবাব উজীর ছিলেন। ১৮১৯ খৃষ্টাব্দের ৯ই অক্টোবর তিনি আবুল্ মুজফ্‌র মইজ উদ্দীন্ শা জমান্ গাজি-উদ্দীন্ হাইদার বাদশাহ নাম ধারণ করেন। এই উপলক্ষে একটী প্রকাণ্ড দরবার হয়। তাঁহার অভিষেক কালে প্রায় ত্রিশ হাজার টাকার মুক্ত ছড়ান হইয়াছিল।

সাহেবদিগের মেমেরা এই সুযোগে অনেক মুক্তা সংগ্রহ করিয়াছিলেন। এই ঘটনার পর হইতে ইংরাজেরা তাঁহাকে রাজা বলিয়া সম্বোধন করিতেন।

গবর্ণর-জেনারল লর্ড আমহার্ষ্টের আমলে নবাব-রাজের সহিত ইংরাজদিগের বেশ সৌহার্দ্দ্য ছিল। লর্ড আমহার্ষ্ট রাজাকে ১৮২৫ খৃষ্টাব্দের ১৪ই অক্টোবর এবং ১৮২৬ অব্দের ২৩এ জুন যে খরিতা (পত্র) লিখিয়া পাঠান তাহার প্রথম-খানিতে রাজা ও পরের খানিতে বাদশাহ বলিয়া গাজি-উদ্দীন্‌কে সম্বোধন করা হইয়াছে। ঐ সকল খরিতা পাঠে বুঝা যায় যে, ব্রহ্মদেশের যুদ্ধের জন্য লক্ষ্ণৌয়ের নবাব ইংরাজ গবর্ণমেণ্টকে এক কোটি ৫০ লক্ষ টাকা ঋণ দান করিয়াছিলেন। রেসিডেণ্ট রিকেট্‌স্ সাহেব ও নবাব মাতমুৎদ্দৌলা মুক্‌তিয়ার-উল্-মুলক এই দুই জনের উদ্যোগেই এই কার্য্য সম্পন্ন হয়। আগামীর নামক গাজিউদ্দীনের মন্ত্রীর উপর রাজকুমার নাসিরুদ্দীনের বড় আক্রোশ ছিল। রাজা ভাবিলেন যে তাহার মৃত্যুর পর পুত্র রাজা হইয়া নিশ্চয়ই আগামীরকে বিনাশ করিবে। যাহাতে তাহা না হয় তাহার জন্য তিনি ইংরাজ গবর্ণমেণ্টকে অনুরোধ করেন। গবর্ণমেণ্ট শতকরা ৫৲ টাকা সুদে এক কোটী টাকা কর্জ্জ লইয়া আগামীরকে রক্ষা করিতে প্রতিশ্রুত হন। রাজা ব্যবস্থা করিলেন যে মৃত্যুর পর এই টাকার অর্দ্ধেক সুদ আগামীর পাইবেন। বাকি অন্যান্য কর্ম্মচারিগণ পাইবে। প্রসিদ্ধ বিশপ হেবার সাহেব ১৮২৪-২৫ খৃষ্টাব্দে এই প্রদেশ ভ্রমণ করিয়া একখানি গ্রন্থ প্রকাশ করেন। ঐ গ্রন্থে তৎকালীয় অনেক বৃত্তান্ত লিখিত আছে। সাহেব নবাবের বিশেষ সুখ্যাতি করিয়াছেন। ১৮২৭ খৃষ্টাব্দের ১৯এ অক্টোবর গাজিউদ্দীন্ হাইদারের মৃত্যু হয়। তখন তাহার বয়স চান্দ্র ৫৮ বৎসর হইয়াছিল। ইনি লক্ষ্ণৌয়ের মতি মহল, মোবারেক মঞ্জিল, সা মঞ্জিল, চিনিবাজার, ছত্র মঞ্জিল, সা-নজক ও কদম-রসুল প্রভৃতি নির্ম্মাণ করেন।

* Dacoity in Excelsis p. 61.

গাজি খাঁ দিল্লীর সম্রাট্ বাবরের সময়ের একজন সামন্ত। ইনি লাহোর অঞ্চল শাসন করিতেন। পরে সৈন্য সংগ্রহ করিয়া বাবরের বিরুদ্ধে অস্ত্র গ্রহণ করেন। বাবর সসৈন্যে গিয়া গাজি খাঁকে পরাস্ত ও মিলবটের দুর্গ অধিকার করিলে গাজি খাঁ পর্ব্বতে পলায়ন করেন। গাজিখাঁর পুস্তকাগারে অনেক বহুমূল্য পুস্তক সংগৃহীত ছিল।

গাজি-খাঁ-ই বদক্‌সি মুসলমান সেনাপতি ও কবি। ইঁহার নাম গাজি নিজাম। ইনি মোল্লা ইসামুদ্দীন্ ইব্রাহিমের নিকট আইন অধ্যয়ন করিয়া শেষে মহাপণ্ডিত বলিয়া গণ্য হয়েন। বদক্‌সানের সুলতান সুলিমান তুষ্ট হইয়া তাঁহাকে 'কাজি খাঁ' উপাধি দান করেন। হুমায়ুনের মৃত্যুর পর সুলিমান সসৈন্যে কাবুলে আসিয়া হুমায়ুনের অনুচর মুনিম্‌কে অবরোধ করেন। সেই সময় তিনি গাজি নিজামকে মুনিম্‌খাঁর নিকট পাঠাইয়া তাঁহাকে আত্মসমর্পণ করিতে বলিয়া দেন। মুনিম্ খাঁ তাঁহাকে কয়েকদিন নিকটে রাখিয়া ধূমধামের সহিত আহারাদি করান। গাজি নিজাম তুষ্ট হইয়া সুলিমানকে প্রতিনিবৃত্ত হইতে অনুরোধ করিলেন। সুলিমান তদনুসারে বদক্‌সানে চলিয়া যান। গাজি নিজাম সুলিমানের কর্ম্ম ত্যাগ করিয়া ভারতে আসিয়া খাঁপুরে সম্রাট্ অকবরের সহিত সাক্ষাৎ করিলেন, সম্রাট্ তাঁহাকে নানা উপহার দিয়া প্রথমতঃ 'পারবাঞ্চি' লেখক পদে নিযুক্ত করেন। কিন্তু শেষে তাঁহার বুদ্ধিমত্তার পরিচয় পাইয়া এক হাজারি সেনাপতি পদে নিযুক্ত করিয়া দেন। এবং কয়েকটী যুদ্ধে তাঁহার বীরত্বের বিষয় অবগত হইয়া তাঁহাকে গাজি খাঁ উপাধি দান করেন। গাজি খাঁ মানসিংহের অধীনে বামদিকের সেনার নায়ক হইয়া রাণা কীকার সহিত যুদ্ধ করেন ও তৎ পরে বেহারের বিদ্রোহ দমন করেন। অকবর বাদশাহের রাজত্বের ২৯ বৎসরে (অর্থাৎ ৯৯৯ হিজিরায়) ৭০ বৎসর বয়সে অযোধ্যা নগরে তাঁহার মৃত্যু হয়। তিনি অনেক পুস্তক রচনা করিয়াছিলেন।

গাজি খাঁ চক্ কাশ্মীরের রাজা। ইনি অকবরশাহের সেনা-পতি কারা বাহাদুরকে যুদ্ধে পরাস্ত করেন। ময়াসিরি-রহিমী নামক পারস্য গ্রন্থে ইঁহার বিস্তৃত বিবরণ আছে।

গাজি খাঁ তগ্নুরী আফগান ওমরাহ, অকবর বাদশাহের কর্ম্মচারী। ইনি ভাটগড়ের জমিদারদিগকে অকবরের বিরুদ্ধে উত্তেজিত করেন। ভাটের রাজা রামচন্দ্রকে কর দিবার জন্য ও বিদ্রোহীদিগকে আত্মসমর্পণ করাইবার জন্য অকবর বলিয়া পাঠাইলেন, কিন্তু রাজা তাহাতে সম্মত না হইয়া যুদ্ধের উদ্যোগ করায় অকবর সসৈন্যে তাঁহার বিরুদ্ধে যাত্রা করেন। পরে রাজাকে পরাজিত করিয়া গাজি খাঁর প্রাণ বিনাশ করিলেন।

গাজিপুর উত্তর পশ্চিমের বারাণসী বিভাগের একটী জেলা। অক্ষা° ২৫°১৮´২৯´´ হইতে ২৬°৫৬´ উঃ ও দ্রাঘি° ৮৩°২১´২৬´´ হইতে ৮৪°০´৭´´ পূঃ মধ্যে অবস্থিত।

গাজিপুর জেলার উত্তরে আজিমগড়; পশ্চিমে বারাণসী ও জৌনপুর জেলা; দক্ষিণে সাহাবাদ ও পূর্ব্বে বেলিয়া। ইহার ক্ষেত্রফল ১৪৭৩ বর্গ মাইল।

গাজিপুর নগরে এই বিভাগের সদরকাছারি। গাজিপুরের মধ্য দিয়া গঙ্গা প্রবাহিত, দুইধারের জমি বিশেষ উর্ব্বরা। ইহার উত্তরাংশ সরযূ ও গোমতী নদীর মধ্যে অবস্থিত। এই নদীদ্বয় জেলার পশ্চিমভাগে আসিয়া মিলিত হইয়াছে। দক্ষিণভাগে কর্ম্মনাশা ও গঙ্গা। জেলার উত্তরাংশ দক্ষিণাংশ-অপেক্ষা উচ্চ। হিমালয় প্রদেশের ভগ্নাংশ গঙ্গার জলে ধৌত হইয়া পলিরূপে জমিয়া উত্তরাংশে পতিত হওয়ায় এই ভাগ অপেক্ষাকৃত উচ্চ হইয়াছে। এই উচ্চভাগের উপর দিয়া ক্ষুদ্র ক্ষুদ্র নদী প্রবাহিত হইয়া পার্শ্বস্থ ভূমি কৃষিকার্য্যোপযোগী করিয়া তুলিয়াছে। মঙ্গাই নামক নদীতে গ্রীষ্মকালে জল থাকে না। নদীগুলি অনেকস্থানে পূর্ব্ব গর্ভ পরিত্যাগ করিয়া নূতন পথে চলিয়াছে। উচ্চভূমির স্থানে স্থানে ক্ষার জমিয়া সাজিমাটিতে পরিণত হইয়াছে। এখানে ভাল ফসল হয় না। কিন্তু অন্যান্য স্থান বেশ উর্ব্বরা। গাজিপুরে ১০০৬ বর্গ মাইল ভূমিতে চাস হইতেছে। নিম্নভূমিতে কবাইল নামক একপ্রকার কৃষ্ণবর্ণ মৃত্তিকা আছে। ইহাতে জল সিঞ্চন না করিলেও রবি শস্য উৎপন্ন হইতে পারে। ইহার উপরে বালি ছড়াইয়া দিতে হয়, নতুবা ইহা শীঘ্র শুষ্ক ও শক্ত হইয়া যায়। গঙ্গার পার্শ্বস্থ নিম্নভূমি পলিময়। ইহার নিম্নে বালুকার স্তর আছে। গঙ্গার বন্যাতে শস্যের বিশেষ উপকার দর্শে। খরিফ শস্য জ্যৈষ্ঠমাসে রোপিত হয় এবং কার্ত্তিক অগ্রহায়ণ মাসে কাটা হইয়া থাকে। আশু ধান্য ভাদ্রমাসে ও তুলা মাঘমাসে উঠান হয়। রবি শস্য কার্ত্তিক অগ্রহায়ণে রোপিত হয় এবং চৈত্র বৈশাখমাসে কাটা হয়।

গাজিপুর জেলায় বন্যায় হাজা, বা বৃষ্টি অভাবে শুখার জন্য শস্যের বিশেষ ক্ষতি হয় না। সুতরাং এখানে প্রায় দুর্ভিক্ষ ঘটে না।

১৭৮৩ খৃষ্টাব্দে বৃষ্টি অভাবে বিলক্ষণ অন্ন কষ্ট হইয়াছিল। ১৮০৩ খৃষ্টাব্দে ধান্য ভালরূপ জন্মে নাই। ১৮৩৭-৩৮ খৃষ্টাব্দেও অন্নকষ্ট উপস্থিত হয়। ১৮৫৮-৬০, ১৮৬৪ ও ১৮৬৫-৬৬ খৃঃ শুখা ও ১৮৭১-৭২ খৃষ্টাব্দে বন্যা হয়। ১৮৬৮-৬৯ খৃষ্টাব্দে সমস্ত বৎসরের মধ্যে কেবল ২১ ইঞ্চিমাত্র জল হয়। তাহাতে অনেক শস্য নষ্ট হওয়ায় লোকের বিলক্ষণ ক্লেশ হইয়াছিল।

হিন্দুদিগের মধ্যে উচ্চ শ্রেণীর ব্রাহ্মণ, রাজপুত, কায়স্থ, বেণিয়া ও নিম্নশ্রেণীর আহির, চামার, কচ্চি, ভুঁইহার, ভর, কাহার, তেলি, লোহার, লোনিয়া, কুম্ভার, মাল্লা, কলবার, কুর্ম্মি, গদারিয়া, নাই, সোণার, ধোরি, তাম্বুলি প্রভৃতি দেখা যায়। মুসলমানদিগের মধ্যে সুন্নির সংখ্যাই অধিক।

পঞ্চায়তগণ এখানে ব্যবসা, বাণিজ্য, সামাজিক বা বৈষয়িক নানা বিষয়ের বিবাদ ভঞ্জন ও মীমাংসা করিয়া দেয়। গাজিপুর জেলার মধ্যে গাজিপুর, গহমার, বাইয়তিপুর, সেরপুর, নারহি, জমানিয়া, বাহাদুরগঞ্জ নামক কয়েকটী নগর আছে।

স্থানীয় প্রবাদ এইরূপ যে, এই স্থানে গাধি নামক কোন রাজার গাধিপুর নামে একটী দুর্গ ছিল, তিনিই এই নগর স্থাপন করেন। কিন্তু বর্ত্তমান গাজিপুর নামটী মুসলমান সময়ে প্রদত্ত হইয়াছে। পূর্ব্বে এই স্থানের নাম গজপুর ছিল। অধিবাসীরা এখন ও এই স্থানকে গজিপুর বলিয়া থাকে। যাহাই হউক গাজিপুর যে অতি প্রাচীন নগর তাহাতে আর সন্দেহ নাই। নগর পার্শ্বে নদীকূলে মৃত্তিকার ভিতর অনেক পুরাতন ইষ্টক এবং মৃণ্ময়পাত্র ও স্থানে স্থানে অতি পুরাতন খোদিত শিলালিপি দেখিতে পাওয়া যায়। জেলার ভিত্রি নামক গ্রামে সমুদ্রগুপ্তের সময়ের শিলালিপি পাওয়া গিয়াছে। ইনি কনৌজ পর্য্যন্ত আপনার রাজ্য বিস্তার করিয়াছিলেন। গাজিপুরে যে সমস্ত মূল্যবান স্তম্ভ ও খোদিত লিপি পাওয়া গিয়াছে তদ্দ্বারা জানা যায় যে, খৃষ্টের বহু পূর্ব্বে বুদ্ধদেবের সময়ে মৈয়িদপুর হইতে বক্সার পর্য্যন্ত সমস্ত প্রদেশ সমৃদ্ধিশালী ছিল। খৃষ্টের ২৫০ বৎসর পূর্ব্বে প্রসিদ্ধ অশোক রাজার রাজত্ব সময়ে এই দেশে বৌদ্ধধর্ম্মের বিস্তার হয়। অশোক রাজার নির্ম্মিত প্রস্তর স্তম্ভ ও স্তূপ দেখা গিয়াছে। খৃষ্টীয় ৪র্থ হইতে ৭ম শতাব্দী পর্য্যন্ত মগধ দেশের গুপ্তবংশ এ প্রদেশে রাজত্ব করিতেন। এই বংশীয় রাজগণের নির্ম্মিত স্তম্ভ ও মুদ্রাদি স্থানে স্থানে পাওয়া গিয়াছে। গাজিপুর হইতে ৬॥০ ক্রোশ দক্ষিণে জমানিয়া

তহসিলের লাটিয়া নামক ক্ষুদ্র গ্রামে একটী ৫০০ ফুট লম্বা ও ২০০ ফুট প্রস্থ ইষ্টকের ভগ্ন স্তূপের পশ্চিমদিকে একটী প্রস্তর স্তম্ভ আছে *। কোন কোন মুদ্রায় ও শিলালিপিতে শ্রীগুপ্ত ক্রলুলেন্দ্রের নাম পাওয়া গিয়াছে। † ৬৩০ খৃষ্টাব্দে চীন পরিব্রাজক হিউয়েন-সিয়াং যখন এই প্রদেশ দর্শন করিতে আগমন করেন, তখন এখানে বৌদ্ধ ও হিন্দু উভয়েরই প্রাদুর্ভাব ছিল। হিউয়েন-সিয়াং এই প্রদেশের 'চেন-চু' নাম দিয়াছেন। রাজ্যটী চারিদিকে ১৬৫ ক্রোশ। (১) গঙ্গাতীরে ইহার রাজধানী। অধিবাসীবর্গ সমৃদ্ধিশালী, ভূমি উর্ব্বরা ও শস্যশালিনী।

হিউয়েন-সিয়াংএর আগমনের পরে হিন্দুগণ বৌদ্ধদিগের সহিত যুদ্ধ করিয়া তাহাদিগকে দেশ হইতে দূর করিয়া দেন। সেই সময় ভর নামক পরাক্রান্ত জাতি এই স্থানে আধিপত্য বিস্তার করে। উত্তরপশ্চিমে যখন মুসলমান জাতি রাজ্য বিস্তার আরম্ভ করে, তখন ব্রাহ্মণ ও রাজপুতগণ পলায়ন করিয়া এই ভর জাতীয় রাজাদিগের আশ্রয় গ্রহণ করেন। তাহারাই ক্রমে ঐ রাজার নিকট হইতে জমি গ্রহণ করিয়া পরে জমিদাররূপে পরিণত হইয়াছে। ক্রমে কুতুবউদ্দীন্ ১১৯৩ খৃষ্টাব্দে উত্তর-পশ্চিম-প্রান্ত হইতে বঙ্গদেশ পর্য্যন্ত মুসলমান রাজ্য বিস্তার করিলেন। গাজিপুর অবশ্যই তাঁহার রাজ্যের অন্তর্ভুক্ত হইয়াছিল। কথিত আছে, ১৩৩০ খৃষ্টাব্দে সম্রাট্ মুহম্মদ তোগলকের সময়ে মুসাউদ নামক এক-জন সামন্ত এই প্রদেশের রাজাকে যুদ্ধে নিহত করেন। সম্রাট্ তাঁহার উপর তুষ্ট হইয়া তাঁহাকে গাজি (ধর্ম্মের সহায়) উপাধি দেন ও নিহত রাজার রাজ্যদান করেন। এই মুসা-উদই উক্ত স্থানের 'গাজিপুর' নামকরণ করেন। সেই অবধি উহার নাম গাজিপুর হইয়াছে। ১৩৯৪ হইতে ১৪৭৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত এই প্রদেশ জৌনপুরের সড়কি রাজগণের অধীন ছিল। সড়কি রাজবংশ দিল্লীর লোদীবংশীয় রাজগণের অধীনতা পরিত্যাগ করিয়া স্বাধীন হইয়াছিল। ১৫২৬ খৃষ্টাব্দে সম্রাট্ বাবর এই প্রদেশ অধিকার করিয়া লন। বক্সারের যুদ্ধে সেরশাহ হুমায়ুনকে পরাস্ত করিয়া এই প্রদেশ অধিকার করেন। অকবরের সময় এই স্থান মোগলদিগের অধিকারে এলাহাবাদ সুবার অন্তর্গত থাকে। তাহার পর ইহা অযোধ্যার নবাব উজীরের রাজ্যের অন্তর্নিবিষ্ট হয়। ১৭৩৮ খৃষ্টাব্দে নবাব সাহাদাত খাঁ, সেখ আবদুল্লা নামক এক ব্যক্তিকে গাজিপুরের শাসনকর্ত্তা নিযুক্ত করেন। এই স্থানে তাঁহার কৃত চিহ্ল্-সতুন (চল্লিশ স্তম্ভযুক্ত বাটী), ইমামবাড়া, মস্‌জিদ্, নবাবকি চারদোয়ারি, একটী দুর্গ ও নবাব-বাগ নামে উদ্যান নির্ম্মাণ করেন। (১) উদ্যানের নিকট তাঁহার সমাধিমন্দির ছিল। জলালাবাদ ও কাশিমাবাদে তাহার কৃত মস্‌জিদের ভগ্নাবশেষ এখনও দেখা যায়। আবদুল্লার মৃত্যুর পর তৎপুত্র ফজলআলি রাজ্যশাসন করিতে থাকেন। বারাণসীর রাজা বলবন্তসিংহ তাঁহাকে তাড়াইয়া দিয়া গাজিপুর প্রদেশ নিজ অধিকারভুক্ত করিয়া লন। ১৭৭০ খৃষ্টাব্দে বলবন্ত সিংহের মৃত্যু হইলে চৈতসিংহ রাজা হন। নবাব উজীরের সম্মতি-ক্রমে গাজিপুর চৈতসিংহের অধিকারে রহিল। ১৭৭৫ খৃষ্টাব্দে নবাব উজীর আসফ্ উদ্দৌলা বারাণসী রাজ্য ইংরাজদিগকে অর্পণ করেন। শেষ ১৭৮১ খৃষ্টাব্দে ওয়ারেণ হেষ্টিংস্ চৈত-সিংহকে সিংহাসন চ্যুত করেন। সেই অবধি গাজিপুর ইংরাজ-রাজের অধীন হইয়াছে। ১৮০৫ খৃষ্টাব্দে গাজিপুরে ভারতের গবর্ণর-জেনারল লর্ড কর্ণওয়ালিসের মৃত্যু হয়। সেই ঘটনার স্মরণার্থ 'কর্ণওয়ালিস মনুমেণ্ট' নামক ইমারত নির্ম্মিত হইয়াছে। ইহাতে ১২টি স্তম্ভ ও উপরে একটী গম্বুজ আছে। উহার মেজ ভূমি হইতে প্রায় ৮ হস্ত উচ্চ, উপরে মর্ম্মর প্রস্তর বাঁধান। মধ্যস্থলে প্রস্তর খোদিত লর্ড কর্ণওয়ালিসের অর্দ্ধ-মূর্ত্তি। উহার এক পার্শ্বে হিন্দু ও অপর পার্শ্বে মুসলমান মূর্ত্তি। উত্তরদিকে একজন গোরা ও একজন সিপাহীর মূর্ত্তি, যেন শোকাকুল ভাবে অবস্থিত। সিপাহী বিদ্রোহের তরঙ্গ গাজিপুরেও আসিয়াছিল। কিন্তু তাহা শীঘ্রই দমিত হয়।

ইংরাজ অধিকারে আসিবার পর ১৭৮৯ খৃষ্টাব্দে গাজিপুরে জমি সম্বন্ধীয় যে বন্দোবস্ত করা হয়, তাহাই চিরস্থায়ীরূপে চলিয়া আসিতেছে। এক একটী বিভাগের প্রতিনিধিস্বরূপ কয়েক জনের সহিত সরকারের বন্দোবস্ত হয়। কোন কোন স্থলে কোন জমিদারী এইরূপ প্রতিনিধির নিজ সম্পত্তি হইয়া দাঁড়াইয়াছে। ১৮৪০ খৃষ্টাব্দে জমির সত্বাসত্বের ও অংশাদির নূতন ব্যবস্থা করা হয়। বাকি খাজনার জন্য অনেক ভূসম্পত্তি বিক্রয় হইয়া যায়। ১৮৫৯ খৃষ্টাব্দে জমি সম্বন্ধে নূতন আইন হইলে জমির পুরাতন অধিকারীদিগের সহিত নূতন অধিকারীদিগের অনেক বিবাদ ও মোকদ্দমা হইয়াছিল।

এখানে শাসনকার্য্যের জন্য একজন মাজিষ্ট্রেট-কালেক্টর, একজন জয়েণ্ট মাজিষ্ট্রেট ও তিনজন ডিপুটী মাজিষ্ট্রেট আছেন। বালিয়ার জজ গাজিপুরের দায়রার বিচার

* Führer's Monumental Antiquities and Inscriptions. p. 232.

† Cunningham's Archæological Survey Reports. XXII. p. 98.

(১) Cunningham's Ancient Geography of India, p. 439.

(১) Führer's Monumental Antiquities &c. 232.

করিয়া থাকেন। গাজিপুরই জেলার ও তহসিলের প্রধান নগর। এইখানেই এই সকল আদালত বসিয়া থাকে। ইহা বারাণসীর উত্তর-পূর্ব্বে ২২ ক্রোশ দূরে অক্ষাংশ ২৫° ৩৫´ উঃ দ্রাঘি° ৮৩° ৩৮´৭´´ পূঃ মধ্যে অবস্থিত। ইহার জনসংখ্যা ৪৪৯৭০ জন। এখানে চিনি, তামাক, মোটা কাপড় ও গোলাপ জল প্রস্তুত হয়। উত্তর-পশ্চিমাঞ্চলের সমস্ত অহিফেন গাজিপুরে আনীত হয়। উত্তর-পশ্চিম গবর্ণমেণ্টের অহিফেনবিভাগ এইখানেই অবস্থিত। এখানে একটী মিউনিসিপালিটী আছে।

গাজিপুর জেলায় বাহির হইতে বিলাতী সূতা, কাপড়, তুলা, লবণ, মসলা ও নানাবিধ শস্য আমদানী হইয়া থাকে। খৃষ্টীয় ষোড়শ-শতাব্দী হইতে এখানে অহিফেন চাষ হইতেছে। বারাণসী জেলা ইংরাজদিগের হস্তগত হওয়ার পর হইতে গবর্ণমেণ্ট অহিফেন ব্যবসা একচেটিয়া করিয়া লইয়া কণ্ট্রাক্টরদিগকে বিলি করেন। ১৭৯৭ খৃষ্টাব্দে বারাণসীতে একজন সরকারী আফিমের এজেণ্ট নিযুক্ত করা হয়। দেশের লোকে যেমন অহিফেন চাষ করিত, সেই রূপই করিতে লাগিল। তাহারা গবর্মেণ্টের নিকট হইতে কমিসন পাইত। ১৮৫২ খৃষ্টাব্দে লর্ড ডালহাউসি নূতন নিয়ম করেন। তদনুসারে এজেণ্টের অধীনে দশজন ডিপুটী নিযুক্ত হইলেন। এক একজন ডেপুটির অধীনে ২ জন করিয়া ইংরাজ আসিষ্টেণ্ট বা কর্ম্মচারী। এই দশটী বিভাগের ৩৯টী উপবিভাগ হইয়াছে। প্রত্যেক উপবিভাগে এক একজন দেশীয় ওভারসিয়ার বা তত্ত্বাবধায়ক আছেন। যাহারা চাষ করিবে, তাহারা সরকার হইতে লাইসেন ও দাদন লইয়া যায়। তদনুসারে তাহারা নিয়মিত পরিমাণ ভূমি অহিফেন চাষের জন্য রাখে। অহিফেন বোনা হইলে সরকারী লোক ভূমি মাপিয়া কত অহিফেন জন্মাইবে তাহার একটা কুত করেন। চৈত্র বৈশাখ মাসে অহিফেন সংগৃহীত হইয়া সরকারী কুঠিতে আনীত হয়। তথায় তাহার ওজন ও পরীক্ষা হইয়া চাষীর হিসাব মিটান হয়। কুঠিতে অহিফেনের বাট প্রস্তুত হয়। তাহা বাক্সবন্দী হইয়া কলিকাতায় চালান আসে ও তথায় নিলাম ডাকে বিক্রয় হইয়া থাকে। গাজিপুরের সাজিমাটি হইতে "কারবনেট-অব-সোডা" প্রস্তুত হয়। এখানে সোরাও প্রস্তুত হইয়া থাকে।

ইষ্ট ইণ্ডিয়ান রেলপথের জমানিয়া, দিলদার নগর ও গহমার নামক ষ্টেসন গাজিপুর জেলার মধ্যেই অবস্থিত। দিলদার নগর হইতে একটী রেলপথের শাখা গাজিপুর নগরের নিকট গঙ্গার অপর কূলে তারিঘাট নামক স্থানে আসিয়াছে। রেলপথ হইয়াও নৌকার আমদানী রপ্তানী বন্ধ হয় নাই। জেলার ভিতর প্রধান প্রধান নগরে গতায়াতের জন্য উত্তম উত্তম রাস্তা প্রস্তুত হইয়াছে। চোচাকপুর নামক স্থানে কার্ত্তিকী পূর্ণিমাতে গঙ্গাস্নানোপলক্ষে প্রায় দশহাজার লোক সমবেত হয়।

গাজিপুরে শীতকালে অত্যন্ত শীত, আবার গ্রীষ্মকালে অত্যন্ত গ্রীষ্ম বোধ হয়। ১৮৬৯ খৃষ্টাব্দে জানুয়ারি মাসে তাপমান যন্ত্র ৬১° ও মে মাসে ৯৮° উঠে। গাজিপুরে, সৈইদপুর ও পীরনগরে ঔষধালয় আছে।

২ উত্তরপশ্চিমাঞ্চলের ফতেপুর জেলার অন্তর্গত একটী তহসিল। ইহাতে আয়াশা, গাজিপুর, ও মতৌর নামক পরগণা আছে। ইহার ক্ষেত্রফল ২৮২ বর্গ মাইল। গাজিপুর খাস ইহার সদর। ফতেপুর হইতে লিবরা পর্য্যন্ত যে পথ গিয়াছে, ঐ পথে ফতেপুর হইতে ৪॥০ ক্রোশ গমন করিলে গাজিপুর যাওয়া যায়। আসোথরের রাজার পূর্ব্ব পুরুষ অরুরু সিংহ এই নগর স্থাপন করেন। এই বংশের বাসের জন্য একটী দুর্গ, এতদ্ভিন্ন পুলিস ও ডাকঘর আছে।

গাজি মহ্‌দি, মুসলমানদিগের একটী ধর্ম্মসম্প্রদায়। ইহাদের নিজের সম্পত্তি থাকে না। সম্প্রদায়স্থ লোক আপনার স্ত্রী-পরিবার পরিত্যাগ করিয়া নিজ নিজ সম্পত্তি লইয়া একটী সাধারণ ভাণ্ডার করে। তাহা হইতেই তাহাদের খরচপত্র চলে। ইহারা ধর্ম্মে এরূপ উন্মত্ত যে কাহাকে কোন পাপ কাজ করিতে দেখিলে তাহাকে বিনাশ পর্য্যন্ত করিতে ত্রুটি করে না।

গাজি মিঞা, মুসলমানদিগের উপাস্য দেবতা। ইনি পঞ্চপীরের মধ্যে একটী পীর। উত্তর-পশ্চিমাঞ্চলের নিম্নশ্রেণীর মুসলমানেরা ইহাকে বিশেষ ভক্তি করে। কোথাও কোথাও ইহাকে গজনা তুল্‌হা ও সালার-চিনুলা বলে। অনেক স্থানে জ্যৈষ্ঠমাসে ইহার উদ্দেশে নানাবিধ উৎসবাদি হইয়া থাকে। একটা লম্বা বাঁশের মাথায় কতকগুলি চুল বান্ধিয়া বহিয়া বেড়ায়। চুলগুলি গাজির ছিন্নমস্তক। কথিত আছে যে বিবাহের দিবস ধর্ম্মের জন্য ইনি প্রাণত্যাগ করেন। সেই জন্য এই উৎসবকে 'গাজি মিঞার সাদি' উৎসবও বলিয়া থাকে। অনেক নীচ শ্রেণীর হিন্দুও এই উৎসবে যোগ দিয়া থাকে। গাজিমিঞা কোন্ সময়ের লোক তাহা কেহই ঠিক করিয়া বলিতে পারে না। কেহ কেহ বলেন যে, ইনি গজনির মাহ্মুদের ভাগিনেয়, ৪০৫ হিজিরায় আজমীরে ইহার জন্ম হয়। হিঃ ৪২৪ অব্দে ১৯ বৎসর বয়সে বরাইচ নগরে হিন্দুরাজ সাহরদেবের সহিত যুদ্ধে ইহার মৃত্যু হয়।

গাজিয়াবাদ, উত্তর-পশ্চিম প্রদেশের মীরাট জেলার একটী

তহসীল। উহা জেলার দক্ষিণ-পশ্চিমদিকে অবস্থিত। ইহাতে দাসনা, জালালাবাদ, ও লোনী নামক কয়েকটী পরগণা আছে। ইহা যমুনা নদীর তীরে অবস্থিত। সিন্ধু-পঞ্জাব, দিল্লী ও ইষ্ট ইণ্ডিয়া রেলপথ ইহার মধ্য দিয়া গিয়াছে। গঙ্গা ও যমুনার খাল হইতে ইহার ক্ষেত্রাদিতে জল সরবরাহ করা হয়। ইহার ক্ষেত্রফল ৪৯৪ বর্গমাইল। ইহার মধ্যে একটী দেওয়ানি ও একটী ফৌজদারী আদালত ও ৭টী থানা আছে। গাজিয়াবাদ ইহার প্রধান নগর। গাজিয়াবাদ নগর অক্ষা° ২৮° ৩৯´৫৫´´ উঃ ও দ্রাঘি° ৭৭° ২৮´১০´´ পূর্ব্ব মধ্যে মীরাট হইতে ৭ ক্রোশ দক্ষিণপশ্চিমে অবস্থিত। লোকসংখ্যা ১০,১৯৩ জন। তন্মধ্যে ৬৯৫২ জন হিন্দু। দক্ষিণাপথের প্রসিদ্ধ নবাব সলাবত জঙ্গের ভ্রাতা উজীর গয়াসউদ্দীন্ ১৭৪০ খৃষ্টাব্দে এই নগর স্থাপন করিয়া গাজিউদ্দীন্ নগর নাম রাখেন। রেলপথ খুলিবার সময় সাধারণের উচ্চারণের সুবিধার জন্য নাম পরিবর্ত্তিত হইয়া গাজিয়াবাদ হইয়াছে। ১৮৫৭ খৃষ্টাব্দে সিপাহী বিদ্রোহের সময় একদল ইংরাজ সেনা এই স্থানে বিদ্রোহীদিগকে পরাজিত করে। এখানে দুধেশ্বরনাথ দেবের মন্দির আছে। ইহা ২০০ বৎসর পূর্ব্বে নির্ম্মিত হয়। এতদ্ব্যতীত ৬টী বড় মস্‌জিদ্ আছে। রেলপথ খোলার পর এখানে অনেকগুলি সরাই হইয়াছে। ষ্টেসনের নিকট অনেক ঘর বাটী আছে। চামড়া বিক্রয়ের জন্য সপ্তাহে হাট বসে। দুধেশ্বরনাথ ব্যতীত এখানে আরও কয়েকটী হিন্দু দেবমন্দির আছে।

গাজিবেগ তরখাঁ, মির্‌জা, সিন্ধুদেশের মুসলমান শাসনকর্ত্তা। সুপ্রসিদ্ধ জঙ্গিস্‌খাঁর বংশসম্ভূত। মুহম্মদ জানিবেগ ইহার পিতা। পিতার যখন মৃত্যু হয় তখন ইহার বয়স ১৭ বৎসর মাত্র। তাঁহার প্রতি সম্রাট্ অকবরের বিশেষ অনুগ্রহ ছিল। সম্রাট্ সেই অল্পবয়সেই তাঁহাকে সিন্ধুদেশের শাসনভার অর্পণ করিলেন। কিন্তু মিরজা-ঈশা-তরখাঁ নামক তাঁহারই আত্মীয় গাজিবেগের বিরুদ্ধে দণ্ডায়মান হইয়া যাহাতে তিনি শাসনকার্য্য করিতে না পারেন, তাহার জন্য চেষ্টা করিতে লাগিলেন। পিতৃবন্ধু খস্‌রু খাঁ-চিগ্রিসের সাহায্যে গাজিবেগ প্রতিবাদী ঈশা-তরখাঁকে পরাস্ত করাইয়া তাঁহাকে সিন্ধুদেশ হইতে বিদূরিত করিলেন। গাজিবেগ এই সূত্রে অনেক সৈন্য সংগ্রহ করিয়াছিলেন। সেই সেনা লইয়া সম্রাটের বিপক্ষে অস্ত্রধারণ করিবার উদ্যোগ করেন। অকবর এই সংবাদ পাইয়া ১০১১ ফসলিতে বেহারের শাসনকর্ত্তা সৈয়দখাঁ, ও রাজপুত্র সাহুল্লাকে বিদ্রোহ দমন করিতে পাঠাইয়া দেন।

গাজিবেগ সম্রাটের অধীনতা স্বীকার করিয়া সম্রাটের নিকট দিল্লীতে আগমন করিলে সম্রাট্ তাঁহাকে ক্ষমা করিয়া পুনরায় সিন্ধুদেশের শাসন ভার অর্পণ করিলেন। অকবরের মৃত্যুর পর জাহাঙ্গির সম্রাট্ হইয়াও তাঁহাকে সিন্ধুদেশের সহিত মূলতানের শাসনভার প্রদান করেন। জাহাঙ্গির তাঁহার প্রতি সন্তুষ্ট হইয়া "সাতহাজারী" সেনাপতি খেতাব প্রদান করেন। হিরাটের শাসনকর্ত্তা হুসেন খাঁ-সাম্‌লু কান্দাহার অবরোধ করিলে, গাজিবেগ তাঁহার বিরুদ্ধে প্রেরিত হইলেন। সেই সময় তাঁহাকে "ফরজন্দ" উপাধি দেওয়া হয়। পারস্যরাজ শাহ আব্বাস তাঁহাকে আপন পক্ষে আনয়ন করিবার বিশেষ চেষ্টা করেন ও অনেক খিলাত (উপহার) পাঠাইয়া দেন। কিন্তু গাজিবেগ যে নিজ প্রভুর পক্ষ পরিত্যাগ করিয়াছিলেন তাহার কোন প্রমাণ পাওয়া যায় না। ৭ বৎসর রাজ্যশাসন করিয়া ১০১৮ ফসলিতে সহসা তাঁহার মৃত্যু হয়। কেহ কেহ বলেন, জাহাঙ্গিরের রাজত্বের ৭ম বর্ষে অর্থাৎ ১০২১ ফসলিতে এই ঘটনা ঘটে। খস্‌রু খাঁর পুত্র লুৎফুল্লার প্রতি তিনি কোন কারণে নির্দ্দয় ব্যবহার করিয়াছিলেন, অনেকে অনুমান করেন যে সেই ব্যক্তিই বিষপ্রয়োগে ইহার প্রাণবিনাশ করিয়া থাকিবে। গাজিবেগের সন্তানাদি হয় নাই। পিতার মত তিনিও কবি ছিলেন। সঙ্গীতেও তাঁহার বিশেষ অনুরাগ ছিল। তিনি সকলপ্রকার বাদ্যযন্ত্রই বাজাইতে পারিতেন। তালিবী, মোল্লা মুরসিদ্-ই-য়াজদিরজী, মীর নিমাতুল্লা বাশিলী, মোল্লা আসদ্ কিস্‌শা ক্ষবান ও ফুগফুরি প্রভৃতি কবিগণ তাঁহার অনুগত ছিলেন। গাজিবেগ বড় পানাসক্ত ও বিলাসী ছিলেন। ইনি অনেক রমণীর সতীত্ব হরণ করেন।

গাঞ্জিকায় (পুং) বর্ত্তিকপক্ষী। (রাজনি°)

গাড় (দেশজ) গর্ত্ত।

গাড়ন (দেশজ) পোতন, প্রোথিত করণ।

গাড়র (দেশজ) ভেড়া, মেড়া, মেষ।

গাড়ল (দেশজ) ভেড়া, মেষ।

গাড়(ওয়া)বান্ (দেশজ) যে গাড়ী চালায়।

গাড়া (দেশজ) গর্ত্ত।

"ভুঁয়ে সের গাড়া এটা এ কথা নিশ্চয়।" (বিদ্যাসুন্দর)।

গাড়ি, গাড়ী (দেশজ) শকট।

গাড়িক (ত্রি) গড়িক-ইঞ্। (বুঞ্ছণ্ কঠেতি। পা ৪।২।৮০) গড়িক দ্বারা নির্ব্বৃত্ত।

গাড়ি(ওয়া)বালা (দেশজ) যাহার গাড়ী আছে।

গাড়ু (দেশজ) গড্ডুক, ঝারী, জলপাত্রবিশেষ।

গাড়ুল্য (ক্লী) গড়ুলস্য ভাবঃ, গড়ুল-ষ্যঞ্। গড়ুলের ভাব।

গাঢ় (ক্লী) গাহ-ক্ত। অতিশয়, দৃঢ়রূপে।

"ভ্রাতুশ্চরণৌ গাঢ়ং নিপীড্য।" (রামায়ণ ২।৩১।২)

(ত্রি) ২ তদ্‌যুক্ত। ৩ অবগাঢ়, গভীর। ৪ সেবিত।

"তপস্বিগাঢ়াং তমসাং প্রাপ।" (রঘু ৯।৭২)

গাঢ়মুষ্টি (পুং) গাঢ়া দৃঢ়া মুষ্টিরত্র। ১ খড়্গ। (ত্রি) ২ কৃপণ।

গাঢ়াপুরী, বোম্বাই বন্দরের নিকটবর্ত্তী ক্ষুদ্রদ্বীপ; ইংরাজেরা ইহাকে Elephanta Island বা হস্তীদ্বীপ বলেন। প্রাচীন দর্শকগণের মধ্যে কেহ কেহ ইহাকে 'গাড়িপুরী', 'গালিপৌরী' ও 'ঘারাপুরী' লিখিয়া গিয়াছেন। ডাঃ উইল্‌সন্ "ঘারাপুরী" নামই অনুমোদন করিয়া স্থির করিয়াছেন যে, সম্ভবতঃ ইহার অর্থ "পুণ্যদায়ক পর্ব্বত' (Hill of purification) কিন্তু ডাঃ ষ্টিভেন্‌সন্ বলেন যে, ইহার নাম 'গাঢ়াপুরী' অর্থাৎ 'গুহামন্দিরপূর্ণ নগরী" (Town of excavations) এই শেষ নামটিই যুক্তি-সঙ্গত বলিয়া বোধ হয়। এই দ্বীপ ১৮°৫৭´ উত্তর অক্ষাংশে ও ৭৩° পূর্ব্ব দ্রাঘিমায়, বোম্বাই নগর হইতে ৬ মাইল ও ভারতের উপকূল হইতে ৪ মাইল দূরে অবস্থিত। বোম্বাই প্রেসিডেন্সীর থানা জেলার অন্তর্গত পন্‌বেল উপবিভাগ মধ্যে এই দ্বীপটী অন্তর্নিবিষ্ট। দ্বীপটীর পরিধি ৪ হইতে ৪½ মাইলের মধ্যে। ইহার মধ্যে দুইটী দীর্ঘ পর্ব্বতশ্রেণী আছে। উভয় পর্ব্বত মালার মধ্যে সঙ্কীর্ণ উপত্যকা। উপত্যকা ও অন্যান্য সমতল ভূমির পরিমাণ ভাঁটার সময় ৬ বর্গমাইল ও জোয়ারের সময় ৪ বর্গ মাইল।

পর্ত্তুগীজেরা যখন এই দ্বীপের দক্ষিণভাগে উপস্থিত হয়, তখন তাহারা যেখানে প্রথম অবতরণ করে, ঠিক সেই স্থানে প্রস্তরের একটী বৃহৎ হস্তী মূর্ত্তি দেখিয়াছিল এবং তাহা হইতে এই দ্বীপের নাম (Elephanta বা) হস্তীদ্বীপ রাখে। হস্তী মূর্ত্তিটী দৈর্ঘ্যে ১৩ ফুট ২ ইঞ্চি ও উচ্চে ৭ ফুট ৪ ইঞ্চি ছিল। ১৮১৪ খৃষ্টাব্দে ইহার মাথা ভাঙ্গিয়া পড়িয়া যায়, তৎপরে পা চারিখানিও ভাঙ্গিয়া গেলে, ঐ বিরাট প্রস্তর দেহ স্তূপের ন্যায় বহুকাল পড়িয়াছিল, শেষে ১৮৬৪ খৃষ্টাব্দে সেই দেহটী বোম্বাই নগরের ভিক্টোরিয়া উদ্যানে আনিয়া রাখা হইয়াছে। এতদ্ভিন্ন পূর্ব্বোক্ত দুইটী পর্ব্বতমালা যেখানে প্রায় মিলিত হইয়াছে, সেই স্থলে একটী প্রস্তরময়ী ঘোটক-মূর্ত্তি ছিল। মিঃ ওভিংটন ইহা দেখিয়া ১৬৮৯ খৃষ্টাব্দে লিখিয়া গিয়াছেন যে, এই প্রতিমাটী এতদূর স্বাভাবিক সাদৃশ্যবিশিষ্ট ছিল যে, ঈষদ্দূর হইতে সকলেই ইহাকে জীবিত প্রাণী বলিয়া স্থির করিত। ইহার কোন চিহ্নও এখন নাই। ১৭১২ খৃষ্টাব্দে কাপ্তেন পাইক ঐ ঘোটকমূর্ত্তি দেখিয়া ছিলেন। কিন্তু তৎপরবর্ত্তী দর্শকগণের লিখিত বিবরণে ইহার কোন উল্লেখ দেখা যায় না।


দ্বীপের উত্তরপূর্ব্ব ও পূর্ব্বভাগ ব্যতীত অন্য সমস্ত পাহাড়-তলি কেবল লতা গুল্মে পরিপূর্ণ, পর্ব্বতের মধ্যস্থ নাবাল জমীতে আম, তেঁতুল ও করঞ্জাগাছ যথেষ্ট। পর্ব্বতের উপরে তালগাছও আছে, পাহাড়ের নিম্নে ধান্যক্ষেত্র। সমুদ্রতীর বালি ও কর্দ্দমপূর্ণ, তাহার উপর গাছ পালা নাই, ভূমির বর্ণ কৃষ্ণ। সমুদ্র হইতে এই তীরভূমির পশ্চাতে সারি সারি আমবাগান দেখা যায়।

খৃষ্টীয় তৃতীয় হইতে দশম শতাব্দী পর্য্যন্ত এই দ্বীপে সম্ভবতঃ একটী সমৃদ্ধি সম্পন্ন নগর, এবং ইহা দেবালয়াদির জন্য প্রসিদ্ধ ছিল। কতকগুলি পুরাতত্ত্ববিৎ বলেন যে, এই স্থানেই মৌর্য্য রাজগণের 'পুরী' নগরী ছিল। খৃষ্টীয় ১৫৭৯ অব্দে জন হুগেন ভন্ লিন্‌স্‌সোটেন তাঁহার ভ্রমণ বৃত্তান্তে এই গাঢ়াপুরীকে 'পুরীদ্বীপ' এবং এই গুহামন্দিরবিশিষ্ট স্থানকে পর্ত্তুগীজেরা হস্তীদ্বীপ (Elephanta) বলেন; তাহাও উল্লেখ করিয়াছেন। এখানে ৬টী গুহামন্দির আছে। ইলোরা বা অজন্তার গুহামন্দিরের ন্যায় এই গুহামন্দিরগুলিও অতি বিখ্যাত। গুহামন্দির ব্যতীত উত্তরাংশে শেঠবন্দরের পূর্ব্বে ধান্যক্ষেত্রের মধ্যে ইষ্টক-প্রস্তরাদি নির্ম্মিত ভিত্তি, ভগ্ন স্তম্ভাদি, ভগ্ন শিবলিঙ্গাদি ও অন্যান্য নানাবিধ ভগ্নাবশেষ দেখিতে পাওয়া যায়। এই সকল ভগ্ন স্তূপ হইতে অনুমিত হয় যে, কোন কালে এই স্থলে একটী সুন্দর সমৃদ্ধিসম্পন্ন নগর ছিল।

ছয়টী গুহামন্দিরের মধ্যে ৪টী সম্পূর্ণরূপে খোদিত ও প্রস্তুত হইয়াছিল বলিয়া বুঝা যায়, অপর দুইটীর মধ্যে একটীর গুহা প্রস্তুত হইয়াছিল, কিন্তু স্তম্ভাদি, দেওয়াল, ছাদের বা গাত্রের কোনরূপ কারুকার্য্য খোদিত হয় নাই। অবশিষ্টটীর কেবল প্রবেশদ্বার মাত্র প্রস্তুত হইয়াছিল, গুহাও সম্পূর্ণরূপে প্রস্তুত হইয়া উঠে নাই। যে চারিটীর নির্ম্মাণ কার্য্য শেষ হইয়াছিল, তন্মধ্যে বৃহৎ গুহাটীতেই দ্রষ্টব্য অনেক বিষয় আছে, দর্শকেরাও এই বৃহৎ গুহাটী দেখিবার জন্যই আসিয়া থাকেন। বৃহৎ গুহাটী পশ্চিমদিকের পর্ব্বতমালায় ভরাজোয়ারের সময়ে সমুদ্রপৃষ্ঠ হইতে ২৫০ ফুট উচ্চে অবস্থিত। পর্ব্বতগাত্র খোদিত করিয়া এই গুহা প্রস্তুত। এই গুহাটী পর্ব্বতের পূর্ব্ব হইতে আরম্ভ করিয়া পশ্চিমগাত্র পর্য্যন্ত ফুটাইয়া বাহির করা হইয়াছে। এই জন্য গুহার উভয়দিক্ দিয়া প্রবেশ করিতে পারা যায়। মিঃ ফার্গুসন্ বলেন যে, এই গুহাটী সাধারণ চৌরী

ঘরের আদর্শে নির্ম্মিত, ইলোরার 'ডুমার লেনা' নামক গুহা-মন্দিরের সহিত ইহার অনেকটা সৌসাদৃশ্য আছে। ইহার প্রধান দ্বার উত্তরমুখী। এই দ্বারটীই এক্ষণে পরিষ্কৃত ও উন্মুক্ত আছে, ইহার মধ্য দিয়াই প্রবেশের সুবিধা। দ্বারে উঠিবার জন্য ২½ ফুট করিয়া প্রশস্ত কয়েক ধাপ সিঁড়ি আছে। এই সিঁড়ি দিয়া উঠিয়াই প্রবেশ-দ্বার। দ্বারটী তিন ফুকুরে। এই তিনটী ফুকর বা গলন চারিটী স্তম্ভের উপর রক্ষিত। প্রান্তভাগের স্তম্ভ দুইটী পর্ব্বত গাত্রে সংলগ্ন সুতরাং আধগোলা। গুহাটীর পূর্ব্বদ্বার হইতে পশ্চিমদ্বার ১৩০ ফুট; দৈর্ঘ্য ও বিস্তার সমান। তিনটী প্রবেশ পথের সম্মুখস্থ মণ্ডপ, ৫৪ ফুট করিয়া দীর্ঘ ও ১৬½ ফুট প্রস্থ। এই মণ্ডপের ঠিক সম্মুখে তিনটী খোদিত শিল্পবহুল গৃহ আছে, এই তিনটী গৃহের পরিমাণও ঠিক মণ্ডপের ন্যায়। মণ্ডপ ও এই তিনটী গৃহ বাদ দিলে গুহাটীর অবশিষ্টাংশ কেবল ৯১ ফুট পরিমিত একটী চতুরস্র মাত্র। এই স্থানটীর ছাদ ছয় সারি থামের উপর অবস্থিত, প্রতি সারিতে আবার ছয়টী করিয়া থাম আছে। কেবল পশ্চিমদিকের কোণে পীঠস্থান নির্ম্মাণার্থ স্থান বাঁচাইতে হইয়াছে বলিয়া, সেদিকে ৪টী করিয়া থাম আছে। সর্ব্বশুদ্ধ এখানে ২৬টী থাম ছিল, তন্মধ্যে ১৬টী আধগোলা থাম, বাকী পুরা ১০টী থামের মধ্যে ৮টী ভাঙ্গিয়া গিয়াছে। ছাদ বা মেজের সর্ব্বত্র সমতল নহে বলিয়া থামের উচ্চতা সব একপ্রকার নহে; ১৫ হইতে ১৭ ফুট উচ্চ থাম আছে। পশ্চাদ্দেশে দালানের দুইপার্শ্বে দুইটী গৃহ আছে, তাহা লম্বে ১৭½ ও প্রস্থে ১৬ ফুট। পূর্ব্বদিকের মণ্ডপ অতিক্রম করিলে একটা উঠানের মত স্থান, এই উঠান হইতে দুএক পা দক্ষিণমুখে গেলে আর একটী ক্ষুদ্র গুহা দেখা যায়, উহা ৮৯ ফুট দীর্ঘ ও ৫৬ ফুট প্রস্থ। ইহাতে একটী খোলা বারাণ্ডা আছে, তাহার পশ্চাতে একটী দেবগৃহ বা 'আদিত্যম্' এবং দুই পার্শ্বে দুইটী পূজাগৃহ আছে। এই দেবগৃহের চতুর্দ্দিকে মন্দির-প্রদক্ষিণের জন্য ৮½ ফুট চওড়া ঘুরাণ রাস্তা আছে, ইহার নাম 'প্রদক্ষিণা'।

প্রথম গুহার অভ্যন্তর ভাগে সর্ব্বপশ্চাতে প্রস্তরখোদিত একটী ত্রিমূর্ত্তি। এই প্রতিমার বক্ষস্থলের অর্দ্ধ পর্য্যন্ত খোদিত, ইহার তিনটী মুখ ও ছয়টী হাত। তিনটী মুখ হরিহরব্রহ্মার মুখ বলিয়াই প্রতীয়মান হয়, এজন্য ইহার নাম ত্রিমূর্ত্তি। মূর্ত্তিটী



একটী দেওয়ালের পশ্চাতে অন্ধকার ক্ষুদ্র গৃহ মধ্যে স্থাপিত। এই গৃহটি ১০½ ফুট প্রশস্ত, ইহার সম্মুখে ২½ ফুট ব্যাসবিশিষ্ট দুইটী থাম। ঐ মূর্ত্তিটীর মুখত্রয় সম্বন্ধে কেহ বা বলেন যে, উহা শিব, শক্তি ও রুদ্রের। ইহার কারুকার্য্য অতীব সুন্দর। মধ্যস্থলের মুখটী শিবের, কিন্তু দেখিলেই ব্রহ্মার মুখ বলিয়া বোধ হয়, কারণ ইহার বাম হস্তে ব্রহ্মাণ্ডের বীজস্বরূপ একটী দাড়িম্ব ফলের ভগ্নাংশ বা যোগীদিগের পানপাত্রের ন্যায় কমণ্ডলু দৃষ্ট হয়। দক্ষিণ হস্তে একটী সর্পমূর্ত্তি ছিল; এক্ষণে তাহা ভাঙ্গিয়া গিয়াছে। কাণ দুইটী কচ্ছদেশের কণ্‌ফট্ যোগীদিগের মত লম্বা। মাথার মুকুটে একটী অর্দ্ধচন্দ্রাকৃতি আছে। দক্ষিণের মুখটী রুদ্রদেবের। ইহার দক্ষিণ হস্তে একটী সর্প আছে। বামদিকের মুখটী মহাদেবের, কিন্তু দেখিলেই বিষ্ণুমুখ বলিয়া বুঝিতে হয়, কারণ ইহার দক্ষিণ হস্তে পদ্ম। এই বিষ্ণুভাবাপন্ন মুখটীকে কেহ কেহ শক্তিমূর্ত্তির মুখ বলিয়া বর্ণনা করেন। ঐ ত্রিমূর্ত্তি-রক্ষিত স্থানের বাহিরে থামের গাত্রে দুইধারে দুইটী দ্বারপাল মূর্ত্তি। প্রত্যেকটী ১২ ফুট ৯ ইঞ্চি করিয়া লম্বা। ইহাদের পার্শ্বে এক একটী পিশাচমূর্ত্তি।

ত্রিমূর্ত্তি দেখিতে যাইতে হইলে দক্ষিণভাগে লিঙ্গ-মন্দিরের গর্ভগৃহ অতিক্রম করিয়া যাইতে হয়। ঐ গর্ভ-

গৃহে প্রবেশ করিবার জন্য চারিধারে চারিটী দরজা, ঐ দ্বারে উঠিবার জন্য ছয়টী ধাপ আছে; এই কারণে মন্দিরের মেজে হইতে পীঠস্থানের মেজে ৩ ফুট ৮ ইঞ্চি উচ্চ। দরজার দুই পার্শ্বে দুইটী করিয়া আটটী দ্বারপাল আছে, কোনটী উচ্চে ১৪ ফুট ১০ ইঞ্চি, কোনটী বা ১৫ ফুট ২ ইঞ্চি।

ত্রিমূর্ত্তির পূর্ব্বদিকের গৃহে অর্দ্ধনারীশ্বরমূর্ত্তি। এই মূর্ত্তিতে মহাদেব ও উমার অর্দ্ধাঙ্গমিলন দেখান হইয়াছে। এই গৃহে অপরাপর আরও অনেক দেবমূর্ত্তি খোদিত আছে। অর্দ্ধনারীর পুং-মূর্ত্তির দক্ষিণে পশ্চাদ্দেশে গরুড়াসীন বিষ্ণুমূর্ত্তি, সঙ্গে ঐরাবতপৃষ্ঠে ইন্দ্রমূর্ত্তি, তাহার পর পঞ্চহংসপৃষ্ঠে পদ্মাসনস্থ ব্রহ্মমূর্ত্তি আছে।

ত্রিমূর্ত্তির পশ্চিমদিকের গৃহে চারিহস্তবিশিষ্ট ১৬ ফুট উচ্চ শিবমূর্ত্তি। ইঁহার মস্তকের উপর একটী তিনমুখী গঙ্গার মূর্ত্তি। এই নারীদেহের হস্তদ্বয় ভগ্ন, শিবমূর্ত্তিরও বামদিকের হস্তদ্বয় ভাঙ্গিয়া গিয়াছে। বামদিকে ১২ ফুট ৪ ইঞ্চি উচ্চ পার্ব্বতীর মূর্ত্তি। শিবের দক্ষিণে চতুর্হস্ত ব্রহ্মা ও ঐরাবতাসীন ইন্দ্রের মূর্ত্তি। পার্ব্বতীর বামে গরুড়াসীন বিষ্ণুমূর্ত্তি, গরুড়ের গলায় মালাকারে সর্প বাঁধা। এতদ্ভিন্ন ব্রহ্মার মূর্ত্তির উপরিভাগে খোদিত মেঘরাশি, তাহার মধ্যে ছয়টী মূর্ত্তি। শিবমূর্ত্তির মাথার উপরে একটী মুনি ও আর একটী পুরুষ মূর্ত্তি। পার্ব্বতীর মাথার উপরেও মেঘের উপর ভাসমান ছয়টী স্ত্রী ও পুরুষ মূর্ত্তি খোদিত দেখা যায়।

এই গুহা-মন্দিরের দক্ষিণ ধার দিয়া গিয়া পশ্চিমদিকের প্রবেশ-দ্বারের চাঁদনীর নিকটে একটী গৃহে শিব দুর্গার বিবাহ খোদিত আছে। শিবের মূর্ত্তি ১০ ফুট ১০ ইঞ্চি ও পার্ব্বতীর মূর্ত্তি ৮ ফুট ৬ ইঞ্চি উচ্চ। শিবের যজ্ঞোপবীত বাম স্কন্ধ হইতে দক্ষিণহস্তের উপর ঘুরিয়া দক্ষিণ জানু পর্য্যন্ত বিস্তৃত হইয়াছে। শিবের বামভাগে একটী ত্রিমুখ (?) মূর্ত্তি। উহা সম্ভবতঃ ব্রহ্মার, কারণ স্বয়ং পদ্মযোনিই এই বিবাহের পুরোহিত। ইঁহাদের পশ্চাদ্ভাগে চারিহস্ত বিষ্ণুমূর্ত্তি, ইঁহার একহস্তে পদ্ম ও অপর হস্তে চক্র; অন্য হাত দুইটী ভগ্ন। উমার দক্ষিণে তাঁহার মাতা মেনকার মূর্ত্তি। উমার মস্তকের উপর চামরহস্তে বেদমাতা সরস্বতী বিরাজিতা। পার্ব্বতীর দক্ষিণে আরও একটী স্ত্রীমূর্ত্তির হস্তে চামর। ইহার পশ্চাতে কোকড়ান চুল ও মস্তকে শিরস্ত্রাণবিশিষ্ট চন্দ্রদেবের মূর্ত্তি। ইঁহার ঘাড়েও একটী চন্দ্রার্দ্ধ আছে। শিবের মস্তকের উপর ভৃঙ্গী ও অন্যান্য দেয়ালে মুনি ঋষির মূর্ত্তি খোদিত আছে।

ইহার পর শিব ও পার্ব্বতীর কৈলাসবিহার; সঙ্গে পুত্র কার্ত্তিকেয় ও গণেশ এবং শিবের দক্ষিণে ভৃঙ্গীর মূর্ত্তি। হরপার্ব্বতীর নিম্নে বৃষভ ও সিংহ এবং চারিপার্শ্বে পিশাচগণ।

পূর্ব্বদিকের মণ্ডপে উত্তরধারে শেষোক্ত গৃহের ঠিক সম্মুখের গৃহের মধ্যে কৈলাসপর্ব্বতে হরপার্ব্বতী আসীন, নিম্নে লঙ্কাধিপতি রাবণ স্তব করিতেছে। শিবের বামদিকে গরুড়াসীন বিষ্ণু ও অনেকগুলি পিশাচ মূর্ত্তি খোদিত।

বৃহৎ গুহার পশ্চিম সীমার শেষভাগে মণ্ডপের উত্তরদিকে শিব-বিবাহগৃহের সম্মুখের গৃহে শিবের ভৈরব, মহাকাল, বা কপালভৃৎ মূর্ত্তি খোদিত আছে।

উত্তরদিকের মণ্ডপে ভিতরে গিয়া দক্ষিণধারের একটী ঘরে ১০ ফুট ৮ ইঞ্চি উচ্চ একটী চতুর্হস্ত শিবমূর্ত্তি। রুদ্রদেব এই স্থানে তাণ্ডব নৃত্য করিতেছেন। নিকটে ৬ ফুট ৯ ইঞ্চি উচ্চ পার্ব্বতী, গরুড়ে বিষ্ণু, ঐরাবতে ইন্দ্র, গণেশ, ব্রহ্মা ও ভৃঙ্গীর মূর্ত্তি আছে।

ঐ মণ্ডপের পূর্ব্বসীমার সম্মুখের ঘরে শিবের মহাযোগী বা ধর্ম্মরাজ মূর্ত্তি। গৃহে সম্মুখের দুইধারে দুইটী অনুচর। একজনের গলায় রুদ্রাক্ষের মালা ও অপরটী পায়ের উপর পা দিয়া বসিয়া আছে। শিবের বামভাগে একটী কলাগাছ। এই গাছটীর তিনটি পাতা ছড়াইয়া পড়িয়াছে ও একটী নূতন পাতা গোল হইয়া বাহির হইতেছে, এরূপ ভাবে খোদিত। ঐ কলাগাছের নিকটে বিষ্ণু ও ব্রহ্মার মূর্ত্তি। শিবের দুই পার্শ্বে চামরব্যজনকারিণী দুইটী সখী।

এই বৃহৎ গুহামন্দিরের পূর্ব্বদ্বারটী অতি সুন্দর ও সুচারুরূপে খোদিত। মন্দিরের মধ্যে প্রবেশ করিতে নয় ধাপ সিড়ি, এক একটী ১০ ফুট ১০ ইঞ্চি প্রশস্ত। উপরের সিড়ির দুইপার্শ্বের রোয়াকে দুইটী করিয়া সিংহমূর্ত্তি। ভিতরের মণ্ডপটী ৫৮ ফুট ৪ ইঞ্চি × ২৪ ফুট ২ ইঞ্চি। চারিকোণে চারিটী ঘর। ইহার পশ্চাদ্ভাগে গর্ভগৃহ। পশ্চিমদিকের প্রবেশপথ ততদূর সুন্দর নহে; কিন্তু সম্মুখে থাম ও তাহার পশ্চদ্ভাগে দেয়ালের গাত্রের খোদিত মূর্ত্তির কারুকার্য্য অতিশয় সুন্দর।

ঐ গুহা-মন্দিরের কিছুদূরে দক্ষিণপূর্ব্বদিকে আর একটী গুহা দেখা যায়। ইহা লম্বে ১০৯½ ফুট। ইহার উত্তরসীমায় গর্ভগৃহ। গর্ভগৃহটী সম্মুখের মণ্ডপ হইতে অপেক্ষাকৃত উচ্চ। ভিতরের স্তম্ভগুলির ব্যাস ২ ফুট ৯ ইঞ্চি। মণ্ডপের পশ্চাতে তিনটী গৃহ। উত্তরদিকের গৃহটী ১৫ ফুট ৯ ইঞ্চি × ১৬ ফুট ৫ ইঞ্চি। গুহার মধ্যভাগের গৃহের সম্মুখে ২০ ফুট ৯ ইঞ্চি প্রস্থ ও পশ্চাতে ২২ ফুট। ঐ পশ্চাতের দেয়ালের ৩ ফুট দূরে ৭ ফুট ৪ ইঞ্চি চতুরস্র একটী বেদী, বেদীর উত্তরে প্রণালিকা এবং বেদীর উপরে ভগ্ন লিঙ্গ মূর্ত্তি আছে।

এই দ্বিতীয় গুহার মণ্ডপের দক্ষিণভাগের পর্ব্বতে আর একটী গুহা। ইহার প্রবেশদ্বার দক্ষিণমুখী। এই গুহা পূর্ব্বোক্ত গুহাদ্বয় অপেক্ষা পুরাতন ও ভগ্ন। ইহার বর্ত্তমান অবস্থা দেখিয়া মণ্ডপটীর দীর্ঘতার পরিমাণ অনুমান করা যায় না। গুহার ভিতরের দীর্ঘতা ৫০ ফুট ২ ইঞ্চি। ইহার উত্তর ও দক্ষিণ সীমায় দুইটী গর্ভগৃহ, গর্ভগৃহদ্বয়ের সম্মুখে সারি সারি অষ্টকোণবিশিষ্ট থাম আছে। ইহার পশ্চিমদিকেও আর একটী ঘর। মণ্ডপ দিয়া গর্ভগৃহে যাইবার পথের দরজা ৪ ফুট ৯ ইঞ্চি প্রশস্ত। ইহার দুই পার্শ্বে দুইটী বৃহৎ দ্বারপাল মূর্ত্তি ও চারিধারে পিশাচ ও অন্যান্য মূর্ত্তি খোদিত। ভিতরের গর্ভগৃহ লম্বে ১৯ ফুট ১০ ইঞ্চি ও প্রস্থে ১৮ ফুট ১০ ইঞ্চি। মধ্যে ৬ ফুট ১১ ইঞ্চি চতুরস্র একটী বেদী, তাহার উপর একটী লিঙ্গমূর্ত্তি। পরিধি ৬ ফুট ১১ ইঞ্চি ও ব্যাস ২৩ ইঞ্চি। ইহার দুইপার্শ্বে দুইটী ১৫ ফুট চতুরস্র গৃহ।

এই পর্ব্বতের উপত্যকা অতিক্রম করিয়া এই তিনটী গুহা-মন্দিরের বিপরীতদিকে অবস্থিত অপর পর্ব্বতের উপরিভাগে ৪র্থ গুহা-মন্দির। উহা ১ম গুহা-মন্দির হইতে প্রায় ১০০ ফুট উচ্চে ও উহার উত্তরপূর্ব্বকোণে অবস্থিত। ডি কুটো (De Couto) সাহেব ১৬০৩ খৃষ্টাব্দে ঐ মন্দিরটী দেখিয়া লিখিয়া গিয়াছেন যে, এই মন্দিরের মধ্যে একটী দালান ও তিনটী গৃহ ছিল। দক্ষিণদিকের গৃহটীতে এক্ষণে কিছুই নাই। দ্বিতীয় গৃহের মধ্যে একটী বৃহৎ চতুরস্র স্থানের উপর দুইটী প্রতিমূর্ত্তি, ইহাদেরই মধ্যে একটী ছয়হস্তবিশিষ্ট মূর্ত্তি। ঐ মূর্ত্তির নাম সাহেব "বিথলা চণ্ডী" লিখিয়াছেন। সম্ভবতঃ ঐ মূর্ত্তিদ্বয় বেতাল ও চণ্ডীর মূর্ত্তি হইবে। উহার চিহ্নমাত্রও এখন দেখা যায় না। এই দ্বীপের অধিবাসীরা এই গুহা-মন্দিরকে সীতাবাইয়ের দেউল বলিয়া থাকে। মণ্ডপের চারিধারে চারিটী থাম ও দুইটী ৮ ফুট ৫ ইঞ্চি উচ্চের আধ্‌লা থাম দৃষ্ট হয়। মণ্ডপটী লম্বে ৭৩ ফুট ৬ ইঞ্চি এবং প্রস্থে উত্তরদিকে ২৭ ফুট ৪ ইঞ্চি ও দক্ষিণে ২৫ ফুট ৭ ইঞ্চি। ইহার দুইপার্শ্বে দুইটী অন্তরালগৃহ। মধ্যস্থলের গৃহটী গর্ভগৃহ, ইহার প্রবেশদ্বারটী উচ্চে ৭ ফুট ১১ ইঞ্চি ও প্রস্থে ৪ ফুট ১১½ ইঞ্চি। ভিতরের বেদী লম্বে ৫ ফুট ৪ ইঞ্চি ও প্রস্থে ৩ ফুট ৫ ইঞ্চি। ইহার উত্তরে প্রণালিকা।

বৃহৎ গুহা-মন্দিরের পশ্চিমে পর্ব্বতশিখরে একটী ভগ্ন ব্যাঘ্র মূর্ত্তি আছে। দ্বীপবাসীরা ইহাকে উমাবাঘেশ্বরী বা দেবীর ব্যাঘ্রমূর্ত্তি বলিয়া ভক্তি ও পূজা করে। ঐ মূর্ত্তিটী বৃহৎমন্দিরের পূর্ব্বদ্বারের চত্বরের সিংহমূর্ত্তির মত। উহা উচ্চে ৩ ফুট এবং উহার নিতম্বভাগের প্রস্থ ১ ফুট ৯ ইঞ্চি, গলদেশের গলবন্ধ আছে।

কতদিন পূর্ব্বে, কোন্ রাজার রাজত্বকালে এবং কাহাদ্বারা এই গাঢ়াপুরীর গুহা-মন্দির কয়টী খোদিত হইয়াছিল, তাহা ঠিক নিরূপণ করা যায় না। স্থানীয় অধিবাসীদিগের মধ্যে তিনটী বিভিন্ন প্রবাদ প্রচলিত আছে। কেহ কেহ বলেন, পাণ্ডবেরাই এই মন্দির খোদিত করেন, কেহ বা কাণাড়ার রাজা বাণাসুরকে ইহার নির্ম্মাতা এবং কাহারও মতে আলেকজাণ্ডার এই মন্দির নির্ম্মাণ করেন; কিন্তু উপরি উক্ত প্রবাদগুলির সত্যাসত্য ঠিক করা যায় না।

বরগেস্ (James Burgess) সাহেব বিশেষ পর্য্যালোচনা করিয়া ঐ গুহা-মন্দিরগুলির নির্ম্মাণকাল খৃষ্টীয় ৮ম শতাব্দীর শেষভাগে অথবা ৯ম শতাব্দীর প্রারম্ভেই নির্ণয় করেন।

এক্ষণে এই মন্দিরের মধ্যে অপর কোন খোদিত শিল্পলিপি দৃষ্ট হয় না। ১৫৪০ খৃষ্টাব্দে পর্ত্তুগীজ গবর্ণর ডমজোয়াও দি ক্যাষ্ট্রো এই পর্ব্বতগুহা হইতে একখানি শিল্পলিপি স্বদেশে লইয়া যান। সম্ভবতঃ তাহাতেই ইহার নির্ম্মাণকাল ও নির্ম্মাতার নাম থাকিবে। ঐ প্রস্তরলিপিখানি হারাইয়া গিয়াছে। ভবিষ্যতে উহা পুনঃ প্রাপ্ত হইলে ইহার কালনির্ণয় সম্বন্ধে আশা রহিল।

কোন শৈবপর্ব্বে হিন্দুবেণিয়ারা ঐ বৃহৎ গুহা-মন্দিরে আসিয়া পূজা ও উৎসবাদি করিয়া থাকে। শিবরাত্রিতে এখানে মহা ধূমধামে মেলা বসিয়া থাকে।

গাঢ়াবটী (স্ত্রী) গাঢ়া বটী বটিকা যত্র বহুব্রী, নিপাতনাৎ পুংবদ্ভাবস্যাভাবঃ। চতুরঙ্গ-ক্রীড়া মধ্যে ক্রীড়াবিশেষ।

"নৌকৈকা বটিকা যস্য বিদ্যতে খেলনে যদি।
গাঢ়াবটীতি বিখ্যাতা পদং তস্য ন দূষ্যতি॥" (তিথিতত্ত্ব)।

গাণকার্য্য (ত্রি) গণকারৌ ভবঃ গণকারি-ণ্য। (কুর্ব্বাদিভ্যো-ণ্যঃ। পা ৪।১।১৫১)। গণকারির অপত্যাদি।

গাণগারি (পুং) গণগারস্যাপত্যং ইঞ্। মুনিবিশেষ।

"পুনর্হোমঞ্চ গাণগারিঃ।" (আশ্বলা° শ্রৌত° ২।১৭।১৮)

গাণপত (ত্রি) গণপতির্দেবতাঅস্য গণপতি-অণ্ (অশ্বপত্যাদিভ্যশ্চ। পা ৪।১।৮৪) ১ গণপতি-সম্বন্ধীয়। ২ গণপতির উপাসক। "সারস্বতো গাণপতঃ সৌরশ্চ বৈষ্ণবঃ ক্রমাৎ।" (তিথিতত্ত্ব) পঞ্চপ্রকার উপাসকের মধ্যে একপ্রকার। শৈব, শাক্ত বা বৈষ্ণবগণের ন্যায় ইহারা আপনার ইষ্টদেবতা বা সকল দেবতার প্রধান ভাবিয়া কেবল গণপতিরই উপাসনা করিয়া থাকে। বর্ত্তমান সময়ে গাণপত

সম্প্রদায় অতিশয় অল্প হইয়া পড়িয়াছে এবং আচার ব্যবহারেও অন্যান্য উপাসকগণের সহিত ইহাদের ভেদ লক্ষিত হয় না। কিন্তু একসময়ে এই সম্প্রদায় বিশেষ উন্নতি লাভ করিয়াছিল ও বর্ত্তমান শাক্ত বা বৈষ্ণব সম্প্রদায়ের ন্যায় ইহাদের ও একটী পৃথক্ মত প্রচলিত ছিল। ঋক্‌বেদ সংহিতার ২।২৩। ১ মন্ত্রে এবং বাজসনেয়সংহিতার ১৬, ২২ ও ২৩ অধ্যায়ে গণপতির স্তুতি দেখিতে পাওয়া যায়। ইহাতে বোধ হয়, যে প্রাচীনকাল হইতেই গণপতির উপাসনা চলিত ছিল।

তন্ত্র শাস্ত্রে শিব প্রভৃতির উপাসনার ন্যায় গণপতির উপাসনাটীও প্রধান বলিয়া নির্ণীত হইয়াছে। (১) ইহা ছাড়া তন্ত্র-শাস্ত্রে আর একটী বিধান দেখিতে পাওয়া যায় যে, কোন দেবতার উপাসনাই করুন না কেন সর্ব্বপ্রথমেই গণপতির পূজা করিতে হইবে। যিনি গণপতির পূজা না করিয়া অন্য দেবতার পূজা করেন, তাহার পূজা সিদ্ধি হয় না। হিন্দুলেখকগণ কোন গ্রন্থ লিখিতে আরম্ভ করিলে সর্ব্বপ্রথমেই "নমো গণেশায়" এইরূপ লিখিয়া থাকেন। এই সমস্ত কারণে অনেকেই অনুমান করেন যে, যে সময়ে গাণপত সম্প্রদায় অতিশয় প্রবল ছিল, তাহাদের যুক্তি ও উপদেশ শাস্ত্র-সঙ্গত এবং সকলেরই আদরণীয় ছিল, সেই সময়ে গাণপত্য ধর্ম্ম সংপূর্ণরূপে না হউক আংশিকরূপে প্রায় সকল সম্প্রদায়েই সংক্রম করিয়াছে। কালের প্রবলবেগে গাণপত সম্প্রদায়ের হ্রাস হইলেও সকলের মধ্যেই ঐরূপ ভাবে গণপতির উপাসনা চলিতেছে এবং সকল হিন্দু সম্প্রদায়ই গণেশের ভক্তি করিয়া থাকেন। বাস্তবিক পক্ষে গাণপত সম্প্রদায়ের ঐরূপ উন্নতি না হইয়া থাকিলেও এক সময়ে যে ঐ সম্প্রদায়টী অপর অপর সম্প্রদায়ের ন্যায় প্রবল ছিল, তাহাতে আর সন্দেহ নাই।

গাণপত সম্প্রদায়ের মতে—গণপতিই পরব্রহ্ম। সমস্ত জগৎ গণেশ হইতে উৎপন্ন, গণেশে স্থিত এবং গণেশেই লীন হইবে। (২) উপনিষদ্ প্রভৃতিতে "তত্ত্বমসি" প্রভৃতি বাক্যে গণেশেরই বর্ণনা করা হইয়াছে। গণেশ ব্রহ্মা, বিষ্ণু ও শিব প্রভৃতি সকলের অধিপতি, গুণত্রয়াতীত, অবস্থাত্রয়-শূন্য, দেহত্রয়রহিত এবং ত্রিকালেই অবিকারী। ইনি সকল প্রাণীর মূলাধারে অবস্থিতি করেন।' ইহার তিনটী শক্তি আছে, তদ্দ্বারা জগতের সৃষ্টি, পালন ও নাশ করিয়া থাকেন। ইনি সগুণ ও নির্গুণ ভেদে দুইপ্রকার। যোগিগণ সগুণ গণপতির উপাসনা করেন। এই উপাসনায় অবিবেক নাশ হয়, পরে মুক্তি হইয়া থাকে। (১)

গাণপত উপাসকগণ শাক্ত বা শৈবের ন্যায় গণপতি মন্ত্রে দীক্ষিত হন। গণপতি তাহাদের ইষ্টদেবতা, তাহারা চিরজীবন গণেশেরই উপাসনা করিয়া থাকেন। ইহারা অপর কোন সম্প্রদায়ের প্রতি ঈর্ষা বা অপর দেবতার দ্বেষ করেন না, তবে আপনার ইষ্টদেব গণেশেরই প্রতি বেশী ভক্তি করিয়া থাকেন। গণেশের মন্ত্র "ওঁ গং।" গাণপতগণ এই মন্ত্রে দীক্ষিত হইয়া থাকেন।

গণেশউপাসকগণেরও সন্ধ্যাদির বিধান আছে। "একদন্তায় বিদ্মহে বক্রতুণ্ডায় ধীমহি। "তন্নো দন্তী প্রচোদয়াৎ" এইটীকে গণেশের গায়ত্রী বলে। গণেশের মন্ত্রে ঋষি গণক, নিচৃদ্ গায়ত্রী ছন্দঃ ও দেবতা গণপতি। অন্যান্য উপাসনাপ্রণালী অপরাপর দেবতার সমান। ইহাদের মতে মৃত্যুকালে গণেশকে চিন্তা করিতে করিতে প্রাণত্যাগ করিলে তাহার মুক্তি হয়। (২) [গণেশ দেখ।]

গাণপত্য (ত্রি) গণপতিরুপাস্যোঽস্য ণ্যঃ। পক্ষে ণ্যাপবাদোঽণ্ তত্র গাণপত ইতি সাধুঃ। ১ গণেশের উপাসক, অথবা তৎ সম্প্রদায়। ২ গণপতি সম্বন্ধীয়। (ক্লী) গণপতের্ভাবঃ। ৩ গণপতির গণপতিভাবত্ব। "প্রদক্ষিণ মুপাবৃত্য গাণপত্যঞ্চ বিন্দতি।" (ভারত ৩।৮৫।৬৭।) [গাণপত দেখ।]

গাণিক (ত্রি) গণং বেত্তি অধীতে বা উক্‌থাদিত্বাৎ ঠক্। ১ গণসূত্রাদি পাঠক। ২ গণসূত্রাদিবেত্তা। গণপাঠে সাধুঃ কথাদিত্বাৎ ঠক্। ৩ গণসূত্র-কুশল।

গাণিক্য (ক্লী) গণিকানাং বেশ্যানাং সমূহঃ গণিকা-যঞ্। (গণিকায়া যঞ্জিতিবক্তব্যম্। পা ৪।২।৪০। বার্ত্তিক)। গণিকাসমূহ, বেশ্যাসমূহ। (অমর।)

গাণিতিক (ত্রি) গণিতং শাস্ত্রং বেত্তি-ঠক্। ১ গণিতশাস্ত্রবেত্তা। গণিতস্যেদম্ ঠক্। ২ গণিতসম্বন্ধীয়।

গাণিন (পুং স্ত্রী) গণিনোঽপত্যাদি গণিন্-অণ্ ইনো ন লোপঃ।

(১) "শৈবানি গাণপত্যানি শাক্তানি বৈষ্ণবানি চ।
সাধনানি চ সৌরাণি চান্যানি যানি কানিচিৎ।
শ্রুতানি তানি দেবেশ ত্বদ্‌বক্ত্রান্নিঃসৃতানি চ।" (তন্ত্রসার)

(২) "সর্ব্বং জগদিদং ত্বত্তোজায়তে। সর্ব্বং জগদিদং ত্বত্তস্তিষ্ঠতি। সর্ব্বং জগদিদং ত্বয়ি লয়মেষ্যতি।" (গণেশাথর্ব্বশীর্ষ ৫)

(১) "ত্বং গুণত্রয়াতীতঃ। ত্বমবস্থা-ত্রয়াতীতঃ। ত্বং কালত্রয়াতীতঃ। ত্বং মূলাধার স্থিতোঽসি। ত্বং শক্তিত্রয়াত্মকঃ। ত্বাং যোগিনো ধ্যায়ন্তি নিত্যং।" (গণেশাথর্ব্বশীর্ষ ৬ অঃ)

(২) "যঃ স্মৃত্বা তু ত্যজেৎ প্রাণমন্তে মাং শ্রদ্ধয়ান্বিতঃ।
স যাত্যপুনরাবৃত্তিং প্রসাদান্মম ভূভুজ।" (গণেশগীতা।)

(গাথিবিদথিকেশি গণিপণিনশ্চ। পা ৬।৪।১৬৫।) ১ গণীর অপত্য। ২ গণীর ছাত্র।

গাণ্ডব্য (পুং) গণ্ডোরপত্যং। গর্গাদিত্বাৎ যঞ্। গণ্ডুর অপত্য।

গাণ্ডব্যায়ন (পুং) গণ্ডোর্যুবাপত্যং গণ্ডু-যঞ্ ততঃ ফঞ্। গণ্ডুর যুবা অপত্য।


গাণ্ডব্যায়নী (স্ত্রী) গণ্ডোরপত্যং স্ত্রী গণ্ডু-যঞ্ ততঃ-স্ত্রিয়াং ক্ষঃ-ঙীষ্ (সর্ব্বত্র লোহিতাদিকতন্তেভ্যঃ। পা ৪।১।১৮) গণ্ডুর স্ত্রী অপত্য, কন্যা।

গাণ্ডার, স্বনামপ্রসিদ্ধ চতুষ্পদ জন্তুবিশেষ। ইহারা স্থূলচর্ম্ম ও বিভক্ত খুরবিশিষ্ট পশুর মধ্যে গণ্য। ইহারা অতিশয় দৃঢ়কায়, এবং হস্তীর অপেক্ষাও অধিকতর বলশালী। ইহারা ভুক্ত বস্তু উদ্গীরণ করিয়া পুনরায় রোমন্থ করে না। ইহাদের নাসিকার অগ্রভাগে এক বা দুইটী করিয়া খড়্গ থাকে; চারিপদের খুর তিনখণ্ডে বিভক্ত। ইহারা পোষ মানে, কিন্তু হঠাৎ কোন কারণে কুপিত হইলে রাগ সহজে কমে না। এমন কি বনমধ্যে শাবকাদি লইয়া বিচরণকালে যদি শত্রু আসিয়া ঘিরিয়া ফেলে, তাহা হইলে প্রাণভয়ে পলাইবার পরিবর্ত্তে গোঁভরে খড়্গদ্বারা তাহাকে আক্রমণ করে। গাণ্ডারের এই কয়েকটী সংস্কৃত নাম পাওয়া যায়;—খড়্গী, গণ্ডক, খড়্গমৃগ, ক্রোড়ি, তুঙ্গমুখ, বজ্রচর্ম্মা, যুগ্ম, বলী, বার্দ্ধীনস, স্বনোৎসাহ, একচর, গণোৎসাহ ও গণ্ড।

ভগবান্ মনু এই খড়্গধারী গাণ্ডারকে পঞ্চনখির মধ্যে গণনা করিয়াছেন। এতদ্ভিন্ন বাইবেলের পূর্ব্বভাগে অনেক স্থলে মিসররাজ্যস্থিত গাণ্ডারের (Rhinoceros unicornis) উল্লেখ দেখা যায়। টিসিয়াস্ (Ctesias) কল্পিত খড়্গবিশিষ্ট বন্য গর্দ্দভের বিবরণের কতকাংশ যদিও গল্প বলিয়া অনুমান হয়, কিন্তু ঐ গল্পের অনেকাংশই গাণ্ডারের প্রকৃতির পরিচায়ক। তিনি লিখিয়াছেন যে, "ঐ খড়্গে পানপাত্র নির্ম্মিত হয় এবং ঐ পাত্রে পান করিলে বাত ও মৃগীরোগ আরোগ্য হয়।" তিনি আরও বলেন যে, "ইহাদের গুল্‌ফাস্থি সুন্দররূপে গঠিত, ষাঁড়ের মত দৃঢ় ও খুর বিভিন্ন। বন্য বা পালিত গর্দ্দভ কিংবা অপর কোন একশফ জন্তুর এরূপ গোড়ালি নাই।" আরিষ্টটল্ তাঁহার গ্রন্থে টিসিয়াসের বিবরণের প্রতিবাদ করিয়া বলেন যে, একখড়্গ ও একশফ জীব তিনি দেখেন নাই, কিন্তু তিনি কেবলমাত্র গুল্‌ফবিশিষ্ট, একখড়্গী ভারতীয় গর্দ্দভের উল্লেখ করিয়াছেন।

ইহার পর ১৮০ খৃঃ পূর্ব্বাব্দে এগাথারকাইডিস্ এক খড়্গী গাণ্ডার কর্ত্তৃক হস্তীর উদর-বিদারণের উল্লেখ করেন এবং তাঁহা হইতেই গাণ্ডারের নাম (Rhinoceros) হইয়াছে। রোমরাজ্যের অনেক প্রাচীন মুদ্রাতেও * এই গাণ্ডারের মূর্ত্তি দেখা যায়।

ভারতবর্ষে একজাতীয় গাণ্ডার (R. Indicus) দেখা যায়। ইহাদের গাত্রের রং ঈষদ্ রক্তাভ পাংশুবর্ণ, সর্ব্বাঙ্গের চর্ম্ম



গণ্ডবিশিষ্ট (অর্থাৎ কড়া পড়িলে যেরূপ হয় ও লোমবিহীন। ইহাদের চর্ম্ম অতিশয় স্থূল ও স্বাভাবিক দৃঢ় এবং স্কন্ধোপরি, সম্মুখের ও পশ্চাতের পদদ্বয়ের উপরিভাগে দ্বিভাঁজ আছে। এই নিমিত্ত ইহাদের গাত্র অস্ত্র বা গুলি দ্বারা অভেদ্য। লাঙ্গুলের অগ্রভাগে ও কাণের উপর মসৃণ ও শক্ত লোম জন্মে। নাসিকার উপরে একটী খড়্গ আছে। মাথার করোটীর আকার চূড়ার মত; অপরাপর দেশীয় গাণ্ডারের এরূপ নাই। সম্মুখের উপরে ও নিম্নে ২ ছেদনদন্ত এবং কষের দুইপার্শ্বে ঐরূপ ২-২ চর্ব্বণদন্ত, সর্ব্বসমেত ৩৬টী দন্ত আছে।

ভারতবর্ষের গঙ্গার বহির্ভূত দেশসমূহে, বিশেষতঃ বঙ্গ, শ্যাম ও কোচিনচীনদেশের বনের মধ্যে, নদীর তীরবর্ত্তী স্থানে এবং জলা ভূমিতে ইহাদের বাস। ইহারা শাকসব্‌জি ও বৃক্ষাদির ডালপাতা খাইয়া জীবন ধারণ করে।

ভারতবর্ষে ইহা অপেক্ষা আরও একজাতীয় ছোট গাণ্ডার (R. Sondaicus.) দেখা যায়। সুন্দরবন, মেদিনীপুর, গঙ্গার নিকটবর্ত্তী রাজমহলের পার্ব্বত্যপ্রদেশে ও মহানদীর বন্য তীর ভূমিতে ইহাদের সংখ্যা অধিক। কেহ কেহ ইহাদিগকে যবদ্বীপবাসী গাণ্ডারজাতি হইতে উৎপন্ন বলিয়া থাকেন।

যবদ্বীপসমূহে একজাতীয় গাণ্ডার (R. Javanus) দেখা যায়। ইহাদের গলার ভাঁজ ভিতরে লুপ্ত। নাসিকার উপর একটী খড়্গ আছে। ইহারা দলবদ্ধ হইয়া বিচরণ করে।


ভারতীয় গাণ্ডারের মত ইহাদের চর্ম্মে ভাঁজ নাই, কেবল হাটুর নিকট ভাঁজ আছে, সর্ব্বাঙ্গে গোলাল গণ্ড হয়। ইহাদের লোম ছোট ও দৃঢ়, কর্ণাগ্রভাগে ও লেজে লোম আছে। ইহাদের ঠোঁট নরম, টানিলে বাড়ান যায়। মস্তকটী

* Descriptive Catalogue of a Cabinate of Roman Imperial large brass medals.

প্রায় ত্রিকোণাকৃতি। মুখবিবরের পর খড়্গের নিম্নে মুখের আয়তন কিছু সরু ও মুখের দুইপার্শ্বের মাংস গোলাল।

যবদ্বীপবাসীরা এই জাতীয় গাণ্ডারকে "বরক" ও মলয়বাসীরা "বদক" বলিয়া থাকে। ইহারা সাধারণতঃ লম্বে ৯ ফুট ও উচ্চে ৪ ফুট ৩ ইঞ্চি হইয়া থাকে।

সুমাত্রাদ্বীপের গাণ্ডার (R. Sumatrensis) দ্বিখড়্গ-



১ সুমাত্রাদ্বীপের, ৩ আফ্রিকার বোরিলি,
২ কিট্‌লোয়া, এবং ৪ শ্বেত দ্বিখড়্গীর মুখ।

বিশিষ্ট। ভারতীয় ও যবদ্বীপের গাণ্ডারের মত ইহাদের ৩৬টী দাঁত। গাত্রচর্ম্ম বলীযুক্ত ও পিঙ্গলবর্ণ লোমে আচ্ছাদিত। স্কন্ধ ও নিতম্বের উপর স্বল্প ভাঁজ দৃষ্ট হয়, অপর সকল স্থানই সরল। মস্তকটী অপেক্ষাকৃত লম্বা, চক্ষু দুইটী ছোট ও কটা, উপরের ঠোঁট ছুঁচাল ও সম্মুখভাগে কিছু ঝোলান। কর্ণদ্বয় ছোট ও সরু, চারিধারে ঝালরের মত ছোট ছোট কাল লোম আছে। সম্মুখের খড়্গটী পশ্চাদ্ভাগে বক্র, ইহার পর চক্ষুর্দ্বয়ের নিম্নে চূড়াকৃতি আর একটী ছোট খড়্গ দেখা যায়।

আফ্রিকাদেশীয় গাণ্ডারের (R. Africanus) বর্ণ জরদাভ কপিশ, মস্তক ও মুখবিবরের পার্শ্বে বেগুণের ছাব্‌কা, কুচ্‌কিদ্বয়ের বর্ণ কাটা মাংসের মত, চক্ষু কটা, খড়্গদ্বয় নীল কালশিরার রঙের মত। সম্মুখের খড়্গ পশ্চাতের অপেক্ষা কিছু বড় ও ঈষদ্ বক্র। গলা ও মস্তকের সন্ধিস্থলে গোলাকার খাঁজ এবং লেজ ও কর্ণের অগ্রভাগে কৃষ্ণবর্ণ লোম আছে। অপরাপর দেশীয় গাণ্ডারের তুলনায় ইহারা অলস, ও অল্পমাত্র খাইয়া থাকে, এমন কি দেখা গিয়াছে যে, বহুতর গুল্মলতাদি সত্ত্বেও ইহারা আপন মনোমত দ্রব্য বাছিয়া খায়। ইহাদের কেবলমাত্র ২৮টী চর্ব্বণ দন্ত আছে, ছেদনদন্ত আদৌ নাই। ইহারা লম্বে ১০ ফুট ১১ ইঞ্চি।

আফ্রিকাদেশে আরও তিনপ্রকার গাণ্ডার আছে। প্রত্যেক জাতিরই দুইটী করিয়া খড়্গ হয়। ঐ খড়্গ ভারতবর্ষীয় গাণ্ডারের খড়্গ হইতে বৃহৎ। ইহাদের চর্ম্ম সরল ও ভাঁজহীন, এবং দেখিবামাত্র একটী বৃহৎ শূকরাকার বলিয়া বোধ হয়।

দক্ষিণ আফ্রিকার "বোরিলি" গাণ্ডার (R. Bicornis) দেখিতে ঘোর কৃষ্ণবর্ণ। ইহারা অতি চতুর ও দুর্দ্ধর্ষ, শিকারীরা ইহাদিগকে সিংহের অপেক্ষা স্বভাবতঃ বলশালী ও ভয়ঙ্কর বলিয়া মনে করে। 'কিট্‌লোয়া' (R. Keitloa) জাতীয় গাণ্ডার সর্ব্বাপেক্ষা ভয়ানক ও বলিষ্ঠ। ইহাদের খড়্গ দুইটীই সমান, সম্মুখেরটী পশ্চাতে হেলান ও পশ্চাতেরটী সম্মুখের দিকে বেঁকান। ইহাদের গাত্রবর্ণ জরদ ও পিঙ্গলমিশ্রিত ফ্যাকাশে রঙের। উপরের ঠোঁটের অগ্রভাগ ছুঁচাল ও কিছু ঝুলান। ঠোঁট ছুঁচাল বলিয়া ইহারা ছোট লতা গুল্ম ও বৃক্ষাদির কচি কচি পাতা বাছিয়া খাইতে পারে। অন্যান্য গাণ্ডারের অপেক্ষা ইহাদের ঘাড় বেশী লম্বা। জঙ্ঘার ভিতরদিকে কাল কাল দাগ, নাসিকার উপর এবং চক্ষুর চারিপার্শ্বে ছোট ছোট গর্ত্ত আছে। ইহাদের ঘ্রাণেন্দ্রিয় অতিশয় সূক্ষ্ম। এমন কি ক্রোশাধিক দূর হইতেও ইহারা ঘ্রাণদ্বারা শত্রুর আগমন জানিতে পারে। এই জন্য গাণ্ডার আক্রমণকালে শিকারীদিগকে বায়ুর গতির বিপরীতদিকে গমন করিতে হয়। শত্রুকে নিকটবর্ত্তী দেখিয়া ইহারা পলায়ন করে না। বরং তাহাকে বিনাশ না করিয়া ক্ষান্ত হয় না। ইহাদের চক্ষু অতি ক্ষুদ্র এবং স্থূলকায়প্রযুক্ত দ্রুতগমনকালে হঠাৎ পার্শ্বে দেখিতে পায় না। এই গাণ্ডার দ্বারা আক্রান্ত হইলে হঠাৎ একপার্শ্বে ফিরিয়া ঐ গাণ্ডার ফিরিবার পূর্ব্বেই তাহাকে গুলিদ্বারা আঘাত করা যুক্তিসিদ্ধ। ইহারা লম্বে ১১ ফুট ½ ইঞ্চি ও উচ্চে ৫ ফুট হইয়া থাকে।

শ্বেত খড়্গী (R. Simus) দেখিতে কতকটা জরদমিশ্রিত ধুসর ও পিঙ্গল। কাণ ও লেজের গোড়ায় কাল কাল শক্ত চুল আছে। মুখ কতকটা গোরুর মত। নাসিকার উপর দুটী খড়্গ, অগ্রভাগের খড়্গ পশ্চাতের অপেক্ষা চার গুণ বড়। চক্ষু জরদাভ পিঙ্গল, শরীর লম্বে ১২ ফুট ১ ইঞ্চি ও স্কন্ধ পর্য্যন্ত উচ্চতায় ৫ ফুট ৭ ইঞ্চি। আফ্রিকাদেশীয় গাণ্ডারের মধ্যে এই জাতিই সর্ব্বাপেক্ষা বৃহৎ। ইহারা অতিশয় নিরীহ, কেবলমাত্র ঘাস খাইয়া জীবন ধারণ করে। যে স্থানে প্রচুর পরিমাণে ঘাস জন্মে, ইহারা সেই স্থানে থাকিতে ভালবাসে। মধ্যআফ্রিকার বেচুয়ানা জাতি ইহাদিগকে "মোহুহু" বলে। তাহাদের মধ্যে প্রবাদ এইরূপ যে, মোহুহুই তাহাদের দেশের আদি জীব এবং তাহাদের পূর্ব্বপুরুষগণের সহিত এক গুহা হইতে বহির্গত হইয়া আসিয়াছে। এতদ্ব্যতীত ইহাদের উৎপত্তি সম্বন্ধে কিট্‌লোয়া হইতে প্রভেদও দেখাইয়া থাকে।

এসিয়ার দ্বিখড়্গী গাণ্ডারের খড়্গ সহজে পাওয়া

যায় না। চীনবাসীরা ঐ খড়্গ ক্রয় করিয়া তাহাতে সুন্দর সুন্দর পানপাত্রাদি নির্ম্মাণ করে এবং তাহা বিক্রয়ার্থ ভারত, শ্যাম, কোচিনচীন, সুমাত্রা প্রভৃতি নিকটবর্ত্তী রাজ্যে প্রেরণ করিয়া থাকে। কৃষ্ণবর্ণের ছুঁয়াল খড়্গগুলি বিশেষ আদরণীয়। চীনভাষায় খড়্গকে সি-কো ও সি-নিউ-কো এবং চর্ম্মকে সি-পি বলে। ঐ চর্ম্মে ঢাল তরবারির বাট ও বন্দুকের ঠাস্‌নি তৈয়ারী হয়।

চাণ্টাবাড়ীর বনবাসী মনুষ্যেরা যে উপায়ে গাণ্ডার শিকার করে, তাহা অতি আশ্চর্য্যজনক। প্রথমে তাহারা একটী নিরেট বাঁশের অগ্রভাগ চাঁচিয়া সরু করে ও তাহা আগুনে তাতাইয়া শক্ত করিয়া লয়। পরে বন মধ্যে প্রবেশ করিয়া চিৎকার ও করতালি দ্বারা গাণ্ডারকে ডাকিয়া আনে। গাণ্ডার তাহার স্বভাবসুলভ মুখব্যাদান করিতে করিতে তাহাদের প্রতি ধাবিত হয়। তৎকালে তাহারা কৌশলক্রমে ঐ বংশফলক গাণ্ডারের মুখবিবরে সবলে প্রবেশ করাইয়া চারিধারে পলাইয়া যায়। গাণ্ডার যন্ত্রণায় অস্থির হইয়া ভূমিতে পড়িয়া চিৎকার করিতে থাকে ও প্রচুর রক্তপাত জন্য ক্রমশই নির্জ্জীব হইয়া পড়ে। এতদ্ভিন্ন বনস্থল হইতে গ্রামের প্রবেশপথসমূহ জালদ্বারা আবদ্ধ রাখিয়া শিকারীরা বনে আগুন লাগাইয়া দেয় ও পলায়নপর গাণ্ডারদিগকে গুলির আঘাতে মারিয়া ফেলে।

প্রাচীন রোমরাজ্যে এই গাণ্ডার লইয়া অনেক সময়ে অনেক অদ্ভুত ক্রীড়া হইয়া গিয়াছে। পুস্তকাদি পাঠে অবগত হওয়া যায় যে, অগাস্‌টস্ ক্লিওপেট্‌রাকে জয় করিয়া নিজ জয়ঘোষণা করিবার জন্য রোমনগরের ক্রীড়াভূমিতে বন্য গাণ্ডার ও জলহস্তীর লড়াই দেখাইয়াছিলেন্। এতদ্ভিন্ন সম্রাট্ এণ্টোনিয়াস্ হেলিওগবেলাস্ ও গর্ডিয়ান ঐরূপ গাণ্ডারের ক্রীড়া দেখাইয়াছিলেন।

খৃষ্টীয় ১৫১৩ অব্দে প্রথমে ভারতবর্ষ হইতে য়ুরোপে পর্ত্তুগালরাজ ইমানিউয়েলের নিকট একটী গাণ্ডার পাঠান হইয়াছিল। ১৭৭১ খৃষ্টাব্দে ভার্‌সায়েল নগরে একটী গাণ্ডার-শাবক আইসে। কুবিয়ার ও বোঁফোঁ সাহেব ইহার সবিশেষ বিবরণ লিখিয়া গিয়াছেন। ঐ জন্তুটী ২৬শ বৎসর বাঁচিয়াছিল। ১৭৯০ খৃষ্টাব্দে যে গাণ্ডারটী ইংলণ্ডে লইয়া যাওয়া হয়, বিংলে সাহেব তৎসম্বন্ধে লিখিয়াছেন যে, "ঐ জন্তুটি পোষা, চালকের মতানুসারে চলে এবং দর্শক তাহার গা চাপড়াইলে কিছু বলে না। ঐ জন্তু ১০ সের ঘাস, ১০ সের বিস্কুট ও প্রচুর পরিমাণে কচি শাক পাতা খাইত। দিনে দুই কিম্বা তিনবার ইহাকে ৫ বাল্‌তি জল দেওয়া হইত। গাণ্ডার এক নিশ্বাসে তাহা খাইয়া ফেলিত। ঐ জন্তু সুমিষ্ট মদ্য ভালবাসিত এবং দুএক ঘণ্টার মধ্যে ৪ বোতল মদ খাইয়া ফেলিত।"

ডাক্তার হর্সফিল্ড ১৮১৬ খৃষ্টাব্দে যখন যবদ্বীপে ছিলেন, তখন তিনি একটী গাণ্ডার সম্বন্ধে লিখিয়াছেন যে ঐ জন্তুটীর পৃষ্ঠে চড়িলে সে তাঁহাকে বহন করিয়া থাকিত এবং ডুমুরের ডাল ও কলা খাইতে বেশী ভালবাসিত।

গাণ্ডারেরা সাধারণতঃ জলকাদা মাখিতে ভালবাসে, এজন্য পশুশালাদিতে গাণ্ডার রাখিতে হইলে ডোবা কাটিয়া দিতে হয়।

বহুদিন পরে ইহারা ১টী মাত্র সন্তান প্রসব করে।

বৈদ্যশাস্ত্র মতে ইহাদের মাংসের গুণ—বলকর, বৃংহণ ও গুরু, কফ ও বায়ুনাশক, কষায়, পিতৃলোকতৃপ্তিকর ও পবিত্র, আয়ুর হিতকর, মূত্রবদ্ধকারক ও রুক্ষ। ভগবান্ মনুও ইহার মাংস ভক্ষণযোগ্য বলিয়া উল্লেখ করিয়াছেন *। পূর্ব্বকালে আমাদের দেশেও এই গাণ্ডার মাংসভক্ষণপ্রথা চলিত ছিল এবং এক্ষণেও আফ্রিকার স্থানে স্থানে ঐ মাংস খাইয়া থাকে। তন্মধ্যে দুএকটী গাণ্ডার জাতির মাংস বিশেষ আদরণীয়।

মোগলসম্রাট্ বাবর স্বয়ং পেশবারে গাণ্ডার শীকার করিতে বাহির হইতেন। পঞ্জাবের নানাস্থানে ও সিন্ধুপ্রদেশে পাদ্রি জর্ডনাস্ সাহেবও জীবিত গাণ্ডারের উল্লেখ করিয়াছেন। এতদ্ব্যতীত ভূতত্ত্ববিদ্ পণ্ডিতগণের সাহায্যে মৃত্তিকার মধ্য হইতে যে সমস্ত প্রস্তরীভূত গাণ্ডারাস্থি পাওয়া গিয়াছে, তদ্দ্বারা জানা যায় যে, পূর্ব্বকালে এই পৃথিবীতে আরও অনেক বিভিন্ন প্রকারের গাণ্ডারের অস্তিত্ব ছিল। যথা—কাম্বে উপসাগরের মধ্যস্থিত পেরিম দ্বীপে ১ Acerotherium Perimense, ১৮৭১ খৃষ্টাব্দে বেলগাম প্রদেশের গোকক তালুকের ৩½ মাইল উত্তরপূর্ব্বে চিক্‌দৌলি নালার পার্শ্বস্থানে একটী জুলি কাটিবার জন্য মাটি খুঁড়িতে খুঁড়িতে ৮ ফুট নিম্নে ভিন্ন জাতীয় ২ R. Deccanensis গাণ্ডারের দাঁত ও পঞ্জরাস্থি, পটবারপ্রদেশে ৩ R. Sivalensis এবং হিমালয়ের নিকটস্থ শিবালিক গিরিশ্রেণীর উপত্যকা মধ্যে ৪ R. Palæindicus, ৫ R. Platyrhinus, ৬ R. Planidens এই তিনটী ভিন্ন জাতি, নর্ম্মদানদীর উপকূলে ৭ R. namadicus, ব্রহ্মদেশের নানাস্থানে ও আবানগরের মধ্যে ৮ R. Iravadicus, চীনদেশে ৯ R. Sinensis, মলাক্কাদ্বীপপুঞ্জে ১০ R. lasiotis এবং

* "স্বাবিধং শল্যকং গোধাং খড়্গাকূর্ম্মশশাংস্তথা।
ভক্ষ্যান্ পঞ্চনখেষ্বাহুরনুষ্ট্রাংশ্চৈকতোদতঃ॥" (মনু ৫ অঃ ১৮ শ্লোক)

ভারতবর্ষে আরও একটী স্বতন্ত্র গাণ্ডার (R. inermis) জাতির অস্তিত্বের নিদর্শন পাওয়া গিয়াছে।

বয়েড ডকিন তাঁহার কৃত প্রাণীতত্ত্বে লিখিয়াছেন যে, টেম্‌স্ নদীর কঙ্করময় উপকূলে এক সময়ে তিন প্রকার ভিন্ন জাতীয় গাণ্ডারের বাস ছিল। *

১৬৬৯ খৃষ্টাব্দে লণ্ডন সহর হইতে মুদ্রিত চার্থাম্ নিউস্ নামক পত্রিকাতে প্রকাশিত হয় যে, "চার্থাম নগরে একটী পাতকুয়া খননকালে এক (R. tichorinus) জাতীয় গাণ্ডারের অস্থি পাওয়া যায়।" প্রাণীতত্ত্ববিদ্ পণ্ডিতগণ ফ্রান্স, জর্ম্মণি ও ইতালির স্থানে স্থানে উক্ত জাতীয় দ্বিখড়্গী গাণ্ডারের অস্থি দেখিতে পাইয়াছেন।

১৭৭১ খৃষ্টাব্দে, ডিসেম্বর মাসে উত্তর সাইবিরিয়ার জিমোভে-দি-বীলোইস্‌কো নদীর বালুকাময় উপকূলে অর্দ্ধ-প্রোথিত একটী মৃত গাণ্ডার দেহ পাওয়া যায়। তখনও ইহার গাত্র চর্ম্ম গলিত হয় নাই। ওয়েন সাহেব এই (tichorine) জাতীয় গাণ্ডারের মস্তক ও পদ ইরকুট্স্ক নগরে দেখিয়াছিলেন। আরও জানা গিয়াছে যে, উক্ত জাতীয় গাণ্ডারেরা শীতপ্রধান লেনা নদীর তীর পর্য্যন্ত যাইয়া থাকে †। ইসেক্‌স্ প্রদেশের ওয়াল্টন্ নগরে ও নরফোকের ক্রোমার বন্দরে একটী স্বতন্ত্র গাণ্ডার জাতির (R. leptorhinus.) অস্থি পাওয়া যায়। এক সময়ে ইংলণ্ডে ও তন্নিকটবর্ত্তী দ্বীপ-সমূহে এই জাতীয় বহুসংখ্যক দ্বিখড়্গী গাণ্ডারের বাস ছিল।

গাণ্ডি (স্ত্রী) গড়ি-ইন্। কৃদিকারাদন্তত্বাৎ বা ঙীপ্। গ্রন্থি।

গাণ্ডিব (পুং ক্লী) গাণ্ডিগ্রন্থিরস্যাস্তি গাণ্ডিবঃ। (গাণ্ড্যজগাৎ সংজ্ঞায়াম্। পা ৫।২।১১০।) 'হ্রস্বদীর্ঘয়োর্ধণা তন্ত্রেণ নির্দ্দেশঃ গাণ্ডিবং।' (সিং কৌ° ৫।২।১১০) ১ অর্জ্জুনের ধনু। (ভারত ৩।২৩৫।৩০।) ব্রহ্মা নির্ম্মাণ করিয়া এই ধনুক প্রজাপতিকে, প্রজাপতি ইন্দ্রকে, ইন্দ্র সোমকে এবং সোম বরুণকে প্রদান করেন। তৎপরে অগ্নি বরুণের নিকট প্রার্থনা করিয়া অর্জ্জুনকে দেওয়াইয়াছিলেন। (ভারত ১।২২৫ অঃ।) ২ ধনুক মাত্র। (মেদিনী।)

গাণ্ডিবিন্ (পুং) গাণ্ডিবোঽস্যাস্তি ইনি। ১ অর্জ্জুন। ২ অর্জ্জুন বৃক্ষ, আঁজগাছ।

গাণ্ডী (স্ত্রী) গাণ্ডি-ঙীপ্। [গাণ্ডি দেখ।]

গাণ্ডীর (ত্রি) গণ্ডীরস্যেদং গণ্ডীর-অণ্। গণ্ডীরশাক-সম্বন্ধীয়।

গাণ্ডীব (পুং ক্লী) গাণ্ডী গ্রন্থিরস্যাস্তি গাণ্ডী-বঃ। (গাণ্ড্যজগাৎ সংজ্ঞায়াম্। পা ৫।২।১১০।) ১ অর্জ্জুনের ধনু। (অমর।)

"তৎ প্রযচ্ছোভয়ং শীঘ্রং রথঞ্চ কপিলক্ষণম্।
কার্য্যঞ্চ সুমহৎ পার্থো গাণ্ডীবেন করিষ্যতি।"

(ভারত ১।২২৬।৪।)

এই ধনু ব্রহ্মা এক হাজার বৎসর, প্রজাপতি পাঁচশত তিন বৎসর, ইন্দ্র পঁচাশী বৎসর, সোম পাঁচশত বৎসর, বরুণ শত বৎসর ও অর্জ্জুন পঁয়ষট্টি বৎসর ধারণ করিয়াছিলেন। [গাণ্ডিব দেখ।] ২ ধনু। (মেদিনী।)

গাণ্ডীবধন্বন্ (পুং) গাণ্ডীবং ধনুর্যস্য সমাসে অনঙ্। অর্জ্জুন।

গাণ্ডীবিন্ (পুং) গাণ্ডীবমস্ত্যস্য ইনি। ১ অর্জ্জুন, মধ্যম পাণ্ডব। (ভারত ১।১৪৮ অঃ) ২ অর্জ্জুনবৃক্ষ। (রাজনি°)

গাতব্য (ত্রি) গৈ গানে গা গতৌ বা তব্য। ১ গেয়। ২ গন্তব্য।

গাতাগতিক (ত্রি) গতাগতেন নির্ব্বৃত্তম্ অক্ষদ্যূতাদিত্বাৎ ঠক্। গমনাগমন দ্বারা নিষ্পন্ন।

গাতানুগতিক (ত্রি) গতানুগতেন নির্ব্বৃত্তম্। অক্ষদ্যূতাদিত্বাৎ ঠক্। গতানুগত নিষ্পন্ন।

গাতু (পুং) গায়তি গৈ গানে তুন্। (কমিমনিজনিগাভাষাহিভ্যশ্চ। উণ্ ১।৭৩।) ১ কোকিল। ২ ভ্রমর। ৩ গন্ধর্ব্ব। ৪ পথিক। গৈ গানে ভাবে তুক্। ৫ গমন।

"গাতুং কৃণবন্নুষসো জনায়।" (ঋক্ ৪।৫১।১) 'গাতুং গমনং গমনাদিব্যাপারসামর্থ্যম্।' (সায়ণ।) গাঙ্ গতৌ অধিকরণে তুঃ। ৬ গমনীয় পথ।

"উরুং নো গাতুং কৃণু সোমমীড্যঃ।" (ঋক্ ৯।৮৫।৪) 'গাতুং মার্গম্।' (সায়ণ) ৭ উপায়। "ক্ষয়ায় গাতুং বনতে।" (ঋক্ ৫।৬৫।৪) 'গাতুং উপায়ম্'। (সায়ণ) 'গৈ শব্দে গাপায়াহিভ্য ইতি তু প্রত্যয়ঃ।' ৮ পৃথিবী। (নিঘণ্টু)

"ইন্দ্রো নৃভিরজনদ্দীদ্যানঃ সাকং সূর্য্যমুষসং গাতুমগ্নিম্।"

(ঋক্ ৩।৩১।১৫) 'গাতুঃ পৃথিবী।' (সায়ণ)

৯ স্তব। "যঃ ঈবতে ব্রহ্মণে গাতুমৈরৎ।" (ঋক্ ৪।৪।৬।) 'গাতুঃ স্তোত্রং।' (সায়ণ।)

(ত্রি) ১০ রোষণ, ক্রোধী। ১১ গায়ন। (উণাদিবৃত্তি।) (ক্লী) ১২ ধন। "রধ্বয়া গাতুমত্যা।" (ঋক্ ৭।৫৪।৩) 'গাতুমত্যা ধনবত্যা' (সায়ণ)

গাতুবিদ্ (ত্রি) গাতুং মার্গং বেত্তি ক্বিপ্। পথজ্ঞ। (ঋক্ ৩।৬২।১৩) 'গাতুবিৎ গাতুর্বেদিমার্গঃ। তং জানানঃ সোমঃ।' (সায়ণ)

গাতোলন (দেশজ) শরীর উত্থাপিতকরণ, গাতোলা, উঠা।

গাতৃ (ত্রি) গৈ গানে তৃচ্। গায়ক।

"গাতা চতুর্ণাং বেদানাম্।" (হরিবংশ ৫৫ অঃ)

* See Boyd Dawkins' Nat. Hist. Rev., 1865, P. 403.

† এই সম্বন্ধে বিস্তৃত বিবরণ Memoirs of the Academy of St. Petersburg নামক গ্রন্থে দ্রষ্টব্য।

গাত্র (ক্লী) গচ্ছতি গম্-ত্রন্ আকারাদেশঃ। (গমেরা চ। উণ্ ৪।১৬৮) ১ অঙ্গ, দেহ। "দুঃখ দুঃখেন গাত্রম্।" (মেঘদূ। ৯১) পর্য্যায়—কলেবর, বপুঃ, সংহনন, শরীর, বর্ম্ম, বিগ্রহ, কায়, দেহ, মূর্ত্তি, তনু, তনূ, ইন্দ্রিয়ায়তন, অঙ্গ, ক্ষত্র, ভূষণ, মৎকরণ, বের, সঞ্চর, ঘন, বন্ধ, পুর, পিণ্ড, পুদ্গল, ভূতাত্মা, স্বর্গলোকেশ, স্কন্ধ, পঞ্জর, কুল, বর্ল। (জটাধর)

২ হস্তীর অগ্রজঙ্ঘার আদিভাগ। (মাঘ ১৮।৪৬)

(ত্রি) ৩ গাথক সম্বন্ধীয়। (তাণ্ডবব্রা॰)

গাত্রক (ক্লী) গাত্র-স্বার্থে কন্। [গাত্র দেখ।]

গাত্রকণ্ডূ (স্ত্রী) গাত্রজাতা কণ্ডূঃ। গাত্রবিচর্চ্চী, গাচুল্‌কানি।

গাত্রগুপ্ত (পুং) শ্রীকৃষ্ণের ঔরসে লক্ষণার গর্ভোৎপন্ন এক পুত্র।

গাত্রভঙ্গা (স্ত্রী) গাত্রস্য ভঙ্গোঽবসাদো যস্যাঃ। বহুব্রী। শূক-শিম্বী, আলকুশী। (শব্দচ॰)

গাত্রমার্জ্জনী (স্ত্রী) গাত্রং মৃজ্যতে ঽনয়া মৃজ করণে ল্যুট্, ঙীপ্। শরীরমার্জ্জনার্থ ক্ষুদ্রবস্ত্র, গামছা।

গাত্ররুহ (ক্লী) গাত্রে রোহতি রুহ-ক ৭তৎ। লোম।

"গাত্ররুহেষু চ হর্ষঃ।" (ভাগবত ২।৩।২৪)

গাত্রবৎ (পুং) ১ লক্ষণাগর্ভজাত শ্রীকৃষ্ণের এক পুত্র। (হরিবংশ ১৬২ অঃ)। (ত্রি) ২ প্রশস্ত গাত্রবিশিষ্ট।

গাত্রবতী (স্ত্রী) লক্ষণাগর্ভজ শ্রীকৃষ্ণের কন্যা। (হরিবংশ ১৬২অঃ)

গাত্রবিন্দ (পুং) লক্ষণাগর্ভজাত কৃষ্ণের এক পুত্র। (হরি ১৬২অঃ)

গাত্রসঙ্কোচিন্ (পুং) গাত্রং সঙ্কোচয়তি সং-কুচ্-ণিচ্-ণিনি। জাহক নামক জন্তুবিশেষ। (রাজনি॰)

গাত্রসংপ্লব (পুং) গাত্রেণ সংপ্লবন্তে সম্-প্লু-অচ্ ৩তৎ। প্লবপক্ষী।

গাত্রসম্মিত (ত্রি) গাত্রং সম্মিতং সম্পূর্ণং যস্য বহুব্রী। সম্পূর্ণ-গাত্র, তিনমাসের অধিককাল গর্ভস্থিত প্রাণী।

"পাদ উৎপন্নমাত্রে তু দ্বৌপাদৌ গাত্রসম্মিতে।" (প্রায়শ্চিত্ততত্ত্ব)

গাত্রস্পর্শ (পুং) গাত্রস্য স্পর্শঃ ৬তৎ। গাছোঁয়া, অঙ্গস্পর্শ।

গাত্রানুলেপনী (স্ত্রী) গাত্রমনুলিপ্যতে যয়া, লিপ করণে ল্যুট্ ঙীপ্। অনুলেপনবর্ত্তিকা। (অমর)

গাত্রাবরণ (ক্লী) গাত্রমাবৃণোতি, আ-বৃ-ল্যু। বর্ম্ম, সাঁজোয়া।

গাত্রোৎসাদন (ক্লী) গাত্রানুলেপন।

গাত্রিকা (স্ত্রী) গাত্র-সংজ্ঞায়াং কন্ টাপ্ অত ইত্বম্। গামছা।

গাথ (ত্রি) গৈ-থন্। গাতব্য, স্তোত্রাদি।

"গায়দ্ গাথং সুতসোমো দুবস্যন্।" (ঋগ্বেদ ১।১৬৭।৬)

'গাথং গাতব্যং স্তোত্রম্।' (সায়ণ)

গাথক (ত্রি) গায়তি গৈ গানে থকন্। (গস্থকন্। পা ৩।১।১৪৬) গায়ক। "কণদ্ভি রলিগাথকৈঃ।" ভট্টি।

গাথপতি (ত্রি) গাথায়াঃ পতিঃ ৬তৎ, ঙ্যাপোরিতি হ্রস্বঃ। বাক্‌পতি, স্তোত্রপালক রুদ্র।

"গাথপতিং মেধপতিং রুদ্রম্।" (ঋগ্বেদ ১।৪৩।৪)

গাথা (স্ত্রী) গীয়তে, গৈ-থন্ টাপ্। (উষিকুষিগর্ত্তিভ্যস্থন্। উণ্ ২।৪) ১ শ্লোকবিশেষ, যাহাতে স্বর নিয়ম নাই, শুনিতে ঠিক গদ্যের মত।

২ গীত। ৩ মাত্রাবৃত্তবিশেষ। যাহার প্রথম ও তৃতীয়-পাদে দ্বাদশমাত্রা, দ্বিতীয়পাদে অষ্টাদশ, এবং চতুর্থপাদে পঞ্চদশ মাত্রা থাকে, তাহাকে গাথা কহে। ইহাই আর্য্যা। ৪ প্রাকৃতভাষা (মেদিনী)। ৫ সংস্কৃত-প্রাকৃত মিশ্রিত শ্লোক।

বৌদ্ধদিগের গ্রন্থাবলীতে গাথা বলিয়া অনেক শ্লোক দৃষ্ট হয়। লঙ্কাবতার, তথাগতগুহ্যক, ললিত-বিস্তর প্রভৃতি গ্রন্থে দৃষ্ট হয় যে, উহাদিগের রচনার কতক অংশ গদ্য ও কতক অংশ পদ্য। গদ্যাংশগুলির ভাষা ব্যাকরণশুদ্ধ সংস্কৃত, কিন্তু পদ্যাংশের ভাষা সংস্কৃত হইলেও অনেকস্থলে সংস্কৃত ব্যাকরণ অনুসারে অশুদ্ধ। এই জন্য গাথা বা পদ্যাংশ অশুদ্ধ সংস্কৃত অথবা ইহা এইরূপই একটা স্বতন্ত্র ভাষা এই বিষয়ে অনেক আলোচনা হইয়াছে। সংস্কৃত ভাষা লিখিবার ভুল হইলে সেইরূপ ভুল ক্রমাগত সমান ভাবে ভুল হইবে কেন? ক্রমাগত এক শব্দের একই রূপ ভুল দৃষ্ট হয় বলিয়াই অনেকে ইহাকে স্বতন্ত্র ভাষা বলিয়া নির্দ্দেশ করেন। কিন্তু কথা হইতেছে যে ললিতবিস্তর প্রভৃতি বৌদ্ধগ্রন্থে গদ্যাংশ এমন ব্যাকরণশুদ্ধ আর গাথার ভাষায় সংস্কৃতে অশুদ্ধ বা স্বতন্ত্রপ্রকারে রচিত কেন হইল? গদ্যাংশে মোটেই যে ভুল নাই এমন বলা যায় না, ঘটনাক্রমে লেখকের অনবধানতায় ঘটিয়াছে বলিয়া বেশ বোধ হয়। আর এককথা, গদ্যাংশের ভাষা পাণ্ডিত্যপূর্ণ ও জটিল। কর্ত্তার নাম যে পৃষ্ঠায়, ক্রিয়া হয়ত তাহার দুই বা তিন পৃষ্ঠা পরে দৃষ্ট হয়। কিন্তু গাথার ভাষা ইহার সম্পূর্ণ বিপরীত। গাথাগুলির ভাষা নিতান্ত সরল। ইহার বাক্যগুলি ছোট ছোট, সেই অল্পের মধ্যে ভাব অতি সুন্দরভাবে পরিস্ফুট হইয়াছে। সরল কথায় ওজোগুণ ও কল্পনার প্রাখর্য্য গাথার ভাষায় প্রচুর দৃষ্ট হয়। কবিতাগুলি সরল অনুষ্টুপ্ হইতে শার্দ্দূলবিক্রীড়িত প্রভৃতি নানা প্রকার ছন্দে রচিত। বিশেষ অনুধাবন করিলে ইহাই প্রতীত হয় যে রচনাকে মিষ্ট করিবার জন্য শব্দগুলিকে স্থানে স্থানে বর্দ্ধিত করা হইয়াছে। যথা—

সংস্কৃত ভাষা।	গাথার ভাষা।
ন চ	না চ।
স চ	সো চ।

সংস্কৃত ভাষা।	গাথার ভাষা।
প্রয়াতঃ	প্রযাতো।
রুদমান	রোদমান।
তাঃ	তে।
স্মিতমুখী	স্মিতামুখি ইত্যাদি।

কোথাও স্বরগুলির সংকোচ করিয়া এইরূপ হইয়াছে—

যামে	যামি।
ভাবি	ভবি।
মিথ্যাপ্রয়োগ	মিথ্যপ্রয়োগ ইর্ত্যাদি।

কোথাও বা স্বর ও ব্যঞ্জন একেবারে পরিত্যক্ত হইয়াছে।

নমসি	নমে।
প্রণিধায়ন্তি	প্রণিধেন্তি ইত্যাদি।

কোথাও সন্ধি বা যুক্তবর্ণকে ভাগ করিয়া সরল ও সুমিষ্ট করিবার চেষ্টা হইয়াছে। যথা—

গ্লানো	গিলানো।
স্ত্রী	ইস্ত্রি।
ক্লেশ	কিলেশ।
শ্রী	শিরি।
পদ্মানি	পদুমানি ইত্যাদি।

লিঙ্গ, বচন, কারক ও ক্রিয়ার ভুল অনেক দৃষ্ট হয়। যথা—

তাবপি	তানপি।
আসনাৎ	আসনিনা।
ত্রিলোকী	ত্রিলোকং।
মহ্ন	মম, মত্তঃ।
তব, ত্বা	তুভ্য।
কুত্র, কেন	কহিং।
দদামি	দেমি বা দদমি।
ভবসি	ভোসি।
ভবিষ্যসি	ভেষ্যি ইত্যাদি।

বাক্যাদি রচনায় সংস্কৃত ভাষায় যে স্থানে যাহা বসাইবার নিয়ম আছে, গাথার ভাষায় তাহারই অনুসরণ করা হয়; সমাস ও সন্ধিতে সে নিয়ম রক্ষিত হয় না। ফরাসী পণ্ডিত মুসো বর্ণুফ সাহেব বলেন, "পুস্তকগুলি পড়িলে ইহার কারণ কিছুই অনুভব করিয়া উঠা যায় না। শাক্যমুনির সময়ের পরে ও পালিভাষায় সৃষ্টির পূর্ব্বে কি এই ভাষার সৃষ্টি হইয়াছিল? লোকে সংস্কৃত জানিত না—অথচ সেই ভাষায় লিখিবার তাহাদের ইচ্ছা হইত বলিয়া এইরূপ সৃষ্টি করিয়াছে। হয়ত এই অংশগুলি ভারতের বাহিরে অর্থাৎ পশ্চিমপ্রান্তে বা কাশ্মীর প্রান্তে লিখিত হইয়া থাকিবে। ভারতের মধ্যে সংস্কৃতের যেরূপ চর্চ্চা ছিল তথায় সেরূপ ছিল না।" কিন্তু সাহেবের কথায় যাহা বুঝা যায়, তাহাতে বোধ হয় তিনি গাথার ভাষা ভাল করিয়া দেখেন নাই। গাথার ভাষায় বিশেষ গুণপনা ও পাণ্ডিত্য দেখা যায়। ন্যায়শাস্ত্র ও মনোবিজ্ঞানের জটিল বিষয়গুলি অতি পরিষ্কার ও সুললিত ভাষার আর্য্যা ও ত্রোটকছন্দে রচিত হইয়াছে। সংস্কৃত ভাষায় উপর যাহাদের এত অধিকার তাহারা যে সংস্কৃত জানিত না, কেমন করিয়া বলিব। পঞ্জাব প্রভৃতি দেশে রচিত হইয়া থাকিলে সংস্কৃত ব্যাকরণ অনুসারে গদ্যাংশ বিশুদ্ধ আর পদ্যাংশ অশুদ্ধ হইল কিরূপে? রাজা রাজেন্দ্রলাল মিত্র বলেন যে, "শাক্যমুনির সময় বা অব্যবহিত পরে ভাটেরা গাথা গান করিয়া বেড়াইত। ললিতবিস্তর প্রভৃতি গ্রন্থের রচয়িতা পণ্ডিতগণ গদ্যাংশ লিখিয়া তাহার পোষকতা করিবার জন্য পরে পরে গাথার কবিতাগুলি যথাযথ উদ্ধৃত করিয়া দিয়াছেন। গাথার প্রতি তৎকালে লোকের বড় আদর ছিল বলিয়াই এইরূপ করা হইয়াছে। গদ্যরচনার পর 'তত্রেদমুচ্যতে' বলিয়া গাথার পদ্য উদ্ধৃত হইয়াছে।" মোক্ষমূলর ও বেবর সাহেব উপরি উক্ত মিত্রমহাশয়ের মতের সমর্থন করেন। লাসেন বর্ণুফের মতের পোষকতা করেন। ডাক্তার মিওর বলেন পূর্ব্বে গাথার ভাষা একটা লিখিত ভাষা ছিল। বেন্‌ফি সাহেব রাজেন্দ্রলালের পোষকতা করিয়া বলিয়াছেন যে, "পেসাদার গায়কদিগকে নিম্নশ্রেণীর লোক বলিয়া অনুমান করিয়া লইলে রাজেন্দ্রলালের মতই ঠিক বলা যাইতে পারে।" রাজেন্দ্রলাল উহার খণ্ডন করিয়া বলিয়াছেন যে, "যদিও বৌদ্ধধর্ম্মে জাতিভেদ ছিল না, তথাপি ব্রাহ্মণক্ষত্রিয় জাতীয় রচয়িতাগণ আপনাদিগকে উচ্চশ্রেণীর বলিয়া মনে করিত না ইহা সম্ভব নহে। তাঁহারা কবিতাগুলি নীচজাতির রচিত হইলে কখনই উদ্ধৃত করিতেন না। গাথাগুলি মুখে রচিত হইত বলিয়া ইহার শুদ্ধাশুদ্ধির দিকে তাদৃশ মনোযোগ দেওয়া হয় নাই। অনেক সময় শুদ্ধ হউক অশুদ্ধ হউক একটী সরল কথায় যেরূপ চিত্ত আকর্ষণ করে, ভাল শুদ্ধ সংস্কৃত উচ্চ অঙ্গের ভাষায় তাহা করে না। আমাদের ঘটকেরা মূর্খ নহেন, কিন্তু তাহাদের সংস্কৃত গ্রাম্য অশুদ্ধতা প্রভৃতি নানা দোষে দূষিত। অথচ সভাস্থলে তাহাদের বক্তৃতায় বিশেষ আদর হইয়া থাকে। গাথা সম্বন্ধেও তাহাই বলা যাইতে পারে। লেখকেরা পণ্ডিত হইলেও শ্রোতারা যে সকলেই সংস্কৃতে সুপণ্ডিত ছিল, তাহা সম্ভব নহে। শ্রোতাদিগের মনোরঞ্জনের নিমিত্ত সুপণ্ডিত অপেক্ষা ভাটদিগেরই আদর অধিক হইত। বৌদ্ধদিগের মহাসঙ্ঘের

সময় গাথারই আদর অধিক হইত। গদ্যের মধ্যে গাথার প্রবেশলাভের ইহাই কারণ। বেশ অনুমান হয় যে, বৌদ্ধদিগের প্রথম মহাসঙ্ঘে শুদ্ধ গাথাই উচ্চারিত হইয়াছিল। তাহার পর পণ্ডিতগণ বুদ্ধদেবের বিবরণ বিশুদ্ধ সংস্কৃত ভাষায় রচনা করা কর্ত্তব্য বোধে গদ্যাংশ রচনা করিয়া তাহার পোষকতার জন্য গাথা উদ্ধৃত করিয়া গিয়াছেন।"

গাথার পদগুলি দুইভাগে বিভক্ত বলিয়া স্থির করা যাইতে পারে। উহার কতকগুলি পদের প্রকৃতি অংশ সংস্কৃত, কেবল বিভক্তি, বচন ও লিঙ্গাংশেই বিকৃত হইয়া দাঁড়াইয়াছে, কিন্তু কতকগুলি পদের প্রকৃতি, বিভক্তি, বচন ও লিঙ্গ প্রভৃতি সকল অংশই বিকৃত, কোন অংশেই সংস্কৃতের সহিত কোন সম্বন্ধ নাই। এইরূপ দেখিয়াই পূর্ব্বোক্ত ভাষাতত্ত্ববেত্তারা ইহাকে একটী নূতন ভাষা দাঁড় করাইতে চেষ্টা করিয়াছেন। (কেহ কেহ বা ইহাকে বিকৃত বা ভুল সংস্কৃত বলিয়া স্থির করেন।) কিন্তু আমরা উহার কোনটীরই পক্ষপাতী হইতে পারিলাম না। আমাদের মতে গাথার ভাষা সংস্কৃত-মিশ্রিত প্রাকৃত, স্বতন্ত্র কোন নূতন ভাষা নহে। উহার যে অংশ সংস্কৃত ব্যাকরণ অনুসারে সিদ্ধ হইতে পারে, প্রকৃতি, বিভক্তি, বচন বা লিঙ্গাংশে কোন ব্যতিক্রম দেখিতে পাওয়া যায় না, তাহা সংস্কৃত; এবং যে গুলি প্রকৃতি, বিভক্তি প্রভৃতি কোন অংশে বা সম্পূর্ণ বিকৃত, তাহা প্রাকৃত বা অপভ্রংশ। বর্ত্তমান সময়েও এইরূপ অনেক রচনা দেখিতে পাওয়া যায় যে তাহার কতক অংশ সংস্কৃত ও কতক অংশ বাঙ্গালা বা অপর কোন ভাষা। গাথার যে অংশগুলি সংস্কৃত নহে, তাহা প্রাকৃত ভাষার ব্যাকরণ অনুসারে সিদ্ধ হয়। দৃষ্টান্তস্বরূপ গাথার কতকগুলি ভাষার প্রাকৃত ব্যাকরণ অনুসারে সাধনপ্রণালী নিম্নে প্রদর্শিত হইল।

চণ্ড প্রণীত "আর্ষ প্রাকৃতলক্ষণ" নামক প্রাকৃত ব্যাকরণের স্বরবিধানের ৪র্থ সূত্র যথা "স্বরোঽন্যোন্যস্য।" (প্রাকৃতল° ২।৪৯) ইহার অর্থ—(প্রাকৃত তিনপ্রকার সংস্কৃতযোনি, সংস্কৃতসম ও দেশী। ইহার মধ্যে সংস্কৃতযোনি প্রাকৃত সংস্কৃত হইতে কোন অংশে বিকৃত হইয়া উৎপন্ন হয়।) প্রাকৃত ভাষায় সংস্কৃতের একটী স্বরের স্থানে অপর স্বরের আদেশ হয়। এই নিয়ম অনুসারে গাথায় ব্যবহৃত নিম্নলিখিত শব্দগুলি সংস্কৃত হইতে উৎপন্ন হইয়াছে।

গাথায় ব্যবহৃত প্রাকৃত।			সংস্কৃত।
রোদমান	...	...	রুদমান।
করোথ	...	...	কুরুথ।
গেহি	...	...	গহে।
ময়	...	...	ময়া।
উদরি	...	...	উদরে। ইত্যাদি।

"সংযোগস্যেষ্টস্বরাগমো মধ্যে।" (প্রাকৃতল° ৩।৩০)

ইচ্ছানুসারে সংযোগের মধ্যে কোন একটী স্বর আগম হইতে পারে। এই নিয়ম অনুসারে এই প্রাকৃতগুলি সিদ্ধ হয়।—

গাথায় প্রাকৃত।			সংস্কৃত।
রতন	...	...	রত্ন।
অভুজিয়	...	...	আভুজ্য।
অকম্পিয়	...	...	আকম্প্য।
বিযূহ	...	...	ব্যূহ।
পদুমানি	...	...	পদ্মানি ইত্যাদি।

"ওত্বমবাপয়োঃ।" (প্রাকৃতল° ২।২৩) অব এবং অপ উপসর্গের স্থানে ওকার হয়। যথা—আরুহ ওরুহিত্বা। "যবয়ো রিতৌ।" (প্রাকৃতলক্ষণ ৩।৩১)

যকার ও বকারের স্থানে যথাক্রমে ইকার ও উকার আদেশ হয়। যথা জনয়ন্তি জনেন্তি। দর্শয়ন্তি দর্শেন্তি। উপয়ন্তি উপেন্তি ইত্যাদি। গাথার অনেক অংশে দ্বিবচনের স্থলে বহুবচনের প্রয়োগ দেখা যায়। প্রাকৃত ভাষায় দ্বিবচন নাই, দ্বিবচনের স্থলে বহুবচনের প্রয়োগ করা হয়। "দ্বিত্বং বহুত্বেন।" (প্রাকৃতল° ২।১২)। "কচিদ্ ব্যত্যয়ঃ।" (প্রাকৃতল° ১।৪) এই সূত্রানুসারে স্থানে স্থানে লিঙ্গ ব্যত্যয়ও হইয়া থাকে। যথা দেবাঃ দেবাণি ইত্যাদি।

এই স্থলে অনাবশ্যক মনে করিয়া আর অধিক লিখিত হইল না। গাথার সংস্কৃত ভিন্ন অপর সকল অংশই প্রাকৃত ব্যাকরণ অনুসারে সাধিত হইতে পারে। অতএব উক্ত গাথার ভাষাকে সংস্কৃতমিশ্রিত প্রাকৃত বলাই উচিত।

গাথা যে কতকালের তাহার স্থিরতা নাই। ভাষা সৃষ্টির পর মানব যখন ছড়া বলিতে শিখিয়াছে, তখনই গাথার সৃষ্টি হইয়াছে। তাহার পর সুরলয়সংযোগে ইহার ক্রমশঃ উন্নতি হইয়াছে। বুদ্ধদেব নিজে গাথা পাঠ করিতেন। ধর্ম্মবিষয়ে সূত্রগুলি পদ্যে গ্রথিত হইয়া গাথা নাম ধারণ করিয়াছিল। বৌদ্ধপ্রধান কাশ্যপ বলিয়াছেন, "ভিক্ষুগণ সূত্রান্ত, বিনয়, অভিধর্ম্ম প্রভৃতি হয় বুঝিবেন, না হয় ভুলিয়া যাইবেন, কারণ এ সকলে গাথা নাই। পাঠক অপরাহ্ণে সূত্রের গাথা পাঠ করিবে।" বুদ্ধদেব গাথাকে ৪র্থ শাস্ত্র বলিয়া উল্লেখ করিয়াছেন। যথা ১ম

সূত্রান্ত, ২য় গেয়, ৩য় ব্যাকরণ, ৪র্থ গাথা, ৫ম উদান, ৬ষ্ঠ নিদান, ৭ম অবদান, ৮ম ইতিবৃত্তক, ৯ম জাতক, ১০ম বৈপুল্য, ১১শ অদ্ভুতধর্ম্ম, ১২শ উপদেশ। ইহাতে বুঝা যায় যে তখন গাথা শিক্ষণীয় বস্তু ছিল।

পারসিক জাতির ধর্ম্মগ্রন্থে "গাথা" শব্দের ব্যবহার দেখিতে পাওয়া যায়। ইহাদের ধর্ম্মগ্রন্থে ৫টী গাথা আছে। যথা—১ গাথা অহুনবৈতি, ২ গাথা উষ্টবৈতি, ৩ গাথা স্পেন্তা মৈন্যু, ৪ গাথা বহুখ্‌ষথ্র, ৫ গাথা বহিষ্টোইষ্টি। এই গাথাগুলি ছোট ছোট পদ্যময় রচনামাত্র। তাহাতে প্রার্থনা, গান, স্তোত্র এবং মনোবিজ্ঞানসম্বন্ধীয় নানাবিধ কথা লিখিত হইয়াছে। আমাদের সংস্কৃত বা পালি ভাষার গাথাও এইরূপ। এই গাথা পারসিকদিগের মধ্যে গীত হইয়া থাকে। পারসিকজাতির ধর্ম্মগ্রন্থ জন্দ-অবস্তায় অনেক গাথা আছে। তবে পারসিকেরা জন্দ-অবস্তার সকল শব্দই গানের ন্যায় সুর করিয়া পড়েন। তাঁহাদের গাথার রচনা আমাদের বৈদিক রচনার অনুরূপ। গাথা ছন্দোবন্ধে গ্রথিত হইলেও ইহাদের শেষ অক্ষরে মিল নাই। উপরোক্ত পাঁচটী গাথায় প্রত্যেকটী এক এক স্বতন্ত্র প্রকার ছন্দে রচিত। গাথা অহুনবৈতিতে প্রত্যেক শ্লোকে ৪৮টী বর্ণ আছে। ইহা তিনটী পঙ্‌ক্তিতে বিভক্ত। প্রত্যেক পঙ্‌ক্তিতে ১৬টী বর্ণ।

পারসিকদিগের বিশ্বাস গাথায় ৭টী অধ্যায় আছে। দেবগণ এই গাথা গান করিতেন। স্পিতম জরথুস্ত্র ধ্যানযোগে দেবগণের নিকট হইতে প্রাপ্ত হন। উষ্টবৈতি গাথা জরথুস্ত্র নিজে রচনা করেন। গাথায় ৫টী অক্ষরে এক একটী পঙ্‌ক্তি। ইহার ছন্দোবন্ধ বৈদিক ত্রিষ্টুভ্‌ছন্দের সহিত অনেকটা মিলে। স্পেন্তামৈন্যু গাথার ছন্দ ত্রিষ্টুভ্‌ছন্দের প্রায় অনুরূপ। প্রথম দুইটী গাথা অপেক্ষা ইহাতে শ্লোকের সংখ্যা অনেক অল্প। চতুর্থ বহুখ্‌ষথ্র ও পঞ্চম বহিষ্টোইষ্টি নামক গাথায় শ্লোকের সংখ্যা আরও অল্প।

মিউনিকের সংস্কৃত অধ্যাপক মার্টিন্ হৌগ অনুমান করেন যে গাথা অনেক ছিল, এক্ষণে তাহা লুপ্ত হইয়াছে, ঐ সকল রচনায় স্পিতম জরথুস্ত্রের মতামত ও উপদেশাদি ছিল। এক্ষণে তাহাদের পূজাকারী (ব্রাহ্মণ)-গণের অনিষ্ট হইতে যাহাতে নিষ্কৃতি পাইবার সম্ভাবনা ও জরদস্ত ধর্ম্মাবলম্বীদিগের যাহাতে মঙ্গল হয়, এরূপ গাথাগুলিই রক্ষিত হইয়াছে। হৌগ সাহেব আরও বলেন যে এই গাথাগুলি সংস্কৃত সামবেদেরই মত। উহা ঋগ্বেদের অংশ। ব্রাহ্মণগণ সেগুলি যত্ন করিয়া রাখিয়াছেন বা পারসিকেরা তাহা নষ্ট করিয়াছেন। ওয়েষ্ট সাহেবের অনুমান যে যীশুখৃষ্টের জন্মিবার ১২০০ বৎসর পূর্ব্বে মহাপুরুষ স্পিতম জরথুস্ত্র জীবিত ছিলেন। গাথা সেই সময়ের রচনা।

বৈদিককালের হিন্দুধর্ম্মের সহিত পারসিক ধর্ম্মের বিশেষ সম্পর্ক আছে বলিয়া বোধ হয়। উভয়ের আদি ধর্ম্মগ্রন্থে দেব ও অসুরদিগের কথা আছে। তবে হিন্দুগণ দেবের ও পারসিকগণ অসুরের উপাসক। যজুর্ব্বেদে আসুরী নামক একটী ছন্দ দৃষ্ট হয়। যথা—গায়ত্রী আসুরী, উষ্ণিক্ আসুরী, পঙ্‌ক্তি আসুরী। জন্দ-অবস্তা নামক ধর্ম্মপুস্তকের গাথায় ইহার প্রচুর প্রয়োগ দেখা যায়। জন্দ-অবস্তা অহুর বা অসুরদিগের ধর্ম্ম। গায়ত্রী আসুরীছন্দ অহুনাবৈতি গাথায় দৃষ্ট হয়। উষ্ণিক্ আসুরী ছন্দ বহুখ্‌ষথ্র গাথায় ও পঙ্‌ক্তি আসুরী উষ্টবৈতি ও স্পেন্তামৈন্যু গাথায় দৃষ্ট হয়। ঘটনাক্রমে এরূপ সাদৃশ্য ঘটিয়াছে তাহা বোধ হয় না। বরং ইহা অনুমান হয় যে যজুর্ব্বেদের গাথা ঋষিদিগের জানা ছিল। হিন্দুদিগের অনেক দেবদেবীর নাম ও অনেক বৈদিক শব্দ জন্দ-অবস্তার গাথায় পাওয়া যায়।

পাশ্চাত্য পণ্ডিতগণ এই সকল দেখিয়া অনুমান করেন যে ভারতে আসিবার পূর্ব্বে হিন্দু ও পারসিকেরা এক আর্য্যসমাজভুক্ত ছিল।

পারসিক গাথায় একেশ্বর ধর্ম্ম মতের উল্লেখ দেখা যায়।

গাথাকার (পুং) গাথাং করোতি কৃ-অণ্। (ন শব্দশ্লোককলহগাথাবৈরচাটুসূত্রমন্ত্রপদেষু। পা ৩।২।২৩) গাথাকারক, গাথারচয়িতা।

গাথানী (ত্রি) গাথাযোগ্য, গাতব্য। (পুরুহূতং পুরুষ্টুতং গাথান্যং।" (ঋক্ ৮।৯২।২) 'গাথান্যং গাথাযোগ্যং গাতব্যম্।' (সায়ণ)

গাথান্তর (পুং) একটী কল্পের নাম, ব্রহ্মার মাসের চতুর্থদিন।

গাথিকা (স্ত্রী) গাথা স্বার্থে কন্ টাপ্, অত ইত্বঞ্চ। স্তুতির নিমিত্ত শ্লোক, গেয়স্তুতি।

গাথিন্ (ত্রি) গাথা স্তোত্রাদি অস্ত্যস্তি ইনি। ১ গাথাযুক্ত, গীয়মান সামযুক্ত। "ইন্দ্রমিদ্ গাথিনো বৃহৎ।" (ঋক্ ১।৭।১) 'গাথিনো গীয়মান-সামযুক্তাঃ।' (সায়ণ)

গাথিন (ত্রি) গাথিনোঽপত্যং, গাথি-অণ্। (গাথিবিদথিকেশিগণিপণিনশ্চ। পা ৬।৪।১৬৫) ইতি ন টিলোপঃ। ১ সামবেদগায়কের অপত্য। ২ তচ্ছাত্র।

গাদ (দেশজ) ১ মল, কাইট।

২ বোম্বাইয়ের মধ্যে সাতারা জেলায় সহ্যাদ্রিতে যে সকল গিরিবর্ত্ম আছে, গাদ তাহাদের অন্যতম। বাই ও কোরিগামের মধ্যে খণ্ডাল নামক ক্ষুদ্ররাজ্যে অবস্থিত। ইহা খণ্ডাল ও

ভোররাজ্যের মধ্যস্থ পর্ব্বতের মধ্যে ভোর হইতে পুণা ও বেলগামে যাইবার সর্ব্বাপেক্ষা সহজ পথ, এই গিরিপথের উত্তরে মির্জা গ্রাম অবস্থিত। এই গিরিপথের নিম্নে খণ্ডালরাজ্যের অতীতগ্রাম এবং ভোররাজ্যের কন্‌হবড়ি ও উত্রাবলি নামক গ্রামদ্বয় অবস্থিত।

গাদন (দেশজ) পোতন, ঠাসন, পূর্ণকরণ, চাপ দেওন।

গাদবাড়া, মধ্যপ্রদেশের নরসিংহপুর জেলার পশ্চিম তহসিলকে গাদবাড়া তহসিল বলে। এই তহসিলে তিনটি দেওয়ানী ও ৪টী ফৌজদারী আদালত আর ১১টী থানা আছে। জব্বলপুর হইতে বোম্বাই যাইবার রাস্তার উপর শকর নদীর বামতীরে ২২° ৫৫´৩০´´ উত্তর অক্ষাংশে এবং ৭৮°৫০´ পূর্ব্বদ্রাঘিমায় নরসিংহপুর সহরের ১৫ ক্রোশ পূর্ব্বে অবস্থিত। গাদবাড়া সহরে বাণিজ্য বিস্তৃতি বেশ। ইহা গ্রেট ইণ্ডিয়ান্ পেনিন্‌সুলার রেলওয়ের একটী ষ্টেশন। এখান হইতে মোহপাণি কয়লার খনিতে যাইবার রাস্তা আছে। এখানে বস্ত্রবয়ন ও বস্ত্ররং করার ব্যবসা অতি বিস্তৃত। পূর্ব্ব ভূপাল, ভিল্‌শা ও সাগর হইতে যে সকল শস্য এদিকে আসে, সবই এই সহরের মধ্য দিয়া যায়। এখান হইতে শস্যের পরিবর্ত্তে ঐ সকল রাজ্যে গুড়, লবণ ও চিনি রপ্তানী হয়। মহারাষ্ট্র অভ্যুদয়ের সময়ে একজন গোঁড় রাজপুত্র এই সহরে নদীতীরে একটী ক্ষুদ্র দুর্গ নির্ম্মাণ করাইয়া ছিলেন। সেই দুর্গের ভগ্নাবশেষ এখনও আছে। ১৮৭৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত এই দুর্গেই সরকারী কার্য্যালয় বসিত, তৎপরে ভিন্ন বাটীতে উঠিয়া গিয়াছে।

গাদা (দেশজ) রাশি, স্তূপ।

গাদাগাদি (দেশজ) ঠেসাঠেসি।

গাদি (পুং স্ত্রী) গদস্য অপত্যং ইঞ্ (বাহ্বাদিভ্যশ্চ। পা ৪।১।৯৬) যদুবংশীয় গদের অপত্য। (দেশজ) ২ তৃণাদির রাশি, স্তূপ।

গাদিত্য (ত্রি) গদিতেন নির্বৃত্তম্। গদিত ঞ্য। (বুঞ্ছুণ্ কঠেতি। পা ৪।২।৮০) গদিত অর্থাৎ বাক্য দ্বারা নির্বৃত্ত, যাহা বাক্য দ্বারা সাধিত হয়।

গাদ্‌গদ্য (ক্লী) গদ্গদস্য ভাবঃ যাঞ্। গদ্গদের ভাব, গদ্গদত্ব।
"গাদ্গদ্য মন্যজ্জনয়েচ্চ কুষ্ঠম্।" (সুশ্রুত কল্পস্থান ২ অঃ।)

গাধ (পুং) গাধ-প্রতিষ্ঠায়াং লিপ্সায়াঞ্চ ভাবাদৌ ঘঞ্। ১ স্থান। ২ লিপ্সা, লাভেচ্ছা। ৩ তলস্পর্শ। (ত্রি) ৪ তলস্পর্শযোগ্য, অগভীর। "সরিতঃ কুর্ব্বতী গাধাঃ।" (রঘু ৪।২৫) ৫ কূল, পরপার। (ভারত ৭।১১৩।২)

গাধা (স্ত্রী) গাধ-টাপ্। গায়ত্রীস্বরূপা মহাদেবী।
"গৌতমী গামিনী গাধা।" (দেবীভাগবত ১২।৬।৪০)

(দেশজ) রাসভ, গর্দ্দভ।

গাধি (পুং) গাধতে গাধ-ইন্। কান্যকুব্জের একজন চন্দ্রবংশীয় রাজা। (ভারত ৩।১১৫ অঃ)

ইনিই কুশিকরাজের পুত্র ও বিশ্বামিত্রের পিতা। হরিবংশে লিখিত আছে—রাজা কুশিক ইন্দ্রতুল্য পুত্রলাভের নিমিত্ত তপস্যারম্ভ করিলে ইন্দ্র ভীত হইয়া তাঁহার নিকটে আসিয়া চলিয়া গেলেন। অনন্তর সহস্র বৎসর পরে আসিয়া পুনর্ব্বার তাঁহাকে দেখা দিলেন। তাঁহার উগ্রতর তপস্যা দেখিয়া ইন্দ্র পুত্রজন্মের নিমিত্ত নিজ অংশ প্রদান করিলেন। কুশিকের ভার্য্যা পৌরকুৎসী, তাঁহার গর্ভে ইন্দ্রের অংশে গাধি জন্মগ্রহণ করিলেন।

গাধিজ (পুং) গাধের্জায়তে-জন ড। মহর্ষি বিশ্বামিত্র। (ত্রিকাণ্ড)
"গাধেঃ পুত্রো মহাতেজাঃ বিশ্বামিত্রো মহামুনিঃ।" (রামায়ণ)
[বিশ্বামিত্র শব্দে বিবরণ দেখ।]

গাধিন্ (পুং) গাধঃ প্রতিষ্ঠাস্ত্যস্য ইনি। গাধিনামক নৃপতি।

গাধিনগর (ক্লী) কান্যকুব্জ।

গাধিনন্দন (পুং) গাধের্নন্দনঃ। বিশ্বামিত্র ঋষি।

গাধিপুত্র (পুং) গাধেঃ পুত্রঃ। বিশ্বামিত্র।

গাধিপুর (ক্লী) গাধেঃ পুরম্। গাধিরাজের পুর, কান্যকুব্জ।

গাধিভূ (পুং) গাধিঃ ভূরুৎপত্তিস্থানমস্য। বিশ্বামিত্র ঋষি।

গাধিসুত (পুং) গাধেঃ সুতঃ। বিশ্বামিত্র ঋষি।

গাধিসূনু (পুং) গাধেঃ সূনুঃ। বিশ্বামিত্র ঋষি।

গাধেয় (পুং) গাধেরপত্যং, গাধি-ঢক্। (ইতশ্চানিঞঃ। পা ৪।১।১২২।) বিশ্বামিত্র প্রভৃতি। (হরিবংশ ২৭ অঃ)
গাধেয় স্ত্রিয়াং ঙীপ্। ১ গাধির কন্যা, সত্যবতী। ইনি ভার্গবপুত্র ঋচীকের পত্নী।

গাধ্যণ্ডা (স্ত্রী) ভূম্যামলকী। (ভারত ১৩।৪ অঃ)

গান (স্ত্রী) গীয়তে গৈ-ভাবে ল্যুট্। গীত, সঙ্গীত। (অমর) পর্য্যায়—গেয়, গীতি, গান্ধর্ব্ব। (হেম) জপের কোটিগুণ ধ্যান, ধ্যানের কোটিগুণ লয়, লয়ের কোটিগুণ গান, অতএব গানের তুল্য উৎকৃষ্ট ফল আর কিছুতেই হয় না। [গীত দেখ।]

গানিগ, দাক্ষিণাত্যের বিজাপুরপ্রদেশবাসী জাতিবিশেষ। ইহারা জাতিতে তেলী এবং তৈলবিক্রয়ই ইহাদের একমাত্র উপজীবিকা। বর্ত্তমানকালে ইহাদের মধ্যে অনেকেই জাত ব্যবসা ছাড়িয়া চাষবাসে জীবিকানির্ব্বাহ করিতেছে।

ইহাদের মধ্যে 'সজ্জন' ও "কারিকুল" এই দুইটী থাক আছে। যাহাদের মধ্যে বিধবাবিবাহ চলিত আছে, তাহারাই কারিকুল এবং যাহারা বিধবাবিবাহ অনুমোদন করে না তাহারাই সজ্জন। কারিকুল গানিগেরা সাধারণতঃ বেশী

কৃষ্ণবর্ণ বলিয়া লোকে ইহাদের জাতিগত কারিকুল নামটী সম্ভবতঃ কালিকুল (কালা জাতি) শব্দের অপভ্রংশ বলিয়া মনে করেন। কিন্তু ইহাদের মধ্যে বর্দ্ধিষ্ণুরা বলেন যে, কারিকুল খরকুল শব্দের পরিবর্ত্তে বসিয়াছে। (হিন্দিতে খর বা খার শব্দে যথার্থ বুঝায়।) কোল্‌হার ও বাঘলকোট জেলায় ইহাদের বাস অধিক।

ইহাদের মধ্যে বংশবাচক কোন নাম নাই, কেবল স্থানীয় নাম ও ডাক নামেই একমাত্র পরিচয় পাওয়া যায়। ইহারা স্বগোত্রে পুত্র বা কন্যার বিবাহ দেয় না। কাপড়ে তৈলাদির দাগ দেখিয়া ইহাদের গানিগ বলিয়া চিনিতে পারা যায়, নতুবা পরিচ্ছন্নবেশে, কপালে ভস্ম মাখিয়া দাঁড়াইলে ইহাদের ঠিক লিঙ্গায়তের মত দেখায়। ইহারা বলিষ্ঠ, কৃষ্ণবর্ণ, লম্বা চৌড়া, মুখাকৃতি অতি সুন্দর। ইহারা গৃহে কণাড়ি ভাষায় কথা কহে, তবে সকলেই কতক কতক মরাঠী ও হিন্দুস্থানী ভাষা জানে।

মাটি ও প্রস্তরনির্ম্মিত একতল গৃহে ইহাদের বাস। জাতব্যবসা চালাইতে চাকর ও ঘানি টানিবার জন্য বলদ ও মহিষ রাখে। ইহারা সকলেই নিরামিষাশী, লিঙ্গায়তদিগের মত কেহই মদ বা মাংস খায় না। ধার্ম্মিক ব্যক্তিগণ দিনান্তে দুইবার ও অন্যান্য গানিগেরা দিনে তিন বার করিয়া আহার করিয়া থাকে। আসনে উপবেশন করিয়া আহারের পূর্ব্বে ইহারা লিঙ্গায়তদিগের মত লিঙ্গের উপাসনা করে। এক্ষণে ইহারা লিঙ্গায়তের মত বেশ করিয়া থাকে। কিন্তু প্রায় ৩০ বৎসর পূর্ব্বে হাটু পর্য্যন্ত পাজামা, উড়ানী ও রুমাল ব্যবহার করিত। স্ত্রীলোক ও পুরুষ উভয়েই অলঙ্কার পরে। স্বামীর জীবিতাবস্থায় আয়তিরক্ষার জন্য স্ত্রীকে সীমন্তে সিন্দূর, হাতে কাচের চুড়ি বা বালা ও মঙ্গলসূত্র ধারণ করিতে হয়। ইহারা আতিথেয়, সৎ, শান্তস্বভাব ধীর, কর্ম্মঠ ও চতুর, কিন্তু অপেক্ষাকৃত অপরিষ্কার।

যে সমস্ত গানিগ তৈল প্রস্তুত ব্যবসা ছাড়িয়া দিয়াছে, তাহারা এক্ষণে বংশপরম্পরায় কৃষিকার্য্য করিয়া থাকে। স্ত্রীলোকেরা গৃহ কর্ম্ম দেখে এবং নিজ নিজ স্বামীর দোকানে খুচরা তৈল বিক্রয় করে। বালকেরা ঘানির বলদ চরায় এবং ফসলের সময় পাখী প্রভৃতির উপদ্রব হইতে ক্ষেত্ররক্ষা করিয়া থাকে। ইহাদের মধ্যে অনেকেই ধনী এবং আপনাদিগকে লিঙ্গায়তের সমকক্ষ বলিয়া বিবেচনা করে, কিন্তু কোন ধর্ম্মক্ষেত্র বা দেবালয় ভিন্ন অপর কোন স্থানে লিঙ্গায়তেরা ইহাদের সহিত একত্র বসিয়া আহার করে না।

ইহাদের ধর্ম্মসংক্রান্ত সমস্ত কার্য্যই লিঙ্গায়তের মত। বিবাহ ও কবর লিঙ্গায়ত জঙ্গমের দ্বারাই সম্পন্ন হইয়া থাকে। উত্তর আর্কট প্রদেশের মধ্যবর্ত্তী শ্রীশৈলের মলয়া, বিজাপুরের বাগবাড়ীর বাসব (বাসবন্ন), পারশগড়ের যল্লমা, তুলজাপুরের তুলজা-ভবানী প্রভৃতি দেবদেবীগণ ইহাদের প্রধান উপাস্য এবং উক্ত স্থানগুলি ইহাদের মহাতীর্থ মধ্যে গণ্য।

ইহাদের মধ্যে বাল্যবিবাহ ও বিধবা বিবাহ প্রচলিত। সামাজিক কোন গোলোযোগ উপস্থিত হইলে বাগবাড়ীর কোল্‌হার গ্রামের "দেশাই" আসিয়া নিষ্পত্তি করেন। "দেশাই" বৃত্তি তাঁহারা বংশপরম্পরায় করিয়া আসিতেছেন। গানিগেরা ক্রমেই একটী উন্নতিশীল জাতি হইয়া উঠিতেছে।

সজ্জন গানিগদিগের সমস্ত ক্রিয়াকলাপই কারিকুলদিগের মত, কিন্তু ইহাদের বিবাহকার্য্য ব্রাহ্মণ দ্বারা সম্পন্ন হইয়া থাকে। বিবাহের সময় বর ও কন্যার ব্যবধানে একখানি বস্ত্র দিয়া ব্রাহ্মণ পুরোহিত কন্যার গলদেশে মঙ্গলসূত্র বাঁধিয়া দেন। ইহারা তৎকালে কারিকুলদিগের মত ৫টী পূর্ণ কলসের পূজা করে না, এবং বিবাহের সময়-নিরূপণের জন্য জল-ঘটিকা ব্যবহার করিয়া থাকে। ইহাদের মধ্যে বিধবাবিবাহ প্রচলিত নাই। কোন স্ত্রীলোকের স্বামীর মৃত্যু হইলে তাহার হস্তস্থিত কাচের বালা ভাঙ্গিয়া তৎপরিবর্ত্তে রূপার বালা বা কড়া পরাইয়া দেয়। কোন একটী সামাজিক বৈষম্য উপস্থিত হইলে ব্রাহ্মণ সভাপতি থাকিয়া তাহা মিটাইয়া দেন।

ধারবারে এই জাতির মধ্যে কারীকুলদাস, পঞ্চমশালী, পদ্মশালী, সজ্জন ও সাগরদাস নামে ৫টী থাক বা শ্রেণী আছে। ধারবারে ইহারা গানিগাড় নামে খ্যাত। বিভিন্ন শ্রেণীর গানিগাড়েরা একত্র বসিয়া আহারাদি করে, কিন্তু পরস্পরের মধ্যে দানগ্রহণ করে না। ইহাদের সামাজিক অবস্থা ও রীতিনীতিতে অতি অল্পমাত্রই প্রভেদ দৃষ্ট হয়।

ইহারা সাধারণতঃ খর্ব্বাকৃতি, দৃঢ়, বলিষ্ঠ, কর্ম্মক্ষম, নম্র ও আতিথেয়, কিন্তু অতি কুৎসিতাচারী ও কপট। আপনাদিগের বসবাসের জন্য প্রস্তর ও মৃত্তিকা দিয়া একতল গৃহ নির্ম্মাণ করে, কিন্তু তাহার সংস্কার করে না এবং এরূপ অযত্নে ও অপরিষ্কার রাখে যে দেখিলেই ঘৃণার উদ্রেক হয়। দাল, রুটী ও শাকসব্‌জিই ইহাদের প্রধান খাদ্য। মদ্যমাংস কেহই ছোঁয় না। সকলেই হাতে বোনা দেশীয় মোটা কাপড় পরিধান করে। স্ত্রীলোক ও পুরুষ উভয়েই অলঙ্কার পরিয়া থাকে।

উত্তর-কর্ণাট প্রদেশের উল্‌ভীর নিকটবর্ত্তী বাসব

ও গদগের বীরভদ্র (বীরনারায়ণ) ইহাদের কুলদেবতা এবং ঐ দুই দেবস্থানে সময় সময় যাইয়া ইহারা দেবতার পূজা দেয়। ব্রাহ্মণের প্রতি ইহাদের বিশেষ ভক্তি বা শ্রদ্ধা নাই। বিবাহ ও অপরাপর ব্রতকর্ম্মাদিতে লিঙ্গায়ত পুরোহিতেরা পূজারির কার্য্য করিয়া থাকে। গদগের নিকটবর্ত্তী দম্বল নামক গ্রামে ইহাদের গুরু "তাতডাস্বামী" বাস করেন। ইহারা উচ্চ শ্রেণীর হিন্দুদিগের প্রধান প্রধান উৎসব পালন করে এবং দয়া মা ও দুর্গা এই দুই দেবীর পূজা করিয়া থাকে। ইহারা কোন পূজা বা উৎসব দিবসে কর্ম্ম করে না। এতদ্ভিন্ন প্রতি সোমবার বাসবের পবিত্রদিন বলিয়া সকল প্রকার কার্য্য হইতে বিরত থাকে। ইহারা যাদুবিদ্যা, ডাইন ও ভবিষ্যদ্বাণীতে (দৈবজ্ঞের কথায়) বিশ্বাস রাখে এবং গৃহের মধ্যে কাহারও পীড়া হইলে তাঁহাদের সহিত পরামর্শ করে। দুএকটী বিশেষ প্রভেদ ছাড়া ইহাদের ধর্ম্মের কর্ম্মকাণ্ড সমস্তই লিঙ্গায়তদিগের মত।

স্ত্রীলোকেরা যদি কেশ আলুলায়িত রাখিয়া দোকানে তৈল ক্রয় করিতে আসে, তাহাকে কখনই ইহারা তৈল বিক্রয় করে না এবং যদি কোন ব্যক্তি একটী পাত্রে চাম্‌চা বা পলা রাখিয়া তাহাদের দোকানে যায়, তাহা হইলে দোকানদার চাম্‌চাটী সেদিনকার মত কাড়িয়া রাখে এবং পরদিন তাহা অধিকারীকে ফিরাইয়া দেয়।

বাল্য-বিবাহ, বহু-বিবাহ ও বিধবা-বিবাহ গানিগাড়দের মধ্যে প্রচলিত। ইহাদের জাতীয় একতা অতিশয় সুদৃঢ়। সমাজে কোনরূপ বিভ্রাট্ বা গোলোযোগ উপস্থিত হইলে গ্রামের পঞ্চায়ত তাহা নিষ্পত্তি করেন এবং কোন বিশেষ গোলযোগ উপস্থিত হইলে ধর্ম্মগুরু তাহার মীমাংসা করিয়া দেন। ইহারা সকলেই কণাড়ি ভাষায় কথা কহিয়া থাকে।

গানিন্ (ত্রি) গান-ইনি। ১ গতিযুক্ত। ২ গীতিযুক্ত। ৩ স্তুতিযুক্ত।

গানিনী (স্ত্রী) গানিন্ স্ত্রিয়াং ঙীপ্। বচা। (শব্দরত্নাবলী)

গানী, একজন মুসলমান কবি। ইহার আসল নাম মির্‌জা মুহম্মদ-তাহির। কাশ্মীরে ইহার জন্ম, এই জন্য সাধারণে ইহাকে 'গানী কাশ্মীরি' বলিয়া থাকে। ইনি সেখ মুহ্‌সীন্ ফাণীর ছাত্র; নিজ বিদ্যাপ্রভাবে ইনি একজন সুকবি, ও নিজ গুরু হইতে বিশেষ প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন। তাঁহার কৃত 'দিবান গানী' নামক কাব্যগ্রন্থই অতি সুন্দর। গুরুর মৃত্যুর দুইবৎসর পরে ১০৭৯ হিজিরায় তাঁহার মৃত্যু হয়। কথিত আছে দিল্লীর সম্রাট্ আলম্‌গীর গানীকে নিজ সমীপে প্রেরণার্থ কাশ্মীরের শাসনকর্ত্তা সৈফ্ খাঁকে লিখিয়া পাঠান। সৈফ্ খাঁ গানীকে এই সংবাদ দিলে তিনি দিল্লী যাইতে অস্বীকৃত হইলেন এবং শাসনকর্ত্তাকে বলিলেন যে, সম্রাট্‌কে বলিও গানী উন্মাদ হইয়াছে ও এরূপ অবস্থায় আপনার সম্মুখে যাইবার উপযুক্ত নয়। সৈফ্ খাঁ বলিলেন যে, কিরূপে তিনি এরূপ জ্ঞানী লোককে উন্মাদ বলিবেন। ইহাতে গানী তৎক্ষণাৎ উন্মাদগ্রস্ত হইয়া নিজ বস্ত্রাদি ছিঁড়িয়া ফেলিলেন ও তাহার তিনদিন পরে তাঁহার মৃত্যু হয়। ১৮ বৎসর কাল কাব্যজগতের সুখলাভ করিয়া তিনি অল্প বয়সে জীবলীলা পরিহার করিয়াছিলেন।

গানবিদ্যা (স্ত্রী) সঙ্গীতশাস্ত্র।

গান্তু (ত্রি) গচ্ছতি গম-তুন্, বৃদ্ধিশ্চ। (ক্রমি-গমি ক্ষমিভ্যস্তুন্ বৃদ্ধিশ্চ। উণ্ ৫। ৪৩।) ১ গন্তা, গমনকর্ত্তা। ২ পথিক। (উজ্জ্বলদত্ত।) ৩ গাথক। (সংক্ষিপ্তসারে উণাদিবৃত্তি।) কেহ কেহ বলেন যে, লিপিকরপ্রমাদে 'পথিক' স্থলে গাথক পাঠ কল্পিত হইয়াছে।

গান্ত্র (ক্লী) গম-ষ্ট্রন্। (ভ্রস্‌জিগমিনমিহনিবিশ্যশাং বৃদ্ধিশ্চ। উণ্ ১।১৫) শকট। (উজ্জ্বল)

গান্ত্রী (স্ত্রী) গন্ত্রী এব স্বার্থে অন্, ঙীপ্। ১ বৃষবাহ্য শকট, গোরুর গাড়ী। (রায়মুকুট)

গান্দিক (ত্রি) গন্দিকায়াং ভবঃ সিন্ধাদিত্বাৎ অণ্। গন্দিকানদীজাত।

গান্দিনী (স্ত্রী) গাং ধেনুং দদাতি প্রতিদিনম্, গো-দা-ণিনি পৃষোদরাৎ সাধুঃ। অক্রূরের মাতা। ইনি কাশিরাজের দুহিতা ও শ্বফল্কের ভার্য্যা। হরিবংশের মতে—ইহার নাম নিরুক্তি, তিনি প্রতিদিন বিপ্রগণকে ধেনুদান করিতেন বলিয়া তাঁহার নাম গান্দিনী হইয়াছে। তিনি মাতার উদরে বহু বর্ষ বাস করিলেন, ভূমিষ্ঠ হইলেন না, তখন পিতা বলিলেন, তুমি শীঘ্র ভূমিষ্ঠ হও, তোমার মঙ্গল হউক, তুমি এতদিন উদরে রহিয়াছ কেন? কন্যা প্রত্যুত্তর করিলেন, যদি প্রতিদিন গোদান করিতে পাই, তবে জন্মগ্রহণ করি। পিতা স্বীকার করিয়া তাঁহার মনোরথ পূর্ণ করিয়াছিলেন। এই গান্দিনীর গর্ভে শ্বফল্কের ঔরসে, অক্রূর নামে এক পুত্র উৎপন্ন হয়। তৎপরে ইহার গর্ভে উপমদ্গু, মদ্‌গু, মুদর, অরিমেজয়, অবিক্ষিপ, উপেক্ষ, শত্রুঘ্ন, অরিমর্দ্দন, ধর্ম্মধৃগ, যতিধর্ম্মা, গৃধ্রভোজান্তক, আবাহ ও প্রতিবাহ এই কয়েকটী পুত্র ও সুন্দরী নামে একটী সুন্দরী কন্যা জন্মে। কেহ কেহ গান্ধিনী এরূপ পাঠ করেন, কিন্তু নিরুক্তি নাম লইয়া বিবেচনা করিলে গান্দিনী পাঠই উপযুক্ত বলিয়া বোধ হয়। গাং ভূমিং দায়তি শোধয়তি দৈ-ণিনি পৃষোদরাৎ সাধুঃ। ২ গঙ্গা। (ত্রিকাণ্ড)।

গান্দিনীসুত (পুং) গান্দিন্যাঃ সুতঃ, ৬তৎ। ১ ভীষ্ম। ২ কার্ত্তিকেয়। ৩ অক্রূরাদি। [গান্দিনী দেখ।]

গান্দী (স্ত্রী) গাং দদাতি, দা-ক ঙীপ্। অক্রূরমাতা গান্দিনী। "স্যমন্তককৃতে প্রাজ্ঞো গান্দীপুত্রোমহাযশাঃ।" (হরিং ৪০ অঃ)

গান্ধপিঙ্গলেয় (পুং স্ত্রী) গন্ধপিঙ্গলায়া অপত্যম্। ঢক্। (শুভ্রাদিভ্যশ্চ। পা ৪।১।১২৩।) গন্ধপিঙ্গলার অপত্য।

গান্ধর্ব্ব (ক্লী) গন্ধর্ব্বস্যেদং, গন্ধর্ব্ব-অণ্। ১ গান। (হেম)।

"অথ প্রবৃত্তে গান্ধর্ব্বে দিব্যে ঋষিরুপাবিশৎ।"

(ভারত ১৩।১৯।৪৬)

গন্ধর্ব্বো দেবতাস্য-অণ্। ২ গন্ধর্ব্বদেবতাত্মক মন্ত্র। (রঘু ৫।৫৭)

(পুং) গন্ধর্ব্ব এব প্রজ্ঞাদিত্বাৎ অণ্। ৩ গন্ধর্ব্ব। (হেম°) ৪ ভারতবর্ষীয় উপদ্বীপবিশেষ।

"নাগদ্বীপ স্তথা সৌম্যো গান্ধর্ব্বস্তথ বারুণঃ।" (বিষ্ণুপুরাণ।)

৫ অষ্টবিধ বিবাহের মধ্যে বিবাহবিশেষ। নিজ নিজ ইচ্ছায় বর ও কন্যার পরস্পর মিলন হইলে তাহাকে গান্ধর্ব্ব বিবাহ বলে, ইহা পরস্পর অনুরাগজনিত মৈথুন দ্বারা ঘটিয়া থাকে। এই বিবাহ ক্ষত্রিয়ের পক্ষে ধর্ম্মানুগত। এই বিবাহে মিলনের পর অগ্নিসাক্ষিক মন্ত্রপাঠ কর্ত্তব্য।

"গান্ধর্ব্বো রাক্ষসশ্চৈব ধর্ম্ম্যৌ ক্ষত্রস্য দৌ স্মৃতৌ।" মনু ৩।২৬।

গন্ধর্ব্ব স্বার্থে অণ্। ৬ অশ্ব। (অমর)। ৭ সামবেদের উপবেদবিশেষ। "গান্ধর্ব্ব ভূমিষ্ঠতয়া সমানতাং।" (মাঘ)

(ত্রি) তস্যেদং অণ্। ৮ গন্ধর্ব্বসম্বন্ধীয়। ৯ গন্ধর্ব্বদেশোৎপন্ন। (ভারত ১।২২৬।১০) (স্ত্রী) স্ত্রিয়াং ঙীপ্। ১০ দুর্গা।

"হ্রীং শ্রীং গার্গীঞ্চ গান্ধর্ব্বীং।" (হরিবংশ ১৭৮ অঃ)

১১ বাক্। (নিঘণ্টু)

"অগ্নিং গান্ধর্ব্বীং পথ্যামৃতস্য।" (ঋগ্বেদ ১০।৮০।৬)

'অগ্নিং গান্ধর্ব্বীং বাঙ্নামৈতৎ।' (সায়ণ)

গান্ধর্ব্ববেদ (পুং) সঙ্গীতসম্বন্ধীয় বেদ।

গান্ধর্ব্বশাস্ত্র (ক্লী) সঙ্গীতশাস্ত্র।

গান্ধর্ব্বিক (ত্রি) গান্ধর্ব্বে কুশলঃ ঠক্। সঙ্গীতশাস্ত্রকুশল।

"গান্ধর্ব্বিকৈর্যোগঃ।" (বৃহৎসংহিতা ৯৯ অঃ)

গান্ধার (পুং) গন্ধ এব স্বার্থে অণ্। গান্ধং তং ঋচ্ছতি ঋ-অণ্। ১ সিন্দূর। ২ দেশভেদ।

গন্ধার একটী অতি প্রাচীন জনপদ, ঋগ্বেদ (১।১২।৬৭), অথর্ব্ববেদ (৫।২২।১৪) ও ছান্দোগ্য উপনিষদে (৬।১৪।১) এই জনপদের উল্লেখ আছে। অতি প্রাচীনকাল হইতে এখানে হিন্দুরাজগণের বাস ছিল, তাহার বিস্তর প্রমাণ পাওয়া যায়। সিন্ধুনদের পশ্চিমতীর হইতে বর্ত্তমান আফগানস্থানের অধিকাংশ পূর্ব্বকালে গান্ধার বলিয়া প্রসিদ্ধ ছিল, এখন কান্দাহার নাম সেই প্রাচীন গান্ধার নামের পরিচয় দিতেছে।

বৈদিক কালে এই স্থান লোমপূর্ণা ও পূর্ণাবয়বা মেষীর জন্য প্রসিদ্ধ ছিল। (ঋক্ ২। ১২৬। ৭)

ব্রহ্মাণ্ডপুরাণের মতে গান্ধারদেশে উৎকৃষ্ট ঘোটক উৎপন্ন হয়। (৪৮। ৪৫)

মহাভারতে লিখিত আছে, মহারাজ ধৃতরাষ্ট্র গান্ধারপতি সুবলের কন্যা গান্ধারীর পাণিগ্রহণ করেন। ভারতযুদ্ধ কালে সুবলনন্দন শকুনি গান্ধারের রাজা ছিলেন।

কর্ণপর্ব্বে লিখিত আছে, আরট্টদেশের ন্যায় গান্ধার, খস, বসাতি প্রভৃতি দেশে নিতান্ত কুৎসিত ব্যবহার প্রচলিত আছে। (বনপ° ৪৫ অঃ) [আরট্ট শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

স্কন্দপুরাণের প্রভাসখণ্ডের মতে গান্ধারে ক্ষোভনাদিত্য নামে দেবতা বিদ্যমান আছেন।

বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্রে ও জৈনদিগের অরিষ্টনেমিপুরাণান্তর্গত হরিবংশ মতে গান্ধার একটী পুণ্যস্থান।

পাশ্চাত্য প্রাচীন পুরাবিদ্ ষ্ট্রাবো এইস্থান গান্দারিটীস্ (Gandarites) নামে এবং হেরোদোতস্, হেকতৈয়স্ ও টলেমি এখানকার অধিবাসীদিগকে "গান্দরী" (Gandarii or Gandarai) নামে উল্লেখ করিয়াছেন, ঋগ্বেদেও এখানকার অধিবাসীগণ "গন্ধারি" নামে বর্ণিত। চীনপরিব্রাজক ফা-হিয়ান্ "কিএন্-তো-বেই" ও হিউএন্ সিয়ং "কিএন্-তো লো" নামে গান্ধাররাজ্যের বর্ণনা করিয়া গিয়াছেন।

চীনপরিব্রাজক সুঙ্গযুন্ লিখিয়াছেন, "ইহার অপর প্রাচীন নাম "যে-পো-লো" (অপলাল) *।

চীনপরিব্রাজক হিউএন্ সিয়ংএর বর্ণনায় জানা যায়, গান্ধাররাজ্য পূর্ব্বপশ্চিমে ১০০০ লি, এবং উত্তরদক্ষিণে ৮০০ লি বিস্তৃত ছিল। তাঁহার বর্ণনানুসারে গান্ধার রাজ্যের পশ্চিম সীমা লম্‌ঘন্ ও জলালাবাদ, পূর্ব্বে সিন্ধুনদ, উত্তরে স্বাত ও বুনির পাহাড় এবং দক্ষিণে কালবাঘ।

গান্ধাররাজ্য বরাবর হিন্দু-রাজগণের অধিকারে ছিল। রাজা অশোকের সময় এখানে বৌদ্ধধর্ম্ম প্রচারিত হয়। চীনপরিব্রাজকদিগের ভ্রমণবৃত্তান্তপাঠে জানা যায় যে, এখানে বুদ্ধদেব বোধিসত্ত্বরূপে এক ব্যক্তিকে দয়া করিয়া আপনার চক্ষু প্রদান করিয়াছিলেন। অশোকরাজ তাঁহার স্মরণার্থ গান্ধারের নানাস্থানে বৌদ্ধস্তূপ নির্ম্মাণ করাইয়াছিলেন। সুঙ্গযুন্ আপন ভ্রমণবৃত্তান্তে লিখিয়াছেন যে

* See Beal's Records of Western Countries, Vol. I. p. XCIX.

অশোকের পুত্র ধর্ম্মবর্দ্ধন এখানে রাজত্ব করিতেন। এখানকার লোকেরা হীনযান-বৌদ্ধমতাবলম্বী ছিল।

খৃষ্টীয় প্রথম শতাব্দে প্রবল পরাক্রান্ত মহারাজ কনিষ্ক গান্ধারে রাজত্ব করিতেন, তিনি এখানকার নানাস্থানে বৌদ্ধকীর্ত্তি স্থাপন করেন।

সুঙ্গ্‌যুন্ ৫২০ খৃষ্টাব্দে গান্ধাররাজ্যে উপস্থিত হন। তিনি লিখিয়াছেন, ইঁহার অনেক স্থান 'যেথা' (হূণ) জাতি কর্ত্তৃক বিধ্বস্ত, তাহারা এই রাজ্য অধিকার করিয়া লএলিকে (মালবরাজকে) প্রদান করেন। সুঙ্গ্‌যুনের সময়ে মালবরাজ এখানে রাজত্ব করিতেছিলেন, পেশাবরে তাঁহার রাজধানী ছিল। তিনি বৌদ্ধধর্ম্ম মানিতেন না। তখনও অধিবাসীদিগের মধ্যে অধিকাংশ ব্রাহ্মণজাতির বাস ছিল।

হিউএন্-সিয়ং লিখিয়াছেন, যে পুষ্কলাবতী নামক স্থানেই গান্ধাররাজ্যের প্রাচীন রাজধানী ছিল। রামায়ণের মতে ভরতের পুত্র পুষ্কল স্বনামে এই নগর স্থাপন করেন। হিউএন্-সিয়ঙ্গের সময়ে কপিশ রাজের অধীনে একজন শাসনকর্ত্তা আসিয়া গান্ধার শাসন করিতেন। চীনপরিব্রাজকের বর্ণনায় জানা যায়—এই রাজ্যে নারায়ণদেব, অসঙ্গ বোধিসত্ত্ব, বসুবন্ধু বোধিসত্ত্ব, ধর্ম্মত্রাত, মনোর্হিত ও পার্শ্ব প্রভৃতি বৌদ্ধশাস্ত্রকারগণ জন্মগ্রহণ করেন *।

মুসলমান জাতির অভ্যুদয়ে এখানকার হিন্দুগণ কেহ ইস্‌লাম ধর্ম্ম গ্রহণ করেন, কেহ বা ভারতের মধ্যে পলাইয়া আসিয়া স্বধর্ম্ম রক্ষা করেন। [কান্দাহার, কাবুল, পেশাবর, পুষ্কলাবতী প্রভৃতি শব্দ বিশেষ দ্রষ্টব্য।]

গান্ধারোঽভিজনোঽস্য। ৩ পিত্রাদিক্রমে গান্ধারদেশবাসী ব্যক্তি মাত্র। গন্ধার অণ্ তস্য লুক্। ৪ গান্ধারদেশের রাজা। গান্ধং ঋচ্ছতি অণ্। ৫ সপ্তস্বরান্তর্গত তৃতীয় স্বর। এই স্বর ছাগস্বরতুল্য। সঙ্গীতশাস্ত্র মতে ময়ূরের রব ষড়্‌জ, গোরুর রব ঋষভ, ছাগের রব গান্ধার, ক্রৌঞ্চের রব মধ্যম। ভরতের মতে নাভি হইতে বায়ু উঠিয়া কণ্ঠ ও মস্তকে আহত হয়, ঐ সকল স্থান হইতে নানাবিধ পবিত্রগন্ধ বহন করে বলিয়া ইহার নাম গান্ধার। সঙ্গীতদর্পণের মতে এই স্বর দেবকুল হইতে উৎপন্ন, বৈশ্যজাতি, ইহার বর্ণ স্বর্ণের ন্যায় পীত ও উজ্জ্বল। কুশদ্বীপে ইহার জন্ম, শশাঙ্ক ঋষি, সরস্বতী দেবতা, ত্রিষ্টুপ্ ছন্দঃ। করুণরসেই ইহার প্রয়োগ উত্তম।

৬ স্বর গ্রামবিশেষ। লক্ষণ যথা,—যদি গান্ধার স্বর, রি ও ম এর এক এক শ্রুতি, ধ, প এর শ্রুতি, নিষাদ ধ ও স এর শ্রুতি আশ্রয় করে তাহাকে গান্ধার গ্রাম বলে। এই গ্রাম স্বর্গলোকে প্রযুক্ত হয়, পৃথিবীতে ইহার প্রয়োগ হয় না। ৭ রাগবিশেষ। সঙ্গীতদামোদরের মতে ইহার মস্তকে জটা, অঙ্গে ভস্মভূষণ, পরণে কষায়বস্ত্র; দেহ ক্ষীণ, নয়ন মুদ্রিত। যোগপট্টধারী ও তপস্বী, ভৈরবরাগের পুত্র। ইহার গানের সময় প্রাতঃকাল।

(ক্লী) ৮ গন্ধরস, গন্ধবোল। (ত্রিকাণ্ড) (পুং স্ত্রী) গান্ধারেরপত্যং অঞ্। (সাল্বেয়গান্ধারিভ্যাঞ্চ। পা ৪।১।১৬৯) ৯ গান্ধারির অপত্য। (ত্রি) গান্ধারে ভবঃ, তস্য রাজা বা কচ্ছাদিভ্যোঽণ্। গন্ধারদেশজাত। (ভারত ১৩।৮৪ অঃ।)

গান্ধারক (ত্রি) গন্ধার-বুঞ্। (মনুষ্যতৎস্থয়োর্বুঞ্। পা ৪।২।১৩৪) ১ গন্ধারদেশের মনুষ্য। ২ গন্ধারদেশস্থিত।

"গান্ধারকৈঃ সপ্তশতৈঃ" (ভারত। ৭। ৯৬ অঃ)

গান্ধাররাজ (পুং) গন্ধারস্য রাজা সমাসান্ত-টচ্। ১ শকুনির পিতা প্রভৃতি। (ভারত ৩। ১১০। ১৪)

গান্ধারি (পুং) গন্ধমেব অণ্ গান্ধং ঋচ্ছতি ঋ-ইন্। ১ গান্ধারদেশ। গান্ধারস্য তদ্দেশবাসি নৃপস্যাপত্যং ইঞ্। ২ গান্ধারদেশীয় নৃপতির অপত্য। "গান্ধারিভিরসম্ভ্রান্তৈঃ পার্ব্বতীয়ৈশ্চ দুর্জ্জয়ৈঃ।" (ভারত ৮। ৪৬ অঃ)

গান্ধারিকা (স্ত্রী) গান্ধার কন্ টাপ্ অত ইত্বম্। মাদকদ্রব্যবিশেষ, গাঁজা। [গান্ধারী দেখ।]

গান্ধারী (স্ত্রী) গান্ধারস্য অপত্যং স্ত্রী-ইঞ্ ঙীপ্। ১ ধৃতরাষ্ট্ররাজপত্নী। ইনি সুবলরাজের কন্যা ও দুর্য্যোধনাদির মাতা। গান্ধারী মহাদেবের আরাধনা করিয়া শত পুত্র প্রাপ্ত হন। মহাভারতে লিখিত আছে—ভীষ্ম শুনিলেন যে গান্ধারী শত পুত্র লাভের বর পাইয়াছেন। তিনি তৎক্ষণাৎ সুবলের নিকট দূত প্রেরণ করিলেন। সুবল বিচার করিয়া দেখিলেন যে বর অন্ধ, কিন্তু তাঁহার কুলখ্যাতি প্রভৃতি বিবেচনা করিয়া কন্যা দিতে সম্মত হইলেন। গান্ধারী শুনিলেন যে ধৃতরাষ্ট্র অন্ধ এবং পিতা মাতা তাঁহাকেই সম্প্রদান করিতে ইচ্ছা করিয়াছেন। তৎপরে তিনি বস্ত্র লইয়া তাহা বহুগুণ করিয়া চক্ষুর উপর বন্ধন করিলেন। ইহাতে তিনি পতিব্রতাধর্ম্মের পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছিলেন। ২ অজমীঢ়ের কন্যা। ৩ নাড়ীবিশেষ। "ইড়া-পৃষ্ঠে তু গান্ধারী" (তন্ত্র) ৪ জিনদিগের শাসনদেবতাবিশেষ। (হেম) ৫ যবাস। (রাজনি°) ৬ দুরালভা। (ভাবপ্র°)

৭ পার্ব্বতীর সহচরীবিশেষ। (ভারত ৩।২৩ অঃ)

৮ গায়ত্রী। (দেবীভাগবত ১২।৬।৪০।)

* Si-yu-ki, BK. II.

গান্ধারীতনয় (পুং) গান্ধার্য্যাস্তনয়ঃ, ৬তৎ। ১ দুর্য্যোধনাদি। স্ত্রিয়াং টাপ্। ২ দুর্য্যোধনাদির ভগিনী, দুঃশলা।

মহাভারতে গান্ধারীতে দুর্য্যোধনাদির উৎপত্তি-বিবরণ এইরূপ লিখিত আছে—"ব্যাস ক্ষুধা ও শ্রমাতুর হইয়া উপস্থিত হইলে গান্ধারী তাঁহাকে পরিতুষ্ট করিলেন। ব্যাস বলিলেন, বর প্রার্থনা কর। তিনি স্বামীর অনুরূপ শত পুত্র প্রার্থনা করিলে ব্যাসদেব তাঁহাকে সেই বরই দিলেন। পরে গান্ধারী ধৃতরাষ্ট্র হইতে গর্ভধারণ করিলে দুই বৎসরের পরেও সন্তান ভূমিষ্ঠ হইল না। এদিকে কুন্তীর সূর্য্যতুল্য সন্তান জন্মিল শুনিয়া দুঃখভরে আপন গর্ভ যত্নপূর্ব্বক নিপাতিত করিলেন, তাহাতে লোহার ন্যায় কঠিন মাংসপিণ্ড জন্মিল। তাহা ফেলিয়া দিতে ইচ্ছা করিলে ব্যাস আসিয়া জিজ্ঞাসা করিলেন, কি করিয়াছ? গান্ধারী সমস্ত সত্য বলিলেন। ব্যাস বলিলেন, ঐ মাংসপেশী একশত ঘৃতপূর্ণকুম্ভ মধ্যে রাখিয়া দাও। ঐরূপে রাখিয়া দিলে পর ক্রমে বৃদ্ধাঙ্গুলির পর্ব্বের ন্যায় পৃথক্ পৃথক্ একশত ভাগ প্রকাশ পাইয়া যথাকালে একশত পুত্র জন্মিল। জ্যেষ্ঠানুক্রমে তাহাদের নাম—দুর্য্যোধন, দুঃশাসন, দুঃসহ, দুঃশল, জলসন্ধ, সম, সহ, বিন্দ, অনুবিন্দ, দুর্দ্ধর্ষ, সুবাহু, দুষ্প্রধর্ষণ, দুর্মর্ষণ, দুর্ম্মুখ, দুষ্কর্ণ, কর্ণ, বিবিংশতি, বিকর্ণ, সল, সত্ত্ব, সুলোচন, চিত্র, উপচিত্র, চিত্রাক্ষ, চারুচিত্র, শরাসন, দুর্মদ, দুর্বিগাহ, বিবৎসু, বিকটানন, ঊর্ণনাভ, সুনাভ, নন্দ, উপনন্দক, চিত্রবাণ, চিত্রকর্ম্মা, সুবর্ম্মা, দুর্বিমোচন, অয়োবাহু, মহাবাহু, চিত্রাঙ্গ, চিত্রকুণ্ডল, ভীমবেগ, ভীমবল, বলাকী, বলবর্দ্ধন, উগ্রায়ুধ, ভীমকর্ম্মা, কনকায়ুঃ, দৃঢ়ায়ুধ, দৃঢ়বর্ম্মা, দৃঢ়ক্ষত্র, সোমকীর্ত্তি, অনূদর, দৃঢ়সন্ধ, জরাসন্ধ, সত্যবন্ধ, সদঃসুবাক্, উগ্রশ্রবাঃ, উগ্রসেন, সেনানী, দুষ্পরাজয়, অপরাজিত, কুণ্ডশায়ী, বিশালাক্ষ, দুরাধর, দৃঢ়হস্ত, সুহস্ত, বাতবেগ, সুবর্চ্চাঃ, আদিত্যকেতু, বহ্বাশী, নাগদত্ত, অগ্রযায়ী, কবচী, নিষঙ্গী, কুণ্ডী, কুণ্ডধার, ধনুর্দ্ধর, উগ্র, ভীমরথ, বীরবাহু, অলোলুপ, অভয়, রৌদ্রকর্ম্মা, দৃঢ়রথ, অনাধৃষ্য, কুণ্ডভেদী, বিরাবী, দীর্ঘলোচন, প্রমথ, প্রমাথী, দীর্ঘরোম, বীর্য্যবান্, দীর্ঘবাহু, মহাবাহু, বুঢোরু, কনকধ্বজ, কুণ্ডাশী, বিরজা। গান্ধারীর শতপুত্রের অধিক দুঃশলা নামে একটী মাত্র কন্যা জন্মে।

গান্ধারেয় (পুং) গান্ধার্য্যা অপত্যং ঢক্। দুর্য্যোধনাদি। স্ত্রিয়াং ঙীপ্। গান্ধরেয়ী। গান্ধারীর কন্যা, দুঃশলা।

গান্ধিক (পুং) গন্ধো গন্ধদ্রব্যং পণ্যমস্য ঠক্। ১ গন্ধবণিক, গন্ধরেণে। [গন্ধবণিক দেখ।] ২ লেখক। (মেদিনী)। ৩ কীটবিশেষ। (শব্দরত্নাং) (ক্লী) স্বার্থে ঠক্। ৪ গন্ধদ্রব্যমাত্র।

"পণ্যানাং গান্ধিকং পণ্যং।" (পঞ্চতন্ত্র)

গান্ধিনী (স্ত্রী) [গান্দিনী দেখ।]

গান্ধী (স্ত্রী) গন্ধ এব স্বার্থে প্রজ্ঞাদিত্বাৎ অণ্। গান্ধোঽস্যা অস্তীতি অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ কীটবিশেষ, গাঁধিপোকা।

গাপ (দেশজ) গোপন, ছাপা।

গাফ (হিউ), ভারতবর্ষের একজন প্রধান ইংরাজসেনাপতি। আয়র্লণ্ডবাসী জর্জ গাফের পুত্র। ১৭৭৯ খৃষ্টাব্দে ইঁহার জন্ম হয়। ১৭৯১ খৃষ্টাব্দে হিউ গাফ ইংরাজসৈনিক বিভাগে প্রবেশ করেন। তাঁহার পর ইংরাজসেনার সহিত আফ্রিকা ও আমেরিকার নানাস্থানে যুদ্ধ করেন। ১৮০৯ খৃষ্টাব্দে য়ুরোপের পেনিন্‌সুলার যুদ্ধে ভয়ানকরূপে আহত হন। ১৮৩৭ খৃষ্টাব্দে তিনি ভারতের ইংরাজ সৈনিক বিভাগে নিযুক্ত হইয়া মান্দ্রাজে আগমন করেন। তথায় তাঁহাকে মহিসুরের সৈনিক বিভাগে নিযুক্ত করা হয়। ১৮৪০-৪১ খৃষ্টাব্দে চীনদেশে ইংরাজসেনা প্রেরিত হয়। গাফ সাহেব সেই দলের সেনাপতি হইয়া যান। সেই যুদ্ধে দক্ষতা দেখাইয়া তিনি জি, সি, বি ও বেরনেট উপাধি লাভ করেন। ১৮৪৩ খৃষ্টাব্দে ১১ই আগষ্ট তিনি ভারতবর্ষের প্রধান সেনাপতিপদে নিযুক্ত হন। ১৮৪৩ খৃষ্টাব্দে ২৯এ ডিসেম্বর মহারাজপুরে মহারাষ্ট্রদিগকে ও ১৮৪৫ ও ১৮৪৬ খৃষ্টাব্দে শিখযুদ্ধে মুদকি, ফেরোজসা ও সোব্রাওন নামক স্থানে শিখদিগকে পরাজিত করেন। বিলাতের পার্লেমেণ্ট মহাসভা তাঁহার বীরত্বে তুষ্ট হইয়া তাঁহাকে লর্ড উপাধি দেন। ১৮৪৮-৪৯ খৃষ্টাব্দে তিনি শিখজাতিকে সম্পূর্ণরূপে পরাজয় করিয়াছিলেন। ইহাতে আরও পদ বৃদ্ধি হয়। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ও পার্লেমেণ্ট প্রত্যেক দুইহাজার পাউণ্ড পেন্সন দিবার বন্দোবস্ত করিয়া দেন। কথিত আছে, ফেরোজসার যুদ্ধে ভারতের গবর্ণর জেনারল হার্ডিঞ্জ সাহেব সখ করিয়া তাঁহার অধীনে সেনানায়ক হইয়া সৈন্যচালনা করেন। ১৮৪৯ খৃষ্টাব্দে চিলানবালার যুদ্ধে গাফ সাহেবের অধীনে অনেক সেনা নষ্ট হয়। ইংলণ্ডে এই সংবাদ পৌঁছিলে কর্ত্তৃপক্ষ তথা হইতে সার চার্লস্ নেপিয়ারকে পাঠাইয়া দেন, কিন্তু তাঁহার আসিবার পূর্ব্বেই গাফসাহেব ১৮৪৯ খৃষ্টাব্দে ২২এ ফেব্রুয়ারী পঞ্জাবের অন্তর্গত গুজরাট নামক নগরে শিখদিগকে সম্পূর্ণরূপে পরাস্ত করেন। সুতরাং নেপিয়ার সাহেবকে আর কিছু করিতে হয় নাই। তৎপরে গাফসাহেব দেশে ফিরিয়া গেলেন।

গাফসাহেব বিষম সাহসী পুরুষ ছিলেন। জেনারল হাবলক বলেন যে, বিপদ্ দেখিলে তাঁহার যেন আনন্দ হইত। সৈন্যদিগকে উত্তেজনা করিতে তিনি বেশ জানি-

তেন। চিলানবালা ব্যতীত আর কোন যুদ্ধে তিনি পরাস্ত হন নাই।

গাব, স্বনামখ্যাত বৃক্ষের ফল। (Diospyros embryopteris.) দেখিতে ঠিক ছোট কমলানেবুর মত, গায়ে কাল কাল দাগ ও পুষ্পরেণুর মত গুঁড়া আছে। ভিতরে আটটী আঁটী। ইহার সাঁশ আটাযুক্ত ও আস্বাদ কষায়। ইহা ধারকতা গুণবিশিষ্ট। এই ফল হইতে যে নির্য্যাস বাহির হয়, তাহা উদরাময় ও অজীর্ণরোগে বিশেষ উপকারী। এক পাঁইট জলে ২ ড্রাম পরিমাণ নির্য্যাস মিশাইয়া পিচকারি দ্বারা ঐ জল প্রক্ষেপ করিলে শ্বেত প্রদররোগ আরোগ্য হয়। এক হইতে পাঁচ গ্রেণ মাত্রায় নির্য্যাস দিনে তিনবার করিয়া খাইতে দেওয়া যাইতে পারে। ইহার ছালের ক্বাথ বহুদিনের অজীর্ণ, উদরাময় ও স্বাভাবিক দুর্ব্বলতার জন্য উৎপন্ন রোগ মাত্রেই প্রযোজ্য।

গাবান (দেশজ) ১ জলাদি ঘোলাকরা। ২ গুপ্তবিষয় প্রকাশ করা।

গাবীন (দেশজ) গর্ভধারণ।

গাভা (দেশজ) পুষ্করিণী প্রভৃতির গর্ভস্থান, গাবা।

গাভী (দেশজ) স্ত্রী গো, ধেনু, গবী।

গামছা (দেশজ) গা মুছিবার নিমিত্ত বস্ত্রখণ্ড, গাত্রমার্জ্জনী।

গামার (দেশজ) বৃক্ষবিশেষ, গাম্ভারী।

গামিক (ত্রি) গামিন্ স্বার্থে-কন্। গমনকারী।

"অযোধ্যাগামিকো হেষঃ পন্থাঃ।" (রামায়ণ ৬।১০৬।৭)

গামিন্ (ত্রি) গম্-ভবিষ্যতি-ণিনি। ১ ভাবি-গমনকারক, যে গমন করিবে।

ইহার যোগে কর্ম্মকারকে ষষ্ঠী হয় না।

"দ্বিতীয়গামী নহি শব্দ এষঃ।" (রঘু ৩।৪৯।)

কর্ত্তব্যুপমানে উপপদে গম-ণিনি। ২ তত্তুল্য গমনকর্ত্তা।

"দ্বয়ং দ্বিরদগামিনা।" (রঘু ২।৩০)

গামুক (ত্রি) গচ্ছতি গম-উকঞ্। (লষপতপদস্থাভূবৃষহনকমগমশৃভ্য উকঞ্। পা ৩।২।১৫৪।) গমনশীল, গমনকারী।

গাম্ভারী (স্ত্রী) গামার।

গাম্ভীর (ত্রি) গম্ভীর-অঞ্। (সংকলাদিভ্যশ্চ। পা ৪।২।৭৫) গম্ভীরদ্বারা নির্ব্বৃত্ত।

গাম্ভীর্য্য (ক্লী) গম্ভীরস্য ভাবঃ, গম্ভীর ষ্ণ্য। (গম্ভীরাঞ্ঞ্যঃ। পা ৪।৩।৫৮।) ১ গম্ভীরের ভাব, অগাধত্ব, তলস্পর্শে অযোগ্যতা। "সমুদ্রইব গাম্ভীর্য্যে।" (রামায়ণ ১।১।১৮।) ২ অবিকারিত্ব। "নিরস্তগাম্ভীর্য্যমপাস্তপুষ্পকম্।" (মাঘ) 'গাম্ভীর্য্যমবিকারিত্বং অগাধত্বঞ্চ।' (মল্লিনাথ)।

৩ সাত্ত্বিকগুণবিশেষ। ভয়, শোক, ক্রোধ ও হর্ষাদি দ্বারা বিকার না হইলে সেই নির্ব্বিকারতার নাম গাম্ভীর্য্য। (সাহিত্যদর্পণ)

"বিকারা সহজা যস্য হর্ষক্রোধভয়াদিষু।
ভাবেষু নোপলভ্যন্তে তদ্গাম্ভীর্য্যমিতি স্মৃতম্॥"

৪ অচাপল্য। "গাম্ভীর্য্যমনোহরং বপুঃ।" (রঘু ৩। ৩২)

গাম্মন্য (ত্রি) গামিব মন্যতে খশ্। ততঃঅম্। (ইচ একাচোঽম্ প্রত্যয়বৎ। পা ৬। ৭। ৬৮।) যে আপনাকে গোতুল্য মনে করে।

গাম্লা (দেশজ) মৃত্তিকাদিনির্ম্মিত পাত্রবিশেষ।

গায় (পুং) গৈ ভাবে ঘঞ্। ১ গান।

"যথাবিধানেন পঠন্ মামগায়মবিচ্যুতম্।" (যাজ্ঞবল্ক্য।)

গায়ক (ত্রি) গৈ-ণ্বুল্। গানকর্ত্তা, গানোপজীবী।

"তথা গায়ন্তি গায়কাঃ।" (ভারত ১৩। ৫৩ অঃ।)

গায়ত্র (ত্রি) গায়ত্র্যাঃ গায়ত্রীচ্ছন্দসঃ ইদম্ অণ্। গায়ত্রীচ্ছন্দঃসম্বন্ধীয়। "তা গায়ত্রেষু গায়ত।" (ঋগ্বেদ ১। ২১। ২)

'গায়ত্রেষু গায়ত্রীচ্ছন্দস্কেষু মন্ত্রেষু।' (সায়ণ)

গায়ত্রিন্ (পুং) গায়ন্তং ত্রায়তে শতৃ, গায়ৎ ত্রৈ-ণিনি আলোপাৎ সাধুঃ। ১ খদিরবৃক্ষ। গায়ত্রং স্তোত্রং অস্ত্যস্য ইনি। ২ উদ্গাতা, সামগায়ক।

"গায়ন্তি ত্বা গায়ত্রিণোঽর্চ্চন্তি।" (ঋক্ ১। ১০। ১)

গায়ত্রী (স্ত্রী) গায়ন্তং ত্রায়তে গায়ৎ ত্রা-ক। (আতোঽনুপসর্গে কঃ। পা ৩।২।৩) ততো গৌরাদিত্বাৎ ঙীষ্। যদ্বা গয়া এব গায়াঃ গয় স্বার্থে অণ্ গায়ান্ প্রাণান্ ত্রায়তে। গায়-ত্রা, ক-ঙীষ্। ১ বেদমাতা, দ্বিজগণের উপাস্য বৈদিক মন্ত্রবিশেষ।

লৌকিক ছন্দঃশাস্ত্রে যে সমবৃত্তের প্রত্যেক চরণ ৬টী অক্ষর বা স্বরবর্ণযুক্ত, তাহাকে গায়ত্রী বলে। বেদে সমবৃত্ত বা চারিটী চরণ বলিয়া কোন নিয়ম নাই, যাহাতে সর্ব্বসমেত চব্বিশটী অক্ষর থাকিবে তাহাকে গায়ত্রী বলা যাইতে পারে। কাত্যায়ণ কৃত অনুক্রমণিকা ও তাণ্ড্যব্রাহ্মণের মতে বৈদিক গায়ত্রীছন্দে অষ্টাক্ষরযুক্ত তিনটী চরণ থাকে। এই নিয়মানুসারে বলিতে হইলে বৈদিক অনেক মন্ত্রকেই গায়ত্রী বলা যাইতে পারে। কিন্তু এই গায়ত্রী শব্দটী যোগরূঢ়, কেবল বৈদিক "তৎ সবিতুর্বরেণ্যং" ইত্যাদি মন্ত্রটীই বুঝায়, অপর কোনটীকে বুঝায় না। বাস্তবিক পক্ষে গায়ত্রী ছন্দের লক্ষণাক্রান্ত বলিয়াই যে ইহাকে গায়ত্রী বলা হয়, তাহা নহে, যাহারা এই মন্ত্রটী গান বা পাঠ করেন, তাঁহাদিগকে ত্রাণ করে বলিয়া এই মন্ত্রটীর নাম গায়ত্রী হইয়াছে। (১) বৃহদারণ্যক উপনিষদে

(১) "গায়ন্তং ত্রায়সে যস্মাৎ গায়ত্রীত্বং ততঃ স্মৃতা।" (ব্যাস°)

গায়ত্রী শব্দের অন্যপ্রকার ব্যুৎপত্তি প্রদর্শিত হইয়াছে। তাহার মতে গয় শব্দের অর্থ প্রাণ, যিনি প্রাণরক্ষা করেন, তাহাকে গায়ত্রী বলে। (২) গায়ত্রী ঋক্, সাম ও যজুঃ এই তিন বেদেই দেখিতে পাওয়া যায়। কিন্তু মুদ্রিত অথর্ব্বসংহিতায় গায়ত্রী নাই। তিনবেদেই গায়ত্রী এইরূপ লিখিত আছে—

"তৎসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি।
ধিয়ো যোনঃ প্রচোদয়াৎ॥"

(ঋক্ ৩।৬২।১০, সাম ২।৬।৩।১০।১ ও বাজসনেয়° ৩,৩৫।২২,৯)

গায়ত্রীছন্দের সমুদায়ের অক্ষর গণনা করিলে সর্ব্বসমেত চব্বিশটী অক্ষর হয়। কিন্তু দর্শিত "তৎসবিতুর্বরেণ্যং" ইত্যাদি মন্ত্রটী গণনা করিলে ২৩টী মাত্র অক্ষর বা স্বরবর্ণ হইবে, একটী অক্ষর কম হয় বলিয়া ইহা গায়ত্রীছন্দের লক্ষণাক্রান্ত হয় না। এই কারণে উপনিষদে 'বরেণ্যং' এই পদটী বিশ্লেষ করিয়া "বরেণীয়ং' এইরূপ কল্পিত এবং ইহাতেই চতুর্বিংশতি সংখ্যা পূরণ হইয়াছে। বৃহদারণ্যকের মতেও গায়ত্রী ত্রিপাদ্, লৌকিক ছন্দের ন্যায় ইহাতে চারিটী চরণ না থাকিলেও চতুর্ব্বিংশতি অক্ষর আছে বলিয়াই ইহাকে গায়ত্রীছন্দ বলা হইয়াছে।

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণ যথাকালে যথানিয়মে বেদপারদর্শী আচার্য্যের নিকট হইতে গায়ত্রী মন্ত্রে দীক্ষিত হন, তখন তাহাদের পুনর্জন্ম হয় এবং তখন হইতে দ্বিজ বলিয়া অভিহিত হইয়া থাকেন। তাহাদিগকে ত্রিসন্ধ্যায় পবিত্রভাবে গায়ত্রীজপরূপ উপাসনা করিতে হয়। এই নিয়মটী বর্ণত্রয়ের মধ্যে চিরদিন প্রচলিত, কোন্ সময়ে কোন্ মহাত্মা এই নিয়ম প্রথমে প্রচলন করিয়াছেন তাহার নির্ণয় নাই। প্রত্যেক বৈদিক মন্ত্রেরই একটী ঋষি আছে, কোন কোন পদ্ধতিকারের মতে বেদমন্ত্র অনাদি হইলেও যে ঋষি সর্ব্বপ্রথমে যে মন্ত্রটী দ্বারা কোন কার্য্য করিয়া চরিতার্থ হইয়াছেন, তাঁহাকেই সেই মন্ত্রের ঋষি বলা হইয়া থাকে। গায়ত্রীমন্ত্রের ঋষি বিশ্বামিত্র। এরূপ স্থলে তাঁহাদের মতে বিশ্বামিত্র ঋষিই সর্ব্বপ্রথমে গায়ত্রী জপ করিয়া সিদ্ধি লাভ করিয়াছিলেন এইরূপ বলিতে হইবে। বেদের টীকাকার সায়ণাচার্য্য ঋগ্বেদভাষ্যের ভূমিকায় লিখিয়াছেন যে, "যুগান্তে ইতিহাসাদির সহিত সমস্ত বেদ অন্তর্হিত হইয়া যায়, ঋষিগণ বেদপ্রাপ্তির জন্য তপস্যা করিলে ঈশ্বরের অনুগ্রহে পুনর্ব্বার বেদ প্রাপ্ত হইয়া থাকেন, এইভাবে বেদ পুনর্ব্বার প্রকাশিত হয়। যুগান্তে বেদ অন্তর্হিত হইলে তৎপরে যে ঋষি সর্ব্ব প্রথমে যাহা প্রাপ্ত হইলেন, তাঁহাকেই তাহার ঋষি বলা হইয়া থাকে।" (৩) অতএব সায়ণের মতেও সর্ব্বপ্রথমে না হউক, এই যুগের সর্ব্বপ্রথমে বিশ্বামিত্র ঋষিই গায়ত্রী মন্ত্র প্রাপ্ত হন, বা জপ করিবার প্রণালী প্রচলন করেন।

গায়ত্রী মন্ত্রের প্রতিপাদ্য অর্থাৎ গায়ত্রীমন্ত্র দ্বারা যাঁহার বর্ণনা করা হয়, তিনিই ইহার দেবতা এবং গায়ত্রী দ্বারা তাঁহারই উপাসনা করা হইয়া থাকে। উপনিষদের মতে গায়ত্রীরূপ উপাধিধারী ব্রহ্মই ইহার প্রতিপাদ্য, গায়ত্রী দ্বারা সোপাধি ব্রহ্মেরই উপাসনা হইয়া থাকে, সকল বৈদিক উপাসনা হইতে গায়ত্রীর উপাসনা শ্রেষ্ঠ (৪)।

গায়ত্রীর অর্থ—

১। যে সবিতৃদেবতা আমাদের কর্ম্ম (কর্ম্মেন্দ্রিয় অথবা ধর্ম্মাদি বিষয়ক বুদ্ধি) প্রেরণ করেন। আমরা সেই সর্ব্বান্তর্যামী জগৎস্রষ্টা, পরমেশ্বর, সবিতৃদেবতার সকলের সেবনীয়, অবিদ্যা এবং তৎকার্য্যের নাশক, পরব্রহ্মস্বরূপ, জ্যোতি চিন্তা করি।

২। আমরা সবিতৃদেবতার অবিদ্যা ও তৎকার্য্যনাশক সেই জ্যোতির চিন্তা করি, যে জ্যোতি আমাদের কর্ম্ম বা ধর্ম্মাদিবিষয়ক বুদ্ধি চালিত করে।

৩। যে সবিতা সূর্য্যদেবতা আমাদিগকে সমস্ত কর্ম্মে প্রেরণ করিয়া থাকেন, আমরা জগৎপ্রসবিতা, দ্যোতমান্ সেই সূর্য্যদেবের সকলের প্রত্যক্ষ, উপাস্য, পাপনাশক তেজোমণ্ডল ধ্যান করি।

(২) "সাহৈষা গয়াংস্তত্রে প্রাণা বৈ গয়াস্তৎ প্রাণাং স্তত্রে তদ্‌যদ্‌গয়াংস্তত্রে তস্মাদ্ গায়ত্রী নাম।" (বৃহদারণ্যক° ৫।১৪।৪) 'সাহৈষা গয়াংস্তত্রে ত্রাতবতী, কে পুনর্গয়াঃ? এতে প্রাণা বাগাদয়ো বৈ গয়াঃ শব্দকরণাৎ তান্ তত্রে সৈষা গায়ত্রী তদ্‌যস্মাদ্ গয়াংস্তত্রে গায়ত্রী নাম গয়ত্রাণাৎ গায়ত্রীতি প্রথিতা।' (ভাষ্য)

(৩) "বেদপ্রাপ্ত্যর্থং তপোঽনুষ্ঠিতং পুরুষান্ স্বয়ম্ভুর্বেদপুরুষঃ প্রাপ্নোৎ। তথাচ শ্রূয়তে 'অজান্ হবৈ পৃশ্নীংস্তপস্যমানান্ ব্রহ্ম স্বয়ংভূভ্যানর্ষৎ তদৃষয়োঽভবন্।' (তৈত্তিরীয় আরণ্যক ২।৯।) তথাতীন্দ্রিয়স্য বেদস্য পরমেশ্বরানুগ্রহেণ প্রথমতো দর্শনাদৃষিত্বমিত্যভিপ্রেত্য স্মৃতিঃ। 'যুগান্তেঽন্তর্হিতান্ বেদান্ সেতিহাসান্ মহর্ষয়ঃ। লেভিরে তপসা পূর্ব্বমনুজ্ঞাতাঃ স্বয়ম্ভুবেতি।" (ঋক্ ১।১।১ ভাষ্য)

(৪) "যত এবমতিশয় ফলৈষা ব্রহ্মবিদ্যা অতঃ সা প্রকারান্তরেণাপি বক্তব্যেতি গায়ত্রী বা ইত্যারভ্যতে গায়ত্রীদ্বারেণ চোচ্যতে ব্রহ্ম, সর্ব্ববিশেষরহিতস্য নেতি নেতীতি বিশেষে প্রতিষেধস্য দুর্বোধত্বাৎ সংস্বনেকেষু ছন্দঃসু গায়ত্র্যা এব ব্রহ্মজ্ঞানদ্বারতয়া উপাদানং প্রাধান্যাৎ।" (ছান্দোগ্যো° ৩।১২।১ ভাষ্য)

'ব্রহ্মণো হৃদয়াদ্যনেকোপাধিবিশিষ্টস্য উপাসনমুক্তমথেদানীং গায়ত্র্যুপাধিবিশিষ্টস্য উপাসনং বক্তব্যমিত্যারভ্যতে, সর্ব্বচ্ছন্দসাংহি গায়ত্রীছন্দঃ প্রধানভূতং।' (বৃহদারণ্যক ৫।১৪।৪ শাঙ্করভাষ্য)

৪। অথবা ভর্গশব্দের অর্থ অন্ন। যে সবিতা আমাদের ধী-শক্তি প্রেরণ করেন, আমরা সেই সবিতা দেবের প্রসাদে প্রশংসনীয় অন্নাদিরূপ ফলধারণ করি। (ঋক্ ৩।৬২।১০ ভাষ্য। সাম উত্তর ৬।১০।১। ভাষ্য)

৫। দ্যোতমান, প্রেরক, অন্তর্যামী, বিজ্ঞানানন্দ স্বভাব হিরণ্যগর্ভ বা আদিত্যরূপ উপাধিধারী ব্রহ্মের প্রার্থনীয়, পাপ এবং সংসারবন্ধননাশক তেজ আমরা চিন্তা করি। যে সবিতা আমাদের বুদ্ধি সৎকর্ম্মানুষ্ঠানে প্রেরণ করেন।

(বাজসনেয়সংহিতা ৩।৩৫ মহীধর)

ইহা ব্যতীত গায়ত্রীর আরও অনেক রকম ব্যাখ্যা দেখিতে পাওয়া যায়, কেহ বা কালীপক্ষে, কেহ বা বিষ্ণুপক্ষে এবং কেহ বা শিবপক্ষেও ইহার ব্যাখ্যা করেন।

গায়ত্রী-উপাসনাপ্রণালী—মনুর মতে গায়ত্রী মন্ত্রে দীক্ষিত হইলে উপাসকের পুনর্জন্ম হয়, এই জন্মে আচার্য্য পিতা সাবিত্রীই মাতা হইয়া থাকেন। গায়ত্রী এবং তৎ-প্রতিপাদ্য ব্রহ্মের অভেদচিন্তা করিয়া উপাসনা করিতে হয়। যাজ্ঞবল্ক্যের মতে প্রণব (ওঁ) ও ব্যাহৃতি (ভূর্ভুবঃস্বঃ) যোগ করিয়া গায়ত্রী উপাসনা করিবে। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, পঞ্চকর্ম্মেন্দ্রিয়, পঞ্চজ্ঞানেন্দ্রিয়, পঞ্চবিষয়, পঞ্চভূত, মন, বুদ্ধি আত্মা ও প্রকৃতি এই চতুর্বিংশতি পদার্থ গায়ত্রীর চতুর্বিংশতি অক্ষরে যথাক্রমে চিন্তা করিবে। অগ্নি, বায়ু, সূর্য্য, বিদ্যুৎ, যম, বরুণ, বৃহস্পতি, পর্জন্য, ইন্দ্র, গন্ধর্ব, পূষা, মৈত্রাবরুণ, ত্বষ্টা, বাসব, মারুত, সোম, অঙ্গিরা, বিশ্বদেব, অশ্বিনীকুমার, প্রজাপতি, সর্ব্বদেব, রুদ্র, ব্রহ্মা ও বিষ্ণু এই সকল দেবগণ যথাক্রমে গায়ত্রীর চতুর্বিংশতি অক্ষরের অধিপতি, জপকালে ইঁহাদিগকে চিন্তা করিতে হয়। প্রণবটীকে ঈশ্বর ভাবনা করিতে হয়।

কাশীখণ্ডে গায়ত্রীর বিষয় এইরূপ লিখিত আছে—"অষ্টা-দশ বিদ্যার মধ্যে মীমাংসা প্রধান, মীমাংসা হইতে তর্কশাস্ত্র, তর্কশাস্ত্র হইতে পুরাণ, তাহা হইতে ধর্ম্মশাস্ত্র, ধর্ম্মশাস্ত্র হইতে বেদ প্রধান। বেদের মধ্যে আবার উপনিষদ্ প্রধান, গায়ত্রী উপনিষদ্ হইতেও "শ্রেষ্ঠতমা", গায়ত্রীর অপেক্ষা অধিক আর মন্ত্র নাই, ইনি বেদমাতা ও ব্রাহ্মণপ্রসবকারিণী। যে ব্যক্তি ইঁহার গান করে, ইনি তাহাকেই ত্রাণ করেন, এই কারণেই ইঁহার নাম গায়ত্রী হইয়াছে। সবিতৃদেবতাই এই মন্ত্রের বাচ্য। এই গায়ত্রীর প্রভাবেই রাজর্ষি কৌশিক ব্রহ্মর্ষিপদ প্রাপ্ত হইয়াছিলেন এবং আর একটী জগৎসৃষ্টি করিবার শক্তি পাইয়াছিলেন। গায়ত্রীর উপাসনা করিলে সমস্তই হইতে পারে। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর প্রভৃতি সকলেই গায়ত্রীস্বরূপ। বেদপাঠ বা অনন্তশাস্ত্র পাঠ করিলে ব্রাহ্মণ হইতে পারে না, কেবল ত্রিসন্ধ্যায় গায়ত্রীর উপাসনা করিলেই ব্রাহ্মণ হইতে পারে।" (কাশীখণ্ড)

প্রায় সকল পুরাণ উপপুরাণেই অল্প বিস্তর গায়ত্রীর প্রশংসা দেখিতে পাওয়া যায়। যাজ্ঞবল্ক্যসংহিতায় লিখিত আছে যে, কোন সময়ে পরীক্ষা করিবার জন্য একদিকে সাঙ্গবেদ ও অপরদিকে গায়ত্রী উঠাইয়া দেওয়া হয়। তাহাতে সমস্তবেদ অপেক্ষা গায়ত্রীর ভারই বেশী হইয়াছিল। যিনি গায়ত্রী জানেন, তিনিই ব্রাহ্মণ, গায়ত্রী না জানিলে বেদপারগ হইলেও তাঁহাকে শূদ্র বলিয়া জানিবে। ত্রিসন্ধ্যায় সন্ধ্যা-রূপিণী গায়ত্রীর উপাসনা করিবে। ব্যাসের মতে প্রাতে ইঁহার নাম গায়ত্রী, মধ্যাহ্নে সাবিত্রী ও সায়াহ্নে ইঁহার নাম সরস্বতী।

পদ্মপুরাণে গায়ত্রী ব্রহ্মার স্ত্রী বলিয়া বর্ণিত হইয়াছে। উপাখ্যানটী এই—"একসময়ে ব্রহ্মা একটী যজ্ঞের অনুষ্ঠান করেন। তিনি সাবিত্রীকে যজ্ঞস্থানে আনিবার জন্য ইন্দ্রকে তাঁহার নিকটে পাঠাইলেন। দেবরাজ সাবিত্রীর নিকটে আসিয়া ব্রহ্মার আদেশ জানাইলে সাবিত্রী বলিলেন, 'লক্ষ্মী প্রভৃতি সখীগণ এখন উপস্থিত নাই, আমি একাকিনী যাইতে পারি না। তুমি বিরিঞ্চিকে বলিবে যে, সখীগণ আসিলেই আমি যাইব।' ইহা বলিয়া সাবিত্রী গৃহকার্য্যে ব্যাপৃতা হইলেন। দেবরাজ আসিয়া ব্রহ্মাকে জানাইলেন। বিরিঞ্চি পত্নীর ব্যবহারে নিতান্ত অসন্তুষ্ট হইয়া ইন্দ্রকে বলিলেন, 'দেবরাজ! তুমি আমার জন্য আর একটী রমণী শীঘ্র আনয়ন কর, আমি এখনই যজ্ঞের অনুষ্ঠান করিব।' ব্রহ্মার আদেশে ইন্দ্র অন্বেষণ করিতে করিতে ধরাতলে গমন করিলেন। সেই সময়ে একটী সুন্দরী গোয়ালার কন্যা দুগ্ধ ও দধি বিক্রয় করিতে যাইতেছিল, দেবরাজ তাহাকে ধরিয়া লইয়া আসিলেন। মহাবিষ্ণুর আদেশে ব্রহ্মা তাহাকে গন্ধর্ব্বমতে বিবাহ করেন। তাঁহারই নাম গায়ত্রী। তাঁহার বর্ণ শুভ্র, দুইখানি হাত, এক হাতে একটা মৃগশৃঙ্গ এবং অপর হাতে একটী পদ্ম। ইঁহার উরুদ্বয় অতিশয় বিশাল, পরিধেয় বসন রক্তবর্ণ, বক্ষস্থলে মনোহর মুক্তাহার, কর্ণে কুণ্ডল ও মস্তকে নানাবিধ রত্নখচিত একটী মুকুট আছে। ব্রাহ্মণগণ পুষ্করে স্নান করিয়া গায়ত্রী জপ করিলে অসৎপ্রতি-গ্রহজনিত পাপ হইতে বিমুক্ত হইতে পারেন। গায়ত্রী জপ করিলে দশ জন্ম, শত জন্ম বা সহস্র জন্মেও ব্রহ্মহত্যা-সদৃশ যে সকল পাপ হইয়াছে, তাহা বিনষ্ট হয়। ইনি বেদ-মাতা, স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল ত্রিলোক ব্যাপিয়া অবস্থিতি

করেন। ব্রাহ্মণগণ গায়ত্রীগ্রহণের পরে সপ্তাহ পর্য্যন্ত ত্রিকালে গায়ত্রীর উপাসনা না করিলে পতিত হন।" (পদ্মপুরাণ)

সন্ধ্যাবিধিতে লিখিত আছে যে, প্রাতে গায়ত্রীকে রক্তবর্ণা, হংসবাহিনী, দ্বিভুজা, যজ্ঞোপবীত ও কমণ্ডলুধারিণী ব্রহ্মাণীসদৃশা চিন্তা করিবে। মধ্যাহ্নে শ্বেতবর্ণা, চতুর্ভুজা, শঙ্খ, চক্র, গদা ও পদ্মধারিণী গরুড়বাহিনী বিষ্ণুশক্তির ন্যায় এবং সায়ংকালে নীলবর্ণা, বৃষভবাহিনী, ত্রিশূল ও ডমরুধারিণী, অর্দ্ধচন্দ্রবিভূষিতা চিন্তা করিবে।

গায়ত্রীতন্ত্রে লিখিত আছে যে, ন্যাস ব্যতীত গায়ত্রী জপ করিলে কোনই ফল হয় না—এই কারণে গায়ত্রীজপের পূর্ব্বে ন্যাস করিতে হয়। যতিগণ পঞ্চমুদ্রায় ও গৃহী কেবল তত্ত্বমুদ্রায় ন্যাস করিবে। পাদ হইতে মস্তক পর্য্যন্ত সাতবার "ভূর্ভুবঃস্বঃ" এই অংশ ন্যাস করিতে হয়, পরে যোগী চিত্ত স্থির করিয়া পাদাঙ্গুষ্ঠে তৎ, অঙ্গুলীর মধ্যে স, জঙ্ঘায় বি, জানুমধ্যে তু, মধ্যদেশে র্ব, গুহ্যে রে, বৃষণে ণ, কটিদেশে যং, নাভিতে ভ, উদরে র্গো, স্তনদ্বয়ের মধ্যে দে, হৃদয়ে ব, কণ্ঠে স্য, মুখে ধী, জানুতে ম (?), নাসিকাগ্রে হি, চক্ষুমধ্যে ধি, ভ্রূমধ্যে য়ো, ললাটে যো, মুখে নঃ, দক্ষিণে প্র, পশ্চিমে চো, উত্তরে দ এবং মস্তকে য়াৎ এই বর্ণদ্বয় ন্যাস করিবে। ন্যাস করা হইলে পর "তৎ" এই বর্ণদ্বয়কে চম্পককুসুমের ন্যায় পীতবর্ণ, স শ্যামবর্ণ ও বি এই বর্ণটীকে কপিলবর্ণ চিন্তা করিবে। এইরূপ তু ইন্দ্রনীলমণির ন্যায়, র্ব অগ্নি তুল্য, ণ নির্ম্মল, যং বিদ্যুতের ন্যায়, ভ কৃষ্ণবর্ণ, র্গো রক্তবর্ণ, দে শ্যামলবর্ণ, ব শুক্লবর্ণ, স্য শ্যামবর্ণ, ধী কুন্দপুষ্পসদৃশ, ম শুক্লবর্ণ, হি চন্দ্রসদৃশ, ধি পীতবর্ণ, য়ো বিদ্যুদাভ, যো ধূম্রবর্ণ, ন তপ্তকাঞ্চনের ন্যায়, নকারের নিকটবর্ত্তী বিন্দুদ্বয়ের উপরেরটী রক্তবর্ণ ও নীচেরটী কৃষ্ণবর্ণ, প্র নীলবর্ণ, চো গোরচনার ন্যায় পীতবর্ণ, দ শুক্লবর্ণ এবং য়াৎ এই বর্ণ দুইটীকে ব্রহ্মমন্দির চিন্তা করিবে। এই ভাবে গায়ত্রীর প্রত্যেক বর্ণের চিন্তা করা হইলে পর গায়ত্রীর চিন্তা করিবে। পরমদেবতা গায়ত্রী মৃণালসূত্রের ন্যায় অতিশয় সূক্ষ্মা, বিদ্যুৎপুঞ্জের ন্যায় প্রভাযুক্তা, মূলাধার পদ্মে সুপ্ত ভুজগীর ন্যায় অবস্থিতি করেন। ব্রাহ্মণেরা বৈদিক গায়ত্রীতে তিনটী প্রণব যোগ করিয়া এবং ক্ষত্রিয়বৈশ্যগণ দুইটী প্রণব যোগ করিয়া গায়ত্রী জপ করিবেন। গায়ত্রীতন্ত্রের মতে তান্ত্রিকগণের ইষ্ট মন্ত্র ও গায়ত্রী পুটিত করিয়া জপ করা উচিত, না হইলে ভাল হয় না (১)। যিনি গায়ত্রী ভিন্ন জপ বা পূজা করেন, তিনি শতকোটি জপেও ফল লাভ করিতে পারেন না। প্রাণায়াম করিয়া গায়ত্রী জপ করিতে হয়। তন্ত্রের মন্ত্রে সকল সময়ে ও সর্ব্বাবস্থায় গায়ত্রী জপ করিতে পারে, ইহাতে অশুচি বা শুচি বলিয়া বিশেষ নাই। (২) গায়ত্রী ত্রিসন্ধ্যায় জপ করিবে, জনন বা মরণাশৌচেও গায়ত্রী মনে মনে স্মরণ করিতে পারে, অন্য বৈদিক কার্য্যের ন্যায় অশৌচে ইহার নিষেধ নাই। (৩) ব্রাহ্মণ গায়ত্রী পরিত্যাগ করিলে চণ্ডাল, ব্যাঘ্র, বা শূকরযোনি প্রাপ্ত হইয়া থাকেন।

গায়ত্রীতন্ত্রের মতে কলিকালের ব্রাহ্মণ সকল শূদ্রের ন্যায় আচারব্যবহারসম্পন্ন হইয়া অশুদ্ধ হইয়া পড়িয়াছে। অতএব গায়ত্রীমন্ত্রে দীক্ষার পর গায়ত্রীর প্রত্যেক অক্ষর একশত আটবার করিয়া জপ করিবে, পরে প্রণবত্রয় যোগ করিয়া গায়ত্রী জপ করিলে ফলপ্রাপ্তি হইয়া থাকে, না হইলে অরণ্যে রোদনের ন্যায় গায়ত্রী জপে কোনই ফল হয় না। (গায়ত্রীতন্ত্র ১ম ও ২য় পটল।) তন্ত্রশাস্ত্রে গায়ত্রীর পূজা করিবার বিধান আছে। [গায়ত্রীর যন্ত্র যন্ত্র শব্দে দ্রষ্টব্য।] অপর অপর জপপ্রণালী সন্ধ্যাবিধি ও ব্রাহ্মণসর্ব্বস্ব প্রভৃতি গ্রন্থে বিস্তৃতরূপে লিখিত আছে। তন্ত্রমতে প্রায় সমস্ত দেবতার এক একটী গায়ত্রী এবং তাহার জপেও বিস্তর ফলশ্রুতি আছে।

যে দেবতার উদ্দেশে বলি দেওয়া হয়, পূজক সেই দেবতার গায়ত্রী বধ্য পশুর কর্ণে বলিয়া দেন, ইহা এক প্রকার পশুদীক্ষা।

২ যাহার প্রত্যেক চরণে ছয় অক্ষর, এরূপ ছন্দোবিশেষ। চরণে লঘু গুরুভেদে ইহা চৌষট্টি প্রকার। তন্মধ্যে তিনপ্রকার প্রধান, যথা—তনুমধ্যা, শশিবদনা ও বসুমতী, এই সকল লৌকিক। লৌকিক গায়ত্রীর চরণ চারিটী, বেদে তিনটী। বেদে তিনটী এই নিমিত্ত ইহার আর একটী নাম ত্রিপদা। লৌকিকছন্দে ষড়ক্ষর চরণের চারিটীতে চব্বিশটী অক্ষর এবং বৈদিক গায়ত্রীচ্ছন্দে আট আটটী অক্ষরবিশিষ্ট তিনচরণে চব্বিশটী অক্ষর, লৌকিক ও বৈদিকে এইরূপ প্রভেদ আছে।

(১) "সর্ব্ববেদময়ী বিদ্যা গায়ত্রী পরদেবতা।
পরস্য ব্রহ্মণো মাতা সর্ব্ববেদময়ী সদা॥
গায়ত্রীপুটিতং কৃত্বা হর্য্যমন্ত্রং জপেৎ শতম্।
এতজ্জপং মহেশানি আধারাধেয়মুত্তমম্॥
বিনাধারং মহেশানি আধেয়ঞ্চ বিনা তথা।
নাধারং সিধ্যতে ভদ্রে নাধেয়ঞ্চ সুসিদ্ধতি॥" (গায়ত্রীতন্ত্র ১ পটল)

(২) "অশুচির্বাঽশুচির্ব্বাপি গচ্ছংস্তিষ্ঠন্ যথাতথা।
গায়ত্রীং প্রজপেদ্ধীমান্ জপাৎ পাপং নিকৃন্তুতি॥" (গায়ত্রীতন্ত্র ১ পটল)

(৩) "গায়ত্রীং প্রজপেন্নিত্যং ত্রিসন্ধ্যং নাত্র সংশয়ঃ।
অশৌচেতু মহেশানি গায়ত্রীং মনসা স্মরেৎ॥" (গায়ত্রীতন্ত্র ১ পটল)

"অগ্নিমীড়ে পুরোহিতম্ যজ্ঞস্য দেব মৃত্বিজম্।
হোতারং রত্নধাতমম্।" (ঋক্ ১।১।১)

এইটী বৈদিক গায়ত্রীছন্দের উদাহরণ। [লৌকিক ছন্দের উদাহরণ সেই সেই শব্দে দ্রষ্টব্য।] তাণ্ড্যব্রাহ্মণের মতে—গায়ত্রীর চরণ অষ্টাক্ষর হইবার কারণ এই যে, সাধ্যনামক দেবগণ উপকরণসম্পন্ন যজ্ঞের সহিত স্বর্গলোকে গমন করিয়াছিলেন। বসু প্রভৃতি দেবগণ প্রথমে স্বর্গসাধন যজ্ঞের নিমিত্ত চতুরক্ষরবিশিষ্ট গায়ত্রী প্রভৃতি ছন্দ সকলকে বলিলেন, 'তোমরা স্বর্গলোক হইতে সোম আহরণ কর', তাঁহারাও অঙ্গীকার করিলেন। পরে তাঁহারা জগতীচ্ছন্দকে পাঠাইলেন, তিনি তথায় সোম-রক্ষকগণের সহিত যুদ্ধ করিয়া আপনার তিন অক্ষর ছাড়িয়া একাক্ষরা হইয়া ফিরিলেন। পরে ত্রিষ্টুভ্‌কে পাঠাইলে তিনি এক অক্ষর ত্যাগ করিয়া তিন অক্ষরবিশিষ্ট হইয়া ফিরিলেন। অনন্তর গায়ত্রীকে পাঠাইলে, তিনি যাইয়া কৃষ্ণ প্রভৃতি সোমরক্ষকগণের নিকট হইতে জগতীর ও ত্রিষ্টুভের চারিটী অক্ষর লইয়া স্বয়ং অষ্টাক্ষরা হইয়া আসিলেন।

৩ খদির। ৪ দুর্গা।

"গায়নাদ্‌গমনাদ্ বাপি গায়ত্রী ত্রিদশার্চ্চিতা।" (দেবীপুরাণ)

৫ গঙ্গা।

গায়ত্রীসার (পুং) গায়ত্র্যাঃ সারঃ। ১ খদিরসার। (চক্রদত্ত)

গায়ন (ত্রি) গায়তি গৈ শিল্পিনি ল্যুট্। (ল্যুট্চ। পা ৩।১।১৪৭) ১ সঙ্গীতব্যবসায়ী, গানোপজীবী। (ত্রিকাণ্ড°)

"স্তেন গায়নয়োশ্চান্নং তক্ষ্ণোর্বার্দ্ধুষিকস্য চ।" (মনু ৪।২১০)

২ কার্ত্তিকেয়ের পারিষদবিশেষ। (ভারত ৯।৪৬ অঃ।)

স্ত্রিয়াং ঙীপ্। গায়নী।

গায়ন, মুসলমান জাতির একটী শাখা। সাধারণতঃ জনসমাজে গীত গাইয়া ও বাদ্য বাজাইয়া বেড়ায় বলিয়া ইহাদের নাম 'গায়ন' হইয়াছে। কিন্তু মোল্লাদের নিকট অবগত হওয়া যায়, যে শাহ জলাল যখন শ্রীহট্ট আক্রমণ করেন, তখন জিহাদ্ গায়ান্ নামে একব্যক্তি তাঁহার সহিত আসেন। বর্ত্তমান গায়নেরা ঐ জিহাদের বংশধর। কেহ কেহ বলেন যে, ইহারা পূর্ব্বে "সান্দার" জাতি ছিল।

ইহারা কৃষিকার্য্য করিয়া জীবিকানির্ব্বাহ করে। পুরুষদিগের অনুপস্থিতিতে স্ত্রীলোকেরা শস্যক্ষেত্র রক্ষা করে ও গো মেষাদি চরায়। ইহারা স্থানীয় বেদীয়া জাতির সহিত কোনরূপ সংস্পর্শ রাখে না। এ কারণে অপরাপর মুসলমানের মত ফরাজি সম্প্রদায় ইহাদের আচার ব্যবহারে সন্তুষ্ট।

ইহাদের স্ত্রীলোকেরা বড়ই লজ্জাশীলা ও একাকী অন্তঃপুরে থাকিতে ভালবাসে। বেদীয়া স্ত্রীলোকেরা অরক্ষিত অবস্থায় ও ঘোমটা খুলিয়া অসভ্যের মত রাস্তায় রাস্তায় বেড়ায় বলিয়া ইহারা তাহাদিগকে বিশেষ ঘৃণা করে।

গায়ন্তিকা (স্ত্রী) হিমালয়স্থ একটী স্থান। (ভারত উদ্যোগ°)

গায়ন্তী (স্ত্রী) গৈ-শতৃ, গায়ৎ-ঙীপ্-নুম্। ১ গয়পত্নী। (ভাগবত ৫।১৫।১৪।) ২ যে স্ত্রী গান করিতেছে। গায়ৎ শব্দ হইতে এই শব্দ নিষ্পন্ন হয়। গায়ৎ শব্দ ত্রিলিঙ্গ।

গার (পুং) ১ সামভেদ। ২ জাতিভেদ। [গারোজাতি দেখ।]

গারদ (দেশজ) কারাগার, জেলখানা।

গারিত্র (ক্লী) গীর্য্যতে গৃ-ণিত্রন্। (ভূবাদিগৃভ্যো ণিত্রন্। উণ্ ৪।১৭০।) অন্ন। (উজ্জ্বল°)

গারুড (ক্লী) গরুড়ায় উক্তং বিষ্ণুনা যদ্বা তস্যেদম্ অণ্। ১ গরুড়পুরাণ। ২ বিষহর মন্ত্রবিশেষ। (জটাধর) ৩ গরুড়াকৃতি ব্যূহভেদ।

"গারুড়ঞ্চ মহাব্যূহং চক্রে শান্তনবস্তদা।" (ভারত ৬।৫৬ অঃ)

৪ মরকতমণি। (রাজনি°)

"রাশির্মণীনামিব গারুড়ানাম্।" (রঘু° ১৩।৫৩।)

৫ স্বর্ণ। (হেম°।) গরুড়ো দেবতাস্য অণ্। ৬ অস্ত্রবিশেষ। (রামা° ৬।৪৬।৩৩) (স্ত্রী) গারুড়-ঙীপ্। পাতাল গরুড়লতা। (রাজনি°)

গারুড়িক (পুং) গারুড়েন বিষমন্ত্রেণ জীবতি ঠক্। বিষবৈদ্য।

"সর্পান্ গারুড়িকো যথা।" (দ্বাত্রিংশৎপুত্তলিকা)

গারুত্মত (ক্লী) গরুত্মান্ গরুড়ো দেবতাস্য অণ্। গরুড়-দৈবত অস্ত্রবিশেষ। (রঘু ১৬।৭৭) গরুত্মান্ তদ্বর্ণঃ অস্তি অস্য প্রজ্ঞাদিত্বাৎ অণ্। ২ মরকতমণি। (অমর)

"তস্যোল্লসৎকাঞ্চনকুণ্ডলাগ্র-
প্রত্যুপ্তগারুত্মতরত্নভাসা।" (মাঘ)

গারুত্মতপত্রিকা (স্ত্রী) গারুত্মতমিব বর্ণেন পত্রমস্য কপ্ অত ইত্বম্। পাচীলতা। (রাজনি°)

গারো, আসামের দক্ষিণপশ্চিমদিকে অক্ষা° ২৫° ৯´ ও ২৬° ১´ উঃ ও দ্রাঘি° ৮৯° ৫২´ ও ৯১° ৩´ পূঃ মধ্যে অবস্থিত গিরিশ্রেণী। এই গিরিশ্রেণীর মধ্যে তুরা ও অরবেলা পাহাড় প্রধান। এই দুইটী গিরি সমান্তরালভাবে পূর্ব্বপশ্চিমে বিস্তৃত। তুরা পাহাড়ে দুইটী উচ্চ চূড়া আছে। উহাদের উচ্চতা ৪৬৫০ ফিট্ হইবে। এই দুইটীর মধ্যে মধ্যে ছোট ছোট চূড়া, আবার মধ্যে মধ্যে উপত্যকা আছে। এই পাহাড় প্রায় জঙ্গলে পরিপূর্ণ। ঐ সকল জঙ্গলে ভাল ভাল কাষ্ঠ পাওয়া যায়। তুরা নামক চূড়ার উপর উঠিলে গোয়ালপাড়া, ময়মনসিংহ ও রঙ্গপুর জেলা এবং ব্রহ্মপুত্র নদীর গতি ৫০ ক্রোশ পর্য্যন্ত

দেখিতে পাওয়া যায়। এমন কি হিমালয় পর্য্যন্তও দৃষ্টিগোচর হইয়া থাকে। স্থানে স্থানে উপত্যকার ভিতর দিয়া নদী প্রবাহিত হইতেছে, দেখিলে নয়ন মন চরিতার্থ হয়। তুরা পাহাড়ের অপর চূড়াকে হিন্দুরা কৈলাস বলে, কিন্তু গারো ও খাসিয়া জাতি চিকমং, ভীমতুরা বা মানরাই বলিয়া থাকে। অন্যান্য স্থানের পাহাড় ক্রমশঃ ঢালু, কোথাও কোথাও বা উচ্চ হইয়াছে। কিন্তু কৈলাস নামক চূড়ার নিকট উহা একেবারে উচ্চ হইয়া উঠিয়াছে। আকৃতি কতকটা শূকরের পৃষ্ঠের মত। ইহা পার্শ্ববর্ত্তী সকল পাহাড় অপেক্ষা উচ্চ।

গারো পাহাড়ের সকল স্থানে পশ্বাদি চরিয়া বেড়াইতে পারে। এই পাহাড়ে দুইটী প্রকাণ্ড গহ্বর দেখা যায়। সোমেশ্বরী ও গণেশ্বরী নদীর মধ্যে যেখানে চুণাপাথরের অংশ দেখা যায়, তথায় ঐ গুহা আছে। রায়ক নামক গ্রামের নিকট যে গহ্বর আছে, তাহা সর্ব্বাপক্ষা বড়। উহার প্রবেশস্থান প্রায় ১২ হস্ত উচ্চ ও ১০ হস্ত বিস্তৃত। ভিতরে প্রায় ৬০ হাত গমন করিলে দেখা যায় যে একটী ছোট কুঠরির মত স্থান হইতে একটী নদী প্রবাহিত হইতেছে। উহা এত ছোট যে মনুষ্য তাহাতে প্রবেশ করিতে পারেনা। পর্ব্বতের ভিতরে সম্ভবতঃ কোথাও জলাশয় বা হ্রদ আছে। এই গুহায় বাদুড়ে বাসা করিয়া থাকে।

গারো পাহাড়ে উষ্ণপ্রস্রবণ নাই। তবে নুনমাটি আছে; ইহাতে বোধ হয় কোন সময়ে লবণাক্ত প্রস্রবণ এখানে ছিল। তাহার জন্যই লবণাক্ত মাটি হইয়াছে। তথায় হস্তী ও হরিণের দল আসিয়া বিচরণ করে। গারো জাতি এই স্থান হইতে লবণ প্রস্তুত করে না। গারো পাহাড়ের মধ্যে সোমেশ্বরী, গণেশ্বরী, নেতাই ও মহাদেব নদীর উৎপত্তির স্থানে পাহাড় ভাঙ্গা দেখিতে পাওয়া যায়। এই সকল নদীর উপত্যকার ঘন নিবিড় বন, ছোট গাছ ও লতা দেখিতে পাওয়া যায়। সেখানকার স্বভাবের শোভা অতি চমৎকার।

২ গারো পাহাড়ের উপরিস্থ একটী জেলা, অধিবাসীরা ইহাকে গারোয়ানা বা গাবানা বলে। ইহা এখন আসামের চিফ্ কমিসনরের অধীন। ইহার ক্ষেত্রফল ৩১৮০ বর্গ মাইল। লোকসংখ্যা প্রায় এক লক্ষ। জেলার মধ্যে প্রকৃত নগর নাই। তবে তুরা নগরেই আদালতাদি আছে। এই জেলার উত্তরসীমায় গোয়ালপাড়া, পূর্ব্বে খাসিপাহাড় ও মহেশখালি নদী, দক্ষিণে ময়মনসিংহ ও পশ্চিমে গোয়ালপাড়া জেলা। পূর্ব্বসীমা অতি অল্পদিন স্থির হইয়াছে। কতক অংশে মহেশখালি নদী পুন্দেংগ্রু পর্য্যন্ত বিস্তৃত। তৎপরে বালপুক্রাম গ্রাম। পরে মহাদেব নদীধৌতপ্রদেশ নয়াবা, সমসং বা সোমেশ্বরী, রঙ্গদি, রঙ্গা ও বদিয়াক নামক নদীগুলি হোদাগরি গ্রাম পর্য্যন্ত গিয়াছে। তাহার পর কিয়দ্দূর গিয়া কামরূপ ও গোয়ালপাড়ার সীমানির্দ্দেশক স্তম্ভগুলি পাওয়া যায়। ১৮৭৩ খৃষ্টাব্দে খাসি ও গারো জেলার কমিসনরদ্বয়ে মিলিত হইয়া ঐ সীমা নির্দ্দেশ করেন। গোয়ালপাড়া ও গারো জেলার প্রান্তসীমা অল্পদিন হইল নির্ণীত হইয়াছে। গোয়ালপাড়ার যে অংশে গারো জাতির বাস, তাহা গারো জেলার অন্তর্গত করা হইয়াছে। দক্ষিণসীমা নির্দ্দেশ করিতে পার্ব্বতীয় জাতির ও ময়মনসিংহের জমিদারদিগের অনেক আপত্তি খণ্ডন করিতে হইয়াছিল।


জেলাটী পাহাড়ময়, এখানকার কৃষ্ণাই, কালু, ভোগাই, নেতাই ও সোমেশ্বরী এই কয়েকটী নদীতে নৌকাগমনোপযোগী জল থাকে। কৃষ্ণাই নদী অরবেলা পাহাড়ের মধ্যস্থিত মণ্ডলগিরি নামক গ্রামের নিকট হইতে বাহির হইয়া উত্তরাভিমুখে রঙ্‌গ্রন্‌গিরি, থাপা ও সঙ্গমা নামক গ্রাম পার হইয়া জীরা গ্রামে গোয়ালপাড়া জেলায় পড়িয়াছে। শীতকালে ডোঙ্গা করিয়া লোকে ইহাতে গমনাগমন করে। বঞ্জি ও রঙ্‌রি নামক ক্ষুদ্র ক্ষুদ্র নদীদ্বয় কৃষ্ণাই নদীতে মিলিত হইয়াছে। কালুনদীকে গারোরা গারুই বলিয়া থাকে। ইহা তুরা হইতে পশ্চিমমুখে প্রবাহিত হইয়া হরিগাঁও নামক স্থানে গোয়ালপাড়া জেলায় পড়িয়াছে। তুরা হইতে বারাণসী নামক একটী নদী উঠিয়া কালু নদীতে পড়িয়াছে। গারোরা ইহাকে রঙ্গকন্ বলে। হরিগাঁও হইতে দামালগিরি পর্য্যন্ত কালুনদীতে নৌকা চলে। জলের ভিতর বড় বড় বৃক্ষ থাকাতে নৌকা গতায়াতের পক্ষে বড়ই অসুবিধা। ভোগাই নদী তুরানগরের দক্ষিণপূর্ব্ব হইতে উঠিয়া দক্ষিণবাহিনী হইয়া অনাই, লুগা, মোরাপাড়া, রেমরাঙ্গপাড়া, মেবনোপাড়া, চেলিপাড়া, জমদগিরি, চন্দ্রপাড়া ও ঘুদ্রপাড়া নামক গ্রামগুলি পার হইয়া দালু গ্রাম দিয়া ময়মনসিংহের নসিরাবাদগ্রামে ব্রহ্মপুত্র নদের পুরাতন গর্ভে পড়িয়াছে। নোয়রাঙ্গা নামক উপনদী রেমরাঙ্গপাড়া গ্রামে ইহাতে মিলিত হইয়াছে। নেতাই নদী তুরার দক্ষিণদিক্ হইতে উদ্ভূত হইয়া বক্রগতিতে দক্ষিণমুখে গিয়া রঙ্গন, বুদ্রগিরি, গরোঙ্গিথি, ফাপা, দসিং গাঙ্গচঙ্গ, অদিপগরি ও বোগাঝোড়াগিরি গ্রাম হইয়া ময়মনসিংহের সফুরকোট বা ঘোষগাঁও দিয়া কাংস নদীতে মিলিত হইয়াছে। সোমেশ্বরী নদীকে গারোরা সংসাং বলিয়া থাকে; জেলার মধ্যে এই নদীই সর্ব্বাপেক্ষা বৃহৎ। তুরানগরের উত্তরাংশ হইতে ইহার উৎপত্তি। পরে উত্তরবাহিনী হইয়া ১৫ ক্রোশ

দক্ষিণে গিয়া ময়মনসিংহের সুসঙ্গ পরগণায় পড়িয়াছে। সেমসাংগিরি, ধোবাখাল, রামবাংগিরি, দনোনগিরি, জঙ্করাই, সিজু, রায়ক, পরকলথম্ ও অবাক্‌ফং নামক গ্রামগুলি ইহার কূলে অবস্থিত। নদীর নিম্নপ্রদেশে মধ্যে মধ্যে পাহাড় থাকায় নৌকা যাতায়াতের সুবিধা নাই। উচ্চতর প্রদেশে সিজু পর্য্যন্ত নৌকাদি চলিয়া থাকে। জঙ্করাইয়ের নিকট নদী বালুপাথরের উপর দিয়া গমন করিয়াছে। এখানে নৌকা চলে। ধোবাখালের পর হইতে সেমসাংগিরি পর্য্যন্ত নদীতে পাহাড় থাকায় নৌকা যাইতে পারে না। তাহার পর সামান্দল গ্রামের নিকট সরমফংএর হাট পর্য্যন্ত নৌকা চলে। রঙ্‌কাই, রঙ্গাই ও চিবোক নামক উপনদী-গুলি ইহাতে মিলিত হইয়াছে।

গারো জাতি, গারোপর্ব্বতবাসী অসভ্য অধিবাসী। আজ-কাল গারোপাহাড়ের যে সীমা নির্দ্ধারিত হইয়াছে, তন্মধ্যে গ্রামগুলিতে গারো ভিন্ন হাজুঙ্গ, কোচ, রাজবংশী, দালু, মেচ ও মুসলমান জাতীয় লোকেরও বাস আছে। থাপা নামক গ্রামে রাভা নামক এক জাতীয় লোক দেখা যায়। গারো-জাতি তাহাদের হইতে স্বতন্ত্র।

গারোজাতীয় লোকেরা দেখিতে কাছাড়ী ও কোচ জাতির মধ্যবর্ত্তী একটী জাতি বলিয়া বোধ হয়। কাছাড়ী অপেক্ষা কোচজাতির সহিত ইহাদের সৌসাদৃশ্য বেশী। প্রবাদ আছে যে, পূর্ব্বে সমস্ত গারোপাহাড় কোচদিগের অধিকারে ছিল, পরে গারোরা প্রবল হইয়া উহাদিগকে উত্তরাংশে তাড়াইয়া দিয়াছে। মিঃ হজসন্ তাঁহার "ভারতের অসভ্যজাতি" নামক পুস্তকে এই গারোদিগকে লক্ষ্য করিয়া বলিয়াছেন যে, এই শ্রেণীর লোকেরা তাহাদিগের নিজ জাতীয়ত্ব হারাইয়া পুরা বাঙ্গালী হইয়া পড়িয়াছে, ইহাদের নিজ ভাষা পর্য্যন্ত হারাইয়াছে। গারো পাহাড়ের মধ্যবর্ত্তী রাভা জাতির ভাষা স্বতন্ত্র। দালুজাতীয়েরা দালু নামক গ্রামে বাস করে, পূর্ব্বকালে ইহাদের স্বতন্ত্র ভাষা ছিল, কিন্তু এখন তাহার চিহ্নমাত্র পাওয়া যায়, নতুবা ইহারাও একবারে ভুলিয়া গিয়াছে বলিলেই চলে। হাজুঙ্গ জাতীয়েরা ইহা-দিগেরই ন্যায়।

গারোরা দৃঢ়কায়, নাতি দীর্ঘ, কর্ম্মঠ, মাংসল ও কষ্ট-সহিষ্ণু। ইহাদের হনুদেশ উচ্চ, নাসিকা বড়, চক্ষু ঈষৎ রক্তাভ, কর্ণ দীর্ঘ, ওষ্ঠাধর মোটা, শ্মশ্রু ক্ষুদ্র, গাত্রবর্ণ কৃষ্ণা-ধিক্যযুক্ত তাম্রবর্ণ। ইহাদের মধ্যে কি স্ত্রী কি পুরুষ কেহই সুশ্রী নহে। ইহারা ভারবহনে এতদূর পটু যে, ইহারা কৃষি-দ্রব্যের যেরূপ বোঝা লইয়া পাহাড়ের উপর দিয়া যাতায়াত করে, সেরূপ বোঝা কোন বাঙ্গালীতে সাহস করিয়া নাড়িতেই পারে না। ইহাদের শ্মশ্রু এত অল্প হয় যে তজ্জন্যই ইহারা একপ্রকার প্রসিদ্ধ; প্রায় কাহারও মুখে শ্মশ্রু দেখা যায় না। আজকাল স্বাধীন গারোদিগের মধ্যে কেহ কেহ দাড়ী রাখে, নতুবা যাহাদের দাড়ী উঠে, তাহারা লোমগুলি টানিয়া টানিয়া তুলিয়া ফেলে। ইহারা মাথায় লম্বা লম্বা চুল রাখে, কখন কাটে না। লম্বা চুলগুলি হয় মাথার উপর ঝুঁটি বাঁধিয়া রাখে, নয় মুখের উপর সরাইয়া পাগড়ী দ্বারা আট্‌কাইয়া রাখে। পাগড়ীকে "কোটিপ" বলে। ইহারা সাধারণতঃ সাহসী, সত্যবাদী; কিন্তু যখন ইহাদিগকে ইহাদের দেশ-সম্বন্ধে বা ইহাদের জমাজমী সম্বন্ধে আত্মকলহের কথা জিজ্ঞাসা করা যায়, তখন ইহারা কেবল মিথ্যা কথা বলিতে থাকে। ইহারা স্বভাবতঃ শান্ত, কিন্তু অল্প চেষ্টায় রাগাইয়া তুলিতে পারা যায়। ইহাদিগকে প্রাচীন কোন ক্ষতির কথা মনে করাইয়া দিলে, ইহারা অতি নিষ্ঠুর ও রক্ত-পিপাসু হইয়া প্রতিশোধ লইতে উদ্যত হয়।



গারো পুরুষেরা দেড়গজী ধুতি পরিধান করে। এই ধুতি ইহারা আপনারাই বুনে। ছোট হইলেও এরূপ কৌশলে পরিধান করে যে তাহাতে অতি সুন্দররূপে ভদ্রতা রক্ষা হয়। এই ধুতিকে 'গাণ্ডুবারা' বলে। স্ত্রীলোকদিগের ধুতি পুরু-ষের ধুতি অপেক্ষা বড়, তাহাকে 'রিখিং' বলে। স্ত্রীলোকেরা কোন বক্ষাচ্ছাদন ব্যবহার করে না। অপেক্ষাকৃত ধনশালী স্ত্রীপুরুষ উভয় শ্রেণীতেই একপ্রকার কাঁথা ব্যবহার করে। গরীবেরা এক প্রকার গাছের ছাল জলে ভিজাইয়া পিটিয়া বিস্তৃত করিয়া রৌদ্রে শুকাইয়া লয়, তাহাই গাত্রবস্ত্ররূপে

ব্যবহার করে। এই ছালপেটা গাত্রবস্ত্রকে 'ফাক্রাম্' বলে। ইহাতে শরীরকে একটু উষ্ণ রাখে। গারো পাহাড়ের পূর্ব্ব অংশের গারোদিগের পোষাক খাসিদিগের ন্যায়। অনেকেই খাসিদের মেরজাইয়ের ন্যায় গাত্রাবরণ ব্যবহার করে। স্ত্রীলোকদিগের পোষাক গারো পাহাড়ের সর্ব্বত্র সমান।

গারোজাতির স্ত্রী ও পুরুষ বড়ই অলঙ্কারপ্রিয়। পুরুষের কাণে ৩।৪টী পিতলের শাদা মাকৃড়ি, মাকৃড়িগুলির ফাঁদ প্রায় ২ ইঞ্চ; পুঁতির মালা ইহাদের প্রিয় অলঙ্কার, এক একজন দুই তিন ছড়া ব্যবহার করিয়া থাকে। এই মালা পরিয়া ইহারা আপনাদিগকে ঈষৎ গর্ব্বিত মনে করে এবং মালা পরিয়াছে ইহা দেখাইবার জন্য প্রায় অনেকেই শীত-কালেও খালি গায়ে থাকে।

দামরাগ্রামের গারোদিগের সহিত খাসিদিগের বিবাহাদি হয়, এই শ্রেণীর গারোরা রেশমী পাগড়ি ব্যবহার করিয়া থাকে। স্ত্রীলোকের কাণের মাকৃড়ি খুব বড় এবং কাণের দুল বড় ভারী; এই ভারী দুল পরিয়া ইহাদের কাণের পট্‌পটি বা নিম্নাংশ চিবুক পর্য্যন্ত ঝুলিয়া পড়ে। এরূপ লম্বকর্ণ ইহাদের মধ্যে সৌন্দর্য্যের চিহ্ন। অনেকের আবার এই দুল পরিবার প্রসাদে কাণ কাটিয়া যায়, তখন দুলে সূতা বাঁধিয়া কাণের উপরে ঝুলাইয়া পরিধান করে।

স্ত্রীলোকেরা সাধারণতঃ পুঁতি ও কাঁসার দানা পরিয়া থাকে। স্ত্রীপুরুষেরা আপনাদের পোষাকে কড়ি গাঁথিয়া শ্রীসম্পাদন করে। কড়ি বাঙ্গালা হইতে আসে। খাসি পাহাড়ের গারোরা কএক প্রকার কড়ির গহনা প্রস্তুত করে, তন্মধ্যে 'রূপক' ও 'শেঙ্কি' প্রধান। ইহাদের মধ্যে মান্যগণ্য লোকেরা কফোণির উপর লৌহ বা পিত্তলের কড়া ধারণ করে, তাহাকে ইহারাও 'তাড়' বলে। কোন ক্রীতদাস তাড় ব্যবহার করিতে পায় না, তবে কেহ ইচ্ছা করিলে তাহাকে গ্রামপতি বা লাখমার নিকট অর্থ দিয়া অনু-মতি লইতে হয়। পুরুষদের মধ্যে আর একপ্রকার অলঙ্কার চলিত আছে, তাহাকে 'কড়াশিল' বলে; কড়াশিল পিতলের পাতনির্ম্মিত মুকুট, মুকুটের দুই প্রান্তে সূতা বাঁধা থাকে, পরিধানের সময় পশ্চাদ্দেশে এই সূতা টানিয়া বাঁধিয়া রাখে। পূর্ব্বকালে যে গারো কোন শত্রুকে যুদ্ধে স্বহস্তে মারিতে পারিত, সেই ব্যক্তি মান্যের ও গৌরবের চিহ্নস্বরূপ এই মুকুট পরিধান করিত। স্বাধীন গারোরা আজিও এই প্রথা মানিয়া থাকে, কিন্তু যাহারা ইংরাজাধিকারে একবারে বশীভূত হইয়া পড়িয়াছে, তাহা-দের মধ্যে ইহা বিলাসিতাপ্রকাশক সাধারণ ভূষণ হইয়া পড়িয়াছে। কড়াশিল বাঙ্গালীরা প্রস্তুত করে এবং গারো পাহাড়ে লইয়া গিয়া বিক্রয় করিয়া আসে। গারোরা কখন উল্কী পরে না।

গারোদিগের অস্ত্রশস্ত্রাদির মধ্যে 'সেলু' (বর্ষা); 'মেল্লাম্' (তরবারী) 'পাঞ্জি বা ওয়া' (তূণীরের ন্যায় ক্ষুদ্রাকার তীক্ষ্ণ-মুখ বংশশলাকাধার) প্রধান। 'হুল-গোঁজা' বা বাঁশের বর্ষা ইহাদের সাধারণ অস্ত্র। বৃক্ষাদি বা ঝোপের অন্তরাল হইতে নিকটস্থ শত্রুর প্রতি এই হুল-গোঁজা ছুড়িয়া মারে। ইহার অগ্রভাগ সাধারণ বর্ষার ন্যায় ত্রিকোণাকার। যুদ্ধ ভিন্ন অন্য সময়ে লোকের হস্তে সর্ব্বদাই হুল-গোঁজা ব্যবহৃত হয়, আর ইহার অগ্রভাগ কাটারীর কার্য্য সম্পাদন করে, গারোদের তরবারীগুলি দ্বিধার। তরবারীর ফলক ও মুষ্টি একত্র গঠিত, ফলকাগ্র অতি সূক্ষ্ম। মুষ্টিতে বাঁশের খোল পরাইয়া দেয় এবং ছাগলোমের ঝাঁপ্পা দিয়া অলঙ্কৃত করে। এই অসি সর্ব্বদা ইহাদের সঙ্গে থাকে, ইহাদ্বারা যুদ্ধব্যতীত জঙ্গল পরিষ্কার ও কাটারীর ন্যায় অন্যান্য কর্ম্মও করিয়া থাকে। ইহাদের ঢাল নানারূপে প্রস্তুত হয়। এই ঢাল প্রধানতঃ পাঞ্জির আঘাত বাঁচাইবার জন্য ব্যবহৃত হয়। পাঞ্জি বা বাঁশের ক্ষুদ্র বর্ষাগুলি নানা আকারে প্রস্তুত, কিন্তু ব্যবহার একপ্রকারই। পাঞ্জিদ্বারা ইহারা আগন্তুক সৈন্যের গমনপথ রোধ করে। শত্রুর গমনপথ অবগত হইয়া তন্মধ্যে এক স্থানে কিয়দ্দূর পর্য্যন্ত এই পাঞ্জি পুঁতিয়া রাখিয়া দেয়, পাদুকাহীন শত্রুসৈন্য এইরূপ স্থলে উপস্থিত হইলে ভূমধ্যস্থ পাঞ্জিমুখ পদতলে বিদ্ধ হইয়া বিষম যন্ত্রণাদায়ক হইয়া উঠে, অনেকের চলচ্ছক্তি বন্ধ হয় আর যাহারা বা চলিতে পারে, তাহাদের একশত গজ ভূমি অতিক্রম করিতে নির্দ্দিষ্ট সময় অপেক্ষা প্রায় এক ঘণ্টা দেড় ঘণ্টা বিলম্ব হইয়া পড়ে। গারোরা অনেক প্রকার তীব্র বিষ জানে, কিন্তু তাহারা আসামের আবরদিগের ন্যায় এই সকল বিষ পাঞ্জিমুখে ব্যবহার করে না। গারোরা গুপ্তভাবে ঝোপ হইতে শত্রু আক্রমণ করিতে অতিশয় পটু। ইহাদের অগ্ন্যস্ত্র না থাকিলেও ইহারা পর্ব্বতের উপর হইতে প্রস্তরাদি গড়াইয়া দিয়া শত্রুবিনাশে বিশেষ দক্ষতা দেখায়।

গারোজাতি কলহপ্রিয়; সর্ব্বদাই পরস্পরে যুদ্ধ ও দাঙ্গা হাঙ্গামা লইয়া আছে। ইহারা যুদ্ধে পটু বটে, কিন্তু শীকার করিতে পারে না; ফাঁদ পাতিয়া পশু পক্ষী ধরিতেও পটু নহে। কখন কখন দেখা যায় যে মাংস খাইবার জন্য ইহারা গর্ত্ত খুঁড়িয়া একটা হরিণ কি মহিষ অথবা বর্ষা মারিয়া ছোট হাতী মারিয়া থাকে, কখন বা জাল পাতিয়া

শস্তলোভী পাখী ধরে। বন্য হস্তী মারিতে ইহারা বেশ কৌশল অবলম্বন করে। যে পথে হাতী যাতায়াত করে, সেই পথে একটা উচ্চ বৃক্ষে একটা বর্ষা নিম্নমুখ করিয়া ঝুলাইয়া রাখে, বর্ষার তলভাগে একখানি বৃহৎ পাথর বাঁধা থাকে ও একটা লম্বা দড়ি এরূপ কৌশলে বর্ষার বন্ধনীর সহিত বাঁধিয়া রাখে যে, যে মুহূর্ত্তে হাতী আসিয়া দড়িটা স্পর্শ করে, অমনি বর্ষার বাঁধন খুলিয়া যায় আর প্রস্তরের ভারে বর্ষা বেগে পড়িয়া হাতীর শরীরে অনেকটা বিঁধিয়া যায়। কখন কখন ইহারা গর্ত্ত করিয়াও হাতী ধরে।

ইহারা সকল জীবের এমন কি সাপ, ব্যাং এবং কুকুরের মাংস পর্য্যন্ত খায়। ইহাদের প্রধান ও সাধারণ খাদ্য অন্ন। দাইল কলাই খুব অল্প খায়। কুকুরপিষ্টক ইহাদের প্রধান উপাদেয় খাদ্য। একটা কুকুরকে আকণ্ঠ চাউল খাওয়াইয়া মারিয়া ফেলে, তৎপরে তাহাকে পোড়াইয়া লয়, শেষে তাহার উদর হইতে সেই অন্ন ও তাহারই দগ্ধ মাংস ভোজন করে, ইহাই কুকুর-পিষ্টক। ইহারা একপ্রকার চাউল হইতে মদ্য প্রস্তুত করে, তাহাকে 'চু' বলে। "কাওন্ মেগারু" চাউল ও অন্যান্য শস্য হইতেও এই মদ হয়, চাউলের মদই উৎকৃষ্ট। ইহারা প্রাতে, মধ্যাহ্নে ও সন্ধ্যায় তিনবার আহার করে; প্রাতের আহারকে 'মীক্রিং' মধ্যাহ্ন ভোজনকে 'মীসাল' ও সান্ধ্যভোজনকে 'মিয়াথম্' বলে। ইহারা অত্যন্ত সুরাভক্ত, কিন্তু ইহাদের প্রস্তুত ধেনোমদ অত্যধিক পরিমাণে না খাইলে নেশা হয় না। ইহারা বড়ই তামাকুপ্রিয়। ইহারা বাঁশের মূল হইতে এক প্রকার ধূমনল প্রস্তুত করে, তাহাকে 'কস্‌রেঙ্' বলে। ধাতুনলও ব্যবহার করে, তাহা বাঙ্গালীদের প্রস্তুত। ইহারা গুড় দিয়া তামাকু প্রস্তুত করিতে পারে না। শুষ্ক দোক্তাপাতায় কয়লার আগুন দিয়া নলে করিয়া ধূমপান করিয়া থাকে। অহিফেন, গাঁজা, চরস্ বা অন্য কোন মাদক ইহারা ব্যবহার করে না এবং বাঙ্গালীরা ব্যবহার করে বলিয়া বাঙ্গালীকে ঘৃণা করে।

গারোদিগের গৃহপালিত পশু নাই, কেহ কেহ দুই চারিটা শূকর, ছাগল, মুরগী ও হাঁস খাইবার জন্য পুষিয়া থাকে। অনেকেই অন্যদেশ হইতে এক একটী যণ্ড ক্রয় করিয়া আনিয়া প্রতিপালন করে এবং যাহাতে ষাঁড়টী মোটা হয়, তাহার চেষ্টা করে। কারণ কোন সম্ভ্রান্ত লোক মরিলে তাহার শ্রাদ্ধে তাহাকে মারিয়া খায়। খাসিয়াদিগের ন্যায় গারোরাও গোদুগ্ধ পান করে না, গোমূত্রতুল্য অখাদ্য বলিয়া ত্যাগ করে।

গারোরা চাষবাস করিয়াই জীবিকানির্ব্বাহ করে। ইহারা যে প্রণালীতে চাষবাস করে, তাহাকে 'জুম্' বলে। পার্ব্বতীয় জমী ততদূর সুবিধার নহে, কিন্তু উহারই মধ্যে দেখিয়া শুনিয়া পৌষ মাঘে ইহারা একখণ্ড জমী স্থির করে, তৎপরে তাহার জঙ্গল কাটিয়া সেই জমীতেই ফেলিয়া রাখে, চৈত্রমাস পর্য্যন্ত এই কাটা গাছপালা পড়িয়া পড়িয়া শুকায়, চৈত্রের শেষে আগুন দিয়া পুড়াইয়া ভস্মসাৎ করে। বৃষ্টি পড়িলে এই ভস্মাবৃত ক্ষেত্রে ধান্য রোপণ করে, তৎপরে সেই এক ক্ষেত্রেই তুলা, লঙ্কা ও নানাবিধ কলায়ের বীজ রোপণ করে। আর কোন পাট করে না। স্বভাবের কৃপায় শস্যাদি যথাকালে ক্রমশঃ পাকিতে থাকে ও ইহারা সময় মত আহরণ করে। নূতন শস্য কাটা হইলে ইহাদের একটা উৎসব-ভোজনাদি হয়। এই উৎসবভোজ না হইলে তাহারা নূতন শস্য ব্যবহার করে না। এক বৎসর যে স্থানে শস্য উৎপাদন করে, তাহার পরে আর দশ বৎসর সে স্থানে শস্য বপন করে না। একটা ক্ষেত্রে বৎসরে দুইবার শস্য উৎপাদন করে। প্রথমবার ধান্য, তুলা, লঙ্কা, কলাই ইত্যাদি একত্র বপন করে, দ্বিতীয়বারে কেবল ধান্য রোপণ করে। আউশ (আশু) ধানই রোপিয়া থাকে। তুরা পাহাড়ে আষাঢ় শ্রাবণে ধান্য রোপিত হয়। ইহাদের হাতে তুলা অল্পই জন্মে এবং তাহাও উৎকৃষ্ট হয় না। চাষবাসের যন্ত্রাদির মধ্যে ইহাদের প্রধান অস্ত্র দা বা কাটারিকে ইহারা 'আতে', কুঠারকে 'রোয়া', কাস্তেকে 'কচি' এবং একটী তীক্ষ্ণমুখ গোঁজাকাটিকে 'গুলমথর' বলে। শস্যবীজ রোপণ করিবার সময় এই গোঁজকাটি দিয়া ভূমিতে এক একটা গভীর গর্ত্ত করিয়া তন্মধ্যে দুইচারিটা করিয়া বীজ নিক্ষেপ করে। ইহারা লাঙ্গল বা কোদালি ব্যবহার করে না।

গারোরা যখন যেখানে চাষ করে, তখন সেই ক্ষেত্রেই কুটীর নির্ম্মাণ করিয়া বাস করে। যতদিন শস্য কাটা না হয়, ততদিন সেইখানে থাকে। ক্ষেত্রের শস্যরক্ষার জন্যই ইহারা এরূপ করে, নতুবা দূরে থাকিলে বন্যপশু শস্য নষ্ট করিয়া ফেলিতে পারে। শস্য কাটা হইয়া গেলে সেই সকল কুটীর ভাঙ্গিয়া গ্রামে গিয়া স্ব স্ব গৃহে বাস করে। প্রতি বৎসরই এইরূপে দুবার মাঠে থাকিতে হয় এবং প্রতিবৎসরে ক্ষেত্রপরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে ইহাদিগকেও নানাস্থানী হইতে হয়। গারোদিগের প্রতি গ্রামের সীমা সুন্দররূপে নির্দ্ধারিত করা থাকে। কোন এক গ্রামের লোক তাহাদের নিজ গ্রামের সীমার অন্তর্বর্ত্তী স্থানেই প্রতি সাত হইতে দশবৎসর অন্তর এক একখণ্ড জমী পরিষ্কার করিয়া পূর্ব্বনিয়মে চাষবাস

করিতে থাকে। প্রতি গ্রামের পার্শ্বে-ই একটী বড় পর্ব্বত ও নদী বা ঝরণা আছে। গারোদিগের গৃহাদি বাঁশ খুঁটী তৃণাদিতে নির্ম্মিত। প্রতি বাটীতে পশুশালা, শয়নের জন্য একখানি বৃহৎ ঘর, ঘরের উভয়দিকে দাওয়া এবং স্ত্রীলোকদিগের জন্য একাংশে কয়েকখানি ঘর নির্ম্মিত হয়। গৃহের মধ্যে একটী অগ্নিকুণ্ড থাকে।

ইহারা ভাল জিনিস রাঁধিয়া খাইতে জানে না, রন্ধনের মধ্যে ভাত রাঁধে আর কলাগাছ পোড়াইয়া একপ্রকার ক্ষার প্রস্তুত করিয়া লবণের পরিবর্ত্তে ব্যবহার করে। লবণ কিনিবার সামর্থ্য ইহাদের নাই। খোরার ন্যায় মৃৎপাত্রে অথবা কাঁচা বাঁশের খোলে ইহারা ভাত রাঁধে, মাংস বা বেগুণাদি তরকারি আর যাহা কিছু খায়, সমস্ত আগুনে ঝল্‌সাইয়া লয়। মাংস পোড়াইবার সময় তাহার ছাল ছাড়াইয়া লয় না। ইহাদের মধ্যে যাহারা একটু ধনী, তাহারা পিতলের রন্ধনপাত্র ব্যবহার করে। কিন্তু মাটির হাঁড়ী বা কোনরূপ পাত্র কেহই করিতে জানে না। ইহাদের কেহ কোনরূপ কামার, কুমার বা ছুতারের কাজ জানে না, দু-একজন কেবল দা ও কাস্তে গড়িতে পারে। যে গ্রামে এইরূপ কামার একজন থাকে, সে গ্রামে তাহার জন্য বড়ই স্পর্দ্ধা করিয়া থাকে।

ইহারা এক মণ হইতে দেড় মণ পর্য্যন্ত তুলা, লঙ্কা, মোম, গালা, রবার, বাহাদুরী কাঠের বোঝা লইয়া বহুদূর পর্য্যন্ত গিয়া বাঙ্গালীদিগকে দেয় এবং তৎপরিবর্ত্তে গোরু, শূকর, ছাগল, মোরগ, লবণ, মৃৎপাত্র, তরবারী, বর্ষার ফলক ও বস্ত্রাদি লয়। সময় সময় তুলার দাম নগদ দেওয়া হয় এবং গারোরা সেই অর্থে বাঙ্গালীদের নিকট হইতেই প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় করিয়া থাকে।

পিতামাতাই ইহাদের বিবাহসম্বন্ধ স্থির করিয়া থাকে। বর কন্যার বাড়ীতে যায়। বর উপস্থিত হইলে বরকন্যার সম্মুখে একটী মোরগ ও একটী মুরগী বধ করা হয়। তাহাদের নাড়ীভুঁড়ি হইতে ইহারা শুভাশুভ নির্দ্ধারণ করে। তৎপরে একজন স্ত্রীলোক মোরগের মৃত দেহ লইয়া যায়, পুরোহিত বা তদভাবে একজন আত্মীয় তাহাদিগকে প্রহার করিতে করিতে পশ্চাতে পশ্চাতে যায়। মৃত দেহ দুইটী বাড়ীর বাহিরে গেলেই বিবাহসিদ্ধ হয়। তৎপরে ভোজনাদি উৎসব হইয়া থাকে। কোন পক্ষে যৌতুকাদি দেওয়া লওয়া হয় না। বিবাহের পর বর কন্যার সহিত কন্যার পিত্রালয়ে বাস করে এবং শ্বশুরবংশের অন্তর্ভুক্ত হইয়া যায়।

ইহাদের স্ববংশে বিবাহ হয় না। কিন্তু ঘনিষ্ঠ সম্পর্ক হইলে বিবাহে বাধা নাই। ইহাদের মধ্যে বহুবিবাহ প্রচলিত আছে, কিন্তু কেহ দুইটীর অধিক বিবাহ করে না, বা প্রথমাপত্নীর অসম্মতিতে দ্বিতীয়পত্নী গ্রহণ করিতে পারে না। প্রথমাস্ত্রীকে 'জিক্‌ফোংমা' ও পরবর্ত্তী স্ত্রীগুলিকে 'জিক্‌গিত্তি' বলে। ব্যভিচারদোষে অপরাধীর অর্থদণ্ড হয়। ব্যভিচারীর পত্নী স্বামীর নিকট 'দাই' বা ক্ষতিপূরণ লইয়া স্বামীর সঙ্গ পরিত্যাগ করিতে পারে। পূর্ব্বকালে এই অপরাধে দোষী স্ত্রী পুরুষের প্রাণদণ্ড হইত।

গারোদিগের মধ্যে কেহ আদরিণী কন্যাকে বিবাহ করিলে শ্বশুরের মৃত্যুর পর শাশুড়ীকেও বিবাহ করিতে বাধ্য এবং এই বিবাহের পর শ্বশুর বা শাশুড়ীর সমস্ত সম্পত্তির অধিকারী হয়। এইরূপে স্ত্রীপরম্পরায় ইহাদের উত্তরাধিকারী নির্ণীত হইয়া থাকে। পুত্রেরা কিছুই পায় না।

খাসিয়াদিগের ন্যায় স্ত্রীই ইহাদের সংসারে সর্ব্বময়ী কর্ত্রী।

কেহ মরিলে ইহারা উত্তমোত্তম বেশ ভূষায় মৃতদেহ সাজাইয়া ২।৩ দিন রাখিয়া দেয় এবং মৃতের আত্মীয়েরা ঐ কয়দিন কাঁদিয়া কাটিয়া শোক করিয়া রাত্রি জাগিয়া শব রক্ষা করে। পরে ৩য় কি ৪র্থ দিনে শবদাহ করে এবং সেই ভস্মরাশি বাঁশের বেড়া দিয়া ঘিরিয়া রাখে। ভস্মরাশির উপর ইহারা খাদ্য ও পানীয় প্রদান করে এবং সেই স্থলে একটী কুকুর বধ করে। ইহাদের বিশ্বাস যে মৃতব্যক্তির আত্মা মরণের পর চিকমাঙ্গ্ পর্ব্বতে অবস্থান করে। (স্থসঙ্গের উত্তরে এই নামে একটী পর্ব্বত আছে।) সেই পর্ব্বতে পঁহুছিবার জন্য ক্ষুধাতৃষ্ণায় কাতর হইতে না হয় এজন্য পূর্ব্বোক্ত খাদ্য-পানীয় ও পথভ্রম না ঘটে তজ্জন্য পথপ্রদর্শক কুকুর উৎসর্গ করা হয়। পূর্ব্বকালে ইহাদের কোন সর্দ্দারের মৃত্যু হইলে তাহার আত্মার পরিচর্য্যার্থ একটী ক্রীতদাসকেও বধ করা হইত। ঐ ক্রীতদাস একদল কর্ত্তৃক হত ও আর একদল কর্ত্তৃক অপহৃত হইত। তদুপলক্ষে মহা মারামারি দাঙ্গাহাঙ্গামা শেষে ক্ষুদ্র যুদ্ধ পর্য্যন্ত ঘটিত, ইহাদের বিশ্বাস ছিল যে এইরূপে বলাহৃত দাসের মস্তক উৎসর্গ করিলে মৃতের বড় তৃপ্তি ও তাহার আত্মীয়গণের গৌরব বৃদ্ধি হয়। তৎপরে ভোজ, পান ও আনন্দ উৎসবে শ্রাদ্ধ-কর্ম্ম শেষ হয়। এক সপ্তাহ পরে শবভস্ম মৃত ব্যক্তির গৃহদ্বারে পুতিয়া তাহার উপর এক ধ্বজা গাড়িয়া দেয়। এরূপ ধ্বজা গ্রামের মধ্যে অসংখ্য দেখা যায়।

ইহারা 'সালজাঙ্গ' নামে এক আদিদেব স্বীকার করে, সূর্য্যই তাঁহার আকার। ইহাদের বিশ্বাস শারীরিক ও মানসিক পীড়াদি কতকগুলি অপদেবতার ক্রোধে জন্মে, সুতরাং

তাহাদের প্রীতির জন্য নানাবিধ উপহার দিতে হয়; কোন কোন পূজায় গ্রামের সমস্ত লোক চাঁদা দিয়া থাকে। উপহারাদি সাধারণতঃ কোন বৃহদ্বৃক্ষতলে বা গ্রামের মধ্যে কিম্বা বাহিরে কোন স্তূপের উপর প্রদত্ত হয়। ষণ্ড, ছাগ, শূকর, মোরগ বা কুকুর বলি দেয়; তাহাদের রক্ত উৎসর্গ করা হয় এবং গ্রামবাসীরা মাংস আহার করে। সময়ে সময়ে অপদেবতাগণকে ভয় দেখাইবার জন্য গ্রাম্যপথে বৃক্ষশাখা বা সপত্রবংশে নিশান বাঁধিয়া পুতিয়া রাখে। ইহারা ডাকিনী পিশাচী প্রভৃতিতে বিশ্বাস করে ও কেহ কেহ মনুষ্যদেহ ত্যাগ করিয়া ব্যাঘ্র প্রভৃতি হিংস্র পশুরূপ ধারণ করিতে পারে, তাহাও বিশ্বাস করে। ইহাদের পূজককে 'কমাল' বলে। ইনি নানাবিধ লক্ষণ দ্বারা স্থির করেন যে কোন্ অপদেবতার ক্রোধে পীড়া ঘটিয়াছে এবং তৎপরে তাহার পূজা বলি ইত্যাদি ব্যবস্থা করেন।

ইহাদের মধ্যে জাতিভেদ ও খাদ্যবিচার নাই। গোমাংস, ব্যাঘ্রমাংস ও সর্পমাংস ইহাদের অতীব প্রিয়। 'মাহারি' বা পিতৃপুরুষের নাম বা শ্রেণী অনুসারে ইহাদের বংশ বিভক্ত। কোন বংশের কোন ব্যক্তির উপর অত্যাচার হইলে তদ্বংশীয় অপর সাধারণ তাহার প্রতিশোধ লইয়া থাকে। জমী লইয়া বিবাদ প্রায় বাঁধে এবং বাঁধিলে পর রক্তারক্তি না হইয়া মিটে না।

১৮৭২—৭৩ খৃষ্টাব্দে গারোবিদ্রোহ ঘটে, নিম্নে তাহার সংক্ষেপ বিবরণ দেওয়া গেল।—

১৮৭০ খৃষ্টাব্দে খাসিপাহাড় জরীপ হয়। তৎপরে মেজর গডউইন্ অষ্টেন নামক সেনানীর অধীনে আমিনেরা গারোপর্ব্বত জরীপ করিতে অগ্রসর হইয়া উত্তর-পূর্ব্বাঞ্চলে উপস্থিত হয়। ময়মনসিংহ ও গোয়ালপাড়ার মধ্যবর্ত্তী এই অংশ তখন বৃটীশাধিকারে ছিল। তৎপরে এখানকার ডেপুটী কমিশনর উইলিয়ম্সন্ মেজর অষ্টেনের সঙ্গে মিলিত হইয়া গারোদিগের স্বাধীনদেশে প্রবেশ করেন। তাঁহারা সুসঙ্গদামরার পথ দিয়া সারাম্ফাঙ্গ গ্রামে উপস্থিত হন, তৎপরে বাঙ্গনগিরি গ্রামে একটা ক্ষুদ্র যুদ্ধ হইবার উপক্রম ঘটে, কিন্তু মেজর অষ্টেনের কৌশলে থামিয়া যায়। সোমেশ্বরী উপত্যকা পর্য্যন্ত জরীপ কার্য্য নির্ব্বিবাদে চলে। তৎপরে ১৮৭২ খৃষ্টাব্দে মহিমরোস্ নামক পর্ব্বতের উপর আমিনেরা উপস্থিত হয়। এই স্থানে ফরামগিরি ও রঙ্গমাগিরি নামে দুইটী গ্রাম আছে, তন্মধ্যে একটী স্বাধীন, অপরটী কিয়ৎ পরিমাণে সুসঙ্গের অধীনতা স্বীকার করিত। গারোভাষায় অজ্ঞ দুইজন কুলিকে ঐ দুইগ্রামে মাইমনরাম গিরি পরিষ্কার করিবার জন্য লোকসংগ্রহে পাঠান হয়। রঙ্গমাগিরি গ্রামে ইহারা যখন পৌঁছিল, তখন সেখানে "লোকফাণ্টি" অর্থাৎ অবিবাহিতগণের আশ্রমে একটী পানভোজনের উৎসব চলিতেছিল। কুলি দুটা সম্ভবতঃ আমোদে বাধা দেওয়ায় 'লখমা' বা গ্রামের সর্দ্দারের আদেশ মত তাহাদিগকে ধরিয়া কাটিয়া ফেলিবার উদ্যোগ হয়। একজন কাটা পড়ে আর একজন পলাইয়া যায় ও তুরায় গিয়া সংবাদ দেয়। কাপ্তেন লাটুনির অধীনে একদল পুলিসসৈন্য আসে। ঐ দুই গ্রামের লোকেরা পরাজিত হয়। ১৮৭২ খৃষ্টাব্দে মে মাসে কাপ্তেন লাটুনি ফরামগিরি গ্রামের লখমা ও একজন গারোকে হত্যাকারী বলিয়া ধৃত ও বন্দী করিয়া রাখেন। তাহাতে কাকবাগিরি, বাউইগিরি প্রভৃতি কয়খানি গ্রামের লোকেরা ইংরাজাধিকৃত দামাকচিগিরি নামক গ্রাম আক্রমণ করে। কাপ্তেন লাটুনি অধিকৃত গ্রাম হইতে সাহায্য পাইলেন। দামাকচিগিরি আক্রমণের পর কাপ্তেন লাটুনি ফরামগিরি আক্রমণ করেন। তখন সকল স্বাধীন গ্রামেই আতঙ্ক হইল, ক্রমে সে আতঙ্ক গারোজাতির মধ্যে বিস্তৃত হইয়া পড়িল। ডেপুটী কমিসনর উইলিয়ম্সন আর একদল পুলিসসৈন্য সহ গোয়ালপাড়ার পুলিস সুপারিণ্টেণ্ডেণ্টকে ফরামগিরিতে পাঠাইলেন। ইহারা বাউইগিরি ও কাকবাগিরি গ্রাম আক্রমণ করিল। গারোরা দুইবার যুদ্ধ করিয়া ভঙ্গ দিল। ইংরাজেরা কতক লোককে বন্দী করিলেন। গ্রাম দুইটী তাঁহাদের অধিকৃত হইল।

১৮৬৬ খৃষ্টাব্দে গারোপাহাড় প্রথমে ইংরাজের অধীন হয়। কাপ্তেন উলিয়ম্সন্ ডেপুটী কমিসনর হইয়া তুরায় থাকেন। ১৮৭২ খৃষ্টাব্দ পর্য্যন্ত গারোরা শান্ত ছিল। আমিনদিগের সহিত পূর্ব্বোক্ত বিবাদ উপলক্ষে বাঙ্গালার ছোটলাট স্থির করিলেন যে, গারো পাহাড়ে আর কোন গ্রাম স্বাধীন রাখা উচিত নহে। সৈন্য প্রেরিত হইল। কোচবিহার বিভাগের কমিসনর ও গারোপাহাড়ের ডেপুটী কমিসনর সৈন্যপরিচালনের ভার পাইলেন। কাপ্তেন উইলিয়ম্সন্ পুলিসসৈন্য লইয়া তঙ্গবলগিরি, দিলমাগিরি প্রভৃতি বড় বড় স্বাধীন গ্রাম অধিকার করিতে খাসি পাহাড়ের মাওদুদান সহর হইতে পশ্চিমমুখে যাত্রা করিলেন। আসাম বিভাগের একদল সৈন্য এই সহরে রহিল। কাপ্তেন উইলিয়ম্সন্ রঙ্গরণগিরি গ্রামে আসিলে সুসঙ্গ দুর্গাপুর হইতে কাপ্তেন ডালি আসিয়া পৌঁছিলেন। দুইদলে মিলিয়া সোমেশ্বরী নদীতীরে ও আইমানগিরি গ্রামে যুদ্ধ

করিতে প্রস্তুত হইতে লাগিলেন। ইতিপূর্ব্বে কাপ্তেন ডালির সহিত রঙ্গরণগিরিতে গারোদিগের একটা ছোট যুদ্ধ হয়, তাহাতে গারোরা হারে। কাপ্তেন ডেভিস্ নিকরিদ্বার গ্রামের দিক্ হইতে আসিতে ছিলেন। অনেক বিলম্বে তিনি আসিয়া রঙ্গরণগিরিতে মিলিলেন। ক্রমশঃ গ্রামের পর গ্রাম বশ্যতা স্বীকার করিতে লাগিল, যুদ্ধ প্রায় করিতে হয় নাই। অনেক গ্রামের সর্দ্দারেরা ক্ষতিপূরণার্থ দণ্ড দিল। কাপ্তেন ডালি পশ্চিম পাহাড় ও কাপ্তেন ডেভিস্ উত্তরপাহাড় পরিদর্শন করিতে গেলেন ও গ্রামাদি অধিকার করিয়া শাসনার্থ লস্কর উপাধি দিয়া সর্দ্দার নিযুক্ত করিতে লাগিলেন। প্রতি বাড়ী হিসাবে সকলেই কর দিতে বাধ্য হইল। রঙ্গরণগিরিতে এক বৃহৎ সৈন্যদল ও তুরায় পুলিসসৈন্য রহিল। তদবধি গারোরা শান্ত আছে।

ইহাদের ভাষা এক নহে, দিক্ ভেদে ভাষা ভেদ এতটা যে চিক্‌মঙ্গ পর্ব্বতের লোকেরা তুরার লোকের কথা বুঝিতে পারে না। ইহারা স্বদেশ ছাড়িয়া প্রায় কোথাও যায় না। যাহারা যায়, তাহারা গারো প্রদেশের প্রান্তে বাঙ্গালী কৃষকের ন্যায় বাস করে।

গারোদী, দাক্ষিণাত্যের তেলগাঁও-দাভাড়ে হইতে ১০ মাইল দক্ষিণে অবস্থিত একটী পর্ব্বতগুহা, সমতলক্ষেত্র হইতে ৪৫০-৫০০ ফিট উচ্চ। এই পর্ব্বতে খৃষ্টীয় প্রথম শতাব্দীর খোদিত কয়েকটী বৌদ্ধগুহামন্দির দেখা যায়। ১ম গুহামন্দির পর্ব্বতের সর্ব্বোচ্চস্থানে একটী ঋজুশিখরে খোদিত। ইহার দ্বার দক্ষিণ-পশ্চিমমুখী। ইহার সম্মুখের কতকাংশ ভাঙ্গিয়া গিয়াছে। এখানে সহজে উঠিবার উপায় নাই। দ্বিতীয় গুহা ইহা অপেক্ষা নিম্নে, ইহার মণ্ডপের পরিমাণ ২৯ ফিট × ৯ ফিট ৯ ইঞ্চ × ৮ ফিট ৮ ইঞ্চ। পশ্চাদ্ভাগে চারিটী অন্তরালগৃহ দৃষ্ট হয়। প্রত্যেক দ্বারদ্বয়ের মধ্যে দুইটী আধ্‌লা আটকোণী থাম জলপাত্রের উপর স্থাপিত, যেন জল হইতে থাম উঠিয়াছে। থামের মাথায় সিংহ, ব্যাঘ্র কিম্বা হস্তীর মূর্ত্তি খোদিত। এতদ্ভিন্ন থামের মাথার মধ্যস্থানের কারুকার্য্যও অতি সুন্দর। তাহার পশ্চাদ্ভাগে নিম্নদেশে দুই ফিট প্রস্থ ও ১ ফুট ৭ ইঞ্চ উচ্চ এক একটী প্রস্তরবেদী আছে। কালে বৌদ্ধ-কীর্ত্তি লোপ পাইয়া ব্রাহ্মণ্যধর্ম্মের প্রবলতার পরিচয় দিতেছে। মন্দিরের বামভাগের তৃতীয় কক্ষে একটী লিঙ্গ-মূর্ত্তি বিরাজমান, মণ্ডপের মধ্যে শিবের বাহন বৃষভমূর্ত্তি এবং গুহার বহির্দ্দেশে দেবোদ্দেশে প্রদত্ত আলোকস্তম্ভ ও তুলসীমঞ্চ আছে। ঐ কক্ষদ্বারের পার্শ্বস্থ স্তম্ভে একখানি অস্পষ্ট শিলাফলক উৎকীর্ণ। এই শিল্পলিপি খানি ১৩৬১ সিদ্ধার্থী সম্বৎসরে (১৪৩৯ খৃষ্টাব্দে) শ্রাবণমাসের শুক্লপক্ষে লিখিত হয়।

ঐ দ্বিতীয় গুহার উত্তর-পশ্চিমদিকে কতকদূর যাইলে একটী শুষ্ক দীর্ঘিকা। তাহা অতিক্রম করিয়া কতক পথ যাইলে আর একটী ছোট গুহা দৃষ্ট হয়। ইহার সম্মুখভাগের বারাণ্ডায় চারিটী কাঠের থাম পাথরের মধ্যে খাঁজ কাটিয়া বসান। তাহার বামদিকের শেষভাগে একটী অন্তরালগৃহ ও পশ্চাতে একটী গৃহে প্রবেশের জন্য একটী দ্বার আছে। তৎপশ্চাতে পর্ব্বতের উপরে একটী বৃহৎ কূপ ও তাহার সন্নিকটে চতুর্থ গুহামন্দির অবস্থিত। এই গুহার সম্মুখের দেয়াল অপরাপর গুহা অপেক্ষা ৪।৫ ফিট চওড়া; প্রবেশের নিমিত্ত দুইটী গোলাকার দরজা আছে। ভিতরের দর-দালানের দক্ষিণদিকে ও বামদিকে চারিটী করিয়া গৃহ, তন্মধ্যে বাম-দিকের একটী গৃহ ভগ্ন হইয়া গিয়াছে। মন্দিরের পশ্চা-দ্ভাগে দুইটী অন্তরালগৃহ এবং তাহার সম্মুখে গর্ভগৃহ। এই গৃহের মধ্যে একটী 'দাঘোব' অর্থাৎ কোন মৃত ব্যক্তির নাভি-অস্থির সমাধি। ঐ সমাধিস্থানের উপর ছাদ অবধি উচ্চ স্তম্ভ ছিল। এক্ষণে ঐ স্তম্ভ কাটিয়া সেই স্থানে একটী ছোট "চৌরঙ্গ" বা শৈববেদী হইয়াছে। এই গুহামন্দিরের বামদিকে সংলগ্ন পর্ব্বতোপরি গুহাগৃহ আছে। ইহার সম্মুখস্থ দেয়ালের বামসীমায় আন্ধ্ররাজগণের সাময়িক দক্ষিণদেশীয় পালি অক্ষরে খোদিত শিলাফলকে একখানি প্রশস্তি দৃষ্ট হয়।

ঐ গিরিশ্রেণী অতিক্রম করিয়া পশ্চিমাভিমুখে যাইয়া যথায় অপর একটী পর্ব্বতের সহিত এই পর্ব্বত মিলিত হই-য়াছে, ঠিক সেইখানে বৌদ্ধ যতিদিগের আবাস জন্য আরও দুইটী দুরারোহ গুহামন্দির দৃষ্ট হয়।

গার্গ (পুং) গার্গস্য সংঘ অন্ধরা যঞন্তাৎ অণ্। (সঙ্খ্যাঙ্কলক্ষণে-ষ্বঞ্যঞিঞামণ্। পা ৪।৩।১২৭)। ১ গার্গ্যসংঘ। ২ তদঙ্ক। (ক্লী) ৩ গার্গ্যলক্ষণ। (ত্রি) গার্গ্যাদাগতঃ। ৪ গার্গ্য হইতে আগত। (পুং স্ত্রী) গার্গ্যাঃ কুৎসিতমপত্যম্ ণঃ। (গোত্রস্ত্রিয়াঃ কুৎ-সনেণ চ। পা ৪।১।১৪৭) ৪ গার্গীর কুৎসিত অপত্য।

গার্গক (পুং স্ত্রী) গার্গ্যাঃ কুৎসিতাপত্যাদিকং বুঞ্ যলোপঃ। (আপত্যস্য চ তদ্ধিতে হনাতি। পা ৬।৪।১৫১।) গার্গীর কুৎসিত অপত্য।

গার্গি, একজন প্রাচীন জ্যোতিঃশাস্ত্রকার।

গার্গিক (পুং স্ত্রী) গার্গ্যা অপত্যং ঠক্। (গোত্রস্ত্রিয়াঃ কুৎসনেণ চ। পা ৪।১।১৪৭) গার্গীর কুৎসিত অপত্য।

গার্গিকা (স্ত্রী) গার্গস্য কর্ম্ম ভাবো বা গার্গ্য বুঞ্।

(গোত্রচরণাচ্ছ্লাঘাত্যাকারতদবেতেষু। পা ৫।১।১৩৪) ১ গার্গ্যের ভাব, গার্গ্যের ধর্ম্ম। ২ গার্গ্যের কর্ম্ম। "গার্গিকয়া শ্লাঘতে গার্গ্যত্বেন বিকল্পতে।" (সি° কৌ°)

গার্গী (স্ত্রী) গর্গস্য গোত্রাপত্যং স্ত্রী যঞ্ ঙীপ্, ঙীপি য লোপঃ। (যঞশ্চ। পা ৪।১।১৬) ১ গর্গগোত্রোৎপন্না বিদুষী রমণী। শতপথব্রাহ্মণে ইহার পরিচয় আছে।

"অথৈনং গার্গীবাচক্নবী পপ্রচ্ছ।" (বৃহদারণ্যক উপনি°।) ২ দুর্গা। "হ্রীং শ্রীং গার্গীঞ্চ গান্ধর্ব্বীং।" (হরিবংশ ১৭৮ অঃ)

গার্গীপুত্র (পুং) গার্গ্যাঃ পুত্রঃ ৬তৎ। ১ গার্গীর পুত্র, শুক্লযজুর্বেদোক্ত একজন মুনি। (শতপথব্রা° ১৪।৯।৪।৩০)।

গার্গীপুত্রকায়ণি, গার্গীপুত্রায়ণি, গার্গীপুত্রি (পুং স্ত্রী) গার্গীপুত্রস্য অপত্যং বা ফিঞ্ বা কুক্চ পক্ষে ইঞ্। (পুত্রান্তাদন্যতরস্যাম্। পা ৪।১।১৫৯) গার্গীপুত্রের অপত্য।

গার্গীয় (ত্রি) গার্গ্যস্যেদং ছ যলোপশ্চ। (বৃদ্ধাচ্ছঃ। পা ৪।২।১১৪) ১ গার্গ্যসম্বন্ধীয়। ২ গার্গ্যপ্রোক্ত। (বৃহৎসংহিতা ১১।১)

গার্গেয় (পুং স্ত্রী) গর্গ-ছঞ্। ১ গর্গগোত্রোৎপন্ন।

গার্গ্য (পুং স্ত্রী) গর্গস্য অপত্যং যঞ্। (পা ৪।১।১০৫) ১ গর্গের গোত্রাপত্য। ২ একজন অতি প্রাচীন বৈয়াকরণ, পাণিনি ও যাস্ক ইহার নামোল্লেখ করিয়াছেন। নিরুক্তটীকাকার দুর্গসিংহের মতে—ইনিই সামবেদের পদপাঠ রচনা করেন। ৩ একজন প্রাচীন জ্যোতির্বিদ্, হেমাদ্রি, রঘুনন্দন, দেবনাথ প্রভৃতি স্মার্ত্তগণ গার্গ্যসংহিতা উদ্ধৃত করিয়াছেন। ইহার রচিত গার্গ্যস্মৃতি নামে একখানি ধর্ম্মশাস্ত্রও পাওয়া যায়।

গার্গ্যগোপালযজ্বন্, একজন বেদজ্ঞ পণ্ডিত। ইনি আপস্তম্বীয় পিতৃমেধভাষ্য ও যজুর্বেদপ্রাতিশাখ্যের "বৈদিকাভরণ" নামে ব্যাখ্যান রচনা করেন।

গার্ত্তক (ত্রি) গর্ত্তদেশে ভবঃ, গর্ত্ত-বুঞ্। (ধূমাদিভ্যশ্চ। পা ৪।২।১২৭) গর্ত্তদেশজাত।

গার্ৎসমদ (পুং) গৃৎসমদস্যাপত্যং অণ্। (শিবাদিভ্যোঽণ্। পা ৪।১।১১২) গৃৎসমদের পুত্র। ইনি শুনকগোত্রের তিন প্রবরের অন্তর্গত একজন ঋষি।

"শুনকানাং গৃৎসমদেতি ত্রিপ্রবরং বা ভার্গবশৌনহোত্রগার্ৎসমদেতি।" (আশ্বলায়নশ্রৌ° ১২।১০।১৩)

গার্দ্দভ (ত্রি) গর্দ্দভস্যেদং অণ্। (তস্যেদম্। পা ৪।৩।১২০) গর্দ্দভসম্বন্ধীয়।

"দীপনং গার্দ্দভং মূত্রং ক্রিমিবাতকফাপহম্" (সুশ্রুত ১৪৫ অঃ)

গার্দ্দভরথিক (ত্রি) গর্দ্দভযুতং রথমর্হতি ঠক্। (নঞো গুণপ্রতিষেধে সংপাদ্যর্হহিতালমর্থাস্তদ্ধিতাঃ। পা ৬।২।১৫৫) গর্দ্দভযুক্ত রথগমনযোগ্য।

গার্দ্ধ্য (ক্লী) গর্দ্ধ ভাবে ষ্যঞ্, গর্দ্ধ এব স্বার্থে ষ্যঞ্। লোভ, অতিশয় তৃষ্ণা।

গার্ধ্রপক্ষ (পুং) গৃধ্রস্যায়ং অণ্ গার্ধ্রঃ, গার্ধ্রঃ পক্ষো যস্য। গৃধ্রপক্ষবিশিষ্ট বাণ। (হেম°)

গার্ধ্রপত্র (পুং) গার্ধ্রং গৃধ্রসম্বন্ধীয়ং পত্রং পক্ষোঽস্য। গৃধ্রপক্ষবিশিষ্ট। "গার্ধ্রপত্রাঃ শিলাসিতাঃ।" (ভারত ৪।৪২ অঃ)

গার্ধ্রবাজিত (পুং) গার্ধ্রবাজঃ কৃতঃ গার্ধ্রবাজ করোত্যর্থে ণিচ্ কর্ম্মণি-ক্ত। কৃতগৃধ্রপক্ষবাণ, যে বাণে গৃধ্রপক্ষ সংযুক্ত করা হইয়াছে।

"কাঞ্চনৈ র্গার্ধ্রবাজিতৈঃ।" (ভারত ৪।৪৮ অঃ)

গার্ধ্রবাসস্ (ত্রি) গার্ধ্রঃ পক্ষো বাস ইবাস্য। গৃধ্রপক্ষযুক্তবাণ। "শরাণাং গার্ধ্রবাসসাম্।" (ভারত ৩।৩০ অঃ)

গার্ভ (ত্রি) গর্ভে গর্ভশুদ্ধৌ সাধু অণ্। ১ গর্ভশুদ্ধির নিমিত্ত যাহার অনুষ্ঠান করা হয়। "গার্ভৈর্হোমৈঃ।" (মনু ২।২৭) গর্ভস্যেদং অণ্। ২ গর্ভসম্বন্ধীয়।

"সংস্কারৈর্বিবিধৈস্তদ্বদ্ গার্ভমেনো ব্যপোহতি।" (স্মৃতি।)

গার্ভিক (ত্রি) গর্ভ ঠক্। গর্ভসম্বন্ধীয়।

"বৈজিকং গার্ভিকং চৈনো দ্বিজানামপমৃজ্যতে।" (মনু ২।২৭)

গার্ভিণ (ক্লী) গর্ভিণীনাং সমূহঃ অণ্। (ভিক্ষাদিভ্যোঽণ্। পা ৪।২।৩৮) গর্ভিণীসমূহ।

গার্ম্মুত (ত্রি) গর্ম্মুত ইদম্ অণ্। গর্ম্মুৎ ধান্য সম্বন্ধীয়।

"প্রাজাপত্যং গার্ম্মুতং চরুং নির্ব্বপেৎ।" (তৈত্তিঃসং ২।৪।৪।৭)

গার্ষ্টেয় (পুং স্ত্রী) গৃষ্টেরপত্যং পুমান্ ঢঞ্। (গৃষ্ট্যাদিভ্যশ্চ। পা ৪।১।১৩৬) গৃষ্টির অর্থাৎ একবার প্রসূত ধেনুর অপত্য, বৃষভ।

"গার্ষ্টেয়ো বৃষভো গোভিরানট্।" (ঋগ্বেদ ১০।১১১।২)

'সকৃৎ প্রসূতাগৌঃ গৃষ্টিঃ তস্যা অপত্যম্।' (সায়ণ)

গার্হপত (ত্রি) গৃহপতেরিদং গৃহপতে-র্ভাবো বা অশ্বপত্যাদিত্বাৎ অণ্। ১ গৃহপতি সম্বন্ধীয়। (ক্লী) ২ গৃহপতির ভাব।

"বৈশ্বরাজন্যয়োঃ গার্হপতে।" (কাত্যা° শ্রৌ° ১।৬।১৬)

গার্হপত্য (পুং) গৃহপতিনা যজমানেন নিত্যং সংযুক্তঃ সংজ্ঞায়াং ঞ্য। (গৃহপতিনা সংযুক্তে ঞ্যঃ। পা ৪।৪।৯০) যজমানরূপ গৃহপতির সহিত সংযুক্ত অগ্নিবিশেষ।

"গার্হপত্যাদাহবনীয়ং জলন্তমুদ্ধরেৎ।" (আশ্ব° শ্রৌ° ২।২।১)

সাগ্নিক গৃহপতিমাত্রকে অবিচ্ছেদরূপে এই যজ্ঞাগ্নি রক্ষা করিতে হয়।

গার্হপত্যাগার (পুং) গার্হপত্যস্যাগারঃ, ৬তৎ। গার্হপত্য অগ্নির গৃহ।

গার্হমেধ (পুং) গৃহস্থায়ং অণ্ গার্হঃ মেধঃ, কর্ম্মধা°। গৃহসম্বন্ধীয় যজ্ঞ, গৃহস্থের কর্ত্তব্য পঞ্চ যজ্ঞরূপ কর্ম্ম।

"তথৈব রাজন্নুরুগার্হমেধ-বিতান-বিদ্যোরু বিজৃম্ভিতেষু।"
(ভাগবত ৫।১১।২)

গার্হস্থ্য (ক্লী) গৃহস্থস্য কর্ম্ম গৃহস্থ-যৎ। ১ গৃহস্থ কর্ত্তব্য পঞ্চ যজ্ঞাদিকর্ম্ম। (পুং) ২ দ্বিতীয় আশ্রম।

"চতুর্ণামাশ্রমাণাংহি গার্হস্থ্যং শ্রেষ্ঠমাশ্রমম্।"
(রামায়ণ ২।১০৬।২১)

গাল (গল্লশব্দজ) কপোলদেশ, গণ্ড।

গালন (ক্লী) গল চালনে ভাবে ল্যুট্। ল-নিট্-ল্যুট্বা। ক্ষারণ, নিঃস্রাবণ, গলান।

"তথা পচেৎ যথা দাহ-কাঠিন্যাতিশৈথিল্যমণ্ডগালন-রহিতোঽন্তরুষ্ম পক্বশ্চরুর্ভবতি।" (ভবদেব।)

গালব (পুং) গল ঘঞ্ গালঃ তং বাতি বা ক। ১ লোধ্রবৃক্ষ। (মেদিনী)। ২ কেন্দুকবৃক্ষ। (শব্দচন্দ্রি°)। ৩ মুনিবিশেষ। ইনি বিশ্বামিত্রের পুত্র। (হরিবংশ ২৭ অঃ)। ৪ বিশ্বামিত্রের এক শিষ্য। তিনি ভক্তি ও সেবা শুশ্রূষা দ্বারা বিশ্বামিত্রকে অতিশয় সন্তুষ্ট করেন। পরিশেষে তিনি গুরুদক্ষিণা দিবার জন্য বিশ্বামিত্রের নিকট প্রার্থনা করিলে বিশ্বামিত্র তাহা লইতে অস্বীকার করেন। গালব অনুরোধ করিলে বিশ্বামিত্র রুষ্ট হইয়া, যাহার একটীমাত্র কর্ণ শ্যামবর্ণ এরূপ আটশত অশ্ব চাহিলেন। তখন গালব গরুড়কে প্রসন্ন করিয়া তাঁহার সহিত যযাতির নিকট গমন করেন। তিনি গালবকে আটশত অশ্বের পরিবর্ত্তে মাধবী নামে এক কন্যা দিলেন। স্থির হইল যে ব্যক্তি সেই কন্যাতে এক একটী পুত্র উৎপাদন করিবেন, তাঁহাকে দুইশত সেইরূপ অশ্ব শুল্কস্বরূপ দিতে হইবে। এইরূপে মাধবী দ্বারা অশ্বলাভ করিয়া গালব গুরুদক্ষিণা দিয়াছিলেন। (ভারত ৫।১০৬।১০৮ অঃ)

৫ একজন প্রসিদ্ধ বৈয়াকরণ, যাস্ক (৪।৩) এবং পাণিনি (৬।৩।৬১) তাঁহার মত উদ্ধৃত করিয়াছেন।

৬ একজন ধর্ম্মশাস্ত্রকার, হেমাদ্রি ও মাধবাচার্য্য গালব-স্মৃতি উদ্ধৃত করিয়াছেন।

গালবক্ষেত্র, একটী পুণ্যস্থান। [গলগলি দেখ।]

গালবি (পুং) গালবস্য অপত্যং ইঞ্। প্রাক্‌শৃঙ্গবৎ নামক গালব ঋষির এক পুত্র। ইনি কুনিগর্গের এক অতি বৃদ্ধা কন্যাকে বিবাহ করেন। [তৎকথা মহাভারত শল্যপর্ব্বে ৫৩ অধ্যায়ে বিস্তৃতভাবে বর্ণিত আছে।]

গালবাদ্য (ক্লী) মুখে হস্ত দিয়া বম্ বম্ শব্দ করা। এই গালবাদ্য মহাদেবের অতিশয় প্রিয়, তাই গালবাদ্য করিয়া মহাদেবের উপাসনা করিতে হয়।

গালা (গলধাতুজ) ১ জতু, জৌ, লাহা, লা। ভারতের বন প্রদেশে অনেক গালা পাওয়া যায়। [লাক্ষা, জতু দেখ।] ২ গলান।

গালাগালি (দেশজ) ১ কটুবাক্য। ২ শাপ।

গালি (পুং) গাল্যতে বিক্রিয়তে মনো যেন যদ্বা গাল্যতে গুহ্যমনেন, গল-ঘঞ্। শাপ মন্দ, কটুবাক্য।

"দদতু দদতু গালিং গালিমন্তো ভবন্তো
বয়মিহ তদভাবাদ্ গালিদানে হসমর্থাঃ॥" (চিন্তামণি)

গালিচা (যাবনিক) মেষলোমাদি প্রস্তুত কম্বল বিশেষ।

গালিত (ত্রি) গল ণিচ্-কর্ম্মণি ক্ত। দ্রবীকৃত, গলান।

"গালিতস্য সুবর্ণস্য ষোড়শাংশেন সীসকম্।" (রত্নাবলী।)

গালিনী (স্ত্রী) গালয়তি দ্রবীকরোতি গল-ণিচ্ ণিনি ঙীষ্। মুদ্রাবিশেষ। পূজার সময়ে যে শঙ্খটীতে অর্ঘ্য স্থাপনা করা হয়, তাহার উপরে এই মুদ্রাটী প্রদর্শন করিবে। বামহস্তের উপরে অধোমুখে ডান হাত রাখিয়া বাম হস্তের কনিষ্ঠার সহিত ডানহাতের অঙ্গুষ্ঠ এবং ডানহাতের কনিষ্ঠাঅঙ্গুলির সহিত বামহস্তের অঙ্গুষ্ঠটী যোগ করিবে। বামহস্তের তর্জনীর সহিত ডানহাতের তর্জনী ও উভয় হস্তের মধ্যম অঙ্গুলিটী সরলভাবে পরস্পর যোগ করিবে, ইহাকে গালিনী মুদ্রা বলে। (তন্ত্রসার)

গালিমৎ (ত্রি) গালির্বিদ্যতে হস্য গালি-মতুপ্। গালিযুক্ত, আক্রোশযুক্ত।

"দদতু দদতু গালিং গালিমন্তোভবন্তঃ।" (চিন্তামণি)

গালিম (আরবী) বিপক্ষ, শত্রু।

গালিব (আরবী) একজন মুসলমান কবি। ইঁহার আসল নাম মির্জা আসাদ-উল্লা খাঁ। ইনি আলী বক্‌স্ খাঁর পুত্র, ফিরোজপুর ও লোহারির নবাব আহ্মদ বক্‌স্ খাঁর ভ্রাতুষ্পুত্র। ইনি পারস্য ভাষায় একখানি 'দিবান' এবং ভারতবর্ষের মোগল সম্রাট্‌গণের ইতিহাস রচনা করেন। ১৩৮৫ হিজিরায় দিল্লীনগরে ইঁহার মৃত্যু হয়।

গালী (দেশজ) কটুকথা।

গালুনিয়া (গালনীয় শব্দজ) যাহা গলিয়া যায়।

গালোড়ন (ক্লী) গালোড়িতমাচষ্টে গালোড়িত-ণিচ্ ইত-ভাগস্য লোপে, গালোড়ি-ধাতুঃ। গালোড্যতে অনেন গালোড়ি করণে ল্যুট্। ১ উন্মাদ। ২ রোগ। ৩ মূর্খত্ব।

গালোড়িত (ত্রি) গালোড়ঃ সঞ্জাতোঽস্য গালোড়-ইতচ। যদ্বা গাব ইন্দ্রিয়াণি আলোড়িতা বিকলীকৃতা যস্য বহুব্রী, পৃষোদরাদিবৎ গোশব্দস্য ওকারলোপে সাধুঃ। ১ উন্মাদশীল। ২ রোগার্ত্ত। ৩ মূর্খ।

"উন্মাদশীলো রোগার্ত্তো মূর্খোগালোড়িতঃ স্মৃতঃ।" (কলাপটী°)

কোন কোন পুস্তকে "গালোড়িত" স্থলে "গালোহিত" পাঠও দেখিতে পাওয়া যায়।

গালোড্য (ক্লী) গলোড্য-স্বার্থে-অণ্। ১ ধান্যবিশেষ। ২ পদ্মবীজ, ফোঁপল। (রাজনি॰)

গাবট, বোম্বাই প্রেসিডেন্সীর মহীকান্তা বিভাগের অন্তর্গত একটী ক্ষুদ্ররাজ্য। এই রাজ্যের মধ্যে সর্ব্বসমেত ১৯০০ একর ভূমিতে চাষবাস হয়। মাক্‌বাণা কোলিবংশীয় ঠাকুরেরা এখানকার রাজা। আয় ৩১৭০৲ টাকা, তন্মধ্যে ইদরের রাজাকে ৩০৲ টাকা কর দিতে হয়।

গাবল্‌গণি (পুং) গবল্গণস্যাপত্যং গবল্গণ-ইঞ্। গবল্গণের পুত্র, সঞ্জয়। "গাবল্গণে ক্ব নস্তাতো বৃদ্ধোহীনশ্চ নেত্রয়োঃ॥" (ভাগবত ১।১৩।৩২) 'গাবল্গণে গবল্গণস্য পুত্র সঞ্জয়' শ্রীধর।

গাবিত, দাক্ষিণাত্যের বেল্‌গাম্ প্রদেশের অন্তর্গত সাঁপগাঁও গ্রামবাসী ধীবর জাতি। প্রবাদ আছে যে, রত্নগিরি, বেনগুরলা ও তন্নিকটবর্ত্তী স্থানে তাহাদের আদিবাস ছিল, কিন্তু কতদিন যে এইস্থানে আসিয়া বাস করিতেছে, তাহার স্থিরতা নাই। ইহাদের দেখিতে ঠিক কোলিজাতির মত। সকলেই মরাঠী ভাষায় কথা কহিয়া থাকে।

ইহাদের মধ্যে যাহার সম্পত্তি অধিক, তাহারই কোটাঘর, গরিবেরা খোড়োঘরে বাস করে। ইহারা সকলপ্রকার খাদ্য খায়। মদ্য, মাংস ও মৎস্যে কিছু বেশী আসক্ত। মাছ ধরিয়া বিক্রয় করাই ইহাদের জাত ব্যবসা, কিন্তু এক্ষণে কতকলোক চাষবাস করিয়া জীবিকানির্ব্বাহ করিতেছে।

ব্রাহ্মণের প্রতি ইহাদের বিশেষ ভক্তি আছে। ইহাদের জন্ম, মৃত্যু, বিবাহ ও অপরাপর ব্রতকর্ম্ম ব্রাহ্মণ দ্বারাই সম্পন্ন হইয়া থাকে। ইহারা সকল দেবদেবীর উপাসনা করে, কিন্তু তন্মধ্যে বেতালের পূজাই সর্ব্বপ্রধান। সকল হিন্দুপর্ব্ব পালন করে বটে, কিন্তু কোন উপবাসাদি করে না। ইহারা ভূত, প্রেতাত্মার আগমন, শুভাশুভ চিহ্নদর্শন প্রভৃতি ইষ্টানিষ্টদায়ক ঘটনায় বিশ্বাস রাখে। কেহ মরিলে শবদাহ করে না।

ইহাদের মধ্যে বিধবাবিবাহ প্রচলিত। জাতীয় একতা সূত্রে সকলেই আবদ্ধ। সমাজে কোনরূপ গোলযোগ উপস্থিত হইলে পাঁচজনে একত্র হইয়া তাহার নিষ্পত্তি করিয়া থাকে।

গাবিলগড়, দাক্ষিণাত্যের বেরার প্রদেশের অন্তর্গত একটী পার্ব্বতীয় জেলা। সাতপুরা পর্ব্বতের যে শাখা দক্ষিণ-পশ্চিমাভিমুখে বেটুল, মেলঘাট ও নিমারের ভিতর দিয়া তাপ্তী ও পূর্ণানদীর সঙ্গমে আসিয়া পড়িয়াছে, তাহারই মধ্যে অক্ষা॰ ২১° ১৫´ হইতে ২১° ০´ ৪৬´´ উঃ ও দ্রাঘি॰ ৭৬° ৪০´ হইতে ৭৭° ৫৩´ পূঃ, ইলিচপুর হইতে প্রায় ১৫ মাইল উত্তরপশ্চিমে গাবিলগড় অবস্থিত। মেলঘাটের নিকটে পর্ব্বতের উচ্চতা সমুদ্রপৃষ্ঠ হইতে প্রায় সর্ব্বত্রই ৩৪০০ ফিট, ইহার সর্ব্বোচ্চ "বৈরাটশৃঙ্গ" উচ্চে ৩৯৮৭ ফিট। ইহার পূর্ব্বদিকে মল্‌হার, পশ্চিমে ঢুলঘাট ও বিঙ্গার গিরিসঙ্কট, এতদ্ভিন্ন আরও কতকগুলি নূতন পথ আছে। পর্ব্বতের নিম্নদেশে বন্যজাত দ্রব্য ও কাষ্ঠ বিক্রয়ের জন্য সরু সরু দুর্গম পার্ব্বতীয় পথ আছে।

ইলিচপুর জেলার মেলঘাট উপবিভাগে, তাপ্তী ও পূর্ণা নদীর মধ্যবর্ত্তী পর্ব্বতের উচ্চভূমিতে সমুদ্রপৃষ্ঠ হইতে ৩৫৯৫ ফিট উচ্চে গাবিলগড় গিরিদুর্গ স্থাপিত।

পূর্ব্বে এই স্থানে "গৌলি বা গাব্‌লী" জাতির বাস ছিল। তাহারা বোধ হয় এই গড় নির্ম্মাণ করে। সম্ভবতঃ গাব্‌লীজাতির নাম হইতে এই স্থান ও দুর্গের নাম গাবিলগড় হইয়াছে। এখনও এখানে এই জাতীয় বহুসংখ্যক লোকের বসবাস দেখা যায়। কেহ কেহ বলেন যে, বাহ্মণীবংশীয় আহ্মদশাহ ১৪২০ খৃষ্টাব্দে এই দুর্গ নির্ম্মাণ করাইয়া ছিলেন। কালে ইহা নিজাম রাজ্যের অন্তর্ভুক্ত হয়, তৎপরে গোঁড় (গোণ্ড) সর্দ্দার অধিকার করেন। ১৭৫৪ খৃষ্টাব্দে মহারাষ্ট্র-সামন্ত রঘুজী ভোঁস্‌লে (১ম) এই দুর্গ কাড়িয়া লয়েন। ১৮৩৩ খৃষ্টাব্দে জেনারল ওয়েলেস্‌লি ও কর্ণেল ষ্টিভেন্‌সন্ বেরাররাজ রঘুজী ভোঁস্‌লের বিরুদ্ধে গাবিলগড় দুর্গ অবরোধ করিয়া গোলা বর্ষণ করেন। তিনদিন গোলাবৃষ্টির পর ১৫ই ডিসেম্বরে এই দুর্গ ইংরাজের অধিকারে আইসে। ১৮৫৩ খৃষ্টাব্দে দুর্গ ভাঙ্গিয়া ফেলা হয়। এখন এখানে দুইটী মস্‌জিদ, বারুদখানা ও সোরাখানা আছে।

গাবিষ্ঠির (পুং স্ত্রী) গবিষ্ঠিরস্যাপত্যং গবিষ্ঠির-অঞ্ (অনৃষ্যানন্তর্য্যে বিদাদিভ্যোঽঞ্। পা ৪।১।১০৪) গবিষ্ঠির ঋষির অপত্য। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হইয়া গাবিষ্ঠিরী শব্দ হয়।

গাবিষ্ঠিরায়ণ (পুং স্ত্রী) গাবিষ্ঠিরস্য যুবাপত্যং গবিষ্ঠির-ফক্। (হরিতাদিভ্যোঽঞঃ। পা ৪।১।১০০) গবিষ্ঠির ঋষির যুবাপত্য। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হইয়া গাবিষ্ঠিরায়ণী শব্দ হয়।

গাবীধুক (ত্রি) গবীধুকায়া বিকারঃ গবীধুক-অণ্। গবীধুকার বিকার, তাহাদ্বারা প্রস্তুত চরু প্রভৃতি।

"অষ্টাকপালং নির্বপতি রৌদ্রং গাবীধুকং চরু মৈন্দ্রং।"
(তৈত্তিরীয়সংহিতা ১।৮।৭।১)

গাবেধুক (ত্রি) গবেধুকায়া বিকারঃ গবেধুকা-অণ্। (বিল্বাদিভ্যোঽণ্। পা ৪।৩।১৩৬) গবেধুকার বিকার, গবেধুকা দ্বারা প্রস্তুত চরু প্রভৃতি।

"রৌদ্রং গাবেধুকং চরুং নির্বপতি।" (শতপথ ব্রা° ৫।৩।৩।৭)

গাব্‌লী, দাক্ষিণাত্যের গোয়ালাজাতি। বিজাপুর, মাম্‌দাপুর, বাঘলকোট, ইল্‌কল, কলাদ্‌গি, তালীকোট ও সিন্ধগী প্রভৃতি স্থানে ইহাদের বসবাস আছে। মহারাষ্ট্র ও শোলাপুরের নিকটবর্ত্তী পন্ধরপুর নামক স্থানে ইহাদের আদিবাস ছিল। সম্ভবতঃ গাভীদোহন করে বলিয়া ইহাদের নাম গাভ্‌লী বা গাব্‌লী হইয়াছে।

ইহাদের মধ্যে দুইটী থাক আছে—একটী লিঙ্গায়ত বা নন্দ-গাব্‌লী এবং উহাদের নিম্ন শ্রেণীকে মরাঠী বা খিল্লারি গাব্‌লী বলে। ভৈরবাড়ী, দহিন্দে, গদ্যাপ্পা, ঘাটী, গ্যানাপ, জগান্-গাব্‌লী, কিলেস্কর, কিস্‌লে, নামদে, পনগুড়বালী প্রভৃতি ইহাদের উপাধি এবং ঐ সকল পদবী হইতে এক একটী ভিন্ন শাখা উৎপন্ন হইয়াছে। ইহাদের মধ্যে বর ও কন্যা এক পদবীর হইলে বিবাহ হয় না।

গাব্‌লীরা বড়ই গরীব, ইহাদের দেখিতে মরাঠী কুণ্‌বিদিগের মত এবং বেশভূষাও তাহাদের অনুরূপ। তবে মহারাষ্ট্রীয় পাগড়ীর পরিবর্ত্তে ইহারা কণাড়ীদিগের মত রুমাল ব্যবহার করে। ইহারা গ্রামের মধ্যে বাস করিতে চায় না। তাই মাঠের মধ্যে কুটীর বাঁধিয়া নিজ নিজ গোমেষাদি লইয়া বাস করে। ইহাদের সকলেই প্রায় নিরামিষভোজী, পূজাপার্ব্বণে পিয়াজ, দধি, ভাত ও রুটী মাখন মাখাইয়া খাইয়া থাকে। সপ্তাহে বা পক্ষান্তরে একবার মাত্র স্নান করে। কেহ কেহ প্রতি রবিবারে স্নানান্তে গৃহস্থিত খাণ্ডোবার প্রতিমূর্ত্তির পূজা ও তাঁহাকে দুগ্ধাদি নিবেদন করিয়া থাকে। লিঙ্গায়ত মতাবলম্বী হইলেও ইহারা তাহাদিগের মত মদ্য বা মাংস ভোজন করে না।

এই জাতি স্বভাবতঃ ধীর, পরিশ্রমী, সৎ ও পরিমিতব্যয়ী, কিন্তু ইহাদের আচার ব্যবহার ভাল নয়। গোমেষাদি পালন, দুগ্ধ, দধি ও মাখন বিক্রয়ই ইহাদের উপজীবিকা। স্ত্রীলোকেরা দধি, ছানা ও মাখন প্রস্তুত করে এবং মাথায় লইয়া গ্রামের পথে পথে ঘুরিয়া বিক্রয় করিয়া বেড়ায়। বালকেরা মাঠে গো-মেষাদি চরায়। পুরুষেরা প্রাতে ও সায়ংকালে দুই ঘণ্টা করিয়া পরিশ্রম করে।

লিঙ্গায়ত গাব্‌লীরা স্বজাতিস্পৃষ্ট অন্ন ব্যতীত অপর কোন লোকের অন্ন ভোজন করে না। খিল্লারিরা সকলের হাতেই খাইয়া থাকে।

তুল্‌জাপুরের খাণ্ডোবা ও অম্বাবাই ইহাদের প্রধান দেবতা। ইহারা পন্ধরপুর, জেজুরি, তুল্‌জাপুর ও সিঙ্গনাপুরে দেবদর্শনোদ্দেশে তীর্থযাত্রা করিয়া থাকে।

ব্রাহ্মণের উপর ইহাদের অচলা, ভক্তি ব্রাহ্মণের নিকট বিবাহ বা শ্রাদ্ধব্রতাদি কার্য্যের শুভদিন দেখাইয়া লয়। ফাল্গুনমাসের দোলপূর্ণিমায় "হোলি," শ্রাবণ মাসে নাগপঞ্চমী, আশ্বিনে দশেরা, কার্ত্তিকী অমাবস্যায় দেওয়ালী ও মার্গশীর্ষে "ছট্টি" ইহাদের প্রধান পর্ব্বদিন। একাদশী, শিবরাত্র ও গোকুলাষ্টমীতে উপবাস ও পরদিন পারণ করে। সকলেই শ্রাবণ মাসের প্রতি সোমবারে এবং মার্গশীর্ষের প্রতি রবিবারে উপবাস করিয়া থাকে। পন্ধরপুরের নিকটবর্ত্তী মাদলগাব নামক গ্রামে ইহাদের গুরু বাস করেন। সকলেই তাঁহাকে চন্দ্রশেখরাপ্পা (অর্থাৎ চন্দ্রশেখর বাবা) বলিয়া ডাকে। তিনি অবিবাহিত, মৃত্যুর পূর্ব্বে তাঁহাকে একটী শিষ্য রাখিতে হয়। গুরুর মৃত্যুর পরে ঐ শিষ্য চন্দ্রশেখরাপ্পা পদ পাইয়া থাকে। তাঁহাকেও চিরজীবন ঐ পদে অবিবাহিত অবস্থায় থাকিতে হয়।

ইহারা ভবিষ্যদ্বাণী বিশ্বাস করে, এই জন্য প্রায়ই নিজ অদৃষ্টপরীক্ষার জন্য দৈবজ্ঞের নিকট অথবা সামুদ্রিকশাস্ত্রাধ্যায়ীর নিকট গমন করে। ইহারা ডাইনে বা ভূতে পাওয়া বিশ্বাস করে না, কারণ তাহারা জানে যে গাব্‌লীদের উপর কখনও অপদেবতার দৃষ্টি পড়ে না।

শিশু প্রসূত হইলে তাহার নাড়ী কাটার পর গরমজলে তাহাকে ও প্রসূতিকে স্নান করান হয়। তৎপরে ক্রমান্বয়ে প্রসূতিকে শুষ্ক নারিকেলের শাঁস, শুঁট ও পিপুল গুঁড়াইয়া ঘৃতের সহিত খাইতে দেওয়া হয়। পাঁচ দিন ইহাদের অশৌচ থাকে। পঞ্চমদিবসে সূতিকাগৃহ ধুইয়া তাহার চারিধারে গোবরের প্রলেপ দেয় এবং প্রসূতি বস্ত্রাদি সমস্তই কাচিয়া শুদ্ধ হয়। ঐ দিবস সন্ধ্যার পর "সাতভাই" দেবতার পূজা হয়। পুরোহিত আসিয়া শিশুর গলায় লিঙ্গসূত্র বাঁধিয়া দেন ও এই সময়ে তাঁহাকে ১৯টী পয়সা দক্ষিণা দিতে হয়। পরদিন কেহ দৈবজ্ঞের নিকট যাইয়া বালকের নাম স্থির করিয়া আসে। দ্বাদশদিনে ৫টী সধবা স্ত্রীলোককে নিমন্ত্রণ করে। তাহারা আসিয়া পুত্রের জন্য দোল্লা খাটায়, পরে পুত্রকে কোলে লইয়া তাহার নামকরণ করে। তাহার পর ইহাদের কোলে গম, কলাই, নারিকেলকুরা ও গুড় ঢালিয়া দেওয়া হয়। ৯ হইতে ১২ মাসের মধ্যে শিশুর মাতুল আসিয়া ভাগিনেয়ের মস্তক মুণ্ডন করিয়া দেয়।

কোন বিবাহের সম্বন্ধ স্থির করিতে হইলে বরকর্ত্তা ও কন্যাকর্ত্তা দুইচারিজন স্বজাতি সঙ্গে লইয়া দৈবজ্ঞের নিকট যায় এবং তাহাকে বর ও কন্যার নাম বলিয়া জিজ্ঞাসা করে

যে এই বিবাহে নবদম্পতি ভবিষ্যৎকালে সুখী হইবে কি না? যদি উভয়ের জন্মনক্ষত্র পরস্পর অনুকূল হয়, তাহা হইলে বিবাহদিন ধার্য্য হইয়া থাকে এবং সেই সময়ে কন্যার মুখে কিছু মিষ্টান্ন দেওয়া হয়।

শুভদিনে বরকর্ত্তা কন্যাকর্ত্তার বাটীতে যাইয়া তাহার গৃহ-দেবতার সম্মুখে ঘণ্টী, সাড়ী, হাতভোরা, জামা, এক টুকরা ছিটের কাপড়, পাঁচকুনিকা চাউল, রম্ভা, খর্জ্জুর, সুপারি ও হরিদ্রা প্রত্যেক পাঁচটী এবং এক বাণ্ডিল সিন্দূর দিয়া থাকে। ইষ্টদেবতার জন্য কেবল ১ মোড়া চিনি রাখিয়া দেয়। পরে কন্যাকে ঐ জামা, কাপড় ও গহনা পরাইয়া আসে। একজন লিঙ্গায়ত পুরোহিত কন্যার হস্তস্পর্শ করে ও পাঁচজন সধবা স্ত্রীলোক তাহার কোলে বসে। কন্যাকর্ত্তা সে দিন অভ্যাগত ব্রাহ্মণ, পুরোহিত ও আত্মীয় স্বজনকে পান ও চিনি দিয়া বিদায় করে।

বরকর্ত্তা বিবাহের দিন স্থির করে। বর কন্যাকর্ত্তার গৃহে আসিলে পরদিনে তাহার গাত্রহরিদ্রা হয় এবং সেই হরিদ্রার অবশিষ্টাংশ কন্যাকে মাখায়। তৎপরে দুইটী চতুরস্র খাত কাটিয়া তন্মধ্যে উভয়ে দাঁড়াইয়া স্নান করে। ঐ খাতের চারিকোণে চারিটী কলস এবং তাহা সূতা দিয়া ঘেরা থাকে। বিবাহের সময় পুরোহিত ঐ সূত্র বরের দক্ষিণ ও কন্যার বামহস্তে বাঁধিয়া দেয়। ঐ সময়ে অপরাপর ৫টী লিঙ্গায়ত ব্রাহ্মণ ৫টী পূর্ণ ঘট পূজা করে। বিবাহকালে বর ও কন্যা পরস্পর সম্মুখীন হইয়া ঝুড়ির উপর দাঁড়ায় এবং তাহাদের মাথার উপরে একখানি কাপড় ঢাকা দেয়। প্রথমে পুরোহিত ও শেষে সমাগত আত্মীয়েরা ধান দিয়া আশীর্ব্বাদ করেন। সন্ধ্যার সময় বর ও কন্যা ষাঁড়ের উপর চড়িয়া স্বদলে গ্রামা দেবতার পূজা করিতে যায়। ইহার পর 'সাড়' বা আত্মীয়ের মধ্যে বস্ত্র বিতরণ হইয়া থাকে। সেই সময় কন্যার শ্বাশুড়ী নববধূকে কোলে লয়। ইহাদের মধ্যে বাল্যবিবাহ, বিধবাবিবাহ ও বহুবিবাহ প্রচলিত আছে।

লিঙ্গায়ত গাব্‌লীরা মৃতদেহ কবরস্থ করে ও লিঙ্গায়তদিগের মত অপরাপর অন্ত্যেষ্টিক্রিয়াও করিয়া থাকে। শববাহীদিগের মধ্যে কেহ স্নান করিয়া, কেহবা কেবলমাত্র ঘুঁটের ছাই মাখিয়া শুদ্ধ হয়। তৃতীয়দিনে ইহারা গোরস্থানে যায় এবং মৃতের উপর একটী মৃত্তিকাস্তূপ বসাইয়া দেয়। তাহারা ফিরিয়া আসিলে, চারিজন শববাহী এক একটী পাত্রে তৈল রাখিয়া নিজ নিজ মুখ দেখিয়া থাকে। তৃতীয় অথবা দ্বাদশদিনে মৃতের কবরের নিকট অন্ন ব্যঞ্জনাদি দেওয়া হয়। সেই অন্ন কাকে না খাইলে তাহা গোরুকে খাইতে দেয়। দ্বাদশদিনে ইহাদের অশৌচ দূর হয় এবং ঐ দিনে স্বজাতি মধ্যে ভোজ হইয়া থাকে। ইহারা প্রতিবৎসর বৈশাখমাসের তৃতীয়দিনে মৃতের উদ্দেশে শ্রাদ্ধ করে।

মরাঠী গাব্‌লীদের আচার ব্যবহার অন্যান্য মহারাষ্ট্রী হইতে বিভিন্ন। ইহাদের মধ্যে জাতীয় একতা অতি দৃঢ়।

ইহারা সকলেই মরাঠী ভাষায় কথা কহিয়া থাকে। বিদ্যাভ্যাসের জন্য কেহই বিদ্যালয়ে যায় না।

গাসিটি বেগম, সুয়াজিস্ মুহম্মদ শাহামৎ জঙ্গের স্ত্রী। বাঙ্গালার শাসনকর্ত্তা আলীবর্দ্দী খাঁর কন্যা ও নবাব সিরাজ-উদ্দৌলার মাসী। ইনি সিরাজের বিরুদ্ধে শাসনভার গ্রহণ করিবার জন্য একজন উত্তরাধিকারী খাড়া করেন। তাঁহার আপত্তি যুক্তিসঙ্গত না হওয়ায় সিরাজ বাঙ্গালার নবাব হইলেন। কিন্তু তথাপি সিরাজ মাসীর উপর অসন্তুষ্ট ছিলেন না, কিন্তু পাছে মাসীর আত্মীয়েরা তাঁহার নিকট হইতে সাহায্য পাইয়া সিরাজের বিরুদ্ধে উত্থিত হয়, এই ভয়ে তিনি তাঁহার রাজবাটী ও বিষয় সম্পত্তি অধিকার করিয়াছিলেন। ১৭৬০ খৃষ্টাব্দে জুনমাসে মীরজাফরের পুত্র মীরণের আদেশে জাহাঙ্গীরনগরের নিকটে নদীর জলে গামিসটি বেগম ও সিরাজের মাতা আমিনা বেগমকে ডুবাইয়া মারা হয়।

গাহ্ (পুং) গহ্ কর্ম্মণি ঘঞ্। ১ গহন, দুর্গম।

"মহো গাহাদ্দিব আ নিরধুক্ষত।" (ঋক্ ৯।১১০।৮)

'গাহাৎ গহনাৎ' (সায়ণ)। গাহতে অবগাহতে গাহ কর্ত্তরি অচ্। ২ যে অবগাহন করে, অবগাহনকর্ত্তা।

গাহক (ত্রি) গাহ-বুণ্। ১ অবগাহনকর্ত্তা, যে অবগাহন করে। (গাথক শব্দজ) ২ যে ভাল গান করিতে পারে।

গাহন (ক্লী) গাহ-ল্যুট্। বিলোড়ন, আকুলীকরণ।

গাহনীয় (ত্রি) গাহ-অনীয়র্। বিলোড়নীয়, যাহাকে বিলোড়ন করা উচিত।

গাহিত (ত্রি) গাহ-ক্ত। ১ আলোড়িত। ২ অবগাহিত।

গাহিতৃ (ত্রি) গাহ-তৃচ্। ১ অবগাহনকর্ত্তা। ২ আলোড়নকর্ত্তা। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হইয়া গাহিত্রী শব্দ হয়।

গিজগিজ (দেশজ) নিরন্তরালভাব।

গিজালী-মৌলানা, একজন রাজকবি। মস্‌হদ্ নগরে ইহার জন্ম। ইনি স্বকৃত রৌজৎ-উস্-সাফা নামক কবিতায় আত্মপরিচয় দিয়া লিখিয়াছেন যে, ৯৩০ হিজিরা অব্দে তাঁহার জন্ম হয়। প্রাপ্তবয়সে ইনি জন্মভূমি পরিত্যাগ করিয়া দাক্ষিণাত্যে আইসেন এবং আশায় হতাশ হইয়া তথা হইতে জৌনপুরের শাসনকর্ত্তা খাঁ জমান্ আলী

কুলী খাঁর অধীনে কয়েক বৎসর কর্ম্ম করেন। এই সময়ে তিনি 'নক্‌স্ বড়ীয়া' নামে একটী কবিতা রচনা করেন, ইহাতে নবাব জমান্ তাঁহার প্রতি সন্তুষ্ট হইয়া ঐ কবিতার এক একটী যুগ্মকের মূল্য স্বরূপ এক একটী স্বর্ণ মুদ্রা দিয়াছিলেন। ৯৭৫ হিজিরায় সম্রাট্ অকবরের সহিত যুদ্ধে খাঁ জমানের মৃত্যু হইলে গিজালী অকবরের আশ্রয় গ্রহণ করেন। সম্রাট্ তাঁহাকে দিল্লীতে লইয়া গিয়া নিজকার্য্যে নিযুক্ত করেন এবং "মালিক-উস্ শোআ'রা" (কবিদিগের রাজা) উপাধি দিলেন। ভারতবর্ষে কবিদিগের মধ্যে ইনিই সর্ব্বপ্রথম এই উপাধি প্রাপ্ত হন। অকবরের গুজরাট্ জয়কালে গিজালী তাঁহার সঙ্গে ছিলেন। তথায় ৯৮০ হিজিরায় উপদংশরোগে তাঁহার মৃত্যু ঘটে এবং তথাকার আহ্মদাবাদ নগরের সিরকিজ নামক স্থানে গিজালীকে গোর দেওয়া হয়। তিনি একখানি দিবান এবং "কিতাব-আস্‌রার," "রিশহাৎ-উল্-হৈঅৎ" ও "মিরৎ-উল্ কাবনাৎ" নামে তিন খানি মস্‌নবী রচনা করেন। সর্ব্বাপেক্ষা বৃহৎ মস্‌নবীতে ৫০,০০০ ক্ষুদ্র ক্ষুদ্র কবিতা আছে।

গিজিয়ানী, আফ্‌গানস্থানবাসী 'কাখৈ' পাঠানজাতির একটী শাখা, খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর শেষভাগে তৈমূরের সময়ও এই জাতির কোন নির্দ্দিষ্ট বাসস্থান ছিল না। তাঁহার বংশধর উলুগবেগের রাজত্বকালে ইহারা তাঁহার বিশেষ সাহায্য করিয়াছিল। কিন্তু উলুগ কৃত-উপকার ভুলিয়া বিশ্বাদঘাতকতাপূর্ব্বক ইহাদিগকে কাবুল রাজধানী হইতে তাড়াইয়া দেন। পরে ইহারা পেশাবর উপত্যকায় আসিয়া বাস করে। এক্ষণে কাবুল ও স্বাৎ নদীর মধ্যবর্ত্তী উর্ব্বরা ভূমিতে বাস করিতেছে।

গিজ্জিহল্লী, দাক্ষিণাত্যের ধারবার প্রদেশের অন্তর্গত হান্‌গল্ নগরের দুই মাইল দক্ষিণে অবস্থিত একখানি গণ্ডগ্রাম। এখানে বাসবেশ্বরের একটী মন্দির আছে। ঐ মন্দিরের মধ্যে বাসব মূর্ত্তির দুইপার্শ্বে ১১০৩ খৃষ্টাব্দে উৎকীর্ণ দুইখানি শিলালিপি বিদ্যমান।

গিঞ্জা, উত্তর-পশ্চিম প্রদেশের আলাহাবাদ হইতে ৪০ মাইল দক্ষিণপশ্চিমে ও বরগড় রেল ষ্টেসন হইতে ১১ মাইল দক্ষিণে স্থিত একটী পাহাড়। বিন্ধ্যপর্ব্বতের যে স্থান হইতে তোন্স নদী প্রবাহিত হইয়া সমতলক্ষেত্রের উপর পড়িয়াছে, তাহারই নিকটে অবস্থিত। ইহার সর্ব্বোচ্চ শিখরটী ২০০ ফিট এবং সমুদ্রপৃষ্ঠ হইতে পর্ব্বতের উচ্চতার পরিমাণ ১৩২৬ ফিট হইবে। এই পাহাড়ের নিম্নতলের চারিধারের ভূমির ঘের প্রায় ৪ ক্রোশের অধিক। পাহাড়ের নিম্নদেশ অতিশয় ঢালু ও জঙ্গলে পরিপূর্ণ। এখানে একটীও মনুষ্যের সমাগম নাই। এই ভূভাগও আলাহাবাদ প্রদেশের বার পরগণার মধ্যে অন্তর্নিবিষ্ট, কিন্তু রাজকীয় মানচিত্রে ইহা রেবারাজ্যের এলাকাভুক্ত লিখিত হইয়াছে।

পাহাড়ে উঠিবার প্রথমার্দ্ধেক পথ কষ্টকর হইলেও আয়াসসাধ্য; এই স্থানে ২০০ ফিট পরিধির একটী বৃহৎ ইদারা আছে। ইহার পর পর্ব্বতের উপরে পথসমূহ অতি দুর্গম ও কণ্টকাকীর্ণ জঙ্গলে আবৃত। পাহাড়ের উপরে দক্ষিণদিকে একটী সমতল স্থান আছে। ঐ স্থানের উপরে পর্ব্বতগাত্র হেলিয়া ছাদের আকার ধারণ করিয়াছে। ঐ পর্ব্বতাশ্রম বা দালানটী লম্বে ১০০ ফিট ও প্রস্থে প্রায় ৫০ ফিট। ঐ পর্ব্বতাগাত্রস্থ দালানের ছাদের উচ্চতা সর্ব্বত্র সমান নহে, কোথাও ২০ ফিট, কোথাও বা ২৫ ফিট দৃষ্ট হয়। দালানের পূর্ব্ব ও পশ্চিমসীমা কৃত্রিম দেয়াল দিয়া ঢাকা এবং সমগ্র সম্মুখভাগ খোলা। এই পাহাড়ের ঠিক মধ্যস্থলে পর্ব্বতগাত্রে উত্তরভারতীয় প্রাচীন গুপ্তাক্ষরে খোদিত একখানি শিলালিপি পাওয়া যায়। ঐ শিলাফলকের অক্ষরগুলিতে লালরং দেওয়া; অক্ষরের দুইপার্শ্বে অনেক মনুষ্য ও জীব জন্তুর মূর্ত্তি খোদিত আছে। শকরাজগণের রাজত্ব সময়ে উৎকীর্ণ শিল্পলিপিতে যেরূপ ভাষা দেখা যায়, এই খানির মুখপাতেরও ভাষা ঠিক সেইরূপ।

ঐ ফলকখানি ৫২ সম্বৎসরে গ্রীষ্ম ঋতুর চতুর্থপক্ষে মহারাজ শ্রীভীমসেন কর্ত্তৃক প্রদত্ত হয়। শিলাফলকে প্রাচীন গুপ্ত অক্ষর ও শকভাষা দেখিয়া ইহা সমধিক প্রাচীন বলিয়া বোধ হয়।

গিঞ্জি (দেশজ) ১ ঘেঁস, ঘনঘন। ২ দুষ্প্রবেশ।

গিঞ্জি (প্রকৃত নাম শেন্‌জী) মান্দ্রাজ প্রেসিডেন্সীর দক্ষিণ আর্কট জেলার অন্তর্গত তিণ্ডিবনম্ তালুকের মধ্যে একটী পর্ব্বতময় ভূভাগ ও গিরিদুর্গ। মান্দাজ নগর হইতে ৮২ মাইল দক্ষিণপশ্চিমে কৃষ্ণগিরি হইয়া সমুদ্র উপকূলে আসিবার পথে অবস্থিত। অক্ষা° ১২° ১৫′ ২৯″ উঃ ও দ্রাঘি° ৭৯° ২৬′ ৮″ পূঃ।

গিরিদুর্গটী অতিশয় পুরাতন। এই কারণেই বহুকাল হইতে এই স্থান ইতিহাসপ্রসিদ্ধ। কিছু দিন পূর্ব্বে ঐ পর্ব্বতের নিম্নদেশে অল্পসংখ্যক গৃহ ব্যতীত একখানিও সমৃদ্ধিশালী গ্রাম ছিল না। গবর্মেণ্ট বাহাদুর গিঞ্জি নামটী চিরস্থায়ী করিবার জন্য নিকটবর্ত্তী বাগায়া গ্রামেরও গিঞ্জি নাম রাখিলেন। কেল্লার তিন ধারে রাজগিরি, কৃষ্ণগিরি ও চন্দ্রায়নদুর্গ নামক তিনটী পাহাড় আছে; ঐ পাহাড় তিনটী পরস্পর সুদৃঢ় প্রাচীর দ্বারা সংলগ্ন। সুতরাং

কোন শত্রুই সহজে এই কেল্লা দখল করিতে পারিত না। পর্ব্বত ও প্রাচীর সমেত কেল্লার পরিধি ৭ মাইলের অধিক।

রাজগিরিতে দেখিবার অনেক জিনিষ আছে। পর্ব্বতটী উচ্চে প্রায় ৬০০ ফিট, ইহার সর্ব্বোচ্চস্থানে এক খণ্ড প্রস্তরের উপর শত্রুর আগমন জানিবার জন্য দুর্গম সৈনিকাবাস, তন্মধ্যে যাতায়াতের জন্য সম্মুখে ২৪ ফিট দীর্ঘ ও ৬০ ফিট নিম্ন একটী কাষ্ঠসেতু নির্ম্মিত আছে।

কোন্ সময়ে গিঞ্জির দুর্গ কে নির্ম্মাণ করিয়াছিল, তাহার কোন প্রকৃত প্রমাণ পাওয়া যায় না। কেহ বলেন যে, চোলরাজগণের সময়ে সর্ব্ব প্রথমে এই দুর্গ স্থাপিত হয়। কাহারও মতে ১৪৪২ খৃষ্টাব্দে তঞ্জোরের শাসনকর্ত্তা বিজয়রঙ্গ নায়কের পুত্র এই দুর্গ নির্ম্মাণ করিতে আরম্ভ করিয়াছিলেন। কিন্তু বিজয়নগররাজ হরিহর কর্ত্তৃক ১৩৮৩ খৃষ্টাব্দে প্রদত্ত একখানি প্রশস্তিতে লিখিত আছে যে, দুর্গ হইতেই এই প্রদেশের নাম গিঞ্জি হইয়াছে। অতএব তাঁহার পূর্ব্ব হইতেই এই সুদৃঢ় দুর্গের নির্ম্মাণ কার্য্য সম্পূর্ণ হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই। কেল্লার ভিতরে কল্যাণমহাল, জিমখানা, শস্ত্রাগার, ঈদগাবাড়ী, বারিক, মণ্ডপ ও একটী ৮ তোলা গুম্বেজ আছে। এই গুম্বেজের প্রথম ছয় তলে ৮ ফিট চতুরস্র গৃহের চারিধারে বারাণ্ডা এবং প্রত্যেক তল হইতে উপরে উঠিবার জন্য এক একটী সিঁড়ি আছে। ৭ম তলের বারাণ্ডা ভাঙ্গিয়া গিয়াছে, উপরের তলের ঘরটী সকলের ছোট। ৬ষ্ঠ তল হইতে একটী মাটির নল প্রাচীরের নিম্ন দিয়া প্রায় ৬০০ গজ পর্য্যন্ত গিয়া এক পুষ্করিণীতে পড়িয়াছে। রাজগিরির উপরে গড়ের বাহিরে এবং শিখরের উপরে দুইটী স্বচ্ছসলিলা ও চিরবাহিনী প্রস্রবণ আছে। ঐ প্রস্রবণের জল স্থানীয় সকল লোকই খাইয়া থাকে। রাজগিরি ও চন্দ্রায়ন দুর্গের মধ্যে দুইটী পুষ্করিণী ও দুর্গের জল আসিয়া পড়িবার জন্য একটী কাটা খাল আছে। রাজগিরির উপরে একটী বৃহৎ কামান ও ১৫ ফিট চতুরস্র ও ৫ ইঞ্চ পুরু একখানি গ্রেণাইট প্রস্তর পড়িয়া আছে। কামানটী এরূপ ধাতুতে নির্ম্মিত যে কোন কালে ইহাতে মরিচা ধরে না। ইহার চুঙ্গীর গোড়ায় ৭৫৬০ সংখ্যা খোদিত আছে। স্থানীয় লোকেরা বলে, এইখানে রাজবাড়ী ছিল এবং উক্ত প্রস্তরে দাঁড়াইয়া রাজা স্নান করিতেন। পাথরের নিকটে একটী বৃহৎ কূপও দেখা যায়। প্রবাদ আছে যে রাজারা কয়েদীদিগকে ইহার মধ্যে ফেলিয়া দিয়া অনাহারে বিনাশ করিতেন। দুর্গের আর্কটদ্বারের নিকটে একখানি প্রস্তরের উপর শিল্পলিপি খোদিত। রাজগিরির দক্ষিণে চক্‌লীদুর্গম্ পাহাড়ে আর একটী স্বতন্ত্র কেল্লা আছে।

বহুদিন এই দুর্গ বিজয়নগরের অধীন থাকে, পরে মহিসুরের নায়েকেরা দখল করেন। ১৫৬৪ খৃষ্টাব্দে তালীকোটের যুদ্ধে মুসলমানকরগত হয়। ১৬৩৮ খৃষ্টাব্দে বিজয়পুরের সেনানায়ক, শিবজীর পিতা শাহজীর সাহায্যে দুর্গ অধিকার করেন, কিন্তু ১৬৭৭ খৃষ্টাব্দে শিবজী তাঁহার নিকট হইতে কাড়িয়া লন। তৎপরে গিঞ্জিদুর্গ ২১ বৎসর মহারাষ্ট্রনেতার কর্ত্তৃত্বাধীনে থাকে। দিল্লীর সম্রাট্ অরঙ্গজেব মহারাষ্ট্রবল উচ্ছেদ করিবার জন্য জুল্‌ফিকার খাঁকে পাঠান। ৮ বৎসর ক্রমান্বয়ে যুদ্ধের পর ১৬৯৮ খৃষ্টাব্দে মোগলসৈন্য গিঞ্জিদুর্গ অধিকার করে। ১৭৫০ খৃষ্টাব্দে ফরাসীসৈনিক মার্সেল বুঁসী গিঞ্জি আক্রমণ করেন। ১১ বৎসর কাল ফরাসী অধীনে থাকিয়া ১৭৬১ খৃষ্টাব্দে ৫ সপ্তাহ অবরোধের পর কাপ্তেন ষ্টিফেন স্মিথ গিঞ্জি দখল করিলেন। ১৭৮০ খৃষ্টাব্দে পুনরায় হাইদার আলীর হস্তগত হয়। মুসলমান আক্রমণের সময় গিঞ্জির দেসিংহরাজ (?) রাজা তেজসিংহ মুসলমানের বিরুদ্ধে ঘোরতর যুদ্ধ করিয়াছিলেন। তাঁহার এই বীরত্বগীতি অদ্যাপি স্থানীয় লোকেরা গাহিয়া থাকে। তাঁহার মৃত্যুর পর তদীয় মহিষী সহমৃতা হইয়াছিলেন। রণজয়ী নবাব সাদত উল্লাখাঁ সতীর এরূপ স্বামীভক্তিতে সন্তুষ্ট হইয়া তাঁহার স্মরণার্থ আর্কটের নিকট তাঁহার নামানুসারে "রাণীপত্তে" নামে একটী নগর স্থাপন করেন।

রাজগিরিস্থ মন্দিরাদির কারুকার্য্যময় স্তম্ভগুলি ফরাসীরা পুঁদিচেরীতে লইয়া রাখিয়াছে। তথায় যাইলে এখনও তাহার শিল্পনৈপুণ্য দৃষ্টিগোচর হয়।

গিঞ্জির এক মাইল উত্তরে পাহাড়ের উপরে "তিরুনাথর কুঁড়ু" নামক স্থানে পর্ব্বতগাত্রে চব্বিশটী জৈন তীর্থঙ্কর মূর্ত্তি খোদিত আছে। ইহার ১½ মাইল উত্তরপশ্চিমে পর্ব্বতোপরে রঙ্গানীমল্ল নামে একটী বিষ্ণুমন্দির আছে। লোকে এই দেবতাকে বিশেষ ভক্তি করে। এই মন্দিরটী পাহাড় কাটিয়া নির্ম্মাণ করা হইয়াছে। ইহার উত্তরে আর একটী ভগ্নমন্দিরে অনেকগুলি খোদিত শিলাফলক দেখা যায়।

গিড়বা, একটী নদী। হিমালয়ের গহ্বর হইতে উঠিয়া নেপাল ও অযোধ্যার মধ্য দিয়া কৌরিয়ালা নদীতে আসিয়া পড়িয়াছে, ইহার উৎপত্তি স্থানের জল অত্যন্ত স্বচ্ছ বলিয়া তথায় ইহার 'সীসাপানী' নাম হইয়াছে। পূর্ব্বে একটী সামান্য স্রোত ছিল মাত্র, কিন্তু এখন প্রকৃত নদীর আকার

ধারণ করিয়াছে। ইহার গর্ভে খণ্ড খণ্ড পাথর আছে। ইহার গভীরতা ৩।৪ ফিটের অধিক নহে, এক প্রস্থে প্রায় ৪০০ গজ হইবে। কিন্তু স্রোতের গতি এত বেগবতী যে বলবান্ হস্তী এমন কি দুএক স্থান ব্যতীত মানুষেও এই নদী পারাপার হইতে পারে না। ইহার তীরভূমি শালবৃক্ষে পরিপূর্ণ, মধ্যে মধ্যে পাহাড়ের ঢল নাবিয়া ক্ষুদ্র স্রোত হইয়াছে। ঐ সমস্ত ক্ষুদ্র স্রোতের মাঝে মাঝে দ্বীপের ন্যায় বনময় চরভূমি। গিড়বা নদীতে সরযূ ও চৌকা বা সারদা নদীর জল মিশিয়া ঘর্ঘরা নাম ধারণ করিয়াছে।

২ (হিন্দী) একপ্রকার শস্যবিনাশকারী পোকা।

গিট্‌কিরি (দেশজ) স্বরগ্রামের উপর শীঘ্র শীঘ্র গমনের নাম গিট্‌কিরি। মূর্চ্ছনা হইতে ইহার এই প্রভেদ করা যাইতে পারে যে, মূর্চ্ছনায় শ্রুতি সকল স্পষ্ট প্রকাশিত হওয়া উচিত, ইহাতে তত স্পষ্ট না হইলেও চলিতে পারে। ইহা কেবল মধুরতার জন্যই ব্যবহৃত হয়।

গিদ (পুং) রথের পালক, দেবতাবিশেষ। "গিদৈষ তে রথ এষ বামশ্বিনা" (তাণ্ড্যব্রা° ১।৭।৭) 'গিদোনাম রথপালকঃ কশ্চিদ্ দেববিশেষঃ' (ভাষ্য।)

গিধড় (গৃধ্র শব্দজ) ১ গৃধ্র। ২ শিয়াল।

গিধিনী (গৃধ্রী শব্দজ) স্ত্রীশকুনি।

গিধী (গৃধ্র শব্দজ)। ১ গৃধ্র। ২ শিয়াল।

গিধোড়, মুঙ্গের জেলার অন্তর্গত গিধোড় রাজস্ব-বিভাগের একটী নগর। অক্ষা° ২৪° ৫১´ উঃ ও দ্রাঘি° ৮৬° ১৪´৩১´´ পূঃ। পূর্ব্বকালে এই নগর বেশ সমৃদ্ধিশালী ও বহুজনাকীর্ণ ছিল। কিন্তু এক্ষণে ক্রমেই ক্ষীণপ্রভ হইতেছে। নগরের নিকটে একটী বৃহৎ প্রাচীন কেল্লার ভগ্নাবশেষ দেখা যায়। ঐ দুর্গের প্রাচীর ও বাটী বড় বড় প্রস্তর খণ্ডে নির্ম্মিত। ইহাতে অপর কোনরূপ মালমসলা নাই। গড়ের মধ্যে চারিটী প্রবেশের পথ। যথাক্রমে দক্ষিণ, পশ্চিম ও উত্তরদ্বার হস্তী, অশ্ব, উষ্ট্র নামে খ্যাত, কেবলমাত্র পূর্ব্বদ্বার মহাদেবের নামে আছে। কেহ কেহ বলেন যে, সেরশাহ এই দুর্গ নির্ম্মাণ করেন। কিন্তু এ কথা বিশেষ প্রামাণ্য নহে, দুর্গটি বহু প্রাচীন। সম্ভবতঃ সম্রাট্ হুমায়ুনের সহিত যুদ্ধকালে সেরশাহ ঐ দুর্গের কেবল জীর্ণ সংস্কার করিয়াছিলেন।

বর্ত্তমান গিধোড়-রাজবংশের প্রতিষ্ঠাতা বীর বিক্রমসিংহ চন্দ্রবংশীয় ক্ষত্রিয়। ইহার পূর্ব্বপুরুষেরা বুন্দেলখণ্ডের অন্তর্গত মহোবা নামক বিষয়ের অধিকারী ছিলেন। খৃষ্টীয় ১১শ শতাব্দীতে তথা হইতে তাড়িত হইয়া রেবারাজ্যের অন্তর্গত বর্দ্দীনগরে আসিয়া বাস করেন। ১১৬৮ খৃষ্টাব্দে বর্দ্দীরাজের কনিষ্ঠ ভ্রাতা বীরবিক্রম সিংহ দেওঘরে বৈদ্যনাথ দর্শনমানসে সপরিবারে উপস্থিত হন। প্রবাদ আছে, যে বৈদ্যনাথ তাঁহাকে চারিপার্শ্বের সমুদায় ভূভাগ অধিকার করিতে স্বপ্নাদেশ করেন। তিনি এই রাজ্য অধিকারের পর প্রথম গিধোড়রাজরূপে অভিহিত হন। এই বংশের দশম রাজা পূরণমল্ল বৈদ্যনাথদেবের মন্দির নির্ম্মাণ করিয়া দেন। মন্দিরের ভিতরের দরজার উপরিভাগে সংস্কৃত ভাষায় অদ্যাপি তাঁহার প্রশস্তি খোদিত আছে। বীরবিক্রম হইতে চতুর্দ্দশ পুরুষ অধস্তন ডল্লনসিংহ বাঙ্গালার উদ্ধত সুবেদারকে দমন করিবার জন্য দিল্লীসম্রাটের পৌত্র সুলমানের সাহায্য করায় ১০৬৮ হিজিরায় সম্রাট্ শাহজহান তাঁহাকে ফরমাণ দ্বারা রাজা উপাধি প্রদান করিলেন। এই ফরমাণে শাহজাহান ও দারাসেকোর সহি দৃষ্ট হয়। যখন বঙ্গ ও বেহারের শাসনভার ইংরাজ গবর্মেণ্ট স্বহস্তে গ্রহণ করেন, তখন ইংরাজ কোম্পানি (গিধোড়রাজের ১৯শ পুরুষ) রাজা গোপালসিংহের নিকট হইতে তাঁহার বিষয় সম্পত্তি কাড়িয়া লইলেন। ১৮৫৫ খৃষ্টাব্দে সাঁওতালবিদ্রোহের সময় রাজা গোপালসিংহের পৌত্র জয়মঙ্গলসিংহ ইংরাজের বিশেষ সাহায্য করেন, তাহাতে বড়লাট সন্তুষ্ট হইয়া ১৮৫৬ খৃষ্টাব্দে তাঁহাকে একখানি সনন্দ ও রাজা উপাধি দেন। সিপাহীযুদ্ধের সময় তিনি ইংরাজ গবর্মেণ্টকে যথেষ্ট সাহায্য করিয়াছিলেন, তজ্জন্য ১৮৬৫ খৃষ্টাব্দে বৃটীশ গবর্মেণ্ট তাঁহাকে যাবজ্জীবন মহারাজ ও কে, সি, এস্, আই (K. C. S. I.) উপাধি এবং তাঁহাকে ও তাঁহার বংশধরদিগকে লাখরাজ সত্বে প্রচুর জায়গীর দান করেন। তৎপুত্র মহারাজ শিবপ্রসাদ সিংহ। তৎপুত্র রাবণেশ্বরপ্রসাদ গিধোড়ের বর্ত্তমান রাজা।

গিধোড়রাজ্যের ভূপরিমাণ ২২৩০২ বর্গমাইল। ইহার মধ্যে ১৪টী বিষয় আছে। জামুই নামক স্থানে মাজিষ্ট্রেট ও মুন্‌সফি আদালত আছে।

গিধোড়-গল, পেশবরপ্রদেশের অন্তর্গত একটী গিরিসঙ্কট। আটকনগরের ৫ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। অক্ষা° ৩৩° ৫৬´ উঃ ও দ্রাঘি° ৭২° ১২´ পূঃ। পথটী ১০ ফিট প্রশস্ত। এত সরু বলিয়া শৃগালের গলিবার উপযুক্ত পথ বিবেচনায় 'গিধোড়গল' নাম হইয়াছে। কখন কখনও এই পথ দিয়াও সৈন্যাদি যাতায়াত করে।

গিন্নি (গৃহিণী শব্দজ) গৃহিণী, গৃহের কর্ত্রী ঠাকুরাণী, ভার্য্যা।

গিমা, একপ্রকার বন্যশাক, ইহার পাতা সরু, ফুলের রঙ শাদা এবং রস তিক্ত।

গিন্দুক (পুং) গেন্দুক-পৃষোদরাদিবৎ সাধুঃ। গেন্দুকবৃক্ষ। (হেম)

গিয়াসাবাদ, বঙ্গের মুর্শিদাবাদের অন্তর্গত আজিমগঞ্জের তিন ক্রোশ উত্তরে ভাগীরথীর দক্ষিণ উপকূলে অবস্থিত একটী প্রাচীন নগর। অক্ষা° ২৪° ১৭´৩৩´´ উঃ ও দ্রাঘি° ৮৮° ১৬´৪১´´ পূঃ। ইহার প্রাচীন নাম বদ্রিহাট। এখন স্থানীয় পুলিস ফাঁড়িকে বদ্রিহাট থানা বলিয়া থাকে। গৌড়ের গয়াস্‌উদ্দীন্ নামে একজন পাঠান রাজার নামানুসারে গিয়াসাবাদ নাম হইয়াছে। চলিত কথায় গয়সাবাদ বলে। এখানকার ধ্বংশাবশেষ দেখিলে ইহা অতি প্রাচীন নগর বলিয়াই বোধ হয়। এই স্থানে একটী দুর্গ, রাজবাটী, পালি-ভাষায় খোদিতলিপিযুক্ত প্রস্তরস্তম্ভ, বিচিত্র বিচিত্র শিল্পময় প্রস্তরাদির ভগ্নাবশেষ স্বর্ণমুদ্রা ও মৃৎপাত্রাদি পাওয়া গিয়াছে। পূর্ব্বে কোন্ বংশীয় রাজগণ এইখানে রাজত্ব করিতেন, তাহার কোন ইতিহাস জানা যায় নাই। পালিভাষায় লিখিত শিলা-ফলক দেখিয়া অনুমান হয় যে এখানে পূর্ব্বকালে কোন বৌদ্ধরাজার রাজত্ব ছিল। ধ্বংশাবশেষের মধ্যে কতক কলিকাতার যাদুঘরে আনিয়া রাখা হইয়াছে।

গিয়াসপুর, লক্ষ্মণাবতীর অন্তর্গত একটী নগর। গৌড়ের মুসলমান রাজগণের সময় এইখানে টাঁকশাল ছিল।

গির্ (স্ত্রী) গৃ-ক্বিপ্। বাক্য।

"গীর্ভিষ্ট্বা বয়ং বর্দ্ধয়ামো বচোবিদঃ।" (ঋক্ ১।৯১।১১)

গির, বোম্বাই প্রেসিডেন্সীর কাঠিয়াবাড় বিভাগের অন্তর্গত একটী গিরিশ্রেণী। ডিউ দ্বীপের ২০ মাইল উত্তরপূর্ব্ব হইতে আরম্ভ করিয়া প্রায় ৪০ মাইল পর্য্যন্ত বিস্তৃত হইয়াছে। এই বনময় পর্ব্বতমধ্যে দস্যুপতি হাবাবাল ভারতীয় নৌ-সেনাধ্যক্ষ কাপ্তেন গ্রাণ্টকে ১৮১৩ খৃষ্টাব্দে আড়াই মাস বন্দী করিয়া রাখেন।

গিরা (স্ত্রী) গির্ বা টাপ্। (টাপং চাদৌ-হলন্তানাং ক্ষুধা বাচা নিশাগিরা। অপিশলীয়।) বাক্য।

"তাং গিরাং করণাং শ্রুত্বা।" (দশরথবিলাপ)

গিরাড়, মধ্যপ্রদেশের বর্দ্ধাজেলার অন্তর্গত একটী নগর, বর্দ্ধা-নগরের ৩৭ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। অক্ষা° ২০° ৪০´ উঃ ও দ্রাঘি° ৭৯° ৯´ ৩০´´ পূঃ। ইহার নিকটবর্ত্তী পর্ব্বতে সেখ-খাজা ফরিদ্‌পীরের পীঠ। স্থানীয় হিন্দু ও মুসলমান ভক্তেরা সর্ব্বদা সেইস্থানে যাইয়া থাকে। ধার্ম্মিক ফরিদ ত্রিশবৎসর কাল ফকিরবেশে ভারতের নানা স্থান পরিভ্রমণ করিয়া ১২৪৪ খৃষ্টাব্দে এই পর্ব্বতে আসিয়া বাস করেন। ইহার সম্বন্ধে অনেক আশ্চর্য্য ঘটনা শুনা যায়। পাঁচখানি গ্রামের আয়ে এই পীরস্থানের খরচ চলে। এখানে একটী পুলিশ ও গ্রাম্য বিদ্যালয় আছে। সপ্তাহে সপ্তাহে হাট বসে।

গিরি (পুং) গৃ-ই, কিচ্চ। (কৃ গৃ শৃ পৃ কুটিভিদিচ্ছিদিভ্যশ্চ। উণ্ ৪।১৪২)। ১ পর্ব্বত। "গিরের্ভৃষ্টির্ন ভ্রাজতে তুজা শবঃ।" (ঋক্ ১।৫৬।৩) 'গিরেঃ পর্ব্বতস্য' (সায়ণ।) ২ তান্ত্রিক-সন্ন্যাসীবিশেষ।

"সদোর্দ্ধবাহুর্যো বীরঃ মুক্তকেশো দিগম্বরঃ।
সর্ব্বত্র সমভাবেন ভাবয়েদ্‌যোনরোত্তমঃ॥
ইষ্টদেবী-ধিয়া নারীং স গিরিঃ পরিকীর্ত্তিতঃ॥" (তন্ত্র)

যিনি সর্ব্বদাই ঊর্দ্ধবাহু, বীরাচারী, মুক্তকেশ ও উলঙ্গ, সর্ব্বত্রই সমভাবে অবলোকন করেন এবং আপনার ইষ্টদেবী ভাবিয়া সকল নারীর উপরে অনুরাগ প্রকাশ করিয়া থাকেন, তাহাকেই গিরি বলে।

৩ পরিব্রাজকগণের উপাধিবিশেষ। শঙ্করাচার্য্যের প্রধান শিষ্য আনন্দ এই উপাধিধারী ছিলেন।

৪ নেত্ররোগবিশেষ। ৫ গেন্দুক। (বিশ্ব) ৬ মেঘ।

"গিরয়োনাপ উগ্রা অস্পৃধ্রন্।" (ঋক্ ৬।৬৬।১১)।

'গিরয়ো মেঘাঃ' (সায়ণ।)

৭ পারদদোষবিশেষ। পারদের এই দোষের শোধন না করিয়া সেবন করিলে শরীরের জাড্য হয়।

"মলং বিষং বহ্নিগিরী চ চাপলং
নৈসর্গিকং দোষমুশন্তি পারদে" (ভাবপ্রকাশ)

৮ দশনামী সম্প্রদায়ের অন্তর্গত একটী সম্প্রদায়। [দশ-নামী দেখ।] মণ্ডনমিশ্রের শিষ্য "গিরি" হইতে এই সম্প্র-দায়ের নামকরণ হইয়াছে। ইঁহাদের মধ্যে এক একজন মঠধারী মোহন্ত আছেন। তাঁহারাই এই সম্প্রদায়ের প্রধান। বর্ত্তমানকালে এই সম্প্রদায়ের অনেক লোক বৈষ্ণব ধর্ম্ম অবলম্বন করিয়াছে, তাহারা গিরিবৈষ্ণব নামে খ্যাত। উৎকলে এইরূপ গিরিবৈষ্ণব দেখা যায়। তাহারা কৃষি-ও শিষ্য সেবকদিগের দান গ্রহণ করিয়া জীবিকানির্ব্বাহ করে। যশোরজেলায় ইহারা যোগীবৈষ্ণব নামে প্রসিদ্ধ। ইহারা দারপরিগ্রহ করে না।

(ত্রি) ৯ পূজ্য, শ্রেষ্ঠ। (মেদিনী)

(স্ত্রী) গৃ-ভাবে ই কিচ্চ। ১০ নিগরণ, ভক্ষণ। গিরতি স্তোকং গৃ-কর্ত্তরি ই। ১১ বালমূষিকা। স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীপ্ হয়। গিরি শব্দের পরবর্ত্তী নদী নখ প্রভৃতি কয়েকটী শব্দের নকার ণত্ব হয়।

গিরিক (পুং) গিরৌ কৈলাসে কায়তি কৈ-ক। ১ শিব।

"গিরিকো হিণ্ডুকোবৃক্ষঃ জীবঃ পুদ্গালএবসঃ।"(ভারত°১২।৩৬৮অঃ)

(ত্রি) গিরৌ ভবঃ গিরি-কন্। ২ পর্ব্বতজাত।

গিরিকচ্ছপ (পুং) গিরৌ পর্ব্বতস্থদরীষু কচ্ছপঃ। একপ্রকার

জলচর কচ্ছপ, এই জাতীয় কচ্ছপ পর্ব্বতের গহ্বরে বাস করে। এই কচ্ছপ গৃহে থাকিলে পিশাচ প্রভৃতি অপদেবতার উৎপাত নিবারণ হয়।

"তরক্ষোশ্চর্ম্মদংষ্ট্রাচ তথৈব গিরিকচ্ছপঃ।
আজ্যধূমো বিড়ালশ্চ ছাগঃ কৃষ্ণোঽথ পিঙ্গলঃ॥
যেষামেতানি তিষ্ঠন্তি গৃহেষু গৃহমেধিনাম্।
তান্যধ্যুষ্যাণ্যগারাণি পিশিতাশৈঃ সুদারুণৈঃ।"

(ভারত আনু° ১২১ অঃ)

গিরিকণ্টক (পুং) গিরৌ কণ্টকইব তদ্ভেদকত্বাৎ। বজ্র।

গিরিকদম্ব (পুং) গিরিসমুৎপন্নঃ কদম্বঃ মধ্যলো°। নীপ, ধারাকদম্ব। (রাজনি°)

গিরিকদম্বক (পুং) গিরিকদম্ব-স্বার্থে-কন্। নীপ, ধারাকদম্ব।

"দেবদারু বচা হিঙ্গু কুষ্ঠং গিরিকদম্বকঃ।" (সুশ্রুত ২২ অঃ)

গিরিকদলী (স্ত্রী) গিরিজাতা কদলী মধ্যলো°। পার্ব্বতীয় কদলী। চলিত কথায় দয়া কলা বা পাহাড়ে কলা বলে, স্থানবিশেষে ইহাকে ডম্বরে কলাও বলিয়া থাকে। ইহার পর্য্যায়—গিরিরম্ভা, পর্ব্বতমোচা, অরণ্যকদলী, বহুবীজা, বনরম্ভা, গিরিজা, গজবল্লভা। ইহার গুণ—শীতল, মধুররস, বল ও বীর্য্যবৃদ্ধিকর, তৃষ্ণা, পিত্ত, দাহ ও শোষনাশক, দুর্জ্জর, গুরু এবং ত্বকের হিতকর। (রাজনি°)

গিরিকন্দর (পুং) গিরেঃ কন্দরঃ ৬তৎ। পর্ব্বতগহ্বর।

গিরিকর্ণা (স্ত্রী) গিরিকর্ণ-টাপ্। অপরাজিতালতা।

গিরিকর্ণিকা (স্ত্রী) গিরিঃ কর্ণ ইব যস্যাঃ বহুব্রী, গিরিকর্ণ-কপ্ টাপ্ অত ইত্বং চ। ১ পৃথিবী। (ত্রিকাণ্ড°।) গিরের্বালমূষিকায়াঃ কর্ণ ইব কর্ণোঽস্ত্যস্যাঃ গিরিকর্ণ-ঠন্ টাপ্। ২ শ্বেতকিণিহী বৃক্ষ। ৩ অপরাজিতা। (রাজনি°)

গিরিকর্ণী (স্ত্রী) গিরের্বালমূষিকায়াঃ কর্ণ-ইব কর্ণঃ পত্রমস্যা বহুব্রী° গিরিকর্ণ-ঙীপ্। ১ অপরাজিতালতা।

"ত্রিফলা গিরিকর্ণী চ হংসপাদীচ চিত্রকম্।" (ভাবপ্রকাশ)

২ যবাস। (শব্দচিন্তামণি)

গিরিকা (স্ত্রী) গিরি স্বার্থে-কন্ টাপ্। ১ বালমূষিকা, ছোট ইন্দুর, নেঙটী। ২ বসুরাজের পত্নী। মহাভারতে ইহার উপাখ্যানটী এইরূপ লিখিত আছে। পুরুবংশে বসু নামে একজন প্রবল পরাক্রমশালী রাজা জন্মগ্রহণ করেন, তাঁহার অপর নাম উপরিচর। মহারাজ বসু সমস্ত শত্রু পরাজিত করিয়া পরে কঠোর তপস্যা করিতে আরম্ভ করেন। দেবতারা তাহার তপস্যায় ভীত হইয়া শান্তবাক্যে তাঁহাকে তপস্যা হইতে নিবৃত্ত করেন এবং এই সময়ে দেবরাজ ইন্দ্র নররাজ বসুকে একখানি আকাশগামী রথ প্রদান করেন। মহারাজ ঐ রথে চড়িয়া আকাশপথে সঞ্চরণ করিতেন। তাঁহার রাজধানীর নিকটে শুক্তিমতী নামে একটী নদী ছিল। কোলাহল নামে একটা সচেতন পাহাড় কামান্ধ হইয়া শুক্তিমতীকে আক্রমণ করে। মহারাজ পাহাড়ের এইরূপ অন্যায় ব্যবহার দেখিয়া তাঁহাকে পদাঘাত করেন। রাজার পদাঘাতে দুষ্টপাহাড় বিদীর্ণ হইয়া পড়িল, সেই প্রহারমার্গ দিয়া বেগবতী শুক্তিমতী নদী কল কল করিয়া বহিয়া চলিল। এই নদীর গর্ভে কোলাহলের একটী পুত্র ও একটী কন্যা উৎপন্ন হয়। সেই কন্যার নাম গিরিকা। মহারাজ রূপলাবণ্যবতী গিরিকার রূপে মুগ্ধ হইয়া তাঁহার পাণিগ্রহণ করেন, ইনি মহারাজ বসুর অতিশয় প্রিয়তমা ছিলেন। (ভারত আদি° ৬৩ অঃ)

গিরিকাণ (পুং) গিরিণা অক্ষিরোগবিশেষেণ কাণ একনয়নহীনঃ ৩তৎ। গিরিনামক চক্ষুরোগে যাহার একটী চক্ষু নষ্ট হইয়াছে।

গিরিক্ষিৎ (ত্রি) গিরি বাচি ক্ষিয়তি অবতিষ্ঠতে ক্ষি-ক্বিপ্ তুগাগমশ্চ, অলুক্‌সমাসঃ যদ্বা গিরৌ গিরিবদুন্নতপ্রদেশে ক্ষিয়তি আতিষ্ঠতে গিরি-ক্ষি-ক্বিপ্। ১ বাক্যে অবস্থিত। ২ যিনি পর্ব্বতের ন্যায় উন্নতস্থানে বাস করেন।

"প্র বিষ্ণবে শূষমেতু মন্ম গিরিক্ষিত উরুগায়ায় বৃষ্ণে" (ঋক্ ১।১৫৪।৩) 'গিরিক্ষিতে গিরি বাচি গিরিবদুন্নতপ্রদেশে বা তিষ্ঠতে' (সায়ণ।)

গিরিক্ষিপ (ত্রি) গিরিং ক্ষিপতি গিরি-ক্ষিপ-ক। ১ যাহার পর্ব্বত উৎক্ষেপণ করিবার সামর্থ্য আছে। ২ শ্বফল্কের পুত্র, অক্রূরের ভ্রাতা। (হরিবংশ)

গিরিগুড় (পুং) গিরৌ গুড়ইব কন্দুক, গেণ্ডু। (হেম ৩।৩৫৩)

গিরিগৈরিকধাতু (পুং) গিরিস্থিতঃ গৈরিক ধাতুঃ মধ্যলো°। পর্ব্বতস্থিত গৈরিকধাতু।

"অথাস্যুঙ্মে হস্রবদ্‌ঘোরং গিরিগৈরিকধাতুবৎ।" (ভারত)

গিরিচর (ত্রি) গিরৌ চরতি চর-ট। ১ পর্ব্বতচারী, যে পর্ব্বতে বিচরণ করে।

"গিরিচরইব নাগঃ প্রাণসারং বিভর্ত্তি।" (শাকুন্তল)

(পুং) ২ চোর। ৩ চোরগণের অধিপতি রুদ্রদেব।

"নম উষ্ণীষিলে গিরিচরায়" (বাজসনেয়° ১৬।২১)

'গিরিচরশ্চৌরঃ তদধিপত্বাৎ রুদ্রোঽপি গিরিচরঃ' মহীধর।

গিরিচারিন্ (ত্রি) গিরৌ চরতি অবিরতং ভ্রমতি গিরি-চর-ণিনি। যাহারা পর্ব্বতে ভ্রমণ করে, পর্ব্বতচারী।

গিরিজ (ক্লী) গিরৌ জায়তে গিরি-জন-ড। ১ শৈলজ, শিলাজতু। ২ লৌহ। ৩ অভ্র। (মেদিনী) ৪ গৈরিক, গিরিমাটি।

(রাজনি°) (পুং) ৫ পার্ব্বতীয় মধুকবৃক্ষ, পাহাড়েমৌল। ইহার পর্য্যায়—গৌরশাক, স্বল্পপত্রক। (রত্নমালা) (ত্রি) গিরি বাচি জায়তে গিরি-জন ড, অলুক্‌স°। ৬ যাহা বাক্যে নিষ্পন্ন হয়, বাক্যজাত।

"প্রবো মহে মতয়ো যন্ত বিষ্ণবে মরুত্বতে গিরিজা এবযামরুৎ।" (ঋক্ ৫।৮৭।১) 'গিরিজা বাচি নিষ্পন্নাঃ' (সায়ণ।)

৭ পর্ব্বতজাত, যাহা পর্ব্বতে উৎপন্ন হয়।

গিরিজা (স্ত্রী) গিরৌ জায়তে গিরি জন-ড-টাপ্। ১ পার্ব্বতী, হিমালয়ের কন্যা, দুর্গা।

"যদা যদা স গিরিজা মৃদু নামাক্ষরাগতম্।" (কাশীখণ্ড ৬৬ অঃ)

২ মাতুলুঙ্গা, কমলা। (মেদিনী) ৩ শ্বেতবুহ্যা। ৪ ক্ষুদ্র পাষাণভেদলতা। ৫ ত্রায়মাণলতা, বলাডুমুর। ৬ কারীবৃক্ষ। ৭ মল্লিকা। ৮ গিরিকদলী। (রাজনি°।) ৯ গঙ্গা।

গিরিজাকুমার, ১ কার্ত্তিকেয়। ২ শঙ্করাচার্য্যের একজন শিষ্য।

গিরিজাতনয় (পুং) গিরিজায়াঃ পার্ব্বত্যাঃ তনয়ঃ ৬তৎ। পার্ব্বতীনন্দন, কার্ত্তিকেয়। গিরিজানন্দন প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত।

গিরিজাপতি (পুং) গিরিজায়াঃ পতিঃ ৬তৎ। পার্ব্বতীপতি, শিব। গিরিভর্ত্তৃ প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত।

গিরিজামল (ক্লী) গিরিজেষু অমলং ৭তৎ, যদ্বা গিরিজায়া মলং বীজরূপং ৬তৎ। অভ্রক। [অভ্রক দেখ।]

গিরিজাল (ক্লী) গিরের্জালং ৬তৎ। গিরিসমূহ, পর্ব্বতপঙ্‌ক্তি।

"গিরিজালাবৃতাং দিশং" (রামায়ণ ৪।৪৩।১১)

গিরিজ্বর (পুং) গিরিং জ্বরয়তি গিরি জ্বর-ণিচ্-অচ্। বজ্র।

গিরিণখ (পুং) গিরের্নখঃ খণ্ডং ৬তৎ, বিকল্পে ণত্বঞ্চ। (গিরিণদ্যাদীনামুপসংখ্যানম্। পা ৮।৪।১০ বার্ত্তিক।) পর্ব্বতের অংশ বা একদেশ।

গিরিণদী (স্ত্রী) গিরিসম্ভূতা নদী মধ্যলো°, বিকল্পে ণত্বঞ্চ। (গিরিণদ্যাদীনামুপসংখ্যানম্। পা ৮।৪।১০ বার্ত্তিক) পার্ব্বতীয় নদী।

গিরিণদ্ধ (ত্রি) গিরৌ নদ্ধ আবদ্ধঃ ৭তৎ, পূর্ব্ববৎ ণত্বং। যাহা পর্ব্বতে আবদ্ধ আছে।

গিরিণিতম্ব (পুং) গিরের্নিতম্বঃ ৬তৎ, পূর্ব্ববৎ ণত্বঞ্চ। পর্ব্বতের পার্শ্বদেশ।

গিরিত (ত্রি) গিল-ক্ত, বা লস্য রঃ। ভক্ষিত। (রায়মুকুট)

গিরিত্র (পুং) গিরৌ কৈলাসে স্থিত স্ত্রায়তে গিরি-ত্রৈ-ক। রুদ্র, শিব। "শিবাং গিরিত্র তাং কুরু মা হিংসীঃ পুরুষং জগৎ।" (বাজসনেয়স° ১৬।৩) 'গিরৌ কৈলাসে স্থিতো ভুতানি ত্রায়তে ইতি গিরিত্রঃ।' (মহীধর।)

গিরিদুর্গ (ক্লী) গিরৌ দুর্গং ৭তৎ, যদ্বাগিরিরেব দুর্গং। পর্ব্বতোপরিস্থিত দুর্গ। পর্ব্বতের উপরে ও তন্মধ্যে প্রবাহিত-নদী বা প্রস্রবণাদি যুক্তস্থানে এই দুর্গ নির্ম্মাণ করিতে হয়, ইহাতে যাইবার জন্য অতি ক্ষুদ্র একটী মাত্র পথ থাকে। দুর্গ স্থানে নানাবিধ শস্যাদি পূর্ণক্ষেত্র ও বাগান প্রভৃতি প্রস্তুত করা উচিত। সকলপ্রকার দুর্গের মধ্যে গিরিদুর্গ প্রশস্ত।

(মনু ৭।৭০ কুল্লূক)

গিরিদ্বার (ক্লী) গিরের্দ্বার° ৬তৎ। পর্ব্বতের পথ।

গিরিধর (পুং) ১ বিষ্ণু।

২ একজন বৈদান্তিক। ইনি সংস্কৃত ভাষায় ব্রহ্মসূত্রাণু-ভাষ্যবিবরণ ও শুদ্ধাদ্বৈতমার্ত্তণ্ড রচনা করেন।

৩ একজন সংস্কৃত বাস্তুশাস্ত্ররচয়িতা।

৪ বিভক্ত্যর্থনির্ণয় নামে সংস্কৃত ব্যাকরণপ্রণেতা, ইহার পিতার নাম বাগীশ।

৫ একজন বৈষ্ণব কবি। ইনি ১৬৫৮ শকে আষাঢ় মাসে বাঙ্গালা ভাষায় গীতগোবিন্দের পদ্যানুবাদ রচনা করেন। ইহার অনুবাদ অতি সরল ও মধুর, তাহাতে কাব্যের রস ও মৌলিক ভাব বেশ বজায় আছে।

গিরিধর গোস্বামী, ঊর্দ্ধপুণ্ড্রমাহাত্ম্য নামক সংস্কৃত গ্রন্থকার।

গিরিধর দাস, ১ রামকথামৃত নামে সংস্কৃত গ্রন্থকার।

২ দিল্লীনিবাসী একজন হিন্দুস্থানী কবি। ইনি ১৭২২ খৃষ্টাব্দে হিন্দীভাষায় রামায়ণ রচনা করেন। তাহার ভাষা সরল, মধুর ও ওজোগুণবিশিষ্ট। ইনি একখানি হিন্দীভাষার ব্যাকরণ প্রণয়ন করেন, তুলসীদাসের ও নিজ গ্রন্থের প্রমাণ লইয়া এই ব্যাকরণ রচিত।

গিরিধর মিশ্র, দৃগ্‌গোলবর্ণন নামক সংস্কৃত জ্যোতিঃশাস্ত্রকার।

গিরিধর সিংহ, একজন রাজপুত সামন্ত। ইনি সম্রাট্ মুহম্মদশাহের রাজত্বসময়ে মালবের শাসনকর্ত্তা ছিলেন। ১৭২৯ খৃষ্টাব্দে পেশবা বাজিরাওর সহিত যুদ্ধে ইনি প্রাণ-ত্যাগ করেন। তাঁহার মৃত্যুর পর তদীয় ভাগিনেয় দয়ারাম ভুজবলপ্রভাবে কিছুকালের জন্য মালবরাজ্য রক্ষা করিয়াছিলেন। মহারাষ্ট্র ইতিহাসে ইনি গিরিধর বাহাদুর নামে খ্যাত।

গিরিধাতু (পুং) গিরের্ধাতুঃ ৬তৎ। উপধাতুবিশেষ, গৈরিক, গিরিমাটি। (রাজনি°)

গিরিধি, ছোট নাগপুরের হাজারিবাগ জেলার অন্তর্গত একটী উপবিভাগ। ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে কোম্পানির মধুপুর-শাখা গিরিধি পর্য্যন্ত আসিয়াছে। এখানে উক্ত কোম্পানির একটী ষ্টেসন আছে। এই রেলপথ প্রায় ২৩ মাইল বিস্তৃত।

ইহার নিকটে করহরবাড়ী নামক স্থানে কয়লার খনি আছে। এই উপবিভাগের ভূমির পরিমাণ ২৪৪৬ বর্গমাইল। ইহার মধ্যে ৩৫৫৩ খানি গ্রাম ও প্রায় ৭০৬৫০ ঘর লোকের বসতি আছে। এখানে একটী দেওয়ানী ও দুইটী ফৌজদারী আদালত এবং ইহার অন্তবর্ত্তী পচম্বা, গবান, করগ্‌দি, কোদর্ম্ম ও দুমুর্হী নামক স্থানে এক একটী থানা আছে। এখানকার জলবায়ু ভাল বলিয়া বর্ত্তমান সময়ে স্বাস্থ্যের উন্নতি জন্য অনেকেই এই স্থানে আসিয়া থাকেন। চলিত কথায় এই স্থানকে গিরিডী বলে।

গিরিধ্বজ (পুং) গিরিনাশকং ধ্বজং বজ্ররূপং যস্য বহুব্রী। ইন্দ্র।

গিরিনখ (পুং) [গিরিণখ দেখ।]

গিরিনগর (ক্লী) দক্ষিণাপথবর্ত্তী একটীনগর।

"গিরিনগর মলয়দর্দুরমহেন্দ্রমালিন্দ্যমরুকচ্ছাঃ॥"

(বৃহৎসং° ১৪ অঃ)

গিরিনগর শব্দ ক্ষুভ্রাদি গণান্তর্গত বলিয়া সংজ্ঞার্থে ণত্ব হয় না। ইহার বর্ত্তমান নাম গিরনার বা গির্ণার। [উজ্জয়ন্ত দেখ।]

গিরিনদী (স্ত্রী) [গিরিণদী দেখ।]

গিরিনদ্যাদি (পুং) গিরিনদী আদির্যস্য গণস্য বহুব্রী। পাণিনীয় বার্ত্তিকসম্মত একটী গণ। গিরিনদী, গিরিনখ, গিরিনদ্ধ, গিরিনিতম্ব, চক্রনদী, চক্রনিতম্ব, তূর্য্যমান প্রভৃতি শব্দকে গিরিনদ্যাদিগণ বলে। গিরিনদ্যাদিগণের নকারের স্থানে বিকল্পে ণত্ব হয়। (পা ৮।৪।১০ বার্ত্তিক)

গিরিনন্দনী (স্ত্রী) গিরের্হিমালয়স্য নন্দিনী। ১ পার্ব্বতী, দুর্গা। ২ গঙ্গা। গিরের্নন্দিনীব। ৩ নদী।

"কলিন্দগিরিনন্দিনীতটসুরদ্রুমালিনী।" (রসগঙ্গাধর)

গিরিনিতম্ব (পুং) [গিরিণিতম্ব দেখ।]

গিরিনিম্নগা (স্ত্রী) গিরিসম্ভবা নিম্নগা। পার্ব্বতীয় নদী।

গিরিনিম্ব (পুং) গিরিসম্ভূতঃ নিম্বঃ। মহানিম্ববৃক্ষ, ঘোড়া নিমগাছ। (রাজনি°)

গিরিপীলু (পুং) গিরিসম্ভূতঃ পীলুঃ। পুরুষক বৃক্ষ, চলিত কথায় ফল্‌সা বলে। (রাজনি°)

গিরিপুর (ক্লী) আনর্ত্তদেশান্তর্গত একটী নগর। [আনর্ত্ত দেখ।]

গিরিপুষ্পক (ক্লী) গিরিজাতং পুষ্পকং। শৈলেয়। (রাজনি°)

গিরিপ্রিয়া (স্ত্রী) গিরিঃ প্রিয়োঽস্যাঃ বহুব্রী। মৃগবিশেষ, চমরী। (রাজনি°)

গিরিবুধ্রা (স্ত্রী) গিরির্বুধ্রইব যস্যাঃ বহুব্রী ততঃ টাপ্। জল।

"গিরিবুধ্রা উবাচাপঃ" (শতপথব্রা° ৭।৪।২।১৮)

গিরিপ্রপাত (পুং) গিরেঃ প্রপাতঃ ৬তৎ। পর্ব্বতের ভৃগু, উচ্চস্থান।

গিরিপৃষ্ঠ (ক্লী) গিরেঃ পৃষ্ঠং ৬তৎ। পর্ব্বতের উপরিভাগ।

গিরিপ্রস্থ (পুং) গিরেঃ প্রস্থঃ ৬তৎ। পর্ব্বতের সানু, পর্ব্বতের উপরিস্থ সমতল স্থান।

গিরিবান্ধব (পুং) গিরির্বান্ধবঃ বন্ধুর্যস্য বহুব্রী। শিব।

গিরিফ্‌তার (পারসী) অধিপতি বা শাসনকর্ত্তার আদেশ অনুসারে তাহার নিকটে লইবার জন্য আবদ্ধ বা ধৃত করা।

গিরিফ্‌তারী (পারসী) ১ যে গিরিফ্‌তার করে। ২ যে অনুমতির বলে গিরিফ্‌তার করা হয়।

গিরিভট্ট, সংস্কারকৌমুদী নামক সংস্কৃত গ্রন্থকার।

গিরিভিদ্ (পুং) গিরিং ভিনত্তি ভিদ্-ক্বিপ্। ১ বৃক্ষবিশেষ, পাষাণভেদক। ২ ইন্দ্র। (ত্রি) ৩ যে পর্ব্বত ভেদ করে।

"নদ্যন্তরে হসংসবো গিরিভিচ্চেৎ।" (কাত্যা°শ্রৌ° ২৫।১৪।২৩)

'গিরিং ভিত্বা যা নদ্যাগতা' (কর্ক।)

গিরিভূ (স্ত্রী) গিরৌ ভবতি ভূ-ক্বিপ্। ১ পর্ব্বত হইতে উৎপন্ন ক্ষুদ্রপাষাণভেদক। (রাজনি°) ২ পার্ব্বতী। ৩ গঙ্গা। গিরের্ভূঃ ৬তৎ। ৪ পর্ব্বতভূমি।

"গিরিভুব ইব তব মন্যে মনঃশিলা সমভবচ্চণ্ডি!।"

(আর্য্যাসপ্তশতী ৬১৫)

(ত্রি) ৪ পর্ব্বতোৎপন্ন, যাহা পর্ব্বতে উৎপন্ন হয়।

গিরিভেদ (পুং) গিরিং ভিনত্তি গিরি-ভিদ্-অণ্। (কর্ম্মণ্যণ্। পা ৩।২।১) উপপদস°। পাষাণভেদক বৃক্ষ, হিমসাগর।

গিরিমল্লিকা (স্ত্রী) গিরিজাতা মল্লিকেব মধ্যলো°। কুটজবৃক্ষ, কুরচী।

গিরিমান (ত্রি) গিরেরিব মানং পরিমাণং যস্য বহুব্রী। ১ যাহার পরিমাণ পর্ব্বতের তুল্য। (পুং) ২ হস্তী। (শব্দরত্না°)

গিরিমাল (পুং) গিরৌ মালঃ সম্বন্ধোঽস্য বহুব্রী। বাধক বৃক্ষ, ইহাদ্বারা যজ্ঞীয় যূপ প্রস্তুত করা যাইতে পারে।

"তৈল্যকো বাধকো বা" (কাত্যা°শ্রৌ° ২৩।৩।৯)

'যূপোভবতি তৈল্যকস্তিনিশঃ বাধকো গিরিমালঃ।' (কর্ক)

গিরিমৃদ্ (স্ত্রী) গিরের্মৃৎ ৬তৎ। ১ গৈরিক, গিরিমাটি। (ত্রিকাণ্ড°) ২ পর্ব্বতীয় মৃত্তিকা।

গিরিমৃদ্ভব (ক্লী) গিরিমৃদোভবতি ভূ-অচ্। গৈরিক। (রাজনি°)

গিরিমেদ (পুং) গিরের্মেদইব সারোঽস্য বহুব্রী। বিট্‌খদির।

গিরিয়ক (পুং) গিরিং যাতি গিরি যা-ক, ততঃ সংজ্ঞার্থে কন্। গেণ্ডুক, গেঁড়ু। (হেম°)

গিরিয়াক (পুং) গিরিং যাতি যা ক্বিপ্ ততঃ সংজ্ঞার্থে কন্। ১ গেণ্ডুক। (শব্দরত্না°)

২ পাটনাজেলার অন্তর্গত পঞ্চান নদীর উপকূলে অক্ষা° ২৫° ১´ ৪৫´´ উঃ ও দ্রাঘি° ৮৫° ৩৪´ পূঃ মধ্যে অবস্থিত একখানি

গ্রাম। এই নদীর পূর্ব্বতীরে গ্রামের নিকটে একটী পাহাড়ের উত্তর-পূর্ব্বে অনেকগুলি প্রাচীন কীর্ত্তির ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়। সেইগুলি সাধারণের দেখিবার জিনিষ। সেখানে ১২ ফিট প্রশস্ত একটী প্রস্তরময় রাস্তা আজও বর্ত্তমান আছে। এই পথ দিয়া গাড়ী ঘোড়া অনায়াসে যাইতে পারে। এই ক্ষুদ্র পাহাড়ের পশ্চিমে উচ্চ ইষ্টকনির্ম্মিত ঢালের উপরিভাগে চৌরস্ মেজের উপরে গ্রেণাইট্ প্রস্তরে নির্ম্মিত কতকগুলি স্তম্ভ ও মন্দিরের ভগ্নাবশেষ দৃষ্ট হয়। পর্ব্বতের পূর্ব্বভাগে ৪৫ ফিট চতুরস্র একটী বেদী আছে, তাহার নাম 'জরাসন্ধকা চবুতর"। এই বেদীর উপরে ৫৫ ফিট উচ্চের একটী ইষ্টকনির্ম্মিত স্তম্ভ আছে, তাহার পরিধি ৬৮ ফিট।

সাধারণের বিশ্বাস যে পূর্ব্বকালে এই স্থানে জরাসন্ধের "প্রমোদগৃহ" ছিল। প্রবাদ আছে যে ভগবান্ শ্রীকৃষ্ণ জরাসন্ধকে যুদ্ধার্থে আহ্বানকালে এই স্থানে নদীপার হইয়া ছিলেন। তাই অনেকে আজও প্রতিবৎসর কার্ত্তিক মাসে এই নদীতে স্নান করিতে আসে।

উক্ত পঞ্চান্ নদীর অপর পারে গিরিয়াক পর্ব্বত। সেই স্থানে জরাসন্ধকৃত অপরাপর অনেক কীর্ত্তির ধ্বংশাবশেষ দেখা যায়। [রাজগৃহ শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

গিরিরম্ভা (স্ত্রী) গিরৌ সমুৎপন্না রম্ভা মধ্যলো°। গিরিকদলী, পাহাড়ে কলা। (রাজনি°)

গিরিরাজ (পুং) গিরিষু রাজতে রাজ-ক্বিপ্ ৭তৎ। ১পর্ব্বতশ্রেষ্ঠ। ২ হিমালয়।

গিরিরাজ (পুং) গিরীণাং রাজা ৬তৎ। হিমালয়।

"সোঽপি কার্পাটিকস্তস্য গিরিরাজস্য ভাষিতম্।" (কাশীখ°)

গিরিবর্ত্তিকা (স্ত্রী) গিরিসমুৎপন্না বর্ত্তিকা মধ্যলো°। পর্ব্বতীয় পক্ষিবিশেষ, চলিত কথায় পাহাড়ে বর্ত্তক বলে।

গিরিবাসিন্ (পুং) গিরিং বাসয়তি সুরভীকরোতি, গিরি-বাসি-ণিনি। ১ হস্তিকন্দ বৃক্ষ। (রাজনি°) (ত্রি) গিরৌ-বসতি গিরি-বস-ণিনি। ২ পর্ব্বতবাসী।

গিরিব্রজ (ক্লী) গিরীণাং পঞ্চানাং ব্রজোযত্র বহুব্রী। ১ মগধ-দেশান্তর্গত একটী প্রাচীন নগর। কুশাম্বজ বসু এই নগরটী স্থাপন করেন, ইহা গঙ্গা ও শোণনদের সঙ্গমস্থলে অবস্থিত ছিল। জরাসন্ধের সময়ে এই নগরটী মগধের রাজধানী হইয়াছিল। ইহার চতুর্দ্দিকে বৈভার, বৃষভ, ঋষিগিরি ও চৈত্যক নামে পাঁচটী পর্ব্বত বেষ্টিত থাকায় ইহা শত্রু-পক্ষীয়ের অতিশয় দুর্গম। ইহার চতুঃপার্শ্বে মনোহর উপবন, তাহাই ধর্ম্মারণ্য নামে বিখ্যাত। (ভারত সভা ২০ অঃ) [রাজগৃহ শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

২ কেকয়রাজ অশ্বপতির রাজধানী। (রামা° অযোধ্যা-কাণ্ড) ইহার অপর নাম রাজগৃহ, বর্ত্তমান নাম রাজৌরি। [কেকয় দেখ।]

গিরিশ (পুং) গিরৌ-শেতে গিরি-শী-ড, যদ্বাগিরিরস্ত্যস্য বসতিত্বেন গিরি অস্ত্যর্থে শ (লোমাদিপামাদিপিচ্ছাদিভ্যঃ শনেলচঃ। পা ৫।২।১০০) অথবা গিরিং তৎসদৃশং কর্ম্মাশয়ং শ্যতি তনূকরোতি গিরি-শো-ড। শিব।

"স্তুতিঃ কাতে মতে গিরিশরমণী কালি সততম্।" (কর্পূরাদি)

গিরিশচন্দ্ররায়, নবদ্বীপাধিপতি রাজা কৃষ্ণচন্দ্ররায়ের প্রপৌত্র ও ঈশ্বরচন্দ্রের পুত্র। ১২০৯ সালে (১৮০২ খৃঃ) পিতার মৃত্যুকালে তাঁহার বয়স ষোড়শবর্ষ মাত্র হইয়াছিল। সেই সময় হইতেই তাঁহার হৃদয়ে ধর্ম্মজ্ঞান প্রবল হয়। বয়ঃপ্রাপ্ত হইলে কিছুকাল বিষয়-কার্য্য পর্য্যালোচনা করিয়া কর্ম্মচারীগণের উপর কার্য্যভার অর্পণ করেন এবং নিজে ধর্ম্মানুষ্ঠানে মনোযোগ দেন। প্রথমে নবদ্বীপে গঙ্গাতীরে তৃণাচ্ছাদিত কুটীরে অবস্থান করিয়া অনেক মহাপুরশ্চরণ করেন। কৃষ্ণনগরের আনন্দময়ী কালী ও আনন্দময় শিবমন্দির তাঁহারই প্রতিষ্ঠিত। তিনি ঐ দেবদেবীর পূজার ব্যয়নির্ব্বাহার্থ অনেক নিষ্কর ভূমিদান করেন। কিছুকাল পরে তিনি এক রজনীতে স্বপ্ন দেখিলেন, যেন কোন দেবতা তাঁহাকে কহিতেছেন, "আমি নবদ্বীপের ভাগীরথী-তীরে ভূগর্ভে অবস্থান করিতেছি, আমাকে নিজ নিকেতনে লইয়া স্থাপন কর।" পরদিনেই তিনি অমাত্য ও কর্ম্মচারী-গণের সহিত সুরধুনীতীরে উপস্থিত হইয়া কোন এক নির্দ্দিষ্ট স্থান খনন করিতে আদেশ দিলেন। ইতস্ততঃ খুঁড়িতে খুঁড়িতে এক বালুকাময় ভূখণ্ডের তিন হাত নিম্নে সকলেই গোপালমূর্ত্তি দেখিতে পাইলেন। রাজা মহাসমারোহে ঐ বিগ্রহটী রাজবাটীতে লইয়া গেলেন এবং তাঁহাকে প্রতিষ্ঠা করিয়া 'নবদ্বীপনাথ' নাম রাখিলেন। তাঁহার জন্য একখানি বাটী দান করিলেন ও নিত্যনৈমিত্তিক ক্রিয়া দিতে অপর্য্যপ্ত অর্থ ব্যয় করিতে লাগিলেন। এই অমিতব্যয়িতাদোষে এবং কর্ম্মচারীগণের কুমন্ত্রণায় দিন দিন তাঁহার সম্পত্তির হ্রাস হইতে লাগিল। পৈত্রিক জমি-দারীর ৮৪ পরগণার মধ্যে ৭টী পরগণা ও কতকগুলি নিষ্কর ভূমি মাত্র রহিল। প্রথমা মহিষীর পুত্রাদি হয় নাই। মাতার অনুরোধে গিরিশচন্দ্র ১২১৬ অব্দে পুনরায় দারপরিগ্রহ করেন এবং এই দ্বিতীয়পত্নীও পুত্রবতী না হওয়ায় তিনি ১২২৬ সালে শাস্ত্রোক্ত বিধি অনুসারে শ্রীশচন্দ্রকে দত্তক গ্রহণ করেন। এ সময় বিলক্ষণ অর্থাভাব থাকিলেও তিনি নব-

দ্বীপে দুইটী বৃহৎ মন্দির প্রস্তুত করিয়া একমন্দিরে ভবতারিণী নামে পাষাণময়ী কালীমূর্ত্তি ও অপর মন্দিরে ভবতারণ নামে এক প্রকাণ্ড শিবমূর্ত্তি প্রতিষ্ঠা করেন।

১২৪৮ সালের অগ্রহায়ণ মাসে উৎকটরোগে আক্রান্ত হইয়া নবদ্বীপে আনীত হন এবং তথায় ঐ মাসের ২৬শে তারিখে ৫৫ বৎসর বয়সে মানবলীলা সম্বরণ করেন।

গিরিশচন্দ্র অতি সুশ্রী ছিলেন। শারীরিক নিয়ম লঙ্ঘন করায় শ্বাসরোগাক্রান্ত হইয়া যৌবনাবস্থাতেই বিশেষ কৃশ ও দুর্ব্বল হইয়া পড়েন। তিনি সংস্কৃত ও পারস্যভাষায় অনর্গল কথা কহিতে পারিতেন। তাঁহার দয়া ও ধর্ম্মনিষ্ঠা যথেষ্ট। ব্যয় করিবার ইচ্ছা ছিল, কিন্তু আয়ের প্রতি লক্ষ্য ছিল না। সঙ্গীতে তাঁহার বেশ ব্যুৎপত্তি ছিল। শাস্ত্রালাপে ও রহস্যে আমোদ অনুভব করিতেন। কৃষ্ণকান্ত ভাদুড়ী নামে একজন ব্রাহ্মণ তাঁহার সভায় ছিলেন, রাজা তাঁহাকে রসসাগর উপাধি দেন। [কৃষ্ণকান্ত ভাদুড়ী দেখ।] দিল্লীর বাদশাহ মুহম্মদ শাহের প্রধান গায়ক কায়েম্ খাঁ সপুত্রে আসিয়া তাঁহার কর্ম্মপ্রার্থী হন। তাঁহার সময়ে নবদ্বীপের প্রসিদ্ধ স্মার্ত্ত লক্ষ্মীকান্ত ন্যায়ভূষণ ও রামমোহনবিদ্যাবাচস্পতির দুইটী বিভিন্ন দল প্রবল ছিল। লক্ষ্মীকান্ত গিরিশচন্দ্রের আদেশে "রথপদ্ধতি" রচনা করেন।

গিরিশন্ত (পুং) শং সুখং তনোতি শং তন-ড শন্তঃ গিরৌস্থিতঃ শন্তঃ মধ্যলো°, যদ্বাগিরি বাচি মেঘে বা স্থিতঃ শন্তঃ অলুক্‌স°, অথবা অম গতৌ অমতি গচ্ছতি জানাতি অমক্ত অন্তঃ সর্ব্বজ্ঞ ইত্যর্থঃ গিরিশশ্চাসৌ অন্তশ্চেতি কর্ম্মধা° শকন্ধাদিত্বাৎ অকারস্য পররূপমেকদেশঃ। (শকন্ধাদিষু পররূপং বক্তব্যং। পা ৬।১।৯৪ বার্ত্তিক।) শিব। (মহীধর)

"তয়া নস্তন্বা শন্তময়া গিরিশন্তাভিচাকশীহি।"

(বাজসনেয়স° ১৬। ২)

গিরিশয় (পুং) গিরৌ কৈলাসে শেতে-শী-অচ্। শিব।

"নমো গিরিশয়ায় চ গিরিষ্ঠায় চ।" (বাজসনেয়স° ১৬।২৯)

গিরিশাল (পুং) গিরৌ-শালতে শোভতে শাল-অচ্। যদ্বা গিরিং শলতি গচ্ছতি গিরি-শল-অণ্ উপপদস°। সুশ্রুতোক্ত প্রতুদ পক্ষিবিশেষ।

"গিরিশালহ্বান্ দূষকেত্যাদয়ঃ প্রত্যুদাঃ।" (সুশ্রুত)

গিরিশালিনী (স্ত্রী) গিরিং শালয়তি শোভয়তি গিরি-শালণিচ্-ণিনি, ততো ঙীপ্। অপরাজিতা।

"পারিভদ্রং পাটলা চ বকুলং গিরিশালিনী।" (বামনপু°)

গিরিশৃঙ্গ (পুং) গিরেঃ শৃঙ্গমাকারেণ অস্ত্যস্য গিরিশৃঙ্গ-অচ্। ১ গণেশ। (শব্দরত্না°) গণেশের শুঁড়টী উত্তোলন করিলে পর্ব্বতশৃঙ্গের আকার ধারণ করে বলিয়া গণেশের নাম গিরিশৃঙ্গ হইয়াছে। (ক্লী) গিরেঃ শৃঙ্গং ৬তৎ। ২ পর্ব্বতশিখর।

গিরিষদ (পুং) গিরৌ সীদতি-সদ-ক্বিপ্-ষত্বং। মহাদেব।

গিরিষ্ঠা (ত্রি) গিরৌ-তিষ্ঠতি গিধিস্থা-ক্বিপ্-ষত্বঞ্চ। ১ পর্ব্বতস্থায়ী। "মৃগোন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ।" (ঋক্ ১।১৫৪।২) 'গিরিষ্ঠা গিরিস্থায়ী।' (নিরুক্ত।) (পুং) ২ মহাদেব।

গিরিসর্প (পুং) নিত্যস°। দর্ব্বীকরজাতীয় সর্পবিশেষ।

"গিরিসর্প ঋজুসর্পঃ শ্বেতোদরো মহাশিরা।"

(সুশ্রুত কল্প ৪ অঃ)

গিরিসার (পুং) গিরেঃ সারঃ ৬তৎ। ১ লৌহ। ২ রঙ্গ, রাঙ্।

"দ্রোণায় প্রেষয়ামাস গিরিসারময়ীং বলী।" (ভারত ৬।৫৩ অঃ)

গিরিষু সারঃ শ্রেষ্ঠঃ ৭তৎ। ৩ মলয়পর্ব্বত। (মেদিনী)

গিরিসারময় (ত্রি) গিরিসারস্য বিকারঃ গিরিসার-ময়ট্। গিরিসার দ্বারা নির্ম্মিত।

গিরিসুত (পুং) গিরেঃ সুতঃ ৬তৎ। মৈনাকপর্ব্বত।

গিরিসুতা (স্ত্রী) গিরেঃ সুতা ৬তৎ। ১ পার্ব্বতী।

"শূলং ধনুঃ পিনাকং বামার্দ্ধে বা গিরি-সুতার্দ্ধং।" (বৃহৎস° ৫৮) ২ গদা।

গিরিস্রবা (স্ত্রী) গিরেঃ স্রবতি-স্রু-অচ্-টাপ্। পার্ব্বতীয় নদী।

"গিরিস্রবাভিঃ সর্ব্বাভিঃ পৃষ্ঠতোঽনুগতা শুভা।"

(ভারত ১৩।১৪ অঃ।)

গিরিহ্বা (স্ত্রী) গিরিং বালমূষিকাকর্ণং হ্বয়তি স্পর্দ্ধতে তদাকারেণ হ্বে-ক-টাপ্। অপরাজিতা।

"শ্বেতা গিরিহ্বা কিণিহী সিতা চ। (সুশ্রুত কল্প ৪৫ অঃ)

গিরীন্দ্র (পুং) গিরিরিন্দ্রইব। ১ হিমালয়পর্ব্বত। গিরেরিন্দ্রঃ ৬তৎ। ২ মহাদেব।

"মাধবঞ্চ গিরীন্দ্রোঽসৌ সম্ভাবয়তি চেতসি।" (কাশী ৬৬ অঃ)

গিরীয়ক (পুং) গিরিয়ক-নিপাতনাৎ দীর্ঘত্বং।

[গিরিয়ক দেখ।]

গিরীশ (পুং) গিরেঃ কৈলাসস্য ঈশঃ ৬তৎ। ১ কৈলাসপতি, শিব। "সুতাং গিরীশং প্রতিসক্তমানসাং।" (কুমার ৫।৩) গিরীণামীশঃ শ্রেষ্ঠঃ ৬তৎ। ২ হিমালয়পর্ব্বত। গিরাং বাচাং ঈশঃ অধিপতি, ৬তৎ। ৩ বৃহস্পতি। (মেদিনী)

গির্ণার, বোম্বাই প্রেসিডেন্সীর কাঠিয়াবাড়ের অন্তর্গত একটী পুণ্যশৈল। জৈনশাস্ত্রে ও বৃহৎসংহিতায় ইহা গিরিনগর এবং প্রাচীন হিন্দুশাস্ত্রে উজ্জয়ন্ত ও বস্ত্রাপথ নামে বর্ণিত হইয়াছে। এই শৈল হইতে অশোকের ও রুদ্রদামার অনুশাসনলিপি পাওয়া যায়। [উজ্জয়ন্তশব্দে বিশেষ দ্রষ্টব্য।]

গির্য্যাহ্বা (স্ত্রী) গিরিং বালমূষিকাকর্ণং আহ্বয়তি স্পর্দ্ধতে তদাকারেণ গিরি-আ-হ্বে-ক টাপ্। গিরিহ্বা, অপরাজিতা।

"শিরীষঃ কিণিহী শেলুর্গির্য্যাহ্বারজনিদ্বয়ং।"

(সুশ্রুত কল্প° ২ অঃ)

গির্বণস্ (পুং) গিরা বাচা বন্যতে গির্ বন-কর্ম্মণি অসুন্ ণত্বং দীর্ঘাভাবশ্চ ছন্দসঃ। ১ দেববিশেষ।

"গির্বণা দেবো ভবতি গীর্ভিরেনং বনয়ন্তি।" (নিরুক্ত° ৬।১৪)

"সোমাস ইন্দ্র গির্বণঃ" (ঋক্ ১।৫।৭) 'গির্বণো গীর্ভিঃ স্তুতিভিঃ সম্ভজনীয়ঃ দেববিশেষঃ।' (সায়ণ।)

(ত্রি) গিরা বনন্তি স্তুবন্তি গির্ বন-কর্ত্তরি অসুন্, ণত্বং দীর্ঘাভাবশ্চ পূর্ব্ববৎ। ২ স্তবকর্ত্তা। [গির্বণস্য দেখ।]

গির্বণস্য (ত্রি) গির্বণস্-ক্যপ্ উ। ১ যাহারা স্তব করে।

"স হি বীরো গির্বণস্যর্বিদানঃ।" (ঋক্ ১০।১১১।১) 'গির্বণস্যাঃ গীর্ভির্বনন্তি সংভজন্ত ইতি গীর্বণসঃ স্তোতারঃ বনতেরসুনি রূপং উপপদস্য দীর্ঘাভাবশ্ছান্দসঃ তদন্তাৎক্যপ্ ক্যাচ্ছন্দসি (পা ৩।২।১৭০) ইতি উ প্রত্যয়ঃ।' (সায়ণ।)

গির্বন্ (স্ত্রী) গিরাং বনতি স্তৌতি গির্-বন্ বিচ্ নিপাতনাৎ উপপদস্য ন দীর্ঘঃ। যাহারা স্তব করে।

"ইন্দ্রো বৈ গির্বা" (শতপথব্রা° ৩।৬।১।২৪)

গির্বান্, উত্তর-পশ্চিমপ্রদেশের বান্দা জেলার দক্ষিণপশ্চিমস্থিত একটী তহসীল। ইহার চারি পার্শ্বেই পর্ব্বতময় উচ্চ ভূমি। এখানে একটী গ্রেণাইট পাথরের পাহাড় আছে। ইহার ভূমিপরিমাণ ৩৩১ বর্গমাইল, তন্মধ্যে ১৭৬টী গ্রাম বা মৌজা আছে। এই তহসীলের আসল নাম সিহোণ্ডা। গির্বান্ নগর ইহার সদর। এই নগরে প্রসিদ্ধ কালিঞ্জর দুর্গ অবস্থিত।

গির্বাহস্ (ত্রি) গিরা স্তুতিবাচাউহ্যতে গির্-বহ অসুন্ নিপাতনাৎ নোপপদস্য দীর্ঘত্বং। স্তুতিবাক্য দ্বারা যাহাকে বহন করা হয়, ইন্দ্রাদি দেবগণ।

"আজিং ন জগ্মুর্গির্বাহো অশ্বাঃ।" (ঋক্ ৬।২৪।৬) 'গির্বাহো গীর্ভিঃ স্তুতিরূপাভির্বাগ্‌ভির্বহনীয়েন্দ্র'। (সায়ণ।)

গিল (ত্রি) গিলতি ভক্ষয়তি গিল-ক (ইগুপধেতি। পা ৩।১।১৩৫) ১ ভক্ষক। (পুং) ২ কুম্ভীর। ৩ জম্বীর। (শব্দচন্দ্রিকা)

গিলগিল (ত্রি) গিলং কুম্ভীরং গিলতি গিল-গিল-ক। ১ যে কুম্ভীরকেও গিলিতে পারে। (পুং) ২ গিলগ্রাহ, নক্র, হাঁঙ্গর।

গিলগ্রাহ (পুং) গিলং গৃহ্লাতি গিল গ্রহ-অণ্ উপপদস°। নক্র।

গিলজাই, আফগান জাতির একটী শাখা। সচরাচর ইহাদিগকে ঘিল্‌জাই বলে। ইহারা অপরাপর পাঠান অপেক্ষা বীর ও সাহসী। খৃষ্টীয় অষ্টাদশ শতাব্দীতে ইহারা যুদ্ধবিদ্যায় শ্রেষ্ঠতা লাভ করিয়া কিছুকালের জন্য ইস্‌পাহান্ নগরের সিংহাসন ভোগ করিয়াছিল। এক্ষণে ইহারা কান্দাহারের উত্তর সীমায় কাবুল নদীর তীরবর্ত্তী স্থান এমন কি জলালাবাদ পর্য্যন্ত রাজ্য বিস্তার করিয়াছে। ১৮৩৯ খৃষ্টাব্দে ইংরাজেরা কাবুল আক্রমণ করিলে ইহারা দোস্ত মুহম্মদের সাহায্য করিয়াছিল।

ইহাদের দেখিতে তুর্কীদিগের মত। একরূপ অঙ্গসৌষ্ঠব দেখিয়া খৃষ্টীয় ১১শ ও ১২শ শতাব্দীর আরবীয় প্রত্নতত্ত্ববেত্তারা দিল্লীর তুর্কবংশীয় খিলজী রাজাদিগকে এই গিলজাই বংশসম্ভূত বলিয়া উল্লেখ করিয়াছেন।

গিলন (ক্লী) গিল-ভাবে ল্যুট্ গিল গিলনে ইতি নির্দ্দেশাৎ ন গুণঃ। গ্রাসকরণ, গলাধঃকরণ, চলিত কথায় গেলা।

গিলায়ু (পুং) গিলং গিলিতং বিনাশিতং আয়ুর্যেন বহুব্রী। পুষোদরাদিবৎসকারলোপে সাধু। সুশ্রুতোক্ত কণ্ঠরোগবিশেষ। গলদেশে আমলকীর অস্থির ন্যায় গ্রন্থি জন্মিয়া কঠিন ও বেদনাযুক্ত হইলে এবং দেখিতে কফরক্ত জন্য রোগের ন্যায় বোধ হইলে তাহাকে গিলায়ু বলে। রোগী ভোজনকালে ভুক্ত দ্রব্য গলদেশে সংলগ্ন হইয়াছে বলিয়া অনুভব করে। এই রোগে শস্ত্রচিকিৎসা করিতে হয়। (সুশ্রুত নিদান° ১৬ অঃ)

গিলা, স্বনামখ্যাত বৃক্ষের (Mimosa scandens) বীজ। ইহার গুণ রুক্ষ, আস্বাদ তীব্র ও কটু। হরিদ্রা, মরিচ, শুঁট, পিপুল, কালজিরা ও গিলা একত্র সমভাগে বাটিয়া জলে গুলিয়া লবণ বা ঘৃত সংযোগে অগ্নিতে ফুটাইতে হয়। পরে তাহা নবপ্রসূতিকে নাড়ী ও শরীর শুকাইবার জন্য খাইতে দেয়। ইহার নাম 'কাওয়া ঝাল।' এইরূপ চালভাজার সহিত মিশাইয়া 'গুঁড়া ঝাল' প্রস্তুত হয়।

গিলাগাছ (দেশজ) স্বনামখ্যাত গাছ। (Mimosa scandens)

গিলি (স্ত্রী) গিল-ভাবে ইন্। গিলন, গেলা। (অমরটীকা)

গিলিত (ত্রি) গিলি-ক্ত। ভক্ষিত। (অমর)

গিলোড্য (পুং) সুশ্রুতোক্ত মধুরবর্গান্তর্গত বৃক্ষবিশেষ, ইহার ফলের রস মধুর।

"কতকগিলোড্য···সমাসেন মধুরোবর্গঃ।"(সুশ্রুত সূত্র° ৪২অঃ)

গিষ্ণু (ত্রি) গায়তি গা-ইষ্ণু (গাদাভ্যাং কিদ্বা। উণ্ কো° টী°) ১ গায়ক। (পুং) ২ সামবেদগায়ক, সামবেদবেত্তা। কোন কোন আভিধানিকের মতে গিষ্ণু শব্দ।

গিলঘিট্, কাশ্মীররাজ্যের অন্তর্গত একটী জেলা ও উপত্যকা। হিন্দুকুশ পর্ব্বতের দক্ষিণ ঢালুর উপর অথবা হিমালয়পর্ব্বতের বাল্‌তিস্থান ও য়াসিন্ নামক স্থানদ্বয়ের মধ্যে

অবস্থিত। যাসিন্ বা গিলঘিট্ নদী উপত্যকার সমগ্র স্থান পরিভ্রমণ করিয়া বুঞ্জী নগরের ছয় মাইল উত্তরে সিন্ধু-নদে আসিয়া মিলিত হইয়াছে। এই নগরে পূর্ব্বে ৮টী দুর্গপরিবেষ্টিত সমৃদ্ধিশালী বাসভূমি ছিল। যাসিন্ ও চিত্রলের রাজগণের পরস্পর যুদ্ধে ঐ দুর্গ বিধ্বস্ত এবং সেই সঙ্গে সমগ্র গিলঘিট্ উপত্যকা শিখদিগের অধিকারভুক্ত হয়। গিলঘিট্-জেলা প্রায় ৪০ মাইল বিস্তৃত। ইহার সদর গিলঘিট্ নগর, সিন্ধুনদ হইতে ২৪ মাইল দূরে ও সমুদ্রপৃষ্ঠ হইতে ৪৮৯০ ফিট উচ্চে অবস্থিত। মধ্যস্থানের ভূমি উর্ব্বরা ও জলবায়ু স্বাস্থ্যকর।

এই স্থানের প্রাচীন নাম সর্গিন্। পরে গিলিত নাম হয়। শিখ অধিকারে আসিয়াই গিলঘিট্ নামে পরিবর্ত্তিত হইয়াছে। এখনও স্থানীয় শীন্ জাতীয় অধিবাসীরা 'সর্গিন্-গিলিত' বলিয়া থাকে। খৃষ্টীয় ১৫শ শতাব্দীর পূর্ব্বে এই স্থানে হিন্দুরাজগণ রাজত্ব করিতেন। ঐ হিন্দুরাজগণের 'রাস' বা 'সাহীরায়' উপাধি ছিল। ভাষার অপভ্রংশে মুসলমান অধিকারীরা 'রা' উপাধি গ্রহণ করেন। হিন্দুরাজবংশের শেষ রাজার নাম শ্রীবদ্দত। একজন মুসলমান আক্রমণকারী যুদ্ধে তাঁহাকে নিহত করিয়া তদীয় কন্যার পাণিগ্রহণ করেন। ঐ কন্যার বংশজাত পুত্রগণ 'ত্রখনে' বংশীয় বলিয়া অভিহিত। এক্ষণে ত্রখনেবংশীয় পুত্রগত রা উপাধিধারী কোন রাজার নাম পাওয়া যায় না। নাগরের রাজবংশীয় আলীদাদ খাঁ এখন 'রা' উপাধি পাইয়াছেন, কারণ তাঁহার মাতা 'ত্রখনে' বংশীয়া ছিলেন।

রাজা শ্রীবদ্দতের সময় চিত্রল, যাসিন্, তঙ্গির, দরেল, চিলাস, গোর, অস্তোর, হুণজা, নাগর, ও হরমোজ প্রভৃতি স্থান তাঁহার রাজ্যের অন্তর্গত ছিল।

এই পার্ব্বত্যপ্রদেশে অসংখ্য উপত্যকা ও গিরিশৃঙ্গ দৃষ্ট হয়। তন্মধ্যে ১১টী ১৮০০০ হইতে ২০০০০ ফিট, ৭টী ২০০০০ হইতে ২২০০০ ফিট, ৬টী ২২০০০ হইতে ২৪০০০ ফিট ও ৮টী ২৪০০০ হইতে ২৬০০০ ফিট উচ্চ হইবে। একটী পর্ব্বতের ৭০০০ ফিট উপরে ভয়ানক জঙ্গল আছে, ঐ জঙ্গলের নিম্নদেশে পশমযুক্ত অসংখ্য বন্য মেষ চরিতে দেখা যায়। ঐ পর্ব্বতের ১১০০০ ফিট উচ্চে বহু পরিমাণে স্বভাবজাত বন্য পিয়াজ উৎপন্ন হইয়া থাকে। চীনেরা ঐ পর্ব্বতকে সুঙ্গলিঙ্গ বলে। এই জেলার মধ্য দিয়া অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র নদী প্রবাহিত হইয়াছে। রকিপোস্ পর্ব্বত হইতে উৎপন্ন নদীতে স্বর্ণ পাওয়া যায়। গরিব অধিবাসীরা শীতকালে এই নদীতে স্বর্ণ সংগ্রহ করিয়া থাকে।

গিলঘিট্ নগর ও সিন্ধুনদের মধ্যবর্ত্তী স্থানে বাগ্রোত উপত্যকা। ইহার মধ্যে অনেকগুলি সমৃদ্ধিশালী গ্রাম আছে। এই স্থানে স্বর্ণ ও খনিজ রত্নাদি পাওয়া যায়। গিলঘিটের প্রাচীন রাজগণ শত্রু কর্ত্তৃক আক্রান্ত হইলে উক্ত উপত্যকায় আসিয়া আত্মরক্ষা করিতেন। এখানকার অধিবাসীরা সকলেই শীন্‌বংশীয়। ইহারা শীন্‌ভাষায় কথা কয়।

গিলঘিট্ নগরের এক মাইল দক্ষিণে হুণজা নদী আসিয়া গিলঘিট্ নদীতে মিশিয়াছে। ঐ নদীর ব্যাঁকের উত্তরে চাপ্রোত জেলা। এখানে চাপ্রোত গ্রামে একটী দুর্গ, আর তিনখানি গ্রাম আছে। ঐ দুর্গ নদীর সঙ্গমে নির্ম্মিত ও শত্রুর দুর্ভেদ্য। স্থলপথ ভিন্ন ইহার আর অপরদিকে প্রবেশপথ নাই। সময়ে সময়ে এই দুর্গ গিলঘিট্, হুণজা ও নাগররাজগণের অধীনে ছিল, এক্ষণে কাশ্মীররাজের অধিকারভুক্ত।

উত্তরদিক্ হইতে রকিপোস্ পর্ব্বত অভিমুখে চাহিয়া দেখিলে বোধ হয় যেন একটী নদীর কিনারা হইতে ক্রমান্বয়ে ঊর্দ্ধাভিমুখে পাহাড় উঠিয়াছে। এই পার্ব্বতীয় দৃশ্য অতি মনোরম। যাসিন, পোনিয়াল ও গিলঘিটের নিকটবর্ত্তী উপত্যকাবাসী লোকেরা যে বংশ হইতে উৎপন্ন, হুণজা ও নাগরের লোকেরাও সেই বংশীয়; ইহারা সিয়া সম্প্রদায়ভুক্ত মুসলমান। জাতির সর্দ্দারকে ইহারা 'থুম' বলিয়া ডাকে। থুম সর্দ্দারেরা মোগলোত ও গিরকিশ নামক দুই যমজ ভ্রাতার বংশধর; খৃষ্টীয় ১৫শ শতাব্দীর শেষভাগে ঐ দুই ভ্রাতা বিদ্যমান ছিলেন। নাগরের দুর্গ ও থুমের বাড়ী ম্যৎসিল নামক নদীর কূলে অবস্থিত। গিলঘিটের রাস্‌বংশীয় রাজগণের অধিকারকালে থুমসর্দ্দার তাঁহার অধীনতা স্বীকার করিতেন। ১৮৬৮ খৃষ্টাব্দে তাহারা কাশ্মীররাজের অধীন হয়। নাগর-সর্দ্দার প্রতিবৎসর কাশ্মীররাজকে কর স্বরূপ ২১ তোলা স্বর্ণ কর দিয়া থাকেন। ঐ পার্ব্বত্য প্রদেশের উত্তরদিকে 'ছোট গুজল' নামে বড় বড় তৃণাবৃত একটী স্থান আছে, এইখানে গোমেষাদি লইয়া এক ভ্রমণকারী জাতি বাস করে। এই রাজ্যের উত্তরপূর্ব্বে পক্‌পু ও শাক্ষপু নামে দুই জাতির বাস। ইহাদের সংখ্যা দশহাজারের অধিক হইবে। ইহারা হুণজা সর্দ্দারকে বৎসর বৎসর কর দিয়া থাকে। ইহাদের দেখিতে অতিশয় সুন্দর। গাত্রের বর্ণ তাম্রের মত লাল। হুণজার উত্তরে সিরিকোল নামক পার্ব্বতীয় রাজ্য। হুণজা সর্দ্দারবংশের নাম "অয়েসে" অর্থাৎ (স্বর্গীয়)। পূর্ব্বে ইহারাও সাহীরাজগণের অধীন ছিল। হুণজা আটটী জেলায় বিভক্ত, প্রত্যেক জেলায় এক একটী কেল্লা আছে।

গিলঘিটের শীনেরা হুণজা ও নাগরের অধিবাসীদিগকে য়েশকুণ জাতীয় বলে। কিন্তু শেষোক্ত দেশবাসী লোকেরা আপনাদিগকে বুরিষজাতির অন্তর্গত বলিয়া জানে।

য়েশ্‌কুণেরা বড়ই মদ্যপ্রিয় এবং যথেচ্ছা-ভোজী। এই জন্য শীন্‌জাতীয়েরা ইহাদের বিশেষ ঘৃণা করে। শীনেরা ইস্‌লাম্ ধর্ম্মে দীক্ষিত হইলেও গোরুর প্রতি বিশেষ ভক্তি প্রদর্শন করিয়া থাকে। গোঁড়া শীনেরা গো-মাংস ভক্ষণ বা দুগ্ধ পান, এমন কি, যে পাত্রে গোদুগ্ধ আছে এরূপ পাত্রও স্পর্শ করে না। বাছুর যতদিন গাভীর দুগ্ধ পান করে, ততদিন সে সাধারণের অস্পৃশ্য; এই জন্য প্রসূত হইলেই শীনেরা সবৎসা গাভীকে য়েশ্‌কুণদিগের নিকট পাঠাইয়া দেয়। বৎস মাতৃস্তন ত্যাগ করিলে পুনরায় ঐ গাভী তাহাদের নিকট হইতে ফিরাইয়া আনে। সদ্যজাত গো-বৎসের ন্যায় ইহারা মৃতমাংস ও গৃহপালিত মোরগমাংস অপবিত্র মনে করে। ঐ সকল জাতিগত আচার ব্যবহার আলোচনা করিলে মনে হয় যেন পূর্ব্বকালে দক্ষিণদেশ হইতে কোন হিন্দুরাজ সিন্ধুনদ পার হইয়া এই সুদূর-দেশে আসিয়া হিন্দুকুশপ্রান্তে রাজ্য স্থাপন করিয়াছিলেন।

আহ্মদশাহ আব্‌দালীর ভারত-আক্রমণের সময় ১৭৬০ খৃষ্টাব্দে একদল কাশ্মীরী আসিয়া গিলঘিটে বাস করে। এক্ষণে তাহাদের 'কাশিরু' নাম হইয়াছে। স্থান পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে তাহাদের আচারগত অনেক পরিবর্ত্তন ঘটিয়াছে। তাহারা চিত্রলের অধিবাসীদের সহিত একবারে মিশিয়া গিয়াছে।

গিলঘিট্ নগরের ১৯ মাইল উত্তরে পোনিয়াল জেলা, প্রায় ২২ মাইল বিস্তৃত হইয়া যাসিন্ রাজ্যের সীমা পর্য্যন্ত আসিয়াছে। গিলঘিটের প্রাচীন রাজগণের সময়ে এই জেলার আয়ে রাজপুত্র ও কন্যাগণের ভরণ পোষণ চলিত। ১৮৬০ খৃষ্টাব্দে এই জেলাও কাশ্মীররাজের অধীন হয়।

পূর্ব্বে হুণজা ও গিলঘিটের সর্দ্দারের মধ্যে সর্ব্বদাই যুদ্ধ বিগ্রহ ঘটিত। ১৮৬৯ খৃষ্টাব্দে ঐ বিবাদ মিটিয়া যায়। তদবধি থুম সর্দ্দার শীন্‌রাজকে বৎসরে দুইটী অশ্ব, দুইটী কুকুর এবং ৫২৷৷০ তোলা স্বর্ণ কর স্বরূপ দিয়া থাকেন। বালটিত্ নামক স্থানে থুমের ভবন।

হুণজারা খাইবার জন্য কোন জীবহত্যা করিবার সময় থুমের বাটীর দিকে মুখ রাখিয়া গলায় ছুরি দেয়। থুমকে ইহারা লক্ষ্মীমন্ত ভাবিয়া 'শ্রী' উপাধি দিয়া সম্বোধন করিয়া থাকে। দুই বৎসর হইল হুণজা নাগরদিগের সহিত বৃটীশ গবর্মেণ্টের যুদ্ধ বাঁধে। এখন গিলঘিটের নিকটবর্ত্তী অধিবাসীগণ বৃটীশ গবর্মেণ্টের অধীনতা স্বীকার করিতে বাধ্য হইয়াছে। এখন গিলঘিটের সৈন্যসংখ্যা বৃদ্ধি ও চারিদিকে সুদৃঢ় দুর্গ নির্ম্মাণ করা হইতেছে।

গীঃপতি (পুং) গিরাংপতিঃ ৬তৎ অহরাদিত্বাৎ বিকল্পে বিসর্গস্য ন রেফঃ। [গীর্পতি দেখ।]

গীত (ক্লী) গৈ ভাবে ক্ত। গান। নিয়মিত স্বরনিষ্পন্ন শব্দ-বিশেষ। সঙ্গীতশাস্ত্রের মতে যাহা ধাতু ও মাত্রাযুক্ত, তাহাকেই গীত কহে। ধাতু নাদাত্মক ও মাত্রা অক্ষরাত্মক। (১) গীত সকলেরই প্রীতিকর। সংসারী বনবাসী বা উদাসীন প্রভৃতি সকলেই গীতের পক্ষপাতী, হরিণ প্রভৃতি বন্য পশু এবং পাখিরাও গান শুনিতে ভালবাসে, এমন কি ভাল গান শুনিতে পাইলে অহিকুলও স্থির চিত্তে অবস্থিতি করে। শিশুরাও রোদন পরিত্যাগ করিয়া এক মনে গান শুনিয়া থাকে। বাস্তবিক প্রাণীগণের পক্ষে এমন বিনোদের হেতু আর দ্বিতীয় নাই। গীত দুঃখীর যাতনা নিবারণের উপায়, সুখীর প্রীতির কারণ এবং যোগিগণের উপাসনার প্রধান অঙ্গ। এই জন্যই প্রাচীন সঙ্গীতবেত্তারা বলেন যে, প্রভু শঙ্কর জগৎসংসার দুঃখাক্রান্ত দেখিয়া সাংসারিকগণের দুঃখ নিবারণের প্রধান উপায় গীত ও বাদ্য প্রকাশ করিয়াছেন। (২) ধর্ম্মশাস্ত্রেও লিখিত আছে যে, যিনি গীতজ্ঞ, তিনি গীত দ্বারাই মুক্তি লাভ করিতে পারেন, অপর কোন কারণে মুক্তি না হইলে রুদ্রের অনুচর হইয়া রুদ্রলোকে বাস করিতে পারেন। (৩)

গীত দুই প্রকার— বৈদিক ও লৌকিক। মীমাংসাদর্শনের ভাষ্যে শবরস্বামী লিখিয়াছেন, যে আভ্যন্তরীণ প্রযত্নে স্বর-গ্রামের অভিব্যক্তি হয়, তাহাকে গীত বলে, এবং সাম শব্দে (৪) তাহারই উল্লেখ করা হয়। সামবেদে সহস্র প্রকার গীতের উপায় আছে, গাথক ইচ্ছানুসারে তাহার কোন একটা অবলম্বন করিয়া সাম গান করিতে পারেন। (মীমাংসা ৯।৩।২৯ ভাষ্য।) লৌকিকের ন্যায় বৈদিক গানেও ক্রুষ্ট, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ এই সাতটী স্বর আছে। সামবিধান-

(১) "ধাতুমাত্রাসমাযুক্তং গীতমিত্যুচ্যতে বুধৈঃ।
তত্র নাদাত্মকোধাতুর্মাত্রা হ্যক্ষরসঞ্চয়ঃ।"

(২) "সংসারদুঃখদগ্ধানামুত্তমানামনুগ্রহাৎ।
প্রভুনা শঙ্করেণাত্র গীতবাদ্যং প্রকাশিতম্।"

(৩) "গীতজ্ঞো যদি গীতেন নাপ্নোতি পরমং পদম্।
রুদ্রস্যানুচরো ভূত্বা তেনৈব সহমোদতে।"

(৪) "নামশব্দবাচ্যস্য গানস্য স্বরূপমুগঙ্করেষু ক্রুষ্টাদিভিঃ সপ্তভিঃ স্বরৈঃ অক্ষরবিকারাদিভিশ্চ নিষ্পাদ্যতে। ক্রুষ্টঃ প্রথমঃ দ্বিতীয়ঃ তৃতীয়ঃ চতুর্থঃ পঞ্চমঃ ষষ্ঠশ্চ ইত্যেতে সপ্তস্বরাঃ।" (সামস· ভাষ্য।)

ব্রাহ্মণে লিখিত আছে যে, এই সাতটী স্বরের মধ্যে দেবতারা ক্রুষ্ট, মনুষ্যগণ প্রথম, গন্ধর্ব্ব ও অপ্সরাগণ দ্বিতীয়, পশুগণ তৃতীয়, পিতৃলোক চতুর্থ, অসুর ও রাক্ষসগণ পঞ্চম এবং ওষধি বনস্পতি প্রভৃতি অপর জগৎ ষষ্ঠস্বরে পরিতৃপ্তি লাভ করিয়া থাকে। (৫)

এই সাতটী মৌলিক স্বরই অবান্তর ভেদে বহুবিধ হইয়াছে। [বৈদিক গানের অপর বিবরণ সাম শব্দে দ্রষ্টব্য।]

লৌকিক গান প্রথমতঃ দুইভাগে বিভক্ত মার্গ ও দেশী। যে সকল গীত সর্ব্বপ্রথমে বিরিঞ্চি প্রকাশ করেন, এবং ভরত প্রভৃতি আদি গাথকগণ মহাদেবের প্রীতির জন্য গান করিতেন, সেই সমস্ত গীতই মার্গ নামে প্রসিদ্ধ। সঙ্গীত-শাস্ত্রের মতে মার্গ নামক গীত সর্ব্বদাই মঙ্গল প্রদান করিয়া থাকে। বিভিন্ন দেশীয় লোকের রুচি ও রীতিভেদে যে সকল গীত বিভিন্নরূপে পরিণত বা উৎপন্ন হইয়াছে, তাহাকেই দেশী বলে।

সঙ্গীতরত্নাকরে লিখিত আছে যে, সকল গীতেরই মূল সামবেদ। ব্রহ্মা সর্ব্বপ্রথমে সামবেদ হইতেই গীত সংগ্রহ করিয়াছেন। (৬)

এই গীত আবার যন্ত্র ও গাত্র ভেদে দুইপ্রকার। বেণু বীণা প্রভৃতি যন্ত্রে যে সকল গীত প্রকাশিত হয়, তাহাকে যন্ত্র ও প্রাণীর মুখে যে সকল গীত হইয়া থাকে, তাহাকে গাত্র বলে। কিন্তু চলিত কথায় যন্ত্রকে গীত না বলিয়া বাদ্য নামে উল্লেখ করা হয়, কেবল মুখে যে গীত হয় তাহাই গীত নামে প্রসিদ্ধ। সকল রকম গীতের মূল কারণই নাদ। সঙ্গীতশাস্ত্রের মতে আত্মা বা চেতনের যখন কোন ধ্বনি করিতে অভিলাষ হয়, তখন তাহার ইচ্ছায় অন্তঃকরণ চালিত হইয়া থাকে, তাহাতে শরীরস্থ অগ্নি আহত হইয়া উদ্দীপ্ত হয় এবং সেই উদ্দীপ্ত অগ্নির তেজে ব্রহ্মগ্রন্থিস্থিত বায়ু চালিত হইয়া ঊর্দ্ধপথে গমন করে। চালিত বায়ুর আঘাতে ক্রমে নাভি, হৃদয়, কণ্ঠ, মূর্দ্ধা ও মুখ প্রভৃতি স্থানে ধ্বনি হইয়া থাকে, ইহাকে নাদ বা শ্রুতি বলে। নাদ অতিসূক্ষ্ম, সূক্ষ্ম, পুষ্ট, অপুষ্ট ও কৃত্রিম এই পাঁচ ভাগে বিভক্ত; কিন্তু গীত-ব্যবহারে ইহাকে মন্দ্র, মধ্য ও তার এই তিনভাগে বিভক্ত করা হয়।

হৃদয়ে যে নাদ উৎপন্ন হয়, তাহাকে মন্দ্র গলদেশে উৎপন্নকে মধ্য ও মূর্দ্ধস্থানে উৎপন্ন নাদকে তার বলে। মন্দ্র হইতে দ্বিগুণ মধ্য এবং তাহার দ্বিগুণ তারনাদ হইয়া থাকে। এই নিয়ম শরীরে, বীণাযন্ত্রে ইহার বিপরীত। [বীণা দেখ] কোন সঙ্গীতবিদ্ নাদ বা শ্রুতিকে দ্বাবিংশতিভাগে, অপরে ৬৬ ভাগে এবং কেহ কেহ বা তিনভাগে বিভক্ত করিয়া থাকেন। সংগীতরত্নাকরপ্রণেতা শার্ঙ্গদেব বলেন যে, ঊর্দ্ধনাড়ী অর্থাৎ সুষুম্না সংলগ্ন ২২টী নাড়ী বক্রভাবে অবস্থিত আছে, তাহার যোগে ২২ রকম নাদ বা শ্রুতি উৎপন্ন হয়, এই কারণে শ্রুতিকে ২২ ভাগে বিভক্ত করাই উচিত।

এই সকল শ্রুতি হইতে ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ এই সাতটী স্বর উৎপন্ন হয়*। গীত শাস্ত্রে এই সাতটী স্বরকে—স, রি, গ, ম, প, ধ, নি এই সাতটী সংক্ষিপ্ত নামে উল্লেখ করা হইয়া থাকে। ষড়্জ স্বরে চারিটী, ঋষভে তিনটী, গান্ধারে দুইটী, মধ্যমে চারিটী, পঞ্চমে চারিটী, ধৈবতে তিনটী এবং নিষাদে ২টী মাত্র শ্রুতি থাকে।

সঙ্গীতদর্পণে এই দ্বাবিংশশ্রুতির নাম আছে। যথা—তীব্রা, কুমুদ্বতী, মন্দা, ছন্দোবতী, দয়াবতী, রঞ্জনী, রতিকা, রৌদ্রী, ক্রোধা, বজ্রিকা, প্রসারিণী, প্রীতি, মার্জনী, ক্ষিতি, রক্তা; সন্দীপনী, আলাপিনী, মদন্তী, রোহিণী, রম্যা, উগ্রা ও ক্ষোভিণী। ইহাদের মধ্যে তীব্রা প্রভৃতি চারিটী ষড়্জে, দয়াবতী প্রভৃতি তিনটী ঋষভে, রৌদ্রী ও ক্রোধা নামক শ্রুতি দুইটী গান্ধারে, বজ্রিকা প্রভৃতি চারিটী মধ্যমে, ক্ষিতি প্রভৃতি চারিটী পঞ্চমে, মদন্তী প্রভৃতি তিনটী ধৈবতে এবং শেষ দুইটী শ্রুতি নিষাদ স্বরে হইয়া থাকে। (সংগীতদ° ৫৩-৫৬)

মতঙ্গের মতে—শ্রুতি ৬৬ ভাগে বিভক্ত। তাহাদের নাম যথা—মন্দ্রা, অতিমন্দ্রা, ঘোরা, ঘোরতরা, মণ্ডনা, সৌম্যা, সুমনা, পুষ্করা, শঙ্খিনী, নীলা, উৎপলা, অনুনাসিকা, ঘোষাবতী, নীলনাদা, আবর্ত্তনী, রণদা, একগম্ভীরা, দীর্ঘতারা, নাদিনী, মন্দ্রজা, সুপ্রসন্না, নিনাদা। এই বাইশটী শ্রুতি মন্দ্রসপ্তকে হইয়া থাকে। নাদান্তা, নিষ্কলা, গূঢ়া, সকলা, মধুরা, গলী, একাক্ষরা, ভৃঙ্গজাতি, রসগীতি, সুরঞ্জিকা, পূর্ণা, অলঙ্কারিণী, বাংশিকা, বৈণিকা, ত্রিস্থানা, সুস্বরা, সৌম্যা, ভাষাঙ্গী, বার্ত্তিকা, সংপূর্ণা, প্রসন্না ও সর্ব্বব্যাপিনিকা এই বাইশটী শ্রুতি মধ্য সপ্তকে হয়। ঈশ্বরী, কৌমারী, সবরালী, মহার্কা, শঙ্খিনী, রাকা, ভোগবীর্য্যা, মনোরমা, সুস্নিগ্ধা, দিব্যাঙ্গা, সুললিতা, বিক্রমা, লজ্জা, কালী,

(৫) "যোঽসৌ ক্রুষ্টতম ইব সাম্নঃ স্বরস্তং দেবা উপজীবন্তি। যোঽবরেষাং প্রথমস্তং মনুষ্যাঃ, যো দ্বিতীয়স্তং গন্ধর্ব্বাপ্সরসো য স্তৃতীয়স্তং পশবো যশ্চতুর্থস্তং পিতরো যে চাণ্ডেষু শেরতে যঃ পঞ্চমস্তমসুররক্ষাংসি যোঽন্ত্যস্তমোষধয়ো বনস্পতয়ো যচ্চান্যজ্জগৎ।" (সামবিধানব্রা° ১।১।৮)

(৬) "সামবেদাদিদং গীতং সংজগ্রাহ পিতামহঃ।" (সংগীতরত্নাকর ১।২৫)

* বেদের ষড়ঙ্গের অন্তর্গত ছন্দশাস্ত্রেও এই সপ্তস্বরের উল্লেখ আছে।

সূক্ষ্মা, অতিসূক্ষ্মা, পুষ্টা, সুপুষ্টিকা, রোকরী, করালী, বিস্ফোটাস্তা এবং ভেদিনী এই বাইশটী শ্রুতি তারসপ্তকে হইয়া থাকে। (সঙ্গীতরত্নাকরটী॰ ৩।১৩।)

সংগীতসময়সারপ্রণেতার মতে নাসিকা, কণ্ঠ, উর, তালু, জিহ্বা ও দন্ত এই এই ষড়্‌বিধ স্থান সম্বন্ধে যে স্বর উৎপন্ন হয়, তাহার নাম ষড়্‌জ। নাভিমণ্ডলের ঊর্দ্ধগত বায়ু কণ্ঠ ও শীর্ষ-দেশে আহত হইলে ঋষভ অর্থাৎ বৃষভের নিনাদের ন্যায় যে স্বর উৎপন্ন হয়, তাহার নাম ঋষভ। গন্ধর্ব্বগণের অতিশয় সুখ হেতু বলিয়া তৃতীয় স্বরের নাম গান্ধার হইয়াছে। নাভির ঊর্দ্ধগত বায়ু আহত হইয়া হৃদয়ে যে স্বরের উৎপত্তি হয়, তাহাকে মধ্য বলে। ওষ্ঠ, কণ্ঠ, শির, হৃদয় ও নাভি এই পঞ্চস্থান-সম্বন্ধে যে স্বর উৎপন্ন হয়, তাহাকে পঞ্চম নামে উল্লেখ করা হয়। নাভির উপরিগত বায়ু, কণ্ঠ, তালু, শির ও হৃদয়দেশে ধৃত হইলে যে স্বর হইয়া থাকে, তাহাকে ধৈবত। যে স্বরে অপর সকল স্বর অবস্থিত বা বিরত হয়, তাহাই নিষাদ নামে অভিহিত। (১)

কথিত শ্রুতিসমূহের পাঁচটী জাতি আছে—দীপ্তা, আয়তা, করুণা, মৃদু ও মধ্যা। ষড়্‌জ স্বরের চারিটী শ্রুতি যথাক্রমে দীপ্তা, আয়তা, মৃদু ও মধ্যজাতীয়া। এইরূপ ঋষভের তিনটী করুণা, মধ্যা ও মৃদু। গান্ধারের দুইটী শ্রুতি দীপ্তা ও আয়তজাতীয়া। মধ্যমের চারিটী যথাক্রমে দীপ্তা, আয়তা, মৃদু ও মধ্যা। পঞ্চমের চারিটী মৃদু, মধ্যা, আয়তা ও করুণা। ধৈবতের তিনটী করুণা, আয়তা ও মধ্যা এবং নিষাদের দুইটী দীপ্তা ও মধ্যা। এই দীপ্তা জাতি আবার চারি প্রকার—তীব্রা, রৌদ্রী, বজ্রিকা ও উগ্রা। আয়তা পাঁচপ্রকার—কুমুদ্বতী, ক্রোধা, প্রসারিণী, সন্দীপনী ও রোহিণী। করুণা তিন প্রকার—দয়াবতী, আলাপিনী ও মদন্তিকা। মৃদু চারি-প্রকার—মন্দা, রতিকা, প্রীতি ও ক্ষিতি। মধ্যা ছয় প্রকার—ছন্দোবতী, রঞ্জনী, মার্জনী, রক্তিকা, রম্যা ও ক্ষোভিণী। [জাতি সম্বন্ধে অপর বিবরণ সঙ্গীতশাস্ত্রে দ্রষ্টব্য।]

এই মৌলিক সাতটী স্বরই বিকৃত হইয়া দ্বাদশ প্রকার হইয়া থাকে। ইহাদের মধ্যে ষড়্‌জস্বর বিকৃত হইয়া চ্যুত ও অচ্যুত এই দুইপ্রকার হয়। ষড়্‌জে স্বাভাবিক চারিটী শ্রুতি থাকে, ষড়্‌জের অন্তিম শ্রুতি হীন হইলে তাহাকে চ্যুত এবং পূর্ব্ব শ্রুতি হীন হইলে তাহাকে অচ্যুত বলে। ঋষভে স্বাভাবিক তিনটী শ্রুতি, কিন্তু যদি ষড়্‌জের অন্তিম শ্রুতির সহিত মিলিত হইয়া যায়, তবে চতুঃশ্রুতি বিকৃত ঋষভ হইয়া থাকে। গান্ধার মধ্যমের প্রথম শ্রুতি গ্রহণ করিলে ত্রিশ্রুতি বিকৃতগান্ধার এবং মধ্যমের প্রথম ও দ্বিতীয় শ্রুতি গ্রহণ করিলে চতুঃশ্রুতি বিকৃতগান্ধার হইয়া থাকে। মধ্যম ষড়্‌জের ন্যায় চ্যুত ও অচ্যুত ভেদে দুই প্রকার। পঞ্চম তৃতীয় শ্রুতিতে সংস্থিত হইলে তাহাকে ত্রিশ্রুতি বিকৃত পঞ্চম এবং এই বিকৃত পঞ্চম মধ্যমের অন্তিমশ্রুতি গ্রহণ করিলে চতুঃশ্রুতি বিকৃত পঞ্চম হইয়া থাকে। পঞ্চমের অন্তিম শ্রুতিটী ধৈবতে প্রবেশ করিলে চতুঃশ্রুতি বিকৃত ধৈবত হইয়া থাকে। নিষাদ ষড়্‌জের প্রথম শ্রুতি গ্রহণ করিলে ত্রিশ্রুতি বিকৃত নিষাদ এবং ষড়্‌জের শ্রুতিদ্বয় গ্রহণ করিলে চতুঃশ্রুতি বিকৃত নিষাদ হইয়া থাকে। বিকৃত দ্বাদশ ও মৌলিক সাত মিলিত হইয়া স্বর এক বিংশতি প্রকার হয়। (সঙ্গীতর॰ ২।৩৭-৪২।) সঙ্গীতশাস্ত্রে লিখিত আছে যে, ময়ূরের স্বাভাবিক স্বর ষড়্‌জ, চাতকের ঋষভ, ছাগের গান্ধার, ক্রৌঞ্চের মধ্যম, কোকিলের পঞ্চম, ভেকের ধৈবত এবং গজের স্বাভাবিক স্বর নিষাদ। (২)

এই সকল স্বর হইতেই সকল প্রকার রাগ উৎপন্ন হয়। পূর্ব্বকথিত স্বর আবার চারি প্রকার বলা হইয়া থাকে—বাদী, সংবাদী, বিবাদী ও অনুবাদী। যে রাগে যে স্বর বাহুল্যে অর্থাৎ অনেকবার উচ্চারিত হয়, সেই রাগে সেই স্বরটীকে বাদী বলা যায়। রাগে বাদীই সর্ব্বপ্রধান, অপর স্বর ইহার অনুগত থাকে। স্বরদ্বয় যে যে শ্রুতিতে বিশ্রান্তি লাভ করে, তাহার মধ্যে ১২টী অথবা আটটী শ্রুতি থাকিলে পরস্পর পরস্পরের সংবাদী স্বর হয়। যেরূপ ষড়্‌জস্বর

(১) "নাসা কণ্ঠ উরস্তালুজিহ্বাদন্তাস্তথৈব চ।
ষড়্‌ভিঃ সংজায়তে যস্মাৎ তস্মাৎ ষড়্‌জ ইতি স্মৃতঃ॥
নাভেঃ সমুদিতো বায়ুঃ কণ্ঠশীর্ষসমাহতঃ।
ঋষভবন্নদেদ্ যস্মাৎ তস্মাদৃষভ ঈরিত॥
নাভেঃ সমুদিতো বায়ুঃ কণ্ঠশীর্ষসমাহতঃ।
গন্ধর্ব্বসুখহেতুত্বাৎ গান্ধারস্তেন কথ্যতে॥
বায়ুঃ সমুত্থিতো নাভের্হৃদয়েষু সমাহতঃ।
মধ্যস্থানোদ্ভবত্বাচ্চ মধ্যম স্তেন কীর্ত্তিতঃ॥
বায়ুঃ সমুত্থিতো নাভেরোষ্ঠকণ্ঠশিরোহৃদঃ।
পঞ্চস্থানসমুদ্ভূত পঞ্চমস্তেন সম্মতঃ॥
নাভেঃ সমুত্থিতো বায়ুঃ কণ্ঠতালুশিরোহৃদি।
তৎতৎস্থানে ধৃতো যস্মাৎ তস্মাদ্ ধৈবত উচ্যতে॥
নাভেঃ সমুত্থিতো বায়ুঃ কণ্ঠতালুশিরোহতঃ।
নিষীদন্তি স্বরাঃ সর্ব্বে নিষাদস্তেন কথ্যতে॥"
[সঙ্গীতরত্নাকর ২। ২৩ টী॰]

(২) "ময়ূরচাতকচ্ছাগক্রৌঞ্চকোকিলদর্দুরাঃ।
গজশ্চ সপ্তষড়্‌জাদীন্ ক্রমাদুচ্চারয়ন্ত্যমী॥" (সংগীতর॰ ২।৪৪)

ছন্দোবতী নামক চতুর্থশ্রুতিতে সমাপ্ত হয় এবং মধ্যম মার্জনী নামক ত্রয়োদশ শ্রুতিতে বিরত হয়। ছন্দোবতী ও মার্জনীর মধ্যে দয়াবতী, রঞ্জনী, রতিকা, রৌদ্রী, ক্রোধা, বজ্রিকা, প্রসারিণী ও প্রীতি এই আটটী শ্রুতি আছে, অতএব মধ্যম ষড়্জের সংবাদী। এই প্রকার দ্বাদশ শ্রুতি ব্যবধান বলিয়া পঞ্চমও ষড়্জের সংবাদী। ঋষভের সংবাদী ধৈবত, গান্ধারের নিষাদ, মধ্যমের ষড়্জ, পঞ্চমের ষড়্জ, ধৈবতের ঋষভ এবং নিষাদের গান্ধার সংবাদী। (সঙ্গীতর° ২।৪৬)

গীতের অংশরূপে যে স্বর কল্পিত হয়, তাহার স্থানে তাহার সংবাদী স্বর প্রয়োগ করিলে তাহাকে রাগ বলা যাইতে পারে না অথবা রাগের জাতি বিনষ্ট হয়। পূর্ব্ব সংবাদী স্থলে উত্তর সংবাদীর প্রয়োগে রাগের অভাব এবং উত্তর সংবাদীস্থলে পূর্ব্ব সংবাদীর প্রয়োগে জাতি হানি হইয়া থাকে।

নিষাদ ও গান্ধার অপর স্বরের বিবাদী। কোন সংগীতবিদের মতে ঐ দুইটী স্বর ঋষভ এবং ধৈবত স্বরেরই বিবাদী, অপর স্বরের নহে। আবার কোন কোন সংগীতবেত্তা বলেন যে ঋষভ এবং ধৈবত নিষাদ ও গান্ধারের বিবাদী স্বর। গীতে নির্দ্দিষ্ট স্বরের স্থানে তাহার বিবাদীর প্রয়োগে রাগের বাদীত্ব, অনুবাদিত্ব ও সংবাদিত্ব নষ্ট হয়। যে দুইটী স্বর পরস্পর সংবাদী বা বিবাদী হয় না, তাহারা পরস্পর অনুবাদী হইয়া থাকে। গীতে নির্দ্দিষ্ট বাদী স্বরের স্থলে অনুবাদীর প্রয়োগ করা যাইতে পারে, ইহাতে জাতিরাগের কোন অনিষ্ট নাই। (সঙ্গীতর° ২।৪৭)

শার্ঙ্গদেবের মতে ষড়্জ, গান্ধার ও মধ্যম এই তিনটী স্বর দেবকুলে সমুৎপন্ন; পঞ্চম পিতৃকুলে, ঋষভ ও ধৈবত ঋষিকুলে এবং নিষাদ অসুরবংশে উৎপন্ন হইয়াছে। ষড়্জ, মধ্যম ও পঞ্চম ব্রাহ্মণ; ঋষভ ও ধৈবত ক্ষত্রিয়; নিষাদ ও গান্ধার বৈশ্য এবং অন্তর ও কাকলী শূদ্রবর্ণ। সাতটী মৌলিক স্বর যথাক্রমে—রক্ত, ঈষৎপীত, অতিপীত, শুভ্র, কৃষ্ণ, পীত ও কর্ব্বুরবর্ণ এবং জম্বু, শাক, কুশ, ক্রৌঞ্চ, শাল্মলী, শ্বেত ও পুষ্করদ্বীপে উৎপত্তিলাভ করিয়াছে। সংগীতশাস্ত্রে বেদমন্ত্রের ন্যায় এই সকল স্বরের ঋষি, ছন্দঃ এবং দেবতারও উল্লেখ দেখিতে পাওয়া যায়।

ষড়্জ ও ঋষভস্বর বীর অদ্ভুত ও রৌদ্ররসে, ধৈবত বীভৎস ও ভয়ানকরসে, গান্ধার ও নিষাদ করুণরসে এবং মধ্যম ও পঞ্চম হাস্য অথবা শৃঙ্গার রসে সমধিক প্রয়োগ বা বাদী করা উচিত। (৩)

(৩) "স-রী বীরেঽদ্ভুতে রৌদ্রে ধো বীভৎসে ভয়ানকে।
কার্য্যো গ-নী তু করুণে হাস্যশৃঙ্গারয়ো মপৌ।" (সঙ্গীতর° ২।৫৬)

মূর্চ্ছনা, তান, জাতি ও জাত্যংশযুক্ত স্বরসমূহকে গ্রাম বলে। স্বর গ্রাম তিনটী ষড়্জ, মধ্যম ও গান্ধার; মনুষ্য লোকে প্রথম ও দ্বিতীয় গ্রাম অবলম্বনেই গীত ব্যবহার নিষ্পন্ন হয়। গান্ধার গ্রাম মনুষ্যের মধ্যে চলিত নাই, উহা কেবল দেবলোকেই প্রচলিত। যে স্বরসমূহের মধ্যে পঞ্চম স্বরটী স্বীয় চতুর্থ শ্রুতিতে অবস্থিত অর্থাৎ অবিকৃত, তাহাকে ষড়্জ গ্রাম বলে। যে স্বর সমূহে পঞ্চমটী নিজ তৃতীয় শ্রুতিতে বিশ্রান্ত অর্থাৎ বিকৃত, তাহার নাম মধ্যম গ্রাম। সঙ্গীতদর্পণের মতে স্বরসমূহের মধ্যে ধৈবত ত্রিশ্রুতি বা অবিকৃত থাকিলে ষড়্জ গ্রাম এবং ধৈবত স্বরটী পঞ্চমের চতুর্থ শ্রুতি গ্রহণ করিয়া চতুঃশ্রুতি বা বিকৃত হইলে মধ্যম গ্রাম বলা যাইতে পারে। স্বরসমূহের মধ্যে গান্ধার ঋষভের অন্তিম ও মধ্যমের আদিশ্রুতি অবলম্বনে চতুঃশ্রুতি, ধৈবত পঞ্চমের অন্তিমশ্রুতি এবং নিষাদ ধৈবতের অন্তিম ও ষড়্জের আদি শ্রুতি গ্রহণ করিয়া বিকৃত হইলে তাহার নাম গান্ধার গ্রাম। দণ্ডিলের মতে মধ্যম গ্রামে পঞ্চম, ষড়্জ গ্রামে ধৈবত এবং উভয় গ্রামেই মধ্যম স্বরের স্থিতি আবশ্যক। ইহাদের লোপ অর্থাৎ উচ্চারণ না থাকিলে গ্রাম হয় না, কিন্তু আবশ্যক মতে ইহা ব্যতীত অপর স্বরের লোপ করিলেও গ্রাম হইয়াথাকে। (১)

ষড়্জ গ্রামের অধিপতি ব্রহ্মা, মধ্যমের বিষ্ণু এবং গান্ধার গ্রামের অধিপতি মহাদেব। হেমন্ত ঋতুর পূর্ব্বাহ্ণে ষড়্জ গ্রাম, গ্রীষ্মের মধ্যাহ্নে মধ্যম গ্রাম এবং বর্ষাঋতুর অপরাহ্ণে গান্ধার গ্রাম অবলম্বন করিয়া গান করা উচিত। (২)

মূর্চ্ছনা—ক্রমানুসারে সাতটী স্বরের আরোহণ অর্থাৎ পর পর রূপে ষড়্জ প্রভৃতি সাতটী স্বরের উচ্চারণ এবং ব্যুৎক্রমে অবরোহণ অর্থাৎ পূর্ব্ব পূর্ব্ব ভাবে নিষাদ প্রভৃতি স্বরের উচ্চারণের নাম মূর্চ্ছনা। বাস্তবিক পক্ষে উক্ত আরোহণ ও অবরোহণযুক্ত স্বরসমূহের নামই মূর্চ্ছনা। ইহাতে রাগ মূর্চ্ছিত অর্থাৎ বর্দ্ধিত হয় বলিয়া মূর্চ্ছনা নাম হইয়াছে। (ভূপালসিংহ, সঙ্গীতর° ৩।৯।) ষড়্জ গ্রামে উত্তরমন্দ্রা, রজনী, উত্তরায়তা, শুদ্ধ ষড়্জা, মৎসরীকৃতা, অশ্বক্রান্তা এবং অভিরুদ্গতা নামক সাতটী মূর্চ্ছনা আছে, এইরূপ মধ্যম গ্রামে সৌবীরী, হারিণাশ্বা, কলোপনতা, শুদ্ধমধ্যা, মার্গী, পৌরবী ও হৃষ্যকা নামে সাতটী এবং গান্ধার গ্রামে নন্দা, বিশালা, সুমুখী, চিত্রা, চিত্রবতী, সুখা এবং

(১) "পঞ্চমং মধ্যমগ্রামে ষড়্জ গ্রামেতু ধৈবতম্।
অলোপিনং বিজানীয়াৎ সর্ব্বত্রৈবতু মধ্যমং।" (সঙ্গীতর° ৩।৭ টী)

(২) "হেমন্তগ্রীষ্মবর্ষাসু গাতব্যাস্তু যথাক্রমম্।
পূর্ব্বাহ্ণকালে মধ্যাহ্নে পরাহ্ণে ভূদ্যয়ার্থিভিঃ।" (সঙ্গীতর° ৩।৮)

আলাপী নামক সাতটী মূর্চ্ছনা আছে। গান্ধার গ্রাম মনুষ্য লোকে চলিত নাই বা হইতে পারে না বলিয়া লৌকিক সঙ্গীতশাস্ত্রে গান্ধার গ্রামের বিশেষ কথা নাই এবং তাহার মূর্চ্ছনার লক্ষণাদিও জানিতে পারা যায় না। (৩)

মধ্যস্থানস্থিত ষড়্‌জ হইতে আরম্ভ করিয়া নিষাদ পর্য্যন্ত যথাক্রমে আরোহণ এবং নিষাদ হইতে আরম্ভ করিয়া ষড়্‌জ পর্য্যন্ত ব্যুৎক্রমে অবরোহণ করিলে ষড়্‌জগ্রামের প্রথমা মূর্চ্ছনা উত্তরমন্দ্রা উৎপন্ন হয়। এই প্রকার মন্দ্রস্থানস্থিত নিষাদ প্রভৃতি ছয়টী স্বর হইতে আরম্ভ করিয়া নিয়মিতরূপে আরোহণ এবং অবরোহণ করিলে রজনী প্রভৃতি অপর ছয়টী মূর্চ্ছনা হয়। মধ্যস্থানস্থিত মধ্যমস্বর হইতে আরম্ভ করিয়া যথানিয়মে আরোহণ এবং অবরোহণ করিলে মধ্যমগ্রামের প্রথমা মূর্চ্ছনা সৌবীরী উৎপন্ন হয়। এই প্রকার ষড়্‌জ স্থানস্থিত নিষাদ প্রভৃতি অপর ছয়টী স্বর হইতে আরম্ভ করিয়া আরোহণ ও অবরোহণ করিলে হারিণাশ্বা প্রভৃতি অপর ৬টী মূর্চ্ছনা হইয়া থাকে। যে স্বর হইতে আরোহণ আরম্ভ করিয়া যে স্বরে থামিতে হয় এবং যে স্বর হইতে অবরোহণ আরম্ভ করিয়া যে স্বর পর্য্যন্ত মূর্চ্ছনা সমাপ্ত হয়, তাহা স্বরের সংক্ষিপ্ত নাম দ্বারা নিম্নে লিখিত হইল। সঙ্গীতশাস্ত্রের নিয়ম অনুসারে যাহার উপরে বিন্দু আছে, তাহা মন্দ্রস্থানীয় এবং যাহার উপরে ঊর্দ্ধরেখা থাকিবে, তাহা তারস্থানীয়, তদ্ব্যতীত মধ্যস্থানীয় জানিবে। বামদিকের প্রথম হইতে আরম্ভ করিয়া ডানদিকের শেষ স্বর পর্য্যন্ত যাওয়ার নাম আরোহ এবং ডানদিকের শেষ স্বর আদি করিয়া বামক্রমে বামের শেষ স্বরে উপস্থিত হওয়ার নাম অবরোহ জানিবে। (৪)

ষড়্‌জ গ্রামের মূর্চ্ছনা।

১ম উত্তরমন্দ্রা—স রি গ ম প ধ নি।
২য় রজনী—নি স রি গ ম প ধ।
৩য় উত্তরায়তা—ধ নি স রি গ ম প।
৪র্থ শুদ্ধষড়্‌জা—প ধ নি স রি গ ম।
৫ম মৎসরীকৃতা—ম প ধ নি স রি গ।
৬ষ্ঠ অশ্বক্রান্তা—গ ম প ধ নি স রি।
৭ম অভিরুদ্গতা—রি গ ম প ধ নি স।

মধ্যম গ্রামের মূর্চ্ছনা।

১ম সৌবীরী—ম প ধ নি স রি গ।
২য় হারিণাশ্বা—গ ম প ধ নি স।
৩য় কলোপনতা—রি গ ম প ধ নি স।
৪র্থ শুদ্ধ মধ্যা—স রি গ ম প ধ নি।
৫ম মার্গী—নি স রি গ ম প ধ।
৬ষ্ঠ পৌরবী—ধ নি স রি গ ম প।
৭ম হৃষ্যকা—প ধ নি স রি গ ম।

মধ্যম গ্রামের ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম মূর্চ্ছনার সহিত ষড়্‌জ গ্রামের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ মূর্চ্ছনার কোন ভেদ নাই বলিয়া আপাততঃ বোধ হয়, কিন্তু বাস্তবিক পক্ষে ষড়্‌জ গ্রামের পঞ্চমটী চতুঃশ্রুতি এবং মধ্যম গ্রামের পঞ্চম ত্রিশ্রুতি এই কারণে উহাদের পরস্পর বিলক্ষণ ভেদ হইয়া থাকে। মতঙ্গ ও নন্দিকেশ্বরের মতে প্রত্যেক মূর্চ্ছনায় দ্বাদশটী স্বর হইয়া থাকে (১)। তাঁহাদের মত সিদ্ধ মূর্চ্ছনার আকার এইরূপ—

ষড়্‌জ গ্রামের মূর্চ্ছনা।

১মা—ধ নি স রি গ ম প ধ নি স রি গ।
২য়া—নি স রি গ ম প ধ নি স রি গ ম।
৩য়া—স রি গ ম প ধ নি স রি গ ম প।
৪র্থী—রি গ ম প ধ নি স রি গ ম প ধ।
৫মী—গ ম প ধ নি স রি গ ম প ধ নি।
৬ষ্ঠী—ম প ধ নি স রি গ ম প ধ নি স।
৭মী—প ধ নি স রি গ ম প ধ নি স রি।

মধ্যম গ্রামের মূর্চ্ছনা।

১মা—নি স রি গ ম প ধ নি স রি গ ম।
২য়া—স রি গ ম প ধ নি স রি গ ম প।
৩য়া—রি গ ম প ধ নি স রি গ ম প ধ।
৪র্থী—গ ম প ধ নি স রি গ ম প ধ নি।
৫মী—ম প ধ নি স রি গ ম প ধ নি স।
৬ষ্ঠী—প ধ নি স রি গ ম প ধ নি স রি।
৭মী—ধ নি স রি গ ম প ধ নি স রি গ।

আদিসংগীতশাস্ত্রপ্রণেতা ভরতমুনির মতে গান বা বাদ্য সময়ে যে স্থলে কণ্ঠ বা হস্ত কম্পিত হয়, তাহারই নাম

(৩) "তাশ্চ স্বর্গে প্ররোক্তব্যা বিশেষাত্তেন নোদিতাঃ।" (সঙ্গীতর° ৩।২৩ টী°)

(৪) "মন্দ্রো বিন্দুশিরা ভবেৎ। ঊর্দ্ধরেখাশিরাস্তারোল্লিপৌ।" (সঙ্গীতরত্না° ৩।১৩টী°)

(১) "ইদানীং সংপ্রবক্ষ্যামি দ্বাদশ স্বরমূর্চ্ছনাঃ।" (মাতঙ্গী)
"দ্বাদশস্বরসম্পন্না জ্ঞাতব্যা মূর্চ্ছনা বুধৈঃ।" (নন্দিকেশ্বর)

মূর্চ্ছনা। হনুমানের মতে ষড়্‌জাদি স্বর হইতে ঋষভাদি স্বরের উত্থান যে স্থানে বিরাম হয়, তাহাকে মূর্চ্ছনা বলে।

এই সকল মূর্চ্ছনা আবার চারি প্রকার—শুদ্ধা, সকাকলী, সান্তরা এবং কাকল্যন্তরযুক্তা। মূর্চ্ছনার যে যে স্বর বিকৃত বা অবিকৃত উক্ত হইয়াছে, তাহা ঠিক্ সেইরূপ থাকিলে শুদ্ধমূর্চ্ছনা বলে। নিষাদ স্বর ষড়্‌জের শ্রুতিদ্বয় গ্রহণ করিয়া চতুঃশ্রুতি হইলে তাহাকে কাকলী বলে। যে মূর্চ্ছনায় চতুঃশ্রুতি নিষাদ বা কাকলী থাকে, তাহাকে সকাকলী বলে। গান্ধার স্বর মধ্যমের শ্রুতিদ্বয় গ্রহণ করিয়া চতুঃশ্রুতি হইলে তাহাকে অন্তর বলে, যে মূর্চ্ছনার গান্ধার অন্তর বা চতুঃশ্রুতি তাহার নাম সান্তরা। যদি একটী মূর্চ্ছনা অন্তর এবং কাকলীযুক্ত হয়, তবে তাহাকে কাকল্যন্তরযুক্তা বলে। এই ছাপ্পান্ন প্রকার মূর্চ্ছনা প্রথমাদি স্বর হইতে আরম্ভ ভেদে আবার সাতপ্রকার হয়। অতএব সর্ব্বসমেত ৩৯২ প্রকার মূর্চ্ছনা। (৭×২=১৪, ১৪×৪=৫৬, ৫৬×৭=৩৯২।) (সঙ্গীতরত্নাকর ৩।১৯)

যক্ষ, রাক্ষস, নারদ, ব্রহ্মা, সর্প, অশ্বিনীকুমার এবং বরুণ ইহারা যথাক্রমে ষড়্‌জগ্রামের সাতটী মূর্চ্ছনার অধিপতি। ব্রহ্মা, ইন্দ্র, বায়ু, গন্ধর্ব্ব, সিদ্ধ, দ্রুহিণ ও ভানু ইহারা যথাক্রমে মধ্যমের সাতটী মূর্চ্ছনার অধিপতি। যে মূর্চ্ছনার যে অধিপতি নির্দ্দেশ করা হইল, তিনি সেই মূর্চ্ছনায় প্রীতিলাভ করেন।

যে প্রকার আরোহ এবং অবরোহক্রমযুক্ত স্বরসমূহকে মূর্চ্ছনা বলে, সেইরূপ কেবল আরোহক্রমযুক্ত স্বরসমূহকে তান বলা যায়। তান প্রথমতঃ দুই ভাগে বিভক্ত, শুদ্ধ তান ও কূট তান। মূর্চ্ছনা একস্বরহীন হইয়া ষট্‌স্বর এবং দুই স্বর হীন হইয়া পঞ্চস্বর হইলে তাহাকে শুদ্ধতান বলে। ষট্ স্বর শুদ্ধ তানকে ষাড়ব এবং পঞ্চস্বর-শুদ্ধতানকে ঔড়ব বলা যাইতে পারে।

ষাড়ব শুদ্ধতান সর্ব্বসমেত ঊনপঞ্চাশটী। ষড়্‌জ গ্রামের সাতটী মূর্চ্ছনা ষড়্‌জ, ঋষভ, পঞ্চম বা নিষাদ ইহার মধ্যে কোন একটী হীন হইয়া ২৮টী ষাড়ব শুদ্ধতান উৎপন্ন হয় এবং মধ্যম গ্রামের সাতটী মূর্চ্ছনা ষড়্‌জ, ঋষভ ও গান্ধার ইহার মধ্যে কোন একটী হীন হইয়া ২১টী ষাড়ব শুদ্ধ তান উৎপন্ন হইয়া থাকে।

ঔড়ব শুদ্ধতান সর্ব্বসমেত ৩৫টী। ষড়্‌জ গ্রামের সাতটী মূর্চ্ছনা হইতে ষড়্‌জ ও পঞ্চমহীন সাতটী গান্ধার ও নিষাদহীন হইলে সাতটী এবং ঋষভ ও পঞ্চম হীনে সাতটী এই একবিংশতি তান হইয়া থাকে। এই প্রকার মধ্যম গ্রামের মূর্চ্ছনা হইতে ঋষভ ও ধৈবত না থাকিলে সাতটী এবং গান্ধার ও নিষাদের অভাবে সাতটী এই চৌদ্দ তান হয়। সর্ব্বসমেত তানের সংখ্যা ৮৪টী।

পূর্ণ বা অসংপূর্ণ মূর্চ্ছনা ব্যুৎক্রমে উচ্চারিত হইলে তাহাকে কূটতান বলে। পূর্ণ মূর্চ্ছনায় যে কূট তান উৎপন্ন হয়, তাহাকে পূর্ণ এবং অসংপূর্ণ মূর্চ্ছনায় যাহা উৎপন্ন হয়, তাহাকে অসংপূর্ণ কূটতান বলে। একটী পূর্ণ মূর্চ্ছনায় ৫০৪০টী পর্য্যন্ত কূট তান হইতে পারে। পূর্ণ মূর্চ্ছনা ৫৬টী। অতএব পূর্ণ কূটতান ২৮২২৪০টী হইতে পারে।

পূর্ণ মূর্চ্ছনার অন্ত্য একটী না থাকিলে ষট্‌স্বর অসংপূর্ণ কূট তান হয়। এই প্রকার দুইবার অন্ত্যস্বরের অভাবে পঞ্চস্বর, ৩টীর অভাবে চতুঃস্বর, ৪টীর অভাবে ত্রিস্বর, পাঁচটী না থাকিলে দ্বিস্বর এবং অন্ত্য ছয়টীর স্বর না থাকিলে একস্বর কূটতান বলা যাইতে পারে। এইরূপ প্রত্যেক মূর্চ্ছনায় ৬টী করিয়া অসংপূর্ণ কূট তান হইয়া থাকে। ষট্‌স্বর কূট তানের নাম ষাড়ব, পঞ্চস্বর ঔড়ব, চতুঃস্বর স্বরান্তর, ত্রিস্বর সাবিক, দ্বিস্বর গাথিক এবং একস্বরের নাম আর্চ্চিক। এই ষাড়ব প্রভৃতিকে সঙ্গীতশাস্ত্রে ক্রম নামে উল্লেখ করা হয়। [তানের অপর বিবরণ তান শব্দে দ্রষ্টব্য।]

পূর্ব্বকথিত স্বরসমূহের মধ্যে কোন কোন স্বর অপর স্বরে সাধারণ হইয়া থাকে। সঙ্গীতশাস্ত্রে তাহাকে সাধারণ নামে উল্লেখ করা হয়। এই সাধারণ দুইপ্রকার স্বরসাধারণ ও জাতিসাধারণ। স্বর সাধারণ আবার চারিভাগে বিভক্ত—কাকলী, অন্তর, ষড়্‌জ ও মধ্যম সাধারণ। কাকলী ও অন্তরের লক্ষণ পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে। কাকলী স্বর ষড়্‌জ ও নিষাদের এবং অন্তর স্বর গান্ধার ও মধ্যমের সাধারণ হয়। গানক্রিয়াতে ষড়্‌জের উচ্চারণের পর অবরোহ ক্রমে প্রথমে কাকলী ও তৎপরে ধৈবতের প্রয়োগ করা উচিত। এই প্রকার মধ্যমের পরে অন্তর ও ঋষভ প্রযোজ্য। শার্ঙ্গদেবের মতে জাতি রাগাদিতে কাকলী বা অন্তরের অল্প প্রয়োগ করা উচিত। নিষাদ ও ঋষভ যথাক্রমে ষড়্‌জের আদি ও অন্ত্য শ্রুতি গ্রহণ করিলে তাহাদিগকে ষড়্‌জ সাধারণ বলা যাইতে পারে। গান্ধার ও পঞ্চম যথাক্রমে মধ্যমের আদ্য ও অন্তিম শ্রুতি অবলম্বন করিলে মধ্যম সাধারণ হয়। ষড়্‌জ সাধারণ ষড়্‌জ গ্রামে এবং মধ্যম গ্রামে মধ্যম সাধারণ প্রযোজ্য। কৈশিকে উভয় সাধারণও প্রয়োগ করা যাইতে পারে।

ভরতমুনির মতে এক গ্রামে উৎপন্ন সমান অংশ ও স্বরযুক্ত জাতিতে পরস্পর সমান গানকে জাতি সাধারণ বলে। (সঙ্গীতরত্নাকর ৪।৯)

সংগীতদর্পণের মতে—রাগালাপযুক্তকেই জাতি সাধারণ নামে উল্লেখ করা হইয়াছে। কোন কোন সঙ্গীতবেত্তার মতে কৈশিক প্রভৃতি রাগের নাম জাতি সাধারণ।

স্বরের যথানিয়মে উচ্চারণ করার নাম বর্ণ, ইহাকেই গান বা গীত শব্দে উল্লেখ করা হয়। এই গান ক্রিয়া বা স্বরের উচ্চারণ চারিপ্রকার—স্থায়ী, আরোহী, অবরোহী ও সঞ্চারী। একটী স্বরের কিয়ৎক্ষণ পরে পরে উচ্চারণকে স্থায়ী বলে। যথা ষড়্জের সা সা সা। মধ্যমের মা মা মা ইত্যাদি। যে উচ্চারণে আরোহ এবং যাহাতে অবরোহ হয়, তাহাদিগকে যথাক্রমে আরোহী ও অবরোহী বলে। যে উচ্চারণে এই তিনটী লক্ষণই লক্ষিত হয়, তাহার নাম সঞ্চারী। সঙ্গীতবেত্তারা এই সকল গীত বা উচ্চারণের আবার কতকগুলি অলঙ্কার নিরূপণ করিয়াছেন, তাহাতে গানের সৌষ্ঠব বৃদ্ধি হয়। [গীতালঙ্কার সঙ্গীতশাস্ত্রে দ্রষ্টব্য।]

গীতের প্রারম্ভে যে স্বরটী স্থাপিত হয়, তাহাকে গ্রহস্বর, গীতসমাপক স্বরের নাম ন্যাসস্বর এবং গীতে যাহার বহুল প্রয়োগ আছে, তাহাকে অংশস্বর বলে।

সঙ্গীতশাস্ত্রে জাতির ত্রয়োদশটী লক্ষণ দেখিতে পাওয়া যায়। গ্রহ, অংশ, তার, মন্দ্র, ন্যাস, অপন্যাস, সংন্যাস, বিন্যাস, বহুত্ব, অল্পতা, অন্তরমার্গ, ষাড়ব এবং ঔড়ব। এই ত্রয়োদশ লক্ষণ যাহাতে লক্ষিত হয়, তাহারই নাম জাতি।

পূর্ব্বে যে গ্রামের কথা বলা হইয়াছে, সেই গ্রাম হইতে রাগ উৎপন্ন হয়। ইহা মনুষ্য প্রভৃতির চিত্তরঞ্জিত করে বলিয়া আদি সঙ্গীতবেত্তারা ইহার "রাগ" এই সংজ্ঞা দিয়াছেন। সংগীতদর্পণে লিখিত আছে যে, শিব ও শক্তির যোগে শিবের মুখ হইতে শ্রীরাগ, বসন্ত, ভৈরব, পঞ্চম ও মেঘনামক রাগ উৎপন্ন হয় এবং গিরিজার মুখ হইতে নটরাগ উৎপন্ন হয়। (সংগীতদর্পণ রাগাধ্যায় ৯-১১।) ইহাতে বোধ হয় যে সর্ব্বপ্রথমে কেবল ছয়টী রাগই ছিল, সঙ্গীতবেত্তারা তৎপরে তাহা হইতে অপর রাগ, রাগিণী, উপরাগ প্রভৃতিও সৃষ্টি করিয়া লইয়াছেন। প্রাচীন সঙ্গীতশাস্ত্রে সর্ব্বসমেত বিংশতিপ্রকার রাগ ও ছত্রিশ প্রকার রাগিণী নিরূপিত হইয়াছে এবং রাগিণীকে রাগের ভার্য্যা বলিয়া বর্ণনা করা হইয়াছে। [রাগ রাগিণী শব্দ দেখ।] বিভিন্ন কালে সেই সকল রাগ রাগিণী হইতেই শুদ্ধ ও মিশ্রিত ভাবে অনেক গীতের আবিষ্কার হইয়াছে। প্রাচীন তত্ত্ব পর্য্যালোচনা করিলে বোধ হয় যে প্রাচীন আর্য্য হিন্দুগণ হইতেই সর্ব্বপ্রথমে সংগীতবিদ্যার সৃষ্টি হয়। পরে অপর জাতীয়েরা ইহাতে উন্নতি লাভ করিয়াছে। মুসলমানের আধিপত্য সময়ে সঙ্গীতবিদ্যার বিশেষ উন্নতি হইয়াছিল।

(ত্রি) গৈ কর্ম্মণি ক্ত। ২ শব্দিত। (মেদিনী) ৩ স্তুত। ৪ যাহার গান করা হইয়াছে।

"গীতা সুগীতা কর্ত্তব্যা" শ্রীধর।

গীতক (ক্লী) গীতমেব গীত-স্বার্থে কন্। গীত।

"নৃত্যৈঃ সবাদ্যৈরুপদেবগীতকৈঃ" (ভাগবত ৮।১৫।২১)

গীতকণ্ডিকা (স্ত্রী) গীতস্য কণ্ডিকা ৬তৎ। সামবেদের পরিশিষ্ট।

গীতক্রম (পুং) গীতস্য ক্রমঃ ৬তৎ। তানবিশেষ। [গীত দেখ।]

গীতগোবিন্দ (পুং) গীতো গোবিন্দো যত্র বহুব্রী। মহাকবি জয়দেব কৃত একখানি গ্রন্থ। ইহাকে গীতকাব্যও বলা যাইতে পারে। জয়দেব ইহাতে কবিত্বের পরাকাষ্ঠা দেখাইয়াছেন, কবিতাগুলি অতিশয় মধুর ও প্রসাদগুণবিশিষ্ট গীতরূপে প্রায় সমস্ত কৃষ্ণচরিতই বর্ণিত আছে, সকল কবিতাই শৃঙ্গাররসসংশ্লিষ্ট। এই গ্রন্থখানি দ্বাদশসর্গে বিভক্ত। সংস্কৃতে এরূপ ধরণের কাব্য প্রায়ই লক্ষিত হয় না।

গীতগোবিন্দে শৃঙ্গার রসের আধিক্য দেখিয়া কেহ কেহ বলেন যে, নির্গুণ ব্রহ্মের উপাসনা দুঃসাধ্য হেতু যখন সগুণভাবে কৃষ্ণরূপ ধ্যেয়, তখন শৃঙ্গার ভাব বর্ণনা করা জয়দেবের উচিত হয় নাই। কিন্তু কি স্বদেশীয় কি বিদেশীয় সুবুদ্ধিমান্ ও সদ্ভাবগ্রাহী পণ্ডিতেরা এই গ্রন্থের সূক্ষ্মতত্ত্ব এবং ভক্ত্যুচ্ছ্বাসক প্রণালীতে মোহিত হইয়া উক্ত কারণে দোষব্যক্ত না করিয়া ইহার অশেষ গুণ কীর্ত্তন করিয়াছেন। তাঁহারা ইহার রূপকরচনার অতি সুন্দর ব্যাখ্যা করিয়াছেন। এতদ্দেশের সুপ্রাজ্ঞ ভক্তবৃন্দের কথা দূরে থাকুক, বিদেশীয় অহিন্দু নানা বিদ্যাবিশারদ ভাষাতত্ত্বজ্ঞ প্রত্নতত্ত্ববিৎ অনেকেই গীতগোবিন্দ পাঠে মোহিত হইয়া তৎমধুরভাব মধুরচ্ছন্দ নির্ম্মল ভক্তিপীযূষসিক্ত প্রবন্ধ আলোচনা করিয়া কি শব্দবিন্যাসে ইহার গুণ কীর্ত্তন করিবেন, তাহা স্থির করিতে পারেন নাই। সর্ব্বপ্রথম সর্ উলিয়ম্ জোন্স ইংরাজিভাষায়, পণ্ডিত ল্যাসন ল্যাটিন্‌ভাষায়, রুফর্ট জর্ম্মণ ভাষায় এবং সুকবি এড্‌উইন্ আর্ণল্ড ইংরাজী কাব্যে এই গ্রন্থের অনুবাদে এই গ্রন্থসম্বন্ধীয় মহাপ্রয়োজন বিষয়ের অল্পাধিক সুন্দর মন্তব্য লিখিয়াছেন। তাঁহারা সকলেই ভাগবতের অধ্যাত্মভাবানুযায়িক ইহার অর্থ বুঝিতে এবং বুঝাইতে চেষ্টা করিয়াছেন। ইহার অনেক টীকা ও অনেকগুলি প্রাচীন বঙ্গানুবাদ দৃষ্ট হয়, তন্মধ্যে রসময়দাস ও কবিগিরিধর কৃত পদ্যানুবাদ প্রধান। বিদ্যাপতি, চণ্ডীদাস, গোবিন্দদাস, জ্ঞানদাস প্রভৃতির রচিত পদরচনায় গীতগোবিন্দের রচনা কৌশল

দৃষ্ট হয়। চৈতন্যদেব গীতগোবিন্দ পাঠানুরক্ত ছিলেন এবং তদর্থ বুঝাইতে আনন্দানুভব করিতেন, তাহা চৈতন্যচরিতামৃতে প্রকাশ আছে। গীতগোবিন্দের গীতগুলি মাত্রাবৃত্তিতে রচিত এবং কেহ কেহ বোধ করেন ইহারই ছন্দঃ অনুকরণে হিন্দি বোলা চৌপেয়া প্রভৃতি কবিতা রচিত হইয়াছে। এই গ্রন্থের পদগুলি গ্রন্থকর্ত্তার নির্দ্দিষ্ট রাগরাগিণী তালমানে সময়ে সময়ে এতদ্দেশে এবং পশ্চিমাঞ্চলে গীত হইয়া আসিতেছে। বাঙ্গালায় এই সকল গায়কদিগের মধ্যে বিষ্ণুপুরনিবাসী ভূতপূর্ব্ব শঙ্করভট্টাচার্য্য, তৎপুত্র কেশবভট্টাচার্য্য এবং চুঁচুড়ার রামসুন্দর শীলের নাম সুপরিচিত। ইঁহাদিগের গানে শ্রোতৃবর্গ বিহ্বল হইয়া অশ্রু বিসর্জ্জন না করিয়া থাকিতে পারিতেন না। গীতগোবিন্দতত্ত্বজ্ঞ হিন্দু এবং অহিন্দু উভয়শ্রেণীর মহাত্মারা তাঁহাদের মন্তব্যে প্রকাশ করেন যে জীবাত্মা পরমাত্মার একটী রূপ হইয়াও মায়াবলে অহংভাবে পরমাত্মাকে বিস্মৃত হইয়া থাকে। আরাধনায় জাগরিত হইয়া স্মৃতিপথারূঢ় হয়। তখন পরমাত্মার বিরহে ব্যাকুল হইয়া তাঁহাকে পাইবার জন্য ভ্রমণ করিতে করিতে তন্নিকটে উপস্থিত হইয়া স্ফূর্ত্তচিত্তে পবিত্র প্রেমরসে মুগ্ধ হয় এবং তাহাতে লীন হইয়া পরমানন্দে ভাসমান হইয়া থাকে। গীতগোবিন্দের রূপক বর্ণনায় ইহাই গুহ্যভাবে নায়কনায়িকা-কথার ছলে প্রকাশ। এইরূপ গুহ্যভাবে ঈশ্বরভক্তির বর্ণনা পারস্যভাষায় হাফেজ মহাকবির গ্রন্থে প্রচার আছে। অনেক সুপণ্ডিতদিগের মতে গীতগোবিন্দ গৌড়াধিপ লক্ষ্মণসেনের সময় রচিত হয়। [জয়দেব দেখ।]

গীতজ্ঞ (ত্রি) গীতং জানাতি গীত জ্ঞা-ক। যে গীত জানে, গাথক, গীতশাস্ত্রনিপুণ।

"গীতজ্ঞো যদি গীতেন নাপ্নোতি পরমং পদম্ ॥" (সঙ্গীতদর্পণ)

গীতপুস্তক (ক্লী) গীতস্য পুস্তকং ৬তৎ। যে পুস্তকে গীতের বিষয় লিখিত আছে, গানের বহি।

গীতপ্রিয় (ত্রি) গীতং প্রিয়ং যস্য বহুব্রী। ১ যে গীত ভালবাসে, গানানুরক্ত। (পুং) ২ মহাদেব। ইনি সর্ব্বদা গীত করিতে ও শুনিতে ভালবাসেন বলিয়া ইহার নাম "গীতপ্রিয়" হইয়াছে।

গীতপ্রিয়া (স্ত্রী) গীতং প্রিয়ং যস্যাঃ বহুব্রী। কার্ত্তিকেয়ের অনুগামিনী মাতৃকাবিশেষ।

"গীতপ্রিয়া চ কল্যাণী।" (ভারত শল্য° ৫ অঃ)

গীতমোদিন্ (পুং) গীতেন মোদতে মুদ-ণিনি। ১ কিন্নর। (শব্দরত্ন°) (ত্রি) ২ যাহারা গান করিয়া আমোদ করিতে ভালবাসে।

গীতবাদন (ক্লী) গান গাওয়া।

গীতশাস্ত্র (ক্লী) গীতপ্রতিপাদকং শাস্ত্রং মধ্যলো°। যে শাস্ত্রে গীতের বিষয় নির্ণীত আছে।

গীতা (স্ত্রী) গীয়তে আত্মবিদ্যা যত্র গৈ-ক্ত-টাপ্। ১ গুরু এবং শিষ্য কল্পনা করিয়া আত্মবিদ্যা উপদেশাত্মক জ্ঞানগর্ভ কথাবিশেষ। যেমন—ব্রহ্মগীতা, শিবগীতা, রামগীতা, সাবিত্রীগীতা, পাণ্ডবগীতা, ভগবদ্গীতা (অর্জ্জুনগীতা), অনুগীতা, ভগবতীগীতা, উত্তরগীতা, জীবন্মুক্তিগীতা, ব্রাহ্মণগীতা, গোপীগীতা ইত্যাদি।

২ ভগদ্গীতা, এই গ্রন্থের ঔৎকর্ষ্যপ্রযুক্ত গীতা বলিলেই ভগবদ্গীতা বুঝায়, লৌকিক ব্যবহারও এইরূপ এবং শঙ্করাচার্য্য তাঁহার নানাপ্রবন্ধে যখন এই গ্রন্থের বিবিধ শ্লোক উদ্ধৃত করিয়াছেন, তখন তাহার শাসনে কখন ভগবদ্গীতা কখন গীতা, কখন বা বহুবচনান্ত "গীতাঃ" শব্দ ব্যবহার করিয়াছেন (১)।

কেহ কেহ এই গ্রন্থের নামান্তর ঈশ্বরগীতা বলেন (২)। অন্যে ইহার প্রতিবাদ করেন। কাদম্বরীতে দ্ব্যর্থবোধক রচনা স্থলে অনন্তগীতা নামে ইহার উল্লেখ আছে, গ্রন্থান্তরে এবং কোন প্রাচীন ভাষানুবাদে ইহাকে অর্জ্জুনগীতা বলা হইয়াছে। (৩)

কৃষ্ণদ্বৈপায়ন মহাভারতসংহিতা রচনা করেন। তাহারই ষষ্ঠ বা ভীষ্ম পর্ব্ব ৫৮৫৬ শ্লোকে গ্রথিত এবং ৭১৭ অধ্যায়ে বিভক্ত। সেই পর্ব্বের অন্তর্গত অষ্টাদশাধ্যায়িনী ৭০০ শ্লোকনিবন্ধিতা (৪) কৃষ্ণার্জ্জুনসম্বাদগতা গীতা। যেরূপ মহাভারত পঞ্চম বেদ বলিয়া বর্ণিত হইয়াছে, তদ্রূপ গীতা বেদের শিরোভাগ উপনিষৎ, ব্রহ্মবিদ্যা ও যোগশাস্ত্র নামে কীর্ত্তিত হইয়াছে। শঙ্করাচার্য্য ইহার মহোচ্চভাবসমন্বিত বিধিনিষেধ-সমষ্টিকে স্মৃতি বলিয়াও গ্রহণ করিয়াছেন (৫)।

মহাভারতের ১৮ পর্ব্বের প্রত্যেকের যে মুখ্য বিভাগ, তাহাকে পর্ব্বাধ্যায় বলা হয়। ভীষ্মপর্ব্বের চারিটী পর্ব্বাধ্যায় আছে, ইহাদিগের নাম—১ জম্বুখণ্ডবিনির্ম্মাণ,

---

(১) শারীরকভাষ্য।

(২) শারীরকভাষ্য ২।১।১৮, ২।১।৪৫।

(৩) অকবর বাদসাহের সময়ে ফয়জি কর্ত্তৃক মহাভারতের পারস্য অনুবাদের পূর্ব্বে অন্যান্য কতিপয় কৃতবিদ্য মুসলমান দ্বারা আর এক অনুবাদ প্রস্তুত হইয়াছিল, তাহার অষ্টাদশ পর্ব্বের অন্তে "অর্জ্জুনগীতা" নামে গীতার অনুবাদ লিখিত আছে।

(৪) শ্লোকসংখ্যা সম্বন্ধে মতামত আছে, তদ্বিষয়ে ৭এর টীকা দ্রষ্টব্য।

(৫) শারীরকভাষ্য ১।১।২৬।

২ ভূমিপর্ব্ব, ৩ ভগবদ্গীতাপর্ব্বাধ্যায়, ৪ ভীষ্মবধপর্ব্ব। প্রথম দুই পর্ব্বাধ্যায় ১২ ক্ষুদ্রাধ্যায়ে বিভক্ত। তৃতীয় অর্থাৎ ভগবদ্গীতা পর্ব্বাধ্যায় এক শ্রেণী ১৩ অবধি ২৪ অর্থাৎ ১২ ক্ষুদ্রাধ্যায়াত্মক এবং দ্বিতীয়শ্রেণী ২৫ অবধি ৪২ অর্থাৎ ১৮ ক্ষুদ্রাধ্যায়াত্মক, উভয়যোগে ৩০ ক্ষুদ্রাধ্যায়ে বিভক্ত। প্রথমশ্রেণীর ২২শ অধ্যায়ের নাম কৃষ্ণার্জ্জুনসম্বাদপর্ব্ব এবং তৎপরে যে ২৩শ অধ্যায় যাহাতে দুর্গাস্তোত্র আছে, তাহাও উক্ত সম্বাদের মধ্যে পরিগণিত করা হইয়াছে (৬), দ্বিতীয় শ্রেণীর ২৫ পঁচিশ অধ্যায় হইতে উপনিষৎ ব্রহ্মবিদ্যা-যোগশাস্ত্রান্তর্গত কৃষ্ণার্জ্জুনসম্বাদ ভগবদ্গীতা নামে খ্যাত।

গীতার প্রথমাবধি অষ্টাদশ অধ্যায়ের নাম ক্রমান্বয়ে ১ সৈন্যদর্শন বা অর্জ্জুনবিষাদযোগ, ২ সাঙ্খ্যযোগ ৩ কর্ম্মযোগ, ৪ জ্ঞানযোগ, ৫ কর্ম্মসন্ন্যাসযোগ, ৬ ধ্যান, অভ্যাস বা আত্মসংযমযোগ, ৭ বিজ্ঞানযোগ, ৮ তারকব্রহ্মযোগ, ৯ রাজবিদ্যা রাজগুহ্যযোগ, ১০ বিভূতিযোগ, ১১ বিশ্বরূপদর্শনযোগ, ১২ ভক্তিযোগ, ১৩ প্রকৃতিপুরুষবিভাগযোগ, ১৪ গুণত্রয়বিভাগযোগ, ১৫ পুরুষোত্তমযোগ, ১৬ দৈবাসুরসম্পদবিভাগযোগ, ১৭ শ্রদ্ধাত্রয়বিভাগযোগ, ১৮ সন্ন্যাস বা মোক্ষযোগ।

গীতার শ্লোকসংখ্যা গণনা সম্বন্ধে নানামত দেখিতে পাওয়া যায়। সাধারণতঃ অধিকাংশ গ্রন্থে ৭০০, কোন কোন গ্রন্থে ৭০১, ৭০২ ও ৭৪৫ গণনার উল্লেখ আছে (৭)।

গীতার মহোৎকৃষ্টতাহেতু বহুকালাবধি মহাভারত হইতে উদ্ধৃত হইয়া পৃথক্ গ্রন্থরূপে প্রকাশ হইয়া আসিতেছে এবং ইহার মহোজ্জ্বল গভীর ভাব সকল ও অনেক জটিলতত্ত্ব মিতাক্ষরে সন্নিবেশিত থাকায় প্রাচীন এবং নব্য বিবিধ সাম্প্রদায়িক বুদ্ধিবিশারদ সাধক ভক্ত পরিব্রাজক প্রভৃতি মহাত্মারা গীতার ভাষ্য, বৃত্তি, টীকা, টিপ্পনি ও বিবিধ প্রকার ব্যাখ্যা স্ব স্ব ভাবোদয়ানুসারে তদনন্ত ভাবের কথঞ্চিৎ পরিচয় দিয়া আসিতেছেন, ঐ সকল ব্যক্তিদিগের কৃত ভাষ্যাদি নানাদেশে বিদ্যমান আছে এবং প্রকাশ হইতেছে। অনেক ব্যাখ্যা বিবৃতি যাহা পূর্ব্বকালে প্রকাশ ছিল, তাহার লোপও হইয়াছে, ভবিষ্যতে আবিষ্কৃত হইতেও পারে।

---

(৬৩৭) অধিকাংশ গীতার প্রথমাবধি অষ্টাদশ অধ্যায়ের প্রত্যেকের শ্লোক সংখ্যা যথা—

১ম অঃ—৪৬ শ্লোক, ২য়—৭২, ৩য়—৪৩, ৪র্থ—৪২, ৫ম—২৯, ৬ষ্ঠ—৪৭, ৭ম—৩০, ৮ম—২৮, ৯ম—৩৪, ১০ম—৪২, ১১শ—৫৫, ১২শ—২০, ১৩শ—৩৪, ১৪শ—২৭, ১৫শ—২১, ১৬শ—২৪, ১৭শ—২৮, ১৮শ—৭৮। এই সকলের সমষ্টি ৭০০। কোন কোন গীতায় ত্রয়োদশ অধ্যায়ে ৩৫টী শ্লোক আছে, তাহার প্রথম শ্লোকটী এই—

"প্রকৃতিং পুরুষঞ্চৈব ক্ষেত্রং ক্ষেত্রজ্ঞমেবচ।
এতদ্বেদিতুমিচ্ছামি জ্ঞানং জ্ঞেয়ঞ্চ কেশব॥" ১

এই শ্লোকটী যাহা অধিকাংশ গীতাতে নাই, তাহা ধরিলে ৭০১ শ্লোক হয়, আবার এসিয়াটিক সোসাইটি হইতে দেবনাগর অক্ষরে যে মহাভারত মুদ্রাঙ্কিত হয়, তাহাতে গীতার ৭০০ শ্লোক অপেক্ষা কোন নূতন শ্লোক দৃষ্ট হয় না, কিন্তু কোন কোন অধ্যায়ে শ্লোকের বিচ্ছেদানুসারে অঙ্কপাত ৭০২ শ্লোক হয়।

ভারতের উত্তরপশ্চিমাঞ্চলে লিখিত মহাভারতে গীতার শেষে একটী শ্লোক আছে, তাহাতে প্রকাশ যে গীতায় কৃষ্ণোক্ত ৬২০ শ্লোক, অর্জ্জুনোক্ত ৫৭, সঞ্জয়োক্ত ৬৭ এবং ধৃতরাষ্ট্রোক্ত ১ শ্লোক, এই সকল অঙ্কের সমষ্টিতে ৭৪৫ সংখ্যা হয়।

কাশীনাথ ত্র্যম্বক তেলঙ্গ তাঁহার গীতার ইংরাজী গদ্য অনুবাদের মুখবন্ধে উক্ত শ্লোকের কথা উল্লেখ করিয়া বলেন যে, তিনি ৭৪৫ শ্লোক সংখ্যার কোন কারণ নির্দ্দেশ করিতে পারিলেন না এবং অনুমান করেন যে, ঐ শ্লোকটী কোন প্রাচীন সময়ে মহাভারতে প্রক্ষিপ্ত হইয়া থাকিবে।

ফয়জি কর্ত্তৃক পারস্য ভাষায় অনুবাদিত গীতানুবাদের শেষেও লিখিত আছে, বৈশম্পায়ন গীতার সংক্ষেপে প্রশংসা করিয়া পরে শ্লোকসমুদয়ে ৭৪৫ শ্লোক উল্লেখ করিয়া কৃষ্ণ, অর্জ্জুন, সঞ্জয় ও ধৃতরাষ্ট্রের উক্তির সংখ্যা ক্রমান্বয়ে ৬২০, ৫৭, ৬৭, ১ পরিগণিত করিয়াছিলেন। যে গ্রন্থে এইরূপ লিখিত আছে, তাহার প্রতিলিপি ১২২২ হিজিরাতে লক্ষ্ণৌনগরে প্রস্তুত হইয়াছিল, এখানি রাজা সর্ রাধাকান্তদেবের পুস্তকালয়ে আছে।

অধিকাংশ গীতায় যাহাতে ৭০০ শ্লোক দৃষ্ট হয়, তাহাতে উক্ত প্রকার উক্তি গণনায় কৃষ্ণের, অর্জ্জুনের, সঞ্জয়ের এবং ধৃতরাষ্ট্রের ক্রমান্বয়ে ৫৭৫, ৮২॥, ৪১॥, ১, এইরূপে মোট ৭০০ শ্লোকই হয়। শাঙ্করভাষ্যেও ৭০০ শ্লোকের উল্লেখ দেখিতে পাওয়া যায়। "বেদব্যাস সর্ব্বজ্ঞোভগবান্ গীতাখ্যৈঃ সপ্তভিঃ শ্লোকশতৈরুপনিবদ্ধ" এই ভাষ্যের অনুকরণ যাঁহারা করিয়াছেন, তাঁহারাও ঐরূপ লিখিয়াছেন। শঙ্করের পূর্ব্বে গীতার যে সকল ভাষ্য ছিল তাহা যে তিনি দেখিয়াছিলেন, তাহার আভাস তাঁহার ভাষ্যে প্রকাশ আছে। আবার পারস্য গীতানুবাদের শ্লোক গণনায়ও ৭০০ শ্লোক, তবে তেলঙ্গকথিত শ্লোকে এবং পারস্যানুবাদে ৭৪৫ শ্লোকের সম্বন্ধে কি বিবেচ্য হইতে পারে?

ভীষ্মপর্ব্বান্তর্গত ভগবদ্গীতাপর্ব্বাধ্যায় নামক প্রবিভাগে কৃষ্ণার্জ্জুনসম্বাদে উপনিষৎ নামে বর্ণিত ২৫ অধ্যায়ই গীতা এবং ইহার শ্লোক সংখ্যা ৭০০, কিন্তু উপনিষৎ উল্লেখ ভিন্ন অথচ কৃষ্ণার্জ্জুনসম্বাদে অর্থাৎ ২২ অধ্যায়ে সঞ্জয়োক্ত ১৪টী এবং কৃষ্ণোক্ত ২টী এই ১৬টী আর ঐ সম্বাদে অর্থাৎ ২৩ অধ্যায়ে সঞ্জয়োক্ত ৩, কৃষ্ণোক্ত ১, অর্জ্জুনোক্ত ১৩ এবং দেব্যুক্ত ১২ এই কয়েকটীতে ২৯, সুতরাং ১৬+২৯ উভয়যোগে ৪৫ শ্লোক, মোট ৭৪৫ শ্লোক কৃষ্ণার্জ্জুনসংবাদে সন্নিবেশিত আছে।

বলরামদাস কৃষ্ণার্জ্জুনসম্বাদ সমেত যে উৎকলভাষায় গীতানুবাদ করিয়াছেন, তাহাতেও মোট ৭৪৫ শ্লোকের অনুবাদ দৃষ্ট হয়। বোধ হয় এই জন্যই কেহ কেহ ৭৪৫ শ্লোকের উল্লেখ করিয়া থাকিবেন।

মহাভারতের এই কয়জন টীকাকারের সন্ধান পাওয়া যায়। যথা—অর্জ্জুনমিশ্র, আনন্দপূর্ণ মুনি বিদ্যাসাগর, চতুর্ভুজমিশ্র, জনার্দ্দনভট্ট, দেববোধ, দেবস্বামী, নন্দকিশোর, নারায়ণ-সর্ব্বজ্ঞ, নীলকণ্ঠ চাতুর্ধর, পরমানন্দ ভটাচার্য্য, যজ্ঞনারায়ণ, রত্নগর্ভ, রামকৃষ্ণ, লক্ষ্মণভট্ট, বিমলবোধ, বৈশম্পায়ন, শ্রীনিবাসাচার্য্য, মধ্যমন্দির, বরদরাজ, বিট্‌ঠলাচার্য্যসূনু, ব্যাসতীর্থ, সভ্যাভিনবযতি। ইহারা অল্লাধিক গীতার টীকা করিয়াছেন। তদ্ভিন্ন অঙ্গেশ্বরপাল, আনন্দতীর্থ, কৃষ্ণাচার্য্য, কল্যাণভট্ট, কেশবভট্ট, জগদ্ধর, জয়তীর্থ, জয়রাম, দত্তাত্রেয়, ব্রহ্মানন্দগিরি, বেঙ্কটনাথ, মথুরানাথ শুক্ল, মধুসূদন সরস্বতী, মাধবাচার্য্য, মুকুন্দদাস, যামুনাচার্য্য, রাঘবেন্দ্র, রাজাণক রামকণ্ঠ, রামচন্দ্র সরস্বতী, রামনারায়ণ, রামানন্দতীর্থ, রামানুজ, বনমালী, বলদেব বিদ্যাভূষণ, বল্লভাচার্য্য, বিজ্ঞানভিক্ষু, বিট্‌ঠলদীক্ষিত, বিদ্যাধিরাজ, বিশ্বেশ্বর, বেদান্তাচার্য্য, শঙ্করাচার্য্য, শঙ্করানন্দ, শিবদয়াল, শ্রীধরস্বামী, সদানন্দব্যাস, সূর্য্যপণ্ডিত, হনুমান, হরিষশোমিশ্র প্রভৃতি গীতাবিকাশক মহাত্মারা স্ব স্ব ভাষ্য অথবা টীকায় নানাপ্রণালীতে গীতার্থ-সুবোধগম্য, তৎসম্বন্ধীয় তত্ত্ববিকাশ এবং গীতার রস সাধারণের হৃদয়গ্রাহী করিবার বিশেষ যত্ন করিয়াছেন (৮)। তথাচ তাহাতে অনেক কূট লক্ষিত হয় এবং কোন কোন কথা এখনও অমীমাংস্য রহিয়াছে। মহাভারতের মাহাত্ম্যসূচক রূপক বর্ণনায় লিখিত আছে যে ব্যাসের মস্তিষ্কে মহাভারত গ্রথিত হইলে ব্রহ্মা স্বয়ং তাঁহার উৎসাহবর্দ্ধনার্থ উপস্থিত হইয়াছিলেন এবং গণেশ লেখক পদগ্রহণ করিয়াছিলেন, কিন্তু যখন গণেশ প্রস্তাব করিলেন যে তিনি চারিহস্তে লিখিবেন ও ব্যাস কবিতা কণ্ঠোদিত করিতে বা রচনানুরোধে ক্ষণকাল বিলম্ব করিলে লেখনীর বেগ যদি সম্বরণ করিতে হয় তাহা হইলে তিনি আর লিখিবেন না, তখন ব্যাস বলিলেন যে গণেশ কবিতার সকল স্থল না বুঝিয়া লিখিতে পারিবেন না। ব্যাসের কণ্ঠনিঃসৃত কবিতার মধ্যে ৮৮০০ কূট শ্লোক উচ্চারিত হইয়াছিল, তাহার প্রকৃত অর্থ বোধগম্য করিবার জন্য গণেশকে সময়ে সময়ে চিন্তা ও লেখনীর বেগধারণ করিতে হইয়াছিল। ঐ সময়ের মধ্যে ব্যাস রচনা করিতে অবকাশ পাইয়াছিলেন। সেই সকল শ্লোককে ব্যাসকূট বলে। অতএব গীতার মধ্যেও যে এরূপ কূট নাই, তাহা কে বলিবে? (৯)

গীতার অনুপম অনন্যপ্রাপ্য হৃদয়াকর্ষণীয় গুণ থাকাতে ভারতবর্ষের প্রায় সকল সভ্যস্থানে তত্তদ্দেশীয় বিবিধ ধর্ম্মসম্প্রদায়ী হিন্দুগণ স্বদেশপ্রচলিত অক্ষরে গীতার মূল লিখিত বা মুদ্রিত ও সেই সেই দেশভাষায় অনুবাদিত করিয়া রাখিয়াছেন এবং করিয়া আসিতেছেন। দেশীয় ও বিদেশীয় অহিন্দুজগতে নানাবিরোধী ধর্ম্মাবলম্বীদিগের মধ্যেও গীতার মোহিনীধ্বনি শুনিয়া তাঁহারাও স্ব স্ব ভাষায় গদ্যে পদ্যে গীতানুবাদ, গীতারহস্য, গীতাব্যাখ্যা, গীতার সমালোচনা, গীতানুমোদিত ধর্ম্মালোচনা ও প্রশংসাবাদ প্রকাশ করিতেছেন। এই সকল অহিন্দু গীতানুবাদকদিগের মধ্যে কতিপয়ের সম্বন্ধে এবং তাহাদিগের অনুবাদ সম্বন্ধে মনোরঞ্জন এবং অত্যন্ত প্রয়োজন ও অনুসন্ধেয় কথা বিবিধ গ্রন্থে সন্নিবিষ্ট আছে।

কোন নিরভিমানী পারসিক ইতিহাসবেত্তা (১০) হিজ্‌রি ৫২০ সালে (খৃঃ ১১২৬) স্বীয় রচিত ইতিহাসে লিখিয়াছেন যে, আবুসুলেহ কর্ত্তৃক একখানি প্রাচীন সংস্কৃত গ্রন্থের আরবী ভাষায় অনুবাদ ছিল এবং হিজ্‌রি ৪১৭ সালে (খৃঃ ১০২৬) ঐ আরবী অনুবাদ আবুল হোসেন নামক এক ব্যক্তি পুনরায় পারস্য ভাষায় অনুবাদ করিয়াছিলেন এবং এই শেষোক্ত গ্রন্থের অনেক কথা উক্ত ইতিহাসবেত্তা স্বীয় ইতিহাসে সন্নিবেশিত করিয়াছেন। সুপ্রসিদ্ধ এলিয়ট সাহেব এই ইতিহাস দেখিয়াছেন এবং তিনি বলেন যে ইহাতে মহাভারতের অবিকল অনেক কথা দেখিতে পাওয়া যায়। ইহা যদি প্রকৃত হয়, তাহা হইলে মহাভারতের সুতরাং গীতার অনুবাদ সহস্রবৎসরের অনেক পূর্ব্বে করা হইয়াছিল। এবিষয়টী পুরাতত্ত্ববিৎদিগের বিশেষ অনুসন্ধেয়।

উন্নতহৃদয় রাজনীতিজ্ঞ প্রজাপালক অকবর শাহ তাঁহার রাজ্যে হিন্দুমুসলমান মধ্যে ধর্ম্মসংক্রান্তবিরোধজনক নানা প্রকার বিপ্লব ঘটে দেখিয়া সর্ব্বদা তন্নিবারণের

(৮ ও ৯) কোন কোন পাশ্চাত্য পণ্ডিত গীতার মধ্যে পরস্পর বিরোধিস্থল দেখিয়া অসূয়াপরবশ হইয়া দোষারোপ করিতে চেষ্টা করিয়াছেন। কেহ বা বলেন, প্রক্ষিপ্ত পাঠ সময়ে সময়ে নানাকরণে সন্নিবিষ্ট হইয়া থাকিবেক। বিবিধ প্রকারের বহু ভাষ্যকার ও টীকাকার গীতার্থ সম্বন্ধে অনেকস্থলে বিভিন্ন বা বিরোধী মত প্রকাশ করায় ইহাতে ব্যাসকূটের উপর নূতন কূট অনেকের মনে উপস্থিত হইয়াছে। ইহা নূতন কথা নহে। শঙ্করাচার্য্য স্বয়ং তাঁহার পূর্ব্ব সময়ের ভাষ্যকারদিগের সম্বন্ধে এইরূপ আক্ষেপ করিয়া জনহিতার্থ সদর্থপ্রকাশের ইচ্ছায় ভাষ্য লিখিয়াছেন এবং শ্রীধরস্বামীর টীকা বলবৎ করিবার জন্য কাশীধামে বিশ্বেশ্বর সহায়ে কিরূপে তাহা সিদ্ধ হইল, এতৎকাহিনী অনেকেই জ্ঞাত আছেন।

(১০) মুজ্‌মলুৎ তবারিখ নামক একখানি বিশ্বঐতিহাসিক পুস্তক আছে। হিজরি ৫২০ (খৃঃ অঃ ১১২৬) অব্দে পুস্তকখানি রচিত হয়। গ্রন্থকার তাঁহার পিতা পিতামহ প্রপিতামহের নামের পরিচয় দিয়া নিজের নাম ব্যক্ত না করিয়া ঐ গ্রন্থে আবুসুলেহের সংস্কৃত গ্রন্থানুবাদের কথা লিখিয়াছেন।

সদুপায় চিন্তা করিতেন। শাস্ত্রজ্ঞ এবং তত্ত্বজ্ঞ পণ্ডিতদিগের সহিত মুসলমান, য়িহুদি ও খ্রীষ্টানধর্ম্মাবলম্বীদিগের তর্ক বিতর্ক উত্থাপন ও তত্তদ্ধর্ম্ম মর্ম্ম জিজ্ঞাসা করিয়া তাঁহার এই ধারণা হইয়াছিল যে, মুখ্যরূপে প্রচলিত সকল ধর্ম্মেরই মূল তত্ত্ব একই, স্ব স্ব ধর্ম্মের সারগ্রাহীদিগের মধ্যে সুহৃদ্ভাব ভঙ্গ হয় না, কেবল মূঢ় বা বাহ্যক্রিয়ারত খণ্ডগ্রাহী ধর্ম্মসম্প্রদায়িকদিগের মধ্যে কিম্বা কূট অভিসন্ধিসাধক লোকদিগের মধ্যে অনর্থক বাদ বিসম্বাদ হয়। সেই জন্য তিনি স্থির করিলেন যে হিন্দু মুসলমান উভয় ধর্ম্মাবলম্বীদিগের জ্ঞানগর্ভ মনোরঞ্জন প্রধান প্রধান গ্রন্থ পরস্পরের ভাষায় প্রাঞ্জলরূপে অনুবাদ করাইয়া তাহাদিগের পাঠার্থ ব্যবস্থা করিলে যুক্তিসিদ্ধ কার্য্য হয়।

১৫৮৪ খৃষ্টাব্দে তাঁহার আদেশে সংস্কৃতজ্ঞ পারস্যভাষায় সুকবি রাজমন্ত্রীভ্রাতা ফয়জি মহাভারতের পারস্য অনুবাদ প্রকাশ করিলেন। তাহা মুসলমানদিগের পাঠার্থ প্রচার হইতে লাগিল। এই অনুবাদের নাম 'রজনামা' অর্থাৎ রণাখ্যান। ইহা হইতে গীতা পৃথক্‌রূপে কখন বা অর্জ্জুন-গীতা নামে পাঠ্যগ্রন্থ হইল (১১)।

১৭৪৪ খৃষ্টাব্দে ইংরাজ রাজত্বের প্রারম্ভে (Charles Wilkins) উইল্কিন্স সাহেব মূল গীতা পাঠে মহানন্দ অনুভব করিয়া হিন্দুশাস্ত্রের মহোৎকৃষ্টতা এবং ভারতবর্ষে যে পুরাকালাবধি তত্ত্বজ্ঞানের ও সুনীতির প্রাদুর্ভাব ছিল, তাহা তখনকার লাটসাহেব ওয়ারেন্ হেষ্টিংস্‌কে জানাইবার নিমিত্ত গীতার প্রথম ইংরাজী অনুবাদ করিয়া তাঁহাকে উপহার দিয়াছিলেন। বড়লাট হেষ্টিংস্ তৎপাঠে মোহিত হইয়া কোট অব্ ডাইরেক্টরের অধ্যক্ষকে গ্রন্থের মর্ম্ম এবং তৎজ্ঞানে সাধারণের বিশেষতঃ এখানকার ইংরেজরাজপুরুষদিগের কি উপকার তাহা দেখাইয়া কোর্টের অনুমতিক্রমে ১৭৪৫ খৃষ্টাব্দে উহা প্রকাশ করাইলেন। তিনি সেই প্রথম সংস্করণে স্বয়ং গীতার বহুপ্রশংসাত্মক মুখবন্ধ স্বরূপ একটী প্রস্তাবনা লিখিয়াছিলেন।

উইল্কিন্স সাহেব প্রথম বঙ্গাক্ষরের (টাইপ্) ছাঁচ প্রস্তুত করাইয়াছিলেন এবং গীতা সেই অক্ষরে সর্ব্বাদৌ মুদ্রাঙ্কন করিয়া এদেশে মুদ্রাযন্ত্রের মঙ্গলানুষ্ঠান এবং জ্ঞানপ্রদীপ উজ্জ্বল করিবার যত্নী হইয়াছিলেন (১২)।

উইল্কিন্সের পর আজ পর্য্যন্ত অনেক ইংরাজ পণ্ডিত এবং ভারতবর্ষীয় বিদ্বান্ পুরুষ মূল হইতে স্ব স্ব বুদ্ধি বিদ্যানুসারে গীতাভাষ্য টীকা টিপ্পনী আলোচনা করিয়া কেহ বা গদ্যে, কেহ বা পদ্যে কেহ বা উভয়প্রকারে ইংরাজিভাষায় অনুবাদ ও তৎসহ গীতাতত্ত্ব প্রকাশ করিয়া আসিতেছেন (১৩)।

ইংরাজী ১৮২৩ সালে সুপ্রসিদ্ধ সংস্কৃতজ্ঞ এবং তত্ত্ববিৎ জর্ম্মান পণ্ডিত (A. W. Schlegel) স্লেগেল সাহেব দেবনাগর অক্ষরে গীতার মূল ল্যাটিন্ ভাষায় অনুবাদসহ প্রকাশ করিলেন। ইতিপূর্ব্বে তিনি নিজ তত্ত্বাবধারণে প্যারিনগরে দেবনাগর অক্ষর প্রস্তুত করাইয়াছিলেন, তাহাতেই তিনি গীতার মুদ্রাঙ্কণ করাইলেন। উইল্কিন্স্ যেরূপ ভারতবর্ষে বঙ্গাক্ষরের প্রথম ছাঁচ প্রস্তুত করাইয়া তাহাতেই গীতার প্রথম মুদ্রাঙ্কণ করিলেন, সেইরূপ স্লেগেল য়ুরোপে প্রথম দেবনাগর অক্ষরের ছাঁচ প্রস্তুত করাইয়া তাহাতেই গীতার দেবনাগর অক্ষরে প্রথম সংস্করণ প্রকাশ করেন (১৪)।

ইংরাজী ১৮৫২ সালে বিখ্যাত পণ্ডিত (H. H. Wilson) উইল্সন্ সাহেব লণ্ডন এসিয়াটিক সোসাইটিতে একটী প্রবন্ধ পাঠ করেন, তাহাতে প্রকাশ যে (Galenus Demetrius) দিমিত্রিয়া নামে গ্রীকদেশীয় জনৈক ব্যক্তি কর্ত্তৃক গ্রীক্‌ভাষায় গীতার অনুবাদ হইয়াছে। ঐ গ্রীক্‌পণ্ডিত কাশীতে সংস্কৃত শিক্ষা করিয়া তথায় উক্ত অনুবাদ করেন এবং তাঁহার কাশীপ্রাপ্তি হইলে তাঁহার জনৈক বন্ধু ঐ অনুবাদ আথেন্স নগরে পাঠাইয়া দিয়াছিলেন, তথায় মুদ্রাঙ্কিত হয় (১৫)।

---

(১১) বদাউনী হাজিথানেশ্বরী প্রভৃতির সহযোগে যে অনুবাদ করিয়াছিলেন তাহা দোষাবহপ্রযুক্ত অকবর অনুমোদন করেন নাই এবং অপক্ষপাতী, তত্ত্বজ্ঞ কবি ফয়জির অনুবাদ যাহাতে আবুল ফজলের ভূমিকা ও মঙ্গলাচরণ আছে, তাহাই অনুমোদিত হইয়াছিল ইহার সন্দেহ নাই। উক্ত দুইখানি অনুবাদ মিলাইয়া দেখিলে ফয়জীর অনুবাদের প্রকৃষ্টতা প্রকৃতই জানা যায়।

(১২) [চার্লস্ উইল্‌কিনস্ দেখ।]

(১৩) উইল্‌কিন্‌সের পর ১৮৫৫ খৃষ্টাব্দে টম্‌সন, ১৮৮২ খৃষ্টাব্দে জন ডেভিস ইংরাজী গদ্যে স্ব স্ব মন্তব্য ও টিপ্পনিসহ গীতানুবাদ প্রকাশ করেন। তৎপরে বিখ্যাত কবি এডউইন্ আর্ণল্ডের সুললিত পদ্যানুবাদ প্রকাশিত হয়। এতদ্ভিন্ন কাশীনাথ ত্রাম্বক তেলঙ্গ, মোহিনীমোহনচট্ট প্রভৃতি ভারতবাসীর রচিত অনেক ইংরাজী অনুবাদও প্রচলিত আছে, এতন্মধ্যে শেষোক্ত ব্যক্তির অনুবাদ মার্কিন রাজ্যে বিশেষ সমাদৃত হইয়াছে।

(১৪) ১৮৪৯ খৃষ্টাব্দে স্লেগেল সংশোধিত মূল ও লাসেনের অনুবাদসহ গ্যারেট সাহেব একখানি গীতা প্রকাশ করেন, তাহাতে তদ্বিরচিত কণাড়ী ভাষায় অনুবাদ ও বড়লাট ওয়ারেন্ হেষ্টিংস রচিত মুখবন্ধ দৃষ্ট হয়। এই গ্রন্থে গ্রিফিথ্‌স্ মিল্‌ম্যান, ও ওয়াইগেল (Rev. G. N. Weigle) কর্ত্তৃক মহা পণ্ডিত হম্বোল্ট সাহেবের গীতা প্রবন্ধের বিবরণ প্রকাশ আছে।

(১৫) গ্রীক অনুবাদকের মৃত্যুর পর আথেন্স নগরে তথাকার সাধারণ পুস্তকালয়ের তত্ত্বাবধায়ক টাপাল্ডোস্ (M. Typaldos) কর্ত্তৃক মুদ্রিত হয়, এই গ্রন্থখানি লণ্ডনের ইণ্ডিয়া লাইব্রেরীতে আছে।

ফরাসী ভাষায় গীতার অনেক প্রকার অনুবাদ সময়ে সময়ে প্রকাশ হইয়াছে। প্রত্নতত্ত্ববিৎ বহু ভাষায় সুপণ্ডিত (*Eugene Burnouf*) বর্নুফ সাহেব যিনি শ্রীমদ্ভাগবতের একমাত্র ফরাসী অনুবাদক, তিনি ইংরাজি ১৮২৫ সালে গীতার প্রথম ফরাসী অনুবাদ করেন। কেহ কেহ মহাভারতের কোন কোন অংশ তন্মধ্যে গীতারও ফরাসী অনুবাদ করিয়া গিয়াছেন। কিন্তু (Fauche) ফোষে সাহেব সমস্ত মহাভারতের ফরাসী অনুবাদ করিতে সঙ্কল্প করিয়া ইংরাজী ১৮৬৩ হইতে ১৮৭২ সাল পর্য্যন্ত ১০ বৎসরের মধ্যে আদিপর্ব্ব অবধি কর্ণপর্ব্ব শেষ করিয়া কালগ্রাসে পতিত হন। এই অনুবাদ মধ্যে গীতারও অনুবাদ যথাস্থানে প্রকাশিত আছে (১৬)।

১৮৬৯ খৃষ্টাব্দে সংস্কৃতবিৎ ধর্ম্মতত্ত্বজ্ঞ (Dr. F. Lorinser) লোরিঞ্জর সাহেব জর্ম্মন্ ভাষায় স্বীয় বহু মন্তব্য কথার সহিত গীতার অনুবাদ প্রকাশ করেন, ইহার পরিশিষ্টে গীতাসম্বন্ধীয় নানা অনুসন্ধেয় বিষয়ের যে সমস্ত আলোচনা আছে, তাহা বিশেষ কৌতুকাবহ (১৭)।

এইরূপ ইতালীয়, (১৮) রুষ প্রভৃতি য়ুরোপীয় প্রায় সকল মুখ্য ভাষায় গীতার অনুবাদ প্রকাশিত হইয়াছে।

এসিয়াখণ্ড মধ্যে ভারতবর্ষের প্রায় সকল ভাষায় এবং আরব ও পারস্যদেশীয় ভাষায় গীতার অনুবাদের কথা পূর্ব্বে উক্ত হইয়াছে, এতদ্ভিন্ন যবদ্বীপের নিকট বলিদ্বীপে 'কবি' নামে এক প্রাচীনভাষায় মহাভারতের অনেক ভাগের অনুবাদ আবিষ্কৃত হইয়াছে, তন্মধ্যে গীতার অনুবাদ থাকা সম্ভব (১৯)।

সম্প্রতি কাশীস্থ কোন বিদ্যাবিশারদ ধর্ম্মপরায়ণ "সন্ন্যাসীর" মুখে জানা গিয়াছে যে তিনি চীনদেশীয় একজন পরিব্রাজকের হস্তে গীতার চীন ভাষায় অনুবাদ একখানি গ্রন্থ দেখিয়াছিলেন, সেই অনুবাদককে চীনপণ্ডিতেরা "কিষণজী" (কৃষ্ণজী) নাম দিয়াছেন। শেষ দুই অনুবাদ সম্বন্ধে পাশ্চাত্য অনুসন্ধিৎসু পণ্ডিতদিগের বিশেষ অন্বেষ্য (২০)।

আমেরিকা খণ্ডে য়ুরোপীয় নানাভাষায় গীতানুবাদ অপ্রাপ্য নহে, কিন্তু কয়েক বৎসর হইল কোন কৃতবিদ্য বাঙ্গালী যুবক ঐ স্থানের মহানগর নিউইয়র্কে গমন করিয়াছিলেন, তথায় তিনি যে গীতার ইংরাজি অনুবাদ টীকা টিপ্পনিসহ প্রকাশ করেন, তাহা আমেরিকা মধ্যে মহাসমাদৃত হইয়াছে (২১)।

---

(১৬) ফরাসীপণ্ডিত ফোষের পর কুঁজো ও ফোরিয়েল প্রভৃতি পণ্ডিতগণও গীতাসম্বন্ধে অনেক কথা লিখিয়া গিয়াছেন।

(১৭) লোরিঞ্জর্ সাহেব গীতার জর্ম্মন্ ভাষায় অনুবাদ এবং গীতাতত্ত্ব লিখিয়া সন্তুষ্ট হয়েন নাই। ঐ অনুবাদ প্রকাশ করিবার ৪ বৎসর পরে অর্থাৎ ১৮৭৩ খৃষ্টাব্দে ঐ অনুবাদের একটী পরিশিষ্ট (Indian Antiquary, October) প্রকাশ হয়। অনুবাদক গীতার ভাব, গীতাতত্ত্ব এবং গীতানীতির বহুস্থলের সহিত খৃষ্টান মত ও খৃষ্টান ধর্ম্মপুস্তক বাইবলভুক্ত কথার সহিত সৌসাদৃশ্য দেখিয়া এরূপ বিস্ময়াপন্ন হইয়াছিলেন যে তিনি কৃতবিদ্য ও সংস্কৃতজ্ঞ হইয়াও সম্যগ্‌দর্শনশক্তি এবং ধর্ম্মের বিশ্বগ্রাহিতা বুঝিতে না পারিয়া খৃষ্টানধর্ম্মের পক্ষপাতী হইয়া একেবারে স্থির করেন যে, গীতা বাইবেলের (New Testament) ভাগ হইতে উদ্ভাবিত হইয়াছে।

তিনি উক্ত প্রকার সৌসাদৃশ্য দেখাইবার জন্য সদৃশ স্থলগুলিকে তিন শ্রেণীতে বিভক্ত করিয়াছেন।

১। গীতার যে যে শ্লোকের এবং বাইবেলের যে যে পদের ভাবের ঐক্যতা আছে, কিন্তু শব্দবিন্যাস প্রণালীর একতা নাই।

২। ঐরূপ শব্দবিন্যাসের একতা আছে, কিন্তু ভাবের প্রয়োগের বিভিন্নতা।

৩। শব্দবিন্যাস ও উপমা এবং ভাবের একতা।

এই সকল মিলন দেখাইবার জন্য গীতার শ্লোক বা শ্লোকাংশের এবং বাইবেলের স্থলের অঙ্ক নির্দ্দেশ করিয়া দেওয়া হইয়াছে।

বিখ্যাত জর্ম্মন্ পণ্ডিত বোধলিঙ্গ, উইণ্ডিস, হাইডেলবর্গ, ও জন মুইর লোরিঞ্জর প্রভৃতির উক্ত মতের প্রতিবাদ করেন। মুইর একটী সুন্দর মীমাংসা করিয়াছেন। তিনি বলেন যে, ব্রহ্মধর্ম্মের এবং নীতির মৌলিক কথা সকল একই, দ্বিধা হইতে পারে না। সুতরাং গীতার ভাব এবং বাইবেলের অনেক স্থলের ভাবের সহিত আশ্চর্য্য একতা দেখিয়া এই মনে হওয়া উচিত, হিন্দু ও খৃষ্টান উভয় ধর্ম্মপরায়ণ জ্ঞানীদিগের মনে সত্য সম্বন্ধে একই ভাব উদয় হইয়াছিল, উভয় জ্ঞানীদল একই সুরে ধর্ম্মগান করিয়াছিলেন। ঐতিহাসিক বিষয়ে তিনি বলেন যে, মহাভারত এবং তদন্তর্গত গীতার রচনার কালনির্ণয় সম্বন্ধে পাশ্চাত্য নিয়মানুসারে বিচার করিবার তৃপ্তিকর উপাদান কিছুই সংগ্রহ হয় নাই। অতএব ইহার সিদ্ধান্ত এখন করা যাইতে পারে না।

(১৮) ইতালীয় গীতানুবাদকের নাম (Stanislas Gatti) স্তানিস্‌লাও গ্যাটি, এ অনুবাদগ্রন্থ লণ্ডনের ইণ্ডিয়া অফিসে আছে। রুষ ভাষাতে যে গীতার অনুবাদ হইয়াছে, তাহা গারেট সাহেবের গীতানুবাদের ভূমিকাপাঠে জানা যায়, কিন্তু অনুবাদকের নাম তাহাতে প্রকাশ নাই।

(১৯) [কবি শব্দ দেখ।]

(২০) কাশীর বহুতত্ত্বান্বেষী তারকব্রহ্মব্রহ্মচারীর মুখে কিষণজীর সন্ধান পাওয়া গিয়াছে।

(২১) আমেরিকার সর্ব্বপ্রধান কবি ইমর্সন "সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি" ভাবে উন্মত্ত ছিলেন, তাঁহার পাঠাগারের আসনসম্মুখে একখানি গীতা থাকিত, তাহার পৃষ্ঠায় নানা মন্তব্য কথা লিখিতেন এবং তাহার মনের বড় সাধ ছিল যে উপযুক্ত ব্রাহ্মণ মুখে তিনি গীতাগান শুনিবেন। সেই গ্রন্থখানি এতন্নগরীয় বাঙ্গালিসাধক তথায় গিয়া দেখিয়া আসিয়াছেন।

এইরূপে পৃথিবীর প্রায় সর্ব্বদেশে গীতা নানাকালে নানাভাষায় অনুবাদিত হইয়া প্রচার হইয়া আসিতেছে, কেবল তাহা নহে। গীতানুরাগী, গীতাসারগ্রাহী, গীতাভক্তিরসমোহিত মহাত্মারা বহুকালাবধি নানা প্রণালী অবলম্বনে গীতালোচনা, গীতাবিবরণ, গীতার গূঢ়তত্ত্ব, গীতার বিশদভাব ও গীতামাহাত্ম্য প্রকাশ করিয়া ভূমণ্ডলে মহাকল্যাণকর গীতাবীজ রোপণ করিয়া আসিতেছেন। গরুড়পুরাণ, পদ্মপুরাণ, বরাহপুরাণ প্রভৃতি পুরাণে, বৈষ্ণবীয় তন্ত্রাদিতে গীতামাহাত্ম্য বিবিধভাবে প্রকাশিত আছে এবং শ্রীমদ্ভাগবতকার ভাগবতে কোন কোন অধ্যায়ে বিশেষতঃ একাদশাধ্যায়ে গীতার অনেক স্থলের মনোহর ভাবের বিবৃতি করিয়াছেন, ইহা সুস্পষ্ট জানা যায়। অনুগীতা, উত্তরগীতা প্রভৃতিতে ঐরূপ বিবৃতি দৃষ্ট হয়। কোন কোন উপনিষদের বিশেষতঃ শ্বেতাশ্বতর উপনিষদের ভাষ্যে গীতার অনেক শ্লোক উপনিষদের ভাবপরিচয়ার্থে উদ্ধৃত হইয়াছে।

গোস্বামী ও বৈষ্ণবাদিরচিত জ্ঞান ও ভক্তিমার্গের বহু প্রকার গ্রন্থ গীতাবলম্বনেই প্রকাশিত। এদেশের নানাবিধ গদ্যে ও পদ্যে গীতার বঙ্গানুবাদ তৎসহ মুখবন্ধাদি বিবিধ প্রবন্ধ মুদ্রিত হইয়া আসিতেছে। চৈতন্যচরিতেও চৈতন্যের গীতানুরাগসূচক সুন্দর উক্তি প্রচারিত আছে।

কবি বৈষ্ণবচরণের পদ্যানুবাদই গীতার প্রথম বঙ্গীয় অনুবাদ। তৎপরে ৺ কালীপ্রসন্ন সিংহ ও বর্দ্ধমানের ভূতপর্ব্ব মহারাজ মহতাবচাঁদ বাহাদুর বাঙ্গালায় গদ্যানুবাদ প্রচার করেন। উড়িষ্যাবাসী বলরামদাসের পদ্যানুবাদই উৎকল ভাষায় প্রথম।

এক্ষণে জিজ্ঞাস্য কি কারণে গীতা এবম্প্রকার সর্ব্বদেশের মহাদরণীয় ধন হইয়াছে। ইহার প্রধান হেতু এই—যে সকল বিশালতত্ত্ব, গূঢ়ানুগূঢ়তত্ত্ব, সূক্ষ্মানুসূক্ষ্ম তর্কীয় বিষয়, সকলজাতীয় জ্ঞানীদিগের আলোচ্য এবং চিন্তনীয়, যাহা লোকমাত্রেরই আকাঙ্ক্ষ্য ও পরিত্যজ্য, তাহার সাধন ও বর্জ্জন উপায়, ফলাফল এবং জীবনযাত্রানির্ব্বাহের সন্মার্গবিকাশ এই গীতায় অতি মনোহর ছন্দে অপূর্ব্ব রচনাচাতুর্য্যে সংক্ষেপে অথচ ঈদৃশ উচ্চ প্রবন্ধ সম্ভবপর প্রাঞ্জলতার সহিত বর্ণিত আছে। অনন্ত জগতের নিদান, স্থিতি ও পরিণাম, জন্ম, জীবন ও মরণ, সুখ, দুঃখ, দেহ, মনঃ, জ্ঞান ও মূঢ়তা, ধর্ম্মাধর্ম্ম, পাপ, পুণ্য, কর্ত্তব্যাকর্ত্তব্য, সদ্গতি ও অধোগতি, আত্মোন্নতি, আত্মবিসাদ, স্বর্গ, নরক প্রভৃতি বিষয়ের সদর্থ ও তৎসম্বন্ধে বিবিধপ্রকার সংস্কারাপন্ন লোকের পক্ষে আচরণীয় সহজ সদুপদেশ, কর্ম্মকাণ্ড, জ্ঞানকাণ্ড ও ভক্তিমার্গ, ব্রহ্মানন্দ, ব্রহ্মার্চ্চনা ও জগৎ হিতৈষিতা ব্রত ইত্যাদি বিষয়ক হৃদয়গ্রাহিকথার পরিচয় গীতায় পাওয়া যায়।

গীতারশিক্ষা এই যে—একই ঈশ্বর তিনি অনাদি অনন্ত ও পূর্ণ, তাঁহার দুর্জ্ঞেয় আভাবৎ শক্তি হইতে প্রকৃতি বা ত্রিগুণাত্মিকা মায়ায় এই অনন্ত জগৎ উৎপন্ন ও তাহাতেই আবার লয় হয়। পুনর্জন্ম ও পুনর্লয় এইরূপ অনন্তকালব্যাপ্ত ক্রিয়া হইতেছে। ঈশ্বর স্বয়ং নিষ্ক্রিয় হইলেও মায়াবৃত হইয়া জীবলোকে দেহধারী। তিনি দেহী (জীবাত্মা) বা পুরুষপদবাচ্য এবং তিনিই স্বয়ং পুরুষোত্তম। প্রকৃতির নিয়মে দেহের জন্ম বৃদ্ধি ক্ষয়, ধ্বংস অর্থাৎ বিকার হয়, কিন্তু দেহ নাশে দেহীর নাশ হয় না, দেহান্তর ধারণ করে মাত্র। দেহী (আত্মা) অবিনশ্বর অজাত ও অবিকারী, ইহারই বিশেষে তিনি পরমাত্মা—তিনিই সৎ (একমাত্র বিদ্যমান) সুতরাং সমস্ত জগৎ তাঁহারই মূর্ত্তিস্বরূপ। তাঁহার অংশই অস্ফূর্ত্তভাবে জড় এবং ক্রমশঃ উত্তরোত্তর স্ফূর্ত্তিতে উদ্ভিদ্, কীটপতঙ্গ, পশুপক্ষী, সিদ্ধ, ঋষি ভূমণ্ডলাতীত অসীম ব্রহ্মাণ্ড, (দ্যুলোক)-বাসী দিব্যপুরুষ (দেবতা) এবং মহাস্ফূর্ত্ত ভাবাপন্ন অবতার। এই জন্যই তিনি সৎ ও অসৎ, (সূক্ষ্ম ও অসূক্ষ্ম) এবং তদুভয়ের অতীত। সংসার প্রাকৃতিক নিয়মে সংগঠিত, আবার প্রাকৃতিক নিয়মেই ইহার বিপ্লব ঘটে। বিপ্লব হইলে অবতার আবির্ভূত হন এবং তাঁহার ক্রিয়ায় সংসার শোধিত হয়। সংসারে প্রাকৃতিক নিয়মে সুখ দুঃখ উদ্ভাবিত। জীবমাত্রেই সুখান্বেষী ও দুঃখদূরীকরণেচ্ছুক। ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়গ্রাহীবিষয়ের সংযোগে যে সুখদুঃখোদয় হয়, তাহার স্থায়িত্ব নাই। এরূপ অনিত্য বিষয় ঈশ্বরে আত্মসমর্পণে ও অভ্যাস বলে মনোবিকার করিতে পারে না। বুদ্ধি গ্রাহ্য যে আত্যন্তিক সুখ, গীতার মতে তাহাই সেবনীয়। ঈশ্বর ধ্যানে, ঈশ্বর মহিমানুভবে, তৎকীর্ত্তনে, তৎসম্বন্ধীয় উচ্চভাব সকল আত্মসাৎ করিলে এবং তদ্বলে স্বতঃ সর্ব্বভূতে শত্রুমিত্রভাব পরিত্যাগ করিয়া হিতসাধনে রত হইলে উক্তপ্রকার অখণ্ডনীয় চিরবর্দ্ধনধর্ম্মী সুখোদ্ভব হয়, সর্ব্বদুঃখ লোপ এবং সর্ব্বপ্রকার অপর বিষয়ক ক্ষুদ্র ক্ষুদ্র সুখ সেই মহানন্দে মজ্জিত হইয়া যায়। ফলাফল ঈশ্বরে অর্পণ করিয়া প্রাকৃতিক নিয়মে যে সকল কার্য্য অবশ্যই করিতে হইবেক, সেই সকল ক্রিয়ার অনুষ্ঠানে কখন দুঃখানুভব হয় না। কিন্তু নিজ ইন্দ্রিয়তৃপ্তিকর সুখসাধনার্থে পুণ্যাদি কর্ম্ম অর্থাৎ সকাম কর্ম্মানুষ্ঠান করিলে উক্ত প্রকার সিদ্ধিলাভ হয় না, তাহাতে মুক্তিলাভের বাধা হয় এবং নানাবিধ দুর্গতি ঘটে।

একটী অণুর সূক্ষ্মানুসূক্ষ্ম অংশ অবধি অতি বিশাল ব্রহ্মাণ্ড ও তৎসমস্তের সমষ্টি যাহা অনন্তাকাশে অনন্তকালাবধি সমুদ্রবালুকাবৎ ব্যাপ্ত হইয়া আছে, তাহা পর্য্যন্ত, সকলই পরস্পরের উপর স্ব স্ব ধর্ম্মানুযায়িক কার্য্য করিতেছে। মনুষ্যের গর্ভচ্যুতি হইতে যাবৎজীবন সমস্ত জগৎ তাহার উপর কার্য্য করিতে থাকে এবং সেই কার্য্যফল যাবজ্জীবন হইয়া থাকে, স্ব স্ব নূতন নূতন কার্য্যগত ফল ইহলোকে এবং জন্মজন্মান্তরে ভোগ করিতে হয়, সুতরাং কর্ম্মবন্ধ মুক্ত হইয়া জীবাত্মা পরমাত্মায় লয় হওয়া (নির্ব্বাণপ্রাপ্তি) অনির্ব্বচনীয় দীর্ঘকাল-ব্যাপী জটিল ও দুর্জ্ঞেয় ব্যাপার। যোগ নামক কর্ম্মকৌশল এই নির্ব্বাণপ্রাপ্তির সাধক। যোগের নানা পন্থা নানা গ্রন্থে বিবৃত আছে। কিন্তু আহারাদির নিয়ম ও অন্যান্য বিবিধ চেষ্টা দ্বারা পিণ্ডবিশুদ্ধকারী অর্থাৎ শরীরশুচিকর ইন্দ্রিয়-সংযমন রিপুবশীভূত, সদ্‌গুরুর নিকট তত্ত্বোপদেশগ্রহণ, তদন্তে ভক্ত্যুদ্দীপনে আত্মজ্ঞানলাভ করিয়া তাহাতে তন্ময় হওয়া, সদ্‌যোগের মুখ্য উদ্দেশ্য। ঈশ্বরকে যদিও নানা প্রকারে লোকে ভজনা করে এবং সর্ব্বপ্রকারেই কার্য্যানুরূপ সিদ্ধি আছে, তথাপি আত্মজ্ঞানানুশীলনে যে ভজনা তাহাই প্রকৃষ্ট, সে জ্ঞানের চরমফল এই যে সর্ব্বভূতেই একমাত্র ঈশ্বর এবং সর্ব্বভূতই ঈশ্বরে অবস্থিত ইহা দৃঢ় উপলব্ধি হয়, সুতরাং সাধক সিদ্ধ হইলে আপনাকে ঈশ্বর হইতে ভিন্ন অনুভব করিতে পারে না। তখনই 'সোঽহং' (তিনি আমি) 'অহং স' (আমি তিনি) 'ব্রহ্মময়ং জগৎ' এই ভাব তাঁহার দৃঢ় নিশ্চয় হয়। তিনি জ্ঞানচক্ষে জগৎ এবং সংসারসৃষ্টিদর্শন করিতে পারেন। মহাকবির বিশাল ভাবানুভাব অতিক্রম করিয়া তৎশোভাদর্শনে মহাবিজ্ঞানশাস্ত্রবিৎদিগের তীক্ষ্ণ বুদ্ধি হইতেও সূক্ষ্মবুদ্ধিতে অনন্তকৌশলের নিগূঢ়তত্ত্ব ভেদ করিয়া সদানন্দসাগরে ভাসমান থাকেন, তাহার চিত্ত কিছুতেই কখন বিক্ষুব্ধ হয় না এবং সর্ব্বদাই নির্ভয় হইয়া থাকে। আপনার উপমাতে সকলের সুখ দুঃখ সমভাবে দর্শন করিয়া বিশ্বদাস্য ব্রতধারী, দয়াশীল, সত্যপরায়ণ, বালবৎ ঋজুস্বভাববিশিষ্ট, সদোন্নতাত্মা, মৃদুভাবাপন্ন ইত্যাদি সকল উজ্জ্বল ও মহোৎকৃষ্ট গুণে ভূষিত এবং সর্ব্বপ্রকার ক্ষুদ্র অধম নিকৃষ্টভাবে অপরিচিত হইয়া থাকেন। বিষয় কামনা সকল সুবুদ্ধিকে মলিন করে। ঐ কামনাই ঈশ্বরনিষ্ঠার সুতরাং শান্তির ও মুক্তির বাধক। জ্ঞান ও বুদ্ধিকৌশলে এবং অভ্যাসবলে কামনা দমন করিতে না পারিলে তাহা সর্ব্বনাশকারী হইয়া উঠে। বিশ্বশৃঙ্খলের ভিন্ন ভিন্ন পর্ব্বস্বরূপ, যে এক এক পৃথক্ বস্তু, তন্মধ্যে মনুষ্যও একটী। অন্যান্য বস্তু যেরূপ নিজ নিজ প্রাকৃতিক নিয়মে এবং অতি গূঢ় ভাবে পরস্পরের অনুকূলতা করে, মনুষ্য তন্নিয়মবশতাপন্ন হইয়াও চিৎশক্তির অপেক্ষাকৃত স্ফূর্ত্তি থাকায় তাহার বলে স্বশরীরে ও মনে অন্যপ্রকার পরিবর্ত্তন উপস্থিত করিতে পারে। সেই জন্য তাহার পক্ষে উক্ত প্রকার কোন কোন কার্য্য যেন স্বতন্ত্র ভাবে করিতে পারে এরূপ বোধ হয়, কিন্তু বাস্তবিক তাহা যতদূর বুদ্ধিমায়োত্তীর্ণ হইতে পারে, ততদূর সেই বুদ্ধি শক্তির নিয়মানুসারের কার্য্য। আবার যখন মায়া বুদ্ধিকে মহা-জড়ীভূত করিয়া রাখে, তখন সেই মায়াবলে উক্ত শৃঙ্খলপর্ব্ব (মানব) নিজের ও অন্যান্য শৃঙ্খল পর্ব্বের প্রতিকূলাচরণ উপস্থিত করে। এরূপ হইলে কামনাই মায়ার প্রতিনিধি-স্বরূপে কার্য্য করে। উক্ত অনুকূলতাই পুণ্য ও প্রতিকূলতাই পাপ। ইহলোক বা পরলোকে বিষয়ভোগকামনাই পাপের বীজ, এই দুষ্পূরণ অগ্নিবৎ কামনা শুদ্ধ শরীরে শুদ্ধচিত্তে কেবল ঈশ্বর ধ্যানে দমিত হয়। তখন জীবভূত চিদংশ চিৎমধ্যে (ঈশ্বরে) লগ্ন হইলেই ঐ মায়ার প্রতিনিধি কামনা এক-কালে নির্ব্বাপিত হয়, তখন মনুষ্য নিজের ও অন্যের কল্যাণ-সাধন করে। ইন্দ্রিয়, মন ও বুদ্ধি কামনার আধার, সুতরাং এই সকল দমনের কৌশল অবগত হওয়াও একটী মহৎ কার্য্য। মনুষ্যের পাপপুণ্যবিষয়ে কি স্বতন্ত্রতা ও কি পরতন্ত্রতা এ নিগূঢ়তত্ত্ব বিশেষ গুরূপদিষ্ট জ্ঞানী ভিন্ন অপর সাধারণের বোধগম্য নহে, এতদ্বিষয়ে অজ্ঞানীদিগের হঠাৎ বুদ্ধিভেদ চেষ্টা করিলে তাহাদিগের বিস্তর অনিষ্টোৎ-পাদন সম্ভব। তাহাদিগের পক্ষে সদ্ধর্ম্মের উপদেশ এই—ঈশ্বর আত্মারূপে হৃদয়ে স্থিত এবং সর্ব্বজীব যন্ত্রারূঢ় পুত্তলিকা বা মায়া কর্ত্তৃক সঞ্চালিত, ইহাতে দায়িত্ব এবং স্ব স্ব কর্ম্মের সুফল দুষ্ফলের অধিকারিত্ব সাংসারিক ব্যক্তির মনে লোপ হইলে সংসার ধ্বংস হয়। তাহারা যে মনে করে যে তাহারা স্বতন্ত্রতাবলে কার্য্য করে এবং সুকৃতি দুষ্কৃতি অনুসারে পুণ্য পাপের ভাগী হয়, তাহাদের মনের সেই ভাব জপ নিয়মে যতদিন তাঁহাকে না পায়, ততদিন সেই ভাবই থাকা উচিত। পরম তত্ত্বজ্ঞানী যিনি যোগবলে সোঽহং ভাব পরিষ্কাররূপে অনুভব করিয়াছেন এবং ভগবৎপ্রেমে লীন হইয়াছেন, তাহার নিকট পাপপুণ্য, হেয় উপাদেয় ভেদজ্ঞান কিছুই থাকে না। তাহা দ্বারা কল্যাণকর কার্য্য ভিন্ন আর কিছুই উদ্ভাবিত হয় না। আর যদিও তাঁহার আত্মারাম হেতু কোন কার্য্যই তাহার প্রয়োজন নাই, তথাচ লোকহিতার্থে লোকেরা যেমন কামনাযুক্ত হইয়া বিবিধ পুণ্যকর্ম্মাদি করে, সেইরূপ নিষ্কাম হইয়া তাহার কর্ম্ম করা উচিত। তাঁহার

দৃষ্টান্তে অপরে কার্য্য করিবে, তাহাতে জগতের উপকার আছে। জ্ঞানসোপানারোহেচ্ছু ব্যক্তি যথাসাধ্য ইন্দ্রিয়দমন করিয়া ঈশ্বরচিন্তায় নিমগ্ন হয়, সাধনাবস্থায় প্রকৃতির গুণ বলে (তাহার নিজ চেষ্টা ভিন্ন উপস্থিত) বীতানুরাগে যে সুখ ভোগ করে, তাহা তাহার পক্ষে মোক্ষের প্রতিকূল হয় না এবং উক্ত সাধন অবস্থায় যদি প্রমাদক্রমে এক একবার পাপও করে, তাহা হইলেও জ্ঞানবলে তাহা বুঝিয়া অনুতাপগ্রস্ত ও ঈশ্বরের নিকট বল প্রার্থনা করিয়া পুনঃ পুনঃ প্রতিজ্ঞাশীল হয় ও সাধনপথে অনুসরণ করিলেই সে পাপ ধ্বংস হয়। সকল কর্ম্মের প্রারম্ভেই দোষের যোগ থাকে, ক্রমশঃ কৌশল ও অভ্যাস বলে দোষ বিমুক্ত হয়। মন কামনাদি রিপু হইতে মুক্ত হইলে আত্মার বন্ধু এবং ঐ সকলের বশীভূত হইলেই আত্মার শত্রু হয়।

রিপুঞ্জয় ব্যক্তি বাহ্য ও মানসিক পীড়ায় যেরূপ অন্যে ব্যাকুল হইয়া থাকে, সেরূপ না হইয়া জ্ঞানবলে ঐ পীড়া অবশ্যম্ভাবিনী জানিয়া অভ্যাসবলে অটল হইয়া থাকেন। তিনি প্রশান্তাত্মভাবাপন্ন পরমাত্মসমাহিত জ্ঞান এবং বিজ্ঞানে পূর্ণচিত্ত হইয়া সংসারে সকল আদরণীয় ও অনাদরণীয় বিষয়ে সমদৃষ্টি করেন এবং এই সাংসারিক সর্ব্বপ্রকার ক্রিয়ার ফলাফলে ঈশ্বরের কোন দোষ দেখিতে পান না। ক্রমে তিনি সর্ব্বোচ্চভাবে উপস্থিত হন। অবিচলিত আত্মতত্ত্বজ্ঞ ভক্তিরসে মগ্ন হইয়া সদা ঊর্দ্ধমুখী মতিতে উক্ত অবস্থা লাভ করিলে তদপেক্ষা অধিক লাভ অন্য কিছুতেই যে আছে বা হইতে পারে, তাহা তাহার উপলব্ধি হয় না এবং যতই গুরোর্গরীয়ান্ সাংসারিক বা অন্য প্রকার দুঃখ ঘটনা হউক, তাহাতে তাহাকে কিঞ্চিৎ মাত্র বিচলিত করিতে পারে না। সদা ঈশ্বরচিন্তা, সদা সর্ব্বভূত হিতের চেষ্টা, স্ব স্ব প্রকৃতি অনুসারে যে যে প্রকার জীবিকানির্ব্বাহের এবং হিতকর কার্য্যে সমর্থ, তত্তৎকর্ম্ম স্বধর্ম্মজ্ঞানে অবশ্য সাধনীয় বোধে সাধন করেন ও পরপীড়নের ভাব বিসর্জন দিয়া জীবনযাত্রা সমাধা করেন, তিনি ইহলোকে অতি উন্নত মনে পবিত্র আনন্দ অনুভব করেন এবং কলেবর ত্যাগের পর আর তাঁহার পুনর্জন্ম হয় না।

এরূপ উদ্দেশ সাধনার্থ নানা শাস্ত্রে নানা উপায় ও উপদেশ আছে। কিন্তু গীতায় ঈশ্বর অব্যক্ত হইলেও কিরূপে চিন্তনীয়? জগদুদ্ভব কিরূপে হয়? তদুপাদান কি কি, জীবন কি, জীবিত থাকা বা মৃত্যু হওয়া কি, কর্ম্ম কি, কর্ত্তব্যাকর্ত্তব্য ও নিষ্ক্রিয় হওয়া কি, মনোবৃত্তির মূল কি, শীতোষ্ণসুখদুঃখাদি দ্বন্দ্বভাব সকলের উৎপত্তি কিরূপ, সৃষ্টিক্রিয়ার মূল যে মায়া তদাত্মিকা সত্ত্বরজতম গুণত্রয়ের লক্ষণ ও কার্য্য এবং তদনুসারে মনুষ্যের স্বভাবভেদ, স্বভাবভেদে চাতুর্ব্বর্ণ ও তত্তৎবর্ণের কর্ম্মভেদ, ত্রিগুণের পরস্পর সম্বন্ধ ও প্রাদুর্ভাবের ইতর বিশেষ ও তত্তৎ ফল কি? এইগুণ এবং অন্য কি কি বলে কর্ম্মের উৎপত্তি হয় এবং গুণভেদে জ্ঞান, বুদ্ধি, ধৈর্য্য শ্রদ্ধা, উপাস্য পদার্থ, আহার, যজ্ঞ, তপস্যা, দান, সুখ, কর্ম্ম, কর্ত্তা, কর্ম্মত্যাগ এই সকলের উৎকৃষ্টতা, মধ্যমভাব ও নিকৃষ্টতা ভেদ হয় ইত্যাদি ন্যায্যান্যায্য কার্য্যের কারণ কি কি এবং কর্ম্মে প্রবৃত্তি সম্পাদনের হেতুই বা কি কি ইত্যাদি অনেক মনোহর জ্ঞানগর্ভ ভক্ত্যুদ্দীপক এবং মোক্ষসাধক বিষয়ের কথা গীতায় বিবৃত হইয়াছে।

এই সকল তত্ত্ব সংক্ষেপে বিকাশের পর সগুণ এবং নির্গুণ উপাসনাভেদে যে উপদেশ দেওয়া হইয়াছে, তাহাই কৃষ্ণতত্ত্ব এবং তাহাতেই বিবিধ শাস্ত্রের মতামতের মীমাংসার প্রতি দৃষ্টি রাখিয়া এই বলা হইয়াছে যে, অব্যক্ত নিরাকার অনাদি অনন্ত নির্বিশেষ অব্যয় ইত্যাদি কেবল অভাবসূচক শব্দ দ্বারা অনির্দ্দেশ্য অচিন্তনীয় ব্রহ্মোপাসনা দেহধারীর পক্ষে দুঃসাধ্য এবং যদিও অপেক্ষাকৃত ক্বচিৎ চিন্ত্য অব সকল, (যথা তমসঃ পরস্তাৎ, দিব্যদ্যোতক, ভূতেশ্বর, ভূতভাবন, স্থাণু, কবি, সর্ব্বজ্ঞ, সর্ব্ববিদ্যানির্ম্মাতা, সমদৃষ্ট, সর্ব্বভূতের বীজ, পরমপুরুষ, বিশ্বনিয়ন্তা, বিধাতা, বিশ্বপিতা বিশ্বমাতা, স্রষ্টা, রক্ষক, সংহর্ত্তা, সুহৃৎ;) মন, বুদ্ধি জ্ঞান, পরিজ্ঞাতা, প্রাণ, বল, বীর্য্য, সকলেরই আদি, মধ্য, অন্ত, ইত্যাদি ভাব ও সর্ব্বপ্রকার উজ্জ্বল মনোবৃত্তির ভাব (যথা দয়া সত্য শম দম অভয় অহিংসা ক্ষমা পবিত্রতা, ঋজুতা ইত্যাদি) এবং ক্রমশঃ অনুভবাতীত জ্যোতিঃ (সূর্য্য চন্দ্র অগ্নি, প্রাকৃতিক মহোজ্জ্বল ইন্দ্রিয়গোচরপদার্থাদি) এবং রূপাকারে বর্ণিত বেদ, যজ্ঞ, তপস্যা, দান, প্রণব, ইত্যাদি, (তৎপরে বৃহস্পতি শুক্রাচার্য্য ব্যাসমুনি ও কপিলাদি জ্ঞানী এবং প্রহ্লাদাদি ভক্ত পুরাণবর্ণিত পুরুষ ইত্যাদি) মূর্ত্তিনির্দ্দেশে উপাসনা সুবোধগম্য করা হইয়াছে। কিন্তু নির্গুণ ব্রহ্মের অভাবসূচক শব্দদ্বারা বর্ণিত উপরি উক্ত ও তদতিরিক্ত গুণের সঙ্গে মিশ্রিত পূর্ণব্রহ্ম ঘনীভূত আকারে কৃষ্ণাবতার মহাস্থূলভচিন্তা তদ্ধ্যানে তদ্ভাবাবিষ্ট হইয়া সামর্থ্যানুসারে ইহলোক বা জন্মজন্মান্তরে তাহাকে প্রাপ্ত হওয়াই শব্দের নিগূঢ়ার্থ।

কৃষ্ণোপাসকেরা স্ব স্ব প্রকৃতি, শিক্ষা, বুদ্ধি, পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মফল এবং ইহলোকের বিবিধ সংঘটনভেদে নানা ভাবে তাঁহার ধ্যান পূজাদি করেন। সর্ব্বোচ্চ শ্রেণীর লোকে

ব্রহ্মব্যঞ্জক ধ্যানযোগ্য রূপক ভাবে তাঁহার উপাসনা করে। কেহ বা তাঁহাকে চতুর্ভুজ নারায়ণের একটী দ্বিভুজ মূর্ত্তি দেবাবতার ভাবে দর্শন করে। কেহ বা তিনি বৃষ্ণিবংশীয় যদুকুলোদ্ভব বাসুদেব মাধব মধুসূদন যোগেশ্বর মহাতেজস্বী পুরুষ জগদ্‌গুরুস্বরূপ ভাবিয়া তাহাকে ভজনা করে। কেহ বা তাহাকে কামদাতা মনে করিয়া নানা কামনাপূর্ণাশয়ে তাঁহার স্তবস্তুতি করে। ইত্যাদি বহু প্রকারে তাঁহার অর্চ্চনা আছে। তন্মধ্যে যাঁহারা ইহলোক বা পরলোকের সর্ব্ব-কামনা সিদ্ধির অভিলাষবর্জ্জিত হইয়া মোক্ষলাভেও দৃষ্টি না করিয়া তাঁহার ভক্তিতে ও তৎ প্রেমে লীন হইয়া "তদ্বুদ্ধয়-স্তদাত্মনস্তন্নিষ্ঠাস্তৎপরায়ণাঃ" হইয়া জ্ঞানযজ্ঞরত এবং সর্ব্বভূত-হিতরত হইয়া থাকেন, তাঁহারা অতি দুর্লভ। তাঁহারাই সর্ব্বশ্রেষ্ঠ। কিন্তু অন্যান্য শ্রেণীর উপাসক যাঁহারা পুষ্প পত্রফল জল ইত্যাদি দ্রব্য দ্বারা ও হোমাদি ক্রিয়া দ্বারা তাঁহাকে পূজা করেন, তাঁহারা কেবল তৎকর্ম্মফল মাত্র প্রাপ্ত হয়েন।

যৎকালে গীতা রচিত হয়, তখনও কৃষ্ণ মত অবহেলা করিবার লোক অনেক ছিল, তাহাদের প্রতি করুণা-ভাবের কথাও গীতায় প্রকাশ আছে। পূর্ব্বমীমাংসা, উত্তরমীমাংসা, যোগশাস্ত্র এই সকলের বর্ত্তমান যে সকল গ্রন্থ দৃষ্ট হয়, তত্তৎ গ্রন্থগত মতের অনেক কথার মূল ও এমন কি নাস্তিকমতও যথাযোগ্য কৃষ্ণমত সহ গীতায় প্রকাশিত হইয়াছে।

[পূর্ব্বোক্ত গীতার বিষয় সকল ঈশ্বর, জগৎ, নরতত্ত্ব, কর্ম্ম, জ্ঞান, ভক্তি, পূজা প্রভৃতি শব্দে দ্রষ্টব্য।]

যদিও মহাভারতের সংগ্রহসময়ে এবং তৎপূর্ব্ব সময়ের বেদ উপনিষৎ প্রভৃতির অনেক মত ও উদ্ধৃত বচন সকল গীতায় সন্নিবেশিত আছে, তথাপি কৃষ্ণমত অন্যান্য নূতন উপাদানের সহিত সংঘটিত ও বিশেষ বিশেষ স্থলে 'মে মতং' 'মে মতিঃ' ইত্যাকারে কৃষ্ণমত সুতেজিত ও সমর্থন করা হইয়াছে।

সকল জ্ঞানের সার ও সকল শাস্ত্রের মুখ্যোদ্দেশ্য সাধন মানব-জাতির সর্ব্বপ্রধান কর্ত্তব্য। আব্রহ্মস্তম্ব পর্য্যন্ত অনন্ত বিষয়ের অনন্ত বিকাশ ৭০০ শ্লোকগত ছবি কিরূপে গীতায় কি প্রণালীতে ও কি নিয়মে সন্নিবিষ্ট হইয়াছে, ইহাই একটী গীতারহস্য। যেমন ক্ষুদ্র বট বা অশ্বত্থ বীজ হইতে মহাবিশাল ও তরুশাখাদি প্রবর্দ্ধিত হয়, তদ্রূপ গীতার প্রথমাধ্যায়ে অর্জ্জুনের বিষাদসূচক অতি অল্প কথা ও দ্বিতীয়াধ্যায়ে তদানু-সঙ্গিক সামান্য কথা হইতেই উপরি উক্ত বিশাল তত্ত্ব সকল উদিত হইয়াছে। অর্জ্জুন কুরুক্ষেত্রে যুদ্ধোৎসাহী স্বীয় ও বিপক্ষ সৈন্যদল সমবেত দেখিয়া মোহ প্রাপ্ত হইলে তিনি তাঁহার শরীর, মন ও হৃদয়ের অবস্থা ও তদুদ্ভাবিত মত কৃষ্ণের সমক্ষে জানাইয়াছিলেন। সেই পরিচয় মধ্যে তাঁহার উপস্থিত যুদ্ধকর্ম্ম করিবার অনিচ্ছাও প্রকাশ করেন এবং তজ্জন্য যে সকল কারণ নির্দ্দেশ করিয়াছিলেন, তত্তৎ কারণ খণ্ডনেই কৃষ্ণোক্তি এবং সেই উক্তিতে অর্জ্জুনের মধ্যে সংশয়-সূচক বা সহজে বোধগম্য হওয়ার জন্য অল্প প্রশ্নে এক একটী অধ্যায় এবং তত্তৎ অন্তর্গত অংশ সকল শ্রেণীগত হইয়াছে। ইহার লিপিচাতুর্য্য বিবরণ করিতে হইলে সমস্ত গীতারই এক প্রকার ব্যাখ্যা করিতে হয়, সুতরাং উপস্থিত প্রবন্ধে তাহা হইতে নিবৃত্ত থাকিতে হইল।

গীতা মহাভারতের অন্তর্গত, সুতরাং মহাভারত প্রণয়ন যে সময়ে হইয়াছে, সেই সময়ই গীতা রচিত হইয়াছে, ইহাই স্থূলরূপে গ্রাহ্য। কিন্তু শাস্ত্রের কালনির্ণায়ক পণ্ডিতদিগের মধ্যে এ বিষয়ের অনেক মতামত আছে। [তদ্বিচার মহাভারত শব্দে দ্রষ্টব্য।]

গীতায়ন (ক্লী) গীতস্য অয়নং আশ্রয়ঃ ৬তৎ। গীতের আশ্রয়, গীতযুক্ত। (ভাগবত ৪। ৪। ৫)

গীতাসার (পুং) গীতায়াঃ সারো যত্র বহুব্রী। যদ্বা গীতাসু সারঃ ৭তৎ। যাহাতে গীতার সারাংশ সংক্ষেপে উক্ত আছে, অথবা যাহা অপর গীতা অপেক্ষা উৎকৃষ্ট, তাহার নাম গীতাসার। (গরুড়পুরাণে পূর্ব্বখণ্ডের ২৩৩ অধ্যায় হইতে ২৩৬ অধ্যায় পর্য্যন্ত।) গীতা বেদব্যাসের অমৃতময়ী লেখনীনিঃসৃত পীযূষধারা। এই গীতাসারে তাহারই সারাংশ লিখিত হইয়াছে। ইহার বক্তা স্বয়ং ভগবান্। গরুড়পুরাণে ইহার শ্রোতার কোন উল্লেখ নাই, তবে এই মাত্র লিখিত আছে যে, "ভগবান্ বলিলেন আমি পূর্ব্বকালে অর্জ্জুনের নিকট যে গীতাসার প্রকাশ করিয়াছি, তাহাই কীর্ত্তন করিব।" ইহাতে বোধ হয় যে ভারতযুদ্ধের প্রারম্ভে অর্জ্জুনের মোহ উপস্থিত হইলে ভগবান্ কৃষ্ণ অর্জ্জুনকে যে বিস্তৃত উপদেশ দেন, মোহগ্রস্ত অর্জ্জুন তাহা ধারণা করিতে পারেন নাই। পরে ভগবান্ তাহার সারাংশ পুনর্ব্বার উপদেশ দেন। তাহাই গীতাসার নামে অভিহিত। ভারতে ইহার কোন প্রসঙ্গই নাই। ফলের অভিলাষী না হইয়া কেবল কর্ত্তব্যতাবোধে লৌকিক ও বৈদিক কার্য্যের অনুষ্ঠান করিলেই মনুষ্য সুখী হইতে পারে, ইহা প্রতিপাদন করাই গীতার প্রধান উদ্দেশ্য, কিন্তু এই গীতাসারে তাহার কোন কথার উল্লেখ দেখিতে পাওয়া যায় না। নির্ব্বাণমুক্তিই ইহার প্রধান প্রতিপাদ্য।

ইহাতে তত্ত্বজ্ঞান মুক্তির সাক্ষাৎ কারণ এবং অষ্টাঙ্গ যোগ চিত্তশুদ্ধির কারণ বলিয়া নিরূপিত হইয়াছে। [গীতা দেখ।]

গীতি (স্ত্রী) গৈ ভাবে ক্তিন্। ১ গান।

"শ্রুতাপ্সরোগীতিরপি ক্ষণেঽস্মিন্
হরঃ প্রসঙ্খ্যান-পরোবভূব।" (কুমার ৩।৪০)

২ মাত্রাবৃত্তবিশেষ। বৃত্তরত্নাকরের মতে আর্য্যার প্রথমার্দ্ধের ন্যায় দ্বিতীয়ার্দ্ধ হইলে তাহাকে গীতি বলে।

গীতিকা (স্ত্রী) গীতিরিব কায়তি কৈ-ক টাপ্। ১ গাথা গ্রাম্য গীতির ন্যায় স্বরবর্ণে বিকৃত হইলে তাহাকে গীতিকা বলে।

"গায়ত্রীং পঠতে যস্তু বর্ণশঙ্করজস্তথা।
গাথাচ গীতিকা চাপি তস্য সম্পদ্যতে নৃপ॥" (ভারত° ৯৫ অ°)

'গাথা স্বরনিয়মহীনা গদ্যবন্মুখান্নিঃসরতি, গাথৈব গ্রাম্য-গীতিবৎ স্বরবর্ণবিকৃতা গীতিকা' (নীলকণ্ঠ।)

২ ছন্দোবিশেষ, ইহার চারিটী চরণই সমান, প্রত্যেক চরণে বিংশতি অক্ষর বা স্বরবর্ণ থাকে। তাহার ৩, ৫, ৮, ১০, ১৩, ১৫, ১৮ ও ২০শ অক্ষর গুরু, তদ্ব্যতীত লঘু হওয়া আবশ্যক। গীতি-স্বার্থে কন্ টাপ্। ৩ গান।

গীতিকাব্য (ক্লী) গান মিশ্রিত কাব্য।

গীতিন্ (ত্রি) গীতং গানং অস্ত্যস্য গীত ইনি। গীতযুক্ত, যিনি গান করিতেছেন।

"গীতী শীঘ্রী শিরঃ কম্পী তথা লিখিতপাঠকঃ।
অনর্থজ্ঞোঽল্পকণ্ঠশ্চ ষড়েতে পাঠকাধমাঃ॥'

(পাণিনীয় শিক্ষা ৩২)

গীতির্য্যা (স্ত্রী) ছন্দোবিশেষ, ইহাতে চারিটী চরণ আছে। প্রত্যেক চরণে ১৬টী লঘুপদ থাকে।

গীথা (স্ত্রী) গৈ থক্ টাপ্। বাক্য।

"এষ উ বা উদ্গীথঃ প্রাণোবা উৎ প্রাণেন হীদং সর্ব্বমুত্তব্ধং, বাগেব গীথা উচ্চগীথাচেতি স উদ্গীথঃ।". (শত° ব্রা° ১৪।৪।১।২৫।) 'বাগেব গীথা উদ্গীথাভিব্যক্তিরূপা গায়তেঃ শব্দার্থত্বাৎ' (ভাষ্য°)

গীরথ (পুং) গী রথইবাস্য বহুব্রী। ১ বৃহস্পতি। (ত্রিকাণ্ড°) ২ জীবাত্মা। (শব্দার্থচি°)

গীর্ণ (ত্রি) গৃ-কর্ম্মণি ক্ত। ১ বর্ণিত। ২ স্তুত। ৩ গিলিত, যাহা গ্রাস করা হইয়াছে। (অমর)

গীর্ণি (স্ত্রী) গৃ-ভাবে ক্তিন্। ১ স্তুতি। ২ বর্ণন। ৩ গিলন, গ্রাস।

গীর্দেবী (স্ত্রী) গিরোঽধিষ্ঠাত্রী দেবী। সরস্বতী। (শব্দর°)

গীর্পতি (পুং) গিরাং পতিঃ ৬তৎ অহরাদিত্বাৎ বিসর্গস্য বিকল্পে রেফাদেশঃ। ১ বৃহস্পতি। ২ পণ্ডিত। গীঃপতি ও গীষ্পতি শব্দও এই অর্থে ব্যবহৃত হয়। (অমর)

গীর্লতা (স্ত্রী) গীরিব বিস্তীর্ণা লতা। মহাজ্যোতিষ্মতী লতা, চলিত কথায় বড়লওয়াকটকী বলে।

গীর্বৎ (ত্রি) [বৈ] গীরস্ত্যস্য গির্ মতুপ্ মস্য বকারঃ। (ছন্দসীরঃ। পা ৮।২।১৫) বাক্যযুক্ত।

গীর্বাণ (পুং) গীরেব বাণঃ কার্য্যসাধনত্বাৎ অস্ত্রং যস্য বহুব্রী। দেব।

"এবং সুমন্ত্রিতার্থাস্তে গুরুণার্থানুদর্শিনা।
হিত্বা ত্রিপিষ্টপং জগ্মুর্গীর্বাণাঃ কামরূপিণঃ॥" (ভাগবত ৮।১৫।২)

কেহ কেহ গীর্বাণ শব্দের বকারটীকে অন্তঃস্থ ও কেহ কেহ বর্গীয় বলিয়া স্বীকার করেন, অন্তঃস্থবাদীর মতে গীর্বাণ শব্দের সাধনপ্রণালী গিরং স্তুতিরূপাং বনুতে যাচতে গির্-বন-অণ্ ণত্বঞ্চ (পূর্ব্বপদাৎ সংজ্ঞায়ামগঃ। পা ৮।৪।৩)

গীর্বাণকুসুম (ক্লী) গীর্বাণপ্রিয়ং কুসুমং মধ্যলো°। দেবকুসুম, লবঙ্গ। (রাজনি°) গীর্বাণপুষ্পাদি শব্দও এই অর্থে ব্যবহৃত।

গীর্ব্বাণযোগীন্দ্র, একজন গ্রন্থকার, ইনি প্রপঞ্চসার নামে একখানি তন্ত্র রচনা করেন।

গীর্বাণেন্দ্র সরস্বতী, বিশ্বেশ্বর সরস্বতীর ছাত্র, দেবেন্দ্র ও নৃসিংহাশ্রমের গুরু। ইনি গায়ত্রীপুরশ্চরণবিধি ও প্রপঞ্চসার-সারসংগ্রহতন্ত্র নামে দুইখানি সংস্কৃত গ্রন্থ রচনা করেন।

গীষ্পতি (পুং) গিরাং পতিঃ ৬তৎ। রেফাভাবপক্ষে ষত্বং। ১ বৃহস্পতি। (অমর) ২ পণ্ডিত। (শব্দরত্নাবলী)

গু (পুরীষপরিত্যাগকরণার্থক গুধাতুজ) বিষ্ঠা, পুরীষ।

গুআ (গুবাক শব্দজ) সুপারি, গুবাক।

গুআগুদি, এক জাতীয় বৃক্ষ। (Gumsea)

গুআমউরী, এক প্রকার মউরী, (Anethum Graveolens) কোন কোন স্থানে পাণমসলায় ব্যবহৃত হয়। হিন্দীতে ইহাকে সোয়া বলে।

গুইয়া [গুএলা দেখ।]

গুইয়া বাবলা, স্বনামপ্রসিদ্ধ বৃক্ষবিশেষ।

গুএলা, দ্রাক্ষালতার ন্যায় একজাতীয় বুনো গাছ। (Vitis latiflora) ফল দেখিতে দ্রাক্ষার মত, কিন্তু ভিতরে ফাঁপা।

গুঁজ, ১ ছিপি। ২ খোঁপা আটিবার কাঠীবিশেষ।

গুঁজড়ান (দেশজ) লুকান। অরক্ষিত দ্রব্যের মধ্যে লুকাইয়া রাখা।

গুঁড় (গুণ্ড শব্দজ) চূর্ণ।

গুঁড়ন (গুণ্ডন শব্দজ) চূর্ণন, চূর্ণ করা।

গুঁড়া (গুণ্ড শব্দজ) চূর্ণ, গুঁড়।

গুঁড়ারোচনী, একপ্রকার গন্ধযুক্ত হরিদ্রা বর্ণের গুঁড়া, ঔষধার্থ ও রং করিতে ব্যবহৃত হয়।

গুঁড়ি, ১ চূর্ণ, গুঁড়া। ২ মূল। বৃক্ষাদির দণ্ড বা নিম্নভাগ, যাহার উপর হইতে ডাল পাতা প্রসারিত হয়।

গুঁড়িকচু, ক্ষুদ্র জাতীয় একপ্রকার কচু।

গুঁড়িপিপ্‌ড়া, ক্ষুদ্র জাতীয় একপ্রকার পিপ্‌ড়া, ইহাদের রঙ্ রক্তবর্ণ। গৃহস্থের গুড় চিনির ভাঁড়ই ইহাদের প্রধান আশ্রয়। ইহার কামড়ে শরীর ফুলিয়া উঠে ও প্রায় ১ ঘণ্টা পর্য্যন্ত চুলকানি থাকে। [পিপীলিকা দেখ।]

গুঁড়িয়া মাছ, একপ্রকার ক্ষুদ্র মৎস্য (Cobitis Tænia)।

গুগ্‌লী, ক্ষুদ্র শম্বুক, চলিত কথায় ইহাকে গেঁড়ী বলে।

গুগ্‌গুল (পুং) গোজতি গুজ্ ক্বিপ্ গুক্ রোগঃ ততো গুড়তি রক্ষতি গুক্-গুড় ক ডস্য লকারঃ। ১ স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, গুগ্‌গুলু। (অমরটীকা ভরত।) ২ রক্তশোভাঞ্জন বৃক্ষ। (শব্দচন্দ্রিকা)

গুগ্‌গুলু (পুং) গুক্‌রোগস্তস্মাদ্ গুড়তি রক্ষতি গুড়-কু, ডস্য লকারঃ। ১ স্বনামখ্যাত বৃক্ষ। ২ উক্ত বৃক্ষের নির্য্যাস ও সুগন্ধি দ্রব্যবিশেষ। ইহার পর্য্যায়—কুন্ত, উলূখলক, কৌশিক, পুর, কুন্তোলু, খলক, কুন্তোলূখলক, জটায়ু, কালনির্য্যাস, দেবধূপ, সর্ব্বসহ, মহিষাক্ষ, পলঙ্কষা, যবনদ্বিষ্ট, ভবাভীষ্ট, নিশাটক, জটাল, পুট, ভূতহর, শিব, শাম্ভব, দুর্গ, যাতুঘ্ন, মহিষাক্ষক, দেবেষ্ট, মরুদিষ্ট, রক্ষোহা, রক্ষগন্ধক ও দিব্য। ইহার গুণ—কটু, তিক্ত, উষ্ণ, কফ, বাত, কাস, কৃমি, বাতরোগ, (সামবাত) ক্লেদ, শোথ ও অর্শনাশক এবং রসায়ণবিশেষ। (রাজনি°) ভাবপ্রকাশের মতে ইহার গুণ—বিশদ, তিক্ত, কটু ও কষায় রস, উষ্ণবীর্য্য, পিত্তবর্দ্ধক, সারক, কটুবিপাক, রুক্ষ, অত্যন্ত লঘু, ভগ্নসন্ধানকারক, শুক্রবর্দ্ধক, স্বরপ্রসাদক, অগ্নিবৃদ্ধিকারী, পিচ্ছিল, বলকারক; কফ, বায়ু, ব্রণ, অপচী, মেদোদোষ, প্রমেহ, অশ্মরী, সামবাত, ক্লেদ, কুষ্ঠ, আমবাত, পীড়কা, গণ্ডমালা ও কৃমিনাশক।

গুগ্‌গুলের মধুর রসে বায়ু, কষায় রসে পিত্ত এবং তিক্তরসে কফ নষ্ট হয়। নূতন গুগ্‌গুলু মাংসবর্দ্ধক ও শুক্রজনক, কিন্তু পুরাতন হইলে অত্যন্ত লেখন গুণযুক্ত অর্থাৎ অতিশয় কৃশকারক। যে গুগ্‌গুলু দেখিতে পাকা জম্বুফলের ন্যায় সুগন্ধি, পিচ্ছিল ও সুবর্ণ বর্ণ, তাহা নূতন এবং শুষ্ক দুর্গন্ধযুক্ত বিকৃত বর্ণ ও বীর্য্যহীন হইলে তাহা পুরাতন জানিবে। গুগ্‌গুল সেবনকারীর পক্ষে অম্লরস, তীক্ষ্ণদ্রব্য, অজীর্ণজনক অর্থাৎ গুরুপাক দ্রব্য, মৈথুন, পরিশ্রম, রৌদ্র, মদ্য ও ক্রোধ অতিশয় অহিতকর।

গুগ্‌গুলু জাতিভেদে পাঁচ প্রকার—মহিষাক্ষ, মহানীল, কুমুদ, পদ্ম ও হিরণ্য। যাহা দেখিতে অঞ্জনের ন্যায় তাহাকে মহিষাক্ষ বলে, অতিশয় নীলবর্ণ গুগ্‌গুলুকে মহানীল, কুমুদকুসুমের ন্যায় আভাবিশিষ্টকে কুমুদ, পদ্মবর্ণকে পদ্ম এবং সুবর্ণবর্ণ গুগ্‌গুলুকে হিরণ্য বলে।

ইহার মধ্যে প্রথম দুই জাতীয় গুগ্‌গুল হস্তীর পক্ষে এবং কুমুদ ও পদ্মজাতীয় অশ্বের পক্ষে মঙ্গলকর ও আরোগ্যজনক। কেবলমাত্র হিরণ্য জাতীয় গুগ্‌গুলুই মানুষের উপকারী। অবস্থাবিশেষে মহিষাক্ষও মনুষ্যের হিতকর হইয়া থাকে।

(ভাবপ্রকাশ পূর্ব্ব ১ভাগ)

গুগ্‌গুল্ অতিশয় সুগন্ধি বলিয়া হিন্দুগণ ধূনার সহিত ইহার ব্যবহার করেন। ইহা আগুনে দিলে গন্ধে গৃহ আমোদিত হয় এবং মন প্রাণ পুলকিত হইয়া উঠে।

প্রয়োগামৃতের মতে গ্রীষ্মকালে মরুভূমিতে গুগ্‌গুলু বৃক্ষ উৎপন্ন হয়। পরে শীত ঋতুতে শিশির জলে ভিজিলে উহা হইতে এক প্রকার রস বা নির্য্যাস নির্গত হয়, তাহারই নাম গুগ্‌গুলু। ইহা বিশেষ পরীক্ষা করিয়া গ্রহণ করিতে হয়। যাহা আগুনে দিলে জ্বলিয়া উঠে, সূর্য্য উত্তাপে বিলীন হইয়া যায় এবং ঈষদুষ্ণ জলে নিঃক্ষেপ করিলে জলের ন্যায় ক্লেদযুক্ত হয়, তাহাই গ্রহণ করা উচিত। পুরাতন, অঙ্গারবর্ণ, গন্ধহীন বা বিবর্ণ হইলে গ্রহণ করিবে না। (প্রয়োগামৃত) তিন মাস পর্য্যন্ত ইহা পূর্ণবীর্য্য থাকে; তৎপরেই গুণ ও বীর্য্য কমিয়া যায়।

ইহার শোধনপ্রণালী—গুগ্‌গুলু খণ্ড খণ্ড করিয়া গুড়ুচী, ত্রিফলার ক্বাথ ও দুগ্ধের সহিত পাক করিলে শুদ্ধ হয়। শোধিত গুগ্‌গুলুই ব্যবহার করা উচিত। (রসচন্দ্রিকা) ঈষদুষ্ণ দশমূলের ক্বাথে গুগ্‌গুলু নিঃক্ষেপ করিয়া আলোড়ন করিবে। তৎপরে সরু কাপড়ে ছাঁকিয়া রৌদ্রে শুকাইয়া ঘৃত মিশাইবে। এইরূপ করিলে গুগ্‌গুলু শুদ্ধ হয়। (বৈদ্যক)

এই বৃক্ষ ভারতবর্ষে ও আফ্রিকার স্থানে স্থানে জন্মিয়া থাকে। ইহার নির্য্যাসকে চলিত ইংরাজীতে Bdellium বলে। ইহা দেখিতে কতকটা রজনের মত, আটা জমিয়া গোলাল ভাব ধারণ করে। কোন স্থানের গুগ্‌গুল জরদাভ, কোথাও বা ঘোর লাল রঙ্গের হয়। ইহাতে কতক সুমিষ্ট গন্ধও পাওয়া যায়। সুরাসারে ডুবাইলে ইহা একেবারে অস্বচ্ছ হইয়া পড়ে, নতুবা এই দ্রব্য অল্প স্বচ্ছ বলা যাইতে পারে। ইংরাজী মতে ইহার গুণ—তার্পিণতৈলের ন্যায় উত্তেজক, খাইলে শ্লৈষ্মিকঝিল্লী বিশেষতঃ ফস্‌ফুসে ইহার কার্য্য হইয়া থাকে। কঠিন কফরোগ, বহুকালস্থায়ী হৃদ্‌রোগ, জলবৎ শ্লেষ্মস্রাবরোগ ও কণ্ঠনলৌষরোগে খাইলে বা ইহার ধূমের নাস লইলে বিশেষ উপকার দর্শে। কঠিন ব্রণরোগ, ক্ষত ও

স্ফোটকাদির পক্ষেও ইহা তেজস্কর ঔষধ। ১৫ গ্রেণ হইতে দুই ড্রাম মাত্রায় ইহা সেবন করান যাইতে পারে।

গুগ্‌গুলুক (ত্রি) গুগ্‌গুলুং পণ্যমস্য, গুগ্‌গুলু-ঠন্ (কিসরাদিভ্যঃ ঠন্। পা ৪।৪।৫৩) গুগ্‌গুলুবিক্রেতা, যাহারা গুগ্‌গুলু বিক্রয় করে। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়।

গুগ্‌গুলুগন্ধি (পুং স্ত্রী) গুগ্‌গুলুর্গন্ধো লেশো যস্য বহুব্রী, সমাসে ইৎ। ১ গো, গোরু।

"গাবো গুগ্‌গুলুগন্ধয়ঃ" (প্রায়শ্চিত্ততত্ত্বে যম)

অগ্নিপুরাণে লিখিত আছে যে গোমূত্র হইতে সকলের হিতকর গুগ্‌গুলু উৎপন্ন হয় (১)। বোধ হয় এই কারণেই প্রাচীন সংহিতাকার যম গুগ্‌গুলুগন্ধিশব্দে গোরুর উল্লেখ করিয়া থাকিবেন।

(ত্রি) গুগ্‌গুলোর্গন্ধইব গন্ধোঽস্য বহুব্রী বা ইৎ। ২ গুগ্‌গুলুর ন্যায় গন্ধযুক্ত।

গুঙ্গু (পুং) [বহু] বেদপ্রসিদ্ধ একটী জনপদ।

"অহং গুঙ্গুভ্যোঽতিথিগ্বমিষ্করমিষং।
ন বৃত্রতুরং বিক্ষুধারয়ং।' (ঋক্ ১০।৪৮।৮)

'গুঙ্গুভ্য এতন্নামকেভ্যো জনপদেভ্যঃ' (সায়ণ।)

গুঙ্গুমেরু, জনপদবিশেষ। ঐ স্থানে ৮১৬ খৃষ্টাব্দের কিছু পরে ভোটরাজ রল্‌পাচণের (ইহার চীন নাম কোলিকোৎসু) সহিত চীনরাজের সন্ধি হইয়াছিল। পরে উভয়ের মৈত্রতা-নিবন্ধন এই স্থানে একটী মন্দির নির্ম্মিত হয়, ঐ মন্দির-সংলগ্ন একখানি প্রস্তরখণ্ডে চন্দ্র ও সূর্য্যের প্রতিমূর্ত্তি খুদিয়া তন্নিম্নে লিখিত আছে যে, যতদিন জগতে চন্দ্র সূর্য্য উভয়ে ভ্রমণ করিবেন, ততদিন এই উভয় জাতির মধ্যে সখ্যভাব থাকিবে। এক্ষণে ঐ শিলাফলকের কতকাংশ উঠিয়া গিয়াছে। সম্ভবতঃ এই স্থানই বেদোক্ত গুঙ্গু জনপদ বলিয়া অনুমিত হয়।

গুঙ্গূ (স্ত্রী) [বৈ] গুঙ্গু-উঞ্। কুহূতিথি। "যা গুঙ্গূর্য্যাসিনীবালী যা রাকা যা সরস্বতী।" (ঋক্ ২।৩২।৮) 'অত্রগুঙ্গূশব্দেন রাকাসিনীবাল্যোঃ সাহচর্য্যাৎ কুহূরুচ্যতে।' (সায়ণ।)

গুচি (গুচ্ছ শব্দজ) গুচ্ছ, স্তর।

গুচ্চার (গুচ্ছ শব্দজ) কতকগুলি, তৃণাদির আটি। স্থান-বিশেষে গুচ্চিরও বলিয়া থাকে।

গুচ্ছ (পুং) গু-ক্বিপ্ গুৎ শব্দবিশেষঃ তং শ্রুতি তনূকরোতি নিবারয়তি গুৎ-শো-ক। ১ স্তবক, কলিকাকুসুম প্রভৃতির সমূহ, চলিত কথায় থলুয়া বলে।

"অক্ষ্ণোর্নিক্ষিপদঞ্জনং শ্রবণয়োস্তাপিঞ্জ-গুচ্ছাবলীম্।"
(গীতগোবিন্দ ১১।১১)

২ স্তম্ব, তৃণাদির গোছা। ৩ উদ্ভিদ্ বিশেষ, যে সকল উদ্ভিদ্ কাণ্ডহীন, মূল হইতেই লতাসমূহ বা শাখা জন্মে, তাহাদিগকে গুচ্ছ বলে; মল্লিকাদি।

"গুচ্ছগুল্মন্তু ত্রিবিধং তথৈব তৃণজাতয়ঃ।" (মনু ১।৪৮)
'মূলতএব যত্র লতাসমূহো ভবতি ন চ প্রকাণ্ডানি তে গুচ্ছা মল্লিকাদয়ঃ।' (কুল্লূক)

মনুর মতে ঘোরতর পাপে গুচ্ছ জন্ম হইয়া থাকে, ইহাদের বাহিরে চেতনা শক্তির কোন কার্য্য লক্ষিত না হইলেও আভ্যন্তরীণ চেতনা আছে এবং অপর প্রাণীর ন্যায় সুখ দুঃখ অনুভব করিবার যোগ্যতাও আছে, কিন্তু তমোগুণের বাহুল্য প্রযুক্ত প্রায় অনুভব করিতে পারে না। (মনু ১।৪৮-৪৯)

৪ হারবিশেষ। যে হারে বত্রিশটী যষ্টি বা নর (ছড়া) থাকে, তাহাকে গুচ্ছ বলে। ৫ ময়ূরপুচ্ছ, কলাপ। ৬ গুচ্ছ করঞ্জ। (মেদিনী)। * । রাজনির্ঘণ্টের মতে স্তবক বুঝাইতে গুচ্ছশব্দ স্ত্রী ও পুংলিঙ্গ হইয়া থাকে।

গুচ্ছক (ক্লী) গুচ্ছ সংজ্ঞায়াং কন্। ১ গ্রন্থিপর্ণ, গেঁটেলা। (ভাবপ্রকাশ) (পুং) গুচ্ছ-স্বার্থে কন্। ২ স্তবক। পর্য্যায়—গুলঞ্চ, স্তম্ব, কুসুমোচ্চয়, গুচ্ছ, গুৎস, গুৎসক, রীঠাকরঞ্জ। স্বার্থে কন্ করিয়া যে গুচ্ছক শব্দ নিষ্পন্ন হয় তাহার অর্থ গুচ্ছ-শব্দের সমান। ৩ একপ্রকার বৃক্ষ, বাঙ্গালায় ইহাকে নাটাকরঞ্জ বলিয়া থাকে। ইহার বীজ দেখিতে কতক ডিম্বের মত, ব্যাস প্রায় ½ হইতে ¾ ইঞ্চ পর্য্যন্ত হইয়া থাকে। বীজ দৃঢ়, মসৃণ ও বর্ণ সীসার মত, ইহার চারিদিকে ছাল পড়ে। ইহার গুণ বলকারক ও পালাজ্বরনিবারক। সবিরাম জ্বরে ও দৌর্ব্বল্যরোগে ইহা বলকারক। প্রত্যহ ১০ হইতে ১৫ গ্রেণ মাত্রায় দুইবার সেবন করান যাইতে পারে। এই বীজের শাঁস গুঁড়া করিয়া এক আউন্স ও কালমরিচ গুঁড়া এক আউন্স একত্র মিশাইয়া ১৫ হইতে ৩০ গ্রেণ পর্য্যন্ত দিনে তিনবার প্রয়োজ্য। পঞ্জাববাসীরা ইহাতে হিঙ্গু মিশাইয়া খাইয়া থাকে। এই ফল আস্ত রাখিলে বীজের গুণ দীর্ঘকালস্থায়ী হয়। কিন্তু ভাঙ্গিয়া রাখিলে ৪।৫ দিন মাত্র থাকে। চট্টগ্রামের লোকেরা মরিচ মিশাইয়া ইহার টাট্‌কা বড়ি প্রস্তুত করিয়া খায়। ডাক্তার এন্‌সলি সাহেবের মতে ইহার তৈলে আক্ষেপ ও পক্ষাঘাত-রোগ আরোগ্য হয়।

গুচ্ছকণিশ (পুং) গুচ্ছবৎ কণিশঃ বহুব্রী। ধান্যবিশেষ, রাগী-ধান। (রাজনি॰)

(১) "গোরচনা যা মঙ্গল্যা সংজাতা সর্ব্বকামিকা।
গুগ্‌গুলুস্তু ততো জাতো গোমূত্রাচ্ছুভদর্শনঃ॥" (অগ্নিপুরাণ)

গুচ্ছকরঞ্জ (পুং) গুচ্ছাকারঃ করঞ্জঃ। একপ্রকার করঞ্জ। ইহার পত্রগুলি অতিশয় স্নিগ্ধ, পুষ্প গুচ্ছাকার, দেখিতে বড়ই মনোহর। পর্য্যায়—স্নিগ্ধদল, গুচ্ছপুষ্পক, নন্দী, গুচ্ছী, সানন্দ, দন্তধাবন। ইহার গুণ—কটু, তিক্ত, উষ্ণ, বিষ, বাতরোগ, কণ্ডূ, বিচর্চ্চিকা, কুষ্ঠ স্পর্শ এবং ত্বক্ দোষনাশক। (রাজনি°)

ইহার শাখা দন্তধাবনের জন্য ব্যবহৃত হয়। অনেকে কামিনীপুষ্প বৃক্ষকে প্রাচীন বৈদ্যশাস্ত্রবর্ণিত গুচ্ছকরঞ্জ বলিয়া অনুমান করেন। আবার কেহ কেহ আশ্‌সাওড়া বা আছুটী বৃক্ষকেও গুচ্ছকরঞ্জ বলিয়া থাকেন।

গুচ্ছদন্তিকা (স্ত্রী) গুচ্ছা গুচ্ছীভূতা দন্তাঃ ফলরূপা যস্যাঃ বহুব্রী, গুচ্ছদন্ত-কপ্-টাপ্ অত ইত্বঞ্চ। কদলী। (রাজনি°) ইহার ফল গুচ্ছাকারে থাকে বলিয়া ইহাকে গুচ্ছদন্তিকা বলে।

গুচ্ছপত্র (পুং) গুচ্ছাকৃতীনি পত্রাণি যস্য বহুব্রী। তালবৃক্ষ। (রাজনি°)

গুচ্ছপুষ্প (পুং) গুচ্ছাকৃতানি পুষ্পাণি যস্য বহুব্রী। ১ সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিন গাছ। (রাজনি°) ২ অশোকবৃক্ষ।

"হেমপুষ্পস্ত্বশোকশ্চ গুচ্ছপুষ্পোঽঙ্গনাপ্রিয়ঃ।" (বৈদ্যকর°)

গুচ্ছপুষ্পক (পুং) গুচ্ছপুষ্প সংজ্ঞায়াং কন্। রীঠাকরঞ্জ। ২ গুচ্ছকরঞ্জ। (রাজনি°)

গুচ্ছপুষ্পী (স্ত্রী) গুচ্ছপুষ্প জাতৌ ঙীষ্। ১ ধাতকী বৃক্ষ। ২ শিমূড়ী বৃক্ষ, ক্ষুপবিশেষ। (রাজনি°)

গুচ্ছফল (পুং) গুচ্ছাকৃতানি ফলান্যস্য বহুব্রী। ১ রীঠাকরঞ্জ। ২ রাজাদনী। ৩ কতক, নির্ম্মলী ফল। ৪ গুচ্ছকরঞ্জ বৃক্ষ।

গুচ্ছফলা (স্ত্রী) গুচ্ছফল-টাপ্। ১ অগ্নিদমনীবৃক্ষ। ২ কাকমাচী, গুড়কামাই। ৩ দ্রাক্ষা। ৪ কদলী। (রাজনি°)

গুচ্ছবল্লী (স্ত্রী) গুচ্ছেন বধ্যতে বন্ধ বাহুলকাৎ রক্ টাপ্। অতইত্বং। গুণ্ডাসিনী তৃণ, চিপিটা লতা। (রাজনি°)

গুচ্ছমূলিকা (স্ত্রী) গুচ্ছাকৃতিঃ মূলমস্যাঃ বহুব্রী কপ্ টাপ্ অত ইত্বং। গুণ্ডাসিনী তৃণ, চিপিটালতা। (রাজনি°)

গুচ্ছার্দ্ধ (পুং) গুচ্ছইব ঋধ্নোতি ঋধ-অচ্। ১ চতুর্বিংশতি যষ্টিকহার। (পুং ক্লী) গুচ্ছস্য অর্দ্ধং অর্দ্ধো বা ৬তৎ। ২ গুচ্ছের অর্দ্ধ। (অমর)

গুচ্ছাল (পুং) গুচ্ছমালাতি গুচ্ছ-আ-লা-ক। ভূ তৃণ, গন্ধখড়।

গুচ্ছাহ্বকন্দ (পুং) গুচ্ছমাহ্বয়তি গুচ্ছ-আ-হ্ব-ক। গুচ্ছাহ্বঃ কন্দোঽস্য বহুব্রী। গুলঞ্চকন্দ, চলিত কথায় কুলী বলে।

গুচ্ছিতকর্ণকূপক, যাহাদের কর্ণকূপের শলাকাগুলি গুচ্ছে গুচ্ছে বিস্তৃত হয়।

গুচ্ছি (গুচ্ছশব্দজ) গুচ্ছসমূহ।

গুচ্ছী (স্ত্রী) গুচ্ছ জাতৌ ঙীষ্। গুচ্ছকরঞ্জ। (রাজনি°)

গুজর, উত্তরপশ্চিমাঞ্চলবাসী জাতিবিশেষ। ইহারা পূর্ব্বে চৌর্য্যবৃত্তি করিয়া জীবিকানির্ব্বাহ করিত, এক্ষণে সকলেই শান্তভাবে কায়িক পরিশ্রম দ্বারা জীবিকা নির্ব্বাহ করিতেছে।

ইহাদের উৎপত্তি সম্বন্ধে অনেকেই অনেক কথা বলিয়া থাকেন। কেহ বলেন যে, গুজরদেশ অথবা পঞ্জাব প্রদেশের গুজরান্‌বালা বা গুজরাট নামক স্থান হইতেই এই জাতির নাম হইয়াছে। নাগপুরের গুজরেরা আপনাদিগকে রাজপুত ও শ্রীরামচন্দ্রের পুত্র রাজা লবের বংশধর বলিয়া পরিচয় দেয়। কিন্তু উত্তরপশ্চিমাঞ্চলের লোকেরা আপনাদিগকে এতদূর উচ্চশ্রেণী মনে করে না। তাহারা বলে যে, রাজপুত পিতার ঔরসে ও কোন নীচকুলোদ্ভবা কন্যার গর্ভে এই জাতির উৎপত্তি। পাণিপথের রাবল গুজরেরা আপনাদিগকে খোখর (ছোকর) রাজপুতের বংশধর বলিয়া অনুমান করে।

বর্ত্তমান সময়ে দিল্লীর নিকটবর্ত্তী স্থানসমূহে, উত্তর দোআব ও উত্তর রোহিলখণ্ডে এই জাতির সংখ্যা অধিক। ইহাদের মধ্যে ৮৪টী ভিন্ন শ্রেণী আছে। *দিল্লীতে এই জাতির চমায়িন, খতান, খরে, বর্সোই, ছোকর ও রাবল; দোয়াবে—সুকল, বৈশালী, মাবী, রাঠী, ভট্টি, কসৌনি, বলেসর, দেডে, জিন্ধর, পীলবন্, বতর, অধনা, চেচি, কলসীয়ান্, রামায়ণ, নগরী, ছোটকলা, বড়কান, কসনা, রৌসা, খুবর, মুন্দন, কদাহন, তোহর, গোর্‌সী ও কনানা; রোহিলখণ্ডে—বতার, খুবর, খরে, জতলী, মোতলা, সুরাদনা, পূর্ব্বর, জিন্ধর, মহৈন্সী, কস্‌লে প্রভৃতি কয়েকটী শ্রেণীই প্রধান। ইহারা নিজ অবস্থাপন্ন বর বা কন্যা দেখিয়া পুত্রকন্যার বিবাহ দিয়া থাকে। পিতৃগোত্রে, মাতুলগোত্রে এবং পিতামহী ও মাতামহীর গোত্রে ইহাদের বিবাহ হয় না। দিল্লীর নিকটস্থ লোনী হইতে কস্‌না নামক স্থানে ভট্টি গুজরের বাস। এই জন্য ঐ স্থানের নাম ভট্টনর হইয়াছে।

পাণিপথের মুসলমান গুজরেরা "থওহর" নামে অভিহিত। তাহারা বলে রাজপুত ও আহীর জাতি হইতে তাহাদের জন্ম। কানিংহাম সাহেব ইহাদিগকে চীন, গ্রীক ও মুসলমান ঐতিহাসিক কথিত তোয়ারি, কুশান বা কিউস্বয়াঙ্গ জাতি (তাতার জাতি) বলিয়া অনুমান করেন। তিনি আরও বলেন, এই জাতি হইতেই গুর্জ্জররাষ্ট্র ও খোরাসান এই দুই দেশের নাম হইয়াছে।

ঐ অনুমান কতদূর সত্য তাহা বলা যায় না। কিন্তু

* কচ্ছ, হাজারা, স্বাত, যুসুফজৈ, মহাবল ও বনের নামক স্থানসমূহে মুসলমান গুজর জাতির বাস। ইহারা গুর্জর দেশ হইতে উজীরাবাদ হইয়া আসিয়াছে। ইহারা অন্যান্য জাতির সহিত দান গ্রহণ করে না।

ইহাদের আবয়বিক গঠন দেখিলে জাটদিগের সহিত তুলনা করা যাইতে পারে। এই জাতি হইতেই গুজরাট নগর ও দেশের নাম হইয়াছে। ১৩০৩ খৃষ্টাব্দে প্রাচীন গুর্জরনগর ধ্বংস হয়, পরে ১৫৪৪ খৃষ্টাব্দে সম্রাট্ অকবর শাহের রাজত্ব সময়ে গুজরেরা এই নগর পুনরায় নির্ম্মাণ করে। সম্ভবতঃ এই গুর্জর নগর হইতেই সমগ্র গুর্জর প্রদেশের নাম হইয়াছে।

শোলাপুরের গুজরেরা অনেকেই গুজরাটী জৈন শ্রাবক-বংশীয়। প্রায় শত বৎসর গত হইল, ইহারা গুর্জর হইতে আসিয়া এ দেশে বাস করিতেছে। টাকা কড়ি ধার দেওয়াই ইহাদের ব্যবসা। লিঙ্গায়ত জঙ্গমদিগের মত ইহারা একটী লৌহের তেপায়ায় পাত্র রাখিয়া ভোজন করে। ইহাদের মধ্যে স্বগোত্রে বিবাহ হয় ও এই উপলক্ষে বহু অর্থ ব্যয় হইয়া থাকে। ইহারা বড় দানশীল। শোলাপুরে পার্শ্বনাথের দুইটী ও অন্যান্য কতকগুলি বড় জৈনমন্দির ইহাদের দ্বারাই নির্ম্মিত।

ইহাদের মধ্যে স্বজাতিভোজ অতি বিরল; কেহ মরিলে তাহার শ্রাদ্ধে কেবলমাত্র একটী ভোজ হইয়া থাকে।

গুজর খাঁ, রাবলপিণ্ডি জেলার দক্ষিণপশ্চিমে, মুরি পাহাড়ের ২০ মাইল দক্ষিণে একটী তহসীল। অক্ষা° ৩৩° ৪´ হইতে ৩৩° ২৬´ উঃ ও দ্রাঘি° ৭২° ৫৯´ হইতে ৭৩° ৩৯´ ৩০´´ পূঃ মধ্যে অবস্থিত। ভূপরিমাণ ৫৬৫ বর্গমাইল। এখানকার বিচার বিভাগে একজন তহসীলদার ও একজন মুনসেফ্ আছে।

গুজরৎ (পারসী) দ্বারা, হস্ত দ্বারা।

গুজরৎখোদ (পারসী) কোন ব্যক্তির নিজের দ্বারা।

গুজরসিংহ, একজন শিখ যোদ্ধা। ইনি ভঙ্গি জাতির সর্দ্দার ছিলেন। ১৭৬৩ খৃষ্টাব্দে ভঙ্গিরা জাতীয় একতাসূত্রে আবদ্ধ হইলে, গুজরসিংহ ভঙ্গিসৈন্য সঙ্গে লইয়া ফিরোজপুর আক্রমণ ও জয় করেন। পরে এই স্থানে দুর্গ সংস্কার ও শতদ্রুতীর পর্য্যন্ত নিজ রাজ্য বিস্তার করেন। ১৭৬৫ খৃষ্টাব্দে সর্দ্দার গুজর লাহোর হইতে গক্করবাজ মুকারব খাঁর বিরুদ্ধে যাত্রা করেন এবং তাঁহাকে পরাজিত করিয়া গুজরাটের বহির্দ্দেশে তাড়াইয়া দেন। মুকারব বিতস্তার পরপারে পলাইয়া যান, তথায় স্বজাতি কর্ত্তৃক নিহত হন। এই সময়ে গুজরসিংহ যাইয়া তাহাদের বিনাশ করেন ও রাজ্য অধিকার করিয়া লন।

গুজরাট্, পঞ্জাবপ্রদেশের অন্তর্গত একটী জেলা। অক্ষা° ৩২° ১´ হইতে ৩৩° উঃ ও দ্রাঘি° ৭৩° ২০´ হইতে ৭৪° ৩৩´ পূঃ। রাবলপিণ্ডি জেলার পূর্ব্বপ্রান্তে অবস্থিত। ইহার উত্তরপূর্ব্ব সীমা কাশ্মীর রাজ্য, উত্তরপশ্চিমে বিতস্তা নদী, পশ্চিমে শাহপুর জেলা, দক্ষিণপূর্ব্বে তাবি ও চন্দ্রভাগা নদী প্রবাহিত। ভূপরিমাণ ১৯৭৩ বর্গমাইল। গুজরাট নগরে ইহার সদর, উহা চন্দ্রভাগ নদীর তট হইতে প্রায় ৪ মাইল দূরে অবস্থিত।

চন্দ্রভাগা নদীর উপকূল হইতে জমি ক্রমশঃই জেলার ভিতর দিকে উচ্চ হইয়া উঠিয়াছে। এই উচ্চতানিবন্ধন ভূ-পৃষ্ঠ হইতে জল অনেক নিম্নে এবং জমি বালুপাথরে আবৃত থাকে। এই জন্য ভূমিও তেমন উর্ব্বরা নহে, যেন জল ও বৃক্ষাদি বিহীন মরুর আকার ধারণ করিয়া আছে। পর্ব্বি নামক গিরিশ্রেণী গুজরাটের উত্তরকোণ হইতে বিস্তৃত হইয়া ভীমবর নগরের ৫ মাইল দক্ষিণ পর্য্যন্ত আসিয়া পুনরায় দক্ষিণপশ্চিম অভিমুখে গিয়া বিতস্তা নদীর তীর পর্য্যন্ত আসিয়াছে। পরে ঐ নদীতট হইতে উত্তরদিকে সল্ট্ পাহাড়ে আসিয়া মিশিয়াছে। এই পাহাড়ের সর্ব্বোচ্চস্থানটী সমুদ্র-পৃষ্ঠ হইতে ১৪০০ ফিট উচ্চ হইবে। পর্ব্বি পাহাড়ের নিম্ন হইতে অধিত্যকা কোথাও উচ্চ, কোথাও নিম্ন, ক্রমাগত দো-আবের পূর্ব্বদিকে আসিয়া শেষে সমতলক্ষেত্র হইতে প্রায় ২০০ ফিট উচ্চ হইয়াছে। ঐ স্থানে দাঁড়াইয়া চন্দ্রভাগা ও তাবি নদীর সঙ্গম দৃষ্ট হয়।

কেবল এখানকার ছোট ছোট গুল্মাদিপূর্ণ স্থানে গো-মহিষাদির খাদ্য সংস্থান হয়। জেলার পশ্চিমাংশে যতই অগ্রসর হওয়া যায়, মরুময় দৃশ্য ততই নয়নপথে পতিত হয়। যে জমি বিশেষ উর্ব্বরা, তাহারও মাটির ৬০ ফিটের নিম্নে জল। চন্দ্রভাগা নদীর নিম্নতর তীর-ভূমি বেশ উর্ব্বরা, পার্ব্বতীয় জলস্রোত হইতে খাল কাটিয়া উচ্চ ভূমি হইতে জল আনা হইয়াছে। ঐ স্রোত পলিময় ভূমিতে পড়িয়া বিস্তীর্ণ হইয়াছে। স্থানীয় ক্ষেত্রসমূহে এই খাল হইতেই জল সরবরাহ হইয়া থাকে। এই খালের মুখে প্রায় ২½ মাইল জমি বন্যায় ডুবিয়া যায়। এই কারণে এখানে বেশ শস্য জন্মে। কিন্তু বিতস্তানদীর তীরবর্ত্তী জমি তেমন উর্ব্বরা নহে। চন্দ্রভাগা বিতস্তা ব্যতীত হিমালয় ও পর্ব্বি পর্ব্বত হইতে ভীমবর, ভন্দর, দল্লী, দবুলি, দোয়ারা ও বাকল নামক ক্ষুদ্র ক্ষুদ্র নদী বাহির হইয়া এই জেলার মধ্য দিয়া প্রবাহিত হইয়াছে। শীতকালে ইহাতে অল্পমাত্রই জল থাকে, কিন্তু বর্ষাকালে ভয়ানক আকার ধারণ করে। এখানে বনবিভাগে বাহাদুরী কাষ্ঠ জন্মে।

এই জেলায় প্রত্নতত্ত্বের বহুল নিদর্শন পাওয়া যায় ও প্রাচীন স্তূপাদি, তদ্দেশে প্রাপ্ত মুদ্রা ও প্রাচীন ইষ্টকাদি দেখিলেই অনুমান হয় যে অনেক পূর্ব্বে এই স্থানে হিন্দুদিগের বাস ছিল এবং অদ্যাপিও সেই প্রাচীনতম হিন্দুদিগের গৃহ-মন্দিরাদি প্রভৃতি শিল্পনৈপুণ্যের পরিচয় প্রদান করিতেছে।

কানিংহাম সাহেব 'মোগ' বা মোঙ্গ নামক গ্রামের স্তূপগুলির মধ্যে একটী বিকৃতাকার স্তূপ দেখিয়া স্থির করিয়াছেন যে উহা আলেক্‌জাণ্ডার স্থাপিত 'নিকীয়া' নগর। আলেক্‌জাণ্ডার পুরুরাজকে জয় করিয়া নিজ কীর্ত্তি ঘোষণার জন্য ঐ নগর স্থাপন করেন। ঐ বিকৃতাকার স্তূপটী পর্ব্বিপাহাড়ের ৬ মাইল পশ্চিমে অবস্থিত। ইহা উচ্চে ৫০ ফিট এবং দৈর্ঘ্যে ৬০০ ও প্রস্থে ৪০০ ফিট। ঐ সকল স্তূপের মধ্য হইতে ভারতবর্ষের শক রাজগণের অনেক তাম্রমুদ্রা পাওয়া গিয়াছে। সম্রাট্ অকবর শাহের রাজত্বসময়ে গুজরাট নগর স্থাপিত হয়। এখানে জাট ও গুজর জাতির বাস অধিক।

দিল্লীর সম্রাট্‌গণের মধ্যে সর্ব্বপ্রথমে বহ্‌লোললোদী (খৃঃ ১৪৫০-৪৪) এই জেলায় আসিয়া বাস করেন এবং তিনিই চন্দ্রভাগা নদীতীরে বর্ত্তমান গুজরাটের ২৩ মাইল উত্তরপূর্ব্বে বহ্‌লোলপুর নগর স্থাপন করেন। ইহার এক শতাব্দী পরে অকবর এই জেলা দেখিতে আসিয়া গুজরাট নগর স্থাপন করেন। অদ্যাপি ঐ নগরে পুরুষানুক্রমে 'কানুগোর' পরিবারের মধ্যে অকবরের রাজ্যশাসনসংক্রান্ত নথিপত্র দেখা যায়। ঐ সকল কাগজ পত্রে লিখিত আছে যে অকবরের সময়ে এই প্রদেশে ২৫৯২ খানি গ্রাম বা মৌজা ও ইহার রাজস্ব ১৬৩৪৫৫০৲ টাকা ছিল। মোগলসৌভাগ্যের অবনতিকালে রাবলপিণ্ডির গক্করেরা ১৭৪১ খৃষ্টাব্দে এই প্রদেশ অধিকার করে। আহ্মদশাহ দুরাণির ভারত আক্রমণকালে যাতায়াতের কারণ এই স্থান বিশেষ উত্যক্ত হইয়াছিল। ১৭৬৫ খৃষ্টাব্দে ভঙ্গিসর্দ্দার গুজরসিংহ গক্কররাজ মুকারব খাঁকে পরাস্ত করিয়া গুজরাট অধিকার করেন। ১৭৮৮ খৃষ্টাব্দে গুজরের মৃত্যু হইলে তদীয় পুত্র সাহেবসিংহ পিতৃসিংহাসনে অধিষ্ঠিত হন। রাজ্যভার প্রাপ্ত হইয়াই গুজরান্‌বালার সামন্ত মাহনসিংহ ও রণজিৎ সিংহের সহিত তাঁহার যুদ্ধ বাঁধে। ক্রমাগত কয়েক মাস যুদ্ধের পর ১৭৯৮ খৃষ্টাব্দে গুজরাটরাজ রণজিতের অধীনতা স্বীকার করেন। ১৮১০ খৃষ্টাব্দ পর্য্যন্ত সাহেবসিংহ স্বরাজ্যে প্রতিষ্ঠিত ছিলেন, পরে শিখসম্রাট্ রণজিৎ তাঁহাকে রাজ্যচ্যুত করিলে সাহেব নির্ব্বিবাদে পার্ব্বত্যপ্রদেশে পলায়ন করেন। শেষে রণজিতের বদান্যতায় তিনি শিয়ালকোট জেলার কতকাংশ জমিদারী সত্বে প্রাপ্ত হন।

১৮৪৬ খৃষ্টাব্দে এই জেলা বৃটীশ অধীন হয়। ঐ সময়ে লাহোরের প্রাদেশিক গবর্মেণ্ট কর্ত্তৃক ভূমির কর নির্দ্ধারিত হয়। ইহার দুই বর্ষ পরে দ্বিতীয় শিখযুদ্ধের সময় এই জেলা রণক্ষেত্ররূপে পরিণত হইয়াছিল। মূলতান অবরোধ সময়ে শিখসর্দ্দার শেরসিংহ নিজ সৈন্য চন্দ্রভাগা নদীর উত্তর কূলে রাখিয়া রামনগরে লর্ড গাফের আগমন প্রতীক্ষা করিতেছিলেন। লর্ড গাফ ১৮৪৮ খৃষ্টাব্দের ২২শে নবেম্বর, শেরসিংহ কর্ত্তৃক পরাজিত ও বিশেষ ক্ষতি গ্রস্ত হইয়া পলায়ন করেন। পরে সৈন্যাধ্যক্ষ সার জোসেফ থ্যাক্‌ওয়েল উজীরাবাদের নিকট নদীপার হইয়া শেরসিংহকে আক্রমণ ও সাহুল্লাপুরে তাঁহাকে পরাস্ত করেন। শেরসিংহ পলাইয়া পর্ব্বি ও বিতস্তানদী মধ্যবর্ত্তী স্থানে আত্মরক্ষা করিতে লাগিলেন। এই সময়ে ১৮৪৯ খৃষ্টাব্দে ১৩ই জানুয়ারি, চিলিয়ানবালার যুদ্ধ ঘটে। এই যুদ্ধে শিখইতিহাসের সৌভাগ্য ও গৌরবরবি প্রকাশিত হয় এবং ইংরাজেরা পরাজিত ও বিশিষ্টরূপে ক্ষতিগ্রস্ত হন।

এখানে শিখ, ব্রাহ্মণ ও ক্ষত্রি জাতির সংখ্যা অধিক। এ ছাড়া রাজপুত, জাট, অরোরা, জোলা, গুজর, তরখাঁ ও সৈয়দ মুসলমানের বাস আছে। এখানে অনেক ইস্‌লাম্‌-ধর্ম্মাবলম্বী রাজপুত আছেন, তন্মধ্যে সূর্‌সাদি রাজবংশই প্রধান। অরঙ্গজেবের সময় সূর্‌সাদিরাজ ইস্‌লাম্ ধর্ম্ম গ্রহণ করেন। এখানকার রাজপুতের মধ্যে ৭টী শ্রেণী আছে। ইঁহারা অপর জাতি হইতে কন্যা গ্রহণ করেন বটে, কিন্তু সৈয়দ ভিন্ন অপর কাহাকেও স্ব স্ব কন্যা প্রদান করেন না। শিখরাজ রণজিতের বাহুবলে এই জাতি চিরদিনের মত পরাধীন ও হীন হইয়া পড়ে। এখানকার সৈয়দেরা বলে যে আরব হইতে আসিয়া তাহারা প্রথমে এই জেলায় বাস করে, তৎপরে নানাস্থানে বিস্তৃত হইয়াছে।

এখানে শিখুদিগের বড়পীর নামক শ্রেণীর বাস, তাহারা আপনাদিগকে রাজপুত সন্তান বলিয়া পরিচয় দেয়।

এই জেলায় চারিটী প্রধান নগর—গুজরাট, জালালপুর, কুঞ্জা ও দিঙ্গা।

রবি শস্যের মধ্যে গম ও খরীফের মধ্যে জোয়ার ও বাজরা বেশ জন্মে। যব, ছোলা, কলাই, ধান, তুলা, সরিষা ও ইক্ষু মন্দ জন্মে না।

জেলার মধ্যে খাল নাই, কেবল ইঁদারার জলে সকল কার্য্য সম্পন্ন হয়।

এখানকার জলবায়ু বেশ স্বাস্থ্যকর। কেবল পূর্ব্বাংশে মধ্যে মধ্যে পাণিবসন্ত দেখা দেয়। এখানকার গড়পড়্‌তা জলপাত ১১° ৯ হইতে ২৫° ৯০ ইঞ্চের অধিক হয় না। রাজস্ব প্রায় সাত লক্ষ টাকা।

২ উক্ত জেলার একটী তহসীল। পরিমাণ ৫৫৪ বর্গমাইল।

৩ উক্ত জেলার প্রধান নগর ও সদর। চন্দ্রভাগা নদীর

বর্ত্তমান গর্ভ হইতে আড়াই ক্রোশ উত্তরে অবস্থিত। অক্ষাং ৩২° ৩৫´ উঃ, দ্রাঘি° ৭৪° ৭´ পূঃ। লোকসংখ্যা ১৮০৫০, তন্মধ্যে ১২৮২৪ মুসলমান, ৪৭০৩ হিন্দু ও ৪৫২ জন শিখ।

ধ্বংসাবশেষ প্রাচীন নগরের উপর বর্ত্তমান নগর অবস্থিত। প্রত্নতত্ত্ববিৎ কানিংহাম্ সাহেব অনুমান করেন যে এখানে যে প্রাচীন নগর ছিল, তাহা ১৩০৩ খৃষ্টাব্দে বিধ্বস্ত হয়। তাহার প্রায় ২০০ বর্ষ পরে শেরশাহ এই অঞ্চলের দিকে দৃষ্টিপাত করেন। তিনি অথবা অকবর বাদশাহ এই বর্ত্তমান নগর স্থাপন করিয়া থাকিবেন। শাহজহানের সময় এখানে পীরশাহ দৌলা নামে একজন সাধু থাকিতেন। তিনি এই নগরে অনেক গৃহ নির্ম্মাণ করিয়া গিয়াছেন। রাবলপিণ্ডির গক্করনায়ক মুকারব খাঁ ২৫ বর্ষকাল গুজরাটে আধিপত্য করিয়াছিলেন, শেষে ১৭৫৬ খৃষ্টাব্দে সর্দ্দার গুজরসিংহ তাঁহাকে পরাজয় করিয়া এই স্থান অধিকার করেন। নগরের মধ্য-স্থলে অকবরের নির্ম্মিত ও গুজরসিংহ কর্ত্তৃক সংস্কৃত দুর্গ এখনও রহিয়াছে। এই দুর্গের মধ্যে তহসীল ও মুন্সফের কাছারী। এ ছাড়া ৬৯টী মস্‌জিদ্, ৫২টী হিন্দুদেবমন্দির ও ১১টী শিখধর্ম্মশালা আছে।

এখানে উৎকৃষ্ট সাল, কার্পাস ও পশমী বস্ত্র প্রস্তুত হয়। সোণা, লৌহ ও পিত্তলের গড়নাদির জন্য গুজরাট নগর বহুদিন হইতে প্রসিদ্ধ। এখানে মিউনিসিপালিটী আছে।

৪ বোম্বাই প্রেসিডেন্সির উত্তর সমুদ্রকূলবর্ত্তী বিস্তীর্ণ ভূভাগ। [গুর্জ্জর শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

গুজরাটী এলাচী, গুজরাটদেশোৎপন্ন ক্ষুদ্র এলাচী; চলিত কথায় গুজরাতীও বলিয়া থাকে। [এলাচ দেখ।]

গুজরাটী পেটা, গঞ্জাম প্রদেশের অন্তর্গত চিকাকোলের নিকটে লাঙ্গুলিয়ানদীর দক্ষিণকূলে অবস্থিত একটী নগর। এই স্থানে লক্ষ্মী ও নরসিংহস্বামীর মন্দিরে স্তম্ভের গাত্রে ৮ খানি শিলাফলক আছে। মন্দিরটী বহু পুরাতন। স্থানীয় প্রবাদ—বলরাম এই মন্দির প্রতিষ্ঠা করেন। প্রায় ২।৩ শত বৎসর হইল, এইখানে গুজরাটী ব্যবসায়ীরা আসিয়া উপ-নিবেশ স্থাপন করিয়াছে। ইহার অপর নাম 'হয়তুনগরম্'।

গুজরাটী ব্রাহ্মণ, দাক্ষিণাত্যবাসী এক শ্রেণীর ব্রাহ্মণ। প্রায় শত বৎসর গত হইল ইহারা গুর্জ্জর ত্যাগ করিয়া স্থানে স্থানে বাস করিতেছে। পূণা জেলায় ঔদীচ্, দিশাবল, খেড়াবল, নোধ, নাগর, শ্রীগোড়, শ্রীমালী প্রভৃতি থাক আছে।

ইহারা নিরামিষাশী, কেবল মাদকতার জন্য আফিম্, ভাঙ্গ ও তামাকু সেবন করে। ইহারা স্বভাবতঃই পরিষ্কার, সৎ, কর্ম্মঠ, চতুর ও আতিথেয়। ইহাদের অনেকেই বাণিজ্য ব্যবসা হইতে পৌরহিত্য পর্য্যন্তও করিয়া থাকে। কেহ কেহ জমী ক্রয় করিয়া জমিদার হইয়াছেন এবং ঐ জমিতে প্রজা বন্দোবস্ত করিয়া জাত দ্রব্যের অর্দ্ধেক খাজনা স্বরূপ লইয়া থাকেন।

ইহারা বালাজি, গণপতি, মহাদেব, মারুতী, তুলজা-ভবানী এবং শঙ্করের পূজা করে। ইহারা অপদেবতা, ডাকিনী ও ভবিষ্যদ্বাণীতে বিশ্বাস রাখে।

ইহাদের মধ্যে বাল্য-বিবাহ ও বহুবিবাহ প্রচলিত আছে, কিন্তু বিধবা-বিবাহ চলিত নাই। কেহ সন্তানাদি প্রসব করিলে মরাঠী ধাত্রী বা স্বজাতীয়া কোন রমণী যাইয়া সন্তানের নাড়ী কাটিয়া দেয় এবং ঐ ফুল একটী পাত্রে রাখিয়া সূতিকাগারে 'মোরি'র নিকট পুঁতিয়া রাখে। তরবারি, তীর, কাগজ, কলম ও চৌকি দিয়া ষষ্ঠীমাতার পূজা দেয়। অশৌচ ১০ দিন মাত্র থাকে। ১২শ দিনে আত্মীয় কুটুম্ব ভোজন হয় এবং সন্ধ্যার সময় স্ত্রীলোকেরা পুত্রের নামকরণ করে। চল্লিশ দিন পর্য্যন্ত প্রসূতি বাটীর বাহির হইতে পারে না, তৎপরে একদিন সুন্দর বেশভূষা করিয়া আত্মীয় স্ত্রীলোক-গণের সহিত দেখা সাক্ষাৎ করে। ৫ মাস হইতে ৫ বৎ-সরের মধ্যে পুত্রের চূড়াকরণ হইয়া থাকে। যদি কেহ ঠাকুরের নামে চুল রাখে, তবে তাহাকে এক গুছা চুল বিবাহ পর্য্যন্ত রাখিতে হয়, বিবাহের দিন ঐ চুল কাটিয়া ফেলে। ১২ হইতে ২৫ বৎসর পর্য্যন্ত পুত্রের এবং ৮ হইতে ১৫ বৎসরে কন্যার বিবাহ হইয়া থাকে। বিবাহের পূর্ব্বে আত্মীয় কুটুম্বকে পাণ ও সুপারি দিয়া জানান দেওয়া হয়। ইহাকে 'মাগনী' বলে। ইহাদের গর্ভাধান সংস্কার নাই। ইহারা শবদাহ করে। শবদাহের তিন দিন পরে ভস্মের উপর দুগ্ধ, দধি, ঘৃত, গোবর ও গোমূত্র ঢালিয়া দিয়া আসে।

আহ্মদ-নগর-বাসী গুজরাটী ব্রাহ্মণের মধ্যে পিতৃ ও মাতুলগোত্রে বিবাহ হয় না। ইহাদের 'ত্রিব্‌দিমেব্‌দাস' শাখায় ভরদ্বাজ, শাণ্ডিল্য ও বশিষ্ঠ এই তিনটী গোত্র চলিত দেখা যায়। ইহারা যজুর্ব্বেদী এবং সকলেই শঙ্করা-চার্য্যকে হিন্দুধর্ম্মের প্রধান প্রদর্শক বলিয়া ভক্তি করে। গণপতি, মহাদেব ও বিষ্ণু ইহাদের উপাস্য দেবতা।

শোলাপুর জেলায় ঔদীচ্, নাগর, শ্রীমালী এই তিনটী থাক ও ভরদ্বাজ, কপিল, বশিষ্ঠ প্রভৃতি গোত্র চলিত আছে। ইহাদের মধ্যে স্বগোত্রে বিবাহ নিষিদ্ধ। ঐ বিভিন্ন থাকের লোকেরা একত্র আহারাদি বা পরস্পর দান গ্রহণ করেনা। ইহাদের মধ্যে আচারে, ভট্ট, পাণ্ড্য, রাউল, ঠাকুর ও ব্যাস এই কয়েকটী পদবী চলিত। এক পদবীধারী কিন্তু বিভিন্ন

গোত্র হইলে বিবাহ হয়। অম্বাবাই ও বালাজি ইহাদের কুলদেবতা। বিজাপুর জেলায় ইহাদের নাগর, শ্রীমালী এবং পোকর্ণ এই তিনটী শ্রেণী দেখা যায়।

গুজরাটী বাণিয়া, দাক্ষিণাত্যবাসী বণিক্‌ জাতির একটী শাখা। বোম্বাই প্রেসিডেন্সির নানাস্থানে ইহাদের বাস, তন্মধ্যে আহ্মদনগরে কিছু অধিক। ইহাদের মধ্যে বড়নগরী ও বিষনগরী এই দুইটী থাক দৃষ্ট হয়। সকলেই আপনাদিগকে বৈশ্য বলিয়া পরিচয় দেয়। ২।৩ শত বর্ষ হইল ইহারা গুর্জর দেশ পরিত্যাগ করিয়া দক্ষিণাপথের নানাস্থানে বাস করিতেছে। গুর্জরের উত্তরস্থিত বড়নগর ও বিষনগর নামক স্থানে ইহাদের আদিবাস এবং বোধ হয় উক্ত দুইটী নগরের নাম হইতেই তাহাদের জাতিগত বিভাগ হইয়া থাকিবে।

উভয় দলেই একত্র ভোজনাদি করে, কিন্তু পরস্পরের মধ্যে দান গ্রহণ চলিত নাই। ইহারা বেশ সুশ্রী ও সুন্দর; স্ত্রীলোকেরা পুরুষ অপেক্ষা সুন্দরী। ইহারা মদ্য বা মাংস কিছুই খায় না, কেবল মাত্র ভাঙ্গ ও পাণের সহিত দোক্তা ব্যবহার করিয়া থাকে। ইহাদের অবস্থা ভাল।

ইহারা দক্ষিণদেশের ব্রাহ্মণদিগের আচার, ব্যবহার ও বেশভূষা সকল বিষয়েই অনুকরণ করিয়াছে। সকলেই মাথায় টিকি রাখে এবং দাড়ি কামায়। ইহাদের স্বভাব ভাল, দোষের মধ্যে বড়ই কৃপণ। বাণিজ্য ব্যবসা ইহাদের জাতিগত উপজীবিকা। যাহাদের পয়সা নাই তাহারাও অপরের দাসত্ব স্বীকার করে না, বরং কোন ব্যবসায়ীর দোকানে বা কর্ম্মক্ষেত্রে কর্ম্ম স্বীকার করে।

ইহারা আপনাদিগকে ব্রাহ্মণ জাতির নিম্নে ও মরাঠী অপেক্ষা উচ্চপদস্থ মনে করে। কেবল স্বজাতীয় ব্রাহ্মণ, দাক্ষিণাত্যবাসী শেন্‌বি ব্রাহ্মণ ও পাঞ্চালদিগের স্পৃষ্ট অন্ন ভিন্ন আর কাহারও হাতে অন্ন খায় না। সকল হিন্দু দেবতা ইহাদের পূজ্য এবং উচ্চ শ্রেণীর হিন্দুদিগের মত উপবাসাদি করে। তিরুপতির বালাজি ও পন্ধরপুরের বিথোবা ইহাদের কুলদেবতা। ইহারা সময়ে সময়ে হিন্দুদিগের সমস্ত পবিত্র তীর্থেই গমন করে ও ভক্তিসহকারে পূজা দেয়। সকলেই প্রত্যহ প্রাতে স্নানান্তে গৃহদেবতার পূজা করিয়া থাকে। ইহাদের গর্ভাধান, বিবাহ ও শ্রাদ্ধাদি কর্ম্ম গুজরাটী ব্রাহ্মণেরাই করিয়া থাকেন, কিন্তু তাহার অভাবে দেশস্থ ব্রাহ্মণেও সম্পন্ন করাইতে পারে। ইহারা সকলেই বল্লভাচার্য্য-প্রবর্ত্তিত সম্প্রদায়ভুক্ত। ব্রাহ্মণ জাতির দশবিধ সংস্কারের মধ্যে ইহারা নামকরণ, চূড়াকরণ, বিবাহ, গর্ভাধান, শ্রাদ্ধ প্রভৃতি কয়েকটী পালন করে। বালকের হাতে খড়ির সময় শুভদিনে ঢাকঢোল বাজাইয়া ঐ বালককে বিদ্যালয়ে লইয়া যায়। তথায় বালকের তাড়িপাত ও পুস্তকাদি সরস্বতীর নামে পূজা হয়। এই সময়ে বালককে সর্ব্বপ্রথম "ওঁম্‌ নমঃ সিদ্ধম্‌" এই কয়েকটী কথা লিখাইয়া লয়। তৎপরে শিক্ষককে পাণ, সুপারি ও টাকা দক্ষিণা দেয়। বালিকারা কুমারী অবস্থায় মঙ্গলাগৌরীর পূজা করিয়া থাকে।

ইহাদের মধ্যে বাল্যবিবাহ প্রচলিত। বহু-বিবাহ বা বিধবাবিবাহ করিলে জাতিচ্যুত হয়। সামাজিক কোন বিভ্রাট্‌ উপস্থিত হইলে ইহারা আপনারাই তাহার নিষ্পত্তি করে। সকলেই মরাঠী ও গুজরাটী ভাষার কথা কহিতে পারে। শোলাপুরের গুজরাটবণিয়াদিগের মধ্যে হুম্বাড়, খড়ায়ত, লাড়, মোধ, নাগর, পোরবাড় ও শ্রীমালী প্রভৃতি শ্রেণী দেখা যায় ও প্রত্যেক শ্রেণীর মধ্যে দশা ও বিশা এই দুইটী বিভাগ আছে। ছয়টী মূল শ্রেণীর মধ্যে একত্র ভোজন বা দান গ্রহণ চলে না। ইহারাও নিরামিষভোজী। পুত্র প্রসবের পাঁচদিন পরে ছট্টী বা ষষ্ঠীমাতার পূজা দেয়। দ্বাদশ দিনে পুত্রের নামকরণ করে এবং এক হইতে দুই মাসের মধ্যে চূড়াকরণ হইয়া থাকে।

পুণার বেণিয়াদিগের মধ্যে দুইটী স্বতন্ত্র নাম আছে। বল্লভাচার্য্যের শিষ্য সম্প্রদায় মিশ্রী ও জৈনসম্প্রদায় শ্রাবক নামে অভিহিত। মিশ্রীদিগের মধ্যে কপোল, খড়ায়ত, লাড়, মোধ, নাগর, পাঞ্চাল ও পোরবাল এবং জৈনদিগের মধ্যে হুমাড়, পোরবাল ও শ্রীমালী প্রভৃতি কয়েকটী শাখা আছে। ইহাদের বিবাহ সময়ে 'লহান্‌ গণেশ' বা গণপতির পূজা হইয়া থাকে। ইহাদের মৃতাশৌচ দশদিন মাত্র। মিশ্রীরা ১০ম, ১১শ ও ১২শ এই দিনত্রয় ধরিয়া শ্রাদ্ধ করে এবং ১২শ অথবা ১৩শ দিনে জ্ঞাতিভোজ দেয়। শ্রাবকেরা মৃতের শ্রাদ্ধাদি করে না, ১২শ দিনে জৈনমন্দিরে যাইয়া তীর্থঙ্কর-দিগের উদ্দেশে পুষ্প ও সুগন্ধি দ্রব্য প্রদান করে।

গুজরান্‌ (পারসী) অতিবাহিত করা, দিন যাপন বা কাল কাটান।

গুজরান্‌বালা, পঞ্জাবের ছোট লাটের শাসনাধীন একটী জেলা। অক্ষা° ৩১° ৩২´ হইতে ৩২° ৩৩´ উঃ ও দ্রাঘি° ৭৩° ১১´ ৩০´´ হইতে ৭৪° ২৮´ ১৫´´ পূঃ। লাহোর বিভাগের উত্তরপশ্চিমে অবস্থিত। ইহার উত্তর-পশ্চিম সীমা চন্দ্রভাগা নদী, দক্ষিণ ও দক্ষিণপূর্ব্বে ঝঙ্গ, মণ্টগোমরি ও লাহোর এবং পূর্ব্বসীমায় শিয়ালকোট জেলা। গুজরান্‌বালানগর ইহার সদর ও এইখানে বিচার-বিভাগ স্থাপিত। জেলার ভূ-পরিমাণ ২৫৮৭ বর্গমাইল।

এই জেলা রেচ্‌না-দোআবের মধ্যস্থলে শিয়ালকোটের পার্ব্বতীয় উর্ব্বরাভূমি ও ঝঙ্গের মরুভূমির মধ্যে অবস্থিত। জেলার ভূমি দেখিলে বোধ হয়, হিমালয়পর্ব্বতের নিম্নতল ঢালু জমিতে গঠিত, এই কারণে ইহার উত্তরাংশ পলিময়। ঐ জমি প্রায় ৬ মাইল বিস্তৃত। ইহার মধ্য দিয়া চন্দ্রভাগা নদী প্রবাহিত। এই নদীর তীর হইতে প্রায় ১০ মাইল পর্য্যন্ত স্থানে কূপ খনন করিলে জল পাওয়া যায়, কিন্তু ইহার পরে জল দুষ্প্রাপ্য। এখানে কেবল বৃষ্টির জলে ফসল জন্মে। শিয়ালকোটের সীমায় এই জেলার পূর্ব্বে যে অধিত্যকা আছে, তাহার নিকটবর্ত্তী স্থান সমধিক উর্ব্বরা এবং তথাকার লোকেরা বহু পরিশ্রমে ও যত্নে চাসবাস করিয়া থাকে। এখানে জলেরও বেশ সুবিধা আছে।

জেলার উত্তরের পার্ব্বতীয় অংশ পরিত্যাগ করিয়া যতই দক্ষিণাভিমুখে যাওয়া যায়, জমি ততই কঠিন ও জলহীন দেখা যায়। অধিক নিম্নে মৃত্তিকা খনন না করিলে জল পাইবার উপায় নাই। জেলার দক্ষিণ সীমায় 'বার' নামক মরুভূমি। এখানে ছোট ছোট গাছ ভিন্ন আর কিছুই জন্মেনা, কেবল বর্ষার পর অল্প অল্প ঘাস গজাইয়া থাকে। ঐ 'বারভূমির' দক্ষিণ হইতেই ঝঙ্গের মরুভূমির সূত্রপাত হইয়াছে। জেলার দক্ষিণপূর্ব্বে দেগ্‌নদী। ইহার জল অতি স্বচ্ছ। প্রতি বৎসর বন্যার সময় স্রোতের সহিত তেলামাটি আসিয়া কিনারায় পড়ে এবং তাহাতে নদীর উভয় কূলের জমী উর্ব্বরা করে। এতদ্ভিন্ন এইস্থানে আরও ৩।৪টী ক্ষুদ্র ক্ষুদ্র স্রোত বহিয়া চন্দ্রভাগা ও দেগ্‌নদীর মধ্যে আসিয়া পড়িয়াছে।

এই জেলা ও এখানকার নগর বহু প্রাচীন নহে, তথাপি ইহার সম্বন্ধে অনেক অতীত ঘটনার কথা জানা যায়। সম্ভবতঃ লাহোর নগর স্থাপিত হইবার পূর্ব্বে এই স্থানে পঞ্জাবের রাজধানী ছিল। চীনপরিব্রাজক হিউএন্‌-সিয়াং যখন ভারতবর্ষে আসেন, তখন তিনি এই পঞ্চনদরাজ্যের রাজধানী 'তকি' নগরের বিষয় লিখিয়া গিয়াছেন। কানিংহাম সাহেব এই জেলার অন্তর্গত অসরুর গ্রামে একটী বৃহৎ বৌদ্ধস্তূপ দেখিয়া অনুমান করেন যে পূর্ব্বে এই স্থানে তকি নগর ছিল। ঐ স্তূপের ধ্বংসাবশেষ আজও দেখিতে পাওয়া যায়। এই স্তূপ যে বহু পুরাতন, ইহার বৃহদাকার ইষ্টক ও এই স্থানে প্রাপ্ত মুদ্রাদি হইতে স্পষ্টই জানা যায়। হিউএন্‌-সিয়াংএর পরবর্ত্তীকাল হইতে মুসলমান রাজত্বের আরম্ভ পর্য্যন্ত গুজরান্‌বালা সম্বন্ধে কোন ঐতিহাসিক ঘটনা পাওয়া যায়না। কালে ঐ তকি নগরের নাম মনুষ্যের হৃদয় হইতে অপসৃত হইলে লাহোর নগর বর্ত্তমান পঞ্চনদ রাজ্যের রাজধানী হইয়াছে।

মুসলমান রাজত্বের সময় এই নগর ক্রমেই সমৃদ্ধিশালী হইয়া উঠে। মোগলসম্রাট্‌ অকবর ও অরঙ্গজিব এই জেলার নানা স্থানে কূপ খনন করাইয়া দেন। এই সময়ে আমিনাবাদ ও হাফেজাবাদ ইহার প্রধান নগর এবং এই জেলা ৬টী পরগণায় বিভক্ত হয়। পরে শিখপ্রভাব বৃদ্ধির সময়ে রণজিৎসিংহের পিতামহ চরত সিংহ এই প্রদেশ অধিকার করিয়া আপনার আবাসভূমিতে পরিণত করেন। এইখানে রণজিৎসিংহের জন্ম হয়। রণজিৎসিংহ ইহার চতুর্দ্দিগ্‌বর্ত্তী সমস্ত প্রদেশ নিজ করগত করেন। তিনি অল্প করে লবান জাতিকে দেগ্‌ উপত্যকা দান করেন। ১৮৪৭ খৃষ্টাব্দে দ্বিতীয় শিখযুদ্ধের পর ইহা পঞ্জাব রাজ্যের অন্তর্ভূত হয়। ১৮৫২ খৃষ্টাব্দে এই জেলা গুজরান্‌বালা ও শিয়ালকোট এই দুই বিভাগে বিভক্ত হইয়া যায়। ইহার দক্ষিণপূর্ব্বের ৩০৩ খানি গ্রাম লাহোর এলাকাভুক্ত হয়। পরবর্ত্তী বৎসরে পুনরায় আরও ৩২৪ খানি গ্রাম ইহার অন্তর্নিবিষ্ট হয়। ইহার পর এখানে ১৮৫৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত যুদ্ধাদি নানা ঐতিহাসিক ঘটনা সংঘটিত হইয়াছিল।

এই জেলার মধ্যে গুজরান্‌বালা, উজীরাবাদ, রামনগর, আমিনাবাদ, সোহদ্রা, অকালগড়, পিণ্ডি ভট্টিয়ানা, কিলদিদরসিংহ, হাফেজাবাদ ও জালালপুর এই কয়েকটী নগর আছে। এখানে রবি শস্যের মধ্যে গম, যব, ছোলা, তামাক, তিল ও শাকসবজি এবং খরিফ শস্যের মধ্যে জোয়ার ও বজরা; ধান, মক্কা, কলাই, তিল, তুলা, ইক্ষু ও অন্যান্য ফসলাদি জন্মে।

এখান হইতে পিত্তলের বাসন, চর্ম্মপাত্র ও বাহাদুরী কাষ্ঠ রপ্তানী হয়। লবণ, লৌহ, গো-মেষাদি, গরম মসলা প্রভৃতি ও বিলাতী দ্রব্য আমদানী হইয়া থাকে। উজীরাবাদ হইতে চিনি, গম, ঘি ও পশম রামনগরে আমদানী হয়। এই স্থান হইতে গ্রাণ্ডট্রাঙ্করোড নামক রাস্তা বরাবর কলিকাতা পর্য্যন্ত আসিয়াছে।

এই স্থানে একজন ডেপুটী কমিসনর, এসিষ্টাণ্ট কমিসনর, একষ্ট্রা এসিষ্টাণ্ট কমিসনর ও তিনজন তহসীলদার আছেন। এতদ্ব্যতীত ডাক্তার ও পুলিসকর্ম্মচারী আছে। গুজরান্‌বালা, অকালগড়, উজীরাবাদ ও হাফেজাবাদে গবর্মেণ্টের সাহায্যকৃত ৪টী দাতব্য চিকিৎসালয় আছে। স্থানে স্থানে বিদ্যালয়েরও অভাব নাই। এক্ষণে এই জেলা ৩টী তহসীল ও ১১টী পরগণায় বিভক্ত। ইহাতে সর্ব্বসমেত ১২৯১ খানি গ্রাম আছে।

২ উক্ত জেলার তহসীল। অক্ষা° ৩১° ৪৯´ হইতে ৩২° ২০´ উঃ ও দ্রাঘি° ৭৪° ২৮´ ১৫´´ হইতে ৭৫° ৫০´ পূঃ মধ্যে

অবস্থিত। ভূমির পরিমাণ ৭৭০ বর্গমাইল। এইখানে ডেপুটী কমিসনর ও তাঁহার দুইজন সহকারী, একজন তহসীলদার, একজন মুন্‌সেফ ও দুইজন অনারারি মাজিষ্ট্রেট্ আছেন। এখানে ৮টী করিয়া দেওয়ানী, রাজস্ব এবং ফৌজদারী সম্বন্ধীয় আদালত আছে।

৩ উক্ত জেলার প্রধান নগর ও সদর। গ্রাণ্ডট্রাঙ্ক রোডের উপরে লাহোর হইতে ৫০ মাইল উত্তরে অবস্থিত। মহারাজ রণজিৎ সিংহের পিতামহ প্রথমে এই নগর স্থাপন করেন এবং শিখদিগের প্রাদুর্ভাবকালে রণজিৎ সিংহের সময় এই নগর পঞ্জাবের রাজধানীরূপে পরিগণিত হয়। রণজিতের পিতা মোহনসিংহের সমাধিমন্দির এবং রণজিৎ সিংহের ভস্মসমাধি এখনও বর্ত্তমান আছে। এখানে ডাকঘর, কারাগার, ধনাগার, আদালত ও অন্যান্য অনেক বড় বড় বাড়ী আছে। লোকসংখ্যা ২৬৭৮৫।

গুজরী, ১ পদের অলঙ্কারবিশেষ। ২ গীতশাস্ত্রে স্ত্রীঅঙ্গবিশেষ।

[গুজ্জরী দেখ।]

গুজশ্‌তা (পারসী) ১ অতিবাহিত করা। ২ খরচ।

গুজায়িন্‌লী, পঞ্জাবের বসহর রাজ্যের অন্তর্গত একখানি গণ্ডগ্রাম। কোটকাই হইতে বুরিন্দ গিরিসঙ্কট যাইবার পথে অবস্থিত। এই স্থানের লোকেরা নিকটবর্ত্তী পর্ব্বতের লৌহের আকর হইতে ধাতু বাহির করে ও তাহা গলাইয়া পরিষ্কার করিয়া থাকে।

গুজারা (পারসী) খেয়া নৌকা, যে নৌকা দ্বারা নদী পার হওয়া যায়।

গুজাব (পারসী) জনরব।

গুজ্‌গুজ্ (দেশজ) চুপি চুপি কথা বলা।

গুজ্‌গুজিয়া (দেশজ) যে চুপি চুপি গল্প করিতে ভালবাসে।

গুজ্জর (গুর্জর শব্দজ) একটী সহর, গুজরাট।

গুজ্জরী (স্ত্রী) ১ রাগিণীবিশেষ, অপর নাম গুর্জরী; সম্পূর্ণা। ইহার গ্রহ অংশ ও ন্যাস "ঋ"। সপ্তমী মূর্চ্ছনা। এই রাগিণীর সহিত বহুলীর অনেক মিলন আছে। যথা—ঋ গ ম প ধ নি স ঋ।

ইহা রাত্রিকালে ও শৃঙ্গাররসে গেয়। লোভ বা মোহ প্রযুক্ত কোন ব্যক্তি বিরাগে গান করিলে সুরস গুজ্জরী তাহার দোষ বিনাশ করিতে পারে। গান্ধার স্বর ইহার বাদী। সঙ্গীত দামোদরের মতে পূর্ব্বাহ্নে ইহার গান নিষিদ্ধ এবং ধা নি কোমল হয়। যথা—

"ঋ গ ম ধ নি সা।"

রাগবিবোধের মতে ইহা পঞ্চম শূন্য, ইহাতে কেবল মাত্র ছয়টী স্বর থাকে। যথা—

"ঋ গ ম ০ ধ নি সা।"

সঙ্গীতদর্পণের মতে গুজ্জরী ভৈরবরাগের সহচরী, গ্রীষ্ম ঋতুতে প্রাতে এক প্রহর পর্য্যন্ত গান করা উচিত।

সোমেশ্বরের মতে রামকেলী ও ললিতযোগে গুজ্জরী উৎপন্ন হয় এবং পূর্ব্বাহ্নেও গাওয়া যাইতে পারে।

ব্রহ্মার মতে ইহা ভৈরবরাগের পত্নী; কিন্তু ভরত ও হনুমানের মতে ইহা মেঘরাগের পত্নী বলিয়া উল্লিখিত হইয়াছে। ইহার মালোয়ার ঠাট। বর্ত্তমান সময়ে সঙ্গীতবেত্তারা ১১ দণ্ড হইতে ১৬ দণ্ড দিবার মধ্যে এই রাগিণীর সময় নির্দ্দেশ করেন। দেশভেদে একটু আধটুক ভিন্ন হইয়া গুজ্জরী রাগিণী অনেক প্রকার হইয়া পড়িয়াছে। বর্ত্তমান সময়ে এই কয় প্রকার গুজ্জরী প্রচলিত। যথা—মাল গুজ্জরী, রাহাল গুজ্জরী, মঙ্গলগুজ্জরী, দক্ষিণগুজ্জরী, সৌরাষ্ট্রী গুজ্জরী এবং মহারাষ্ট্রী গুজ্জরী।

সঙ্গীতদামোদরে কেবল দক্ষিণ গুজ্জরীরই মূর্ত্তি বর্ণিত আছে। তাহা এইরূপ;—শ্যামবর্ণ বা শ্যামাস্ত্রীর ন্যায় সকল গুণযুক্তা, মলয়দ্রুমের কচি কচি পল্লব ইহার কর্ণভূষণ। ইহাতে শ্রুতি ও স্বরের বিভাগ স্পষ্টই লক্ষিত হয়। ইহার নাম অনুসারে বোধ হয় যে গুর্জ্জরদেশবাসিরা এই রাগিণী গান করিতে অতিশয় ভালবাসিত বলিয়া ইহার গুর্জ্জরী এই সংজ্ঞা দেওয়া হয়। পরে সহজে বলিবার জন্য রেফ লোপ করিয়া গুজ্জরী নামে অভিহিত হইয়াছে। ২ রাগবিশেষ।

"গুজ্জরীরাগৈকতালীতালেন গীয়তে।" (গীতগোবিন্দ)

গুঞ্জ (পুং) গুঞ্জতি ভ্রমরোঽত্র গুঞ্জ-অধিকরণে ঘঞ্। ১ পুষ্পস্তবক। (শব্দরত্না°) গুঞ্জ-ভাবে ঘঞ্। ২ ধ্বনি, গুঞ্জন, গুন্‌গুন্ শব্দ।

গুঞ্জকৃৎ (পুং) গুঞ্জং ধ্বনিভেদং করোতি কৃ-ক্বিপ্ তুক্‌চ। ভ্রমর। (শব্দচ°)

গুঞ্জন (ক্লী) গুঞ্জ-ভাবে ল্যুট্। গুন্‌গুন্ ধ্বনি, ভ্রমরাদির শব্দ।

গুঞ্জা (স্ত্রী) গুঞ্জতি গুঞ্জ-অচ্ টাপ্। ১ লতাবিশেষ। (Abrus precatorius) কুঁচ গাছ। ইহার পাতাগুলি তিন্তিড়ী পত্রের মত সূক্ষ্ম, ফল শিম্বীর ন্যায়, বীজ রক্ত ও কৃষ্ণবর্ণ। ইহার ফুলে একটী চূড়া আছে। বৈদ্যক শাস্ত্রের মতে ইহার মূল বিষাক্ত। ইহার পর্য্যায়—কাকচিঞ্চী, কৃষ্ণলা, সঙ্গুষ্ঠা, রক্তিকা, কাকণন্তিকা, কাকাদনী, কাকতিক্তা, কাকজঙ্ঘা, শিখণ্ডিনী, চূড়ামণি, সৌম্যা, শিখণ্ডী, অরুণা, তাম্রিকা, শীতপাকী, উচ্চটা, কৃষ্ণচূড়িকা, রক্তা, কাম্বোজী, ভিল্লভূষণা, বন্যা, শ্যামলচূড়া, কাকচিঞ্চিকা।

ইহার বীজের গুণ তীক্ষ্ণ, উষ্ণ। (রাজনি°।) রাজবল্লভের মতে কুষ্ঠব্রণনাশক। ইহার মূলের গুণ বান্তিকারক, শূল ও বিষনাশক। বশীকরণকর্ম্মে শ্বেতবর্ণই প্রশস্ত। (রাজনি°।) ভাবপ্রকাশের মতে কুঁচ দুই প্রকার শ্বেতবর্ণ ও রক্তবর্ণ। শ্বেতবর্ণ কুঁচকে উচ্চটা ও কৃষ্ণলা, রক্তবর্ণ কুঁচকে কাকচিঞ্চী, কাকানন্তী, রক্তিকা, কাকাদনী, কাকপীলু ও অঙ্গারবল্লী বলে। এই উভয় প্রকার গুঞ্জাই কেশবর্দ্ধক, শুক্রবৃদ্ধিকর, বলকারক এবং বায়ু, পিত্ত, জ্বর, মুখশোষ, ভ্রম, শ্বাস, তৃষ্ণা, মত্ততা, চক্ষুরোগ, কণ্ডু, ব্রণ, ক্রিমি, ইন্দ্রলুপ্ত, কুষ্ঠ, রক্তদোষ ও ধবলরোগনাশক। (ভাবপ্রকাশ পূর্ব্ব° ১ ভাগ)

ইহার শিকড়ের বাহিরের বর্ণ ঈষৎ পিঙ্গল, কিন্তু ভিতরের বর্ণ ঈষৎ জরদ। ইহা গন্ধহীন, আস্বাদ সুমিষ্ট এবং খাইলে মুখে চট্‌চটে রস জন্মে। ইহা যষ্টিমধুর পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

২ পরিমাণবিশেষ, রতি। রাজনির্ঘণ্ট ও লীলাবতীর মতে ২ যবে এক গুঞ্জা হয়।

"তুল্যা যবাভ্যাং কথিতাত্র গুঞ্জা।" (লীলাবতী)

বৈদ্যকপরিভাষার মতে তিন যবে এবং কালিঙ্গ মানে চারি যবে এক গুঞ্জা হয়।

"যবোঽষ্টসর্ষপৈঃ প্রোক্তঃ গুঞ্জা স্যাৎ তচ্চতুষ্টয়ং।"

(শার্ঙ্গধর পূর্ব্ব° ১ অঃ)

শুভঙ্করের মতে চারি ধানে এক গুঞ্জা বা রতি হয়।

"চারিধানে রতি হয় আট রতিতে মাষা।" (শুভঙ্কর)

গুঞ্জতি শব্দায়তে গুঞ্জ কর্ত্তরি-অচ্‌-টাপ্। ৩ পটহ, ঢাক। গুঞ্জ ভাবে অ। ৪ কলধ্বনি। ৫ চর্চ্চা। (ত্রিকাণ্ড) আধারে অ। ৬ মদিরাগৃহ। (শব্দরত্না°)

গুঞ্জিকা (স্ত্রী) গুঞ্জাএব স্বার্থে কন্‌-টাপ্ অত ইত্বঞ্চ। গুঞ্জা, ত্রিযব পরিমাণ। (শব্দচ°)

গুঞ্জিত (ক্লী) গুঞ্জ-ভাবে-ক্ত। ১ গুঞ্জন, গুন্‌গুন্ রব।

"ন গুঞ্জিতং তন্নজহার যন্মনঃ" (ভট্টি ২।১৯)

(ত্রি) ২ গুন্‌গুন্ শব্দযুক্ত।

গুটন (দেশজ) সঙ্কোচ করা।

গুটলস্থলম্, মান্দ্রাজ প্রেসিডেন্সির কদাপা জেলার অন্তর্গত একখানি গ্রাম, মদনপল্লীর ৬ ক্রোশ উত্তরপশ্চিমে অবস্থিত। এখানকার সামন্তের সহিত মুসলমানদিগের ঘোরতর যুদ্ধ হয়, তাহার স্মরণার্থ এখানে "নেত্তুরুগুট্টু" অর্থাৎ রক্তের পাহাড় নামে একটী বৃহৎ স্তূপ আছে।

গুটলী (দেশজ) ১ গোলাকার বদ্ধ মল। ২ ফলের শক্ত বীজ।

গুটি (স্ত্রী) গবতে গু-ক্বিপ্ গুতং অব্যক্তশব্দং বটতি বেষ্টয়তি গুৎ বট-ই পৃষোদরাদিবৎ সাধু, যদ্বা কুট্যতে বক্রীক্রিয়তে কুট কর্ম্মণি-ই নিপা°। ১ বটিকা, চলিত কথায় গুলি বা বড়ি বলে। ২ বর্ত্তুলাকার পদার্থ। (দেশজ) ৩ অল্পদিনোৎপন্ন ফল, যখন প্রথমে মুকুল হইতে ফল বাহির হয়, তখন তাহাকে গুটি বলে। ৪ কীটবিশেষ, তুঁতপোকা। অপর নাম রেশমকীট। এই জাতীয় কীটকে ইংরাজীতে Bombycina বলে। প্রথমে শূয়াপোকার মত দেখিতে হয়, তৎপরে ক্রমে বড় হইয়া রূপান্তরপ্রাপ্ত হয়, তখন ইহারা উপরে শুষ্কপাতা দিয়া গোলভাবে আপনাদের শরীর ঢাকিয়া ফেলে, এই ডিম্বাকার অবস্থায় ইহাদিগকে ইংরাজীতে Cocoon বলে, তাহাকেই আমরা গুটী বলিয়া থাকি।

এই জাতি আবার গঠনানুসারে নানা শ্রেণীতে বিভক্ত। শ্রেণীভেদে গুটীও ভিন্নপ্রকার হয়, এবং তাহা হইতে রকম রকম রেশম বাহির করা যায়। এ পর্য্যন্ত ৬০ প্রকার রেশমকীট স্থির হইয়াছে। কীট গুটীর মধ্যে বড় হইয়া গুটী কাটিয়া প্রায় প্রজাপতির আকার ধারণ করিয়া বাহির হইয়া পড়ে, তখন আর সে গুটীতে রেশম পাওয়া যায় না। সুতরাং যখন গুটীর মধ্যে থাকে, সেই সময়েই গুটী হইতে সূতা আহরণ করা আবশ্যক। [রেশম শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

এই কয় শ্রেণীই প্রধান ;—

Bombyx mori চীনদেশীয়, ইহাকে বাঙ্গালায় "পাট" বলে। এক্ষণে চীন, শ্যাম, ভারতবর্ষ, পারস্য, ফ্রান্স, আমেরিকা ও ইতালী প্রদেশে ইহার বহুপরিমাণে চাস হইয়া থাকে। চীনরাজ্যে প্রবাদ আছে যে ২৬৪০ খৃষ্ট পূর্ব্বাব্দে সম্রাট্ হোয়াং তের মহিষী সর্ব্বপ্রথমে গুটীপোকা দেখিতে পান। অদ্যাপিও ন্যান্‌কিন্ নগরে ৩২° উত্তর অক্ষাংশে যথেষ্ট গুটীর চাষ আছে, কিন্তু ভারতবর্ষের ২৬° অক্ষাংশের কোন স্থানেই গুটী ভাঙ্গিয়া রেশম প্রস্তুত হয় না। ইংলণ্ডের কেণ্টনগরে তুঁতগাছে এইরূপ গুটী দেখা গিয়াছে।

চীনদেশে Saturnia pyretorum নামে আরও একটী জাতি আছে।

Bombyx religiosa—ইহাকে হিন্দিতে দেওমুগা বা জোরী বলে। ইহা আসাম ও কাছাড় প্রদেশে জন্মিয়া থাকে। এই রেশম সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট ও অতিশয় চিক্কণ।

Bombyx Huttoni, হিমালয়প্রদেশের মুসৌরি নগরের নিকটবর্ত্তীস্থানে দুন হইতে প্রায় ৭০০০ ফিট পর্ব্বতের উচ্চ স্থানে এবং হিমালয়ের পশ্চিমভাগে সমুদ্রপৃষ্ঠ হইতে ৩০০০ হইতে ৮০০০ ফিট উচ্চে সকলস্থানেই প্রচুর উৎপন্ন হয়।

ইহার বর্ণ ঈষদ্ জরদাভ এবং অন্যান্য জাতীয় রেশম অপেক্ষা ইহার কোমলতা অধিক। বৎসরে দুইবার করিয়া এই গুটী জন্মিয়া থাকে। এ স্থানে Actias selene নামে আরও এক জাতি জন্মে, উহা পর্ব্বতের ৫০০০ হইতে ৭০০০ ফিটের মধ্যে উৎপন্ন হইয়া থাকে।

Bombyx Horsfieldi, যবদ্বীপীয়।

Bombyx subnotata, সিঙ্গাপুরীয়।

Bombyx lugubris, মান্দ্রাজপ্রদেশীয়।

Bombyx yama mai, জাপানদেশীয়। অধুনা ইংলণ্ডে ইহার চাস হইয়া থাকে। জাপানে এই রেশম অধিক মূল্যবান্। রাজপরিবারে ইহার একচেটিয়া ব্যবসা করিয়া থাকেন।

Bombyx Pernyi, Actias Sinenis, A. ignescens, A. lelo এই চারি জাতি উত্তরচীনে পাওয়া যায়।

Bombyx Mylitta, ভারতীয়। ইহার গুটি অন্যান্য ভারতীয় গুটি অপেক্ষা বড়। ভারতে B. Arracanensis, fortunatus, sinensis, textor প্রভৃতি কয়টী ভিন্ন শ্রেণীর আছে।

Cricula trifenestratra, ইহা উত্তরপূর্ব্ব ও দক্ষিণ-ভারতে, শ্রীহট্ট, আসাম, ব্রহ্ম ও যবদ্বীপে উৎপন্ন হইয়া থাকে। এতদ্ব্যতীত C. drepanoides জাতিও পাওয়া যায়।

Salassa lola ও Actias Mœnas, শ্রীহট্টদেশজাত।

Antheræa paphia, বীরভূমে জন্মে, ইহাকে "বুঘী" বলে। সিংহলে, দক্ষিণ, উত্তরপূর্ব্ব এবং উত্তরপশ্চিম ভারতে, বঙ্গ, বেহার, আসাম, শ্রীহট্ট ও যবদ্বীপেও হয়। বহু পূর্ব্বকাল হইতেই এই জাতীয় গুটীর রেশম হইতে এ দেশে তসরের কাপড় প্রস্তুত হইয়া আসিতেছে।

Antheræa Pernyi, চীনদেশীয়।

Antheræa Helferi, Attacus Edwardsi,

Anthoræa Roylii দার্জিলিঙ্গে জন্মে।

A. larissa, Antheræa Java, যবদ্বীপীয়।

Antheræa Perottetti, পুঁদিচেরীজাত।

A. Simla, সিমলা ও দার্জিলিঙ্গ পর্ব্বতজাত।

A. Assama, আসামীভাষার ইহাকে মুগা বা মুঙ্গা বলে।

Antheræa ? মাঞ্চুরিয়া দেশের গুটি। ফ্রান্সদেশে ইহার চাষ আরম্ভ হইয়াছে।

Loepa Katinka, আসাম, শ্রীহট্ট, ভোট ও যবদ্বীপে জন্মিয়া থাকে। এতদ্ভিন্ন L. miranda, L. Sikkima ও L. Sivalika কয়েকটী এই জাতীয় শ্রেণীর গুটি দেখা যায়।

Attacus Atlas, ইহার গুটী সকল জাতি অপেক্ষা বড়। সিংহল, চীন, ব্রহ্ম, যবদ্বীপ এবং ভারতের সর্ব্বত্রই উৎপন্ন হইয়া থাকে।

Attacus cynthia ও Attacus ricini, বাঙ্গালায় ইহাকে এড়ি, এড়িয়া বা এরণ্ডগুটী বলে।

Attacus Guerini, ইহার আকৃতি এরণ্ডগুটী অপেক্ষা ক্ষুদ্র। বঙ্গদেশেই ইহা অধিক পরিমাণে উৎপন্ন হয়। এতদ্ব্যতীত A. Canningii, A. lunula, A. obscurus, A. Silhetica; Caligula Cachara, C. Simla, C. Thibeta; Neoris Huttoni, N. Shadulla, N. Stolickzkana; Orcinara lactea, O. moorei, O. diaphana; Rhodia newara; Rinaca Zuleika; Theophila Bengalensis, Th. Huttoni; Mandarina, religiosa, Sherwilli প্রভৃতি কয়েক রকম আছে।

গুটিক (দেশজ) কতকগুলি।

গুটিকা (স্ত্রী) গুটিরেব গুটি-স্বার্থে-কন্-টাপ্। ১ বটিকা, বড়ি। ২ বর্ত্তুলাকার পদার্থ। "সমুদ্রে গুটিকাপাতঃ।" (জ্যোতিঃ)

গুটিকাপাত (পুং) গুটিকায়াঃ পাতঃ ৬তৎ। ১ কোন বিষয় নিরূপণার্থ গুলিনিক্ষেপ, গুলিবাঁট। ২ স্ফূর্ত্তি খেলা।

গুটিকাহ্বয় (পুং ক্লী) লবণবিশেষ। (বৈদ্য°)

গুটী (দেশজ) ১ কীটজাত গোলাকৃতি বস্তু। ২ গুটীপোকার ন্যায় ধীর গমন।

গুট্টিকোণ্ডা, কৃষ্ণাজেলার অন্তর্গত দাচিপল্লির ৬ ক্রোশ দক্ষিণে অবস্থিত একটী গ্রাম। এখানে অতি প্রাচীন শিবালয় আছে। গ্রামের পার্শ্বেই একটী গুহা আছে। প্রবাদ এইরূপ—এই গুহায় মুচুকুন্দ নিদ্রা যাইতেন, তিনিই শ্রীকৃষ্ণের অনুরোধে কালযবনকে বিনাশ করেন। [মুচুকুন্দ দেখ।] পাহাড়ের উপর করণের সমাধিস্থান ও শিবমন্দির আছে। লিঙ্গের নিকট তেলগু অক্ষরে একখানি শিলালিপি খোদিত আছে।

গুড় (পুং) গবতে অব্যক্তশব্দং করোতি গু-ড়। (কাদিভ্যঃ কিৎ। উণ্ ১।১১৪) ১ গোল, বর্ত্তুলাকার পদার্থ।

"প্রাদুরাসন্ মহীপাল। কার্ষ্ণায়সময়া গুড়াঃ।"

(ভারত দ্রোণ° ২০০।) ২ হস্তিসন্নাহ, হস্তীর সজ্জা। (মেদিনী) ৩ গ্রাস। (হেম°) ৫ ইক্ষুর রস অগ্নিসংযোগে পাক হইয়া মৃত্তিকাদির ন্যায় কঠিনাকারে পরিণত হইলে তাহাকে গুড় বলে। ভাবপ্রকাশে লিখিত আছে যে গৌড়দেশে মৎস্যণ্ডীকে (শ্রীখণ্ডবিকার দলো চিনিকেও) গুড় বলে।

পর্য্যায়—ইক্ষুসার, মধুর, রসপাকজ, খণ্ডজ, দ্রবজ, সিদ্ধ, মোদক, অমৃতসারজ, শিশুপ্রিয়, সিতাদি, অরুণ, রসজ, ইক্ষুরসকাথ, গণ্ডোল, গুল, স্বাদুখণ্ড, স্বাদু।

গুড়ের সাধারণ গুণ—শুক্রবর্দ্ধক, গুরু, স্নিগ্ধ, বায়ুনাশক, মূত্রশোধক, অল্প পরিমাণে পিত্তনাশক এবং মেদ, কফ, কৃমি ও বলবৃদ্ধিকর। (ভাবপ্রকাশ পূর্ব্ব° ১)

পুরাণ গুড়ের গুণ—লঘু, হিতকর, অনভিষ্যন্দী, অগ্নিবর্দ্ধক, পুষ্টিকারক, পিত্তনাশক, শুক্রবৃদ্ধিকর, বায়ুনাশক ও রক্তপরিষ্কারক।

নূতন গুড়ের গুণ—কফ, শ্বাস, কাস, ক্রিমি ও অগ্নিবৃদ্ধিকারী। আদার সহিত গুড় সেবনে কফ, হরীতকীর সহিত সেবনে পিত্ত এবং শুণ্ঠির সহিত সেবনে অনেক রকম বাতরোগ নষ্ট হয়। (ভাবপ্রকাশ)

গুড়ক (ত্রি) গুড়েন পক্কঃ বাহুলকাৎ কন্। ১ গুড়পক্ক, যাহা গুড় দিয়া পাক করা হইয়াছে। (পুং) গুড়এব গুড় স্বার্থে কন্। ২ বর্ত্তুলাকার পদার্থ।

"সভুশুণ্ড্যশ্বগুড়কাঃ সায়ুধা সপরশ্বধা।" (ভারত ৩।১৫।৮)

'অশ্বগুড়কাঃ বর্ত্তুলাকৃতাঃ পাষাণাঃ' (নীলকণ্ঠ)

গুড়করী (স্ত্রী) গুড়ং গুড়বৎ সুমিষ্টং শ্রুতিসুখকরং করোতি গুড়-কৃ ট (কৃঞোহেতুতাচ্ছীল্যানুলোম্যেষু। পা ৩।২।২০) ততঃ স্ত্রিয়াং ঙীপ্। রাগিণীবিশেষ। (হলায়ুধ।)

গুড়কামাই (দেশজ) ক্ষুদ্র বৃক্ষ বিশেষ, কাকমাচী। [কাকমাচী দেখ।]

গুড়কুষ্মাণ্ডক (ক্লী) ঔষধ বিশেষ। প্রস্তুতপ্রণালী—একটী পুরাণ শুষ্ক কুষ্মাণ্ড হইতে একশত পল নিষ্কাষিত করিয়া অগ্নিতে উত্তপ্ত করিবে। কুষ্মাণ্ড উত্তপ্ত হইলে তাহাতে এক প্রস্থ বা দুই সের ঘৃত ও তৈল দিবে। পরে দারুচিনি, তেজপত্র, ধনে, ত্রিকটু, জীরা, এলাচী, রক্তচিতে, ভদ্রমুস্তা, চৈ, পিপুল, শুঁঠ, পাণিফল, কেশুর, প্রলম্ব ও তালমস্তক (তালের মাথী) এই সকল দ্রব্য প্রত্যেক এক পল পরিমিত লইয়া চূর্ণ করিবে। পরে তুলা পরিমিত (সাড়ে বারো সের) গুড় ঐ চূর্ণে মিশ্রিত করিয়া সেই তৈল ও ঘৃতের সহিত পাক করিবে। ঘন হইয়া আসিলে তাহাতে আট পল মধু দিবে এবং পাক হইলে নামাইয়া রাখিবে। ইহাকে গুড়কুষ্মাণ্ড বলে। অগ্নিমান্দ্য থাকিলেও এই ঔষধ সেবন করা যাইতে পারে। ইহাতে কফ, পিত্ত ও বায়ু প্রশমিত হয়। ইহা কৃশ ব্যক্তির পক্ষে বলবৃদ্ধিকর। অনিয়ম স্ত্রীসংভোগে যাহার অতিশয় ক্ষীণবীর্য্য হইয়া পড়িয়াছে, তাহার পক্ষে গুড়কুষ্মাণ্ডক বিশেষ উপকারী। ইহা সেবনে কাস, শ্বাস, জ্বর, হিক্কা, ছর্দ্দি ও অরুচি বিনষ্ট হয়। ইহা অতি প্রাচীন ঔষধ। অশ্বিনীকুমারই সর্ব্বপ্রথমে ইহার আবিষ্কার করিয়াছেন। (চক্রদত্ত)

গুড়গ্রাম, রাজগড়ের অন্তর্গত একটী গণ্ডগ্রাম, বাহুয়া নদীর ৬ ক্রোশ পশ্চিমে অবস্থিত। (দেশাবলী)

গুড়চী (স্ত্রী) গুড়ং মিষ্টরসং চিনোতি গুড়েন চীয়তে বা গুড় চি-ড ঙীষ্। গুড়ুচী। (অমরটী° ভরত) [গুড়ুচী দেখ।]

গুড়তৃণ (ক্লী) গুড়সাধনং তৎপ্রধানং বা তৃণং মধ্যলো°। ইক্ষু।

গুড়ত্রিণ (ক্লী) গুড়প্রধানং তৃণং নিপাতনে সাধু। ইক্ষু।

গুড়ত্বচ্ (ক্লী) গুড়তুল্যং ত্বক্ মধ্যলো°। স্বনামখ্যাত গন্ধদ্রব্য। ইহা কুঞ্চিত বল্কলাকার, মধুর রস ও পীতবর্ণ। পর্য্যায়—সৃৎকট, ভৃঙ্গ, ত্বক্‌পত্র, বরাঙ্গক, ত্বচ, বোল, ত্বচা, পত্র, হৃদ্য, সুরভিবল্কল, উৎকট, চোচ, ত্বক্। রাজবল্লভের মতে ইহার গুণ—কফ, শুক্র ও আমবাতনাশক, মধুর এবং কটু। ভাবপ্রকাশের মতে ইহার গুণ—লঘু, উষ্ণ, কটু, মধুর ও তিক্তরস, রুক্ষ, পিত্তবর্দ্ধক এবং কফ, বায়ু, কণ্ডু, আমদোষ, অরুচি, হৃদ্‌রোগ, বস্তিগতরোগ, বাতজনিতঅর্শ, ক্রিমি, পীনস ও শুক্রনাশক। (ভাবপ্রকাশ পূর্ব্ব° ১ ভা°)

এই পীতবর্ণ সুগন্ধি স্থূলত্বক্ কেশিয়া নামক বৃক্ষের বল্কল। চীন ও তাতারে ইহা উৎপন্ন হয়। তথা হইতে আনীত হইয়া এই প্রদেশে বিক্রীত হয়। ইহাতে অল্প পরিমাণ মিষ্ট আস্বাদ থাকায় ইহাকে গুড়ত্বক্ বলে। ইহা কেশাদি সুগন্ধির জন্য ব্যবহৃত হয়।

এই জাতীয় আর এক প্রকার নলাকৃতি পাতলা ছাল পাওয়া যায়, তাহাকে দারুচিনি বলে। ইহার স্বাদ কটুমিশ্রিত মিষ্ট। কোন বৈদ্যকগ্রন্থের মতে গুড়ত্বক্ শব্দের অর্থ দারুচিনি। [দারুচিনি দেখ।] কোন কোন গ্রন্থে আবার গুড়ত্বচ্ শব্দ স্ত্রীলিঙ্গেও ব্যবহৃত হইয়াছে। কিন্তু ক্লীবলিঙ্গেই বহুল প্রয়োগ দেখা যায়।

গুড়ত্বচ (ক্লী) গুড়ত্বক্, রাজভোগ্য, জয়ন্ত্রী। (শব্দচন্দ্রিকা) বাচস্পত্যে এই শব্দটী স্ত্রীলিঙ্গে ধরা হইয়াছে। কিন্তু তাহার কোন প্রমাণ পাওয়া যায় না।

গুড়দারু (ক্লী) গুড়প্রধানং দারু মধ্যলো°। ইক্ষু। (ত্রিকাণ্ড°)

গুড়ধেনু (স্ত্রী) গুড়নির্ম্মিতা ধেনুঃ মধ্যলো°। দানের জন্য গুড় দ্বারা নির্ম্মিত ধেনু। হেমাদ্রির দানখণ্ডে ইহার বিধান এই রূপ লিখিত আছে। যে স্থানে গুড়ধেনু দান করা হইবে, সেই স্থানটী ভাল করিয়া গোময় দ্বারা লেপন করিবে। তাহার উপরে কুশ বা দর্ভপত্র বিস্তীর্ণ করিয়া চারি হাত একখানি কৃষ্ণাজিন পূর্ব্ব মুখ করিয়া স্থাপন করিবে এবং তাহার নিকটে আর একখানি ছোট কৃষ্ণাজিন বৎসের জন্য রাখিয়া দিবে। প্রথমখানির উপরে গুড়দ্বারা একটী গাভী এবং ছোটখানির উপরে বৎস প্রস্তুত করিবে। চারিভার

অর্থাৎ ২৫ মণ গুড় দ্বারা ধেনু, ও একভার অর্থাৎ ৬।০ মণ দ্বারা বৎস প্রস্তুত করিলে উত্তম, দুই ভার বা ১২॥০ মণ গুড়দ্বারা ধেনু ও অর্দ্ধভার অর্থাৎ ৩/৫ সের দ্বারা বৎস প্রস্তুত করিলে তাহাকে মধ্যম বলা যায়। দাতা আপনার অবস্থানুসারে যে কোন রকম করিতে পারেন। ধেনু ও বৎসের মুখ দুইটী ঘৃতদ্বারা নির্ম্মাণ করিতে হয় এবং শুভ্রবর্ণ সরু কাপড়ে আচ্ছাদন দিয়া রাখিতে হয়। ইহাদের কর্ণ শুক্তিদ্বারা, নয়নযুগল উত্তম মুক্তায়, শুভ্র সূত্রদ্বারা শিরা, শ্বেত কম্বল দ্বারা গলকম্বল, তামাদ্বার ককুৎ ও পৃষ্ঠদেশ, এবং শ্বেতচামরে ইহার রোম প্রস্তুত করিতে হয়। এইরূপ প্রবাল দিয়া ভ্রূযুগল, নবনীতময় ক্ষৌমবস্ত্রে স্তনদ্বয় ও পুচ্ছ, কাংস্যদ্বারা দোহ, ইন্দ্রনীল মণিদ্বারা চক্ষুর তারকা, সুবর্ণময় শৃঙ্গ, খুরগুলি রৌপ্যময় এবং দন্তগুলি বিবিধ ফলময় নির্ম্মাণ করিবে।

এইরূপ ভাবে গুড়ধেনু নির্ম্মাণ করিয়া ধূপ, দীপ প্রভৃতি দ্বারা তাহার অর্চ্চনা করিবে। যেরূপ প্রত্যেক পার্ব্বণ শ্রাদ্ধ করিবার বিধান আছে, সেই প্রকার ইহার বিধান দৃষ্ট হয়। গুড়ধেনু দানে সমস্ত যজ্ঞের ফল হয় এবং সকল পাপ নষ্ট হইয়া থাকে। বিষুব সংক্রান্তি, পুণ্যাহ তিথি, ব্যতীপাত ও গ্রহণ সময়ে গুড়ধেনু দান করা উচিত।

গুড়ন (দেশজ) ১ চূর্ণন, চূর্ণকরা। ২ পরিবর্ত্তন, ঘুরান।

গুড়নই, বাসুদেবপুরের ২ যোজন উত্তরে স্থিত একটী প্রাচীন গ্রাম। (দেশাবলী)

গুড়পর্ব্বত (পুং) গুড়েন নির্ম্মিতঃ পর্ব্বতঃ মধ্যলো°। দানের জন্য গুড়দ্বারা নির্ম্মিত পর্ব্বত। মৎস্যপুরাণে ইহার বিধান এইরূপ লিখিত আছে—তীর্থ, গোষ্ঠ বা গৃহের প্রাঙ্গণে একখানি উত্তরদ্বারী চতুরস্র মণ্ডপ নির্ম্মাণ করিবে। তাহার মধ্যে ভাল রূপে গোময় লেপন করিয়া কুশপত্র বিছাইবে। তাহার উপরে বিষ্কম্ভপর্ব্বতাদিযুক্ত একটী গুড়ময় পর্ব্বত নির্ম্মাণ করিবে। দশ ভার বা ৬২॥০ মণ গুড়দ্বারা যে পর্ব্বত নির্ম্মিত হয়, তাহাকে উত্তম, ৫ ভার বা ৩১॥০ মণ দ্বারা করিলে তাহাকে মধ্যম এবং তিন ভার বা ১৮৬০ মণ দ্বারা প্রস্তুত করিলে তাহাকে অধম গুড়পর্ব্বত বলা যায়। দাতার অবস্থা নিতান্ত হীন হইলে ইহার কমেও গুড়পর্ব্বত নির্ম্মাণ করিতে পারেন। বিষ্কম্ভপর্ব্বত, সুবর্ণবৃক্ষ প্রভৃতি ধান্যাচলের নিয়ম অনুসারে করিতে হয়। হোম এবং লোকপালগণের অধিবাস প্রভৃতিও ধান্যাচলের সমান। গুড়পর্ব্বত দান করিলে স্বর্গলাভ হয়। ধান্যাচলের ন্যায় সমস্ত কার্য্য করিয়া এই কয়েকটী মন্ত্র পাঠ করিতে হয়—

"যথা দেবেষু বিশ্বাত্মা প্রবরোঽয়ং জনার্দ্দনঃ।
সামবেদস্তু বেদানাং মহাদেবস্তু যোগিনাং॥ ৫॥
প্রণবঃ সর্ব্বমন্ত্রাণাং নারীণাং পার্ব্বতী যথা।
তথা রসানাং প্রবরঃ সদৈবেক্ষুরসো মতঃ॥ ৬॥
মম তস্মাৎ পরাং লক্ষ্মীং গুড়পর্ব্বত দেহি বৈ।
যস্মাৎ সৌভাগ্যদায়িন্যা ভ্রাতা ত্বং গুড়পর্ব্বত।
নিবাসশ্চাপি পার্ব্বত্যা তস্মাচ্ছান্তিং প্রয়চ্ছমে॥ ৭॥"

(মৎস্য° ৮৫ অঃ)

যিনি এই নিয়মে গুড়পর্ব্বত দান করেন, তিনি প্রথমে গৌরীলোকে বাস করিয়া শত কল্পের পরে সপ্তদ্বীপের ঐকাধিপত্য লাভ করিতে পারেন। [মেরুদান দেখ।]

গুড়পাক (পুং) গুড়স্য পাকঃ ৬তৎ। বৈদ্যশাস্ত্রোক্ত পাকবিশেষ। চক্রদত্তের মতে গুড়পাক করিবার সময়ে তাহার নিকটে একটী জলপূর্ণ পাত্র রাখিয়া দিবে। গুড় পাক হইল কিনা জানিতে হইলে কিছু গুড় উঠাইয়া ঐ জলপূর্ণ পাত্রে নিক্ষেপ করিবে। যদি নিক্ষিপ্ত গুড় ভাসিয়া একস্থান হইতে অন্য স্থানে না যায় এবং তাহার কোন অংশ গলিত না হয়, তবে পাক হইয়াছে জানিবে। গুড় হাতায় লাগিয়া গেলে অথবা সুতার সদৃশ হইলেও পাক হইয়াছে জানিতে হইবে। ইহাকে গুড়পাক বলে। (চক্রদত্ত)

গুড়পিঠা (গুড়পিষ্ট শব্দজ) গুড়ের সহিত পাককরা এক রকম পিঠা। ইহা খাইতে বড়ই সুস্বাদ।

গুড়পিপ্পলীঘৃত (ক্লী) গুড়পিপ্পলীভ্যাংসহ পক্কং ঘৃতং মধ্যলো°। ঔষধ বিশেষ। পিপুল, গুড় ও ঘৃত চতুর্গুণ গোদুগ্ধের সহিত পাক করিবে, ইহাকে গুড়পিপ্পলীঘৃত বলে। ইহা অম্লপিত্ত ও শূলরোগের একটী মহৌষধ। (চক্রদত্ত)

গুড়পিষ্ট (ক্লী) গুড়যুক্তং পিষ্টং মধ্যলো°। এক রকম পিষ্টক, গুড় পিঠা। "দধ্যন্নং পায়সঞ্চৈব গুড়পিষ্টং সমোদকম্।
এতান্ সর্ব্বান্ উপহৃত্য ভূমৌকৃত্বা ততঃশিরঃ॥"

(যাজ্ঞবল্ক্য ১।১৮৯)

গুড়পুষ্প (পুং) গুড়ইব মধুরং পুষ্পমস্য বহুব্রী। মধুকপুষ্প, মৌলগাছ।

গুড়পুষ্পক (পুং) গুড়পুষ্প এব স্বার্থে কন্। মধুকপুষ্পবৃক্ষ।

গুড়ফল (পুং) গুড়ইব মধুরং ফলমস্য বহুব্রী। পীলুবৃক্ষ। হিন্দী ভাষায় পীল্ বলে।

গুড়ভল্লাতক (পুং) গুড়েন পক্কো ভল্লাতকঃ মধ্যলো°। ঔষধ বিশেষ। প্রস্তুত প্রণালী—একদ্রোণ জলে দুই হাজার ভল্লাতক (ভেলাফল) সিদ্ধ করিবে, ঐ জল সিকি কমিয়া গেলে তাহা হইতে ভেলাফলগুলি উঠাইয়া রাখিয়া উহাতে এক-

তুলা বা সাড়ে বার সের গুড় দিয়া জ্বাল দিবে এবং ঐ ভেলা-ফলগুলির এক চতুর্থাংশ খণ্ড খণ্ড করিয়া তাহাতে নিক্ষেপ করিবে। ভেলাগুলি ভাল করিয়া সিদ্ধ হইলে তাহাতে ত্রিফলা, ত্রিকটু, যমানী, মুথা ও সৈন্ধব ইহার প্রত্যেক এক কর্ষ পরিমাণ দিবে এবং দারুচিনি, এলাচি, তেজপত্র ও জাফরাণ দিয়া নামাইবে। ইহাকে গুড়ভল্লাতক বলে। বলশালী ব্যক্তির অগ্নিবৃদ্ধি থাকিলে এই ঔষধ সেবন করিতে পারেন, ইহা প্রাতে সেবনীয়। ইহা সেবনে প্লীহোদর, কাস, কৃমিরোগ ও ভগন্দর বিনষ্ট হয়। অর্শরোগীর পক্ষে ইহা একটী প্রধান মহৌষধ। (চক্রদত্ত)

গুড়ভা (স্ত্রী) গুড় ইব ভাতি ভা-ক। শর্করা বিশেষ, যাবনাল শর্করা, মেনা।

গুড়মুড়া (দেশজ) পায়ের গোড়ালী।

গুড়মূল (পুং) গুড়ইব মূলং যস্য বহুব্রী। ১ অল্পমারিষ শাক, চাঁপানটে। (শব্দচ°) ২ ইক্ষু, আক্। (ভাবপ্রকাশ)

গুড়র (ত্রি) গুড়েন নির্ব্বৃত্তঃ গুড় অশ্মাদিত্বাৎ র। (বুঞ্ছণ-কঠ···কুমুদাদিভ্যঃ। পা ৪।২।৮০) গুড় নির্ব্বৃত্ত, যাহা গুড় দ্বারা প্রস্তুত হইয়াছে।

গুড়ল (ক্লী) গুড়ং কারণতয়া লাতি গুড়-লা-ক। ১ গৌড়ী নামক মদিরা, যাহা গুড় হইতে উৎপন্ন হয়। (ত্রি) ২ গুড়োৎপন্ন।

গুড়লিহ্ (ত্রি) গুড়ং লেঢ়ি গুড়-লিহ-ক্বিপ্। যে গুড় লেহন করে। (পা ৮।২।১ কাশিকা°)

গুড়বীজ (পুং) গুড় ইব মধুরং বীজং যস্য বহুব্রী। মসূর।

গুড়শর্করা (স্ত্রী) গুড়জাতা শর্করা। গুড়জাত শর্করা, উত্তম চিনি। (ত্রিকাণ্ড°)

গুড়শিগ্রু (পুং) গুড় ইব মধুরঃ শিগ্রুঃ। রক্তশোভাঞ্জন, লাল সজনে। (শব্দচন্দ্রিকা)

গুড়া (স্ত্রী) গুড়-টাপ্। ১ মুহী। ২ বটিকা, গুটিকা। (মেদিনী) ৩ উশীরী। (রাজনি°) (দেশজ) ৪ চূর্ণ।

গুড়াকা (স্ত্রী) গুড়য়তি সঙ্কোচয়তি দেহেন্দ্রিয়াদীনি যঃ স গুড়ঃ তং আকয়তি প্রকাশয়তি গুড়-আ-কৈ-ক টাপ্। ১ নিদ্রা। (গীতা ১।২৪ শ্রীধর।) ২ আলস্য। (গীতা ১।২৪ মধুসূদন)

গুড়াকেশ (পুং) গুড়া মুহীব কেশা অস্য বহুব্রী। (উজ্জ্বলদত্ত) গুড়াকায়াঃ নিদ্রায়া আলস্যস্যবা ঈশঃ ৬তৎ (শ্রীধরং মধুসূদন।) ১ অর্জুন। "গুড়াকেশঃ অর্জুনঃ।" (উজ্জ্বল।) (ত্রি) ২ জিতনিদ্র, যিনি নিদ্রাকে জয় করিতে পারিয়াছেন। ৩ জিতালস্য, আলস্যশূন্য। (পুং) ৪ শিব। (জটাধর)

গুড়াচল (পুং) গুড়েন নির্ম্মিতোঽচলঃ মধ্যলো°। দানের জন্য গুড়দ্বারা নির্ম্মিত পর্ব্বত। [গুড়পর্ব্বত দেখ।]

গুড়াদি (পুং) পাণিনীয় একটী গণ, সাধু অর্থে ইহার উত্তর ঠঞ্ হয়। গুড়, কুল্মাষ, সক্তু, অপূপ, মাংসৌদন, ইক্ষু, বেণু, সংগ্রাম, সঙ্ঘাত, সংক্রাম, সংবাহ, প্রবাস, নিবাস, উপবাস, ইহাদিগকে গুড়াদি গণ বলে। "গুড়াদিভ্যষ্ঠঞ্।" (পা ৪।৪।১০৩)

গুড়াপূপ (পুং) গুড়েন মিশ্রিতোঽপূপঃ মধ্যলো°। গুড় মিশ্রিত পিষ্টক, গুড়পিঠা।

"গুড়াপূপাঃ প্রায়েণান্নমস্যাং।" (পা ৫।২।৮২ সি° কৌ°)

গুড়াপূপিকা (স্ত্রী) গুড়াপূপাঃ প্রায়েণ অন্নমস্যাং গুড়াপূপ-কন্-টাপ্ অত ইত্বঞ্চ। "তদস্মিন্নন্নং প্রায়েণ সংজ্ঞায়াং।" (পা ৫।২।৮২) পূর্ণিমাতিথিবিশেষ. ইহাতে গুড়পিষ্টক খাইবার বিধি আছে।

গুড়ারিষ্ট (ক্লী) গুড়নির্ম্মিতং অরিষ্টং মধ্যলো°। মদিরা।

গুড়ালা (স্ত্রী) গুড়ং মধুররসং আলাতি বাহুলকাৎ কঃ ততঃ টাপ্। গুণ্ডাসিনী বৃক্ষ। (ভাবপ্রকাশ)

গুড়াশয় (পুং) গুড়ইব মধুর রস আশেতে হস্মিন্ আ-শী আধারে অচ্ ৬তৎ। আখোটবৃক্ষ, আখরোট্। (রাজনি°)

গুড়াশ্মক, পুরাণোক্ত একটী জনপদ।

"ধর্ম্মারণ্যা জ্যোতিষিকা গৌরগ্রীবা গুড়াশ্মকাঃ।"

(মার্কণ্ডেয়পুরাণ ৫৮।৭)

গুড়ি (দেশজ) চূর্ণ, গুড়া।

গুড়িবাড়, দাক্ষিণাত্যের কৃষ্ণা জেলার অন্তর্গত একটী নগর, মুসলীপত্তনের ২০ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। এইখানে তহসীলদারের সদর কাছারী আছে। এই গ্রামের মধ্যস্থলে একটী ভগ্নপ্রায় বৌদ্ধস্তূপ দৃষ্ট হয়। স্থানীয় ইঞ্জিনিয়ার যখন ঐ স্তূপের কতকাংশ ভাঙ্গিয়া ফেলেন, তখন ইহার মধ্যে ৪টী রত্ন-ভাণ্ড পাওয়া গিয়াছিল। গ্রামের পশ্চিম ভাগে একটী জৈন মূর্ত্তি অদ্যাপি বর্ত্তমান আছে। ইহার আরও পশ্চিমে পাহাড়ের উপর একটী বহু প্রাচীন জনপদ ছিল বলিয়া অনুমিত হয়। এই স্থানে মৃত্তিকার নিম্নে অন্ধ্ররাজগণের সময়ের অনেক মুদ্রা, নানা ধাতু, প্রস্তর ও স্ফটিকের শিল্পযুক্ত মালা এবং নানাবিধ পাত্রাদির চিহ্ন পাওয়া গিয়াছে।

এই গ্রামের পশ্চিমে ভীমেশ্বর মন্দিরে দুইখানি শিলাফলক আছে। প্রশস্তিদ্বয়ের একখানি ১১৬৫ শকে ও অপরখানি ১১৫৯ শকে উৎকীর্ণ হইয়াছিল।

২ বিশাখপত্তন জেলার অন্তর্গত একখানি গ্রাম। গ্রামের রাস্তার ধারে দুইখানি শিলাফলক দৃষ্ট হয়। উহার একখানি শ্রীঅনন্তবর্ম্মাদেবের রাজত্ব সময়ে কোন ব্যক্তি কর্ত্তৃক প্রদত্ত, অপরখানি উক্ত রাজার রাজত্ব কালে গুড়িবাড়ের গোকর্ণরাজ কর্ত্তৃক প্রদত্ত হয়।

গুড়িমেটলা, কৃষ্ণা জেলার অন্তর্গত একটী গ্রাম। নন্দী-গ্রামের ৮ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। এখানে পাহাড়ের উপরে একটী ভগ্ন দুর্গ, ভগ্ন মন্দিরাদির প্রাচীর ও মণ্ডপাদির ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়। প্রবাদ আছে যে ১৩২৮ হইতে ১৪২৭ খৃষ্টাব্দের মধ্যে রেড্ডীনায়কগণ ঐ সমস্ত মন্দিরাদি নির্ম্মাণ করেন। কেহ কেহ ইহাকে তুরঙ্গরায়ডু বলিয়া থাকে।

১১৯০ শকে প্রদত্ত কাকতীয় রুদ্রমহারাজ, রাজেন্দ্র চোড়ের পুত্র, ১০৮৬ শকে প্রদত্ত বাস্তনৃপ ও রুদ্রাম্মাদেবীর রাজ্যকালে প্রদত্ত ভিন্ন ভিন্ন শিলাফলক পাওয়া যায়।

গুড়িলো বৃহদাচলম্, বিশাখপত্তন জেলার অন্তর্গত বিমলী-পত্তন তালুকের ৮ মাইল পশ্চিমে অবস্থিত একটী পাহাড়। পাহাড়ের সভাবরম্ রাস্তার এক মাইল দক্ষিণে রঙ্গনাথ-স্বামীর মন্দির ও তাহার নিকটে একখণ্ড প্রস্তরে খোদিত লিপি আছে। এতদ্ব্যতীত মণ্ডপের স্তম্ভে পাহাড়ের ও ঝরণার নিকট আরও কতকগুলি অস্পষ্ট শিলালিপি দেখা যায়। এই স্থানের এক মাইল দূরে ৭০ ফিট গভীর ও ৩০ ফিট বিস্তৃত একটী গুহা আছে।

গুড়িগুড়ি (দেশজ) চূর্ণ বিচূর্ণ।

গুড়ী (দেশজ) একজাতীয় বৃক্ষ।

গুড়ুক তামাক (দেশজ) গুড়যুক্ত তামাক, গুড় মিশাইয়া হুকায় খাইবার জন্য যে তামাক প্রস্তুত করা হয়।

গুড়ুগুড়ায়ন (ত্রি) গুড়ু গুড় ইত্যেবং অয়নং যস্য বহুব্রী। যাহাতে গুড়ু গুড়ু শব্দ হয়, গুড়ুগুড়ধ্বনি।

সুশ্রুতের মতে পেটের পার্শ্বস্থিত শ্লেষ্মা বায়ু বদ্ধ করে, তাহাতে উদর ফুলিয়া গুড়ুগুড় ধ্বনি হইয়া থাকে।

(সুশ্রুত উত্তর ৪২ অঃ)

গুড়িকা (স্ত্রী) গুড়া বর্ত্তুলাকৃতিঃ স্বার্থে কন্ টাপ্ অত ইত্বং। গুটিকা, বৃহৎবটিকা।

"চূর্ণাবলেহগুড়িকা কল্কানামনুপানকম্।
বাতপিত্তকফোদ্রেকে ত্রিদ্যেকফলমাহরেৎ॥" (শার্ঙ্গধর)

গুড়ুচী (স্ত্রী) গুড় বাহুলকাৎ উচট্ ঙীপ্। গুড়ূচী। (দ্বিরূপকোষ)

গুড়ূহ (পুং) [বহু] একটী প্রদেশ।

"রেণুমতী ফল্গুলুকা গুড়ূহাঃ।" (বৃহৎসংহিতা ১৮।২৩)

"গুড়ূহাঃ" স্থানে গুরুহাঃ পাঠও দেখিতে পাওয়া যায়।

গুড়ূচী (স্ত্রী) গুড় বাহুলকাৎ উচট্। যদ্বা গুড়ূচী বাহুলকাৎ উকারস্য উকারাদেশঃ। লতাবিশেষ, চলিত কথায় গুলঞ্চ বলে। (Cocculus cordifolius) স্থানবিশেষে ঘোরকুচ বা ঘোরচ নামেও খ্যাত। পর্য্যায়—বৎসাদনী, ছিন্নরুহা, তন্ত্রিকা, অমৃতা, জীবন্তিকা, সোমবল্লী, বিশল্যা, মধুপর্ণী, গুড়চী, গুড়ূচী, চক্রলক্ষণা, অমৃতবল্লী, জ্বরারি, শ্যামা, বরা, সুকৃতা, মধুপর্ণিকা, ছিন্নোদ্ভবা, অমৃতলতা, রসায়নী, সোমলতিকা, ভিষক্‌প্রিয়া, কুণ্ডলিনী, বয়স্থা, নাগকুমারিকা, ছদ্মিকা, চন্দ্রহাসা, মধুপর্ণী, অমৃতবল্লরী, সুধা, জীবন্তী, সোমা, চক্রলক্ষণিকা, বয়স্যা, মণ্ডলী, দেবনির্ম্মিতা।

ইহার গুণ—কটু, তিক্ত, স্বাদুপাক, রসায়ন, সংগ্রাহী, কষায়, উষ্ণ, লঘু, বলকর, অগ্নিবৃদ্ধিকারক, ত্রিদোষ, আম, তৃষ্ণা, দাহ, মোহ, কাশ, পাণ্ডু, কামলা, কুষ্ঠ, বাতরক্ত, জ্বর, কৃমি ও বমিনাশক। (ভাবপ্রকাশ) রাজবল্লভের মতে ইহার গুণ গুরু, বীর্য্যকর ও ভ্রমনাশক।

ইহার পাতার গুণ—অগ্নিবৃদ্ধিকর, সকল রকমের জ্বর-নাশক, লঘু, কষায়, অপর গুণ লতার সমান। ঘৃতযুক্ত গুড়ূচীর পাতা বাত, গুড়যুক্ত হইলে পিত্ত, এরণ্ডতৈল যোগে উগ্র বাতরক্ত এবং শুণ্ঠীর সহযোগে আমবাত নাশ করে। (রাজবল্লভ)

ভাবপ্রকাশে লিখিত আছে যে রামরাবণের যুদ্ধে রাক্ষসাধিপতি দশাননের নিদারুণ অস্ত্রাঘাতে রামপক্ষীয় অনেক বানরসৈন্য নিহত হয়। রাম মৃত বানরগুলিকে বাঁচাইবার জন্য সুররাজের নিকট প্রার্থনা করেন। সুরপতি নিহত বানরগুলির উপরে অমৃত বর্ষণ করিলে মরা বানরগুলি বাঁচিয়া উঠিল। তাহাদের গায়ের অমৃত গুলি চারিদিকে মাটীতে পড়িয়া গেল। সেই সকল অমৃত বিন্দু হইতে সর্ব্বপ্রথমে গুড়ূচীর উৎপত্তি হয়।

এ দেশের সকল বনেই প্রায় গুড়ূচীলতা দেখিতে পাওয়া যায়। ইহার মূল কাটিয়া দিলেও মরিয়া যায় না। আম ও গাবগাছেই এই লতা অধিক বর্দ্ধিত হইয়া থাকে। এই লতা দুই প্রকার। একপ্রকার লতা কাটিলে তাহার মধ্যে চক্রাকার চিহ্ন দেখিতে পাওয়া যায়। আর এক প্রকারের মধ্যে চক্রাকার কোন চিহ্ন নাই। চক্রাকার চিহ্নযুক্তলতাকে পদ্ম গুড়ূচীও বলিয়া থাকে। এই জাতীয় গুড়ূচী লতা অপেক্ষা কৃত কিছু মোটা। ইহা চল্লিশ পঞ্চাশ হাত লম্বা হইয়া থাকে। ইহার গ্রন্থিস্থান বা ছিন্ন স্থান হইতে লম্বা লম্বা শিকড় বাহির হয়।

য়ুরোপীয় চিকিৎসকদিগের মতে—ইহার গুণ বলকর মূত্রকর ও অল্প জ্বরঘ্ন। ষ্টুয়ার্ট, ক্যাম্বেল প্রভৃতি ডাক্তারের মতে সরিয়াম জ্বরে বিশেষ ফলদায়ক। কিন্তু ডাক্তার ওসফ্‌নেসি তাহা স্বীকার করেন না, তাহার মতে ইহার কাথের বিশেষ গুণ এই যে ইহা শৈত্যনিবারক অথচ উষ্ণ

নহে। পুরাতন উপদংশ রোগে ইহা সালসার ন্যায় ব্যবহার করা যায়। জ্বরাদির পর শরীর দুর্ব্বল হইয়া পড়িলে ইহা ব্যবহার করিলে ক্ষুধা, জীর্ণ ও বল বৃদ্ধি হয়। বাঙ্গালা, আসাম ও ব্রহ্মে এই গাছ জন্মে।

গুড়ূচীঘৃত (ক্লী) গুড়ূচ্যা সহ পক্বং ঘৃতং মধ্যলোং। গুড়ূচীর ক্বাথ ও কল্কের সহিত দুগ্ধযুক্ত ঘৃত পাক করিলে তাহাকে গুড়ূচীঘৃত বলে। ইহা বাত রক্ত ও কুষ্ঠ রোগে বিশেষ উপকারী।

গুড়ূচ্যাদি (পুং) গুড়ূচী আদির্যস্য বহুব্রী। বৈদ্যকশাস্ত্রোক্ত একটী গণ। গুড়ূচী, নিম, ধনে, পদ্মকাষ্ঠ ও চন্দন ইহাদিগকে গুড়ূচ্যাদি বলে। ইহার গুণ—হিক্কা, অরুচি, ছর্দ্দি, পিপাসা ও দাহনাশক। (চক্রদত্ত, সুশ্রুত সূত্রং ৩য় অঃ)

গুড়ূচ্যাদিকষায় (পুং) চক্রদত্তোক্ত পাচনবিশেষ গুড়ূচী, আতইচ্, ধনে, শুঁঠ, বিল্বমুস্তা ও বালা এই সকল দ্রব্য দ্বারা প্রস্তুত পাচনকে গুড়ূচ্যাদি কষায় বলে। এই পাচন শীতল হইলে পান করা বিধেয়। ইহা সেবনে জ্বরাতিসার, হিক্কা, অরুচি, ছর্দ্দি, পিপাসা ও গাত্রদাহ দূর হয়। (চক্রদত্ত)

গুড়ূচ্যাদিক্বাথ (পুং) পাচনবিশেষ। ভাবপ্রকাশে তিন রকম গুড়ূচ্যাদিক্বাথ নিরূপিত হইয়াছে। ১ গুড়চী ও আমলকী সংযুক্ত ক্ষেতপাপড়ার ক্বাথকে এক রকম গুড়ূচ্যাদি ক্বাথ বলে। ইহা সেবনে দাহ, শোষ ও ভ্রান্তি উপসর্গযুক্ত পিত্তজ্বরে বিশেষ উপকার হয়। ২য়, গুড়ূচী, চিরতা, বালা, বেণার মূল, অগুরু, মুথা, তেউড়ী, আমলকী, কিসমিস্, বাসক ও ক্ষেতপাপড়া এই সকল দ্রব্যের ক্বাথকে গুড়ূচ্যাদিক্বাথ বলে। ইহা সেবনে পৈত্তিক জ্বর বিনষ্ট হয়। প্রাতে মধুর সহিত সেবনীয়। ৩য়, গুলঞ্চ, নিমপাতা, ধনে, রক্তচন্দন ও কটকী এই সকল দ্রব্য দ্বারা যে ক্বাথ হয়, তাহাকেও গুড়ূচ্যাদিক্বাথ বলে। ইহা পিত্তশ্লৈষ্মিক জ্বরে সেবনীয়। ইহা সেবনে পিপাসা, দাহ, অরুচি ও বমি নষ্ট হয়। (ভাবপ্রকাশ)

গুড়ের (পুং) গুড়-এরক্। (পতিকটি-কুটিগড়িগুড়ি দংশিভ্য এরক্। উণ্ ১।৫৯) ১ গুড়ক, বর্ত্তুলাকার পদার্থ বিশেষ, গুলী। (উজ্জ্বল) ২ গ্রাস। (হেম)

গুড়েরক (পুং) গুড়ের স্বার্থে কন্। [গুড়ের দেখ।]

গুড়োদ্ভবা (স্ত্রী) গুড় উদ্ভবোঽস্যাঃ বহুব্রী। ১ শর্করা। (রাজনি॰) (ত্রি) ২ যাহা গুড় হইতে উৎপন্ন।

গুড়োদ্ভূতা (স্ত্রী) গুড়াৎ উদ্ভূতা ৫তৎ। শর্করা।

গুড়্‌গুড়াপুর, দাক্ষিণাত্যের ধারবার প্রদেশের অন্তর্গত রাণীবেন্নুর উপবিভাগের ৮ মাইল উত্তরে পাহাড়ের উপরিস্থ একখানি গ্রাম। এখানে কৃষ্ণমসৃণ পাথরে নির্ম্মিত মল্লারিদেবের মন্দির আছে। মন্দিরের বাহিরের দেয়ালে নানাবিধ দেবদেবীর মূর্ত্তি খোদিত। এই মন্দিরের চারিপার্শ্বে আরও কতকগুলি দেবগৃহ দেখা যায়। দেবের সেবার ব্যয়ের জন্য গবর্মেণ্ট বাৎসরিক ৩৩৪৲ টাকা আয়ের একটী ভূসম্পত্তি দিয়াছেন ও নগদ ১০৲ টাকা দান করেন। এতদ্ভিন্ন আশ্বিন মাসে দশেরার সময় মল্লাসুরহন্তা ভৈরবের উদ্দেশে যে মেলা হয়, তাহাতেও তীর্থযাত্রীদিগের নিকট হইতে অনেক টাকা পাওয়া যায়। এই মন্দিরের নিকট বেশ্যা বাস করিতে পারে না। কেবলমাত্র পুত্রকামা অথবা অপর কোন কারণে স্ত্রীলোক যাইয়া মেলার দিন মল্লারিদেবীর উপাসনা করিয়া থাকে।

স্থানীয় প্রবাদ এইরূপ যে মল্লারিদেব ভৈরব অংশে জন্ম গ্রহণ করেন এবং নিজের ১০ হাত লম্বা ধনুক লইয়া এই গ্রামে মল্লাসুরকে নিহত করেন। তদবধি ঐ গ্রামের লোকেরা তাঁহাকে মল্লারিদেব রূপে পূজা করিয়া থাকেন। ঐ ধনুক অদ্যাপি রক্ষিত আছে, তাহারও প্রত্যহ পূজা হইয়া থাকে। মল্লারি দেবরূপে অভিহিত হইলে তাঁহার শীকারসঙ্গী কুকুরেরাও মনুষ্যাকারে পরিবর্ত্তিত হইয়া বাগ্যা ও গোরবক্ক নাম ধারণ করিয়াছে। এই বাগ্যাদিগের উৎসাহে ও বিশেষ যত্নে উক্ত মেলা হয়। [মল্লারি দেখ।]

গুড়্‌গুড়ি, ধারবার প্রদেশের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এখানে কল্লাপের মন্দির এবং ঐ মন্দিরের গাত্রে ১০৩৮ ও ১০৭২ খৃষ্টাব্দে প্রদত্ত দুইখানি প্রশস্তি খোদিত আছে।

গুড়্‌গুড়ি (দেশজ) ১ তামাক খাইবার একপ্রকার নল। ২ পক্ষী বিশেষ।

গুণ (পুং) গুণ ভাবে কর্ত্তরি বা অচ্। ১ ধনুকের আকর্ষণ রজ্জু, ছিলা।

"কনকপিঙ্গতড়িদ্‌গুণসংযুতম্" (রঘু ৮।৫৪)

পর্য্যায়—মৌর্ব্বী, জ্যা, শিঞ্জিনী, শিঞ্জ্যা, জ্যাবা, পত্রঞ্চিকা, জীবা। ২ রজ্জু।

"গুণবন্তোঽপি সীদন্তি ন গুণগ্রাহকো যদি।
স গুণোঽপি পূর্ণকুম্ভো যথাকূপে নিমজ্জতি।" (উদ্ভট)

৩ শৌর্য্যাদি ধর্ম্ম। ৪ ষট্‌প্রকার রাজনীতি। সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ ও আশ্রয় ইহাদিগকে গুণ বলে।

"সন্ধিঞ্চ বিগ্রহঞ্চৈব যানমাসনমেবচ।
দ্বৈধীভাবং সংশ্রয়ঞ্চ ষড়্‌গুণাংশ্চিন্তয়েৎ সদা।" (মনু ৭।১৬০)

৫ সূত্র। "কাঞ্চী গুণ ইব পতিতঃ।" (আর্য্যাসপ্ত॰ ৩৬৯)

৬ জ্ঞানবিদ্যাদি।

"গুণা গুণানুবন্ধিত্বাৎ তস্য সপ্রসবা ইব।" (রঘু ১ সং)

৭ যে ধর্ম্ম থাকাতে লোক প্রশংসনীয় হয়। যথা—দয়া, দাক্ষিণ্য, ধৈর্য্য, গাম্ভীর্য্য, ঔদার্য্য, সাহস ও পরাক্রম প্রভৃতি।

৮ সাঙ্খ্যমতসিদ্ধ পদার্থবিশেষ। "গুণ" শব্দে আপাততঃ দ্রব্যের ধর্ম্ম রূপ-রস প্রভৃতিই বুঝাইয়া থাকে, কিন্তু সাংখ্যের গুণ সেরূপ নহে, ইহা এক প্রকার দ্রব্য এবং ইহারও কতকগুলি ধর্ম্ম আছে। বিজ্ঞানভিক্ষু বলেন যে, পুরুষ বা আত্মারূপ পশুর বন্ধনের কারণ মহত্তত্ত্ব বা বুদ্ধিরূপ রজ্জু যাহাতে নির্ম্মিত হয়, তাহাকেই সাঙ্খ্যপ্রণেতা কপিল গুণ শব্দে উল্লেখ করিয়াছেন (১)। এই গুণ হইতেই সকল পদার্থ উৎপন্ন হয়, এই কারণেই সমস্ত জন্য পদার্থকে ত্রিগুণাত্মক বলিয়া থাকে। এই গুণ তিন প্রকার—সত্ব, রজঃ ও তমঃ। সুখ, লঘুতা ও প্রকাশ প্রভৃতি যাহার ধর্ম্ম, তাহাকে সত্ব, দুঃখ উপষ্টম্ভ ও চাঞ্চল্যযুক্তকে রজঃ এবং বিষাদ, গুরুত্ব ও আবরকত্ব প্রভৃতি যাহাতে আছে সেই গুণকে তমঃ নামে উল্লেখ করা হয়। ইহাদের এক এক জাতীয় অনন্ত গুণ আছে। সত্বজাতীয় অর্থাৎ যাহাতে সত্বগুণের ধর্ম্ম আছে তাহাকে সত্ব, রজো জাতীয় সকল গুণকেই রজঃ এবং তমোজাতীয় সকল গুণকে তমঃ বলা হয়। এই জাতি লইয়া তিনটী গুণ স্বীকার করা হয়। বাস্তবিক পক্ষে গুণ কেবল মাত্র তিনটী নহে, এক এক জাতীয় অনেক গুণ আছে। বিজ্ঞানভিক্ষুর মতে আকাশের কারণ যে গুণ তাহা ব্যতীত অপর সকল গুণই অণুপরিমাণ। এই গুণের কখনও বিনাশ নাই। ইহা সমস্ত পদার্থরূপে পরিণত হয়। নৈয়ায়িক বা বৈশেষিকগণ ভৌতিক পরমাণুকে নিরয়ব নিত্য বলিয়া কল্পনা করেন। তাহাদের মতে পরমাণুই চরমদ্রব্য, তাহা হইতে সমস্ত জন্য দ্রব্য উৎপন্ন হয়, কিন্তু পরমাণু কোন পদার্থ হইতে উৎপন্ন নহে। সাঙ্খ্যপ্রণেতা এই মতটীকে যুক্তি ও প্রমাণ বলে খণ্ডন করিয়া পরমাণুর উপাদানকারণ বা অবয়ব তন্মাত্র, তন্মাত্রের উপাদান কারণ অহঙ্কার, অহঙ্কারের উপাদানকারণ মহত্তত্ত্ব এবং তাহার উপাদানকারণ সত্ব রজঃ ও তমোগুণ ইহা স্থির করিয়াছেন। ইহাদের অবয়ব বা উপাদানকারণ নাই। ইহারা নিত্য। এই গুণ সকল পরস্পর পরস্পরের সহচারী, পরিণামশীল ও এক জাতীয় গুণ অপর জাতীয় গুণকে অভিভব করিয়া থাকে।

(১) "সত্বাদীনি ন বৈশেষিকাগুণাঃ সংযোগবিভাগবত্ত্বাৎ.....তেষত্র শাস্ত্রে শ্রুত্যাদৌচ গুণশব্দঃ পুরুষোপকরণত্বাৎ পুরুষপশুবন্ধকত্রিগুণাত্মক মহদাদিরজ্জুনির্ম্মাতৃত্বাচ্চ প্রযুজ্যতে।" (সাঙ্খ্য ১।৬১ ভাষ্য)

ভগবদ্গীতার মতে—সত্বগুণ নির্ম্মল কলুষাদিরহিত; জ্ঞান (বৃত্তি) সুখ ও প্রকাশকত্ব ইহার ধর্ম্ম। তৃষ্ণা, আসক্তি ও রঞ্জকত্ব রজোগুণের ধর্ম্ম এবং মোহ, প্রমাদ, আলস্য ও নিদ্রা তমোগুণের ধর্ম্ম। একটী গুণ অপর গুণকে আবরণ করিয়া স্বীয় কার্য্য করিয়া থাকে। (গীতা ১৪ অঃ)

এই গুণ যখন অপরিণত বা অকার্য্যাবস্থায় থাকে, তখন ইহার কোন ধর্ম্মই উপলব্ধি হয় না, কিন্তু মহত্তত্ত্ব প্রভৃতি কার্য্য দ্রব্য রূপে পরিণত হইলে ইহাদের পৃথক্ পৃথক্ ধর্ম্ম অনুভব করা যাইতে পারে। পরিণামতারতম্যে যাহাতে যে গুণের আধিক্য থাকে, তাহাতেই সেই গুণের ধর্ম্ম প্রকাশ পায়।

গুণের সর্ব্বপ্রথম পরিণাম মহত্তত্ত্ব বা বুদ্ধি, ইহাতেই গুণের পৃথক্ পৃথক্ ধর্ম্মের বিশেষ পরিচয় পাওয়া যায়। গীতার মতে মহত্তত্ত্ব বা বুদ্ধির সত্বগুণের আধিক্য হইলে জ্ঞানের নিরতিশয় বৃদ্ধি পাইয়া থাকে। বুদ্ধির সত্বগুণের আধিক্য হইলে আয়ুষ্কর, বলকর, সুখকর, প্রীতিবর্দ্ধক, রসযুক্ত ও স্নিগ্ধ আহার করিতে প্রবৃত্তি হয়। এইরূপ রজোগুণের আধিক্যে লোভ, প্রবৃত্তি, কার্য্যের উদ্যোগ, সর্ব্বদাই কার্য্য করিতে নিরতিশয় আগ্রহ ও স্পৃহা হয় এবং কটু, অম্লরস, লবণ অতিশয় উষ্ণ, তীক্ষ্ণ রুক্ষ এবং দুঃখশোক ও রোগজনক দ্রব্য আহার করিতে ইচ্ছা জন্মে। তমোগুণ বর্দ্ধিত হইলে জ্ঞানের অল্পতা বা অভাব, কার্য্যে অপ্রবৃত্তি, অনবধাবনতা ও মোহ হইয়া থাকে এবং রসহীন, দুর্গন্ধযুক্ত, পর্য্যুসিত ও উচ্ছিষ্ট দ্রব্য আহার করিতে অভিলাষ হয়।

ভাবপ্রকাশে লিখিত আছে যে ধর্ম্ম, মুক্তি ও পরলোকাদিতে বিশ্বাস সদসৎ বিবেচনা করিয়া ভোজন, ক্রোধহীনতা, সত্যবাক্যপ্রয়োগ, মেধা, বুদ্ধি, ভূতপ্রেত, কাম, ক্রোধ ও লোভাদির আবেশের অভাব, ক্ষমা, দয়া, বিবেকজ্ঞান, পটুতা, অনিন্দিত কর্ম্মের অনুষ্ঠান, স্পৃহার অভাব, বিনয় এবং যত্নের সহিত ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান এই সকল বর্দ্ধিত মানসিক সত্বগুণের ধর্ম্ম। ক্রোধ, তাড়নশীলতা, নিরতিশয় দুঃখ, অত্যন্ত সুখেচ্ছা, কপটতা, কামুকতা, মিথ্যাবাক্যপ্রয়োগ, অধীরতা, গর্ব্ব, ঐশ্বর্য্য, মত্ততা, অধিক আনন্দ ও ভ্রমণ এই সকল মানসিক রজোগুণের ধর্ম্ম। এবং নাস্তিকতা অতিশয় বিষণ্ণভাব, অধিক আলস্য, দুষ্টবুদ্ধি, নিন্দিত কর্ম্মানুষ্ঠানে উৎপন্ন সুখে প্রীতি, সকল সময়ে নিদ্রা, সকল বিষয়ে জ্ঞানের অল্পতা, সর্ব্বদা ক্রোধান্ধতা এবং মূর্খতা এই সমস্ত মানসিক বর্দ্ধিত তমোগুণের ধর্ম্ম [সত্ব, রজঃ ও তমঃ শব্দে ইহার বিশেষ বিবরণ দ্রষ্টব্য।] ৯ অপ্রধান।

"ষষ্ঠীং কুর্য্যাৎ তদাগুণে" (ভর্তৃহরি)

৯ নৈয়ায়িক ও বৈশেষিকমতসিদ্ধ দ্রব্যাশ্রিত পদার্থ বিশেষ। বৈশেষিক-উপস্কারপ্রণেতা এইরূপ গুণের লক্ষণ করিয়াছেন—"সামান্যবত্বে সতি কর্ম্মান্যত্বে চ সতি অগুণবত্ত্বং।" কর্ম্ম ভিন্ন জাতিবিশিষ্ট পদার্থের নাম গুণ।

সূত্রকার আর এক প্রকার লক্ষণ করিয়াছেন। "দ্রব্যাশ্রয্যগুণবান্ সংযোগবিভাগেষ্বকারণমনপেক্ষ ইতি গুণলক্ষণং।" (বৈশেষিক সূ° ১। ৮) সংযোগ ও বিভাগের প্রতি অন্যের অপেক্ষা না করিয়া যে পদার্থ কারণ হয় না এবং গুণশূন্য, দ্রব্যই যাহার আশ্রয় তাহার নাম গুণ।

মুক্তাবলীকারের মতে "সমবায়িকারণাবৃত্তিনিত্যবৃত্তিসত্তাসাক্ষাদ্ব্যাপ্য জাতিমত্ত্বং গুণত্বং"। সমবায়িকারণে যাহার বৃত্তি নাই, অথচ নিত্য পদার্থে বৃত্তি আছে এবং সত্তার সাক্ষাদ্ব্যাপ্য এইরূপ জাতিবিশিষ্ট পদার্থকে গুণ বলে। ইহা ছাড়া মুক্তাবলীকার আরও কতকগুলি গুণের লক্ষণ করিয়াছেন। বৈশেষিকসূত্রপ্রণেতা কণাদ কেবলমাত্র ১৭টী গুণেরই উল্লেখ করিয়াছেন যথা "রূপরসগন্ধস্পর্শাঃ সংখ্যাঃ পরিমাণানি পৃথক্ত্বং সংযোগবিভাগৌ পরত্বাপরত্বে বুদ্ধয়ঃ সুখদুঃখে ইচ্ছাদ্বেষৌ প্রযত্নাশ্চগুণাঃ।" (বৈশেষিক ১। ৭) কিন্তু উপস্কারপ্রণেতা ঐ সূত্রের চকারটীদ্বারা সাতটী গুণের পূরণ করিয়া চতুর্বিংশতিটী গুণ স্বীকার করেন এবং তদনুসারে ভাষাপরিচ্ছেদপ্রণেতাও চব্বিশটী গুণেরই উল্লেখ করিয়াছেন। নৈয়ায়িকগণও এই পক্ষ সমর্থন করিয়া আসিতেছেন। অতএব নৈয়ায়িক বা বৈশেষিকগণের মতে গুণ চব্বিশটী। যথা রূপ, রস, গন্ধ, স্পর্শ, সংখ্যা, পরিমাণ, পৃথক্ত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, জ্ঞান, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, গুরুতা, দ্রবত্ব, স্নেহ, সংস্কার, ধর্ম্ম, অধর্ম্ম ও শব্দ। এই সকল গুণ অনুসারেই দ্রব্যের বিভাগ বা পৃথক্ করা হয়। নৈয়ায়িকগণ কতকগুলি দ্রব্যকে মূর্ত্ত নামে এবং কতকগুলিকে অমূর্ত্ত বলিয়া উল্লেখ করেন। তাঁহাদের মতে আকাশ ও আত্মাব্যতীত অপর সাতটী দ্রব্যই মূর্ত্ত। পূর্ব্বকথিত চতুর্বিংশতি গুণের মধ্যে রূপ, রস, স্পর্শ, গন্ধ, পরত্ব, অপরত্ব, দ্রব, গুরুতা, স্নেহ ও বেগ (সংস্কারবিশেষ) এই কয়টী গুণ কেবল মূর্ত্ত অর্থাৎ আকাশ ও আত্মা ভিন্ন অপর দ্রব্যের ধর্ম্ম। ধর্ম্ম, অধর্ম্ম, ভাবনা (সংস্কারবিশেষ), শব্দ, বুদ্ধি, জ্ঞান সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ ও যত্ন এই কয়টী অমূর্ত্ত দ্রব্যের ধর্ম্ম। [কোন দ্রব্যে কোন গুণ আছে তাহা তৎ তৎ শব্দে দ্রষ্টব্য।]

সাঙ্খ্যাচার্য্য ও বৈদান্তিকগণের মতে পূর্ব্বপ্রদর্শিত চতুর্বিংশতি গুণ দ্রব্য হইতে ভিন্ন নহে। তাঁহারা ধর্ম্ম ও ধর্ম্মির অভেদ স্বীকার করিয়া উহাদিগকে দ্রব্যস্বরূপ বলিয়া নির্ণয় করিয়াছেন।

১০ বৈয়াকরণ মতে ই ঈ স্থানে একার; উ ঊ স্থানে ওকার, ঋ ৠ স্থানে অর্ এবং ঌ ৡ স্থানে অল্ আদেশ হইলে তাহাকে গুণ বলে।

"তাত! বাগ্ভট! মারোদীঃ কর্ম্মণোগতিরীদৃশী।
দুষধাতো রিবাস্মাকং দোষসম্পত্তয়ে গুণঃ॥" উদ্ভট।

১১ আলঙ্কারিক মতে অঙ্গীভূতরসের উৎকর্ষহেতু মাধুর্য্য প্রভৃতি ধর্ম্মকে গুণ বলে। রসে গুণের স্থিতি নিতান্তই আবশ্যক।

"যে রসস্যাঙ্গিনো ধর্ম্মাঃ শৌর্য্যাদয়ইবাত্মনঃ।
উৎকর্ষহেতবস্তেস্যুরচলস্থিতয়ো গুণাঃ॥" (কাব্যপ্রকাশ)

সাহিত্যদর্পণের মতে গুণ তিনপ্রকার—মাধুর্য্য, ওজঃ ও প্রসাদ। [ইহাদের লক্ষণ তৎতৎ শব্দে দ্রষ্টব্য।] দণ্ডীর মতে এই গুণ দশপ্রকার—শ্লেষ, প্রসাদ, সমতা, মাধুর্য্য, উদারতা, অর্থব্যক্তি, সৌকুমার্য্য, ওজঃ, কান্তি ও সমাধি। বৈদর্ভী রীতিতে এই দশটী গুণের স্থিতি নিতান্ত আবশ্যক।

"শ্লেষপ্রসাদসমতামাধুর্য্যং সৌকুমারতা।
অর্থব্যক্তিরুদারত্বমোজঃ কান্তি সমাধয়ঃ॥
ইতি বৈদর্ভমার্গস্য প্রাণা দশ গুণাঃ স্মৃতাঃ।" (কাব্যা° ১পরি°)

১২ আবৃত্তি।

"বিধি যজ্ঞাজ্জপযজ্ঞো বিশিষ্টোদশভির্গুণৈঃ।" (মনু)

১৩ উৎকর্ষ। ১৪ বিশেষণ।

"ক্রিয়াপ্রধানমেকার্থং সগুণং বাক্যমুচ্যতে॥" (হরিবংশ)

১৫ পাণিনিভাষ্যের মতে দ্রব্য ভিন্ন যে সকল পদার্থ দ্রব্যকে আশ্রয় করিয়া অবস্থান করে, আবার কখন কখন তাহা হইতে নিবৃত্ত হয়, যাহাদিগকে ভিন্ন জাতীয় পদার্থে দেখিতে পাওয়া এবং নিত্যানিত্য ভেদে দুইপ্রকার তাহাদিগকে গুণ বলে, যথা ঘটাদিরূপ এবং আকাশাদির পরিমাণ ইত্যাদি।

"সত্ত্বে নিবিশতেঽপৈতি পৃথগ্জাতিষু দৃশ্যতে।
আধেয়শ্চাক্রিয়াজশ্চ সোঽসত্ত্বপ্রকৃতির্গুণঃ॥" (মহাভাষ্য ৪।১।৪৪)

১৬ দেশ ও কালজ্ঞত্ব প্রভৃতি চৌদ্দটী ধর্ম্ম। যথা—দেশ, কালজ্ঞতা, দৃঢ়তা, সর্ব্বক্লেশসহিষ্ণুতা, সর্ব্ববিজ্ঞানতা, দক্ষতা, ওজস্বিতা, মন্ত্রগোপন, অসংবাদিতা, শৌর্য্য, শক্তিজ্ঞতা, কৃতজ্ঞতা, শরণাগতবাৎসল্য, অক্রোধনস্বভাব ও অচঞ্চলতা, শাস্ত্রকারগণ ইহাদিগকে গুণ বলিয়া উল্লেখ করিয়াছেন।

১৭ ভগবদ্গীতার মতে সকল প্রাণীর প্রতি দয়া, ক্ষমা,

অনসূয়া, শৌচ, অনায়াস, মঙ্গল, অকৃপণতা ও অস্পৃহা এই আটটী ধর্ম্মকে গুণ বলে। ১৮ স্নেহ। ১৯ ইন্দ্রিয়। ২০ ত্যাগ। ২১ বটী। (মেদিনী) ২২ দোষভিন্ন ধর্ম্ম। ২৩ মুক্তিসাধন-বিবেক, বৈরাগ্য ও শুশ্রূষা প্রভৃতি।

"প্রক্ষীণদোষায় গুণান্বিতায়।" (বেদান্তসা°)

২৪ অঙ্গ প্রধানের নির্ব্বাহক।

"গুণানাঞ্চ পরার্থত্বাদসম্বন্ধঃ সমত্বাৎ স্যাৎ।" (জৈমিনি সূ°)

২৫ সাদৃশ্য প্রভৃতি বস্তু ধর্ম্ম।

"লক্ষ্যমাণ গুণৈর্যোগাদ্ বৃত্তেরিষ্টাতু গৌণতা।" (কাব্যপ্র°)

২৬ যে কোন বস্তু ধর্ম্ম।

"গুণঃ প্রধান সংস্কারঃ প্রধানং প্রতিপদ্যতে।" (কাব্যপ্র°)

২৭ বর্ণোৎপত্তির অনন্তরজাত বিবারাদি বাহ্যপ্রযত্ন।

"বর্ণাভিব্যক্ত্যনন্তরভাবিনস্তু আন্তরতম্য পরীক্ষোপযুক্তাঃ কণ্ঠবিবরবিকাশাদে রাস্যবহির্ভাগাবচ্ছিন্নস্য কার্য্যস্য জনকা যত্না গুণশব্দেনোচ্যন্তে।" (শব্দেন্দুশেখর)

২৮ সুশ্রুতোক্ত অষ্টবিধ বীর্য্য। উষ্ণ, শীত, স্নিগ্ধ, রূক্ষ, বিশদ, পিচ্ছিল, মৃদু ও তীক্ষ্ণ এই আটপ্রকার বীর্য্যকে গুণ বলে। ইহারা সকলই দ্রব্য অবলম্বন করিয়া অবস্থান করে। (সুশ্রুত) ২৯ গণিত।

"আহারো দ্বিগুণঃ স্ত্রীণাং বুদ্ধিস্তাসাং চতুর্গুণঃ।" (চাণক্য°)

৩০ ভীমসেন। ৩১ তন্ত্র। ৩২ ব্যঞ্জন।

"গুণাংশ্চ সূপাকাদীন্ পয়োদধিঘৃতং মধু।" (মনু ৩। ২২৬)

৩৪ গণিতবিশেষ। [গুণাঙ্ক দেখ।] ৩৫ ত্রিত্বসংখ্যা। ৩৬ যোগেশ্বরীভক্ত পদ্মাক্ষমুনিকুলজ একজন রাজা, পদ্মরাজের পুত্র। (সহ্যাদ্রিখণ্ড ১। ৩১। ২)

গুণক (পুং) গুণয়তি আবর্ত্তয়তি গুণ-ধুল্। ১ পূরকাঙ্কবিশেষ, যে অঙ্ক দ্বারা গুণ বা পূরণ করা হয়, তাহাকে গুণক বলে।

"গুণ্যান্ত্যমমঙ্ককং গুণকেন হন্যাৎ।" (লীলাবতী)

গুণএব গুণ স্বার্থে কন্। ২ গুণ।

গুণকথন (ক্লী) গুণস্য কথনং ৬তৎ। ১ গুণবর্ণন।

২ বিরহে কাম কৃত দশটী অবস্থার চতুর্থ অবস্থা।

"অভিলাষশ্চিন্তাস্মৃতি গুণকথনোদ্বেগ সংলাপাশ্চ।" (সাহিত্যদ°)

রসমঞ্জরীতে "গুণকথন" স্থলে "গুণকীর্ত্তন" পাঠদৃষ্ট হয়। তাহার মতে বিরহকালে নায়ক অথবা নায়িকার আগ্রহ সহকারে বারবার গুণ প্রশংসা করিলে তাহাকে গুণকীর্ত্তন বলে। উদাহরণ যথা—

"সংস্পর্শঃ স্তনসংস্পর্শো বীক্ষণং রত্নবীক্ষণম্।
তস্যাঃ কেলিকলালাপসময়ঃ সময়ঃ সখে॥" (রসমঞ্জরী)

গুণকরী (স্ত্রী) [গোণ্ডকিরী দেখ।]

গুণকর্ম্মন্ (ক্লী) গুণঃ গুণীভূতং কর্ম্ম কর্ম্মধা। ১ অপ্রধান গৌণ কর্ম্ম। দ্বিকর্ম্মক ধাতুর অর্থের সহিত যে কর্ম্মের সাক্ষাৎ সম্বন্ধ নাই, কিন্তু তাহার ঘটক অর্থাৎ অপ্রধানীভূত ক্রিয়ার সহিত সম্বন্ধ থাকায় কর্ম্ম হইয়াছে, তাহাকে বৈয়াকরণেরা গুণকর্ম্ম বলিয়া থাকেন।

"গুণকর্ম্মণি বেষ্টতে।" (পা ২। ৩। ৬৫। বার্ত্তিক)

গুণানাং কর্ম্ম ৬তৎ। ২ সত্ত্ব রজ ও তমোগুণের কর্ম্ম।

গুণকামদেব, নেপালের একজন রাজা। বৌদ্ধপার্ব্বতীয়-বংশাবলীর মতে ইনি মানদেববর্ম্মার পুত্র ও ৩৫ বর্ষমাত্র রাজত্ব করেন। নেপালের স্বয়ম্ভুপুরাণে লিখিত আছে এক সময়ে নেপালে সাতবর্ষ ধরিয়া অনাবৃষ্টি হয়, তাহাতে রাজ্যে দারুণ দুর্ভিক্ষ ঘটে। অনাহারে অনেক লোক মরিতে লাগিল। এই সময়ে গুণকাম নেপালের রাজা, তাঁহার অনুরোধে শান্তিকর একটী অষ্টদল পদ্ম লইয়া অষ্টনাগের মন্ত্র পাঠ করিতে লাগিলেন। অষ্টনাগ প্রীত হইয়া প্রচুর বৃষ্টি করিলেন। শান্তিকর অষ্টনাগের রক্ত লইয়া অষ্টদল পদ্মে চিত্রিত করিয়া এক স্থানে স্থাপন করিলেন। যে খানে স্থাপিত হয়, তাহাই নাগপুর নামে খ্যাত হইল।

পার্ব্বতীয়বংশাবলীর মতে গুণকামের পুত্রের নাম শিব-দেব ও পৌত্রের নাম নরেন্দ্রদেব। কিন্তু স্বয়ম্ভুপুরাণের মতে গুণকাম বৃদ্ধবয়সে নিজ পুত্র নরেন্দ্রকে রাজ্য প্রদান-পূর্ব্বক সংসার পরিত্যাগ করেন। স্বয়ম্ভু ও শান্তিকরের অনুগ্রহে রাজা গুণকাম দেহান্তে সুখাবতী ধাম প্রাপ্ত হন। (স্বয়ম্ভুপুং ৮ম অঃ।)

গুণকারণ্ডব্যূহ (পুং) একখানি সংস্কৃত বৌদ্ধগ্রন্থ, শ্লোক সংখ্যা ৪৭৫০। বুদ্ধগয়ার বোধিমণ্ডে জিনশ্রী জয়শ্রীকে ইহার কথা প্রকাশ করেন। প্রথমে উপগুপ্ত অশোকের নিকটে প্রকাশ করিয়া ছিলেন। এই গ্রন্থে বুদ্ধ, ধর্ম্ম ও সঙ্ঘের বিষয় এবং অবলোকিতেশ্বর বোধিসত্ত্বের লীলা ও মাহাত্ম্য বিস্তৃত ভাবে বর্ণিত আছে।

গুণকার (ত্রি) গুণং ব্যঞ্জনং পাকজনিতরসবিশেষরূপং গুণং বা করোতি গুণ-কৃ-অণ্। ১ সূপকার। (পুং) ২ ভীমসেন। পাণ্ডবগণের অজ্ঞাতবাসকালে ভীম বিরাট রাজধানীতে সূপকারের কার্য্য করিয়াছিলেন বলিয়া তাহার এই নাম হইয়াছে। (ত্রি) ৩ যিনি কেবল দেশী মতানুসারে স্বরাত্মক ও ক্রিয়াসিদ্ধ তৌর্য্যত্রিকে ব্যুৎপত্তিলাভ এবং মার্গমতানুযায়ী সঙ্গীত যৎকিঞ্চিৎ জানেন, তাহাকে গুণকার বলে। (সঙ্গীতরত্না°)

গুণকিরী (স্ত্রী) রাগিণীবিশেষ, ওড়ব ঋ ধ বর্জ্জিত। ইহার

গ্রহাংশাদি "নি"; মতান্তরে "সা"ও হইয়া থাকে। এই রাগিণী ভৈরবরাগাশ্রিত।

যথা—নি স ০ গ ম প ০ নি।
সা ০ গ ম প ০ নি স॥

কোন মতে ইহারই অপর নাম গুণকেলী।

গুণকেলী (স্ত্রী) গুজ্জরী ও মালব যোগে উৎপন্ন ভৈরব-রাগের পত্নী। মতান্তরে মালকোষের পত্নী, আসাবরী, দেশকার, গুজ্জরী, দেশ, তোড়ি ও ললিতযোগে উৎপন্ন। কোন মতে গুড়ব ও কোন মতে খাড়ব। যথা—

"নি সা ঋ গ ম প ধ ০।
সা ংরি গ ম ০ ০ নি"—(রা-বি)
"নি সা ০ গ ম প ০।" (মৃ খাঁ বাং সঙ্গীতর°)

গুণকেশী (স্ত্রী) ইন্দ্রের সারথি মাতলির কন্যা, সুধর্ম্মার জননী। ভোগবতী নগরীর অধিপতি আর্য্যক নাগের পৌত্র ও চিকুরনাগের পুত্র সুমুখের সহিত ইহার বিবাহ হয়।

(ভারত উদ্যোগ ১০৪ অঃ)

গুণগর্ত্ত, নেপালস্থ শান্তিপুরের পূর্ব্বে অবস্থিত শান্তিকর-প্রতিষ্ঠিত একযোজন বিস্তৃত একটী গুহা। (নেপালী বৌদ্ধ-দিগের) ইহা অতিশয় পুণ্যস্থান। (স্বয়ম্ভূপুরাণ)

গুণগান (ক্লী) গুণস্য গানং ৬তৎ। গুণকীর্ত্তন।

গুণগাঙ্কবিজয়াদিত্য, একজন প্রাচ্য চালুক্যরাজ, ৫ম কলি-বিষ্ণুবর্দ্ধনের পুত্র। ইনি ৭৬৫ শক হইতে ৮০৯ শক পর্য্যন্ত ৪৪ বর্ষরাজত্ব করেন।

গুণগৃহ্য (ত্রি) গ্রহ-পক্ষার্থে ক্যপ্ গুণস্য গৃহ্যাঃ ৬তৎ। গুণ-পক্ষপাতী।

গুণগৌরী (স্ত্রী) গুণৈ গৌরী শুদ্ধা ৩তৎ। ১ যে স্ত্রী সমস্ত গুণে পবিত্রা। গুণৈ গৌরীব। ২ যে স্ত্রী সমস্ত গুণে পার্ব্বতীর সমান।

"অনৃতগিরং গুণগৌরি মা কৃথা মাং।" (মাঘ)

গুণগ্রাম (পুং) গুণানাং গ্রামঃ ৬তৎ। গুণের সমূহ।

গুণগ্রহণ (ক্লী) গুণস্য গ্রহণং জ্ঞানং ৬তৎ। গুণবান্ ব্যক্তির গুণ গ্রহণপূর্ব্বক অনুরূপ সমাদর করিয়া গুণ বুঝা।

গুণগ্রাহক (ত্রি) গুণস্য গ্রাহকঃ ৬তৎ। ১ যে গুণ গ্রহণ করেন, গুণগ্রাহী। ২ যে রজ্জু ধারণ করে।

"গুণবন্তোঽপি সীদন্তি ন গুণগ্রাহকো যদি।" (উদ্ভট)

গুণগ্রাহিতা (স্ত্রী) গুণগ্রাহিণো ভাবঃ গুণগ্রাহিন্ তল্। গুণ-জ্ঞতা, গুণপ্রিয়তা।

গুণগ্রাহিন্ (ত্রি) গুণং গৃহ্লাতি গুণ-গ্রহ-ণিনি। যে গুণ গ্রহণ করিতে পারে, গুণজ্ঞ।

গুণঘাতিন্ (ত্রি) গুণং হন্তি গুণ-হন্-ণিনি। গুণনাশক, যে সমস্ত গুণ বিনষ্ট করে।

গুণচন্দ্র (পুং) একজন সংস্কৃত গ্রন্থকার। দেবসূরির শিষ্য। ইনি তত্ত্বপ্রকাশিকা নামে হৈমবিভ্রমসূত্রটীকা প্রণয়ন করেন।

গুণজ্ঞ (ত্রি) গুণং জানাতি গুণ-জ্ঞা-ক। গুণবেত্তা, যে গুণ গ্রহণ করিতে পারে, গুণগ্রাহী।

গুণটানা (দেশজ) নৌকা চালাইবার জন্য নৌকায় একগাছি রজ্জু বাঁধিয়া আকর্ষণ।

গুণতা (স্ত্রী) গুণস্য ভাবঃ গুণ তল্। ১ গুণত্ব, গুণের ধর্ম্ম। ২ দ্রব্যজ্ঞানের অধীন জ্ঞান।

"দ্রব্যাকৃতিত্বং গুণতা ব্যক্তি সংস্থাত্বমেবচ।"(ভাগবত ৩।২৬।৩৭)
'গুণতা দ্রব্যোপসর্জনতয়া প্রতীতিঃ।' শ্রীধর।

৩ অধীনতা।

গুণত্ব (ক্লী) গুণস্য ভাবঃ গুণ-ত্ব। ১ গুণের ধর্ম্ম, গুণতা, নৈয়ায়িক মতসিদ্ধ একটী জাতি। ২ অধীনতা। ৩ মিলিত হইয়া রজ্জুরূপে পরিণতি, রজ্জুর আকৃতি।

"তৃণৈর্গুণত্বমাপন্নৈঃ" (হিতোপদেশ)

গুণদেব (পুং) গুণাঢ্যের একজন প্রধান শিষ্য। [গুণাঢ্য দেখ।]

গুণদোষবিচার (পুং) গুণদোষয়োর্বিচারঃ ৬তৎ। গুণ ও দোষের বিচার, গুণাগুণ বিবেচনা।

গুণধর (ত্রি) গুণং ধরতি ধৃ-অচ্। গুণের আধার, যাহার গুণ আছে।

গুণধর্ম্ম (পুং) গুণেন প্রবৃত্তো ধর্ম্মঃ। ক্ষত্রিয়গণের প্রজা-পালনাদিরূপ ধর্ম্ম।

"যো গুণেন প্রবর্ত্তেত গুণধর্ম্মঃ স উচ্যতে।" (স্মৃতি)

গুণন (ক্লী) গুণ-ভাবে ল্যুট্। ১ মন্ত্রণা। ২ অভ্যাস। ৩ পূরণ, এক অঙ্কদ্বারা অপর অঙ্কের গুণ করা, যেমন ৪×৪=১৬। ৪ গুণিয়া দেখা, গণনা করা। ৫ আবৃত্তি। ৬ বর্ণন।

গুণনিকা (স্ত্রী) গুণয়তি আম্রেড়য়তি গুণ-যুচ্ স্বার্থে কন্। ১ অভ্যাস, দৃঢ় সংস্কারের জন্য পাঠ্যগ্রন্থের বার বার অনুশীলন।

"হেতুঃ পরিচয়স্থৈর্য্যে বক্তুর্গুণনিকৈব সা।" (মাঘ ২।৩৫)

২ নৃত্য। ৩ শূন্যাঙ্কা। ৪ মালা।

"দরিদ্রাণাং চিন্তামণি গুণনিকা জন্মজলধৌ।" (আনন্দলহরী)

গুণনিধি (পুং) গুণস্য নিধিঃ সমুদ্রইব। ১ গুণাধার, গুণের আশ্রয়। ২ পুরাণপ্রসিদ্ধ এক দুর্বৃত্ত ব্রাহ্মণকুমার। কাশীখণ্ডে ইহার উপাখ্যানটী এইরূপ লিখিত আছে। কাম্পিল্যনগরে যজ্ঞদত্ত নামে একজন দীক্ষিত বাস করিতেন। তাঁহার পুত্রের নাম গুণনিধি। বাল্যকালে পিতার শাসনে ও উপদেশে গুণনিধি সকলেরই প্রশংসা-

পাত্র হইলেন। পুত্র পিতার আদেশে উপনয়নের পর গুরুগৃহে বাস করিয়া বিদ্যা অভ্যাস করিতে লাগিলেন। যৌবনের প্রারম্ভেই গুণনিধির সহিত নাগরিক যুবকগণের মিল হইতে লাগিল, তাহাদের হাব ভাব দেখিয়া গুণনিধি আর থাকিতে পারিলেন না, দিন দিনই তাহাদের অনুকরণ করিতে লাগিলেন। মাতার নিকট হইতে গোপনে অর্থ লইয়া দ্যূতক্রীড়া করিতে আরম্ভ করিলেন। অল্পদিন মধ্যেই দ্যূতক্রীড়ায় তাঁহার নিতান্ত আসক্তি বাড়িয়া উঠিল। ব্রাহ্মণের আচার ব্যবহার পরিত্যাগ করিয়া সর্ব্বদাই তিনিও শাস্ত্রের অসারতা প্রমাণ করিতে লাগিলেন। গীত, বাদ্য প্রভৃতি কোনটীই গুণনিধির অবিদিত থাকিল না। গুণনিধির কপাল পুড়িয়াছে জানিতে পারিয়া তাঁহার জননী তাঁহাকে নানা রকম উপদেশ দিতে লাগিলেন, কিন্তু গুণনিধি তাহার কিছুই শুনিলেন না। কেবল অর্থ লইবার সময়ে জননীর সহিত দেখা করিতেন, আর প্রায় সকল সময়ই আড্ডায় থাকিয়া আমোদ প্রমোদে কাটাইতেন। গুণনিধির পিতা একজন সম্ভ্রান্ত লোক; সকলেই তাঁহাকে আবাহন করিত। তিনি প্রায়ই গৃহে থাকিতে পারিতেন না, গৃহে আসিয়া পুত্রের কথা জিজ্ঞাসা করিলে তাঁহার সহধর্ম্মিণী বলিতেন যে গুণনিধি এই মাত্র গৃহ হইতে বাহির হইয়াছে। জননী অনেক উপদেশ দিয়া যখন দেখিলেন যে কোন ফল হইল না, তখন তিনি অর্থ দেওয়া বন্ধ করিলেন। গুণনিধি এখন আর মাতার নিকটে অর্থ পায় না অথচ দ্যূতক্রীড়া না করিয়াও থাকিতে পারে না। কাজেই উপযুক্ত পুত্র আপনার গৃহে চুরি করিতে লাগিল। দিন দিন থালা ঘটী বাটী চুরি করিয়া পরিশেষে মাতার পরিধেয় শাড়ীখানি পর্য্যন্তও চুরি করিলেন। জননী জানিতে পারিয়াও একমাত্র পুত্রের বাৎসল্যে কোন কথাই প্রকাশ করিতেন না। একদিন গুণনিধির জননী নিদ্রিত আছেন, পুত্র অবসর পাইয়া তাঁহার হস্তের একটী অঙ্গুরী চুরি করিয়া লইলেন। দ্যূতকারগণের প্রাপ্য টাকার বাবদ ঐ অঙ্গুরীটী অর্পণ করিলেন। যজ্ঞদত্ত দ্যূতকারগণের নিকটে আপনার পরিচিত অঙ্গুরী দেখিয়া জিজ্ঞাসা করায় তাহারা গুণনিধির সমস্ত গুণের কথা প্রকাশ করিয়া দিল। যজ্ঞদত্ত সহধর্ম্মিণীর বাৎসল্যেই পুত্র এইরূপ দুর্বৃত্ত হইয়াছে ভাবিয়া গুণনিধি ও তাহার জননীকে পরিত্যাগ করিলেন।

গুণনিধি এখন নিরুপায়, বিদ্যা বুদ্ধি তেমন নাই, কোথা যাইবেন কি করিবেন কি প্রকারেই বা জীবনরক্ষা হইবে ভাবিয়া অস্থির হইয়া পড়িলেন। এদিন আর গুণনিধির আহার যুটিল না। সন্ধ্যা হইয়া আসিল, গুণনিধির একে দারুণ চিন্তা, তারপরে আবার ক্ষুধা তৃষ্ণা, প্রাণ ছট্‌পট্ করিতে লাগিল। সেই সময়ে শিবরাত্রিব্রতে উপবাসী একজন শিবভক্ত নানাবিধ উপহার লইয়া নগর হইতে বাহির হইলেন। গুণনিধি তাহার হাতে ঐ সকল দ্রব্য দেখিয়া স্থির করিলেন, এই ব্যক্তি শিবের পূজা করিয়া শিবমন্দিরে উপহার রাখিয়া আসিলে আমি চুরি করিয়া লইয়া উদরসাৎ করিব। এইরূপ ভাবিয়া তাহার অনুসরণ করিলেন। শিবভক্ত মন্দিরে প্রবেশ করিয়া অশ্রুজলে বুক ভাসাইয়া ভক্তি গদ্‌গদ্ স্বরে শিবের আরাধনায় প্রবৃত্ত হইল। গুণনিধি তাহার বহির্গমন অপেক্ষায় দ্বারে বসিয়া সমস্ত পূজা দেখিতে লাগিলেন। পূজান্তে সেই ব্যক্তি মন্দির হইতে বাহির না হইয়া সেইখানেই নিদ্রিত হইয়া পড়িল। গুণনিধি এই সুযোগে গৃহে প্রবেশ করিয়া দেখিতে পাইলেন, যে মন্দিরের প্রদীপটী নির্ব্বাণ হইয়া যায়। দীপ নির্ব্বাণ হইলে আপনার কার্য্যে অসুবিধা হইবে মনে করিয়া নিজ বস্ত্রাঞ্চলে বর্ত্তিকা প্রস্তুত করিয়া দীপটী রক্ষা করিলেন। ব্রাহ্মণকুমার উপহার লইয়া যখন বাহির হইতেছিলেন, তখন তাহার পদশব্দে পূজকের নিদ্রাভঙ্গ হইল। পূজক চোর চোর বলিয়া চীৎকার করিতে লাগিল, চারিদিক্ হইতে পুররক্ষকগণ আসিয়া উপস্থিত হইল। গুণনিধি নৈবেদ্য ফেলিয়া দৌড়াইতে লাগিলেন। রক্ষিগণ বেগতিক দেখিয়া তাহাকে প্রহার করিতে উদ্যত হইল। তাহাদের দারুণ প্রহারে গুণনিধি মানবলীলা সম্বরণ করিলেন।

যমরাজ ব্রাহ্মণকুমারকে লইবার জন্য কিঙ্করদিগকে অনুমতি করিলেন। তাহারা বিকটাকার মুদ্গর লইয়া গুণনিধিকে বদ্ধ করিয়া লইয়া চলিল। এদিকে শিব আপনার অনুচরগণকে আদেশ করিলেন, "তোমরা এখানে বসিয়া কি করিতেছ। দেখিতেছ না যে গুণনিধিকে লইয়া যমদূতগণ চলিয়া যাইতেছে। শীঘ্র যাও, রথে চড়াইয়া পরম সমাদরে উহাকে এই স্থানে লইয়া আইস।" শিবদূতগণ একখানি রথ লইয়া সেই স্থানে উপস্থিত হইল এবং যম কিঙ্করগণকে নিষেধ করিয়া বলিল যে, শিবের অনুমতি হইয়াছে, উহাকে শিবপুরী লইয়া যাইতে হইবে। যমকিঙ্করগণও সহজে ছাড়িতে চাহিল না। তাহারা শিবের অনুচরদিগের সহিত বাদানুবাদ করিতে লাগিল, অনেক বাদানুবাদের পর স্থির হইল ব্রাহ্মণকুমার আচারভ্রষ্ট এবং আজন্ম কুকার্য্য করিয়া থাকিলেও শিবরাত্রিব্রতের দিনে উপবাস, শিবমন্দিরে নির্বাণোন্মুখ প্রদীপটীকে রক্ষা এবং

উপবাসী থাকিয়া শিবরাত্রি দিবসে আদ্যপান্ত শিবপূজা দর্শন করেন, এই জন্য ইহার শিবপুরী গমন হইবে, প্রেতরাজের ইহার উপরে কোন অধিকার নাই। বিচারে পরাজিত হইয়া যমকিঙ্করগণ ফিরিয়া চলিল। গুণনিধি রথে চড়িয়া শিবলোকে গমন করিলেন। এইরূপে শিবরাত্রি-ব্রতের মাহাত্ম্য বর্ণিত হইয়াছে। (কাশীখণ্ড ১৩ অঃ)

২ একজন বিখ্যাত সংস্কৃত গ্রন্থকার, শ্রীনিবাসের পুত্র। ইহার রচিত পরমাত্মবিনোদ (অলঙ্কার), অন্নপূর্ণাস্তুতি, ঈশতুষ্টিস্তুতি, গণপতিস্তুতি, ভগবতীস্তুতি, বিষ্ণুস্তুতি, ব্যাস-স্তুতি ও শিবশিখরিণীস্তুতি পাওয়া যায়।

গুণনী (স্ত্রী) গুণ্যতে হনয়া গুণ-ল্যুট্ ঙীপ্। পাঠ্যগ্রন্থের দৃঢ়তর সংস্কারের জন্য বার বার অনুশীলন। পর্য্যায়—ভবিনী, শীলন।

গুণনীয় (পুং) গুণ্যতে পুনঃপুনরনুশীল্যতেঽনেন গুণ-অনীয়র্। ১ অভ্যাস। (হারাবলী) (ত্রি) গুণ কর্ম্মণি অনীয়র্। ২ গুণিতব্য। (ত্রিকাণ্ড)

গুণনীয়ক (পুং) গুণনীয় সংজ্ঞার্থে কন্। যে রাশি দিয়া অপর একটী রাশিকে ভাগ করিলে ভাগশেষ কিছুই থাকে না, তাহা দ্বিতীয়রাশির গুণনীয়ক। প্রাচীন আর্য্যগণিত-শাস্ত্রে এই সংজ্ঞার উল্লেখ দেখিতে পাওয়া যায় না। পরবর্ত্তী গণিতবেত্তাগণ এই নূতন সংজ্ঞার সৃষ্টি করিয়াছেন।

গুণপনা (দেশজ) গুণীর ভাব, নিপুণতা, কৌশল।

গুণপন্থ (গুণপথিন্ শব্দজ) ধর্ম্মের তাৎপর্য্যজ্ঞাপকশাস্ত্র, যাহাতে নানা মতের মর্ম্মভেদ করিয়া ধর্ম্মের প্রকৃত তাৎপর্য্য বিবৃত করা হইয়াছে।

"আগমের নানা গ্রন্থ আর যত গুণপন্থ
চারিবেদ আঠার পুরাণ।"

গুণপদী (স্ত্রী) গুণৌ গুণিতৌ পাদৌ যস্যাঃ বহুব্রী। কুম্ভ-পদ্যাদিত্বাৎ অকারলোপঃ ঙীপ্ চ। যে স্ত্রীর পদ গুণিত হইয়াছে। (পা ৫।৪।১৩৯)

গুণপূর্ণ (ত্রি) গুণেন পূর্ণঃ ৩তৎ। যাহার অনেক গুণ আছে, গুণাধার।

গুণপ্রবৃদ্ধ (ত্রি) গুণৈঃ প্রবৃদ্ধঃ ৩তৎ। যাহা গুণ দ্বারা বর্দ্ধিত হইয়াছে। "অধশ্চোর্দ্ধং প্রসৃতাস্তস্য শাখাগুণপ্রবৃদ্ধাঃ" (গীতা ১৫।২)

গুণপ্রকর্ষ (পুং) গুণস্য প্রকর্ষঃ ৬তৎ। গুণের আধিক্য।

গুণপ্রভ (পুং) একজন বৌদ্ধশিক্ষক, শ্রীহর্ষরাজের গুরু ও বসুবন্ধুর শিষ্য। ইনি তত্ত্ববিভঙ্গশাস্ত্র ও তত্ত্বসত্যশাস্ত্র রচনা করেন। পূর্ব্বে ইনি মহাযানমতাবলম্বী ছিলেন, পরে বিভাষাশাস্ত্র অধ্যয়ন করিয়া হীনযান মত গ্রহণ করেন। মতিপুরের নিকটে ইহার বাস ছিল। মৈত্রেয় বোধিসত্ত্বের পূজা না করায় ইনি দেবসেন কর্ত্তৃক তিরস্কৃত হইলে বনগমন-পূর্ব্বক সমাধিযোগ অবলম্বন করেন।

বর্ত্তমান বিজ্‌নৌর জেলার লালপুর গ্রামে জামি মস্‌জিদের প্রায় ॥০ ক্রোশ দক্ষিণপূর্ব্বে গুণপ্রভ-সঙ্ঘারামের ভগ্নাবশেষ দেখিতে পাওয়া যায়।

গুণপ্রিয় (ত্রি) গুণঃ প্রিয়োযস্য বহুব্রী। গুণানুরাগী, যে গুণ ভালবাসে।

গুণভদ্র (পুং) একজন চীনদেশবাসী বৌদ্ধ পণ্ডিত। ইনি চীন ভাষায় অবদানশতকের অনুবাদ করেন। ঐ অনুবাদের নাম পিহুকিং।

গুণভর, চোলদেশের একজন শৈব রাজা। কেহ কেহ ইহাকে পল্লববংশীয় বলিয়া অনুমান করেন। ত্রিশিরাপল্লী পাহাড়ের উপর খোদিত শিলাফলকে ইহার অনুশাসনলিপি দৃষ্ট হয়।

গুণভোক্তৃ (ত্রি) গুণানাং ভোক্তা ৬তৎ। যে গুণ ভোগ করে।

গুণভৃৎ (ত্রি) গুণং বিভর্ত্তি ভৃ-ক্বিপ্ তুগাগমশ্চ। ১ যাহার গুণ আছে, গুণাধার। (পুং) গুণান্ সত্ত্বরজস্তমাংসি বিভর্ত্তি অধিষ্ঠাতৃত্বেন আশ্রয়তি ভৃ-ক্বিপ্। ২ পরমেশ্বর।

"গুণভৃন্নির্গুণো মহান্।" (ভারত ১৩।১৪৯।১০৩।)

গুণভ্রংশ (পুং) গুণস্য ভ্রংশঃ ৬তৎ। গুণনাশ। (হারা·)

গুণমতি (পুং) একজন বৌদ্ধপণ্ডিত, ইনি অভিধর্ম্মকোষের ব্যাখ্যা রচনা করেন। চীনপরিব্রাজক হিউএন্‌সিয়াং লিখিয়াছেন, ইনিই শাস্ত্রীয় তর্কে মাধবকে পরাজয় করিয়া বৌদ্ধধর্ম্মের শ্রেষ্ঠতা প্রতিপাদন করেন।

গুণময় (ত্রি) গুণাত্মকঃ গুণপ্রচুরোবা গুণ ময়ট্। ১ গুণাত্মক, গুণস্বরূপ।

"তয়া বদ্ধমনশ্চক্ষুঃ পাণিগুর্ণময়ৈস্তদা।" (ভারত)

২ গুণাঢ্য, গুণযুক্ত, যাহার গুণ আছে। স্ত্রীলিঙ্গে ঙীপ্।

গুণমহার্ণব, কলিঙ্গের একজন গঙ্গবংশীয় রাজা। [গাঙ্গেয় দেখ।]

গুণযুক্ত (ত্রি) গুণেন যুক্তঃ ৩তৎ। গুণবিশিষ্ট।

গুণযোগ (পুং) গুণেন যোগঃ ৩তৎ। গুণের সহিত সম্বন্ধ।

গুণরত্ন (ক্লী) গুণএব রত্নং। গুণস্বরূপরত্ন, রত্নের ন্যায় প্রশংসনীয় বা আদরণীয় গুণ।

গুণরত্নগণি বা গুণরত্নসূরি—একজন জৈন পণ্ডিত, দেবসুন্দর সূরির শিষ্য। ইনি সংস্কৃতভাষায় তর্কতরঙ্গিণী, ষড়্‌দর্শন-সমুচ্চয়টীকা ও ক্রিয়ারত্নসমুচ্চয় নামে একখানি ব্যাকরণ রচনা করেন।

গুণরাগ (পুং) গুণেষু রাগো নিরতিশয়মভিলাষঃ ৭তৎ। গুণে অনুরাগ, গুণপ্রিয়তা।

"ধূসরক্ষামবপুষীং বিশীর্ণমলিনাম্বরাং।
গুণরাগাগতাং তস্য রূপিণীমিব দুর্গতিম্।" (কথাস° ২।৫১)

গুণরাজ, পদ্মাবতীদেবীভক্ত সৌনন্দমুনিকুলজ একজন রাজা, নাগরাজের পুত্র। (সহ্যাদ্রি ১।৩৩।৫৭)

গুণরাজখাঁন, প্রকৃত নাম মালাধর বসু, কুলীনগ্রামবাসী ভগীরথ বসুর পুত্র। ইনি সরল বাঙ্গলা কবিতায় কৃষ্ণলীলা অবলম্বনে শ্রীকৃষ্ণবিজয় রচনা করেন। চৈতন্য মহাপ্রভু এই বাঙ্গলা গ্রন্থের বড়ই সমাদর করিতেন, তাহা চৈতন্যচরিতামৃত পাঠে জানা যায়। এই গ্রন্থ ১৩৯৫ শকে আরম্ভ ও ১৪০২ শকে সম্পূর্ণ হয়। গ্রন্থকার পরিচয়ে লিখিয়াছেন যে গৌড়েশ্বর তাঁহাকে গুণরাজখাঁন উপাধি প্রদান করেন। তাঁহার প্রিয়তম দ্বিতীয় পুত্র লক্ষ্মীনাথ বসু উপাধি সত্যরাজ খাঁন। এই সত্যরাজের পুত্র রামানন্দবসু চৈতন্যপ্রভুর একজন পার্ষদ ছিলেন। কাহারও মতে শ্রীকৃষ্ণবিজয়ই বাঙ্গালাভাষার আদি গ্রন্থ। কিন্তু আদিগ্রন্থ না হইলেও বাঙ্গালা ভাষার একখানি প্রাচীনতম গ্রন্থ তৎপক্ষে কোন সন্দেহ নাই।

গুণরাশি (পুং) গুণানাং রাশিঃ ৬তৎ। ১ গুণসমূহ। ২ শিব।

গুণলয়নিকা (স্ত্রী) গুণাঃ গুণময়াঃ পটাঃ লীয়ন্তে হস্যাং লী আধারে ল্যুট্ স্ত্রিয়াং ঙীপ্ ততঃ স্বার্থে কন্ টাপ্ পূর্ব্বহ্রস্বশ্চ। বস্ত্রনির্ম্মিত গৃহ, তাঁবু। পর্য্যায়—কেণিকা, পটকুটী।

গুণলয়নী (স্ত্রী) গুণাঃ গুণময়াঃ পটাঃ লীয়ন্তে হস্যাং লী আধারে ল্যুট্ ঙীপ্। বস্ত্রনির্ম্মিত গৃহ, তাঁবু।

গুণলুব্ধ (ত্রি) গুণে লুব্ধঃ ৭তৎ। গুণগ্রাহী।

"বৃণতে হি বিমৃষ্যকারিণং গুণলুব্ধাঃ স্বয়মেবসম্পদঃ॥" (কিরাত)

গুণবচন (পুং) গুণমুক্তবান্ বচ-কর্ত্তরি ল্যু। ১ গুণবাচক শব্দ। ২ গুণবদ্ দ্রব্যবাচক শুক্লাদি শব্দ। "বোতো গুণবচনাৎ।" (পা ৪।১।৪৪) গুণবচন উকারান্ত শব্দের উত্তর বিকল্পে ঙীষ্ হয়। যথা—মৃদ্বী, মৃদুঃ ইত্যাদি।

"প্রকারে গুণবচনস্য।" (পা ৮।১।১২)

সাদৃশ্য বুঝাইলে গুণবচন শব্দের দ্বিরুক্তি হয়।

যথা—পটুপটুঃ ইত্যাদি। এই প্রকার পাণিনির যে যে স্থলে গুণবচন শব্দের উল্লেখ আছে, ব্যাখ্যাকারগণ তাহার প্রায় সকল স্থলেই গুণবিশিষ্ট দ্রব্যবাচক বলিয়া ব্যাখ্যা করিয়াছেন।

গুণবৎ (ত্রি) গুণোবিদ্যতে হস্য গুণ-মতুপ্ মস্য বকারঃ। ১ গুণবিশিষ্ট, গুণী। (ত্রিকাণ্ড°) (পুং) ২ যদুবংশীয় সুনাভের দৌহিত্র। (হরিবংশ ১৫৫)

গুণবতী (স্ত্রী) ১ একটী অপ্সরা। (কাশীখণ্ড ৯ অঃ) ২ যদুবংশীয় সুনাভের এক দৌহিত্রী। (হরিবংশ ১৫৩ অঃ) ৩ গায়ত্রীস্বরূপা এক মহাদেবী।

গুণবত্তরা (স্ত্রী) জীবন্তীশাক। (বৈদ্য°)

গুণবত্তা (স্ত্রী) গুণবতো ভাবঃ গুণবৎ তল্। গুণ, গুণাধারতা।

গুণবন্তগড়, একটী পাহাড় ও গিরিদুর্গ। মলয় হইতে সহ্যাদ্রিপর্ব্বতের দক্ষিণপূর্ব্বে বিস্তৃত এবং সাতারাজেলার পাটন নগরের ৬ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। পাহাড়ের আকৃতি দেখিয়া বোধ হয় যেন সিংহ গুড়ি মারিয়া বসিয়া আছে। এই কারণে স্থানীয় লোকেরা পাহাড়ের 'মোড়গিরি' নাম দিয়াছে। প্রায় ১০০০ ফিট উচ্চে পর্ব্বতের উপরে মোড়গিরি দুর্গ অবস্থিত। দুর্গের নিতান্ত ভগ্নাবস্থা। ইহার দক্ষিণপূর্ব্বে পর্ব্বতের নিম্নে মোড়গিরি গ্রাম।

এই দুর্গ কোন্ সময়ে নির্ম্মিত হয়, তাহা নিরূপণ করা যায় না। খৃষ্টীয় অষ্টাদশ শতাব্দীতে পন্থপ্রতিনিধির পক্ষ হইয়া দাঁতেবাড় ও গুণবন্তগড়ের লোকেরা গবর্মেণ্টের বিরুদ্ধে উত্তেজিত হয়। ঐ সময়ে পেশবা দুর্গ মধ্যে লোকরক্ষার জন্য সৈন্য রাখিয়া দেন। ১৮১৮ খৃষ্টাব্দে মহারাষ্ট্রযুদ্ধের সময় এই দুর্গ বিনা যুদ্ধে ইংরাজহস্তে পতিত হয়।

গুণবর্ত্তন (ক্লী) গুণে বর্ত্তনং ৭তৎ। গুণবৃত্তি।

গুণবর্ত্তিন্ (ত্রি) গুণে বর্ত্ততে বৃৎ-ণিনি। যিনি গুণবৃত্তি অবলম্বন করেন।

গুণবর্ম্মন্ (পুং) ১ তেজস্বতীর পিতা। [তেজস্বতী দেখ।]

২ একজন জৈন গ্রন্থকার। ইনি পুষ্পদন্তপুরাণ নামে একখানি জিনচরিত রচনা করেন। কাহারও মতে ইনি দ্বারসমুদ্রের বীর বল্লালরায়ের সমসাময়িক।

গুণবাচক (ত্রি) গুণস্য বাচকঃ ৬তৎ। যে সকল শব্দে কোন না কোন একটী গুণ বুঝায় তাহাকে গুণবাচক বলে।

গুণবাদ (পুং) গুণস্য বাদঃ ৬তৎ। অর্থবাদবিশেষ।

যে সকল বাক্যে বিধি নাই, তাহাদিগকে অর্থবাদ বলে। মীমাংসাবার্ত্তিকপ্রণেতা কুমারিলের মতে অর্থবাদ তিন প্রকার—গুণবাদ, অনুবাদ এবং ভূতার্থবাদ। যে স্থলে বিশেষণ ও বিশেষ্যের সামানাধিকরণে বা অভেদ অন্বয় করিলে বিরোধ উপস্থিত হয়, সেই স্থলে বিশেষণ পদটীর অন্যরূপ অর্থ করিয়া লইলে তাহাকে অঙ্গকথন বা গুণবাদ বলে। যথা যজমানঃ প্রস্তরঃ। এই বাক্যটীর বিশেষ্য যজমান ও প্রস্তর বিশেষণ। প্রস্তর শব্দের অর্থ কুশমুষ্টি; এই স্থলে বিশেষণ ও বিশেষ্যের অভেদ অন্বয় করা যাইতে পারে না, এই কারণে প্রস্তরশব্দের প্রস্তর

বিশিষ্ট অর্থাৎ কুশমুষ্টিধারী অর্থ করিতে হয়, অতএব ইহাকে গুণবাদ বলা যাইতে পারে। [অর্থবাদ দেখ।]

গুণবান্, ব্রাহ্মণীদেবীভক্ত মাণ্ডব্য মুনিবংশীয় একজন রাজা, বৈতালিকের পুত্র। (সহ্যাদ্রি ১।৩৩।৫১।)

গুণবিজয়গণি, একজন জৈনগ্রন্থকার, প্রমোদমাণিক্যের প্রশিষ্য ও জয়সোমসূরির শিষ্য। ইনি খণ্ডপ্রশস্তিটীকা, বিশেষার্থবোধিকা নামে রঘুবংশের টীকা এবং (১৫৯০ খৃষ্টাব্দে) দময়ন্তীকথাটীকা প্রণয়ন করেন।

গুণবিধ (ত্রি) গুণস্য বিধাইব বিধা যস্য বহুব্রী। গুণতুল্য।

গুণবিধি (পুং) গুণস্য অঙ্গস্য বিধিঃ ৬তৎ। অপর বিধি বাক্যে প্রাপ্ত বা অপ্রাপ্ত কর্ম্মের অঙ্গবিধানের নাম গুণবিধি। যথা—"দধ্না জুহোতি"। দধিদ্বারা অগ্নিহোত্র যজ্ঞ করিতে হয়। এই বাক্য দ্বারা "অগ্নিহোত্রং জুহোতি স্বর্গকামঃ" এই বিধিবাক্যে প্রাপ্ত অগ্নিহোত্র যাগের অঙ্গমাত্র বিধান করা হইয়াছে, অতএব ইহার নাম গুণবিধি। "সোমেন যজেত"। সোমদ্বারা সোম যাগ করিবে। এই স্থলে সোম যাগ অপর কোন বিধিবাক্যে পাওয়া যায় না, এই কারণে এই বাক্যটী দ্বারা সোমযাগ ও অঙ্গভূত সোম এই উভয়েরই বিধান করা হইয়াছে বলিতে হইবে। অতএব ইহাও একপ্রকার গুণবিধি। মীমাংসাভাষ্যকার ও লৌগাক্ষি প্রভৃতি গ্রন্থকারগণ গুণবিধি সম্বন্ধে অনেক বিচার করিয়া পরিশেষে ইহার স্থাপন করিয়াছেন। [বিশেষ বিবরণ বিধিশব্দে দ্রষ্টব্য।]

গুণবিশেষ (পুং) গুণস্য বিশেষঃ ৬তৎ। একপ্রকার গুণভেদ।

গুণবিষ্ণু (পুং) একজন বৈদিক পণ্ডিত, দামুকের পুত্র। ইনি ছান্দোগ্যমন্ত্রভাষ্য নামে সামবেদীয় সন্ধ্যা ও দশকর্ম্মপদ্ধতির টীকা প্রণয়ন করেন। টীকার ভাষা অতি সরল। ইহার সাহায্যে দুর্বোধ বৈদিক মন্ত্রগুলির প্রকৃত অর্থ অনায়াসেই হৃদয়ঙ্গম করা যাইতে পারে। বর্ত্তমান সময়ে সকলেই ঐ টীকার সমধিক আদর করেন। রঘুনন্দন প্রভৃতি নব্য স্মার্ত্তগণ ইহার মত উদ্ধৃত করিয়াছেন।

গুণবৃক্ষ (পুং) গুণানাং নৌকাকর্ষকরজ্জূনাং বন্ধনাধারঃ বৃক্ষঃ। নৌকা বা জাহাজের মাস্তুল।

গুণবৃক্ষক (পুং) গুণবৃক্ষ-স্বার্থে কন্। গুণবৃক্ষ। (অমর)

গুণবৃত্তি (স্ত্রী) গুণেন বৃত্তিঃ, ৬তৎ। ১ লক্ষণাবিশেষ।

"যস্যাক্ষি সমীপেপৌণ্ড্রাণি স গুণবৃত্ত্যা চতুরক্ষঃ।"

(কাত্যায়নশ্রৌ° ২০।১।৩৮ কর্ক) [লক্ষণা দেখ।]

(ত্রি) গুণে বৃত্তির্যস্য বহুব্রী। ২ গুণের উপর যাহাদের বৃত্তি বা সামর্থ্য আছে।

"ব্রহ্মন্ ব্রহ্মণ্যনির্দ্দেশ্যে নির্গুণে গুণবৃত্তয়ঃ।" (ভাগবত)

(স্ত্রী) গুণানাং সত্ত্বাদীনাং বৃত্তিঃ ৬তৎ। ৩ সত্ত্বাদি গুণত্রয়ের বৃত্তি, ব্যাপার পরিণাম বিশেষ। যথা—সত্ত্বগুণের বৃত্তি সুখ, রজোগুণের দুঃখ এবং তমো গুণের বৃত্তি মোহ ইত্যাদি। [বিশেষ বিবরণ সত্ত্বাদি শব্দে দ্রষ্টব্য।]

গুণবৈচিত্র্য (ক্লী) গুণানাং বৈচিত্র্যং ৬তৎ। গুণের বিচিত্রতা, বিভিন্নতা।

গুণশব্দ (পুং) গুণবাচকঃ শব্দঃ মধ্যলো°। গুণবোধক শব্দ।

গুণশালিতা (স্ত্রী) গুণশালিনোভাবঃ গুণশালিন্-তল্। গুণাধারতা, গুণবত্তা, গুণযোগ।

গুণশালিন্ (ত্রি) গুণেন শালতে শোভতে শাল-ণিনি। গুণবিশিষ্ট, গুণবান্।

"পত্রং ক দাতুং গুণশালি পূগং

কবাদতঃ খণ্ডয়িতুং প্রভুত্বং॥" (নৈষধচ°)

গুণশীল (ত্রি) গুণযুক্তঃ শীলঃ স্বভাবো যস্য বহুব্রী। সচ্চরিত্র, যাহার স্বভাবে অনেক গুণ আছে।

গুণশ্লাঘা (স্ত্রী) গুণস্য শ্লাঘা ৬তৎ। গুণপ্রশংসা।

গুণসংকীর্ত্তন (ক্লী) গুণস্য সংকীর্ত্তনং ৬তৎ। গুণকথন, গুণানুবাদ।

গুণসংখ্যান (ক্লী) গুণাঃ সঙ্খ্যায়ন্তে ঽনেন সংখ্যা করণে ল্যুট্ ৬তৎ। সাঙ্খ্য বা পাতঞ্জলশাস্ত্র।

গুণসঙ্গ (পুং) গুণেষু গুণকার্য্যেষু সুখাদিষু সঙ্গ আসক্তিঃ ৭তৎ। সুখ প্রভৃতিতে আসক্তি। "কারণং গুণসঙ্গোঽস্য" (গীতা)

গুণসংমূঢ় (ত্রি) গুণৈঃ সংমূঢ়ঃ ৩তৎ। গুণ কার্য্য প্রভৃতিতে আত্মাভিমানবিশিষ্ট।

"প্রকৃতে র্গুণসংমূঢ়াঃ সজ্জন্তে গুণকর্ম্মসু।" (গীতা)

গুণসমুদ্র (পুং) গুণস্য সমুদ্রইব। গুণনিধি, গুণাধার।

গুণসাগর (পুং) গুণানাং সাগরইব। ১ গুণাধার। ২ চতুর্ম্মুখ ব্রহ্মা। (শব্দচ°) ৩ বুদ্ধবিশেষ। (ত্রিকাণ্ড°)

গুণসিন্ধু (পুং) গুণস্য সিন্ধুরিব। গুণাধার, গুণসাগর।

গুণস্থাপ্রকরণ, বৌদ্ধ ও জৈনদিগের একখানি ধর্ম্ম গ্রন্থ।

গুণহীন (ত্রি) গুণেন হীনঃ ৩তৎ। গুণশূন্য, যাহার কোন গুণ নাই।

গুণস্তম্ভ (পুং) গুণাধারঃ স্তম্ভঃ। গুণবৃক্ষ, মাস্তুল।

গুণা (স্ত্রী) গুণোঽস্ত্যস্যাঃ গুণ অচ্ (অর্শ-আদিভ্যোঽচ্। পা ৫।২।১২৭) স্ত্রিয়াং টাপ্। ১ দুর্ব্বা। ২ মাংসরোহিণী। (রাজনি°)

গুণা, মধ্যভারতের একটী সব এজেন্সী। পরোন ও রঘুগড় নামক দুইটী বিষয় ইহার অন্তর্ভুক্ত। উক্ত স্থানদ্বয়ের

সর্দ্দারেরা গোয়ালিয়রের অধীনে থাকিয়া জায়গীর স্বরূপ ভোগ দখল করিয়া আসিতেছেন। [পরোন ও রঘুগড় দেখ।]

গুণাকর (পুং) গুণানামাকরঃ ৬তৎ। ১ বুদ্ধবিশেষ। (শব্দ-রত্না॰) ২ গুণযুক্ত, গুণাধার। ৩ মহাদেব। (ভারত ১৩।১৭।৮৭) ৪ বুদ্ধের একজন শিষ্য।

৫ গুণাকরভদ্র নামে খ্যাত, সূক্তিকর্ণামৃত ধৃত একজন প্রাচীন কবি।

গুণাকরসূরি, একজন জৈনগ্রন্থকার, গুণচন্দ্রসূরির শিষ্য, ইনি ষড়্দর্শনসমুচ্চয়টীকা রচনা করেন। ইহার ভক্তামরস্তোত্রের টীকা ১৩৭০ খৃষ্টাব্দে রচিত হয়।

গুণাখ্যান (ক্লী) গুণস্য আখ্যানং ৬তৎ। ১ গুণ-কীর্ত্তন, গুণকথন।

গুণাগুণ (পুং) দ্বন্দস॰। গুণ ও দোষ, ভাল মন্দ।

গুণাঢ্য (ত্রি) গুণৈরাঢ্যঃ ৩তৎ। ১ গুণযুক্ত, গুণবান্।

(পুং) ২ একজন ব্রাহ্মণকুমার। কথাসরিৎসাগরে ইহার উপাখ্যান এইরূপ বর্ণিত আছে। প্রতিষ্ঠানপ্রদেশে সুপ্রতিষ্ঠিত নগরে সোমশর্ম্মা নামে একজন ব্রাহ্মণ বাস করিতেন। তাঁহার বৎসক ও গুল্মক নামে দুই পুত্র ও শ্রুতার্থা নামে একটী মাত্র কন্যা ছিল। শ্রুতার্থার যৌবন সময়ে তাহার অলৌকিক রূপলাবণ্যে মোহিত হইয়া নাগ-রাজ বাসুকির ছোট ভাই কীর্ত্তিসেন তাহাকে গান্ধর্ব্ব-বিধানে বিবাহ করেন। এই শ্রুতার্থার গর্ভে গুণাঢ্যের জন্ম হয়। গুণাঢ্যের শৈশবাবস্থায় তাঁহার মাতা ও মাতুল-দ্বয় অকালে কালগ্রাসে পতিত হন। বালক গুণাঢ্য কোন মতে তাঁহাদের ঔর্দ্ধদেহিক কার্য্য সম্পন্ন করিয়া বিদ্যাভ্যাস করিতে দক্ষিণাপথে গমন করেন। অল্পদিন মধ্যেই ইনি একজন বিখ্যাত পণ্ডিত হইয়া উঠেন। সর্ব্বদেশে ইহার পাণ্ডিত্য ব্যাপ্ত হইয়া পড়িল।

সেই সময়ে মহারাজ শালিবাহন (সাতবাহন) প্রতিষ্ঠান রাজ্যের অধিপতি ছিলেন। গুণাঢ্য সাতবাহনের সভায় উপস্থিত হইলে মহারাজ ইহার পাণ্ডিত্য দেখিয়া পরম আহ্লাদিত হইলেন এবং পরমসমাদরে প্রধান মন্ত্রিপদে নিযুক্ত করিলেন। গুণাঢ্য সেইস্থানেই একটী রমণীরত্নের পাণিগ্রহণ করিয়া শিষ্যগণের সহিত পরমসুখে কালযাপন করিতে লাগিলেন।

রাজা শালিবাহন প্রথমে মূর্খ ছিলেন, কিন্তু তাঁহার রাজ্ঞী অতিশয় বিদ্যাবতী। একদিন রাজা ও রাণী জলক্রীড়া করিতে প্রবৃত্ত হইলে বিদুষী রাজ্ঞী তাঁহাকে সংস্কৃত বাক্যে কোন একটী বিষয়ের জন্য অনুরোধ করেন। রাজা তাহার অর্থ বুঝিতে না পারিয়া তাহার বিপরীত আচরণ করায় রাণী তাহাকে তিরস্কার করেন। রাজার জ্ঞানোদয় হইল, তিনি ভাবিলেন যে এ সংসারে বিদ্যাই মানবের প্রধান ধন, বিদ্যার অভাবে কোনই সুখ নাই, রাণীর তিরস্কারে আজ আমার পক্ষে সংসার অসার হইয়াছে। যদি বিদ্যা অভ্যাস করিতে না পারি তবে আর জীবন রাখিয়া ফল কি? রাজার সঙ্কল্প জানিতে পারিয়া গুণাঢ্য রাজাকে ছয়বৎসরে ব্যাকরণ শিখা-ইতে স্বীকার করেন। সেই সময়ে শর্ব্ববর্ম্মা নামে একজন পণ্ডিত বলিলেন, "আমি ছয় মাস মধ্যেই মহারাজকে ব্যাক-রণ শিখাইতে পারি।" এই কথা শুনিয়া গুণাঢ্য চটিয়া গেলেন ও ক্রোধে আত্মহারা হইয়া বলিলেন, "গর্ব্বকারিন্! যদি ছয়মাস মধ্যে তুমি এই কার্য্য সাধন করিতে পার, তবে গুণাঢ্য সংস্কৃত, প্রাকৃত ও দেশী ভাষা পরিত্যাগ করিবে, ইহা গুণাঢ্যের দৃঢ়প্রতিজ্ঞা জানিও।" পণ্ডিত-প্রবর শর্ব্ববর্ম্মা অসাধারণ প্রতিভাবলে সংক্ষিপ্ত কলাপ ব্যাক-রণ রচনা করিয়া ছমাস মধ্যেই মহারাজকে বিদ্বান্ করিয়া তুলিলেন। গুণাঢ্য পরাস্ত হইয়া ভাষাত্রয় পরিত্যাগ করি-লেন। কথা না বলিয়া জনসমাজে বাস করা অসম্ভব মনে করিয়া আপনার প্রিয় শিষ্য গুণদেব ও নন্দীদেবের সহিত নিবিড় অরণ্যে প্রবেশ করেন। মনুষ্য সম্বন্ধ পরিত্যাগ করিয়া পিশাচগণের সহিত বাস করিতে লাগিলেন। দিন দিন প্রতিবেশী পিশাচগণের কথাবার্ত্তা শুনিয়া পিশাচ ভাষা শিখিয়া ফেলিলেন। কিছু দিন পরে কাণভূতির সহিত ইহার দেখা হয়। ইনি মধুময় স্তুতিবাক্যে তাঁহাকে সন্তুষ্ট করিয়া তাঁহার নিকটে পুষ্পদন্তকথিত সপ্তকথাময় উপাখ্যান শ্রবণ করেন। পরে সেই উপাখ্যান অবলম্বন করিয়া পিশাচ ভাষায় সাতলক্ষ শ্লোকে বৃহৎকথা রচনা করেন। এই বৃহৎ গ্রন্থ রচনা করিতে সাতবৎসর মাত্র সময় লাগিয়াছিল। গুণাঢ্য আপনার রক্তে সেই গ্রন্থ লিপিবদ্ধ করিয়া কাণভূতিকে দেখাইয়া ছিলেন, তাহাতে কাণভূতি শাপমুক্ত হন। [কাণভূতি দেখ।]

গুণাঢ্য ঐ বৃহৎকথা মানবসমাজে প্রচার করিবার মানসে শিষ্যদ্বয়ের সহিত প্রতিষ্ঠান নগরে উপস্থিত হন এবং গ্রন্থখানি রাজার নিকটে পাঠাইয়া দেন। কিন্তু বিদ্যামদ গর্ব্বিত সাতবাহন ঐ গ্রন্থখানির বিশেষ আদর করিলেন না। রাজার ব্যবহারে গুণাঢ্য অতিশয় ক্ষুব্ধ হইয়া গ্রন্থখানি আগুনে পোড়াইতে আরম্ভ করেন।

গুণাঢ্য এক এক পৃষ্ঠা পাঠ করিয়া পোড়াইতে লাগি-লেন। পশুপক্ষীগণ অনাহারে সেই অমৃতময়ী কথা

শুনিতে লাগিল। এই সংবাদ জানিতে পারিয়া মহারাজ সাতবাহন ঐ গ্রন্থ প্রার্থনা করেন; তখন সপ্তকথার ছয়টী ভস্মশেষ হইয়াছে। মহারাজের অনেক অনুরোধে অবশিষ্ট সমুদয় ইনি তাঁহাকে অর্পণ করেন।

ইনি মাল্যবান্ নামে একজন শিবের অনুচর ছিলেন, শাপে গুণাঢ্যরূপে ভূতলে অবতীর্ণ হন। কিছুদিন মহীতলে থাকিয়া শাপ হইতে মুক্তিলাভ করেন।

ক্ষেমেন্দ্রের বৃহৎকথামঞ্জরী ও সোমদেবের কথাসরিৎসাগর গুণাঢ্যের উক্ত বৃহৎকথা অবলম্বনে রচিত। দণ্ডী, সুবন্ধু, ত্রিবিক্রম, গোবর্দ্ধন প্রভৃতি পণ্ডিতগণ পৈশাচীভাষায় রচিত বৃহৎকথার উল্লেখ করিয়াছেন।

গুণাঢ্যক (পুং) গুণাঢ্য-সংজ্ঞায়াং কন্। অঙ্কোঠ বৃক্ষ, ধলা আঁকড়া। (রাজনি°)

গুণাতীত (পুং) গুণান্ সত্বাদিগুণান্ তৎকার্য্যসুখাদীন্ অতীতঃ, ২তৎ। ১ সুখদুঃখাদিশূন্য পরমেশ্বর। ২ আত্মজ্ঞ স্থিতপ্রজ্ঞ, জীবন্মুক্ত। ভগবদ্গীতায় ভগবান্ প্রিয়শিষ্য অর্জ্জুনকে উপদেশ ছলে বলিয়াছেন যে, যাহারা ত্রিগুণ অতিক্রম করিতে পারে তাহাদের আর জন্ম মৃত্যু হয় না, প্রারব্ধের শেষ হইলে নির্ব্বাণ লাভ করিতে পারে। যাঁহারা ভক্তিবলে একান্তচিত্তে আমার অর্থাৎ ঈশ্বরের সেবা করে তাঁহারাই গুণাতিক্রম করিতে পারে। ঈশ্বর সেবা ব্যতীত ইহার কোন উপায় নাই। যাহারা গুণাতীত হইতে পারিয়াছে, তাহাদের অনভিলষিত কোন ঘটনার দ্বেষ বা অভীষ্ট বিষয়ে আগ্রহ থাকে না, তাঁহারা সকল বিষয়ই উদাসীন থাকেন। কখনও সুখ, দুঃখ বা মোহে বিচলিত হন না। তাঁহাদের বিশ্বাস যে এই সকল গুণের কাজ, যাহা হইতেছে হইয়া যাউক। গুণাতীত মহাত্মগণ সুখে বা দুঃখে সুস্থচিত্তে অবস্থান করেন। সামান্য লোষ্ট্র ও মহার্ঘমণি, হিতাহিত, নিন্দাস্তুতি এবং মান অপমান ইহাদের পক্ষে সমান। তাহাদের মিত্র বা অমিত্র নাই। ইহারা সকল বিষয়ের ঔৎসুক্য পরিত্যাগ করেন। এই সকলই গুণাতীতের লক্ষণ। (গীতা ১৪ অঃ)

"সর্ব্বারম্ভপরিত্যাগী গুণাতীতঃ স উচ্যতে।" (গীতা ১৪।২৫)

গুণাদি (পুং) ১ পাণিনীয় একটীগণ। গুণ, অক্ষর, অধ্যায়, সূক্ত, ছন্দস্, মান, এই কয়টী শব্দকে গুণাদি বলে। সিদ্ধান্তকৌমুদীর মতে গুণাদি আকৃতিগণ।

(ন গুণাদয়ো হবয়বাঃ। পা ৬।২।১৭৬)

বহু শব্দের পরবর্ত্তী অবয়ববাচী গুণাদিগণের অন্ত্য উদাত্ত হয় না। যথা বহুগুণারজ্জুঃ।

গুণাধার (পুং) গুণস্য আধারঃ ৬তৎ। গুণবান্, গুণের আশ্রয়।

গুণাধিষ্ঠানক (ক্লী) বক্ষের যেখানে মেখলা বাঁধিতে হয়।

গুণানন্দবিদ্যাবাগীশ, একজন দার্শনিক, মধুসূদনের শিষ্য। ইনি ন্যায়কুসুমাঞ্জলিবিবেক, শব্দালোকবিবেক ও আত্মতত্ত্ববিবেকটীকা রচনা করেন। ত্রিলোচনদেব ইঁহার নামোল্লেখ করিয়াছেন।

গুণানুরাগ (পুং) গুণেষু অনুরাগঃ ৭তৎ। গুণপ্রিয়তা, গুণে আসক্তি, গুণের আদর।

গুণানুরোধ (পুং) গুণস্য অনুরোধঃ ৬তৎ। গুণের প্রতীক্ষা, গুণের অনুসরণ।

গুণান্তর (পুং) অন্যো গুণঃ নিত্যস°। অন্যগুণ।

গুণান্তরাধান (ক্লী) গুণান্তরস্য আধানং ৬তৎ। কোন দ্রব্যের পূর্ব্বগুণ ভিন্ন অপরগুণ উৎপাদন বা প্রাপণের নাম গুণান্তরাধান। বৈয়াকরণগণ ইহাকে প্রতিষত্ব শব্দে উল্লেখ করেন।

"সতো গুণান্তরাধানং প্রতিষত্বঃ।" (কলাপে দুর্গবৃত্তি)

গুণান্তরাপাদন (ক্লী) গুণান্তরস্য আপাদনং ৬তৎ। গুণান্তর ঘটাইয়া দেওয়া, ভাবান্তর প্রাপ্তি।

গুণান্বিত (ত্রি) গুণৈরন্বিতঃ যুক্তঃ ৩তৎ। ১ বিবেক, বৈরাগ্য ও উপশম প্রভৃতি মুক্তির উপায়বিশিষ্ট।

"প্রক্ষীণদোষায় গুণান্বিতায়।" (বেদান্তসা°)

২ গুণযুক্ত, গুণবান্।

গুণাপবাদ (পুং) গুণস্য অপবাদঃ ৬তৎ। গুণের নিন্দা।

গুণাব্ধি (পুং) বুদ্ধবিশেষ। (হেমচ°)

গুণাভরণ (ক্লী) গুণ এবাভরণং। ১ গুণরূপ অলঙ্কার। (ত্রি) গুণএবাভরণং যস্য। ২ গুণরূপ আভরণযুক্ত, গুণালঙ্কৃত।

গুণায়ন (ক্লী). গুণস্য অয়নং আশ্রয়ঃ ৬তৎ। ১ গুণের আশ্রয়, গুণবান্। (ত্রি) গুণোঽয়নং আশ্রয়োযস্য বহুব্রী। ২ যাহা গুণকে আশ্রয় করিয়াছে, গুণাশ্রিত।

"গুণায়নং শীলধনং কৃতজ্ঞং।" (ভাগবত ৪।২১।৪৪)

গুণারিয়া, মান্দা পর্ব্বতের তিন মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত পুন্‌পুন্ ও মুরহরনদীদ্বয়ের সঙ্গমের নিকট একটী নগর। ইহার প্রাচীন নাম শ্রীগুণচরিত। পূর্ব্বে এই স্থানে একটী বৃহৎ বৌদ্ধবিহার ছিল। এখনও অনেকানেক শিবমন্দিরের ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়।

গুণারিষ্ট (ক্লী) মদ্য, মদ।

গুণালঙ্কৃত (ত্রি) গুণৈরলংকৃতঃ ৩তৎ। গুণভূষিত, গুণবান্।

গুণালাভ (পুং) গুণস্য অলাভঃ ৬তৎ। গুণাপ্রাপ্তি, ফলহীনতা।

"ক্রিয়ায়াস্তু গুণালাভে ক্রিয়ামন্যাং প্রযোজয়েৎ।"

(সুশ্রুত ১।৫৩ অঃ)

গুণাবলী (স্ত্রী) গুণস্য আবলী ৬তৎ। ১ গুণশ্রেণী। ২ নামতা।

গুণিকা (স্ত্রী) গুণ-ইন্ স্বার্থে কন্-টাপ্। শূন্যাঙ্ক, (শূন্যাঙ্ক?) (হারাবলী।)

গুণিত (ত্রি) গুণ কর্ম্মণি ক্ত। ১ আহত, পূরিত, অন্য অঙ্ক দ্বারা যে অঙ্কের পূরণ করা হইয়াছে।

"ইষ্টকৃতিরষ্টগুণিতা ব্যেকা দলিতা বিভাজিতেষ্টেন।"
(লীলাবতী ক্ষেত্রব্যব°)

গুণো গুণোঽস্য গুণ ইতচ্। ২ পিণ্ডিত। (শব্দরত্নাবলী)

গুণিতা (স্ত্রী) গুণিনোভাবঃ গুণিন্ তল্। গুণির ধর্ম্ম, গুণ।

গুণিন্ (পুং) গুণঃ জ্যা বিদ্যতে ঽস্য গুণ-ইনি। ১ ধনুঃ। (ত্রিকাণ্ড°) (ত্রি) গুণো বিদ্যাদিরস্ত্যস্য গুণ-ইনি। ২ গুণযুক্ত, যাহার গুণ আছে।

"গুণিগণগণনারম্ভে ন পততি কঠিনী সসম্ভ্রমা যস্য।" (হিতোপ°)

গুণীভূত (ত্রি) অগুণো গুণোভূতঃ গুণ চ্বি-ভূ-ক্ত। অপ্রধানীভূত, যাহা বাস্তবিক অপ্রধান নহে, অবস্থা বা কার্য্যবিশেষে অপ্রধান ভাবে অবস্থিত।

"গুণীভূতা গুণাঃ সর্ব্বে তিষ্ঠন্তি হি পরাক্রমে।"(ভারত ২।১৫।১১)

চ্বি প্রত্যয়ের অর্থে সমাস হইলে আর চ্বি প্রত্যয় হয় না। তখন "গুণভূত" শব্দ হয়।

গুণীভূতব্যঙ্গ্য (ক্লী) গুণীভূতং অপ্রধানীভূতং ব্যঙ্গং যত্র বহুব্রী। কাব্যবিশেষ।

আলঙ্কারিকগণের মতে রসাত্মক বাক্যের নাম কাব্য, এই কাব্য প্রধানতঃ দুই ভাগে বিভক্ত ধ্বনি ও গুণীভূতব্যঙ্গ্য। [কাব্য দেখ।] আলঙ্কারিকেরা শব্দের তিনটী শক্তি স্বীকার করেন। যথা অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনা। শব্দের অভিধা শক্তি দ্বারা যে অর্থ বোধ হয়, তাহাকে বাচ্য এবং ব্যঞ্জনা শক্তি দ্বারা যে অর্থ বোধ হয় তাহাকে ব্যঙ্গ্য বলে।

[ব্যঞ্জনা দেখ।]

যে স্থলে কাব্যের ব্যঙ্গ্যার্থ বাচ্যার্থ হইতে ন্যূন বা বাচ্যার্থের সমান হয়, সেই কাব্যকে গুণীভূতব্যঙ্গ্য বলে। এই গুণীভূতব্যঙ্গ্য আট প্রকার। যথা—১ ইতরাঙ্গ, ২ কাক্বাক্ষিপ্ত, ৩ বাচ্যসিদ্ধ্যঙ্গ, ৪ সন্দিগ্ধপ্রাধান্য, ৫ তুল্যপ্রাধান্য, ৬ অস্ফুট, ৭ অগূঢ় ও ৮ ব্যঙ্গ্যাসুন্দর।

ব্যঙ্গ্য কোন একটী রস বাচ্য কোন একটী রসের অঙ্গ হইলে তাহাকে ইতরাঙ্গ-গুণীভূতব্যঙ্গ্য কাব্য বলে।

"মানোন্নতাং প্রণয়িনীমনুনেতুকাম-
স্ত্বৎসৈন্যসাগররবোদ্গতকর্ণতাপঃ।
হা হা কথং নু ভবতো রিপুরাজধানী
প্রাসাদসন্ততিষু তিষ্ঠতি কামিলোকঃ।"

এই স্থলে রাজবিষয়ক রতিবাচ্য ব্যঙ্গ করুণ রস তাহার অঙ্গ রূপে বর্ণিত হইয়াছে, অতএব ইহাকে ইতরাঙ্গ গুণীভূতব্যঙ্গ্যকাব্য বলা যাইতে পারে। (সাহিত্য দ° ৪ পরি°) কাব্যপ্রকাশকার ইহাকে অপরাঙ্গ নামে উল্লেখ করিয়াছেন। (কাব্যপ্র° ৫ উল্লা° ১ কারি°)

যে স্থলে ব্যঙ্গ্যার্থ কাকুদ্বারা আক্ষিপ্ত হয়, তাহাকে কাক্বাক্ষিপ্ত গুণীভূত ব্যঙ্গ্য বলে। যথা—

"মথ্নামি কৌরবশতং সমরে ন কোপাদ্
দুঃশাসনস্য রুধিরং ন পিবাম্যুরস্তঃ।
সংচূর্ণয়ামি গদয়া ন সুযোধনোরু-
সন্ধিং করোতু ভবতাং নৃপতিঃ পণেন॥"

এই স্থলে "নিশ্চয়ই শতকৌরবদিগকে বধ করিব" "দুঃশাসনের বক্ষস্থল হইতে রুধির পান করিব" এবং "নিশ্চয়ই দুর্য্যোধনের উরুযুগল চূর্ণ করিব" এই কয়টী ব্যঙ্গ্যার্থ কাকু দ্বারা আক্ষিপ্ত হইয়া "শত কৌরবদিগকে বধ করিব না" ইত্যাদি বাচ্যার্থের সমানরূপে অবস্থিত হইয়াছে। এই কারণে ইহাকে কাক্বাক্ষিপ্তগুণীভূতব্যঙ্গ্য বলা যাইতে পারে।

যে স্থলে ব্যঙ্গ্যার্থ বাচ্যার্থসিদ্ধির হেতু হয়, তাহাকে বাচ্যসিদ্ধ্যঙ্গ বলা যায়। যথা—

"দীপয়ন্ রোদসীরন্ধ্রমেষ জ্বলতি সর্ব্বতঃ।
প্রতাপস্তব রাজেন্দ্র! বৈরিবংশদবানলঃ।"

এই স্থলে প্রতাপে দাবানলত্বের আরোপ বাচ্য; বৈরিকুলে বেণুত্বের আরোপ ব্যঙ্গ্য, ইহাই বাচ্য আরোপের হেতু। ইহাকে বাচ্যসিদ্ধ্যঙ্গ বলা যাইতে পারে।

যাহা প্রস্তাবের উপযোগী ও বর্ণনীয়, তাহাকে প্রধান বলিয়া স্বীকার করা হয়। যে স্থলে ব্যঙ্গ্যার্থ ও বাচ্যার্থ উভয়ই প্রধান হইতে পারে অর্থাৎ কোন একটীকে প্রধান বলিয়া নিশ্চয় করা যাইতে পারে না, তাহাকে সন্দিগ্ধপ্রাধান্য বলে। যথা—

"হরস্তু কিঞ্চিৎ পরিবৃত্তধৈর্য্যশ্চন্দ্রোদয়ারম্ভইবাম্বুরাশিঃ।
উমামুখে বিম্বফলাধরোষ্ঠে ব্যাপারয়ামাস বিলোচনানি॥"

এই স্থলে মুখনিরীক্ষণ বাচ্য ও মুখচুম্বন ব্যঙ্গ্য। ইহার কোনটী প্রধান তাহার নিশ্চয় হইতে পারে না। এই কারণে ইহাকে সন্দিগ্ধ-প্রাধান্য বলা যাইতে পারে।

বাচ্যার্থ ও ব্যঙ্গ্যার্থ উভয়ই প্রধান বা প্রকৃত হইলে তুল্যপ্রাধান্য বলে। যথা—

"ব্রাহ্মণাতিক্রমস্ত্যাগো ভবতামেব ভূতয়ে।
জামদগ্ন্যশ্চ বো মিত্র মন্যথা দুর্মনায়তে॥"

এই স্থলে "পরশুরাম সমস্ত রাক্ষসকুল নির্ম্মূল করিবেন"

এই ব্যঙ্গার্থটী বাচ্যার্থের ন্যায় বর্ণনীয়। অতএব তুল্যপ্রাধান্য গুণীভূতব্যঙ্গ হইল।

ব্যঙ্গ্যার্থ অস্ফুট হইলে তাহাকে অস্ফুটগুণীভূত-ব্যঙ্গ বলে। যথা—

"অদৃষ্টে দর্শনোৎকণ্ঠা দৃষ্টে বিচ্ছেদভীরুতা।
নাদৃষ্টেন ন দৃষ্টেন ভবতা লভ্যতে সুখম্॥"

এই স্থলে "কখনও দৃষ্টির অগোচর হইও না" এবং "কখনও যেন বিরহ যাতনা অনুভব করিতে না হয়" এই ব্যঙ্গ অর্থটী অতিশয় অস্ফুট অর্থাৎ সহসা বোধগম্য হয় না, অতএব অস্ফুটগুণীভূতব্যঙ্গ্য বলা যাইতে পারে।

যে স্থলে বাচ্যার্থের ন্যায় ব্যঙ্গ্যার্থ অতি সহজে বোধগম্য হয়, তাহাকে অগূঢ় গুণীভূতব্যঙ্গ্য বলে। যথা—

"অনেন লোকগুরুণা সতাং ধর্ম্মোপদেশিনা।
অহং ব্রতবতী স্বৈরমুক্তেন কিমতঃ পরম্।"

এ স্থলে শাক্যমুনির তির্য্যক্‌যোষিদ্ বলাৎকার ব্যঙ্গ বাচ্যার্থের ন্যায় অতি সহজেই বুঝিতে পারা যায় বলিয়া অগূঢ়গুণীভূতব্যঙ্গ্য হইল।

ব্যঙ্গ্যার্থ হইতে বাচ্যার্থের চমৎকার অধিক হইলে তাহাকে ব্যঙ্গ্যাসুন্দর বলে। যথা—

"বাণীরকুড়ুঙ্গুড্ডীণ সউণি কোলাহলং সুণন্তীএ
ঘর কম্ম বাবড়াএ বহু এ সীঅন্তি অঙ্গাইং।"

এই স্থলে "সঙ্কেত অনুসারে কোন ব্যক্তি লতাগৃহে প্রবিষ্ট হইয়াছে" এই অর্থ ব্যঙ্গ্য, ইহা অপেক্ষা বাচ্যার্থের চমৎকার অধিক। অতএব ইহাকে ব্যঙ্গ্যাসুন্দরগুণীভূত ব্যঙ্গ্য বলা যাইতে পারে।

দীপক ও তুল্যযোগিতা প্রভৃতি স্থলে যে উপমাদি অলঙ্কার ব্যঙ্গ্য হয়, ধ্বনিকারাদির মতে তাহাকেও গুণীভূত-ব্যঙ্গ্য বলে। আলঙ্কারিকগণ গুণীভূতব্যঙ্গ্যের ইহা ছাড়া আরও কতকগুলি ভেদ নিরূপণ করিয়াছেন। (সাহি° ৪ অঃ)

গুণেশ্বর (পুং) গুণৈরীশ্বরঃ গুণানামীশ্বরো বা। ১ চিত্রকূট-পর্ব্বত। (শব্দরত্না°)

গুণানাং সত্বাদীনাং ঈশ্বরঃ ৬তৎ। ২ সত্বাদি গুণের নিয়ন্তা, পরমেশ্বর। (ত্রি) ৩ গুণের অধিপতি।

গুণেশ প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত হয়।

গুণোৎকর্ষ (পুং) গুণস্য উৎকর্ষঃ ৬তৎ। গুণাতিশয়।

"ভূয়স্তব গুণোৎকর্ষমেতে বিদ্যে করিষ্যতঃ।" (রামা° ১।২৬ অঃ)

গুণোৎকীর্ত্তন (ক্লী) গুণানামুৎকীর্ত্তনং কথনং। বিরহে নায়ক অথবা নায়িকার প্রশংসাদি কথন। (রসমঞ্জরী)

গুণ্টুনাল, কর্ণূল জেলার অন্তর্গত একখানি গ্রাম। নন্দ্যাল হইতে ১৫ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। এই স্থানে বিজয়-নগররাজ সদাশিবের রাজত্ব সময়ে রামরাজবেঙ্কটাদ্রিদেবের আদেশে ১৪৬৯ শকে উৎকীর্ণ শিলালিপি আছে।

গুণ্টুপল্লী, ইলোরার ১০ ক্রোশ উত্তরে ও কামবরপুকোটার দেড় ক্রোশ পশ্চিমে অবস্থিত গোদাবরী জেলাস্থ একখানি গ্রাম। এই গ্রামের পূর্ব্বদিকের পাহাড়ে একটী সুন্দর গুহা-মন্দির আছে। মন্দিরের মধ্যভাগ গোলাকৃতি, ছাদ খিলান করা এবং উহার ভিতরে ৮ হাত চতুরস্র ও ২ হাত উচ্চ একটী প্রস্তরময় বেদী আছে। তাহার উপরে দুইহাত ৯ ইঞ্চ উচ্চ একটী গম্বুজ, তদুপরি লিঙ্গমূর্ত্তি। মন্দিরের উভয়পার্শ্বে প্রায় ২০০ হাত দূরে পাহাড় কাটিয়া দেয়াল ও গৃহাদি নির্ম্মিত। দালানগুলি লম্বে ৮০ হাত ও প্রস্থে ১২ হাত। ঐ দালানের একটীতে ছোট গুহা দেখা যায়। প্রবাদ আছে পূর্ব্বকালে মহাদেবের স্নানের জন্য ঐ গুহা হইতে জল আসিত। এইখানে প্রতিবৎসর শিবরাত্রের সময় মহা উৎসব হইয়া থাকে।

এখন যদিও ঐ মন্দিরে ব্রাহ্মণ্য ধর্ম্মের প্রভাব, তথাপি এখানে যে বহুপূর্ব্বে বৌদ্ধসঙ্ঘারাম ও চৈত্য ছিল, তাহাতে সন্দেহ নাই। ঐ গোলাকৃতি মন্দিরের চারিধারে ১১ ফুট ৬ ইঞ্চি প্রদক্ষিণা, তাহার ৭ ফিট উচ্চ 'দাগব' দৃষ্ট হয়। বারগেস্ সাহেব এই গুহামন্দিরের সহিত জুনারের বৌদ্ধকীর্ত্তি তুলজালেনার তুলনা করেন। চৈত্যগুহার সম্মুখে একটী ভগ্নদাগব দৃষ্ট হয়। ইহার দক্ষিণে কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র গৃহ পড়িয়া আছে।

উত্তরদিকে বিহারগুহা, ইহার মধ্যে একখণ্ড শিলাফলকে দুই ছত্র খোদিতলিপি আছে। উহার অক্ষরগুলি খৃষ্টীয় প্রথম শতাব্দীর অথবা তাহারও কিছু পূর্ব্ব সময়ের বলিয়া অনুমিত হয়।

গুণ্টুর, কৃষ্ণা জেলার অন্তর্গত একটী নগর। অক্ষা° ১৬° ১২´ উঃ ও ৮০° ২০´ পূঃ। এখানে সব-কালেক্টারের সদর কাছারি আছে। ইহার চারিধারই পর্ব্বতময়। ১৭৬৫ খৃষ্টাব্দে ইংরাজেরা এই নগর অধিকার করেন। কিন্তু মোগল-সম্রাটের সহিত লর্ড ক্লাইবের যে সন্ধি হয়, তাহাতে নিজাম-ভ্রাতা বজালেতজঙ্গ যাবজ্জীবন এই সম্পত্তি জায়গীর স্বরূপ ভোগ দখল করিবেন এই কথা থাকে। ১৭৮৮ খৃষ্টাব্দে ঐ সম্পত্তি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী পুনরায় দখল করেন।

এখানে রামচন্দ্রপুর অগ্রহার নামক স্থানে লক্ষ্মীনর-সিংহস্বামীর মন্দিরের মণ্ডপে স্তম্ভের গাত্রে এবং প্রাচীন গুণ্টুরের লালদিঘীর পূর্ব্বে অগস্ত্যেশ্বর স্বামীর মন্দিরে

১১৪০ শকে উৎকীর্ণ একখানি প্রশস্তি আছে। শেষোক্ত মন্দিরে একখণ্ড পাথরে চারিপাদ সর্প ও কতকগুলি উপাসকের মূর্ত্তি অঙ্কিত। বৌদ্ধধর্ম্মের প্রাদুর্ভাবকালে এই তালুকের নানাস্থানে বৌদ্ধকীর্ত্তি ছিল, এখনও তাহার ধ্বংসাবশেষ দেখা যায়।

গুণ্ঠন (ক্লী) গুঠি লুট্। ১ আবরণ। ২ বেষ্টন।

গুণ্ঠিত (ত্রি) গুঠি কর্ম্মণি-ক্ত। ১ আবৃত, আচ্ছাদিত। ২ ধূলি প্রভৃতি দ্বারা ধূসরিত, রূংষিত।

"লক্ষণং নিহতং দৃষ্ট্বা ভ্রাতরং প্রাংশুগুণ্ঠিতম্॥" (রামায়ণ)

৩ গুণ্ডিত। (অমরটী, রমানাথ)

গুণ্ড (পুং) গুড়ি-অচ্। ১ তৃণবিশেষ। পর্য্যায়—কাণ্ডগুণ্ড, দীর্ঘকাণ্ড, ত্রিকোণক, ছত্রগুচ্ছ, অসিপত্র, নীলপত্র ও ত্রিধারাক। ইহার কন্দকে কশেরু বলে। ইহার গুণ—মধুর, শীতল, কফ, পিত্ত, অতীসার, দাহ ও রক্তনাশক। (রাজনি°।)

এই তৃণ অনূপদেশে উৎপন্ন হয়। ইহার কাণ্ড ৪।৫ হাতও হইয়া থাকে। মধ্যদেশ তিনধারযুক্ত, মৃদুল ও তন্তুপ্রবেশযোগ্য সূক্ষ্ম সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট। ইহার মাথা ছত্রের ন্যায়। তাহার ভিতর হইতে অসির ন্যায় পাতা বাহির হইয়া চতুঃপার্শ্বে বিস্তৃত হয়। মূল মুথার ন্যায়। এই জাতীয় তৃণ তিন চারি প্রকার দেখিতে পাওয়া যায়। ইহার কাণ্ড দ্বারা বালাদ্বার মাদুর প্রস্তুত হয়।

গুড়ি ভাবে ঘঞ্। ২ চূর্ণন, পেষণ, গুঁড়াকরা। (ত্রি) গুড়ি কর্ম্মণি অচ্। ৩ চূর্ণীকৃত।

গুণ্ডক (ত্রি) গুণ্ড-স্বার্থে কন্। ১ মলিন। (পুং) গুণ্ড সংজ্ঞায়াং কন্। ২ ধূলি। ৩ কলধ্বনি, অব্যক্ত মধুর শব্দ। ৪ স্নেহপাত্র। (মেদিনী)

গুণ্ডকন্দ (পুং) গুণ্ডস্য কন্দঃ ৬তৎ। কশেরু, কেশর। (রাজনি°)

গুণ্ডবা, অযোধ্যার হরদোই জেলার অন্তর্গত একটী পরগণা। ইহার উত্তর ও পূর্ব্বে গোমতী নদী, দলিহাদ এবং পশ্চিমে সণ্ডিল ও কল্যাণমল। গোমতীনদীর তীরবর্ত্তী স্থান বালুকাময় পাহাড়ের উপর মধ্যে মধ্যে বিস্তৃত খাত ও বালুময় 'ভূর' ভূমিতে পরিপূর্ণ। জেলার দক্ষিণপূর্ব্বে একটী প্রাচীন নদীখাত আছে। তাহার গর্ভে পলি পড়িয়া এখন ঐ স্থান বৃহৎ ঝিলের আকার ধারণ করিয়াছে। নদীকূল হইতে ভূর ভূমি অতিক্রম করিয়া কিছু দূর আসিলে 'দুমাত' জমি দেখা যায়। ঐ জমি ততদূর বালুময় নহে। কতকগুলি ক্ষুদ্র নদী ও পার্ব্বতীয় জলস্রোত ঐ জমির মধ্যদিয়া প্রবাহিত। এই জন্য চাসবাসেরও বিলক্ষণ সুবিধা আছে। ভূপরিমাণ ১৪০ বর্গমাইল, তন্মধ্যে ৮৮টী বর্গমাইল ভূমিতে চাস হইয়া থাকে। পরগণায় ১১৭টী গ্রাম, তন্মধ্যে ৪৮টী 'ভরাবান্' বিষয়ের অন্তর্ভুক্ত; ৩৬টী পট্টিদারী, ৩০টী জমিদারী এবং ৬টী ভায়াচারী সত্বে বিভক্ত।

গুণ্ডমি (দেশজ) অকারণে কাল কাটান, বৃথা হাস্য গল্প করিয়া সময় অতিবাহন।

গুণ্ডল, কর্ণূল জেলার একখানি গণ্ডগ্রাম। পত্তিকোণ্ডার ১৫ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। এখানে গোপালস্বামীর মন্দির অতিশয় প্রাচীন। এই মন্দিরের সন্নিকটে একখণ্ড পাথরে অনুশাসনলিপি উৎকীর্ণ আছে।

গুণ্ডল কাম্মা, মান্দ্রাজের অন্তর্গত একটী নদী। কর্ণূল জেলার গুণ্ডল ব্রহ্মেশ্বরমের নিকটবর্ত্তী নল্লমলয় নামক পাহাড় হইতে বহির্গত হইয়াছে। জম্পালেরু ও যেনামলেরু নামক পার্ব্বতীয় স্রোতদ্বয়ের সহিত মিলিত হইয়া 'কন্তম্' পর্ব্বত হইতে নিম্নদেশে পতিত হইয়াছে। এই স্থানে বাঁধ দিয়া নদীর স্রোত রোধ করায় একটী বিস্তৃত হ্রদে পরিণত হইয়াছে। এই হ্রদের নাম কন্তম্, পরিধি প্রায় ১৩ মাইল হইবে। নদীর জল বক্রগতিতে বাঁধ অতিক্রম করিয়া কর্ণূল, কৃষ্ণা ও নেল্লূর জেলার মধ্য দিয়া বঙ্গোপসাগরে পড়িয়াছে। এই নদীর প্রধান মোহানা ঋতু অনুসারে ১২০০ হইতে ৪০০ হাত পর্য্যন্ত বিস্তৃত হয়। ইহার দ্বিতীয় মোহানার নাম 'পতগুণ্ডল কাম্মা'। গভীরতা সময়ে সময়ে ৬ই হইতে ১২½ ফিট পর্য্যন্ত হইয়া থাকে।

গুণ্ডলমৌ, অযোধ্যার সীতাপুর জেলার একটী পরগণা। উত্তরসীমা মচ্ছ্রেতা ও কুরৌন পরগণা; পূর্ব্বে সরায়ন নদী, দক্ষিণ ও পশ্চিমে গোমতী নদী। পূর্ব্বে এখানে কছেরা জাতির বাস ছিল। বাছিল ক্ষত্রিয়ের পুত্রগণ তাহাদিগকে তাড়াইয়া দেয়। ঐ পুত্রত্রয়ের মধ্যে একজনের নাম গোণ্ডসিংহ। তিনি নিজ নামে ঐ পরগণা স্থাপন করেন। পরগণার মধ্যে সর্ব্বসমেত ৬৭টী গ্রাম, তন্মধ্যে ৫৩ খানি গ্রাম আজও বাছিলেরা ভোগ দখল করিতেছে। ইহার উত্তরপূর্ব্বে 'কুচলাই' নামক বিষয়ও বাছিল বংশের অধিকারে আছে। স্থানটী পর্ব্বতময় উচ্চভূমিতে পরিপূর্ণ। এখানে শস্যাদি ভাল জন্মে না। কেবল গোমতীর তীরবর্ত্তী তরাই নামক উর্ব্বরা ভূমিতে শস্যাদি হয়। ভূপরিমাণ ৬৫ বর্গমাইল, তন্মধ্যে ৪৬ বর্গমাইল ভূমিতে চাষ হইয়া থাকে।

গুণ্ডবোলু, নেল্লূর জেলার মধ্যবর্ত্তী একটী গ্রাম। রাপুরের ৬ মাইল উত্তরে অবস্থিত। গ্রামের দক্ষিণে একটী পুষ্করিণীর জল গমনাগমনের পথের নিকটে পাথরের থামের উপর তৈলঙ্গ অক্ষরে খোদিতলিপি ও জলাশয়ের দক্ষিণ দিকেও তামিল অক্ষরে খোদিত লিপি বিদ্যমান আছে। এই গ্রাম

এখন জনমানবশূন্য হইয়া পড়িয়াছে। গ্রামবাসীরা বলেন, যে পূর্ব্বকালে এই স্থানে রাজবাটী ছিল।

গুণ্ডলুপাড়ু, কৃষ্ণা জেলার অন্তর্গত একটী গ্রাম। মাঁচর্ল হইতে ১০ মাইল ও তুম্রিকোটের ১৮ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। এখানে দুইটী প্রাচীন মন্দিরের ভগ্নাবশেষ দৃষ্ট হয়। গ্রামের পশ্চিমভাগে শিবকেশবের মন্দিরে একখানি ভগ্ন শিলালিপি আছে। শিব ও বিষ্ণুমন্দিরের নিকট ১২৪৩ শকে দুর্ম্মতি সম্বৎসরে শিলায় উৎকীর্ণ আর একখানি প্রশস্তি পাওয়া গিয়াছে।

গুণ্ডলপাড়েং, নেল্লূর জেলার অন্তর্বর্ত্তী একটী গ্রাম। কন্দুকূর হইতে ৭ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। এই গ্রামে পাহাড়ের উপরে তিনটী ও নিম্নদেশে একটী প্রাচীন মন্দির ও পাঁহাড়ের উপরে ভ্রমরেশ্বরস্বামীর মন্দির আছে। এই মন্দিরের ধ্বজস্তম্ভের নিকট ১৪৩৬ শকে উৎকীর্ণ একখানি প্রশস্তি এবং ঐ মন্দিরের দক্ষিণে একখণ্ড প্রস্তরের উপর একখানি শিলালিপি আছে। নদীর বালুর মধ্যে অর্দ্ধ প্রোথিত দুইটী শিবমন্দির দেখা যায়। প্রবাদ আছে যে একজন চোলরাজ এই মন্দিরদ্বয় প্রতিষ্ঠা করেন।

গুণ্ডলমড়, কদাপা জেলার অন্তর্গত একটী গ্রাম। সিদ্ধবটের ১৪ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। এখানে মুক্তিকোটীশ্বরস্বামীর একটী প্রাচীন মন্দির আছে। প্রবাদ এইরূপ যে মহর্ষি নারদ ঐ মূর্ত্তি স্থাপনা করেন। মন্দিরের সন্নিকটে একখানি অস্পষ্ট শিলাফলক আছে।

গুণ্ডলুপেট, মহিস্থররাজ্যের অন্তর্গত একটী তালুক। ভূপরিমাণ ৫৩৯ বর্গমাইল।

২ ঐ তালুকের অন্তর্গত প্রধান গ্রাম। গুণ্ডল নদীর তীরে অবস্থিত। অক্ষা° ১১° ৫০´ উঃ ও দ্রাঘি° ৭৬° ৪৭´ পূঃ। মহিস্থরের প্রাচীন রাজধানী ইহার পূর্ব্বনাম বিজয়পুর। রাজা চিক্কদেব উদৈয়ার কর্ত্তৃক ১৬৭৪ খৃষ্টাব্দে পুনরায় স্থাপিত হয়। এই নগরে তিনি পিতার অন্ত্যেষ্টিক্রিয়া সমাধা করেন। তিনি একটী অগ্রহার দান করেন এবং অপরমিতপরবাসদেবের জন্য একটী সুন্দর মন্দির নির্ম্মাণ করাইয়াছিলেন। উক্ত দুই বাটী এক্ষণে ভগ্নাবস্থায় রহিয়াছে। টিপু সুলতানের রাজত্বকালে এই নগর ক্রমেই শ্রীহীন হইয়াছিল এবং সেই সময় হইতেই ইহার লোকসংখ্যা হ্রাস হইয়া গিয়াছে।

গুণ্ডলূরু, ১ কদাপা জেলার লুল্লম্পেট তালুকের অন্তর্গত একখানি গ্রাম। লুল্লম্পেটের সদর কাছারি হইতে ৫ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। এখানকার প্রাচীন বিষ্ণুমন্দিরের নিকট দুইখানি পাথরে গ্রন্থ ও তেলগু অক্ষরে খোদিত শিলালিপি আছে। ইহার দক্ষিণে অগস্ত্যেশ্বরের মন্দিরে আরও কতকগুলি গ্রন্থশিল্পলিপি দেখা যায়। সন্নিকটস্থ বীরভদ্রস্বামীর মন্দিরে কতকগুলি গ্রন্থ ও তেলগুভাষায় শিলাফলক আছে, উহার একখানি ১৪৭৭ শকে ও অপরখানি ১৪৮০ শকে উৎকীর্ণ। গ্রামবাসীরা বলে যে ৪।৫ বৎসর অন্তর মন্দিরস্থ লিঙ্গকে গঙ্গার জলে স্নান করান হয়, ঐ জল নির্দ্দিষ্ট দিবসে মন্দিরের ছাদ হইতে ভূমিতে আসিয়া পড়ে।

২ উক্ত জেলার বায়লপাড় তালুকের অন্তর্গত একটী গ্রাম। বায়লপাড় কাছারির ১৩ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। বিজয়নগররাজ বেঙ্কটপতিদেবের রাজত্ব সময়ে পেন্নকোণ্ডার সর্দ্দার কর্ত্তৃক ১৫২১ শকে প্রদত্ত একখানি শিলালিপি আছে। এখানকার বিষ্ণুমন্দির অতি প্রাচীন।

গুণ্ডা (দেশজ) ১ যে গুণ্ডামি করে। ২ দুষ্ট বলবান্ লোক।

গুণ্ডার, ১ মদুরা জেলার অন্তর্গত একটী নদী। অন্দিপত্তি বা নর্ষনাড় পর্ব্বত হইতে প্রবাহিত ক্ষুদ্র ক্ষুদ্র জলস্রোত অক্ষা° ৯০°৩৬´ উঃ ও দ্রাঘি° ৭৮°১৪´ পূর্ব্বে একত্র মিলিত হইয়া দক্ষিণপূর্ব্বগতিতে প্রায় ১০০ মাইল গিয়া কিল্‌রাই নামক স্থানে সমুদ্রে পড়িয়াছে।

২ মধ্যপ্রদেশের রায়পুর জেলার সর্দ্দারের অধীন একখানি ডিহী। ইহার মধ্যে ৫২ খানি গ্রাম আছে। ভূমির পরিমাণ ৯০ বর্গমাইল। জমি উর্ব্বরা ও শস্যশালিনী। বর্ত্তমান সর্দ্দারের পূর্ব্বপুরুষেরা প্রায় তিনশত বর্ষ পূর্ব্ব হইতে ঐ স্থান ভোগ করিতেছেন। গুণ্ডারডিহী গ্রাম অক্ষা° ২০°৫৬´৩০´´ ও দ্রাঘি° ৮১°২০´৩´´ পূঃ মধ্যে অবস্থিত।

গুণ্ডারোচনিকা (স্ত্রী) গুণ্ডা সতী রোচনাইব। ইবার্থে কন্-টাপ্ ইত্বঞ্চ। বৃক্ষবিশেষ। চলিত কথায় কমলাগুঁড়ী বলে। পর্য্যায়—কাম্পিল্লক ও রক্তাঙ্গ। (রত্নমা°)

গুণ্ডারোচনী (স্ত্রী) গুণ্ডারোচনিকা।

গুণ্ডালা (স্ত্রী) গুণ্ডং চূর্ণং আলাতি আ-লা ক-টাপ্। ক্ষুদ্র ক্ষুপবিশেষ। পর্য্যায়—জলোদ্ভূতা, গুচ্ছবধা ও জলাশয়া। ইহার গুণ—কটু, তিক্ত, উষ্ণ, শোথ ও ব্রণনাশক। (রাজনি°)

কেহ কেহ চেঁচো নামক জলজ তৃণকে এই জাতীয় তৃণ বলিয়া অনুমান করেন।

গুণ্ডাসিনী (স্ত্রী) গুণ্ডা সতী আস্তে আস-ণিনি। তৃণবিশেষ। পর্য্যায়—গুণ্ডালা, গুড়ালা, গুচ্ছমূলিকা, চিপিটা, তৃণপত্রী, যবাসা, পৃথুলা, বিষ্টরা। ইহার গুণ—কটু, পিত্ত, দাহ, শোথ ও ব্রণদোষনাশক। তিক্ত ও উষ্ণ। (রাজনি°)

গুণ্ডিক (পুং) গুণ্ডোঽস্ত্যস্য গুণ্ড-ঠন্ (অতইনিঠনৌ। পা ৫।২।১১৫।) চূর্ণীকৃত তণ্ডুলাদি, গুড়া।

"গুণ্ডিকৈঃ সিতপীতৈশ্চ।" (অনন্তব্রতকথা)

গুণ্ডিচা (স্ত্রী) পুরুষোত্তমক্ষেত্রের একটী মন্দির। স্কন্দপুরাণের উৎকলখণ্ডে লিখিত আছে যে জগন্নাথদেব বিন্দুসরোবরের তীরবর্ত্তী গুণ্ডিচামন্দিরে রথারোহণের পরে সাতদিন পর্য্যন্ত বাস করেন। পূর্ব্বকালে, জগন্নাথদেব রাজার প্রতি সন্তুষ্ট হইয়া এই বর দিয়াছেন যে, আমি সাতদিন পর্য্যন্ত স্থিরভাবে গুণ্ডিচা-মন্দিরে বাস করিব। পৃথিবীর সমস্ত তীর্থ আমার সহিত সেই স্থানে উপস্থিত থাকিবে। যে মানব ভক্তিভাবে বিন্দুতীর্থে স্নান করিয়া সপ্তাহ পর্য্যন্ত গুণ্ডিচা-মন্দিরে বলরাম ও সুভদ্রার সহিত আমাকে দর্শন করিবে, সে ব্যক্তি আমার সাযুজ্য লাভ করিবে। উৎকলখণ্ডে এই মন্দিরের গুণ্ডিচা নাম হইবার কারণও লিখিত আছে—

"সর্ব্বপাপনিয়ন্তৃত্বাৎ পূজ্যত্বাৎ সর্ব্বদৈবতৈঃ।
গুণ্ডিচাখ্যাপি সা প্রোক্তা ব্রহ্মতেজোঽবগুণ্ঠনাৎ॥"

এই মন্দির দর্শনে দর্শকবৃন্দের সকল পাপ বিনষ্ট হয়, সমস্ত দেবতাই ইহার পূজা (সমাদর) করেন, এবং এই মন্দির ব্রহ্মতেজের অবগুণ্ঠন করে বলিয়া ইহার নাম গুণ্ডিচা হইয়াছে। উৎকলখণ্ডের এই বচনের অর্থ বজায় রাখিয়া ব্যাকরণ অনুসারে গুণ্ডিচা পদ সিদ্ধ হওয়া সুকঠিন। কোন কোন পুস্তকে "সর্ব্বপাপনিয়ন্তৃত্বাৎ" স্থলে "সর্ব্বপাপরজঃশান্ত্যা" ও "সা প্রোক্তা" স্থলে "যা যাত্রা" এইরূপ পাঠ দৃষ্ট হয়। এই পাঠ ঠিক হইলে উৎকলখণ্ডের ঐ শ্লোকটী গুণ্ডিচা নামের ব্যুৎপত্তির জন্য লিখিত হয় নাই বলা যাইতে পারে। (ব্রহ্মপুরাণ ৬৪ অঃ দেখ।)

এই মন্দিরটী কত দিনের তাহার বিশেষ প্রণাম পাওয়া যায় না। উড়িষ্যার লোকে বলিয়া থাকে যে মহারাজ ইন্দ্রদ্যুম্নের গুণ্ডিচানামে একটী মহিষী ছিলেন। তিনি এই মন্দির নির্ম্মাণ করিয়াছেন এবং তাঁহার নাম অনুসারেই এই মন্দিরের গুণ্ডিচা নাম হইয়াছে। মহাত্মা চৈতন্যদেব আপনার শিষ্য ও ভক্তগণ লইয়া এই মন্দির মার্জনা করিয়াছিলেন। বর্ত্তমান সময়েও রথযাত্রায় মহা ধূমধামের সহিত জগন্নাথদেব গুণ্ডিচা মন্দিরে যাইয়া অবস্থান করেন।

গুণ্ডিত (স্ত্রী) গুড়ি বেষ্টনে কর্ম্মণি ক্ত। ১ ধূলি ধূসরিত। (অমর ৩।১।৮৯) ২ চূর্ণীকৃত, যাহা চূর্ণকরা হইয়াছে।

গুণ্ডুভট্ট, তর্কভাষার একজন টীকাকার।

গুণ্য (ত্রি) গুণ কর্ম্মণি যৎ। ১ গুণনীয়, পূরণীয়, যাহার গুণ করা হয়। "গুণ্যান্তমঙ্কং গুণকেন হন্যাৎ।" (লীলাবতী) প্রশস্তো গুণোঽস্যাস্তি গুণ-যৎ। (অন্যেভ্যোঽপি দৃশ্যতে। পা ৫।২।১২০ বার্ত্তিক।) ২ প্রশস্তগুণযুক্ত, যাহার প্রশস্ত গুণ আছে। "গুণ্যা ব্রাহ্মণাঃ" (সিং কৌং)

গুত (দেশজ) আঘাত, ধাক্কা।

গুতন (দেশজ) আঘাত করণ, ধাক্কা দেওয়া।

গুতনীয়া (দেশজ) ১ যাহা দ্বারা আঘাত করা যায়। ২ যে আঘাত করে।

গুতমবালিয়া (দেশজ) একপ্রকার ক্ষুদ্রমৎস্য।

গুতাগুতি (দেশজ) আঘাত প্রত্যাঘাত, ধাক্কাধাক্কি, ঠেলাঠেলি।

গুতিশেওড়া (দেশজ) একপ্রকার বৃক্ষ। (Ficus heterophylla.)

গুতি, মান্দ্রাজের বেল্লারি জেলার অন্তর্গত একটী নগর। বেল্লারি নগর হইতে ৪৮ মাইল পূর্ব্বে অবস্থিত। অক্ষা° ১৫° ৬´৫৩´´ উঃ ও দ্রাঘি° ৭৭°৪১´৩২´´ পূঃ। এই নগর গুতি উপবিভাগের সদর। এখানে পোষ্টাপিস, জেলার সদরকাছারী, জেলখানা ও রেলওয়ে ষ্টেশন আছে। এই নগর বিজয়নগর রাজপরিবারের কোন বংশধরের অধীন ছিল। অরঙ্গজিবের সেনানায়ক মীর জুম্‌লার সহিত তাঁহার যুদ্ধ হয়। পরে কদাপা ও সবনূরের পাঠানেরা ইহা অধিকার করেন। তাঁহাদিগের নিকট হইতে ১৭১৪ খৃষ্টাব্দে গৌরীপুরের মহারাষ্ট্রগণ কাড়িয়া লয়। খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর প্রারম্ভে এখানে একটী দুর্গ নির্ম্মিত হয়। মহারাষ্ট্র সর্দ্দার মুরারি রাও এই দুর্ভেদ্য দুর্গে নিজ আবাস মনোনীত করেন। ইনি ১৭৫১ খৃষ্টাব্দে আর্কটঅবরোধকালে লর্ড ক্লাইবের বিশেষ সহায়তা করিয়াছিলেন।

১৭৭৬ খৃষ্টাব্দে হাইদার আলী চারিমাস অবরোধের পর নগর অধিকার করেন এবং নিকটস্থ পলিগারদিগের বিরুদ্ধে যুদ্ধ করিবার জন্য এই দুর্গে সৈন্য সহ বাস করিতেন। ১৭৯৯ খৃষ্টাব্দে ইংরাজেরা অধিকার করিয়া লন।

গ্রেণাইট পাথরের পাহাড়ের উপর দুর্গ নির্ম্মিত। উহা সমুদ্রপৃষ্ঠ হইতে ২১৭১ ফিট উচ্চ হইবে। গ্রীষ্মকালে এখানে গ্রীষ্মের প্রাদুর্ভাব অধিক। এখানে ৩০০ ফিট্ গিরিচূড়ার উপরে একটী ছোট বাড়ী আছে; লোকে উহাকে মুরারি রাওয়ের বৈঠক বলে। এই উচ্চ শিখরে বসিয়া মহারাষ্ট্রসর্দ্দার দাবা খেলিতেন ও নগরের গতিবিধি পর্য্যালোচনা করিতেন। দুর্গপ্রবেশের জন্য পরে পরে ১৪টী দরজা আছে। পর্ব্বতের উপরিভাগে অনেকগুলি ইঁদারা, পুষ্করিণী এবং কারাগার দৃষ্ট হয়। ১৮২৭ খৃষ্টাব্দে সার-টী মন্‌রোর পল্লিকোওায় মৃত্যু হইলে এই দুর্গে তাঁহাকে গোর দেওয়া হয়।

গুত্তল, ধারবার জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম। করজগী হইতে ৬ ক্রোশ পূর্ব্বে অবস্থিত। ১৮৬২ খৃষ্টাব্দ পর্য্যন্ত

এখানে সদর কাছারি ছিল। প্রতি সপ্তাহে সোমবারে এখানে দেশীয় দ্রব্যের হাট বসে। গ্রামের ভিতর কালপাথরে নির্ম্মিত চূড়শেখরের মন্দির আছে। ঐ মন্দিরের গায়ে ২৪ ও ৯৬ পঁক্তিতে লিখিত দুইখানি শিলাফলক আছে। এখানকার দিঘীতে খাত কাটিয়া জল আনা হয়। খাতের মুখের বাঁধ খিলান করা পাথরে সুচারুরূপে গাঁথা।

১১০৩ শকে প্লব সম্বৎসরে উৎকীর্ণ কলচুরি শিলালিপিতে গুত্তভোলল্ নগরের নাম পাওয়া যায়। ঐ ফলকে লিখিত আছে যে ষষ্ঠ কলচুরিরাজ আহবমল্লের (১১৭৬-১১৮৩ খৃঃ) অধীনে গুত্তসদ্দার এই নগরে রাজত্ব করিতেন। এই গুত্তভোলল্ নগর বর্ত্তমান গুত্তল বলিয়া বোধ হয়। পুনরায় ১২৩৭ খৃষ্টাব্দে দেবগিরি যাদববংশীয় ২য় সিংহন প্রদত্ত প্রশস্তিপাঠে জানা যায় যে গুত্তনায়ক জয়ীদেবের অনুমত্যানুসারে গুত্তল নগরের নিকটে উক্ত শিলালিপি উৎকীর্ণ হয়।

গুৎথ (পুং) গুৎস পুষোদরাদিবৎ সাধু। গবেধুকা, দেধান।

গুৎথক (ক্লী) গুচ্ছেন কায়তি গুচ্ছ-কৈ-ক, পৃষোদরাদিবৎ সাধু। ১ গ্রন্থিপর্ণ, চলিত কথায় গেঁটেলা। (রাজনি°) কোন কোন স্থলে পুংলিঙ্গ গুৎথক শব্দের প্রয়োগ দৃষ্ট হয়। কেহ কেহ পুংলিঙ্গ গুৎথক শব্দের গুৎস অর্থ স্বীকার করেন।

গুৎস (পুং) গুধ্যতে তৃণাদিভিঃ পরিবেষ্ট্যতে গুধ-স (উন্দি-গুধিকুষিভ্যশ্চ। উণ্ ৩।৬৮) ১ গ্রন্থিপর্ণবৃক্ষ, গেঁটেলা। ২ স্তবক, তৃণাদির স্তম্ব। (উজ্জ্বলদত্ত)

গুধ্যতে পরিবেষ্ট্যতে বক্ষঃস্থলমনেন গুধ-স।

৪ দ্বাত্রিংশদ্ যষ্টিকহার, বত্রিশনর হার। [গুচ্ছ দেখ।]

গুৎসক (পুং) গুৎস স্বার্থে কন্। ১ স্তবক। (শব্দরত্নাবলী।) ২ গ্রন্থের পরিচ্ছেদবর্ণনীয় এক একটী বিষয়ের বিভাগ।

"সন্ধানমনিরুদ্ধঞ্চ প্রকীর্ণং গুৎসকাদিচ।
সর্গবর্গপরিচ্ছেদাঘাতাধ্যায়াঙ্কসংগ্রহাঃ॥" (ত্রিকাণ্ড°)

গুৎসকপুষ্প (পুং) গুৎসকঃ স্তবকীভূতং পুষ্পং যস্য বহুব্রী। সপ্তচ্ছদবৃক্ষ, ছেতেন গাছ।

গুৎসপুষ্প (পুং) গুৎসযুক্তং পুষ্পং যস্য বহুব্রী। সপ্তচ্ছদ।

গুৎসার্দ্ধ (পুং) গুৎসস্য অর্দ্ধঃ ৬তৎ। চতুর্বিংশতি যষ্টিকহার, চব্বিশনর হার।

গুথ্‌নী, বাঙ্গালায় সারণ জেলার অন্তর্গত একটী নগর। ছোট গণ্ডক নদীর পূর্ব্ব উপকূলে ও ছাপরার ২৭ ক্রোশ উত্তর-পূর্ব্বে অবস্থিত। অক্ষা° ২৬° ৯´ ৪৫´´ উঃ, দ্রাঘি° ৫৪° ৫´ পূঃ। এখানে চিনি পরিষ্কারের জন্য ৪টী কল আছে। এখানকার চিনি নানাদেশে রপ্তানি হইয়া থাকে।

গুদ (ক্লী) গোদতে খেলতি চলতীতি যাবৎ অপানবায়ুরনেন গুদ-ক (ইগুপধাৎ ইত্যাদি পা ৩।১।১৩৫) ১ মলত্যাগদ্বার, গুহ্যদেশ। পর্য্যায়—অপান, পায়ু, গুহ্য, গুদবর্ত্ম। সুশ্রুতের মতে গুহ্যদেশ পঞ্চাঙ্গুল মাত্র আয়ত, ইহাতে কতকগুলি স্থূল অন্ত্র অর্থাৎ মলাশয় হইতে মলদ্বার পর্য্যন্ত বিস্তৃত মলনিঃসরণের প্রণালী আছে। সেই সকল প্রণালী বা স্থূল অন্ত্রযুক্ত পঞ্চাঙ্গুলপরিমিত স্থানকে গুহ্যদেশ বা গুদ বলে। গুহ্যদেশের অর্দ্ধাঙ্গুল অপেক্ষা কিঞ্চিৎ অধিক অন্তরে প্রবাহণী, বিসর্জনী ও সম্বরণী নামে তিনটী বলী আছে, সেই বলীত্রয় চারি আঙ্গুল আয়ত, তির্য্যক্‌ভাবে অবস্থিত এবং উপরিভাগে একাঙ্গুলি শঙ্খাবর্ত্তের ন্যায় বলয়াকারে জড়িত হইয়া উপর্য্যুপরি সংস্থিত আছে। ইহাদের বর্ণ হস্তীর তালুর ন্যায়। গুহ্যদেশজাত রোমের অন্তর্ভাগ হইতে আধ যব পরিমিত স্থানকে গুদৌষ্ঠ কহে। (সুশ্রুত নিদান° ২ অঃ) [অন্ত্র দেখ।]

যাজ্ঞবল্ক্যের মতে গুহ্যদেশ অন্যতম প্রাণের আয়তন।

"নাভিরোজো গুদং শুক্রং শোণিতং শঙ্খকৌ তথা।
মূর্দ্ধাংসকণ্ঠহৃদয়ং প্রাণস্যায়তনানি চ॥" (যাজ্ঞবল্ক্য)

(পুং) ২ বলয়াকার গুদস্থান।

"উদরঞ্চ গুদৌ কোষ্ঠৌ বিস্তারোঽয়মথ শৃণু।" (যাজ্ঞ°)

'বাহ্যাদ্ গুদবলয়াৎ অন্তরে গুদবলয়ে দ্বে তৌ চ গুদৌ' (মিতা°)

কোন কোন আভিধানিকের মতে গুদ শব্দের উত্তর অস্ত্যর্থে অচ্ প্রত্যয় করিয়া গুদ শব্দ নিষ্পন্ন হয়, তাহার অর্থ গুদস্থান, এই অর্থে ত্রিলিঙ্গেই প্রয়োগ হইয়া থাকে।

"গুদাঃ পাত্রাধি সু দুধান ধেনুঃ।" (বাজস° ১৯।৮৬)

'গুদাঃ গুদস্থানানি'। (মহীধর)।

৩ গুহ্যদেশের নিকটবর্ত্তী বলিয়া স্থানবিশেষে চলিত কথায় যোনি অর্থে গুদ শব্দের প্রয়োগ আছে।

গুদকীল (পুং) গুদে কীলইব। অর্শরোগ।

"আনাহভেদো গুদকীলহিক্কা।" (সুশ্রুত° সূত্র ৪৬ অঃ)

গুদকীলক (পুং) গুদকীল এব স্বার্থে কন্। অর্শরোগ।

গুদকীলহন্ (ত্রি) গুদকীলং হন্তি হন্-ক্বিপ্। গুদকীলনাশক, যাহাতে অর্শরোগ বিনষ্ট হয়।

"স্থূলকন্দস্তু নাত্যুষ্ণঃ সুরণো গুদকীলহা।" (সুশ্রুত ১।৪৬ অঃ)

গুদগ্রহ (পুং) গুদং তদ্‌ব্যাপারং গৃহ্লাতি গ্রহ-অচ্, ৬তৎ। উদাবর্ত্তরোগ। (হেম ৩।১৩৩) [উদাবর্ত্ত দেখ।]

গুদড় (পর্ত্তুগীজ গোদ্রিম শব্দের অপভ্রংশ) ১ গুধড়ী, সন্ন্যাসীর কাঁথা। ২ সম্প্রদায় বিশেষ। ব্রহ্মগিরি এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। জনশ্রুতি এইরূপ—গোরক্ষনাথ ব্রহ্মগিরিকে মন্ত্র না দিয়া

কর্ণকুণ্ডলাদি প্রদান করেন। পরে ব্রহ্মগিরি আবার গুদড় প্রভৃতিকে তাহা ব্যবহার করিতে দেন।

ইহারা সকলে কষায় বর্ণ খেল্‌কা পরে, এককর্ণে কুণ্ডল ও অপর কর্ণে অওঘড়ের পদচিহ্নিত তামার তক্তি রাখে। ঐ কুণ্ডলাদিকে খেচরীমুদ্রা বলে। সকলেই ধুনচীতে ধুপ জ্বালাইয়া লইয়া ভিক্ষা করিয়া বেড়ায়। কোন সন্ন্যাসীর মৃত্যু হইলে তাহার অন্ত্যেষ্টিক্রিয়া করে। দেহসমাধির পর তাহার সমুদায় সামগ্রী অধিকার করিয়া লয়। ইহাই ইহাদের প্রধান বৃত্তি।

গুদপরিণদ্ধ (পুং) ঋষিবিশেষ। ইহার উত্তর অপত্যার্থে ইঞ্ প্রত্যয় হইয়া গৌদপরিণদ্ধি শব্দ নিষ্পন্ন হয়। বক্রনখ শব্দের সহিত দ্বন্দসমাসে অপত্য প্রত্যয়ের লোপ হইয়া যায়। "বক্রনখ গুদপরিণদ্ধাঃ" (পা ২।৪।৬৮ গণপাঃ)

গুদপাক (পুং) গুদস্য পাকঃ ৬তৎ। গুদস্থানের পাকবিশেষ, অতিশয় অতীসার হইলে এই রোগ উপস্থিত হয়, ইহাতে পূয়স্রাব হইয়া থাকে।

সুশ্রুতের মতে বালকের গুদপাক রোগ উপস্থিত হইলে পিত্তঘ্ন ক্রিয়া করিবে এবং পানে ও আলেপনে রসাঞ্জন ব্যবহার করা উচিত। (সুশ্রুত শারীরঃ ১০ অঃ।) কুপথ্য সেবনকারী ব্যক্তির পিত্ত কর্ত্তৃক গুদপাকরোগ উৎপন্ন হইলে পিত্তনাশক দ্রব্য সেবন এবং তাহার কাথে অনুবাসন বিধেয়। এই রোগে বায়ুর যোগ থাকিলে দধিমণ্ড, মদ্য ও বিল্বের সহিত তৈল পাক করিয়া অনুবাসন প্রয়োগ করা উচিত। ক্ষীরুইয়ের মূলের সহিত দুগ্ধ পাক করিয়া সেবন করিলেও উপকার দর্শে। গুদপাকরোগে বেশী রকম রক্তস্রাব হইলে কিংবা বায়ু বদ্ধ থাকিলে পিচ্ছিল বস্তিপ্রয়োগ করা উচিত। (সুশ্রুত উত্তরঃ ৪০ অঃ।)

গুদভ্রংশ (পুং) গুদস্য গুদমাংসস্য ভ্রংশঃ ৬তৎ। রোগবিশেষ। রুক্ষ ও দুর্ব্বল ব্যক্তির প্রবাহন (কোঁৎপাড়া) ও অতীসার দ্বারা মলদ্বারের মাংস বাহিরে নির্গত হইলে তাহাকে গুদভ্রংশ বলে। (সুশ্রুত নিদাঃ ১৩ অঃ।)

গুদভ্রংশরোগের চিকিৎসা করিতে হইলে প্রথমে বহির্গত নাড়ী বা মাংস ঘৃতাক্ত ও স্নিগ্ধ বা স্বেদ প্রয়োগ করিয়া গুদমধ্যে প্রবেশ করাইয়া দিবে। পরে মলদ্বার চর্ম্মদ্বারা বন্ধন করিবে। চামড়ার যে অংশ মলদ্বারের ছিদ্র আবরণ করিয়া থাকিবে, সেই ভাগে একটী ছিদ্র করিতে হয়। বায়ু নিঃসরণের জন্য বার বার স্বেদ প্রয়োগ করা উচিত।

দুগ্ধ, মহাপঞ্চমূল, অন্ত্রশূন্য মূষিকার দেহ এবং বাতঘ্ন ঔষধ এই সকল যোগে তৈলপাক করিয়া পানে ও অভ্যঙ্গে প্রয়োগ করিতে হয়। ইহাতে কষ্টসাধ্য গুদভ্রংশরোগও আরোগ্য হইয়া থাকে। (সুশ্রুত, চিকিৎসিঃ ২১ অঃ)।

অতীসাররোগে গুদভ্রংশ উপস্থিত হইলে মধুরান্নযোগে তৈল বা ঘৃতপাক করিয়া প্রয়োগ করিবে। (সুশ্রুত, উত্তর ৪০ অঃ)

গুদরোগ (পুং) গুদস্য রোগঃ ৬তৎ। গুদস্থানে উৎপন্ন একপ্রকার রোগ। শাতাতপের মতে—দেবালয় অথবা জলে মূত্র বা প্রস্রাব করিলে সেই পাপে জন্মান্তরে গুদরোগ উৎপন্ন হয়। ইহা সেই পাপের চিহ্নস্বরূপ। একমাস পর্য্যন্ত দেবতার্চ্চন ও গোদান করিয়া একটী প্রাজাপত্য করিলে এই রোগের প্রতীকার হয়। (শাতাতপঃ)

ভগন্দর ও অর্শ প্রভৃতি গুদজাত রোগের অন্যরূপ কারণ ও প্রায়শ্চিত্তপ্রণালী উক্ত হইয়াছে। ইহাতে বোধ হয় যে শাতাতপ যে গুদরোগের উল্লেখ করিয়াছেন, তাহা ভগন্দর ও অর্শ প্রভৃতি রোগ হইতে ভিন্ন। কিন্তু প্রচলিত প্রাচীন ভিষক্‌শাস্ত্রে গুদরোগ নামে অপর কোন একটী পৃথক রোগ লক্ষিত হয় না।

গুদবর্ত্ম (ক্লী) গুদরূপং বর্ত্ম। মলদ্বার। (জটাধর)

গুদস্তম্ভ (পুং) গুদস্য তদ্‌ব্যাপারস্য মলনিঃসারণস্য স্তম্ভঃ ৬তৎ। মলনিঃসারণের প্রতিরোধক রোগবিশেষ।

শাতাতপের মতে—অশ্বযোনি গমন করিলে জন্মান্তরে গুদস্তম্ভ রোগ জন্মে। একমাস পর্য্যন্ত সহস্র কমলদ্বারা শিবের স্নান করাইলে ইহার প্রতীকার হয়।

গুদা (স্ত্রী) গুদ-বিকল্পে টাপ্। নাড়ীবিশেষ, শরীরের যে সকল নাড়ী সমান বায়ুদ্বারা অন্নরস ধাতুস্থানে লইয়া যায়, তাহাদিগকে গুদা বলে।

"অন্ত্রেভ্যস্তে গুদাভ্যোবনিষ্ঠোহৃদয়াবধি।" (ঋক্ ১০।৬৩।৩)

'গুদাভ্যঃ যাভিনাড়ীভিরন্নরসঃ সমানবায়ুনা ধাতুষু নীয়তে তাভ্যঃ নাড়ীভ্যঃ।' সায়ণ।

২ পক্ষীবিশেষ। (Loxia hypoxantha.)

গুদাঙ্কুর (পুং) গুদে অঙ্কুরইব। অর্শরোগ। (হেমঃ ৩।১৩২)

"গুদাঙ্কুরা বহ্বনিলাঃ।" (বাভট, নিদানঃ ৭ অঃ)

গুদাম, যাহাতে একজাতীয় অনেক দ্রব্য রাখিয়া দেওয়া হয়, গোলা। গুদাম শব্দের উৎপত্তি লইয়া গোল, কাহারও মতে Godown শব্দের অপভ্রংশ, আবার কাহার মতে মলয়ভাষার "গদোঙ্গ্" শব্দ হইতে গুদাম হইয়াছে। যে ঘরে মালবদ্ধ করিয়া রাখা হয়, সেই ঘরকে তামিল ভাষায় "কিদঙ্গু" ও তেলঙ্গভাষায় 'গিদঙ্গি' বলে। সিংহলেও ঐ শব্দ "গুদাম" নামে ব্যবহৃত। ইহাতে বোধ হয়, তামিল ও তৈলঙ্গ হইতেই অপভ্রংশ গুদাম শব্দ বাহির হইয়াছে।

গুদার (পারসীক) খেয়াঘাট।

গুদী (স্ত্রী) গুদ ঙীষ্। যেখানে নৌকাদি মেরামত হয়।

গুদৌষ্ঠ (পুং) গুদস্য ওষ্ঠ ইব। গুদের অবয়ববিশেষ।

[গুদ দেখ।]

গুধড়ী (পর্ত্তুগীজ গোদ্‌রিম্ শব্দজ) কন্থা, সন্ন্যাসীগণের গাত্রাচ্ছাদন।

গুধের (ত্রি) গুধ্যতি বেষ্টয়তি রক্ষতি ইত্যর্থ। গুধ-এরক্। (মূলেরাদয়ঃ। উণ্ ১।৬২) গোপ্তা। 'গুধেরঃ গোপ্তা' (উজ্জ্বল°)।

গুন (দেশজ) থলিয়া।

গুনজাইস্ (পারসী) ১ আধারগৃহ। ২ লাভ।

গুনজাইসী (পারসীজ) সুবিধাজনক, লাভকর।

গুনাহ্ (পারসী) দোষ, পাপ, দুষ্টতা।

গুনাহ্‌গার (পারসী) ১ অনিষ্টকারী। ২ দুষ্ট, দুরন্ত। (দেশজ) ৩ বৃথা ক্ষতিপূরণ।

গুন্দগড় একটী পর্ব্বত, হিমালয়ের পশ্চিম সীমায় অবস্থিত। ইংরাজশাসনের আসিবার পূর্ব্বে এখানে দস্যুদল বাস করিত। এই পর্ব্বতের উত্তরে হরিপুরের সম্মুখভাগে মুরিগ্রাম, এইখানে পার্ব্বত্য অধিবাসী কর্ত্তৃক শিখেরা অনেকবার তাড়িত হইয়াছিল। বিদ্রোহের সময় মেজর এবট এই পর্ব্বতে আসিয়া আশ্রয় গ্রহণ করেন।

গুন্দল (পুং) গুন্ ইতি শব্দেন দল্যতে হসৌ দল-ণিচ্-কর্ম্মণি অচ্। মর্দ্দলধ্বনি, মাদোলের শব্দ। (হেম°)

গুন্দিকোটা, দাক্ষিণাত্যের একটী নগর ও দুর্গ। গুতি ও কদাপার মধ্যস্থলে অক্ষা° ১৪° ৫১´ উঃ ও দ্রাঘি° ৭৮° ২২´ পূঃ পর্ব্বতশৃঙ্গের উপরে এই দুর্গ স্থাপিত। ইহার দক্ষিণদিকের বালুপাথরের পাহাড় ফাটিয়া পেন্নার নদী কদাপা জেলার মধ্য দিয়া প্রবাহিত হইয়াছে। ১৮০০ খৃষ্টাব্দে নিজাম কর্ত্তৃক এই জেলা ইংরাজের হস্তে অর্পিত হয়।

গুন্দ্র (পুং) গুদ্রি কর্ম্মণি অচ্। ১ শরতৃণ। (অমর) ২ গুণ্ডজাতীয় শৃঙ্গবেরের আকৃতি মূলযুক্ত বৃহৎ তৃণ, হিন্দী ভাষায় গোদপটের বলে। পর্য্যায়—পটরক, অচ্ছ ও শৃঙ্গবেরাহ্বমূল। ইহার গুণ—কষায়, মধুর রস, শীতবীর্য্য, পিত্তঘ্ন, রক্তনাশক, স্তন্য, শুক্র, রজ ও মূত্রশোধক এবং মূত্রকৃচ্ছ্রনাশক। (ভাবপ্র° পূর্ব্ব° ১ ভাগ।)

গুন্দ্রমূলা (স্ত্রী) গুন্দ্রস্য মূলমিব মূলং যস্যাঃ বহুব্রী। এরকাতৃণ, হোগলা। (ভাবপ্র° পূ° ১ ভাগ)

গুন্দ্রা (স্ত্রী) গুন্দ্রঃ তৎসাদৃশ্যমস্ত্যস্য মূলে গুন্দ্র-অচ্ টাপ্। ১ এরকা। (ভাবপ্র° পূর্ব্বঃ ১ ভাগ।) ২ ভদ্রমুস্তক। ৩ প্রিয়ঙ্গুবৃক্ষ। (অমর ২।৪।১৬০) ৪ গবেধুকা। (রত্নমা°)

সুশ্রুত পিত্তসংশমনীয়বর্গের মধ্যে ইহার গণনা করিয়াছেন। (সুশ্রুত সূত্র°)

গুন্দ্রাল (পুং) গুন্দ্রং মিথ্যাবচনং আলাতি আ-লা-ক। জীবঞ্জীব পক্ষী, চকোর। (হেম° ৪।৪০৬) কোন কোন পুস্তকে "গুন্দ্রালঃ" স্থলে "গুন্দাল" পাঠ দৃষ্ট হয়।

বাচস্পত্যে গুন্দ্রলা শব্দ হেমচন্দ্রসম্মত বলিয়া লিখিত হইয়াছে। কিন্তু হেমচন্দ্রকৃত অভিধানচিন্তামণি গ্রন্থে গুন্দ্রলা শব্দ নাই। 'জীবঞ্জীবস্তু গুন্দ্রালো বিষদর্শনমৃত্যুকঃ।' এইরূপ পাঠই দেখিতে পাওয়া যায়।

গুপিল (পুং) গোপায়তি গুপ-ইলচ্ কিচ্চ। (গুপাদিভ্যঃ কিচ্চ। উণ্ ১।৫৭) রাজা। (উজ্জ্বল°)

গুপো (গুপধাতুজ) ১ গোপনীয়। ২ যাহার বৃহৎ গোঁপ আছে।

গুপ্ত (ত্রি) গুপ-কর্ম্মণি-ক্ত। ১ রক্ষিত, যাহা রক্ষা করা হইয়াছে। পর্য্যায়—ত্রাত, ত্রাণ, রক্ষিত, অবিত, গোপায়িত।

"যদা শ্রৌষং ব্যূহমভেদ্যমনৈ
র্ভারদ্বাজেনাত্তশস্ত্রেণ গুপ্তম্।" (ভারত ১।১।১৮৮)

২ গূঢ়, যাহা গোপন করা হইয়াছে, লুক্কায়িত।

"স গুপ্তমূলপ্রত্যন্তঃ" (রঘু)

(পুং) ৩ সঙ্গত। (শব্দরত্না°) ৪ বৈশ্যগণের উপাধিবিশেষ।

"গুপ্তদাসাত্মকং নাম প্রশস্তং বৈশ্যশূদ্রয়োঃ।" (উদ্বাহতত্ত্ব)

৫ পরমেশ্বর।

"গুপ্তশ্চক্রগদাধরঃ।" (ভারত ১৩।১৪৯।৭১)

৬ ভারতের বিখ্যাত প্রাচীন রাজবংশ। [গুপ্তরাজবংশ দেখ।]

গুপ্তক (পুং) ১ রাজা জয়দ্রথের একজন সেনাপতি। (ভারত ১।২৬৪ অঃ) (ত্রি) গুপ্ত স্বার্থে কন্। ২ গুপ্ত। ৩ (পুং) বৌদ্ধস্থবিরদিগের সম্মতীয় মতের একটী উপশাখা।

গুপ্তকথা (স্ত্রী) গুপ্তাচাসৌ কথাচেতি কর্ম্মধা°। গুঢ়বাক্য, যাহা সাধারণের নিকট প্রকাশিত হয় না।

গুপ্তকাল, গুপ্তরাজগণের প্রতিষ্ঠিত একটী স্বতন্ত্র অব্দ। ইহা গুপ্তনৃপতিভুক্তি, গুপ্তসম্বৎ, গুপ্তকাল, গুপ্তনৃপকাল প্রভৃতি শব্দ দ্বারাও উক্ত হইয়াছে। কোন্ সময়ে এই গুপ্ত সম্বৎ আরম্ভ হয়, তাহা স্থির করিবার জন্য পাশ্চাত্য ও দেশীয় ভারতপ্রেমিক প্রায় প্রধান প্রধান সকল প্রত্নতত্ত্ববিদ্ লেখনী ধারণ করিয়াছেন, কিন্তু বহুদিন অশেষ অনুসন্ধান ও অসাধারণ অধ্যবসায় দ্বারাও কেহ নিঃসন্দেহে প্রকৃত গুপ্তকাল নির্ণয় করিতে পারেন নাই। অল্প দিন হইল, অনেক চেষ্টার পর সর্ব্ববাদীসম্মত প্রকৃত গুপ্তকাল নির্ণীত হইয়াছে। কি রূপে এই গুপ্তকাল নির্ণীত হইল তাহাই লিখিতেছি—

১০৩০ খৃষ্টাব্দে আল্‌বেরূণী আরবী ভাষায় ভারতবর্ষের বিবরণ সম্বন্ধে একখানি পুস্তক রচনা করেন। ফরাসী পণ্ডিত রেণো সর্ব্ব প্রথম ঐ গ্রন্থের ফরাসী অনুবাদ প্রকাশ করেন (১)। এই অনুবাদের তাৎপর্য্য এই—"ভারতের লোকেরা সচরাচর শ্রীহর্ষ, বিক্রমাদিত্য, শক, বল্লব ও গুপ্ত নামে সম্বৎ ব্যবহার করেন। শকাব্দের ২৪১ বর্ষ পরে বল্লব অব্দ। গুপ্ত কাল সম্বন্ধে এই—গুপ্ত নামে নিষ্ঠুর ও দুর্দ্দান্ত কতকগুলি লোক ছিল, তাহাদের উচ্ছেদ হইতে এই অব্দ আরম্ভ। গুপ্তদিগের পরেই বল্লব। এইরূপে যখন যজ্‌দজির্দের অব্দ ৪০০, তখন শ্রীহর্ষাব্দ ১৪৮৮, বিক্রমাব্দ ১০৮৮, শকাব্দ ৯৫৩, বল্লব ও গুপ্তকাল ৭১২।"

ফরাসী পণ্ডিত রেণোর পুস্তক পাঠ করিয়া প্রথমে প্রত্নতত্ত্ববিদ্‌গণ স্থির করিলেন যে, যখন গুপ্তবংশধ্বংসের পর ২৪১ শকে (৩১৮-১৯ খৃঃ অঃ) গুপ্তকাল আরম্ভ, তখন গুপ্তরাজগণ অবশ্যই তাহার অনেক পূর্ব্বে বিদ্যমান ছিলেন। গুপ্তসম্রাট্‌গণের যে সকল অনুশাসন আবিষ্কৃত হইয়াছে। তাহার অধিকাংশে কোন নির্দ্দিষ্ট সম্বৎ অঙ্ক দেওয়া আছে। প্রথম কোন্ সময় হইতে ঐ সকল অঙ্কের গণনা আরম্ভ হয়, তাহা স্থির করিবার জন্য সকলেই বিষম সমস্যায় পড়িলেন। সর্ব্ব প্রথমে জেমস্ প্রিন্সেপ সাহেব কহাউম্ স্তম্ভে উৎকীর্ণ স্কন্দগুপ্তের শিলালিপিতে এইরূপ ১৩৩ অঙ্ক দেখিতে পান, তিনি ভ্রমক্রমে ঐ লিপি স্কন্দগুপ্তের সমসাময়িক না লিখিয়া তাঁহার মৃত্যুর ১৩৩ বর্ষ পরে স্থির করিয়াছেন (২)।

তৎপরে টমাস্ সাহেব ফরাসী পণ্ডিতের মর্ম্মানুসারে এবং ৯৪৫ বলভীসম্বতে উৎকীর্ণ বেরাবল শিলালিপি-অনুসারে এইরূপ স্থির করিলেন—বলভী অব্দ ৩১৯ খৃষ্টাব্দে আরম্ভ। সম্ভবতঃ মহারাজ গুহসেন কর্ত্তৃক প্রতিষ্ঠিত। আলাহাবাদ, জুনাগড় ও ভিতরীর শিলালিপি বর্ণিত গুপ্তরাজগণ ঐ সময়ের পূর্ব্বে রাজত্ব করিয়াছিলেন। শকরাজগণের পরেই সৌরাষ্ট্রে গুপ্তরাজগণ একাধিপত্য করিতেন (৩)।

তৎপরে তিনি ১৮৫৫ খৃষ্টাব্দে গুপ্তকাল সম্বন্ধে একটী প্রবন্ধ প্রকাশ করেন, তাহাতে তিনি লাসেনের মত * অবলম্বন করিয়া ১৫০ হইতে ১৬০ খৃষ্টাব্দের মধ্যে (৪) গুপ্তরাজগণের অভ্যুদয়কাল স্থির করেন। কিন্তু কিছুদিন পরে এই মত পরিবর্ত্তন করিয়া লেখেন,—গুপ্তরাজগণের শিলালিপিতে উৎকীর্ণ সম্বৎ ও শককাল এক (৫)।

১৮৫৪ খৃষ্টাব্দে প্রধান প্রত্নতত্ত্ববিদ্ কানিংহাম্ সাহেব ভিল্‌সার বৌদ্ধস্তূপ সম্বন্ধে একখানি বৃহৎ গ্রন্থ প্রকাশ করেন, এই গ্রন্থে লিখিয়াছেন—"৩১৯ খৃষ্টাব্দে গুপ্তকাল আরম্ভ। বোধ হয় রেণো সাহেবের অনুবাদ ঠিক নহে, অথবা আবু রিহান্ ভ্রমে পতিত হইয়া থাকিবেন। গুপ্তবংশের ধ্বংস হইতে গুপ্তকাল আরম্ভ, ইহা নিতান্ত অসম্ভব। কারণ আমরা নিশ্চয় জানি খৃষ্টীয় পঞ্চম ও ষষ্ঠ শতাব্দীতে গুপ্ত গণ রাজত্ব করিতেছিলেন (৬)।" কিন্তু তিনি অল্পদিন পরেই এই মত পরিবর্ত্তন করেন, শেষে অনেক গবেষণার পর স্থির করিলেন যে, ১৬৬-৬৭ খৃষ্টাব্দে গুপ্তসম্বৎ আরম্ভ হয় (৭)। এইরূপে ফিজ্ এড্‌বার্ড হল সাহেব (বাপুদেবশাস্ত্রীর সাহায্যে) ২৭৮ খৃষ্টাব্দে, বেলী সাহেব ১৯০-৯১ খৃষ্টাব্দে এবং ভারতের সুপণ্ডিত ডাক্তার ভাউদাজী ৩১৮ খৃষ্টাব্দে গুপ্তকাল আরম্ভ স্থির করেন। ভাউদাজীর মতে বলভীরাজবংশের শেষ হইলে কুমারগুপ্ত ও স্কন্দগুপ্ত রাজা হন (৮)। এতদ্ব্যতীত আরো অনেক ঐতিহাসিক বিপরীত পথে গুপ্তসম্বতের আরম্ভকাল নির্ণয় করিতে চেষ্টা পাইয়াছেন।

ফার্গুসন সাহেব ১৮৬৯ ও ১৮৮০ খৃষ্টাব্দে গুপ্তকাল সম্বন্ধে দুইটী প্রবন্ধ প্রকাশ করেন (৯), তাহাতে তিনি রেণোসাহেব বর্ণিত আল্‌বেরুণীর মত অভ্রান্ত বলিয়া স্বীকার করেন। তাঁহার মতে ৩১৮-১৯ খৃষ্টাব্দে গুপ্তকালের আরম্ভ হয়। তাঁহার মত সব ঠিক না হইলেও কতক প্রকৃত, তাহাতে সন্দেহ নাই। তৎপরে ১৮৮৪ খৃষ্টাব্দে বোম্বাইর বিখ্যাত প্রত্নতত্ত্ববিদ্ রামকৃষ্ণগোপাল ভাণ্ডারকর তাঁহার দাক্ষিণাত্যের প্রাচীন ইতিহাসে এই গুপ্তসম্বতের সমালোচনা করেন, তাহাতে স্থির হয় যে ২৪১ শক বা ৩১৯ খৃষ্টাব্দেই গুপ্ত সংবৎ আরম্ভ (১০)।

১৮৮৭ খৃষ্টাব্দে গবর্মেণ্টের আনুকূল্যে ফ্লিট্‌সাহেব প্রভূত পরিশ্রম স্বীকার করিয়া তৎপূর্ব্বে আবিষ্কৃত গুপ্তরাজগণের সমস্ত শিলালিপি ও তাম্রশাসন একত্র প্রকাশ করেন (১১)।

(১) M. Reinaud's Fragments Arabes et Persans, p. 138ff.

(২) Journal of the Asiatic Society of Bengal, Vol. VII. 36-37.

(৩) Journal of the Royal Asiatic Society, Vol. XII. (O. S.) p. 1ff.

* Indische Alterthumskunde, Vol. II.

(৪) Journal of the Asiatic Society of Bengal, Vol. XXIV. p. 371ff.

(৫) Fleet's Inscriptionum Indicarum, Vol. III. p. 32.

(৬) Gen. Cunningham's Bhilsa Topes, p. 138ff.

(৭) Indian Eras, p. 53.-59

(৮) Journal Bombay Branch R. A.S. Vol. VIII. p. 36ff

(৯) Jour. Roy. A. S. Vol. IV. 105ff and Vol. XII. p. 281.

(১০) R. G. Bhándárkar's Early History of Deccan, p. 99ff

(১১) এই বৃহৎ গ্রন্থের নাম Corpus Inscriptionum Indicarum Vol. III.

ইনি পূর্ব্ববর্ত্তী লেখকগণের মত একত্র ও তাহার প্রতিবাদ করিয়া স্থির করিলেন যে, ৩১৯২০ খৃষ্টাব্দেই গুপ্তসম্বতের আরম্ভ হইয়া থাকিবে। আরো দেখাইয়াছেন যে রেণো সাহেবের অনুবাদ ঠিক হয় নাই। আল্‌বেরূণীর মূল আরবী পাঠ করিলে স্পষ্ট জানা যায় যে তিনি গুপ্তগণের ধ্বংস হইতে গুপ্তকালের প্রারম্ভ, এরূপ কথা লিপিবদ্ধ করেন নাই। তিনি এই মাত্র লিখিয়াছেন যে গুপ্তবংশ দুর্ব্বৃত্ত ও বলবান্ ছিল। এই বংশ বিলুপ্ত হইবার পরও জন সাধারণ তাহাদের গণনা করিতেন (১২)।

ফ্লিট্‌সাহেব শঙ্করবালকৃষ্ণদীক্ষিতের সাহায্যে শিলালিপি হইতে এইরূপে গুপ্তকাল নির্ণয় করিয়াছেন—

১ম। এরণস্তম্ভে উৎকীর্ণ শিলালিপিতে গুপ্তসং ১৬৫ = শকসং ৪০৬ গত।

২য়। মহাত্মা টড্ প্রকাশিত বেরাবলের শিলালিপিতে বলভীসং ৯৪৫ = শকসং ১১৮৬ গত।

৩য়। পণ্ডিত ভগবান্‌লাল প্রকাশিত বেরাবলের শিলালিপিতে বলভীসং ৯২৭ = শকসং ১১৬৭ গত।

৪র্থ। কৈর হইতে আবিষ্কৃত তাম্রফলকে বলভীসং ৩৩০ = শকসং ৫৭০ গত।

৫ম। নেপাল হইতে পণ্ডিত ভগবান্‌লাল কর্ত্তৃক সংগৃহীত মানদেবের* শিলাফলকের গুপ্তসং ৩৮৬ = শক ৬২৭ গত।

৬ষ্ঠ। মোর্বি হইতে প্রাপ্ত জাইঙ্কের তাম্রশাসনে গুপ্তসং ৫৮৫ গত = শকসং ৮২৬ ও ৮২৭ গত।

উক্ত প্রমাণ দ্বারা বুঝা যায়, আল্‌বেরূণী কথিত ২৪১ শক তাঁহার মতে গতাব্দ। সুতরাং শকসম্বৎ ২৪১ = গুপ্তসং ০ এবং শকসংবৎ ২৪২ = গুপ্তসং ১। এইরূপে তিনি শক ২৪১ গতে ও ২৪২ বর্ত্তমানে অর্থাৎ ৩১৯।২০ খৃষ্টাব্দে গুপ্তসংবতের প্রারম্ভকাল স্থির করিয়াছেন। কিন্তু তিনি কেন যে গুপ্তসংবৎকে গতাব্দ না ধরিয়া চলিতাব্দ বলিয়া গ্রহণ করিলেন, এ সম্বন্ধে তিনি কোন কথা লেখেন নাই। আমাদের বিবেচনায় তিনি আপনার গ্রন্থে গভীর গবেষণা, প্রগাঢ় অনুশীলন ও ভূয়ো-অনুসন্ধানের পরিচয় দিলেও অবশেষে তিনি যে সঙ্কল্পে উপনীত হইয়াছেন, তাহা ভ্রমশূন্য বলিয়া গ্রহণ করা যাইতে পারে না।

আল্‌বেরূণী স্পষ্ট লিখিয়াছেন—বিক্রমসং ১০৮৮, শক ৯৫৩, এবং বলভী বা গুপ্তকাল ৭১২ পরস্পর সমান। তাহা হইলে গুপ্তসং ১ = শক ২৪১ = বিক্রমসং ৩৭৬। এরূপস্থলে গুপ্তসং ০ = শকসং ২৪০। সুতরাং যখন ২৪১ শকগত, তখন ১ গুপ্তসম্বৎও গত ধরিতে হয়। এরূপ স্থলে ফ্লিটের মতে ৩১৯-২০ খৃষ্টাব্দ না ধরিয়া ৩১৮-১৯ খৃষ্টাব্দই গুপ্ত সম্বতের আরম্ভকাল বলিয়া স্বীকার করা যায়। এরূপ স্বীকার করিবার কারণও আছে।

৫৮৫ গুপ্তকালগতে ফাল্গুন মাসে শুক্লপঞ্চমী তিথিতে মোর্বির তাম্রফলক উৎকীর্ণ হয়। এই শাসন সূর্য্যগ্রহণ উপলক্ষে প্রদত্ত হয়। ফ্লিটসাহেবের মতে ৯০৫ খৃষ্টাব্দে ৭ই মে ঐ গ্রহণ হইয়াছিল। উক্ত গ্রহণের ৯ মাস ৪ দিন পরে ঐ ফলক উৎকীর্ণ হয়। কিন্তু ৮২৬ শক গতাব্দেও কার্ত্তিক বা মার্গশীর্ষে, অর্থাৎ ৯০৪ খৃষ্টাব্দে ১৬ই জুন তারিখেও গ্রহণ হইয়াছিল। এই গ্রহণ উক্ত তাম্রফলক উৎকীর্ণ হইবার ৩ মাস ৪ দিন পূর্ব্বে ঘটে। গ্রহণের অল্পকাল পরেই তাম্রফলক উৎকীর্ণ হইবার কথা, বিশেষতঃ পূর্ব্ববর্ত্তী সূর্য্যগ্রহণের কথা উক্ত না হইয়া যে ঐ গ্রহণের পূর্ব্ববর্ত্তী গ্রহণের কথা লিখিত হইবে, তাহা সম্ভবপর নহে। সুতরাং যখন শক ৮২৬ গতাব্দ ও গুপ্তসং ৫৮৫ গত পাওয়া যাইতেছে, তখন ২৪১ শকসম্বৎ গত = ১ গুপ্তকালগত স্বীকার করিতে হইবে।

গুপ্তরাজগণের সকল শিলালিপি আলোচনা করিলে ৩১৯ খৃষ্টাব্দেই গুপ্তকালের প্রারম্ভ স্বীকার করিতে হয়। ডাক্তার পিটর্সন্, ভাণ্ডারকর ও ওল্‌ডেন্‌বর্গেরও এই মত (১৩)। নানা কারণে ফ্লিটের মত সমীচীন বলিয়া বোধ হইল না।

গুপ্তকাশী, হিমালয়প্রদেশের গড়বাল জেলার অন্তর্গত নাগপুর উপবিভাগের মধ্যে অবস্থিত একটী গ্রাম। এইখানে গৈরনদী আসিয়া মন্দাকিনীর সহিত মিশিয়াছে। পুণ্যধাম কাশীক্ষেত্রে যেরূপ প্রচুর শিবলিঙ্গ দেখা যায়, এখানেও ঠিক তদ্রূপ। এইরূপ লিঙ্গের বহুলতাপ্রযুক্ত এবং স্থানের মাহাত্ম্য কীর্ত্তন করিতে স্থানবাসীরা বলে যে, "জিতনে কঙ্কর ইৎনে শঙ্কর" যত কাঁকর তত শিব অর্থাৎ স্থানটী শিবময়। কাশীধামে যেরূপ বিশ্বেশ্বরের ও ভাগীরথীর দুই-ধারার পূজা হইয়া থাকে, এখানেও সেইরূপ বিশ্বনাথ এবং যমুনা ও ভাগীরথীর পূজা হয়। এই দুই স্রোতস্বিনীর জল বিশ্বনাথের মন্দিরের সম্মুখস্থ পুষ্করিণীতে আসিয়া পড়িয়াছে।

(১২) Fleet's Inscriptionum Indicarum, Vol. III. P. 30.

* ফ্লিট সাহেব মানদেবের শিলালিপি ৩৮৬ গুপ্তসম্বৎ বলিয়া গ্রহণ করিয়াছেন, পরে বিচক্ষণ ডাক্তার হোর্‌ণ্‌লি সাহেবও তাঁহার অনুবর্ত্তী হইয়াছেন। (Journal Asiatic Society of Bengal for 1889, Pt I. Table, Col. 19.) কিন্তু উভয়ের মতই যুক্তিসিদ্ধ নহে। [গুপ্তরাজবংশ শব্দের উপসংহারে বিস্তৃত বিবরণ দেখ।]

(১৩) See Journal of the Bombay Br. R. A. S. Vol. XVII. P. 12.

ইহার প্রাত্যহিক সেবার জন্য ব্যয়নির্ব্বাহার্থ গোর্খালিরা অর্থদান করিয়াছে।

গুপ্তগতি (পুং) গুপ্তা গতির্যস্য বহুব্রী। গুপ্তচর। (শব্দার্থচিং) (স্ত্রী) গুপ্তা চাসৌ গতিশ্চেতি কর্ম্মধা°। ২ গূঢ়গমন।

গুপ্তগোদাবরী, একটী ক্ষুদ্র নদী। বুন্দেলখণ্ডজেলার চিত্রকূট পর্ব্বতের ৯ মাইল দক্ষিণপূর্ব্বে পাহাড়ের গুহা হইতে প্রবাহিত হইয়া গোদাইনালায় পতিত হইয়াছে। ইহার পবিত্র জলে স্নান করিবার জন্য নানাস্থান হইতে লোক আসিয়া থাকে। ঐ গুহার প্রান্তদেশে নাগরী অক্ষরে খোদিত একখানি শিলাফলক আছে।

গুপ্তঘাট, সরযূতীরস্থ একটী তীর্থস্থান। এই স্থান হইতে রামচন্দ্র স্বর্গারোহণ করেন। ইহার বর্ত্তমান নাম গোপ্তার-ঘাট, ফয়জাবাদ মধ্যে অবস্থিত। অপর নাম স্বর্গদ্বার।

[স্বর্গদ্বার দেখ।]

গুপ্তচর (ত্রি) গুপ্তশ্চরো যস্য বহুব্রী। ১ যাহার গুপ্তচর আছে। (পুং) গুপ্তশ্চাসৌচরশ্চেতি। ২ দূতবিশেষ, প্রজা বা অপর রাজগণের কার্য্যকলাপ দেখিবার জন্য গুপ্ত ভাবে যে সকল দূত প্রেরিত হয়, তাহাদিগকে গুপ্তচর বলে।

গুপ্তঃ যোগেনাত্মসংবৃতঃ সন্ চরতি চর-অচ্। ৩ বলদেব।

গুপ্তপত্রক (পুং) মধ্বালু।

গুপ্তমণি (পুং) কুমারীগণের ক্রীড়াবিশেষ।

গুপ্তরাজবংশ, ভারতের মহাবলপরাক্রান্ত রাজবংশ। বিষ্ণু, বায়ু, ব্রহ্মাণ্ড ও মৎস্যপুরাণে এই রাজবংশের উল্লেখ আছে। যথা—

"মথুরাঞ্চ পুরীং রম্যাং নাগা ভোক্ষ্যন্তি সপ্ত বৈ।
অনুগঙ্গং প্রয়াগঞ্চ সাকেতং মগধাংস্তথা।
এতান্ জনপদান্ সর্ব্বান্ ভোক্ষ্যন্তে গুপ্তবংশজাঃ।"

ব্রহ্মাণ্ডে উপসংহারপাদ।

নাগবংশীয় সাতজন মথুরাপুরী ভোগ করিবেন, কিন্তু গুপ্তবংশীয়গণ মথুরা, অনুগঙ্গ, প্রয়াগ, অযোধ্যা ও মগধ এই সকল জনপদই উপভোগ করিবেন।

বাস্তবিক এক সময়ে গুপ্তরাজগণ সমস্ত উত্তর ভারতে আধিপত্য বিস্তার করিয়াছিলেন এবং প্রবল পরাক্রান্ত রাজ-চক্রবর্ত্তীরূপে প্রসিদ্ধ ছিলেন, তাহা গুপ্তরাজদিগের সময়ে উৎকীর্ণ শিলালিপি ও অনুশাসনপাঠে জানা যায়।

গুপ্তবংশীয়দিগের মধ্যে এক বংশ রাজচক্রবর্ত্তী ও ভারতের সম্রাট্ হইয়াছিলেন এবং অপর কয়েক বংশ কেবলমাত্র জনপদ বিশেষের রাজা হইয়াছিলেন। প্রথমে গুপ্তসম্রাট্-গণের কথাই বলিব।

গুপ্তসম্রাট্গণ।—গুপ্তগণ কোন্ জাতীয় ছিলেন, তাহার বিশেষ প্রমাণ নাই। অধ্যাপক উইলসন্ সাহেব গুপ্তরাজ-গণকে বৈশ্যজাতীয় বলিয়া উল্লেখ করিয়াছেন, তাঁহার মতে "গুপ্ত" বৈশ্যজাতিরই উপাধি। কিন্তু নানা স্থানের প্রাচীন শিলালিপি হইতে জানা যায়, গুপ্ত নামে এক-জন রাজা ছিলেন, তিনিই এই বংশের আদিপুরুষ। সম্ভবতঃ তাঁহা হইতেই পরবর্ত্তী গুপ্তসম্রাট্গণ গুপ্তউপাধি ব্যবহার করিয়া থাকিবেন।

গুপ্তরাজের পুত্রের নাম মহারাজ ঘটোৎকচ। তৎপুত্র মহারাজাধিরাজ চন্দ্রগুপ্ত অপর নাম বিক্রমাদিত্য। অনেকের



(চন্দ্রগুপ্তের স্বর্ণমুদ্রা।)

মতে ইনিই প্রথম গুপ্তসম্রাট্। সম্রাট্পদে অভিষিক্ত হইবার সময় এই চন্দ্রগুপ্ত হইতেই (৩১৯ খৃষ্টাব্দে) গুপ্তসম্বৎ প্রচলিত হইয়া থাকিবে। [গুপ্তকাল শব্দ দেখ।]

সম্রাট্ চন্দ্রগুপ্তের ঔরসে লিচ্ছবিরাজকন্যা কুমারদেবীর গর্ভে মহারাজাধিরাজ সমুদ্রগুপ্ত জন্মগ্রহণ করেন। তাঁহার অপর নাম কাচ ও বিজয়রাজ। আলাহাবাদ ও এরণ হইতে শিলায় উৎকীর্ণ তাঁহার অনুশাসনলিপি ও গয়া হইতে তাঁহার তাম্রশাসন আবিষ্কৃত হইয়াছে। গয়ার তাম্রশাসনের অঙ্ক দৃষ্টে কেহ কেহ অনুমান করেন, যে সমুদ্রগুপ্তই প্রথম গুপ্তসম্রাট্ (১)। ফ্লিট সাহেবের মতে এই তাম্রশাসনে ৯ম সম্বৎ লেখা আছে। কিন্তু এই তাম্রশাসনের মূল প্রতিকৃতির সম্বৎ শব্দের পরের চিহ্ন পরিদর্শন করিলে উহা "৯" না হইয়া "১৯" বা "২৯" বলিয়া সহজেই ধারণা হয়। এই তাম্রশাসনে লিখিত আছে, যে মহারাজাধিরাজ সমুদ্রগুপ্ত বহুদিন



(সমুদ্রগুপ্তের অশ্বমেধমুদ্রা।)

(১) ফ্লিট সাহেব এই তাম্রশাসনখানি "জাল" বলিয়া উড়াইয়া দিতে চাহেন। তাঁহার মতে এখানি খৃষ্টীয় ৮ম শতাব্দীতে খোদিত হয়। (Corpus Inscriptionum Indicarum, Vol. III. P. 255-6) ফ্লিট সাহেবের যুক্তি এই যে—অপর স্থান হইতে সমুদ্রগুপ্তের যে শিলালিপি আবিষ্কৃত

অপ্রচলিত অশ্বমেধ যজ্ঞ পুনঃ প্রচলিত করেন। আলাহাবাদের স্তম্ভে উৎকীর্ণ শিলালিপি পাঠে জানা যায়—ইনি পিতা কর্ত্তৃক নির্ব্বাচিত হইয়াছিলেন, কোশলরাজ মহেন্দ্র, মহাকান্তারাজ ব্যাঘ্র, পিষ্টপুররাজ মহেন্দ্র, কেরলরাজ মণ্ট, কোট্টুররাজ স্বামিদত্ত, কাঞ্চিরাজ বিষ্ণুগোপ, অবিমুক্তপতি নীলরাজ, বেঙ্গীরাজ হস্তিবর্ম্মা, পলক্কের উগ্রসেন, দেবরাষ্ট্রের কুবের, কুস্থলপুররাজ ধনঞ্জয়, রুদ্রদেব, মতিল, নাগদত্ত, চন্দ্রবর্ম্মা, গণপতিনাগ, নাগসেন, অচ্যুত, নন্দি, বলবর্ম্মা প্রভৃতি আর্য্যাবর্ত্ত ও দাক্ষিণাত্যের রাজন্যবর্গ, দৈবপুত্র, শাহি শাহানুশাহি, মরুণ্ড ও শকনৃপতিবর্গকে এবং সমতট, ডবাক, কামরূপ, নেপাল, কর্ত্তৃপুর, মালব, আর্জ্জুনায়ন, যৌধেয়, মদ্রক, আভীর, প্রার্জ্জুন, সনকানীক, কাক, খরপরিক, সিংহল প্রভৃতি জনপদ জয় করেন।

উক্ত প্রমাণ দ্বারা বোধ হয় সমুদ্রগুপ্তের পূর্ব্বেও তাঁহার পিতা মহারাজাধিরাজ উপাধি গ্রহণ করিলেও সমুদ্রগুপ্তই প্রকৃত গুপ্তসম্রাট্ ও তাঁহার সময়েই গুপ্তসাম্রাজ্য সুদূর বিস্তৃত হইয়াছিল।

সমুদ্রগুপ্ত অযোধ্যার জয়স্কন্ধাবারে যে সময়ে সমাসীন, সেই সময়ে গয়ার তাম্রশাসন উৎকীর্ণ হয়। এই শাসনপত্রে তৎকর্ত্তৃক ভারতীয় নৃপতিবর্গের পরাজয়ের কথা কিছুমাত্র লিখিত নাই, ইহাতে অনুমিত হয় যে সমুদ্রগুপ্ত সম্রাট্ পদে অভিষিক্ত হইয়াই অশ্বমেধ যজ্ঞ করেন এবং তদুপলক্ষে দিগ্বিজয় যাত্রাকালে পথিমধ্যে ঐ গয়ার শাসনদান করিয়া থাকিবেন। উক্ত তাম্রফলকের শেষ অঙ্ক ধরিয়া লইলে অনুমান হয়, ২৮ কি ২৯ গুপ্ত সম্বতে সমুদ্রগুপ্ত সিংহাসনারোহণ করেন।

তৎপরে তৎপুত্র দত্তদেবী-গর্ভজাত ২য় চন্দ্রগুপ্ত মহারাজাধিপদে অভিষিক্ত হন। ইঁহার অপর নাম বিক্রমাদিত্য বা বিক্রমাঙ্ক। ইনি (লিচ্ছবিরাজ ধ্রুবদেবের ভগিনী) ধ্রুবদেবীকে বিবাহ করেন। (উপসংহারে দেখ।) নানাস্থান হইতে ২য় চন্দ্রগুপ্তের শিলালিপি পাওয়া গিয়াছে, তন্মধ্যে উদয়গিরির শিলাফলকে ৮২, গড়্বার শিলাফলকে ৮৮ এবং সাঞ্চির শিলালিপিতে ৯৩ গুপ্ত সম্বৎ অঙ্কিত আছে।

২য় চন্দ্রগুপ্তের ঔরসে ধ্রুবদেবীর গর্ভে মহারাজাধিরাজ ১ম কুমারগুপ্ত জন্মগ্রহণ করেন। তাঁহার অপর নাম মহেন্দ্র বা মহেন্দ্রাদিত্য। নানাস্থান হইতে ইঁহার সময়কার শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তন্মধ্যে মন্দসোর-শিলালিপিতে ৪৯৩ মালবসংবৎ, বিলসড়ের স্তম্ভে উৎকীর্ণ শিলাফলকে ৯৬, গড়্বার খোদিত লিপিতে ৯৮, ও সাঞ্চির শিলালিপিতে ১৩১ গুপ্ত সম্বৎ দৃষ্ট হয়।

মঙ্কুবার হইতে প্রাপ্ত শিলালিপিতে কুমারগুপ্তের কেবল "মহারাজ" উপাধি দৃষ্টে কেহ কেহ অনুমান করেন, এই সময়ে গুপ্তবংশের প্রভাব অনেকটা হ্রাস হইয়াছিল। তাই কুমারগুপ্ত মহারাজাধিরাজ উপাধি ধারণ না করিয়া কেবলমাত্র মহারাজ নামে পরিচয় দিতে বাধ্য হইয়াছিলেন।



স্কন্দগুপ্তের মুদ্রাঙ্কিত মুদ্রা

১ম কুমারগুপ্তের পর তৎপুত্র মহারাজাধিরাজ স্কন্দগুপ্ত সিংহাসনে আরোহণ করেন। ইঁহার অপর নাম ক্রমাদিত্য। ইনি পুষ্যমিত্র, হূণ ও নাগবংশীয়দিগকে পরাজয় করিয়া নষ্টগৌরব পুনরুদ্ধার করেন। ইঁহার সময়ে উৎকীর্ণ সাঞ্চির শিলালিপিতে ১৩১, জুনাগড়ের শিলালিপিতে ১৩৬, ১৩৭, ১৩৮, কহাউম্ স্তম্ভের খোদিতলিপিতে ১৪১, ইন্দোর হইতে প্রাপ্ত তাম্রশাসনে ১৪৬ এবং গড়্বার শিলালিপিতে ১৪৮ গুপ্ত সম্বৎ অঙ্কিত আছে (২)।

স্কন্দগুপ্তের পর তাঁহার কনিষ্ঠ ভ্রাতা (অনন্তদেবীর গর্ভজাত) পুরগুপ্ত মহারাজাধিরাজ পদগ্রহণ করেন (৩)। তাঁহার পরে তৎপুত্র নরসিংহগুপ্ত রাজা হন। গুপ্তরাজগণের যে সকল মুদ্রা আবিষ্কৃত হইয়াছে, তন্মধ্যে কোন কোন মুদ্রায় নর-বালাদিত্যের নাম পাওয়া যায়। ডাক্তার হোর্ণ্‌লি নর-বালাদিত্য ও নরসিংহগুপ্ত এক ব্যক্তির নাম বলিয়া স্থির করিয়াছেন। হিউএন্-সিয়ংএর বর্ণনায় জানা যায়, মগধরাজ বালাদিত্য মিহিরকুলকে পরাস্ত ও বন্দী করেন, পরে তিনি স্বীয় জননীর অনুরোধে মিহিরকুলকে মুক্তি দেন। মিহিরকুল কাশ্মীরে প্রস্থান করেন। [মিহিরকুল দেখ।] বাস্তবিক তোরমাণ ও তৎপুত্র হূণরাজ মিহিরকুলই গুপ্তপরাক্রম খর্ব্ব করেন, এ সময়ে মগধের গুপ্তরাজগণ নামে মাত্র "মহারাজাধিরাজ" ছিলেন।

হইয়াছে, তাহার অক্ষরের সহিত ইহার কিছুমাত্র সাদৃশ্য নাই, বরং তদপেক্ষা অনেক অপ্রাচীন বলিয়াই বোধ হয়। কিন্তু আমরা ইহার অপ্রাচীনত্বের বিশেষ কোন নিদর্শন পাইলাম না, বরং গয়াজেলা হইতে খৃষ্টীয় ৬ষ্ঠ বা ৭ম শতাব্দীতে উৎকীর্ণ আদিত্যসেন প্রভৃতির যে শিলালিপি পাওয়া গিয়াছে, তাহা অপেক্ষা এই তাম্রশাসনের অক্ষর সমধিক প্রাচীন বলিয়াই বোধ হয়। স্থানভেদে অক্ষরভেদ বলিয়া এরূপস্থলে আমরা এই তাম্রশাসনখানি সমুদ্রগুপ্তের সমকালীন বলিয়া অনায়াসেই গ্রহণ করিতে পারি।

(২) ফ্লিট সাহেবের প্রকাশিত গুপ্তশিলালিপিতে স্কন্দগুপ্ত পর্য্যন্ত গুপ্তসম্রাট্গণের পরিচয় আছে। এই গ্রন্থ প্রকাশিত হইবার পর ১৮৮৯ খৃষ্টাব্দে ২য় কুমারগুপ্তের একখানি খোদিত লিপিযুক্ত বৃহৎ মুদ্রা আবিষ্কৃত হয়, তদ্দ্বারাই স্কন্দগুপ্তের পরবর্ত্তী গুপ্তসম্রাটগণের কথঞ্চিৎ পরিচয় পাওয়া যায়। (J. A. S. B. Vol. LVIII. Pt. I. P. 84-105)

(৩) Journ. As. Soc. Bengal, Vol. LVIII. Pt. I. P. 93.

সম্ভবতঃ ৪৯৫ হইতে ৫১০ খৃষ্টাব্দ পর্য্যন্ত গুপ্তসম্রাট্ হূণের অধীনতা স্বীকার করিতে বাধ্য হইয়াছিলেন। মন্দসোরের শিলাফলকে বর্ণিত হইয়াছে, মালবরাজ যশোধর্ম্মা মিহিরকুলকে পরাজয় করেন। ইহাতে বোধ হয়, গুপ্তসম্রাট্ নরসিংহ-বালাদিত্যের সহিত যখন মিহিরকুলের যুদ্ধ হয়, তখন যশোধর্ম্মা, সেনাপতি ভটার্ক প্রভৃতি বীরগণ সম্রাটের পক্ষ অবলম্বন করিয়াছিলেন।

বলভীর খোদিত শাসনপত্রপাঠে জানা যায় দ্রোণসিংহ 'স্বয়ং পরম স্বামী' কর্ত্তৃক অভিষিক্ত হইয়াছিলেন। এই পরমস্বামী যে একজন গুপ্তসম্রাট্ তাহাতে সন্দেহ নাই (৪)। ধ্রুবসেন ৫২৬ খৃষ্টাব্দে রাজত্ব করিতেছিলেন, তাঁহার পূর্ব্ববর্ত্তী সেনাপতি ভটার্কের কনিষ্ঠপুত্র দ্রোণসিংহ অন্ততঃ ৫২০ খৃষ্টাব্দে গুপ্তসম্রাট্ কর্ত্তৃক অভিষিক্ত হইয়াছিলেন।

নরসিংহের পর তৎপুত্র ২য় কুমারগুপ্ত সিংহাসনে অধিরোহণ করেন। গুপ্তসম্রাটের মধ্যে ইনি সম্ভবতঃ শেষ নরপতি ছিলেন। ইহারই সময়ে প্রায় (৫৩৩ খৃষ্টাব্দে) প্রবল পরাক্রমশালী যশোধর্ম্মা গুপ্তাধীনতা অস্বীকারপূর্ব্বক রাজচক্রবর্ত্তী হইয়াছিলেন (৫)। [যশোধর্ম্মন্ দেখ।]

যে সময়ে গুপ্তসম্রাট্গণ মগধের সিংহাসনে অধিষ্ঠিত * সেই সময়ে অপর গুপ্তরাজগণ তাঁহাদের অধীনে ভারতের ভিন্ন স্থানে রাজত্ব করিতেছিলেন, বুধগুপ্ত ও ভানুগুপ্ত প্রভৃতির শিলালিপি পাঠে তাহার পরিচয় পাওয়া যায়। পাশ্চাত্য প্রত্নতত্ত্ববিদ্গণ স্থির করিয়াছেন বুধগুপ্ত ও ভানুগুপ্ত মালবের পূর্ব্বাংশে এবং আদিত্যসেন ও তাঁহার পূর্ব্বপুরুষগণ মগধের কোন অংশে রাজত্ব করিতেন। গয়াজেলাস্থ অফ্সড়্-গ্রাম হইতে আবিষ্কৃত আদিত্যসেন কর্ত্তৃক বিষ্ণুমন্দিরপ্রতিষ্ঠা উপলক্ষে শিলায় উৎকীর্ণ প্রশস্তিতে তাঁহার পূর্ব্বপুরুষগণের এইরূপ পরিচয় আছে—

১ম, রাজা কৃষ্ণগুপ্ত, তৎপুত্র শ্রীহর্ষগুপ্ত, তৎপুত্র ১ম জীবিতগুপ্ত, তাঁহার একমাত্র পুত্র কুমারগুপ্ত, ইনি ঈশানবর্ম্মাকে রণে পরাজয় করেন ও প্রয়াগে ইঁহার মৃত্যু হয়। কুমারগুপ্তের পুত্রের নাম রাজশ্রীদামোদরগুপ্ত, ইনি হূণদ্বেষ্টা মৌখরিদিগকে সমরে পরাজয় করেন। তাঁহার পুত্রের নাম মহাসেনগুপ্ত, ইনিও মৌখরিরাজ সুস্থিতবর্ম্মাকে পরাজয় করিয়া জয়শ্রী অর্জ্জন করিয়াছিলেন। তাঁহার ঔরসে বীরবর মাধবগুপ্ত জন্মগ্রহণ করেন, ইনিই শ্রীহর্ষদেবের সহচর ও মহারাজ আদিত্যসেনের পিতা।

কানিংহাম, ফ্লিট, ডাক্তার হোর্ণ্‌লি, বেণ্ডল্, স্মিথ্ প্রভৃতি য়ুরোপীয় পুরাবিদ্গণের মতে, (গুপ্তসম্রাট্গণ যখন মগধে বিদ্যমান, সেই সময় হইতে) আদিত্যসেনের পূর্ব্বপুরুষগণ মগধের একপার্শ্বে রাজত্ব করিতেন। সম্রাট্ হর্ষবর্দ্ধনের মৃত্যুর পর আদিত্যসেন স্বাধীনতা অবলম্বনপূর্ব্বক মহারাজাধিরাজ উপাধি ধারণ করেন।

আমাদের বিবেচনায়—মহারাজ আদিত্যসেন ও মাধবগুপ্ত ব্যতীত তাঁহার পূর্ব্বপুরুষগণ কেহই মগধে রাজত্ব করেন নাই। আদিত্যসেন অথবা তদ্বংশীয় গুপ্তরাজগণের সময়ে উৎকীর্ণ কোন শিলালিপিতে এমন কথা নাই যে কৃষ্ণগুপ্ত প্রভৃতি আদিত্যসেনের পূর্ব্বপুরুষগণ কখন মগধে রাজত্ব করিয়াছিলেন। বিশেষতঃ যখন প্রবল পরাক্রান্ত গুপ্তসম্রাট্গণ মগধে অধিষ্ঠিত, তখন যে অপর কেহ মগধে রাজত্ব করি-

(৪) J. A. S. Bengal, Vol. LVIII. Pt. I. P. 97.

(৫) গুপ্তসম্রাটগণের উপরোক্ত বিবরণ পাঠ করিলে বোধ হয় খৃষ্টীয় তৃতীয় শতাব্দীতে গুপ্ত নামে একজন রাজা হইয়াছিলেন, তিনি গুপ্ত বংশের সংস্থাপক। তাঁহার পরে তদ্বংশীয় রাজগণ এই সময়ে রাজত্ব করিয়াছিলেন—

১ম চন্দ্রগুপ্ত	...	গুঃ সং ১—২৮ =	৩১৯ হইতে ৩৪৭ খৃঃ অঃ।
সমুদ্রগুপ্ত	...	গুঃ সং ২৯—৮০ =	৩৪৮ হইতে ৩৯৯ ,,
২য় চন্দ্রগুপ্ত	...	গুঃ সং ৮১—৯৪ =	৪০০ হইতে ৪১৩ ,,
১ম কুমারগুপ্ত	...	গুঃ সং ৯৫—১৩১ =	৪১৩ হইতে ৪৫০ ,,
স্কন্দগুপ্ত	...	গুঃ সং ১৩১—১৪৮ =	৪৫০ হইতে ৪৬৭ ,,
পুরগুপ্ত	...	(গুঃ সং ১৪৯—১৭১?) =	(৪৬৮ হইতে ৪৯০) ,,
নরসিংহগুপ্ত	...	(গুঃ সং ১৭২—২০১) =	৪৯১ হইতে ৫২০ ,,
২য় কুমারগুপ্ত	...	(গুঃ সং ২০২—২১৪) =	৫২১ হইতে ৫৩৩ ,,

উক্ত গুপ্তসম্রাটগণের নানাবিধ স্বর্ণ, রৌপ্য ও তাম্রমুদ্রা পাওয়া গিয়াছে। (এ সম্বন্ধে Journal of the Royal Asiatic Society, N. S. Vol. XXI. দ্রষ্টব্য।)

* সমুদ্রগুপ্তের শিলালিপিপাঠে জানা যায় যে পুষ্পপুরে তাঁহার রাজধানী ছিল। ফ্লিট সাহেবের মতে, এই পুষ্পপুরের অপর নাম কুসুমপুর, উহা হিউএন্‌সিয়ং-কথিত কনোজের রাজধানী। এই বিশ্বাসে তিনি কনোজেই গুপ্তরাজগণের রাজধানী ছিল, এইরূপ মত প্রকাশ করিয়াছেন। বোধ হয়, তাঁহার মতানুসরণ করিয়াই অপরাপর ভারতেতিহাস-রচয়িতাগণ গুপ্তরাজগণকে "কনোজের গুপ্ত" নামে অভিহিত করিয়াছেন। কিন্তু তাহা সম্পূর্ণ ভুল। কোন সংস্কৃত গ্রন্থে কনোজের অপর নাম কুসুমপুর লিখিত নাই। হিউএন্‌সিয়ং "কুশনাভপুর" স্থানে ভ্রমক্রমে কুসুমপুর লিখিয়া থাকিবেন। বাস্তবিক মগধের প্রাচীন রাজধানী পাটলীপুত্র নগরের অপর নাম (রঘুবংশে ৬২।৪) পুষ্পপুর ও (মুদ্রারাক্ষস নাটক, কথাসারিৎসাগর, হেমচন্দ্রাদির অভিধানে) কুসুমপুর লিখিত আছে। ২য় চন্দ্রগুপ্তের শিলালিপিতেও পাটলীপুত্রের উল্লেখ আছে। সুতরাং পাটলীপুত্র বা পুষ্পপুরে যে গুপ্তসম্রাট্গণের রাজধানী ছিল, তাহাতে সন্দেহ নাই।

তেন, সবিশেষ প্রমাণ ভিন্ন ইহা কখন সম্ভবপর বলিয়া বিশ্বাস করা যায় না। মহারাজ আদিত্যসেনের উক্ত শিলালিপিতে লিখিত আছে, স্বয়ং শ্রীহর্ষদেব মাধবগুপ্তের সঙ্গ বাঞ্ছা করিতেন (৬)। বাণভট্টের হর্ষচরিতে বর্ণিত হইয়াছে যে মালবরাজপুত্র কুমারগুপ্ত ও মাধবগুপ্ত উভয়ে রাজ্যবর্দ্ধন ও হর্ষদেবের সহচর নিযুক্ত হইয়াছিলেন (৭)। মাধবগুপ্ত সর্ব্বদাই হর্ষদেবের নিকট থাকিতেন, তাহা হর্ষচরিতের ৮ম উল্লাসে স্পষ্ট প্রকাশিত হইয়াছে (৮)। মধুবন হইতে প্রাপ্ত হর্ষবর্দ্ধনের তাম্রশাসনে লিখিত আছে—হর্ষের পিতামহ আদিত্যবর্দ্ধন মহাসেনগুপ্তাকে বিবাহ করেন। (Epigraphia Indica, Vol. I. p. 7.) প্রত্নতত্ত্ববিদ্‌গণ এই মহাসেনগুপ্তাকে দামোদরগুপ্তের কন্যা ও (মাধবগুপ্তের পিতা) মহাসেনগুপ্তের ভগিনী বলিয়া স্থির করিয়াছেন। এরূপ স্থলে মাধবগুপ্ত সম্পর্কে হর্ষদেবের পিতৃব্য ও মগধরাজ আদিত্যসেন হর্ষের সম্পর্কীয় ভ্রাতা হইতেছেন।

বাণভট্ট হর্ষদেবের সভাপণ্ডিত ছিলেন। তিনি স্বচক্ষে দেখিয়া যে সকল কথা লিখিয়াছেন, তাহা অবশ্যই প্রামাণিক বলিয়া স্বীকার করিতে হইবে। এরূপ স্থলে মগধরাজ আদিত্যসেনের পূর্ব্বপুরুষগণকে মালবরাজবংশীয় বলিয়া গ্রহণ করাই যুক্তিসিদ্ধ। বোধ হয়, যখন বুধগুপ্ত ও ভানুগুপ্ত মালবের পূর্ব্বাংশে রাজত্ব করিতেছিলেন, সেই সময়ে হর্ষগুপ্ত প্রভৃতি আদিত্যসেনের পূর্ব্বপুরুষগণ মালবের অপর কোন অংশে অধিষ্ঠিত ছিলেন অথবা পূর্ব্বমালবের গুপ্তরাজগণের সহিত ইঁহাদের কোন বিশেষ সম্বন্ধ থাকিবে। সম্ভবতঃ হূণরাজ তোরমাণ অথবা তৎপুত্র মিহিরকুলের প্রবল আক্রমণে মালবরাজ মহাসেনগুপ্ত রাজ্য হারাইয়া রাজা আদিত্যবর্দ্ধনের আশ্রয় গ্রহণ করেন এবং স্থাণ্বীশ্বররাজকে নিজ ভগিনী প্রদান করিয়া কুটুম্বিতাসূত্রে আবদ্ধ হন। এখানে তাঁহার কুমারগুপ্ত ও মাধবগুপ্ত নামে দুই বীর্য্যবান্ পুত্র জন্মগ্রহণ করেন।

(৬) শ্লোকটী এই—"শ্রীমাধবগুপ্তোভূন্মাধব ইব বিক্রমৈকরসঃ।..... শ্রীহর্ষদেব নিজসঙ্গবাঞ্ছয়া চ।"

Fleet's Corpus Inscriptionum Indicarum, Vol. III. p.204.

(৭) "মালবরাজপুত্রৌ.....কুমারগুপ্তমাধবগুপ্তনামানৌ ভ্রাতারৌ অস্মাভির্ভবতোরনুচরা উচিতৌ চিন্তিতৌ"। (হর্ষচরিত ৪র্থ উল্লাস।)

(৮) বোম্বাইএর বিখ্যাত পণ্ডিত শঙ্কর পাণ্ডুরঙ্গ লিখিয়াছেন যে হর্ষদেব হস্তীকবল হইতে কুমারগুপ্তকে উদ্ধার করেন ও তাঁহাকে সিংহাসনে অভিষিক্ত করেন। (Sankar Pándurang's Gaudavaho, *intro.* p. 127-8.) কিন্তু মুদ্রিত হর্ষচরিতে একথা পাইলাম না।

শাহপুরের সূর্য্যপ্রতিমায় উৎকীর্ণ শিলালিপিতে ৬৬৬ সম্বতে (ক) রাজা আদিত্যসেনের রাজ্যকালের কথা বিবৃত আছে। বৈদ্যনাথের প্রসিদ্ধ দেবালয়ের মণ্ডপের একধারে একখানি অপ্রাচীন শিলালিপিতে লিখিত আছে যে রাজা আদিত্যসেন চোলদেশ হইতে আসিয়া বৈদ্যনাথে নৃহরিমন্দির প্রতিষ্ঠা করেন (৯)। যদিও এই অপ্রাচীন শিলালিপির কথা সব ঠিক নহে, তবে এই মাত্র অনুমান করা যাইতে পারে, যে যৎকালে ঐ শিলালিপি উৎকীর্ণ হয়, তখন এরূপ প্রবাদ ছিল যে রাজা আদিত্যসেন দক্ষিণাঞ্চল হইতে কোন সময়ে এদেশে আগমন করেন। সম্ভবতঃ মালবদেশ হইতে তিনি আসিয়া থাকিবেন। মালবদেশে প্রধানতঃ মালবসম্বৎ প্রচলিত ছিল, আদিত্যসেনও আপনার পূর্ব্বপুরুষগণের প্রথানুসারে বোধ হয় মালবসংবৎই গ্রহণ করিয়াছিলেন। এই কারণে ৬৬৬ সম্বৎকে মালবসম্বৎ বলিয়া গ্রহণ করিলাম। তাহা হইলে তিনি ৬০৯ খৃষ্টাব্দে মগধে রাজত্ব করিতেছিলেন। ইতিপূর্ব্বে গুপ্তসম্রাট্‌গণের সম্বন্ধে লিখিত হইয়াছে যে ২য় কুমারগুপ্ত ৫২১-৩৩ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করিয়াছিলেন, পরে মগধ সম্ভবতঃ যশোধর্ম্মা অথবা অপর কোন মৌখরিরাজের অধিকারভুক্ত হয়। তৎপরে হর্ষদেবের অধিকারকালে তিনি অথবা তৎপিতা মাধবগুপ্ত (বোধ

(ক) শিলালিপির এই অঙ্ক লইয়া বিভিন্ন ব্যক্তির বিভিন্ন মত দেখা যায়। সুপ্রসিদ্ধ কানিংহাম্ সাহেবের মতে "৫৫", পণ্ডিত ভগবান্‌লাল ইন্দ্রজির মতে "৮৮" এবং ফ্লিট সাহেবের মতে "৬৬" সম্বৎ হইবে। কিন্তু উহার কোনটীই সমীচীন বলিয়া বোধ হইল না। বিচক্ষণ কানিংহাম্ ঐ শিলালিপির যে সুন্দর প্রতিকৃতি প্রকাশ করিয়াছেন, (Arch. Sur. Rept. Vol. XV. plate XI.) তাহাতে স্পষ্টই "সম্বৎ ৬৬৬ মাগর্গসুদি ৪ অস্মি*ন্দিবসসম্বৎসরানুপূর্ব্ব্যাং শ্রীআদিত্যসেনদেবরাজো" এরূপ পাঠ আছে। উক্ত পুরাবিদ্‌গণ প্রথম "৬"কে "ত্" বলিয়া মনে করিয়াছেন, কিন্তু ঐ শিলালিপির ১ম পঙ্‌ক্তির ৯ম, ১৪শ, ১৫শ ও ১৮শ অক্ষর "ত"এর সহিত মিলাইলে কিছুতেই তাঁহাদের পাঠ প্রকৃত বলিয়া স্বীকার করা যায় না। এই শিলালিপির সম্বতের 'ৎ' স্থানে '্' চিহ্ন আছে। এইরূপ দুইটী চিহ্ন নেপাল হইতে সংগৃহীত পণ্ডিতভগবান্‌লালের ৯ম শিলাফলকের প্রতিকৃতিতে দৃষ্ট হয়। আবার ফ্লিটসাহেব কর্ত্তৃক প্রকাশিত গুপ্তশিলালিপির অনেকের সম্বতের 'ৎ' মোটেই নাই। সম্বতের "৬৬৬" অঙ্কের অক্ষরের সহিত বিশ্বকোষ কার্য্যালয়ের সংগৃহীত ৯৩০ শকের বঙ্গীয় হস্তলিপির অনেকটা ঐক্য আছে।

(৯) Journal of the Bengal Asiatic Society, Vol. LII. pt. I. p. 190*ff.*

* কানিংহাম্ ও ফ্লিটসাহেব 'অস্যিন্' ও 'অস্যান্' পাঠ লিখিয়াছেন, এ পাঠ ঠিক হয় নাই।

হয় হর্ষের সাহায্যে) মগধ অধিকার করিয়া রাজপদে অভিষিক্ত হইয়াছিলেন (১০)।

(২য়) জীবিতগুপ্তের শিলালিপিতে আদিত্যসেনবংশীয় রাজগণের এইরূপ বংশাবলী পাওয়া যায়—

মাধবগুপ্ত ও শ্রীমতীর পুত্র শ্রীআদিত্যসেনদেব, তৎপুত্র কোণদেবীর গর্ভজাত মহারাজাধিরাজ দেবগুপ্ত, তৎপুত্র কমলাদেবীর গর্ভজাত মহারাজধিরাজ বিষ্ণুগুপ্ত, তৎপুত্র ইজ্যাদেবীর গর্ভজাত মহারাজাধিরাজ (২য়) জীবিতগুপ্ত।

মন্দরগিরি হইতে প্রাপ্ত শিলাফলকে আদিত্যসেনের পরমভট্টারক মহারাজাধিরাজ উপাধি দেখিয়া ফ্লিট প্রভৃতি প্রত্নতত্ত্ববিদ্‌গণ অনুমান করেন যে সম্রাট্ হর্ষদেবের মৃত্যুর পর যে গোলযোগ ঘটে, সেই গোলযোগের সময় আদিত্যসেন উক্ত উপাধি গ্রহণ করিয়া থাকিবেন। কিন্তু শাহপুর, অফ্‌সড় ও পরবর্ত্তী (২য়) জীবিতগুপ্তের শিলালিপিতে উক্ত উপাধি না থাকায় স্পষ্টই জানা যাইতেছে যে আদিত্যসেন হর্ষদেবের ন্যায় মহারাজাধিরাজ উপাধিধারণে সমর্থ হন নাই। তাঁহার এবং শ্রীহর্ষদেবের মৃত্যুর পরে তৎপুত্র দেবগুপ্ত এই উচ্চউপাধি ধারণ করিয়াছিলেন। বোধ হয় এই দেবগুপ্তের সময়ে মন্দরগিরির শিলালিপি উৎকীর্ণ হইয়া থাকিবে।

আদিত্যসেন ৬০৯ খৃষ্টাব্দে অর্থাৎ হর্ষদেবের সমকালে মগধে রাজত্ব করিতেছিলেন। ৬৪৮ খৃষ্টাব্দে হর্ষদেবের মৃত্যু হয়, এই সময়ে দেবগুপ্ত প্রাধান্য লাভ করেন *।

মহারাজাধিরাজ ২য় জীবিতগুপ্তের পর মগধের আর কোন গুপ্তবংশীয় রাজার নাম এখনও পাওয়া যায় নাই।

কবি বাক্‌পতি রচিত গউড়বহো (গৌড়বধ) নামক প্রাকৃত কাব্যে লিখিত আছে, কনোজরাজ যশোবর্ম্মা প্রবল পরাক্রান্ত মগধরাজকে পরাজয় করেন। এই জয়কীর্ত্তি ঘোষণা করিবার জন্যই "গউড়বহো" কাব্য রচিত হয়। সম্ভবতঃ ৬৯৫ খৃষ্টাব্দের অনতিকাল পরে অথবা পূর্ব্বে এই ঘটনা হইয়াছিল (১১)। এই সময়ের মধ্যে বোধ হয় ২য় জীবিতগুপ্তের সহিত মগধের গুপ্তকুলরবি অস্তমিত হয়।

নেপাল হইতে গুপ্তাক্ষরে লিখিত অনেকগুলি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। তাহাতে নেপালের লিচ্ছবিরাজগণের বিবরণ একপ্রকার মোটামোটি পাওয়া যায়। লিচ্ছবিরাজগণের সহিত বহুকাল হইতে গুপ্তরাজগণের কুটুম্বিতা ছিল, সমুদ্রগুপ্ত প্রভৃতির শিলালিপিতে এ কথা অতি গৌরবের সহিত বর্ণিত হইয়াছে। বাস্তবিক লিচ্ছবি ও গুপ্তরাজগণের ইতিহাস নিতান্ত ঘনিষ্ঠতা সূত্রে বদ্ধ। এই জন্য উপসংহারে নেপালের লিচ্ছবিরাজগণের ও তাঁহাদের সহিত গুপ্তরাজগণের কি সম্বন্ধ ছিল, তাহা সংক্ষেপে লিখিতেছি।

রাজচক্রবর্ত্তী সমুদ্রগুপ্ত লিচ্ছবিরাজদুহিতার গর্ভে জন্মগ্রহণ করেন। ইতিপূর্ব্বে লিখিয়াছি, তৎপুত্র ২য় চন্দ্রগুপ্তও লিচ্ছবিরাজ ধ্রুবদেবের ভগিনী ধ্রুবদেবীকে বিবাহ করেন। ফ্লিট্, হোর্ণলি প্রভৃতি পুরাবিদ্‌গণের মতে মহারাজ ধ্রুবদেব ৬৫৩ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন (১২)। তাঁহাদের যুক্তি এই—

ভাটগ্রামের গোলমাঢ়িটোল গ্রাম হইতে বেণ্ডলসাহেব যে শিলালিপি সংগ্রহ করেন, তাহাতে "৩১৮ সম্বতে" মহাসামন্ত অংশুবর্ম্মার অনুরোধে লিচ্ছবিকুলকেতু মহারাজ শিবদেবের অনুশাসনের প্রসঙ্গ আছে (১৩)।

নেপাল হইতে সংগৃহীত অপরাপর শিলালিপিতে অংশুবর্ম্মার প্রসঙ্গে "৩৪," "৩৯," "৪৪ বা ৪৫," ও "৪৮" সম্বৎচিহ্নিত অঙ্ক আছে। শেষোক্ত "৪৮" অঙ্কে ধ্রুবদেব ও অংশুবর্ম্মা উভয়ের নাম পাওয়া যায় (১৪)।

উক্ত য়ুরোপীয় প্রত্নতত্ত্ববিদ্‌গণের বিশ্বাস প্রথম যে ৩১৮ সম্বৎ লিখিত হইয়াছে, উহা গুপ্ত সম্বতের অঙ্ক এবং শেষোক্ত

(১০) শাহাবাদ জেলার অন্তর্গত দেওবরণার্ক গ্রাম হইতে প্রাপ্ত মগধরাজ জীবিতগুপ্তের শিলালিপিতে পূর্ব্বপুরুষদিগের বর্ণনায় সর্ব্বপ্রথম মাধবগুপ্তের নাম দৃষ্ট হয়, ইহাতে বোধ হয়, মাধবগুপ্তই মগধ জয় করিয়াছিলেন।

* মগধরাজ দেবগুপ্তের ন্যায় বলভীরাজ ৪র্থ ধরসেন ৩২৬ গুপ্তসম্বতে অর্থাৎ ৬৪৫ খৃষ্টাব্দে "পরমভট্টারক মহারাজাধিরাজ পরমেশ্বর রাজচক্রবর্ত্তী" এই উচ্চ উপাধি ধারণ করেন, তাহা তৎপ্রদত্ত তাম্রশাসনে বর্ণিত আছে। বলভীরাজ ৪র্থ ধরসেন ২য় ধ্রুবসেনের (হিউএন্-সিয়ং বর্ণিত ধ্রুবভটের) পুত্র। তৎকর্ত্তৃক ৩১০ গুপ্ত সম্বতে (অর্থাৎ ৬২৯ খৃষ্টাব্দে) প্রদত্ত খোদিতলিপি পাওয়া গিয়াছে। হিউএন্-সিয়ংএর ভ্রমণবৃত্তান্ত ও জীবনীতে লিখিত আছে, ৬৪০ খৃষ্টাব্দে ইনি বলভীতে রাজত্ব করিতেন এবং ৬৪২ খৃষ্টাব্দে হর্ষদেব যখন কাশ্মীর জয়ের উদ্যোগ করেন, তৎকালে বলভীরাজ ধ্রুবভট তাঁহার নিকট উপস্থিত ছিলেন। এই ধ্রুবসেন বা ধ্রুবভট্ট শ্রীহর্ষদেবের পুত্রের জামাতা অর্থাৎ তাঁহার নাতিজামাই ছিলেন। (Beal's Si-yu-ki, Vol. II; and La Vie de Hiouen Thsang par Stanislas Julien.)

(১১) Sankar Pandurang Pandits Gaudavaho, *intro.* P. 71.

(১২) Fleet's Inscriptionum Indicarum, Vol. III. P. 180. and Jour. As. Soc. Ben. Vol. LVIII. Pt. I. (Dr. Hoernle's Table.)

(১৩) Indian Antiquary, Vol. XIV. P. 98.

(১৪) Twenty Three Inscriptions from Nepal, (translated from Gujarati) by Dr. G. Bühler, ; and C. Bendall's Journey in Nepal.

অঙ্কগুলি শ্রীহর্ষ সম্বৎজ্ঞাপক। এরূপ স্থলে ৩১৮+৩১৯ =৬৩৭ খৃষ্টাব্দে শিবদেব ও অংশুবর্ম্মা, ৪৮+৬০৬=৬৫৪ খৃষ্টাব্দে ধ্রুবদেব ও অংশুবর্ম্মা বিদ্যমান ছিলেন।

কিন্তু আমাদের বিবেচনায় উক্ত কাল-নিরূপণ ঠিক হয় নাই। ৬৩৭ হইতে ৬৫৪ খৃষ্টাব্দে অংশুবর্ম্মার আবির্ভাব একান্ত অসম্ভব। ৬৩৭ খৃষ্টাব্দে ৫ই ফেব্রুয়ারি তারিখে চীন-পরিব্রাজক হিউএন্-সিয়ং নেপালে গমন করিয়াছিলেন। তিনি নেপালদর্শন করিয়া লিখিয়াছেন যে অংশুবর্ম্মা নামে একজন বিদ্বান্ রাজা ছিলেন, তাঁহার সুখ্যাতি চারিদিকে বিস্তৃত হইয়াছিল (১৫)।

চীনপরিব্রাজকের বর্ণনায় জানা যায় যে তাঁহার নেপাল-গমনের পূর্ব্বে অর্থাৎ ৬৩৭ খৃষ্টাব্দের অনেক পূর্ব্বে অংশু-বর্ম্মার মৃত্যু হইয়াছিল। এই জন্যই অংশুবর্ম্মাপ্রসঙ্গে যে "৩৪," "৩৯," "৪৮" সম্বৎ লিখিত হইয়াছে, তাহা কোন ক্রমে শ্রীহর্ষ সম্বৎ হইতে পারে না। আমাদের বিবেচনায় উহা শ্রীহর্ষ সম্বৎ না হইয়া গুপ্তসম্বৎ (১৬) এবং ৩১৮ অঙ্ক শক-সম্বৎজ্ঞাপক বলিয়া গ্রহণ করাই যুক্তিসঙ্গত। এরূপ স্বীকার করিলে ৪৮+৩১৯=৩৬৭ খৃষ্টাব্দে ধ্রুবদেব ও অংশু-বর্ম্মাকে দেখিতে পাই। এই সময়ে রাজচক্রবর্ত্তী সমুদ্রগুপ্ত সাম্রাজ্য শাসন করিতেছিলেন। পূর্ব্বে বলিয়াছি যে সমুদ্র-গুপ্তের পুত্র ২য় চন্দ্রগুপ্তের সহিত লিচ্ছবিরাজ ধ্রুবদেবের ভগিনী ধ্রুবদেবীর বিবাহ হয়। ২য় চন্দ্রগুপ্ত ৮২ গুপ্তসম্বতে (৪০১ খৃষ্টাব্দে) অথবা তাঁহার কিছু পূর্ব্বে সিংহাসনে অধিরোহণ করেন, এরূপস্থলে সমুদ্রগুপ্তের অধিকারকালে ৩৬৭ হইতে ৪০০ খৃষ্টাব্দের মধ্যে কোন সময়ে ২য় চন্দ্রগুপ্তের বিবাহকার্য্য সম্পন্ন হয়। শিলালিপি অনুসারে ধ্রুবদেবের পরই ৩১৮ (শক)-সম্বতে অর্থাৎ ৩৯৬ খৃষ্টাব্দে "লিচ্ছবিকুলকেতু" শিবদেবের নাম পাওয়া যায়, এই সময়ে মহাসামন্ত লিচ্ছবিকুলের পরমবন্ধু (রাজা) অংশুবর্ম্মা জীবিত ছিলেন।

৩৮৮ (শক)-সম্বতে (১৭) উৎকীর্ণ লিচ্ছবিরাজ মান-দেবের শিলালিপি পাওয়া যায়। ইহাতে তাঁহার পিতার নাম ধর্ম্মদেব, পিতামহের নাম শঙ্করদেব এবং প্রপিতামহের নাম বৃষদেব লিখিত আছে। এরূপস্থলে শিবদেব ও শঙ্কর-দেব এক সময়ের লোক বলিয়া বোধ হয়। সম্ভবতঃ উভয়ে অভিন্ন ব্যক্তি অথবা উভয়ে ভ্রাতা ছিলেন। যাহা হউক রাজা মানদেব ৩৮৮ হইতে ৪১৩ (শক)-সম্বৎ (অর্থাৎ ৪৬৬ হইতে ৪৯১ খৃষ্টাব্দ) অবধি বিদ্যমান ছিলেন, তাহা শেষোক্ত সম্বতে উৎকীর্ণ জয়বর্ম্মের শিলালিপি দ্বারা জানা যায়।

নেপালরাজ ২য় জয়দেবের বৃহৎ শিলাফলকে লিখিত আছে—মানদেবের পর তৎপুত্র মহীদেব, তাঁহার পরে তৎপুত্র বসন্তদেব, বসন্তদেবের পর উদয়দেব (১৮) তৎপরে তৎপুত্র নরেন্দ্রদেব (১৯), নরেন্দ্রদেবের পর তৎপুত্র ২য় শিবদেব এবং পরে তৎপুত্র ২য় জয়দেব রাজা হন। এতদ্ভিন্ন নেপাল হইতে সংগৃহীত শিলালিপিতে যে রাজা যে সময়ে বর্ত্তমান ছিলেন, তাহা এইরূপ পাওয়া যায়। বসন্তসেনদেব ৪৩৫ শকসম্বৎ, শিবদেব ২৪৯ ও ২৬৯ (গুপ্ত) সম্বৎ*,

(১৫) Beal's Buddhist Records of Western Countries, Vol. II. P. 81.

(১৬) নেপালের বৌদ্ধপার্ব্বতীয় বংশাবলীতে লিখিত আছে যে, বিক্রমাদিত্য নেপালে গিয়া সম্বৎ চালাইয়া আসেন। বাস্তবিক সমুদ্র-গুপ্তের পিতা ১ম চন্দ্রগুপ্তেরও অপর নাম বিক্রমাদিত্য ছিল, তিনিই গুপ্তসম্বৎ প্রতিষ্ঠাতা। তিনি (নেপালের) লিচ্ছবি-রাজকন্যা কুমার-দেবীর পাণিগ্রহণ করেন। এরূপ স্থলে লিচ্ছবি রাজজামাতা কর্ত্তৃক নেপালে (গুপ্ত) সম্বৎ প্রচলিত হইয়া থাকিবে, তাহা অসম্ভব নহে। গুপ্তরাজগণের সময়ে অথবা তৎপূর্ব্বে হইতেই উত্তর ভারতের অপরাপর স্থানের ন্যায় এখানেও শকসম্বৎ প্রচলিত ছিল। পূর্ব্বকালে এই শক-সম্বৎ কেবল সম্বৎ নামেও ব্যবহৃত হইত। [শক দেখ।]

(১৭) পণ্ডিত ভগবান্‌লাল "৩৮৬" সম্বৎ পাঠ করিয়াছিলেন। কিন্তু মূল প্রতিকৃতিতে শেষের অক্ষরটী "  " এইরূপ থাকায় ইহাকে নিঃসন্দেহে ৮ বলিয়া গ্রহণ করা যাইতে পারে। ফ্লিট ও ডাক্তার হোর্ণ্‌লি উক্ত অঙ্ক গুপ্তসম্বৎজ্ঞাপকের স্থির করিয়া ৭০৫ খৃষ্টাব্দে মানদেবের সময় নিরূপণ করিয়াছেন। কিন্তু উক্ত সম্বৎ অঙ্ক দূরে থাকুক, ঐ শিলালিপির বর্ণমালা পর্য্যালোচনা করিলে কিছুতেই উহাকে খৃষ্টীয় ৮ম শতাব্দীর বর্ণমালা বলিয়া গ্রহণ করা যাইতে পারে না। আলাহাবাদের স্তম্ভে উৎকীর্ণ সমুদ্রগুপ্তের শিলালিপি ও ২য় চন্দ্রগুপ্তের (উদয়গিরির) শিলা-লিপির সহিত ইহার সম্পূর্ণ সৌসাদৃশ্য থাকায় ঐ অক্ষর খৃষ্টীয় ৪র্থ বা ৫ম শতাব্দীর বলিয়া অবশ্যই গ্রহণ করা যাইতে পারে।

(১৮) ফ্লিট সাহেব বসন্তদেবের পর "অস্যান্তরেপ্যুদয়দেব" এইরূপ পাঠ দেখিয়া উদয়দেবকে লিচ্ছবিবংশীয় গ্রহণ না করিয়া ঠাকুরীবংশীয় বলিয়া গ্রহণ করিয়াছেন। কিন্তু এ সিদ্ধান্ত নিতান্ত অযৌক্তিক। 'অস্যা স্তরে' থাকায় অস্য বসন্তদেবস্য অন্তরে পরে এইরূপ অর্থ করাই যুক্তি-সিদ্ধ। পণ্ডিত ভগবান্‌লালও এইরূপ অর্থ করিয়া উদয়দেবকে বসন্ত-দেবের বংশধর বলিয়া উল্লেখ করিয়াছেন।

(১৯) পণ্ডিত ভগবান্‌লাল—"অস্যান্তরেপ্যুদয়দেব ইতি ক্ষিতীশাজ্ঞা-তাস্ত্রয়োদশ [তত]শ্চ নরেন্দ্রদেবঃ।" এইরূপ পাঠ স্বীকার করিয়া উদয়দেবের পর ১৩ জন রাজা হইলে তৎপরে নরেন্দ্রদেব রাজা হন, এই রূপ অর্থ করিয়াছেন, কিন্তু মূল প্রতিকৃতিতে ত্রয়োদশ শব্দই আদৌ নাই। প্রকৃতপাঠ একবচনান্ত 'জাতঃ' শব্দ আছে, ইহাতে উদয়দেবের পরেই যে (তৎপুত্র) নরেন্দ্রদেব রাজা হন, তাহাতে সন্দেহ নাই।

* পণ্ডিত ভগবান্‌লাল যথাক্রমে "১৪৩" ও "১১৯" সম্বৎ এইরূপ অঙ্ক পাঠ করিয়াছেন। তিনি ঐ উভয়ের অঙ্কের প্রথম অক্ষর পাঠ করিয়া ১০০ ধরিয়া লইয়াছেন, কিন্তু উহা অ না হইয়া আ অর্থাৎ ২০০ জ্ঞাপক চিহ্ন হইবে। ঐরূপ আ অনেক গুপ্তশিলালিপিতে দৃষ্ট হয়। তিনি যেখানে "১১৯" পাঠ করিয়াছেন, তাহার মূলের প্রতিকৃতি এইরূপ ।

এবং ২য় জয়দেব ২৯৯ (গুপ্ত) সম্বৎ‡। ২য় জয়দেবের শিলালিপিতে লিখিত আছে, তাঁহার পিতা ২য় শিবদেব মৌখরিরাজ ভোগবর্ম্মার কন্যা ও মগধরাজ আদিত্যসেনের দৌহিত্রী শ্রীবৎসদেবীর পাণিগ্রহণ গ্রহণ করেন, তাঁহার গর্ভে ২য় জয়দেব অপর নাম পরচক্রকাম জন্ম গ্রহণ করেন। গৌড়োড্রকলিঙ্গকোশলাধিপ শ্রীহর্ষদেবের দুহিতা ও ভগদত্তবংশীয় রাজদৌহিত্রী দেবী রাজ্যমতীর সহিত এই জয়দেবের বিবাহ হয়। লিচ্ছবিরাজবংশ বহুদিন হইতে সম্মানিত। সুতরাং এই প্রথিত কুলে প্রবল পরাক্রান্ত হর্ষদেব কন্যাসম্প্রদান করিয়া যথার্থ সম্মানের কার্য্যই করিয়াছিলেন। এখানে একটী কথা উঠিয়াছে—ডাক্তার বুলর এই হর্ষদেবকে সম্রাট্ হর্ষবর্দ্ধন হইতে ভিন্ন ভাবিয়া লিখিয়াছেন। আবার কেহ কেহ আপত্তি করিয়াছেন এ হর্ষদেব স্বতন্ত্রই বটে, "কারণ হিউএন্-সিয়ংএর বর্ণনায় জানা যায় যে কনোজরাজ শিলাদিত্য হর্ষবর্দ্ধনের সমসাময়িক কামরূপরাজ ব্রাহ্মণ ছিলেন, সুতরাং তিনি কখনই ভগদত্তবংশীয় হইতে পারেন না।" আমরা বলি, হিউএন্-সিয়ং এই কথা ভুল লিখিয়াছেন। বাণভট্টের হর্ষচরিতে স্পষ্টই লিখিত আছে যে হর্ষদেবের সমসাময়িক কুমাররাজ ভাস্করবর্ম্মা ভগদত্তবংশীয় ছিলেন। (২০)। হর্ষদেব ও কুমাররাজ ভাস্করবর্ম্মা পরস্পর অনুরক্ত ও উভয়ে পরস্পর বন্ধু ছিলেন, তাহা শ্রীহর্ষচরিত ও হিউএন্-সিয়ংএর বর্ণনাপাঠে জানা যায়। কেবল যে বন্ধু তাহা নহে, হর্ষদেব কুমাররাজের ভগিনী অথবা তাঁহার কোন আত্মীয় কন্যার যে পাণিগ্রহণ করিয়াছিলেন, তাহা নিতান্ত অসম্ভব নহে। এরূপস্থলে নেপালরাজ জয়দেবের শিলালিপি বর্ণিত শ্রীহর্ষদেব ও সম্রাট্ শিলাদিত্য হর্ষবর্দ্ধন উভয়ে যে এক ও অভিন্ন ব্যক্তি, তাহাতে সন্দেহ নাই। [নেপাল, হর্ষদেব, ভাস্করবর্ম্মন্ প্রভৃতি শব্দে অপরাপর বিবরণ দ্রষ্টব্য।]

উপরোক্ত গুপ্তরাজগণের পরে দক্ষিণকোশলে শিবগুপ্ত, মহাভবগুপ্ত প্রভৃতি গুপ্তপদবীধারী কয়েকজন রাজা রাজত্ব করিতেন, সম্বলপুর, কটক ও শ্রীপুর হইতে ইঁহাদের তাম্রশাসন ও শিলালিপি আবিষ্কৃত হইয়াছে (২১)। ইঁহাদের সময়েই উড়িষ্যায় কেশরীবংশীয় রাজগণের অভ্যুদয়। শ্রীপুরের শিলালিপি পাঠে জানা যায়, ঐ গুপ্তেরা শবরবংশীয় ছিলেন। [শবর দেখ।]

গুপ্তবেশ (ত্রি) গুপ্তঃ লুক্কায়িতঃ বেশোঽস্য বহুব্রী। ১ যে ব্যক্তি আপনার উপযুক্ত বেশ লুক্কায়িত করিয়া বেশান্তর ধারণ করিয়াছে। (পুং) গুপ্তশ্চাসৌ বেশশ্চেতি। ২ গূঢ়বেশ।

গুপ্তস্নেহ (পুং) গুপ্তঃ স্নেহোযত্র বহুব্রী। ১ অঙ্কোঠ বৃক্ষ, ধলা আকড়া। (রাজনি॰) ২ গূঢ়স্নেহ।

"গুপ্তস্নেহকরী চতুর্থভবনে" (নীলকণ্ঠ তাজক।)

গুপ্তা (স্ত্রী) গুপ্ত-টাপ্। ১ কপিকচ্ছু, আলকুশী। (রাজনি॰) ২ পরকীয়া-নায়িকা। আলঙ্কারিকগণের মতে গুপ্তা, বিদগ্ধা প্রভৃতি সকল নায়িকাই পরকীয়া নায়িকার অন্তর্গত। রসমঞ্জরীর মতে এই নায়িকা আবার তিনপ্রকার—বৃত্তসুরতগোপনা, বর্ত্তিষ্যমাণসুরতগোপনা ও বর্ত্তমানসুরতগোপনা। যে নায়িকা সুরতভাব গোপন করিয়াছে তাহাকে বৃত্তসুরতগোপনা, যে গোপন করিবে তাহাকে বর্ত্তিষ্যমাণসুরতগোপনা এবং যে নায়িকা গোপন করিতেছে তাহাকে বর্ত্তমানসুরতগোপনা বলা যাইতে পারে। উদাহরণ যথা—

"শ্বশ্রূঃ ক্রুধ্যতু নির্দহন্তু সুহৃদো নিন্দন্তু বা যাতর-
স্তস্মিন্নদ্য ন মন্দিরে সখি! পুনঃ স্বাপো বেধেয়ো ময়া।
আখো রাক্রমণায় কোণকুহরাদুৎফালমাতন্বতী
মার্জারী নখরৈঃ খরৈঃ কৃতবতী কাংকাং নমে দুর্দশাম্॥"

৩ রক্ষিতা স্ত্রী।

"ব্রাহ্মণীং যদ্যগুপ্তাং তু সেবেতাং বৈশ্যপার্থিবৌ॥" (মনু)

প্রথম অক্ষরের সংখ্যা ২০০, দ্বিতীয় * অক্ষরের সংখ্যা ৬০, এবং তৃতীয় অক্ষরে সংখ্যা ৯, (২০০+৬০+৯) মোট ২৬৯। এ ছাড়া তাঁহার পঠিত ১৪৩ সংখ্যার শেষ অক্ষর ২৬৯ সংখ্যা জ্ঞাপক শেষ অক্ষরের সহিত সম্পূর্ণ ঐক্য আছে, তাহা '৩' না হইয়া নিঃসন্দেহে "৯" হইবে, এইরূপে ইহার পাঠ ২৪৯ই ঠিক।

‡ পণ্ডিত ভগবান্‌লাল '১৫৩' পাঠ করিয়াছেন। প্রতিকৃতি এইরূপ ৩১৫, উহার মধ্যস্থলে যেরূপ অক্ষর আছে, ঐরূপ অক্ষর টমাস সাহেব ৮০ পাঠ করিয়াছেন, বাস্তবিক ঐ অক্ষরটী কত, তাহা এখনও নিঃসন্দেহে কেহ স্থির করিতে পারেন নাই। আমরা আনুসঙ্গিক প্রমাণ দ্বারা উহা ৯০ বলিয়া গ্রহণ করিলাম, এইরূপ শেষোক্ত অক্ষর পূর্ব্ববৎ "৯" বলিয়া ধরিলাম।

(২০) "নরকো...মহাত্মনোঽস্যান্বয়ে ভগদত্তবজ্রদত্তপুষ্পদত্তপ্রভৃতিষু বহুষু মরুমহিতেষু মহৎষু মহীপালেষু প্রপৌত্রো মহারাজ ভূতিবর্ম্মণঃ পৌত্রশ্চন্দ্রমুখবর্ম্মণঃ পুত্রো দেবস্য কৈলাসস্থিতেঃ স্থলবর্ম্মণঃ সুরবর্ম্ম নাম মহারাজাধিরাজ জজ্ঞে...তস্য চ সুগৃহীতনাম্নো দেবস্য মহাদেব্যাং শ্যামাদেব্যাং ভাস্করদ্যুতির্ভাস্করবর্ম্মাপরনামা শন্তনোস্তনয়ো ভীষ্মইব কুমারঃ সমভবৎ।" শ্রীহর্ষচরিত ৭ উচ্ছ্বাস।

* পণ্ডিত ভগবান্‌লাল ২য় অক্ষরের সংখ্যা "১০" স্থির করিয়াছেন, কিন্তু এরূপ চিহ্ন ১০ সংখ্যার নহে। ১০ সংখ্যার চিহ্ন এইরূপ ৭৫।

(২১) Journal of the Asiatic Society of Bengal, Vol. XLVI. Pt. I. P. 149*f*, 173*f*; and Cunningham's Archæological Survey Reports, Vol. XVII. p. 26, plates XI, XVIII, XIX and XX.

গুপ্তি (স্ত্রী) গুপ-ক্তিন্‌। ১ গোপন। "ভয়গৌরবলজ্জাদে-র্হর্ষাদ্যাকারগুপ্তি রবহিথা।" (সাহিত্য° ৩ প°)

২ সংবরণ, আচ্ছাদন।

"বৃহন্মণিশিলাসালং গুপ্তাবপি মনোহরম্‌।" (কুমার ৬।৩৮)

৩ রক্ষণ।

"সর্ব্বস্যাস্যতু সর্গস্য গুপ্ত্যর্থং স মহাদ্যুতিঃ।" (মনু ১।৮৭)

৪ গ্রহণীয় মন্ত্রের সংস্কারবিশেষ।

"জননং জীবনং পশ্চাদ্‌ তাড়নং বোধনং তথা।
তথাভিষেকো বিমলীকরণাপ্যায়নে পুনঃ।
তর্পণং দীপনং গুপ্তির্দশৈতা মন্ত্রসংস্ক্রিয়াঃ॥" (তন্ত্রসার)

৫ অবস্কর স্থান। ৬ কারাগার, গারোদ।

"দলিতদলকবাটঃ ষট্‌পদানাং সরোজে
সরভস ইব গুপ্তিস্ফোটমর্কঃ করোতি।" (মাঘ ১১।৬০)

৭ ভূগহ্বর। ৮ যম, অহিংসাদি যোগাঙ্গ। (হেম°)

৯ গর্ত্ত করিবার জন্য ভূমিখনন। ১০ নৌকার ছিদ্র। (ভরত)

গুপ্তিপাড়া, প্রকৃত নাম গুপ্তপল্লী অর্থাৎ গুপ্ত উপাধিধারী বৈদ্যজাতির বাসস্থান। বঙ্গদেশের হুগলী জেলার উত্তরসীমায় অবস্থিত একখানি প্রাচীন গণ্ডগ্রাম বা নগরবিশেষ। কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্ত্তী প্রণীত চণ্ডীগ্রন্থে ধনপতি ও শ্রীমন্তসওদাগরের সমুদ্রযাত্রা প্রসঙ্গে, কবিবর কৃষ্ণরাম প্রণীত শীতলামঙ্গলে হৃষিকেশ সওদাগরের দক্ষিণপাটনযাত্রার প্রস্তাবে এবং গঙ্গাভক্তিতরঙ্গিণী গ্রন্থেও এই গুপ্তিপাড়ার নাম দেখিতে পাওয়া যায়। এই সমস্ত গ্রন্থকারেরা নিজ নিজ গ্রন্থে যে সময় গুপ্তিপাড়ার উল্লেখ করিয়াছেন, তৎকালে সুরতরঙ্গিণী ভাগীরথী গুপ্তিপাড়ার উত্তর দিয়া অর্থাৎ উহাকে দক্ষিণে রাখিয়া সাগরাভিমুখে গমন করিতেছিলেন।

এই গ্রামে ব্রাহ্মণ, বৈদ্য ও কায়স্থাদি উচ্চবর্ণের বহু সংখ্যক হিন্দুজাতির বাস ছিল। এখানে বিস্তর পণ্ডিত ও গুণী লোকের আবির্ভাব হইয়াছে। প্রসিদ্ধ কবি ও পণ্ডিত বাণেশ্বর বিদ্যালঙ্কার ও তাঁহার পূর্ব্বপুরুষদিগের মধ্যে অনেকেই গুপ্তিপাড়ায় জন্মগ্রহণ করেন।

এই গুপ্তিপাড়া নিদানটীকাকার বিজয়রক্ষিতের ও অমরকোষাভিধানের টীকাকার ভরতমল্লিকের জন্মস্থান। সঙ্গীতবিদ্যাবিশারদ সুকবি কালীমির্জাও এখানে প্রাদুর্ভূত হন।

এখানকার স্ত্রীপুরুষ উভয়েই চিরদিন সুরসিক ও সদ্বক্তা বলিয়া প্রসিদ্ধ।

গুম্ফিত (ত্রি) গুফ গুম্ফ বা কর্ম্মণি-ক্ত। গ্রথিত। (অমরটী°)

গুমগাঁও, মধ্যপ্রদেশের নাগপুর জেলার অন্তর্গত একটী নগর। নাগপুর নগরের ১২ মাইল দক্ষিণে বনা নদীর উপকূলে স্থাপিত। অক্ষা° ২১° ১´ উঃ ও দ্রাঘি° ৭৯° ২´ ৩০´´ পূঃ। অধিবাসীরা সকলেই কৃষিজীবী, কেবল কোষ্টি জাতীয়েরা তুলার কারবার করিয়া থাকে। পুলিসের ফাঁড়ীর নিকট নদীতীরে একটী মহারাষ্ট্রীয় দুর্গের ভগ্নাবশেষ দৃষ্ট হয়। ইহার সন্নিকটে একটী গণপতির মন্দির আছে। রাজা ২য় রঘুজীর স্ত্রী চীমাবাই উক্ত দুর্গ ও মন্দির নির্ম্মাণ করেন এবং তাঁহারই রাজ্যকাল হইতে এই প্রদেশ ভোঁস্‌লে বংশের অধিকারে থাকে।

গুমট (দেশজ) গরম, গ্রীষ্ম।

গুমটকাল (দেশজ) গরমকাল, গ্রীষ্ম ঋতু।

গুমটিয়া (দেশজ) গরমসম্বন্ধীয়।

গুম্‌নয়কন্‌ পল্লী, মহিসুরের কোলার জেলার মধ্যস্থিত একখানি তালুক। বগেপল্লীতে (বগেন্‌হল্লী) ইহার সদর কাছারি আছে। ভূপরিমাণ ৩৪২ বর্গমাইল।

২ ঐ তালুকের মধ্যে একখানি গ্রাম। পাহাড়ের উপর অবস্থিত। অক্ষা° ১৩° ৪৮´ উঃ ও দ্রাঘি° ৭৭° ৫৮´ ১০´´ পূঃ। এই গ্রামের রক্ষার জন্য স্থানীয় সর্দ্দার গুম্‌নানায়ক কর্ত্তৃক ১৩৬৪ খৃষ্টাব্দে কতকগুলি দুর্গ নির্ম্মিত হয়। ঐ সময় হইতে নায়কবংশীয়েরা রাজ্যবিস্তার এবং স্বাধীনভাবে রাজত্ব করিতে থাকেন। পরে হাইদার আলীর সময়ে তাঁহাদের অধঃপতন হয়।

গুমর (দেশজ) ১ গরিমা। ২ অভিমান।

গুমসন (দেশজ) ১ দুর্গন্ধ হওন। ২ গ্রীষ্মহওন।

গুমসুর, দাক্ষিণাত্যের গঞ্জাম জেলার অন্তর্গত একটী তালুক ও নগর। ১৮৩৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত ইহা দেশীয় রাজের অধীনে ছিল। উক্ত বৎসরে স্থানীয় সর্দ্দার বিদ্রোহী হইলে ইংরাজরাজ তাঁহার রাজ্য কাড়িয়া লন। তৎকালেও এখানে বন্য কন্ধজাতির মধ্যে নরহত্যা প্রচলিত ছিল। বৃটীশ গবর্মেণ্ট ঐ প্রথা একবারে উঠাইয়া দেন।

২ উক্ত তালুকের প্রধান নগর। অক্ষা° ১৯° ৫০´ উঃ ও দ্রাঘি° ৮৪° ৪২´ পূঃ। এখানে ১৮৩৫ খৃষ্টাব্দের পূর্ব্বে রাজপ্রাসাদ ছিল। রাজার বংশধরেরা ঐ নগরে বাস করিতেছেন। এই নগর বহরমপুর হইতে ৩৮ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। এই রাজ্যের অধীশ্বর রঘুনাথভঞ্জরাজ কর্ত্তৃক তাঁহার ভ্রাতা বনমালীভঞ্জরাজের অনুমত্যানুসারে ৭৫৪ শকসম্বতে একটী দুর্গ নির্ম্মিত হইয়াছিল। প্রবাদ আছে, তিনিই বর্ত্তমান গুমসুর রাজবংশের আদিপুরুষ।

গুমান্‌ (পারসী) ১ সন্দেহ, অনুমান, অভিপ্রায়। ২ অভিমান।

গুমান্‌সিংহ, জৈতপুরের একজন রাজা। ইনি বান্দা জেলার

কেন নদীর বামকূলে স্থিত ভুরাগড় গ্রামে ১৭৪৬ খৃষ্টাব্দে একটী দুর্গ নির্ম্মাণ করেন।

গুমানি, ১ সাঁওতাল পরগণার মধ্য দিয়া প্রবাহিত একটী নদী। রাজমহলপর্ব্বতের দক্ষিণ হইতে বহির্গত হইয়া উত্তর-পূর্ব্বাভিমুখে বড়াইত্ উপত্যকায় আসিয়া মোরল নদীর সহিত মিলিয়া দক্ষিণপূর্ব্বগামী হইয়াছে এবং ঘাটিয়ারী গিরিসঙ্কটের মধ্য দিয়া মহাদেবনগরের নিকট গঙ্গায় মিশিয়াছে।

২ উত্তর বঙ্গের আত্রেয়ী নদীর অপর নাম। রাজশাহী জেলার চলনবিলের দক্ষিণ দিয়া প্রবাহিত হইয়া পাবনা জেলা পর্য্যন্ত গিয়াছে।

গুমানিকবি, ১ একজন কবি। ত্রিহুত জেলায় ইঁহার কৃত অনেক ক্ষুদ্র ক্ষুদ্র কবিতা প্রচলিত আছে। কোথায় ইঁহার বাস এবং কাহার পুত্র ছিলেন, তাহা আজিও জানা যায় নাই। কেহ কেহ বলেন যে পাটনায় ইঁহার জন্মস্থান। ইঁহার কৃত শ্লোক গুলি চারিচরণবিশিষ্ট, তন্মধ্যে প্রথম তিনটী সংস্কৃত ও শেষেরটী হিন্দীভাষায় রচিত কোন উপদেশ-ঘটিত। যথা—

"পূর্ব্বমসুপ্যতি যেন খট্টয়া হাটকময্যা
তেন নলেন প্রাপ্তা বনে কাপদি তৃণশয্যা।
বক্তি গুমানির্দৈবশক্তিরিহ নূনমসহ্যা
জিসী বিধি রাখে রাম উসী বিধি রহনা ভৈয়া॥"

গুমাস্তা (পারসী) কর্ম্মকারক, প্রতিনিধি।

গুম্ফ (পুং) গুম্ফ-ঘঞ্। ১ গ্রন্থন। ২ বাহুর ভূষণ, হাতের গহনা। (মেদিনী) ৩ শ্মশ্রু, গোঁপ। (শব্দরত্ন°)

গুম্ফনা (স্ত্রী) গুম্ফ-যুচ্ টাপ্। ১ বাক্যের চারুরচনা, উৎকৃষ্ট রচনা। "বাক্যে শব্দার্থয়োঃ সম্যক্ রচনা গুম্ফনা স্মৃতা।"
২ গ্রন্থন, গাঁথা।

গুম্ফিত (ত্রি) গুম্ফ-ক্ত। গ্রথিত। (অমর)

গুম্বজ (পারসী) মস্‌জিদাদির গোলাকার বৃহৎচূড়া। খিলান ঘরের গোলছাদ।

গুয়বাবুল (দেশজ) বৃক্ষবিশেষ। (Mimosa farnesiana.)

গুয়াসুবা, বঙ্গের ২৪ পরগণার অন্তর্গত একটী নদী, গঙ্গার একটী প্রধান শাখা। অক্ষা° ২১° ৩৮´ উঃ ও দ্রাঘি° ৮৮° ৫৪´ পূর্ব্বে সমুদ্রে আসিয়া মিলিত হইয়াছে। এই নদীর বিস্তার অধিক হইলেও মোহানার নিকট একটী বক্র খাল থাকায় ইহার মধ্যে প্রবেশ করা দুঃসাধ্য।

গুয়িন্দি, চিঙ্গলপুত জেলার অন্তর্গত একটী গ্রাম। মান্দ্রাজের ৪ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। অক্ষা° ১৩° উঃ ও দ্রাঘি° ৮০° ১৬´ পূঃ। এখানে মান্দ্রাজের গবর্ণরের বাগান বাড়ী আছে এবং ইহার নিকটস্থ রোসমবাগে গবর্মেণ্টের গোলা ও চাষবাস শিক্ষার জন্য একটী বিদ্যালয় আছে।

গুরণ (ক্লী) গুর-ল্যুট্। উদ্যম, চেষ্টা। (অমর)

গুরম্‌কোণ্ডা, কদাপা জেলার অন্তর্গত একটী নগর ও দুর্গ। অক্ষা° ১৩° ৪৬´ উঃ, দ্রাঘি° ৭৮° ৩৮´ পূঃ। এই দুর্গ বালা-ঘাটের মধ্যে সর্ব্বপ্রধান। বিজয়নগরপতনের পর ঐ দুর্গ পটান নবাব কর্ত্তৃক নির্ম্মিত হয়। এই নগরে খৃষ্টীয় অষ্টাদশ শতাব্দীতে কর্ণাট জেলার হাইদরাবাদ বালাঘাট সরকারের রাজধানী ছিল। পরে পলিগার জাতির কুর্প নবাবের হাতে থাকে। ১৭৬৬ খৃষ্টাব্দে মীরসাহেব এই প্রদেশ মহারাষ্ট্রীয় জায়গীররূপে ভোগ করিতে থাকেন। দুই বৎসর পরে মীর হাইদারকে প্রদান করেন। ১৭৭১ খৃষ্টাব্দে হাইদারের সৈন্যাধ্যক্ষ সৈয়দশাহ এখানকার দুর্গটী ত্র্যম্বক্‌রাওকে অর্পণ করেন। ১৭৭৩ খৃষ্টাব্দে টিপু পুনরায় কাড়িয়া লন। ১৭৯১ খৃষ্টাব্দে ইংরাজের সাহায্যে এই স্থান নিজামের হস্তগত হয়। ১৭৯৯ খৃষ্টাব্দে নিজাম সমস্ত কদাপা জেলা ইংরাজ কোম্পানীকে দান করেন।

গুরব, দাক্ষিণাত্যের বিজাপুর, শোলাপুর প্রভৃতি জেলাবাসী পুরোহিত জাতি। ইহাদের মধ্যে কোন পদবী নাই, কেবল স্থানীয় নাম হইতে জাতিগত পার্থক্য দৃষ্ট হয়। কাশ্যপ ও ঈশ্বর গোত্রই ইহাদের মধ্যে প্রধান।

ইহারা স্বগোত্রে বিবাহ করে না। ইহাদের দেখিতে ঠিক কণাড়ীদিগের মত। ইহারা মদ্য বা মাংস কিছুই আহার করে না। ফসলের সময় ইহারা ক্ষেত্র হইতে শস্য-ভিক্ষা করিয়া আনে। কেহ শৈব বা মারুতীর মন্দিরে পৌরহিত্য করে। কেহ দৈবজ্ঞ, কেহ বা ব্রাহ্মণাদির বিবাহে বাদ্যকর, কেহ বা চাষবাস করিয়া জীবিকা নির্ব্বাহ করে।

মারুতী, সরস্বতী, রামেশ্বর, শিব, বিষ্ণু ও রাবলনাথ ইহাদের উপাস্য দেবতা। বিবাহ বা অপরাপর সামাজিক সংস্কার সোণার জাতির মত। ইহারা স্বজাতি ভিন্ন অপর কাহারও স্পৃষ্ট অন্ন খায় না। ইহারা শব দাহ করে।

বেলগাম্ জেলার গুরবদিগের মধ্যে বিধবা-বিবাহ প্রচলিত আছে। দশম দিনে মৃত ব্যক্তির উদ্দেশে পিণ্ড দেয় এবং একাদশ দিনে শ্রাদ্ধ ও দ্বাদশ দিনে জ্ঞাতিভোজ দিয়া থাকে। সকলেই কণাড়ী ভাষায় কথা কহিয়া থাকে।

গুরব পিম্প্রী, আহ্মদনগর জেলার অন্তর্গত একটী গ্রাম। করজাত নামক স্থানের ৮ মাইল উত্তরে অবস্থিত। এখানে হেমাড়্‌পন্থীদিগের পিম্প্রেশ্বর মহাদেবের প্রাচীন মন্দির ও

রামেশ্বরের ভগ্ন মন্দির দৃষ্ট হয়। পিম্প্রেশ্বর মন্দিরের দরদালানে নয়টী গুম্বজ আছে। মন্দিরের লিঙ্গমূর্ত্তিটী গর্ত্তের মধ্যে স্থাপিত। এই মন্দিরের প্রবেশদ্বারে ও ভিতরের একটী পৃথক স্তম্ভে শিলালিপি খোদিত আছে।

গুরী (দেশজ) ক্ষুদ্র, ছোট।

গুরীকচু (দেশজ) একপ্রকার ক্ষুদ্র কচু।

গুরু (পুং) গৃণাতি উপদিশতি ধর্ম্মং গিরত্যজ্ঞানং বা গৃ-কু উচ্চ (কৃগ্রোরুচ্চ। উণ্ ১।২৫।) যদ্বা গীর্য্যতে স্তূয়তে দেবগন্ধর্বাদিভিঃ গৃ-কু উচ্চ। ১ বৃহস্পতি, দেবগুরু।

"গুরুকাব্যানুগাং বিভ্রৎ চান্দ্রীমভিনভঃশ্রিয়ং।" (মাঘ ২ স°)

২ প্রভাকর, একজন সুপ্রসিদ্ধ মীমাংসক। প্রভাকর বাল্যকালে শব্দশাস্ত্র অধ্যয়ন করিয়া বেশ ব্যুৎপত্তি লাভ করিয়াছিলেন। পরে কোন একজন প্রধান মীমাংসকের নিকট মীমাংসাদর্শন পড়িতে আরম্ভ করেন। একদিন তাঁহার গুরু কোন একজন ছাত্রকে তৎকালপ্রচলিত মীমাংসা গ্রন্থ অধ্যয়ন করাইতে আরম্ভ করেন। সেই গ্রন্থে "অত্রতু নোক্তং তত্রাপিনোক্তং অতঃ পৌনরুক্ত্যং" এইরূপ একটী পাঠ বাহির হয়। অধ্যাপক মহাশয় অনেক চেষ্টা করিয়াও ইহার কোন সঙ্গত অর্থ করিতে পারিলেন না। ইহার অর্থ করিলে এইরূপ হয় যে এখানেও বলা হইল না, সেই স্থানেও বলা হয় নাই, অতএব পৌনরুক্ত্য হইল। কিন্তু এরূপ অর্থ নিতান্তই অসঙ্গত। ছাত্রগণ ও অধ্যাপক মহাশয় মিলিত হইয়া অনেক চিন্তা করিয়াও কিছু স্থির করিতে পারিলেন না। অধ্যাপক নিতান্ত দুঃখিত হইয়া চতুষ্পাঠী হইতে চলিয়া যাইয়া নিবিড় অরণ্যে বসিয়া ভাবিতে লাগিলেন। প্রভাকর আপনার প্রতিভাবলে ঐ পাঠের একটী সঙ্গত অর্থ করিয়াও তখন প্রকাশ করিতে সাহসী হইলেন না, কারণ এইরূপ করিলে অধ্যাপক মহাশয় অপমান মনে করিয়া দুঃখিত হইতে পারেন। তিনি চলিয়া গেলে প্রভাকর ঐ পুস্তকে 'তুনা' ও 'অপিনা এইরূপ পদ বিচ্ছেদ করিয়া রাখিয়া দিলেন। ইহাতে পাঠের অর্থ হইল যে, এইস্থানে তু শব্দ দ্বারা উক্ত হইল, সেই স্থানেও অপি শব্দ দ্বারা উক্ত হইয়াছে, অতএব পৌনরুক্ত্য হয়। অধ্যাপক মহাশয় অনেক গবেষণায়ও কিছু স্থির করিতে না পারিয়া চতুষ্পাঠীতে ফিরিয়া আসিলেন। পুস্তক বাহির করিয়া দেখেন যে তাহাতে ঐরূপ পদবিচ্ছেদ করা রহিয়াছে। তিনি অত্যন্ত সন্তুষ্ট হইয়া জিজ্ঞাসা করিয়া জানিলেন যে, প্রভাকরই এই মহৎ কার্য্য সাধন করিয়াছে। অধ্যাপক প্রভাকরকে গুরু বলিয়া স্বীকার করেন, সেইদিন হইতে তাহার 'গুরু' নাম হইল। [প্রভাকর দেখ।]

৩ নিষেকাদি ক্রিয়াকর্ত্তা।

"নিষেকাদীনি কর্ম্মাণি যঃ করোতি যথাবিধি।
সম্ভাবয়তি চান্নেন স বিপ্রো গুরুরুচ্যতে॥" (মনু ২।১৪২)

যিনি যথাবিধি সমস্ত নিষেকাদি কর্ম্মের অনুষ্ঠান করেন এবং অন্নদান করিয়া প্রতিপালন করেন, তাঁহাকেই গুরু বলিয়া জানিবে।

৪ শাস্ত্রোপদেশক, আচার্য্য।

"অল্পং বা বহুবা যস্য শ্রুতস্যোপকরোতি যঃ।
তমপীহ গুরুং বিদ্যাচ্ছ্রুতোপক্রিয়য়া তয়া॥" (মনু ২।১৪৯)

অল্পই হউক আর অনেকই হউক, যিনি বেদজ্ঞান প্রদান করিয়া উপকার করেন, সেই উপকারের জন্য শাস্ত্রমতে তাঁহাকেই গুরু জানিবে। বালক হইয়াও যিনি বেদ বা শাস্ত্রের উপদেশ দেন, তিনিই গুরু এবং বৃদ্ধগণেরও মাননীয়। অতি প্রাচীনকালেও শাস্ত্রজ্ঞ বালকের নিকট বৃদ্ধেরা উপদেশ লইতেন এবং তাহাকে গুরু বলিয়া স্বীকার করা হইত। মনুতে ইহার একটী উপাখ্যান পাওয়া যায় যে, অঙ্গিরার একটী পুত্র বাল্যকালেই সমস্ত শাস্ত্রে পারদর্শী হইয়াছিলেন। তিনি আপনার পিতৃব্যগণকে শাস্ত্রপরাঙ্মুখ দেখিয়া তাঁহাদিগকে শাস্ত্র অধ্যয়ন করাইতে আরম্ভ করেন। একদিন শাস্ত্রোপদেশের সময়ে বালক পিতৃব্যদিগকে পুত্রক বলিয়া সম্বোধন করেন। এই সম্বোধনে পিতৃব্যগণের মনে বড় আঘাত লাগিল। তাঁহারা অনেক বাদানুবাদ করিয়া শেষে দেবসভায় অভিযোগ উপস্থিত করেন। সমস্ত দেবতারা বিচার করিয়া বলিলেন যে, ইহাতে কোন দোষ হয় নাই, কারণ মূর্খ ব্যক্তি বৃদ্ধ হইলেও বালক এবং যিনি জ্ঞানোপদেষ্টা তিনি বালক হইলেও পিতৃবৎ পূজনীয়। (মনু ২।১৫০—১৫৩)

মনুর মতে—গুরুর নিকটে সর্ব্বদাই হীনাবস্থায় অবস্থান করা উচিত। গুরু উঠিবার পূর্ব্বে উত্থান করা ও তিনি শয়ন করিলে তাহার পরে শয়ন করা শিষ্যের একান্ত কর্ত্তব্য। শয়ন বা উপবেশন করিয়া, ভোজন করিতে করিতে কিম্বা দূরে দণ্ডায়মান থাকিয়া অথবা অন্যদিকে মুখ করিয়া গুরুর আজ্ঞা গ্রহণ বা তাঁহার সহিত সম্ভাষণ করিতে নাই। গুরু যদি আসনে বসিয়া কোন অনুমতি করেন, শিষ্য দাঁড়াইয়া সেই আদেশ গ্রহণ করিবে। অসাক্ষাতে গুরুর নাম গ্রহণ করিতে নাই। [শিষ্য দেখ।]

৫ আচার্য্য প্রভৃতি একাদশ পূজনীয় ব্যক্তি।

"আচার্য্যশ্চ পিতা জ্যেষ্ঠো ভ্রাতা চৈব মহীপতিঃ।

মাতুলঃ শ্বশুরস্ত্রাতা মাতামহপিতামহৌ।
বর্ণজ্যেষ্ঠঃ পিতৃব্যশ্চ পুংস্যেতে গুরবো মতাঃ॥" (দেবল)

শাস্ত্রোপদেষ্টা, পিতা, জ্যেষ্ঠ ভ্রাতা, রাজা, মাতুল, শ্বশুর, ত্রাণকর্ত্তা, মাতামহ, পিতামহ, বর্ণজ্যেষ্ঠ ও পিতৃব্য ইহাদিগকে গুরু বলা যায়। [গুরুতল্পগ দেখ।]

কূর্ম্মপুরাণে—মাতা, মাতামহী, মাতুলানী, মাসী, শ্বশ্রূ, পিতামহী, জ্যেষ্ঠা ভগিনী ও ধাত্রী ইহাদিগকেও গুরু বলিয়া উল্লেখ করা হইয়াছে। মাতা প্রভৃতি অর্থে গুরু শব্দ স্ত্রীলিঙ্গ।

৬ সম্প্রদায়প্রবর্ত্তক। ৭ ধর্ম্মোপদেশক। ৮ কপিকচ্ছু বৃক্ষ, আলকুশী। (রাজনি°) ৯ বর্ণবিশেষ। একবার জানুমণ্ডলে হাত ঘুরাইতে যতটুক সময় লাগে তাহাকে মাত্রা বলে, যে বর্ণের উচ্চারণে দুই মাত্রা সময় লাগে, তাহাকে দীর্ঘবর্ণ বলে; দীর্ঘ, অনুস্বারযুক্ত বিসর্গবিশিষ্ট ও সংযোগের পূর্ব্ববর্ণকে গুরু বলে। পাদ বা শ্লোকের চরণের শেষবর্ণ বিকল্পে গুরু হইয়া থাকে।

(ত্রি) ১০ অধিক। "পাপে গুরিনি গুরূণি।" (প্রায়শ্চিত্ততত্ত্ব°)

১১ দুর্জ্জর। ১২ দুষ্পাক, যাহা সহজে পরিপক্ক হয় না। "তৎফলং মধুরং রুক্ষং কষায়ং শীতলং গুরুঃ।" (ভাবপ্রকাশ°)

১৩ গুরুত্ববিশিষ্ট, ভারী। "গুরুণী দ্বে রসবতী।" (ভাষাপ°)

১৪ পূজনীয়, মাননীয়। "বিভ্রৎ সহজকাঠিন্যং জাতো গৌরীগুরুর্গুরুঃ।" (কাশীখ° ৬৬।৭১)

(পুং) ১৫ ব্রহ্মা। ১৬ বিষ্ণু। (ভারত ১৩।১৪৯।৬৫)

১৭ শিব। (ভারত ১৩।১৭।১৩০)

১৮ তান্ত্রিক মন্ত্রোপদেষ্টা, যিনি দীক্ষা প্রদান করেন। সারদাতিলকের মতে তান্ত্রিক গুরুর লক্ষণ—পবিত্র কুলোদ্ভব, শুদ্ধস্বভাব, জিতেন্দ্রিয়, আগমপারদর্শী, তত্ত্বজ্ঞ, পরোপকারনিরত, যিনি জপ ও পূজা করিতে তৎপর, সত্যবাদী ও শান্তিপ্রিয়, বেদে ও যোগশাস্ত্রে যাহার অধিকার আছে এবং যিনি সর্ব্বদাই দেবতাকে হৃদয়ে চিন্তা করিয়া থাকেন, তাঁহাকেই গুরু করা উচিত। এই সকল গুণই গুরুর লক্ষণ। অতিশয় বালক, বৃদ্ধ, খঞ্জ, কৃশ, বিকৃতাঙ্গ ও হীনাঙ্গ ইহারা গুরু হইবার উপযুক্ত নহে। (রাঘবভট্ট°)

চিন্তামণির মতে ক্ষয়রোগগ্রস্ত, দুশ্চর্ম্মা, কুনখী, শ্যাবদন্তক, বধির, অন্ধ, কুসুমের সদৃশ চক্ষুবিশিষ্ট, খল্বাট (যাহার হস্ত পদাদিতে খাল ধরে) ও দন্তুর ইহাদিগকে গুরু করিতে নাই।

সংস্কারহীন, মূর্খ, বেদশাস্ত্রবিবর্জিত, বৈদিক ও স্মার্ত্ত ক্রিয়াকলাপশূন্য, শুষ্কভাষী, কুৎসিত, যাজনকর্ম্মোপজীবী, কামুক, ক্রূর, দম্ভী, মৎসরী, ব্যসনযুক্ত, কৃপণ, খল, নাস্তিক, অসৎসঙ্গকারী, ভীরু, মহাপাতকের কোন একটী চিহ্নযুক্ত; দেবতা, অগ্নি ও গুরুপূজা প্রভৃতিতে শ্রদ্ধাহীন; সন্ধ্যা তর্পণ, পূজা ও মন্ত্রাদি জ্ঞানরহিত, আলস্যযুক্ত; বিলাসী, ধর্ম্মহীন ও প্রতিশ্রুত, ইহারা গুরুর যোগ্য নহে। মৎস্যসূক্তের মতে অপুত্রক, গৃহিণীশূন্য, শক্তিবিহীন ও বৃষলীপতি ইহারাও বর্জনীয়। (রাঘবভট্ট)

জ্ঞানার্ণবের মতে যিনি গৃহস্থ, যাহার পুত্র ও কলত্র আছে, তাঁহাকেই গুরু করা উচিত (১)। মুণ্ডমালায় লিখিত আছে যে বৈষ্ণব ও শৈব মধ্যম গুরু। যিনি শক্তিমন্ত্রে দীক্ষিত তিনিই উত্তম গুরু।

তান্ত্রিকগণ গুরু শব্দের প্রত্যেক বর্ণ ধরিয়া অর্থ করিয়া থাকেন। তাঁহাদের মতে গকারের অর্থ সিদ্ধিদাতা, রেফের অর্থ পাপনাশক এবং উকারের অর্থ শম্ভু। এই লইয়া গুরু শব্দের অর্থ হইল সিদ্ধিদাতা পাপনাশক শম্ভু। অর্থাৎ যিনি সিদ্ধিদান করিতে পারেন, পাপ বিনাশ করিতে যাঁহার ক্ষমতা আছে এবং মঙ্গলকারী, তাঁহাকেই গুরু বলিয়া জানিবে। অথবা গকারের অর্থ জ্ঞান, রেফের অর্থ তত্ত্বপ্রকাশক ও উকারের অর্থ শিবতাদাত্মপ্রদ। যিনি তত্ত্বজ্ঞান প্রকাশ করিয়া শিবের সহিত অভেদ করিয়া দেন, তাঁহাকেই গুরু বলিয়া জানিবে (২)।

যোগিনীতন্ত্রে লিখিত আছে—পিতা, মাতামহ, সোদর, কনিষ্ঠ ও রিপুপক্ষীয় ইহাদের মন্ত্র গ্রহণ করিতে নাই অর্থাৎ ইহাদিগকে গুরু করিবে না। গণেশবিমর্ষিণীতন্ত্র মতে যতি, বনবাসী বা আশ্রম-পরিত্যাগী ইহাদের নিকট দীক্ষিত হইলে অমঙ্গল হয়। কিন্তু শক্তিযামলের মতে অর্থাচারপরায়ণ, মন্ত্রী, জ্ঞানী, সমাধিযুক্ত ও শ্রদ্ধাবিশিষ্ট যতির মন্ত্র গ্রহণ করিলে কোন অমঙ্গল হয় না। রুদ্রযামলে লিখিত আছে যে, ভর্ত্তা পত্নীকে, পিতা পুত্র কিম্বা কন্যাকে এবং ভ্রাতা ভ্রাতাকে দীক্ষিত করিবেন না। কিন্তু স্বামী সিদ্ধমন্ত্র হইলে পত্নীকে দীক্ষিত করিতে পারেন।

তন্ত্রসংগ্রহকারগণের মতে—তন্ত্রে যে সকল নিন্দনীয় গুরু ও যাহাদের মন্ত্র গ্রহণ করা উচিত নহে বলিয়া নির্ণীত হইয়াছে, ইহা কেবল অসিদ্ধ মন্ত্রের পক্ষে জানিবে, সিদ্ধমন্ত্র হইলে আর কোন লক্ষণালক্ষণ বা ভাল মন্দ বিবেচনা করিবার দরকার নাই, যাহার নিকট ইচ্ছা তাহার নিকটেই দীক্ষিত হইতে পারা যায়। (তন্ত্রসার)

(১) "সর্ব্বশাস্ত্রার্থবেত্তা চ গৃহস্থো গুরুরুচ্যতে।" জ্ঞানার্ণব।

(২) "গকারঃ সিদ্ধিদঃ প্রোক্তোরেফঃ পাপস্য দাহকঃ।
উকারঃ শম্ভুরিত্যুক্ত স্ত্রিতয়াত্মা গুরুঃস্মৃতঃ।
গকারোজ্ঞানসম্পত্যৈরেফস্তত্ত্বপ্রকাশকঃ।
উকারাৎ শিবতাদাত্মং দদ্যাদিতি গুরু স্মৃতঃ।" (আগমসার)

কোন ব্যক্তি যদি অজ্ঞানবশতঃ নিন্দনীয় বা বর্জনীয় ব্যক্তির নিকটে দীক্ষিত হন, তবে দশ হাজার গায়ত্রী জপরূপ প্রায়শ্চিত্ত করিয়া সেই মন্ত্র পরিত্যাগ করিবেন। (গণেশবিম॰) মৎস্যসূক্তের মতে—নিবীর্য্য পিতার মন্ত্র শাক্ত ও শৈবগণের পক্ষে দোষাবহ নহে, ইহারা পিতার মন্ত্র গ্রহণ করিতে পারেন। কোন সংগ্রহকার মৎস্যসূক্তের প্রমাণটীকে কৌলিক মন্ত্র দীক্ষাবিষয়ক বলিয়া ব্যাখ্যা করেন, কেহ আবার বলেন যে, মৎস্যসূক্তে তারামন্ত্রের প্রস্তাবে ঐ কথা বলা হইয়াছে। অনেক তন্ত্রের মতেই পিতা জ্যেষ্ঠ পুত্রকে নিজ মন্ত্রে দীক্ষিত করিতে পারেন, এইরূপ বিধান দেখিতে পাওয়া যায়। (তন্ত্রসার)

বিদ্যাধর ভট্টাচার্য্যের মতে—আর্য্যাবর্ত্ত, কুরুক্ষেত্র, লাট, কোঙ্কণ, অন্তর্বেদি, প্রতিষ্ঠান ও অবন্তিদেশবাসী গুরু উত্তম; গৌড়, শাল্ব, সৌর, মগধ, কেরল, কোশল ও দশার্ণদেশবাসী মধ্যম এবং কর্ণাট, নর্ম্মদা, রেবা ও কচ্ছাতীরবর্ত্তী দেশ, কলিঙ্গ, কলম্ব ও কাম্বোজবাসী গুরু অধম।

ভারতে অতি প্রাচীন কাল হইতে দীক্ষাপ্রণালী চলিয়া আসিতেছে। প্রত্যেক দীক্ষাতেই এক একটী গুরুর আবশ্যক। অস্ত্র, শাস্ত্র ও মন্ত্রদীক্ষা প্রভৃতি সকলেই একটী গুরু আছে, গুরু ভিন্ন কোন দীক্ষাই হইতে পারে না। ঋষিগণ ও তান্ত্রিকগণ গুরুশিষ্যের নানাবিধ কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয় করিয়াছেন। তাহার পর্য্যালোচনা করিলে জানিতে পারা যায় যে, যে সময়ে এই দেশে ধর্ম্মোন্নতির পরাকাষ্ঠা লাভ করিয়াছিল, যখন সকলের হৃদয়েই পূর্ণরূপ ধর্ম্মভাব বিরাজ করিত, তখন এই দেশবাসীরা গুরুকে সামান্য মানব বলিয়া মনে করিত না এবং আপনাকে তাঁহার অধীন মনে করিত। তাঁহাদের বিশ্বাস ছিল যে, গুরু যাহা ইচ্ছা তাহাই করিতে পারেন, ইনিই স্বয়ং ঈশ্বর বা আমার দেবতা। গুরুগীতায় গুরুর যে সকল লক্ষণ ও নামনিরুক্তি দেখিতে পাওয়া যায়, তাহা ঠিক বেদান্তবর্ণিত ব্রহ্মের লক্ষণ।

[দীক্ষা ও শিষ্য প্রভৃতি শব্দে বিশেষ দ্রষ্টব্য।]

১৯ পরমেশ্বর।

"পূর্ব্বেষামপি গুরুঃ কালেনানবচ্ছেদাৎ।" (পাতঞ্জল সমাধি॰)

(ত্রি) ২০ গম্ভীরার্থ। ২১ বলবান্। (পুং) ২২ দ্রোণাচার্য্য। ২৩ পুষ্যানক্ষত্র। গুরু অর্থাৎ বৃহস্পতি ইহার অধিষ্ঠাতা বলিয়া ইহার নাম গুরু হইয়াছে।

"ধ্রুব গুরুকরমূলাপৌষ্ণ ভাস্কর্কবারে।" (জ্যোতিস্তত্ত্ব)

২৪ তালবিশেষ। যাহাতে একটীমাত্র গুরু বা দীর্ঘমাত্রা থাকে, তাহাকে গুরুতাল বলে।

"এক এব গুরুর্যত্র গুরুতালঃ স উচ্যতে।" (সঙ্গীতদামোদর)

গুরুক (ত্রি) গুরু স্বার্থে-কন্। অতিশয় ভারযুক্ত, ভারী।

"ততো যুধিষ্ঠিরস্তস্য গুরুকোঃ সমপদ্যত।"

(ভারত ৩।১৫৩ অঃ)

গুরুকণ্টক (পুং) গুরুঃ কণ্টক স্তৎসদৃশ চিহ্নবিশেষো গাত্রে যস্য বহুব্রী। একপ্রকার ময়ূর, তিলময়ূর, চলিত কথায় তিলে ময়ূর বলে।


গুরুকার (ত্রি) গুরুং ভারাতিশয়যুক্তং করোতি গুরু-কৃ অণ্। ১ যে ব্যক্তি অতিশয় ভারযুক্ত করে। (পুং) ২ উপাসনা, গুরুপূজা।

গুরুকার্য্য (ত্রি) গুরোঃ কার্য্যঃ ৬তৎ। ১ গুরুর কর্ত্তব্য, যাহা গুরুর করা উচিত। (ক্লী) ২ গুরুর কর্ম্ম।

গুরুকুণ্ডলী (স্ত্রী) গুরোঃ বৃহস্পতেঃ কুণ্ডলী ৬তৎ। চক্রবিশেষ, ইহা দ্বারা জন্ম নক্ষত্র অনুসারে এক এক বৎসরের অধিপতি গ্রহ জানা যায়। এই চক্রের মধ্যস্থলে বৃহস্পতি ও আটদিকে আটটী গ্রহ স্থাপন করিতে হয়। গুরু প্রধান বলিয়া ইহার নাম গুরুকুণ্ডলী হইয়াছে।

গুরুকুণ্ডলী অঙ্কিত করিবার প্রণালী—ঊর্দ্ধমুখে পাঁচটী রেখা টানিয়া তাহার মধ্যে তির্য্যক্‌ভাবে একটী রেখাপাত করিবে। পরে উক্ত চক্রের প্রথমস্থানে অর্থাৎ ঊর্দ্ধমুখী যে কয়টী রেখা দেওয়া হইয়াছে, তাহার বাম রেখাটীর উপরিভাগে রবি, দ্বিতীয়স্থানে অর্থাৎ তির্য্যক্ রেখাটী যে স্থান ভেদ করিয়াছে সেই স্থলে মঙ্গল, তৃতীয়স্থানে অর্থাৎ ঐ রেখাটীর নিম্নভাগে কেতু স্থাপন করিবে। এই প্রকার দ্বিতীয় রেখার প্রথমস্থানে চন্দ্র, দ্বিতীয়স্থানে বুধ, তৃতীয় স্থানে শূন্য, তৃতীয় রেখার প্রথমস্থানে শূন্য, দ্বিতীয়স্থানে বৃহস্পতি, তৃতীয়স্থানে শূন্য; চতুর্থরেখার প্রথমস্থানে শূন্য, দ্বিতীয়স্থানে শুক্র, তৃতীয়স্থানে শূন্য এবং পঞ্চমরেখার প্রথম স্থানে শনি, দ্বিতীয়স্থানে শূন্য ও তৃতীয়স্থানে রাহু গ্রহ স্থাপন করিবে। যে যে স্থানে গ্রহ বসিয়া আছে, সেই সেই স্থানে পুষ্যা প্রভৃতি নক্ষত্র যথাক্রমে বসাইবে। যে স্থানে শূন্য পড়িয়াছে, সেই স্থানে কোন নক্ষত্র বসাইবে না। প্রথমে রবিস্থানে পুষ্যা নক্ষত্র স্থাপন করিয়া যথাক্রমে রাহু স্থান পর্য্যন্ত বিশাখা নক্ষত্র বসাইবে। পুনর্ব্বার রবিস্থানে অনুরাধা বসাইয়া ক্রমে রাহুস্থানে পূর্ব্বভাদ্র স্থাপন করিবে। তাহার পর রবিস্থানে উত্তরভাদ্র ও রাহুস্থানে পুনর্বসু স্থাপন করিবে। ইহাকে গুরুকুণ্ডলী বলে। যাহার জন্ম নক্ষত্র যে স্থানে পতিত হইবে সেই গ্রহই তাহার প্রথম বর্ষের অধিপতি।

গুরুকুণ্ডলীচক্র।



কেতুকুণ্ডলীতে যে প্রকার বর্ষাধিপতির ফল বর্ণিত হইয়াছে, গুরুকুণ্ডলীতেও সেইরূপ ফল জানিবে। কোন জ্যোতিষিকের মতে প্রথমস্থানে রবি, দ্বিতীয়স্থানে মঙ্গল, তৃতীয়স্থানে কেতু, চতুর্থে চন্দ্র, পঞ্চমে বুধ, ষষ্ঠে বৃহস্পতি, সপ্তমে শুক্র, অষ্টমে শনি ও নবমে রাহুগ্রহ স্থানে যথাক্রমে পুষ্যাদি নক্ষত্র স্থাপন করিলে তাহাকে গুরুকুণ্ডলী বলে (১)। পঞ্চস্বরার মতে প্রথমে রবি, দ্বিতীয়ে চন্দ্র, তৃতীয়ে মঙ্গল, চতুর্থে বুধ, পঞ্চমে বৃহস্পতি, ষষ্ঠে শুক্র, সপ্তমে শনি, অষ্টমে রাহু এবং নবম স্থানে কেতুগ্রহ স্থাপন করিয়া রবি হইতে প্রত্যেক গ্রহের স্থানে কৃত্তিকাদি নক্ষত্র যথাক্রমে স্থাপন করিতে হয় (২)। এই তিনপ্রকার গুরুকুণ্ডলীর মধ্যে প্রথমটী সর্ব্বত্র আদরণীয় বলিয়া তাহারই প্রতিকৃতি অঙ্কিত হইল।

গুরুকুল (ক্লী) গুরোঃ কুলং ৬তৎ। গুরুর বংশ।

গুরুকৃত (ত্রি) গুরুণা কৃতং অনুষ্ঠিতং ৩তৎ। গুরু যাহার অনুষ্ঠান করিয়াছেন।

গুরুক্রম (পুং) গুরুরেব ক্রমো যত্র বহুব্রী। পরম্পরাগত উপদেশ, পরম্পরায় যে উপদেশ প্রাপ্ত হওয়া গিয়াছে। (হলায়ুধ)

গুরুগীতা (স্ত্রী) গুরুস্তবনভূতা গীতা। গীতাবিশেষ, ইহাতে গুরুর স্তব, গুরুকে ব্রহ্মস্বরূপে বর্ণনা, গুরুর প্রতি শিষ্যের কর্ত্তব্যাকর্ত্তব্য, এবং আত্মতত্ত্ব উপদেশ অতি সুন্দররূপে বর্ণিত আছে। ইহা রুদ্রযামলের একটী অংশ।

গুরুগোবিন্দ সিং, শিখদিগের ১০ম গুরু, তেজবাহাদুরের পুত্র। ১৬৬২ খৃষ্টাব্দে ইঁহার জন্ম হয়। ইনি শিখধর্ম্মের অনেক পরিবর্ত্তন ও খাল্‌সা প্রথা প্রচলন করেন। ইনি শিখদিগের মধ্যে সিংদীক্ষার প্রবর্ত্তক। গুর্‌মুখী ভাষায় ইঁহার রচিত গ্রন্থসাহেব আছে, উহা শিখদিগের যথেষ্ট ভক্তির জিনিস। ৪৮শ বর্ষ বয়ঃক্রমকালে ১৭০৮ খৃষ্টাব্দে গোদাবরীর বামতীরে নন্দের নামক স্থানে দুইজন পাঠানের হস্তে গোবিন্দ নিহত হন। ঐ স্থানে তাঁহার স্মরণার্থ শিখধর্ম্মমন্দির আছে। তাঁহার মতানুবর্ত্তী শিখগণ "গোবিন্দশাহী" নামে খ্যাত।

[নানক ও শিখ দেখ।]

গুরুঘ্ন (পুং) গুরুং হন্তি হন্ টক্। ১ গৌরসর্ষপ, শ্বেত সরিষা। (রাজনি°) (ত্রি) ২ গুরুনাশক, যে গুরুহত্যা করে।

গুরুঙ্গ (গুরুঙ্গা), নেপালবাসী জাতিবিশেষ। ইহারা সাহসী ও যুদ্ধনিপুণ। ইহাদের মধ্যে দশ গুরুঙ্গ ও বার গুরুঙ্গ এই দুইটী থাক এবং প্রায় ৫৮টী থর বা শ্রেণী বিভাগ আছে। ইহারা বয়স্থা হইলে কন্যার বিবাহ দেয়। বিবাহ বন্ধন ছেদন করিতে হইলে ইহাদিগকে কন্যার মাতাকে টাকা দিতে হয়। ঐ স্ত্রীলোক পুনরায় সমারোহের সহিত বিবাহ করিতে পারে, কিন্তু বিধবাদিগের এরূপ বিবাহের অনুমতি নাই। বিধবারা কেবলমাত্র নিজ দেবরকে স্বামীরূপে গ্রহণ করিতে পারে। এই বিবাহে কোন সংস্কার নাই।

এই জাতি এক সময়ে বৌদ্ধ ছিল, কিন্তু এক্ষণে হিন্দু হইয়াছে। দ্বিতীয় পাণ্ডুপুত্র ভীমসেনই ইহাদের উপাস্য দেবতা। গৃহসম্বন্ধীয় বিপদ্ হইতে মুক্তি অথবা পীড়া হইতে আরোগ্য লাভ করিবার জন্য পর্ব্বত ও নদী প্রভৃতিকে পুষ্প ও খাদ্য দিয়া পূজা করে। ব্রাহ্মণেরাই ইহাদের পৌরহিত্য করে, কিন্তু তদভাবে গুয়াবুড়ি থরের কোন ব্যক্তি জন্ম, মৃত্যু ও বিবাহাদির সংস্কার করিতে পারে।

ইহারা শবদেহ পুঁতিয়া রাখে। জাতির উরুণ্ডা থরেরা পর্ব্বতের উপরে শবদেহ পোড়ায় এবং ভস্মরাশি শূন্যে উড়াইয়া দেয়। শব কবরস্থ করিবার সময় লেহলামা থরের এক ব্যক্তি আসিয়া আত্মার প্রীত্যর্থে মন্ত্রপাঠপূর্ব্বক প্রথমে গোরের উপর মৃত্তিকা নিক্ষেপ করে। তাহার পর যে সমস্ত ক্রিয়া সম্পন্ন করিতে, তৎসমস্তই সুনুবার জাতির মত। ইহারা গো, শূকর প্রভৃতির মাংস খায় না। কিন্তু মহিষ, বনবরা ও মুরগী খাইয়া থাকে।

ছত্রি বা খস, গুরুঙ্গ, মগর ও সুনুবার এই চারিটী জাতি বিভাগ দৃষ্ট হয়। গুরুঙ্গেরাই 'মুখ্য' বা প্রধান বলিয়া গণ্য। ইহারা অপর জাতিতে বিবাহ করে না। যদি কেহ কন্যা লইয়া পলাইয়া যায়, ঐ কন্যাকে বিবাহ করিতে হইলে পণ দিতে হয়। বিবাহের পর ঐ কন্যা স্বামীর অন্নপাক করিতে পারে না। ইহাদের মধ্যে যদি কেহ অপর কোন ব্যক্তির স্ত্রী অপহরণ করিয়া আনে, ঐ স্ত্রীর গর্ভজাত পুত্রাদি

(১) "অর্কো ভৌমশ্চ কেতুশ্চ চন্দ্রঃ সৌম্যো বৃহস্পতিঃ।
শুক্রঃ শনৈশ্চরো রাহুঃ কুণ্ডলীস্যাদ্ বৃহস্পতেঃ।"

(২) "রবিশ্চন্দ্রঃ কুজঃ সৌম্যো গুরুঃ শুক্রো বৃহস্পতিঃ।
রাহুঃ কেতুশ্চ বিজ্ঞেয়ঃ সর্ব্বথা গুরুকুণ্ডলী।
কৃত্তিকাদীনি ঋক্ষাণি ত্রিরাবৃত্তিক্রমান্ন্যসেৎ।" (পঞ্চস্বরা)

গুরুঙ্গ নামে অভিহিত হয়, কিন্তু কেহই ঐ মাতার স্পৃষ্ট অন্নজলাদি গ্রহণ করে না। কিরাতি শ্রেণীর কন্যাকে বিবাহ করিলে তজ্জাত পুত্রকেও গুরুঙ্গ বলে। খস বা মগরা পিতা ও গুরুঙ্গ মাতার গর্ভে পুত্রাদি খস নাম প্রাপ্ত হয়, কিন্তু বাস্তবিক পক্ষে তাহারাও গুরুঙ্গ।

ইহারা নিম্নশ্রেণীর ক্ষত্রিয়। মুখশ্রী কতকটা তাতার জাতির মত, স্বভাব চঞ্চল।

গুরুণ্টক (পুং) গুরুকণ্টক-পৃষোদরাদিবৎ মধ্যককারলোপে সাধু। তিলময়ূর। (ত্রিকাণ্ড°)

গুরুতম (ত্রি) অতিশয়েন গুরুঃ গুরু-তমপ্। ১ অতিগুরু। মাতা, পিতা ও আচার্য্য এই তিনজন। (বিষ্ণুসূক্ত) ২ মাতা পিতা প্রভৃতি গুরুজন। ৩ অতিশয় গুরুত্ববিশিষ্ট। (পুং) ৪ পরমেশ্বর। (ভারত ১৩।১৪৯।৩৬)

গুরুতল্প (পুং) গুরোঃ পিতুস্তল্পং ভার্য্যা যস্য বহুব্রী। ১ বিমাতৃগামী। মনুর মতে বিমাতৃগমনে মহাপাতক হয়। গুরুতল্পগামী উচ্চৈঃস্বরে আপনার পাপকীর্ত্তন করিয়া তপ্তলৌহময় পাত্রে শয়ন অথবা জ্বলন্ত লৌহময়ী স্ত্রী-মূর্ত্তি আলিঙ্গন করিয়া প্রাণত্যাগ করিবে। এই প্রকারে প্রাণ পরিত্যাগ ভিন্ন ইহার আর কোন প্রায়শ্চিত্ত নাই(১)।

গুরোস্তল্পঃ ৬তৎ। ২ গুরুর ভার্য্যা।

"গত্বৈতদেব কুর্ব্বীত গুরুতল্পমকামতঃ।" (প্রায়শ্চিত্তবিবে°)

গুরুতল্পগ (পুং) গুরোঃ পিতুস্তল্পং ভার্য্যা তাং গচ্ছতি গম-ড। বিমাতৃগামী। গুরুশব্দের নানা অর্থ বলিয়া গুরুতল্পগ শব্দে আচার্য্যপত্নীগামী প্রভৃতিকেও বুঝাইতে পারে। কিন্তু বিবেককার অনেক বিচারের পর স্থির করিয়াছেন যে গুরু-তল্পগশব্দে কেবল বিমাতৃগামীকেই বুঝায়, আচার্য্যপত্নীগামী প্রভৃতিকে বুঝায় না। গুরুতল্পগামী মহাপাতকী, ইহার সংসর্গ করিলেও মহাপাতক হয়। বিবেককারের মতে পিতার সবর্ণা বা উত্তমবর্ণা স্ত্রী অভিগমন করিলেই মহা-পাতক হয় এবং তাহাকেই গুরুতল্পগ বলে। পিতার হীনবর্ণা স্ত্রীগমন করিলে উপপাতক হইয়া থাকে, তাহাকে গুরুতল্পগ শব্দে উল্লেখ করা যায় না। প্রাণত্যাগ ভিন্ন গুরুতল্পগের প্রায়শ্চিত্ত নাই। [গুরুতল্প দেখ।]

মনুর মতে গুরুতল্পগামীর নরকভোগের অবসানে তাহার চিহ্নস্বরূপ শরীরের চর্ম্ম অতি বিশ্রী বা দৌশ্চর্ম্ম্য হয়।

(মনু ১১।৪৯)

(১) "গুরুতল্পাভিভাষ্যেনস্তপ্তে সুপ্যাদয়োময়ে।
শূর্ম্মীং জ্বলন্তীং বাশ্লিষ্যেন্মৃত্যুনা স বিশুদ্ধ্যতি।" (মনু ১১।১০৪)

গুরুতল্পিন্ (পুং) গুরোস্তল্পং গম্যত্বেনাস্ত্যস্য গুরুতল্প-ইনি। বিমাতৃগামী। (মনু ১১।১০৪)

গুরুতা (স্ত্রী) গুরোর্ভাবঃ গুরু-তল্-টাপ্। গুরুত্ব।

"কৌমারকেঽপি গিরিবদ্ গুরুতাং দধানঃ।" (উত্তরচরিত)

গুরুতাল (পুং) গুরুরেব তালো যত্র বহুব্রী। তালবিশেষ। যাহাতে একটী মাত্র গুরু থাকে। [গুরু দেখ।]

গুরুত্ব (ক্লী) গুরোর্ভাবঃ গুরু-ত্ব। ১ বৈশেষিক মতসিদ্ধ চতুর্বিংশতি গুণের অন্তর্গত একটী গুণ। ভাষাপরিচ্ছেদের মতে—পতনক্রিয়ার অসমবায়ি কারণ অর্থাৎ যে গুণ থাকায় দ্রব্যের পতন হয়, তাহাকে গুরুত্ব বলে। এই গুণটী অপ্র-ত্যক্ষ, কোন ইন্দ্রিয় দ্বারা ইহার প্রত্যক্ষ হইতে পারে না। এই গুণবিশিষ্ট কোন দ্রব্য মানদণ্ডের একদিকে উঠাইয়া দিলে তাহার অবনতি হইয়া থাকে বলিয়া এই গুণের অনুমান করিয়া লওয়া যাইতে পারে। লৌকিক ব্যবহারে এই গুণকে রতি, মাষ, তোলক, সের ও মণ প্রভৃতি ভিন্ন ভিন্ন নামে উল্লেখ করা হইয়া থাকে। (দিনকরী ও কণাদসূত্র।) বল্লভাচার্য্যের মতে স্পর্শবিশেষকেই গুরুত্ব বলিয়া স্বীকার করা হয়, গুরুত্ব অতিরিক্ত গুণ নহে। তাঁহার মতে ইহার প্রত্যক্ষ হইয়া থাকে।

নৈয়ায়িক ও বৈশেষিকগণ কেবল জল ও মৃত্তিকাতেই গুরুত্ব স্বীকার করেন। তাঁহাদের মতে তেজঃ, বায়ু প্রভৃতি অপর কোন পদার্থে গুরুত্ব নাই। এই গুরুত্ব আবার দুই প্রকার—নিত্য ও অনিত্য। জল ও মৃত্তিকার পরমাণুতে যে গুরুত্ব আছে, তাহা নিত্য, কখনও তাহার বিনাশ হয় না এবং তদ্ব্যতীত অপর দ্ব্যণুক প্রভৃতির গুরুত্ব অনিত্য, ইহার উৎপত্তি ও নাশ হইয়া থাকে (১)।

সাঙ্খ্যমতে অতিরিক্ত গুণের উল্লেখ না থাকিলেও সাঙ্খ্যা-চার্য্যগণ দ্রব্যস্বরূপে বৈশেষিক মতসিদ্ধ অনেকগুলি গুণের স্বীকার করেন। তবে দ্রব্যকে আশ্রয় না করিয়া গুণের অস্তিত্ব নাই বলিয়া ইঁহারা বৈশেষিক মতসিদ্ধ গুণগুলিকে দ্রব্যের স্বরূপই স্বীকার করেন; দ্রব্যের অতিরিক্ত বলিয়া মানেন না। ইঁহাদের মতে মূলকারণের অন্যতম তমঃ গুণের ধর্ম্ম গুরুত্ব, সত্ব বা রজোগুণে গুরুত্ব নাই (২)।

সাঙ্খ্যমতে সমস্ত জন্য পদার্থ-ই ত্রিগুণময় অর্থাৎ সত্ব, রজঃ ও তমঃ গুণ হইতে উৎপন্ন। মহত্তত্ত্ব প্রভৃতি সকল দ্রব্যেই

(১) "অতীন্দ্রিয়ং গুরুত্বং স্যাৎ পৃথিব্যাদিদ্বয়ে তু তৎ।
অনিত্যে তদনিত্যং স্যান্নিত্যে নিত্যমুদাহৃতম্।" (ভাষাপ°)

(২) "সত্ত্বং লঘুপ্রকাশকমিষ্টমুপষ্টম্ভকং চঞ্চলঞ্চ রজঃ।
গুরু বরণকমেব তমঃ।" (সাঙ্খ্যকারিকা)

কারণরূপে তমোগুণ আছে। সাঙ্খ্যমতের পর্য্যালোচনা করিলে অবশ্যই স্বীকার করিতে হইবে যে, অন্য দ্রব্যমাত্রেই গুরুত্ব আছে, তমোগুণের তারতম্যানুসারে কোন দ্রব্যে ইহার আধিক্য এবং কোন কোন দ্রব্যে ইহার অল্পতা হইয়া থাকে। মৃত্তিকা ও জলে তমোগুণের অংশ বেশী বলিয়া এই উভয়ের গুরুত্ব সহজেই অনুভব হইয়া থাকে। কিন্তু তেজঃ প্রভৃতি পদার্থে তমোগুণের অংশ নিতান্ত কম বলিয়া তাহার গুরুত্ব সহজে অনুভব করা যায় না। আধুনিক বৈজ্ঞানিকেরা অনেক প্রমাণবলে বায়ুর গুরুত্ব স্থাপন করিয়াছেন। [বায়ু ও বায়ুমানযন্ত্র শব্দ দ্রষ্টব্য।] ২ মহত্ত্ব, গৌরব। ৩ অধ্যাপকত্ব, উপদেশকত্ব। ৪ পূজ্যত্ব। ৫ কাঠিন্য।

গুরুত্বানুভাবকতা (স্ত্রী) গুরুত্বানুভাবকস্য ধর্ম্মঃ গুরুত্বানুভাবক-তল্ টাপ্। যে বৃত্তি দ্বারা গুরুত্বের অনুভব করা যাইতে পারে।

গুরুদক্ষিণা (স্ত্রী) গুরুপ্রদেয়া দক্ষিণা। অধ্যয়ন শেষ হইলে গুরুকে সন্তুষ্ট করিবার জন্য যাহা কিছু দান করা হয়, তাহাকেই গুরুদক্ষিণা বলে। এই দেশে অতি প্রাচীনকালে গুরুকে দক্ষিণা দেওয়ার প্রথা প্রচলিত ছিল। ভারতে উতঙ্ক প্রভৃতি কয়েক জন মুনি গুরুদক্ষিণা দিতে অনেক অসাধ্য সাধন করিয়াছেন বলিয়া বর্ণিত আছে। গুরু শিষ্যের নিকটে দক্ষিণা স্বরূপে যাহা চাহিতেন, শিষ্য প্রাণপণে তাহাই সাধন করিবার চেষ্টা করিত। কালে গুরু ভক্তির হ্রাস ও মানব প্রকৃতির ধর্ম্মভাব তিরোহিত হওয়ায় কৃতজ্ঞতার চরম সীমা সেই গুরুদক্ষিণা প্রথাটী এই দেশে আর দেখিতে পাওয়া যায় না। বিষ্ণুপুরাণে বর্ণিত আছে যে, কৃষ্ণবলরাম গুরুদক্ষিণা দিতে সান্দীপনের মৃত বা অপহৃত পুত্রটীকে আনিয়া দিয়াছিলেন।

[উতঙ্ক, কৃষ্ণ প্রভৃতি শব্দে বিশেষ দ্রষ্টব্য।]

গুরুদাসপুর, পঞ্জাবের ছোটলাটের অধীন একটী জেলা। অক্ষা° ৩১° ৩৬´ হইতে ৩২° ৩০´ উঃ ও দ্রাঘি° ৭৪° ৫৬´ হইতে ৭৫° ৪৫´ পূঃ মধ্যে অবস্থিত। ইহার উত্তরসীমা কাশ্মীর ও চম্বারাজ্য, পূর্ব্বে কাঙ্ড়া ও বিপাশা নদী, দক্ষিণপশ্চিমে অমৃতসর জেলা এবং পশ্চিমে শিয়ালকোট। গুরুদাসপুর নগর ইহার বিচারবিভাগের সদর, কিন্তু বটালা-নগরই প্রধান বাণিজ্যস্থান। ভূপরিমাণ ১৮১৮ বর্গ মাইল।

এই জেলা বিপাশা ও রাবী বা ইরাবতী নদীদ্বয়ের মধ্যবর্ত্তী বারী-দোআবের অন্তর্ভুক্ত এবং শেষোক্ত ইরাবতী নদীর কূল পর্য্যন্ত বিস্তৃত হইয়া শিয়ালকোট হইতে ত্রিকোণাকৃতি হইয়াছে। এই জেলা ক্ষুদ্র ক্ষুদ্র পাহাড়ে পরিপূর্ণ, মধ্যে হিমালয় শ্রেণীর একটী পাহাড়ের সূত্র ধরিয়া উত্তরদিকে গমন করিলে ডাল্‌হৌসীর পার্ব্বতীয় স্বাস্থ্যাবাসে যাওয়া যায়। ডাল্‌হৌসী শৈলাবাস ধবলাধার নামক বরফাবৃত পর্ব্বতের উপর স্থাপিত। পর্ব্বতের নিম্নদেশে স্থানে স্থানে বাহাদুরী কাষ্ঠের ও নানা প্রকার বৃক্ষে পরিপূর্ণ অধিত্যকাসমূহ দৃষ্ট হয়। বারী দোআব-খাল কেবল ইরাবতী নদীর জলে পূর্ণ হইয়া থাকে। উক্ত দোআবের অপরাপর স্রোতের জল নাল দিয়া বিপাশা নদীতে চলাচল হইয়াছে।

সাধারণতঃ জেলার সমুদায় ক্ষেত্রই সমতল, কেবল পশ্চিমাংশ ক্রমশঃ ঢালু হইয়াছে। এই উচ্চতানিবন্ধন বর্ষার সময় ঢালুর উপর দিয়া প্রচুর জল আসিয়া থাকে। ইহাতে চাষ বাসের বিশেষ উপকার দর্শে। জেলার মধ্যে অনেকগুলি ঝিল বা হ্রদমধ্যস্থ জলা ভূমি আছে। ঐ জমীতে ধান্য ও পাণিফলের চাষ হইয়া থাকে।

মোগল রাজাদিগের সময় বটালা ও পাঠানকোট ইহার প্রধান নগর ছিল। বটালা নগরে সম্রাটের সতাত ভাই সামসের খাঁর রাজপ্রাসাদ ছিল এবং তাঁহার কৃত একটী সুন্দর পুষ্করিণী আজও বর্ত্তমান রহিয়াছে। পাঠানকোট নগর এককালে রাজপুতরাজ্যের রাজধানী ছিল। প্রবাদ আছে—খৃষ্টীয় দ্বাদশ শতাব্দীতে জৈতপাল নামে এক রাজপুত দিল্লী হইতে আসিয়া এই নগর স্থাপন করেন। পরে তাঁহার বংশধরেরা কাঙ্ড়ার নিকটবর্ত্তী নূরপুর নগরে আপনাদিগের প্রাসাদ নির্ম্মাণ করেন। কলানৌর নগরে সম্রাট্ অকবর তাঁহার পিতার মৃত্যু সংবাদ পান এবং এইখানেই স্বয়ং সম্রাট্ উপাধি গ্রহণ করিয়াছিলেন। ইরাবতীকূলস্থ দেরানানক নামক নগর শিখগুরু নানকের পরিচায়ক। উক্ত নগরের পরপারে একটী গ্রামে ১৫৩৯ খৃষ্টাব্দে নানকের মৃত্যু ঘটে। মোগল রাজত্বের সময় এই জেলার কোন বিশেষ ইতিহাস পাওয়া যায় না। কিন্তু শিখজাতির অভ্যুদয়ে একপক্ষে রাজকীয় শাসনকর্ত্তা ও অপরপক্ষে আহ্মদশাহ দুরাণির বিরুদ্ধে যুদ্ধ করিয়া শিখ-সর্দ্দারেরা ক্রমশই নিজ নিজ আবশ্যকমত পঞ্জাব ও শতদ্রুর উভয় পার্শ্ববর্ত্তী স্থান অধিকার করিতে থাকেন। কন্‌হিয়াদলের অধিপতি মানজাটবংশীয় অমরসিংহ বারী-দোআবের পশ্চিমাংশ হস্তগত করেন এবং রামঘরিয়া দলের সর্দ্দার জগরাসিংহ দীনানগর, কলানৌর, শ্রীগোবিন্দপুর, বটালা প্রভৃতি নগর অধিকার করিয়া লন। কন্‌হিয়া সর্দ্দার কর্ত্তৃক জগরাসিংহ তাড়িত হন, পুনরায় ১৭৮৩ খৃষ্টাব্দে তিনি স্বরাজ্য অধিকার করেন। ১৮০৩ খৃষ্টাব্দে জগরাসিংহের মৃত্যু হয়। তৎপুত্র যোধসিংহ রাজা হন। ইনি

রাজা রণজিৎসিংহের মিত্র ছিলেন। ১৮১৬ খৃষ্টাব্দে ইহার মৃত্যুর পর রণজিৎ ঐ স্থান স্বরাজ্যভুক্ত করিয়া লন। ১৮০৯ খৃষ্টাব্দে অমরসিংহের অধিকৃত রাজ্য শিখশাসনাধীনে আইসে। প্রথম শিখযুদ্ধের অবসানে ১৮৪৬ খৃষ্টাব্দে শিখ কর্ত্তৃক পাঠানকোট ও তন্নিকটবর্ত্তী পার্ব্বতীয় বিভাগ ইষ্ট-ইণ্ডিয়া কোম্পানীকে দেওয়া হয়। এই সময়ে এই প্রদেশ কাঙ্গ্‌ড়া জেলার অন্তর্গত থাকে। পরে ১৮৪৯ খৃষ্টাব্দে ধারী-দোআবের উত্তরাংশ একটী স্বতন্ত্র জেলায় পরিণত হয়, ঐ সময়ে বটালা নগরে ইহার সদর কাছারী ছিল।

১৮৫৫ খৃষ্টাব্দে রাবী নদীর পরপারস্থিত শকারগড় তহশীল ইহার অন্তর্ভুক্ত হওয়ায় গুরুদাসপুর নগরে সদর-কাছারী স্থাপিত হয়। ১৮৬১-৬২ খৃষ্টাব্দে ডাল্‌হৌসী শৈলাবাস ও তন্নিকটস্থ সমতল ক্ষেত্রসমূহ ইংরাজ গবর্মেণ্ট অধিকার করেন। বর্ত্তমান সময়ে বটালাবাসী সর্দ্দার ভগবানসিংহই গুরুদাসপুরের একজন প্রধান ভূম্যধিকারী। ইনি শিখসৈন্যাধ্যক্ষ তেজসিংহের ভাগিনেয়। ১৮৬১ খৃষ্টাব্দে ফিরোজশাহ ও সোব্রাওনের যুদ্ধে তেজসিংহ ইংরাজের নিকট হইতে বটালার অধিকার প্রাপ্ত হন।

এই জেলার মধ্যে বটালা, দেরানানক, দীনানগর, সুজনপুর, কলানৌর, শ্রীগোবিন্দপুর, গুরুদাসপুর প্রভৃতি কয়েকটী নগর আছে। তন্মধ্যে দেরানানক ও শ্রীগোবিন্দপুর নগর শিখদিগের চক্ষে পরম পবিত্র স্থান। ডাল্‌হৌসীর শৈলাবাস সমুদ্রপৃষ্ঠ হইতে ৭৬৮৭ ফিট উচ্চ, গ্রীষ্মঋতুতে এখানে বহু লোকের সমাগম হইয়া থাকে।

এখানে রবিশস্যের মধ্যে গম, যব, ছোলা ও খরিফ শস্যের মধ্যে জোয়ারা, বজরা, তুলা ও ইক্ষু প্রচুর জন্মিয়া থাকে। ১৮৬৯-৭০ খৃষ্টাব্দে যে দুর্ভিক্ষ ঘটে, তাহাতে অমৃতসরের লোককেও বহু কষ্ট ভোগ করিতে হইয়াছিল। দেশের উৎপন্ন দ্রব্যের রপ্তানী করাই এখানকার প্রধান ব্যবসা। গ্রামের মধ্যে একপ্রকার তুলার মোটা বস্ত্র তৈয়ার হয়। বটালাতেও এক প্রকার সূক্ষ্ম বস্ত্র প্রস্তুত হইয়া থাকে।

২ জেলার তহশীল। ৩ ঐ জেলার প্রধান নগর ও বিচার-বিভাগের সদর। অক্ষা° ২৩° ২´৪০´´ উঃ ও দ্রাঘি° ৭৫° ২৭´ পূঃ। ইরাবতী ও বিপাশা নদীর মধ্যস্থলে উচ্চ ভূমির উপরে এবং অমৃতসরের ৪৪ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। ১৮৫৬ খৃষ্টাব্দে এই নগরে জেলার সদর হয়। ডাল্‌হৌসী-শৈলাবাস নিকটবর্ত্তী হওয়ায় এস্থান য়ুরোপীয়গণের বসবাসের উপযোগী ও প্রিয়।

গুরুদত্ত, রসরত্নাবলী নামে সংস্কৃত বৈদ্যক গ্রন্থকার।

গুরুদীক্ষাতন্ত্র (ক্লী) দীক্ষাপ্রতিপাদকং তন্ত্রং দীক্ষাতন্ত্রং গুরোরবলম্বনীয়ং দীক্ষাতন্ত্রং মধ্যলো°। একখানি তন্ত্র। ইহাতে গুরু কি প্রকারে শিষ্যকে দীক্ষিত করিবেন তাহার প্রণালী অতি সুন্দররূপে বর্ণিত আছে।

গুরুদেব (পুং) গুরুশ্চাসৌ দেবশ্চেতি কর্ম্মধা°। ১ ইষ্টদেবতা, যাহার নিকটে দীক্ষিত হওয়া যায়, তাঁহাকে গুরুদেব বলে। ২ বীরশৈবপ্রদীপিকা নামে সংস্কৃত গ্রন্থকার।

গুরুদৈবত (পুং) গুরু বৃহস্পতি দৈবতমস্য বহুব্রী। পুষ্যানক্ষত্র।

গুরুপণ্ডিত, একজন নৈয়ায়িক পণ্ডিত। ভবানন্দীটীকা ও গুরুপণ্ডিতীয় নামে ন্যায়গ্রন্থপ্রণেতা।

গুরুপত্নী (স্ত্রী) গুরোঃ পত্নী ৬তৎ, গুরুঃ আচার্য্যঃ পতির্যস্যাঃ বা নুঙ্ ঙীষ্। ১ গুরুর অসবর্ণা বা সবর্ণা স্ত্রী। মনুর মতে—গুরুর সবর্ণা স্ত্রী গুরুর ন্যায়ই পূজনীয়া, কিন্তু গুরুর অসবর্ণা স্ত্রীকে কেবল প্রত্যুত্থান ও অভিবাদন দ্বারাই সম্মান করিবে। শিষ্য গুরুপত্নীর অঙ্গরাগ, গাত্রমার্জ্জন ও কেশসংস্কার প্রভৃতি করিবে না এবং তাঁহাকে স্নান করাইয়াও দিবে না। যুবক-শিষ্য যুবতী গুরুপত্নীর পাদ গ্রহণ করিয়া নমস্কার করিবে না।

গুরোঃ পিতুঃ পত্নী ৬তৎ। ২ মাতা। ৩ বিমাতা।

গুরুপত্র (ক্লী) গুরুভারযুক্তং পত্রং পত্রাকারফলকং যস্য বহুব্রী। ধাতুবিশেষ, বঙ্গ, রঙ্গ, রাঙ্। (হেম° ৪।১০৮)

গুরুপত্রা (স্ত্রী) গুরু গুরুপাকং দুর্জ্জরং পত্রমস্য বহুব্রী, টাপ্। তিন্তিড়ী বৃক্ষ। (শব্দরত্নাবলী)

গুরুপরিচর্য্যা (স্ত্রী) গুরোঃ পরিচর্য্যা ৬তৎ। গুরুসেবা, গুরুশুশ্রূষা।

গুরুপাক (ত্রি) গুরুঃ পাকো যস্য বহুব্রী। দুষ্পাচ্য, যাহা সহজে পরিপাক হয় না, যাহার পরিপাক হওয়া কঠিন।

গুরুপাদুকাগিরি, বৌদ্ধশাস্ত্রোক্ত একটী পবিত্র পাহাড়। ইহার অপর নাম কুক্কুটপাদ। মহীনদীর পূর্ব্বে অবস্থিত।

গুরুপুত্র (পুং) গুরোঃ পুত্রঃ ৬তৎ। আচার্য্য প্রভৃতি গুরুর পুত্র।

মনুর মতে গুরুপুত্রের প্রতিও গুরুর ন্যায় ব্যবহার করিতে হয়। টীকাকার কুল্লূকভট্ট বলেন যে, যদি অল্প বয়স্ক বা আপনার শিষ্য না হয়, তবেই তাহার প্রতি গুরুর ন্যায় ব্যবহার করা উচিত। গুরুপুত্র বালক, সমান বয়স্ক বা আপনার শিষ্য হইলে তাহার প্রতি ঐরূপ ব্যবহার করিতে নাই। যিনি পিতার শিষ্যের নিকটে অধ্যয়ন করেন, তিনি তাঁহাকে গুরুর ন্যায় মান্য করিবেন।

শিষ্য ন্যূনবয়স্ক বা সমান বয়স্ক গুরুপুত্রের গাত্রমার্জ্জন,

উচ্ছিষ্টভোজন বা পদমর্দ্দন করিবে না এবং গুরুপুত্রকে স্নান করাইয়া দিবে না। (মনু) [শিষ্য দেখ।]

তান্ত্রিকগণ বলেন যে, মনুর বিধানটী কেবল আচার্য্য গুরুপুত্রের প্রতি জানিবে। মন্ত্রদাতা গুরুপুত্র যেরূপ হউক না কেন, তাঁহার প্রতি গুরুর ন্যায়ই ব্যবহার করিতে হয়।

"গুরুবৎ গুরুপুত্রেষু" (তন্ত্রসার)

বর্ত্তমান সামাজিক নিয়মে তান্ত্রিক উপাসকগণের মধ্যে অনেকেই গুরুর ন্যায় গুরুপুত্রের পাদপূজা ও উচ্ছিষ্টাদি ভোজন করিয়া থাকেন। আবার একদল তান্ত্রিক উহা করিতে বাধ্য নন, কিন্তু তাঁহারাও গুরুপুত্রকে প্রাণের সহিত ভক্তি করেন। গোঁড়া বৈষ্ণবগণ বৈষ্ণব গুরু গোঁসাই ঠাকুরের বংশ শুদ্ধ সকলকেই গুরুর ন্যায় মান্য করেন।

গুরুপূজা (স্ত্রী) গুরোঃ পূজা ৬তৎ। গুরু বা মন্ত্রদাতার পূজা। দীক্ষিত হইয়া যেরূপ প্রতিদিন ইষ্টদেবতার পূজা করিতে হয়, সেইরূপ গুরুপূজাও করিবার বিধান আছে।

[পূজা দেখ।]

গুরুপ্রমোদ (পুং) গুরোঃ প্রমোদঃ ৬তৎ। ১ গুরুর প্রীতি। (ত্রি) গুরুং প্রমোদয়তি গুরু-প্র-মুদ-ণিচ্-অণ্। ২ গুরুর সন্তোষকারক, যাঁহাতে গুরু সন্তুষ্ট হন।

গুরুপ্রসাদ (পুং) গুরোঃ প্রসাদঃ ৬তৎ। ১ গুরুর প্রসন্নতা।

গুরুপ্রিয় (ত্রি) গুরোঃ প্রিয়ঃ ৬তৎ। ১ গুরু যাহাকে ভালবাসেন। গুরুরেব প্রিয়োযস্য বহুব্রী। ২ গুরুপরায়ণ, গুরুতে যাহার অচলা ভক্তি।

গুরুভ (ক্লী) গুরোর্ভং ৬তৎ। ১ পুষ্যনক্ষত্র। বৃহস্পতি এই নক্ষত্রের অধিপতি বলিয়া ইহাকে গুরুভ বলে।

"গুরুভং শ্রবণস্তথাশ্বিনীহস্তম্।" (বৃহৎস° ৫৫ অঃ)

২ ধনুরাশি। ৩ মীনরাশি।

গুরুভার (পুং) ১ গরুড়ের পুত্র। (ভারত) ২ বেশী ভারি।

গুরুভাব (পুং) গুরোর্ভাবঃ ৬তৎ। ১ গুরুর ভাব, গুরুতা। গুরুশ্চাসৌ ভাবশ্চেতি কর্ম্মধা°। ২ অতিশয় গৌরবান্বিত অভিপ্রায়। (ত্রি) গুরু গৌরবযুক্তঃ ভাবোঽভিপ্রায়ো যস্য বহুব্রী। ৩ যাহার অভিপ্রায় বা তাৎপর্য্য গৌরবযুক্ত।

গুরুভৃৎ (পুং) গুরুং গুরুত্বং বিভর্ত্তি গুরু-ভৃ-ক্বিপ্ তুগাগমশ্চ। গুরুত্বযুক্ত. যাহাতে গৌরব আছে।

গুরুমৎ (ত্রি) গুরুঃ গুরুবর্ণোঽস্য অস্তি গুরু-মতুপ্। ১ যাহাতে গুরুবর্ণ আছে। "নাম্যাদেগুর্ক্বমতোঽনৃচ্ছঃ।" (কলাপসূত্র) ২ গুরুযুক্ত।

গুরুমর্দ্দল (পুং) নিত্যকর্ম্মধা°। বাদ্যবিশেষ, ডিণ্ডিমবাদ্য।

গুরুরত্ন (ক্লী) গুরু গৌরবান্বিতং রত্নং। পুষ্পরাগমণি। (রাজনি°) গুরোর্বৃহস্পতেঃ প্রিয়ং রত্নং মধ্যলো°। ২ গোমেদমণি। [নবরত্ন দেখ।]

গুরুরাজ, ১ একজন বৈদান্তিক। ইনি চন্দ্রিকাটীকা প্রণয়ন করেন। ২ বৃন্দাবনাখ্যানস্তোত্র-রচয়িতা।

গুরুরাম কবি, সুভদ্রাধনঞ্জয় নামে সংস্কৃত নাটক প্রণেতা।

গুরুরাহু (পুং) গুরুণা সহ রাহু র্যত্র বহুব্রী। যোগবিশেষ। বৃহস্পতি রাহুর সহিত এক রাশিতে থাকিলে গুরুরাহু যোগ হয়। এই যোগে কালাশুদ্ধি ঘটিয়া থাকে। ইহাতে বিবাহ, ব্রত ও যজ্ঞ প্রভৃতি কার্য্য নিষিদ্ধ। (স্মৃতিসার) ভবিষ্যপুরাণের মতে গুরু ও রাহু ভিন্ন ভিন্ন নক্ষত্রে থাকিয়াও যদি এক রাশিগত হয়, তাহা হইলেও এই যোগ হইয়া থাকে। [কালাশুদ্ধি দেখ।]

গুরুবর্চ্চোঘ্ন (পুং) গুরুবর্চ্চো বাতাদিপ্রকোপজনিতকোষ্ঠরোধঃ তং হন্তি হন্-টক্। লিম্পাক, পাতিনেবু। (শব্দচ°)

গুরুবর্ত্তিন্ (পুং) গুরৌ গুরুকুলে বর্ত্ততে বৃত-ণিনি। ১ ব্রহ্মচারী। (ত্রি) ২ যে গুরুকুলে বাস করে। গুরুবাসিন্ প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত হয়।

গুরুবর্ষ (ক্লী পুং) বর্ষবিশেষ। যেরূপ বৈশাখ মাসের শেষ দিন পর্য্যন্তকে সৌর বৎসর বলে, সেই প্রকার বৃহস্পতি যত সময়ে মেষ রাশির প্রথমাংশ হইতে চলিতে আরম্ভ করিয়া মীন রাশির শেষ অংশে উপস্থিত হয়, তাহাকে গুরুবর্ষ বলা যায়। বর্ত্তমান সময়ে মানবের দৈনন্দিন ব্যবহার সৌরবর্ষ অবলম্বনেই চলিয়া থাকে, অন্য কোন গ্রহের বর্ষ ব্যবহারের দরকার হয় না। কিন্তু জ্যোতিষবেত্তাগণ সকল গ্রহেরই এক একটা বর্ষ স্থির করিয়াছেন। [খগোল দেখ।] বরাহমিহিরের মতে বৃহস্পতির মাধ্যমিক গতিতে এক রাশির ভোগ কালকে গুরুবর্ষ বলা হয়।

বৃহৎসংহিতায় লিখিত আছে, যে বৃহস্পতি যে মাসে যে নক্ষত্রে উদিত হইবে, তদনুসারে মাসের নামের ন্যায় সেই বৎসরের নাম হইবে। বৃহস্পতির মোটে বার বৎসর হইয়া থাকে, ইহাকে বার্হস্পত্য মান (12-Years Cycle of Jupiter) বলে। যথা—কার্ত্তিক, মার্গশীর্ষ, পৌষ, মাঘ, ফাল্গুন, চৈত্র, বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র ও আশ্বিন। কৃত্তিকা বা রোহিণীনক্ষত্রে বৃহস্পতির উদয় হইলে কার্ত্তিক নামক বর্ষ হয়। এই বর্ষে শকটজীবী, অগ্নিজীবী লোক ও গোরুর পীড়া হয়, অনেক লোকেই ব্যাধিগ্রস্ত ও শস্ত্রাঘাতে মর্ম্মাহত হয়। কিন্তু রক্ত ও পীতপুষ্পের বৃদ্ধি হইয়া থাকে।

মৃগশিরা বা আর্দ্রা নক্ষত্রে বৃহস্পতির উদয় হইলে তাহাকে মার্গশীর্ষ বর্ষ বলে। এই বর্ষে অনাবৃষ্টি ও মৃগ, ইন্দুর, শলভ

ও পক্ষী প্রভৃতি দ্বারা শস্য বিনষ্ট হয়। মানবের ব্যাধিভয় এবং রাজগণের মিত্রের সহিতও শত্রুতা জন্মে।

পুনর্ব্বসু বা পুষ্যানক্ষত্রে বৃহস্পতির উদয় হইলে পৌষ নামক বর্ষ হয়। এই বর্ষে ধান্যের মূল্য দ্বিগুণ বা ত্রিগুণ হইয়া থাকে, রাজার শত্রুভয় থাকে না এবং পৌষ্টিক কার্য্যেরও বৃদ্ধি হইয়া থাকে।

অশ্লেষা কিম্বা মঘা নক্ষত্রে বৃহস্পতির উদয় হইলে তাহাকে মাঘ বর্ষ বলে। ইহাতে পিতৃগণের পূজাবৃদ্ধি, সর্ব্বপ্রাণীর মঙ্গল, আরোগ্য, সুবৃষ্টি, ধান্যসুলভ, সম্পদের বৃদ্ধি ও মিত্রলাভ ঘটিয়া থাকে।

পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী বা হস্তা নক্ষত্রে বৃহস্পতির উদয়ে বর্ষের নাম ফাল্গুন হয়। এই বর্ষে মঙ্গল, শস্যবৃদ্ধি, স্ত্রীলোকের দৌর্ভাগ্য, চোরের প্রবলতা ও রাজগণের সর্ব্বদাই উগ্রতা হইয়া থাকে।

চিত্রা কিম্বা স্বাতীনক্ষত্রে বৃহস্পতির উদয় হইলে তাহাকে চৈত্রবর্ষ বলে। এই বর্ষে অল্প বৃষ্টি, রাজগণের মৃদুস্বভাব, কোষ ও ধান্যের বৃদ্ধি, কিন্তু রূপবান্ ব্যক্তিগণের পীড়া হয়। এই বৎসরে লোকের অন্ন কষ্ট থাকে না।

যে বৎসরে বিশাখা বা অনুরাধা নক্ষত্রে বৃহস্পতি উদিত হয়, তাহাকে বৈশাখ বলে। ইহাতে রাজা ও প্রজাগণের ধর্ম্মবৃদ্ধি ও আহ্লাদ হয়। কোনরূপ ভয় উপস্থিত হয় না।

যে বৎসরে জ্যেষ্ঠা বা মূলা নক্ষত্রে বৃহস্পতির উদয় হয়, তাহাকে জ্যৈষ্ঠ সংবৎসর বলে। এই বৎসরে রাজগণ ও ধর্ম্মজ্ঞেরা প্রাধান্য লাভ করেন। কঙ্গু ও শমীধান্য ভিন্ন অপর সকল রকম ধান্যেরই হানি হইয়া থাকে।

পূর্ব্বাষাঢ়া বা উত্তরাষাঢ়া নক্ষত্রে বৃহস্পতির উদয় হইলে সেই বৎসরকে আষাঢ় বলে। এই বৎসরে অনাবৃষ্টি, অলব্ধ বস্তুর লাভ এবং লব্ধ বস্তুর রক্ষা হয়। রাজগণ সর্ব্বদাই ব্যস্ত থাকেন।

যে বৎসরে শ্রবণা বা ধনিষ্ঠা নক্ষত্রে বৃহস্পতির উদয় হয়, তাহাকে শ্রাবণ বলে। ইহাতে সকল রকম শস্যই নির্বিঘ্নে পক্ক হইয়া থাকে। কিন্তু সে শস্য খাইলে মানব ও পাষণ্ডগণের পীড়া হয়।

শতভিষা, পূর্ব্বভাদ্র ও উত্তরভাদ্র ইহাদের কোন একটীতে বৃহস্পতির উদয় হইলে, সেই বৎসরকে ভাদ্র সংবৎসর বলে। এই বৎসরে কেবল লতাজাতীয় শস্যেরই বৃদ্ধি হয়, কিন্তু আর কোন শস্য একেবারেই হয় না। কোন স্থানে বা ভয়ানক দুর্ভিক্ষ উপস্থিত হয়।

রেবতী, অশ্বিনী ও ভরণী ইহাদের কোন একটী নক্ষত্রে বৃহস্পতির উদয় হইলে সেই বৎসরকে আশ্বিন বলে। এই বৎসরে অত্যন্ত জলপাত, প্রজাগণের আহ্লাদ, সমস্ত প্রাণীগণেরই সুখ স্বাচ্ছন্দ্য হইয়া থাকে। কোথাও অন্নকষ্ট উপস্থিত হয় না। (বৃহৎস° ৮ অঃ) [ইহার বিশেষ বিবরণ বৃহস্পতিচার শব্দে দ্রষ্টব্য।]

গুরুবায়ঙ্কেরি, দক্ষিণ কাণাড়া জেলার উপ্পিনঙ্গড়ি তালুকের অন্তর্গত একটী গ্রাম। বেল্লতঙ্গড়ির নিকট, তালুকের কাছারী হইতে ১২ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। এখানে একটী জৈনমন্দির আছে। ফার্গুসন সাহেব এই মন্দিরকে 'গুরুশঙ্করী' বলিয়া উল্লেখ করিয়াছেন। ঐ মন্দিরের মণ্ডপের ছাদ পাঁচটী স্তম্ভের উপর রক্ষিত ও ভিত্তির নিকটে চারি ধারে পাথরে সর্পমূর্ত্তি খোদিত। লোকের বিশ্বাস যে ঐ মন্দির বহুকালের প্রাচীন।

গুরুবায়ুর, মান্দ্রাজের মলবার জেলার অন্তর্গত একটী গ্রাম। অক্ষা° ১০° ৩৬´ উঃ ও দ্রাঘি° ৭৬° ৪´ পূঃ। এখানে নম্বুরি ব্রাহ্মণ, নায়র এবং উচ্চ শ্রেণীর হিন্দুর বাসই অধিক। এই গ্রাম পোনানীর ১৬ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। এখানকার প্রাচীন কৃষ্ণমন্দিরের এবং নগরের প্রবেশদ্বারের গোপুরের শিল্পকার্য্য অতি সুন্দর। ১৭৮৪ খৃষ্টাব্দে এখানকার অনেকগুলি বৃহৎ মন্দির টিপু সুলতান কর্ত্তৃক বিধ্বস্ত হয়। ১৭৯৪ খৃষ্টাব্দে কালিকটের সামুরিরাজ কয়েকটীর জীর্ণ সংস্কার করাইয়া দেন।

গুরুবাসী বৈষ্ণব, উৎকলদেশীয় একপ্রকার বৈষ্ণব সম্প্রদায়। ইহারা গৃহস্থ। ইহাদের স্বতন্ত্র মঠ ও মোহন্ত আছে, সেই মোহন্তের নিকট মন্ত্রদীক্ষা লইয়া কৈবর্ত্ত, চাষা, মালাকার প্রভৃতি নানাজাতীয় লোককে মন্ত্র দেয় ও শিষ্য করিয়া থাকে। সেই সমস্ত শিষ্য হইতে ও কৃষিকার্য্যাদি দ্বারা ইহাদের জীবিকা নির্ব্বাহ হয়। ইহাদের পদ্ধতি স্বতন্ত্র। অন্যান্য বৈষ্ণবের সহিত একত্র পঙ্‌ক্তিভোজন করে না।

গুরুবৃত্তি (স্ত্রী) গুরুষু বৃত্তি র্ব্যবহারঃ ৭তৎ। আচার্য্য প্রভৃতি গুরুর প্রতি শিষ্যের কর্ত্তব্য ব্যবহার। [শিষ্য দেখ]

গুরুশিংশপা (স্ত্রী) নিত্য কর্ম্মধা°। শিংশপা বিশেষ। (শব্দচ°)

গুরুশুশ্রূষা (স্ত্রী) গুরোঃ শুশ্রূষা ৬তৎ। গুরুসেবা।

গুরুসারা (স্ত্রী) গুরুঃ গুরুত্ববান্ সারো যস্য বহুব্রী। ১ শিংশপা, শিশু। (শব্দার্থচি°) (ত্রি) ২ মহাভারযুক্তবস্তু।

গুরুসেবা (স্ত্রী) গুরোঃ সেবা ৬তৎ। গুরুশুশ্রূষা।

গুরুস্কন্ধ° (পুং) গুরুস্কন্ধো হস্য বহুব্রী। একটী পর্ব্বত।

"গুরুস্কন্ধো মহেন্দ্রশ্চ মাল্যবান্ পর্ব্বতস্তথা।"(ভারত ৪৩ অঃ)

গুরুহ (ত্রি) [গুড়ুহ দেখ।]

গুরুহন্ (পুং) গুরুং গুরুপাকং হন্তি গুরু-হন্ ক্বিপ্। ১ গুরুপাকনাশক গৌরসর্ষপ। (হেম°) (ত্রি) গুরুং আচার্য্যাদিকং হন্তি ক্বিপ্। ২ গুরুঘ্ন, গুরুহন্তা।

গুরুত্তম (ত্রি) গুরুষু গুরুণাং বা উত্তমঃ। ১ পূজ্যতম। (পুং) ২ পরমেশ্বর। "তস্মৈ পূর্ব্বগুরুত্তমায় জগতামীশায়।" (আত্ম°বি°)

পুরুষোত্তম ও গুরুত্তম প্রভৃতি পদের সমাস লইয়া বৈয়াকরণগণ বিরোধ উপস্থিত করেন। কোন কোন বৈয়াকরণের মতে গুরুত্তম প্রভৃতি স্থলে গুরুষু উত্তমঃ এইরূপ সপ্তমী তৎপুরুষ সমাসই হয়, ষষ্ঠী সমাস হয় না। পাণিনীয়সূত্রও ইহাদের মতই সমর্থন করে। (ন নির্দ্ধারণে। পা ২।২।১০) কৈয়টের মতে যে স্থলে নির্দ্ধার্য্যমাণ, নির্দ্ধারণের কারণ ও যাহা হইতে নির্দ্ধারণ করা হয়, এই তিনের উল্লেখ থাকে, তথায় নির্দ্ধারণে বিহিত ষষ্ঠীর সমাস হয় না, তিনটী না থাকিলে ষষ্ঠী সমাস হইতে কোন বাধা নাই (১)।

যেরূপ 'মনুষ্যাণাং দ্বিজঃ শ্রেষ্ঠঃ' এইস্থলে নির্দ্ধার্য্যমাণ দ্বিজ, নির্দ্ধারণের হেতু শ্রেষ্ঠতা এবং যাহা হইতে নির্দ্ধারণ করা হইয়াছে তাহা অর্থাৎ মনুষ্য এই তিনের উল্লেখ আছে বলিয়া ষষ্ঠী সমাস হইল না। কিন্তু গুরুত্তম প্রভৃতি স্থলে তিনের উল্লেখ নাই, এই স্থলে ষষ্ঠী ও সপ্তমী তৎপুরুষ এই উভয় সমাস হইতে পারে।

নৈয়ায়িকবর গদাধর ভট্টাচার্য্য বলেন যে—পাণিনীয় (২।২।১০) সূত্রানুসারে গুরুত্তমঃ ইত্যাদি স্থলে ষষ্ঠী সমাস হইতে পারে না বলিয়া যদি সপ্তমী সমাস স্বীকার করা হয়, তবে ষষ্ঠী ও সপ্তমীর অর্থের ভেদ নাই বলিয়া ষষ্ঠী সমাস হইলেও যে অর্থ হয় সপ্তমী সমাসেও তাহাই হইয়া উঠে। এরূপস্থলে পাণিনীয় সূত্রে ষষ্ঠী সমাস নিষেধ করার কোন ফল থাকে না। অতএব ঐ সকল স্থলে পঞ্চমী তৎপুরুষ সমাস স্বীকার করা উচিত। গদাধরের মতে গুরুভ্য উত্তমঃ এইরূপ পঞ্চমী তৎপুরুষ সমাসই হইবে। কিন্তু বাস্তবিক ষষ্ঠী ও সপ্তমী তৎপুরুষ সমাসে স্বরের ভেদ হইয়া থাকে, অতএব ঐ সকল স্থলে সপ্তমী সমাস করিলে পাণিনির সূত্রের নিষ্ফলতা হয় না। পাণিনির মতে পঞ্চমী তৎপুরুষ সমাসের যে সকল সূত্র আছে, তদনুসারে ঐ স্থলে পঞ্চমী সমাস হইতে পারে না। (হলাদিঃশেষঃ। পা ৭।৪।৬০) এই সূত্রের ব্যাখ্যাবসরে ভাষ্যকার "হলামাদিঃ" এইরূপ ষষ্ঠী সমাস প্রদর্শন করিয়াছেন। অতএব গদাধরের মত পাণিনীয় বিরুদ্ধ বলিয়াই অনেক বৈয়াকরণেরা স্থির করিয়া থাকেন। [সমাস দেখ।]

(১) "যস্মান্নির্দ্ধার্য্যতে যশ্চনির্দ্ধার্য্যতে যশ্চনির্দ্ধারণহেতুঃ এতত্ত্রিতয়সন্নিধানে সত্যেবায়ং নিষেধঃ।" (কৈয়ট)

গুরূপদেশ (পুং) গুরোরুপদেশঃ ৬তৎ। গুরুর বাক্য।

গুরূপাসনা (স্ত্রী) গুরোরুপাসনা ৬তৎ। গুরুসেবা।

গুর্গাঁও (গড়্‌গাঁও), পঞ্জাবের ছোটলাটের অধীন একটী জেলা। অক্ষা° ২৭° ৩৯´ হইতে ২৮° ৩০´ ৪৫´´ উঃ ও দ্রাঘি° ৭৬° ২০´ ৪৫´´ হইতে ৭৭° ৩৫´ পূঃ মধ্যে অবস্থিত। ভূ-পরিমাণ ২০১৫ বর্গমাইল। ইহার উত্তরে রোহতক, পশ্চিমে ও দক্ষিণ-পশ্চিমে আল্‌বার, নাভা ও ঝিন্দরাজ্য, দক্ষিণে মথুরাজেলা, পূর্ব্বে যমুনানদী এবং উত্তরপূর্ব্বে দিল্লীজেলা। গুর্গাঁও নগরে জেলার সদর কাছারী আছে। কিন্তু জেলার রেবাড়ি নামক স্থানই বাণিজ্য প্রধান।

দুইটী ছোটপাহাড় জেলার দক্ষিণ হইতে আসিয়া বরাবর উত্তরাভিমুখে সমতলক্ষেত্র পর্য্যন্ত গিয়াছে। ইহার পশ্চিমে আর একটী পাহাড় আছে। ঐ পাহাড় আল্‌বার রাজ্যকে স্বতন্ত্র রাখিয়াছে। এই পাহাড়ের একটী শাখা দিল্লী পর্য্যন্ত গিয়াছে। ঐ পাহাড়দ্বয়ের কোনটীই ৬০০ ফিটের বেশী উচ্চ হইবে না। সমুদয় ভূমিই বালুকাময়। স্থানে স্থানে পাহাড়ও আছে। মৃত্তিকার নিম্নে ইঁদারা খনন করিয়া জমিতে জল যোগান হয়। জমী শুষ্ক হইলেও আহীর চাষীদিগের যত্নে এখানে সুন্দর সুন্দর বাগান নির্ম্মিত হইয়াছে। পার্ব্বতীয় ক্ষুদ্র ক্ষুদ্র অসংখ্য জলস্রোত এই জেলার মধ্য দিয়া প্রবাহিত হইয়া নজফগড় নামক ঝিলে পরিণত হইয়াছে। ঐ ঝিল গুর্গাঁও সদর হইতে রোহতক ও দিল্লী জেলা পর্য্যন্ত বিস্তৃত। এখানকার নোর নিকটবর্ত্তী দ্বাদশখানি গ্রামের ইঁদারার জল লবণাক্ত এবং রোহতকের নিকটবর্ত্তী নজফগড় ঝিলের নিকটেও জলে লবণ প্রস্তুত হইয়া থাকে। ঐ পাহাড়ের দক্ষিণ-ভাগে লৌহের খনি আছে। জেলার দক্ষিণে ফিরোজপুরে এক সময়ে লৌহ গলাইয়ের কারখানা ছিল। অন্যান্য খনিজ ধাতুর মধ্যে তাম্র, সীসক, গেরিমাটি, হরিতাল প্রভৃতি পাওয়া যায়। পশ্চিমদিকের পাহাড়ের নিম্নভাগে একটী ঝরণা আছে, উহার জল গন্ধকমিশ্রিত। বাত, ক্ষত এবং অপরাপর চর্ম্মরোগে এই জল বিশেষ উপকারী। এই জেলায় সেরূপ বন নাই, কিন্তু পাহাড়ে নেকড়েবাঘ ও চিতাবাঘ অনেক আছে। হরিণ, নীলগাই প্রভৃতি সময়ে সময়ে দেখা যায়। জেলার মধ্যে শৃগাল, খরগোস ও খ্যাঁকশিয়াল অসংখ্য।

এই জেলার প্রাচীন ইতিহাস সম্বন্ধে বলিবার কিছুই নাই। মুসলমান ইতিহাসে এই জেলার নাম "মেবাত" অর্থাৎ মেওজাতির বাসস্থান বলিয়া উল্লিখিত হইয়াছে।

এখনও গুর্গাঁয়ের অধিবাসীদিগের মধ্যে এই মেও জাতির সংখ্যাই অধিক। দিল্লীতে যখন মোগলপ্রতিভা জাজ্বল্যমান, তখন এই মেও দস্যুরা দলে দলে দিল্লী রাজধানীর প্রাচীর পর্য্যন্ত আসিয়া লুট পাট করিয়া যাইত। ইহারা পাহাড়ের মধ্যে এরূপ ভাবে লুকাইয়া থাকিত যে মোগলসম্রাট্‌গণ কোনক্রমেই তাহাদিগকে দমন করিতে পারিতেন না। ১৮০৩ খৃষ্টাব্দে লর্ড লেকের জয়ের পর এই জেলা ইংরাজের হস্তে আসে। একজন সামন্ত এই সময় হইতে যুদ্ধে সাহায্যকারী হইবেন, এই শর্ত্তে ঐ রাজ্যভোগ দখল পান এবং সেই সঙ্গেই জেলার কতকাংশ দিল্লীর পলিটীক্যাল এজেণ্টের শাসনের অন্তর্গত হয়। উত্তরাধিকারীর অভাবে এবং সন্তানদিগের অসদ্ব্যবহারে ক্রমে সমগ্র জেলা বৃটীশ-শাসনে আসিয়াছে।

১৮৩৬ খৃষ্টাব্দে হইতে জেলার অনেক উন্নতি হইয়াছে। কিন্তু দস্যুর উৎপাত ও দুর্দ্ধর্ষ রাজপুতজাতির অত্যাচার আজিও যায় নাই। প্রথমে ভরতপুরের রাজা জেলার সমস্ত জমি ইজারা দেন, পরে ১৮০৪ খৃষ্টাব্দে ভরতপুরযুদ্ধের গোলমালে ঐ সমস্ত বন্দোবস্ত রহিত হয়।

রেবাড়ির নিকটে ভরবাজাতির সৈনিকাবাসে প্রথমে এই জেলার সদর কাছারী ছিল, পরে ১৮২১ খৃষ্টাব্দে গুর্গাঁও নগরে উঠিয়া যায়। ১৮৩২ খৃষ্টাব্দে এই জেলা ও দিল্লীর কতকাংশ উত্তরপশ্চিম গবর্মেণ্টের অধিকারভুক্ত হয়। ১৮৫৭ খৃষ্টাব্দে মে মাসে সিপাহীবিদ্রোহের সময় ফরক্কনগরের নবাব বিদ্রোহী হইয়া উঠেন, মেও জাতি ও রাজপুতেরা তাঁহার অনুগামী হয়। ১৮৫৮ খৃঃ বিদ্রোহের সহকারী ছিলেন বলিয়া নবাবের সমস্ত সম্পত্তি বাজেয়াপ্ত হয়।

জেলার মধ্যে রেবাড়ি, ফিরোজপুর, পলবল, ফরক্কনগর, গুর্গাঁও, সোহনা, হোদল ও মো এই কয়েকটী নগর আছে। এখানে মেও, জাট, গুজর, আহীর, রাজপুত, বেণিয়া, রঙ্গর ও মিনা জাতির বাস। সমগ্র গুর্গাঁও জেলায় শীতলাদেবীর পূজাই অধিক প্রচলিত।

জলের বিশেষ সুবিধা না থাকায় এখানে ১৭৮৩ খৃষ্টাব্দে, পরে ১৮০৩, ১৮১২, ১৮১৭, ১৮৩৩, ১৮৩৭, ১৮৬০ ও ১৮৬৯ খৃষ্টাব্দে সাতবার দুর্ভিক্ষ হয়। কিন্তু ১৭৮৩ খৃষ্টাব্দের মহামারী দুর্ভিক্ষ আজিও হিন্দুস্থানীর হৃদয়ে "সন চালীশ" নামে দেদীপ্যমান রহিয়াছে। এখানে চারিটী দাতব্য-চিকিৎসালয় আছে।

২ উক্ত জেলার তহশীল। ৩ উক্ত জেলার প্রধান নগর ও সদর কাছারী, দিল্লী নগরের ২১ মাইল দক্ষিণে অবস্থিত। অক্ষা° ২৮° ২৭´ ৩০´´ উঃ ও দ্রাঘি° ৭৭° ৪´ পূঃ। ১৮২১ খৃষ্টাব্দ পর্য্যন্ত জেলার দেওয়ানী বিচারভার ভরবা জাতির উপর থাকে। বর্ত্তমান শতাব্দীর প্রারম্ভে এই জেলা সরধানার বেগম সমরুর জমিদারী ছিল। পরে ১৮৩৬ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যুতে ইংরাজরাজ্যের অন্তর্নিবিষ্ট হয়। এই নগরে প্রায় এক মাইল উত্তরপূর্ব্বে বাহাদুরগড় যাইবার পথের ধারে ৩ ফিট দৈর্ঘ্য, ১২½ ইঞ্চ প্রস্থ ও ৫ ইঞ্চ পুরু একটী স্তম্ভ আছে। ঐ স্তম্ভের গাত্রে "সম্বৎসর শতে ৭২৯" "বৈশাখ বদি ৪ দুর্গ" "নাগলোকতরি ভূত" এই তিনটী ছত্র খোদিত আছে।

গুর্চনি, ভারতের উত্তরপশ্চিমপ্রান্তবাসী যুদ্ধনিপুণ আফগান জাতিবিশেষ। ইহাদিগের মধ্যে কেহ কেহ সমতলক্ষেত্রে চাষ বাস করে এবং অধিকাংশই প্রায় পর্ব্বতে পর্ব্বতে ভ্রমণ করিয়া বেড়ায়। এই পর্ব্বতের দক্ষিণে হুরন্দ নামক স্থানে একটী দুর্গ আছে। এই জাতিকে দমন করিবার জন্য সবুনমল্ল ঐ সুদৃঢ় দুর্গ নির্ম্মাণ করেন। হুরন্দের নিকট দিয়া কান্দাহার যাইবার একটী গিরিসঙ্কট আছে। ১৮৫০, ১৮৫২ ও ১৮৫৩ খৃষ্টাব্দে আফগানসৈন্য এখানে দেখা দেয়। তাহাতে বৃটীশ গবর্মেণ্ট ঘোষণা করেন যে কোন পার্ব্বতীয় আফগানকে ইংরাজ রাজ্যের মধ্যে পাইলে তাহাকে বন্দী করা হইবে। ১৮৫৪ খৃষ্টাব্দে গুর্চনি-সর্দ্দার গিরিসঙ্কট রক্ষায় নিযুক্ত হইলে ইংরাজরাজ তাঁহাকে খরচের জন্য বাৎসরিক হাজার টাকা দিয়া ছিলেন। এই জাতির লিশরি শাখা বড়ই যোদ্ধা এবং সকল সময়েই মুরি জাতির সহিত যুদ্ধবিগ্রহে লিপ্ত থাকে। গুর্চনি ও লিশরি পর্ব্বতের সম্মুখে এবং হুরন্দ ও মিথুনকোটের মধ্যস্থিত সমতল ভূমিতে দ্রেগুক জাতির বাস।

গুর্জর (পুং) গুরুং জরয়তি জূ-ণিচ্ অণ্। ১ গুজরাটদেশ।

"চর্ম্মাম্বুগুর্জ্জরে চৈব দেশদোষ প্রকল্প্যতে।"

সহ্যাদ্রিখণ্ড ২।১।৮।

গুজরাট বলিতে গেলে এখন বোম্বাই প্রেসিডেন্সীর সমুদ্রকূলবর্ত্তী সমুদায় উত্তরাংশ অর্থাৎ উত্তরসীমায় রাজপুতানা, দক্ষিণে কোঙ্কণ, পূর্ব্বে বিন্ধ্য ও পশ্চিমে সাগর পর্য্যন্ত। ইহার মধ্যে সুরাট, বরোচ, খেড়া, পঞ্চমহল, আহ্মদাবাদ, বরদারাজ্য, মহীকান্তা, রেবাকান্তা, পালনপুর, রধনপুর, বালাসিনোর, কাম্বে, দঙ্গ, চৌরার, কাঁসদা, পেঁট, ধরমপুর, থরড়, সচিন, বস্‌রবি প্রভৃতি জনপদ। এ ছাড়া ১৮০ ক্ষুদ্র রাজ্যবিশিষ্ট কাঠিয়াবাড় প্রদেশকেও বুঝায়। এই সমস্ত লইয়া গুজরাটের ভূপরিমাণ প্রায় ৪১,৫৩৬বর্গমাইল। এখানে গুজরাটী, মরাঠী ও কণাড়ী ভাষা প্রচলিত।

উপরে গুজরাটের আকার যেরূপ দেওয়া হইল, প্রকৃত

গুর্জ্জররাজ্য এত বড় ছিল না, গুর্জ্জরবাসী গুজরাটীগণ ক্রমে ক্রমে উক্ত স্থানসমূহে বিস্তৃত হইয়া পড়ায় পরিশেষে ঐ সমস্ত জনপদ গুজরাট নামে গণ্য হয়। প্রাচীন গুর্জ্জর সুরাষ্ট্র, আনর্ত্ত, ভরুকচ্ছ (বরোচ) প্রভৃতি জনপদ হইতে ভিন্ন, তাহা পুরাণাদি প্রাচীন গ্রন্থে ও হিউএন্-সিয়ংএর ভ্রমণবৃত্তান্ত পাঠে জানা যায়। প্রাচীন গুর্জ্জর বর্ত্তমান বরদা, খেড়া ও জবার জেলার উত্তর হইতে রাজপুতানার দক্ষিণসীমা পর্য্যন্ত বিস্তৃত ছিল। এখনও এ অঞ্চলকে গুজরাট বলে। খৃষ্টীয় সপ্তম শতাব্দে চীনপরিব্রাজক হিউএন্-সিয়ং (কিউ-চে-লো) গুর্জ্জর রাজ্যে আসিয়াছিলেন, তখন ইহার পরিমাণ ৫০০০ লি অর্থাৎ প্রায় ৪০০ ক্রোশ ছিল। তৎকাল এখানে বিংশতিবর্ষীয় এক ক্ষত্রিয় রাজা রাজত্ব করিতেন এবং পি-লো-মো-লো (অর্থাৎ রাজপুতানাস্থ বাল্‌মের নামক স্থানে) ইহার রাজধানী ছিল। খৃষ্টীয় অষ্টম শতাব্দীতে গুর্জ্জরে চাপোৎকট রাজগণের অভ্যুদয় হয়। এই চাপোৎকটবংশীয় বনরাজ অনহিলপত্তনে রাজধানী স্থাপন করেন। ৯৯৮ বিক্রমসম্বতে গুর্জ্জররাজ্য চৌলুক্যরাজগণের হস্তগত হয়। [চাপোৎকট ও চৌলুক্য দেখ।] ১৩০২ বিক্রম-সম্বতে বাঘেলাবংশীয় বীসলদেব গুর্জ্জরের অধিকার লাভ করেন। তৎপরে তাঁহার পুত্রাদিক্রমে অর্জ্জুনদেব, সারঙ্গদেব ও কর্ণদেব মোট ৫৮ বর্ষ রাজত্ব করেন। অনন্তর সুলতান আলা উদ্দীন্ গুর্জ্জর অধিকার করেন। তাঁহার পর উদে খাঁ ২৫ বর্ষ, সুলতান্ মুজাফর ১৮ বর্ষ, সুলতান আহ্মদ ৩২ বর্ষ ৭ মাস ৭ দিন (ইনি আহ্মদাবাদ স্থাপন করেন), সুলতান্ কুতব্ উদ্দীন্ ১০ বর্ষ ৫ মাস ৬ দিন, সুলতান দাউদ শাহ ৩৬ বর্ষ, (১৫৭৮ সম্বতে) সুলতান্ সেকন্দর ৮ দিন, (১৫৮২ সম্বতে) বাদশাহ মাহ্মুদ ১ মাস ১০ দিন এবং তৎপরে বাদশাহ বাহাদুর ১০ বর্ষ রাজত্ব করেন। (এই বাহাদুর শাহ গুর্জ্জর রাজ্য অনেকটা বাড়াইয়া ছিলেন।) ইহার পর মোগলসম্রাট্ হুমাউন্ ৮ মাস গুজরাটে আসিয়া অবস্থান করেন। তৎপরে বাহাদুর অধিকার লাভ করেন, কিন্তু সমুদ্রে তাঁহার মৃত্যু হয়। (১৫৯৩ সম্বতে) বাদশাহ মহম্মদ রাজা হন ও ১৭ বর্ষ রাজত্ব করেন। বহরা নামক একজন ঘাতকের হস্তে ইহার মৃত্যু হয়। (১৬১৭ সম্বতে) মুজাফর শাহ রাজা হন, ইহার সময়ে অকবর বাদশাহ আসিয়া গুজরাট দখল করেন। সেই অবধি এই স্থান দিল্লীর মোগল সম্রাট্‌গণের অধীন হয়। সিন্ধুপ্রদেশ অধিকারের পর এই স্থানও ইংরাজরাজ্যভুক্ত হয়।

[বহু] গুর্জরোঽভিজনোঽস্য গুর্জর-অণ্ বহুত্বে তস্য লুক্। ২ গুজরাটদেশবাসী।

৩ গুজরাটবাসী ব্রাহ্মণভেদ। পঞ্চদ্রাবিড়ের মধ্যে একতম।

"দ্রাবিড়াশ্চৈব তৈলঙ্গাঃ কর্ণাটা মধ্যদেশগাঃ।
গুর্জ্জরাশ্চৈব পঞ্চৈতে দ্রাবিড়াঃ পঞ্চ কথ্যতে॥" সহ্যাদ্রি ২।১।২।

গুর্জ্জর নামক জনপদে বাস বলিয়া ইহাদের গুর্জ্জর নাম হইয়াছে। ইহাদের মধ্যে ৮৪টী শ্রেণী আছে। যথা—

অক্ষমালা, অগস্ত্যবাল, অনবলা, ইতাবাল, উনেবাল, উদুম্বরা, কনৌজিয়া, কন্দোলিয়া, কপিলা, করখেলিয়া, করোরা, কলিঙ্গা, খরয়তা, খেড়াবাল, গঙ্গাপুত্রা, গয়াবাল, গর্গবী, গির্‌নারা, গুর্জরগোরা, গুগলা, গোমতীবাল, গোমিত্রা, গোর্বাল, চতুর্বেদীমোড়, চম্বেশ, চিত্রোরা, জম্বু, ঝারোলা, তংনোরিয়া, তলিঙ্গা, তিলোক কনৌজিয়া, তিলোকীয়-উদীচ্য, ত্রবাড়ীমেবারা, ত্রিবেড়ামোড়, দধীচ, দাহিমা, দীমাবাল, দ্রাবিড়া, নরসামপরা, নাদোদরা, নাপলা, নার্ম্মদিক, নিহুবানা, পগোরা, পর্বালিয়া, পল্লীবাল, পুড়্‌বাল, পুষ্করণা, প্রেতবাল, ভড়্‌মেবাবা, মনোরিয়া, ভরঠানা, মরোবা, মালবী, মারু, মেরৎবাল, মোৎমৈত্রা, মোতালা, যাজ্ঞিক্‌বাল, রাজবাল, রায়পুলা, রায়কোবাল, রোর্‌বাল, ললাঠ, বড়নগর, বিসনগর, বয়ড়া, বরকারা, বলোদরা, বাল্মীক, বিষণোদরা, শিহোরাউদীচ্য, সনোরিয়া, সজোহুরা, সথোদরা, সনোবিয়া, সহচোরা, সহস্রউদীচ্য, সারস্বত, সিন্দুবাল, শ্রীগোড়া, শ্রীমালা, সোমপরা, সোরথিয়া, হরসোরা।

[গুজরাটী ব্রাহ্মণ দেখ।]

গুর্জরী (স্ত্রী) গুর্জর উৎপাদকত্বেন অস্ত্যস্য গুর্জর-অচ্ রাহুলকাৎ ঙীষ্। যদ্বা গুরুং গুরুহৃদয়াবেগং জরয়তি গুরু-জৃ-গিচ্-অণ্ ঙীপ্। রাগিণীবিশেষ। প্রাচীন সঙ্গীতবেত্তারা ইহাকে ভৈরবরাগের সহচরী বলিয়া বর্ণনা করিয়াছেন। (সঙ্গীতদর্পণ রাগবি° ১৬।) দর্পণকারের মতে গ্রীষ্ম ঋতুতে ভৈরবরাগের সহিত এই রাগিণী গান করা উচিত। প্রাতে এক প্রহরের পর এই রাগিণী গান করিতে হয়।

হনুমানের মতে গুর্জরী মেঘরাগের স্ত্রী। রাগার্ণবে ইহা পঞ্চম রাগাশ্রয়া বলিয়া বর্ণিত হইয়াছে।

উদাহরণ—রি গ ম প ধ নি স রি। [গুজ্জরী দেখ]

২ গুর্জ্জরের রমণী।

"গুর্জ্জরী কচ্ছহীনা তু বিধবা চ সকঞ্চুকী।" সহ্যাদ্রি ২।১।১০।

গুর্জ্জাল, কৃষ্ণাজেলার অন্তর্গত একটী গ্রাম। দাচেপল্লীর ৮ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। "পলনাড়বীর" নামক গ্রন্থে লিখিত আছে, ইহার প্রাচীন নাম পলনাড়। এখানে চারিটী মন্দিরের ভগ্নাবশেষ আছে। মন্দিরগুলি অতি প্রাচীন। এখানে তিনখানি শিলাফলক পাওয়া গিয়াছে,

তন্মধ্যে ১ম, বীরেশ্বরস্বামীর মন্দিরপ্রতিষ্ঠাতা উপলক্ষে রাজরাজ নরেন্দ্রের প্রশস্তি। ২য়, ধ্বজস্তম্ভের পূর্ব্বভাগে একখানি পাথরের উপর ১৪৩০ শকে নন্দরাজ রামচ্যদেব কর্ত্তৃক প্রশস্তি। ৩য়, বীরভদ্রস্বামীর মন্দিরে সত্যাশ্রয়বংশীয় চালুক্যকুলতিলক তিরুমলদেবের প্রশস্তি। বস্‌ওয়েল সাহেব বলেন যে, এই মন্দিরের মণ্ডপটী মুসলমান ধরণের। কিন্তু ইহা মুসলমান আগমনের বহুপূর্ব্বে নির্ম্মিত হইয়াছিল। মন্দিরাদিতে বৌদ্ধশিল্পনৈপুণ্যের অনেক নিদর্শন পাওয়া যায়। এখানে একটী প্রাচীন দুর্গ আছে।

গুর্ণ (ত্রি) চেষ্টিত।

গুর্দ্দলশিম. (দেশজ) একপ্রকার বৃক্ষ। (Dolichus Lablab)

গুর্ব্বঙ্গনা (স্ত্রী) গুরোরঙ্গনা ৬তৎ। গুরুপত্নী।

"ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়োঃ গুর্ব্বঙ্গনাগমঃ।" (স্মৃতি)

গুর্ব্বাদিত্য (পুং) গুরুণাসহ আদিত্যো যত্র বহুব্রী। যোগবিশেষ। বৃহস্পতি ও সূর্য্য এক নক্ষত্রে ও একরাশিতে মিলিত হইলে তাহাকে গুর্ব্বাদিত্যযোগ কহে। এই যোগ হইলে কালাশুদ্ধি হয়, ইহাতে যজ্ঞ ও বিবাহ প্রভৃতি কার্য্য করিতে নাই। জ্যোতিষে আর একটী বচন পাওয়া যায়। "গুর্ব্বাদিত্যে দশাহিকং"। আপাততঃ ইহাতে বোধ হয় যে গুর্ব্বাদিত্যযোগে দশদিন মাত্র অকাল হয়, কিন্তু সংগ্রহকারগণ বিচার করিয়া ও অপরাপর বাক্যের সহিত একবাক্যতা রাখিয়া সিদ্ধান্ত করেন যে, বিভিন্ন নক্ষত্রে অবস্থিত বৃহস্পতি ও রবি একরাশি গত হইলে দশদিন মাত্র অকাল, কিন্তু এক নক্ষত্র গত হইলে যতদিন যোগ থাকিবে, ততদিনই অকাল হইবে। কিন্তু অত্যন্ত আবশ্যক বা অনপেক্ষণীয় কার্য্য হইলে এক নক্ষত্র পাদস্থিত হইলেও দশদিন পরিত্যাগ করিয়া কার্য্য হইতে পারে (১)। [কালাশুদ্ধি দেখ]

গুর্ব্বর্থ (ত্রি) গুরুঃ গৌরবান্বিতো হর্থ যস্য বহুব্রী। ১ যাহার প্রধান অর্থ আছে, দুরবগাহ ব্যাখ্যামুক্ত। ২ সমধিক প্রয়োজন।

গুর্ব্বিণী (স্ত্রী) গুরু র্গর্ভোঽস্ত্যস্যাঃ গুরু-ইনি নিপাতনাৎ সিদ্ধং ততো ঙীষ্। যদ্বা গর্ব্ব ইনন্ উচ্চ (গর্ব্বেরত উচ্চ। উণ্ ২। ৫৩) গৌরাদিত্বাৎ ঙীষ্। গর্ভিণী। [গর্ভিণী দেখ।]

"উত্তরাংত্বমবেক্ষস্ব গুর্ব্বিণীং মা শুচঃ শুভে॥" (ভারত ১৪।৬১ অঃ)

(১) "একরাশৌ গতৌ স্যাতাং একার্ক্ষবিষয়ে যদি।
গুর্ব্বাদিত্যৌ তদা ত্যাজ্যা যজ্ঞোদ্বাহাদিকাং ক্রিয়াঃ।"
গুর্ব্বাদিত্যে দশাহেতু রাজমার্ত্তণ্ড ইতি নক্ষত্রভেদবিষয়ং।
অত্যন্তাবশ্যকত্বে ভুজবলভীমঃ "জীবোর্কেন যুতঃকরোতিমরণং বলোংশুকো ভাগুরি নক্ষত্রেকগতো বদন্তি মরণং পাদস্থিতোঃ দেবলঃ" তথাচ একরাশিস্থত্বেঽকালঃ অত্যন্তাবশ্যকত্বে একনক্ষত্রপাদস্থিতৌ দশাহং ত্যক্তা যজ্ঞাদিকর্ত্তুং শক্যতে ইতি ব্যবস্থা।"

গুর্ব্বী (স্ত্রী) গুরু-ঙীষ্। ১ গর্ভিণী, গর্ভবতী।

"নহি বন্ধ্যা বিজানাতি গুর্ব্বী প্রসববেদনাং।" (হিতোপ°)

২ গৌরবযুক্ত স্ত্রীবোধক পদার্থ। ইহা বিশেষণে ব্যবহৃত হয়।

"গুর্ব্বী রজস্রং দৃশদঃ সমন্তাৎ।" (মাঘ)

গুরোঃ পত্নী গুরু-ঙীষ্। ৩ গুরুপত্নী। ৪ গায়ত্রী।

"গুর্ব্বী গুণবতী গুহ্যা গোপ্তব্যা গুণরূপিণী॥"

(দেবীভাগ° ১২। ৬। ৪২)

গুর্সরাই, উত্তরপশ্চিমের ঝান্সি জেলার অন্তর্গত একটী নগর। অক্ষা° ২৫° ৩৬´ ৫৫´´ ও দ্রাঘি° ৭৯° ১৩´ ১৫´´ পূঃ। জলায়ুন ও সাগর রাস্তার মধ্যে, ঝান্সির ৪০ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। এখানকার স্থানীয় রাজা দক্ষিণী পণ্ডিত। মহারাষ্ট্র পেশবাদিগের অধীনে আসিয়া তাঁহার পূর্ব্বপুরুষ বুন্দেলখণ্ডে বাস করেন। বর্ত্তমান রাজা নিজরাজ্য সংক্রান্ত সমস্ত কার্য্যই স্বাধীন ভাবে করিয়া থাকেন। নগর মধ্যে ২৫০ ফিট উচ্চ একটী দুর্গ আছে। এখানে চিনির ব্যবসাই প্রধান।

গুল (পুং) গুড় ডস্য লঃ। ১ ইক্ষুবিকার, গুরুড়। (মেদিনী) [গোল শব্দজ] ২ অঙ্গারের বটিকা। ৩ পোড়া তামাক, কল্কেতে তামাক খাইলে যাহা অবশিষ্ট থাকে।

গুল্‌আনার (পারসী) এক প্রকার দাড়িম গাছ।

গুলক (গুল শব্দজ) সংখ্যা।

গুলকন্দ (পারসী) ১ গোলাপী মেঠাই। ২ ক্ষীরের মিষ্টান্ন বিশেষ।

গুলগীর্ (পারসী) বাতী কাটিবার অস্ত্র।

গুলঞ্চ (দেশজ) লতাবিশেষ, গুড়ুচী। [গুড়ুচী দেখ।]

গুলঞ্চকন্দ (পুং) গুলং গুড়রসং অঞ্চতি অঞ্চ-অণ্ শকন্ধ্বাদিত্বাৎ সাধু, গুলঞ্চঃ কন্দোঽস্য বহুব্রী। কন্দবিশেষ, চলিত কথায় কুলী বলে। পর্য্যায়—গুচ্ছাহ্বকন্দ, বলাহ্বকন্দ, নিঘণ্টিকা। ইহার গুণ—মধুর, সুশীতল, বৃষ্য, তৃপ্তিকর ও দাহনাশক। (রাজনি°)

গুলতরাশ্ (পারসী) গুল্‌গীর।

গুলতি (দেশজ) গুলতীর। [গুল্‌তাই দেখ।]

গুলদাউদী (পারসী) এক প্রকার ফুলের গাছ। (Chrysanthumum Indicum.)

গুলনক্স, খেয়াল বিশেষ। যে খেয়ালে গুল এই শব্দটী থাকে, তাহাকে গুলনক্স বলে।

গুল্‌নরগিশ্ (পারসী) লতাভেদ। (Narcissus Tazetta)

গুলফিরিঙ্গি (পারসী) একপ্রকার ফুলগাছ। (Venca rosea)

গুলবাঁশ (পারসী গুল + বাঁশ) এক প্রকার বাঁশ।

গুলবাঘা (দেশজ) এক রকম বাঘ, গোবাঘা। (Hyæna.)

গুলমক্‌মল (পারসী) একপ্রকার ফুলগাছ। (Gomphrena globosa)

গুলমস্ত (পারসী) ঔষধবিশেষ, অজোয়ান হইতে প্রস্তুত।

গুলমেন্দি (পারসী) একপ্রকার ফুলগাছ। (Impatiens balsamina)

গুলর (দেশজ) একজাতীয় ডুমুর। (Ficus Goolooreea)

গুলল (দেশজ) ১ গুলতীর, মাটির গুলি ছুড়িবার একপ্রকার ধনুক। ২ বৃক্ষবিশেষ।

গুলশকর (পারসী) একপ্রকার গোলাপী মেঠাই।

গুলা (স্ত্রী) গুলঃ গুড়ইব রসোঽস্ত্যস্যাঃ গুল-অর্শ আদিত্বাৎ অচ্ তত টাপ্। ১ স্নুহীবৃক্ষ, সিজ। (দেশজ) ২ সমূহ।

গুলাব (পারসী) স্থলপদ্মবিশেষ, গোলাপ। [গোলাপ দেখ।]

গুলাবী (পারসীজ) গুলাব সম্বন্ধীয়, গোলাপী।

গুলাবজাম (পারসীজ) প্রকার জাম, গোলাপজাম।

গুলাল (দেশজ) ১ গুলতীর। ২ কয়েকপ্রকার গাছ।

গুলালতুলসী (দেশজ) একপ্রকার সুগন্ধি তুলসী (Ocymum caryophyllatum)

গুলাশ্যামা, এক প্রকার গাছ। (Eranthemum pulchellum.)

গুলাস্‌রূপী (পারসীজ) একপ্রকার বাহারীলতা। (Linum trigynum)

গুলি (গুল বা গুলী শব্দজ) ১ বটিকা। ২ গুটিকা। ৩ সমূহবোধক, এই শব্দ অপর শব্দের উত্তরে ব্যবহৃত হয়। যেমন—ফলগুলি, পাখীগুলি। কোন কোন বাঙ্গালা বৈয়াকরণ উহাকে সমূহবাচক প্রত্যয় বলিয়া কল্পনা করেন।

গুলিক (দেশজ) সমূহ, গুলিন।

গুলিকা (স্ত্রী) গুলঃ গোলাকারো ঽস্ত্যস্যা গুল-ঠন্ টাপ্। ১ গুটিকা, গোলাকার বটিকা। ২ বসন্তরোগ। (মেদিনী) [বসন্তরোগ দেখ।] ৩ পক্বকুষ্মাণ্ডখণ্ডবিশেষ। প্রস্তুত প্রণালী—পুরাতন শুষ্ক কুষ্মাণ্ড গোলাকারে খণ্ড খণ্ড করিয়া ঘৃত ও গুড়দ্বারা পাক করিবে, পাকের নিয়ম অনুসারে উহাতে জীরা ও মরিচ দিবে। ভাল পাক হইলে নামাইবে। ইহাকে গুলিকা বলে।

গুলিঙ্ক (পুং) [কুলিঙ্গক দেখ।]

গুলিন (দেশজ) সমূহ, গুলিক।

গুলিবাঁট (দেশজ) গুলিদ্বারা বণ্টন। অংশীদারগণের নাম লিখিয়া গুলি করিয়া পরে কোন অজ্ঞ বা বালক প্রভৃতি দ্বারা তাহার এক একটী প্রত্যেক ভাগে রাখাইবে। অদৃষ্টানুসারে যাহার নামের গুলি যে ভাগে পড়িবে, সেই অংশীদারকে সেই ভাগ লইতে হইবে। ইহাকে গুলিবাঁট বলে।

গুলিবাগুণ (দেশজ) একপ্রকার ক্ষুদ্র বেগুন। (Solanum longum)

গুলিয়া (দেশজ) এক প্রকার মাছ। (Silurus porosus)

গুলিয়াচেঙ্গো (দেশজ) একপ্রকার মৎস্য।

গুলী (স্ত্রী) গুলঃ গুড়াকারো ঽস্ত্যস্যাঃ গুল্-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ গুটিকা, গুলি। ২ বসন্তরোগ। (মেদিনী) (গুলিকা শব্দজ) ৩ বাঁটুল। ৪ ক্ষুদ্র অয়োগোল।

গুলুগুধা (অব্য) সহার্থ। এই শব্দটী পাণিনীয় উর্য্যাদি গণান্তর্গত।

গুলুচ্ছ (পুং) গুচ্ছ পৃষোদরাদিবৎ সাধুঃ। গুচ্ছস্তবক। (ত্রিকাণ্ড) "কোষাতকী পুষ্পগুলুচ্ছকান্তিভিঃ।" (মাঘ)

গুলুঞ্চ (পুং) গুড় কিপ্ গুলং গোলাকারং উঞ্ছতি বধ্নাতি গুল্-উঞ্ছ-অণ্। গুচ্ছ, স্তবক। (হেম°)

গুলুঞ্চক (পুং) গুলং উঞ্ছতি গুল্ উঞ্ছ-ণ্বুল্। স্তবক। (হেম°) হারাবলী অভিধানে 'গুলুঞ্চ' এইরূপ পাঠ আছে।

গুলুহ (পুং) [গুড়ুহ দেখ।]

গুলেড়গড়, দাক্ষিণাত্যের বিজাপুর জেলার অন্তর্গত একটী পাহাড় ও সমৃদ্ধিশালী নগর। বাদামী হইতে ১৫ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। অক্ষা° ১৬° ৩´ উঃ ও দ্রাঘি° ৭৫° ৫০´ পূঃ। এখানে কার্পাস ও রেশমের বস্ত্রনির্ম্মাণ হয়। প্রায় ৫০০ শত ঘর লোক তাঁত বুনিয়া থাকে। নবাব ২য় ইব্রাহিম আদিল শাহের রাজত্বকালে শিঙ্গাপ্পানায়ক দেশাঁই কর্ত্তৃক এখানে ১৫৮০ খৃষ্টাব্দে একটী দুর্গ নির্ম্মিত হয়। বর্ত্তমান নগর ১৭০৫ খৃষ্টাব্দে এক শুষ্ক হ্রদের নিকট স্থাপিত হয়। ১৭৫০ খৃষ্টাব্দে বাঘেলকোট অধিকারকালে রাষ্ট্রিয়া সেনাপতি কৃষ্ণজি বিশ্বনাথ এই নগর ও দুর্গ লুণ্ঠন করেন। ১৭৮৭ খৃষ্টাব্দে টিপু সুলতান পার্ব্বতী ও গুলেড়গড় অধিকার করিলে মরাঠীসৈনিক পরশুরাম ভাউ পটবর্দ্ধন পুনরায় এই নগর লুট করেন। কিছু কালের জন্য এই নগর জনহীন ছিল। পরে দেশাই কর্ত্তৃক পুনরায় স্থাপিত হয়। পরে নর্ষাপ্পা সুলিকেরির অত্যাচারে উত্যক্ত হইয়া অধিবাসীরা নগর ছাড়িয়া পলায়ন করে। ১৮১৮ খৃষ্টাব্দে মেজর মন্‌রো দেশাইদিগের সাহায্যে নগরবাসীদিগকে পুনরায় আহ্বান করেন। ১৮২৬ খৃষ্টাব্দে গুলেড়গড় ইংরাজদিগের করগত হয়।

গুল্‌গা (দেশজ) একপ্রকার গাছ।

গুল্‌গুজা (দেশজ) গুজব।

গুল্‌গুলা, বামিয়ানের নিকটবর্ত্তী একটী প্রাচীন নগর। জঙ্গীশ

খাঁ এই নগর ধ্বংশ করেন। এখানে অনেক গুহামন্দির ও পাহাড় কাটিয়া ঘরবাড়ী আছে।

গুল্‌গুলিয়া, নীচজাতি বিশেষ। কাহারও মতে বেদিয়া জাতির একটী শাখা। ইহারা পশুপক্ষী শীকার, নানা প্রকার ঔষধের শিকড় বিক্রয়, ভিক্ষা ও সামান্য চুরি চামাটি করিয়াএবং বাঁদরের নাচ দেখাইয়া জীবিকানির্ব্বাহ করে। গয়ার গুল্‌গুলিয়ারা তিন শ্রেণীতে বিভক্ত—বন্তরি, পাঁচপণিয়া ও সুক্‌বার। ইহাদের মধ্যে কেহ কেহ বলে, যে রুক্মিণী নামে ইহাদের এক আদি রমণী ছিল, তাহার মোহবাবা নামে এক পুত্র জন্মে, সেই মোহবাবার আবার সাতটী পুত্র হয়। তাহাদের নাম—গৈদুহ, ব্যাধা, তিশূলিয়া, মঘায়া, তুর্ক (মুসলমান পাসি), গিলেড়ি ও গুল্‌গুলিয়া। এই সাত জন তাল গাছ হইতে লাফ দিয়া স্ব স্ব বল পরীক্ষা করে। প্রথমে গিলেড়ি (অর্থাৎ খরগোস্) নিরাপদে লম্ফ দেয়, পরে তিশূলিয়া যেমন লম্ফ দিবে অমনি পড়িয়া মরিয়া যায়। মোহবাবা দেখিল, যে গিলেড়ির দোষেই অপর সকলে কষ্ট পায়। তখন সে গিলেড়িকে জোরে চাপড় মারিল,আর এই বলিয়া অভিশাপ দিল যে গিলেড়ি (খরগোস্) নীচ পশুতে গণ্য হইবে, কিন্তু অতি উচ্চ গাছ হইতে অনায়াসে লম্ফ দিতে পারিবে। সেই অবধি খরগোসের পিঠে বরাবর পাঁচ অঙ্গুলের দাগ আছে। গুল্‌গুলিয়ার সহোদরেরা কেবল তাড়ী যোগাইয়া বেড়ায়, অতি নীচ লোককে তাড়ী দেয় ও তাহাদের পাত্র পরিষ্কার করে। এসব দেখিয়া শুনিয়া গুল্‌গুলিয়ার মনে আত্মাভিমান জন্মিল। সে আত্মীয় স্বজনকে ছাড়িয়া বাহির হইল। সেই অবধি তাহার বংশধরেরাও নানাস্থানে ঘুরিয়া বেড়ায়, ইহাদের কোন নির্দ্দিষ্ট স্থায়ী বাসস্থান নাই।

ইহারা হিন্দু বলিয়া পরিচয় দেয়, অথচ ইহাদের দেবদেবী স্বতন্ত্র। পাটনার গুল্‌গুলিয়ারা বক্তাবর, রামঠাকুর, জগ্‌দমাই, বরেন্, শেট্টি, গোরৈয়া, বন্দী, পরমেশ্বরী, ডাক প্রভৃতির পূজা দেয়। হাজারিবাগে এই জাতি একখণ্ড পাথরে পাঁচ ফোঁটা সিন্দুর দিয়া তাহাই "দামু" নামে পূজা করে।

ইহাদের মধ্যে বাল্যবিবাহ প্রচলিত। তবে কন্যা ঋতুমতী হইবার পরও বিবাহিত হইলে দোষের মধ্যে গণ্য নহে। ইহাদের স্ত্রীলোকেরা বড় সচ্চরিত্রা, ব্যভিচার নাই বলিলেও চলে। পুরুষেরা অবস্থানুসারে বহুবিবাহ করিতে পারে। পতির মৃত্যু হইলে বিধবা তাহার দেবরকে বিবাহ করে, তবে পঞ্চায়তের মত লইয়া অপর পুরুষকে বিবাহ করিতে বাধা নাই।

ইহারা মৃত দেহ কবরস্থ করে। গোর দিবার সময় মৃতের সন্তোষের জন্য তাহার মুখে খানিকটা মদ ঢালিয়া দেয় এবং একটী পাখী জবাই করে।

গুল্‌গুলিয়ারা গোমাংস ব্যতীত আর সকল প্রকার পশু পক্ষীর মাংস খায়। ধোবা, ডোম, হাড়ি, চামার ও মেথর ছাড়া অপর সকল হিন্দু জাতির উচ্ছিষ্ট ভোজনে আপত্তি করেনা। ইহাদের স্ত্রীলোকেরা দাঁতের পোকা, বাত প্রভৃতি রোগ ভাল করিতে পারে। [বেদিয়া দেখ]

গুল্‌গুলু (পুং) গুগ্‌গুল।

গুল্‌তাই (দেশজ) গুলতীর, যে ধনুকে ছোট-গুলি ছোড়া হয়।

"ফণি মণিহার আর, কত রত্ন অলঙ্কার,
হাতে হেম গুল্‌তাই বাটুল।"—ধর্ম্মমঙ্গল।

গুল্‌ফ (পুং) গল্-ফক্ অকারস্য উকারঃ (কলিগলিভ্যাং ফগস্যোচ্চ। উণ্ ৫। ২৬) পাদগ্রন্থি, গোড়ালী। পর্য্যায়—ঘুটিকা, চরণগ্রন্থি, ঘুটিক, ঘুণ্টক, ঘুণ্ট।

গুল্‌ফজাহ (ক্লী) গুল্‌ফস্য মূলং গুল্‌ফ-জাহচ্ (তস্যপাকমূলে পীব্বাদিকর্ণাদিভ্যঃ কুণবজাহচৌ। পা ৫।২।২৪) গুল্কমূল।

গুল্ম (পুং) গুড়তি বেষ্টয়তি গুড় করণে বাহুলকাৎ মক্ তস্য লকারঃ। ১ প্রধান পুরুষ বা অধিনায়ক দ্বারা পরিচালিত এক সৈন্যসঙ্খ্যা।

"একোরথো গজশ্চৈকো নরাঃ পঞ্চ পদাতয়ঃ।
ত্রয়শ্চ তুরগাস্তজ্ঞৈঃ পত্তিরিত্যভিধীয়তে।
পত্তিস্তু ত্রিগুণামেতামাহুঃ সেনামুখং বুধাঃ।
ত্রীণি সেনামুখান্যেকা গুল্মইত্যভিধীয়তে।" (ভারত ১।২।১৯-২০)

একখানি রথ, একটী হাতী, পাঁচজন পদাতিক ও তিনটী ঘোড়া এই সমুদায়কে পত্তি বলে। তিন পত্তির নাম এক সেনামুখ ও তিনটী সেনামুখে এক গুল্ম হয়। অর্থাৎ নয়খানি রথ, ৯টী হাতী, ২৭টী ঘোড়া ও ৪৫টী পদাতিক এই সমুদায়কে গুল্ম বলে।

২ ঘট্টদেশ, থানা, ঘাঁটি। ৩ থানা বা ঘাঁটিতে স্থাপিত সৈন্য। ৪ রক্ষকসমূহ।

"দ্বয়োস্ত্রয়ানাং পঞ্চানাং মধ্যে গুল্মমধিষ্ঠিতম্।" (মনু ৭।১১৪)

'গুল্মং রক্ষিতৃপুরুষসমূহং' (কুল্লূকভট্ট) ৫ প্লীহা। ৬ একটী মূলে গুচ্ছাকারে উৎপন্ন তৃণবিশেষ, শর প্রভৃতি।

"গুচ্ছগুল্মস্তু ত্রিবিধং তথৈব তৃণজাতয়ঃ। (মনু ১।৪৮)

'গুল্মা একমূলাঃ সঙ্ঘাতজাতাঃ' (কুল্লূক।)

৭ কাণ্ডশূন্য লতাদি, লতার ঝাড়। ৮ গুড়িরহিত গাছ, ঝোপ।

৮ স্বনাম খ্যাত রোগ, উদরজ রোগবিশেষ। (A chronic enlargement of the spleen, or glandular enlarge-

ment of the abdomen.) ভাবপ্রকাশের মতে অনিয়মিত আহার বিহারে বায়ুপিত্ত ও কফ অত্যন্ত দূষিত হইয়া গুল্ম রোগ উৎপাদন করে। উদরের কোন স্থানে যে গুল্ম হইবে, তাহার বিশেষ কোন নিশ্চয় নাই। হৃদয়ের নিম্ন হইতে বস্তি পর্য্যন্ত ইহার মধ্যে যে কোনস্থানে গুল্ম হইতে পারে। গুল্ম গুটিকাকারে উৎপন্ন হয়।

এই গুল্মরোগ প্রধানতঃ পাঁচপ্রকার। বাতজ, পিত্তজ, কফজ ও সান্নিপাতিক। এই চারিপ্রকার গুল্ম স্ত্রী পুরুষ উভয়েরই হইয়া থাকে। ইহা ব্যতীত স্ত্রীলোকের আর্ত্তব রক্ত দূষিত হইয়া একপ্রকার গুল্ম উৎপন্ন হয়, এই জাতীয় গুল্ম পুরুষের হইবার সম্ভাবনা নাই। কিন্তু ধাতুরূপ রক্ত হইতে উৎপন্ন গুল্ম স্ত্রীপুরুষ উভয়েরই হইতে পারে। কাহারও মতে—পার্শ্বদ্বয়, হৃদয়, নাভি ও বস্তি এই পাঁচটী গুল্মস্থান বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে।

গুল্মের লক্ষণ—হৃদয় এবং বস্তির মধ্যস্থলে সবল বা নিশ্চল গোলাকৃতি গুটিকার ন্যায় উৎপন্ন হইলে এবং উহা কখনও বর্দ্ধিত আবার কখনও হ্রাস হইলে তাহাকে গুল্মরোগ বলা যায়।

পূর্ব্বরূপ বা পূর্ব্বলক্ষণ—গুল্ম হইবার পূর্ব্বে বেশী উদ্‌গার, মলের কঠিনতা, আহারে অনিচ্ছা, উদরে বেদনার সহিত গুড় গুড় বা তল্ তল্ শব্দ, বলের লাঘব, উদরাধ্মান, ভুক্ত দ্রব্যের অপাক এবং শূল উপস্থিত হয়।

সর্ব্বপ্রকার গুল্মেই অরুচি, মল ও মূত্রের কষ্টে নির্গম, উদরে গুড় গুড় শব্দ ও অধিক উদ্‌গার হইয়া থাকে।

রুক্ষ অন্ন পানীয়, বিষম ভোজন, অতিশয় ভোজন, বলবানের সহিত যুদ্ধ প্রভৃতি বিরুদ্ধ চেষ্টা, মল মূত্রাদির বেগধারণ, শোকপ্রযুক্ত মনঃক্ষোভ, বিরেচন প্রভৃতি দ্বারা অত্যন্ত মলক্ষয় এবং উপবাস এই সকল কারণে বায়ু কুপিত হইয়া বাতজ গুল্মরোগ উৎপন্ন হয়। বাতজ গুল্মরোগ সময়ে সময়ে ছোট বড় হইয়া থাকে, কখন বর্ত্তুলাকৃতি কখনও বা দীর্ঘাকার হয় এবং কখন বস্তি ও পার্শ্বাদিতে, কখন বা নাভিদেশে যাইয়া থাকে। ইহাতে সময়ে সময়ে বেদনা হয়। এই রোগে মল ও পায়ু বা অধোবায়ু নিরোধ করে, গলশোষ ও মুখশোষ হইয়া থাকে। শরীরের শ্যাম ও অরুণবর্ণতা, শীত জ্বর এবং হৃদয়, কুক্ষি, পার্শ্ব অঙ্গ ও শিরোদেশে বেদনা উপস্থিত হয়। ভুক্তান্ন জীর্ণ হইলে এই রোগ বর্দ্ধিত হয় এবং ভোজন করিলে অনেকটা ভাল থাকে। রুক্ষ দ্রব্য, কষায়, তিক্ত ও কটুরসযুক্ত দ্রব্য সেবন করিলে এই রোগের বৃদ্ধি হয়।

কটু ও অম্লরসযুক্ত দ্রব্য, তীক্ষ্ণ, উষ্ণ, বিদাহী, রুক্ষদ্রব্য, ক্রোধ, অতিরিক্ত মদ্যপান, রৌদ্র ও অগ্নির উত্তাপ সেবন, লগুড়াদির অভিঘাত, আম অর্থাৎ বিদগ্ধাজীর্ণ এবং কোন কারণে রক্ত দূষিত হইলে পিত্তজ গুল্মের উৎপত্তি হয়। পিত্তজন্য গুল্মরোগে জ্বর, পিপাসা, শরীরের অবসন্নতা, ও রক্তবর্ণতা, ঘর্ম্মোদ্‌গম ও ভুক্তদ্রব্যের পরিপাকাবস্থায় অতিশয় বেদনা হয়। গুল্ম ব্রণের ন্যায় দাহযুক্ত ও স্পর্শাসহও হইয়া থাকে।

শীতল, গুরু ও স্নিগ্ধদ্রব্য সেবন, তৃপ্তিপূর্ব্বক পরিপূর্ণ ভোজন, এবং দিবানিদ্রা এই সকল কারণে শ্লৈষ্মিক গুল্ম উৎপন্ন হয়। বাতজ, পিত্তজ ও শ্লৈষ্মিক গুল্মের যে সকল কারণ নির্দ্দেশ করা হইল এই কারণ সমুদায় হইতে সান্নিপাতিক গুল্ম উৎপন্ন হয়।

শ্লৈষ্মিক গুল্মে রোগীর বোধ হয় যেন একখানি ভিজা কাপড়ে তাহার সর্ব্বশরীর আবৃত রহিয়াছে। শীতজ্বর, দেহের গুরুতা ও অবসন্নতা, বমনোদ্বেগ, কাস, অরুচি, অগ্নিমান্দ্য ও অল্প বেদনা প্রভৃতি শ্লেষ্মজ অপরাপর সমস্ত লক্ষণই প্রকাশ পাইয়া থাকে।

সান্নিপাতিক গুল্ম প্রস্তরখণ্ডের ন্যায় কঠিন ও উন্নত হয়। ইহাতে অত্যন্ত বেদনা ও দাহ হইয়া থাকে। এইরোগে শীঘ্র বিদাহ, মনের ব্যাকুলতা, শরীরের কৃশতা, অগ্নিবৈষম্য ও বলের হ্রাস হয়। সান্নিপাতিক গুল্ম অসাধ্য।

নবপ্রসূতা অর্থাৎ প্রসবের পরে যাহার অগ্নি, বল, বর্ণ-মাংস স্বাভাবিক হয় নাই। আমগর্ভপ্রসবা (নয়মাস পূর্ণ হওয়ার পূর্ব্বে যে প্রসব করিয়াছে) এবং ঋতুমতী স্ত্রী কোনরূপ অহিতজনক দ্রব্য ভোজন করিলে তাহার বায়ু রক্তদ্বারা গর্ত্তাশয়ে গুটিকাকারে গুল্মরোগ উৎপন্ন করে। ইহাতে দাহ ও বেদনা হইয়া থাকে। ইহার লক্ষণ প্রায় পিত্তজ গুল্মের ন্যায়। ইহা ছাড়া রক্তজ গুল্মে গর্ভের সমস্ত লক্ষণ অর্থাৎ ঋতু না হওয়া, মুখের পীতবর্ণতা, স্তনের অগ্রভাগ কৃষ্ণবর্ণ এবং দোহদ প্রভৃতি সমস্তই প্রকাশ পায়। কিন্তু গর্ভ যেরূপ হস্তাদি অঙ্গপ্রত্যঙ্গ সঞ্চালনপূর্ব্বক নিঃশূল স্পন্দিত হয়, রক্তজ গুল্ম তদ্রূপ নহে। ঐ গুল্ম বা রক্তপিত্ত বহুকাল পরে বেদনার সহিত গর্ভাশয়ে স্পন্দিত হইয়া থাকে। দশমাস অতীত হইলে বৈদ্যগণ ইহার চিকিৎসায় প্রবৃত্ত হইবেন না।

যে গুল্ম প্রস্তর খণ্ডের ন্যায় কঠিন, উন্নত, বেদনা ও দাহযুক্ত এবং মলের ব্যাকুলতা, শরীরে কৃশতা, অগ্নিবৈষম্য ও বল হ্রাস করে, তাহা অসাধ্য জানিবে। গুল্ম যদি ক্রমান্বয়ে সঞ্চিত হইয়া সমস্ত উদরে ব্যাপ্ত হয়, এবং ধাতুন্তরের

সহিত সংলগ্ন হইয়া শিরাজালে পরিবেষ্টিত ও কূর্ম্মের ন্যায় উন্নত হয় এবং রোগীর দুর্ব্বলতা, অরুচি, হৃল্লাস, কাশ, বমি, গ্লানি, জ্বর, পিপাসা, তন্দ্রা ও প্রতিশ্যায় হইলে সেই গুল্মও অসাধ্য হইয়া থাকে।

গুল্মরোগীর জ্বর, শ্বাস, বমি ও অতীসার হইলে এবং হৃদয়, নাভি, হস্ত ও পদে শোথ হইলে তাহার আর জীবনের আশা থাকে না। যে গুল্ম রোগীর শ্বাস, শূল, অন্নে বিদ্বেষ ও দুর্ব্বলতা উপস্থিত হয় এবং গ্রন্থিরূপ গুল্ম হঠাৎ বিলুপ্ত হইয়া যায়, তাহারও জীবনের আশা করা যাইতে পারে না।

বাতজন্য গুল্মরোগে বিরেচনের জন্য ভেরেণ্ডার তেল বা দুগ্ধের সহিত হরীতকী পান করিবে এবং স্নিগ্ধ স্বেদ প্রদান করিবে। স্বর্জিকাক্ষার ২ মাষা, কুড় ২ মাষা, কেতকী-জটার ক্ষার ৪ মাষা এই সমুদায় ভেরেণ্ডার তেলের সহিত পান করিলে বাতজগুল্ম রোগ বিনষ্ট হয়। বাত গুল্ম রোগীকে তিত্তিরি, ময়ূর, কুকুড়া, বক ও বর্ত্তকপক্ষীর মাংসের ঝোল, ঘৃত, শালিতণ্ডুলের অন্ন ও মদিরা খাইতে দিবে।

পিত্তজ গুল্মে বিরেচনের জন্য ত্রিফলার ক্বাথের সহিত তেউড়ীচূর্ণ বা কমলাগুড়ীচূর্ণ, চিনি ও মধুর সহিত সেবন করিবে। দ্রাক্ষা অথবা গুড়ের সহিত হরীতকী সেবন করিলে পিত্তজ গুল্মের উপশম হয়। বাতিক গুল্মে যে সকল যোগ কথিত হইয়াছে, শ্লেষ্মিক গুল্মেও তাহাই প্রয়োজন। কফঘ্ন ক্রিয়াতেও ইহার উপশম হইয়া থাকে।

হিঙ্গু, পিপুলমূল, ধনে, জীরে, বচ, চই, আকনাদি, শটী, অম্লবেতস, সামুদ্রলবণ, বিট্‌লবণ, সৈন্ধবলবণ, ত্রিকটু, যবক্ষার, সাচিক্ষার, দাড়িম, হরীতকী, পুষ্করমূল, খৈখড়, হবুষা এবং কৃষ্ণজীরা এই সমুদায়ের চূর্ণ সমভাগে লইয়া আদার রসে সাতদিন এবং ছোলঙ্গ নেবুর রসে সাত দিন ভাবনা দিয়া প্রাতে উষ্ণ জলের সহিত সেবন করিলে গুল্ম রোগ নষ্ট হয়।

বাতজ প্রভৃতি তিনটী গুল্মের যে সকল চিকিৎসা কথিত হইল, বুদ্ধিমান্ চিকিৎসক বিবেচনার সহিত সেই সকল ঔষধ দ্বারাই ত্রৈদোষিক বা সান্নিপাতিক গুল্মের চিকিৎসা করিবেন এবং ত্রিদোষনাশক ক্রিয়াদ্বারাও চিকিৎসা কর্ত্তব্য।

সামুদ্রলবণ, সৈন্ধব, কাচলবণ, যবক্ষার, সৌবর্চ্চল, সোহাগার খৈ ও স্বর্জিকাক্ষার এই সকল চূর্ণ সমভাগে লইয়া মনসা সিজের ক্ষার দ্বারা তিন দিন এবং আকন্দের ক্ষারে তিন দিন ভাবনা দিয়া রৌদ্রে শুষ্ক করিবে। পরে আকন্দের পাতা দিয়া বেষ্টন করিয়া একটী হাড়ীর মধ্যে রাখিবে। হাড়ীর মুখ ভাল করিয়া বাঁধিয়া আগুনের জ্বালে পাক করিবে। ক্ষার হইয়া আসিলে নামাইয়া রাখিবে। পরে ত্রিকটু, ত্রিফলা, যবানী, জীরা ও চিতা এই সকল সমভাগে লইয়া সমস্ত চূর্ণ যত, পূর্ব্বোক্ত ক্ষার ততটা একত্র মিশাইয়া জলের সহিত ১ এক তোলা পরিমাণে সেবন করিলে গুল্মের উপশম হয়।

গুল্মরোগীর পক্ষে শুষ্ক মাংস, মূলা, মৎস্য, শুষ্কশাক, বৈদল, মধুররসযুক্ত ফল ও আলু এই সকল অনিষ্টকারী। আরোগ্য কামনা করিলে এই সকল একেবারেই পরিত্যাগ করা উচিত। সুশ্রুতের টীকাকারের মতে বৈদল নিষিদ্ধ বলিয়া উল্লেখ থাকিলেও মাষকলায় ও কুলত্থকলায় নিষিদ্ধ নহে।

রক্ত গুল্মরোগে প্রথমতঃ স্নিগ্ধস্বেদ, তার পর বিরেচন প্রদান করিবে। শুল্কা, ডহরকরঞ্জার বাকলী, দেবদারু, বামনহাটী ও পিপুল এই সকল সমভাগে পেষণ করিয়া তিলের ক্বাথের সহিত পান করিলে রক্ত গুল্ম নিবারণ হয়। তিলের ক্বাথে গুড়, ত্রিকটু, ঘৃত ও বামনহাটী প্রক্ষেপ দিয়া পান করিলে আর্ত্তবরক্ত জন্য গুল্ম ও রজোবন্ধ ভাল হয়। আমলকীর রস মরিচ চূর্ণযোগে পান করিলে রক্ত গুল্ম নষ্ট হয়। রক্ত গুল্মরোগীকে কমলাগুড়িচূর্ণ চিনি ও মধুর সহিত সেবন করাইবে। পলাশের ক্ষার জলের সহিত ঘৃতে পাক করিয়া পান করিলে রক্ত গুল্মে রক্তস্রাব হয়। যবক্ষার ত্রিকটু ও ঘৃত একত্র পান করিলে রক্ত গুল্ম ভাল হয়। (ভাবপ্রকাশ মধ্যখণ্ড ৩ ভাগ।)

সুশ্রুতের মতে রশুনের রস, পঞ্চমূলীর রস এবং সুরা, কাঞ্জী, দধি ও মূলার রস এই সকল যোগে ঘৃতপাক করিয়া তাহাতে ত্রিকটু, দাড়িম, আম্লাতক, যমানী, চই, সৈন্ধব, হিঙ্গু, অম্লবেতস ও কৃষ্ণজীরক এই কয়েকটীর কল্ক পাক করিবে। ইহাতে গুল্মরোগ আরোগ্য হয়।

গুল্মকালানলরস (পুং) গুল্মস্য কালানলইব নাশকো রসঃ। গুল্মরোগের ঔষধবিশেষ। পারা, লৌহ, তাম্র, হরিতাল, গন্ধক, যবক্ষার, প্রত্যেক দুইতোলা, মুথা, মরিচ, শুণ্ঠী, পিপুল, গজপিপুল, হরীতকী, বচ, কুড়, প্রত্যেকের চূর্ণ এক তোলা, এই সমুদায় ভালরূপে মিশাইয়া ক্ষেৎপাপড়া, মুথা, শুণ্ঠী, অপামার্গ ও পটোল ইহাদের প্রত্যেকের রসে ভাবনা দিয়া হরীতকীর ক্বাথ বা ভিজান জল অনুপানে চারি রতি পরিমাণে সেবন করিবে। এই ঔষধের নাম গুল্মকালানরস। ইহাতে বাতিক, পিত্তজ, শ্লৈষ্মিক, দ্বন্দ্বজ ও ত্রিদোষজ গুল্মরোগ নষ্ট হয়। বাতগুল্মে ইহা বিশেষ উপকারী। (রসেন্দ্রসারস°)

গুল্মকেতু (পুং) গুল্মঃ কেতুরস্য বহুব্রী। অম্লবেতস, চলিত কথায় খৈখড় বলে। (রাজনি°)

গুল্মকেশ (পুং) গুল্মকানাং গুল্মানামীশঃ ৬তৎ। গুল্মের অধীশ্বর, যাহার অধীনে গুল্ম থাকে।

গুল্মমূল (ক্লী) গুল্ম ইব মূলং যস্য বহুব্রী। আর্দ্রক, আদা।

গুল্মবজ্রিণীবটিকা, রসেন্দ্রসারসংগ্রহোক্ত একরকম ঔষধ। পারা, গন্ধক, তামা, কাঁসা, সোহাগা, হরিতাল, প্রত্যেক আট তোলা চূর্ণ করিয়া শরীরের অবস্থানুসারে সেবন করিবে। ইহার নাম গুল্মবজ্রিণীবটিকা। ইহা সেবনে রক্ত-গুল্ম, প্লীহা, অষ্ঠীলা, যকৃৎ, আনাহ, কামলা, পাণ্ডু, জ্বর ও শূলনাশ হয়।

গুল্মবল্লী (স্ত্রী) গুল্ম প্রধানা বল্লী। সোমলতা।

গুল্মশার্দ্দূলরস (পুং) গুল্মস্য শার্দ্দূলইব নাশকোরসঃ। এক প্রকার ঔষধ। পারা, গন্ধক, লৌহ, গুগ্‌গুল, পিপুল, তেউড়ী, বালা, শুঁঠ, ধনে, জীরা ও শঠী প্রত্যেক আটতোলা, জয়পাল বারতোলা একত্র ঘৃতের সহিত মর্দ্দন করিয়া ৬ রতি পরিমাণ বটিকা প্রস্তুত করিবে। ইহাকে গুল্মশার্দ্দূলরস বলে। আদার রস ও উষ্ণজল অনুপানে ইহা সেবন করিলে প্লীহা, যকৃৎ, গুল্ম, কামলা, উদরী, শোথ, বাতিক, পৈত্তিক ও শ্লৈষ্মিক গুল্ম নাশ হয়। রক্তজ গুল্মরোগও ইহাতে ভাল হইয়া থাকে। গহ্মানন্দনাথ নামক কোন একব্যক্তি এই ঔষধের আবিষ্কার করেন। (রসেন্দ্রসা°)

গুল্মশূল (পুং) গুল্মমূলকংশূলমত্র। শূলরোগবিশেষ। [শূল দেখ।]

গুল্মিন্ (ত্রি) গুল্মোঽস্ত্যস্য গুল্ম-ইনি। গুল্মরোগযুক্ত, যাহার গুল্ম রোগ আছে।

গুল্মিনী (স্ত্রী) গুল্মোঽস্ত্যস্যাঃ গুল্ম-ইনি (অত ইনি ঠনৌ। পা ৫।২।১১৫।) ততঃ ঙীপ্। বিস্তৃতা লতা, লম্বলতা। পর্য্যায়—বীরুৎ, উলুপ, বিরুধা, অবরুৎ।

গুল্মী (স্ত্রী) গুল্মোঽস্ত্যস্য গুল্ম-অর্শ আদিত্বাৎ অচ্ ততো গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ আমলকী। ২ এলাচী। ৩ বস্ত্রনির্ম্মিত গৃহ, তাঁবু। (মেদিনী) ৪ লবলী। (শব্দার্থচিন্তামণি) ৫ গৃধ্রনখীবৃক্ষ, গুড়কাওনী। (শব্দচন্দ্রিকা)

গুল্‌মুহম্মদ খাঁ, দিল্লীর একজন রাজকবি। ইহার কৃত গ্রন্থাবলীর মধ্যে জবহর উল্ মুয়াজিম নামক কাব্যগ্রন্থই সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট। ইনি নিজ কবিতার গুণে "নাতিক" উপাধি পাইয়া ছিলেন। ১৮৪৮ খৃষ্টাব্দে ইহার মৃত্যু হয়।

গুল্য (ত্রি) গুড়ং তদ্বৎ রসং অর্হতি গুড়-যৎ-ড়স্য লত্বং। মধুর, স্বাদু। (হেম°)

গুল্‌রিহ, অযোধ্যার উনাও জেলার অন্তর্গত একটী নগর, উনাও নগর হইতে ৩৬ মাইল দূরে অবস্থিত। অক্ষা° ২৬° ২৪´ উঃ ও দ্রাঘি° ৮১° ১´ পূঃ। সম্ভবতঃ পাঁচশত বৎসর পূর্ব্বে গুলারসিংহ ঠাকুর কর্ত্তৃক এই নগর স্থাপিত হয়। এখানে গবর্মেণ্ট-সাহায্যকৃত একটী বিদ্যালয় আছে।

গুল্লর, রিচোড় দোআবের মধ্যবাসী জাতিবিশেষ। ইহাদের মধ্যে আড়বি গুল্লর ও গদ্ধা গুল্লর এই দুইটী স্বতন্ত্র থাক আছে। এতদ্ব্যতীত কতকগুলি বিভাগও দেখা যায়। হায়দরাবাদ ও পুণাজেলার গ্রামসমূহে এবং কুলবর্গার নিকটবর্ত্তী সেলর গ্রামেই ইহাদের অধিক বাস। ইহারা আপনাদিগকে 'গোল' বা 'হনম্‌গোল' বলে এবং ইতর ধাঙ্গড়জাতি বলিয়া মনে করে।

আড়বি গুল্লরজাতির পুরুষেরা গ্রামে ও বনের নানা স্থানে ঘুরিয়া দেশীয় কবিরাজদিগের জন্য গাছগাছড়া খুজিয়া আনে এবং স্ত্রীলোকেরা ভিক্ষা করিয়া বেড়ায়। ইহাদের শারীরিক গঠনপ্রণালী রাজপুতনাবাসী লোকের মত, গাত্রের বর্ণও তদনুরূপ, কিন্তু অপেক্ষাকৃত কৃশ ও খর্ব্ব। ইহারা হিন্দী, কণাড়ি ও তেলগু ভাষায় কথা কহিতে পারে। সকলেই গেঁড়িমাটিতে কাপড় ছোবাইয়া পরিধান করে। ভেড়া, ছাগ, খরগোস্ ও অন্যান্য জন্তুর মাংস খায়, কিন্তু গো-মাংস ভক্ষণ করে না। বৈদার জাতির মত ইহারা কুম্ভীর মাংসও খাইয়া থাকে। গদ্ধা গুল্লরজাতির সহিত ইহারা আপন পুত্র বা কন্যার বিবাহ দেয় না।

পক্ষান্তরে গদ্ধা গুল্লরেরা কুকুর ও গাধা পোষে ও বনে বনে শীকার করিয়া বেড়ায়। ইহারা শৃগাল, কুম্ভীর, সজারু প্রভৃতির মাংস খায়। পুরুষেরা চৌর্য্য ও দস্যুবৃত্তিতে পটু।

গুল্‌সানী, একজন মুসলমান কবি। ইহার আসল নাম সেখ সয়াদ্ উল্লা। ইনি গুজরাটরাজমন্ত্রী ইস্‌লাম্ খাঁর বংশধর ও শাহ্ গুলের শিষ্য। সর্ব্বদাই দরবেশরূপে ভ্রমণ করিতেন এবং গুলসন্ কবি এই উপাধি গ্রহণ করেন। ইনি দিল্লীতে থাকিতেন, তথায় ১০০০০০ গজল রচনা করেন। ঐ কবিতা-গুলি শূঢ়ার্থক। ইনি নিজ শিক্ষাগুরু শাহ আবদুল আহদ সরহিন্দির সহিত মক্কায় তীর্থযাত্রা করিয়াছিলেন। ১১৪১ হিজিরা সনে দিল্লীনগরে তাঁহার প্রাণ বিয়োগ হয়।

গুবাক (পুং) গুবতি মলবৎ ক্বাথমুৎসৃজতি গু-আক। (পিনাকাদয়শ্চ। উণ্ ৪।১৫) নিপাতনাৎ উকারস্য বিকল্পেন দীর্ঘতা। বৃক্ষবিশেষ, চলিত কথায় সুপারি ও স্থান-বিশেষে গুয়া বলে। পর্য্যায়—ঘোণ্টা, পূগ, ক্রমুক, খপুর, গূবাক, পূগবৃক্ষ, দীর্ঘপাদপ, বল্কতরু, দৃঢ়বল্ক, চিক্কণ, পূগী, সুরঞ্জন, গোপদল, রাজতাল, ছটাফল। ইহার ফলের নাম ক্রমুকফল, পূগ, চিক্কণী, চিক্কা, চিক্কণ, শ্লক্ষ্ণক, উদ্বেগ, পূগফল, পূগীফলন। (Areca catechu.) ইহার মাথীর গুণ—স্বাদু,

তিক্ত, কষায়, বল, প্রাণ, শুক্রবৃদ্ধি, ভেদ ও মদকারক এবং মূত্ররোগনাশক। ইহার নির্য্যাসের গুণ—শীতল, মোহকর, গুরু, বিপাকে উষ্ণ, ক্ষার, অল্প পরিমাণ অম্লরস, বাতঘ্ন ও পিত্তবৃদ্ধিকর। ইহার ফলের গুণ—গুরু, শীতবীর্য্য, রুক্ষ, কষায়, কফঘ্ন, পিত্তনাশক, মদকারক, অগ্নিবৃদ্ধিকর, রুচিকারক এবং মুখের বিরসতানাশক। অপরিপক্ক সুপারী ফলের গুণ—গুরু, অভিষ্যন্দী এবং অগ্নি ও দৃষ্টিনাশক। সিদ্ধ করা সুপারী ফলের গুণ ত্রিদোষনাশক। যে ফলের মধ্যভাগ কঠিন, ভিষক্‌শাস্ত্রের মতে তাহাই শ্রেষ্ঠ। (ভাবপ্রকাশ)

রাজনির্ঘণ্টের মতে কাঁচা সুপারীর গুণ—কষায়, মুখমল, রক্তাম্ল, শ্লেষ্মা, পিত্ত ও উদরাধ্মান নাশক, কণ্ঠশুদ্ধিকারক ও সারক। শুষ্ক সুপারীর গুণ—কণ্ঠরোগনাশক, রুচিকারক, পাচন, রেচক, তাম্বূলের সহিত খাইলে পাণ্ডু, বাত ও শোথকারক। (রাজনিং)

রাজবল্লভের মতে ইহার পীগগুণ—প্রথম পীগ বিষতুল্য, দ্বিতীয় পীগ ভেদক ও গুরুপাক; তৃতীয় পীগ পানের উপযুক্ত, সুধাতুল্য ও রসায়ণ। (রাজবল্লভ)

ডাক্তার সর্টের মতে শুষ্ক সুপারি-গুঁড়া ১০ হইতে ১৫ গ্রেণ মাত্রায় ব্যবহার করিলে দুর্ব্বল ব্যক্তির উদরাময় ভাল হয়। মোরিণ সাহেব পরীক্ষা করিয়া দেখিয়াছেন যে সুপারিতে ট্যানিক ও গ্যালিক এসিডের ভাগই বেশী। (Journ. de Pharm. Vol. VIII. p. 449.)

এসিয়ার প্রায় সর্ব্বদেশেই ইহা প্রচলিত।

সুপারী গাছের মধ্য শূন্য, ইহা ত্বক্‌সার জাতীয় তৃণমধ্যে গণ্য। যাহারা অন্তঃসারবিশিষ্ট শাখা ও পল্লবাদি যুক্তকে বৃক্ষ বলেন, তাহাদের মতে ইহাকে বৃক্ষ বলা যাইতে পারে না। এই জাতীয় গাছ সচরাচর ৪০। ৫০ হাত লম্বা হইতে দেখা যায়। অগ্রহায়ণ বা পৌষ মাসে ইহার মুকুল বাহির হয়। চৈত্র বৈশাখ মাসে ফল হয় এবং আশ্বিন কার্ত্তিক মাসে পাকিয়া থাকে। কোন কোন স্থানে ইহার বৈপরীত্যও দেখিতে পাওয়া যায়। এদেশীয় লোকেরা ইহার ফলের বাকল ফেলিয়া সরু সরু ভাবে কাটিয়া পানের সহিত খাইয়া থাকে। বঙ্গদেশে চারি প্রকার সুপারী দেখিতে পাওয়া যায়। প্রথম দেশাল বা খড়ে, দেখিতে বড়, কাটিলে মধ্য ভাগ শুভ্রবর্ণ। দ্বিতীয় ভেটেল, ইহা প্রায় পূর্ব্ববৎ, কিন্তু বীজের গা ফাটা ফাটা। তৃতীয় চিকি, ইহা দেখিতে ক্ষুদ্র, অথচ কিঞ্চিৎ লম্বা। বোধ হয় সুপারির সংস্কৃত পর্য্যায় চিক্কা বা চিক্কণী শব্দের অপভ্রংশে চিকী শব্দ হইয়াছে। কেহ কেহ বলেন যে, অপক্ক ফল শুষ্ক করিলে চিকী সুপারী হয়। চতুর্থ রামপুগ, ইহা প্রায় এই দেশে দেখিতে পাওয়া যায় না। দক্ষিণ ও পশ্চিম প্রদেশেই এই জাতীয় সুপারী জন্মিয়া থাকে। আর এক জাতীয় সুপারী দক্ষিণদেশ হইতে আনীত হয়, এদেশে তাহাকে জাহাজে সুপারি বলিয়া থাকে। [সুপারী দেখ।]

গুবারিচ, অযোধ্যার গোণ্ড জেলার অন্তর্গত একটী পরগণা। ইহার উত্তরসীমায় তীর্হি নদী ও গোণ্ড পরগণা, পূর্ব্বে দিগসার পরগণা, দক্ষিণে ঘর্ঘরা নদী এবং পশ্চিমে কুরাসর পরগণা। এইখানে রাজপুতরাজগণের সেনানায়ক সুহলদেও ১০৩২ খৃষ্টাব্দে মুসলমান বিজেতা সৈয়দ সালর মুসাউদকে পরাজিত ও দেশ হইতে বহিষ্কৃত করিয়া দেন। পরে এই পরগণা গৌড়রাজ্যের রামগড় গৌড়িয়া পরগণার মধ্যে অন্তর্নিবিষ্ট হয়। বর্ত্তমান গোণ্ড, বস্তি ও গোরক্ষপুর প্রাচীন গৌড়রাজ্যের অন্তর্গত ছিল। কিছু কালের জন্য কুরাসরাজের রাজ্যভুক্ত হয়। রাজা অচলসিংহের অধঃপতনে তাঁহার জারজ পুত্র মহারাজসিংহ এই প্রদেশ হস্তগত করেন। আজও তাঁহার বংশধরেরা এই সম্পত্তি ভোগ দখল করিতেছেন।

[গোণ্ড দেখ।]

এই পরগণার মধ্য দিয়া অনেকগুলি নদী ও ক্ষুদ্র ক্ষুদ্র স্রোত উত্তরপশ্চিম হইতে দক্ষিণ পূর্ব্বাভিমুখে প্রবাহিত হইয়াছে। এই কারণে ভূমির নিম্নতর প্রদেশ সমধিক উর্ব্বরা। ভূপরিমাণ ২৬৭ বর্গমাইল বা ১৭০৯৬২ একর; তন্মধ্যে ৯৯১৪২ একর জমিতে চাষবাস হইয়া থাকে। গবর্মেণ্টের দেয় রাজস্ব প্রায় ১৬০৩৩০৲ টাকা।

গুব্বি, মহিসুর রাজ্যের তুমকুর জেলার অন্তর্গত একটী নগর। তুমকুরের ১৩ মাইল পশ্চিমে অবস্থিত। অক্ষাং ১৩° ১৮´ ৪০´´ উঃ ও দ্রাঘিং ৭৬° ৫৮´ ৩০´´ পূঃ। ইহা করবতালুকের সদর। এই নগরে সুপারির কারবারের বিস্তৃত আড়ত আছে। প্রবাদ আছে যে ৪০০ বৎসর পূর্ব্বে নোনব বোকলিগর জাতির অধিপতি গৌড় বা হোস্‌হল্লির সর্দ্দার এই নগর স্থাপন করেন। পরে টিপু সুলতান এই নগর ইহাদিগের নিকট হইতে কাড়িয়া লন। ঐ গৌড়বংশীয়েরা এক্ষণে চাষবাস করিয়া জীবিকা নির্ব্বাহ করে। স্বজাতি মধ্যে ইহাদিগের সেই পূর্ব্বসম্মান অদ্যাবধি বিদ্যমান। সময়ে সময়ে এইস্থানে কোমতি ও বনজিগ লিঙ্গায়তদিগের ব্যবসাবিরুদ্ধে বিশেষ গোলযোগ উপস্থিত হইয়া থাকে। এখানে প্রতি সপ্তাহে হাট এবং বৎসরে একটী মেলা হইয়া থাকে। মেলার সময়ে দূরদেশীয় বণিকেরা পণ্যদ্রব্যাদি ক্রয় বিক্রয়ার্থ আসিয়া থাকে।

এখানে দেশী শাদা ও রঙ্গিন কার্পাস বস্ত্র, কম্বল, চটের কাপড় প্রভৃতি প্রস্তুত হয়। এতদ্ব্যতীত সুপারি, নারিকেল,

চিনি, তেঁতুল, লঙ্কা, গম, চাউল, গালা, ইস্পাত, লৌহ ও অন্যান্য শস্যাদি বহু পরিমাণে জন্মিয়া থাকে।

গুষাণ, শকজাতির একটী শাখা। অপর নাম কোসৌ, খোরংপুং, কোরণো। কাহারও মতে মহারাজ কনিষ্ক এই জাতীয় ছিলেন। [কনিষ্ক দেখ।]

গুষ্ফিত (ক্লী) [বৈ] গুম্ফ ভাবে ক্ত নিপাতনাৎ মকারস্য ষকারঃ। ১ নির্গত শাখা।

"অপিবৃশ্চ পুরাণবদ্ ব্রততেরিব
গুষ্ফিতমোজো দাসস্য দংভয়।" (ঋক্ ৮।৪০।৬)

'গুষ্ফিতং নির্গতাং শাখাং' (সায়ণ।)

২ গুম্ফনবৃক্ষের শাখাদি নির্গম।

গুহ (পুং) গুহতি রক্ষতি দেবসেনাং গুহ-ক। (ইগুপধজ্ঞা-প্রীকিরঃ কঃ। পা ৩।১।১৩৫) অথবা গুহা আবাসত্বেনাস্ত্যস্য গুহা-অচ্। ১ কার্ত্তিকেয়, পার্ব্বতীর পুত্র। ইনি দেবসেনা রক্ষা করেন ও গুহায় বাস করিতেন এই উভয় কারণেই ইহাকে গুহ বলা হইয়াছে। গুহ নামের দুইটী ব্যুৎপত্তি মহাভারতে দেখিতে পাওয়া যায়।

"রুদ্রসুনুং ততঃ প্রাহুর্গুহং গুণবতাং বরং।" (ভা°৩।২২৮ অঃ)
"স্কন্নত্বাৎ স্কন্দতাং চাপি গুহাবাসাদ্ গুহোঽভবৎ।"
(১৩।৮৫ অঃ)

২ অশ্ব, ঘোটক। (শব্দরত্ন°) ৩ পরমেশ্বর।

"করণং কারণং কর্ত্তা বিকর্ত্তা গহনোগুহঃ।" (বিষ্ণুসহস্রনাম)
'গুহতি সংবৃণোতি স্বরূপং মায়য়া ইতি গুহঃ।' (ভাষ্য।)

৪ শৃঙ্গবেরপুরের অধীশ্বর একজন চণ্ডালজাতীয় রাজা। মহারাজ রামচন্দ্রের সহিত ইহার বন্ধুতা ছিল। ইনি অতিশয় ধর্ম্মপরায়ণ ও মিত্রপ্রিয় ছিলেন। (রামায়ণ)

৫ কায়স্থগণের একটী উপাধি।

"অয়ং গুহকুলোদ্ভবো দশরথাভিধানো মহান্।"
(কায়স্থকু°দী°)

ব্রহ্মাণ্ডপুরাণে ভবিষ্যরাজবংশবর্ণনে লিখিত আছে দেবরক্ষিতের পর কলিঙ্গ, মহিষ ও মহেন্দ্রনিলয় এই সকল জনপদ গুহ ভোগ করিবেন।

"কলিঙ্গা মহিষাশ্চৈব মহেন্দ্রনিলয়াশ্চ যে।
এতান্ জনপদান্ সর্ব্বান্ পালয়িষ্যন্তি বৈ গুহাঃ॥"
(উপসংহারপাদ।)

গুহক (পুং) নিষাদরাজ, রামচন্দ্রের মিত্র। [গুহ দেখ।]

গুহগুপ্ত (পু) একজন বোধিসত্ত্ব।

গুহচন্দ্র (পুং) কথাসরিৎসাগরে বর্ণিত একটী বণিক্‌পুত্র। ইনি ধর্ম্মগুপ্তের কন্যা সোমপ্রভাকে দেখিয়া উন্মত্ত হইয়াছিলেন। পরে অনেক কষ্টে ও অনেক যত্নে তাহাকে লাভ করিয়া অনলদেবের সাহায্যে তাহাকে বশীভূত করেন।
[সোমপ্রভা দেখ।]

গুহদবদ্য (ত্রি) [বৈ] প্রচ্ছন্নাবদ্য।

"আযদ্‌রয়িং গুহদবদ্যমস্মৈ।" (ঋক্ ২।১৯।৫) 'গুহদবদ্যং প্রচ্ছন্নাবদ্যং' (সায়ণ।)

গুহদেব (পুং) একজন প্রাচীন পণ্ডিত। দেবরাজ ইহার বেদভাষ্য ও শ্রীনিবাসদেব ইহার বৈদান্তিক মত উদ্ধৃত করিয়াছেন।

গুহর (ত্রি) গুহেন নির্বৃত্তঃ গুহ অশ্বাদিত্বাৎ র। (পা ৪।২।৮০) গুহদ্বারা নির্বৃত্ত, সম্পাদিত।

গুহরাজ (পুং) প্রাসাদবিশেষ। [প্রাসাদ দেখ।]

গুহলু (পুং) গোত্রপ্রবর্ত্তক একজন ঋষি। এই শব্দটী গর্গাদি গণান্তর্গত। অপত্যার্থে ইহার উত্তর যঞ্ প্রত্যয় হয়।

গুহল্ল, গোপকপুরের কদম্বরাজগণের আদিপুরুষ।

গুহশিব, কলিঙ্গের একজন রাজা।

গুহষষ্ঠী (স্ত্রী) গুহপ্রিয়া ষষ্ঠী মধ্যলো°। অগ্রহায়ণ মাসের শুক্ল ষষ্ঠী।

"যেয়ং মার্গশিরে মাসি ষষ্ঠী ভরতসত্তম।
পুণ্যা পাপহরা ধন্যা শিবা শান্তা গুহপ্রিয়া॥" (তিথিতত্ত্ব)

স্থানবিশেষে ইহাকেই স্কন্দষষ্ঠী বলে। [স্কন্দষষ্ঠী দেখ।]

গুহসেন (পুং) ১ বলভীর একজন পরাক্রান্ত মহারাজ, ইনি মহারাজ ধরপট্টের পুত্র। ইহার প্রদত্ত ২৪৬, ২৪৭, ও ২৪৮ গুপ্তবলভী সম্বৎ অঙ্কিত তিনখানি অনুশাসনপত্র পাওয়া গিয়াছে। [বলভীরাজবংশ দেখ।]

২ তাম্রলিপ্তনিবাসী বসুদত্ত নামক একজন বিখ্যাত বণিকের পুত্র। তাঁহার পত্নীর নাম দেবস্মিতা। তাঁহাদের দাম্পত্যপ্রেম এতই বেশী ছিল যে, গুহসেন কখনও স্ত্রীকে পরিত্যাগ করিয়া কোথাও যাইতে পারিতেন না। দেবস্মিতাও তাঁহাকে ছাড়িতেন না। গুহসেনের পিতার মৃত্যুর পর তাঁহাকে কটাহদ্বীপে বাণিজ্য করিতে যাইতে হয়। সেই সময়ে তিনি ও তৎপত্নী দেবদত্ত দুইটী কমল পাইয়াছিলেন, ঐ কমলের গুণ এই যে যদি একজন ভ্রষ্ট হন, তবে অপরের হস্তের কমলটী মলিন হইবে। গুহসেন অনেক কষ্টে দেবস্মিতাকে পরিত্যাগ করিয়া বাণিজ্যে গমন করেন। তিনি কটাহদ্বীপে গমন করিয়া বাণিজ্য করিতে লাগিলেন। একদিন তথাকার বণিক্‌কুমারেরা ঐ কমলের রহস্য প্রকাশ করিবার জন্য তাঁহাকে মদ খাওয়াইয়াছিল। পরে উহার রহস্য জানিতে পারিয়া তাহাদের মধ্যে চারিজন

বণিক্‌কুমার দেবস্মিতার চরিত্র দূষিত করিতে তাম্রলিপ্তিতে চলিয়া আইসে এবং যোগকরণ্ডিকা নাম্নী একটী পরিব্রাজিকার শরণাপন্ন হয়। যোগকরণ্ডিকার সিদ্ধিকরী নামে এক শিষ্যা ছিল, সে ঐ শিষ্যাকে লইয়া দেবস্মিতার নিকটে উপস্থিত হইয়া তাঁহাকে পরপুরুষাসক্তা করিবার জন্য অনেক চেষ্টা করিতে লাগিল। বুদ্ধিমতী দেবস্মিতা বুঝিতে পারিলেন যে, কেহ তাঁহার স্বামীর হস্তস্থিত কমলের রহস্য জানিতে পারিয়া তাঁহার সর্ব্বনাশ করিতে উদ্যত হইয়াছে। সেই পাপাশয়কে উপযুক্ত শাস্তি দিতে কৃতনিশ্চয় হইয়া আপনার দাসীকে বলিয়া ধুস্তূরসংযুক্ত সুরা ও একটী কুক্কুরপদচিহ্নযুক্ত মোহর সংগ্রহ করেন। পরে তিনি যোগকরণ্ডিকাকে এক বণিক্‌পুত্রকে পাঠাইয়া দিতে অনুমতি করেন। পরিব্রাজিকার কথানুসারে এক বণিক্‌কুমার দেবস্মিতার প্রেমে আত্মহারা হইয়া সঙ্কেতস্থানে উপস্থিত হইলেন। সেই স্থানে দেবস্মিতার বেশ ধারণ করিয়া তাঁহার দাসী বণিক্‌নন্দনের অপেক্ষা করিতেছিল। তাহার মায়াবলে ঐ ব্যক্তি ধুস্তূরসংযুক্ত সুরাপান করিয়া অচেতন হইয়া পড়ে। পরিশেষে দাসী কুক্কুরপদচিহ্নযুক্ত মোহর তাতাইয়া তাহার কপালে ছাপ দিয়া তাহাকে রাজপথের ধারে খানায় ফেলিয়া দেয়। এইরূপে একে একে চারি জনেই স্বকৃত কর্ম্মের শাস্তি ভোগ করিয়া ফিরিয়া আসিল, কিন্তু কেহই কাহারও নিকটে কিছু প্রকাশ করিল না।

ইহার অনতিবিলম্বেই দেবস্মিতা পরিব্রাজিকাকে তাহার শিষ্যার সহিত ঐরূপ সংজ্ঞাহীন করিয়া তাহাদের নাক, কাণ কাটিয়া সেইখানে ফেলিয়া দেন। পাছে বণিক্‌কুমারগণ স্বামীর কোন অনিষ্ট করে, এই ভয়ে দেবস্মিতা বণিক্‌বেশে কট্টাহদ্বীপে গমন করেন। তথাকার রাজাকে জানাইলেন যে, আমার চারিটী ভৃত্য পলাইয়া আসিয়াছে, আমাকে আমার ভৃত্য প্রত্যর্পণ করুন। তথাকার রাজা ঐ ভৃত্যগণের অনুসন্ধান করিতে বলিলে, দেবস্মিতা সেই বণিক্‌কুমার চারিটীকে দেখাইয়া দেন। ইহাতে নগরবাসীরা বিশেষতঃ সেই বণিক্‌পুত্রেরা ক্রুদ্ধ হইয়া উঠে। দেবস্মিতা রাজসভায় উপস্থিত হইয়া বলিলেন, রাজন্! ইহাদের কপালে কুক্কুরপদচিহ্নযুক্ত মোহরের ছাপ আছে, পরীক্ষা করিয়া দেখুন্।" ইহা শুনিয়া সকলেই স্তম্ভিত হইলেন, সকলকেই ঐ বণিক্‌কুমার চারিটীকে দেবস্মিতার ক্রীতদাস বলিয়া স্বীকার করিতে হইল। অবশেষে দেবস্মিতা রাজসভায় আমূল বৃত্তান্ত বর্ণনা করেন। তাহা শুনিয়া সকলেই তাহার ভূয়সী প্রশংসা করিতে লাগিলেন। মহারাজ সন্তুষ্ট হইয়া দেবস্মিতাকে পাতিব্রত্যের উপঢৌকন স্বরূপ অনেক ধন রত্ন দান করেন। পরে গুহসেন পত্নীর সহিত তাম্রালিপ্তিতে আসিয়া পরম সুখে কালযাপন করিতে লাগিলেন। (কথাসরিৎসাগর)

গুহা (স্ত্রী) গুহ-ক-টাপ্ চ। ১ সিংহপুচ্ছীলতা। ২ গর্ত্ত, দেবখাত। ৩ পর্ব্বতাদির গহ্বর।

"কিষ্কিন্ধ্যাং রামসুগ্রীবৌ জগ্মতুস্তৌ গুহাংতদা।"
(রামা॰ ১।১।৭০)

৪ শালপর্ণী, শালপাণ। ৫ পৃশ্নিপর্ণী লতা, চাকুলে। ৬ হৃদয়। (শব্দার্থচ॰) "তস্মাদিদং গুহা হৃদয়ং।" (শতপথব্রা॰ ১১।২।৬।৫) ৭ মায়া। "যো ন বেদনিহিতং গুহায়াং পরমব্যোমম্।" (শ্রুতি)

৮ গুহাধিষ্ঠাত্রী দেবতা।

"গুহাভ্যঃ কিরাতং।" (বাজসনেয়স॰ ৩০।১৬)

৯ বুদ্ধি। গুহ-ভাবে ভিদাদিত্বাৎ অঙ্। ১০ সংবরণ।

গুহাগৃহ (ক্লী) গুহা গৃহমিব। গুহাবাস, গুহারূপ গৃহ।

"প্রবিশ্য হেমাদ্রিগুহাগৃহান্তরং
নিনায় বিভ্যদ্ দিবসানি কৌশিকঃ।" (মাঘ ১ সর্গ)

গুহাচর (ক্লী) গুহ্যন্তে জ্ঞাতৃজ্ঞেয়জ্ঞানপদার্থঃ অস্যাং গুহ ঘঞর্থে ক-টাপ্ গুহা বুদ্ধিঃ তস্যাং বিষয়তয়া চরতি গুহা-চর-ট। ব্রহ্ম, পরমাত্মা। "আবিঃ সন্নিহিতং গুহাচরংনাম মহৎপদ মত্রৈতৎসমর্পিতম্।" (মাণ্ডু॰ উপনি॰)

"গুহাচরং নামদর্শনশ্রবণাদিপ্রকারৈর্গুহাচরমিতিপ্রখ্যাতং।" ভাষ্য।

গুহাদিত্য (পুং) সুপ্রসিদ্ধ বাপ্পার পুত্র। অপর নাম গুহিল।

গুহামুখ (ক্লী) গুহায়া মুখং ৬তৎ। গহ্বরদ্বার।

গুহাবদরী (স্ত্রী) গুহা গুহ্যা বদরীব। শালপর্ণী, শাপাণ।

গুহাবাসা (স্ত্রী) গুহা বুদ্ধিরাবাসো যস্যাঃ বহুব্রী, ততঃ টাপ্। গায়ত্রী। (দেবীভা॰ ১২।৬।৪১)

গুহাশয় (পুং স্ত্রী) গুহায়াং গর্ত্তে শেতে গুহা-শী-অচ্। ১ মূষিক। (শব্দার্থচি॰) ২ যে সকল জন্তু গহ্বরে বাস করে। ভাবপ্রকাশের মতে—সিংহ, ব্যাঘ্র, বৃক, ঋক্ষ, তরক্ষু, দ্বীপী, বভ্রু, জম্বুক ও মার্জ্জার প্রভৃতি জন্তুগুলি গুহাশয় বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। ইহাদের মাংসের গুণ—বাতঘ্ন, গুরু, উষ্ণ, মধুর, স্নিগ্ধ, বলকর এবং নেত্ররোগী ও গুহ্যরোগীর পক্ষে বিশেষ উপকারী। (ভাবপ্রকাশ) স্ত্রীলিঙ্গে টাপ্ হয়। (পুং) গুহায়াং হৃদি শেতে গুহা-শী-অচ্। ৩ পরমাত্মা। "এবং হি যোবেদ গুহাশয়ং প্রভুং।" (ভারত আশ্ব॰ ৪০ অঃ) ৪ প্রাণ। "সপ্ত ইমে লোকা যেষু চরন্তি প্রাণা গুহাশয়া নিহিতাঃ।" (মুণ্ড॰ উপনি॰ ২।১।৪)

গুহাহিত (ত্রি) গুহায়াং বুদ্ধৌ হৃদয়ে বা আহিতঃ ৭তৎ। হৃদিস্থ, যাহা হৃদয়ে অবস্থান করে।

গুহিন (ক্লী) গুহ বাহুলকাৎ ইনন্। বন। (শব্দরত্না°)

গুহিল (ক্লী) গুহ ইলচ্ কিচ্চ (কুপাদিভ্যঃ কিৎ। উণ্ ১।৫৭) ১ বন। 'গুহিলং বন°' উজ্জ্বলদত্ত। (ত্রি) গুহা চাতুরর্থিক ইলচ্। ২ গুহার নিকটবর্ত্তী দেশাদি। (পুং) ৩ গহলোৎ-বংশের আদিপুরুষ। [গহলোৎ দেখ।]

গুহের (ত্রি) গুহ এরক। (মূলেরাদয়ঃ। উণ্ ১।৬২।) ১ রক্ষা-কর্ত্তা, রক্ষক। (পুং) ২ লৌহকার। (উজ্জ্বল°)

গুহ্য (ক্লী) গুহ-ভাবাদৌ যৎ। ১ গোপন। (ত্রি) ২ গোপনীয়, যাহা গোপন করিবার উপযুক্ত।

"গুহ্যাতিগুহ্য-গোপ্তা ত্বং" (জপসমাপন)

(পুং) ৩ কমঠ। ৪ দম্ভ। ৫ বিষ্ণু।

"গুহ্যো গভীরো গহনঃ।" (ভারত ১৩।১৪৯।৭১)

(ক্লী) ৬ উপস্থ, স্ত্রী ও পুরুষ চিহ্ন।

"কামার্ত্তঃ পুরুষোহত্র চুম্বয়েদ্ গুহ্যমাদৃতঃ।" (রতিম°)

(পুং) ৭ মহাদেব। "যজুঃ পাদভুজো গুহ্যঃ প্রকাশো জঙ্গমস্তথা।" (ভারত ১৩। ১৭। ৯১)

৮ উপদেবতাবিশেষ। "গুহ্যাঃ পিতৃগণাঃ সপ্ত যে দিব্যা যে চ মানুষাঃ।" (ভারত ৩। ৩। ৪২)

গুহ্যক (পুং) গূহন্তি রক্ষন্তি নিধিং ধনবিশেষং গুহ-ধ্বুল্ পৃষোদরাদিবৎ যগাগমে সাধু।

"নিধিং গূহন্তি যে যক্ষাস্তেষ্বুর্গুহ্যকসংজ্ঞকাঃ।" (ব্যাড়ি)

গুহ্যং কুৎসিতং কায়তি কৈ শব্দে ক। যদ্বা গুহ্যং গোপনীয়ং কং সুখং যেষাং বহুব্রী। ১ দেবযোনিবিশেষ। ইহারা কুবেরের অনুচর। ইহাদের আবাসস্থান পিশাচ-লোকের ঊর্দ্ধে ও গন্ধর্বলোকের নিম্নে।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লিখিত আছে যে, কৃষ্ণের গুহ্যদেশ হইতে পিঙ্গলবর্ণ অনুচর জন্মগ্রহণ করে। কৃষ্ণের গুহ্য হইতে জন্মে বলিয়া উহাদিগের নাম গুহ্যক হইয়াছে। এইরূপ হইলে "গুহ্যাৎকায়তি আবির্ভবতি কৈ-ক" এইরূপ ব্যুৎপত্তি স্বীকার করিতে হয়।

"আবির্বভূব কৃষ্ণস্য গুহ্যদেশাত্ততঃ পরম্।
পিঙ্গলশ্চ পুমানেকঃ পিঙ্গলৈশ্চ গণৈঃ সহ।
আবির্ভূতা যতোগুহ্যাৎতেন তে গুহ্যকাঃ স্মৃতাঃ॥"
(ব্রহ্মবৈবর্ত্ত ব্রহ্ম° ৫। ৬০)

কাশীখণ্ডের মতে যাহারা সদুপায়ে বহু অর্থ উপার্জন করিয়া গোপন করে, কখনও অন্যায় পথে পদক্ষেপ করেনা, যাহারা অতিশয় ধনশালী অথচ ক্রোধ বা অসূয়াশূন্য, আপনাদের ধন বিভাগ করিয়া নির্বিবাদে ভোগ করে, যাহাদিগের পোষ্যবর্গের অধিকাংশই শূদ্র, যাহারা সর্ব্বদাই সুখাভিলাষী, পুণ্য তিথি, বার, সংক্রান্তি বা পর্ব্বদিনে কোন পুণ্য কার্য্য অনুষ্ঠান করেনা বা অনুষ্ঠান করিতে জানেনা, কেবল ব্রাহ্মণকেই পূজ্য বলিয়া জানে, সময়ে সময়ে তাঁহাকে গো দান করে এবং কখনও ব্রাহ্মণবাক্য লঙ্ঘন করেনা। সেই সকল মানব মৃত্যুর পরে গুহ্যকলোক প্রাপ্ত হইয়া থাকে। এখানে সর্ব্বদাই সুখভোগ এবং নির্ভয়চিত্তে জীবন যাপন করে। (কাশীখণ্ড°)

২ পক্কান্নবিশেষ, এক প্রকার সুমিষ্ট খাদ্য দ্রব্য। ময়দা বা সুজী ঘৃতে ভাজিয়া তাহাতে চিনি ও কিস্‌মিস্ মিশাইবে। সুগন্ধির জন্য দুই একটা ছোট এলাচি, লবঙ্গ ও কর্পূর দিতে হয়। পরে অপর একটী সমিতালম্ব-পুটে নিক্ষেপ করিয়া ঘৃতে পাক করিবে। পাক হইলে চিনির রসে ফেলিবে, ইহাকে গুহ্যক বলে। ইহা অতি উপাদেয় খাদ্য। ইহার গুণ—বৃংহণ, অতিশয় হৃদয়গ্রাহী, বৃষ্য, পিত্ত ও বায়ুনাশক, মধুর এবং গুরুপাক। (শব্দার্থচি°)

৩ অঙ্গিরা কুলজ তামসাদেবীভক্ত একজন রাজা, গোপালের পুত্র। (সহ্যাদ্রি ১। ৩৩। ৩৫)

গুহ্যকালী (স্ত্রী) নিত্যকর্ম্মধা°। কালীমূর্ত্তিবিশেষ। বিশ্বসার-তন্ত্রে ইহার উপাসনার কথা, দীক্ষাপ্রণালী ও ইহার মন্ত্রোদ্ধার লিখিত আছে। ইহার উপাসনায় চতুর্বর্গ লাভ হয়, সাধক যখন যাহা ইচ্ছা করেন ইনি সদয় হইয়া তাহাই পূর্ণ করিয়া থাকেন, দিন দিন সাধকের ভক্তি বৃদ্ধি হইতে থাকে এবং পাঞ্চভৌতিক দেহপাত হইলে কৈবল্য হইয়া থাকে। ইহার মন্ত্র যথা—(১)

"ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হুঁ হুঁ হ্রীঁ গুহ্যে কালিকে।"

[অপর বিবরণ দীক্ষা শব্দে দেখ।]

গুহ্যকেশ্বর (পুং) গুহ্যকানাং ঈশ্বরঃ ৬তৎ। কুবের।

"ধনেশো গুহ্যকেশ্বরঃ।" (ব্রহ্মবৈ° ব্রহ্মখ° ৫।৬১)

গুহ্যগুরু (পুং) গুহ্যো গোপনীয়ো গুরুঃ। শিব। (ত্রিকাণ্ড°) তন্ত্রশাস্ত্রে অনেক স্থলে শিবের গুহ্যগুরু নামে উল্লেখ দেখিতে পাওয়া যায়।

---

(১) "ইন্দ্রাদিরূঢ়ং বর্গাদ্যং রতিবিন্দুবিভূষিতম্।
ত্রিগুণঞ্চ ততঃ কৃত্বা ঈশানঞ্চ সমুদ্ধরেৎ।
ষষ্টস্বরসমাযুক্তং বিন্দুনাদকলান্বিতম্।
দ্বিগুণঞ্চ ততঃ কৃত্বা ঈশবর্ণংসমুদ্ধরেৎ।
বামাক্ষিবহ্নিসংযুক্তং নাদবিন্দুকলাযুতম্।
তদ্‌গুহ্যে কালিকে জেল্লা চাথবা দক্ষিণে বদেৎ।
সপ্তবীজং ততঃপশ্চাৎ ত্রৈলোক্যমোহিনী ত্রিয়ং।" (বিশ্বসারতন্ত্র)

গুহ্যগ্রন্থ (পুং) গুহ্যো গোপনীয়ো গ্রন্থঃ। ১ গোপনীয় গ্রন্থ। ২ তন্ত্রশাস্ত্র। ৩ বৌদ্ধশাস্ত্রজ্ঞ।

গুহ্যতন্ত্র (ক্লী) গুহ্যং চ তৎতন্ত্রং চেতি কর্ম্মধা°। একখানি তন্ত্র, ইহাতে তান্ত্রিক ধর্ম্মের অনেকানেক গোপনীয় কথা সুন্দররূপে লিখিত আছে। তান্ত্রিকগণের পক্ষে ইহা বিশেষ আদরণীয়।

গুহ্যদীপক (পুং) স্বয়ং গুহ্যঃ সন্ দীপয়তি প্রকাশয়তি দীপ-ণিচ্-ণ্বুল্। খদ্যোত, জোনাকী। (শব্দচন্দ্রিকা)

গুহ্যদেশ (পুং) পায়ু, মলদ্বার।

গুহ্যনিষ্যন্দ (পুং) গুহ্যাৎ উপস্থাৎ নিষ্যন্দতে নি-ষ্যন্দ-অচ্। মূত্র, প্রস্রাব। (রাজনি°)

গুহ্যপতি (পুং) গুহ্যানাং পতিঃ ৬তৎ। গুহ্যদিগের অধিপতি, বজ্রধর। [বজ্রধর দেখ।]

গুহ্যপিধান (ক্লী) গুহ্যস্য পিধানং ৬তৎ। গুহ্যদেশের আবরণ।

গুহ্যপুষ্প (পুং) গুহ্যং গোপনীয়ং পুষ্পং যস্য বহুব্রী। অশ্বত্থ-বৃক্ষ। (রাজনি°)

গুহ্যভাষিত (ক্লী) গুহ্যং গোপনীয়ং ভাষিতং। ১ মন্ত্র। ২ গুপ্তকথা।

গুহ্যমণ্ডল, পুরাণোক্ত এক পবিত্র স্থান। (বরাহপু° ১৩৭অঃ)

গুহ্যময় (পুং) গুহ্য প্রাচুর্য্যার্থে ময়ট্। কার্ত্তিকেয়।

"শ্রূয়তে ভগবান্ দেবঃ সর্ব্বগুহ্যময়োগুহঃ।" (ভারত° ১।১৩৭ অঃ)

গুহ্যবীজ (পুং) গুহ্যং বীজমস্য বহুব্রী। ভূতৃণ, গন্ধখড়। (রাজনি°)

গুহ্যস্থান, নেপালস্থ এক পবিত্র স্থান।

গুহ্যাষ্টক (ক্লী) গুহ্যানাং তীর্থবিশেষণামষ্টকং ৬তৎ। আটটী তীর্থ। ভারভূতি, আষাঢ়ি, ডিণ্ডিল, আকুলী, অমরকণ্টক, পুষ্কর, প্রভাস ও নৈমিষ এই আটটী তীর্থকে গুহ্যাষ্টক বলে। (২)

গুহ্যেশ্বরী (স্ত্রী) গুহ্যানাং ঈশ্বরী ৬তৎ। ১ গুহ্যকগণের অধিষ্ঠাত্রী দেবী। গুহ্যা গোপনীয়া অপ্রকাশ্যা ঈশ্বরী কর্ম্মধা°। ২ গোপনীয় দেবী, ইষ্টদেবী। ৩ কালী, আদ্যা বিদ্যা।

গূ (স্ত্রী) গচ্ছতি অপানবায়ুনা দেহাৎ গম-কূ-টিলোপশ্চ। ১ বিষ্ঠা। ২ মল। কোন কোন আভিধানিকের মতে গূ ধাতুর উত্তর ক্বিপ্ প্রত্যয় করিয়া পুংলিঙ্গ গূ শব্দ নিষ্পন্ন হয়। লিঙ্গানুশাসনের বিরুদ্ধ বলিয়া ঐ মতটী গ্রহণ করা হইল না। [লিঙ্গানুশাসন দেখ।]

গূএলেখড়া, এক প্রকার পাখী, অপর নাম গূএশালিক। ইহারা পরিত্যক্ত মলমূত্রের নেকড়া লইয়া বাসা বাধে বলিয়া স্থানবিশেষে এই নাম হইয়াছে।

গূএশালিক, এক জাতীয় ক্ষুদ্র পাখী (Sturnus Gossalica, Buch.) এই পাখী দেখিতে মন্দ নহে। অপর জাতীয় শালিকের ন্যায় শিক্ষা পাইলে ইহারাও কথা বলিতে পারে। বন্য ফল ও কীট পতঙ্গই ইহাদের প্রধান খাদ্য। ইহারা বিষ্ঠার কীট খাইতেই ভালবাসে। ভারতের স্থানবিশেষে লোকেরা সখ করিয়া এই জাতীয় সারিকা পোষে।

গূজরখাঁ, পঞ্জাবের রাবলপিণ্ডি জেলার একটী তহসীল। মড়ী পাহাড়ের পাদদেশে অবস্থিত। অক্ষা° ৩৩° ৪´ হইতে ৩৩° ২৬´ উঃ, দ্রাঘি° ৭২° ৭২° ৫৯´ হইতে ৭৩° ৩১´ ৩০´´ পূঃ।

গূড়ুর (গূড়ুরু) ১ কৃষ্ণাজেলার মসুলিপত্তন তালুকের অন্তর্গত একটী প্রাচীন নগর। মসুলিপত্তন নগর হইতে ৪ মাইল পশ্চিমে অবস্থিত। টলেমি "কোদ্দুর" (Koddura) নামে ইহার উল্লেখ করিয়াছেন।

২ মান্দ্রাজের কর্ণূল জেলার অন্তর্গত একটী নগর। কর্ণূল নগর হইতে ১৯ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। অক্ষা° ১৫° ৪৩´ উঃ, দ্রাঘি° ৭৮° ৩৪´ ৪০´´ পূঃ। এখানে কার্পাস ও রেশমী কাপড় প্রস্তুত হয়।

৩ বিজাপুর জেলার অন্তর্গত একটী পুরাতন গ্রাম। রামেশ্বরের প্রাচীন মন্দিরের জন্য প্রসিদ্ধ। এখানে প্রতিমা ও তামার বাসন প্রস্তুত অঙ্গরাখার কাপড়ের ব্যবসা আছে।

গূঢ় (ত্রি) গুহ-ক্ত। ১ সংবৃত। ২ গুপ্ত।

"শক্তিরস্ত্যেশ্বরী কাচিৎ সর্ব্ববস্তুনিয়ামিকা।
আনন্দময়মারভ্য গূঢ়া সর্ব্বেষু বস্তুষু॥" (পঞ্চদশী ৩।৩৮)

(ক্লী) ৩ রহস্য, গুহ্য। (মেদিনী)

গূঢ়চারিন্ (ত্রি) গূঢ়ঃ সন্ চরতি চর-ণিনি। ১ যে গুপ্তভাবে বিচরণ করে, গুপ্তচারী।

"পরদ্রব্যগৃহাণাঞ্চ প্রচ্ছকা গূঢ়চারিণঃ।
নিরায়া ব্যয়বন্তশ্চ বিনষ্টদ্রব্যবিক্রয়াঃ॥" (যাজ্ঞবল্ক্য ২।২৬৮)

গূঢ়জ (ত্রি) গূঢ়ে গুপ্তস্থানে জায়তে গূঢ়-জন ড। গূঢ়োৎপন্ন পুত্র। গৃহে গুপ্তভাবে যে পুত্র জন্মে, তাহাকে গূঢ়জ পুত্র বলে।

"গৃহে প্রচ্ছন্ন উৎপন্নো গূঢ়জস্তু সুতোমতঃ।"(যাজ্ঞবল্ক্য ২।১৩২)

গূঢ়তা (স্ত্রী) গূঢ়স্য ভাবঃ গূঢ়-তল্ টাপ্। গূঢ়ের ভাব, গূঢ়ত্ব, গোপন।

গূঢ়ত্ব (ক্লী) গূঢ়স্য ভাবঃ গূঢ়-ত্ব। গূঢ়তা।

গূঢ়নাভি, বশিষ্ঠ গোত্রীয় চণ্ডিকাভক্ত পৃথুবংশীয় একজন রাজা, কির্ম্মির পুত্র। (সহাদ্রিখ° ১।২৭।৩৫)

গূঢ়নীড় (পুং) গূঢ়ং গুপ্তং নীড়ং যস্য বহুব্রী। খঞ্জন পক্ষী, পাছানাচা পাখী।

গূঢ়নীড়ী (স্ত্রী) গূঢ়নীড় জাতিত্বাৎ ঙীষ্। খঞ্জনজাতীয় পক্ষিণী।

(২) "ভারভূত্যাষাঢ়িডিণ্ডিলাকুল্যমরকণ্টকপুষ্করাঃ।
প্রভাসনৈমিষৌ চেতি গুহ্যাষ্টকমিদং জলে।" (মৃগেন্দ্রস°)

গূঢ়পত্র (পুং) গূঢ়ং পত্রমস্য বহুব্রী। ১ অঙ্কোঠবৃক্ষ, আঁকরোট গাছ। ২ করীর বৃক্ষ, করীল।

গূঢ়পথ (পুং) গূঢ়ঃ পন্থা যস্য বহুব্রী, সমাসান্ত টচ্। ১ অন্তঃকরণ। (শব্দার্থ চিং) ২ গুপ্তপথ।

গূঢ়পাদ্ (পুং) গূঢ়ং প্রাপয়তি পদ-ণিচ্ ক্বিপ্। যদ্বা গুপ্তাঃ পাদা যস্য বহুব্রী নিপাতনে সাধু। সর্প। (শব্দরত্নাব°)

গূঢ়পাদ (ত্রি) গূঢ় আবৃতঃ পাদো যস্য বহুব্রী। যাহার চরণ আচ্ছাদিত হইয়াছে, আবৃতচরণ।

"উপানদ্ গূঢ়পাদশ্চ।" (হিতোপ°)

(পুং স্ত্রী) গূঢ়ো গুপ্তঃ পাদোযস্য বহুব্রী। ২ সর্প।

"মহীধরমিব শ্বেতং গূঢ়পাদৈর্বিষোল্বণৈঃ॥" (ভারত, ৮।১৩১অঃ)

স্ত্রীলিঙ্গে ঙীষ্ হইলে পদাদেশ হইয়া গূঢ়পদী হয়।

গূঢ়পুরুষ (পুং) গূঢ়শ্চাসৌ পুরুষশ্চেতি কর্ম্মধা°। রাজপ্রেরিত ছদ্মবেশী পুরুষ, গুপ্তচর।

গূঢ়পুষ্পাক (পুং) গূঢ়ানি সংবৃতানি পুষ্পাণ্যস্য বহুব্রী। বকুল বৃক্ষ। (রাজনি°)

গূঢ়ফল (পুং) গূঢ়ং ফলং যস্য বহুব্রী। বদরবৃক্ষ। (শব্দার্থচিং)

গূঢ়মায় (ত্রি) গূঢ়া গুপ্তা অন্যৈরলক্ষিতা মায়া যস্য বহুব্রী। যাহাদের মায়া অন্যে লক্ষ্য করিতে পারে না।

গূঢ়মার্গ (পুং) নিত্যকর্ম্ম°। গুপ্তপথ, মাটির মধ্য দিয়া যে পথ প্রস্তুত করা হয়, সুড়ঙ্গ। (হেমচ°)

গূঢ়মৈথুন (পুং স্ত্রী) গূঢ়ং গুপ্তং কেনাপ্যলক্ষিতং মৈথুনং যস্য বহুব্রী। কাকপাখী। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়।

গূঢ়লূর, মদুরাজেলার পেরিয়কুড়ম্ তালুকের অন্তর্গত একটী গ্রাম। গ্রামস্থ একটী পুরাতন শিবমন্দিরে কতকগুলি শিল্পলিপি দৃষ্ট হয়।

গূঢ়বর্চ্চস্ (পুং স্ত্রী) গূঢ়ং বর্চ্চোঽস্য বহুব্রী। ভেক। (ত্রিকাণ্ড)

গূঢ়বল্লিকা (স্ত্রী) গূঢ়বল্লী কন্-টাপ্ ঈকারস্য হ্রস্বত্বঞ্চ। অঙ্কোঠ বৃক্ষ। (রাজনি°)

গূঢ়বল্লী (স্ত্রী) ১ অঙ্কোঠ বৃক্ষ। (বৈদ্যক) ২ কৃষ্ণাজেলার রেপল্লী তালুকের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। এখানে আট শতবর্ষের প্রাচীন লক্ষ্মীনরসিংহের মন্দির আছে। এখানকার ভগ্ন শিবমন্দিরে পুরাতন শিল্পলিপি দৃষ্ট হয়।

গূঢ়ব্যঙ্গ্যা (স্ত্রী) গূঢ়ং গুপ্তং কাব্যার্থভাবনপরিপক্কবুদ্ধিমাত্রবেদ্যং ব্যঙ্গ্যং যত্র বহুব্রী ততঃ টাপ্। একপ্রকার লক্ষণা।

সাহিত্যদর্পণের মতে ফল- লক্ষণা দুইপ্রকার—গূঢ়ব্যঙ্গ্যা ও অগূঢ়ব্যঙ্গ্যা। প্রয়োজনহেতুকা লক্ষণা স্থলে প্রয়োজনই ব্যঙ্গ্য হয়। যে স্থলে সেই ব্যঙ্গ্যার্থ অর্থাৎ প্রয়োজন সাধারণের বোধগম্য হয় না, যাহারা কাব্য অধ্যয়ন ও নিরতিশয় ভাবনা করিয়া বিশেষ ব্যুৎপত্তি লাভ করিতে পারিয়াছেন, কেবল তাহারাই বুঝিতে পারেন, তাহাকে গূঢ়ব্যঙ্গ্যা লক্ষণা বলে। উদাহরণ—

"উপকৃতং বহু তত্র কিমুচ্যতে
সুজনতা প্রথিতা ভবতা পরম্।
বিন্দধদীদৃশমেব সদা সখে!
সুখিত মাস্ব ততঃ শরদাং শতম্॥" (সাহিত্য ২ প°)

এই স্থলে অপকারাতিশয় প্রভৃতি ব্যঙ্গ্য, সহজে বোধগম্য হয় না বলিয়া গূঢ়ব্যঙ্গ্যা লক্ষণা বলা যাইতে পারে।

গূঢ়সাক্ষিন্ (পুং) গূঢ়শ্চাসৌ সাক্ষীচেতি কর্ম্মধা°। সাক্ষীবিশেষ। অর্থী বা বাদী আপনার ইষ্টসিদ্ধির জন্য প্রত্যর্থী বা বিবাদীর সকল কথা যে সাক্ষীকে শুনাইয়াছে, তাহাকে গূঢ়সাক্ষী বলে।

"অর্থিনা স্বার্থসিদ্ধ্যর্থং প্রত্যর্থিবচনস্ফুটম্।
যঃ শ্রাব্যতে তদা গূঢ়ং গূঢ়সাক্ষী স উচ্যতে॥" (নারদ)

গূঢ়াগূঢ়তা (স্ত্রী) গূঢ়াগূঢ়স্য ভাবঃ গূঢ়াগূঢ়-তল্ টাপ্। গূঢ়াগূঢ়ত্ব, গূঢ়াগূঢ়ের ভাব।

গূঢ়াঙ্গ (পুং স্ত্রী) গূঢ়ানি অঙ্গানি যস্য বহুব্রী। ১ কচ্ছপ। (রাজনি) স্ত্রীলিঙ্গে ঙীষ্ হইয়া থাকে। (ত্রি) গূঢ়ং গুপ্তং অঙ্গং যস্য বহুব্রী। ২ যাহার শরীর লুক্কায়িত, গুপ্তদেহ।

গূঢ়াজ্ঘ্রি (পুং স্ত্রী) গূঢ়ো হজ্ঘ্রিরস্য বহুব্রী। সর্প। (রাজনিং) স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীপ্ হয়।

গূঢ়মল্লূর, উত্তর আর্কটের বালাজাপেট তালুকের অন্তর্গত একটী পুরাতন গ্রাম। বালাজাপেট হইতে ৩ মাইল দক্ষিণে অবস্থিত। এখানে পালার নদীতটে আত্রেয় মহর্ষির উদ্দেশে চোলরাজ কর্ত্তৃক একটী সবুজ পাথরের মন্দির নির্ম্মিত হয়। মুসলমানেরা শাহদৎ উল্লার মস্‌জিদ নির্ম্মাণার্থ মন্দিরের অনেক পাথর খুলিয়া আর্কটে লইয়া যায়। পরে গ্রামবাসীর যত্নে গ্রেণাইট্ পাথর দিয়া মন্দিরের পূর্ণসংস্কার হয়।

গূঢ়োৎপন্ন (পুং) গূঢ়মুৎপন্নঃ। দ্বাদশবিধ পুত্রের মধ্যে একপ্রকার। মনুর মতে, অপরের ঔরসে পুত্র হইলে যদি তাহার প্রকৃত সংবাদ কেহই জানিতে না পারে, তবে যাহার স্ত্রী তাহার পুত্র বলিয়াই গণ্য হয়। এইরূপ গোপনে উৎপন্ন পুত্রকে শাস্ত্রকারগণ গূঢ়োৎপন্ন বলিয়া থাকেন। এই পুত্রও ঔরস এবং ক্ষেত্রজাদির ন্যায় পিতার ত্যজ্য সম্পত্তির অধিকারী হইয়া থাকে।

"ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব দত্তঃ কৃত্রিমএবচ।
গূঢ়োৎপন্নোঽপবিদ্ধশ্চ দায়াদা বান্ধবাশ্চষট্।" (মনু ৯।১৫৯)

গূঢ়োত্মন্ (পুং) গূঢ়শ্চাসৌ-আত্মাচেতি কর্ম্মধা° পৃষোদরাদিত্বাৎ বর্ণবিকারে সাধু। পরমাত্মা।

"এষ সর্ব্বেষু ভূতেষু গুঢ়োত্মা ন প্রকাশতে।" (শ্রুতি)
"ভবেদ্‌বর্ণা গমাদ্ধংসঃ সিংহো বর্ণবিপর্য্যয়াৎ।
গূঢ়োত্মা বর্ণবিকৃতের্বর্ণনাশাৎ পৃষোদরম্॥"
(পা ৬।৩।১০৯ সি° কৌ°)

গূথ (পুং ক্লী) গূ-থক্। (তিথপৃষ্ঠগূথযূথপ্রোথাঃ। উণ্ ২।১২) বিষ্ঠা, চলিত কথায় গু বলে। কোন কোন আভিধানিকের মতে গূথ শব্দে শরীরের মলও বুঝাইয়া থাকে।

গূথলক্ত (পুং স্ত্রী) গূথে বিষ্ঠায়াং রক্তোঽনুরক্তঃ ৭তৎ। পাখীবিশেষ, গুএশালিক। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। [গুএশালিক দেখ।] পর্য্যায়—শরমল্ল, ক্ষুদ্রচূড়, সাল্লিক। (শব্দচন্দ্রি°)

গূন (ত্রি) গূ-ক্ত তস্য নকারঃ। কৃতবিষ্ঠোৎসর্গ, যে ব্যক্তি বিষ্ঠা ত্যাগ করিয়াছে। (অমর)

গূয়া (গুবাক শব্দজ) সুপারী।

গূরণ (ক্লী) গূর উদ্যমে ভাবে ল্যুট্। উদ্যম। (অমরটী° রায়মুকুট)

গূর্ণ (ত্রি) গূর-ক্ত তকারস্য নকারঃ। ১ উদ্যম বিশিষ্ট। ২ প্রশস্ত।

গূর্ত্ত (ত্রি) [বৈ] গূরী উদ্যমে ক্ত নিপাতনাৎ নত্বাভাবঃ। ১ উদ্যমবিশিষ্ট, উদ্‌যুক্ত।

"প্রহোতা গূর্ত্তমনা উরাণোঽযুক্ত যো নাসত্যা হবীমন্।"
(ঋক্ ৬।৬৩।৪) 'প্র গূর্ত্তমনাঃ প্রকর্ষেণ উদ্‌যুক্তমনাঃ' (সায়ণ।)

২ প্রশংসনীয়।

"বীরং দানৌকসং বন্দধ্যৈ পুরাং গূর্ত্তশ্রবসং দর্ভাণং।"
(ঋক্ ১।৬১।৫) 'গূর্ত্তশ্রবসং প্রশস্যান্নং' (সায়ণ।) লৌকিক প্রয়োগে তকারের স্থানে ন হইয়া, গূর্ণ শব্দ হইয়া থাকে।

গূর্ত্তমনস্ (ত্রি) গূর্ত্তং উদ্‌যুক্তং মনো যস্য বহুব্রী। যাহার মন উদ্যোগবিশিষ্ট। [গূর্ত্ত দেখ।]

গূর্ত্তবচস্ (ত্রি) গূর্ত্তং উদ্যতং বচো যস্য বহুব্রী। যাহার বাক্য উদ্যমবিশিষ্ট।

"ইদমিত্থা রৌদ্রং গূর্ত্তবচা।" (ঋক্ ১০।৬১।১)
'গূর্ত্তবচা উদ্যতবচনঃ।' সায়ণ।

গূর্ত্তশ্রবস্ (ত্রি) গূর্ত্তং প্রশংসনীয়ং শ্রবো যস্য বহুব্রী। প্রশস্যান্ন, যাহার ভোজনীয় দ্রব্য প্রশংসনীয়। [গূর্ত্ত দেখ।]

গূর্ত্তাবসু (ত্রি) গূর্ত্তং বসু যস্যাঃ বহুব্রী, সাংহিতিকো দীর্ঘশ্চ। দান করিবার জন্য যাহার হস্তে ধন ধারণ করা হইয়াছে।

"ঈজান মিদ্‌দ্যৌগূর্ত্তাবসু রীজানং।" (ঋক্ ১০।১৩২।১)
'গূর্ত্তং উদ্যতং স্তোতৃভ্যো দানায় হস্তে ধৃতং বসু ধনং যস্যাঃ সা তথোক্তা···অন্যেষামপীতি সাংহিতিকো দীর্ঘঃ' (সায়ণ।)

গূর্ত্তি (ত্রি) গৃণন্তি স্তবন্তি গৃ-কর্ত্তরি-ক্তিচ্ বাহুলাদূত্বঞ্চ। ১ স্তোতা, স্তবকর্ত্তা।

"তং গূর্ত্তয়ো নেমন্নিষঃ পরীণসঃ।" (ঋক্ ১।৫৬।২)
'গূর্ত্তয়ঃ স্তোতারঃ।' (সায়ণ।)

(স্ত্রী) গূর-ভাবে ক্তিন্। ২ স্তুতি।

"শিশুং ন যজ্ঞৈঃ স্বদয়ন্ত গূর্ত্তিভিঃ।" (ঋক্ ৯।১০৫।১)
'গূর্ত্তিভিঃ স্তুতিভিঃ' (সায়ণ।) লৌকিক ব্যবহারে গূর্ণি শব্দ হয়।

গূবাক (পুং) গুবাক-পৃষোদরাদিবৎ সাধু। [গুবাক দেখ।]

গূষণা (স্ত্রী) ময়ূরচন্দ্রক, ময়ূরপুচ্ছের চক্র। (শব্দচন্দ্রিকা)

গূহন (ক্লী) গূহ-ল্যুট্। গোপন।

গূহিতব্য (ত্রি) গূহ-তব্য। গোপনীয়, যাহা গোপন করা উচিত।

গৃঞ্জ (ক্লী) গৃজি-অচ্। গৃঞ্জন, রশুন।

"পথ্যাবচা হিন্দুকলিঙ্গগৃঞ্জসৌবর্চলৈঃ সাতিবিষৈশ্চ চূর্ণম্।"
(সুশ্রুত, উত্তর ৫৬)

গৃঞ্জন (ক্লী) গৃঞ্জ্যতে অভক্ষ্যত্বেন কথ্যতে গৃজি ল্যুট্। ১ বিষাক্ত পশু মাংস, (বিষাদি প্রয়োগে যে পশু মারা হয় তাহার মাংস।) ২ মূলবিশেষ, চলিত কথায় সল্‌গম বা গাজর বলে। (Prassica rapa) পর্য্যায়—শিখিমূল, যবনেষ্ট, বর্ত্তুল, গ্রন্থিমূল, শিখাকন্দ, কন্দ, ডিণ্ডীরমোদক। আরবে লফৎ, পারস্যে গোংলু ও ব্রহ্মে মূলদোবেং বলে। য়ুরোপ ও এসিয়ার নানাস্থানে এই গাছ জন্মে, বর্ষাকালে ইহার চাষ হয়। বৈদ্যকমতে ইহার গুণ - কটু, উষ্ণ, কফ, বাতরোগ ও গুল্মরোগনাশক, রুচিকর, দীপন, হৃদ্য ও দুর্গন্ধ। (রাজনি°।)

মনুর মতে সজ্ঞানে গৃঞ্জন ভক্ষণ করিলে ব্রাহ্মণ পতিত হয়। অজ্ঞানে গৃঞ্জন ভক্ষণে কৃচ্ছ্রসান্তপন অথবা যতিচান্দ্রায়ণ করিয়া পাপ হইতে নিষ্কৃতি লাভ করিতে পারে। (মনু ৫।১৯, ২০)

(পুং) ৩ মূলবিশেষ, রসোন, রসুন। (মেদিনী) ৪ রক্তবর্ণ রসোন, লাল রসুন। (রাজনি°।)

গৃঞ্জনক (পুং) গৃঞ্জন্ স্বার্থে কন্। গৃঞ্জন। "শোভাঞ্জনঃ কোবিদারস্তথাগৃঞ্জনকাদয়ঃ।" (ভারত আনু° ৯১ অঃ)

গৃঞ্জিন (পুং) যদুবংশীয় শূরের পুত্র, বসুদেবের ভ্রাতা।
(হরি° ৩৫ অঃ)

গৃণীষন্ (পুং) [বৈ] স্তোত্রে, স্তব। "অগ্নি মগ্নিং বঃ সমিধা দুবস্যত প্রিয়ং প্রিয়ং বো অতিথিং গৃণীষণি।" (ঋক্ ৬।১৫।৬)
'গৃণীষণীতি সপ্তম্যন্তং। গৃণীষণি স্তোত্রে' (সায়ণ।)

গৃণ্ডীব (পুং স্ত্রী) বৃহৎশৃগাল, বড় শেয়াল। পর্য্যায়—লোপাক। (হেম°) স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। কোন কোন স্থলে গৃণ্ডিব পাঠও দৃষ্ট হয়।

গৃৎস (পুং) গৃধ্যতি লিপ্সতি অনেন গৃধ স-কিৎ, দকারান্তাদেশশ্চ। (গৃধিপণ্যোর্দকৌচ। উণ্ ৩।৬৯।) ১ কামদেব।

(উজ্জ্বল॰) (ত্রি) ২ স্তবকর্ত্তা, যে স্তব করে। "অগ্নিং হোতারং প্রবৃণে মিয়েধে গৃৎসং কবিং বিশ্ববিদমমূরম্।" (ঋক্ ৩।১৯।১)

'গৃৎসং গৃণন্তং দেবানাং স্তুতিং কুর্ব্বন্তং' (সায়ণ।)

৩ স্তুত্য, যাহাকে স্তব করা উচিত, স্তবের যোগ্য।

"গৃৎসো রাজা বরুণশ্চক্র এতং।" (ঋক্ ৭।৮৭।৫)

'গৃৎসঃ স্তুত্যঃ' (সায়ণ।)

৪ মেধাবী, যাহার মেধা আছে। "স গৃৎসোঅগ্নিস্তরুণশ্চিদস্তু।" (ঋক্ ৭।৪।২) 'গৃৎসো মেধাবী' (সায়ণ।)

৫ বিষয়াভিলাষী।

"গৃৎসেভ্যো গৃৎসপতিভ্যশ্চ বো নমঃ।" (বাজসনেয়॰ ১৬।২৫)

'গৃৎসাঃ বিষয়লম্পটাঃ মেধাবিনো বা' (মহীধর।)

গৃৎসপতি (পুং) গৃৎসানাং বিষয়াভিলাষিণাং মেধাবিনাং বা পতিঃ ৬তৎ। ১ বিষয়াভিলাষীগণের প্রতিপালক রুদ্র। ২ মেধাবিপ্রতিপালক রুদ্র। [গৃৎস দেখ।]

গৃৎসমতি (পুং) একজন রাজা, ইনি বৃহস্পতিবংশীয় সুহোত্রের ঔরসে জন্মগ্রহণ করেন। (হরিবংশ ৩২ অঃ।)

গৃৎসমদ (পুং) একজন মুনি, শুনকগোত্রের প্রবর-প্রবর্ত্তক।

"শুনকানাং গৃৎসমদেতি" (আশ্ব॰ শ্রৌ॰ ১২।১০।১৩)

বিষ্ণুপুরাণের মতে ইনি ক্ষত্রবৃদ্ধবংশীয় সুহোত্রের তৃতীয় পুত্র, ইহার পুত্রের নাম শুনক। (বিষ্ণুপুরাণ ৪।৮ অঃ)

মহাভারতে লিখিত আছে যে পূর্ব্বকালে দেবরাজ ইন্দ্র সহস্রবৎসরব্যাপী একটী যজ্ঞের অনুষ্ঠান করেন। মহর্ষি গৃৎসমদ ঐ যজ্ঞে সামবেদ পাঠ করিতে ছিলেন। তাঁহার পাঠ সম্যক্ না হওয়ায় চাক্ষুষমনুর পুত্র ভগবান্ বরিষ্ঠ তাঁহাকে শাপ দেন, সেই শাপে ইনি মৃগ হইয়া জন্ম গ্রহণ করেন। ১১৮০০ বৎসর মৃগরূপে জলবায়ুবিহীন বিশাল কান্তারে বাস করেন। পরে আপনার দুর্দ্দশা দূর করিবার মানসে মহাদেবের স্তব করেন। মহাদেবের বরে ইহার সহিত ইন্দ্রের সখ্যভাব হয় এবং ইনি সর্ব্বশাস্ত্র পারদর্শী হইয়াছিলেন।

(ভারত আনু ১৮ অঃ।)

২ ব্রহ্মর্ষি বীতহব্যের পুত্র। ইহাকে দেখিতে ঠিক দেবরাজ ইন্দ্র বলিয়া বোধ হইত। একদিন ইন্দ্রদ্বেষী দৈত্যগণ ইন্দ্র ভাবিয়া ইহাকে ধরিয়া লইয়া যায়। ইনি অনেক কষ্টে তাঁহাদের হাত হইতে মুক্ত হন। ঋগ্বেদে ইহার অনেক প্রশংসা দেখিতে পাওয়া যায়। (ভারত আনু॰ ৩০ অঃ)

গৃদ্ধিন্ [গর্দ্ধিন্ দেখ।]

গৃধু (পুং) গৃধ্যত্যনেনাস্মাদ্বা গৃধ-কু। (পৃভিদিব্যধিগৃধি ধৃষিদৃশিভ্যঃ। উণ্ ১।২৪।) ১ কাম, কন্দর্প। (উণাদিকোষ)

(ত্রি) ২ অভিলাষুক। (সংক্ষিপ্তসা॰ উণা॰)

গৃধূ (পুং) গৃধ বাহুলকাৎ কু। ১ বৃদ্ধি। ২ কুৎসিত। ৩ অপান। (সংক্ষিপ্তসা॰ উণা॰)

গৃধ্ন (ত্রি) গৃধ্নু পৃষাদরাদিত্বাদুকারস্য অকারঃ। [গৃধ্নু দেখ।]

গৃধ্নু (ত্রি) গৃধ্যতি কাময়তে লিপ্সতি বা ধনমিতিশেষঃ। গৃধ-ক্নু (ত্রসিগৃধিধৃষিক্ষিপেঃ ক্নুঃ। পা ৩। ২। ১৪০)

লুব্ধ, লোভযুক্ত। "অগৃধ্নুরাদদে সোঽর্থান্।" (রঘু ১ সং)

গৃধ্নুতা (স্ত্রী) গৃধ্নোর্ভাবঃ গৃধ্নু তল্ টাপ্। অভিলাষ, অতিশয় ইচ্ছা, লুব্ধতা। (ত্রিকাণ্ড॰)

গৃধ্য (ত্রি) গৃধ কর্ম্মণি ক্যপ্। ১ অভিলষণীয়, বাঞ্ছনীয়।

"গৃধ্যমর্থ মুবাপ্সসি।" (ভট্টি ৬। ৫৫)

(ক্লী) গৃধ ভাবে ক্যপ্। ২ ইচ্ছা, অভিলাষ।

গৃধ্যিন্ (ত্রি) গৃধ্যমস্যাস্তি গৃধ্য ইনি। অভিলাষযুক্ত, অভিলাষী।

"নেমাং হিংস্র্য র্বনে বালাং ক্রব্যাদা মাংসগৃধ্যিনঃ।"

(ভারত ১০।৭২ অঃ)

গৃধ্র (পুং স্ত্রী) গৃধ্যতি অভিকাঙ্ক্ষতি মাংসং গৃধ-ক্রন্ (সুসূধাঞ্ গৃধিভ্যঃ ক্রন্। (উণ্ ২।২৪) ১ পক্ষীবিশেষ, একপ্রকার শকুনি। পর্য্যায়—দাক্ষায্য, বজ্রতুণ্ড, দূরদর্শন।

"আসন্নমৃত্যোর্নিয়তং চরন্তি গৃধ্রাদয়ো মূর্দ্ধি গৃহোর্দ্ধভাগে।"

(শাকুনশাস্ত্র)

মাথার উপরে অথবা যাহার গৃহের উপরিভাগে নিয়ত গৃধ্র ভ্রমণ করে, তাহার মৃত্যু নিকটবর্ত্তী জানিবে।

২ পাখী। "তৌ সীতান্বেষিণৌ গৃধ্রং লূনপক্ষমপশ্যতাং।" (রঘু) (ত্রি) ৩ লুব্ধ। "শত্রৈ র্জয়গৃধ্রাঃ প্রহারিণঃ।" (ভারত, ৭।৭ অঃ) স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। [গৃধ্রী দেখ।]

গৃধ্রকূট (পুং) গৃধ্রপ্রধানং কূটং যস্য বহুব্রী। মগধদেশের মধ্যবর্ত্তী একটী পর্ব্বত। এই পর্ব্বতটী গিরিব্রজ হইতে ২½ মাইল দূরে অবস্থিত। ইহার অপর নাম শৈলগিরি।

"গোলাঙ্গুলৈর্মহাভাগো গৃধ্রকূটে হভিরক্ষিতঃ।"

[রাজগৃহ দেখ।] (ভারত শান্তি॰ ৪৯ অঃ।)

গৃধ্রচক্র (পুং) গৃধ্র ও চক্রবাক।

গৃধ্রজম্বুক (পুং) শিবের এক অনুচর।

গৃধ্রনখী (স্ত্রী) গৃধ্রস্য নখস্তদাকারো হস্ত্যস্যাঃ গৃধ্রনখ-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ কাকাদনী বৃক্ষ, কালিয়াকড়া। (রত্নমালা।) ২ কোলিবৃক্ষ, কুলগাছ। (ত্রিকাণ্ড)

"সৌবীরকং শতাবরী গৃধ্রনখ্যশ্চ।" (সুশ্রুত সূত্র॰ ৩৮ অঃ)

গৃধ্রপতি (পুং) গৃধ্রাণাং পতিঃ ৬তৎ। গৃধ্রগণের অধীশ্বর।

গৃধ্রপত্র (পুং) গৃধ্রস্য পত্রমিব পত্রমস্য বহুব্রী। ১ বাণ। ২ কার্ত্তিকের একজন সৈনিক।

গৃধ্রপত্রা (স্ত্রী) গৃধ্রস্য পত্রমিব পত্রং যস্যাঃ বহুব্রী। ধূমপত্রা বৃক্ষ।

গৃধ্রমল (পুং) গৃধ্রস্য মলঃ ৬তৎ। গৃধ্রপক্ষীর বিষ্ঠা, শকুনের মল। (চক্রদত্ত)

গৃধ্রমোজান্তক (পুং) শ্বফল্কের একপুত্র।

গৃধ্রযাতু (পুং) গৃধ্ররূপেণ যাতি যা-তুন্। অথবা গৃধ্রৈঃ পরিকরভূতৈঃ সহ যাতয়তি যাত-উণ্। রাক্ষসবিশেষ, যাহারা গৃধ্ররূপ ধারণ করিয়া গমনাগমন করে; অথবা যাহারা গৃধ্র পরিকরের সহিত হিংসা করে।

"সুবর্ণযাতুমুতগৃধ্রযাতুং দৃষদেব প্রমৃণ রক্ষ ইন্দ্র।" (ঋক্ ৭।১০৪।২২) 'গৃধ্রযাতুং গৃধ্ররূপঞ্চ যাতুধানং।' (সায়ণ।) এই মন্ত্রের ভাষ্যে দ্বিতীয় প্রকার অর্থও লিখিত আছে।

গৃধ্ররাজ (পুং) গৃধ্রাণাং পক্ষিণাং রাজা ৬তৎ। গরুড়ের পুত্র, জটায়ুপক্ষী।

"নির্বিভেদসুতীক্ষ্ণাগ্রৈ র্গৃধ্ররাজং শিলাসিতৈঃ॥" (রামায়ণ)

গৃধ্রপতি প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত হয়।

গৃধ্রবট (পুং) গৃধ্রোপলক্ষিতো বটোঽত্র বহুব্রী। তীর্থবিশেষ, দেবস্থান। এই তীর্থে বৃষভবাহন মহাদেব আছেন। সেই স্থানে উপস্থিত হইয়া স্নান করিয়া শরীরে ভস্ম মাখিলে ব্রাহ্মণগণের দ্বাদশবার্ষিক ব্রতানুষ্ঠানের সমান ফল হয়। ইতর বর্ণের সকল পাপ বিনষ্ট হয়। (ভারত ৩।৮৪ অঃ।)

গৃধ্রসদ্ (ত্রি) গৃধ্রে সীদতি গৃধ্রেণ সীদতি গচ্ছতি বা সদ্-ক্বিপ্। যিনি গৃধ্রে উপবেশন করেন অথবা গৃধ্র আরোহণ করিয়া গমন করেন। "শ্যেন সদসি গৃধ্রসদসি সুপর্ণসদসি নাকসদসি।" (তৈত্তি॰সং॰ ৪।৪।৭।১)

গৃধ্রসী (স্ত্রী) গৃধ্রমপি স্যতি সো-ক গৌরাদিত্বাৎ ঙীষ্। বাতরোগবিশেষ। (Lumbago.) ভাবপ্রকাশে ইহার লক্ষণাদি এইরূপ লিখিত আছে। কুপিত বায়ু নিতম্বদেশ আশ্রয় করিয়া তাহার স্তব্ধতা ও বেদনা উৎপাদন করে, ইহাতে নিতম্বস্থান বার বার স্পন্দিত হইতে থাকে। ইহাকেই গৃধ্রসী বলা যায়। ক্রমে রোগ বর্দ্ধিত ও গাঢ়মূল হইলে উরু, কটি, পৃষ্ঠ, জানু, জঙ্ঘা ও পদদ্বয়কে আশ্রয় করিয়া সেই সেই স্থানেরও স্তব্ধতা, বেদনা এবং স্পন্দন উৎপাদন করে।

এই গৃধ্রসী রোগ আবার দুইপ্রকার—অসংসৃষ্ট বায়ুজনিত এবং কফসংসৃষ্টবায়ুজনিত। অসংসৃষ্ট বায়ুজ গৃধ্রসীরোগে বেদনা, দেহের অত্যন্ত বক্রতা, এবং জানু, জঙ্ঘা ও উরুসন্ধির অত্যন্ত স্তব্ধতা ও স্ফুরণ হয়। কফসংসৃষ্ট বায়ুজনিত গৃধ্রসীরোগে শরীরের গুরুতা, অগ্নিমান্দ্য, তন্দ্রা, মুখ হইতে লালস্রাব, এবং অরুচি হয়।

গৃধ্রসী রোগাক্রান্ত ব্যক্তিকে প্রথমে বিরেচন বা বমন দ্বারা শোধন করিবে। রোগীর আমদোষ না থাকিলে অথবা অগ্নি বৃদ্ধি থাকিলে বস্তিক্রিয়াদ্বারা চিকিৎসা করিবে। বিরেচন বা বমনে শোধন না করিয়া বস্তিক্রিয়া করিবে না।

প্রাতে গোমূত্রের সহিত ভেরেণ্ডার তেল অল্পমাত্রায় একমাস পর্য্যন্ত সেবন করিলে গৃধ্রসীরোগ ভাল হয়। আদার রস, ছোলঙ্গ নেবুর রস, আমরুলের রস ও গুড় সমভাগে লইয়া তৈল অথবা ঘৃত প্রক্ষেপ দিয়া পান করিলে গৃধ্রসীর প্রতীকার হয়। ভেরাণ্ডারমূল, বেলমূল, বৃহতী ও কণ্টকারী এই সমুদায় ২ তোলা, আধসের জলে সিদ্ধ করিয়া আধপোয়া থাকিতে নামাইবে। ইহাতে কিঞ্চিৎ সৌবর্চ্চলবণ প্রক্ষেপ দিয়া পান করিলে গৃধ্রসীজনিত শূল নষ্ট হয়। গোমূত্র ও এরণ্ডতৈল ৪ তোলা ইহার সহিত ৪ মাষা পিপ্পলীচূর্ণ মিশ্রিত করিয়া পান করিলে বহুকালের বাত কফজন্য গৃধ্রসীরোগও ভাল হয়। বাসক, দন্তী ও সোঁদাল ২ তোলা আধসের জলে সিদ্ধ করিয়া আধপোয়া থাকিতে নামাইবে, ভাল করিয়া ছাকিয়া তাহাতে কিঞ্চিৎ এরণ্ডতৈল মিশ্রিত করিয়া পান করিলে অচল গৃধ্রসীরোগীর স্তব্ধতা দূর হইয়া গমনশক্তির সঞ্চার হয়।

রাস্না-গুগ্‌গুলু, রাস্নাসপ্তকক্বাথ ও পথ্যাদিগুগ্‌গুলু প্রভৃতি ঔষধও ইহাতে প্রযোজ্য। (ভাবপ্র॰ মধ্য॰ ২ ভাগ)

[বাত দেখ।]

গৃধ্রাণ (পুং) ১ গৃধ্রের ন্যায় স্বভাব। ২ গৃধ্রপত্রাবৃক্ষ।

গৃধ্রাণী (স্ত্রী) গৃধ্রইবানিতি অন্-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্ সংজ্ঞায়াং ণত্বং। ধূম্রপত্রাবৃক্ষ। (বৈদ্যক)

গৃধ্রী (স্ত্রী) কশ্যপের স্ত্রী তাম্রার এক কন্যা। (বিষ্ণুপু॰ ১।২১।১৫)

গৃভ্ (স্ত্রী) [বৈ] ইড়া।

"পুরা পৌরষেয্যা গৃভো ঘন্তাং।" (বাজসনেয় সং ২১।৪৩)

'গৃভঃ গৃহ্যতে ভক্ষ্যার্থমিতি গৃপ্ তস্যা গৃভ ইড়ায়াঃ' (মহীধর।)

গৃভ (পুং) গৃহ হকারস্য ভকারঃ ছান্দসত্বাৎ। গৃহ।

"ন্যু ম্রিয়ন্তে যশসো গৃভাদা দূর উপব্দো বৃষণো নৃষাচ।" (ঋক্ ৭।২১।২) 'গৃভাদ্ গৃহাৎ' (সায়ণ।)

গৃভি (পুং) গ্রহ-কি সংপ্রসারণং ছান্দসত্বাৎ হকারস্য ভকারঃ।

"বনস্পতীনাং গৃভিরোষধীনাং।" (অথর্ব্ব ১২।১।৫৭)

গৃভীত (ত্রি) গ্রহ-ক্ত ছান্দসত্বাৎ হকারস্য ভকারঃ। ১ গৃহীত।

"রাতিং গৃভীতাং মুখতোনয়ন্তি।" (ঋক্ ১।৬২।২) 'গৃভীতাং গৃহীতাং' (সায়ণ।)

২ গৃহীত যজ্ঞ, যাহারা যজ্ঞ গ্রহণ করিয়াছেন।

"মন্দী গৃভীততাতয়ে সিংহমিব দ্রুহস্পদে!" (ঋক্ ৫।৭৪।৪)

'গৃভীততাতয়ে গৃহীতযজ্ঞসন্তানায়' (সায়ণ।)

লৌকিক আর্ষ বাক্যেও ইহার প্রয়োগ আছে—

"জয় জয় জহুজামজিতদোষ গৃভীতগুণাং।"

(ভাগবত ১০।৮৭।১৪)

গৃভীততাতি (স্ত্রী) [বৈ]- গৃভীতানাং গৃহীতযজ্ঞানাং তাতিঃ ৬তৎ। গৃহীতযজ্ঞসমূহ। [গৃহীত দেখ।]

গৃষ্টি (স্ত্রী) গৃহ্লাতি সকৃদ্‌গর্ভং গ্রহ কর্ত্তরি ক্তিচ্ পৃষোদরাদিৎ সাধু। ১ একবার প্রসূত ধেনু। পর্য্যায় সকৃৎপ্রসূতিকা।

"গৃষ্টিঃ সসুব স্থবিরং তবাগাং" (ঋক্ ৪। ১৮। ১০)

গৃষ্টি শব্দের সহিত জাতিবাচক শব্দের কর্ম্মধারয় সমাস হয় এবং গৃষ্টির পরনিপাত হয়। যথা--গোগৃষ্টিঃ। গৃষ্টিশব্দের উত্তর বিকল্পে ঙীপ্ হয়।

২ সকৃৎপ্রসূতা স্ত্রী। (শব্দার্থচিং) ৩ বরাহক্রান্তা। (অমর) ৪ বদরবৃক্ষ। ৫ কাশ্মরী। (রাজনিং)

গৃষ্ট্যা (স্ত্রী) বৎসা।

গৃষ্ট্যাদি (পুং) গৃষ্টিরাদি র্যস্য বহুব্রী। পাণিনীয় একটী গণ, ইহার উত্তর অপত্যার্থে ঢক্ প্রত্যয় হয়। গৃষ্টি, হৃষ্টি, বলি, হলি, বিশ্রি, কুদ্রি, অজবস্তি ও মিত্রয়ু, এই কয়টী শব্দ লইয়া গৃষ্ট্যাদিগণ।

গৃহ্ (ক্লী) গৃহ্যতে ধর্ম্মাচরণায় গ্রহ-ক। ১ গেহ, ঘর, ইষ্টকাদি রচিত বাসস্থান। গৃহশব্দটী অর্দ্ধর্চ্চাদি গণান্তর্গত বলিয়া উভয়লিঙ্গ হয়। পুংলিঙ্গে গৃহ শব্দটী বহুবচনান্ত, তাহার উত্তর একবচন বা দ্বিবচন হয় না।

"গৃহৈর্বিশালৈঃ রপি ভূরিশালৈঃ।" (মাঘ) পর্য্যায়—গেহ, উদ্‌বসতি, বেশ্ম, সদ্ম, নিকেতন, নিশান্ত, বস্ত্য, সদন, ভবন, অগার, মন্দির, নিকায্য, নিলয়, আলয়, বাস, কুট, শালা, সভা, পস্ত্য, সাদন, আগার, কুটীর, কুটি, নিকেত, সালা, মন্দিরা, ওক, নিবাস, সংবাস, আবাস, অধিবাস, নিবসতি, বসতি, কেতন, গয়, কন্দর, গর্ত্ত, হর্ম্ম্য, অস্ত, দুরোণ, নীল, দুর্য্য, স্বসরাণি, অমা, দমে, বৃত্তি, যোনি, শরণ, বরূথ, ছর্দ্দি, ছদি, ছয়া, শর্ম্ম, অজ।

সংসারী সকলেই গৃহে বাস করেন। কি ধনী কি দরিদ্র যিনি যেরূপ অবস্থায় হউন না কেন সকলেরই গৃহের আবশ্যক, গৃহ না থাকিলে কাহারও চলিতে পারে না এই কারণে আর্য্যগণ কি প্রকারে গৃহনির্ম্মাণ করিতে হয় এবং তাহার শুভাশুভ সংস্কৃত ভাষায় লিপিবদ্ধ করিয়াছেন। সেই সকল প্রাচীন লিপি অনুধাবন করিলে জানিতে পারা যায় যে সর্ব্বপ্রথমে গৃহ প্রস্তুত করিবার নিয়ম ছিল না। তাহার পরে দিন দিন উন্নতি বা রুচির পরিবর্ত্তন হইলে আর্য্যগণ অনেক গবেষণায় গৃহপ্রস্তুত করিবার প্রণালী বাহির করেন এবং পরে দিন দিন তাহারই উন্নতি ও নূতন নূতন নিয়ম উদ্‌ভাবিত হইয়াছে। মৎস্যপুরাণে লিখিত আছে যে, "ভৃগু, অত্রি, বশিষ্ঠ, বিশ্বকর্ম্মা, ময়, নারদ, নগ্নজিৎ, বিশালাক্ষ, পুরন্দর, ব্রহ্মা, কুমার, নন্দীশ্বর, শৌনক, গর্গ, বাসুদেব, অনিরুদ্ধ, শুক্র ও বৃহস্পতি এই আঠারজনই বাস্তুশাস্ত্রের উপদেষ্টা (১)।" ইহাদের প্রত্যেকের প্রণীতই এক একখানি বাস্তুশাস্ত্র আছে। তাহার মধ্যে ময়কৃত 'ময়শিল্প', বিশ্বকর্ম্মোক্ত 'বিশ্বকর্ম্মপ্রকাশ' 'বিশ্বকর্ম্মশিল্প', মানবসার শিল্প ও রাজবল্লভমণ্ডন এই কয়খানি গ্রন্থে গৃহসম্বন্ধীয় বিস্তৃত বিবরণ পাওয়া যায়। ইহা ছাড়া মৎস্যপুরাণ ও বৃহৎসংহিতা প্রভৃতিতেও অনেক বিবরণ আছে। উক্ত প্রাচীন গ্রন্থাদির মতানুসারেই গৃহনির্ম্মাণ প্রণালী লিখিত হইল।

যে স্থানে গৃহ প্রস্তুত করিতে হইবে, সর্ব্বপ্রথমে সেই স্থানের মৃত্তিকা পরীক্ষা করিয়া দেখিতে হয়। বিশ্বকর্ম্মা মৃত্তিকাপরীক্ষাপ্রণালী এইরূপ স্থির করিয়াছেন। মৃত্তিকা সাধারণতঃ চারিপ্রকার—ব্রাহ্মণী, ক্ষত্রিণী, বৈশ্যা ও শূদ্রিণী। যে মৃত্তিকার রঙ্ শাদা, উৎকৃষ্ট গন্ধ ও মধুররস, তাহাকে ব্রাহ্মণী; রক্তের ন্যায় গন্ধবিশিষ্ট, কষায়রস ও লালরঙের মৃত্তিকাকে ক্ষত্রিণী; মধুতুল্য গন্ধবিশিষ্ট, অম্লরস ও শীতবর্ণ মৃত্তিকাকে বৈশ্যা এবং যে মৃত্তিকার রঙ্ কাল, গন্ধ মদের সদৃশ ও রস তিক্ত তাহাকে শূদ্রিণী বলে। এই চারি প্রকার মৃত্তিকা যথাক্রমে চারি বর্ণের প্রশস্ত জানিবে। চতুরস্র দ্বিপাকার সিংহাকৃতি বৃষভসদৃশ গোলাকার ভদ্রপীঠ ত্রিশূল বা লিঙ্গ সদৃশ ভূমিই প্রশস্ত। ত্রিকোণ শকটাকার মৃদঙ্গতুল্য সর্প বা ভেক সদৃশ গাধা অজগর প্রভৃতির ন্যায় আকৃতিবিশিষ্ট ধনুক বা পরুশুর তুল্য এবং দুর্গন্ধযুক্ত ভূমি বর্জনীয়, এইরূপ ভূমিতে গৃহনির্ম্মাণ করিবে না। যে স্থানটী দেখিতে অতিশয় মনোরম, সেই স্থানই পরীক্ষা করিয়া দেখিবে। দৃঢ় অথচ নিম্নভূমি ব্রাহ্মণের পক্ষে ভাল। ক্ষত্রিয়েরা গভীর ভূমি, বৈশ্যগণ উন্নত ভূমি ও শূদ্রগণ সমভূমিতে গৃহনির্ম্মাণ করিলে ভাল হয়।

যে স্থানে অনেক কুশ, কাশ, ব্রাহ্মী বা দূর্ব্বা জন্মে, সেই স্থান ক্ষত্রিয়গণের, ফল ও পুষ্পযুক্তস্থান বৈশ্যগণের এবং সাধারণ তৃণযুক্ত স্থান শূদ্রগণের পক্ষে প্রশস্ত। যে স্থানে নদীপাত বা বড় বড় পাষাণ থাকে, যাহা দেখিতে মুসলের

(১) "ভৃগু রত্রিবশিষ্টশ্চ বিশ্বকর্ম্মা ময়স্তথা।
নারদো নগ্নজিচ্চৈব বিশালাক্ষ্যপুরন্দরঃ॥
ব্রহ্মা কুমারো নন্দীশঃ শৌনকো গর্গএবচ।
বাসুদেবো হনিরুদ্ধশ্চ তথা শুক্রবৃহস্পতী॥
অষ্টাদশৈতে বিখ্যাতা বাস্তুশাস্ত্রোপদেশকাঃ॥ মৎস্যপু ২৫২ অঃ॥

সদৃশ, অতিশয় বায়ুর আঘাতে পীড়িত, বিকটাকার বা বল্লতৃণ বা ভল্লকযুক্ত, যাহার নিকটে চৈত্য, শ্মশান, বল্মীক বা ধূর্ত্তগণের আবাস, যে স্থান চতুষ্পথ, দেবালয় বা মন্ত্রিভবনের নিকটবর্ত্তী, যাহাতে অনেকগর্ত্ত দেখিতে পাওয়া যায়, সেই স্থান মনোহর হইলেও পরিত্যাগ করিবে।

যে বর্ণের যে রঙের ও যে গন্ধযুক্ত মৃত্তিকা প্রশস্ত, তাহাতে গৃহ নির্ম্মাণ করিলে ধন ও ধান্যের বৃদ্ধি এবং সুখ হইয়া থাকে। কিন্তু ইহার বিপরীত করিলে বিপরীত ফল হয়, চতুরস্র ভূমিতে গৃহ নির্ম্মাণ করিলে ধনবৃদ্ধি, সিংহাকার স্থানে গৃহনির্ম্মাণে গুণযুক্ত পুত্রলাভ, বৃষসদৃশ স্থানে পশুবৃদ্ধি, বৃত্তাকারে বিত্তলাভ, ভদ্রপীঠ ও ত্রিশূলাকার ভূমিতে বীরের জন্ম ও নানাবিধ সুখলাভ হইয়া থাকে। লিঙ্গাভ ভূমি লিঙ্গীর পক্ষে প্রশস্ত। প্রসাদ ধ্বজসদৃশ স্থানে পদোন্নতি এবং কুম্ভাকার, ত্রিকোণ, শকটাকার ও সূর্প বা ব্যজন সদৃশ স্থানে গৃহ করিলে যথাক্রমে ধনবৃদ্ধি, সুখ, সৌখ্য, অর্থ ও ধনহানি হয়। মৃদঙ্গাকার ভূমি বংশনাশিনী, সর্প বা মণ্ডুকাকার ভূমিতে গৃহ করিলে ভয়, গর্দ্দভসদৃশ স্থানে ধননাশ, অজগর সদৃশে মৃত্যু ও চিপিটাভূমিতে পৌরুষ হানি হইয়া থাকে। চৈত্যের নিকটে গৃহ করিলে গৃহস্বামীর ভয়, ধূর্ত্তালয়ের নিকটে পুত্রের মরণ, চতুষ্পথে অকীর্ত্তি ও মন্ত্রীর নিকটে গৃহ করিলে অর্থহানি হয়। এই প্রকার নিন্দনীয় প্রত্যেক স্থানের মন্দফল ও প্রশস্ত স্থানের এক একটী ভাল ফল শাস্ত্রকারগণ নির্দ্দেশ করেন। (সেই সকল বিবরণ মূলগ্রন্থে দ্রষ্টব্য।)

স্থান মনোনীত হইলে সেই স্থানে এক হাত পরিমাণ একটী গর্ত্ত খুঁড়িবে। সেই গর্ত্তের মাটি উপরে উঠাইয়া পুনর্ব্বার তাহা দ্বারাই গর্ত্তটীকে পূর্ণ করিবে। মাটি বেশী হইলে ভাল, সমান সমান হইলে মধ্যম কিন্তু কম হইলে সেই স্থানকে অধম বলিয়া জানিবে। অধমস্থানে গৃহ করিলে গৃহস্বামীর অমঙ্গল হয়। অথবা উক্ত গর্ত্ত জলদ্বারা পূর্ণ করিয়া একশত পদ গমন করিবে, ফিরিয়া আসিয়া যদি দেখিতে পাওয়া যায় যে সেই জল একটুকও কম হয় নাই তবে সেই ভূমি অতিশয় প্রশস্ত। কিম্বা ঐ গর্ত্তে এক আঢ়ক জল ঢালিয়া দিয়া একশত পদ গমনের পর আসিয়া উত্তোলন করিবে, তাহাতে যদি ঐ জল ৬৪ পল হয় তবেও সেই ভূমিকে শুভপ্রদ জানিবে। কাচা মৃত্তিকাপাত্রে চারিটী বর্ত্তি জ্বালিয়া ঐ গর্ত্তের মধ্যে রাখিয়া দিবে, যে দিকের বাতি অধিক জ্বলিবে, সেই দিকই প্রশস্ত। ঐ গর্ত্তের মধ্যে শ্বেত, রক্ত, পীত ও কৃষ্ণবর্ণের চারিটী ফুল রাখিয়া দিবে, পরদিন প্রাতে যে বর্ণের ফুল ম্লান হয় নাই দেখিতে পাওয়া যাইবে, সেই জাতির পক্ষে সেই স্থান মঙ্গলকর জানিবে। বরাহমিহির বলেন যে, শাস্ত্রকারগণ ভূমির বহুবিধ পরীক্ষা নির্দ্দেশ করিয়াছেন, তাহার মধ্যে যেটী গৃহস্বামীর মনোমত হয়, সেইটী দ্বারা পরীক্ষা করিলেই চলিতে পারে; একস্থানে অনেক রকম পরীক্ষা করিতে হয় না।

যে স্থান গৃহ করিবার জন্য মনোনীত হইয়াছে সেই স্থান হল দ্বারা চাষ করিয়া সর্ব্ববীজ রোপণ করিবে, উপ্তবীজ তিন রাত্রির মধ্যে অঙ্কুরিত হইলে ভাল, তিনরাত্রির পর পাঁচ রাত্রির মধ্যে অঙ্কুরিত হইলে তাহাকে অধম বলে। ব্রীহি, শালি, মুদ্গ, গোধূম, সর্ষপ, তিল ও যব এই সাতটীকে সর্ব্ব বীজ বলা হইয়া থাকে।

এই রকমে বাস্তু ভূমি ও তাহার মৃত্তিকার পরীক্ষা করিয়া পরে শুভদিনে শুভলগ্নে সমস্ত শুভ শকুন উপস্থিত হইলে গৃহস্বামী স্থপতিগণের সহিত সেইস্থানে গমন করিবেন।

বৃহৎসংহিতায় লিখিত আছে যে, গৃহারম্ভের পূর্ব্বে সর্ব্ব প্রথমে বাস্তু ভূমিতে হলাকর্ষণ করিয়া বীজরোপণ করিবে। পরে সেইস্থানে এক দিবারাত্র ব্রাহ্মণ ও গোরু বাস করাইবে। ইহার পরেই সেইস্থানে গৃহারম্ভ করিতে হয়। (বৃহৎস° ৫৩।৯৮) [গৃহারম্ভের শুভ ও অশুভ চিহ্ন শকুন শব্দে দ্রষ্টব্য।]

বৃহৎসংহিতার মতে সমস্ত বাস্তু গৃহ পাঁচভাগে বিভক্ত, তাহার মধ্যে প্রথমটী উত্তম, দ্বিতীয়টী প্রথমাপেক্ষায় অধম এবং তদপেক্ষা তৃতীয়াদি। গৃহের এই পাঁচপ্রকার ভেদ পরিমাণ অনুসারে হইয়া থাকে। যে গৃহের বিস্তার ১০৮ হাত ও দৈর্ঘ্যে বিস্তারের সহিত তাহার চতুর্থাংশ ১৩৫ হাত, তাহাই রাজার উত্তম গৃহ এবং উহার বিস্তার হইতে যথাক্রমে আট আট বাদ দিলে অপর চারিটী গৃহের পরিমাণ বাহির হইবে, সেই চারিপ্রকার গৃহ অপেক্ষাকৃত পরস্পর অধম। ২য় প্রকার বিস্তার ১০০ হাত ও দৈর্ঘ্য ১২৫ হাত। ৩য় প্রকার বিস্তার ৯২ হাত ও দৈর্ঘ্য ১১৫ হাত। ৪র্থ প্রকার বিস্তার ৮৪ হাত ও দৈর্ঘ্য ১০৫ হাত এবং ৫ম প্রকার বিস্তার ৭৬ হাত ও দৈর্ঘ্য ৯৫ হাত। সেনাপতির পাঁচপ্রকার গৃহের প্রথম গৃহের বিস্তার ৬৪ হাত ও দৈর্ঘ্য ৭৪ হাত ১৬ অঙ্গুলি। বিস্তার হইতে ছয় ছয় হাত বাদ দিলে যথাক্রমে আর চারিটী গৃহের পরিমাণ হইবে। যথা ২য়—বি ৫৮, দৈ ৬৭।৮; ৩য়—বি ৫২, দৈ ৬০।১৬; ৪র্থ—বি ৪৬, দৈ ৫৩।১৬ এবং ৫ম—বি ৪০, দৈ ৪৬।১৬। মন্ত্রীর পাঁচপ্রকার গৃহের প্রথমটীর বিস্তার ৬০ হাত, অপর-

গুলি চারিহাত করিয়া কম হইবে। বিস্তারের সহিত তাহার ½ অংশ যোগ করিলে দৈর্ঘ্যের পরিমাণ হইবে। ১ম বিস্তার ৬০, দৈর্ঘ্য ৬৭।১২; ২য় বি ৫৬, দৈ ৬৩; ৩য় বি ৫২ দৈ ৫৮।১২, ৪র্থ বি ৪৮ দৈ ৫৪; ৫ম বি ৪৪, দৈর্ঘ্য ৪৯।১২। মন্ত্রীগৃহের দৈর্ঘ্য ও বিস্তারের অর্দ্ধভাগ পরিমিত দৈর্ঘ্য ও বিস্তারযুক্ত গৃহই রাজমহিষীগণের উপযুক্ত। যুবরাজের পাঁচপ্রকার গৃহের পরিমাণ ১ম বি ৮০, দৈ ১০৬।১৬; ২য় বি ৭৪, দৈ ৯৮।১৬; ৩য় বি, ৬৮ দৈ ৯০।১৬; ৪র্থ বি ৬২ দৈ ৮২।১৬; ৫ম বি ৫৬, দৈ ৭৪।১৬। যুবরাজের পাঁচপ্রকার গৃহের অর্দ্ধপরিমিত গৃহই যুবরাজের অনুজগণের গৃহ হইয়া থাকে। শ্রেষ্ঠ রাজপুরুষগণের গৃহ পরিমাণ উত্তমক্রমে বিস্তার ৪৮, ৪৪, ৪০, ৩৬ ও ৩২; উত্তমক্রমে দৈর্ঘ্য ৬৭।১২, ৬২।০, ৫৬।১২, ৫১।০ ও ৪৫।১২। কঞ্চুকী, বেশ্যা ও নৃত্যগীতাদিবেত্তা ব্যক্তিগণের গৃহ পরিমাণ উত্তমক্রমে বিস্তার ২৮, ২৬, ২৪, ২২ ও ২০; উত্তমক্রমে দৈর্ঘ্য ২৮।৮, ২৬।৮, ২৪।৮, ২২।৮ ও ২০।৮। অধ্যক্ষ ও অধিকৃত ব্যক্তিগণের গৃহ পরিমাণ, কোষগৃহ ও রতিগৃহ পরিমাণের সমান, কর্ম্মাধ্যক্ষ ও দূতগণের গৃহপরিমাণ উত্তমক্রমে বিস্তার ২০, ১৮, ১৬, ১৪ ও ১২, দৈর্ঘ্য ৩৯।৪, ৩৫।১৬, ৩২।৪, ২৮।১৬ ও ২৫।৪। দৈবজ্ঞ, পুরোহিত ও চিকিৎসকের গৃহপরিমাণ উত্তমক্রমে বিস্তার ৪০, ৩৬, ৩২, ২৮ ও ২৪; দৈর্ঘ্য ৪৬।১৬, ৪২।০, ৩৭।১৬, ৩২।১৬ ও ২৮। বাস্তু বাটীর যাহা বিস্তার, তাহাই উচ্চ হইলে মঙ্গলকর। কিন্তু যে সকল বাটীতে একটী মাত্র শালা থাকিবে, তাহার দৈর্ঘ্য বিস্তার অপেক্ষা দ্বিগুণ হইবে। কোষগৃহ ও রতিগৃহের পরিমাণ উত্তমক্রমে বিস্তার ৪৪, ৪২, ৪০ ৩৮ ও ৩৬, উত্তম ক্রমে দৈর্ঘ্য ৬০।৮, ৫৭।১৬ ৫৪।৮, ৫১।৮ ও ৪৮।৮। (বৃহৎস° ৫৩ অঃ।)

ব্রাহ্মণ প্রভৃতি পৃথক্ পৃথক্ জাতির যে যে বাস্তুতে অধিকার তাহাও বৃহৎসংহিতায় লিখিত আছে। এই বাস্তুও পূর্ব্বপ্রদর্শিত গৃহের ন্যায় পাঁচভাগে বিভক্ত। ব্রাহ্মণের পাঁচপ্রকার বাস্তুর বিস্তার ৩২, ২৮, ২৪, ২০ ও ১৬ হাত। ক্ষত্রিয়ের বাস্তু চারিপ্রকার তাহার বিস্তার ২৮; ২৪, ২০ ও ১৬। বৈশ্যের বাস্তু তিনপ্রকার তাহার বিস্তার ২৪, ২০ ও ১৬। শূদ্রের বাস্তু দুইপ্রকার তাহার বিস্তার ২০ ও ১৬। ইহা ছাড়া অন্ত্যজ জাতির কেবল একপ্রকার বাস্তুতেই অধিকার। তাহাদের বাস্তুর বিস্তার ১৬ হাতের বেশী করা উচিত নহে। ব্রাহ্মণের পাঁচপ্রকার বাস্তুর দৈর্ঘ্য ৩৫।৪।৪৮, ৩০।১৯।১২, ২৬।৯।৩৬, ২২।০ ও ১৭।১৪।২৪; ক্ষত্রিয়ের চারিপ্রকার বাস্তুর দৈর্ঘ্য ৩১।১২, ২৭।০, ২২।১২ ও ১৮। বৈশ্যের তিন প্রকার বাস্তুর দৈর্ঘ্য ২৮।০, ২৩।১৬ ও ১৮।৮। শূদ্রের দুই প্রকার বাস্তুর দৈর্ঘ্য ২৫ ও ২০ হাত। অন্ত্যজের বাস্তুর দৈর্ঘ্য ১৬ হাত করিবে। সকল জাতির পক্ষেই নিজ নিজ পরিমাণ অপেক্ষা অল্প বা অধিক পরিমাণ বাস্তু অমঙ্গলকর। কিন্তু পশ্বালয়, প্রব্রাজিকালয়, ধান্যাগার, অস্ত্রগৃহ, অগ্নিশালা ও রতিগৃহ বা বৈঠকখানার পরিমাণ ইচ্ছানুসারে করিতে পারা যায়। কোন গৃহই শত হস্তের অধিক উন্নত করিতে নাই।

গৃহের অভ্যন্তর ভাগকে শালা কহে। কোন গৃহের শালা কি পরিমাণ করিতে হইবে তাহা নিরূপণ করিবার উপায় বৃহৎসংহিতায় এইরূপ লিখিত আছে। রাজগৃহ ও সেনাপতি গৃহের ব্যাসের সহিত ৭০ যোগ করিয়া ২ দিয়া ভাগ করিলে লব্ধ ভাগ ফলকে ১৪ দিয়া ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহাই নৃপগৃহের শালা পরিমাণ। শালাভিত্তির বহির্ভাগস্থ সোপানযুক্ত অঙ্গন বিশেষকে প্রাচীন বাস্তুশাস্ত্রোপদেষ্টারা অলিন্দনামে উল্লেখ করিয়া থাকেন, পূর্ব্বপ্রদর্শিত দ্বিবিভক্ত অঙ্ককে ৩৫ দিয়া ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহাই নৃপগৃহের অলিন্দ পরিমাণ জানিবে। অপর জাতির ভবনের শালা ও অলিন্দের পরিমাণ বাহির করিতে হইলে রাজা ও সেনাপতি গৃহের ব্যাসের যোগফলের সহিত ৭০ যোগ দিয়া তাহা হইতে স্বজাতীয় ব্যাসাঙ্ক হীন করিবে। পরে তাহার অর্দ্ধকে যথাক্রমে ১৪ ও ৩৫ দ্বারা ভাগ করিয়া যে দুইটী অঙ্ক লব্ধ হইবে, তাহাই সেই জাতির শালা ও অলিন্দের পরিমাণ হইবে।

ইতিপূর্ব্বে ব্রাহ্মণ প্রভৃতির পাঁচ প্রকার বাস্তু পরিমাণ যাহা বলা হইয়াছে তাহাতে যথাক্রমে ৪।১৭, ৪।৩, ৩।১৫ ৩।১৩ ও ৩ হাত ৪ অঙ্গুলি এই পাঁচ প্রকার শালা এবং ৩।১৯, ৩।৮, ২।২০, ২।১৮ ও ২।৩ এই পাঁচ প্রকার অলিন্দ নির্ম্মাণ করিতে হয়। শালার ½ অংশ স্থান ভবনের বাহিরে রাখিতে হয়। প্রাচীন কালে উহাকে বীথিকা বলা হইত। এই বীথিকা বাস্তু ভবনের পূর্ব্বভাগে থাকিলে সেই বাস্তুকে সোক্ষীব, পশ্চিমে থাকিলে সায়াশ্রয়, উত্তর বা দক্ষিণদিকে থাকিলে সেই বাস্তুকে সাবষ্টম্ভ নামে উল্লেখ করা যাইতে পারে। আর যদি কোন ভবনের চারি দিকেই ঐরূপ বীথিকা থাকে, তবে তাহাকে সুস্থিত বলে। বাস্তুশাস্ত্রে এই কয় রকম বাস্তুরই অনেক প্রশংসা আছে। এই সকল বাস্তুই গৃহস্থের মঙ্গলজনক।

গৃহের উচ্চতা বা উচ্ছ্রায়—উত্তম গৃহের বিস্তারের ½

অংশের সহিত ৪ হস্ত যোগ করিলে যাহা হইবে, সেই গৃহের উচ্ছ্রায় বা উচ্চতা তত পরিমাণ করিতে হয়। অবশিষ্ট চারি প্রকার গৃহের উচ্ছ্রায় ক্রমশঃ উহা অপেক্ষা দ্বাদশ ভাগ করিয়া কম হইবে।

ভিত্তির পরিমাণ—পক্ক ইষ্টকে যে সকল ভিত্তি নির্ম্মিত হয়, তাহার পরিমাণ ব্যাসের ১৬ ভাগের এক ভাগ করিবে। কিন্তু কাষ্ঠদ্বারা যে ভিত্তি নির্ম্মিত হয়, তাহার পরিমাণ ইচ্ছানুসারে করিতে পারা যায়।

দ্বার পরিমাণ—রাজা ও সেনাপতি গৃহের ব্যাসের সহিত ৭০ যোগ দিয়া ১১ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তত হাত তাহাদের প্রধান দ্বারের বিস্তার হইবে। বিস্তার হস্তের পরিমাণ যত অঙ্গুলি হইবে তত হাত উহা উন্নত করিতে হয় এবং দ্বারবিস্তারের অর্দ্ধই দ্বারের বিষ্কম্ভমান করা উচিত। ব্রাহ্মণ প্রভৃতি অপর জাতীয় ব্যক্তিগণের গৃহব্যাসের পঞ্চাংশের সহিত ১৮ অঙ্গুলি যোগ করিলে যাহা হইবে, তাহাই তাহাদের গৃহের দ্বার পরিমাণ। দ্বার পরিমাণের অষ্টাংশ দ্বারের বিষ্কম্ভ এবং বিষ্কম্ভের দ্বিগুণ দ্বারের উচ্চতা করা উচিত। দ্বারের উচ্ছ্রায় পরিমাণ যত হাত হইবে, শাখা দুইটী তত অঙ্গুলি প্রশস্ত ও শাখার দেড় গুণ উদুম্বর বা গোবরাটের নীচের কাঠের পরিমাণ করিবে। উচ্ছ্রায়ে যত হস্ত হইবে, তাহাকে ১৭ দ্বারা গুণ করিয়া ৮০ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হয়, তাহাই ইহাদের পৃথুত্ব পরিমাণ জানিবে। (বৃহৎস° ৫৩।১—২৭)

উচ্ছ্রায়কে ৯ দিয়া গুণ করিয়া ৮০ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা হইতে স্বীয় ১০ অংশ হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, স্তম্ভের অগ্রটী তত পরিমাণ করিবে। স্তম্ভটী সমচতুরস্র বা চারশিরে হইলে তাহাকে রুচক, অষ্টাস্রি বা আটশিরে হইলে তাহাকে বজ্র, ষোড়শাস্রিকে দ্বিবজ্র, দ্বাত্রিংশদস্রি বা বত্রিশশিরেকে প্রলীনক এবং বৃত্ত বা গোলাকার স্তম্ভকে বৃত্ত বলে। এই পাঁচপ্রকার স্তম্ভই ভাল। গৃহস্বামী ইহার যে কোন প্রকার স্তম্ভই করিতে পারেন। ইহা ছাড়া অন্যপ্রকার স্তম্ভ করিতে নাই।

(বৃহৎস° ৫৩ অঃ)

বিশ্বকর্ম্ম প্রকাশে গৃহের দৈর্ঘ্য ও বিস্তার অনুসারে শুভাশুভ জানিবার নিয়ম এইরূপ লিখিত আছে। গৃহের বিস্তারকে দৈর্ঘ্যদ্বারা গুণ করিয়া ৮ আটদ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকে, তদনুসারে ধ্বজাদি আয় হইয়া থাকে। অর্থাৎ আট দিয়া ভাগ করিলে যদি ১ অবশিষ্ট থাকে তবে ধ্বজ, ২ থাকিলে ধূম, ৩ থাকিলে হরি, ৪ অবশিষ্ট হইলে কুক্কুর, ৫ অবশিষ্টে গো, ৬ অবশিষ্ট হইলে গর্দ্দভ, ৭ থাকিলে হস্তী, ৮ বা শূন্য থাকিলে বায়স নামক আয় হইয়া থাকে। এই ধ্বজাদি আটটী আয় যথাক্রমে পূর্ব্বাদিদিকে অবস্থিতি করে। নিজস্থান হইতে পঞ্চমস্থানে ইহাদের বৈরতা হয়। গৃহে বিষম আয় হইলে শুভফল ও সম আয় হইলে শোক ও দুঃখ হইয়া থাকে। অগ্নিশালা ও অগ্নিজীবীদের গৃহে ধূমনামক আয় করিতে হয়। কোন বাস্তুশাস্ত্রোপদেষ্টার মতে, ম্লেচ্ছাদিজাতীয়ের পক্ষে কুক্কুর নামক আয় করা উচিত। বৈশ্যের গৃহে গর্দ্দভ ও শূদ্রের গৃহে কাক নামক আয় শুভপ্রদ। বৃষ, সিংহ ও গজনামক আয়ে প্রাসাদ ও পুরগৃহ নির্ম্মাণ করিবে। গজায়ে বা ধ্বজায়ে হস্তীশালা, ধ্বজ গর্দ্দভ বা বৃষভ নামক আয়ে বাজিশালা, গজ বৃষ বা ধ্বজায়ে উষ্ট্রশালা এবং বৃষ বা ধ্বজায়ে পশুশালা নির্ম্মাণ করিলে শুভ হয়। ব্রাহ্মণের পক্ষে ধ্বজনামক আয় প্রশস্ত, পূর্ব্বদিকে ব্রাহ্মণের গৃহদ্বার করিতে হয়। ক্ষত্রিয়ের সিংহ আয় প্রশস্ত, ইহাদের গৃহদ্বার উত্তরদিকে করিতে হয়। বৈশ্যদিগের বৃষ আয় শুভদ, গৃহদ্বার দক্ষিণদিকে প্রশস্ত। সকলপ্রকার আয়ের মধ্যে ধ্বজআয় শ্রেষ্ঠতম। বৃহস্পতির মতে ধ্বজআয় ক্ষত্রিয় ও বৈশ্যের পক্ষে ভাল। ব্রাহ্মণগণ সিংহ ও বৃষভ নামক আয় সর্ব্বদাই পরিত্যাগ করিবেন। সিংহ ও কুক্কুর আয়ে অল্প আয়াস, ধ্বজ আয়ে পূর্ণ সিদ্ধি, বৃষ আয়ে পশু বৃদ্ধি, গজ আয়ে সম্পদবৃদ্ধি। ইহা ছাড়া অপর আয়ে দুঃখ ও শোক হইয়া থাকে।

গৃহের পিণ্ডাঙ্ককে ৯ দিয়া গুণ করিয়া ৮ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট অঙ্কানুসারে ধ্বজাদি আয় হইয়া থাকে। সেই প্রকার পিণ্ডাঙ্ককে ৯ দিয়া গুণ করিয়া ৭ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট অনুসারে রবি প্রভৃতি বার, পিণ্ডকে ৬ দিয়া গুণ করিয়া ৯ দ্বারা ভাগ করিলে অংশ, ৮ দিয়া গুণ করিয়া ১২ দ্বারা ভাগ করিলে ধন, ৩ দিয়া গুণ করিয়া ৮ দ্বারা ভাগ করিলে ঋণ বা ব্যয়, ৮ দিয়া গুণ করিয়া ২৭ দ্বারা ভাগ করিলে নক্ষত্র, ৮ দিয়া গুণ করিয়া ১৫ দ্বারা ভাগ করিলে তিথি, ৪ দিয়া গুণ করিয়া ২৭ দ্বারা ভাগ করিলে যোগ এবং গৃহপিণ্ডকে ৮ দিয়া গুণ করিয়া ১২০ দ্বারা ভাগ করিলে বর্ষ জানিতে পারা যায়। (বিশ্বকর্ম্ম প্রকাশ।) ইহার ফল পীযূষধারায় এইরূপ লিখিত আছে—বিষম আয় শুভকর এবং সম আয় দুঃখ ও শোকজনক। সূর্য্য এবং মঙ্গলের বার ও রাশ্যংশ অগ্নি ভয়কর, তাহা ভিন্ন অপর গ্রহের বার রাশ্যংশ ভাল। পূর্ব্বের প্রক্রিয়া অনুসারে গৃহের যে নক্ষত্র হইবে তাহা যদি দ্বিরাশ্যাত্মক হয়, তবে গৃহ কর্ত্তব্য।

ধন ও ঋণের ফল প্রক্রিয়া অনুসারে গৃহের ঋণ হইতে ধন অধিক হইলে ধনবৃদ্ধি হয়, কিন্তু ধন হইতে ঋণ অধিক হইলে গৃহ করিবে না, করিলে ধনের হানি হয়।

নক্ষত্র ফল—গৃহের নক্ষত্র গৃহস্বামীর বিপৎ তারা হইলে বিপদ্, প্রত্যরি হইলে অমঙ্গল এবং নিধনাখ্য হইলে গৃহস্বামীর মৃত্যু হয়। এই সকল নক্ষত্রে গৃহ করিবে না, করিলে নানাবিধ উৎপাত হইয়া থাকে। কোন কোন জ্যোতির্বেত্তার মতে যে নক্ষত্রে গৃহকার্য্য আরম্ভ করিতে হইবে। সেই নক্ষত্রটী গৃহ নক্ষত্র হইতে যত সংখ্যা হইবে, তাহাকে ৯ দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তদনুসারে জন্ম সম্পদ বিপদ্ তারা প্রভৃতি হইয়া থাকে। এই নিয়মে বিপদ্, প্রত্যরি বা নিধন তারা হইলে সেইদিনে গৃহ করিতে নাই। আবার কোন জ্যোতির্বেত্তা বলেন যে, গৃহকর্ত্তার নক্ষত্র হইতে গৃহ নক্ষত্র গণনা করিলে যত সংখ্যা হইবে, তাহাকে ৯ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট অনুসারে জন্ম প্রভৃতি তারা হইয়া থাকে। গৃহ ও গৃহস্বামীর এক নক্ষত্র হইলে গৃহস্বামীর অকাল মৃত্যু হয়। কিন্তু বশিষ্ঠ বলেন যে, গৃহ ও গৃহস্বামীর একরাশি ও এক নক্ষত্র হইলে ঐরূপ হইয়া থাকে। ভিন্ন রাশিতে এক নক্ষত্র হইলেও গৃহ প্রস্তুত করিতে পারা যায়, তাহাতে কোন বিঘ্ন হয় না। ব্যবহারসমুচ্চয়ে লিখিত আছে যে, কৃত্তিকা প্রভৃতি তিন তিন নক্ষত্রে যথাক্রমে নয়টী ফল হয়, যথা—১ রোগনাশ, ২ পুত্রলাভ, ৩ ধনপ্রাপ্তি, ৪ শোক, ৫ শত্রুভয়, ৬ রাজভয়, ৭ মৃত্যু, ৮ সুখ ও ৯ প্রবাস।

বাস্তুশাস্ত্রের নিয়মানুসারে গৃহের অশ্বিনী, ভরণী ও কৃত্তিকা নক্ষত্র হইলে মেষরাশি, রোহিণী ও মৃগশিরা হইলে বৃষ, আর্দ্রা ও পুনর্ব্বসু হইলে মিথুন, পুষ্য ও অশ্লেষা হইলে কর্কট, মঘা, পূর্ব্বফল্গুনী ও উত্তরফল্গুনী হইলে সিংহ, হস্তা ও চিত্রায় কন্যা, স্বাতী ও বিশাখায় তুলা, অনুরাধা ও জ্যেষ্ঠা নক্ষত্রে বৃশ্চিক, মূলা, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়ায় ধনু, শ্রবণা ও ধনিষ্ঠায় মকর, শতভিষা ও পূর্ব্বভাদ্রে কুম্ভ এবং উত্তরভাদ্র ও রেবতীনক্ষত্র হইলে গৃহের মীনরাশি হয় জানিবে।

তিথির ফল—পূর্ব্বপ্রক্রিয়া অনুসারে গৃহের তিথি রিক্তা বা অমাবস্যা হইলে তাহাতে গৃহ করিতে নাই। ইহা ব্যতীত অপর তিথিতে গৃহ নির্ম্মাণ করিলে মঙ্গল হয়।

যোগের ফল—যে সকল যোগ শুভ বলিয়া উক্ত আছে, গৃহের সেই সকল যোগ হইলে শুভফল। অশুভযোগ হইলে অমঙ্গল হইয়া থাকে।

আয়ুর ফল—প্রক্রিয়া অনুসারে যত বৎসর আয়ু হইবে, তত বৎসর পর্য্যন্ত গৃহের স্থিতি জানিবে।

অংশের ফল—দ্বিতীয় অংশে গৃহ নির্ম্মাণ করিলে মৃত্যুভয়, রোগ ও শোক হইয়া থাকে। শুভগ্রহের অংশ ভাল ও ক্রূরগ্রহের অংশ অনিষ্টকর জানিবে।

এই নিয়ম অনুসারে গৃহের আয় ব্যয় প্রভৃতি স্থির করিবার উদাহরণ—কোন একটী গৃহ দৈর্ঘ্যে ২৯ হাত ও বিস্তারে ৭ হাত হইলে দৈর্ঘ্য ২৯কে বিস্তার ৭ দ্বারা গুণ করিলে ফল হইবে ২০৩। ইহাই গৃহের পিণ্ড। পিণ্ড ২০৩কে ৯ দিয়া গুণ করিলে ফল হইল ১৮২৭; ইহাকে আট দ্বারা ভাগ করিলে অবশিষ্ট থাকিবে ৩। অতএব ঐ গৃহের সিংহ নামক ৩ আয় হইল।

বার—পিণ্ড ২০৩কে ৯ দ্বারা গুণ করিলে ফল হয় ১৮২৭, ইহাকে ৭ দিয়া ভাগ করিলে অবশিষ্ঠ থাকে ৭ বা শূন্য। অতএব ঐ গৃহের শনিবার (নবাংশক।) পিণ্ড ২০৩কে ৬ দ্বারা গুণ করিলে ফল হয় ১২১৮, ইহাকে ৯ দিয়া ভাগ দিলে অবশিষ্ট থাকে ৩। অতএব ঐ গৃহের অংশক হইল ৩।

ধন—পিণ্ড ২০৩×৮=১৬২৪÷১২ অবশিষ্ট ৪। গৃহের ধন হইল ৪।

ঋণ—পিণ্ড ২০৩×৩=৬০৯÷৮=৭৬ অবশিষ্ট ১। গৃহের ঋণ ১।

নক্ষত্র—পিণ্ড ২০৩×৮=১৬২৪÷২৭=৬০ অবশিষ্ট ৪। গৃহের নক্ষত্র রোহিণী।

তিথি—পিণ্ড ২০৩×৮=১৬২৪÷১৫=১০৮ অবশিষ্ট ৪। গৃহের তিথি চতুর্থী।

যোগ—পিণ্ড ২০৩×৪=৮১২÷২৭=৩০ অবশিষ্ট ২। গৃহের যোগ প্রীতি।

আয়ু—পিণ্ড ২০৩×৮=১৬২৪÷২০=১৩ অবশিষ্ট ৬৪। গৃহের আয়ু ৬৪।

বিশ্বকর্ম্মপ্রকাশের মতে ১১ হাত হইতে ৩২ হাত পর্য্যন্তই আয়াদি চিন্তা করিবে। ইহার বেশী হইলে আর আয়াদি চিন্তা করিবে না। গৃহের জীর্ণ সংস্কার করিবার সময়ে আয়, ব্যয় বা মাস শুদ্ধি প্রভৃতি দেখিবার প্রয়োজন নাই। বাস্তুর ঈশান কোণে দেবগৃহ, পূর্ব্বদিকে স্নানমন্দির, অগ্নিকোণে পাকগৃহ, দক্ষিণদিকে শয়নাগার, নৈর্ঋত কোণে অস্ত্রশালা, পশ্চিম দিকে ভোজনগৃহ, বায়ুকোণে ধান্যালয়, উত্তর দিকে ভাণ্ডাগার, অগ্নিকোণ ও পূর্ব্বদিকের মধ্যে দধিমন্থনগৃহ, অগ্নিকোণে ও দক্ষিণদিকের মধ্যে ঘৃতশালা, দক্ষিণ ও নৈর্ঋতের মধ্যে পায়ুগৃহ বা পায়খানা। নৈর্ঋত ও পশ্চিমের মধ্যে বিদ্যালয়, পশ্চিম ও বায়ুকোণের মধ্যে রোদনগৃহ, বায়ু ও উত্তর দিকের মধ্যে রতিগৃহ বা বৈঠকখানা, উত্তর ও ঈশান কোণের

মধ্যে ঔষধালয়, ঈশান ও পূর্ব্ব দিকের মধ্যে অপরাপর গৃহ নির্ম্মাণ করিবে। সূতিকাগৃহ নৈর্ঋত কোণে প্রস্তুত করিতে হয়।

গৃহের অলিন্দ ও দ্বার ভেদে ১৬ প্রকার হইয়া থাকে।

১ ধ্রুব—ইহা ঊর্দ্ধমুখ, কোন দিকেই অলিন্দ দেওয়া উচিত নহে। এই জাতীয় গৃহে গৃহস্থের ধন, ধান্য ও সুখ বৃদ্ধি হয়।

২ ধন্য—ইহার পূর্ব্বদিকে অলিন্দ দিতে হয় এবং দ্বারও পূর্ব্বদিকে রাখিতে হয়। ইহাতে ধান্য বৃদ্ধি হয়।

৩ জয়—ইহা দক্ষিণদ্বার, দক্ষিণদিকে ইহার অলিন্দ করিতে হয়। এই গৃহে সর্ব্বত্র বিজয় লাভ হইয়া থাকে।

৪ মন্দ—ইহার পূর্ব্ব ও দক্ষিণে দুইটী দরজা করিতে হয় এবং ঐ দুই দিকে দুইটী অলিন্দও দিতে হয়। ইহাতে গৃহিণীর অকাল মৃত্যু ঘটিয়া থাকে।

৫ খর—যাহার দরজা ও অলিন্দ পশ্চিমদিকে তাহাকে খর কহে। ইহাতে বিত্তনাশ হয়।

৬ কান্ত—যে গৃহের পূর্ব্ব ও পশ্চিমে দুইটী দরজা ও দুইটী অলিন্দ থাকে তাহাকে কান্ত বলে। ফল পুত্র ও পৌত্র বৃদ্ধি।

৭ মনোরম—যে গৃহের দক্ষিণ ও পশ্চিমে দুইটী দরজা ও দুইটী অলিন্দ থাকে, তাহাকে মনোরম বলে। ফল ধনবৃদ্ধি।

৮ সুমুখ—যে গৃহের পূর্ব্ব, দক্ষিণ ও পশ্চিমে তিনটী দরজা ও তিনটী অলিন্দ থাকে, তাহাকে সুমুখ নামে উল্লেখ করা যাইতে পারে। ফল ভোগবৃদ্ধি।

৯ দুর্ম্মুখ—যাহার দরজা ও অলিন্দ উত্তর দিকে তাহাকে দুর্ম্মুখ কহে। ফল বিমুখতা।

১০ ক্রূর—যে গৃহের পূর্ব্ব ও উত্তরে দুইটী দরজা ও দুইটী অলিন্দ, তাহাকে ক্রূর বলে। ফল সকল প্রকার দুঃখ।

১১ বিপক্ষ—যে গৃহের দক্ষিণ ও উত্তরে দুইটী দরজা ও দুইটী অলিন্দ থাকে, তাহাকে বিপক্ষ বলে। ফল শত্রুভয়বৃদ্ধি।

১২ ধনদ—যে গৃহের পূর্ব্ব, দক্ষিণ ও উত্তর দিকে তিনটী দরজা ও তিনটী অলিন্দ থাকে, তাহাকে ধনদ বলে। ফল ধনবৃদ্ধি।

১৩ ক্ষয়—যাহার পশ্চিম ও উত্তরে দুইটী দরজা ও দুইটী অলিন্দ থাকে, তাহাকে ক্ষয়গৃহ বলে। ফল সর্ব্বস্বনাশ।

১৪ আক্রন্দ—যে গৃহের পূর্ব্ব, পশ্চিম ও উত্তর দিকে তিনটী দ্বার ও তিনটী অলিন্দ থাকে, আর্য্যঋষিগণ তাহাকে আক্রন্দ নামে উল্লেখ করেন। ফল শোকপ্রাপ্তি।

১৫ বিপুল—যে গৃহের দক্ষিণ, পশ্চিম ও উত্তরে তিনটী দরজা ও তিনটী অলিন্দ দেওয়া হয়, তাহার নাম বিপুল। ফল বিপুলার্থলাভ।

১৬ বিজয়—ইহার চারিদিকে চারিটী দরজা ও চারিটী অলিন্দ দিতে হয়। সকল প্রকার গৃহের মধ্যে ইহাই শ্রেষ্ঠ। ফল বিজয়লাভ।

বিশ্বকর্ম্মার মতে বাস্তু বিস্তারের সমান উচ্ছ্রিত বা উন্নত করা উচিত। কিন্তু যদি একশাল করিতে হয়, তবে বিস্তারের দ্বিগুণ উচ্চতা করা কর্ত্তব্য। এই প্রকার চতুঃশাল গৃহের উচ্ছ্রায় ও ব্যাস সমান করিবে। একশাল গৃহে বিস্তারের দ্বিগুণ দৈর্ঘ্য ও বিস্তারের সমান উচ্চতা করিলেও চলিতে পারে। দ্বিশাল গৃহে দ্বিগুণ, ত্রিশালে ত্রিগুণ ও চতুঃশালে পাঁচগুণ উচ্ছ্রায় করিবে। ইহার অধিক কখনও করিবে না।

কোন বাড়ীতে যদি একটী শালা নির্ম্মাণ করিতে হয়, তবে নাগশুদ্ধি থাকিলে উত্তর শালা ভিন্ন অপর যে কোন শালা প্রস্তুত করিতে পারা যায়, কিন্তু একশাল গৃহে কেবল উত্তর শালা করিতে নাই। এইরূপ দ্বিশালা করিতে হইলে, দক্ষিণ ও পশ্চিমে, ত্রিশালা করিতে হইলে দক্ষিণ পশ্চিম ও উত্তরে অথবা পূর্ব্ব, দক্ষিণ ও পশ্চিমে তিনখানি শালা নির্ম্মাণ করিবে।

পরাশর বলেন যে, বাস্তুতে গৃহ করিতে হইবে, তাহার পূর্ব্বসীমা হইতে পশ্চিম সীমা পর্য্যন্তকে পাঁচ ভাগ করিবে। তাহার পূর্ব্ব দিকের প্রথম তিন ভাগ পরিত্যাগ করিয়া তৎপরবর্ত্তী ভাগটীকে নাভি বলে। সেইস্থানে গৃহ করিতে নাই।

বিশ্বকর্ম্মপ্রকাশের মতে ব্রাহ্মণের চতুঃশাল, ক্ষত্রিয়ের ত্রিশাল, বৈশ্যের দ্বিশাল ও শূদ্রের একশাল গৃহ করা উচিত। একশাল গৃহ সকল বর্ণেই প্রশস্ত। ইহা কাহারও অমঙ্গলজনক নহে।

বৃহৎসংহিতায় প্রত্যেকের গৃহ পরিমাণ যেরূপ বিশেষ করিয়া উল্লেখ করা হইয়াছে, বিশ্বকর্ম্মপ্রকাশ ও ময়শিল্প প্রভৃতিতে সেরূপ নাই। ইহার মতে প্রক্রিয়া অনুসারে আয়, ব্যয়, বার ও নক্ষত্র প্রভৃতি শুদ্ধ হইলেই গৃহ করিতে পারা যায়। কিন্তু মোটামোটি যেরূপ গৃহ করিলে যাহার পক্ষে ভাল হয়, তাহার সংক্ষেপে উল্লেখ আছে। বৃহৎসংহিতায় লিখিত আছে যে, যে বাস্তুর অলিন্দগুলি প্রদক্ষিণ ক্রমে দ্বারের নীচভাগ পর্য্যন্ত ব্যাপ্ত হইয়াছে, তাহার নাম বর্দ্ধমান, ইহাতে দক্ষিণদিকে দরজা করিবে না। বর্দ্ধমান বাস্তু সকলের পক্ষেই শুভকর।

যাহার পশ্চিমদিকে একটী ও পূর্ব্বদিকে দুইটী অলিন্দ শেষ পর্য্যন্ত বিস্তীর্ণ থাকে এবং অপর দুই দিকের অলিন্দও উত্থিত এবং শেষ পর্য্যন্ত বিস্তৃত তাহার নাম স্বস্তিক।

যাহার পূর্ব্ব ও পশ্চিমের অলিন্দ শেষ সীমা পর্য্যন্ত

বিস্তীর্ণ এবং উত্তর ও দক্ষিণের অলিন্দদ্বয় উহার অবধি সীমায় মিলিত হয়, সেই বাস্তুর নাম রুচক। ইহার উত্তরদিকে দ্বার করিলে অমঙ্গল হয়।

যে বাস্তুর অলিন্দগুলি প্রদক্ষিণক্রমে নীচ ভাগ পর্য্যন্ত বিস্তীর্ণ থাকে, তাহার নাম নন্দ্যাবর্ত্ত। ইহার পশ্চিম ভিন্ন অপর তিন দিকে দ্বার করিতে হয়। নন্দ্যাবর্ত্ত ও বর্দ্ধমান নামক বাস্তু সকলের পক্ষেই উত্তম, স্বস্তিক ও রুচক মধ্যম এবং অপর বাস্তুগুলি রাজাদির পক্ষেই শুভকর হইয়া থাকে।

যাহার উত্তরদিকে শালা থাকেনা, তাহাকে হিরণ্যনাভ, পূর্ব্বশালাহীন হইলে সুক্ষেত্র, দক্ষিণশালা না থাকিলে চুল্লীত্রিশালক এবং পশ্চিমশালা হীন হইলে তাহাকে পক্ষঘ্ন বলে। ইহার প্রথম ও দ্বিতীয়টী শুভকর। চুল্লীত্রিশালকে ধননাশ এবং পক্ষঘ্নে পুত্র নাশ ও বৈরতা হয়। যে বাস্তুর পশ্চিম ও দক্ষিণে দুইটীমাত্র শালা থাকে, সেই দ্বিশাল বাস্তুকে সিদ্ধার্থ, কেবল পশ্চিমে ও উত্তরে শালা থাকিলে যমসূর্য্য, উত্তরে ও পূর্ব্বে শালা থাকিলে দণ্ড; পূর্ব্ব ও দক্ষিণে শালা থাকিলে বাত, পূর্ব্বে ও পশ্চিমদিকে শালা থাকিলে গৃহচুল্লী এবং কেবল দক্ষিণ ও উত্তরদিকে শালাবিশিষ্ট দ্বিশাল বাস্তুকে কাচ বলে। সিদ্ধার্থ বাস্তুতে অর্থ প্রাপ্তি, যমসূর্য্যে গৃহস্বামীর মৃত্যু, দণ্ড বাস্তুতে দণ্ড ও বধ, বাত বাস্তুতে কলহ ও উদ্বেগ, চুল্লীতে বিত্তনাশ এবং কাচ বাস্তুতে জ্ঞাতিবিরোধ উপস্থিত হয়। (বৃহৎস° ৫৩।৩২-৪১)

বিশ্বকর্ম্মপ্রকাশের মতে দক্ষিণে দুর্ম্মুখ ও পূর্ব্বে খর নামক গৃহ প্রস্তুত করিলে সেই দ্বিশাল বাস্তুকে বাত বলে। ইহাতে বাতরোগের বৃদ্ধি হয়। দক্ষিণে দুর্ম্মুখ ও পশ্চিমে ধান্য নামক গৃহ প্রস্তুত করিলে তাহাকে যমসূর্য্য বলে। ইহাতে মৃত্যুভয় হয়। পূর্ব্বে খর ও উত্তরে ধান্যসংজ্ঞক গৃহ করিলে তাহার নাম দণ্ড। ফল দণ্ডভয়। দক্ষিণে দুর্ম্মুখ ও উত্তরে জয় সংজ্ঞক গৃহ থাকিলে তাহার নাম বীচী। ফল বন্ধুনাশ ও ধনক্ষয়। যাহার পূর্ব্বদিকে খর নামক গৃহ ও পশ্চিমে ধান্যসংজ্ঞক গৃহ, তাহার নাম চুল্লী, ফল ধন ও ধান্যনাশ। দক্ষিণে আক্রন্দ ও পশ্চিমে ধনদ গৃহ নির্ম্মাণ করিলে সেই দ্বিশালকে ইক্ষু বলে। ফল পশু ও ধন বৃদ্ধি। যাহার দক্ষিণে বিপক্ষ ও পশ্চিমে ক্রূর নামক গৃহ, তাহার নাম শোভন; ফল ধন ও ধান্য বৃদ্ধি। যাহার দক্ষিণে বিজয় এবং পশ্চিমেও বিজয় গৃহ তাহার নাম কুম্ভ; ফল পুত্র ও কলত্র বৃদ্ধি। যাহার পূর্ব্বদিকে ধান্য এবং পশ্চিমেও ধান্যসংজ্ঞক গৃহ তাহার নাম নন্দ; ফল ধন ও শোভাবৃদ্ধি। যে কোন দুইদিকে বিজয় নামক দুইখানি শালা করিলে তাহার নাম অঙ্কাদ্য। ফল শুভ। বাস্তুকে নয় ভাগ করিয়া গৃহের শুভাশুভ চিন্তা করিতে হয়। [অপর বিবরণ বাস্তু প্রভৃতি শব্দে দ্রষ্টব্য।]

যে সকল বৃক্ষে ক্ষীর আছে, তাহাদ্বারা গৃহের কোন কার্য্য করিবে না। যে বৃক্ষে পাখীর বাসা আছে, তাহা দ্বারাও গৃহ প্রস্তুত করিতে নাই। গজভগ্ন, বিদ্যুৎ নির্ঘাত, অনল বা বায়ুপীড়িত চৈত্য বা দেবালয়োৎপন্ন, বজ্রভগ্ন, শ্মশানজাত, দেবাশ্রিত, কদম্ব, নিম, বহেড়া, কণ্টকযুক্ত, অসার, বট, অশ্বত্থ, নির্গুণ্ডী, কোবিদার, প্লক্ষ, শাল্মলি ও পলাশ এই সকল বৃক্ষ দ্বারা গৃহের কোন কার্য্য করিবে না।

নাগের শিরোজ্ঞান করিয়া যে স্থানে গৃহ করিলে কোন অমঙ্গল হইবার সম্ভব নাই, তথায় গৃহ নির্ম্মাণ করিবে।

বৈশাখ, শ্রাবণ, আষাঢ়, অগ্রহায়ণ, ফাল্গুন ও কার্ত্তিক এই কয়টী মাস গৃহারম্ভে প্রশস্ত। শুক্লপক্ষে গৃহারম্ভে সুখ ও কৃষ্ণপক্ষে ভয় হয়। রবি ও মঙ্গলবার ভিন্ন সকল বারই গৃহারম্ভে প্রশস্ত। পূর্ণিমা হইতে অষ্টমীর মধ্যে পূর্ব্বদ্বারী গৃহ, নবমী হইতে চতুর্দ্দশীর মধ্যে উত্তরদ্বারীগৃহ, অমাবস্যা হইতে অষ্টমীর মধ্যে পশ্চিমদ্বারী, এবং নবমী হইতে শুক্লচতুর্দ্দশীর মধ্যে দক্ষিণদ্বারী গৃহ করিতে নাই। বজ্র, ব্যাঘাত, শূন্য, ব্যতীপাত, অতিগণ্ড, বিষ্কুম্ভ ও গণ্ড, এই কয়টী যোগ গৃহারম্ভে বর্জনীয়। আদিত্যদ্বয়, রোহিণী, মৃগশিরা, জ্যেষ্ঠা, ধনিষ্ঠা, উত্তরাত্রয়, রেবতী, মঘা, অনুরাধা ও শ্রবণানক্ষত্রে, শুভবারে, গণ্ড ভিন্ন যোগে, রিক্তা ও বিষ্টি ভিন্ন তিথিতে গৃহারম্ভ করিলে মঙ্গল হয়।

বৃশ্চিক, কর্কট, মেষ, কুম্ভ ও ধনু লগ্নে গৃহারম্ভ করিলে কার্য্যে বিলম্ব, কন্যা, মীন ও মিথুনলগ্নে গৃহারম্ভে অর্থ লাভ হয়। কোন কোন জ্যোতির্বিদের মতে কুম্ভ, সিংহ ও বৃষলগ্নে গৃহারম্ভে বৃদ্ধি হয়। গৃহারম্ভে যে যে নক্ষত্রের উল্লেখ আছে, তাহার মধ্যে কেবল জ্যেষ্ঠা ও পুনর্বসু ভিন্ন অপর সকল নক্ষত্রই গৃহপ্রবেশে প্রশস্ত। কন্যা, কুম্ভ, বৃষ, বৃশ্চিক, সিংহ ও মিথুনলগ্নে, শুক্র, বৃহস্পতি সোম ও বুধবারে গৃহ প্রবেশ করিলে শুভ হয়। (যুক্তিকল্পতরু ও সময়প্রদীপ।)

বিশ্বকর্ম্মপ্রকাশের মতে—চৈত্রমাসে গৃহারম্ভ করিলে ব্যাধি, বৈশাখে ধনরত্ন, জ্যৈষ্ঠে মৃত্যু, আষাঢ়ে ভৃত্য ও ধনলাভ, শ্রাবণে মিত্রলাভ, ভাদ্রে হানি, আশ্বিনে যুদ্ধ, কার্ত্তিকে ধন ও ধান্যবৃদ্ধি, অগ্রহায়ণে ধনলাভ, পৌষে চোরভয়, মাঘে অগ্নিভয় এবং ফাল্গুনমাসে লক্ষ্মীবৃদ্ধি হইয়া থাকে।

(বিশ্বকর্ম্মপ্রকাশ ২ অঃ।)

গরুড়পুরাণে লিখিত আছে যে, বাস্তুপুরুষ বামপার্শ্বে শয়ন

করিয়া থাকেন এবং তিন তিন মাস পরে মাথাটী একদিক্ হইতে আর একদিকে সরিয়া যায়। ইহার ক্রোড়ে গৃহ করা ভাল। সিংহ, কন্যা ও তুলারাশিতে উত্তরদ্বারী এবং যথাক্রমে বৃশ্চিক প্রভৃতি তিন তিন রাশিতে পূর্ব্ব, দক্ষিণ ও পশ্চিমদ্বারী গৃহ করিতে পারা যায়। দ্বারের দীর্ঘ পরিমাণের অর্দ্ধেক বিস্তার করিতে হয়। দিক্‌ভেদে গৃহের আটপ্রকার দ্বার হইয়া থাকে। দক্ষিণদ্বারে বীর্য্যহানি, অগ্নিকোণে দ্বার করিলে বন্ধন, বায়ুকোণে পুত্রলাভ ও সন্তোষ, উত্তরদিকে রাজপীড়া বন্ধন ও রোগ, পশ্চিমদ্বারে রাজভয়, অপত্যনাশ ও বিরোধ, পূর্ব্বদ্বারে অগ্নিভয়, বহু কন্যা, ধন, সম্মান, রাজনাশ ও রোগ হয়। ঈশানকোণে পূর্ব্ব দ্বারের ন্যায় ও নৈর্ঋতে পশ্চিম দ্বারের ন্যায় ফল হইয়া থাকে। (গরুড়পু° ৪৬ অঃ।) গৃহারম্ভে যাগ ও বাস্তুপুরুষের পূজা প্রভৃতি করিতে হয়। [বাস্তুপ্রয়োগ ও বাস্তুবিদ্যা প্রভৃতি শব্দে বিশেষ বিবরণ দ্রষ্টব্য]

বৃহৎসংহিতায় লিখিত আছে যে, বাস্তু যদি পূর্ব্ব ও উত্তরে উন্নত হয়, তবে ধনক্ষয় ও পুত্রনাশ, দুর্গন্ধযুক্ত হইলে পুত্রনাশ, বক্র হইলে বন্ধুনাশ, এবং দিক্‌ভ্রমে বাস্তু নির্ম্মিত হইলে নারীগণের বংশনাশ হইয়া থাকে। বাসভবনের চারিদিকে সমানভাবে ভূমি বর্দ্ধিত করিলে সমস্ত পদার্থের বৃদ্ধি হয়। যদি কোন কারণে একদিক্ বর্দ্ধিত করিবার প্রয়োজন উপস্থিত হয়, তবে পূর্ব্ব বা উত্তরে বর্দ্ধিত করিতে পারে। বাস্তুর পূর্ব্বাদি দিক্ জলপূর্ণ থাকিলে যথাক্রমে সুতহানি, অগ্নিভয়, শত্রুভয়, স্ত্রীকলহ, স্ত্রীদোষ, নিধনতা, ধনবৃদ্ধি ও পুত্রবৃদ্ধি এই আটটী ফল হইয়া থাকে। গৃহকার্য্যের জন্য বৃক্ষ ছেদন করিতে হইলে তাহার পূর্ব্বদিন রাত্রিকালে বৃক্ষের বলিদান ও পূজা করিয়া পরদিন প্রাতে প্রদক্ষিণপূর্ব্বক ছেদন করিবে। কর্ত্তিত বৃক্ষ যদি উত্তর বা পূর্ব্বদিকে পতিত হয় তবে শুভ। ইহা ব্যতীত অপরদিকে পড়িলে অশুভ জানিবে, সেই বৃক্ষকাষ্ঠে গৃহের কোন কার্য্য করিবে না। বৃক্ষছেদন করিলে সেই ছিন্ন স্থানের বর্ণ অবিকৃত থাকিলে সেইবৃক্ষই গৃহনির্ম্মাণের উপযোগী জানিবে। ছেদনের পর বৃক্ষের সারভাগ বর্ণান্তর প্রাপ্ত হইলে তাহা দ্বারা গৃহনির্ম্মাণ করা উচিত নহে। গৃহে প্রবেশ করিয়া ধান, গো, গুরু, অগ্নি বা দেবতার উপরিভাগে শয়ন করিবে না। বংশ বা কড়িকাঠের নীচে শয়ন করা একান্ত নিষিদ্ধ।

প্রাচীন ঋষিগণ কি প্রকারে প্রাসাদ, একতল, দ্বিতল, ত্রিতল প্রভৃতি গৃহনির্ম্মাণ করিতে হয়, কি প্রকারে গৃহস্তম্ভ, গৃহসন্ধি বা গৃহভিত্তি প্রভৃতি প্রস্তুত করিতে হয়। তাহার সুন্দর সুন্দর নিয়ম উদ্ভাবিত করিয়া লিপিবদ্ধ করিয়াছেন। সেই সকল নিয়মেই পূর্ব্বকালে গৃহাদি নির্ম্মিত হইত। [প্রাসাদ ও বাস্তু বিদ্যা প্রভৃতি শব্দে বিশেষ দ্রষ্টব্য।] ২ কলত্র, ভার্য্যা।

"ন গৃহং গৃহমিত্যাহুর্গৃহিণী গৃহমুচ্যতে।" (স্মৃতি)

৩ নাম। ৪ মেষাদিরাশি।

গৃহকচ্ছপ (পুং) গৃহে কচ্ছপ ইব। পেষণশিলা। (শব্দরত্না°) পর্য্যায়—পেষণি, পেষণীপট্ট, গৃহাশ্মা।

গৃহকন্যা (স্ত্রী) ঘৃতকুমারী। (রাজনি°)

গৃহকপোত (পুং স্ত্রী) গৃহেস্থিতঃ কপোতঃ। পক্ষীবিশেষ, পায়রা। [পারাবত দেখ।]

গৃহকর্ত্তৃ (ত্রি) গৃহং করোতি কৃ-তৃচ্। ১ গৃহকারক, চলিত কথায় ঘরামি বলে। (পুং স্ত্রী) ২ ক্ষুদ্রাকৃতি ধূসরবর্ণ এক প্রকার চটকপক্ষী, চলিত কথায় বাবুই বলে। পর্য্যায়—ধান্যভক্ষণ, ক্ষম, ভীরু, কৃষিদ্বিষ্ট, কণপ্রিয়। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়।

গৃহকর্ম্মন্ (ক্লী) গৃহস্য কর্ম্ম ৬তৎ। ১ গৃহনির্ম্মাণ। ২ গৃহকার্য্য, গৃহে যে সকল কার্য্যের অনুষ্ঠান করা হয়, গৃহস্থের দৈনন্দিন ব্যাপার।

গৃহকর্ম্মদাস (পুং) গৃহকর্ম্মণো দাসঃ ৬তৎ। গৃহকর্ম্মের ভৃত্য, যে ভৃত্যের উপরে গৃহকর্ম্মের ভার অর্পিত হয়।

গৃহকলহ (পুং) গৃহে কলহঃ ৭তৎ। গৃহবিরোধ, একান্নভুক্ত পরিবারবর্গের সামান্য বিরোধ।

গৃহকারক (পুং) গৃহং করোতি কৃ-ণ্বুল্ ৬তৎ। ১ বর্ণসঙ্কর জাতিবিশেষ। পরাশরপদ্ধতিতে লিখিতে আছে যে, প্রতিমাঘটকের (কুম্ভকার?) ঔরসে নাপিতকন্যার গর্ভে এই জাতির উৎপত্তি হয়।

"প্রতিমাঘটকাদেব কন্যায়াং নাপিতস্য চ।
সূত্রকারস্য সম্ভূতিঃ সোপানগৃহকারকঃ॥"

(ত্রি) ২ গৃহনির্ম্মাণকর্ত্তা, যে গৃহ নির্ম্মাণ করে, ঘরামী।

"মৃদ্দণ্ড চক্রসংযোগাৎ কুম্ভকারো যথা ঘটম্।
করোতি তৃণমৃৎকাষ্ঠৈ র্গৃহং বা গৃহকারকঃ।" (যাজ্ঞবল্ক্য)

গৃহকারিন্ (ত্রি) গৃহং করোতি কৃ-ণিনি। ১ গৃহকারক, ঘরামী। (পুং) ২ কীটবিশেষ কুমিরপোকা। উপস্কর, উপকরণ বা ব্যঞ্জনের মস্‌লা চুরি করিলে জন্মান্তরে গৃহকারী পোকা হয়।

"বকো ভবতি হৃত্বাগ্নিং গৃহকারী হ্যুপস্করং॥" (মনু ১২।৬৬)

গৃহকার্য্য (ক্লী) গৃহস্য কার্য্যং ৬তৎ। গৃহ কর্ম্ম, গৃহস্থালীর কাজ। "সদা প্রহৃষ্টয়া ভাব্যং গৃহকার্য্যেষু দক্ষয়া।" (মনু ৫।১৫০)

গৃহকুক্কুট (পুং স্ত্রী) গৃহে রুদ্ধঃ কুক্কুটঃ। গৃহপালিত কুক্কুট।

"শ্বেতায় দদ্যাদ্ গৃহকুক্কুটায়।" (সুশ্রুত, চিকি° ৯)

গৃহকুলিঙ্গ (পুং) গৃহে পুষ্টঃ কুলিঙ্গঃ। পক্ষীবিশেষ, গৃহবাচক

শব্দের উত্তরে কুলিঙ্গ শব্দযোগে ইহার পর্য্যায় হয়। ইহা প্রতুদ শ্রেণীর অন্তর্গত। চলিত কথায় ঘরচড়া বলে। ইহার মাংসের গুণ—রক্তপিত্ত নাশক ও শুক্রবৃদ্ধিকর। (সুশ্রুত)

গৃহকূলক (পুং) গৃহস্য কূলে সমীপে ভবঃ গৃহকূল্ কন্। চিচিঙ্গ, চিচিঙে শাক।

গৃহকৃত্য (ক্লী) গৃহস্য কৃত্যং ৬তৎ। গৃহকার্য্য।

গৃহগোধা (স্ত্রী) গৃহস্য গোধেব। জ্যেষ্ঠী, জেঠী, স্থানবিশেষে চলিত কথায় টিক্‌টিকি বলে। পর্য্যায়—পল্লী, মুসলী, বিশ্বস্বরা, জ্যেষ্ঠা, কুড্যমৎস্য, পল্লিকা, গৃহগোধিকা, গৃহগোলিকা, মাণিক্যা, ভিত্তিকা, গৃহালিকা।

গৃহগোধিকা (স্ত্রী) ক্ষুদ্রা গোধা অল্পার্থে কন্ টাপ্ অত ইত্বং গৃহস্য গোধিকেব। জ্যেষ্ঠী। যাত্রাকালে পিঙ্গল বর্ণ গৃহগোধিকা বামদিকে দেখিতে পাইলে যাত্রায় শুভফল হয়।

"শিবা শ্যামারলা ছুচ্ছু পিঙ্গলা গৃহগোধিকা।
শূকরী পরপুষ্টা চ পুন্নামানশ্চ বামতঃ॥" (বৃহৎস° ৮৬।৩৭)

গৃহগোলক (পুং) গৃহস্থিতঃ গোলক ইব। পুংজাতীয় টিক্‌টিকি। মার্কণ্ডেয়পুরাণ মতে নিষ্পাব অর্থাৎ ধানের আগুড়া বা বরবটী চুরি করিলে জন্মান্তরে গৃহগোধিকা হয়।

"চোরয়িত্বা তু নিষ্পাবান্ জায়তে গৃহগোলকঃ। (১৫।২৪)

গৃহগোলিকা (স্ত্রী) গৃহে গোধিকা ইব পৃষোদরাদিত্বাৎ ধকারস্য লকারঃ। জ্যেষ্ঠী, জেঠী। (হেম° ৪।৩৫৩)

গৃহঘ্নী (স্ত্রী) গৃহ-হন্-ঙীপ্। গৃহনাশিকা স্ত্রী। [গৃহহন্ দেখ।]

গৃহচটক (পুং) গৃহস্থিতঃ চটকঃ। পক্ষীবিশেষ, চলিত কথায় ঘরচড়া বলে।

গৃহচুল্লী (স্ত্রী) গৃহাণাং চুল্লীব। দুইটী মাত্র শালাযুক্ত বাস্তুবিশেষ। বৃহৎসংহিতার মতে যে বাস্তুর পূর্ব্ব ও পশ্চিমদিকে দুইটী শালা থাকে, তাহার নাম গৃহচুল্লী। (বৃহৎস° ৫৩।৪০) [গৃহ দেখ।]

গৃহচ্ছিদ্র (ক্লী) গৃহস্য চ্ছিদ্রং ৬তৎ। গৃহের ছিদ্র, গৃহের দোষ, কলঙ্ক।

গৃহজ (পুং) গৃহে দাস্যাং জায়তে গৃহ-জন-ড। মনুকথিত সাত প্রকার দাসের অন্তর্গত এক প্রকার, দাসীর পুত্র।

"ধ্বজাহৃতো ভক্তদাসো গৃহজঃ ক্রীতদত্রিমৌ॥" (মনু ৮।৪১৫)
'গৃহজস্তদীয়ায়ামেব দাস্যাং জাতঃ' (মেধাতিথি)

গৃহজাত (ত্রি) গৃহে জাতঃ ৭তৎ। গৃহোৎপন্ন, যাহা গৃহে উৎপন্ন হয়।

গৃহজালিকা (স্ত্রী) কপটতা, ছলনা।

গৃহণী (স্ত্রী) গৃহে নীয়তে নী-কর্ম্মণি ক্বিপ্ সংজ্ঞায়াং ণত্বঞ্চ। কাঞ্জিক, কাঁজি।

গৃহতটী (স্ত্রী) গৃহস্য তটীব। বীথিকা, পিড়ে, দাওয়া।

গৃহদাস (পুং) গৃহস্য দাসঃ ৬তৎ। গৃহভৃত্য, ঘরের চাকর।

গৃহদাহ (পুং) গৃহস্য দাহঃ ৬তৎ। ঘরপোড়া।

গৃহদীপ্তি (স্ত্রী) গৃহস্য দীপ্তিঃ ৬তৎ। ১ গৃহের ঔজ্জ্বল্য, শোভা। ২ সাধ্বী স্ত্রী।

গৃহদেবতা (স্ত্রী) গৃহে বাস্তৌ স্থিতা দেবতা। বাস্তুপুরুষের দেহস্থিত অগ্নি প্রভৃতি ৪৫টী দেবতা। [বাস্তুপ্রয়োগ দেখ।]

"গৃহায় গৃহদেবতাভ্যো বাস্তুদেবতাভ্যঃ।" (আশ্ব° গৃ° ১।২।৪)

গৃহদেবী (স্ত্রী) গৃহে গৃহকৃত্যে বিলিখ্য পূজ্যা দেবী। একটী রাক্ষসী ইহার অপর নাম জরা। যে গৃহস্থ গৃহভিত্তিতে ইহার মূর্ত্তি আঁকিয়া ভক্তিপূর্ব্বক অর্চ্চনা করে, জরা তাহার কোন অনিষ্ট করে না। এই রাক্ষসী মনুষ্যের গৃহে গৃহে বাস করে বলিয়া ইহার নাম গৃহদেবী।

"গৃহে গৃহে মনুষ্যানাং গৃহে তিষ্ঠামি রাক্ষসী।
গৃহদেবীতি নাম্না বৈ পুরাসৃষ্টা স্বয়ম্ভুবা॥" (ভারত সভা ১৭ অঃ)
[জরা দেখ।]

গৃহদ্রুম (পুং) গৃহমিব দ্রুমঃ। ১ মেঢ্রশৃঙ্গ বৃক্ষ, মেঢ়াশিঙ্গে। ২ শাকবৃক্ষ, শেগুণ গাছ।

গৃহদ্বার (ক্লী) গৃহস্য দ্বারং ৬তৎ। গৃহের দ্বার, দরজা।

গৃহধূম (পুং) গৃহগতো ধূমঃ মধ্যলো°। গৃহের ভিত্তি বা চালে ধূম লাগিয়া এক প্রকার কাল রঙের পদার্থ উৎপন্ন হয়, তাহাকে গৃহধূম বলে; চলিত কথায় ঝুল।

"সৈন্ধবং করবীরঞ্চ গৃহধূমংবিষংতথা।" (সুশ্রু° চিকি° ৯ অঃ)

গৃহনমন (ক্লী) গৃহং নময়তি নম-ণিচ্-ল্যু। ক্ষুভ্নাদিত্বাৎ ণত্বং। বায়ু। (পা ৮।৪।৩৯)

গৃহনরক (ক্লী) গৃহস্য নরকং ৬তৎ। গৃহের অপরিস্কৃত স্থান, যে স্থানে উচ্ছিষ্ট পাত্রাদি ফেলা হয়।

গৃহনাশন (পুং স্ত্রী) গৃহং নাশয়তি নশ্-ণিচ্-ল্যু। কপোত। (রাজনি°) [কপোত দেখ।]

গৃহনীড় (পুং স্ত্রী) গৃহে নীড়মস্য বহুব্রী। চটক পক্ষী, চড়াই। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়।

গৃহপ (পুং) গৃহং পাতি পা-ক। গৃহপালক। "ভদ্রায়া গৃহপম্" (বাজসনেয়স° ৩০।১১।) 'গৃহপং গেহপালকং' (মহীধর।)

গৃহপতি (পুং) গৃহস্য পতিঃ ৬তৎ। ১ গৃহস্থ দ্বিতীয়াশ্রমাবলম্বী। ২ মন্ত্রী। ৩ ধর্ম্ম। (মেদিনী) ৪ সত্রযাগ কর্ত্তা, যজমান।

"বহুষু গৃহপতয়ে" (কাত্যা° ৮।২।৩)

৫ যজমান, যে যাগের অনুষ্ঠান করে।

"গৃহপতিনা সংযুক্তে ঞ্যঃ।" (পা ৪।৪।৯০) 'গৃহপতির্যজমানস্তেন সংযুক্তোঽগ্নির্গার্হপত্যঃ।' (সি° কৌ°)

৬ অগ্নিবিশেষ।

"অগ্নির্গৃহপতির্নাম নিত্যং যজ্ঞেষু পূজ্যতে।" (ভারত)

(পুং স্ত্রী) ৭ গৃহস্বামী। স্ত্রীলিঙ্গে গৃহপত্নী ও গৃহপতি এই দুইটী প্রয়োগ হয়। [পতি দেখ।]

গৃহপত্নী (স্ত্রী) গৃহস্য পতিঃ ৬তৎ গৃহপতি-ঙীষ্ বিকল্পে নান্তাদেশঃ (বিভাসা স পূর্ব্বস্য। পা ৪।১।৩৪) গৃহপালিকা, কর্ত্রী।

"গৃহান্‌গচ্ছ গৃহপত্নী" (ঋক্ ১০।৮৫।২৬) 'গৃহপত্নী গৃহস্বামিনী' (সায়ণ।)

গৃহপাল (ত্রি) গৃহং পালয়তি গৃহ-পালি-অণ্। ১ গৃহরক্ষক।

"তমব্রুবং শূদ্রমাসীনং গৃহপালমথাব্রবীৎ।" (ভারত ৩।৩৩৭ অঃ)

(পুং স্ত্রী) গৃহে পাল্যতে ইসৌ পালি-অচ্। ২ কুক্কুর।

"আস্তেঽবমত্যোপনতস্তং গৃহপাল ইবাহরন্।"

(ভাগবত ৩।৩০।১৫) 'গৃহপালঃ শ্বা' (শ্রীধর।)

গৃহপোতক (পুং) গৃহং পোতঃ শিশুরিবযস্য বহুব্রী কপ্। বাস্তু, বাটী। (শব্দরত্ন)

গৃহপ্রবেশ (পুং) গৃহে প্রবেশঃ ৭তৎ। ১ নূতন গৃহ নির্ম্মিত হইলে শুভদিনে শুভক্ষণে যথাবিধি যাগাদির অনুষ্ঠান করিয়া গৃহযাত্রা। [বাস্তুপ্রয়োগ দেখ।] ২ গৃহের ভিতরে গমন।

গৃহবভ্রু (পুং স্ত্রী) গৃহস্থিতো বভ্রু। গৃহঃস্থিত নকুল।

গৃহবলি (পুং) গৃহে দেয়ো বলিঃ। গৃহে অনুষ্ঠেয় বলিকর্ম্ম, বৈশ্বদেব কর্ম্ম।

"ততো গৃহবলিং কুর্য্যাদিতি ধর্ম্মব্যবস্থিতঃ।" (মনু ৩।২৬৫।)

গৃহবলিপ্রিয় (পুং) গৃহবলিপ্রিয়োঽস্য বহুব্রী। বকপক্ষী।

গৃহবলিভুজ্ (পুং স্ত্রী) গৃহে দত্তং বলিং অন্নাদিভক্ষ্যদ্রবং ভুঙ্‌ক্তে, ভুজ্-ক্বিপ্। ১ কাক। ২ চটক, চড়াই।

গৃহভঙ্গ (পুং) গৃহস্য ভঙ্গঃ ৬তৎ। ঘর ভাঙ্গা।

গৃহভঞ্জন (ক্লী) গৃহস্য ভঞ্জনং ৬তৎ। গৃহভঙ্গ।

গৃহভর্ত্তৃ (ত্রি) গৃহস্য ভর্ত্তা ৬তৎ। গৃহস্বামী।

"গৃহভর্ত্তুস্তুল্যেঽহ্নে পীড়ামঙ্গেপ্রয়চ্ছতি।" (বৃহৎস° ৫৩ অঃ)

গৃহভূমি (স্ত্রী) গৃহস্য যোগ্য ভূমিঃ। বাস্তুভূমি। (হলায়ুধ) [গৃহ দেখ।]

গৃহভেদিন্ (ত্রি) গৃহং ভিনত্তি গৃহ-ভিদ্-ণিনি। গৃহভেদকারক, যে গৃহ ভেদ করে।

গৃহভোজিন্ (ত্রি) গৃহে ভোক্তুং শীলমস্য ভুজ-ণিনি। গৃহের লোক, একপরিবারভুক্ত।

গৃহমণি (পুং) গৃহস্য মণিরিব। প্রদীপ। (হারাব°)

গৃহমাচিকা (স্ত্রী) গৃহে মচতে গুপ্তভাবেন তিষ্ঠতি মচ-ণ্বুল্-টাপ্ অত ইত্বঞ্চ। চর্ম্মচটী, চামচিকা। (ত্রিকাণ্ড°)

গৃহমৃগ (পুং স্ত্রী) গৃহে মৃগইব। কুক্কুর। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়।

গৃহমেঘ (পুং) গৃহসমূহ।

গৃহমেধ (পুং) গৃহেণ দারৈর্মেধতে সংগচ্ছতে মেধ-অচ্ ৩তৎ। ১ যিনি দার পরিগ্রহ করিয়াছেন, গৃহস্থ। মেধ-হিংসায়াং ভাবে ঘঞ্। ২ পঞ্চসূনা রূপ হিংসা। গৃহে মেধা হিংসাহেতুকো যজ্ঞো যস্য বহুব্রী। ৩ যিনি গৃহে পঞ্চযজ্ঞের অনুষ্ঠান করেন। গৃহে কর্ত্তব্যো যজ্ঞো যস্য বহুব্রী। ৪ দেবতাবিশেষ।

"গৃহমেধাস আগত মরুতো মাপ ভূত ন।" (ঋক্ ৭।৫৮।১০।)

'গৃহমেধাসো গৃহে ক্রিয়মানো যজ্ঞো যেষাং।' (সায়ণ।)

গৃহমেধিন্ (পুং) গৃহেণ দারৈর্মেধতে সংগচ্ছতে মেধ-ণিনি। ১ গৃহস্থ। "পঞ্চক্লৃপ্তামহাযজ্ঞাঃ প্রত্যহংগৃহমেধিনাম্।"(মনু৩।৬৯।)

'গৃহমেধিনাং গৃহস্থানাং' (মেধাতিথি।) গৃহে কর্ত্তব্যঃ মেধা যজ্ঞোঽস্ত্যস্য ইনি। ২ মরুৎবিশেষ।

"মরুদ্ভ্যো গৃহমেধিভ্যঃ সায়ং চরুঃ পয়সি।"

(কাত্যা° শ্রৌ° ৫।৬।৬।)

গৃহমেধীয় (ত্রি) গৃহমেধস্যেদং গৃহমেধ-ছ। ১ গৃহস্থের অনুষ্ঠেয় কর্ম্ম। "সান্তপনীয় বেদ্যাং গৃহমেধীয়ং বিদধৎ।"

(কাত্যা° শ্রৌ° ৫।৬।৬ হরিস্বামী।) গৃহমেধী মরুদ্‌বিশেষো দেবতাঽস্য গৃহমেধিন্-ছ। ২ হবিঃ প্রভৃতি গৃহমেধী মরুদ্‌দিগকে প্রদেয়। "সহস্রিয়ং দম্যং ভাগমেতং গৃহমেধীয়ং।" (ঋক্ ৭।৫৬।১৪) 'গৃহমেধিগণেভ্যো দেয়ম্'। (সায়ণ।)

গৃহমেধ্য (ত্রি) গৃহমেধো দেবতাস্য গৃহমেধ-যৎ। গৃহমেধি দেবতাদিগকে প্রদেয় হবিঃ প্রভৃতি। গৃহমেধ্য অর্শাদিত্বাৎ অচ্। গৃহস্থের অনুষ্ঠেয় কর্ম্মপরায়ণ।

"গৃহমেধ্যা ভবেন্নিত্যং ভূষণানি চ পূজয়েৎ।" (শুদ্ধিতত্ত্ব°)

'গৃহমেধ্যা গৃহকৃত্যপরাঃ' রঘুনন্দন।

গৃহযন্ত্র (ক্লী) গৃহে যন্ত্রং ৭তৎ। গৃহস্থিত কাষ্ঠাদি নির্ম্মিত বস্ত্র রাখিবার আধারবিশেষ, চলিত কথায় আল্‌না বলে।

"গৃহযন্ত্রপতাকাশ্রীরপৌরাদরনির্ম্মিতা।" (কুমার ৬।৪১।)

গৃহযায্য (ত্রি) গৃহয়তে গৃহ-ণিচ্-আয্য (শ্রুদক্ষিস্পৃহিগৃহিভ্য আয্যঃ। উণ্ ৩।৯৬) গৃহস্থ। (উণাদিকো°)

গৃহয়ালু (ত্রি) গৃহয়তে গৃহ্লাতি। গৃহ-ণিচ্-আলু। গ্রহীতা, গ্রাহক।

গৃহরাজ (পুং) গৃহাণাং রাজা ৬তৎ সমাসান্তটচ্। শ্রেষ্ঠ গৃহ।

"এতং শুশ্রুম গৃহরাজস্য ভাগম্।" (অথর্ব্ব ১১।১।২৯।)

গৃহলক্ষ্মী (স্ত্রী) গৃহস্য লক্ষ্মীরিব। সুশীলা সচ্চরিত্রা স্ত্রী।

গৃহবাটিকা (স্ত্রী) গৃহসমীপে বাটিকা ইব আরামঃ। গৃহের নিকটবর্ত্তী উপবন। (হারা°)

গৃহবিত্ত (ত্রি) গৃহং বিত্তং যস্য বহুব্রী। গৃহস্বামী। (হারাবলী) স্ত্রীলিঙ্গে টাপ্ হয়।

গৃহবাজ (দেশজ) একপ্রকার পায়রা, ইহারা বহুদূর উড়িতে ও শূন্যে দিক্‌বাজী খাইতে পারে।

গৃহবাস (পুং) গৃহে বাসঃ ৭তৎ। ১ গৃহে অবস্থিতি। ২ গার্হস্থ ধর্ম্ম।

গৃহবাসিন্ (ত্রি) গৃহে বসতি বস-ণিনি। যাহারা গৃহে বাস করে।

গৃহসংবেশক (পুং) গৃহং গৃহনির্ম্মাণং সংবিশতি উপজীবতি সম্-বিশ-ণ্বুল্। বাস্তুবিদ্যোপজীবী, যাহারা গৃহনির্ম্মাণ করিয়া জীবিকানির্ব্বাহ করে, স্থপতি।

"গৃহসংবেশকো দূতো বৃক্ষারোপক এব চ।" (মনু ৩।১৬৩।)

গৃহস্থ (পুং) গৃহে দারেষু তিষ্ঠতি অভিরমতে গৃহ-স্থা-ক। (সুপিস্থঃ। পা ৩। ২। ৪) গৃহী, দ্বিতীয়াশ্রমস্থ। পর্য্যায়—জ্যেষ্ঠাশ্রমী, গৃহমেধী, স্নাতক, গৃহী, গৃহপতি, সত্রী, গৃহযায্য, গৃহাধিপ, কুটুম্বী, গৃহায়নিক।

"গৃহস্থস্তু যদাপশ্যেদ্ বলীপলিতমাত্মনঃ।" (মনু ৬।২)

(ত্রি) গৃহে তিষ্ঠতি গৃহ-স্থা-ক। ২ গৃহস্থিত।

গৃহস্থধর্ম্ম (পুং) গৃহস্থস্য ধর্ম্মঃ ৬তৎ। গৃহী বা দ্বিতীয়াশ্রমীর অবশ্য কর্ত্তব্য ধর্ম্ম, গার্হস্থধর্ম্ম। যিনি যে অবস্থাপন্নই হউন না কেন, যে পর্য্যন্ত পাঞ্চভৌতিক শরীর ধারণ করিবে, যে পর্য্যন্ত অজ্ঞানতিমিরে আচ্ছন্ন থাকিয়া প্রকৃতপথ অবলোকন করিতে অক্ষম থাকিবে, সেই পর্য্যন্ত সকলেই কোন না কোন একটী কার্য্য করিতে বাধ্য। কিন্তু প্রকৃতি বা রুচিভেদে প্রায়ই বিভিন্ন কার্য্য অনুষ্ঠিত হইয়া থাকে। এই কার্য্যগুলি অমঙ্গল ও মঙ্গলকর স্বভাবতই দুইপ্রকার। মানব আপন অভিলাষের পক্ষপাতী হইয়া প্রায়ই কার্য্যের অনুষ্ঠান করে। অমঙ্গল কার্য্যের অনুষ্ঠানে দারুণ নরক যাতনার বিষময় রসপান করিয়াও আপনার অভিলাষ পরিত্যাগ করিতে চাহে না। পরমকারুণিক পরিণামদর্শী আর্য্য ঋষিগণ সমস্ত মানবকুলের মঙ্গলের জন্য অনেক গবেষণা ও যোগলব্ধ প্রতিভাবলে ঐ সকল কার্য্যগুলির ফলাফল স্থির করিয়া কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয় করিয়াছেন। তাঁহারা কর্ত্তব্য কার্য্যগুলিকে চারিটী স্তরে বিভক্ত করিয়া অবস্থানুসারে মানবের পক্ষে অনুষ্ঠেয় বা অননুষ্ঠেয় বলিয়া নিরূপণ করিয়া দিয়াছেন। এই চারি স্তর কার্য্যই যথাক্রমে ব্রহ্মচারী, গৃহস্থ, বাণপ্রস্থ ও ভিক্ষুধর্ম্মনামে অভিহিত হয়। মানবের জীবন কালকে চারিভাগে বিভক্ত করিয়া যথাক্রমে চারিটী ধর্ম্মের অনুষ্ঠানাধিকার নির্ণীত হইয়াছে। [কোন্ বর্ণ কিরূপ গুণযুক্ত হইলে ধর্ম্মে অধিকারী তাহা তৎ তৎ শব্দে দ্রষ্টব্য।] এই চারিটী ধর্ম্মের মধ্যে যে ধর্ম্ম বা কার্য্যান্তর মানবজীবনের দ্বিতীয়ভাগে অনুষ্ঠেয়, তাহাকে গৃহস্থধর্ম্ম বা দ্বিতীয় আশ্রম বলে। আর্য্য ধর্ম্মশাস্ত্রসম্মত গৃহস্থের অনুষ্ঠেয় কার্য্যগুলির পর্য্যালোচনা করিলে উহাদিগকে তিনভাগে বিভক্ত বলিয়া স্থির করা যাইতে পারে—সামাজিক, শারীরিক ও পারত্রিক। যে সকল কার্য্যের অনুষ্ঠানে সামাজিক উন্নতি এবং তদনুসারে অনুষ্ঠানকর্ত্তাও আংশিক ফললাভ করিয়া সুখী হইতে পারে, তাহাকে সামাজিক। যে সকল কার্য্যের অনুষ্ঠানে শরীর সুস্থ, বলবান্ ও কার্য্যক্ষম হইয়া মানবের পারত্রিক ধর্ম্মানুষ্ঠানের প্রধান সহায় হয়, তাহাকে শারীরিক এবং সকল কার্য্যের অনুষ্ঠানে জন্মান্তরে অথবা পরজীবনে সুখ বা নিরতিশয় শান্তি ও মুক্তিলাভ হয়, তাহাকে পারত্রিক বলা যাইতে পারে। আর্য্য ঋষিগণ সাংসারিক প্রীতিকে সুখ বলিয়া স্বীকার করেন না, দুর্ব্বল মানবপ্রকৃতি যে সুখলাভ করিতে সর্ব্বদা লালায়িত, বিবেকী মুনিগণের চক্ষে তাহা অতি নিকৃষ্ট ও ঘোর দুঃখ। তাঁহারা মুক্তিকেই সুখ বলিয়া স্থির করেন এবং সকলকেই সুখী করিতে তাঁহাদের অভিপ্রায় (১)। অতএব তাঁহাদের প্রবর্ত্তিত সকল ধর্ম্মেরই প্রধান উদ্দেশ্য মুক্তি। আপাততঃ যে ভাবেই অনুষ্ঠিত হউক না কেন, আর্য্যগণের বিহিত সমস্ত কার্য্যই মুক্তির অনুকূল। [ধর্ম্ম ও মুক্তি দেখ।] মুক্তির প্রধান সহায় অন্তঃকরণ। গৃহস্থাশ্রমে সেই অন্তঃকরণ গঠিত হয় এবং মুক্তির সাক্ষাৎ কারণ জ্ঞানের অঙ্কুর উৎপন্ন হইয়া মানবকে মুক্তির প্রথম সোপানে উপনীত করে, এই কারণে সকল আশ্রম বা ধর্ম্মের মধ্যে গার্হস্থই প্রধান ও প্রশংসিত। প্রায় সমস্ত ধর্ম্মশাস্ত্রেই অল্প বিস্তর গৃহস্থধর্ম্মের উল্লেখ দেখিতে পাওয়া যায়। তাহার মধ্যে মনু, কাশীখণ্ড, মহাভারত, গরুড়পুরাণ, যাজ্ঞবল্ক্য, ব্যাসসংহিতা ও বৃহৎপারাশরে অতি সুন্দর ও বিস্তৃত ভাবে বর্ণিত আছে।

মনুর মতে ব্রহ্মচারী গুরুর অনুমতি লইয়া ফিরিয়া আসিয়া গৃহস্থ ধর্ম্ম অবলম্বন করিবে। ব্রহ্মচর্য্য শেষ হইলে গৃহস্থধর্ম্মে অধিকার হয়। [ব্রহ্মচারী দেখ।] গৃহস্থ ধর্ম্মের সর্ব্বপ্রথমে দারপরিগ্রহ করিতে হয়। দারপরিগ্রহ না করিলে গৃহস্থ হইতে পারা যায় না। ভার্য্যা গৃহস্থ ধর্ম্মের প্রধান সহায়, স্বয়ং ভাল বা উপযুক্ত ও কার্য্যাধিকারী হইলেও ভার্য্যার দোষে ধর্ম্মে ব্যাঘাত হয় এবং প্রকৃত পথ হইতে বিচলিত হইয়া পরিণামে দুঃখকর কুপথে যাইতে হয়, এই কারণে আর্য্যগণ দারপরিগ্রহ সম্বন্ধে অনেকগুলি

(১) "সুখংহি সর্ব্বদা কাঙ্ক্ষ্যং তচ্চ ধর্ম্মসমুদ্ভব।
তস্মাদ্ধর্ম্মোঽত্র কর্ত্তব্যশ্চাতুর্বর্ণ্যৈর্যত্নতঃ॥" (কাশীখণ্ড)

নিয়ম করিয়াছেন। গৃহস্থের পক্ষে সেই সকল নিয়মগুলির প্রতি বিশেষ লক্ষ্য রাখিয়া দারপরিগ্রহ করা উচিত। না হইলে নানা বিভ্রাট্ ঘটিতে পারে। [বিবাহ দেখ।] গৃহলক্ষ্মী কুলমহিলাগণ যাহাতে সুখস্বচ্ছন্দে কালাতিপাত করিতে পারে, গৃহস্থ মন প্রাণে তাহার যত্ন করিবেন। অলঙ্কার ও বস্ত্র প্রভৃতি কামিনীগণের অভিলষিত বস্তু প্রদান করিতে কখনও কুণ্ঠিত হইবেন না, যে গৃহে মহিলারা সর্ব্বদাই আনন্দিত ও আদৃত হয়, দেবগণ সেই স্থানে বাস করেন। অর্থাৎ কামিনীগণ সুখস্বচ্ছন্দে আহ্লাদিত থাকিলে সেই গৃহ স্বর্গধামের ন্যায় সুখকর হয়। অকারণে অবলাদিগকে যাতনা দিলে তাহাদের শোকনিঃশ্বাসে গৃহস্থের দিন দিন অবনতি হইতে থাকে।

গৃহস্থ পঞ্চসূনা পাপের বিনাশের জন্য পঞ্চমহাযজ্ঞের অনুষ্ঠান করিবে। ব্রাহ্মণের পক্ষে অধ্যাপন, পিতৃযজ্ঞ, হোম, বলি ও অতিথিসৎকার এই পাঁচটী মহাযজ্ঞ একান্ত কর্ত্তব্য। ইহা পরিত্যাগ করিলে গৃহস্থ একেবারেই উৎসন্নপ্রায় হইয়া পড়েন। অহুত, হুত, প্রহুত, ব্রাহ্ম্যাহুত ও প্রাশিত এই পাঁচটী যজ্ঞও গৃহস্থের কর্ত্তব্য। ইষ্টমন্ত্রের জপের নাম অহুত, হোমের নাম হুত, ভৌতিক বলিকে প্রহুত, ব্রাহ্মণের অর্চ্চনাকে ব্রাহ্ম্যাহুত ও পিতৃশ্রাদ্ধ প্রভৃতিকে প্রাশিত বলে। গৃহস্থের পক্ষে অতিথিসৎকার একটী প্রধান কার্য্য, প্রাণান্তেও ইহা পরিত্যাগ করিবে না। যখন যেরূপ অবস্থায় থাকিবে, তখন সেইরূপ অবস্থায় অতিথির পূজা করিবে। সর্ব্বাগ্রে অতিথিকে ভোজন করাইয়া তৎপরে গৃহস্থ সপরিবারে ভোজন করিবে। [অতিথি ও শ্রাদ্ধ দেখ।]

মনুর মতে—মানবজীবনকে চারিভাগ করিয়া তাহার প্রথমভাগ ব্রহ্মচারী হইয়া গুরুর বাড়ীতে থাকিবে এবং যথাবিধি শাস্ত্রাধ্যয়ন করিয়া পরে গৃহস্থধর্ম্ম অবলম্বন করিবে। কোন প্রাণীর হিংসা না করিয়া যে প্রকারে জীবিকানির্ব্বাহ হইতে পারে, সেই বৃত্তি অবলম্বন করাই সর্ব্বপ্রকারে উচিত। আপদ্‌কালে অল্প হিংসা করিয়াও জীবিকানির্ব্বাহ করিতে পারা যায়। সকল জাতীয় গৃহস্থই আপন বিহিত কর্ম্মের অনুষ্ঠান করিবে। কখনও নিন্দনীয় কার্য্যে হস্তক্ষেপ করিবে না। যে সকল অনুষ্ঠানে শরীরের বিশেষ ক্লেশ না হয়, সেই সকল উপায়ে ধনসঞ্চয় করিবে। শরীরটী জীর্ণ শীর্ণ করিয়া অথবা পোষণ না করিয়া অর্থ সঞ্চয় করিলে পাপ হয়। ঋত, অমৃত, মৃত, প্রমৃত ও সত্যানৃত এই পাঁচটী বৃত্তি প্রশংসনীয় এবং শ্ববৃত্তি গৃহস্থের পক্ষে নিন্দনীয়। উঞ্ছশীলতাকে ঋত, যাচ্ঞা না করার নাম অমৃত, ভিক্ষালব্ধ বৃত্তিকে মৃত, কৃষিকার্য্যের নাম প্রমৃত ও বাণিজ্যকে সত্যানৃত বলে। ইহাদের পূর্ব্ব পূর্ব্ব অপেক্ষা পরবর্ত্তীগুলি লঘু। সেবাকে শ্ববৃত্তি নামে উল্লেখ করা হয়। গৃহস্থ নিতান্ত বিপদ্ সময়েও এই বৃত্তি অবলম্বন করিবে না। ইহার ন্যায় দুঃখকর ও লাঘবকারিণী নিকৃষ্ট বৃত্তি নাই। যে গৃহস্থ তিন বৎসর পর্য্যন্ত পরিবারবর্গের যথোচিত ভরণপোষণ চলিতে পারে, এইরূপ ধন সঞ্চিত রাখিয়া ব্যয় করে, তাহাকে কুশূলধান্যক, যে এক বৎসরে উপযুক্ত সঞ্চয় করিয়া ব্যয় করে তাহাকে কুম্ভীধান্যক, দিন ত্রয়ের অর্থ রাখিয়া ব্যয় করিলে তাহাকে 'ত্র্যাহৈহিক' এবং যে গৃহস্থ পরদিন কি খাইবে তাহার নিশ্চয় নাই, তাহাকে অশ্বস্তনিক বলে। প্রাচীন আর্য্যগণ ইহাদের মধ্যে পূর্ব্ব-পূর্ব্ব অপেক্ষা পর পরকে প্রশংসা করিয়াছেন। এই চারি রকমের গৃহস্থের মধ্যে প্রথম অর্থাৎ কুশূলধান্যক উঞ্ছশীলতা, অযাচিত, যাচিত, কৃষি, বাণিজ্য ও অধ্যাপন এই ছয়টী বৃত্তি অবলম্বন করিবে। কুম্ভীধান্যক কৃষি ও বাণিজ্য পরিত্যাগ করিয়া অপর চারিটী বৃত্তির যে কোন তিনটী অবলম্বন করিতে পারে। ত্র্যাহৈহিক কৃষি বাণিজ্য ও যাচিত এই তিনটী পরিত্যাগ করিয়া অবশিষ্ট তিন বৃত্তির যে কোন দুইটী এবং অশ্বস্তনিক কেবলমাত্র ব্রহ্মসত্র শিলোঞ্ছের অন্যতম বৃত্তি অবলম্বন করিবে।

অকুটিল, শঠতাশূন্য ও শুদ্ধজীবিকাই ব্রাহ্মণের অবলম্বনীয়। সুখার্থী সংযত ও সন্তোষযুক্ত থাকিবে। সন্তোষই সুখের কারণ, সন্তোষ না থাকিলে সসাগরা পৃথিবীর আধিপত্য লাভেও সুখী হইতে পারা যায় না। বেদে যে সকল কার্য্য যাহার পক্ষে বিহিত আছে, তাহার অনুষ্ঠানে মানব জগতে অতুল সুখ, দীর্ঘায়ু ও প্রশংসা লাভ করিয়া ইন্দ্রাদি দেবগণের সহিত একত্র বাস করিতে পারা যায়। প্রসঙ্গ অর্থাৎ গীত বাদ্য প্রভৃতি ও অবিহিত বা অকুলোচিত কর্ম্ম করিয়া অর্থ উপার্জ্জন করিবে না। জীবিকানির্ব্বাহের উপযুক্ত পৈতৃক ধন থাকিলে আর অর্থ উপার্জনের চেষ্টা করিতে নাই। ইন্দ্রিয় সংযত রাখিতে সর্ব্বদাই যত্ন করিতে হয়। ইন্দ্রিয়ের অভিলাষ পূরণ করিতে কখনও আসক্ত হইবে না। কোন বিষয়েই অতিরিক্ত আসক্তি থাকা ভাল নহে। দৈবাৎ কোন বিষয়েই নিরতিশয় আসক্তি হইয়া পড়িলে যে প্রকার হউক তাহার নিবারণ করিবে। ব্রাহ্মণগণ বেদাধ্যয়নের বিরোধি কোন বিষয়েই অনুষ্ঠান করিবে না। বয়স, কর্ম্ম, ধন, সম্পত্তি, পাণ্ডিত্য, ও বংশের অনুরূপ বেশ, বাক্য ও বুদ্ধি অবলম্বন করিতে হয়। জ্ঞানের বিকাশ ও উন্নতি জন্য প্রতিদিন শাস্ত্র

ও বৈদিকনিগম অবলোকন করিবে। শাস্ত্রের অনুশীলনে দিন দিন জ্ঞানের বৃদ্ধি ও বিজ্ঞানের অভিরুচি হয়। (মনু ৪ অধ্যায়।)

কাশীখণ্ডে লিখিত আছে যে, বিনা ক্লেশে কখনও অর্থ হইতে পারে না। অর্থের অভাবে ক্রিয়ালোপ ও ক্রিয়ালোপে ধর্ম্ম হানি হয়। ধর্ম্মই সুখের কারণ, ধর্ম্ম না হইলে কখনও সুখ হইতে পারে না। গৃহস্থ আশ্রমে অর্থোপার্জন, ধর্ম্ম ও নিরতিশয় সুখ লাভ হইয়া থাকে, তাই চারি প্রকার আশ্রমের মধ্যে ইহাই প্রশংসনীয়। সৎপথে থাকিয়া উপার্জিত অর্থ পারলৌকিক সুখের জন্য সৎপাত্রে অর্পণ করিবে, অসৎ পাপাচারীদিগকে কখনও দান করিবে না। বিপদ্ সময়ে পরিবারবর্গ পালনের জন্যও অথবা ঋণ পরিশোধের জন্য পাপাচারীকে দান করিলেও কোন প্রত্যবায় হয় না। যথাসাধ্য পোষ্য বা পরিবারবর্গের ভরণ পোষণ করিলে ঐহিক ও পারত্রিক সুখ হয় এবং না করিলে পাপ হইয়া থাকে। গৃহস্থমাত্রই যত্নপূর্ব্বক আপন পোষ্যবর্গকে প্রতিপালন করিবে। মাতা, পিতা, গুরুপত্নী, সন্তান, আশ্রিত, অভ্যাগত ও অগ্নি এই নয় শ্রেণীকে শাস্ত্রকারগণ পোষ্যবর্গ বলিয়া থাকেন। দীন অনাথদিগকে দান, পরিবারবর্গকে সমান ভাবে প্রতিপালন, দয়া, ক্ষমা, দেবতা ও অতিথিপূজা গৃহস্থের কর্ত্তব্য কর্ম্ম। অতিথি গৃহে উপস্থিত হইলে মিষ্ট বাক্য, স্নেহদৃষ্টি, মন ও মুখের প্রসন্নতা, অভ্যুত্থান, স্নেহসম্ভাষণ, উপাসনা ও অনুগমন করা গৃহস্থের একান্ত উচিত। আসন, পাদশৌচ, যথাশক্তি ভোজন, পৃথিবী, শয্যা, তৃণ, জল, অভ্যঙ্গ ও দীপ গৃহস্থের উন্নতির কারণ। ব্রাহ্মণগণ যথানিয়মে অতিথি ও দেবগণের পূজা করিয়া রাত্রি এক প্রহর অতীত হইলে যজ্ঞ শেষ হবি ভোজন করিয়া শয়ন করিবেন এবং শেষ প্রহরে পুনর্ব্বার শয্যা পরিত্যাগ করিয়া সন্ধ্যাবন্দনাদি কার্য্যে ব্যাপৃত হইবেন। খলতা, পরদারাভিলাষ, পরদ্রোহ, ক্রোধ, মিথ্যা ব্যবহার, অপ্রিয় আচরণ, দ্বেষ, দম্ভ ও কপটতা এই নয়টীকে বিকর্ম্ম বলে। গৃহস্থ ইহা পরিত্যাগ করিবে। স্নান, সন্ধ্যা, জপ, হোম, বেদাধ্যয়ন, দেবার্চ্চনা, বৈশ্বদেব, অতিথি সৎকার ও পিতৃতর্পণ এই নয়টী অবশ্য করণীয়। সত্য, শৌচ, অহিংসা, ক্ষান্তি, জ্ঞান, দয়া, দম, অস্তেয় ও ইন্দ্রিয় সংযম এই নয়টী সকল ধর্ম্মের সাধন। [এই আশ্রমে স্ত্রীদিগের কর্ত্তব্যাকর্ত্তব্য স্ত্রীধর্ম্ম শব্দে দ্রষ্টব্য।] গৃহস্থ সর্ব্বদাই ইহার অনুষ্ঠানে যত্ন করিবে। (কাশীখণ্ড ৩৯ অঃ)

ব্যাসসংহিতার মতে গৃহস্থের কর্ম্ম তিন প্রকার—নিত্য, নৈমিত্তিক ও কাম্য। গৃহস্থ রাত্রির শেষযামে শয্যা পরিত্যাগ করিয়া ভক্তিপূর্ব্বক বিষ্ণুর ধ্যান করিবে এবং মাঙ্গলিক দ্রব্য অবলোকন করিয়া আবশ্যক কর্ম্ম অনুষ্ঠান করিবে। প্রথমে শৌচ কর্ম্ম করিয়া অগ্নিসেবন, দন্তধাবন ও স্নান করিয়া পবিত্র ভাবে সন্ধ্যা ও দেবদেবীর অর্চ্চনা করিবে। ইহার পরে যথাবিহিত বেদ বা বেদাঙ্গ অধ্যয়ন ও ইতিহাস প্রভৃতি অভ্যাস করিয়া ব্রাহ্মণগণ উপযুক্ত অধিকারী শিষ্যাদিগকে অধ্যাপনা করাইবেন। ইহার পরে যাগ যজ্ঞ প্রভৃতি করিয়া দৈনিক ব্যাপার সমাপন করিবেন। (ব্যাসসংহিতা ৩ অঃ)

ধর্ম্মশাস্ত্রপ্রণেতা দক্ষের মতে উদয় হইতে অস্তের মধ্যে ব্রাহ্মণ ক্ষণকালের জন্যেও নিষ্ক্রিয় হইবে না। সর্ব্বদাই কোন না কোন একটী কার্য্যের অনুষ্ঠান করিবে। ব্রাহ্মণের দৈনিক কর্ত্তব্যকর্ম্ম—ঊষাকাল হইতে যথাক্রমে শৌচ, স্নান, দন্তধাবন, প্রাতঃস্নান, সন্ধ্যার উপাসনা, হোমের অনুষ্ঠান, দেবতার্চ্চন, গুরু ও মাঙ্গলিক দ্রব্যের অবলোকন; এই সকল কর্ম্ম দিবসের প্রথম ভাগে অনুষ্ঠেয়। দ্বিতীয় ভাগে বেদাভ্যাস, জপ, দান ও অধ্যাপনা এই কয়টী কার্য্যের অনুষ্ঠান করিবে। তৃতীয় ভাগে পোষ্যবর্গের প্রতিপালনের জন্য অর্থোপার্জন ও অন্নদান করিতে হয়। চতুর্থ ভাগে স্নান ও মৃত্তিকা আহরণ, পঞ্চম ভাগে পিতৃলোকে ও দেবলোক প্রভৃতির অর্চ্চনা এবং যথানিয়মে পোষ্যবর্গকে বিভাগ করিয়া দিয়া স্বয়ং অবশিষ্ট ভোজন করিবে। ভোজনের পরে অন্ন সুন্দররূপে পরিপাক হওয়া পর্য্যন্ত সুস্থচিত্তে অবস্থান করিবে। ইহার পরে ইতিহাস ও পুরাণ প্রভৃতির প্রসঙ্গে ষষ্ঠ ও সপ্তমভাগ অতিবাহিত করিবে। অষ্টম ভাগে প্রয়োজনীয় লৌকিক ব্যবহারে অনুষ্ঠান, সন্ধ্যা, উপাসনা, হোম, ভোজন ও সাংসারিক কার্য্য যথাক্রমে করিয়া পরে বেদাধ্যয়ন করিবে। যথাসময়ে নিদ্রিত হইয়া রাত্রি এক প্রহর থাকিতে গাত্রোত্থান করিতে হয়। (দক্ষ স্মৃতি।) [গৃহস্থধর্ম্মের অপর বিবরণ তৎতৎ শব্দে ও স্নাতক শব্দে দ্রষ্টব্য।]

গৃহস্থান (ক্লী) গৃহস্য স্থানং ৬তৎ। বাস্তুস্থান, যে স্থানে গৃহ নির্ম্মাণ করিতে হয়।

গৃহস্থাশ্রম (পুং ক্লী) গৃহস্থরূপমাশ্রমং। গৃহস্থের কর্ত্তব্য ধর্ম্ম, দ্বিতীয়াশ্রম। [গৃহস্থধর্ম্ম দেখ।]

গৃহস্থূল (ক্লী) গৃহস্য স্থূলং ৬তৎ সমাসে ক্লীবত্বং। গৃহস্তম্ভ, ঘরের খুঁটি বা থাম। (অমর ৩।৫।৩০।)

গৃহস্বামিন্ (ত্রি) গৃহস্য স্বামী অধিপতিঃ ৬তৎ। গৃহপতি, বাটীর কর্ত্তা।

গৃহহন্ (ত্রি) গৃহং হন্তি হন্ কিপ্। গৃহনাশক। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হইয়া গৃহঘ্নী হয়।

গৃহাক্ষ (পুং) গৃহস্যাক্ষীব সমাসে টচ্। গবাক্ষ, বাতায়ন।

গৃহাগত (পুং) গৃহমাগতঃ ২তৎ। ১ আগন্তুক অতিথি। (ত্রি) ২ যে ব্যক্তি গৃহে আসিয়াছে।

গৃহাধিপ (পুং) গৃহস্য অধিপঃ ৬তৎ। ১ গৃহস্থ। (ত্রি) ২ গৃহস্বামী।

গৃহাপিকা (স্ত্রী) জ্যেষ্ঠী, টিক্‌টিকী। (শব্দরত্ন)

গৃহাম্ল (ক্লী) গৃহস্থিতমম্লং। কাঞ্জিক, কাঁজি। (ত্রিকাণ্ড°)

গৃহাম্বু (ক্লী) গৃহে পর্য্যুসিতং অম্বু। কাঞ্জিক। (চক্রদত্ত)

গৃহায়নিক (পুং) গৃহরূপময়নং বিদ্যতেঽস্য গৃহায়ন-ঠন্। গৃহস্থ। (শব্দরত্ন)

গৃহারাম (পুং) গৃহস্য আরামঃ ৬তৎ। গৃহের নিকটবর্ত্তী উপবন। (অমর ২।৪।১)

গৃহার্থ (পুং) গৃহে নিষ্পাদ্যোঽর্থঃ মধ্যলো°। গৃহকর্ম্ম।

"পতিসেবা গুরৌ বাসো গৃহার্থোঽগ্নি পরিক্রিয়া।" মনু ২।৬৭।

গৃহালিকা (স্ত্রী) গৃহে আলিরিব কায়তি কৈ-ক। গৃহগোধিকা, টিক্‌টিকী। (হারাবলী)

গৃহাবগ্রহণী (স্ত্রী) গৃহং অবগৃহ্যতে অনয়া অবগ্রহ-করণে ল্যুট্ ঙীপ্। দেহলী, দেওয়াল। (অমর)

গৃহাবস্থিত (ত্রি) গৃহে অবস্থিতঃ। গৃহস্থিত, যাহা গৃহে আছে।

গৃহাশয়া (স্ত্রী) গৃহে ইব ছায়াযুক্তস্থানে আশেতে আ-শী অচ্-টাপ্। তাম্বূলী, পাণের গাছ। (রাজনি°)

গৃহাশ্মন্ (পুং) গৃহস্থিতোঽশ্মা। পেষণী, শিল। (ত্রিকাণ্ড°)

গৃহাশ্রম (পুং ক্লী) গৃহমেব আশ্রমঃ। ১ গৃহরূপ আশ্রম।

"এবং গৃহাশ্রমে স্থিত্বা বিধিবৎ স্নাতকো দ্বিজঃ।" (মনু ৬।১)

২ গৃহস্থের অনুষ্ঠেয় ধর্ম্ম, গার্হস্থ।

গৃহাশ্রমিন (পুং) গৃহাশ্রমমস্যাস্তি গৃহাশ্রম-ইনি। যাহার গৃহাশ্রম আছে, গৃহস্থ।

"তস্মিন্ তৃপ্তে নৃযজ্ঞোথাদৃণান্মুচ্যেদ্ গৃহাশ্রমী।" (মার্ক°২৯।২৯)

গৃহাসক্ত (ত্রি) গৃহে ভার্য্যায়াং আসক্তঃ। ১ ভার্য্যাসক্ত। গৃহে সাংসারিককর্ম্মণি আসক্তঃ। ২ সাংসারিক কার্য্যে বিব্রত। ৩ গৃহস্থিত পাখী প্রভৃতি।

গৃহিন্ (পুং) গৃহং ভার্য্যা অস্ত্যস্য গৃহ-ইনি। গৃহাশ্রমী, গৃহস্থ।

"কুর্ব্বন্ দুঃখপ্রতীকারং সুখবন্মন্যতে গৃহী।" (ভা° ৩।৩০।৯)

গৃহিণী (স্ত্রী) গৃহং গৃহকর্ত্তৃত্বং গৃহকৃত্যং বা অস্ত্যস্য গৃহ ইনি ঙীপ্। ভার্য্যা, পত্নী, গৃহস্বামী যে ভার্য্যার প্রতি সমস্ত গৃহ ভার অর্পণ করেন; চলিত কথায় গিন্নী বলে। প্রাচীন কালে আর্য্যগণ যে সকল নিয়মে গৃহিণী দ্বারা গৃহকার্য্য সম্পাদন করিতেন, ইতিহাস ও প্রাচীন নীতিশাস্ত্রে তাহার অনেকগুলি নিয়ম লিপিবদ্ধ আছে। শুক্রনীতির মতে ব্রাহ্মণ গৃহিণীর কর্ত্তব্য স্বামীসেবা, ইহা ব্যতীত স্ত্রীলোকের আর কোন ধর্ম্মানুষ্ঠান করিতে হয় না, তবে পতি কোন যাগ যজ্ঞের অনুষ্ঠান করিলে গৃহিণীকে তাহার সহায় হইতে হয়, ইহা ছাড়া স্বতন্ত্রভাবে কোন ধর্ম্মানুষ্ঠান নাই। গৃহিণী স্বামী শয্যা পরিত্যাগ করার পূর্ব্বেই শয্যা পরিত্যাগ করিবে, সর্ব্বপ্রথমে শরীর শুদ্ধি করিয়া বিছানাটী উঠাইয়া রাখিবে, এবং গৃহটী ঝাট দিয়া ভালরূপে পরিষ্কার করিয়া লেপন করিবে। ইহার পরে যজ্ঞকাষ্ঠ ও জলপাত্র যথানিয়মে শোধন করিয়া উপযুক্ত স্থানে স্থাপন করিবে। জলপাত্রগুলি জলপূর্ণ করিয়া রাখিতে হয়। এইরূপে আহ্নিক ব্যাপারের বাসন মার্জন ও অপর অপর কার্য্য শেষ হইলে পাককার্য্যে নিযুক্ত হইবে। প্রথমে পাকগৃহের বাসনগুলি বাহির করিয়া গৃহ লেপন ও বাসনগুলি মার্জন করিবে। ইহার পরে স্নান করিয়া পাকের সমস্ত আয়োজন করিবে। এই সকলই গৃহিণীর পূর্ব্বাহ্ণ কার্য্য। গৃহিণী সর্ব্বদাই শ্বশুর ও শাশুড়ীর সেবা করিবে। সর্ব্বদা স্বামীর আজ্ঞানুবর্ত্তিনী হইয়া ছায়ার ন্যায় তাঁহার অনুগমন ও দাসীর ন্যায় তাঁহার আদেশ প্রতিপালন করিবে। ইহার পরে উপযুক্ত সময়ে পাক করিয়া সর্ব্বপ্রথমে গুরুজনকে ভোজন করাইবে, গুরুজনের ভোজন হইলে অপর লোকদিগকে ভোজন করাইয়া পতির অনুমতিক্রমে সর্ব্বশেষে স্বয়ং ভোজন করিবে। ভোজনের পর সায়ংকাল পর্য্যন্ত গৃহের আয় ব্যয় ও কর্ত্তব্যাবর্ত্তব্য চিন্তা করিবে। সন্ধ্যা উপস্থিত হইলে পূর্ব্বাহ্ণের ন্যায় সমস্ত গৃহকার্য্য অনুষ্ঠান করিয়া পাক করিবে। পূর্ব্বনিয়মে সকলকে ভোজন করাইয়া আপনি ভোজন করিবে। তৎপরে শয্যা প্রস্তুত করিবে। পতি শয়ন করিলে তাহার চরণসেবায় নিযুক্ত থাকিবে। স্বামীর নিদ্রা হইলে স্বয়ং নিদ্রিত হইবে এবং রাত্রিশেষে পতি উঠিবার পূর্ব্বেই গাত্রোত্থান করিবে। অনবধানতা, মত্ততা, রোষ, ইর্ষ্যাবচন, পরের নিন্দা, পিশুনতা, হিংসা, বিদ্বেষ, মোহ, অহংকার, ধূর্ত্ততা, নাস্তিকতা, সাহস ও দম্ভ এই সকল পরিত্যাগ করা সাধ্বী গৃহিণীর পক্ষে একান্ত কর্ত্তব্য। (শুক্রনীতি ৩ অঃ)

কৃষ্ণপত্নী সত্যভামা দ্রৌপদীর নিকটে জিজ্ঞাসা করায় দ্রৌপদী তাঁহাকে গৃহিণীর কর্ত্তব্যাকর্ত্তব্য উপদেশ দেন। তাহা ভারতে অতি বিস্তৃতরূপে বর্ণিত আছে। সেই সকল নিয়মে চলিলে স্ত্রীলোক পরমসুখে কাল কাটাইতে পারেন। [স্ত্রীধর্ম্ম দেখ।]

গৃহিণীপনা (দেশজ) গৃহিণীর ভাব।

গৃহীত (ত্রি) গ্রহ-কর্ম্মণি-ক্ত। ১ স্বীকৃত। ২ অবগত। ৩ প্রাপ্ত। ৪ ধৃত। "গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ।" (হিতো°) (ক্লী) গ্রহ-ভাবে ক্ত। ৫ স্বীকার। ৬ জ্ঞান। ৭ প্রাপ্তি। ৮ ধারণ।

গৃহীতগর্ভা (স্ত্রী) গৃহীতো গর্ভোযয়া বহুব্রী। গর্ভবতী। [গর্ভিণী দেখ।]

গৃহীতদিশ্ (ত্রি) গৃহীতা দিক্ যেন বহুব্রী। ১ পলায়িত। ২ তিরোহিত। (হেমচ°)

গৃহীতনামন্ (ত্রি) গৃহীতং প্রশস্তং পুণ্যজনকং নাম যস্য বহুব্রী। যাহার নাম প্রশস্ত।

"গৃহীতনামা বিখ্যাতো বীরসেন ইতিস্মহ।" (নলো° ১২।৩৫)

গৃহীতবিদ্য (ত্রি) গৃহীতা অধীতা বিদ্যা যেন বহুব্রী। যে বিদ্যা গ্রহণ করিয়াছে, শিক্ষিত, পণ্ডিত।

গৃহীতব্য (ত্রি) গ্রহ-কর্ম্মণি তব্য। ১ গ্রহণযোগ্য, যাহা গ্রহণ করা উচিত। (ক্লী) গ্রহ-ভাবে তব্য। ২ গ্রহণ।

গৃহীতাস্ত্র (ত্রি) গৃহীত মস্ত্রং যেন বহুব্রী। যে ব্যক্তি অস্ত্র ধারণ করিয়াছে, অস্ত্রধারী।

গৃহীতিন্ (ত্রি) গৃহীতং গ্রহণং অস্ত্যস্য গৃহীত-ইনি। যিনি গ্রহণ করিয়াছেন, কৃতগ্রহণ।

গৃহু (ত্রি) গ্রহ-কু (উণ্ ১।৩৮)। যে গ্রহণ করে, গ্রহীতা।

"স ইদ্‌ভোজো যো গৃহবে দদাত্যন্নকামায় চরতে কৃশায়।" (ঋক্ ১০।১১৭।৩) 'গৃহবে প্রতিগ্রহীত্রে' (সায়ণ।)

গৃহেজ্ঞানিন্ (ত্রি) ১ অবহুদর্শী। ২ নিতান্ত নির্ব্বোধ।

গৃহেরুহ (পুং) গৃহে রোধতি রুহ-ক, অলুক্স°। গৃহজাত বৃক্ষ।

"ভিন্নভাণ্ডঞ্চ খট্বাঞ্চ কুক্কুটং শুনকং তথা।
অপ্রশস্তানি সর্ব্বাণি যশ্চবৃক্ষো গৃহেরুহঃ॥" (ভা° আনু° ১১৭)

গৃহেনর্দ্দিন্ (পুং) গৃহে এব নর্দ্দতি নর্দ্দ-ণিনি অলুক্স°। কাপুরুষ, যাহারা যুদ্ধে ভীরু, কেবল গৃহে বসিয়া আস্ফালন করে, তাহাদিগকে গৃহেনর্দ্দী বলে।

গৃহেশ (পুং) গৃহস্য ঈশঃ ৬তৎ। ১ গৃহের স্বামী, ঘরের কর্ত্তা। ২ রাশিশ্বর।

গৃহেশ্বর (পুং) গৃহস্য ঈশ্বরঃ ৬তৎ। গৃহের অধিপতি, কর্ত্তা।

"অর্থস্তস্মিন্ স্থানে গৃহেশ্বরাধিষ্ঠিতে হঙ্গে বা।" (বৃ°সং ৫৩ অঃ)

গৃহোৎপাত (পুং) গৃহস্য উৎপাতঃ ৬তৎ। গৃহের বিঘ্ন।

গৃহোপকরণ (ক্লী) গৃহস্য উপকরণং ৬তৎ। গৃহ প্রস্তুত করিতে যে যে বস্তুর দরকার হয়, গৃহসামগ্রী।

গৃহোলিকা (স্ত্রী) গৃহে বলতে গৃহ-বল কুন্ বাহুলকাৎ সংপ্রসারণং টাপ্ অত ইত্বঞ্চ। জ্যেষ্ঠী, টিক্‌টিকী। (হেমচ°)

গৃহ্য (পুং) গৃহ্যতে মানবাদিভিঃ গ্রহ ক্যপ্ (পদাস্বৈরি বাহ্যাপক্ষ্যেষু চ। পা ৩।১।১১৯) ১ গৃহাসক্ত পক্ষী। ২ গৃহাসক্ত মৃগ। (ক্লী) গৃহ্যতে আক্রম্যতে রোগেণ গ্রহ-ক্যপ্। ৩ গুহ্য, মলদ্বার। (ত্রি) ৪ অস্বতন্ত্র, পরাধীন। ৫ আয়ত্ত। ৬ পক্ষ্য, পক্ষপাতী।

"গুণগৃহ্যা বচনে বিপশ্চিতঃ।" (ভারবি ২।৫)

গৃহে ভবঃ গৃহ-যৎ। ৭ গৃহোৎপন্ন। (পুং) ৮ গৃহনিমিত্তক অগ্নি। (ক্লী) ৯ সেই অগ্নি সম্বন্ধীয় কর্ম্ম।

"উক্তানি বৈতানিকানি গৃহ্যাণি বক্ষ্যামঃ।" (আশ্ব° গৃহ্য° ১।১২১)

'গৃহনিমিত্তোঽগ্নিঃ গৃহ্যঃ। তত্রভবানি কর্ম্মাণ্যপি লক্ষণয়া গৃহ্যাণি' (কর্ক)। (পুং) গৃহ্যন্তে সংগৃহ্যন্তে বেদবিহিতানি কর্ম্মকাণ্ডান্যত্র গ্রহ-ক্যপ্। ১০ বৈদিকসূত্র বিশেষ, ইহাতে গৃহস্থের জন্ম হইতে মৃত্যু পর্য্যন্ত কার্য্যকলাপের অনুষ্ঠান প্রণালী ও কর্ত্তব্যাকর্ত্তব্য অতি সুন্দররূপে নির্ণীত আছে। হিন্দুগণ অনেক দিন হইতেই এই গ্রন্থের মতানুসারে বৈদিক কার্য্যের অনুষ্ঠান করিয়া আসিতেছেন। বর্ত্তমান সময়েও ইহার মতই সমধিক আদরণীয়। সচরাচর ব্যবহারে ইহাকে গৃহ্যসূত্র নামে উল্লেখ করা হয়। বেদ এবং শাখাভেদে অনেকগুলি গৃহ্যসূত্র আছে। ইহার ভাষা প্রায় বৈদিক ভাষার ন্যায়। ইহার ভাষা দেখিয়া অনেকেই অনুমান করেন যে ঠিক বৈদিক কালে না হইলেও তাহার অব্যবহিত পরে যে এই গ্রন্থগুলি রচিত হইয়াছে, তাহাতে কোন সন্দেহ নাই। [সূত্র দেখ।]

গৃহ্যক (ত্রি) গৃহ স্বার্থে কন্। ১ গৃহাসক্ত পক্ষী। ২ গৃহাসক্ত মৃগ। ৩ পরাধীন।

গৃহ্যগুরু (পুং) শিব।

গৃহ্যগ্রন্থ (পুং) গৃহ্যসূত্র।

গৃহ্যা (স্ত্রী) গৃহ-টাপ্। বৃহৎ গ্রামের নিকটবর্ত্তী ক্ষুদ্রগ্রাম।

গেঁউড় (দেশজ) স্ফীত বন্দযুক্ত মূল।

গেঁওখালি, বাঙ্গালার মেদিনীপুর জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম, কাঁথি হইতে ৪ মাইল উত্তরে অবস্থিত। এখানে আলোকগৃহ ও ষ্টিমারের ষ্টেসন আছে। ১৮৬৪ খৃষ্টাব্দের ঝড়ে ইহার বিশেষ অনিষ্ট হয়।

গেঁজ (দেশজ) বীজ হইতে উৎপন্ন কন্দযুক্ত মুকুল।

গেঁজলা (দেশজ) ফেনযুক্ত।

গেঁজা (গঞ্জাশব্দজ) গাঁজা।

গেঁজ্যা (দেশজ) ছোট থলি।

গেঁজ্যাল (দেশজ) যে ব্যক্তি সর্ব্বদা গাঁজা খাইয়া উন্মত্ত থাকে, গাঁজাখোর।

গেঁটা (গ্রন্থিশব্দজ) গ্রন্থি।

গেঁটাগেঁটা (দেশজ) স্থূলাকার ও বলিষ্ঠ।
গেঁটিয়া (দেশজ) গ্রন্থিযুক্ত, যাহাতে গেঁটা আছে।
গেঁটিবন (দেশজ) বৃক্ষবিশেষ। (Ocymum sanctum)
গেঁঠান (গ্রন্থন শব্দজ) গ্রন্থন করা, গাঁথা।
গেঁড়ি (দেশজ) ক্ষুদ্রজাতীয় শম্বুক, ইহা জলাশয়ে জন্মে।
গেঁড়িভাঙ্গা কেউটিয়া (দেশজ) একপ্রকার কেউটিয়া সাপ।
গেঁড়ু (গণ্ডুশব্দজ) ১ গেণ্ডুক। ২ গেঁউড়।
গেঁড়ুয়া (দেশজ) গেণ্ডুক। ফুলের গোলা।
গেঁদড়া (দেশজ) মিষ্টান্নবিশেষ।
গেঁদা (দেশজ) এক প্রকার ফুল। (Tagetes patula.) পারসীতে গুলজফরি বলে। ইহা ভারতের সর্ব্বত্রই জন্মে। এই পীতবর্ণ ফুল শীতকালে গৃহমন্দিরাদি সাজাইবার জন্য ব্যবহৃত হয়।
গেঁরি (গণ্ডুক শব্দজ) গুগ্‌লি।
গেঁয়ে (গ্রাম্য শব্দজ) গ্রামবাসী।

"অন্ন বিনা কলেবরে অস্থিচর্ম্মসার।
গেঁয়ে লোকে দিয়াছে পদ্মিনী নাম তার॥" (অন্নদামঙ্গল)

গেঙ্গাড়ি (গ্রাম্য) চৌকিদারের চীৎকার।
গেঙ্গান (দেশজ) কাতর ধ্বনি।
গেণ্ডু (পুং) গচ্ছতি গম-ড, গো গন্তা ইন্দুরিব পৃষোদরাদিবৎ দকারস্য তত্বে সাধু। যদ্বা গণ্ডু পৃষোদরাদিবৎ অকারস্য ইকারে সাধু। গেণ্ডুক। (দ্বিরূপকোষ) কোন কোন স্থানে গেন্দুক পাঠও দৃষ্ট হয়।
গেণ্ডুক (পুং) গেণ্ডু-স্বার্থে কন্। কন্দুক, বস্ত্রনির্ম্মিত গোলাকার ক্রীড়াসাধন পদার্থ, ভাঁটা। (গেণ্ডুক স্থলে গেন্দূক, গেণ্ডুক ও গেন্দূক পাঠ দৃষ্ট হয়।) গেন্দু, গেণ্ডুক ও গেন্দুক শব্দের সমানার্থ।
গেনিটেঙ্গরা (দেশজ) একপ্রকার টেঙ্গ্‌রা মাছ।
গেয় (ক্লী) গা-যৎ (অচোষং। পা ৩।১।৯৭) অকারস্যেকারঃ (ঈদ্‌যতি। পা ৬।৪।৬৫) ততো গুণশ্চ। ১ গীত, গান।

"অনন্তা বাঙ্ময়স্যাহো গেয়স্যেব বিচিত্রতা।" (মাঘ ২।৭২)

(ত্রি) ২ গায়ক।

"ইমে ত্বাং মুনয়ঃ সপ্ত সহিতা মুনিমণ্ডলৈঃ।
স্তবন্তি দেবদিব্যাভির্গেয়াভি র্গীর্ভিরঞ্জসা॥" (হরি° ৫০।৩১)

৩ গাতব্য।
গেয়ান (জ্ঞান শব্দজ) জ্ঞান।
গের (পারসী) গির, গ্রন্থি।
গেরী (গৈরিক শব্দজ) গৈরিক, গিরিমাটি।
গের্দ (পারসী) ঘেরা, ঢাকা।
গের্দবার (পারসী) অন্তরাল, আবরণ।
গেলান (গীরণ শব্দজ) গলাধঃকরণ।
গেলুয়া (দেশজ) জেঁকো, যে বৃথা বেশী কথা কয়।
গেষ্ণু (পুং) গা-ইষ্ণু। (ইষ্ণো গাদাভ্যাং কিদ্বা। উণাদিটীকা) ১ রঙ্গোপজীবী। ২ সামগানকর্ত্তা। (উণাদিকোষ।) ৩ পর্ব্ব গ্রন্থি, অবয়বভেদ।
গেষ্ণু (পুং) গা-ইষ্ণুচ্ (গাদাভ্যামিষ্ণুচ্। উণ্ ৩। ১৬) ১ গায়ন। ২ নট। ৩ সামগানকর্ত্তা।
গেহ (ক্লী) গো গণেশো গন্ধর্ব্বো বা ঈহ ঈপ্সিতো যত্র বহুব্রী। গৃহ। "তৃণানি ভূমিরুদকং বাক্ চতুর্থীচ সুনৃতা।
এতান্যপি সতাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন॥" (হিতো°)
গেহদাহ (পুং) গেহস্য দাহঃ ৬তৎ। গৃহদাহ।
গেহপতি (পুং) গেহস্য পতিঃ ৬তৎ। গৃহপতি।
গেহভূ (স্ত্রী) গৃহস্য ভূঃ ৬তৎ। গৃহস্থান।
গেহিন্ (পুং) গেহমস্যাস্তি গেহ-ইনি। গৃহী।
গেহিনী (স্ত্রী) গেহিন্ ঙীপ্। গৃহিণী।

"গেহিন্যাঃ শৃণ্বন্তী গোত্রস্খলিতাপরাধতো মানম্।"
(আর্য্যাসং ১৯৯)

গেহেক্ষেড়িন্ (ত্রি) গেহে ক্ষেড়তে ক্ষেড়-ইনি পাত্রে সমিতাদিত্বাৎ অলুক্ সমাসঃ। যুদ্ধে অক্ষম, গৃহে বসিয়া আত্মশ্লাঘাকারী। এই শব্দটী যুক্ত্যারোহ্যাদি গণান্তর্গত বলিয়া ইহার আদিস্বর উদাত্ত হয়। (যুক্ত্যারোহ্যাদয়শ্চ। পা ৬। ২। ৮১।)
গেহেদাহিন্ (ত্রি) গেহে দহতি দহ ইনি অলুক্সং (পাত্রে সমিতাদয়শ্চ। পা ২। ১। ৪৮।) কাপুরুষ। যুক্ত্যারোহ্যাদি গণান্তর্গত বলিয়া ইহার আদিস্বর উদাত্ত হয়।
গেহেদৃপ্ত (ত্রি) গেহে দৃপ্তঃ অলুক্সং। যিনি কেবল গৃহে বসিয়া আত্মশ্লাঘা করেন, কাপুরুষ।
গেহেধৃষ্ট (ত্রি) গেহে ধৃষ্টঃ অলুক্সং। যে আপন গৃহে ধৃষ্টতা প্রকাশ করে।
গেহেনর্দ্দিন্ (ত্রি) গেহে নর্দ্দতি গর্জ্জতি নর্দ্দ-ণিনি অলুক্সং। যে গৃহে বসিয়া গর্জ্জন করে, কাপুরুষ।
গেহেমোহিন্ (ত্রি) গেহে মুহ্যতে মুহ-ণিনি। যে গৃহেই মোহ প্রাপ্ত হয়।
গেহেবিজিতিন্ (ত্রি) গেহে বিজিতং অস্যাস্তি গেহে-বিজিত-ইনি। কাপুরুষ।
গেহেব্যাড় (পুং) দাম্ভিক।
গেহেশূর (পুং) অলুক্সং। কাপুরুষ। (হেম° ৩।১৪১)
গেহোপবন (ক্লী) গেহসমীপবর্ত্তি উপবনং। গৃহের নিকটস্থ উদ্যান। (অমর)

গেহ্য (ত্রি) গেহে ভবঃ গেহায় হিতং বা। ১ গৃহোৎপন্ন। ২ গৃহের হিতকর।

"যস্মৈ ধায়ুরদধা মর্ত্ত্যায়া ভক্তং চিদ্ ভজতে গেহ্যং সঃ।" (ঋক্ ৩।৩০।৭) 'গেহ্যং গেহেষু ভবং।' (সায়ণ।)

গৈগাঁ (গ্রামশব্দজ)

গৈর (ত্রি) গিরৌ ভবঃ গিরি-অণ্। ১ পর্ব্বতোৎপন্ন, যাহার পর্ব্বত হইতে উৎপন্ন হয়। স্ত্রিয়াং ঙীষ্। ২ লাঙ্গলী বৃক্ষ। (রত্নমালা) (ক্লী) ৩ উপধাতু বিশেষ। (শব্দার্থচি°)

গৈরকংবুল (ক্লী) নীলকণ্ঠতাজকোক্ত বর্ষ ও লগ্নকালিক গ্রহযোগবিশেষ।

"যদ্যন্যর্ক্ষং প্রবিশ্যৈব স্বভোচ্চস্থেথশালবান্।
গৈরকংবুলমেতত্তু পদোনে নাশুভং স্মৃতং।" (নীলকণ্ঠ)

গৈরা (গভীর শব্দজ) গভীর, অগাধ।

গৈরায়ণ (পুং স্ত্রী) গিরে র্গোত্রাপত্যং গিরি-ফঞ্। গিরির গোত্রাপত্য।

গৈরিক (ক্লী) গিরৌ ভবং গিরি-ঢঞ্। উপধাতু বিশেষ, গিরিমাটি। পর্য্যায়—রক্তধাতু, গিরিধাতু, গবেধুক, ধাতু, সুরঙ্গধাতু, গিরিমৃদ্ভব, বনালক্ত, গবেরুক, প্রত্যশ্মা, গিরিভূৎ, লোহিতমৃত্তিকা, গিরিজ। পীতবর্ণ গৈরিকের পর্য্যায়—সুবর্ণগৈরিক, সুবর্ণ, স্বর্ণগৈরিক, স্বর্ণধাতু, সন্ধ্যাভ্র, বজ্রধাতু, শিলাধাতু। এই উভয় প্রকার গৈরিকের গুণ—মধুর, শীত, কষায়, বিষ্ফোট, অর্শ, অগ্নিদাহনাশক, নির্ম্মল ও স্নিগ্ধ। (রাজনি°)

গৈরিকংবু (ক্লী) [গৈরকংবুল দেখ।]

গৈরিকাক্ষ (পুং) গৈরিকমিবাক্ষি পুষ্পমস্য বহুব্রী সমাসান্ত টচ্। জলমধুক বৃক্ষ। (রাজনি°)

গৈরিকাঞ্জন (ক্লী) গৈরিকনির্ম্মিত অঞ্জন।

গৈরিক্ষিত (পুং) গিরিক্ষিতস্য গোত্রাপত্যং গিরিক্ষিত-অণ্। গিরিক্ষিতবংশোৎপন্ন একটী অতি প্রাচীন রাজর্ষি। ইহার অপর নাম ত্রসদস্যু। ঋগ্বেদে ইহার উল্লেখ আছে। (ঋক্ ৫।৩৩।৮)

গৈরেয় (ক্লী) গিরৌ ভবং ঠক্। শিলাজতু। (অমর)

গো (পুং স্ত্রী) গচ্ছতি গম-কর্ত্তরি ডো (গমে র্ডোঃ। উণ্ ২।৬৭) যদ্বা গচ্ছত্যনেন বৃষস্য যানসাধনত্বাৎ স্ত্রীগব্যাশ্চ দানেন স্বর্গসাধনত্বাৎ তথাত্বং। গোশব্দ যোগরূঢ়। "রূঢ়া গবাদয়ঃ প্রোক্তা যৌগিকাঃ পাচকাদয়ঃ।" (বৈয়াকরণ°) বাচস্পত্য গোশব্দের ব্যুৎপত্তি প্রদর্শন স্থলে আলঙ্কারিকপ্রধান দর্পণকার বিশ্বনাথের ভুল ধরিয়া বলিয়াছেন যে, "গমধাতুর উত্তর করণবাচ্যে ডো প্রত্যয় হইয়া গো শব্দ নিষ্পন্ন হয়। উণাদিপ্রত্যয় কর্ত্তৃবাচ্যে হয় এইরূপ নিয়ম নাই, দর্পণকার বলিয়াছেন যে, যদি ব্যুৎপত্তিলভ্য অর্থকেই কেবল মুখ্যার্থ বলিয়া স্বীকার করা হয় তবে "গৌঃ শেতে" ইত্যাদি স্থলেও লক্ষণা হইতে পারে। গমধাতুর উত্তর ডো প্রত্যয়ে নিষ্পন্ন গোশব্দের শয়নকালে প্রয়োগ লক্ষণাব্যতীত অসম্ভব। বাচস্পত্যের মতে দর্পণকারের এই সকল কথাগুলি ভুল, অনবধানতায় অথবা না বুঝিয়া লিখিত হইয়াছে, কারণ করণবাচ্যে ডো প্রত্যয়ে নিষ্পন্ন গোশব্দের শয়নকালে প্রয়োগ হইতে কোন বাধা নাই।" কর্ত্তৃবাচ্যে উণাদিপ্রত্যয় হয় না, এরূপ কোন অনুশাসন নাই। (তাভ্যামন্যত্রোণায়য়ঃ। পা ৩।৪।৫।) এই সূত্রানুসারে কেবল সম্প্রদান ও অপাদান বাচ্যেই উণাদি প্রত্যয় হয় না, তাহা ছাড়া কর্ত্তৃকর্ম্ম প্রভৃতি সকল বাচ্যেই উণাদি প্রত্যয় হইয়া থাকে। দর্পণকার কর্ত্তৃবাচ্যে নিষ্পন্ন গোশব্দের ব্যুৎপত্তি লভ্যার্থ "গমনকর্ত্তা" ধরিয়া ঐরূপ লিখিয়াছেন। বাচস্পত্য স্বয়ংও উহার ১০।১২ পঁক্তি পরেই "শীঘ্রং গচ্ছতি কর্ত্তরি বা ডো" এইরূপ ব্যুৎপত্তি দেখাইয়াছেন। [বাচস্পত্য গোশব্দ দেখ।]

১ স্বনামখ্যাত চতুষ্পদ পশুবিশেষ, গোরু। (Bovina) [পুংগোর পর্য্যায় অনড়ান্ শব্দে দ্রষ্টব্য।] স্ত্রীগোর পর্য্যায়—মাহেষী, সৌরভেয়ী, উস্রা, মাতা, শৃঙ্গিণী, অর্জুনী, অঘ্ন্যা, রোহিণী, মাহেন্দ্রী, ইজ্যা, ধেনু, অঘ্না, দোগ্ধ্রী, ভদ্রা, ভূরিমহী, অনড়ুহী, কল্যাণী, পাবনী, গৌরী, সুরভি, মহা, বিলিনাচি, সুরভী, অনড়াহী, দ্বিড়া, অধমা, বহুলা, মহী, অদিতি, ইলা, জগতী, শর্করী।

গৃহস্থের পক্ষে গো যেরূপ উপকারী এরূপ উপকারী পশু আর নাই বলিলেও অত্যুক্তি হয় না। ভোজন, গমন প্রভৃতি সকল কার্য্যেই গৃহস্থ ইহাদ্বারা উপকৃত। বৃহৎসংহিতায় ইহার শুভাশুভ লক্ষণ এইরূপ লিখিত আছে। গাভীর চক্ষু দুইটী রূক্ষ ও মূষিক সদৃশ হইলে এবং চক্ষুর কোণে সর্ব্বদাই মল দেখা যাইলে সেই গাভী অশুভ জানিবে। যে-সকল গাভীর নাসিকাবিস্তৃত, শৃঙ্গ প্রচলনশীল, বর্ণ খর সদৃশ এবং দেহ করটা তুল্য, এবং যাহার দন্তসংখ্যা ১০, ৭ বা ৪; মুণ্ড এবং মুখলম্বমান, পৃষ্ঠবিনত, গ্রীবাহ্রস্ব ও স্থূল, গতি মধ্যম, এবং খুর বিদারিত, সেই সকল গাভী গৃহস্থের অমঙ্গল উৎপাদন করে। যে গাভীর জিহ্বার বর্ণ কৃষ্ণ ও পীতমিশ্র, গুল্ফ অতিশয় সূক্ষ্ম বা স্থূল, ককুদ অপেক্ষাকৃত বৃহৎ, দেহ কৃশ, এবং কোন একটী অঙ্গহীন বা অধিকাঙ্গ সেই গাভী গৃহস্থের মঙ্গলকর নহে। গাভীর যে কয়টী লক্ষণ বলা হইল, এই সকল লক্ষণাক্রান্ত বৃষও অশুভপ্রদ। যে বৃষের মুষ্ক স্থূল ও অতিশয় লম্বা, ক্রোড়দেশ

শিরাজালে পরিব্যাপ্ত, গণ্ডদেশে স্থূল শিরাসমূহ দেখিতে পাওয়া যায় ও যে বৃষ স্থানত্রয়ে মূত্রত্যাগ করে, তাহাকে অশুভকর জানিবে। যাহার চক্ষু বিড়ালের চক্ষুর ন্যায় এবং শরীরের বর্ণ কপিল তাহাকে করট বলে। ইহা অশুভপ্রদ। কেবল ব্রাহ্মণের পক্ষে এই জাতীয় বৃষ প্রশস্ত। বৃষের ওষ্ঠ, তালু ও জিহ্বা কৃষ্ণবর্ণ হইলে এবং সর্ব্বদাই নিদারুণ শ্বাস বহিতে থাকিলে তাহা দ্বারা সেই পালের বিনাশ হয়। যে বৃষের বিষ্ঠা, মণি ও শৃঙ্গ স্থূল, উদর শ্বেতবর্ণ, অপর শরীরের রঙ কৃষ্ণসার মৃগের ন্যায়, সেই বৃষভ গৃহজাত হইলেও তাহাকে পরিত্যাগ করা উচিত। যাহার শরীরের বর্ণ ভস্মমিশ্রিত ঈষদ্ রক্ত, চক্ষু দুইটী বিড়ালের মত এবং যাহার শরীরে পুষ্পাকার শ্যামবর্ণ চিহ্ন লক্ষিত হয়, সেই বৃষ ব্রাহ্মণের পক্ষে ভাল, অপরের অশুভকর। যে সকল বৃষ যোজিত হইলে কাদা হইতে পাতোলার মত পা উঠাইতে থাকে, যাহাদের গ্রীবা কৃশ এবং চক্ষু দুইটীতে কাতরতাভাব লক্ষিত হয়, যে বৃষ ভার বহন করিতে অক্ষম, যে সকল গোর ওষ্ঠ তাম্রবর্ণ, মৃদু ও সংহত, স্ফিক্ অপ্রশস্ত, জিহ্বা ও তালু তাম্রবর্ণ, কর্ণ ছোট, হ্রস্ব ও উচ্চ এবং পেটটী দেখিতে সুন্দর; যাহাদিগের খুর ঈষৎ তাম্রবর্ণ, বক্ষঃস্থল বিপুল ও বিস্তৃত, ককুদ্ বৃহৎ, গাত্রত্বক্ স্নিগ্ধ, রোম মনোহর ও তাম্রবর্ণ হয়, যাহাদের লাঙ্গুল ক্ষুদ্র ক্ষুদ্র লোমবিশিষ্ট ও ভূতলস্পর্শী, চক্ষু রক্তাক্ত, স্কন্ধ সিংহের ন্যায়, গলকম্বল সূক্ষ্ম ও ছোট, সেই সকল বৃষভদিগকে সুগত বলে। ইহারা শুভফলপ্রদ। সিংহের ন্যায় জঙ্ঘা, বামদিকে বামাবর্ত্ত ও ডানদিকে দক্ষিণাবর্ত্তযুক্ত ও মৃগ সদৃশ হইলে শুভপ্রদ। যে বৃষের চক্ষু বৈদূর্য্য, মল্লিকা ও বুদ্‌বুদ্ সদৃশ, চক্ষুর আবরণ স্থূল ও পার্ষ্ণি অস্ফুট, সেই বৃষ ভার বহনক্ষম ও প্রশস্ত ফলপ্রদ।

যে বৃষভের নাসিকার নিকটে বলি আছে, মুখটী দেখিতে ঠিক বিড়ালের ন্যায়, ডানদিকে শ্বেতবর্ণ, রোমরাজি কমল, উৎপল ও লাক্ষা সদৃশ, লাঙ্গুলটী সুন্দর, গতি ঘোড়ার ন্যায়, বৃষণ অপেক্ষাকৃত বৃহৎ, উদর মেঘের ন্যায় নীলবর্ণ এবং বক্ষণ ও ক্রোড় খাট; সেই জাতীয় বৃষভ ভারবহনক্ষম ও প্রশস্তফলপ্রদ জানিবে। যে বৃষের শরীরের রঙ্ শাদা, চক্ষু পিঙ্গলবর্ণ, শৃঙ্গ তাম্রবর্ণ ও মুখটী বড়, তাহার নাম হংস। ইহা শুভফলপ্রদ এবং যে পালে থাকে, সেই পালের বৃদ্ধি করে। যে বৃষভের লাঙ্গুল পুচ্ছযুক্ত ও ভূতলস্পর্শী, বক্ষণ তাম্রবর্ণ, ককুদ্ লাল এবং শরীরের রঙ শ্বেত ও কৃষ্ণমিশ্রিত সেই বৃষ অল্পকাল মধ্যেই পালকের লক্ষ্মী বৃদ্ধি করে। যে বৃষের একটী চরণ শ্বেতবর্ণ অপর চরণ ও শরীর নানা রঙের, তাহা গৃহস্থের পক্ষে অতিশয় শুভফলপ্রদ। এই স্থলে উৎকৃষ্ট ও অপকৃষ্ট বৃষভের যে সকল লক্ষণ নির্ণীত হইয়াছে, সেই উভয় লক্ষণ কোন বৃষে লক্ষিত হইলে তাহার ফল মিশ্র জানিবে। (বৃহৎসংহিতা ৬১ অঃ।)

গোর ইঙ্গিত দেখিয়া পালকের ভাবী শুভাশুভ জানিতে পারা যায়। বৃহৎসংহিতায় লিখিত আছে যে, গোরুগুলি অতিশয় দীনভাব অবলম্বন করিলে রাজার অমঙ্গল হয়, এইরূপ পা দিয়া ভূমিকুট্টন করিলে রোগ, চক্ষু অশ্রুপূর্ণ হইলে মৃত্যু এবং অকারণ অবিরত ডাকিতে থাকিলে পালকের চৌরভয় হইয়া থাকে। গাভীগণ অকারণে রাত্রিকালে রব করিলে ভয় হয়, কিন্তু বৃষভ রাত্রিতে ডাকিলে মঙ্গল হইয়া থাকে।

গো সকল ক্ষুদ্র ক্ষুদ্র মক্ষিকা ও ছোট ছোট কুকুর কর্ত্তৃক তাড়িত হইলে শীঘ্র বৃষ্টি হয়। যখন মাঠ হইতে গাভীগুলি ফিরিয়া আইসে, তখন হম্বা রব করিতে করিতে গোষ্ঠে অনেকের সহিত মিলিত হইলে গোষ্ঠের বৃদ্ধি হয়। গোগণ আর্দ্রাঙ্গী ও হৃষ্টলোমা হইলে ধন ও হর্ষ বৃদ্ধি হয়। (বৃহৎসংহিতা ৯২।)

দেবলের মতে গো অষ্ট মাঙ্গল্য দ্রব্যের অন্তর্গত একটী। ইহার দর্শন, নমস্কার অর্চ্চনা ও প্রদক্ষিণ করিলে আয়ু বৃদ্ধি হইয়া থাকে (১)।

গো প্রণামের মন্ত্র যথা—

"নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এবচ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমোনমঃ।" (ব্রহ্মপুরাণ)

এই মন্ত্রটী পড়িয়া গোরুর নমস্কার করিলে গোদানের ফল হয়। ভবিষ্যপুরাণের মতে গাভীর অঙ্গমর্দ্দন ও নমস্কার করিয়া প্রদক্ষিণ করিবে। গাভীর প্রদক্ষিণ করিলে সপ্তদ্বীপা পৃথিবী প্রদক্ষিণের ফল হইয়া থাকে। গোরুর অস্থি লঙ্ঘন করিবে না। গো মরিলে গন্ধযোগে ফেলিয়া দিবে (২)।

বিষ্ণুর মতে গোর বিষ্ঠা, মূত্র, ক্ষীর, ঘৃত, দধি ও রোচনা এই ছয়টী পদার্থ পরম পবিত্র (৩)।

গোগণ রোমন্থক জাতির অন্তর্গত। সাধারণতঃ এই

(১) "লোকেঽস্মিন্ মঙ্গলান্যষ্টৌ ব্রাহ্মণোগৌ র্হুতাশনঃ।
হিরণ্যং সর্পিরাদিত্য আপো রাজা তথাষ্টমঃ॥
এতানি সততং পশ্যেন্নমস্যেদর্চ্চয়েচ্চ যঃ।
প্রদক্ষিণঞ্চ কুর্ব্বীত তথা চায়ুর্ন হীয়তে।" (দেবল)

(২) "গামালভ্য নমস্কৃত্য কৃত্বা চৈব প্রদক্ষিণম্।
প্রদক্ষিণীকৃতা তেন সপ্তদ্বীপা বসুন্ধরা॥
গবামস্থি ন লঙ্ঘেত মৃতে গন্ধেন বর্জয়েৎ।" (ভবিষ্য)

(৩) "গোমূত্রং গোময়ং ক্ষীরং সর্পির্দধিচ রোচনম্।
ষড়ঙ্গমেতন্মঙ্গল্যং পবিত্রং সর্ব্বদা গবাং॥" (বিষ্ণু)

জাতীয়েরা অতিশয় নিরীহ, সহজেই পোষ মানে। দেখা গিয়াছে যে মনুষ্যেও ইহার স্তনে মুখ দিয়া দুগ্ধ পান করিলেও কোন উপদ্রব করেনা। ইহাদের পায়ের খুর খণ্ডিত, মস্তকে দুইটী শৃঙ্গ আছে। বিপক্ষ কর্ত্তৃক আক্রান্ত হইলে ইহারা পদ ও শৃঙ্গ দ্বারাই কেবল আত্মরক্ষা করিতে চেষ্টা পায়।

ইহাদের মাথার করোটী কিছু স্থূল এবং ললাটদেশ বৃহৎ। মুখবিবর লম্বা ও বড়, ওষ্ঠদ্বয় কৃষ্ণবর্ণ এবং মস্তকে দুইটী ক্ষুদ্র চক্ষু আছে। ইহাদের বক্ষের দুই ধারে ১৩খানি করিয়া ২৬খানি পঞ্জরাস্থি। গলদেশ মোটা ও ক্ষুদ্র, মস্তক ও স্কন্ধদ্বয় হইতে যেন কিছু ঝুলিয়া পড়িয়াছে। কতকগুলি গোরুর পৃষ্ঠ ও স্কন্ধের মধ্যস্থলে একটী উচ্চ ঝুঁটি দেখা যায়, উহাকে ককুদ্ বলে। তাতার ও ভোটদেশীয় গোরুর এরূপ ঝুঁটী নাই। ভারতীয় গোরু (Gavæus Gaurus) অপেক্ষা ইহারা আকারে ক্ষুদ্র এবং ইহাদের গাত্রের বিশেষতঃ লাঙ্গূলের লোম অতি দীর্ঘ ও চিক্কণ। ঐ লোমে এদেশীয় লোকেরা চামর প্রস্তুত করে এবং চীনদেশীয় ধনাঢ্য ব্যক্তিরা উক্ত লোম নানা বর্ণে রঞ্জিত করিয়া টুপির উপর বসাইয়া থাকে। এই জাতীয় গোরুকে অস্মদ্দেশে চমরী-গো বলিয়া থাকে। [চমরী দেখ।]

গাভী মনুষ্যের ন্যায় ন্যূনাধিক দুইশত আশিদিন গর্ভ-ধারণ করিয়া এককালে একটী মাত্র সন্তান প্রসব করে। কখন কখন গাভীকে যমজ বা এককালে তিনটী সন্তান প্রসব করিতেও দেখা যায়। কেহ নবপ্রসূতা গাভীর নিকটে যাইলে তাহাকে শৃঙ্গ সঞ্চালন দ্বারা তাড়াইয়া দেয়। দুগ্ধদোহন-কালে গো-স্তনের মাংসপেশী আকুঞ্চিত করিয়া বাছুরের জন্য দুগ্ধ লুকাইয়া রাখে এবং সর্ব্বদা বাছুরের গাত্রলেহন করিয়া মাতৃস্নেহ প্রকাশ করিয়া থাকে।

ইহাদের অপত্যস্নেহ অতিশয় প্রবল। স্তন্যপায়ী বাছুর মরিয়া গেলে গাভী তিন চারিদিন কিছু খায়না এবং সময়ে সময়ে শোকের কাতরতাব্যঞ্জক চীৎকার করিয়া থাকে। এই কারণে কখন কখন ইহাদের চক্ষে জল পড়িতেও দেখা গিয়াছে। এতদ্ভিন্ন প্রতিপালকের কোন আকস্মিক বিপদেও ইহাদের চক্ষে জল দেখা যায়।

পুংগোরুকে সচরাচর ষাঁড় বা বলদ বলে। কৃষকেরা ইহাদের স্কন্ধে হলযোজনা করিয়া ভূমিকর্ষণ করে। আমাদের দেশের সামান্য পণ্যব্যবসায়ীরা ইহাদের পৃষ্ঠে ধান্য, ছোলা প্রভৃতি বোঝাই করিয়া লইয়া যায়। ইহারা পৃষ্ঠে পাঁচ মণ পর্য্যন্ত ভার বহন করে এবং কুড়ি বাইস মণ বোঝাই সমেত গাড়ী টানিয়া লইয়া যায়। বলদের অণ্ড কাটিয়া আক্তা করিলে ঐ গোরুকে এ দেশীয়েরা 'দামড়া' বলে।

গোর বিলক্ষণ বোধশক্তি আছে। অনেকে ভালুকের মত ইহাদিগকে খেলা শিখাইয়া গ্রামে ও নগরে কৌতুক দেখাইয়া থাকে। গো যে স্থানে একবার পালিত হয়, তথা হইতে অন্যত্র লইয়া গেলে সুযোগক্রমে পলাইয়া পূর্ব্ব স্থানে আগমন করে। কোন মতে আর তথা হইতে যাইতে চাহে না। ইহারা প্রতিপালকভক্ত। প্রতিপালক বাস পরিবর্ত্তন করিলেও ইহারা তাহার অনুগামী হয়। কলিকাতায় পথে গোরু ছাড়িবার নিয়ম নাই। কিন্তু দেখা গিয়াছে কলিকাতাস্থ কোন গৃহস্থের কতকগুলি গো প্রত্যহই রাত্রিকালে বাহির হয়, সমস্ত রাত্রি পথে পথে খাইয়া আবার অতি প্রত্যুষে প্রতিপালকের বাটীতে আসিয়া উপস্থিত হয়, কাজেই কেহ ধরিতে পারে না।

গো ভারতবাসীগণের সর্ব্বস্ব-ধন। কি ধনী, কি নির্ধন এদেশীয় সকলেই যত্নপূর্ব্বক গোরুর সেবা শুশ্রূষা করিয়া থাকে। অতি প্রাচীনকালে ভারতবর্ষের রাজগণের মধ্যে অনেকেই গোরু পুষিতেন। মহাভারতে লিখিত আছে যে, বিরাটরাজের ষষ্ঠী সহস্র গাভী ছিল। আইন্-অকবরী পাঠে জানা যায় অকবর বাদশাহের বহুশত গাভী ও বলদ ছিল। তিনিও গোদিগকে বড়ই যত্ন করিতেন। তিনি জাতিতে মুসলমান হইলেও ভারতবর্ষ হইতে গো-হত্যাপ্রথা উঠাইয়া দিয়াছিলেন। পূর্ব্বকাল হইতে বর্ত্তমান সময়েও ব্রাহ্মণকে গোদান একটী মহাপুণ্য বলিয়া উক্ত হইয়াছে। এখনও আমা-দের দেশের বালিকারা গোকালব্রত নামে গোরুর পূজা করিয়া থাকে। এদেশে গোরু প্রায় ন্যূনাধিক বাইশ বৎসর বাঁচে।

গোরুর শরীরের সকল দ্রব্যই ব্যবহারে লাগে। দুগ্ধে আমাদের প্রাণধারণ হয়। চর্ম্মে জুতা ও মশক প্রভৃতি প্রস্তুত হইয়া থাকে। অস্থিতে ছাতা ও ছুরির বাঁট এবং বোতাম নির্ম্মিত হয়। লোম জমাট করিয়া একপ্রকার বস্ত্র তৈয়ার হয়। শৃঙ্গ ও খুর গলাইলে শিরিষ হয়, এবং নাড়ীতে বাদ্যযন্ত্রের তাঁত নির্ম্মিত হইয়া থাকে। ইহার মূত্রে রজকেরা বস্ত্র ধৌত করে এবং বিষ্ঠা শুষ্ক করিয়া লোকে কাষ্ঠের ন্যায় জ্বালাইয়া থাকে। অহিন্দুরা ইহার মাংস খায়। ইহার শোণিতে সুরা পরিষ্কার করা হয়। প্রুসিয়াদেশে গোরুর রক্তে এক প্রকার রং প্রস্তুত হইয়া থাকে। ঐ রং প্রুসিয়ান্ ব্লু নামে প্রসিদ্ধ।

কুমারিকা অন্তরীপ হইতে হিমালয়ের প্রান্তদেশ পর্য্যন্ত সকল বনেই গোরু দেখা যায়। ভারতের পশ্চিম নীলগিরি, বায়নাড়, কুর্গ, বাবাবুদেন ও মহাবলেশ্বর পর্ব্বতে ইহাদের বাস অধিক। নর্ম্মদা ও তাপ্তীনদীর মধ্যবর্ত্তী বনে, পুলনে,

ডুণ্ডিগল পাহাড়, শান্দামঙ্গলম্ পর্ব্বত এবং বেল্লুরের নিকটবর্ত্তী সর্ব্বরব পর্ব্বতে, গোদাবরী ও কৃষ্ণানদীর মধ্যবর্ত্তী স্থানে, কটক, মেদিনীপুর, মধ্যভারত, মহিসুর, নেল্লুর, অযোধ্যা, রোহিলখণ্ড, শাহাবাদ এবং মুজাফরনগরের নিকটবর্ত্তী দোআবে ইহাদিগকে বন্য অবস্থায় দেখা যায়।

হিমালয়প্রদেশের বরফাবৃত স্থানে একপ্রকার বন্য গো (Poephagus grunniens) দেখা যায় এবং হিমালয়বাসীরা চাসবাসের জন্য চমরীগো (Yak) পুষিয়া রাখে। [চমরী দেখ।] ব্রহ্মপুত্রনদীর পূর্ব্বস্থ পার্ব্বতীয় স্থানসমূহে, আসাম উপত্যকার মিশ্‌মি পাহাড় ও তন্নিকটবর্ত্তীস্থান হইতে উত্তরে ও পূর্ব্বে চীনদেশের প্রান্ত সীমা পর্য্যন্ত এক (Gavœus frontalis) জাতীয় গোরু আছে। আমাদের দেশে ঐ জাতীয় গোরুকে গয়াল বা মিথুন বলে, ইহারা খুব পোষ মানে। ত্রিপুরা, চট্টগ্রাম প্রভৃতি স্থানে ইহাদের সংখ্যাই অধিক। শ্রীহট্টে একপ্রকার সঙ্কর গো (Ros sylhetanus) আছে। ব্রহ্মদেশের "বেনটেঙ্গ" নামক বন্য গাভী (Gavæus sondaicus) উত্তরে চট্টগ্রাম এবং দক্ষিণে মলয় পর্য্যন্ত সকল স্থানেই বাস করে।

য়ুরোপীয় প্রাণিতত্ত্ববিদেরা পালিত গোরুর মধ্যে যাহাদের ককুদ্ আছে তাহাদের Zebu শ্রেণী এবং ককুদ্‌বিহীন গোলাকার শৃঙ্গবিশিষ্ট গোরুকে Taurus এবং ঝুঁটীহীন চেপ্টা শৃঙ্গ গোদিগকে Gavæus শ্রেণীভুক্ত করিয়াছেন।

য়ুরোপের পোলাণ্ড, কার্পেথীয় পর্ব্বত, লিথুয়েনীয়া এবং এসিয়ার ককেসস্ পর্ব্বতের নিকটস্থ বনে একজাতীয় গোরু আছে, তাহাকে বাইসন (Bison) বলে। অনেকে অনুমান করেন যে বর্ত্তমান গৃহপালিত গোরু সকল বাইসন হইতে উৎপন্ন হইয়াছে। উত্তর আমেরিকার যে সকল বাইসন দেখা যায়, তাহাদের শরীর বড় বড় মহিষ অপেক্ষা বৃহৎ। ইহাদের মস্তকের বিশেষতঃ ঘাড়ের লোম এমন লম্বা যে ভূমি পর্য্যন্ত লুটাইয়া পড়ে। ঐ এক গুচ্ছ লোম ওজনে প্রায় চারি সের। গ্রীষ্মকালে ইহাদের পশ্চাদ্ভাগে লোম উঠিয়া যায় এবং শীতকালে পুনরায় গজাইয়া থাকে। ঐ লোমে যে সূতা প্রস্তুত হয়, তাহাতে উৎকৃষ্ট বস্ত্র ও দস্তানা প্রস্তুত হইয়া থাকে। ইহাদেরও ঘাড়ের উপর ঝুঁটী হয়। প্রাতে ও সন্ধ্যাকালে ইহারা দলবদ্ধ হইয়া চরিয়া বেড়ায়। রৌদ্রে বৃক্ষচ্ছায়ায় শয়ন করিয়া থাকে। মনুষ্যকে দেখিলে ইহারা বড় ভয় পায়। যদি আহত হয়, তবে ক্রোধান্বিত হইয়া আক্রমণকারীকে বিনাশ করিতে ধাবিত হয়। উক্ত দেশীয় অসভ্য লোকেরা অগ্নি জ্বালাইয়া ইহাদিগকে কোন অপরিসর স্থানে তাড়াইয়া আনে এবং একত্র হইলে মারিয়া ফেলে।

লিথুয়েনিয়ার বিস্তৃত অরণ্য মধ্যে ইউরস্ নামে এক জাতীয় বন্য গোরু দেখা যায়। চার্লস্ মেকেঞ্জিসাহেব লিখিয়াছেন, ইহাদের শরীর হস্তির ন্যায় বৃহৎ, চক্ষু উজ্জ্বল ও রক্তবর্ণ; গ্রীবা ছোট, শৃঙ্গ স্থূল ও খর্ব্ব। ইহাদের সমুদয় শরীর কৃষ্ণবর্ণ লোমে আচ্ছাদিত ও গাত্র হইতে সাধারণতঃ একপ্রকার দুর্গন্ধ নির্গত হয়।



পম্পার বনে গো-শীকার।

আমেরিকার বনে পূর্ব্বে গো ছিল না, স্পেনীয়রা গো লইয়া গিয়া ছাড়িয়া দেয়। এখন তাহাদের এত বংশবৃদ্ধি হইয়াছে যে, তথায় এক পম্পার বনেই লক্ষ লক্ষ গো দৃষ্ট হয়। শীকারীরা বনে গিয়া ঐ গো ধরিয়া আনে।

বৈদ্যক মতে গোমাংসের গুণ—সুস্নিগ্ধ, পিত্ত ও শ্লেষ্ম-বৃদ্ধিকর, বৃংহণ, বলকর, পীনস ও প্রদরনাশক। (ভাবপ্রকাশ) গোদুগ্ধের গুণ—পথ্য, অত্যন্ত রুচিকর, স্বাদু, স্নিগ্ধ, পিত্ত ও বাতরোগনাশক, পবিত্র কান্তি, প্রজ্ঞা, অঙ্গপুষ্টি ও বীর্য্যবৃদ্ধিকর। দধির গুণ—অতি পবিত্র, শীত, স্নিগ্ধ, দীপন, বলকর, মধুর, অরুচি ও বাতরোগনাশক এবং গ্রাহী। নবনীতের গুণ—শীত বর্ণ, বল, শুক্র, কফ, রুচি, সুখ, কান্তি ও পুষ্টিকর, অতি মধুর, সংগ্রাহী, চক্ষুর হিতকর; বাত, সর্ব্বাঙ্গশূল, কাস, শ্রম ও দোষনাশক। ইহার ঘৃতের গুণ—মুখপ্রিয়, বুদ্ধি, কান্তি, স্মৃতি, বল, মেধা, পুষ্টি, অগ্নি, শুক্র ও শরীরের স্থূলতা-বৃদ্ধি-কর। বাত, শ্লেষ্মা, শ্রম ও পিত্তনাশক, পাকে মধুর। হব্যের মধ্যে ইহাই শ্রেষ্ঠ ও বহু গুণবিশিষ্ট। রাজনির্ঘণ্টের মতে প্রত্যূষকালের গোদুগ্ধ গুরু, বিষ্টম্ভী ও দুর্জ্জর। এই কারণে সূর্য্য উদয়ের এক প্রহর পরে দুগ্ধ গ্রহণ করিবে। ইহা পথ্য, দীপন ও লঘু। [অপর বিবরণ দুগ্ধ শব্দে দ্রষ্টব্য।]

গোদুগ্ধের ফেনের গুণ—ঘোল বা পাকা আমের সহিত গোদুগ্ধফেন খাইলে গ্রহণীরোগের প্রতীকার হয়। (হারীত)

গোমূত্রের গুণ—ক্ষার, কটু, তিক্ত ও কষায় রস, তীক্ষ্ণ, উষ্ণবীর্য্য, লঘু, অগ্নিদীপ্তিকারক, মেধাজনক, পিত্তবৃদ্ধিকর; কফ, বায়ু, শূল, গুল্ম, উদর, আনাহ, কণ্ডু, নেত্ররোগ, কিলাস রোগ, সামবাত, বস্তি, বেদনা, কুষ্ঠ, কাস, শ্বাস, শোথ, কামলা ও পাণ্ডুরোগনাশক। সকল রকমের মূত্র হইতে গোমূত্রই অধিক গুণবিশিষ্ট। (ভাবপ্রকাশ পূর্ব্ব ২ ভা॰।)

গম্যতে জ্ঞায়তে অনেন গম করণে ডো যদ্বা শীঘ্রং গচ্ছতি গম্ কর্ত্তরি ডো। (পুং) ২ রশ্মি, কিরণ।

"ত্রয়োদশ দ্বীপবতীং গোভির্ভাসয়সে মহীম্।
ত্রয়াণামপিলোকানাং হিতায়ৈকঃ প্রবর্ত্তসে॥" (ভারত ৩।৩।৫২)

৩ যন্ত্র। ৪ হীরক। গম্যতে বহুদানাদিভিঃ গম্ কর্ম্মণি ডো। ৫ স্বর্গ। (মেদিনী) গম্যতে ইষ্ট্যাপূর্ত্ত্যাদিকর্ম্মণা গম কর্ম্মণি ডো। ৫ চন্দ্র। (বিশ্ব।) গচ্ছতি প্রাপ্নোতি ভুবনং স্বতেজসা গম কর্ত্তরি ডো। ৭ সূর্য্য। ৮ গোমেধ-যজ্ঞ। (ভানুদীক্ষিত।) ৯ ঋষভ নামক এক প্রকার ঔষধ। (রাজনি॰।) (স্ত্রী) গম্যতে বিষয়ো যয়া গম-করণে ডো। ১০ চক্ষু। ১১ বাণ। গম কর্ম্মণি ডো। ১২ দিক্। ১৩ বাক্য।

"ইত্যর্ঘ্যপাত্রানুমিতব্যয়স্য রঘোরুদারা মপি গাং নিশম্য।" (রঘু ৫।১২।) গম্যতেঽস্যাং গম্ অধিকরণে ডো। ১৪ পৃথিবী।

"দুদোহ গাং স যজ্ঞায় শস্যায় মঘবা দিবং।" (রঘু ১।২৫)

১৫ জল। কোন কোন আভিধানিকের মতে এই অর্থে গোশব্দ বহুবচনান্ত। ১৬ পশু। (অমর।) ১৭ মাতা। ১৮ পুলস্ত্যের ভার্য্যা, ইহার অপর নাম গবিজাতা। [গবি-জাতা দেখ।] ১৯ নবসংখ্যা। ২০ ইন্দ্রিয়। (পুং ক্লী) গম্যতে জ্ঞায়তে স্পর্শসুখমনেন গম্ করণে ডো। ২১ লোম। (পুং) ২২ বৃষরাশি।

"গোমধ্য মধ্যে! মৃগগোধরে হে সহস্রগোভূষণকিঙ্করাণাং।
নাদেন গোভূচ্ছিখরেষু মত্তা নদন্তি গোকর্ণশরীরভক্ষাঃ॥"
(বিদ্যাসুন্দর।)

গোঅগ্র (ত্রি) গাবোঽগ্রে যস্য বহুব্রী, সন্ধিনিষেধঃ (সর্ব্বত্র বিভাষা গোঃ। পা ৬।১।১২২।) যাহার অগ্রভাগে গো আছে। (ঋক্ ১।৫৩।৫)

গোঅজন (ত্রি) অজতি চালয়তি অজ-ল্যু গবাং অজনঃ ৬তৎ। পূর্ব্ববৎসন্ধিনিষেধঃ। গোচালক। (ঋক্ ৭।৩৩।৬)

গোঅর্ণস্ (ত্রি) গাবোঽর্ণ উদকমিব প্রবৃদ্ধা যস্মিন্ বহুব্রী, পূর্ব্ববৎ সন্ধিনিষেধঃ। যাহাতে জলের ন্যায় গোরু বৃদ্ধি পায়। (ঋক্ ১০।৩৮।২)

গোঅশ্ব (ক্লী) গৌশ্চ অশ্বশ্চ দ্বন্দ্বস॰। গোরু ও অশ্ব।

গোআলনী (গোপালিনী শব্দজ) গোপাঙ্গনা, গোপালের স্ত্রী।

গোআলা (গোপাল শব্দজ) গোপাল, যাহারা গোরুপালন করে, দুগ্ধবিক্রেতা। [গোয়ালা দেখ।]

গোআলিয়া (গোপালীয় শব্দজ) ১ গোপাল সম্বন্ধীয়। ২ এক প্রকার ঘাস (Andropogon punctatum)

গোআলিয়ালতা (দেশজ) একপ্রকার লতা। (Cissus vitiginea)

গোঋজীক (ত্রি) দধ্যাদি দ্বারা সংস্কৃত।

"পিধাতু সোমং গোঋজিকমিন্দ্রঃ।" (ঋক্ ৬।২৩।৭)

'গোঋজিকঃ গোবিকারদধ্যাদিভিঃ সংস্কৃতং' (সায়ণ।)

গোওপদেশ (ত্রি) গাব ওপশাঃ স মীপবর্ত্তিন্যঃ যস্য বহুব্রী। পূর্ব্ববৎসন্ধিনিষেধঃ। যাহার নিকটে গোরু শুইয়া থাকে। (ঋক্ ৬।৫৩।৯)

গোএন্দা (পারসী) ১ চর, সংবাদদাতা। ২ যাহারা গুপ্তভাবে গোপনীয় সংবাদ সংগ্রহ করে, গুপ্তচর।

গোঁ (দেশজ) মতলব, বিপরীত বুদ্ধি।

গোঁজ (দেশজ) কীলক, খোঁটা, সূচ।

গোঁজা (দেশজ) ১ খোঁটা। ২ হিসাবে কম হইলে তাহার পূরণ করাকে গোঁজা বলে।

"গোঁজা বিদ্যা না জানে হিসাবে দেয় গোঁজা।
নিকাশে তাহার গোঁজা তারে হয় গোঁজা॥" (বিদ্যাসুন্দর)

গোঁড় (গণ্ডশব্দজ) ১ উচ্চ নাভি। ২ মাংসপিণ্ড। ৩ স্ফীত।

গোঁড়, মধ্যপ্রদেশবাসী এক অসভ্য জাতি। বর্ত্তমান সময়ে ইহাদের অনেকেই মধ্যভারতের খান্দেশ ও উড়িষ্যার মধ্যবর্ত্তী অধিত্যকায়, নর্ম্মদা, তাপ্তী, বর্দ্ধা, বেণগঙ্গা প্রভৃতি নদী প্রবাহিত স্থানে এবং বৈতুল, ছিন্দবাড়া, সিউনী ও মণ্ডলা প্রভৃতি জেলায় বাস করে।

এই গোঁড়জাতিকে কেহ গোণ্ড, কেহ বা গণ্ড নামে উল্লেখ করিয়াছেন। হিস্‌লোপ সাহেব অনুমান করেন যে সম্ভবতঃ তেলগু কোণ্ড (পাহাড়) শব্দ হইতে মুসলমান ঐতিহাসিকগণ "পাহাড়ী জাতি" এইরূপ অর্থে অপভ্রংশে গোণ্ড লিখিয়া গিয়াছেন। ভূ-বেত্তা টলেমীও ইহাদিগকে "গোণ্ডলৈ" (Gondaloi) বলিয়া উল্লেখ করিয়াছেন। মুসলমান ইতিহাসে এই জাতির বাসভূমি "গোণ্ডবন" লিখিত আছে। [গোণ্ডবন দেখ।] পূর্ব্বকালে উক্তস্থানে সমৃদ্ধিশালী গৌড়রাজ্য ছিল। ৭৮০ হইতে ৮০৮ খৃষ্টাব্দের মধ্যবর্ত্তী সময়ে রাষ্ট্রকূট-রাজ গৌড় মরুদেশ আক্রমণ করেন। মরুদেশাধিপতি বৎসরাজ গৌড়রাজের ধনে ধনী ছিলেন। ৮১২ খৃষ্টাব্দে লাটেশ্বররাজ কর্ক রাষ্ট্রকূট গৌড়রাজের হস্ত হইতে মালব-রাজকে রক্ষা করিয়াছিলেন। ১০৪২ খৃষ্টাব্দে গৌড়রাজ্য চেদিরাজ কর্ণদেবের রাজ্যভুক্ত ছিল। উক্ত প্রমাণ দ্বারা জানা যায় যে পূর্ব্বে এক গৌড়দেশ চেদি, মালব, রাষ্ট্রকূট ও বেরার রাজ্যের সীমান্তবর্ত্তী ছিল। সম্ভবতঃ ঐ গৌড়দেশ পঞ্চ গৌড়ের মধ্যে একটী। [গৌড় দেখ।] গৌড়দেশবাসী বলিয়া এই জাতির গোঁড় নাম হওয়া সম্ভবপর।

গোঁড়দিগের মধ্যে রাজগোঁড়, রঘুবল, দাদাবে, কতুল্যা, পাড়াল, ঢোলী, ওঝিয়াল, ঠোটীয়াল, কৈলাভুতাল, কৈকোপাল, কোলাম, মাদিয়াল এবং নীচ পাড়াল এই কয়েকটী থাক দৃষ্ট হয়। রাজগোঁড়, রঘুবল ও দাদাবে শ্রেণীর গোঁড়েরা চাসবাস করে, ইহারা একত্র বসিয়া ভোজনাদি করিলেও পরস্পরের মধ্যে কেহ পুত্র বা কন্যার বিবাহ দেয় না। ইহারা হিন্দুদিগের ক্রিয়াকাণ্ডের অনেক অনুকরণ করিয়াছে এবং ক্রমে ক্রমে অনেকেই হিন্দুর ভিতরে প্রবেশ করিতে প্রয়াস পাইতেছে। খাজরাদাদের গোঁড়রাজ আপনাকে হিন্দু বলিয়া পরিচয় দিয়া থাকেন। ইহারা দরিদ্র রাজপুতকন্যার পাণিগ্রহণ করিয়া থাকে। পাড়ালেরা ধর্ম্মোপদেশকের কার্য্য করে। কোথাও কোথাও ইহাদিগকে পাথাড়ি, রাজপর্দ্ধন বা দেশাই বলে। ঢোলীরা ক্রিয়াকর্ম্মে ঢোল বাজাইয়া থাকে। নাগারচী বা ছেরক্যা নামে ইহাদের একটী নিম্নবিভাগ আছে। ঐ শ্রেণীর পুরুষেরা ছাগপাল চরায় এবং স্ত্রীলোকেরা ধাত্রীর কার্য্য করিয়া থাকে। ওঝিয়ালেরা পথে পথে করতালী বাজাইয়া গান করিয়া বেড়ায়। ঠোটিয়ালেরা শীতলাদেবীর উপাসক। বসন্তরোগ হইলে ইহারা তাহার উপশমের উপায় জানে এবং লোকের বাড়ীতে শীতলার (মাতার) গান গাহিয়া বেড়ায়। এই জন্য কোথাও কোথাও ইহাদিগকে মাতিয়াল, ঠাকুর ও পেণ্ডা বড়িয়া বলে।

কৈলাভূতালেরাও পথে পথে গান গাহিয়া বেড়ায় এবং ইহাদের কন্যারাও নর্ত্তকীর কার্য্য করিয়া থাকে। কৈকোপাল বা গোড়গোপাল নামক গোঁড়েরা গোয়ালার কার্য্য করে। মাদিয়াল গোড়েরা বেশী অসভ্য ও বন্য, বৈলাদিলা পর্ব্বতে ইহারা উলঙ্গাবস্থায় কুঠারহস্তে ভ্রমণ করিয়া বেড়ায়। ইহাদিগের স্ত্রীলোকেরাও বস্ত্রাদি পরিতে জানে না। কেবলমাত্র কতকগুলি বৃক্ষপত্র একত্র করিয়া কোমরের সম্মুখে ও পশ্চাদ্ভাগে ঝুলাইয়া বাঁধে। বাস্তারের লোকেরা ইহাদিগকে যোধিয়া বলে। ইহারা অপরিচিত ব্যক্তি দেখিলেই ভয়ে পলাইয়া যায়। বাস্তারের রাজাকে ইহারা নানা প্রকারে কর দিয়া থাকে। কর আদায়ের সময়ে তহসীলদার আসিয়া গ্রামের বাহিরে ঢাক বাজাইয়া লুকায়, পরে উহারা সেই চিহ্নিত স্থানে আসিয়া নিজ নিজ অভিমত কর রাখিয়া পলায়ন করে। বর্দ্ধানদীর দক্ষিণে পিণ্ডি পাহাড়ে কোলাস শ্রেণীর বাস। ইহারা স্বজাতির মধ্যে একত্র বসিয়া ভোজনাদি করে, কিন্তু বিবাহাদি করে না। ইহারা ভীমসেনের পূজা করিয়া থাকে।

এতদ্ভিন্ন ছিন্দবাড়া ও মহাদেব পর্ব্বতের মধ্যস্থলবাসী মাদিয়া গোঁড়েরা হিন্দুদিগের ভাষা ও ধর্ম্মসংক্রান্ত ক্রিয়াকলাপের অনেক অনুকরণ করিয়াছে। বাস্তার, ভাণ্ডার ও রায়পুর জেলায় হলবা গোঁড়েরা বাস্তার-রাজ প্রদত্ত উপবীত ধারণ করিয়া আপনাদিগকে উচ্চশ্রেণীস্থ মনে করে। বাস্তারের গৈতি বা কৈতোর ও মড়িয়া গোঁড়েরা প্রধানতঃ চাসবাসের উপর জীবিকানির্ব্বাহ করে। বেণগঙ্গার তীরবর্ত্তী নৈকুড়ে গোঁড়েরা হিন্দুর মত বেশভূষা করিয়াছে। ইহারা শীকার করিয়া জীবিকানির্ব্বাহ করে। বন ও ঘাস কাটিয়া প্রতিবেশীদিগকে বিক্রয় করিয়া থাকে। ইহারা গোমাংস ভক্ষণ করে না। সময়ে সময়ে চৌর্য্য বা দস্যুবৃত্তি দ্বারা প্রতিবেশীবর্গের ধন অপহরণ করে।

ইহাদের ধর্ম্মসংক্রান্ত কার্য্যপ্রণালী শকজাতির মত। ইহারা জীবিত অশ্বের পরিবর্ত্তে দেবোদ্দেশে মৃত্তিকা-নির্ম্মিত অশ্বদান করে। প্রেতলোকে পিতৃপুরুষের তৃপ্তির জন্য মাটির ঘোড়া, চাল, কলাই, ডিম, মোরগ বা ভেড়া উৎসর্গ করিয়া থাকে। ভোঁস্‌লেরাজ কর্ত্তৃক ইহাদের মধ্যে গোবধপ্রথা নিষিদ্ধ হইয়াছে। ইহারা বালক বালিকার মৃত্যু হইলে পুঁতিয়া ফেলে, কোথাও কোথাও বৃদ্ধদিগকেও গোর দেয়। কিন্তু বাস্তারের মাদিয়া জাতি ও হিন্দুধর্ম্মানুসারী গোঁড়েরা শবদাহ করে।

ইহারা সর্ব্বসমেত ত্রিশটী দেবদেবীর পূজা করিয়া থাকে। তন্মধ্যে বুড়াদেব ও ঢুল্‌হাদেব অধিকতর ভক্তি ও সম্মানার্হ। সময়ে সময়ে সৃষ্টিকর্ত্তা "ভগবানকে" স্তুতির দ্বারা পূজা করে ও তাঁহার উদ্দেশে ঘৃত ও চিনি দিয়া হোম করিয়া থাকে।

ইহারা প্রতি বৎসরে ধান্যের সময় বুড়াদেব বা বুড়লপেনের (সূর্য্য) উদ্দেশে শূকর উৎসর্গ করিয়া পূজা দেয়। বুড়লপেনের ব্যাঘ্রমূর্ত্তি লৌহনির্ম্মিত। মাতিয়াল শীতলাদেবী। ভাণ্ডার জেলার দক্ষিণে পরস্পরে সংলগ্ন চৌকা কাঠে কতকগুলি মূর্ত্তি দেখা যায়, ঐ মূর্ত্তিগুলির নাম বঙ্গর বাই। প্রবাদ আছে যে ঘণ্টারাম, চম্পারাম, নৈকারাম, পোতলিঙ্গ প্রভৃতি তাঁহার পঞ্চভ্রাতা এবং দন্তেশ্বরী (কালী) নামে এক ভগিনী আছে। গোঁড়জাতীয়েরা বিবেচনা করে যে তাঁহারাই জীবের রোগ ও মৃত্যুর কারণ। নাগপুরবাসী গোঁড়েরা তাহাদিগকে বিশেষ ভয় ও ভক্তি করিয়া থাকে।

জগদলপুরের ৬০ মাইল দক্ষিণপশ্চিমে শঙ্করী ও ইন্দ্রবতী নদীর দক্ষনশাখার সংযোগস্থলে বাস্তারের নিকটবর্ত্তী দণ্ডেবার নামক গ্রামে দন্তেশ্বরী (কালী)-মন্দির বিরাজমান। বাস্তাররাজ কোন কর্ম্মোপলক্ষে ১৮৩৫ খৃষ্টাব্দে উক্ত দেবীর সম্মুখে ২৫টী নরবলি দিয়াছিলেন। এই সংবাদ ক্রমান্বয়ে ১৮৮৩ খৃঃ অব্দ পর্য্যন্ত নাগপুররাজের নিকট আইসে। বন্ধুকবৃক্ষের নিম্নে শলী, গোঙ্গেরা মল, পলো, গণ্ডাবা, খাস বা কঙ্ক, বুড়লপেন ও মাতিয়াল এই সাত দেবতার একত্র 'সাতদেবল' বলিয়া পূজা হইয়া থাকে।

এতদ্ভিন্ন কোদো পেন, মাতুয়া, ফর্সিপেন, হর্দল, বঙ্গারাম, ভীবাস্থ বা ভীমপেন, সসরকন্দ, বাঘোব, সুলতান শাকদ, শক্রলদেব বা শক্রপেন এবং সাঁওালপেন বা সেনক এই কয়েকটী দেবতার পূজা প্রচলিত আছে।

মণ্ডলাবাসী গোঁড়দিগের মধ্যে 'লমুজিনা' বিবাহ প্রচলিত। এই প্রথানুসারে বরকে বিবাহের পূর্ব্বে কিছুকাল কন্যার আজ্ঞাবাহী হইয়া থাকিতে হয়। কন্যা নিজ ইচ্ছামত পুরুষের সহিত চলিয়া আসিতে পারে। ইহাদের মধ্যে যে বিবাহ জোর করিয়া দেওয়া হয়, তাহার নাম 'সাধি বন্ধনী'। যদি কন্যা বরের বাটীতে বিবাহ করিতে আসে, এরূপ বিবাহকে 'সাদি বৈথো' বলে। বিধবারা নিজ দেবরকে অথবা অপর কোন পুরুষকে বিবাহ করিতে পারে।

অগ্নিতে দাহ করিয়া ইহারা মৃত দেহ সৎকার করে। কেবলমাত্র স্ত্রীলোকের দেহ পুতিয়া রাখে।

বাঙ্গালা প্রদেশে গোঁড়জাতির মধ্যে রাজগোঁড়, ধোকড় গোঁড়, দোরোয়া গোঁড় বা নায়েক, ঝোরা প্রভৃতি চারিটী থাক আছে। ইহাদের মধ্যে রাজগোঁড়েরাই মান্যগণ্য এবং সকলেই অনুমান করিয়া থাকে যে ইহারাই প্রাচীন গৌড়রাজবংশপ্রসূত। ধোকড়েরা পথে পথে ভিক্ষা করিয়া বেড়ায়। সিংহভূমে দোরোয়া গোড়ের সংখ্যাই অধিক। কর্ণেল ড্যাল্টন সাহেব লিখিয়াছেন যে এই দোরোয়া গোঁড়েরাই বামনঘাটীর মহাপাত্রের সৈন্যদলে নিযুক্ত ছিল। নিজ প্রভুর বিরুদ্ধে অস্ত্রধারণ করায় তাহারা বামনঘাটী হইতে তাড়িত হয় ও সিংহভূমে বাস করিবার অনুমতি পায়।

ইহাদের মধ্যে বাল্য-বিবাহ এবং পূর্ণবয়সে বিবাহ-প্রথা প্রচলিত আছে। হিন্দুধর্ম্মের সংস্পর্শে ইহারা ক্রমেই বাল্য-বিবাহের পক্ষপাতী হইয়া পড়িয়াছে। সিন্দূরদান ও আম্রবৃক্ষের সহিত বিবাহই ইহার প্রধান অঙ্গ। কোথাও কোথাও বিবাহবন্ধনকালে নাপিত আসিয়া এক কলসী জল বর ও কন্যার মাথায় ঢালিয়া দেয়। বিধবারা নিজ দেবরকে বিবাহ করিতে পারে। কিন্তু এরূপ বিবাহে কোন ক্রিয়া নাই, এমন কি ব্রাহ্মণ অথবা নাপিতেরও আবশ্যক হয় না। কেবলমাত্র স্বজাতি সম্মুখে ঐ বিধবাকন্যাকে একখানি নূতন কাপড় ও কুলি দেয় আর সেই কন্যার ভরণপোষণের ভার আমার রহিল বর এরূপ অঙ্গীকার করিলে উপস্থিত আত্মীয়গণের অনুমতি অনুসারে বিবাহ হয়।

বাঙ্গালার গোঁড়েরা ক্রমশই আপনাদিগকে গোঁড়া হিন্দু বলিয়া পরিচয় দিতেছে। ইহারা হিন্দুর অনেক দেবদেবীর পূজা করে। তদ্ভিন্ন বুড়াদেব ও ঢুল্‌হাদেবেরও পূজা করিয়া থাকে। দেবপূজা ও বিবাহাদি কর্ম্মে নিম্নশ্রেণীর ব্রাহ্মণেরা পৌরোহিত্য করে। ইহারা মৃতদেহ পোড়ায়। অশৌচ তিনদিন মাত্র থাকে। ক্ষৌরকর্ম্মের পর স্নানান্তে শুদ্ধ হয় এবং মৃতের আত্মার উদ্দেশে দুগ্ধ ও রুটী উৎসর্গ করে।

পূর্ব্বে উল্লিখিত হইয়াছে যে গোণ্ডবানার অন্তর্গত ভূভাগে প্রাচীন গৌড়রাজ্য ছিল এবং সেই সেই

রাজগণের সময়ে উক্ত প্রদেশে গড়া ও মণ্ডলা নামে গৌড়-রাজগণের প্রতিষ্ঠিত দুইটী রাজধানী ছিল। ঐ দুই স্থানের প্রাচীন ধ্বংসাবশেষ ও হিন্দুরাজগণের সময়ে খোদিত প্রাচীন শিল্পলিপির দ্বারা পূর্ব্ব সমৃদ্ধির বিস্তর প্রমাণ পাওয়া যায়। এখন আর সে পূর্ব্ব সমৃদ্ধি নাই, গড়া ও মণ্ডলা দুইটী নগরমাত্র পূর্ব্ব নামের পরিচায়ক। পূর্ব্বকালে যে সকল গৌড় বা গোঁড় রাজগণ গড়মণ্ডলে রাজত্ব করিতেন, তাঁহারা আপনাদিগকে হিন্দু ও ক্ষত্রিয় বলিয়া পরিচয় দিতেন। [গড়মণ্ডল শব্দ দ্রষ্টব্য।]

প্রাচীনকালে মালবের রাজপুত রাজগণের সহিত এই গৌড় বা গোঁড় রাজগণের সময়ে সময়ে যুদ্ধবিগ্রহ ঘটিত এবং সম্ভবতঃ সেই সময় হইতেই উভয় জাতির মধ্যে বিবাহ প্রচলিত হইয়াছিল। তাহাদিগের বংশধরেরা আজিও রাজপুত বা রাজপুতগোঁড় নামে পরিচিত। গড়ার গোঁড়-রাজ নাগদেবের মৃত্যু হইলে তাঁহার জামাতা যাদবরায় তাহার রাজ্যের উত্তরাধিকারী হয়েন এবং গড়া নগরই নিজ রাজধানীরূপে মনোনীত করেন। ৬৮৮ খৃষ্টাব্দে যাদব-রায়ের বংশধর গোপালশাহী মণ্ডলা অধিকার করেন। সংগ্রামশাহী যখন ১৪৮০ খৃষ্টাব্দে রাজ্যারোহণ করেন, তৎকালে তিনি তিনটী মাত্র জেলার রাজা ছিলেন। ১৫৩০ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়। তিনি ৫২ খানি জেলা অধিকার করিয়াছিলেন।

ফিরিস্তাপাঠে জানা যায় যে ১৫৬৩ খৃষ্টাব্দে আসফ্ খাঁ যখন গড়া আক্রমণ করেন, তৎকালে বীরনারায়ণ গড়ার রাজা ছিলেন। এই যুদ্ধে বীরনারায়ণের প্রাণ বিয়োগ হয়। ১৬১০ খৃষ্টাব্দে হৃদয়েশ্বর রাজা হন। ইনি রাম-নগরে মতি-মহল নামে আপনার প্রাসাদ নির্ম্মাণ করেন। ঐ মতি-মহলের ১০০ ফিট দক্ষিণপশ্চিমে তাঁহার পত্নী রাণী সুন্দরীর প্রতিষ্ঠিত একটী বিষ্ণুমন্দির আছে। মন্দির মধ্যে বিষ্ণু, শিব, গণেশ, দুর্গা ও সূর্য্যদেবের মূর্ত্তি প্রতি-ষ্ঠিত আছে। মন্দিরটী ৫৬ ফিট্ চতুরস্র। ইহার অভ্য-ন্তর ভাগে ২৯ ফিট্ চতুরস্র একটী গৃহ, উহার ছাদের উপর গুম্বজ আছে। এই মন্দিরবাড়ী কতকটা মুসলমান ধরণের। বাঙ্গালায় ইহাকে পঞ্চরত্নমন্দির বলে। ১৭৪২ খৃষ্টাব্দে শিবরাজশাহী রাজ্যভার গ্রহণ করেন। মহারাষ্ট্রীয় সর্দ্দার বালাজি বাজীরাওর সহিত তাঁহার যুদ্ধ হইয়াছিল।

সাতপুরা পর্ব্বতের দক্ষিণে ছিন্দবাড়ার অন্তর্গত দেওগড়ে ও বৈতুলের অন্তর্গত খেরলা গ্রামে অপরাপর গোঁড় রাজা রাজত্ব করিতেন। ১৪৩৩ খৃষ্টাব্দে খেরলারাজ নরসিংহ-রায় মালবরাজ হুসঙ্গ গোরীর যুদ্ধে পরাজিত ও নিহত হন। অরঙ্গজেবের রাজত্বকালে শিবলীগড়ে একজন পার্ব্বতীয় স্বাধীন রাজা রাজত্ব করিতেন। ১৭৬০ হইতে ১৭৭৫ খৃষ্টাব্দের মধ্যে মহারাষ্ট্র কর্ত্তৃক তাঁহার স্বাধীনতা বিলুপ্ত হয়। বর্দ্ধানদীর তীরবর্ত্তী চান্দানগরে আর ও একটী গোঁড়রাজ বংশ আছে।

গোঁড়া (দেশজ) ১ স্তাবক, তোষামদকারী, খোসামুদিয়া। ২ যাহার গোঁড় আছে।

গোঁড়াঝিনুক (দেশজ) একপ্রকার ঝিনুক।

গোঁড়ানেবু (দেশজ) অম্লপ্রধান একজাতীয় নেবু।

গোঁড়াম (দেশজ) স্তাবকতা, খোসামোদ।

গোঁড়ি, বেহারের মৎস্য ও কৃষিজীবী জাতিবিশেষ। গুঁড়ি, মল্লা, মাছুয়া প্রভৃতি নামেও খ্যাত। গোঁড়িরা বলে, যে নিষাদ শ্রীরামচন্দ্রকে নদী পার করিয়াছিল, ইহারা তাহারই বংশধর। [নিষাদ দেখ] ইহাদের আকৃতি অনেকটা অনার্য্য জাতির মত। ইহাদের উপাধি—চৌধুরী, জেথমন, মন্দর, মুখিয়ার, নাখুদা, সহনি। ইহাদের মধ্যে কুরিন্, খুনৌৎ, কোল, ভাব বা চাবি, পর্ব্বতীকুরিন্ ও বনপর ইত্যাদি নামে শ্রেণীভেদ আছে। উক্ত শ্রেণীগুলির মধ্যে কোল ও কুরিণেরা পরস্পর আদান প্রদান করিয়া থাকে, কিন্তু আর কেহ অপর শ্রেণীর সহিত বৈবাহিক সম্বন্ধ করিতে চায় না। বালিকা বিবাহই ইহারা প্রশস্ত মনে করে, তবে ঋতুমতী হইবার পর কন্যার বিবাহ হইলেও দোষের মধ্যে গণ্য নয়। প্রথমা পত্নী বন্ধ্যা অথবা চিররুগ্না না হইলে ইহারা দ্বিতীয়বার দারপরিগ্রহ করে না। ইহাদের বিধবারাও ইচ্ছামত পুনর্ব্বার বিবাহ করিতে পারে। দোষ ঘটিলে পঞ্চায়তের মত লইয়া বিবাহবন্ধন ছেদন করিতে হয়। গোঁড়িদিগের মধ্যে অধিকাংশই বৈষ্ণব, অল্পসংখ্যক সৌরও দৃষ্ট হয়। নিম্নশ্রেণীর মৈথিল ব্রাহ্মণেরা ইহাদের পৌরো-হিত্য করে। ইহারা পাঁচপীর, কৈলাবাবা, বারাহী, জয়সিং, অমরসিং, চাঁদসিং, দিয়ালসিং, কেবল, মরঙ্গ, বন্দি, গোরাইয়া, কমলাজি ও হনুমানের পূজা করে। কৈলা-বাবাকে ইহারা 'গঙ্গাজি কা বেলদার' বলিয়া পরিচয় দেয়। বারাহীপূজায় ব্রাহ্মণ পুরোহিতের অসাক্ষাতে একটী শূকর ছানা বলি দিয়া থাকে। জয়সিং জাতিতে গোঁড়ি ও উজ্জয়িনী ইহার বাসস্থান ছিল। এক সময় সুন্দরবনের রাজার সহিত একখণ্ড কাঠ লইয়া গোলযোগ ঘটে, তাহাতে রাজা সাতশত গোঁড়িকে বন্দী করেন। জয়সিং রাজাকে বধ করিয়া তাহাদিগকে উদ্ধার করে। সেই অবধি জয়সিং

গোঁড়ি ও তিয়রদিগের নিকট দেবতুল্য পূজিত। ইহারা শব দাহ করে। ত্রয়োদশদিনে ইহাদের শ্রাদ্ধ হয়।

মাছ ধরা ও নৌকাবহাই ইহাদের জাতিগত উপজীবিকা। তবে এখন অনেকেই কৃষিকার্য্যে মন দিয়াছে। ইহারা মদ, মাছ, ইন্দুর, কাঁছিম ও শূকর খাইতে ভালবাসে। কেবল ইহাদের মধ্যে ভকতেরা মদমাংস খায় না। বেহারের উচ্চশ্রেণীর ব্রাহ্মণেরা ইহাদের হাতে জল গ্রহণ করেন না। সেখানে ইহারা কুম্ভকার অপেক্ষা নিম্নশ্রেণীর বলিয়া গণ্য। ইহারা কেওত, ধানুক প্রভৃতি নীচজাতির স্পৃষ্ট জল ও মিষ্টান্নাদি খায়। সমস্ত বঙ্গদেশে প্রায় ৬ লক্ষ গোঁড়ির বসবাস।

গোঁদ, স্বনাম খ্যাত বৃক্ষের আটাবিশেষ। (Gum) বৃক্ষের ত্বক্ চিরিয়া দিলে ডিম্বের শ্বেতলালার মত একপ্রকার আটা বাহির হয়। বাব্‌লা, খদির, গুয়েবাবলা, শিরীষ, কিকর, ফুল্লা, কোচাই, আমলকী, সজিনা, লালখয়ের প্রভৃতি বৃক্ষে গোঁদ জন্মিয়া থাকে। পিনসরোগে, ফুস্‌ফুস প্রদাহে, জননেন্দ্রিয়ের প্রদাহে ও উদরাময়রোগে ইহা প্রয়োগ করা যাইতে পারে। ৪ আউন্স গোঁদ ৬ আউন্স জলে উত্তমরূপে মিশাইয়া পরিষ্কার কাপড়ে ছাঁকিয়া প্রত্যহ ৩ হইতে ৬ আউন্স পর্য্যন্ত খাওয়ান যাইতে পারে।

গোঁফ (গুম্ফ শব্দজ) মোচ, ওষ্ঠের উপরিস্থ কেশ।

"বদন মণ্ডল, চাঁদ নিরমল,
ঈষদ্ গোঁফের রেখা।" (বিদ্যাসুন্দর)

গোঁফাল (দেশজ) বড় বড় গোঁফযুক্ত।

গোঁয়ার (দেশজ) বদ্‌রাগী। যে কাহারও কথা শুনে না, আপনার মতলবে কার্য্য করে।

"গড়েতে গোঁয়ার পুত্র হয়েছে দুর্জ্জন॥" (শ্রীধর্ম্মমং ২সর্গ)

গোঁসাই (গোস্বামী শব্দজ) ১ ঠাকুর, ইষ্টদেব।

"অভাগীর এই দুঃখ ঘুচাও গোঁসাই।
তোমা বিনা তাপিতে তরাতে কেহ নাই॥" (শ্রীধর্ম্মং ১সর্গ)

২ বৈষ্ণব-গুরুগণের উপাধি।

গোকণ্ট (পুং) গোঃ পৃথিব্যাঃ কণ্টইব। গোক্ষুর বৃক্ষ, গোখর গাছ। (বৈদ্যক)

গোকণ্টক (পুং) গোঃ পৃথিব্যাঃ কণ্টক ইব। ১ গোক্ষুরবৃক্ষ। পর্য্যায়—গোক্ষুর, গোক্ষুরক, ত্রিকণ্ট, স্বাদুকণ্ট, গোকণ্ট, শ্বদংষ্ট্রা ও ইক্ষুগন্ধিকা। (ভাবপ্রং পূর্ব্বং ১ ভাগ।) ২ গোরুর পায়ের ক্ষুর। ৩ স্থপুট। ৪ বিষমোন্নত। (হেমং)

গোকর্ণ (পুং) গৌর্নেত্রং কর্ণোযস্য বহুব্রী। ১ সর্প।

"নৃত্যন্তি গোকর্ণশরীরভক্ষাঃ।" (বিদ্যাসুন্দর)

গোরিব কর্ণাবস্য বহুব্রী। ২ অশ্বতর, খচ্চর। ৩ মৃগবিশেষ, গো হরিণ।

"গোকর্ণতর্ণকোঽয়ং তর্ণোত্যুপকণ্টকচ্ছেষু॥"(অনর্ঘ্যরাঘব ২।২৩)

ইহার মাংসগুণ—মধুর, স্নিগ্ধ, মৃদু, কফনাশক, পাকে মধুর ও রক্তপিত্তনাশক। (সুশ্রুত সূত্র ৬৪ অঃ।) ৪ গণদেবতাবিশেষ। (মেদিনী°) ৫ পরিমাণবিশেষ, বিতস্তি, বিগৎ, অনামিকাযুক্ত অঙ্গুষ্ঠ পরিমাণকে গোকর্ণ বলে।

৬ রুদ্রবিশেষ। (ভারত শান্তি ২৮৬ অঃ)

৭ কাশীস্থ একটী শিবলিঙ্গ। (কাশীখণ্ড° ৩৩ অঃ)

৮ কাশ্মীররাজ গোপাদিত্যের পুত্র।

৯ উত্তর কর্ণাটের একটী নগর। সমুদ্রতটে অক্ষা° ১৪° ৩২´ উঃ ও দ্রাঘি° ৭৪° ২২´ ৩০´´ পূর্ব্বে অবস্থিত।

ইহা একটী অতি পূণ্যক্ষেত্র। কূর্ম্ম, গরুড়, নাগরখণ্ড প্রভৃতি পুরাণে ও বৃহন্নীলতন্ত্রে ইহার উল্লেখ আছে। স্কন্দপুরাণীয় তাপীখণ্ডে ও নারদপুরাণে (উপ° ৭৪ অঃ) ইহার মাহাত্ম্য বিস্তৃতভাবে বর্ণিত আছে। ভাগবতের মতে এ তীর্থে সর্ব্বদাই শিব অবস্থান করেন। হিন্দু তীর্থযাত্রীগণ এখানকার গোকর্ণেশ্বর ও মহাবলেশ্বর শিব লিঙ্গ দর্শনে গমন করিয়া থাকেন।

"মন্দা হিমবতঃ পৃষ্ঠে গোকর্ণে ভদ্রকালিকা॥" (দেবী)

[গাঙ্গেয় শব্দ ৩১৫ পৃঃ দেখ।]

গোকর্ণেশ্বর, ১ গোকর্ণতীর্থস্থ এক শিবলিঙ্গ। তাপীখণ্ডে ও নারদপুরাণে ইহার মাহাত্ম্য লিখিত আছে। ২ নেপালস্থ এক পবিত্র লিঙ্গ। স্বয়ম্ভুপুরাণে ইহার প্রসঙ্গ আছে।

গোকর্ণী (স্ত্রী) গোঃ কর্ণ ইব পত্রমস্যাঃ বহুব্রী ঙীপ্ (পাককর্ণপর্ণপুষ্প ফলমূলবালোত্তরপদাচ্চ। পা ৪।১।৬৪) মূর্ব্বালতা। [মূর্ব্বা দেখ।]

গোকা (স্ত্রী) গৌরেব গো স্বার্থে কন্ টাপ্। গোরু।

গোকাক, বোম্বাই প্রেসিডেন্সির বেলগাম্ জেলার প্রধান নগর। বেলগাম্ সহর হইতে ১৫ ক্রোশ পূর্ব্বে অবস্থিত। অক্ষা° ১৬° ১০´ উঃ, দ্রাঘি° ৭৪° ৫২´ উঃ। এখানে জেলার সদর কাছারি, ডাকঘর, ঔষধালয় প্রভৃতি আছে। পূর্ব্বে এখানে সহস্র তাঁত চলিত ও রঙ্ করা ব্যবসায় প্রবল ছিল। এখন এখানে দেশীয় মোটা কাগজের ব্যবসাই প্রধান। এখানে সুন্দর সুন্দর মাটির ও কাগজের খেলানা প্রস্তুত হয়।

গোকাম (ত্রি) গাং কাময়তে গো-কামি অণ্। যে ব্যক্তি গোরু কামনা করে। "গোকামা মে।" (ঋক্ ১০।১০৮।১০) 'গোকামাঃ গাঃকামায়মানাঃ' (সায়ণ।)

গোকামুখ (পুং) ভারতবর্ষস্থ একটী পর্ব্বত।

গোকারু, উত্তর কাণাড়ার অন্তর্গত একটী নগর। গোকর্ণ-তীর্থের পার্শ্বে অবস্থিত। এখানে তীর্থযাত্রীর আগমন হয়। বিশেষতঃ মাঘ মাসের মেলায় প্রায় আট দশ হাজার সন্ন্যাসী সাধু ও তীর্থযাত্রী প্রভৃতি উপস্থিত হইয়া থাকে।

গোকালব্রত, আমাদের দেশের বালিকাদিগের অনুষ্ঠিত ব্রতবিশেষ। বিশ্বাস—এই ব্রত পালন করিলে স্বর্গে বাস হইবে। প্রথমে গাভীর চারিটী খুর গঙ্গাজলে ধুইয়া ও পুছাইয়া মস্তকে গঙ্গাজল সেচন করিয়া তাহাকে স্নান করাইয়া দেয়। কপালে হলুদ চন্দন ও সিন্দূরের টিপ দিয়া 'নমো ভগবত্যৈ নমঃ' বলিয়া ফুল লইয়া গাভীর পাদপূজা করে। পূজান্তে গাভীর মস্তকে অর্ঘ্য দিয়া থাকে। এই সকল কার্য্য সমাধা হইলে গাভীর তৃপ্তির জন্য দুর্ব্বাঘাস ও কাঁঠালিকলা খাইতে দিয়া এই মন্ত্র পাঠ করে—

"গোকাল গোকুলে বাস
গোরুর মুখে দিয়ে ঘাস
আমার হোগ স্বর্গে বাস।"

ভোজনান্তে গোরুর ক্লেশ নিবারণের জন্য তালবৃন্ত ব্যজন করে। পরিশেষে গো-পুচ্ছ মাথায় স্পর্শ করাইয়া গোরুকে ভক্তিভাবে প্রণামপূর্ব্বক চলিয়া আসে।

গোকিরাটিকা (স্ত্রী) গাং বাচং কিরতি গো-কৃ-ক তথা সতী অটতি অট-ণ্বুল্-টাপ্। সারিকাপক্ষী। (হেম)

গোকিরাটী (স্ত্রী) গোকিরা বাচং রটন্তী সতী অটতি অট-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। সারিকাপক্ষী। (রাজনি)

গোকিল (পুং) গোঃ পৃথিব্যাঃ কীলইব নিপাতনাৎ হ্রস্বঃ। ১ মুষল। ২ লাঙ্গল। (হেম)

গোকীল (পুং) গোঃ পৃথিব্যাঃ কীলইব। ১ মুষল। ২ লাঙ্গল।

গোকুল (ক্লী) গোঃ কুলং ৬তৎ। ১ গোসমূহ, গোরুর পাল।

"গোকুলাকুলতীরায়াঃতমসায়া বিদূরতঃ।"(রামা ২।৬।১৬)

গাবাং কুলমত্র বহুব্রী। ২ গোষ্ঠ।

"গোকুলে কন্দুশালায়াং তৈলযন্ত্রেক্ষুযন্ত্রয়োঃ।
অমীমাংস্যানি শৌচানি স্ত্রীষু বালাতুরেষুচ॥" (তিথিতত্ত্ব)

৩ মথুরার পূর্ব্ব ও দক্ষিণকোণে অবস্থিত যমুনার বাম-তীরবর্ত্তী এক পুণ্য স্থান, গোপরাজ নন্দ এই স্থানে বাস করিতেন। (ভাগবত)

কৃষ্ণ ও বলরাম এই স্থানেই বাল্যকাল অতিবাহিত করেন। পূতনাবধ, শকটভঞ্জন প্রভৃতি অলৌকিক কার্য্যের অনুষ্ঠানও এইখানেই হইয়াছিল। কৃষ্ণলীলাক্ষেত্র বলিয়া গোকুল বৈষ্ণবগণের একটী তীর্থ বলিয়া গণ্য। এখানে অনেক দেবালয় আছে। শিবশতনাম পাঠে জানা যায় যে গোকুলে গোপীশ্বর নামে একটী শিব আছেন।

গোকুলজিৎ (ত্রি) গোকুলং জয়তি জি-ক্বিপ্ তুগাগমশ্চ। যে গোকুল জয় করিয়াছে।

গোকুলচন্দ্র, ১ আহ্নিকচন্দ্রিকা নামে সংস্কৃত গ্রন্থরচয়িতা।

২ ভগবদ্গীতার্থসারপ্রণেতা।

৩ রসিকচন্দ্রিকা নামে গোবর্দ্ধনকৃত আর্য্যাসপ্তশতীর একজন টীকাকার।

গোকুলজিৎ, এক স্মার্ত্ত পণ্ডিত। ইহার পিতার নাম হরিজিৎ। ইনি ইলদুর্গাধিপতি কল্যাণমল্লের আদেশ ১৬৩২ খৃষ্টাব্দে সংক্ষেপতিথিনির্ণয়সার নামে সংস্কৃতগ্রন্থ প্রণয়ন করেন।

গোকুলজী সম্পত্তিরাম জালা, সুরাষ্ট্রের একজন বিখ্যাত বৈদান্তিক এবং পারস্য, সংস্কৃত ও ইংরাজী ভাষাবিৎ পণ্ডিত। ইনি জুনাগড়ের একজন প্রধান সচিব ছিলেন। বাল্যকাল হইতেই তাঁহার বেদান্তে অনুরাগ জন্মে। জুনাগড়ে যখন রামবাবা নামে এক বৈদান্তিক সন্ন্যাসী গমন করেন, গোকুলজী তাঁহার মুখে বেদান্তের বিমল উপদেশ শুনিয়া তাঁহার শিষ্যত্ব স্বীকার করেন। তৎপরে তিনি পরমহংস সচ্চিদানন্দ স্বামীর নিকট বেদান্তের গূঢ় তাৎপর্য্য অবগত হন। ক্রমে তাঁহার সংসারাসক্তি হ্রাস হইতে থাকে। অল্প দিন হইল ইনি আপনার উচ্চ পদগৌরব ও বিষয়সম্পত্তি পরিত্যাগ করিয়া বাণপ্রস্থ অবলম্বন করেন। এই ঊনবিংশ শতাব্দীর শেষভাগেও ইনি প্রাচীন আর্য্যগণের মত অন্তিমকালে বনবাসে ঈশ্বরাধনায় জীবন উৎসর্গ করেন। সুরাষ্ট্রের প্রধান প্রধান লোকেরা ইঁহাকে বিশেষ ভক্তিশ্রদ্ধা করিয়া থাকেন।

গোকুলদেব, তীর্থকল্পলতা নামে সংস্কৃত গ্রন্থকার।

গোকুলনাথ, একজন বিখ্যাত পণ্ডিত। ইনি সুললিত সংস্কৃত ভাষায় করণপ্রবোধ (বেদান্ত), প্রমাণপ্রবোধ (ন্যায়), ভক্তিরসামৃতসিন্ধু (মীমাংসা), শাণ্ডিল্যসূত্রের ভক্তিসিদ্ধান্ত-বিবৃতি নামে টীকা প্রণয়ন করেন।

২ জয়বিলাস নামে সংস্কৃত জ্যোতিঃশাস্ত্রকার।

৩ মিথিলার একজন প্রধান পণ্ডিত। ইনি মৈথিল মহামহোপাধ্যায় নামে প্রসিদ্ধ। ইঁহার রচিত অনেক সংস্কৃত গ্রন্থ পাওয়া যায়, তন্মধ্যে এই কয়খানি প্রধান—দ্বৈতনির্ণয়ের কাদম্বরী নাম্নী টীকা, মাসমীমাংসা, রসমহার্ণব, শিবশতক-স্তোত্র, রশ্মিচক্রতত্ত্বচিন্তামণিটীকা, তত্ত্বচিন্তামণিদীধিতিদ্যোত, তর্কতত্ত্বনিরূপণ, ন্যায়সিদ্ধান্ততত্ত্ব, পদ্বাক্যরত্নকার।

৪ কাশীবাসী একজন বিখ্যাত হিন্দিকবি, কবি রঘুনাথের পুত্র। ইনি পঞ্চক্রোশীর অন্তর্গত চৌরাগাঁও নামক স্থানে

জন্মগ্রহণ করেন। কাশীরাজ চেৎসিংহ কবির প্রতিপালক ছিলেন। প্রতিপালকের ইতিহাস অবলম্বন করিয়া ইনি চেৎচন্দ্রিকা নামক গ্রন্থ, পরে গোবিন্দসুখদবিহার, এবং কাশীরাজ উদিত নারায়ণের আদেশে হিন্দীভাষার মহাভারত ও হরিবংশের অনুবাদ প্রকাশ করেন। মহাভারতের কিয়দংশ তাঁহার শিষ্য মণিদেব ও পুত্র গোপীনাথও অনুবাদ করিয়াছিলেন। [মহাভারত দেখ।]

গোকুলপ্রসাদ, একজন হিন্দীকবি, ইনি জাতিতে লালাকায়স্থ। গোঁড়া জেলার অন্তর্গত বলরামপুরে ইহার বাস ছিল। ইনি রাজা দিগ্বিজয়সিংহের সম্মানার্থে ১৮৬৮ খৃষ্টাব্দে দিগ্বিজয়-ভূষণ রচনা করেন, ইহাতে প্রায় ১৯২ জন হিন্দী কবির কবিতা সংগ্রহ আছে। এ ছাড়া কৃষ্ণলালাঘটিত অষ্টজাম, চিত্রকলাধর, দূতীদর্পণ প্রভৃতি কাব্য রচনা করেন।

গোকুলভট্ট, হরিরায়ের বেদান্তকারিকার একজন টীকাকার।

গোকুলস্থ (ত্রি) গোকুলে তিষ্ঠতি গোকুল-স্থা-ক। ১ গোকুল-বাসী। ২ কৃষ্ণউপাসক সম্প্রদায়বিশেষ।

গোকুলাষ্টমী (স্ত্রী) গবাং কুলং পূজনীয়ং যস্যাং বহুব্রী, তাদৃশী অষ্টমী, কর্ম্মধা° পুংবদ্ভাবশ্চ। দাক্ষিণাত্যে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী এই নামে প্রসিদ্ধ। [জন্মাষ্টমী দেখ।]

গোকুলিক (ত্রি) গোর্নেত্রস্য কুলমত্র গোকুল-ঠন্। ১ কেকর। গবি পক্ষস্থগব্যাং কুলিকঃ জড় ইব। ২ পঙ্কস্থ গব্যুপক্ষেপক, যে পঙ্কপতিত গোকে উপেক্ষা করে।

গোকুলোদ্ভবা (স্ত্রী) গোকুলং উদ্ভবং যস্যাঃ বহুব্রী। দুর্গা, মহামায়া।

গোকৃত (ক্লী) গোভিঃ কৃতং ৩তৎ। ১ গোময়। (ত্রি) ২ গোকর্ত্তৃক অনুষ্ঠিত।

গোক্ষীর (ক্লী) গবাং ক্ষীরং ৬তৎ। গোদুগ্ধ।

গোক্ষীরজ (ক্লী) গোক্ষীরাৎ জায়তে জন্-ড। ১ ঘৃত। ২ তব-ক্ষীর, ক্ষীরজল।

গোক্ষুর (পুং) গোঃ পৃথিব্যাঃ ক্ষুর-ইব। স্বনামপ্রসিদ্ধ ক্ষুপবিশেষ, চলিত কথায় গোখুরি বলে। (Tribulus launginosus) পর্য্যায়—ত্রিকণ্ট, স্থলশৃঙ্গাট, গোকণ্টক, ত্রিপুট, কণ্টকফল, ক্ষুর, গোক্ষুরক, পলঙ্কষা, ইক্ষুগন্ধা, শ্বদংষ্ট্রা, স্বাদুকণ্টক, গোকণ্ট, বনশৃঙ্গাটক, ক্ষুরক, ভক্ষ্য-কণ্ট, ইক্ষুগন্ধিকা, ক্ষুরঙ্গ, শ্বদংষ্ট্রকা, কণ্টকী, ভদ্রকণ্ট, ব্যালদংষ্ট্র, ষড়ঙ্গ, গোখুর, ত্রিকট, ত্রিক ও ইক্ষুর। হিন্দীতে গোখরু বলে। ইহা দেখিতে চানার মত।

ইহার গুণ—শীতল, বলকর, মধুর, বৃংহণ, কৃচ্ছ্র, অশ্মরী, মোহ ও দাহনাশক এবং রসায়ণ। (রাজনি°) ভাবপ্রকাশের মতে ইহার গুণ—স্বাদু, বস্তিশোধক, দীপন, পুষ্টিকর, শ্বাস কাশ, অর্শ ও ব্রণনাশক। রাজবল্লভের মতে গোক্ষুরের গুণ—বায়ুনাশক এবং বৃষ্য। ইহার শাকের গুণ—তিক্ত, বৃষ্য ও স্রোতশোধক। গোক্ষুর দুইপ্রকার ক্ষুদ্রাকার ও বৃহৎ। ইহার মধ্যে বৃহৎ গোক্ষুরই প্রশস্ত। বৃহৎ গোক্ষুরকে সচরাচর গোক্ষুরদক্ষিণা বলে। দুর্ভিক্ষের সময় পশ্চিমাঞ্চলে লোকেরা গোক্ষুরবীজ গুঁড়া করিয়া খাইয়া থাকে। ২ আর একজাতীয় গাছ। (Ruellia longifolia.)

গোক্ষুরক (পুং) গোক্ষুর স্বার্থে কন্। গোক্ষুর। (অমর) "গুপ্তাফলং গোক্ষুরকাচ্চা বীজং।"(সুশ্রুত চিকিৎসি° ২৫ অঃ)

গোক্ষুরাদিগণ (পুং) গোক্ষুর আদির্যস্য বহুব্রী ততঃ কর্ম্মধা°। ভিষক্‌শাস্ত্রোক্ত একটী গণ। গোক্ষুর, ক্ষুরক, ব্যাঘ্রী, সিংহ-পুচ্ছী ও কুশিম্বিকা, ইহাদিগকে গোক্ষুরাদিগণ বলে। ইহার গুণ বাতশ্লেষ্মনাশক। (রসচন্দ্রিকা)

গোক্ষুরি (পুং স্ত্রী) গোক্ষুর।

গোক্ষুরী (স্ত্রী) গোক্ষুর।

গোক্ষুরীবীজ (ক্লী) গোক্ষুর্য্যা বীজং ৬তৎ। গোক্ষুরের বীজ, চলিত কথায় গোখুরবীজ বলে। ইহার গুণ—শীতল, মূত্র-বৃদ্ধিকর, শোথনাশক, বৃষ্য, আয়ুষ্কর, শুক্র, মেহ ও কৃচ্ছ্র-নাশক। (আত্রেয়সংহিতা।)

গোক্ষোড়ক (পুং স্ত্রী) প্রতুদ শ্রেণীর অন্তর্গত একপ্রকার পক্ষী। [প্রতুদ দেখ।]

গোখা (স্ত্রী) গাং ভূমিং খনত্যনয়া খন-ড। নখ। এই শব্দটী পাণিনীয় ক্রোড়াদিগণান্তর্গত।

গোখুর (পুং) খুরতি বিলিখতি খুর-অচ্ অস্ত্রবিশেষঃ গোঃ পৃথিব্যাঃ খুর ইব। ১ গোক্ষুর বৃক্ষ। (শব্দরত্না°) (ক্লী°) গবাং খুরং ৬-তৎ। গোরুর খুর।

গোখুরাসাপ, একপ্রকার তীব্র বিষধর সর্প, দেশবিশেষে জাতিসর্প বলে। (Cobra de capello) [সর্প দেখ।]

গোখুরি (পুং) গবাং খুরিরিব। গোক্ষুর। (শব্দচন্দ্রিকা)

গোগাচৌহান্, ১ একজন সিদ্ধ বীরপুরুষ। হিমালয় হইতে নর্ম্মদাতট পর্য্যন্ত কি হিন্দু কি মুসলমান সকলেই এই মহাপুরুষকে ভক্তিশ্রদ্ধা করিয়া থাকে। হিন্দুরা ইঁহাকে গোগাচৌহান্ বা গোগাবীর এবং মুসলমানেরা "গোগা-পীর" বা "জাহিরপীর" বলিয়া জানেন। হিন্দু বলেন যে, ঘর্ঘরানদীতটে স্বদেশ ও স্বধর্ম্ম রক্ষার জন্য তিনি মুসলমান-দিগের বিরুদ্ধে অস্ত্রধারণ করিয়াছিলেন সেই জন্য তিনি সম্মানার্হ। মুসলমানেরা বলেন গোগা ইস্‌লাম্ ধর্ম্মে দীক্ষিত হইয়াছিলেন এই জন্য তাঁহাদের পূজ্য।

প্রবাদ এইরূপ—বাগড়দেশের রাজা বৎসরাজ চৌহান্ তোমররাজ জয়মলের দুইটী কন্যার পাণিগ্রহণ করেন, এই দুই কন্যার নাম বাচল ও কাচল। বাচলের অপর নাম শীলবতী। যমুনাতীরস্থ শির্শাবানগরে উভয়ের জন্ম। বহুদিন উভয়েরই কোন সন্তানাদি হয় নাই। ঘটনাক্রমে গুরু গোরক্ষনাথ বাগড়দেশে আসিয়া রাজোদ্যানে অবস্থান করেন। বহুদিন ধরিয়া বাচল রাণী গোরক্ষনাথের সেবা শুশ্রূষা করেন। একদিন কাচল ভগিনীর পোষাক পরিয়া গোরক্ষনাথের নিকট আসিয়া আশীর্ব্বাদ প্রার্থনা করিলেন। মহাপুরুষ তাঁহাকে দুইটী যব খাইতে দিলেন এবং বলিলেন ইহাতেই তাঁহার দুইটী পুত্র হইবে। তৎপরে বাচল গুরুর সহিত সাক্ষাৎ করিলেন। ভগিনীর চাতুরী ও আপনার দুঃখ জানাইয়া কাঁদিতে লাগিলেন। অনেক অনুনয় বিনয়ের পর গোরক্ষনাথ তাঁহাকে একটী গুগ্‌গুল দিয়া বলিলেন যে, "তোমার ভগিনীর পুত্রগণ তোমার পুত্রের দাসত্ব করিবে।" যথাকালে শীলবতী রাণীর গর্ভ হয়। কাচল তাঁহার গর্ভ নষ্ট করিবার জন্য অনেক চেষ্টা করিয়াও কিছু করিতে পারিল না। আট মাস গর্ভধারণ করিয়া বাচল ভাদ্রমাসে কৃষ্ণনবমী তিথিতে একটী পুত্ররত্ন প্রসব করিলেন। গুগুল হইতে জন্ম বলিয়া পুত্রের নাম গুগা বা গোগা হইল। যথাকালে গোগা বাগড়দেশের রাজা হইলেন। কাচলের দুই পুত্র অর্জ্জুন ও সুর্জন দিল্লীরাজের সাহায্যে বাগড়দেশ অধিকার করিবার চেষ্টা করিল। কিন্তু গোগা উভয়কে পরাস্ত ও নিহত করিয়া উভয়ের ছিন্নমুণ্ড মাতার নিকট পাঠাইয়া দিলেন। বাচল পুত্রের এই দুর্ব্যবহারে অতিশয় সন্তপ্ত ও ক্রুদ্ধ হইলেন। তিনি খেদ করিয়া বলিয়াছিলেন—"যেখানে আমার ভগিনীর পুত্র গিয়াছে, আমার পুত্রও সেইখানে যাক্।" মাতার কথায় গোগার মনে বড়ই আঘাত লাগিল। তিনি প্রার্থনা করিলেন, "মা বসুন্ধরে তুমি বিদীর্ণ হও, আমি তোমার কোলে শয়ন করি, এ পাপ মুখ আর কাহাকেও দেখাইতে ইচ্ছা করি না।" পৃথিবী বিদীর্ণ হইল, তিনি জবাদিয়া নামক অশ্বে আরোহণ করিয়া ভূগর্ভে লুক্কায়িত হইলেন।

অবশেষে একদিন তিনি জবাদিয়ায় চড়িয়া পাহাড় ভেদ করিয়া উত্থিত হইলেন। তাঁহার সেই অশ্বারোহী প্রস্তর ময় ভীমমূর্ত্তি রাজস্থানের মন্দর রাজধানীতে আজও রক্ষিত আছে।

মুসলমানেরা বলিয়া থাকেন, গোগাপীরের প্রার্থনায় প্রথমে পৃথিবী বিদীর্ণ হন নাই। তিনি মক্কায় গিয়া রতন-হাজির শিষ্যত্ব গ্রহণ করিয়া ফিরিয়া আসিলে তবে বসুন্ধরা তাঁহাকে গ্রহণ করিয়াছিলেন। তাঁহার পত্নীর নাম শিরিয়াল। প্রতিরাত্রিতে জাহিরপীর পত্নীর সহিত সাক্ষাৎ করিতেন এবং তাঁহাকে বিবিধ অলঙ্কারে ভূষিত করিতেন।

পশ্চিমাঞ্চলের রমণীগণ গোগার জন্মতিথি-উৎসবে তাঁহার স্তুতিগান করিয়া থাকেন। কাহারও মতে গোগা দিল্লীপতি পৃথ্বিরাজের সমসাময়িক। রাজস্থানের মরুবাসী গোগাবৎ নামক রাজপুতেরা তাঁহার বংশধর। এ ছাড়া ইস্‌লাম্-ধর্ম্মাবলম্বী অনেক চৌহান্ গোগার বংশীয় বলিয়া পরিচয় দিয়া থাকে। [চাহিল দেখ।]

২ মাচাড়ীর একজন রাজা, আসলদেবের পুত্র। ফিরোজশাহের রাজত্বকালে ১৩০৪ শকে উৎকীর্ণ ইঁহার একখানি শিলালিপি পাওয়া যায়। (Cunningham's Arch. Sur. Report. vol. VI. Plate. IIIX.)

গোগৃষ্টি (স্ত্রী) গৌশ্চাসৌ গৃষ্টিশ্চেতি কর্ম্মধা॰ গৃষ্টিশব্দস্য পরনিপাতঃ। একবার প্রসূতা গাভী।

গোগোযুগ (ক্লী) গোর্দ্বিত্বং গো-দ্বিত্বার্থে গোযুগচ্ প্রত্যয়ঃ। গোর দ্বিত্ব সংখ্যা। (মুগ্ধবোধ)

গোগোষ্ঠ (ক্লী) গোঃ স্থানং গো স্থানার্থে গোষ্ঠচ্ প্রত্যয়ঃ। (পশুভ্যঃ স্থানদ্বিষট্‌কে গোষ্ঠগোযুগষড়্‌গবম্। মুগ্ধ॰ সূত্র॰) গোরুর স্থান, যে স্থানে গোরু থাকে।

গোগ্রন্থি (পুং) গোভ্যো জাতো গ্রন্থিরিব। ১ করীষ, ঘুঁটে। গোগ্রন্থির্যত্র বহুব্রী। ২ গোষ্ঠস্থান। গোগ্রন্থিরিব। ৩ গোজিহ্বিকা।

গোঘা, কাঠিয়াবাড়ের আহ্মদাবাদ জেলার গোঘা উপবিভাগের প্রধান নগর। অক্ষা॰ ২১° ৩৯´ ৩´´ উঃ ও দ্রাঘি॰ ৭২° ২১´ পূঃ। বোম্বাই সহর হইতে ১৯৩ মাইল উত্তর-পশ্চিমে অবস্থিত। এই নগরের ১॥০ পোয়া পথ পূর্ব্বে জাহাজাদির অবস্থানোপযোগী বন্দর আছে। নগরবাসীরা অনেকেই নাবিকবিদ্যায় সুদক্ষ। জাহাজাদি ভগ্ন হইলে মেরামতের জন্য অথবা জলগ্রহণোদ্দেশে এই বন্দরে আসিয়া থাকে। কিছুদিন হইল গোঘার বাণিজ্য ব্যবসা থাম্‌তি পড়িয়াছে। নগরের প্রাচীন গৌরব ও সমৃদ্ধি দিন দিন হ্রাস হইয়া আসিতেছে এবং নিকটবর্ত্তী ভবনগরের ব্যবসা বাণিজ্যের ক্রমশই উন্নতি হইতেছে। ১৩২১ খৃষ্টাব্দে পাদ্রি জর্ডনাস্ সাহেব এই নগর দেখিতে আসিয়াছিলেন। ১৫৩১ খৃষ্টাব্দে শাসনকর্ত্তার (নুনো-ডা-কান্‌হা) আদেশানুসারে আন্তনিও-ডি-সালদান্‌হা কাম্বে জয় করিতে আসেন। তিনি এই নগর বিশেষ সমৃদ্ধিশালী এবং ধনী ব্যবসায়ীতে পূর্ণ *

* Correa III. 418.

দেখিয়া যান। কুটো সাহেব তাহার নিজ গ্রন্থে এই নগরের বাণিজ্যের কথা বিশেষ সুখ্যাতির সহিত লিখিয়া গিয়াছেন †। এই নগরের উত্তরে ও দক্ষিণে লবণময় জলা ভূমি আছে।

গোঘাত (পুং) গাং হন্তি গো-হন্-অণ্। গোহন্তা।

"অন্তকায় গোঘাতং ক্ষুধে যোগাং বিকৃতবন্তং।"

(বাজসনেয় সং ৩০।১৮) 'গোঘাতং গবাং হন্তারং' (মহীধর।)

গোঘাতক (পুং) গবাং ঘাতকঃ ৬তৎ। গোহত্যাকারী।

গোঘাতিন্ (ত্রি) গাং হন্তি গো-হন্-ণিনি। গোহত্যাকারী।

গোঘৃত (ক্লী) গোঃ পৃথিব্যা ঘৃতমিব শস্যপোষকত্বাৎ। ১ বৃষ্টি-জল। (ত্রিকাণ্ড) গোর্ঘৃতং ৬তৎ। ২ গব্যঘৃত। [ঘৃত দেখ।]

গোঘ্ন (ত্রি) গাং হন্তি-হন-ক ৬তৎ। ২ গোঘাতক, গোহত্যা-কারী। [গোহত্যা দেখ।] (পুং) গৌর্হন্যতে যস্মৈ হন্ সংপ্রদানে ক। ২ অতিথি। পূর্ব্বকালে শ্রোত্রিয় অতিথি বাড়ীতে উপস্থিত হইলে মধুপর্কের জন্য গোহত্যা করা হইত, এই কারণে অতিথির নাম গোঘ্ন হইয়াছে (১)।

গোঙ্গরাণ (দেশজ) অব্যক্ত ধ্বনি করা।

গোঙ্গা (দেশজ) ১ বোবা। ২ বড় কড়ি।

গোঙ্গাকড়ি (দেশজ) একপ্রকার বড় মসৃণ কড়ি।

গোঙ্গান (দেশজ) দুঃস্বপ্ন।

গোচ (গুচ্ছশব্দজ) ১ ছালা, আটি। ২ সুযোগ।

গোচন্দন (ক্লী) গোশীর্ষাখ্যং চন্দনং মধ্যলোং। গোশীর্ষাখ্য চন্দন। "গোচন্দনামোহনিকা মধুকমাক্ষিকং মধু।

সুবর্ণমিতিসংযোগঃ পেয়ঃ সৌভাগ্যমিচ্ছতা॥"

(সুশ্রুত চিকিৎসিং ২৮ অঃ)।

গোচন্দনা (স্ত্রী) একপ্রকার জলৌকা। সুশ্রুতের মতে যে সকল জলৌকার অধোভাগ বা পুচ্ছদেশ গোবৃষণের ন্যায় দুই ভাগে বিভক্ত এবং মুখের দিক্ ক্ষুদ্র, তাহাদিগকে গোচন্দনা বলে। ইহাদের দংশনে অতিশয় চুলকানি, মূর্চ্ছা, জ্বর, দাহ, বমন, মত্ততা বা মনের বিকৃতি ও শরীরে অবসন্নতা হয়, দষ্ট স্থান ফুলিয়া উঠে। ইহাতে অগদ নামক ঔষধ পান, দংশন-স্থানে লেপন ও তাহার নস্য প্রয়োগ করিলে ভাল হয়।

গোচর (পুং) গাবইন্দ্রিয়াণি চরন্ত্যস্মিন্ গো-চর-অচ্। (গোচর সঞ্চরবহব্রজব্যজাপণনিগমাশ্চ। পা ৩।৩।১১৯) ১ ইন্দ্রিয় যাহা গ্রহণ করে, বিষয়, রূপরস প্রভৃতি।

"ঘ্রাণস্য গোচরো গন্ধঃ॥" (ভাষাপরিং)

২ জ্ঞানবিষয়। "সদসৎসংশয়গোচরোদরী।" (নৈষধ) (ত্রি) গবি ভূমৌ চরতি গো-চর-কর্ত্তরি অচ্। ৩ ভূচর।

† Couto IV, VII, Cap 5.

(১) "মহোক্ষং বা মহাজং বা শ্রোত্রিয়ায় প্রকল্পয়েৎ।" (স্মৃতি)

(পুং) গাবশ্চরন্ত্যস্মিন্ পূর্ব্ববৎসাধু। ৪ গোপ্রচার স্থান, গোষ্ঠ।

"উপারতাঃ পশ্চিমরাত্রিগোচরা-

দপারয়ন্তঃ পতিতুং জবনে গাম্॥" (কিরাত° ৪। ১০)

৫ গন্তব্যদেশ।

"ইন্দ্রিয়াণিহয়ানাহুর্বিষয়াংস্তেষু গোচরান্।" (কঠোপনিষৎ)

৬ দেশ।

"অব্রবীৎপ্রাঞ্জলির্ভূত্বা গুহো গহনগোচরঃ॥" (রামায়ণ ২।৮৫।৫)

'গহনং বনং গোচরোদেশো যস্য সঃ' (রামানুজ) গাবো ব্যোমগতয়ো গ্রহাশ্চরন্ত্যস্মিন্ পূর্ব্ববৎসাধু। ৭ জন্মরাশি অবধি গ্রহাক্রান্ত রাশির নাম। ফলিত জ্যোতিষ মতে, গ্রহগণ আপন গতিতে যে রাশিতে উপস্থিত হয়, সেই রাশি অর্থাৎ সেই রাশিটী জন্মরাশি অপেক্ষা যে সংখ্যক রাশি হয়, তত সংখ্যক রাশি শুদ্ধ হইলে গ্রহ শুভফলদায়ক এবং অশুদ্ধ হইলে অশুভ ফলদায়ক হইয়া থাকে। গ্রহের পক্ষে কোন রাশিই অশুদ্ধ বা মন্দ নহে, তবে জ্যোতিষশাস্ত্রে-জন্মরাশি অপেক্ষা কোন কোন রাশিতে গ্রহের অবস্থানে শুভফল এবং কোন কোন রাশিতে গ্রহ থাকিলে অশুভফল হইয়া থাকে, এইরূপ নির্ণীত হইয়াছে। যে স্থানে যে গ্রহের অবস্থিতি অশুভফলপ্রদ, সেই গ্রহ সেই রাশিতে থাকিলে তাহাকে গোচরঅশুদ্ধি ও যে রাশিতে থাকিলে শুভফল হয়, সেই স্থানে গ্রহের অবস্থান হইলে গোচরশুদ্ধি বলে।

বৈজ্ঞানিক মতে মানবগণ নিজ নিজ কর্ম্মানুসারে সময়ে সময়ে সুখী অথবা দুঃখী হয়, খগোলে অবস্থিত গ্রহগণ তাহার কারণ নহে, তবে গ্রহগণের অবস্থান অনুসারে মানব বা জন্তুগণের ভাবী মঙ্গল বা বিপদ্ অনুমান করা যাইতে পারে। গ্রহের অবস্থান অনুসারে ভবিষ্যৎ বিপদের সম্ভব হইলে তাহার নিবারণ জন্য শান্তির অনুষ্ঠান করিলে আর বিপদ্‌গ্রস্ত হইতে হয় না। কোন কোন জ্যোতিষিকের মতে অপরাপরের ন্যায় গ্রহগণের অবস্থানও মানবের সুখদুঃখের অন্যতম কারণ। যাহা হউক, গ্রহের অবস্থানে যে মানবের শুভাশুভ ফল ঘটিয়া থাকে, তাহা সকলেই স্বীকার করেন, এবং প্রত্যক্ষও দেখিতে পাওয়া যায়। প্রাচীন ফলিত জ্যোতিষে ইহার বিষয়ে অনেক মতামত আছে। কিন্তু কি প্রকারে প্রাচীন আচার্য্যগণ গ্রহের অবস্থান অনুসারে এইরূপ ফলাফল নিরূপণ করিতেন, তাহার কোন উপায় তাঁহারা প্রকাশ করিয়া যান নাই। কেবল যে ফল হইয়া থাকে, তাহাই নিরূপিত আছে।

কেতু, রাহু, রবি, চন্দ্র, মঙ্গল ও শনি এই সকল গ্রহ জন্মরাশি হইতে তৃতীয় কিম্বা ষষ্ঠ স্থানে থাকিলে শুভ ফল

হয় এবং এই সকলগ্রহ জন্মরাশির দশমে অবস্থিত হইলেও শুভ ফল হইয়া থাকে। জন্মরাশির সপ্তম, নবম কিম্বা পঞ্চমে থাকিলে শুভ ফল প্রদান করে। বুধ জন্মরাশিতে অবস্থিত হইলে এবং শুক্র ষষ্ঠ, সপ্তম ও দশম ভিন্ন অন্য রাশিতে থাকিলে শুভ ফল হয়। একাদশ রাশিতে যে কোন গ্রহের অবস্থানই মানবের পক্ষে শুভকর। গ্রহগণ বক্র কিম্বা অতিচার প্রভৃতি যে কোন অবস্থায় থাকুক না কেন, সকল অবস্থাতেই শুভাশুভ ফল প্রদান করে। সকল গ্রহই বক্রী বা অতিচারী হইলে বক্রী বা অতিচারী হইয়া যে রাশিতে যাইবে, সেই রাশিতে শুভাশুভ ফল প্রদান করিয়া থাকে। কিন্তু বুধ ও বৃহস্পতি যে রাশি হইতে বক্রী বা অতিচারী হইবে, সেই রাশির নিরূপিত ফলই প্রদান করে। চন্দ্রের রাশিতে গমনকালে যদি তারা শুদ্ধ থাকে, তবে সকল রাশিতেই চন্দ্র শুভফল প্রদান করে এবং রবির সঞ্চারকালে চন্দ্র শুদ্ধ থাকিলে শুভফল হয়। মঙ্গলাদি গ্রহের সঞ্চার সময়ে যদি রবি শুদ্ধ থাকে, তবে শুভ ফল হয়। রবি, মঙ্গল ও শনির সঞ্চারকালে যদি নাড়ীনক্ষত্র হয়, তবে গোচরে অতিশয় অশুভ ফল ও ক্লেশ প্রদান করে।

[চন্দ্রশুদ্ধি ও রবিশুদ্ধি দেখ।]

জন্মরাশিতে চন্দ্র থাকিলে মিষ্টান্নভোজন, শুক্র থাকিলে আমোদপ্রমোদ, রবি বা মঙ্গল থাকিলে শত্রুবৃদ্ধি, শনি থাকিলে প্রাণহানি, বুধ থাকিলে বন্ধন এবং বৃহস্পতি জন্মরাশিস্থ হইলে শত্রুর বলবৃদ্ধি ও মানসিক ক্লেশ হয়।

দ্বিতীয় স্থানে রবি থাকিলে মিত্রভেদ, চন্দ্র থাকিলে ক্লেশ, শনি থাকিলে বিত্তনাশ, বুধ থাকিলে লাভ, মঙ্গল থাকিলে হানি, শুক্র থাকিলে ভোগ এবং বৃহস্পতি থাকিলে জ্ঞানবৃদ্ধি হয়।

তৃতীয় স্থানে রবি, মঙ্গল, শনি ও শুক্র থাকিলে চিরদিনের জন্য কোন একটী স্থান প্রাপ্তি, চন্দ্র ও বুধ থাকিলে শত্রুনাশ এবং বৃহস্পতি থাকিলে মানসিক পীড়া হয়।

চতুর্থ স্থানে বৃহস্পতি থাকিলে মনুষ্যের শাস্ত্রবিরোধি তীক্ষ্ণবুদ্ধি হয়। রবি থাকিলে অতিশয় দুঃখ, চন্দ্র থাকিলে উদররোগ, বুধ থাকিলে আরোগ্য, শুক্র থাকিলে রোগনাশ, মঙ্গল থাকিলে শত্রুভয় এবং শনি হইলে বিত্তনাশ হইয়া থাকে।

চন্দ্র জন্মরাশি হইতে পঞ্চম স্থানে অবস্থিত হইলে দৌর্ভাগ্য, মঙ্গল হইলে মানসিক উদ্বেগ, শনি হইলে নানাপ্রকার দোষোৎপত্তি, রবি হইলে প্রিয় ব্যক্তির বিচ্ছেদ, বুধ হইলে দৌর্ভাগ্য এবং বৃহস্পতি পঞ্চমস্থানে অবস্থিত হইলে মনুষ্যের সকল বিষয়ে সুখ হয়।

ষষ্ঠ স্থানে রবি, চন্দ্র, মঙ্গল, বুধ ও শনি গ্রহ থাকিলে প্রচুর ধনধান্যাদি লাভ হয়। বৃহস্পতি ষষ্ঠ স্থানে থাকিলে শত্রুবৃদ্ধি ও মানসিক দুঃখ এবং শুক্র থাকিলে নানাপ্রকার শত্রুতা নাশ হইয়া যায়।

জন্মরাশি অপেক্ষা সপ্তম রাশিতে চন্দ্র থাকিলে স্ত্রীলাভ, শনি থাকিলে মানসিক উদ্বেগ, মঙ্গল থাকিলে ধনক্ষয়, বৃহস্পতি থাকিলে সম্পদলাভ, শুক্র থাকিলে রোগবৃদ্ধি ও রবি সপ্তমগত হইলে নানাপ্রকার অনিষ্ট হয়।

মঙ্গল জন্মরাশি অপেক্ষা অষ্টমস্থানে থাকিলে অগ্নিভয়, বুধ থাকিলে সুখ, শনি থাকিলে ধনহরণ, শুক্র থাকিলে অর্থলাভ, রবি থাকিলে মৃত্যু, বৃহস্পতি থাকিলে স্থান নাশ এবং চন্দ্র থাকিলে নেত্ররোগ হয়।

জন্মরাশি অপেক্ষা নবমে শনি থাকিলে অর্থনাশ, বুধ থাকিলে রোগ, মঙ্গল বা শুক্র থাকিলে অর্থলাভ, চন্দ্র থাকিলে ত্রাস, রবি থাকিলে শোক ও ক্লেশ এবং বৃহস্পতি থাকিলে মান ও পশ্বাদি লাভ হয়।

জন্মরাশির দশম স্থানে বুধ থাকিলে মনের সুস্থতা, রবি থাকিলে ইচ্ছানুরূপ কীর্ত্তি, মঙ্গল থাকিলে সম্পত্তি, চন্দ্র থাকিলে প্রধান পদ, রবি থাকিলে কার্য্যসিদ্ধি, শুক্র থাকিলে মিত্রের যশঃবৃদ্ধি এবং বৃহস্পতি থাকিলে প্রীতিহানি হয়।

রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র বা শনি ইহারা জন্মরাশির একাদশে অবস্থিত হইলে মনুষ্যের ধন, ধান্য ও মান বৃদ্ধি হয়। একাদশ স্থানে থাকিয়া কোন গ্রহই অশুভ ফল প্রদান করে না।

বৃহস্পতি, রবি, শনি, রাহু, মঙ্গল ও চন্দ্র জন্মরাশির দ্বাদশ স্থানে গমন করিলে মনুষ্যের বধ ও বন্ধন ভয় উপস্থিত হয়। বুধ বা শুক্র দ্বাদশ স্থানে থাকিলে মনুষ্যের ধৈর্য্য হয়।

কোন কোন জ্যোতিষের মতে গোচরফল এইরূপ লিখিত আছে—রবি জন্মরাশিতে থাকিলে মনুষ্যের স্থান ভ্রষ্ট হয়। এইরূপ দ্বিতীয়ে থাকিলে ভয়, তৃতীয়ে স্ত্রীলাভ, চতুর্থে মানহানি, পঞ্চমে দৈন্য, ষষ্ঠে শত্রুনাশ, সপ্তমে অর্থনাশ, অষ্টমে পীড়া, নবমে কান্তিপুষ্টি, দশমে কার্য্যসিদ্ধি, একাদশে সম্পত্তিবৃদ্ধি ও দ্বাদশ স্থানে রবি থাকিলে মনুষ্যের সম্পত্তিনাশ হইয়া ঘোর বিপদ্ উপস্থিত হয়।

জন্মরাশিতে চন্দ্র থাকিলে অর্থলাভ, দ্বিতীয় স্থানে থাকিলে বিত্তনাশ, তৃতীয়ে দ্রব্যলাভ, চতুর্থে উদরপীড়া, পঞ্চমে কার্য্যহানি, ষষ্ঠে বিত্তলাভ, সপ্তমে স্ত্রীলাভ, অষ্টমে মৃত্যু, নবমে রাজভয়, দশমে মহাসুখ, একাদশে ধনবৃদ্ধি এবং দ্বাদশ স্থানে থাকিলে রোগ ও ধন ক্ষয় হয়।

জন্মরাশিতে মঙ্গল থাকিলে শত্রুভয়, দ্বিতীয় স্থানে থাকিলে ধননাশ, তৃতীয়ে অর্থলাভ, চতুর্থে শত্রুভয়, পঞ্চমে প্রাণনাশ, ষষ্ঠে বিত্তলাভ, সপ্তমে শোক, অষ্টমে অস্ত্রাঘাত, নবমে কার্য্যহানি, দশমে শুভফল, একাদশে ভূমিলাভ, এবং দ্বাদশ স্থানে থাকিলে রোগ, অর্থনাশ ও অমঙ্গল ঘটিয়া থাকে।

জন্মরাশিতে বুধ থাকিলে বন্ধন, দ্বিতীয়ে ধনলাভ, তৃতীয়ে ধন ও শত্রুবৃদ্ধি, চতুর্থে অর্থলাভ, পঞ্চমে অনাটন, ষষ্ঠে অশুভ, সপ্তমে নানাপ্রকার শারীরিক রোগ ও আপদ্, অষ্টমে ধনলাভ, নবমে জীবনসংশয়রোগ, দশমে শুভফল, একাদশে অর্থলাভ এবং দ্বাদশ স্থান গত হইলে বিত্তলাভ হয়।

জন্মরাশিতে বৃহস্পতি অবস্থিতি করিলে ভয়, দ্বিতীয়ে অর্থ লাভ, তৃতীয়ে শারীরিক ক্লেশ, চতুর্থে অর্থনাশ, পঞ্চমে শুভ, ষষ্ঠে অশুভ, সপ্তমে রাজপূজা, অষ্টমে ধননাশ, নবমে ধনবৃদ্ধি, দশমে প্রীতিনাশ, একাদশে ধনলাভ এবং দ্বাদশস্থানে থাকিলে শারীরিক ও মানসিক পীড়া হয়।

জন্মরাশিতে শুক্র থাকিলে শত্রুনাশ, দ্বিতীয়স্থানে অর্থলাভ, তৃতীয়ে শুভ ফল, চতুর্থে ধনলাভ, পঞ্চমে পুত্রলাভ, ষষ্ঠে শত্রুবৃদ্ধি, সপ্তমে শোক, অষ্টমে অর্থলাভ, নবমে নানাবিধ বস্ত্রপ্রাপ্তি, দশমে শুভ, একাদশে বহুতর ধনলাভ এবং দ্বাদশস্থানে থাকিলে ধনাগম হয়।

জন্মরাশিতে শনি থাকিলে বিত্তনাশ ও সন্তাপ, দ্বিতীয়ে চিত্তক্লেশ, তৃতীয়ে শত্রুনাশ ও বিত্তলাভ, চতুর্থে শত্রুবৃদ্ধি, পঞ্চমে পুত্র ও ভৃত্য প্রভৃতির নাশ, ষষ্ঠে অর্থলাভ, সপ্তমে অনিষ্টপাত, অষ্টমে শরীরপীড়া, নবমে ধনক্ষয়, দশমে মানসিক উদ্বেগ, একাদশে বিত্তলাভ এবং দ্বাদশ স্থানে থাকিলে নিতান্ত অমঙ্গল ঘটিয়া থাকে।

জন্মরাশি, দ্বিতীয়, পঞ্চম, সপ্তম, অষ্টম, নবম বা দ্বাদশ রাশিতে রাহু থাকিলে অর্থক্ষয়, শত্রুভয়, কার্য্যহানি, রোগ, অগ্নিভয় ও মৃত্যু হইয়া থাকে। এতদ্ভিন্ন অন্যস্থানে রাহু থাকিলে শুভফল প্রদান করে।

জন্মরাশি হইতে একাদশ, তৃতীয়, দশম কিম্বা ষষ্ঠ রাশিতে কেতু অবস্থিত হইলে মনুষ্যের সম্মান, ভোগ, রাজপূজা সুখ ও অর্থ লাভ হয় এবং আজ্ঞাকারী পুরুষ ও স্ত্রী হইতে সুখভোগ ও পুণ্যসঞ্চয় হইয়া থাকে।

গোচরগত গ্রহের ফলকালনির্ণয়—রবি ও মঙ্গল এই দুই গ্রহ প্রবেশকালে ফলদান করে। বৃহস্পতি ও শুক্র এই দুইটী মধ্য সময়ে, শনি ও চন্দ্র শেষ অবস্থায় এবং বুধ গ্রহ সর্ব্ব সময়েই ফল প্রদান করিয়া থাকে।

[রবি, চন্দ্র প্রভৃতি শব্দে বিশেষ দ্রষ্টব্য।]

মুহূর্ত্তচিন্তামণির মতে সূর্য্য গন্তব্য রাশির পূর্ব্বে পাঁচ দিবস ফলদান করে। মঙ্গল গন্তব্য রাশির পূর্ব্বে আট দিন, বুধ গন্তব্য রাশির পূর্ব্বে সাত দিন, চন্দ্র গন্তব্য রাশির পূর্ব্বে তিন দণ্ড, রাহু গন্তব্য রাশির পূর্ব্ব তিন মাস, শনি ছয় মাস, এবং বৃহস্পতি দুই মাস পূর্ব্বে ফলদান করে (১)।

রবি ও মঙ্গল রাশির প্রথম দশাংশের মধ্যে থাকিয়াই সংপূর্ণরূপে ফল প্রদান করে, ইহা ছাড়া অপরাংশে অবস্থিতি কালে অল্প অল্প ফল হইয়া থাকে। এইরূপ শুক্র ও বৃহস্পতি মধ্যগত দশাংশে, বুধ ত্রিশ অংশে, চন্দ্র ও শনি চরম দশাংশে অবস্থান কালে ফলদান করে। ইহা ছাড়া অপরাংশে অবস্থিতিকালে অল্প ফল হইয়া থাকে। এইরূপ শুক্র ও বৃহস্পতি মধ্যগত দশাংশে, বুধ ত্রিশ অংশে, চন্দ্র ও শনি চরম দশাংশে অবস্থানকালে ফল দান করে। অবশিষ্ট সময়ে অল্পপরিমাণে ফল দিয়া থাকে। গ্রহগণ গোচরে বিরুদ্ধ হইলে শান্তি জন্য দান ও গ্রহপুরশ্চরণাদি করিতে হয়, তাহা হইলে আর কোন অমঙ্গল ঘটে না।

গোচর্ম্মন্ (ক্লী) গবাং চর্ম্ম ৬তৎ। ১ গোরুর চামড়া। তন্ত্রের মতে স্তম্ভনকার্য্যে গোচর্ম্ম দ্বারা আসন করিবার বিধান আছে। "গোচর্ম্মস্তম্ভনে দেবি! সম্ভবে বাজিচর্ম্মচ।"(সময়াচারতন্ত্র ২ প°) ২ পরিমাণবিশেষ। বৃহস্পতির মতে সাত হাতে এক দণ্ড, ত্রিশ দণ্ডে এক নিবর্ত্তন এবং দশ নিবর্ত্তনে এক গোচর্ম্ম হয়। (২) ভারতে লিখিত আছে যে গোচর্ম্ম পরিমিত ভূমি দান করিলে জ্ঞান ও অজ্ঞান কৃত সমস্ত পাপ বিনষ্ট হয়।

"যৎ কিঞ্চিৎ কুরুতে পাপং জ্ঞানতোঽজ্ঞানতোঽপিবা।
অপি গোচর্ম্মমাত্রেণ ভূমিদানেন পূয়তে॥"(ভারত আনু° ৬২অঃ)

গোচর্ম্মবসন (পুং) গোচর্ম্মবসনং যস্য বহুব্রী। মহাদেব।

"গোপালিগোপতির্গ্রামো গোচর্ম্মবসনো হরঃ।"
(ভারত ১৩।১৭ অঃ)

গোচা (গুচ্ছশব্দজ) গুচ্ছ, আঁটি।

গোচাণ্ডালী (দেশজ) বৃক্ষবিশেষ।

---

(১) "সূর্য্যারসৌম্যাস্ত্রিজিতোঽক্ষনাগ
সপ্তাদ্রিঘস্রান্ বিধুরগ্নিনাড়ীঃ।
তমো যমেজ্যা স্থিরসাশ্বিমাসান্
গন্তব্যরাশেঃ ফলদাঃ পুরস্তাৎ॥" (মুহূর্ত্তচি° ১৭)

(২) "সপ্তহস্তেন দণ্ডেন ত্রিংশদ্দণ্ডৈর্নিবর্ত্তনম্।
দশত্যক্তেব গোচর্ম্ম ব্রাহ্মণেভ্যো দদাতি যঃ॥" (বৃহস্পতি)
"দশহস্তেন বংশেন দশবংশান্ সমন্ততঃ।
পঞ্চ চাভ্যধিকান্ দদ্যাদেতৎ গোচর্ম্ম উচ্যতে॥" (বশিষ্ঠ)

গোচান (দেশজ) ইতস্ততঃ বিস্তীর্ণ পদার্থকে এক স্থানে মিলিত করণ।

গোচারক (ত্রি) গাং চারয়তি ঘাসাদৌ গো-চর-ণিচ্ ণ্বুল্। গোরক্ষক, রাখাল, যে গোরু চরায়।

গোচারণ (ক্লী) গবাং চারণং ৬তৎ। গোরু চরান।

গোচারিন্ (ত্রি) গৌরিব চরতি চর-ণিনি। একপ্রকার তপস্বী।

"গোচারিণোথাশ্মকুট্টাদন্তোলূখলিকাস্তথা।
মরীচিপাঃ ফেনপাশ্চ তথৈব মৃগচারিণঃ।"(ভারত অনু° ১৪)

গোচাল (দেশজ) ১ গোছা করিয়া একত্র করা। ২ যে বিবেচনা করিয়া কার্য্য করে, উপযুক্ত কার্য্যকারী।

গোচী (স্ত্রী) গামঞ্চতি অনচ্-ক্বিপ্ ঙীপ্ নলোপে অল্লোপঃ। ১ মৎস্যবিশেষ। গাঃ শিবস্তুতিরূপাঃ বাচঃ অঞ্চতি অনচ ক্বিপ্ ঙীপ্। ২ হিমালয়পত্নী। (শব্দার্থচি°)

গোছ (গুচ্ছশব্দজ) গুচ্ছ, স্তবক।

গোছা (গুচ্ছশব্দজ) গোচা।

গোচ্ছাল (পুং) গাং ভূমিং ছাদয়তি ছদ-ণিচ্ অচ্ পৃষোদরাদিত্বাৎ সাধু। ভূকদম্ব, চলিত কথায় চাকুলিয়া বলে। (রত্নমালা)

গোজ (পুং) ১ সঙ্করজাতিবিশেষ। উশনার মতে প্রমাদক্রমে নৃপার গর্ভে নৃপের ঔরসে যে পুত্র উৎপন্ন হয়, তাহাকে গোজ বলে। এই জাতিও ক্ষত্রিয়ান্তর্গত, ইহাদের আচার ব্যবহারও ক্ষত্রিয়ের ন্যায়, কিন্তু অভিষেক নাই (১)। এই শব্দটী রাজদন্তাদিগণান্তর্গত, রাজশব্দের সহিত সমাসে ইহার পূর্ব্বনিপাত হয়।

(ক্লী) গো বা ছাগী দুগ্ধের বিকারবিশেষ। ভাবপ্রকাশের মতে গোদুগ্ধ বা ছাগীদুগ্ধ হইতে যে ফেন উৎপন্ন হয়, তাহাকে গোজ বা গোফেন বলে। ইহার গুণ—ত্রিদোষঘ্ন, রুচিকারক, বলবৃদ্ধিকর, অগ্নিবর্দ্ধক, হিতকর, ভোজনমাত্রে তৃপ্তিকারক, লঘু, অতীসার, অগ্নিমান্দ্য ও জীর্ণজ্বরে প্রশস্ত। (ভাবপ্রকাশ পূর্ব্ব খ° ২ ভাগ।) (ত্রি) ৩ গোজাত।

গোজর (ত্রি) গোষু মধ্যে জরোজীর্ণঃ। বৃদ্ধ বলীবর্দ্দ।

"নাদ্রিয়ন্তে যথা পূর্ব্বং কীনাশা ইব গোজরম্।
(ভাগবত ৩।৩০।১৪।) 'গোজরং বৃদ্ধবলীবর্দ্দং' শ্রীধর।

গোজল (ক্লী) গবিজাতং জলং। গোমূত্র। (রাজনি°)

"গোজলেনৈব পূরেণ কর্ণস্রাবো বিনশ্যতি।"(গারুড় ১৮০অঃ)

গোজা (ত্রি) গবি পৃথিব্যাং ব্রীহ্যাদিরূপেণ জায়তে গো-জন-বিট্ আত্বং (জনসনস্থনক্রমগমোবিট্। পা ৩।২।৬৭) ১ ব্রীহি প্রভৃতি। (ঋক্ ৪।৪০।৫) (স্ত্রী) ২ গোলোমিকা বৃক্ষ। (রাজনি°) (ত্রি) ৩ সুরভীজাত।

গোজাগরিক (ক্লী) গবি স্বর্গে জাগরঃ অপ্রমত্ততাস্ত্যস্য গোজাগর-ঠন্। ১ মঙ্গল। ইহা সর্ব্বদাই স্বর্গসাধক বলিয়া এই নামে অভিহিত। (পুং) গবি ভূমৌ জাগরিকঃ প্রহরীব অস্ত্ররূপকণ্টকধারিত্বাৎ। ২ কণ্টকারবৃক্ষ। (ত্রি) গোষু ব্রীহ্যাদিষু জাগরোঽস্ত্যস্য গোজাগর-ঠন্। ৩ যে ভক্ষ্যদ্রব্য রক্ষা করে। (শব্দার্থচি°)

গোজাত (পুং) গবি জাতঃ। ১ গোনামক পুলস্ত্য পত্নীর গর্ভজাত। (ত্রি) ২ গোরু হইতে উৎপন্ন ঘৃতাদি। গোঃ স্বর্গাৎ জাতঃ। ৩ স্বর্গজাত, যাহা স্বর্গে উৎপন্ন হয়।

"শৃণ্বন্তু নো দিব্যাঃ পার্থিবাসো গোজাতা উত যে যজ্ঞীয়াসঃ।" (ঋক্ ৭।৩৫।১৪) 'গোজাতা গোঃ পৃশ্নের্জাতাঃ নাকো গৌরিতি সাধারণনামসু পাঠাৎ।' (সায়ণ।)

গোজাপর্ণী (স্ত্রী) গোজা দুগ্ধফেন ইব শুভ্রত্বাৎ পর্ণমস্য বহুব্রী, গৌরাদিত্বাৎ ঙীষ্। দুগ্ধফেনীবৃক্ষ। (রাজনি°)

গোজি (স্ত্রী) [গোজী দেখ।]

গোজিকা (স্ত্রী) গোজিহ্বা। (ভাবপ্রকাশ)

গোজিৎ (ত্রি) গাং পৃথিবীং জয়তি গো-জি-ক্বিপ্ তুগাগমশ্চ। ১ যে পৃথিবী জয় করে। (ঋক্ ১।১০৬।১।) (পুং) ২ রাজা। বাহুবলে পৃথিবী জয় করে বলিয়া গোজিৎ নাম হইয়াছে।

গোজিয়া (গোজিহ্বা শব্দজ) লতাবিশেষ।

গোজিহ্বা (স্ত্রী) গোর্জিহ্বেব। লতাবিশেষ, চলিত কথায় গোজিয়ালতা ও স্থানবিশেষে দারিয়াশাক বলে। (Premna Esculenta) পর্য্যায়—দার্ব্বিকা, দর্ব্বিকা, দার্ব্বিপত্রিকা, খরপত্রী, বাতোনা, অধোমুখা, অনড়ুজ্জিহ্বা, অধঃপুষ্পী, দর্ব্বী, গোজিহ্বিকা।

ইহার গুণ—কটু, তীক্ষ্ণ, শীতল, বিসর্প, দন্তি ও বিষার্ত্তিনাশক এবং ব্রণ উৎপাদক। (রাজনি°)। ভাবপ্রকাশের মতে ইহার গুণ—বাতবৃদ্ধিকর, শীতল, গ্রাহী, কফ ও পিত্তনাশক, প্রমেহ, কাশ, রক্ত, ব্রণ ও জ্বরনিবারক, লঘু, কষায়, তিক্তরস ও স্বাদুপাক। (ভাবপ্রকাশ)

গোজিহ্বিকা (স্ত্রী) গোজিহ্বা স্বার্থে-কন্ টাপ্ অতঃ ইত্বঞ্চ। [গোজিহ্বা দেখ।]

গোজী (স্ত্রী) গোজি বা ঙীপ্। গোজিহ্বালতা।

"গোজী শেফালিকাশাকপত্রৈর্বিস্রাবয়েত্তু তান্।" (সুশ্রুত)

গোজীর (ত্রি) যিনি স্তোতৃগণের উদ্দেশে পশু প্রেরণ করেন, পশুপ্রেরক। "গোজীরয়া রংহমাণঃ পুরংধ্যা।" (ঋক্ ৯।১১০।৩) 'গোজীরয়া স্তোতৃভ্যোগবাং প্রেরকেণ।' (সায়ণ।)

(১) "নৃপায়াং নৃপসংসর্গাৎ প্রমাদাদ্ গূঢ়জাতকঃ।
সোঽপি ক্ষত্রিয় এব স্যাদভিষেকে চ বর্জ্জিতঃ।
অভিষেকং বিনাচায়ং গোজ ইত্যভিধীয়তে।" উশনা।

গোঞ্জালিস্, একজন বিখ্যাত পর্ত্তুগীজ দস্যু। আসল নাম সিবাষ্টিয়ান্ গোঞ্জালিস্। ১৬০৯ খৃষ্টাব্দে আরাকান হইতে যখন পর্ত্তুগীজ দস্যুগণের আড্ডা উঠিয়া যায় এবং তাহারা শণদ্বীপে আসিয়া পড়ে, সেই সময় গোঞ্জালিস্ একজন সামান্য সৈন্য ও লবণব্যবসায়ী ছিল। ঘটনাক্রমে ইহার অনতিকাল পরে একজন আরাকানরাজ স্বরাজ্য হইতে তাড়িত হইয়া শণদ্বীপে আসিয়া আশ্রয় গ্রহণ করেন। এখানে গোঞ্জালিস্ তাঁহার সহিত যোগ দিল এবং মগ সৈন্যদিগকে পরাজয় করিয়া আপনাকে একজন স্বাধীন রাজা বলিয়া ঘোষণা করিল। দুষ্ট সেই আশ্রিত রাজার ভগিনীকে জোর করিয়া বিবাহ করিল এবং গুপ্তভাবে হঠাৎ রাজাকে মারিয়া ফেলিল। পরে গোয়ার পর্ত্তুগীজ রাজপ্রতিনিধিকে আরাকান আক্রমণ করিবার জন্য আহ্বান করিল।

১৬১৫ খৃষ্টাব্দে গোঞ্জালিস্ ৫০ খানি জাহাজ লইয়া আরাকানে উপস্থিত হইল। তাহার অত্যাচারে মগেরা নিতান্ত উৎপীড়িত হইয়া ওলন্দাজদিগের সাহায্য গ্রহণ করিল। ওলন্দাজ ও আরাকানরাজের সৈন্যগণ একত্র হইয়া দস্যুপতি গোঞ্জালিস্‌কে আক্রমণ করিল। সেই যুদ্ধে পর্ত্তুগীজ নৌ-সেনাপতি নিহত হয়, পরে গোঞ্জালিস্ আপন সহায় সম্পত্তি হারাইয়া অতি কষ্টে জীবন বিসর্জ্জন করিয়াছিল।

গোট (দেশজ) একপ্রকার অলঙ্কার, ইহা স্ত্রীলোকেরা কটিদেশে পরিয়া থাকে।

গোটা (দেশজ) ১ অখণ্ড, আস্ত। ২ একগাছা।

"চরণে ভূষণ পরে পায়ে গোটা মল।
গরব গমনে কত পুরুষ পাগল।" (শ্রীধর্ম্মমঙ্গল ৫ সং)

৩ জরির পাত। ৪ বিবিধ মস্‌লার চূর্ণবিশেষ, এদেশীয় রমণীগণ বৈশাখমাসে মঙ্গলাচরণ করিয়া ইহা প্রস্তুত করে। ৫ সুপারি। ৬ নিন্দাবাক্য।

গোটাকত (দেশজ) কয়েকটী।

গোটান (দেশজ) সঙ্কুচিত করণ।

গোটানাল (দেশজ) কটু দ্রব্য ভক্ষণ অথবা সর্প দংশন করিলে মুখ হইতে যে ফেন উৎপন্ন হয়।

গোটাল (দেশজ) পূর্ণ, অখণ্ড।

গোটামোটা (দেশজ) একত্র।

গোঠ (গোষ্ঠ শব্দজ) ১ গোচারণস্থান, গোষ্ঠ। ২ কটিভূষণ, গোট।

গোঠছাড়া (দেশজ) বিপথে গমন।

গোড় (পুং) গোণ্ড-পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। উন্নত নাভি, গোঁড়।

গোড়গাঁইঠ, গোড়গাঁঠি (দেশজ) গুল্‌ফ, চরণগ্রন্থি।

গোড়মুড়া (দেশজ) গুল্‌ফ, পাদমূল, গোড়ালী।

গোড়া (দেশজ) মূল, আদি।

গোড়াগোড়ি (দেশজ) সর্ব্ব প্রথমে।

গোড়াঘেঁষা (দেশজ) মূলের নিকটবর্ত্তী।

গোড়ান (দেশজ) ১ বৃক্ষের মূলচ্ছেদন। ২ কোন ব্যক্তির অভিমুখে গমন বা আক্রমণ।

গোড়ারি (দেশজ) গুল্‌ফ, পাদমূল।

গোড়ালী (দেশজ) গুল্‌ফ।

গোড়িম (গোড়িম্ব শব্দজ) গোড়িম্ব।

গোড়িম্ব (পুং) গোর্ভূমে ডিম্বইব। শৃগালজম্বু। (শব্দার্থচি॰)

গোড়ুম্ব (পুং) গাং ভূবং তুম্বতি অর্দ্দতি। গোতুম্ব-ক পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। ১ শীর্ণবৃন্ত তরমুজ। (মেদিনী)

গোড়ুম্বা (স্ত্রী) গোড়ুম্ব-টাপ্। গবাদনী।

গোড়ুম্বিকা (স্ত্রী) গোড়ুম্বা স্বার্থে কন্-টাপ্ অত ইত্বঞ্চ। গোড়ুম্বা। (রত্নমালা)

গোড্ডমড়ি, মান্দ্রাজ প্রেসিডেন্সির অনন্তপুর জেলার তাড়পত্রি তালুকের অন্তর্গত একখানি প্রাচীন গণ্ডগ্রাম। এখান হইতে ১৩৯৮ শকে উৎকীর্ণ বিজয়নগররাজ প্রৌঢ়দেবের তাম্রশাসন পাওয়া গিয়াছে।

গোণ (পুং) বৃষভ, ষাঁড়।

গোণিক (ক্লী) এক প্রকার পশমী কাপড়। (পালি=গোণক।)

গোণিকাপুত্র, ১ একজন প্রাচীন বৈয়াকরণ, মহাভাষ্যে ইঁহার মত উদ্ধৃত হইয়াছে। ২ কামশাস্ত্র ও পারদারাধিকরণ নামক সংস্কৃত গ্রন্থকার, বাৎস্যায়ন ইহার মত উদ্ধৃত করিয়াছেন।

গোণী (স্ত্রী) গোণ আবপনার্থে ঙীষ্ (জানপদকুণ্ডগোণস্থলেতি। পা ৪।১।৪২) ধান্যাদি বহনের জন্য আধারবিশেষ, আবপনপত্র, চলিত কথায় গুণ বলে। ২ ছিন্নবস্ত্র। ৩ পরিমাণবিশেষ, বৈদ্যক পরিভাষা মতে দুই শূর্পে এক গোণী হয়।

"শূর্পাভ্যাঞ্চ ভবেদ্ দ্রোণী বাহো গোণীচ সা স্মৃতা।" (সুশ্রুত)

গোণীতরী (স্ত্রী) হ্রস্বা গোণী গোণী-ষ্টরচ্ ষিত্বাৎ ঙীষ্। (কাস্থ গোণীভ্যাং ষ্টরচ্। পা ৫।৩।৯০) ক্ষুদ্র গোণী।

গোণ্ড (পুং) ১ নীচজাতিবিশেষ, চলিত কথায় গোঁড় বলে। গোরণ্ডইব। ২ উন্নত নাভি। (ত্রি) ৩ উন্নতনাভিযুক্ত।

গোণ্ড উম্‌রি, মধ্যপ্রদেশের ভাণ্ডার জেলার অন্তর্গত একটী ক্ষুদ্র রাজ্য। শানিগড়ের ১০ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। সর্ব্বসমেত ১০ খানি গ্রাম ইহার অন্তর্গত। তন্মধ্যে গোণ্ড উম্‌রি নামক গ্রাম সর্ব্বাপেক্ষা বৃহৎ। এখানে একটী বিদ্যালয় আছে। অধিবাসীদিগের মধ্যে গোঁড় ও ধেরজাতির সংখ্যাই অধিক। এখানকার সামন্তগণ ব্রাহ্মণবংশীয়।

গোণ্ডকিরী (স্ত্রী) একপ্রকার রাগিণী।

"গোণ্ডকিরীরাগেণ রূপকতালেন গীয়তে॥" (গীতগোবিন্দ)

গোণ্ডক্রী (স্ত্রী) গোণ্ডকিরী রাগিণী।

গোণ্ডবন, সাধারণতঃ গোণ্ডবানা নামে খ্যাত। গোণ্ডজাতির বাস থাকায় এই নাম হইয়াছে। মুসলমানেরা ইহার গোণ্ডবন নাম দিয়াছে। বর্ত্তমান নাম মধ্যপ্রদেশ।

[গোঁড় ও মধ্যপ্রদেশ দেখ।]

গোণ্ডবা, সিংহভূমের অন্তর্গত একখানি গ্রাম। বড়া বাজারের ১৬ মাইল দক্ষিণপশ্চিমে চাঁইবাসা যাইবার পথে অবস্থিত। গোণ্ডগ্রাম এবং ধেমনালালার নিকটবর্ত্তী বিজক পাহাড়ের পাদদেশে কয়েকখানি শিলালিপি খোদিত আছে। ইহার মধ্যে দুইখানি শম্বূকাকৃতি অক্ষরে ও অপর দুইখানি উল্টান উড়িয়া অক্ষরে খোদিত। শেষোক্ত দুইখানি শিলাফলক দেখিয়া অনুমান হয় যে উড়িষ্যার রাজা মুকুন্দদেবের সমকালে কোন সময়ে এই লিপি খোদিত হইয়াছিল। উক্ত মুকুন্দদেব হুগলি পর্য্যন্ত রাজত্ব করিয়াছিলেন এবং তাঁহারই রাজ্যকালে এই গ্রামে উভয় প্রদেশের প্রধান ব্যবসাস্থান ছিল।

উক্ত শম্বূকাকৃতি অক্ষরগুলি বহু প্রাচীন। কানিংহাম সাহেব অনুমান করেন যে রাজা মুকুন্দদেবের বহুপূর্ব্বে খৃষ্টীয় ৭ম শতাব্দীতে রাজা শশাঙ্ক রাজত্ব করিতেন। তাঁহার সময়ে ঐরূপ অক্ষর প্রচলিত ছিল। তখন হইতেই এই গ্রামের অবস্থা সমৃদ্ধিশালী।

গোণ্ডা, উত্তর-পশ্চিমের ছোটলাটের অধীন অযোধ্যার ফয়জাবাদ বিভাগের অন্তর্গত একটী জেলা। অক্ষা° ২৬° ৪৬´ হইতে ২৭° ৫´ উঃ ও দ্রাঘি° ৮১° ৩৫´ হইতে ৮২° ৪৮´ পূঃ। ইহার উত্তরসীমা হিমালয়ের নিম্নতর পর্ব্বতশ্রেণী, পূর্ব্বে বস্তি জেলা, দক্ষিণে ফয়জাবাদ, বারাবাঙ্কী ও ঘর্ঘরা নদী এবং পশ্চিমে বরাইচ্। ভূপরিমাণ ২৮২৪ বর্গমাইল।

সমগ্র জেলাই একটী সমতল ক্ষেত্র বলিয়া বোধ হয়। স্থানে স্থানে অল্প উচ্চ ও অল্প নিম্ন হইয়াছে। ইহার মধ্যে কোথাও আম্রবন, কোথাও বা সারি সারি মহুয়া গাছ দেখা যায়। জেলার ভূমি তিনভাগে বিভক্ত—তরাই, উপরহার এবং তর্হার। তরাই বা জলা ভূমি জেলার উত্তর সীমা হইতে দক্ষিণাভিমুখে রাপ্তী নদীর দুইমাইল দক্ষিণ পর্য্যন্ত আসিয়াছে, ইহার মধ্যে বলরামপুর ও উত্রৌলা নগর অবস্থিত। এই স্থানের জমি কর্দ্দমময়, কেবল যে যে স্থানে পার্ব্বতীয় জলস্রোত জেলার মধ্য দিয়া প্রবাহিত হইয়া রাপ্তী ও বুড়ী রাপ্তী নদীতে পড়িয়াছে, সেই সেই স্থানে বন্যার সময় পাহাড়ধৌত বালুকাস্তর পড়িয়া বালুভূমিতে পরিণত হইয়াছে। তরাই ভূমির পর হইতে গোণ্ডানগরের দুইমাইল দক্ষিণ পর্য্যন্ত উপরহার বা উচ্চ ভূমি। এখানকার জমি দোমাট অর্থাৎ কাদা ও বালি সংযুক্ত। ইহার পর ঘর্ঘরা নদীর উপকূল পর্য্যন্ত তর্হার বা নাবাল জলাভূমি বিস্তৃত। তিন প্রকার জমিই সমধিক উর্ব্বরা। জেলায় উত্তরপশ্চিম হইতে দক্ষিণপূর্ব্বমুখে বুড়ী রাপ্তী, রাপ্তী, সুবাবন, কুবানা, বিশূহি, চম্নাই, মন্বর, তিরহি, সরযূ ও ঘর্ঘরা নদী প্রবাহিত। এই নদীগুলির মধ্যে ঘর্ঘরা ও রাপ্তী নদীতেই নৌকাযোগে ব্যবসা চলিয়া থাকে। রাপ্তী নদীতে বর্ষাকাল ভিন্ন অপর সময়ে নৌকা যাতায়াত করিতে পারে না। জেলার মধ্যভাগে অনেক ক্ষুদ্র ক্ষুদ্র জলস্রোত আছে। গ্রীষ্মের সময় শুকাইয়া যায় এবং তৎসমুদায়ে ক্ষুদ্র ক্ষুদ্র সাল, মহুয়া ও জামুন্ গাছ জন্মিয়া থাকে। এখানকার নদীকূলবর্ত্তী চোরাবালি অতিশয় ভয়াবহ। স্থানে স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র হ্রদ দৃষ্ট হয়। ঐ হ্রদের জল হইতে চাসবাসের বিশেষ সুবিধা হইয়া থাকে। জেলার উত্তরাংশে পর্ব্বতের সীমান্তবর্ত্তী গবর্মেণ্টের ইজারাকৃত বনবিভাগে শাল, ধাম, আবলুশ ও বাবলাগাছই অধিক। এই বনে ব্যাঘ্র, চিতাবাঘ, ভল্লুক, নেকড়েবাঘ, কালসার প্রভৃতি নানা জাতীয় হরিণ ও বনবরাহ দৃষ্ট হয়। নদীতে মাছ, কুম্ভীর ও কচ্ছপ অসংখ্য। কাদাখোচা, বনকুক্কুট, ভারুই, ময়ূর, পেরু ও পারাবত প্রভৃতি পক্ষীও যথেষ্ট দেখা যায়।

এই জেলার প্রাচীন ইতিহাস শ্রাবস্তীনগরের পুরাতত্ত্বের সহিত সংবদ্ধ। কূর্ম্ম ও লিঙ্গপুরাণে এই ভূভাগ গৌড়দেশ বলিয়া বর্ণিত হইয়াছে। সূর্য্যবংশীয় শ্রাবস্তিপুত্র বংশক এইখানে শ্রাবস্তীনগরী নির্ম্মাণ করেন *। ঐ নগরে শ্রীরামচন্দ্রের পুত্র লবের রাজধানী ছিল। ঐ নগরের বর্ত্তমান নাম শেঠমহেট্। [শ্রাবস্তী ও গৌড় দেখ।]

খৃষ্টীয় ২য় শতাব্দীতে অযোধ্যারাজ বিক্রমাদিত্যের রাজত্ব সময়ে এই রাজ্য অধিকতর সমৃদ্ধিশালী হয়। কিন্তু তাহার মৃত্যুর ত্রিশ বৎসরের মধ্যে গোণ্ডার রাজদণ্ড গুপ্তরাজগণের হস্তে আইসে। ব্রাহ্মণ্য ও বৌদ্ধধর্ম্মের পরস্পর বিদ্বেষিতায় এই নগর ক্রমে উৎসন্নপ্রায় হয়। চীনপরিব্রাজক যখন শ্রাবস্তী ও কপিলবাস্তু নগর দর্শনমানসে আসেন, তখন তিনি উক্ত দুইটী নগরের মধ্যস্থিত পথসমূহ বনজঙ্গলে পরিপূর্ণ দেখিয়াছিলেন। ইতিহাসপাঠে জানা যায় যে গোণ্ডার

* "শ্রাবস্তিশ্চ মহাতেজা বংশকস্তু ততো ২ভবৎ।
নির্ম্মিতা যেন শ্রাবস্তী গৌড়দেশে দ্বিজোত্তমাঃ॥" লিঙ্গপু° ৬৫।৩৪।

জৈনরাজ সোহিলদেব গিজনীর মাহ্মুদের ভাগিনেয় সৈয়দ সলারকে সসৈন্যে বিনাশ করিয়াছিলেন। মুহম্মদ ঘোরির ভারত আক্রমণের সময় এখানে ডোমরাজেরা রাজত্ব করিতেন এবং গোরক্ষপুরের নিকটবর্ত্তী ডোমনগড় নগরে তাহাদিগের রাজধানী ছিল। এই বংশের বিখ্যাত রাজা উগ্রসেন মহাদেব পরগণার অন্তর্গত ডুমরিয়াদি গ্রামে একটী দুর্গ নির্ম্মাণ করিয়াছিলেন। তিনি থারু, ডোম, ভর, পাশী প্রভৃতি জাতিকে অনেক গ্রাম দান করেন।

খৃষ্টীয় ১৪শ শতাব্দীতে এই ডোমরাজ্য কলহংসী, জনবাড় ও বিষেন বংশীয় ক্ষত্রিয় জাতির অধিকারে আইসে। কলহংসীরাজেরা হিসামপুর হইতে গোরক্ষপুরের মধ্যস্থল পর্য্যন্ত রাজ্য অধিকার করে। প্রবাদ আছে—দিল্লীর কোন তোগলক সম্রাটের সৈন্যের সহিত কলহংসী দলপতি সহাজসিংহ নর্ম্মদানদীর উপত্যকা হইতে এখানে আসেন এবং হিমালয় পর্ব্বত ও ঘর্ঘরা মধ্যবর্ত্তী দেশবাসীদিগকে বশে আনিবার জন্য উক্ত সম্রাট কর্ত্তৃক আদিষ্ট হইয়াছিলেন। তাহারা প্রথমে বর্ত্তমান কুরাশা নগরের ২ মাইল দক্ষিণপশ্চিমে কোএলী জঙ্গলে বাসস্থাপন করেন। প্রত্যেক সর্দ্দার ৩½ ক্রোশ করিয়া জমি জায়গীর পাইয়াছিলেন।

গোণ্ডারাজবংশের পতন সম্বন্ধে একটী প্রবাদ আছে যে, রাজা অচলনারায়ণসিংহ কোন ব্রাহ্মণ জমিদারের কন্যাকে বলপূর্ব্বক হরণ করিয়া আনেন। ইহাতে ঐ কন্যার পিতা অত্যাচারী রাজার দ্বারে বসিয়া অনাহারে প্রাণত্যাগ করেন এবং কনিষ্ঠারাণীর গর্ভস্থ সন্তান ব্যতীত সমস্ত রাজবংশই শীঘ্র ধ্বংসপ্রাপ্ত হউক এই বলিয়া অভিশাপ দেন। ব্রাহ্মণের কথার অন্যথা হইল না। শীঘ্রই সরযূনদী দুর্গ ও রাজপ্রাসাদ গ্রাস করিল। রাজা ও রাজপরিবারেরা সেই সঙ্গে নদীগর্ভে ডুবিলেন। কেবলমাত্র সপুত্রক কনিষ্ঠরাণী প্রাণে বাঁচিলেন। খৃষ্টীয় ১৫শ শতাব্দীর শেষ ভাগে এই দুর্ঘটনা ঘটে। বভনিপাইর বর্ত্তমান কলহংসী জমিদারেরা ঐ কনিষ্ঠরাণীর পুত্রের বংশধর। ইহার কিছু পূর্ব্বে জনবাড়েরা জেলার উত্তরস্থ সমুদায় তরাই ভূমি অধিকার করে। সম্রাট্ অকবরের সময়ে ইকৌনা ও উত্রৌলা ব্যতীত অযোধ্যা প্রদেশের আর কোথাও অপর বলবান্ সর্দ্দার ছিল না। বিষেন ও বন্দলঘোটী জাতি জেলার অবশিষ্ট অংশে বাস করিতেছিল। গোণ্ডার বিষেন রাজগণের উন্নতির সময়ে তাহাদিগের রাজ্য প্রায় ১০০০ বর্গমাইল বিস্তৃত ছিল। বলরামপুর, তুলসীপুর ও মাণিকপুরে ভিন্ন ভিন্ন জনবাড় সর্দ্দারেরা রাজত্ব করেন।

দিল্লী হইতে অযোধ্যা স্বাতন্ত্র্যলাভ করিবার পূর্ব্বে সয়াদৎ খাঁ কিছু দিনের জন্য স্বাধীনভাবে রাজত্ব সুখভোগ করিয়াছিলেন। বরাইচের প্রথম শাসনকর্ত্তা আলাবল খাঁ গোণ্ডার রাজার বিরুদ্ধে যুদ্ধ করিয়া নিহত হন। পুনরায় গোণ্ডারাজের বিরুদ্ধে সৈন্য পাঠান হয়, কিন্তু এবারেও তিনি মুসলমানদিগকে পরাজয় করেন। অতঃপর প্রায় ৭০ বর্ষকাল ধরিয়া বিষেন-রাজগণ নিজ স্বাধীনতা রক্ষা করিয়াছিলেন এবং পৈত্রিক রাজ্য গোণ্ডা, পাহাড়পুর, দিগ্‌সার, মহাদেব, নবাবগঞ্জ প্রভৃতি পাঁচটী পরগণা স্বতন্ত্ররূপে শাসন করিয়া আসিতেছিলেন। শেষে রাজা হিন্দুপৎ সিংহের মৃত্যু হইলে পাঁড়ে ব্রাহ্মণগণের সাহায্যে গুমান্‌সিংহ গোণ্ডারাজ্য অধিকার করেন। বলরামপুর ও তুলসীপুরের সর্দ্দারগণ অনেক যুদ্ধ করিয়া স্বাধীনতা রক্ষা করিয়াছিলেন। কিন্তু মাণিকপুর ও ভবনিপাইর সর্দ্দারগণ নাজিমকে কর দিতেন। গোণ্ডা ও উত্রৌলা রাজ্যের অধঃপতনকালে নাজিম করআদায়ের সুবিধার জন্য কতকগুলি গ্রাম তালুকদারী বন্দোবস্ত করিলেন। উত্রৌলা ও গোণ্ডার পদচ্যুত রাজগণ তালুকদারী লইতে সচেষ্ট হইয়াছিলেন। উত্রৌলারাজ কয়েক বৎসর পরে তালুকদারী পাইলেন এবং গোণ্ডার বিষেনরাজ বিশ্বম্ভরপুর ভোগ দখল করিতে লাগিলেন। নাজিমের কর্ম্মচারীগণ বলপূর্ব্বক কর আদায় করে, তাহাতে গোণ্ডাবাসী বড়ই উত্যক্ত হইয়াছিল। পরিশেষে অযোধ্যা ইংরাজরাজ্য ভুক্ত হইলে ঐ সমস্ত অত্যাচার কমিয়া যায়। সিপাহী বিদ্রোহের সময় গোণ্ডারাজ প্রথমে ইংরাজের পক্ষ ছিলেন। শেষে বিদ্রোহী হইয়া লক্ষ্ণৌনগরে অযোধ্যার বেগমের সহিত যোগ দেন। বলরামপুরের রাজগণ বরাবর রাজভক্ত ছিলেন, এবং গোণ্ডা ও বরাইচের কমিসনর উয়িঙ্গফিল্ড ও অন্যান্য ইংরাজ কর্ম্মচারীকে আপনার দুর্গ মধ্যে আশ্রয় দিয়াছিলেন। গোণ্ডারাজ সসৈন্যে চমনাই তীরবর্ত্তী লম্পতী নগরে তাঁবু গাড়িয়াছিলেন। সামান্য যুদ্ধের পর তিনি সসৈন্যে নেপাল অভিমুখে পলায়ন করেন। তালুকদারেরা এই রাজদ্রোহিতার জন্য ক্ষমা চাহিয়াছিলেন। কিন্তু গোণ্ডারাজ ও তুলসীপুরের রাণী ক্ষমা প্রার্থনা না করায়, তাঁহাদের রাজ্য কাড়িয়া লওয়া হয়। গবর্মেণ্ট ঐ রাজ্য বলরামপুরের মহারাজ দিগ্বিজয়সিংহকে ও শীহগঞ্জের মহারাজ স্যার মানসিংহকে ভাগ করিয়া দেন।

এই জেলার মধ্যে গোণ্ডা, বলরামপুর, কর্ণেলগঞ্জ, নবাবগঞ্জ, উত্রৌলা, কাৎরা ও খড়্গপুর প্রভৃতি নগর আছে। দেবীপাটন গ্রামে পাটেশ্বরী দেবীর মন্দির, ছাপিয়ার

ঠাকুরদ্বার, মহাদেব পরগণার বিলেশ্বরনাথ, মছলী গাঁওর কেদারনাথ, বলরামপুরের বিলেশ্বরী দেবী এবং খড়্গাপুরের পচরানাথ ও পৃথ্বীনাথের মন্দিরই এখানকার হিন্দুদিগের মহাপুণ্য স্থান।

২ উক্ত জেলার তহসীল। ইহার উত্তরে বরাইচ্ ও বলরামপুর তহসীল, পূর্ব্বে উত্রৌলা, দক্ষিণে বেগমগঞ্জ এবং পশ্চিমে হিসামপুর ও বরাইচ্ তহসীল।

৩ তহসীলের অন্তর্গত একটী পরগণা। ভূপরিমাণ ৫০৯ বর্গমাইল। তন্মধ্যে ৩১৪ বিঘা জমিতে চাস হয় মাত্র। এখানে গোণ্ডা নগর, জিগনা, ধাঙ্গপুর, দুভা, রাজগড় ও খড়্গাপুর গ্রামে বাজার বসিয়া থাকে।

৪ উক্ত জেলার প্রধাননগর ও সদর। ফয়জাবাদের ২৮ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। অক্ষা° ২৭° ৭´ ৩০´´ ও দ্রাঘি° ৮২° পূঃ। পূর্ব্বে এই স্থানে জঙ্গল ছিল এবং আহীরেরা এই বন মধ্যে রাত্রিকালে গোরু বাঁধিয়া রাখিত। কুরাসার রাজা মানসিংহ এখানে প্রাসাদ ও দুর্গ নির্ম্মাণ করেন। তদবধি এই স্থান রাজপরিবারের বাসভূমি ও নগররূপে পরিগণিত হইয়া আসিতেছে।

এখানে দুইটী ঠাকুরদ্বার, রাধাকুণ্ড সরোবর, ঔষধালয়, বিদ্যালয় ও রাজা শিবপ্রসাদকৃত কৃত্রিম হ্রদ ও তত্তীরে অঞ্জুমান-ই-রিফা নামক বিখ্যাত সাহিত্যমন্দির আছে।

৫ বদৌসা তহসীলের অন্তর্গত একটী গ্রাম। বান্দা-নগরের ৩০ নাইল দক্ষিণ পূর্ব্বে অবস্থিত। এখানে দুইটী চন্দেলী মন্দির আছে। উক্ত মন্দিরদ্বয়ে গঙ্গা, যমুনা, শিব, কালী, গণেশ, ব্রহ্মা ও বিষ্ণুর মূর্ত্তি আছে।

৬ অযোধ্যার প্রতাপগড় জেলার অন্তর্গত একটী নগর। অষ্টভুজাদেবীর মন্দিরের জন্য প্রসিদ্ধ।

গোণ্ডাল, বোম্বাই প্রদেশের কাঠিয়াবাড়ের অন্তর্গত দেশীয় রাজার অধীনে একটী ক্ষুদ্র রাজ্য। ইহার ভূপরিমাণ ৬৯৯ বর্গমাইল এবং সর্ব্বসমেত ১৮০ খানি গ্রাম ইহার অন্তর্গত।

এখানকার আতম পাহাড় ব্যতীত সর্ব্বত্রই সমতল, মাটির রং কাল। এখানে তুলা ও শস্যাদি প্রচুর জন্মিয়া থাকে। রাজ্যের মধ্যে অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র জলস্রোত প্রবাহিত। তন্মধ্যে কেবল ভাদর নামক নদীতে বর্ষাকালে নৌকা দ্বারা যাতায়াত করে। জমিতে জল সেচন করিবার জন্য অধিবাসীরা চামড়ার মশকে করিয়া বলদের পৃষ্ঠে উঠাইয়া নদী অথবা ইদারা হইতে জল আনে। এখানে কার্পাসবস্ত্র, রৌপ্য ও স্বর্ণতারের কারবার আছে। গোণ্ডাল হইতে রাজকোট যাইবার জন্য একটী পাকা রাস্তা নির্ম্মিত হইয়াছে। মাগ্রোল, বেরাবল ও জুরিয়া গ্রাম হইতেই উৎপন্ন দ্রব্যের রপ্তানি হইয়া থাকে। এখানে সর্ব্বসমেত ৩৭টী বিদ্যালয় আছে।

এখানকার রাজারা হিন্দু। ইহারা জাড়েজা-বংশীয় রাজপুত। সামন্ত ভগবানজি সংগ্রামজি ঠাকুরসাহেব বর্ত্তমান রাজা। ইনি ইংরাজরাজকে, বরদার গাইকোবাড়কে এবং জুনাগড়ের নবাবকে মোট ১১২১৮০৲ টাকা কর দিয়া থাকেন। এই সামন্তের খুনি মোকদ্দমা বিচার করিবারও ক্ষমতা আছে। ইহার ১৯৮ জন অশ্বারোহ, ৬৫৯ জন পদাতিক ও পুলিস এবং ১৬টী কামান আছে।

২ উক্ত রাজ্যের রাজধানী। অক্ষা° ২১° ৫৭´ ৩০´´ উঃ ও দ্রাঘি° ৭০° ৫৩´ পূঃ। নগরটী কেল্লা দ্বারা সুরক্ষিত।

গোতম (পুং) গোভির্ধ্বস্তং তমোযস্য বহুব্রী। পৃষোদরাদিবৎ সাধু। ১ একজন মুনি। মহাভারতে ইহার নামের ব্যুৎপত্তি এইরূপ লিখিত আছে যে, ইহার শরীরের তেজে সমস্ত অন্ধকার নষ্ট হয় বলিয়া ইহার নাম গোতম হইয়াছে। বায়ুপুরাণে লিখিত আছে যে, শ্বেতবরাহকল্পে ইনি ব্রহ্মার মানস পুত্ররূপে জন্মগ্রহণ করেন। (বায়ুং গয়া° ২ অঃ) ইনি ন্যায়দর্শন প্রণয়ন করেন। [ন্যায় দেখ।] (পুং স্ত্রী) অতিশয়েন গৌঃ গো-তম। ২ অতিশয় জড়।

"গোতমং তমবেতৈব যথাবেত্থ তথৈব সা॥" (নৈষধ)

৩ বুদ্ধভেদ।

গোতমস্তোম (পুং) ১ সূক্তবিশেষ। ২ যজ্ঞবিশেষ।

গোতমস্বামিন্ (পুং) জৈনধর্ম্মাবলম্বী একজন ব্রাহ্মণ। তীর্থঙ্কর মহাবীরের এক প্রধান শিষ্য, ইহার অপর নাম ইন্দ্রভূতি। ভারতের নানাস্থানে ইহার সুবৃহৎ পাষাণমূর্ত্তি দৃষ্ট হয়। তন্মধ্যে কর্ণাট ও মলবার উপকূলেই কিছু বেশী। মহিসুরস্থ শ্রাবণ-বেলগোলায় ৫৬ ফিট, যেণুরে ৩৫½ ফিট ও কর্কালানামক স্থানে ৪১½ ফিট উচ্চ গোতমস্বামীর পাষাণমূর্ত্তি আছে।

গোতমান্বয় (পুং) গোতমোঽন্বয়ো বংশপ্রবর্ত্তকো যস্য বহুব্রী। মায়াদেবীর পুত্র শাক্যমুনি। (হেম°)

গোতমী (স্ত্রী) গোতমস্য ভার্য্যা গোতম-ঙীষ্। গোতমের ভার্য্যা, অহল্যা। কৃত্তিবাসী রামায়ণে লিখিত আছে যে, অহল্যা গোতমের শাপে পাষাণী হইয়াছিলেন। বাল্মীকি এ কথা লেখেন নাই, বাল্মীকি রামায়ণের মতে অহল্যা গোতমের শাপে নিতান্ত কুরূপা হইয়া তপস্যা করিতেছিলেন। তপোবলে তাঁহার সেই দেহ জ্যোতির্ম্ময় হইয়াছিল, রাম তাহাই দেখিয়া ছিলেন। (উত্তরকাণ্ড)

গোতমীপুত্র (পুং) গোতম্যাঃ পুত্রঃ ৬তৎ। অহল্যাপুত্র, শতানন্দ।

গোতমেশ্বর (পুং) গোতম ঈশ্বরোযস্য বহুব্রী। তীর্থবিশেষ। (পদ্মপুরাণ)।

গোতর্দ্দি, বোম্বাইএর বেরাকান্তাবিভাগের মধ্যবর্ত্তী একটী ক্ষুদ্ররাজ্য। চারিজন সামন্তের অধীন। তাঁহারা বরদার গাইকোবাড়কে কর দিয়া থাকেন।

গোতল্লজ (পুং) প্রশস্তোগৌঃ নিত্যসমাস। গোশব্দস্য পূর্ব্বনিপাতঃ (প্রশংসাবচনৈশ্চ। পা ২।১।৬৬) উত্তম গোরু। কোন কোন ব্যাকরণের মতে "গোষু তল্লজঃ" এইরূপ সপ্তমীতৎপুরুষ সমাস দেখিতে পাওয়া যায়।

গোতীর্থ (ক্লী) গবা কৃতং তীর্থং মধ্যলো°। ১ গোষ্ঠ।

"বলির্নিবেদ্যো গোতীর্থে রেবত্যৈ প্রযতাত্মনা।" (সুশ্রুত)

২ কান্যকুব্জের অন্তর্গত তীর্থবিশেষ।

"তীর্থং সুদাসস্য গবাং গুহস্য যচ্ছ্রাদ্ধদেবস্য স আসিষেবে।" (ভাগবত ৩।১।২১)।

গোতীর্থক (পুং) বৈদ্যশাস্ত্রোক্ত একপ্রকার ছেদনপ্রণালী।

"পার্শ্বগতেন শস্ত্রেণ ছেদো গোতীর্থকো ভবেৎ।" (সুশ্রুত)

সুশ্রুতের মতে বহু ছিদ্র ব্যাধিতে এই প্রণালীতে ছেদন করিবার বিধান আছে।

গোত্র (পুং) গাং পৃথিবীং ত্রায়তে রক্ষতি গো-ত্রৈ-ক (আতোনুপসর্গে কঃ। পা ৩।২।৩) ১ পর্ব্বত।

"নাড্যো নদনদীনাস্তু গোত্রাণামস্থি সংহতিঃ।" (ভাগ° ২।৬।৯)

(ক্লী) গবতে শব্দায়তে হনেন গু-ধৃ-বী পঠি বঠি যমি সদি ক্ষদিভ্য স্ত্রঃ। উণ্ ৪।১৬৬) ২ আখ্যা, নাম। ৩ সম্ভাবনীয় বোধ। ৪ কানন। ৫ ক্ষেত্র। ৬ মার্গ। (মেদিনী) ৭ ছত্র। (হেম) ৮ সঙ্ঘ, সমূহ। ৯ বৃদ্ধি। (শব্দচন্দ্রিকা।) ১০ বিত্ত, ধন। (বিশ্ব।) গবতে শব্দায়তি পূর্ব্বপুরুষান্ যৎ গু-ত্র। (ভরত) ১০ বংশ। পর্য্যায়—সন্ততি, জনন, কুল, অভিমান, অন্বয়, বংশ, অন্ববায়, সন্তান। (অমর)

অতি প্রাচীনকাল হইতেই ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণের মধ্যে গোত্র নিয়ম চলিয়া আসিতেছে। প্রাচীন আর্য্যশাস্ত্রের পর্য্যালোচনা করিলে বোধ হয় যে, প্রথমে গোত্র নিয়ম ছিল না, ক্রমে ক্রমে মনুষ্যসংখ্যা বৃদ্ধি হইতে থাকিলে, আর্য্য ঋষিগণ গোত্র নিয়ম করেন এবং সেই সময় হইতেই আর্য্যগণের গোত্র নিয়ম চলিয়া আসিতেছে। হিন্দুগণের জাতকর্ম্ম হইতে অন্ত্যেষ্টি পর্য্যন্ত প্রত্যেক কার্য্যেই আত্মপরিচয় সময়ে গোত্রের উল্লেখ করিতে হয়, গোত্রটী উল্লেখ করিবার সময়ে ভুল বা বিকৃত হইলে কোন কার্য্যই সিদ্ধ হয় না, ইহা ছাড়া বিবাহেও গোত্রের বিশেষ আবশ্যক আছে, মনু প্রভৃতি স্মৃতিপ্রণেতাগণ, বৌধায়ন, আপস্তম্ব প্রভৃতি সূত্রকারগণ ও মৎস্য প্রভৃতি পুরাণকার সকলেই সগোত্রবিবাহ নিষেধ করিয়াছেন। ভ্রান্তি অথবা অপর কোন কারণে সগোত্রে বিবাহ করিলে যথানিয়মে প্রায়শ্চিত্ত করিতে হয়, প্রায়শ্চিত্তের পরে সেই স্ত্রীর সহিত মাতার ন্যায় ব্যবহার করিবে। কখনও তাহাকে গ্রহণ করিবে না এবং সেই স্ত্রীও তাহাকে আপন সন্তানের ন্যায় দেখিবে। এই কারণে প্রত্যেক হিন্দুর পক্ষেই আপনার গোত্রের বিষয় বিশেষ রকম জানা আবশ্যক।

মেদিনী ও অভিধানচিন্তামণি প্রভৃতি অভিধানপ্রণেতাগণের মতে গোত্রশব্দের অর্থ বংশ বা সন্তান। এদেশীয় লোকেরা আত্মপরিচয় দিবার সময় আমি শাণ্ডিল্যগোত্র, আমি কাশ্যপগোত্র ইত্যাদি ভিন্ন ভিন্ন গোত্রের উল্লেখ করিয়া পরিচয় দিয়া থাকেন।

বৌধায়ন, আপস্তম্ব, সত্যাষাঢ়, কুটিল, ভরদ্বাজ, লৌগাক্ষি, কাত্যায়ন ও আশ্বলায়ন প্রভৃতি রচিত শ্রৌতসূত্রে, মৎস্য পুরাণে, ভারতাদি ইতিহাসে ও মনু প্রভৃতি প্রণীত স্মৃতিসমূহে অল্প বিস্তর গোত্রের বিবরণ আছে, কিন্তু ইহার অনেক স্থলেই এক গ্রন্থের সহিত অপর গ্রন্থের বিরোধ বা মতভেদ দেখিতে পাওয়া যায়, সাধারণে সহজে তাহার প্রকৃত অর্থ গ্রহণ করিতে পারে না। এই কারণেও দিন দিন শাস্ত্রালোচনা শিথিল হইয়া আসিলে পণ্ডিতপ্রবর পুরুষোত্তম গোত্রপ্রবরমঞ্জরী নামে একখানি সংস্কৃত গ্রন্থ রচনা করেন। এ ছাড়া ধনঞ্জয়কৃত ধর্ম্মপ্রদীপ, বালম্ভট্ট ও মহাদেবদৈবজ্ঞ রচিত গোত্রপ্রবর, বিষ্ণুপণ্ডিতকৃত গোত্রপ্রবরদীপ, অনন্তদেব, আপদেব, কেশব, জীবদেব, নারায়ণভট্ট, ভট্টোজি, মাধবাচার্য্য ও বিশ্বনাথদেব রচিত গোত্রপ্রবরনির্ণয়, লক্ষ্মণভট্টকৃত প্রবররত্ন, গোত্রপ্রবরভাস্কর এবং কমলাকরকৃত গোত্রপ্রবরদর্পণ নামে কতকগুলি গ্রন্থও পাওয়া যায়। এতন্মধ্যে গোত্রপ্রবরমঞ্জরীই সর্ব্বশ্রেষ্ঠ। ইহাতে প্রাচীন সমস্ত মতের পর্য্যালোচনা ও তাহার মীমাংসা লিখিত আছে।

গোত্রের আলোচনায় উপনীত হইতে হইলে প্রথমে গোত্র কাহাকে বলে, অর্থাৎ গোত্রের লক্ষণ কি? তাহার নির্ণয় করা আবশ্যক। আভিধানিকগণ গোত্রের যে অর্থ করিয়াছেন এই স্থলে যদি তাহাই স্বীকার করা যায়, তবে অসংখ্য গোত্র হইয়া পড়ে, অর্থাৎ সকলেই আপন আপন পূর্ব্বপুরুষের মধ্যে কোন একটীর নামে গোত্রের পরিচয় দিতে পারেন। ইহা হইলে গোত্র নিয়ম থাকা না থাকা একই কথা হইয়া উঠে। লৌকিক ব্যবহারেও এরূপ প্রচলিত নাই; সকলেই অতি প্রাচীনকাল হইতে এক নামেই গোত্র-

পরিচয় দিয়া থাকেন, পরিবর্ত্তন করিয়া নামান্তরে পরিচয় দেন না। অতএব বলা যাইতে পারে আভিধানিক অর্থ লইয়া গোত্র ব্যবহার হয় না, অর্থাৎ এই গোত্র শব্দে সাধারণ বংশ বা সন্তান বুঝায় না। "অপত্যং পৌত্রপ্রভৃতি গোত্রম্।" (পা ৪।১।৬২) পাণিনির এই পরিভাষাসূত্রানুসারে জানা যায় যে, পৌত্র প্রভৃতি অপত্যগণের নাম গোত্র। পাণিনি-সম্মত অর্থ স্বীকার করিলেও পূর্ব্বদোষ বারণ হয় না। এই কারণে বৌধায়ন প্রভৃতি সকলেই গোত্রশব্দের অপর একটী পারিভাষিক অর্থ করিয়াছেন—

"বিশ্বামিত্রো জমদগ্নির্ভরদ্বাজোথ গোতমঃ।
অত্রির্বশিষ্ঠঃ কশ্যপ ইত্যেতে সপ্তঋষয়ঃ।
সপ্তানাং ঋষীণামগস্ত্যাষ্টমানাং যদপত্যং তদ্‌গোত্রম্॥" (১)
(বৌধায়ন।)

বিশ্বামিত্র, জমদগ্নি, ভরদ্বাজ, গোতম, অত্রি, বশিষ্ঠ, কশ্যপ ও অগস্ত্য এই আটজন মুনির পুত্র ও পৌত্র প্রভৃতি অপত্যগণের মধ্যে যিনি ঋষি হইতে পারিয়াছেন, তিনিই তৎপূর্ব্ববর্ত্তী ও পরবর্ত্তী সকলের গোত্র অর্থাৎ তাঁহার নামেই সেই বংশীয়গণের গোত্র চলে।

অতএব বিশ্বামিত্রের অপত্য দেবরাত প্রভৃতিকে বিশ্বামিত্রের গোত্র বলে, এবং জমদগ্নির অপত্য মার্কণ্ডেয় প্রভৃতিকে জমদগ্নির গোত্র বলে (২)। আশ্বলায়নশ্রৌতসূত্রের নারায়ণ কৃত বৃত্তিতে লিখিত আছে যে, বিশ্বামিত্র প্রভৃতি আটজন ঋষির অপত্যদিগকে তাহাদের গোত্র বলিয়া জানিবে। যেমন—জমদগ্নি ঋষির গোত্র বৎস প্রভৃতি, গৌতমের আয়স্যাদি, ভরদ্বাজের দক্ষ, গর্গ প্রভৃতি (৩)। এখন কথা হইতেছে যে, বৌধায়নের "বিশ্বামিত্র" ইত্যাদি বাক্যটীর মধ্যে কশ্যপ ও গোতমের উল্লেখ আছে; নারায়ণ-বৃত্তির ব্যাখ্যা স্বীকার করিতে হইলে কশ্যপ গোত্র ও গোতম-বংশীয়দিগকে গোতম গোত্র বলিতে হয়। কিন্তু প্রাচীনকাল হইতে কাশ্যপগোত্র ও গৌতমগোত্র ব্যবহার চলিয়া আসিতেছে। ইহা ছাড়া বশিষ্ঠ, ভরদ্বাজ প্রভৃতির বংশোৎপন্ন ব্যক্তিদিগকে যথাক্রমে বশিষ্ঠ ও ভরদ্বাজ গোত্র বলে।

আবার কেহ কেহ বলেন যে, গোত্র শব্দ স্বাভাবিক ক্লীবলিঙ্গ, পূর্ব্বোক্ত ব্যাখ্যা স্বীকার করিতে হইলে বলিতে হইবে যে বিশ্বামিত্রগোত্র, বশিষ্ঠগোত্র ও ভরদ্বাজগোত্র ইত্যাদি স্থলে ষষ্ঠীতৎপুরুষ সমাসই স্বীকার করিতে হয়। ব্যাকরণের নিয়মানুসারে তৎপুরুষ সমাসের উত্তরপদটী যে লিঙ্গ, সমাস হইলেও শব্দটী সেই লিঙ্গ হইয়া থাকে। এরূপ হইলে গোত্র শব্দ ক্লীবলিঙ্গ বলিয়া বিশ্বামিত্রগোত্র প্রভৃতি শব্দও ক্লীবলিঙ্গ হইয়া যায়, কিন্তু তাহা হইলে, "বিশ্বামিত্র-গোত্রমহং" "বশিষ্ঠগোত্রমহং", "ভরদ্বাজ গোত্রমহং" এবং "বিশ্বামিত্রগোত্রাণি বয়ং" ইত্যাদি ব্যবহার হইতে পারে। কিন্তু লৌকিক বা বৈদিক ব্যবহারে সেরূপ দেখিতে পাওয়া যায় না। বিশ্বামিত্রগোত্রোঽহং, ভরদ্বাজগোত্রোঽহং এবং বিশ্বামিত্রগোত্রাবয়ং ইত্যাদি ব্যবহারই দৃষ্ট হয়। আশ্বলায়ন (১২।১০।১) শ্রৌতসূত্রের নারায়ণকৃত বৃত্তিতেও "মিত্রযুবগোত্রোঽহং মুদ্‌গলগোত্রোঽহং" এইরূপ প্রয়োগ আছে। অতএব বৌধায়ন প্রভৃতি কথিত গোত্রলক্ষণের "যদপত্যং তদ্‌গোত্রং" এই অংশের ব্যাখ্যা অন্যরূপ স্বীকার করিতে হয়। বিশ্বামিত্র প্রভৃতি আটজনের অপত্যসমূহের গোত্র বিশ্বামিত্র প্রভৃতি এইরূপ হইলে বিশ্বামিত্রগোত্র, বশিষ্ঠগোত্র, ভরদ্বাজ গোত্র ইত্যাদিস্থলে বিশ্বামিত্রো গোত্রং যস্য এইরূপ বহুব্রীহি সমাস হইতে পারে (৪)। বহুব্রীহি সমাস হইলে শব্দটী বাচ্যলিঙ্গ হয়, তাহা হইলে "বিশ্বামিত্রগোত্রোঽহং" ইত্যাদি ব্যবহার হইতে কোন বাধা থাকে না। এইরূপ স্বীকার না করিলে "ভরদ্বাজ-গোত্রস্য অমুকী দেব্যাঃ" এইরূপ অভূতপূর্ব্ব বাক্য স্বীকার করিতে হয়। কিন্তু এই ব্যাখ্যানুসারেও গোতম-গোত্র ও কশ্যপগোত্র এইরূপ ব্যবহার হইতে পারে। যদি

(১) গ্রন্থের অনেকস্থলেই পরস্পর পাঠভেদ লক্ষিত হয়। তাহার মধ্যে যে পাঠটী সঙ্গত ও অনেক গ্রন্থে দেখিতে পাওয়া যায়, তাহাই গ্রহণ করা হইল। বিশ্বকোষ-কার্য্যালয়ে সংগৃহীত হস্তলিখিত গোত্রপ্রবরমঞ্জরী ও বাচস্পত্যে "গোতম" এবং মুদ্রিত আশ্বলায়নশ্রৌতসূত্রের বৃত্তি ও বিশ্বকোষ-কার্য্যালয়ে সংগৃহীত হস্তলিখিত গোত্রপ্রবরদর্পণগ্রন্থে "গৌতম" পাঠ আছে। ইহার মধ্যে এই স্থলে "গোতম" পাঠই সঙ্গত বলিয়া বোধ হয়।

(২) "এতদুক্তং ভবতি অগস্ত্যাষ্টম-সপ্তর্ষীণাং মধ্যে যস্যাপত্যং ঋষিত্বং প্রাপ্তং তস্য গোত্রমুচ্যতে।" (গোত্রপ্রবরমঞ্জরী)

"যেষাং যৎপুত্রপৌত্রাদ্যপত্যং ঋষিভূতং তৎপূর্ব্বভাবিনাং অনন্তরভাবিনাঞ্চ গৌত্রমিত্যভিধীয়তে।" (গোত্রপ্রবরদর্পণ)

(৩) "এতেষামপত্যমিতি যে স্মর্য্যন্তে তে তদ্‌গোত্রমিত্যুচ্যতে যথা জমদগ্নের্গোত্রং বৎসাদয়ঃ। তথাগৌতমস্যায়স্যাদয়ঃ।"
(আশ্বলায়ন ১২।১০।১ বৃত্তি)

(৪) "অপরেতু বিপরীতং গোত্রলক্ষণমাহুঃ। অগস্ত্যাষ্টমানাং যদপত্যং তদ্‌গোত্রমুচ্যতে। যথা দেবরাতাদীনাং গোত্রং বিশ্বামিত্র ইতি মার্কণ্ডেয়াদীনাং জমদগ্ন্যাদীনি গোত্রাণীতি॥" (গোত্রপ্রবরমঞ্জরী)

এই পক্ষে "যদপত্যং তদ্‌গোত্রং" এই অংশের সংস্কৃত ব্যাখ্যা এইরূপ করিতে হয়—অগস্ত্যাষ্টমানাং সপ্তর্ষীণাং মধ্যে যস্য ঋষেঃ অপত্যং পুত্র-পৌত্রাদিঃ যদপত্যং (তৎ) তদ্‌গোত্রং স ঋষিঃ গোত্রং যস্য তৎ তদ্‌গোত্রং ভবতীতিশেষঃ।

ঐ স্থলে গৌতম ও কাশ্যপ পাঠ করা যায়, তবে কোন গোলযোগই থাকে না। মুদ্রিত আশ্বলায়নশ্রৌতসূত্রেও হস্তলিখিত গোত্রপ্রবরদর্পণে গৌতম পাঠ আছে।

কাহারও মতে বৌধায়ন গোত্রসংগ্রাহক শ্লোকে যে আটটী গোত্রের কথা উল্লেখ করিয়াছেন, তাহা ছাড়া আরও অনেক গোত্র দেখিতে পাওয়া যায়, এবং অপর অপর গ্রন্থেও তাহার কথা আছে, অতএব ঐ বচনটীকে উপলক্ষণ স্বীকার করিতে হইবে এবং বৌধায়ন স্বয়ংও বলিয়াছেন—

"গোত্রাণাং নু সহস্রাণি প্রযুতান্যর্ব্বুদানিচ।
ঊনপঞ্চাশদেবৈষাং প্রবরাঋষিদর্শনাৎ॥"

অর্থাৎ গোত্রসংখ্যা সর্ব্বসমেত তিন কোটী, ব্যাখ্যাকারগণ এই বচনটীর এইরূপ তাৎপর্য্য স্বীকার করেন যে, বাস্তবিকই তিন কোটী গোত্র প্রতিপাদন করা এই বচনের উদ্দেশ্য নহে, তবে সহস্ররশ্মি, সহস্রপত্র, সহস্রশীর্ষা ইত্যাদিস্থলে যেরূপ অনিয়ত সংখ্যা অর্থাৎ কতকগুলি তাৎপর্য্যে সহস্রাদিশব্দ প্রযুক্ত হয়, সেইরূপ ঐস্থলেও অনিয়ত-সংখ্যা তাৎপর্য্যেই ঐরূপ প্রয়োগ করা হইয়াছে। অপরাপর গোত্রনিরূপক গ্রন্থে যাহা লিখিত আছে, তাহাই গোত্র সংখ্যা জানিবে। মোট কথা বৌধায়ন স্বয়ংও ঐ বচন দ্বারা প্রথম প্রদর্শিত আটটী গোত্র ভিন্ন অপর গোত্র আছে অতএব ঐ বচনটীকে উপলক্ষণ জানিবে এইরূপ স্বীকার করিয়াছেন। এরূপ স্থলে গোতম ও কশ্যপ পাঠ থাকিলেও কোন অনিষ্ট নাই, বৌধায়নের ঐ বচনে কশ্যপ ও গোতমগোত্রই নিরূপিত হইয়াছে। প্রসিদ্ধ কাশ্যপ ও গৌতমগোত্র অপরাপর গ্রন্থানুসারে স্থির করিতে হইবে, বৌধায়ন শাণ্ডিল্য, সাবর্ণ প্রভৃতি অপর প্রসিদ্ধ গোত্রসমূহের ন্যায় কাশ্যপ এবং গৌতমেরও উল্লেখ করেন নাই।

মঞ্জরীকার পুরুষোত্তম শেষোক্ত ব্যাখ্যাটী স্বীকার করেন না, তাঁহার মতে ঐরূপ স্বীকার করিলে বৌধায়নের ঐ বচন দ্বারা বুঝায় যে তিনি আটটী মাত্র গোত্র স্বীকার করেন এবং কিছু পরেই আবার "গোত্রাণাং নু সহস্রাণি" এই বচনদ্বারা অনেক গোত্রের উল্লেখ আছে, অতএব শেষোক্ত ব্যাখ্যা স্বীকার করিলে বৌধায়নের নিজের কথার সহিত তাঁহার কথারই বিরোধ উপস্থিত হয়। (৫) বাস্তবিক শেষে যে ব্যাখ্যার উল্লেখ করা হইয়াছে, তাহা সঙ্গত বলিয়া বোধ হয় না, কষ্টে সৃষ্টে বৌধায়নীয় বচনের "যদপত্যং তদ্‌গোত্রং" এই অংশের ঐরূপ কূট ব্যাখ্যা করিতে পারিলেও রঘুনন্দন ও ধনঞ্জয় প্রভৃতি সংগ্রহকারধৃত "এতেষাং যান্যপত্যানি তানি গোত্রাণি মন্যন্তে" ইত্যাদি বচনের অন্য কোনরূপ ব্যাখ্যা হইতে পারে না। ইহাদের পুত্র পৌত্র প্রভৃতি অপত্যগণকে ইহাদের গোত্র জানিবে। এস্থলে এরূপই ব্যাখ্যা স্বীকার করিতে হইবে।

"বৃহস্পতিং গোতমঞ্চ সংবর্ত্তমৃষিসত্তমম্।
উতথ্যং বামদেবঞ্চ অজস্যমৃষিজং তথা॥
ইত্যেতে ঋষয়ঃ সর্ব্বে গোত্রকারাঃ প্রকীর্ত্তিতাঃ।
তেষাং গোত্রসমুৎপন্নান্ গোত্রকারান্ নিবোধ মে॥"

(মৎস্যপু° ৯৬।৫-৬)

এই স্থলের "তেষাং গোত্রসমুৎপন্নান্" এই প্রয়োগানুসারে স্পষ্টই বুঝা যাইতেছে যে, গোত্রপ্রবর্ত্তক ঋষির সহিত গোত্রশব্দের ষষ্ঠী সমাস হইয়া থাকে। আশ্বলায়নবৃত্তিকার নারায়ণ, মঞ্জরীকার পুরুষোত্তম ও দর্পণকার কমলাকার প্রভৃতির মতে গোত্র শব্দের অর্থ অপত্য, গোত্রপ্রবর্ত্তক ঋষির বংশধরগণের সহিত গোত্রশব্দের অভেদান্বয় হয়। কিন্তু এরূপ হইলে কাশ্যপগোত্রস্য শ্রীমত্যা অমুকী দেব্যাঃ এইরূপ বাক্য হইতে পারে। ইহা ছাড়া "স গোত্রাদ্ ভ্রশ্যতে নারী বিবাহাৎ সপ্তমে পদে। "পতিগোত্রেণ কর্ত্তব্যাস্তস্যাঃ পিণ্ডোদকক্রিয়াঃ॥" এইরূপ বচনও দেখিতে পাওয়া যায়, এই স্থলে গোত্রপ্রবর্ত্তক ঋষির বংশধরের সহিত গোত্রশব্দের ভেদান্বয় (অর্থাৎ পতির গোত্র এই) আছে স্বীকার করিতে হয়। এই সকল বিরোধ মীমাংসার জন্য গোত্র শব্দটীকে দুই প্রকার স্বীকার করিলে আর কোনই গোল থাকে না। একটী গোত্র শব্দ ক্লীবলিঙ্গ উহার তিনটী অর্থ—১ম বংশ, কুল। * ২ বংশপরম্পরাপ্রসিদ্ধ আদিপুরুষ †। ৩ অপত্য পুত্রপৌত্রাদি ‡। দ্বিতীয় গোত্র শব্দ পুত্রাদি শব্দের ন্যায় উভয়লিঙ্গ, বিশেষ্য অনুসারে লিঙ্গ পরিত্যাগ করিয়া স্ত্রীলিঙ্গে বা পুংলিঙ্গে ব্যবহৃত হয়। (৯) কর্ম্মকাণ্ডে যে

(৫) "অত্র ক্রমঃ বৌধায়নমতানভিজ্ঞস্য ব্যাখ্যেয়ং "গোত্রানান্তু সহস্রাণী-ত্যধস্তনশ্লোকে গোত্রাণি কোটিত্রয়সংখ্যান্যুক্ত্বা কানি কানীত্যাকাঙ্ক্ষায়াং বিশ্বামিত্রো জমদগ্ন্যাদীন্যগস্ত্যান্তান্যষ্টৌ গোত্রাণীত্যুক্তেঃ পূর্ব্বাপরবিরোধাদসঙ্গতং স্যাৎ। অস্মদীয় পক্ষেতু নাস্তি কশ্চিদ্ দোষঃ।" (গোত্রপ্রবরমঞ্জরী।)

* 'গোত্রং চাভিজনঃ কুলং' অমর। 'গোত্রা ভূগব্যয়ো গৌত্রঃ' শৈলে গোত্রং কুলাখ্যয়োঃ।' মেদিনী।

† "অতএববিজ্ঞানেশ্বরঃ গোত্রং বংশপরম্পরাপ্রসিদ্ধং" (গোত্রপ্রবরদর্পণ) "গোত্রং বংশপরম্পরাপ্রসিদ্ধমাদিপুরুষং ব্রাহ্মণরূপম্।" (শব্দকল্পদ্রুম)

‡ "এতেষাং যান্যপত্যানি তানি গোত্রাণি মন্যন্তে।" (ধনঞ্জয়কৃত ধর্ম্মপ্রদীপ) "অপত্যং পুত্রপৌত্র প্রভৃতি গোত্রম্।" পা ৪।১।৬২।

(৯) "লোকব্যবহারশ্রুতিলিঙ্গকোভয়মপি গোত্রশব্দস্য উভয়-

বাক্যাদি রচনা করিতে হয়, তাহাতে দ্বিতীয় গোত্র শব্দেরই প্রয়োগ হইয়া থাকে। তাহা ছাড়া অন্যস্থলে ইচ্ছানুসারে যে কোনটীর প্রয়োগ করা যাইতে পারে। এরূপ হইলে আর কোন প্রাচীন শাস্ত্রে বিরোধ থাকে না।

গোত্র কয়টী? প্রাচীন মুনি বা ঋষিগণের মধ্যে কোন্ কোন্ ঋষির নামে গোত্র চলিয়াছে? এই সকল বিষয় নিরূপণ করিতে হইলে কেবলমাত্র প্রাচীন শাস্ত্র বা সংগ্রহ-বলেই করিতে হয়। কিন্তু সম্যক্ অনুশীলনের অভাবে অথবা লিপিকর প্রভৃতির লিপিপ্রমাদে ঐ সকল মূলগ্রন্থ ও সংগ্রহগ্রন্থের পাঠ এতই বিকৃত হইয়াছে যে, তাহার প্রকৃত পাঠ নিরূপণ করা অসাধ্য। এই কারণে সংগ্রহকার পুরুষোত্তম স্বকৃত মঞ্জরীগ্রন্থে আপস্তম্ব প্রভৃতির মত ধরিয়া তাহার পরস্পর বিরোধ ভঞ্জন করিতে অনেক চেষ্টা করিয়াছেন। তৎপরবর্ত্তী সংগ্রহকার কমলাকর স্বরচিত দর্পণে বলিয়াছেন যে, "কাত্যায়নাপস্তম্বাদিসূত্রভাষ্যা-লোচনেন ন্যূনাধিক্যভাবাৎ গোত্রাণাং প্রবরাণাঞ্চ গণসংখ্যা-স্বরূপসংখ্যাপ্রবরবিকল্পাদিভির্বিসংবাদাচ্চ সর্ব্বসূত্রপুরা-ণোপসংহারেণ নির্ণয়ঃ কার্য্যইত্যুক্তং ভবতি মঞ্জর্য্যাং।" অর্থাৎ পুরাণ প্রভৃতি সকল গ্রন্থের সামঞ্জস্য রাখিয়াই গোত্রনির্ণয় করা উচিত।

মৎস্যপুরাণের ১৯৫—২০২ অধ্যায় পর্য্যন্ত গোত্র ও প্রব-রের নিরূপণ করা হইয়াছে। তাহার মধ্যে "গোত্রকারান্ ঋষীন্ বক্ষ্যে" ইত্যাদি বলিয়া পরে যে যে ঋষির নাম করা হইয়াছে, বোধ হয় সেইগুলিই মৎস্যপুরাণ-অভিপ্রেত গোত্রের নাম। কিন্তু যদিও কোন দিন তাহার প্রত্যেক নামেই এক একটী গোত্র প্রচলিত ছিল কল্পনা করা যায়, তাহা হইলেও স্বীকার করিতে হইবে যে, বহুদিন পূর্ব্বেই সেই সকল গোত্র লোপ হইয়াছে, তাহার আর কোন পরিচয় পাইবার উপায় নাই।

বৌধায়ন প্রভৃতি সূত্রকারগণ কতকগুলি গোত্রগণ ও কতকগুলি প্রবরগণের নিরূপণ করিয়াছেন। স্মৃত্যর্থসার প্রভৃতি গ্রন্থের মতানুসারে জানিতে পারা যায় যে গোত্রগণে যে সকল ঋষির নাম আছে, সেই সেই নামে একটী গোত্রও আছে—যেরূপ বৎস, বিদ, আর্ষ্টিষেণ, যস্ক, শুনক, মিত্রযুব ও বৈন্য ভৃগুর এই সাতটী গোত্রগণ আছে। এই সাতটী নামে সাতটী গোত্র ও ইহাদের গণান্তর্গত অপর অপর নামেও গোত্র প্রচলিত। এই প্রকার অত্রিগোত্রগণ ও বিশ্বামিত্রগোত্রগণ প্রভৃতিও নিরূপিত আছে। কিন্তু সকল গোত্র এখন বড় একটা দেখা যায় না।

ধনঞ্জয়কৃত ধর্ম্মপ্রদীপে এই কয়টী গোত্রপ্রবর্ত্তক ঋষির উল্লেখ আছে। ১ যমদগ্নি, ২ ভরদ্বাজ, ৩ বিশ্বামিত্র, ৪ অত্রি, ৫ গোতম, ৬ বশিষ্ঠ, ৭ কাশ্যপ, ৮ অগস্ত্য, ৯ সৌকালীন, ১০ মৌদ্গল্য, ১১ পরাশর, ১২ বৃহস্পতি, ১৩ কাঞ্চন, ১৪ বিষ্ণু, ১৫ কৌশিক, ১৬ কাত্যায়ন, ১৭ আত্রেয়, ১৮ কাণ্ব, ১৯ কৃষ্ণাত্রেয়, ২০ সাঙ্কৃতি, ২১ কৌণ্ডিল্য, ২২ গর্গ, ২৩ আঙ্গিরস, ২৪ অনাবৃকাক্ষ, ২৫ অব্য, ২৬ জৈমিনি, ২৭ বৃদ্ধি, ২৮ শাণ্ডিল্য, ২৯ বাৎস্য, ৩০ আলম্বায়ন, ৩১ বৈয়াঘ্রপদ্য, ৩২ ঘৃত-কৌশিক, ৩৩ শক্তি, ৩৪ কাণ্বায়ন, ৩৫ বাসুকি, ৩৬ গৌতম, ৩৭ শুনক, ৩৮ সৌপায়ন। বৌধায়ন, আপস্তম্ব ও আশ্বলায়ন প্রভৃতি সূত্রকারগণ ও পৌরাণিকগণ, প্রথমত কয়েকটী গোত্রকাণ্ডের উল্লেখ করিয়া তদন্তর্গত কয়েকটী গোত্র-গণ উল্লেখ করিয়াছেন। একটী গোত্রগণের অন্তর্গত যে কয়েকটী গোত্রের উল্লেখ দেখিতে পাওয়া যায়, তাহাদের প্রবর সমান। যেমন ভৃগুগোত্রকাণ্ডের আর্ষ্টিষেণ গোত্রগণের অন্তর্গত যে কয়টী গোত্র, তাহাদের সকলেরই ভার্গব, চ্যবন, আপ্নবান্, আর্ষ্টিষেণ ও আনূপ এই পাঁচটী প্রবর। (আর্ষ্টিষেণানাং ভার্গবচ্যবনাপ্নবানার্ষ্টিষেণানূপেতি। আশ্ব° শ্রৌ° ১২।১০।৮) [প্রবর কাহাকে বলে তাহা প্রবর শব্দে দেখ।] যেমন সমান গোত্রে বিবাহ করিতে নাই, সেই-রূপ সমান প্রবর হইলেও বিবাহ করিতে পারা যায় না।

বৌধায়ন প্রভৃতি যে সকল গোত্রগণের উল্লেখ করিয়াছেন, তাহা নিম্নে লিখিত হইল—

ভৃগুগোত্রকাণ্ডের মধ্যে ৭টী গোত্রগণের উল্লেখ আছে—বৎস, আর্ষ্টিষেণ, বিদ, যস্ক, মিত্রযুব, বৈন্য ও শুনক। বৌধা-য়ন ইহার প্রত্যেক গণের অন্তর্গত যে কয়েকটী গোত্র আছে, তাহার নির্ণয় করিয়াছেন। এস্থলে কেবল বৌধায়নের মতেই গোত্রগণ লিখিত হইল।

১। বৎস, মার্কণ্ডেয়, মাণ্ডুকেয়, মাণ্ডব্য, কাষায়ণ, দার্ভায়ণ, শার্করাক্ষ, দেবলায়ন, শৌনকায়ন, মাধুকেয়, বার্ষিক, শাক, প্রভায়ণ, পৈল, পৈলায়ন, বাধ্র্যশ্বকি, বাহ্যকি, বৈশ্বানরি, বৈহিনরি, বিরোড়িন, বাহ্য, ছধ্র, গোষ্ঠায়ন, টিকি, কারশ, কৃষ্ণ, বাদ্ভূতক, ঋতভাগ, রোহিনায়ন, জানায়ন, পাণিনি, বাল্মীকি, স্থৌলপিণ্ডি, শাতন, জিহিনি, সাবর্ণি, বাক্যায়ন, বালায়ন, সৌদ্ধতি, মণ্ডবিষ্টি, হস্তাগ্নি, মার্কায়ণ, কাক্ষায়ণ, বায়কব, বায়নী, শাকারব, কারবচ, চান্দ্রমস, গাঙ্গেয়, নৌধেয়,

লিঙ্গত্বাদবিরুদ্ধং পুত্রশব্দবৎ যথা বশিষ্ঠস্য পুত্র কুণ্ডিন ইতি তথা বশিষ্ঠগোত্র কুণ্ডিন ইতি।" (গোত্রপ্রবরমঞ্জরী) পুরুষোত্তমের এই লিপি ভিন্ন অপর কোন স্থলে উভয়লিঙ্গ গোত্র শব্দের প্রমাণ আছে কি?

যাজ্ঞিয়, বাহু, মিত্রায়ণ, আপিশলি, বৈষ্টপুরেয়, লোহিতায়ন, উতমৃক্ষ, মালায়ন, শারদ্বতায়ন, রজতশাহ, বাৎস্য ও বাৎস্যায়ন এইগুলি বৎসগণ। ইহাদের পাঁচ প্রবর—ভার্গব, চ্যবন, আপ্নবান, ঔর্ব্ব ও জামদগ্ন্য। (বৌধায়ন ৩ প্রবরাধ্যায়।)

২। বিদ, শৈল, অবট, প্রাচোনযোগ্য, অভয়দি, কাণ্ডরথি, বৈনমৃয়ি, পুলস্তি, আর্কায়ন, তাগ্নায়ন, ক্রৌঞ্চায়ন ও ফামন ইহাদিগকে বিদগণ বলে। ইহাদের পাঁচ প্রবর—ভার্গব, চ্যবন, আপ্নবান, ঔর্ব্ব ও বৈদ। (বৌধায়ন ৪ প্রবরাধ্যায়।)

৩। আষ্টিষেণ, রথি, কাদম্বায়ন, কীলায়ন, চন্দ্রায়ণ, ষোঢ়কলায়ন, সিদ্ধ, সুমনায়ন, গোরভি ও আন্তি ইহাদিগকে আষ্টিষেণগণ বলে। ইহাদের পাঁচ প্রবর—ভার্গব, চ্যবন, আষ্টিষেণ, আপ্নবান ও আনূপ। (বৌধায়ন ৫ প্রবরাধ্যায়।)

৪। যস্ক, ভৌনমূক, বাধূল, বর্ষপুষ্য, ভাগলেয়, রাজিতায়ন, ভাগনেয়, উর্দ্দিন, ভাস্কর, রৈবতায়ন, বাফনি, মাধ্যমেয়, বাসি, কোশাম্বেয়, ক্রৌবিন্দ, সাত্বকি, চিত্রসেন, ভাণ্ডরি ও কাপিশায়ন ইহাদিগকে যস্কগণ বলে। ইহাদের তিন প্রবর—ভার্গব, বৈতহব্য ও সাচেতস। (বৌধায়ন ৬ প্রবরাধ্যায়।)

৫। মিত্রযুব, রৌক্ষায়ণ, সাপিণ্ডিত, সুরভিনি, মাহামহাবাহ্য, তাক্ষায়ণ, উক্ষায়ণ, বাজায়ন, মোজাঘয়, কৌম্মতবায়ন, ইহাদিগকে মিত্রযুবগণ বলে। ইহাদের তিন প্রবর, ভার্গব—দৈবদাস ও বাঞ্চ। (বৌধায়ন ৭ প্রবরাধ্যায়।)

৬। শুনক, গৃৎসমদ, যজ্ঞপতি, সৌগন্ধি, খার্দমায়ন, গার্ভায়ণ, মৎস্যগন্ধ, শ্রৌত্রিয় ও তৈত্তিরীয় ইহাদিগকে শুনকগণ বলে। ইহাদের একটী প্রবর শুনক অথবা গার্ৎস মদ। (বৌধায়ন ৯ প্রবরাধ্যায়।) কাত্যায়নের মতে ইহাদের দুই প্রবর ভার্গব ও গার্ৎসমদ। আশ্বলায়নের মতে ইহাদের তিন প্রবর—শৌনক, শৌনহোত্র ও গার্ৎসমদ। (আশ্ব° শ্রৌ° ১২।১০।১৩)

৭। বৈন্য, পার্থ ও বাল্কল ইহাদিগকে বৈন্যগণ বলে। আশ্বলায়নের মতে 'বৈন্য' স্থলে শ্বেত পাঠ দেখিতে পাওয়া যায়। (আশ্ব° শ্রৌ° ১২।১০।১১) ইহাদের তিন প্রবর—ভার্গব, বৈন্য ও পার্থ। (বৌধায়ন প্রবরা°)

গৌতম গোত্রকাণ্ড—

১। আয়াস্য, শ্রেণিচেয়, মিঢ়রথ, সাত্যকি, স্বৈদেহ, কৌমারবর্ত্য, তৌড়ি, দর্ভি, দৈকি, সত্যমুগ্রি, কৌবাহ, বৌধ্য, নৈকরি, তৈষিকি, কিলালি, করুণি, কঠোকাসি ও কজ্জি ইহাদিগকে আয়স্যগৌতমগণ বলে। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, আয়স্য ও গৌতম। (বৌধায়ন গৌতমকা° ১ অঃ।)

২। শরদ্বন্ত, অভিজিত, রৌহিণ্য, ক্ষীরকরম্ভ, সৌমুচি, সৌযাগুণ, কোপিন্দু, রহুগণ, গণি ও মাষণ্য ইহারা শরদ্বন্ত গৌতমগণ। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, গৌতম ও শারদ্বন্ত। (বৌধায়ন গৌতমকা° ২ অঃ।)

৩। কৌমণ্ড, মামন্দু, ঈষণা, যাস্যরাক্ষ, কাষ্ঠরেষি ও আঞ্জয়ন ইহাদিগকে কৌমণ্ডগৌতমগণ বলে। ইহাদের পাঁচ প্রবর—আঙ্গিরস, ঔতথ্য, কাক্ষিবৎ, গৌতম ও কৌমণ্ড। (বৌধায়ন গৌতমকা° ৩ অঃ।)

৪। দীর্ঘতমগণেরও পাঁচ প্রবর—আঙ্গিরস, ঔতথ্য, কাক্ষীবৎ, গৌতম ও দীর্ঘতম। (বৌধায়ন গৌতমগোত্রকা° ৪ অঃ।)

৫। ঔশনস, আদিত্য, অনুপপ্রশস্ত, সুরূপাক্ষ, মহোদর, বিকন্দত, সুবুধা, নিহত, ইহাদিগকে ঔশনসগণ বলে। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, গৌতম ও ঔশনস। (বৌধায়ন গৌতমকা° ৫ অঃ।)

৬। কারেণুপালি, শ্বেতীয়, গৌজিষ্ঠ, যৌদঞ্জায়ন, মাধুক্ষার ও অজগন্ধি ইহাদিগকে কারেণুপালিগণ বলে। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, গৌতম ও কারেণুপালি। (বৌধায়ন গৌতমকা° ৬ অঃ)।

ভরদ্বাজ গোত্রকাণ্ড—

ভরদ্বাজ, ক্ষাম্যায়ণ, মঙ্গড়া, দেবশ্বানুদ্বহব্যা, প্রগয়োসি, সীমায়ন, তৈদেহ, অত্তাশ্না, যৌক্ষাভূরি, পরিগদ্বেয়, কেজ্জরবেয়, ইষুবত, বৌদমেঘি, প্রবাহণেয়, কম্পোণ, স্তম্বি, সংঘোষ, প্রকৃতপর, হেরি, সৈন্ধষব্রগ, ক্ষারি, গ্রীবি, ঔপমি, বায়াক্ষি, ভেদ, অগ্নিরেহাঘট, গৌরি, বায়বি, কর্ণ, ধাক্ষমানবিয়, কাঙ্গবমেকা, স্বোজলি, খারুড়াদি, তরঙ্গেয়, ভদ্রাময়, সৌরভ, বাস্বল, সৈহকেয়, কৌণ্ডায়ন, কৌণ্ড্য, প্রবাহণেয়, বলভীকি, রুড়াঙ্গপথ, শালাহনি, বেদবেলায়ণ, নৃত্যায়ন, শালালয়, শার্দ্দূলি, ব্রহ্মস্তম্ব, রাজস্তম্ব, অগ্নিস্তম্ব, বাপুস্তম্ব, সূর্য্যস্তম্ব সোমস্তম্ব, বিষ্ণুস্তম্ব, যমস্তম্ব ইন্দ্রস্তম্ব, আপস্তম্ব এবং অপরাপর স্তম্বান্ত শব্দ, আরণ্যাকি, সিন্ধু সৌগন্ধি, শিখায়ন, আত্রেয়ায়ণ, কুক্ষা, কৌকাক্ষি, পতেনৈতুতি, দার্ভি, স্যামেয়, মশ্বক্রাথ, কারুণায়ন, কারুপথি, কারিষায়ণ ও কারৎস ইহাদিগকে ভরদ্বাজগণ বলে। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, বার্হস্পত্য ও ভরদ্বাজ। (বৌধায়ন ভরদ্বাজগো° কা°)

কেবলাঙ্গিরস গোত্রকাণ্ড—

১। হরিত, শঙ্খোদন্য, সৌভগ, লোমরব, মলাম্বু, নাবোদর নৈমিশ্র, আমিশ্রোদন, কৌতপ, কারিষি, কৌলি, যৌলি, পৌণ্ডল, মাধুয়, মাধাতু, মাণ্ডকারি, ইহাদিগকে হরিতগণ বলে। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, অম্বরীষ ও যৌবনাশ্ব।

২। কদ্রু, যৌপমর্করায়ণ, বাষ্কল, পৌলহানি, লোমাঙ্গি, মাঙ্গি, মৌধিগান্ধ, বিজিবাজি ও বাজশ্রবস, ইহাদিগকে কদ্রুগণ বলে। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, আজমীঢ় ও কাদ্রব।

৩। রথীতর, হস্তিদাসি, কাক্ষায়ণ, নৌতিরক্ষু, শৈলালি, ভিলেভি, লিড়ায়ন, সাবহব, ভৈক্ষ্যবাহ ও হেমনাবাদ ইহাদিগকে রথীতরগণ বলে। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, বৈরূপ ও রথীতর।

৪। বিষ্ণুবৃদ্ধ, শটামরণ, ভদ্রাণ, মদ্রাণ, বাদায়ন, গার্ৎস্যপ্রায়ণ, ধাত্যকি, সাত্যকায়ন, নৈতুণ্ড, স্তত্য, ভাহন্য ও দেবস্থানি, ইহাদিগকে বিষ্ণুবৃদ্ধগণ বলে। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, পৌরকুৎস, ত্রাসদস্য।

৫। সঙ্কৃতি, মলক, পৌলস্তগ্নি, শম্বুশৈভব, তারক, আষারি, গ্রীবাশেষয়, শ্রৌতায়ন, রায়গ্রায়ন, আম্রাপি ও পূতিমাষ ইহাদিগকে সঙ্কৃতিগণ বলে। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, গৌরবীত ও সাঙ্কৃত্য।

৬। কপি, বৈতল, অনাশ্ব, সায়ন, পতঞ্জল, অন্তরস্বিন, তাণ্ডিন, আন্তোজ, সিনাঙ্কাশ, স্বনাঙ্কর, শিখণ্ডায়ন, আমৌষিতকি, সাগসহ ও বৌষ্যি, ইহাদিগকে কপিগণ বলে। ইহাদের তিন প্রবর—আঙ্গিরস, আমহীয় ও উরুক্ষয়স। (বৌধায়ন)

অত্রিগোত্রকাণ্ড—

অত্রি, ছান্দাদি, পৌষ্টিকা, মাহুলয়, নৈপাচ্ছরা, লাচ্ছনাকি, প্রোণভাবা, গৌরিগ্রীব, যোগ, বিশিষ্ঠিরা, শিশুপাল, কৃষ্ণাত্রেয়, গৌরাত্রেয়, অরুণাত্রেয়, নিনাত্রেয়, শ্বেতাত্রেয়, মহাত্রেয়, পালেয়েত্য, গেয়রামরথি, বৈতভাব, সৌদ্রেয়, কৌদ্রেয়, গোপবত্য, কালায়চয়, অনিলায়ন, আনঙ্গি, মানঙ্গি, সৌরঙ্গি, গৌরঙ্গি, পুষ্পয়, সৈব্য, সাকেতায়ন, ভারদ্বাজায়ন ও ইন্দ্রাতিগ্নি ইহাদিগকে অত্রিগণ বলে। ইহাদের তিন প্রবর—আত্রেয়, আর্চনান, আনসশ্যাব।

বাভ্রূতকগণের তিন প্রবর—আত্রেয়, আনসশ্যাব ও বাভ্রূতক।

গবিষ্ঠিরগণের তিন প্রবর—আত্রেয়, আর্চনান ও গবিষ্ঠির।

মুদ্গল, ব্যাপ্তি, সংযি, আরণক্ষ, বৌধাক্ষ, গবিষ্ঠির, বৈতবাহ, শিবিষয়, শালিমন, গৌরিতি, গৌরকি ও বায়বন, ইহাদিগকে মুদ্গলগণ বলে। ইহাদের তিন প্রবর—আত্রেয়, আর্চনশ ও মৌদ্গল্য। (বৌধায়ন, অত্রিগোত্রকাণ্ড।)

বিশ্বামিত্রগোত্রকাণ্ড—

কুশিক, পর্ণজঙ্ঘ, বারক্য, ঔর্দ্দলি, মাণি, বৃহদগ্নি, বানর্বিরা, যহিরাপদ্ধ্যধা, কামন্তকা, বর্দ্ধকথা, চিকি, তাল, মকরায়ণ, শালঙ্কায়ন, শাঙ্কায়ন, লৌক, গৌর, সৌগন্তি, যমহুত, অত্রভিন্ন, শনবকায়ন, চৌবল, জাবালি, যাজ্ঞবল্ক্য, উণ্ডাতৃবলি, সৌসুতয়া, ঔপদহস্য, উদন্তরি, ভাষ্যগ, শ্যামেয়, চৈত্রেয়, তাল, বলা, ময়ূরাস, সৌশ্চত্যাত্রি, নবি, সয়ন্তায়ন, ত্র্যানূত, কাম্যান্তর, যক্ষ্য, কালি ও উৎসরি ইহাদিগকে কুশিকগণ বলে। ইহাদের তিন প্রবর—বৈশ্বামিত্র, অষ্টক ও লৌহিত।

রৌক্ষক, স্বোদহল ও রেবণ ইহাদের তিনটী প্রবর—বৈশ্বামিত্র রৌক্ষক ও রেবণ।

বৈশ্বামিত্র, দৈবরাত, শ্রবস, দৈবতবস, মিতি জ্যাম কারণ ও কাকায় নিন্ ইহাদের তিন প্রবর—বিশ্বামিত্র দৈবশ্রবস ও দৈবত বস।

অজ, মাহু ও মধুচ্ছন্দ ইহাদের তিন প্রবর—বিশ্বামিত্র, মধুচ্ছন্দ ও সার্জতি।

অঘর্মষণ গোত্রগণের তিন প্রবর—বিশ্বামিত্র, অঘমর্ষণ ও কৌশিক।

ইন্দ্রকৌশিক গোত্রগণের দুই প্রবর—বিশ্বামিত্র ও ইন্দ্রকৌশিক। (বৌধায়ন বিশ্বামিত্র গোত্রকাণ্ড।)

কাশ্যপগোত্রকাণ্ড—

কাশ্যপ, আঙ্গিরস, ভারদ্বাজ, এতিসায়ন, ভূত্য, বৈশিপ্রা, ধূর্ম্মায়ন, সৌম্য, ধর্ম্মায়ণ, ওটবৃক্ষ, প্রগ্রায়ণ, পৈধকি, প্রাচর্য্য, হৃদ্রোগ, আতপ, পাঞ্চায়তিক, নেষাতকি সামসি, মাসরি, সৌবচি, সায়ম্প, আস্তবায়ন, ছাগব্য, সৌনি, স্থেষকেশি, বার্ষি, ঔপব্য, লাক্ষণ, ক্রৌষ্টাজীব, খাড়ায়ন, রৌহিতায়ন, মিতকুম্ভ, পিঙ্গাক্ষি, মারায়ণ, পচবর, কর্ণেয়, কৌষিতকি, ধূমলহায়ন, সুরা, গৌরিবায়ন, মহাচক্রেয়, বৈঞ্চিনস্য, পাণপাণি, ষগণ, দাক্ষপাণি, ভালন্দন, সাঙ্খমিত্রেয়, হরিতা, জারমাৎস্য, ওরমাণিশ, বিশ্রবস, বৈশম্পায়ন, স্বৈরকি, কাশলি, উক্তায়নি, মার্জনায়ন, কাংসলায়ন, দৈবহোতা, সূচি, রেভি, ভাগুরি, পথিকায়ন, গোমায়ন, হিরণ্যরয়ি, অগ্নিদেবি, সৌশল, আবিশ্রেণ্য, সুশ্রুতদলা, মন্ত্রিত, বৈকর্ণি ও স্থূলারিন্দম ইহাদিগকে নিধ্রুবগণ বলে। ইহাদের তিন প্রবর—নিধ্রুব, আপসার ও কাশ্যপ।

রেভগোত্রগণের তিন প্রবর—কাশ্যপ, আপসার ও নৈধ্রুব।

শাণ্ডিল্য, পাচক, বায়িক, ঔদমেধ্যা, সৌদান, সাবচস, কারেয়, কৌকণ্ঠকি, তৈক্ষি, মাহকি, বহোদকি, কোষি, মৌঞ্জায়ন, জাণবংশ, খার্বায়ণ, গাবভাব, সভালি, গোভিল, বদায়ন, বাশ্যায়ন, বহ্বন্দরি, ভাগুরি, খাদন্তীমুখ, হিরণ্যবাহু, তেদেহ, গোপুত্রা, বাক্যষ্ঠা, জালন্ধরি ও ধন্বন্তরি, ইহাদিগকে শাণ্ডিল্যগণ বলে। ইহাদের তিন প্রবর—কাশ্যপ, আপসার ও দেবল।

লৌগাক্ষি, দার্ভপণ, মৈত্রবাদি, পহত্রবাদি, হষাঙ্কুচি, তথা কলি, কসপাত্র, কায়নিত্যবস্ত, বিরোধকি, কৌনামি, সৌলয়, সৈতি, কিষ্টি, ভেরোনিষ্টি, চৈরত্তি, চৌয্যন, পৌধকালক, চয় ও জপ, ইহাদিগকে লৌগাক্ষিগণ বলে। ইহাদের প্রবর—কশ্যপ, আপসার ও বশিষ্ঠ। (বৌধায়ন কাশ্যপগোত্রকাণ্ড)।

বশিষ্ঠগোত্রকাণ্ড—

বৈতনকি, বাহরকি, সারণ, গৌরিধ্বংস, আশ্বলায়ন, কপিষ্ঠ,…সৌচি,…বাহ্বকায়নি, গায়নি, কৌশায়ন, মুন্দহরিত, সোপবমায়ন, আনন্তায়ন, পর্ণব্যায়ন, পণিবাহ্ন, দেবন, গৌরবাশ্ব, বাহব্যথি, অবাকি, বশ্বপায়, পূতিমাষ ও সপ্তাবন, ইহাদিগকে বৈতনিকগোত্রগণ বলে। ইহাদিগের একটী প্রবর—বশিষ্ঠ।

কুণ্ডিন, লোহায়ন, যুগ, কৌক্রোক্য, সাঙ্গনিন্, পেটক, নবয়ি, হিরণ্যাক্ষয়ণ, পৈয্যনাদি, ভোজ্যাক্ষি, মধ্যোদিন, স্থাস্তি ও শৌপাসিন্, ইহাদিগকে কুণ্ডিনগোত্রগণ বলে। ইহাদের তিন প্রবর—বশিষ্ঠ, মৈত্রাবরুণ ও কোণ্ডিন্য।

পরাশর, কদ্রুষি, বাজি, বামিতি, বেমতায়ন ও গৌরাণি, ইহাদিগকে কৃষ্ণপরাশর; প্ররোহি, বৈকলি, প্লাক্ষি, কৈম্যুদি ও হর্ষবাশ্বি ইহাদিগকে গৌরপরাশর; কাম্পায়নি, গোপ্রায়ণ, স্যাতি ও বারুণি ইহাদিগকে অরুণপরাশর বলে। ভানুকি, রাজানি, ক্যানহায়ন, কৌকুলেয় ও ক্রৈমথায়ি, ইহাদিগকে নীলপরাশর এবং কৃষ্ণাজিন, কপিমুখ, শ্বাশ্যাপায়ন, শ্বেতমুপি ও পৌষ্করসাদি ইহাদিগকে শ্বেতপরাশর গোত্রগণ বলে। ইহাদের তিন প্রবর—পরাশর, শক্তি ও বশিষ্ঠ। (বৌধায়ন বশিষ্ঠগোত্রকাণ্ড।)

অগস্তিগোত্রকাণ্ড—

কাণ্বায়ন, আদহ্নকি, মাষদণ্ডিন্, লোপানাৎস, বরদ্দি, বৈরণি, বুধৌদি, শৌরপথি, শান্নতপ, মৌঞ্জীকর, পাথোদ্‌গত, হারিগ্রীবা, রৌহিণ্য ও নৌশনহি ইহাদিগকে অগস্তিগোত্রগণ বলে। ইহাদের তিন প্রবর—অগস্তি, অদার্চ্যচ্যুত ও ইধ্মবাহ। (বৌধায়ন অগস্তিগোত্রকাণ্ড।)

বৌধায়নোক্ত গোত্র ও প্রবরের বিষয় লিখিত হইল*। কাত্যায়ন প্রণীত শ্রৌতগ্রন্থে ও মৎস্যপুরাণেও এই সকল গোত্রকাণ্ড লিখিত আছে। কিন্তু এই তিনখানি গ্রন্থে ঠিক্ একরূপ লিখিত হয় নাই, কোন স্থলে কোন গ্রন্থে দুই একটী গোত্র বেশী, কোথাও বা দুই চারিটী গোত্র কম দেখিতে পাওয়া যায়। (গোত্রপ্রবরমঞ্জরী।) [মৎস্যপুরাণ, কাত্যায়নশ্রৌতসূত্র, আশ্বলায়নশ্রৌতসূত্র, আপস্তম্বশ্রৌতসূত্র প্রভৃতি গ্রন্থ দেখ।]

গোত্রপ্রবরদর্পণকার কমলাকর স্বীয় গ্রন্থে বৌধায়নোক্ত ভৃগুগোত্রকাণ্ডের উল্লেখ করিয়া বলিয়াছেন যে, "এতে বৌধায়নোক্তাঃ যদ্যপি প্রবরমঞ্জরীধৃত বৌধায়নসূত্রে আকরসূত্রে চ ভূয়ান্ ন্যূনাধিকভাবঃ তদপ্যুভয়ানুসারেণ বদামঃ।" অর্থাৎ "বৌধায়ন কথিত গোত্রগণ এই, কিন্তু প্রবরমঞ্জরীতে বৌধায়নের যে সকল সূত্র উদ্ধৃত হইয়াছে তাহাতে ও (প্রাপ্ত) বৌধায়নীয় মূল গ্রন্থে অনেক পাঠব্যতিক্রম বা ন্যূনাধিকভাব দৃষ্ট হয়। আমি এই স্থলে উভয় মতানুসারেই বলিব।" ইহাতে স্পষ্টই বোধ হয় যে বৌধায়নীয় মূলগ্রন্থের সহিত পুরুষোত্তমকৃত প্রবরমঞ্জরীর পাঠের অনেকস্থলেই মিল নাই। কমলাকর কোনটী বিকৃত বা কোনটি যথার্থ তাহা ঠিক করিতে না পারিয়া উভয় মতই গ্রহণ করিয়া গিয়াছেন। অতি প্রাচীন হস্তলিখিত প্রবরমঞ্জরীগ্রন্থে যেরূপ পাঠ আছে, এই স্থলে তাহাই সন্নিবেশিত করা হইল। বৌধায়নীয় যে সকল গোত্র ও প্রবরের কথা লিখিত হইয়াছে, বর্ত্তমান সময়ে তাহার অধিকাংশ গোত্রই প্রচলিত নাই। যে কয়টী গোত্র দেখিতে পাওয়া যায়, তাহাদিগের প্রবরও বৌধায়নোক্ত প্রবর হইতে ভিন্ন। এই কারণে ধনঞ্জয়কৃত ধর্ম্মপ্রদীপ গ্রন্থে যে সকল গোত্র ও প্রবর লিখিত আছে, এই স্থলে তাহার উল্লেখ করা আবশ্যক, বর্ত্তমান কালে ইহাই চলিত। (১)

	গোত্রের নাম	প্রবরের নাম
১	জমদগ্নি	জমদগ্নি, ঔর্ব্ব ও বশিষ্ঠ।
২	বিশ্বামিত্র	বিশ্বামিত্র, মরীচি ও কৌশিক।
৩	অত্রি	অত্রি, আত্রেয় ও শাতাতপ।
৪	গোতম	গোতম, বশিষ্ঠ ও বার্হস্পত্য।

* পুথি দৃষ্টে বৌধায়নীয় গোত্র ও প্রবরের নাম লিখিত হইয়াছে। নামের অনেক স্থানেই সন্দেহ থাকিল।

(১) "জমদগ্নি র্ভরদ্বাজো বিশ্বামিত্রাত্রিগোতমাঃ।
বশিষ্ঠঃ কাশ্যপাগস্ত্যা মুনয়ো গোত্রকারিণঃ।
এতেষাং যাস্যপত্যানি তানি গোত্রাণি মন্যন্তে।
এতদুপলক্ষণমন্যেষামপিদর্শনাৎ। তথাচ
সৌকালীনকমৌদ্‌গল্যো পরাশরবৃহস্পতী।
কাঞ্চনো বিষ্ণুকৌশিকৌ কাত্যায়নাত্রেয়কাণ্বকাঃ।
কৃষ্ণাত্রেয়ঃ সাঙ্কৃতিশ্চ কৌণ্ডিল্যো গর্গসংজ্ঞকঃ।
আঙ্গিরস ইতি খ্যাতঃ অনাবৃকাখ্য সংজ্ঞিতঃ।
অব্যাজৈমিনিবৃদ্ধাখ্যাঃ শাণ্ডিল্যোবাৎস্য এবচ।
সাবর্ণালম্যানবৈয়াঘ্রপদাশ্চ ঘৃতকৌশিকঃ।
শক্তিঃ কাণ্বায়নশ্চৈব বাসুকী গৌতমস্তথা।
শুনকঃ সৌপায়নশ্চৈব মুনয়ো গোত্রকারিণঃ।
এতেষাং যাস্যপতানি তানি গোত্রাণি মন্যন্তে।" (ধর্ম্মপ্রদীপ)

৫	বশিষ্ঠ	বশিষ্ঠ। মতান্তরে বশিষ্ঠ, অত্রি ও সাঙ্কৃতি।
৬	কাশ্যপ	কাশ্যপ, অপ্সার ও নৈঞ্রুব্।
৭	অগস্ত্য	অগস্তি, দধীচি ও জৈমিনি।
৮	সৌকালীন	সৌকালীন, আঙ্গিরস, বার্হস্পত্য, অপ্সার ও নৈঞ্রুব।
৯	মৌদ্গল্য	ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্ন্য ও আপ্নুবৎ।
১০	পরাশর	পরাশর, শক্তি ও বশিষ্ঠ।
১১	বৃহস্পতি	বৃহস্পতি, কপিল ও পার্ব্বণ।
১২	কাঞ্চন	অশ্বত্থ, দেবল ও দেবরাজ।
১৩	বিষ্ণু	বিষ্ণু, বৃদ্ধি ও কৌরব।
১৪	কৌশিক	কৌশিক, অত্রি ও জমদগ্নি।
১৫	কাত্যায়ন	অত্রি, ভৃগু, বশিষ্ঠ।
১৬	আত্রেয়	আত্রেয়, শাতাতপ ও সাঙ্খ্য।
১৭	কাণ্ব	কাণ্ব, অশ্বত্থ ও দেবল।
১৮	কৃষ্ণাত্রেয়	কৃষ্ণাত্রেয়, আত্রেয় ও আঙ্গিরস। মতান্তরে আঙ্গিরস স্থানে আবাস।
১৯	সাঙ্কৃতি	অব্যাহার, অত্রি ও সাঙ্কৃতি।
২১	কৌণ্ডিল্য	কৌণ্ডিল্য ও তিমিকোৎস।
২১	গর্গ	গার্গ্য, কৌস্তভ ও মাণ্ডব্য।
২২	আঙ্গিরস	আঙ্গিরস, বশিষ্ঠ ও বার্হস্পত্য।
২৩	অনাবৃকাক্ষ	গার্গ্য, গৌতম ও বশিষ্ঠ।
২৪	অব্য	অব্য, বলি ও সারস্বত।
২৫	জৈমিনি	জৈমিনি, উতথ্য ও সাঙ্কৃতি।
২৬	বৃদ্ধি	কুরুবৃদ্ধ, অঙ্গিরস্ ও বার্হস্পত্য।
২৭	শাণ্ডিল্য	শাণ্ডিল্য, অসিত ও দেবল।
২৮	বাৎস্য	ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্ন্য ও আপ্নুবৎ।
২৯	সাবর্ণ	
৩০	আলম্যান	আলম্যায়ন, শালঙ্কায়ন ও শাকটায়ন।
৩১	বৈয়াঘ্রপদ্য	সাঙ্কৃতি।
৩২	ঘৃতকৌশিক	কুশিক, কৌশিক ও ঘৃতকৌশিক। মতান্তরে বল্কুল।
৩৩	শক্তি	শক্তি, পরাশর ও বশিষ্ঠ।
৩৪	কাণ্বায়ন	কাণ্বায়ন, আঙ্গিরস, বার্হস্পত্য, ভরদ্বাজ ও অজমীঢ়।
৩৫	বাসুকি	অক্ষোভ্য, অনন্ত ও বাসুকি।
৩৬	গৌতম	গৌতম, অপ্সার, আঙ্গিরস, বার্হস্পত্য ও নৈঞ্রুব। মতান্তরে গৌতম, আঙ্গিরস ও আবাস।
৩৭	শুনক	শুনক, শৌনক ও গৃৎসমদ। মতান্তরে শুনক, সুনিহোত্র ও গৃৎসমদ।
৩৮	সৌপায়ন	ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্ন্য ও আপ্নুবৎ।

ব্রাহ্মণ ঋষিগণই গোত্রপ্রবর্ত্তক। তাঁহাদের বংশীয়দিগকে তাঁহাদের গোত্র বলা হইয়া থাকে। ক্ষত্রিয় প্রভৃতি অপরবর্ণের পক্ষে এরূপ গোত্র নিয়ম হওয়া অসম্ভব। তাহাদিগকে তাহাদের পুরোহিতের গোত্রের নামে উল্লেখ করা হয়। অতি প্রাচীনকালে অথবা গোত্র নিয়মের অব্যবহিত পরে যে পুরোহিতের গোত্রের নামে যিনি পরিচয় দিয়াছিলেন, বর্ত্তমান সময়ে তাঁহার বংশধরেরা সেই নামেই পরিচয় দিতেছে। এখনকার পুরোহিতের গোত্রনামে কেহ পরিচয় দেয় না। "পুরোহিতপ্রবরোরাজ্ঞাং।" আশ্ব° শ্রৌ° ১২।১৫।৫) "ক্ষত্রিয় বৈশ্যয়ো রূপদিষ্টাতিদিষ্টগোত্রং শূদ্রস্যাতিদিষ্টাতিদিষ্টগোত্রং" (উদ্বাহতত্ত্ব)।

গোত্রক (ক্লী) গোত্রমেব গোত্র স্বার্থে কন্। [গোত্র দেখ।]

গোত্রকর্ত্তৃ (পুং) গোত্রস্য কর্ত্তা ৬তৎ। গোত্রপ্রবর্ত্তক।

"তস্য পুত্রা মহাত্মানো ব্রহ্মবংশবিবর্দ্ধনাঃ।
তপস্বিনো ব্রহ্মবিদো গোত্রকর্ত্তার এবচ।" (ভারত ১৩।৪)

গোত্রকারিন্ (পুং) গোত্রং করোতি কৃ-ণিন্। গোত্রকর্ত্তা, গোত্রপ্রবর্ত্তক।

গোত্রকীলা (স্ত্রী) গোত্রঃ পর্ব্বতঃ কীলইব বিষ্টম্ভকত্বাদ্ যস্যাঃ বহুব্রী টাপ্। পৃথিবী। (হেম°)

গোত্রজ (ত্রি) গোত্রে সমানগোত্রে জায়তে গোত্র জন-ড। ১ একগোত্রোৎপন্ন। "তৎসুতো গোত্রজোবন্ধু।" (যাজ্ঞবল্ক্য ৩।১৩৯) 'গোত্রজাঃ সপিণ্ডাঃ পিতামহাদয়ঃ সমানগোত্রাঃ।' (মিতাক্ষরা।) ২ চতুর্দ্দশ পুরুষের পর একগোত্রোৎপন্ন ব্যক্তিগণকে গোত্রজ বলে।

"সপিণ্ডিতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে।
সমানোদক ভাবস্তু নিবর্ত্তেতাচতুর্দ্দশাৎ।
জন্ম নাম্নাং স্মৃতেরেকে তৎপরং গোত্রজা মতাঃ॥" (বৃহন্মনু)

গোত্রভিৎ (পুং) গোত্রং পর্ব্বতং মেঘং বা ভিনত্তি ভিদ্-ক্বিপ্ (সংস্যুদ্বিষেত্যাদি। পা ৩।২।৬১) ১ ইন্দ্র।

"গোত্রভিদ্ বজ্রবাহু রায়াতু যজ্ঞমুপ নো জুষাণঃ।" (বাজসনেয় ২০।৩৮) 'গোত্রভিদ্ গাং ভূমিং বৃষ্ট্যা ত্রায়ন্তে গোত্রা মেঘাঃ তান্বৃষ্ট্যর্থং ভিনত্তি গোত্রান্ গিরীন্ বা ভিনত্তি।' (মহীধর)

গোত্রং নাম ভিনত্তি ভিদ্ ক্বিপ্। ২ নামভেদক, যে ব্যক্তি একটী নাম উচ্চারণ করিবার সময়ে অপর নামের

উচ্চারণ করে। "প্রকটীকৃতা জগতি যেন খলু
স্ফুটমিন্দ্রতাদ্য ময়ি গোত্রভিদা।" (মাঘ)

গোত্ররিক্থ (ক্লী) গোত্রস্য রিক্থং ৬তৎ। গোত্রধন।
"গোত্ররিক্থ জনয়িতুর্নহরেদ্দোত্রিমঃ ক্বচিৎ।" (মনু ৯।১৪২)

গোত্রবৎ (ত্রি) গোত্রং অস্ত্যস্য গোত্রমতুপ্ মকারস্য বকারঃ। গোত্রযুক্ত, যাহার গোত্র আছে।

গোত্রবৃক্ষ (পুং) গোত্রজাতঃ বৃক্ষঃ। ধন্বন বৃক্ষ। (ভাবপ্রকাশ)

গোত্রস্খলন (ক্লী) গোত্রে নামনি স্খলনং ৭তৎ। একটী নাম বলার অভিপ্রায়ে অপরের নাম উচ্চারণ। অতিশয় গাঢ় চিন্তায় এইরূপ ঘটিয়া থাকে। আলঙ্কারিকগণের মতে নায়িকা বা নায়কের অনুরাগ অতিশয় বর্দ্ধিত হইলে গোত্রস্খলন হইয়া থাকে।
"ন কা নিশি স্বপ্নগতং দদর্শ তং
জগাদ গোত্রস্খলনে চ কানতম্।" (নৈষধ°)

গোত্রা (স্ত্রী) গাঃ পশূন্ সর্ব্বান্ জীবান্ ত্রায়তে ত্রৈ-ক-টাপ্। ১ পৃথিবী। গবাং সমূহঃ গো-ত্র টাপ্। (ইনি ত্র-কড্যচশ্চ। পা ৪।২।৫১) ২ গোসমূহ। ৩ গায়ত্রীস্বরূপা মহাদেবী। "গন্ধর্বী গহ্বরী গোত্রা গিরিশা গহনাগমী।" (দেবীভাগবত ১২।৬।৪১)

গোত্রাদি (পুং) পাণিনীয় একটী গণ, গোত্র ধ্রুব, প্রবচন, প্রহসন, প্রকথন, প্রত্যায়ন, প্রপঞ্চ, প্রায়, ন্যায়, প্রচক্ষণ, বিচক্ষণ, অবচক্ষণ, স্বাধ্যায়, ভূয়িষ্ঠ ও বানাম ইহাদিগকে গোত্রাদিগণ বলে। গোত্রগণ তিঙন্তের পরে থাকিলে অনুদাত্ত হইয়া যায়। (তিঙো গোত্রাদীনি কুৎসনা ভীক্ষ্ণয়োঃ। পা ৮।১।২৭)

গোত্রান্ত (পুং) গোত্রস্যান্তঃ ৬তৎ। গোত্রের বিনাশ।

গোত্রান্তর (ক্লী) নিত্যস°। অন্য গোত্র।

গোত্রিক (ত্রি) গোত্রে ভবঃ গোত্র-ইকন্। গোত্রোৎপন্ন, গোত্রীয়।

গোত্ব (ক্লী) গোর্ভাবঃ গো-ত্ব। ১ জাতিবিশেষ, যে জাতি কেবল গোরুতেই আছে, অপর কোন পদার্থে নাই, তাহাকে গোত্বজাতি বলে।
"গবেতরাবৃত্তিত্বে সতি সকল গোব্যক্তিবৃত্তিত্বং গোত্বত্বম্।"
(নৈয়ায়িক)। [জাতি দেখ।]
২ গোরুর ধর্ম্ম।
"দুগ্ধযুক্তা পুনর্গোত্বং প্রয়োক্তুঃ সৈব শংসতি।" (কাব্যাদর্শ)

গোথুরি (দেশজ) এক প্রকার ঘাস।

গোদ (পুং) গাং নেত্রং দায়তি শোধয়তি দৈ-ক। ১ মস্তিষ্ক, মগজ। (হেম°)। (ত্রি) গাং দদাতি দা-ক। ২ গো দাতা, যিনি গোরুদান করেন।
"অনড়ুদ্দঃ শ্রিয়ং পুষ্টাং গোদো ব্রধ্নস্য পিষ্টপম্।" (মনু ৪।২৩১)
(পুং) ৩ গোদাবরীর নিকটস্থ একটী দেশ।
(দেশজ) ৪ শ্লীপদরোগ। [শ্লীপদ দেখ।]

গোদত্র (ক্লী) গোদং ত্রায়তে-ত্রৈ-ক। মস্তিষ্করক্ষক, মুকুটাদি।

গোদনা (রেবেলগঞ্জ) সারণ জেলার অন্তর্গত একটী নগর। অক্ষা° ২৫° ৪৬´৫৬´´ উঃ ও দ্রাঘি° ৮৪° ৪১´৭´´ পূঃ। গঙ্গা ও ঘর্ঘরা নদীর সঙ্গমের উপর স্থাপিত। সারণ জেলার মধ্যে এই নগরই প্রধান বাণিজ্য স্থান। চম্পারণ, নেপাল, বাঙ্গালা ও উত্তর পশ্চিমভারতের দ্রব্যজাত এই স্থান হইতে রপ্তানী ও আমদানী হইয়া থাকে। নিম্ন বঙ্গ হইতে যে সমস্ত নৌকা চাউল ও লবণ বোঝাই লইয়া উত্তর-পশ্চিম প্রদেশে যায়; ঐ সকল নৌকার মাল গোরক্ষপুর ও ফয়জাবাদের নৌকায় তুলিয়া পশ্চিমাঞ্চলে লইয়া যায়। এই নগরে ঔষধালয় ও বাজার আছে। বৎসরে এখানে কার্ত্তিক ও চৈত্রমাসে দুইবার মেলা হইয়া থাকে। প্রবাদ এইরূপ—ন্যায়দর্শনকার গৌতম ঋষি অহল্যার সহিত এখানে বাস করিতেন। একটী ভগ্ন কুঠীরে একখানি খড়ম আছে, অধিবাসীগণ যাত্রীদিগকে তাহাই গৌতমের আশ্রম বলিয়া দেখাইয়া থাকে।

১৭৮৮ খৃষ্টাব্দে রেবেল সাহেব গবর্মেণ্টের শুল্কসংগ্রহ-কর্ত্তা হইয়া এখানে আসেন। তিনি এখানে একটী বাজার এবং শুল্কসংগ্রহের জন্য বাড়ী নির্ম্মাণ করেন। আজিও হাটের লোকেরা তাহার কবর দেখিতে আসে ও ভক্তি প্রদর্শন করে। কোনরূপ বিপদ্ হইলে কেহ বা সময়ে সময়ে তাঁহার নামও গ্রহণ করিয়া থাকে।

গোদনাবালী, বেদিয়া জাতীয় স্ত্রীলোক। ইহারা নানা-প্রকার গাছ গাছড়া, শিঙ্গ্ ও নরুন লইয়া পথে পথে বেড়ায়। দাঁতের পোকা ও বাত ভাল করা এবং স্ত্রীলোকের গায়ে উল্কী দেওয়াই ইহাদের ব্যবসা।

ভাঙ্গ্‌রা গাছের রস দুগ্ধের সহিত মিশাইয়া ছুঁচ অথবা করমর্দ্দের কাঁটা দিয়া গায়ে ফুটাইয়া দাগ করিয়া দেয়।

হিন্দুরা পূর্ব্ব হইতেই উল্কী পরিত। প্রবাদ আছে হস্তে উল্কী থাকিলে, হাতের জল শুদ্ধ হয়। হিন্দু স্ত্রীলোকদিগের অনুকরণ করিয়া মুসলমান স্ত্রীলোকেরাও উল্কী পরে। কিন্তু ফরাজী সম্প্রদায়ের উত্থানের পর হইতে মুসলমান-দিগের মধ্যে উল্কীধারণপ্রথা উঠিয়া যাইতেছে।

গোদন্ত (ক্লী) গোদন্তইবাবয়বোযস্য। ১ হরিতাল। (রাজনি°) গোর্দন্তং ৬তৎ। ২ গোরুর দাঁত।

গোদা (স্ত্রী) গাং স্বর্গং দদাতি দা-ক-টাপ্। ১ গোদবরী নদী।
"নেষ্টোঽথ গোদোত্তরতশ্চ যাবৎ।" (মুহূর্ত্তচি°)

২ গায়ত্রীস্বরূপা মহাদেবী।

"গর্ব্বাপহারিণী গোদা গোকুলস্থা গদাধরা।"

(দেবীভাগবত ১২।৬।৪৩)

(ত্রি) গাং দদাতি গো-দা-কিপ্। ৩ গোদাতা।

গোদা, সাঁওতাল পরগণার অন্তর্গত একটী উপবিভাগ। অক্ষা° ২৪° ৩০´ হইতে ২৫° ১৪´ উঃ ও দ্রাঘি° ৮৭° ৫´ হইতে ৮৭° ৩৮´ পূঃ। এই উপবিভাগের মধ্যে সর্ব্বসমেত ১৬৩৪ খানি গ্রাম আছে। ভূ-পরিমাণ ৯৩৭ মাইল। ১৮৫৬ খৃষ্টাব্দে যখন ইহা উপবিভাগরূপে সংস্থাপিত হয়, তখন এই স্থানে একটী পুলিসের থানা মাত্র ছিল। তৎপরে ১৮৭০-৭১ খৃষ্টাব্দে এখানে একটী ম্যাজিষ্ট্রেট্ ও রাজস্ব সম্বন্ধীয় আদালত স্থাপিত হয়।

গোদাগরী, বঙ্গের রাজশাহী জেলার অন্তর্গত একখানি বাণিজ্যপ্রধান গণ্ডগ্রাম ও পুলিসের সদর। অক্ষা° ২৪° ২৮´ উঃ, দ্রাঘি° ৮৮° ২১´৩৩´´ পূঃ। গঙ্গাতীরে অবস্থিত।

গোদাচিল (দেশজ) এক প্রকার চিল পাখী। [চিল দেখ।]

গোদাতৃ (ত্রি) গবাং দাতা ৬তৎ। যে গোদান করে।

গোদান (ক্লী) গাবঃ কেশা লোমানি বা দীয়ন্তে খণ্ড্যন্তেঽত্র আধারে ল্যুট্। ১ দ্বিজাতির একটী সংস্কার, অপর নাম কেশান্ত সংস্কার। "অথাস্য গোদানবিধেরনন্তরম্।" (রঘু)

[কেশান্ত দেখ।]

গবি পৃথিব্যাং দীয়তে নিধীয়তে দা কর্ম্মণি ল্যুট্। ২ দক্ষিণ-কর্ণের সমীপবর্ত্তী স্থান। "দক্ষিণং গোদানং বিতার্য্যোন-ত্তীমামাপঃ।" (কাত্যায়নশ্রৌ° ৭।২।৯) 'গোদানং শিরসো দক্ষিণং প্রদেশং স্বপদ্ভির্গবি পৃথিব্যাং দীয়তে ইতি।' (কর্ক)

গোর্দানং ৬তৎ। ৩ গাভী বা বৃষের দান, আপনার সত্ত্ব পরিত্যাগ করিয়া অপরকে গো অর্পণ। হেমাদ্রির দানখণ্ডে গোদানপ্রণালী এইরূপ লিখিত আছে—বিশ্বামিত্রের মতে বৎসযুক্ত গাভীকে পূর্ব্বমুখী করিয়া রাখিবে। দাতা স্নান ও শিখাবন্ধন করিয়া গোরুর পুচ্ছদেশে উপবেশন করিবে। যে ব্রাহ্মণকে গোরু দান করিতে হইবে, তাঁহাকে উত্তরমুখী করিয়া বসাইবে। পরে দাতা একটী ঘৃতপূর্ণ পাত্রে কিয়ৎ পরিমাণ সুবর্ণ লইয়া তাহাতে গোরুর পুচ্ছটী ডুবাইবে এবং ঘৃতলিপ্ত ঐ পুচ্ছটী ধারণ করিবে। ব্রাহ্মণের হস্তে তিল দিয়া পূর্ব্বমুখী করিয়া রাখিবে। ইহার পর তিল ও কুশাদি লইয়া যথানিয়মে এই বলিবে। "যজ্ঞসাধনভূতা যা বিশ্বস্যাঘ-প্রণাশিনী। বিশ্বরূপঃ পশোর্দেবঃ প্রীয়তামনয়া গবা।" এই মন্ত্রটী পড়িয়া ব্রাহ্মণের হাতে জল অর্পণ করিবে। ব্রাহ্মণ সেই গোরু লইয়া চলিলে ব্রাহ্মণও গোরুর অনুগমন করিয়া গোমতী মন্ত্র জপ করিবে। (বিশ্বামিত্র)

গোমতী মন্ত্র যথা—

"গাবঃ সুরভয়োনিত্যং গাবো গুগ্‌গুলগান্ধিকাঃ।
গাবঃ প্রতিষ্ঠা ভূতানাং গাবঃ স্বস্ত্যয়নং মহৎ॥
অন্নমেব পরং গাবো দেবানাং হবিরুত্তমম্।
পাবনং সর্ব্বভূতানাং রক্ষন্তি চ বহন্তি চ॥
হবিষা মন্ত্রপূতেন তর্পয়ন্ত্যমরান্ দিবি।
ঋষীণামগ্নিহোত্রাণাং গাবো হোমপ্রতিষ্ঠিকাঃ॥
সর্ব্বেষামেব ভূতানাং গাবঃ শরণমুত্তমম্।
গাবঃ পবিত্রং পরমং গাবো মঙ্গলমুত্তমম্॥
গাবঃ সর্ব্বস্য লোকস্য গাবো ধন্যাঃ সুখাবহাঃ।
নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এবচ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যোনমো নমঃ॥
ব্রাহ্মণাশ্চৈব গাবশ্চ কুলমেকং দ্বিধা কৃতম্।
একত্র মন্ত্রাস্তিষ্ঠন্তি হবিরেকত্র তিষ্ঠতি।" (যম)

মহাভারতে অন্য প্রকার গোমতীমন্ত্র লিখিত আছে।

[তিলধেনু দেখ।]

বশিষ্ঠের মতে গোদানের দক্ষিণা একতোলা স্বর্ণ দিতে হয়।

গোদানের ফল—কৃষ্ণবর্ণ গাভী পট্টবস্ত্রে আচ্ছাদিত ও সুবর্ণালঙ্কারে অলঙ্কৃত করিয়া দান করিলে তাহার যমলোকে গমন হয় না, আয়ুঃ, আরোগ্য, ঐশ্বর্য্যবৃদ্ধি ও মনোভীষ্ট পূর্ণ হয়। রত্নালঙ্কার, ঘণ্টামালা ও পুষ্পদ্বারা পরিশোভিত গোরুর মুখে ঘৃত দিয়া শৃঙ্গ সুবর্ণময় ও খুর চারিটী রৌপ্যময় নির্ম্মাণ করিয়া পট্টবস্ত্র দ্বারা আচ্ছাদন করিবে। এই প্রকার শ্বেত-বর্ণ গাভী দান করিলে, তাহার ও তৎকুলোৎপন্ন সকলের সমস্ত পাপ বিনষ্ট হয়। এই প্রকার গৌরবর্ণ গাভী দান করিলে কোটিহাজার বৎসর স্বর্গবাস, নীলবর্ণ গাভী দান করিলে কোটিহাজার বৎসর বরুণলোকে বাস এবং তাহার পূর্ব্বপুরুষেরা নরক হইতে মুক্তিলাভ করে। (বশিষ্ঠ)

কপিলবর্ণ বৎসযুক্ত ও দুগ্ধবতী ধেনু দান করিলে ব্রহ্মলোক প্রাপ্তি হয়। এই প্রকার বৎসযুক্ত দুগ্ধবতী রোহিণী ধেনুদানে ইন্দ্রলোক, বিচিত্রবর্ণ ধেনু দানে চন্দ্রলোক, কৃষ্ণবর্ণ ধেনুদানে অগ্নিলোক, বাতরেণুর ন্যায় বর্ণযুক্ত ধেনুদানে বায়ুলোক, ধূম্রবর্ণ ধেনুদানে যমলোক, সুবর্ণবর্ণ ধেনুদানে বরুণলোক, পিঙ্গলবর্ণ চক্ষুযুক্ত হিরণ্যবর্ণ ধেনুদানে কুবের-লোক, পলাল ধূমের ন্যায় বর্ণবিশিষ্ট ধেনুদানে পিতৃলোক, গৌরবর্ণ ধেনুদানে বসুলোক এবং পাণ্ডু কম্বলবর্ণ ধেনু দান করিলে গন্ধর্ব্বলোকপ্রাপ্তি হইয়া থাকে। যিনি শুদ্ধচিত্তে ও পবিত্র ভাবে অনবরত গোদান করিতে পারেন, তিনি সূর্য্যবর্ণ বিমানে আরোহণ করিয়া স্বর্গে গমন করেন। স্বর্গীয়

রমণীগণ নানাবিধ ক্রীড়া কৌতুক করিয়া সর্ব্বদাই তাঁহাকে আনন্দিত করে। (মহাভারত)

বিষ্ণুধর্ম্মে লিখিত হইয়াছে যে, পুণ্যদিনে স্নান করিয়া প্রথমে পিতৃতর্পণ করিবে। ইহার পূর্ব্বদিন কেবল পঞ্চগব্য খাইয়া থাকিবে। পরে ঘৃত ও ক্ষীরদ্বারা বিষ্ণু বা শিবের অভিষেক করিয়া পুষ্পাদি উপহারে ভক্তিপূর্ব্বক তাঁহার অর্চ্চনা করিবে। ইহার পরে একটী দুগ্ধবতী গৃষ্টিধেনুকে উত্তরমুখী করিয়া স্থাপন করিবে, ইহার শৃঙ্গ সুবর্ণময় ও খুর রৌপ্যময় করিবে। পরে মন্ত্রপাঠপূর্ব্বক ব্রাহ্মণকে অর্পণ করিবে। ইহাতে যথাশক্তি দক্ষিণা দিতে হয়। দানের মন্ত্র—

"গাবো মমাগ্রতঃ সন্তু গাবো মে সন্তু পৃষ্ঠতঃ।
গাবো মে হৃদয়ে সন্তু গবাং মধ্যে বসাম্যহং॥
ইমাং নঃ প্রতি গৃহ্ণীষ ধেনুর্দত্তা ময়া তব।
স মে পাপাপনোদায় গোবিন্দঃ প্রীয়তামিতি।" (অগ্নিপু॰)

ভারত অনুশাসন ৬৬ অধ্যায় প্রভৃতিতেও গোদানের প্রশংসা ও নিয়ম প্রভৃতি লিখিত আছে। ভবিষ্যপুরাণে লিখিত আছে যে, ধেনু সূর্য্যের কন্যা, সর্ব্বলোকের মঙ্গলের ও যজ্ঞসিদ্ধির নিমিত্ত ইহার উৎপত্তি হইয়াছে। ব্রাহ্মণ ও গোরু এক কুলেই উৎপন্ন। গোরু হইতে যজ্ঞসিদ্ধি হয়। দেবগণ ও ষড়ঙ্গ চতুর্ব্বেদ ইহা হইতে উৎপন্ন হইয়াছে। গোরুর শৃঙ্গমূলে ব্রহ্মা ও বিষ্ণু, শৃঙ্গের অগ্রভাগে সমস্ত তীর্থ ও চরাচর, শীর্ষদেশে সর্ব্বভূতময় শিব, ললাটাগ্রে দেবী, নাসিকার অগ্রে কার্ত্তিকেয়, নাসাপুটদ্বয়ে কম্বল ও অশ্বতরনাগ, কর্ণদ্বয়ে অশ্বিনীকুমার যুগল, চক্ষুর্দ্বয়ে চন্দ্র ও সূর্য্য, দন্তে বায়ু, জিহ্বায় বরুণ, হুঙ্কারে সরস্বতী, মুণ্ডে যম ও যক্ষ, ওষ্ঠে সন্ধ্যা, গ্রীবায় ইন্দ্র, কক্ষদেশে রাক্ষসগণ, বক্ষস্থলে সাধ্যগণ, জঙ্ঘাদেশে ধর্ম্ম, খুর মধ্যে গন্ধর্ব্ব, খুরের অগ্রভাগে পন্নগগণ, খুরের পশ্চাদ্ভাগে অপ্সরাগণ, পৃষ্ঠদেশে বসুগণ, শ্রোণিতটে পিতৃলোক, লাঙ্গূলে চন্দ্র, কেশে সূর্য্যরশ্মি, মূত্রে গঙ্গা, গোময়ে যমুনা, দুগ্ধে সরস্বতী, দধিতে নর্ম্মদা, ঘৃতে হুতাশন, রোমকূপে অষ্টাবিংশতিকোটী দেবতা, উদরে পৃথিবী এবং অঙ্গে চতুঃসাগর ও পয়োধরগণ অবস্থান করে। এই প্রকারে সমস্ত ব্রহ্মাণ্ডই গোরুতে অবস্থিত।

গোদানিক [গৌদানিক দেখ।]

গোদায় (ত্রি) গাং দদাতি গো-দা-অণ্ উপপদস॰। (অণ্ কর্ম্মণিচ। পা ৩।৩।১২) যে গোদান করে, গোদাতা। "গোদায়ো ব্রজতি।" (সি॰ কৌ॰)

গোদারণ (ক্লী) গাং ভূমিং দারয়তি-দৃ-ণিচ্-ল্যু। ১ লাঙ্গল। (অমর) ২ কুদ্দাল। (হেম॰)

গোদাবরী (স্ত্রী) গাং স্বর্গং দদাতি দা বণিপ্ ঙীপ্ রশ্চাস্তাদেশঃ। যদ্বা গোদানাং বরী শ্রেষ্ঠা ৬তৎ। নদীবিশেষ। এই নদীটী বহুদিন হইতেই হিন্দুগণের আদরণীয়া; হিন্দুরা ইহাকে একটী পুণ্যতীর্থ বলিয়া মনে করেন। সমস্ত কার্য্যের পূর্ব্বেই জল শুদ্ধি করিবার জন্য মন্ত্রদ্বারা ইহারও আবাহন করিতে হয়। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লিখিত আছে যে, এক ব্রাহ্মণী একাকিনী তীর্থ যাত্রা করেন। পথে যাইতে যাইতে এক নিবিড় নির্জন পুষ্পোদ্যানের মধ্যে একজন কামুক তাহাকে দেখিতে পায়। যুবতীর সুন্দর রূপ দেখিয়া কামুক আর স্থির থাকিতে পারিল না। ব্রাহ্মণী তাহাকে অনেক বারণ করিলেন, পরিশেষে সেই কামুক বলপূর্ব্বক আপনার পাশববৃত্তি চরিতার্থ করিল। ব্রাহ্মণীর গর্ভসঞ্চার হইল। ব্রাহ্মণ দেখিয়া কি বলেন, এই ভয়ে ব্রাহ্মণী তখনই গর্ভ পরিত্যাগ করিলেন, তাহাতে সেই সময়েই তপ্তকাঞ্চনবর্ণ একটী পুত্র উৎপন্ন হয়। পুত্রের মুখ দেখিয়া ব্রাহ্মণী আর তাহাকে ফেলিয়া যাইতে পারিল না, সেই সদ্যজাত বালকটীকে কোলে লইয়া কাঁদিতে কাঁদিতে ব্রাহ্মণের নিকট উপস্থিত হইলেন ও সমস্ত ঘটনা খুলিয়া বলিলেন। ব্রাহ্মণ পুত্রের সহিত তাহাকে পরিত্যাগ করেন। লজ্জায় ও অভিমানে ব্রাহ্মণী যোগ করিতে আরম্ভ করেন। যোগবলে তিনি নদী হন। তাহারই নাম গোদাবরী। (ব্রহ্মবৈবর্ত্ত॰)

গোদাবরীর অপর নাম গৌতমী। ব্রহ্মাণ্ড উপপুরাণের অন্তর্গত গৌতমীমাহাত্ম্যে গোদাবরীর উৎপত্তি কথা অন্যরূপ বর্ণিত আছে—"যখন মহর্ষি গৌতম ব্রহ্মগিরির আশ্রমে থাকিতেন, সেই সময় একবার বারবর্ষ অনাবৃষ্টি হয়। তাহাতে চারিদিকে দারুণ দুর্ভিক্ষ উপস্থিত হইল। বশিষ্ঠাদি ঋষিগণ গৌতমের আশ্রমে গমন করেন। গৌতম ঋষিদিগকে অন্ন দিয়া রক্ষা করিলেন। তিনি প্রত্যহ প্রাতে ক্ষেত্রে বীজ বপন করিতেন, তাঁহার তপোবলে সেই বীজ হইতে ক্রমে অঙ্কুর, গাছ ও ফল জন্মিত। সন্ধ্যার পূর্ব্বে পক্ক শস্য কাটিয়া মাড়িয়া চাউল হইত। তাহা পাক হইলে ঋষিগণ আহার করিতেন। দ্বাদশবর্ষ পরে সুবৃষ্টি হইল। আবার বসুমতী শস্যশালিনী হইলেন। এই সময়ে কৈলাসে এক বিভ্রাট্ উপস্থিত। মহাদেব গঙ্গাকে মাথায় করিয়া জটা মধ্যে রাখিয়াছেন বলিয়া একদিন পতিসোহাগিনী হৈমবতীর বড়ই ঈর্ষা হইল। তিনি সকাতরে ভোলানাথকে বলিলেন, 'দেখ' তুমি গঙ্গাকে মাথায় আর আমাকে কোলে রাখিয়াছ, ইহাতে আমার অপমান করা হইতেছে। তুমি শীঘ্র গঙ্গাকে নামাইয়া রাখ।' মহাদেব শুনিয়াও শুনিলেন না, তাহাতে

পার্ব্বতীর আরও দুঃখ হইল, তিনি গণেশকে মনের ব্যথা জানাইলেন। গণপতি মাতার দুঃখ দূর করিবেন বলিয়া প্রতিজ্ঞাবদ্ধ হইলেন। তিনি কার্ত্তিকের সঙ্গে বৃদ্ধ ব্রাহ্মণবেশে গৌতমাশ্রমের বহির্ভাগে আসিয়া ঋষিগণকে দেখিয়া বলিলেন, 'ব্রাহ্মণগণ! এখন সর্ব্বত্রই বেশ শস্য জন্মিয়াছে, এখন তোমাদের পরান্নে নির্ভর করা উচিত নহে; তোমরা নিজ নিজ আশ্রমে গমন কর।' ঋষিগণ গৌতমের নিকট আসিয়া বিদায় চাহিলেন। তাহাতে গৌতম উত্তর করিলেন, 'দুর্দ্দিনে তোমাদিগকে অন্ন দিয়াছি, এখন ভাল সময় বলিয়া আমাকে ছাড়িয়া যাওয়া তোমাদের উচিত নয়। আমার ইচ্ছা, তোমরা এইখানেই থাক।' বৃদ্ধ ব্রাহ্মণবেশী গণেশ ঋষিদিগের মুখে সকল কথা শুনিলেন। তিনি তথা হইতে চলিয়া আসিয়া কার্ত্তিককে বলিলেন, 'ভাই! তুমি গাভী হইয়া গৌতমের ক্ষেত্রে গিয়া সমস্ত শস্য নষ্ট কর, গৌতম তোমাকে তাড়না করিলে তুমি মৃতবৎ পড়িয়া থাকিবে।' তখন কার্ত্তিক গাভীরূপে গৌতমের ক্ষেত্রে গিয়া সমস্ত শস্য নষ্ট করিতে লাগিলেন। গৌতমের চক্ষে পড়িল। তিনি যেমন গাভীকে তাড়াইয়া দিতে যাইবেন, গাভী অমনি মড়ার মত পড়িয়া গেল।

আশ্রমে গোহত্যা হইয়াছে শুনিয়া ঋষিরা সকলেই প্রস্থানের উদ্যোগ করিতে লাগিলেন। এবারও গৌতম তাঁহাদিগকে থাকিতে অনুরোধ করিলেন। তখন ঋষিগণ কহিলেন, 'যদি তুমি ভগীরথের মত গঙ্গা আনিয়া গাভীকে পুনর্জীবিত করিতে পার, তাহা হইলে আমরা থাকিতে পারি, নচেৎ কিরূপে এই অপবিত্রস্থানে থাকিব?' গৌতম তাহাতেই সম্মত হইলেন। তিনি ঋষিগণকে আশ্রমে রাখিয়া ত্র্যম্বক পাহাড়ে গিয়া হরপার্ব্বতী ও গঙ্গার পৃথক্ পৃথক্ তপস্যা করিয়া তাঁহাদিগকে সন্তুষ্ট করিলেন। ত্র্যম্বকেশ্বর পার্ব্বতীর সহিত গৌতমকে দেখা দিলেন ও তাঁহাকে বর লইতে আদেশ করিলেন। গৌতম চাহিলেন—'যদি আপনার বরই দিতে ইচ্ছা থাকে, তবে আপনার জটাস্থিত গঙ্গাকে আমায় প্রদান করুন, আমি উহাকে লইয়া গিয়া মৃত গাভীকে পুনর্জীবিত করিব।' মহাদেবও তাহাই করিলেন। গৌতম আবার বর প্রার্থনা করিলেন—'ভগবন্! গঙ্গা মৃত গাভীর জীবনদান করিয়া সাগরে গমন করুন ও আমার নামে বিখ্যাত হউন্।' মহাদেব কহিলেন, 'ইহা গৌতমীগঙ্গা ও গোদাবরী নামে বিখ্যাত হইবে। ভাগীরথী সাগরসঙ্গমে, যমুনাত্রিবেণীসঙ্গমে এবং নর্ম্মদা অমরকণ্টকে যেমন সমধিক পুণ্যপ্রদ, এই গৌতমীগঙ্গা সেইরূপ সর্ব্বত্রই পুণ্যপ্রদ হইবে এবং আমি ইহার উভয়তীরে লিঙ্গরূপে অবস্থান করিব।' এই বলিয়া মহাদেব গঙ্গাকে গৌতমের হস্তে সমর্পণ করিলেন। গৌতম হৃষ্টচিত্তে জটার সহিত গঙ্গাকে লইয়া ব্রহ্মগিরিস্থ আশ্রমে আসিলেন। এখানে গঙ্গা ত্রিধারা হইলেন, এক ধারা ব্রহ্মগিরিস্থ মৃত গাভীকে পুনর্জীবিত করিয়া দক্ষিণ সাগরে মিলিত হইল, অপর ধারা ব্রহ্মগিরি ভেদ করিয়া পাতালে গমন করিল, তৃতীয়ধারা আকাশমার্গে বিরৎগঙ্গা নামে প্রসিদ্ধ হইল *।"

গোদাবরী নদী মধ্যভারতের পশ্চিমঘাট হইতে পূর্ব্বঘাট পর্ব্বত পর্য্যন্ত বিস্তৃত। জলের পবিত্রতা, উভয়কূলের সৌন্দর্য্য এবং মনুষ্যের উপকারিতা সম্বন্ধে ইহা গঙ্গা ও সিন্ধু নদের তুল্য। এই নদী ৮৯৮ মাইল লম্বা এবং প্রায় ১১২২০০ বর্গ মাইল ভূমির উপর দিয়া বেগে প্রবাহিত হইয়াছে। লোকমুখে শুনা যায় যে নাসিক জেলার ত্র্যম্বক গ্রামের পশ্চাদ্‌বর্ত্তী পাহাড় হইতে এই নদীর উৎপত্তি। এই স্থানে একটী কৃত্রিম কূপ আছে। উহার নিম্নদেশে নামিবার জন্য ৬৯০টী ধাপ সিঁড়ি আছে। এখানে একটী খোদিত মূর্ত্তির ওষ্ঠপ্রান্ত দিয়া ফোঁটা ফোঁটা জল পড়িতেছে, ঐ মূর্ত্তির উপরিভাগ পাথরের আচ্ছাদনে আবৃত।

স্বভাবতই নদীর গতি দক্ষিণপূর্ব্ববাহিনী। প্রথমে নাসিক জেলা অতিক্রম করিয়া, আহ্মদনগর ও নিজাম রাজ্যের সীমারূপে প্রবাহিত হইয়া, সিরোঞ্চা নামক স্থানে আসিয়া প্রাণহিতা নদীর সহিত মিলিত হইয়াছে। পরে বর্দ্ধা, পেনগঙ্গা ও বেণগঙ্গা নদী আসিয়া ইহার জলে মিশিয়াছে। সিরোঞ্চা হইতে যেখানে ইহা পূর্ব্বঘাটপর্ব্বত অতিক্রম করিতেছে, ইহার মধ্যবর্ত্তী নদীর দক্ষিণকূল নিজাম রাজ্যভুক্ত এবং উত্তরতীর উত্তরগোদাবরী জেলার সীমারূপে পরিণত। এই অংশে ইন্দ্রবতী, তাল ও শাবরী প্রভৃতি কয়েকটী শাখা নদী আছে। গোদাবরীর দক্ষিণকূলে প্রাচীন তেলঙ্গ রাজ্যের ধ্বংসাবশেষ আজও দেখিতে পাওয়া যায়। ধবলেশ্বর গ্রামের নিকট নদীতে একটী 'ব' দ্বীপ আছে। এখানে আনিকট বাঁধের দ্বারা জল ক্ষেত্রাদিতে সরবরাহ করা হয়। গোদাবরী সপ্তমুখের মধ্যে গৌতমী গোদাবরীই সর্ব্বাপেক্ষা বৃহৎ, ইহার কূলে ফরাসী অধিকারভুক্ত যনান নগর। সমুদ্রকূলে এই শাখার উপর কোরিঙ্গবন্দর। ইহারই অনতিদূরে কোকনাড়া

* গোদাবরীর পশ্চিম পারে রাজমহেন্দ্রবরমের সম্মুখে কবুরনামে একখানি গ্রাম আছে, প্রবাদ এইরূপ এইখানে মহর্ষি গৌতমের ক্ষেত্র ছিল। আশ্চর্য্যের কথা এই যে সেখানে ভাঁটা পড়িলে আজও গো-খুরের চিহ্ন দেখা যায়। কবুরের ৬ মাইল দূরে ব্রহ্মগিরি নামক একটী ক্ষুদ্র পাহাড় আছে।

(কাকনাড়া) বন্দর। নর্সপুরের নিকট বশিষ্ঠগোদাবরীর বৈনতেয়মু-গোদাবরী নামে শাখা নির্গত হইয়া সমুদ্রে প্রবাহিত হইয়াছে।

এই নদীর বামভাগে ভদ্রাচলম্ নগর। ইহার ১০০ শত মাইল উত্তরে রাজমহেন্দ্রী নগর। রাজমহেন্দ্রী নগর ও কোটিফলী গ্রাম গৌতমী শাখার উপর অবস্থিত।

ভিষক্ শাস্ত্রের মতে ইহার জলের গুণ—পথ্য এবং পিত্তার্ত্তি, রক্তার্ত্তি, বায়ু, পাপ, কুষ্ঠাদি দুষ্টরোগ ও তৃষ্ণানাশক। (রাজনি°)

গোদাবরী সাতভাগে বিভক্ত হইয়া বঙ্গোপসাগরে মিশিয়াছে, এই সাতভাগের নাম—তুল্যা, আত্রেয়ী, ভারদ্বাজী, গৌতমী, বৃদ্ধগৌতমী, কৌশিকী ও বশিষ্ঠা। কাকনাড়া হইতে ২ মাইল দূরে চোল্লঙ্গীগ্রামের নিকট তুল্যা বর্ত্তমান। এখানে চোলঙ্গীশ্বর মহাদেব আছেন। কোরিঙ্গ বন্দরের নিকট গোদাবরীর উত্তরতীরে আত্রেয়ীসঙ্গম। ধবলেশ্বরের অপর পারে বিজয়েশ্বর নামে একখানি গ্রামে বিজয়েশ্বর শিবলিঙ্গ আছে। ধবলেশ্বর ও বিজয়েশ্বর হইতে গোদাবরী দুই ভাগে বিভক্ত হইয়া সাগরাভিমুখে গমন করিয়াছে। উহার উত্তরভাগের স্রোতের নাম গৌতমী ও দক্ষিণদিকের স্রোত বশিষ্ঠা। গৌতমীর উত্তরভাগে যথাক্রমে তুল্যা, আত্রেয়ী ও ভারদ্বাজী নামে তিনটী শাখা, দক্ষিণভাগ হইতে বৃদ্ধগৌতমী এবং বশিষ্ঠার বামতীর হইতে কৌশিকী নামে শাখা প্রবাহিত হইয়া সাগরে মিশিয়াছে, ঐ সপ্তশাখা সপ্তগোদাবরী নামে খ্যাত। যেখানে এই সপ্তশাখা মিলিত হইয়াছে, তাহার নাম সপ্তগোদাবরী-সাগরসঙ্গম। ভাগীরথীর সাগরসঙ্গম যেমন মহাপুণ্যতীর্থ, সেইরূপ দাক্ষিণাত্যে সপ্তগোদাবরী সাগরসঙ্গম মহাপুণ্যপ্রদ বলিয়া বিখ্যাত।

গৌতমীমাহাত্ম্যে প্রত্যেক ভাগের মাহাত্ম্যও এইরূপ লিখিত আছে।—

তুল্যভাগা—চন্দ্র রোহিণীতেই আসক্ত ছিলেন, এজন্য অপর পত্নীগণের উত্তেজনায় দক্ষ কর্ত্তৃক অভিশপ্ত হইয়া ক্ষয়রোগ প্রাপ্ত হন। তিনি পাপমুক্তির জন্য বিষ্ণুর তপস্যা করেন। বিষ্ণু সন্তুষ্ট হইয়া তাঁহাকে তুল্যাসঙ্গমে স্নান করিতে আদেশ করেন। চন্দ্রও যথাবিধি তুল্যাসঙ্গমে স্নান করিয়া শাপমুক্ত হন। মাঘমাসের সোমবার অমাবস্যা হইলে তুল্যাসঙ্গমে স্নান করিয়া সোমেশ্বরের পূজা করিলে কোটীগুণ ফল হইয়া থাকে। এখানে মুণ্ডন, তর্পণ ও পিণ্ডদান করিলে দশ অশ্বমেধের ফল ও সহস্র জন্মের পাপ দূর হয়। (গৌতমীমা°)

আত্রেয়ী—আত্রেয় ঋষি গৌতমী হইতে যে নদী আনিয়াছিলেন, তাহাই আত্রেয়ী নামে খ্যাত। ইহার তীরে ঋষি ইন্দ্রত্ব লাভ করিবার জন্য মহাযজ্ঞ করিয়াছিলেন। এখানে মারীচ কুরঙ্গরূপে মহাদেবের তপস্যা করিয়াছিল *।

ভারদ্বাজী—পূর্ব্বকালে ভরদ্বাজ ঋষি গৌতমীর পূর্ব্বতীর হইতে ঋষিকুল্যাকে আনিয়া তাহার তীরে তপস্যা করিয়াছিলেন, সেইজন্য ইহার নাম ভারদ্বাজী হইয়াছে। ইহার অপর নাম রেবতীসঙ্গম। ভরদ্বাজের রেবতীনামে এক অতি-কুৎসিতা ভগিনী থাকে, বয়স্থা হইলেও কেহই তাহাকে বিবাহ করিতে চায় নাই। একদিন ভরদ্বাজ আশ্রমে বসিয়া ভগিনীর বিবাহের বিষয় ভাবিতেছেন, এমন সময় কঠ নামে এক সুন্দর ব্রাহ্মণকুমার আশ্রমে আসিয়া তাঁহার শিষ্য হইবার জন্য প্রার্থনা করিলেন। ঋষিবর তাহাকে শিষ্যরূপে গ্রহণ করিয়া সমস্ত বিদ্যা শিখাইলেন। পাঠান্তে কঠ গুরুদক্ষিণা দিবার জন্য প্রার্থনা করিলে ভরদ্বাজ তাঁহাকে আদর করিয়া বলিলেন, 'তুমি এই কন্যাকে বিবাহ কর, তাহা হইলেই গুরুদক্ষিণা দেওয়া হইবে।' কঠ গুরুর আদেশ লঙ্ঘন করিতে পারিল না, সেই কুৎসিতা কামিনীর পাণিগ্রহণ করিল। পরে কঠ সেই ভার্য্যার সহিত ভারদ্বাজীসঙ্গমের নিকট শিবলিঙ্গপ্রতিষ্ঠাপূর্ব্বক বেদোক্ত স্তবে মহাদেবের আরাধনা করিল। মহাদেব দেখা দিয়া তাহাকে সস্ত্রীক ভারদ্বাজীসঙ্গমে স্নান করিতে আদেশ করিয়া অন্তর্হিত হইলেন। তখন উভয়ে সঙ্গমে অবগাহন করিল। স্নান করিয়া উঠিবামাত্র রেবতী সুশ্রী ও পরমা সুন্দরী হইল। স্নান করিয়া রেবতী সুন্দরী হইয়াছিল বলিয়া সঙ্গমের অপর নাম রেবতীসঙ্গম হইয়াছে। (গৌতমীমাহাত্ম্য।)

গৌতমীসঙ্গমের অপর নাম অহল্যাসঙ্গম। গৌতমীমাহাত্ম্যে লিখিত আছে—অহল্যা ব্রহ্মার কন্যা, অতি সুন্দরী, তেমন রূপ আর কাহারও ছিল না। ইন্দ্রাদি দেবগণ সকলেই তাঁহার করপ্রার্থী হইয়াছিলেন, কিন্তু ব্রহ্মা গৌতমকে উপযুক্ত পাত্র স্থির করিয়া তাঁহাকেই আপন কন্যারত্ন সম্প্রদান করেন। গৌতম অহল্যাকে লইয়া ব্রহ্মগিরি আশ্রমে পরমসুখে থাকেন। ইন্দ্র অহল্যার রূপে মুগ্ধ হইয়া কু-অভিপ্রায়ে আশ্রমের নিকট অবস্থান করিতে লাগিলেন। একদিন তিনি গৌতমের রূপ ধরিয়া অহল্যার সহবাস করিলেন। ঘটনাক্রমে সেই সময়ে গৌতম সশিষ্যে আশ্রমে উপস্থিত হইলেন। ইন্দ্র গৌতমের ভয়ে বিড়ালরূপ ধরিয়া অপেক্ষা করিতে লাগিলেন। গৌতম গৃহে প্রবেশ করিয়া অহল্যার হাবভাব দেখিয়া ক্রুদ্ধ হইয়া কহিলেন, 'পাপীয়সি! তুই এ কি করিয়াছিস্।' পরে সেই বিড়ালকে দেখিয়া বলি-

* এই কুরঙ্গ হইতে বর্ত্তমান কোরিঙ্গবন্দরের নামকরণ হইয়াছে।

লেন, 'তুই কে? সত্য বল, নহিলে এখনি তোকে ভস্ম করিব।' তখন মার্জ্জাররূপী ইন্দ্র ভয়ে কৃতাঞ্জলিপুটে কহিলেন, 'আমি মায়ায় বিমুগ্ধ হইয়া এই পাপকার্য্য করিয়াছি, আপনার শরণাপন্ন হইলাম, আমাকে রক্ষা করুন।' ঋষি ইন্দ্রকে এই বলিয়া অভিসম্পাত করিলেন, 'পাপের প্রতিফলস্বরূপ তোর শরীরে হাজার ভগ হইবে।' পরে অহল্যাকে কহিলেন, 'পাপীয়সি তুইও অতি কুৎসিত হ।' তখন অহল্যা কাঁদিতে কাঁদিতে বলিলেন, 'স্বামিন্। এই পাপিষ্ঠ আপনার রূপে মোহিত করিয়া আমার সর্ব্বনাশ করিয়াছে, আমি পাপিনী নহি। আমাকে ক্ষমা করুন।' তখন গৌতম ধ্যানযোগে সমস্ত অবগত হইয়া পুনরায় কহিলেন, 'অহল্যে! তুমি নদীরূপে প্রবাহিত হইয়া আমার সহিত পুনরায় মিলিত হইবে।' পরে ইন্দ্রকে পদে নিপতিত দেখিয়া বলিলেন, 'ইন্দ্র। তুমিও গৌতমীতে স্নান করিয়া পাপমুক্ত হইয়া সহস্রচক্ষু লাভ করিবে।' অহল্যা নদীরূপে পুনরায় পতির সহিত মিলিত হইলেন। ইন্দ্রও সেই অহল্যাসঙ্গমে স্নান করিয়া সহস্রচক্ষুলাভ করেন, তদবধি ঐ সঙ্গমের আর একটী নাম ইন্দ্রতীর্থ হইল। ঐ সঙ্গমস্থলে এখন তীর্থলমণ্ডী নামক গ্রাম দৃষ্ট হয়।

বৃদ্ধগৌতমীর নামোৎপত্তি সম্বন্ধেও গৌতমীমাহাত্ম্যে এইরূপ লিখিত আছে—"মহর্ষি গৌতম এক বৃদ্ধাকে বিবাহ করেন। একদিন বশিষ্ঠের আশ্রমে উপস্থিত হইলে বৃদ্ধাকে দেখিয়া একজন বলিল, 'ওহে গৌতম! এই বৃদ্ধা দ্বারা তোমার পুত্রোৎপাদনের সম্ভাবনা নাই।' তাহা শুনিয়া অগস্ত্য গৌতমকে বলিলেন, 'গৌতমী নামে তোমারই আনীত নদী রহিয়াছে, তাহার তীরে বৃদ্ধার সহিত ঈশ্বরারাধনা করিলে তোমার মনস্কাম সিদ্ধ হইবে।' তাহা শুনিয়া গৌতম গৌতমীতীরে আসিয়া শিব, গঙ্গা ও বিষ্ণুর আরাধনা করিতে লাগিলেন। সাক্ষাৎ গঙ্গা দেখা দিয়া উভয়ের অঙ্গে পবিত্রবারি সেচন করিলেন, তাহাতে উভয়েই অতি সুন্দরকান্তি প্রাপ্ত হইলেন। গঙ্গা কর্ত্তৃক অভিষিক্ত সেই জল নদীরূপে বহিয়া সাগরে গিয়া মিলিত হয়, তাহাই বৃদ্ধগৌতমী নামে খ্যাত। গৌতমঋষি ইহার তীরে বৃদ্ধেশ্বর নামে শিবলিঙ্গ স্থাপন করেন। স্বয়ং মহাদেব এই বৃদ্ধাসঙ্গমে স্নান করিয়া ব্রহ্মহত্যাজনিত পাপ হইতে মুক্ত হন। এখানে স্নান করিলে বন্ধ্যানারীরও পুত্ররত্ন লাভ করে।"

কৌশিকী—গৌতমীমাহাত্ম্যের মতে, বিশ্বামিত্র ব্রাহ্মণত্ব পাইবার উদ্দেশে বশিষ্ঠা হইতে কুল্যা নামে নদী আনিয়া তাহার তীরে তপস্যা করেন। কৌশিক কর্ত্তৃক আনীত বলিয়া উহা কৌশিকী নামে বিখ্যাত। ইহার উভয় তীরে পুণ্যপ্রদ রামেশ্বরক্ষেত্র ও লক্ষ্মণেশ্বরক্ষেত্র আছে। এখানে রামলক্ষ্মণ উভয়েই শিবলিঙ্গ স্থাপন করিয়াছিলেন।

বশিষ্ঠ গৌতমী হইতে কুল্যা আনিয়া তাহার তীরে তপস্যা করেন, এই জন্য তাহার নাম বশিষ্ঠাসঙ্গম। সাগর ও বশিষ্ঠার মধ্যে ত্রিকোণাকৃতি ভূভাগ অন্তর্ব্বেদী নামে খ্যাত। এখানে নরসিংহদেব * বিদ্যমান, ইহা বৈকুণ্ঠ সদৃশ পুণ্যভূমি। মাঘমাসে রবিবারে শুক্ল একাদশীতে বশিষ্ঠাসঙ্গমে স্নান করিয়া নৃসিংহদেবের পূজা করিলে মহাপাতক নষ্ট হয়।

গোদাবরী, মান্দ্রাজ প্রেসিডেন্সীর অন্তর্গত একটী জেলা। অক্ষাং ১৬° ১৫´ হইতে ১৭° ৩৫´ ও দ্রাঘিং ৮০° ৫৫´ হইতে ৮২° ৩৮´ পূঃ। ইহার উত্তরসীমা মধ্যপ্রদেশ ও বিশাখপত্তন, পূর্ব্বে বিশাখপত্তন ও বঙ্গোপসাগর, দক্ষিণে বঙ্গোপসাগর ও কৃষ্ণাজেলা এবং পশ্চিমে নিজামরাজ্য। ভূ-পরিমাণ ৭৩৪৫ বর্গমাইল।

সমুদ্রকূল হইতে ৩০ মাইল দূরে ধবলেশ্বরের নিকটে ঐ নদী দুইধারে দুইশাখায় প্রসারিত হইয়া মধ্যস্থলে 'ব' দ্বীপে পরিণত হইয়াছে। ইহার মধ্যে অমলাপুর তালুক ও কাকনাড়া জমিদারী এবং পশ্চিমে নর্সাপুর, ভীমাবরম্ ও তনুকু তালুক্। ঐ সকল 'ব' দ্বীপের ভূমি সমতল; কোথাও কোথাও জলা জমি আছে। 'ব' দ্বীপের শেষে পপিকোণ্ডা (৪২০০ ফিট উচ্চ) অধিত্যকায় আসিয়া পর্ব্বত দেখা যায়। রাজমহেন্দ্রীর নিকট ঐ নদীর বিস্তৃতি প্রায় ৩ মাইল হইবে। এই নদীর ভিতর দিয়া যে একবারেই নৌকায় যাওয়া যায় না তাহা নহে, তবে নদীগর্ভে স্থানে স্থানে বৃহৎ প্রস্তরখণ্ড থাকায় নদীর ভিতর দিয়া ব্যবসার জন্য কোন একটী সরল পথের সুবিধা করা দুঃসাধ্য।

গোদাবরী নদী বাহিয়া ত্রিশ মাইল উপরে যাইলে ধবলেশ্বরের বিখ্যাত "আনিকট" দেখা যায়। ইহার চার মাইল উত্তরে রাজমহেন্দ্রী নগর। আরও উত্তরাংশে পতপত্তেষিম নামক গ্রাম। এখানে অনেক মন্দিরাদি আছে। তীর্থযাত্রীরা সময়ে সময়ে এই স্থানে আসিয়া বাস করে। ইহার নিকটে পোলাবরম্ গ্রাম, এখানে বাহাদুরী কাষ্ঠ বিক্রয়ের জন্য একটী বড় বাজার আছে। এই নদীর কোরিঙ্গা শাখার উপরিস্থ তল্লরেবু গ্রামে জাহাজ ও নৌকাদি প্রস্তুত হইয়া থাকে। নদীগর্ভে ক্রমান্বয়ে বালুকার পলি পড়িয়া নদীমধ্যস্থ ক্ষুদ্র ক্ষুদ্র দ্বীপ ও সমুদ্রের উপকূলের আকার দিন দিন পরিবর্ত্তিত

* নরসিংহদেবের নাম হইতে বর্ত্তমান নর্সাপুরের নামকরণ হইয়াছে।

হইতেছে। জেলার কোলেরু হ্রদে অনেকগুলি ক্ষুদ্র দ্বীপ এবং কতকগুলি গ্রাম আছে। ঐ গ্রামে জেলিয়া জাতি বাস করে। মৎস্য ধরিয়া বিক্রয়ই তাহাদের একমাত্র উপজীবিকা, রম্পা ও ভদ্রাচলম্ বনবিভাগে আমলকী, ইটা, তেঁতুল, মধু ও গোম প্রচুর জন্মে। ব্যাঘ্র, চিতাবাঘ, হায়না, বন্যশূকর, কৃষ্ণসার মৃগ, হরিণ, নেকড়ে বাঘ, ভল্লুক এবং নানাজাতীয় পক্ষী দেখা যায়।

বর্ত্তমান গোদাবরী জেলা প্রাচীন দ্রাবিড় রাজ্যের আন্ধ্র-বিভাগের অন্তর্গত ছিল। ইহার উত্তরপশ্চিমে কলিঙ্গরাজ্য ও দক্ষিণপশ্চিমে বেঙ্গীরাজ্য। [বেঙ্গী, গাঙ্গেয়, পল্লব ও চোল দেখ।] ক্রমান্বয়ে বহুকাল ধরিয়া এই জেলা যুদ্ধক্ষেত্র-রূপে পরিণত ছিল। খৃষ্টীয় চতুর্দ্দশ শতাব্দীতে মুসলমানগণ দক্ষিণে আগমনের পূর্ব্বে চালুক্য ও নরপতিবংশীয় রাজগণ, রেড্ডিবাড় সর্দ্দারেরা ও পাহাড়ী বন্য জাতিরা সময়ে সময়ে বহুতর যুদ্ধ করিয়াছে। মুসলমান আক্রমণকারীদিগের সহিত হিন্দুরাজগণ যুদ্ধে পরাস্ত হইয়া (১৪৭১-৭৭ খৃষ্টাব্দের পরে) বশ্যতা স্বীকার করেন। পরে ১৫১৬ খৃষ্টাব্দে বিজয়নগররাজ কৃষ্ণরায় কিছু কালের জন্য মুসলমান কবল হইতে রাজ্য উদ্ধার করেন। ঐ সময়ে অন্যান্য হিন্দুরাজগণও স্বাধীনতা লাভ করিয়াছিলেন। ১৬৮৭ খৃষ্টাব্দে কুতুবশাহীগণের হস্ত হইতে এখানকার শাসনভার দিল্লীর মোগলসম্রাটের হস্তে অর্পিত হয়। অরঙ্গজেব বহু কষ্টে বিজাপুর ও গোলকুণ্ডার অধীশ্বরকে পরাজয় করিতে কৃতকার্য্য হইয়াছিলেন। ঐ সময় হইতেই এই জেলার শাসনভার রাজমহেন্দ্রীর নবাব আসফ্‌জার হস্তে অর্পিত হয়। ১৭৪৮ খৃষ্টাব্দে এই বিখ্যাত নিজামের মৃত্যু হইলে দাক্ষিণাত্যে ইংরাজ ও ফরাসী মধ্যে বিবাদ বাঁধে এবং এই সূত্রে ভারতে ফরাসীদিগের একেবারে অধঃপতন হয়। ১৭৫৩ খৃষ্টাব্দে এই জেলা ফরাসীদিগের অধীনে থাকে। ঐ বৎসরে মহারাষ্ট্রেরা আসিয়া জেলা লুট করিয়া যায়।

উক্ত বৎসরের পূর্ব্ব হইতেই এই জেলার মধ্যে ইংরাজ, ফরাসী ও ওলন্দাজদিগের কুঠী ছিল। ১৬১৯ খৃষ্টাব্দে ইংরাজেরা, ১৬৭৯ খৃঃ ফরাসীরা ও ১৬৬০ খৃঃ ওলন্দাজেরা মসুলিপত্তন নগরে কুঠী স্থাপন করেন। ১৬৬৮ খৃষ্টাব্দে ওলন্দাজেরা ঐ নগরের শাসনভার কাড়িয়া লয়। খৃষ্টীয় ১৭শ শতাব্দীতে ইংরাজেরা পত্তপলম্, বীরাবসরম্ ও মদপোল্লিয়ম্ নগরে এবং ১৮শ শতাব্দীতে ইঞ্জারম্ ও বন্দেমরলঙ্কায় কুঠী নির্ম্মাণ করেন। ১৬৫০ খৃষ্টাব্দে ওলন্দাজেরা পলকোলু, নর্সাপুর ও কাকনাড়ায় এবং ১৭৫০ খৃঃ অঃ, ফরাসীরা যনায়োন নগরের অধিকার পায়। ১৭৫৬ খৃষ্টাব্দে ফরাসীরা মদপোল্লিয়ম্, বন্দেমরলঙ্কা ও ইঞ্জারমের কুঠী বিনা যুদ্ধে দখল করেন। ১৭৫৯ খৃষ্টাব্দে কর্ণেল ফোর্ড ফরাসীদিগকে কোণ্ডোরে পরাস্ত করেন। ইহার পর নর্সাপুর ও মসুলিপত্তন নগর অবরোধ করিয়া সমগ্র সরকারই ইংরাজহস্তে আইসে। ১৭৬৫ খৃষ্টাব্দে রাজকীয় সনন্দ বলে ইংরাজের অধিকার দৃঢ়ীভূত হয়। ১৮২৩ খৃষ্টাব্দ পর্য্যন্ত ইংরাজেরা উত্তর সরকারের জন্য নিজামকে বৎসর বৎসর কর দিতেন। ১৭৯৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত উক্ত রাজ্যের শাসনকার্য্য ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর প্রাচীন নিয়মে একজন চিফ ও প্রভিন্সিয়াল কৌন্সিল দ্বারা পরিচালিত হইত। পোলাবরম্ ও গুটলার বিদ্রোহদমনের সময় উক্ত নিয়মে বিশেষ অসুবিধা ঘটিলে মসুলিপত্তনে একজন কালেক্টর নিযুক্ত হন। ১৮৫৯ খৃষ্টাব্দে জেলার সীমা জরিপের সময় গুণ্টুর, রাজমহেন্দ্রী ও মসুলিপত্তন, কৃষ্ণা ও গোদাবরী জেলার অন্তর্ভুক্ত হইয়া পড়ে। ১৮৭৪ খৃষ্টাব্দে জেলার ভদ্রাচলম্ ও রেকপিল্লী তালুক মধ্যপ্রদেশের অন্তর্নিবিষ্ট করা হয়।

১৮৩২ খৃষ্টাব্দে এখানে ভয়ানক ঝড় হয়। ইহাতে সমুদ্রের জল কোরিঙ্গানগর ও তন্নিকটবর্ত্তী গ্রাম পর্য্যন্ত আসিয়া একবারে গ্রামটীকে জনমানববিহীন করিয়া ফেলে। পুনরায় ১৮৩৯ খৃষ্টাব্দে ১৬ই নবেম্বরের ঝড়ে কাকনাড়া, কোরিঙ্গা, তল্লরেবু ও নীলপল্লীর অধিকাংশ নষ্ট হইয়া যায় এবং সমুদ্রতীরবর্ত্তী অনেক জাহাজও জলমগ্ন হয়।

গোদুগ্ধ (ক্লী) গবাং দুগ্ধং ৬তৎ। গোরুর দুধ। [ইহার সাধারণ গুণ গোশব্দে দ্রষ্টব্য।] ভাবপ্রকাশে বর্ণ ভেদে গো-দুগ্ধের গুণ লিখিত আছে—কৃষ্ণবর্ণ গাভীর দুগ্ধের গুণ বায়ু-নাশক ও অতিশয় উপকারী। পীতবর্ণ গাভীর দুগ্ধের গুণ—পিত্ত ও বায়ুনাশক। শুক্লবর্ণ গাভীর দুগ্ধের গুণ—কফকারক ও গুরু পাক। রক্ত বা বিচিত্রবর্ণ গাভীর দুগ্ধের গুণ—বায়ুনাশক। বালবৎসা বা বৎসহীনা গাভীর দুগ্ধের গুণ—ত্রিদোষজনক। বাঁকলী বা অনেকদিনের প্রসূতা গাভীর দুগ্ধের গুণ—ত্রিদোষনাশক, তৃপ্তিকারক ও অতিশয় বল-কারী। যে সকল গাভী জাঙ্গলদেশ, অনুপদেশ বা পর্ব্বতে বিচরণ করে, তাহাদের দুগ্ধের গুণ—গুরু ও স্নিগ্ধ। যে সকল গাভী অল্প পরিমাণে আহার করে তাহাদের দুগ্ধের গুণ—গুরুপাক, বলকারী, অত্যন্ত শুক্রবৃদ্ধিকর এবং সুস্থ ব্যক্তি-দিগের পক্ষে উপকারী। যে সকল গাভী পলাল, তৃণ বা কার্পাস বীজ ভক্ষণ করে তাহাদের দুগ্ধ রোগীদের পক্ষে হিতকর। (ভাবপ্রকাশ)

গোদুগ্ধদা (স্ত্রী) গোর্দুগ্ধং দদাতি সম্পাদয়তি রা-ক। চণিকা-তৃণ। (রাজনি°)

গোদুগ্ধা (স্ত্রী) চণিকাতৃণ। (রাজনি°)

গোদুহ্ (ত্রি) গাং দোগ্ধি দুহ কিপ্ ৬তৎ। ১ গোদোহক, দোয়াল। "চিরং নিদধ্যৌ দুহতঃ সগোদুহঃ।" (মাঘ) ২ গোপ। "চেতোহস্মাকং গুণভেদ গুণং গোদুহাং।" (উদ্ধবদূ°)

গোদুহ (পুং) গাং দোগ্ধি গো-দুহ-ক। ১ গোদোহক। ২ গোপাল।

গোদোহ (পুং) গবাং দোহঃ ৬তৎ। ১ গোদোহন। "রুদ্রায়তনেন ভূমৌ-গোদোহাৎ।" (বৃহৎসং ২৬ অঃ) দুহ-কর্ম্মণি ঘঞ্ গোর্দোহঃ ৬তৎ। ২ গোদুগ্ধ। "হো গোদোহোদ্ভবং ঘৃতং।" (অমর) আধারে ঘঞ্। ৩ কালবিশেষ, গোদোহন করিতে যতটুক সময় লাগে। "ততো গোদোহমাত্রং তু কালং তিষ্ঠেদ্ গৃহাঙ্গনে।" (বিষ্ণুপু°) সংগ্রহকারগণ এক মুহূর্ত্তের আটভাগের একভাগকে গোদোহকাল বলিয়া স্থির করেন। "গোদোহনকালশ্চ মুহূর্ত্তাষ্টমভাগাত্মকঃ।" (আহ্নিকতত্ত্ব)

গোদোহন (ক্লী) গোর্দোহনং ৬তৎ। ১ গোরুদোহন। ২ গো দোহনকাল। "ন লক্ষ্যতে হ্যবস্থানমপি গোদোহনং ক্বচিৎ।" (ভাগবত ১।১৯।৩৭।)

গোদোহনী (স্ত্রী) গাবো দুহ্যন্তে হস্যাং গো-দুহ আধারে ল্যুট্ ঙীপ্। গোদোহনপাত্র, যাহাতে গোদোহন করা হয়।

গোদ্রব (পুং) দ্রবতি দ্রু-অচ্ গোর্দ্রবঃ ৬তৎ। গোমূত্র। (রাজনি°)

গোধন (ক্লী) গবাং ধনং সমূহঃ ৬তৎ। ১ গোসমূহ। (ত্রি) গৌরেব ধনমস্য বহুব্রী। ২ যাহার গোরূপ ধন আছে। (ক্লী) গৌরেব ধনং। ৩ গোরূপ ধন। (পুং) ধন-রবে ভাবে অচ্ গোর্ধনং রবইব ধনং রবো যস্য বহুব্রী। ৪ স্থূলাগ্রবাণ। চলিত কথায় তুক্কা বলে।

গোধন্য, চীনপরিব্রাজক বর্ণিত এক বিস্তৃত মহাদ্বীপ।

গোধর (পুং) গাং পৃথিবীং ধরতি ধর-অচ্। ১ পর্ব্বত। (শব্দার্থচি°)

২ প্রভাসখণ্ড বর্ণিত এক প্রাচীন পুণ্যতীর্থ, এখানে ভগবান্ গোপতি বিরাজমান।

গোধর্ম্ম (পুং) গোধর্ম্মঃ ৬তৎ। গোরুর ন্যায় অবিচারশূন্য মৈথুন। "গোধর্ম্মং সৌরভেয়াচ্চ সোধীত্য নিখিলং মুনিঃ।" (ভারত ১।১০৪ অঃ)

গোধা (স্ত্রী) গুধ্যতে পরিবেষ্ট্যতে বাহুরনয়া গুধ করণে ঘঞ্-টাপ্। ১ ধনুকের গুণাঘাতনিবারণার্থ বামপ্রকোষ্ঠনিবদ্ধ চর্ম্মনির্ম্মিত পট্টিকা। পর্য্যায়—তলা, জ্যাঘাতবারণ, তল। "তূণখড়্গাধরঃ শূরঃ বদ্ধগোধাঙ্গুলিত্রবান্।" (ভারত ৩।১৭।৩) গুধ-কর্ত্তরি-অচ্-টাপ্। ২ জন্তুবিশেষ, গোসাপ।

গোধাখ্য (পুং) গোধাসর্প, গোসাপ। চরকের মতে গোসাপের মত এক প্রকার সর্প।

গোধাঙ্ঘ্রি (স্ত্রী) গোধায়াইব অঙ্ঘ্রিঃ মূলমস্যাঃ বহুব্রী। গোধাপদী, গোয়ালে লতা। (ভরত)

গোধাপদিকা (স্ত্রী) গোধায়াইব পাদো মূলমস্যা বহুব্রী। সাঙ্গত্বাৎ ঙীষ্ পদ্ভাবঃ (কুম্ভপদ্যাদিষু চ। পা ৫। ৪। ১৩৯) ততঃ স্বার্থে কন্ টাপ্ পূর্ব্বহ্রস্বশ্চ। গোধাপদী লতা। (শব্দরত্ন°)

গোধাপদী (স্ত্রী) গোধায়াইব পাদো মূলমস্যাঃ বহুব্রী। স্বাঙ্গত্বাৎ ঙীষ্ পদ্ভাবশ্চ পূর্ব্ববৎ। লতাবিশেষ, চলিত কথায় গোয়ালিয়া (Cissus Pedata)। পর্য্যায়—সুবহা, হংসপদী, গোধাঙ্ঘ্রী, ত্রিফলা, ত্রিপদী, মধুসবা, হংসপাদী, হংসপাদিকা, হংসাঙ্ঘ্রি, রক্তপাদী, ত্রিপদা, ঘৃতমণ্ডিকা, বিশ্বগ্রন্থি, ত্রিপাদিকা, ত্রিপাদী, কীটমারী, কর্ণাটী, তাম্রপাদী, বিক্রান্তা, ব্রহ্মাদনী, পদাঙ্গী, শীতাঙ্গী, সূতপাদিকা, সঞ্চারিণী, পদিকা, প্রহ্লাদী, কীটপাদিকা, ধার্ত্তরাষ্ট্রপদী, গোধাপদিকা, বলী, দ্বিদলা, হংসবতী। ইহার গুণ—কটু, উষ্ণ, বিষ ও ভূতভ্রান্তিহর, অপস্মারদোষনাশক এবং রসায়ণ। (রাজনি°)

এই লতার মূল কিম্বা পত্রের সাদৃশ্যপক্ষে মতভেদ লক্ষিত হয়। কোন ভিষক্‌শাস্ত্রবেত্তার মতে ইহার পাতা গোধা বা হংসচরণের ন্যায় ত্রিদলবিশিষ্ট। আবার কেহ বলেন যে, ইহার পাতায় মূলেই গোধা বা হংসের পদসাদৃশ্য আছে এবং মূল হংসচরণের ন্যায় রক্তবর্ণ। পাতার সাদৃশ্য দেখিয়া এ দেশীয় চিকিৎসকগণ গোয়ালিয়া নামক লতাকেই গোধাপদী বলিয়া স্বীকার করেন। ইহা জাতি ভেদে তিনপ্রকার। যাহার বৃন্তস্থিত বৃন্তদ্বয়ে তিনটী করিয়া পাতা থাকে, তাহাকে চলিত কথায় ছয়আঙ্গুলে-গোয়ালে বলে। এতদ্দেশীয় চিকিৎসকগণ ইহাকেই প্রকৃত গোধাপদী বলেন। যে জাতীয় গোয়ালিয়ার কেবল এক বৃন্তে তিনটী করিয়া দল থাকে এবং প্রত্যেক দলের পাশে ক্ষুদ্র ক্ষুদ্র ছেদ দৃষ্ট হয় তাহাকে তিনপাতী বা ছোট গোয়ালে কহে। তৃতীয় জাতিকে বড় গোয়ালিয়া বলে। ইহার প্রত্যেক বৃন্তে এক একটী পাতা, দেখিতে ঢোল-কলমীর পাতার মত কিন্তু তদপেক্ষা কিঞ্চিৎ ক্ষুদ্র, গোলাকৃতি ও মলিনাভ। এই লতা বহুল গ্রন্থিযুক্ত ও অতিশয় বিস্তৃত হয়। ইহার ফল মটরাকৃতি, গুচ্ছভাবাপন্ন এবং পাকিলে কৃষ্ণবর্ণ হইয়া থাকে। এই জাতীয় আর এক প্রকার লতা আছে, তাহার মূল স্থূল ও হংসচরণের ন্যায় পীতবর্ণ এবং অন্ত লালবৎ পিচ্ছিল। পাতা প্রায় তদ্রূপ।

গোধায়স (ত্রি) গাং দধাতি গো-ধা বাহুলকাৎ অসুন্। যে গো ধারণ করে, গোধারক।

"গোধায়সং বি ধনসৈরদর্দঃ।" (ঋক্ ১০।৬৭।৭)

'গোধায়সং গোধারকম্।' (সায়ণ।)

গোধাবতী (স্ত্রী) গোধা তৎপদসাদৃশ্যং বিদ্যতে হস্যাঃ গোধা মতুপ্ মস্য বঃ ঙীপ্ চ। ১ গোধাপদী। ২ বটপত্রী।

গোধাবল্লী (স্ত্রী) গোধা সদৃশী লতা। গোধাবতী।

গোধাবীণাকা (স্ত্রী) গোধায়াশ্চর্ম্মণা নদ্ধা বীণা; হ্রস্বা গোধাবীণা, হ্রস্বার্থে কন্। গোধার চর্ম্মদ্বারা আবদ্ধ ক্ষুদ্রবীণা।

"গোধাবীণাকা কাণ্ডবীণাশ্চ পত্ত্র্যো বাদয়ন্ত্যপগায়ন্তি।"

(কাত্যা° শ্রৌ° ১২।৩।১৭)

গোধাস্কন্ধ (পুং) গোধেব স্কন্ধোঽস্য বহুব্রী। বিট্‌খদির।

গোধি (পুং) গৌর্নেত্রং ধীয়তে হস্মিন্ ধা-অধিকরণে কি। (কর্ম্মণ্যধিকরণে চ। পা ৩।৩।৯৩) ১ ললাল। (অমর ২।৬।৯২) গুধ্নাতি সহসা কুপ্যতি গুধ-ইন্ (সর্ব্বধাতুভ্যইন্। উণ্ ৪।১১৮) ২ গোধিকা, গোসাপ। (শব্দরত্নাবলী)

গোধিকা (স্ত্রী) গুধ্নাতি গুধ্-ণ্বুল্ টাপ্। ১ গোধা, গোসাপ। (অমর ১।১০।২২।) ২ একপ্রকার টিক্‌টিকি।

গোধিকাত্মজ (পুং) গোধিকায়া আত্মজঃ ৬তৎ। ১ গোসাপের ছানার ন্যায় আকৃতিবিশিষ্ট জন্তুবিশেষ, ইহারা বৃক্ষের কোটরে বাস করে। চলিত কথায় ইহাদিগকে তোক্কে বলে। মধ্যে মধ্যে ভয়ানক কঠোর শব্দ করে। এদেশীয় অনেকের বিশ্বাস যে ইহাদের যে কয়বৎসর বয়ঃক্রম হয়, ইহারা প্রত্যেকবার সেই কয়টী করিয়া শব্দ করিয়া থাকে। সারসুন্দরী ইহাকে তগী নামে উল্লেখ করিয়াছেন। পর্য্যায়—গৌধেয়, গৌধের ও গৌধার। ২ গোধার গর্ভে সর্পের ঔরসে উৎপন্ন জন্তুবিশেষ, চলিত কথায় স্থানবিশেষে সোণাগোসাপ বলিয়া থাকে। (শব্দার্থচি°) [গোধিকাপুত্র প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত হয়।]

গোধিনী (স্ত্রী) গোধঃ ক্রীড়াবিশেষো হস্ত্যস্যাঃ গোধ-ইনি। ক্ষবিকা, বৃহতীবিশেষ। (রাজনি°)

গোধীশ (পুং) দ্রোণপুষ্পী।

গোধূম (পুং) গুধ-বাহুলকাৎ উম্। গোধূম। (শব্দচন্দ্রিকা)

গোধূম (পুং) গুধ্যতে বেষ্ট্যতে ত্বগাদিভিঃ গুধ-উম (গুধেরুমঃ। উণ্ ৫।২) ১ নাগরঙ্গ, নারাঙ্গা। ২ ব্রীহিবিশেষ। সংস্কৃত পর্য্যায়—বহুদুগ্ধ, অপুপ, ম্লেচ্ছভোজন, যবন, নিস্তুষক্ষীর, রসাল ও সুমনসা। চলিত বাঙ্গালায় গম, গোম্ ও হিন্দিতে গেহুঁ; পারসী গুন্দুম্; আরবী হিন্তে; তামিল গোদুম্বি; তেলগু গোদুমলু; মলয় গন্দুম্; পঞ্জাবে খানক; গ্রীক পার্ভি; হিব্রু খিত্তা; ইতালীয় গ্রেনো (Grano); জর্ম্মন্ Weitzen; রুষ Pscheniz; সুইস Hvete; পর্ত্তুগীজ Trigo; ওলন্দাজ Tarw; দিনেমার Hvede; ফরাসী Froment, Bled; ইংরাজী Wheat; চীন লৈ, সিঅউমেট।

গম্ হইতে সকল দেশে ময়দা ও আটা প্রস্তুত হইয়া থাকে। পৃথিবীর নানাস্থানে এই শস্য জন্মে। য়ুরোপের আটলাণ্টিক্ মহাসাগরের উপকূলে ৩০° হইতে ৫০° অক্ষান্তরবর্ত্তী স্থানে, রকী পর্ব্বতের পশ্চিমে ও কতকাংশ উত্তরে, দক্ষিণ আমেরিকার পশ্চিমকূলে এবং উষ্ণকটিবন্ধের মধ্যবর্ত্তী সমতল ও উচ্চ ভূমিতে প্রচুর গোধূম উৎপন্ন হয়।

বেরার, কোএম্বাতোর ও ব্রহ্মদেশে অধিক পরিমাণে গম জন্মে। ঐ গম প্রতিবৎসর নানা দেশে রপ্তানি হইয়া থাকে। ভারতবর্ষে যে যে জাতীয় গমের চাস হইয়া থাকে, তাহাদের নাম;—

(১) Triticum vulgare, *Var.* hybernum শীতকালিক।

(২) T. vulgare, *Var.* æstivum বাসন্তিক।

(৩) T. Compositum মিসরদেশজাত।

(৪) T. Spelta—ফরাসীয়।

(৫) T. Monococcum, (এই গমের দানা অন্যান্য গমের ন্যায় দুইভাগ নহে।)

ইংলণ্ডে শরৎ ও বসন্তকালে পূর্ব্বোক্ত প্রথম দুইজাতীয় গমের চাস হইয়া থাকে। ভারতবর্ষে সকল প্রকার গমের চাস হয়। কার্ত্তিকমাসে অথবা মাঘমাসের প্রথমে শস্য বপন করে এবং বৈশাখমাসে উহা কাটিয়া লয়। পঞ্জাব প্রদেশে দুই প্রকার গমের শূঁয়া আছে, অপর জাতির সেরূপ নাই। উক্ত শূঁয়াযুক্ত গমের আটায় একের রুটী কাল ও অপরের কিছু হরিদ্রাবর্ণ হয়। এ ছাড়া কোন কোন গমের ময়দা ঈষৎ লালবর্ণেরও দেখা যায়।

পর্ব্বতের উপরে ১৩০০০ হইতে ১৫০০০ ফিট্ উচ্চ ভূমিতেও গম জন্মে। কাপ্তেন ওয়েব সাহেব হিমালয় পর্ব্বতের দক্ষিণ ঢালুর ১২০০০ ফিট্ উপরে গমের চাস দেখিয়াছিলেন। স্পিতি উপত্যকার লাডা ও লদঙ্গ নামক স্থানে ১৩০০০ ফিট্ উচ্চ স্থানে এবং সিন্ধুনদের নিকটবর্ত্তী উপত্যকার মধ্যে উগসী ও চিম্‌রা নামক স্থানে ১১০০০ হইতে ১২০০০ ফিট্ উচ্চ ভূমিতে গমের চাস হয়। উত্তরপশ্চিমপ্রদেশে সমধিক শাদা একপ্রকার গম জন্মে, তাহাকে 'দাদ্‌ঘানি' বলে। শতদ্রুনদীর উভয়কূলে এবং তত্তীরবর্ত্তী জলসিক্ত বালুকাময় ভূমিতে এই গমের চাষ আছে। মূলতানের গমে শূঁয়া নাই, রাজপুতনা ও সিন্ধু প্রদেশে এই গম রপ্তানী

হইয়া থাকে। অযোধ্যা প্রদেশে শফেদ, মোরিলবা (শুঁয়াহীন) রমোদবা ও লালিয়া এই চারিজাতীয় গমের চাষ দেখা যায়। সম্বলপুর জেলায় অধিক গম জন্মে। ঐ গমের ময়দায় ভাল রুটী প্রস্তুত হয়। জব্বলপুর, নরসিংহপুর ও হোসেঙ্গাবাদে, মান্দ্রাজ প্রেসিডেন্সী ও ব্রহ্মরাজ্যে প্রচুর পরিমাণে গম উৎপন্ন হয়। বোম্বাই প্রদেশের গম অপেক্ষাকৃত শাদা এবং কাঠিয়াবাড় জেলার উৎপন্ন গম হইতে ভারী। ইহা হইতে অধিক পরিমাণে সুজি ও ময়দা প্রস্তুত হইয়া থাকে। কাঠিয়াবাড়ের গমের ময়দা কিছু কাল হয়।

পরীক্ষায় প্রতিপন্ন হইয়াছে, ভারতের গম পৃথিবীর অপর সকল স্থানের গম অপেক্ষা উৎকৃষ্ট। এই জন্য এখান হইতে প্রতিবর্ষে প্রায় সাতকোটী টাকার গম বিলাতে রপ্তানী হয়।

চীনদেশেও গমের প্রচুর ব্যবহার দেখা যায়। হো-নন, শেন-সি, শান-সি, শান-তুঙ্গ ও পে-চি-লী নামক স্থানে শীতকালে কোথাও বা বসন্তে ইহার চাস হইয়া থাকে।

য়ুরোপীয় চিকিৎসকের মতে ইহার গুণ—স্নিগ্ধ ও বলকর। রক্তপিত্ত রোগে ও দৈহিক প্রদাহে ইহার প্রলেপ বিশেষ স্নিগ্ধকর। বিষ খাইলে ময়দা ও জলের সহিত পারদ, তাম্র, দস্তা, রূপা, লৌহ ও আয়োডাইন মিশাইয়া সেবন করাইলে বিষের প্রতিকার হয়। মসিনার সহিত অথবা শুধু ময়দায় ক্ষতস্থানে পুলটিস্ দেওয়া যাইতে পারে। ডাক্তারখানায় একপ্রকার ময়দায় রুটী পাওয়া যায়, উহাতে ঔষধ মিশাইয়া বড়ী ও জল মিশাইলে পুলটিস্ হয়। [ময়দা দেখ।]

বৈদ্যকশাস্ত্রের মতে, ইহার গুণ—স্নিগ্ধ, মধুর, বাত, পিত্ত ও দাহনাশক, গুরুপাক, শ্লেষ্ম, মত্ততা, মল, রুচি ও বীর্য্যকারক। (রাজনি॰) বৃংহণ, জীবনের হিতকারক, শীতবীর্য্য, ভগ্নসন্ধান ও ধৈর্য্যকারী এবং সারক। (রাজবল্লভ) ভাবপ্রকাশে লিখিত আছে যে, গোধূম তিন প্রকার—মহাগোধূম, মধুলী ও নান্দীমুখ। মহাগোধূম এই দেশে বড়গোধূমা নামে প্রসিদ্ধ, ইহা পশ্চিম দেশ হইতে আনীত হয়। ইহা অপেক্ষা মধুলী গোধূম কিছু ছোট, ইহা মধ্যদেশ বা প্রয়াগ প্রদেশের পশ্চিম হইতে আনীত হয়। নান্দীমুখ গোধূম শুঁয়াবিহীন ও দীর্ঘাকৃতি।

মহাগোধূমের গুণ—মধুর রস, শীতবীর্য্য, বাতঘ্ন, পিত্তনাশক, বলকারক, স্নিগ্ধ, ভগ্নসন্ধানকারক, ওজোধাতু বৃদ্ধিকর, শরীরের উপচয়কারক, বর্ণপ্রসাদক, ব্রণের হিতকর, রুচিকারক ও শরীরের স্থিরতাসম্পাদক। নূতন গোধূমে কফবৃদ্ধি করে, কিন্তু পুরাণ হইলে আর তাহাতে কফবৃদ্ধি হয় না। এই কারণেই বাগ্‌ভট বসন্ত চর্য্যায় পুরাতন গোধূম খাইবার ব্যবস্থা করিয়াছেন।

মধুলী গোধূমের গুণ—শীতবীর্য্য, স্নিগ্ধ, পিত্তনাশক, মধুর রস, লঘুপাক, শুক্রবর্দ্ধক, শরীরের উপচয়কারক ও সুপথ্য।

নান্দীমুখ গোধূমের গুণ—মধুলী গোধূমের সমান।

(ভাবপ্রকাশ পূর্ব্বখ॰ ১ ভাগ)

গোধূমক (পুং) গোধূমইব কং শিরোযস্য বহুব্রী। সর্পবিশেষ। (সুশ্রুত)

গোধূমচূর্ণ (ক্লী) গোধূমস্য চূর্ণং ৬তৎ। চূর্ণীকৃত গোধূম, ময়দা। "শুষ্কগোধূম চূর্ণেন কিঞ্চিৎ পুষ্টাঞ্চ রোটিকাম্।" (ভাবপ্রকাশ)

গোধূমসম্ভব (ক্লী) সম্ভবত্যস্মাৎ সং ভূ অপাদানে অপ্ গোধূমঃ সম্ভবো যস্য বহুব্রী। সৌবীর কাঞ্জিকবিশেষ। (রাজনি॰)

গোধূমসার (পুং) গোধূমস্য সারঃ ৬তৎ। গোধূমের সারাংশ, গোমের পালো। প্রস্তুতপ্রণালী—গোধূমগুলি ভালরূপে নির্দ্দোষ করিয়া উদূখলে চূর্ণ করিবে। সন্ধ্যার অব্যবহিত পূর্ব্বে ঐ চূর্ণগুলি মৃত্তিকাপাত্রে ভিজাইয়া রাখিবে, পরদিন প্রত্যূষে উপরের জল ফেলিয়া রৌদ্রে শুকাইয়া লইবে। ইহাকেই গোধূমসার বলে। (পাকরাজেশ্বর)

গোধূমী (স্ত্রী) গাং ধূময়তি ধূম ণিচ্-অণ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। গোলোমিকা। (রাজনি॰) পশ্চিমদেশে চলিত কথায় পাথুরি বলে।

গোধূলি (স্ত্রী) গবাং ক্ষুরোত্থিতা ধূলিঃ। কালবিশেষ। জ্যোতিষশাস্ত্রে লিখিত আছে যে, গোধূলি লগ্ন সকল কার্য্যেই প্রশস্ত। ইহাতে নক্ষত্র, তিথি, করণ, লগ্ন, বার, যোগ ও জামিত্রাদি দোষের চিন্তা করিতে হয় না, গোধূলি সমস্ত দোষ বিনাশ করে (১)। লল্লাদি জ্যোতির্বেত্তাগণের মতে শুভদিন বা শুভলগ্নের অভাবে অগত্যা গোধূলিতে অপরিহার্য্য কার্য্য করিতে পারে। কিন্তু শুভলগ্ন পাইলে গোধূলিতে কার্য্য করিতে নাই, করিলে অমঙ্গল হয় (২)।

নারদের মতে পূর্ব্বদেশ ও কলিঙ্গদেশবাসীগণের পক্ষে গোধূলি শুভপ্রদ। গোধূলিতে গন্ধর্ব্বাদি বিবাহ ও বৈশ্যের

(১) "নাস্তামুক্ষং ন তিথিকরণং নৈব লগ্নস্য চিন্তা
নো বা বারো নচ লববিধির্নো মুহূর্ত্তস্য চর্চ্চা।
নো বা যোগো ন মৃতিভবনং নৈব জামিত্রদোষো
গোধূলিঃ সা মুনিভিরুদিতা সর্ব্বকার্য্যেষু শস্তা।" (মুহূর্ত্তচি॰)

(২) "লগ্নং যদা নাস্তি বিশুদ্ধমন্যদ্ গোধূলিকাং সাধু তদা বদন্তি।
লগ্নে বিশুদ্ধে সতি বীর্য্যযুক্তে গোধূলিকা নৈব ফলং বিধত্তে।" (লল্ল)

বিবাহই দিবে (৩)। দৈবজ্ঞমঙ্গলের মতে শূদ্রের পক্ষেই গোধূলি প্রশস্ত। দ্বিজগণের প্রশস্ত নহে (৪)।

গোধূলি সময়ের নিরূপণ লইয়া জ্যোতিষশাস্ত্রে মতামত লক্ষিত হয়। কোন কোন জ্যোতির্ব্বিদের মতে সূর্য্যবিম্বের অর্দ্ধেক অস্তমিত হইলে পর দুইদণ্ড সময়কে গোধূলি বলে। আবার কোন জ্যোতিষিক বলেন যে, সূর্য্যবিম্বের তিন ভাগের দুই ভাগ অদৃশ্য হইলে পর দুইদণ্ড সময়কে গোধূলি বলিতে পারা যায় (৫)। মুহূর্ত্তচিন্তামণির টীকাকার বলেন যে, এই দুই মতই দেশভেদে ও আচারভেদে আদরণীয়। মুহূর্ত্ত-চিন্তামণির মতে হেমন্ত ও শীত ঋতুতে সূর্য্য পিণ্ডাকৃতি হইলে গোধূলি হয়। এই প্রকার চৈত্র, বৈশাখ, জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে সূর্য্য অর্দ্ধাস্ত এবং শ্রাবণ, ভাদ্র, আশ্বিন ও কার্ত্তিক মাসে সূর্য্যমণ্ডল সংপূর্ণ অস্তমিত হইলে গোধূলি হইয়া থাকে (৬)।

মুহূর্ত্ত চিন্তামণির মতে বৃহস্পতিবারে সূর্য্য অস্ত হইলে এবং শনিবারে সূর্য্য থাকিতে গোধূলি শুভপ্রদ। গোধূলি সময়ের লগ্ন হইতে অষ্টমে বা ষষ্ঠে চন্দ্র থাকিলে সেই গোধূলিতে বিবাহ দিলে কন্যার মৃত্যু হয়। লগ্নে বা অষ্টমে মঙ্গল থাকিলে বরের মৃত্যু হয় এবং চন্দ্র একাদশ বা দ্বিতীয় রাশিতে থাকিলে বর ও কন্যার নানাবিধ সুখ হইয়া থাকে (৭)।

জ্যোতিষতত্ত্বের মতে অগ্রহায়ণ ও মাঘ মাসে গোধূলি যোগে বিবাহ করিলে কন্যা বিধবা হয়। ফাল্গুনে গোধূলিলগ্নে বিবাহে পুত্র, আয়ু ও ধনবৃদ্ধি হইয়া থাকে। এই প্রকার বৈশাখে শুভ ও প্রজাবৃদ্ধি, জ্যৈষ্ঠে বরের সম্মানবৃদ্ধি এবং আষাঢ়মাসে গোধূলি লগ্নে বিবাহে ধন, ধান্য ও পুত্রবৃদ্ধি হইয়া থাকে।

(৩) "প্রাচ্যানাঞ্চ কলিঙ্গানাং মুখ্যং গোধূলিকং স্মৃতম্।
গান্ধর্ব্বাদি বিবাহেষু বৈশ্যোদ্বাহেষু যোজয়েৎ॥" (নারদ)

(৪) "ঘটীলগ্নং যদা নাস্তি তদা গোধূলিকং শুভম্।
শূদ্রাদীনাং বুধাঃ প্রাহুর্নদ্বিজানাং কদাচন॥"(পীযূষধা॰ দৈবজ্ঞমঙ্গল)

(৫) "ষাবদ্দিনান্তে দিশি পশ্চিমায়াং
পশ্যেৎ তৃতীয়ং রবিবিম্বভাগম্।
তস্মাৎ পরং নাড়ীকযুগ্মমেকে
গোধূলিকালং মুনয়ো বদন্তি॥" (পীযূষধারা)

(৬) "গোধূলিং ত্রিবিধাং বদন্তি মুনয়ো নারীবিবাহাদিকে,
হেমন্তে শিশিরে প্রয়াতিমৃদুতাং পিণ্ডিকৃতে ভাস্করে।
গ্রীষ্মে হর্দ্ধাস্তমিতে বসন্তসময়ে ভানৌগতেঽদৃশ্যতাং
সূর্য্যে চাস্তমুপাগতে চ নিয়তং বর্ষাশরৎকালয়োঃ॥" (দীপিকা)

(৭) "মার্গে গোধূলিযোগে প্রভবতি বিধবা মাঘমাসে তথৈব,
পুত্রায়ুর্ধনযৌবনেন সহিতা কুম্ভে স্থিতে ভাস্করে।
বৈশাখে শুভদা প্রজা বলবতী জ্যৈষ্ঠে পতের্মানদা
আষাঢ়ে ধনধান্য-পুত্রবহুলা পাণিগ্রহে কন্যকা॥" (জ্যোতিষতত্ত্ব)

গোধেনু (স্ত্রী) গৌরেব ধেনুঃ। দুগ্ধবতী গাভী। (সংক্ষিপ্তসার)

গোধের (ত্রি) গুধ বাহুলকাৎ এরক্। রক্ষক। (উণাদিকোষ)

গোধেরক (ত্রি) গোধের স্বার্থে কন্। ১ রক্ষক। (পুং) গোধের সংজ্ঞায়াং কন্। ২ চতুষ্পদ সর্পবিশেষ।

"সর্পো গোধেরকো নাম গোধাখ্যঃ স্যাচ্চতুষ্পদঃ।
কৃষ্ণসর্পেণ তুল্যঃ স্যান্নানাস্থ্য র্মিশ্রজাতয়ঃ॥" (চরক)

গোধ্র (পুং) গাং ভূমিং ধরতি গো ধৃ-মূলবিভুজাদিত্বাৎ কঃ। ভূধর, পর্ব্বত।

গোধ্রা, গুজরাটের পাঁচমহল জেলার গোধ্রা উপবিভাগের অন্তর্গত প্রধান নগর। অক্ষা॰ ২২° ৪৬´ ৩০´´ উঃ, দ্রাঘি॰ ৭৩° ৪০´ পূঃ। এখানে জেলার সদর কাছারী, দেওয়ানী আদালত, ডাকঘর, কারাগার ও ঔষধালয় আছে। ইহার পার্শ্বেই বিস্তৃত ধান্যক্ষেত্র দৃষ্ট হয়।

গোনন্দ (পুং) ১ কার্ত্তিকের গণবিশেষ। ২ কাশ্মীরের এক রাজা, গোনর্দ্দ নামে পরিচিত। [কাশ্মীর দেখ।] ৩ মৎস্য, বামন ও মার্কণ্ডেয়পুরাণোক্ত জনপদবিশেষ।

গোনন্দন, সূক্তিকর্ণামৃত ধৃত একজন কবি।

গোনন্দী (স্ত্রী) গবি জলে নন্দতি নন্দ-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। সারসপাখী। (হারাবলী)

গোনর্দ্দ (পুং) গবি জলে নর্দ্দতি নর্দ্দ-অচ্। ১ সারসপক্ষী। (মেদিনী) ২ দেশবিশেষ। বৃহৎসংহিতার কূর্ম্মবিভাগে দক্ষিণদিকে এই দেশের উল্লেখ আছে। মহাভাষ্যকার পতঞ্জলির জন্মস্থান। সম্ভবতঃ গোণ্ডবানা প্রদেশ।

"আকরবেণাবন্তকদশপুরগোনর্দ্দকেরলাঃ।"(বৃহৎ সং ১৪।১২)

রেবাখণ্ডেও এই জনপদের বর্ণনা আছে।

(ক্লী) ৩ কৈবর্ত্তমুস্তক, চলিত কথায় কেউটে মুথা বলে।

২ কাশ্মীরের একজন রাজা। (হরিবংশ ৯১ অঃ) (পুং) গবি বৃষে নর্দতে নর্দ্দ-অচ্। ৫ মহাদেব। (ভারত ১২।২৮৬ অঃ)

৬ এক প্রাচীন গ্রন্থকার, মল্লিনাথ ইঁহার কৃত কামশাস্ত্র উদ্ধৃত করিয়াছেন ও মহাভাষ্যে ইঁহার ব্যাকরণের উল্লেখ আছে।

গোনর্দ্দীয় (পুং) গোনর্দ্দে দেশভবঃ গোনর্দ্দ-ছ। (এঙপ্রাচাং দেশে। পা ১।১।৭৫।) ১ পতঞ্জলি মুনি। (হেম) বাৎস্যায়ন ও মল্লিনাথ গোনর্দ্দীয় নামে এক কামশাস্ত্রকারের উল্লেখ করিয়াছেন। (ত্রি) ২ গোনর্দ্দদেশোৎপন্ন।

গোনস (পুং স্ত্রী) গোরিব নাসিকাযস্য বহুব্রী, অচ্ নাসিকায়া নসাদেশশ্চ। (অঞ্চনাসিকায়াঃ সংজ্ঞায়াং নসং চাস্থূলাৎ। পা ৫।৪।১১৮) ১ সর্পবিশেষ, বোড়াসাপ, চক্রবোড়া। পর্য্যায়—তিলিৎস, গোনাস, ঘোনস, মণ্ডলী, বোড্র। [বোড়া দেখ।]

(পুং) ২ বৈক্রান্তমণি। (রাজনি°)

গোনসী (স্ত্রী) গোনসস্তদাকারো হস্ত্যস্যাঃ গোনস-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। ঔষধবৃক্ষবিশেষ। গোনস সাপের গায়ের মণ্ডলাকার কৃষ্ণবর্ণ চিহ্নযুক্ত রক্তাভপত্রবিশিষ্ট মূলপ্রধান বৃক্ষকে গোনসী বলে, চলিত কথায় বোড়াচক্র। সুশ্রুতে লিখিত আছে—ইহা কৃষ্ণবর্ণ মণ্ডলযুক্ত, মূলজাত ও দুইটী পত্রবিশিষ্ট হইয়া থাকে। ইহার রঙ্ লাল, দুই অরত্নি বা প্রায় দেড়হাত লম্বা হইয়া থাকে। ইহা দেখিতে গোনসাকৃতি। (সুশ্রুত চিকিৎসিত° ৩° অঃ)

গোনাগোষ্ঠী (গণগোষ্ঠী শব্দজ) পূর্ব্বপুরুষ বা বংশ হইতে ঠিক গণা।

গোনাড়ীক (পুং) চঞ্চুশাক। স্থলবিশেষ গোনাড়ীক স্থলে গোনাড়ীচ বলে।

গোনাথ (পুং) গোর্নাথঃ ৬তৎ। ১ বৃষ। (রাজনি°) ২ ভূমিপতি। ৩ গোস্বামী।

গোনায় (পুং) গাং নয়তি নী-অণ্। ১ গোপ। (শব্দার্থচিঃ) "তদ্‌যথা গোনায়োঽশ্বনায়ঃ—পুরুষনায়ঃ।" (ছান্দ° উপ°) 'গোনায়ঃ গোপালকঃ।' (ভাষ্য)

গোনাস (পুং) গোর্নাসা ইব নাসাযস্য বহুব্রী। ১ গোনসসর্প। (হেম° ৪। ৩৭২) (ক্লী) গোর্নাসাইব আকৃতির্যস্য বহুব্রী। ২ বৈক্রান্তমণি। (রাজনি°)

গোনিকোপ্পল, কোড়গ প্রদেশের অন্তঃপাতি একটী নগর।

গোনিক্রমণ, একটী পুণ্যতীর্থ। বরাহপুরাণে ১৪১ অধ্যায়ে ইহার মাহাত্ম্য বর্ণিত আছে।

গোনিবালা, বোম্বাইপ্রদেশবাসী মুসলমান শস্যবিক্রেতা, ইহাদের আচার ব্যবহার শেখদিগের মত। [শেখ দেখ।]

গোনিষ্যন্দ (পুং) গোর্নিষ্যন্দতে নিষ্যন্দ অচ্ ৫তৎ। গোমূত্র, চোনা। (রাজনি°)

গোনুপল্লী, মান্দ্রাজ প্রেসিডেন্সীর নেল্লুর জেলার রাপুর তালুকের অন্তর্গত এক গ্রাম। রাপুর হইতে ৫ ক্রোশ উত্তর-পশ্চিমে অবস্থিত। এখানে পুরাতন বিষ্ণুমন্দির আছে, ইহার নিকটবর্ত্তী পাহাড়ের উপরি পিঙ্কলকোণ মন্দিরে প্রতি বৎসর এক মেলা হয়। তাহার প্রায় একক্রোশ পূর্ব্বে প্রাচীন দুর্গের ধ্বংসাবশেষ দৃষ্ট হয়।

গোন্দোলি, সাতারা জেলায় মান নদী হইতে নিঃসৃত একটী বিস্তৃত খাল। ১৮৬৭ হইতে ১৮৭২ পর্য্যন্ত এই খাল কাটা হয়। গোন্দোলি গ্রাম হইতে ইহার নামকরণ হইয়াছে।

গোন্ধলগার (গোন্ধলী) বোম্বাইপ্রদেশবাসী মরাঠা জাতিবিশেষ। গোন্ধল নাচ করিয়া জীবিকানির্ব্বাহ করে বলিয়া ইহাদের গোন্ধলগার বা গোন্ধলী নাম হইয়াছে। ইহাদের উপাধি—গরোড়, গুরু, পচঙ্গি, বুগড়ে। ইহাদের গঠন লম্বা ও দৃঢ়কায়। সকলেই অপরিষ্কার ও কদর্য্য খড়োঘরে থাকে। কাঙ্গ্‌নিদানা নিত্য আহার করে। পর্ব্বদিনে মিষ্টান্ন ও মাংস খায়। মাদক সেবনে সকলেই পটু। ইহাদের পুরুষেরাও কানে পিত্তলের মাকড়ি পরে। ইহাদের গুরু নাই, তবে কোন কোন ব্রাহ্মণ ইহাদের পৌরোহিত্য করে।

সন্তান ভূমিষ্ঠ হইলেই তাহার নাড়ী কাটিয়া ফেলে ও গৃহস্থ জ্ঞাতিভোজ দেয়। ৭ম দিনে শিশুর নামকরণ ও দোলারোহণ হয়। তারপর বিবাহ পর্য্যন্ত আর কোন উৎসব নাই। ইহাদের বিবাহের পূর্ব্বদিন বরকন্যায় গাত্রহরিদ্রা হয়। বিবাহকালে গ্রামস্থ গ্রহবিপ্র আসিয়া বরকে পূর্ব্বমুখে ও কন্যাকে পশ্চিমমুখে দাঁড় করাইয়া মন্ত্রপাঠ করিয়া ধান দিয়া আশীর্ব্বাদ করে। তৎপরে উভয়পক্ষের জ্ঞাতিভোজ হইয়া বিবাহ-উৎসব শেষ হয়। ইহাদের মধ্যে বাল্যবিবাহ, বিধবাবিবাহ ও পুরুষের পক্ষে বহুবিবাহ প্রচলিত। জাতীয় কোন গোলযোগ ঘটিলে ইহাদের পঞ্চায়তে তাহার মীমাংসা হয়। ইহারা শব দাহ করে। সকল হিন্দুপর্ব্বে ও মুসলমানদিগের মহরমে যোগ দেয়।

প্রত্যহ চারি পাঁচজন গোন্ধলগার মিলিয়া বাদ্যাদি সঙ্গে লইয়া লোকের বাড়ী বাড়ী ঘুরিয়া বেড়ায়। কাহারও ইচ্ছা হইলে ইহারা তাহার প্রাঙ্গণে সমস্ত রাত্রি গোন্ধল নাচ করিয়া অতিবাহিত করে। প্রভাত হইবার কিছু পূর্ব্বে ইহাদের মধ্যে এক ব্যক্তি অম্বাদেবীকে লইয়া উন্মত্তের ন্যায় লাফাইতে লাফাইতে নাচিতে থাকে ও ভবিষ্যৎ কথা বলিতে আরম্ভ করে। সেই সময়ে দর্শকেরা দুইটী করিয়া পয়সা দিয়া তাহার চরণে প্রণিপাত করে, তখন সে জ্বলন্ত মসাল লইয়া নিজের গায়ে ঠেকাইতে থাকে, পরে দেবীর গাত্রস্থ হলুদ লইয়া আগন্তুকগণের কপালে স্পর্শ করে ও অপুত্রক রমণীগণের কবে পুত্র হইবে, তাহা বলিয়া দেয়। প্রাতঃকাল হইলে গোন্ধল ভঙ্গ হয়। তাহারা বিদায় হইয়া স্ব স্ব গৃহে চলিয়া আসে। আজকাল আর বড় কেহ গোন্ধল দেয় না, সুতরাং ইহাদের ভিক্ষাই উপজীবিকা হইয়াছে।

গোন্যোধস্ (পুং) [বৈ] গমনশীল। দুগ্ধে যাহা তরলিত বা প্রবাহিত হয়।

গোপ (পুং স্ত্রী) গাং° পাতি রক্ষতি গো-পা-ক। (আতোঽনুপসর্গে কঃ। পা ৩।২।৩) ১ জাতিবিশেষ, গোয়ালা। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। পর্য্যায়—*গোসঙ্খ্য, গোদুহ্, আভীর, বল্লব, গোপাল*। সাধারণতঃ গোয়ালা নামে খ্যাত। পশ্চি-

মাঞ্চলে স্থানে স্থানে আহীর ও দাক্ষিণাত্যে গাব্‌লী নামে অভিহিত। [আহীর ও গাব্‌লী দেখ।]

পূর্ব্বকাল হইতে এই জাতি গোপ ও আভীর নামে প্রসিদ্ধ। মনুর মতে ব্রাহ্মণের ঔরসে অম্বষ্ঠকন্যার গর্ভে আভীরের জন্ম (১)। পরশুরামপদ্ধতির মতে—কাঁসারি ও মণিকারকন্যা হইতে গোপজাতির উৎপত্তি (২)। আবার রুদ্রযামলোক্ত জাতিমালায় লিখিত আছে—তাঁতির ঔরসে মণিবন্ধকন্যার গর্ভে গোপজীব জন্মগ্রহণ করিয়াছে (৩)। ব্রহ্মবৈবর্ত্তের মতে শ্রীকৃষ্ণের লোমকূপ হইতে গোপগণ উৎপন্ন হয়, ইহারা সৎশূদ্র মধ্যে গণ্য (৪)।

এই জাতি পূর্ব্বকাল হইতে গোপালন করিয়া আসিতেছে বলিয়া ইহাদের গোপ নাম হইয়াছে। মনুসংহিতায় লিখিত আছে যে, গোপ বেতনপ্রার্থী নহে, সে গোস্বামীর অনুমতি লইয়া দশটী গাভির মধ্যে যেটী শ্রেষ্ঠ তাহার দুগ্ধ দোহন করিয়া লইতে পারে। সীমা নির্দ্দেশকালে রাজা গোপাদির কথা গ্রাহ্য করিবেন। (মনু ৮।২৩১,২৬০) ব্যাসসংহিতার প্রক্ষিপ্ত বচনে ইহারা অন্ত্যজজাতি মধ্যে গণ্য *। কিন্তু যম, পরাশর, মনু প্রভৃতি সংহিতায় ইহারা শূদ্র ও ভোজ্যান্ন বলিয়া গৃহীত হইয়াছে (৫)।

বর্ত্তমান সময়ে এই জাতির মধ্যে অনেক শ্রেণী ও শাখা ভেদ দেখা যায়। বঙ্গদেশে এই কয় শ্রেণীর গোয়ালা আছে—রাঢ়ী, বাগড়ী, বারেন্দ্র, পল্লব বা বল্লব, গৌড় বা ঘোষগোয়ালা, মধুগোয়ালা, গুমিয়া, করঞ্জী, কাজাল, আহীর বা মহিষা গোয়ালা, মগল বা মাগধী ও ভোগা। বারেন্দ্র গোয়ালাদিগের মধ্যে আবার পল্লাল, লাহেড়ি, মূল গাবাং, দাগানিয়া প্রভৃতি এবং ভোগাশ্রেণীর মধ্যে শাদা গোয়ালা ও লাল গোয়ালা এই দুই থাক আছে।

উত্তরপশ্চিমে—দেশী, নন্দবংশী, যদুবংশী সুরযবংশী, গোয়ালবংশী, আহীর, কথা প্রভৃতি শ্রেণী আছে।

বেহারে—গোরিয়া বা দহিয়ারা, নওমূলিয়া বা মজ্‌রৌৎ, সাতমূলিয়া বা কিষ্‌নৌৎ, কনৌজিয়া, বর্গোবার, ধনরোয়ার, চৌয়ানিয়া, চৌথা, গুজিয়ার বা গোদাগা, গোইৎ, কাঁটীতাহা, পুহোয়া, সেপারি ও বনপুর প্রভৃতি মূল আছে।

উড়িষ্যায়—দুমালা, যদুপুরিয়া, মগধা, মথুরা বা মথুরাবংশী, গৌড় বা গোপপুরীয়া প্রভৃতি শ্রেণী আছে।

ছোটনাগপুরে—কিষ্‌নৌৎ, গোরো, চৌআনিয়া, মঝবৎ, লারি, ভোগতা, সবোর, সাওড়াঁ প্রভৃতি গোছি বা থাক আছে।

বাঙ্গালায় গোয়ালাদের মধ্যে বারিক, চোমর, ঢালি, ঘোষ, জানা, মণ্ডল, পরামাণিক প্রভৃতি পদবী ও অলমাসি বা আলম্যান, ভরদ্বাজ, গৌতম, কাশ্যপ, মদ্‌ঋষি বা মধুকুল্য ও শাণ্ডিল্যগোত্র প্রভৃতি প্রচলিত।

বেহারে—ভাঁড়ারি, ভোগত, চৌধুরী, ঘোরৈলা, মিরাহা, মহতো, মণ্ডর, মাঝি, মারিক, পাঞ্জিয়ারা, রায়, রাস্ত, সঁওরা, সিং প্রভৃতি পদবী দেখা যায়।

উত্তরপশ্চিম, বেহার ও ছোটনাগপুর প্রভৃতি স্থানে গোয়ালাদিগের মূল বা শ্রেণী ছাড়া গাঁঞির মত আরও অনেক 'গোছি' বা থাক প্রচলিত আছে।

বঙ্গের পল্লব বা বল্লব শ্রেণীরা বলে যে, শ্রীকৃষ্ণের ঘাম হইতে ঘামঘোষ জন্মে, সেই ঘামঘোষই ঐ শ্রেণীর আদিপুরুষ *। বাগড়ীশ্রেণীরা বলে যে, তাহাদের পূর্ব্বপুরুষ উজ্জয়িনী হইতে আসিয়া বাগ্‌ড়ী অঞ্চলে বাস করে, তাই ইহারা উজৈনিয়া নামেও পরিচয় দেয়। রাঢ়ী গোয়ালারা বৃষের দেহে তপ্তলৌহ দ্বারা অঙ্কিত করে ও দামড়া করায় বলিয়া অপর শ্রেণীর নিকট হেয় ও অতি নীচ বলিয়া গণ্য। গৌড়গোয়ালারা বহুদিন হইতে বঙ্গে লাঠিয়াল বলিয়া বিখ্যাত, ইহারা আপনাদিগকে সৎশূদ্র বলিয়া পরিচয় দেয় এবং অপর কোন শ্রেণীর সহিত আদান প্রদানে আপত্তি করে না। প্রধানতঃ ঢাকাজেলায় লাল ও শাদা গোয়ালার বাস। লাল গোয়ালারা বিবাহকালে সকলে লাল কাপড় ও শাদা গোয়ালারা বিবাহকালে সকলে শাদা কাপড় পরিধান করে। উভয়ের মধ্যে শাদা গোয়ালারাই আপনাদিগকে প্রধান বলিয়া জানে ও লাল গোয়ালাকে কন্যাদানকালে অনেক পণ আদায় করিয়া থাকে। বঙ্গের গোয়া-

---

(১) "আভীরোঽম্বষ্ঠকন্যায়াং।" (মনু ১০। ১৫।)

(২) "মণিপুত্র্যাং কাংস্যকারাৎ গোপালস্ত চ সম্ভবঃ।"
ভার্গরাম কৃত জাতিমালা।

(৩) "মণিবন্ধ্যাং তন্তুবায়াং গোপজীবস্ত সম্ভবঃ।"
রুদ্রযামলোক্ত জাতিমালা।

(৪) "কৃষ্ণস্ত লোমকূপেভ্যঃ সদ্যো গোপগণো মুনে।
আবির্বভূব রূপেণ বেশেনৈব চ তৎসমঃ॥
ত্রিংশৎকোটী পরিমিতঃ কমনীয়ো মনোহরঃ।
সংখ্যাবিদ্ভিশ্চ সংখ্যাতো বল্লবানাং গণঃ শ্রুতৌ॥" ব্রহ্মখণ্ড ৫।৪২-৪৩
"গোপ নাপিতভিল্লাশ্চ তথা মোদককুবরৌ।
ইত্যেবমাদ্যা বিপ্রেন্দ্র সৎশূদ্রাঃ পরিকীর্ত্তিতাঃ।" ব্রহ্মখণ্ড ১০।১৮।

* বিশ্বকোষ ৩য় ভাগ কায়স্থশব্দ ব্যাসের প্রক্ষিপ্ত বচনের সমালোচনা দেখ।

(৫) "দাসনাপিতগোপালকুলমিত্রার্দ্ধসীরিণঃ।
এতে শূদ্রেষু ভোজ্যান্না যশ্চাত্মানং নিবেদয়েৎ॥"
যম ২০, পরাশর ১১। ২০।

* ব্রহ্মবৈবর্ত্তে "বল্লব" নামে গোপগণের উল্লেখ আছে বটে!

লারা স্বগোত্রে ও মাতামহগোত্রে বিবাহ করে না। ইহাদের মধ্যে কন্যার বাল্যবিবাহই আদরণীয়; বিধবাবিবাহ প্রচলিত নাই। বিবাহপ্রণালী উচ্চশ্রেণীর হিন্দুর মত। ইহাদের মধ্যে অধিকাংশই বৈষ্ণব এবং শাক্ত ও শৈব অল্প। ইহাদের ব্রাহ্মণ পুরোহিতও স্বতন্ত্র। এদেশে ইহারা নবশাখ অপেক্ষা নিম্নশ্রেণীর বলিয়া গণ্য।

বেহারে গোয়ালাদের গোত্রনিয়ম প্রচলিত নাই, ইহারা মূল লক্ষ করিয়া বিবাহাদি সম্বন্ধ নির্ণয় করে। সাঁতমূলিয়ারা সপ্তমূল ও নওমূলিয়ারা নবমূল বাদ দিয়া আদান প্রদান করিয়া থাকে *। সাতমূলিয়া বা কিষ্ণৌতেরা কৃষ্ণ হইতে উদ্ভব বলিয়া পরিচয় দেয়। উক্ত উভয়শ্রেণী দধি প্রস্তুত করে না। তাহারা কেবল দুগ্ধবিক্রয় করিয়া থাকে। গোরিয়া বা দহিয়ারা মূলের লোকেরা দুগ্ধ গরম না করিয়া তাহা হইতে দধি করে বলিয়া পতিত হইয়াছে। কাঁটিতাহা মূলের গোয়ালারা গাভীর গায়ে কাটি দিয়া দাগ দেয়, তাই এই নাম হইয়াছে। কনৌজিয়া ও বর্গোবারেরা উত্তরপশ্চিম হইতে বেহারে আসিয়া বাস করিতেছে। বেহারের নানাস্থানে সেপারিরা পাটোয়ারির কাজ করে; ইহারা নিজেই নবপ্রসূত শিশুর নাড়ী কাটিয়া দেয় বলিয়া অপর মূলের গোয়ালারা ইহাদিগকে নীচ মনে করে। বেহারের গোয়ালাদের মধ্যে বাল্যবিবাহ প্রচলিত ও পতির মৃত্যু হইলে বিধবা দেবরকে বিবাহ করিতে পারে। সেখানকার গোয়ালারা বিষহরি, গণপৎ, গোঁসাবন, কালামাঝি ও গাঁইয়াভূতকে বিশেষ ভক্তি শ্রদ্ধা করে, এবং প্রায় সত্যনারায়ণের পূজা দেয়। বেহারে শৈব ও শাক্ত বেশি।

উড়িষ্যার গোয়ালারা আপনাদিগকে বঙ্গ ও বেহারের গোপজাতি অপেক্ষা শ্রেষ্ঠ ও শুদ্ধ বলিয়া মনে করে। উচ্চ শ্রেণীর হিন্দুর মত শাস্ত্র মানিয়া চলে। ইহাদের আচার ব্যবহার অনেকটা বেহারের গোয়ালার মত। সেখানকার গোয়ালারা বলে, যদি ঘটনাক্রমে বিবাহের পূর্ব্বে কন্যা ঋতুমতী হয়, তবে একজন নিতান্ত বুড়ার সঙ্গে প্রথমে তাহার বিবাহ দিতে হয়। বিবাহের পরই বুড়া তাহাকে পরিত্যাগ করে। তখন সে বিধবার ন্যায় অপর কাহাকে বিবাহ করিতে পারে। ইহাদের রমণী পূর্ণগর্ভা হইলে একটী স্বতন্ত্র ঘরে সর্ব্বদাই গরমে রাখা হয়। প্রসবের পর ২১ দিন পর্য্যন্ত সেই উষ্ণ ঘরে গরমে থাকিতে হয়। এই একুশ দিন পতিপত্নী উভয়েই অশুচি হইয়া থাকে, কোন কাজ করিতে পারে না।

ছোট নাগপুরের গোয়ালাদিগের মধ্যে বাল্যবিবাহ ও বয়স হইলে বিবাহ উভয়ই প্রচলিত। ইহাদের বিবাহের ৪ মাস পরে 'রুখ্‌সতি' অর্থাৎ কন্যার শ্বশুরালয়ে গমন হইয়া থাকে। রুখ্‌সতি না হইলে ইহাদের বিবাহসিদ্ধ হয় না। ইহাদের বিধবারা সাঙ্গা করিতে পারে, কিন্তু তাহাকে পতির গোছি বাদ দিয়া বিবাহ করিতে হয়।

গোয়ালারা সর্ব্বত্র গোমেষাদি পালন ও দধিদুগ্ধঘৃতাদি বিক্রয় করিয়া জীবিকানির্ব্বাহ করে। নানা স্থানে চাষবাসও করিয়া থাকে।

(পুং) ২ গ্রামাধিকারী। ৩ ভূপাল। ৪ গোষ্ঠাধ্যক্ষ। (মেদিনী) (ত্রি) ৫ গোরক্ষক।

"গোপঃ ক্ষীরভৃতো যস্তু স দুহ্যাদ্দশতো বরাং।" (মনু ৮।২৩১)

গোপায়তি গুপ্-অচ্। ৬ রক্ষক। "সর্ব্বে দেবা ভুবনস্যাস্য গোপাঃ।" (ভারত° ১৩। ১৭ অঃ) ৭ উপকারক। (শব্দরত্ন°) (পুং) গাং জলং পিবতি পা-ক। ৮ বোল, ক্ষারজল। (শব্দার্থচি°) ৯ গন্ধর্ব্ববিশেষ।

"নারদস্তুম্বুরর্গোপঃ প্রভয়া সূর্য্যবর্চ্চসঃ।
এতে গন্ধর্ব্বরাজানো ভরতস্যাগ্রতো জগুঃ।" (রামা° ২।৯১।৪৬)

গোপক (ত্রি) গোপ স্বার্থে কন্ গুপ্-ণ্বুল্ বা। ১ গোপ। ২ বহুগ্রামের অধিপতি। ৩ রক্ষক। স্ত্রীলিঙ্গে টাপ্ হয়। ৩ বর্ত্তমান গোয়ার প্রাচীন নাম। [গোয়া দেখ।]

গোপকন্যা (স্ত্রী) গোপস্য কন্যেব প্রিয়তরা। ১ ওষধিবিশেষ, শারিবা। গোপস্য কন্যা ৬তৎ। ২ গোপজাতীয় কন্যা।

"যুবতী গোপকন্যাশ্চ রাত্রৌ সংকাল্য কালবিৎ।"
(হরি° ৭৬।১৮)

গোপকপুরি [গোয়া দেখ।]

গোপকর্কটিকা (স্ত্রী) গোপপ্রিয়াকর্কটিকা মধ্যলো°। গোপালকর্কটী, চলিত কথায় রাখালশশা ও হিন্দীভাষায় গোয়াল-কাঁকরী বলে। (রাজনি°)

গোপক্ষেত্র, প্রভাসখণ্ড বর্ণিত একপুণ্য স্থান।

গোপঘোণ্টা (স্ত্রী) গোপপ্রিয়া ঘোণ্টা মধ্যলো°। ১ বৃক্ষবিশেষ, শেয়াকুল। নিবিড় বনে এই জাতীয় বৃক্ষ দেখিতে পাওয়া যায়। ইহার ফল ও গাছ বদরীর ন্যায়।

"বদরী সদৃশাকারোঃ বৃক্ষঃ সূক্ষ্ম ফলোভবেৎ।
অটব্যামেব সা ঘোণ্টা গোপঘোণ্টেতি কীর্ত্তিতা॥" (শব্দরত্ন°)

২ হস্তিকোলি। (রত্নমালা) ৩ বিকঙ্কত বৃক্ষ, বৈঁচ। (রাজনি°)

* সাতমূলিয়ারা স্বমূল, মাতৃমূল, মাতামহীমূল, মাতার মাতামহীমূল, পিতামহীমূল, পিতার পিতামহীর মূল ও পিতার প্রপিতামহীর মূল। এই সাতটী মূল। এছাড়া নওমূলিয়ারা পিতার পিতামহীর মাতৃমূল ও পিতার প্রপিতামহীর মাতৃমূল এই ৯টী মূল বাছিয়া চলে।

গোপতা (স্ত্রী) গোপস্য ভাবঃ গোপ-তল্-টাপ্। গোপের ধর্ম্ম, গোপ ভাব। "করিষ্যে কংস গোপতাম্।" (হরিবংশ)

গোপতি (পুং) গোঃ পতিঃ ৬তৎ। ১ শিব।

"গোপালির্গোপতির্গ্রামো গোচর্ম্ম বসনোহরিঃ।"

(ভারত ১৩।১৭।১৩)

২ বৃষ, ষাঁড়।

"রক্ষসাং বশমাপন্নং সিংহানামিব গোপতিম্।" (রামায়ণ)

গাং পৃথ্বীং জগদিতি যাবৎ পাতি পালয়তি। ৩ গোপতি বিষ্ণু।

"উত্তরো গোপতির্গোপ্তা" (ভারত ১৩।১৪৯।৬৬)

৪ ভূমিপতি। ৫ কিরণপতি, সূর্য্য। ৬ স্বর্গপতি, ইন্দ্র। ৭ ঋষভ নামক ওষধি। (রাজনি°) ৯ ভোজবংশীয় একজন রাজা। কৃষ্ণ ইরাবতী নগরীতে ইঁহাকে নিহত করেন। (ভারত বনপর্ব্ব) ৯ গন্ধর্ব্ববিশেষ। (ভারত ১।১২৩।৩৫)

গোপতিচাপ (পুং) ইন্দ্রধনু।

গোপত্য (ক্লী) গোপতের্ভাবঃ গোপতি-ষৎ। গোপতির ধর্ম্ম, গোপালক ভাব। "স তেনাংশেন জগতীং গত্বা গোপত্য-মেষ্যতি।" (হরিব° ৫৬ অঃ)

গোপথ (পুং) অথর্ব্ববেদীয় ব্রাহ্মণবিশেষ। [ব্রাহ্মণ দেখ।]

গোপদ (ক্লী) গোঃ পদং পদস্থানযোগ্যস্থানং। গোরুর পদ-যোগ্যস্থান। "গোঃ পদং গোপদং" (সিং কৌ°)

গোপদল (পুং) গোপদং গোচরণন্যাসযোগ্যং স্থানং তদা-কারং বা লাতি লা-ক। গুবাক্ বৃক্ষ।

গোপন (ক্লী) গুপ-ভাবে ল্যুট্। ১ অপহ্নব, লুকান।

"গোপনাদ্ধীয়তে সত্যং ন গুপ্তিরনৃতঃ বিনা।
তস্মাৎ প্রকাশতঃ কৌলিকঃ কুলসাধনম্॥"

(মহানির্ব্বাণ ৪।৭৯)

২ রক্ষণ।

"সৈন্যেন মহতাযুক্তং ভরদ্বাজস্য গোপনে।" (ভা° ৬।৫৩ অঃ)

৩ কুৎসা। ৪ ব্যাকুলতা। ৫ দীপ্তি। ৬ তমালপত্র, তেজ-পাতা। (রাজনি°)

গোপনা (স্ত্রী) গুপ দীপ্তৌ ভাবে যুচ্। দীপ্তি।

গোপনীয় (ত্রি) গুপ-কর্ম্মণি অনীয়র্। ১ অপ্রকাশ্য, যাহা প্রকাশ করা উচিত নহে। ২ রক্ষণীয়।

গোপবধূ (স্ত্রী) গোপস্য বধূরিব প্রিয়ত্বাৎ। ১ শারিবা। (ভাবপ্রকাশ।) গোপস্য বধূঃ ৬তৎ। ২ গোপপত্নী।

"পীনপয়োধরভারভরেণ হরিং পরিরভ্য সরাগম্।
গোপবধূরনুগায়তি কাচিদুদঞ্চিত পঞ্চম রাগম্॥"

(গীতগোবিন্দ ১।৪১)

গোপবধূটী (স্ত্রী) বধূ-অল্পার্থে-টী গোপস্য বধূটী ৬তৎ। যুবতী গোপাঙ্গনা।

"গোপবধূটী দুকূলচৌরায়।" (ভাষাপরি°)

গোপভট্ট [গোভট্ট দেখ।]

গোপভদ্র (ক্লী) ১ শালুক। (শব্দচ°)

গোপভদ্রা (স্ত্রী) গোপানাং ভদ্রং মঙ্গলং যস্যাঃ বহুব্রী। কাশ্মরী বৃক্ষ। (রাজনি°)

গোপভদ্রিকা (স্ত্রী) গোপভদ্রা-সংজ্ঞায়াং কন্। টাপ্ অত-ইত্বঞ্চ। গম্ভারী বৃক্ষ। (রাজনি°)

গোপমাউ, উ. প. প্রদেশের হর্দোই জেলার অন্তর্গত একটী প্রাচীন নগর। হর্দোই সদর হইতে ৭ ক্রোশ উত্তরপূর্ব্বে অবস্থিত। প্রবাদ এইরূপ—পূর্ব্বকালে এখানে ঠঠেরাগণ কর্ত্তৃক বন জঙ্গল কাটিয়া স্থাপিত মব্বা-সরাই বা মব্বা-চাচর ছিল। রাজা গোপ খৃষ্টীয় ১০ম শতাব্দীতে সেইখানে নিজ নামে নগর পত্তন করেন। এখানে ঠঠেরাদিগের প্রতিষ্ঠিত কৌরেরুদেব ও বাদলদেবের প্রস্তরমূর্ত্তির আজও পূজা হইয়া থাকে। ১০৩২ খৃষ্টাব্দে মসায়ুদের অধীনে লালপীর গোপমাউ আক্রমণ করিতে যান। কিন্তু তিনি যুদ্ধে নিহত হন এবং বিজেতাগণ তাঁহাকে গোপীনাথের মন্দিরে পুতিয়া ফেলেন। ১২৩২ খৃষ্টাব্দে আলতামাসের আদেশে খাজা তাজউদ্দীন্ হোসেন এখানে সসৈন্য উপস্থিত হন। তিনি এখানে একটী মস্‌জিদ নির্ম্মাণ করেন। খাজা কুতবউদ্দীনের আদেশে হোসেন লালপীরের দর্‌গা নির্ম্মাণ করান। ১৭৯৫ খৃষ্টাব্দে আর্কটের সুবাদার নবাব মুহম্মদ আলিখাঁর যত্নে উহার মেরামত হয়। অক্‌বরের সময়ে এখানে ৬২ ফিট উচ্চ এক জামিমস্‌জিদ্ নির্ম্মিত হয়। ১৬৯৯ খৃষ্টাব্দে নৌনিদ্ধ রায় কর্ত্তৃক এখানকার প্রসিদ্ধ গোপীনাথের মন্দির স্থাপিত হয়। ঐ মন্দিরে সংস্কৃত শিলালিপি আছে।

গোপরস (পুং) গাং জলং পিবতি পা-ক। গোপোরসোঽস্য বহুব্রী। বোল, ক্ষারজল। (শব্দরত্না°)

গোপরাজপণ্ডিত, একজন জ্যোতির্বিদ্। গ্রহণগণিতকল্প-তরুবাসনাভাষ্যরচয়িতা।

গোপরাজ, ভানুগুপ্তের অধীন এরণের একজন রাজা। ১৯১ গুপ্তসম্বতে প্রদত্ত ইহার একখানি শিলালিপি পাওয়া গিয়াছে।

গোপরাষ্ট্র (পুং) [বহু] গোপপ্রধানাঃ রাষ্ট্রাঃ। ভারতবর্ষস্থ একটী প্রদেশ, আভীরগণের প্রধান বাসস্থান। মহাভারতে এই জনপদের উল্লেখ আছে। বর্ত্তমান নাম গোয়ালিয়র।

"অশ্বকাঃ পাংশুরাষ্ট্রাশ্চ গোপরাষ্ট্রা করীতয়ঃ।"

(ভারত ১।৯ অঃ)

গোপরিচর্য্যা (স্ত্রী) গোঃ পরিচর্য্যা ৬তৎ। গোসেবা, গো প্রতিপালন। হিন্দুশাস্ত্র মতে প্রত্যেক গৃহস্থের পক্ষেই গো প্রতিপালন করা উচিত। পূর্ব্বকালে রাজারাজাড়াও গোরু পালন করিতেন। গৃহস্থ মাত্রেই গোরুর দ্বারা উপকৃত। গৃহস্থের এমন ধন আর নাই। ইহাদের আহার বন্য তৃণ, ও বাসস্থান অরণ্য। আবার যে জল কেহ পান করিতে পারে না, সেই বন্য জলপানেই ইহাদের পরিতৃপ্তি হইয়া থাকে। গোরু প্রতিপালন করিতে গৃহস্থকে বিশেষ কোন আয়াস পাইতে হয় না অথচ ইহারা দুগ্ধদ্বারা গৃহস্থের মহৎ উপকার করিয়া থাকে। গোরুর মূত্র ও বিষ্ঠা প্রভৃতি সকলই গৃহস্থের প্রয়োজনীয় ও উপকারী, গৃহস্থ মাত্রেই ইহাদের ঋণে আবদ্ধ। বাল্যকালে জননী ও গাভী এই উভয়ের স্তন্য পান করিয়া জীবন ধারণ করিতে হয় বলিয়া উভয়কেই সমান ভাবে ভক্তি করিবে। ব্রহ্মপুরাণের মতে গৃহস্থ প্রতিদিন গোরুর পূজা, নমস্কার ও গোরুর সেবা করিবে। গোষ্ঠে যাইয়া গাভীদিগকে প্রদক্ষিণ করিলে চরাচর ভূমণ্ডল পরিভ্রমণের ফল হয়। গোমূত্র, গোময়, ঘৃত, দুগ্ধ, দধি ও রোচনা গোরুর এই ছায়া দ্রব্যই মঙ্গলকর ও সকল পাপনাশক। গোরুর শরীর বুলাইয়া ও চুলকাইয়া দিলে সকল পাপের নাশ ও গোরুকে গ্রাস দান করিলে স্বর্গবাস হয়।

পদ্মপুরাণের মতে গোরু দেখিতে পাইলেই "নমো গোভ্যঃ" ইত্যাদি মন্ত্রপাঠ করিয়া নমস্কার করিবে, না করিলে প্রত্যবায় আছে। রামায়ণে লিখিত আছে যে, রামের পূর্ব্বপুরুষ মহারাজ দিলীপ স্বর্গ হইতে ফিরিয়া আসিবার সময়ে সুরভীকে নমস্কার করিতে ভুলিয়াছিলেন, সেই পাপে অনেক দিন পর্য্যন্ত তিনি পুত্ররত্নে বঞ্চিত ছিলেন।

আদিত্যপুরাণের মতে গোরুকে যথাশক্তি লবণ দান করিলে পুণ্যলোকে গমন হয়। যিনি প্রতিদিন অগ্রে কিছু না খাইয়া গাভীদিগকে খাইতে দেন, তাহার সহস্র গোদানের ফল হয়। দেবীপুরাণে লিখিত আছে যে, মক্ষিকা ও ডাঁশ প্রভৃতি নিবারণের জন্য গোগৃহে ধূম দিতে হয়।

গোগৃহে ধূঁয়া না দিলে গোপালক মক্ষিকালীন নরকে গমন করে এবং নরকের ভীষণ মক্ষিকাগণ তাহার চর্ম্ম ছিঁড়িয়া রক্তপান করিয়া থাকে। গোরুর বাছুর মরিয়া গেলে আর তাহাকে দোহন করিবে না। করিলে সেই নরাধমকে নরকে বাস করিয়া ক্ষুধায় হাহাকার করিতে হয় (১)।

(১) "গোপালকো গবাং গোষ্ঠে যস্তু ধূমং নকারয়েৎ।
মক্ষিকালীননরকে মক্ষিকাভিঃ স ভক্ষ্যতে।
মৃতবৎসাং তু গাং যস্তু দমিত্বা পিবতে নরঃ।
বাহিতাহস্তাশ্চিরং তিষ্ঠেৎ ক্ষুধার্ত্তো বৈ নরাধমঃ।" (দেবীপুরাণ)

মহাভারতের মতে—তৃষ্ণার্ত্ত গো জলপান করিতে আরম্ভ করিলে যে ব্যক্তি তাহার বাধা দেয়, তাহাকে ব্রহ্মঘাতক বলে; যিনি শীত ও বায়ুরোধক গোগৃহ নির্ম্মাণ করিয়া দেন, তাহার সাতকুল উদ্ধার হয় (২)।

গৃহস্থের নিজগৃহে কুলক্ষণা গাভী উৎপন্ন হইলে তাহাকে পরিত্যাগ করিবে না। শীতকালে অনাথ গোরুগণের গৃহ নির্ম্মাণ করিয়া দেওয়া উচিত (৩)।

গাভী প্রসব করিলে প্রথম দুইমাস দোহন করিবে না, বাছুরকে খাওয়াইবে। তৃতীয় মাসে দুইটী বাঁট দোহন করিবে, অপর দুইটী বাছুরকে খাইতে দিবে। চতুর্থ মাস হইতে তিনটী বাঁট দোহন করিতে হয় (৪) কিন্তু দোহন করিলে যদি গাভী কোনরূপ কষ্ট অনুভব করে, তবে একেবারেই দোহন করিতে নাই। আষাঢ়ী, আশ্বিনী ও পৌষী পূর্ণিমায় গোদোহন করিবে না, বৎসকে খাইতে দিবে। যুগাদি, যুগান্ত, ষড়শীতি, বিষুবৎ, সংক্রান্তি, উত্তরায়ণ এবং দক্ষিণায়ণ প্রবৃত্তির দিনে চন্দ্র বা সূর্য্যগ্রহণে এবং পূর্ণিমা, অমাবস্যা, চতুর্দ্দশী, দ্বাদশী ও অষ্টমী তিথিতে গোরুর পূজা করিবে এবং চারি পল লবণ, ৮ পল ঘৃত, ১৬ পল অপর দুগ্ধ, ও ৩২ পল শীতল জল গোরুকে খাইতে দেওয়া উচিত। কিন্তু রুচি ও দুগ্ধের পরিমাণ অনুসারে আহরীয় পরিমাণ বৃদ্ধি বা হ্রাস করিতে হয়। প্রাতে লবণ ও তৎপরে জল ও তাহার পরে তৃণ খাইতে দিতে হয়। রাত্রিতে গোগৃহে দীপ, তন্ত্রীবাদ্য ও পৌরাণিককথার প্রসঙ্গ করিবে। মনুষ্যমাত্রেই গোদিগকে তৃণ জলাদি দ্বারা প্রতিপালন, পূজা ও প্রাণের সহিত ভক্তি করা উচিত এবং হাচিতে বসিতে খাইতে শুইতে সর্ব্বদাই মনে মনে এই মন্ত্রটী চিন্তা করিবে। মন্ত্র যথা—

"তৃণোদকাদ্যেষু বনেষু মত্তাঃ ক্রীড়ন্তু গাবঃ সবৃষাঃ সবৎসাঃ।
ক্ষীরং প্রমুঞ্চন্তু সুখং স্বপন্তু শীতাতপব্যাধিভয়ৈর্বিমুক্তাঃ॥"

এই প্রকারে গোপরিচর্য্যা করিলে ঐহিক সুখভোগ ও পরকালে স্বর্গলাভ হইয়া থাকে। (ব্রহ্মপুরাণ)

সর্ব্বদা সন্তোষের সহিত গোরুকে ঘাস খাইতে দিবে। তাড়ন, আক্রোশ বা খেদ স্বপ্নেও করিবে না। গোময় বা গোমূত্রে কখনও ঘৃণা করিবে না। শুষ্ক ক্ষার দ্বারা সর্ব্বদাই

(২) "গোকুলস্য ক্ষুধার্ত্তস্য জলান্তে বসুধাধিপঃ।
উৎপাদয়তি যো বিঘ্নং তমাহুর্ব্রহ্মঘাতকম্।
কৃত্বা গবার্থে শরণং শীতবাতক্ষমং মহৎ।
আসপ্তসংতারয়তি কুলং ভরতসত্তম।" (মহাভারত)

(৩) "অনাথানাং গবাং যত্নাৎ কার্য্যাস্তু শিশিরে মঠঃ।" (ব্রহ্মপুরাণ)

(৪) "দ্বৌমাসৌ পায়য়েদ্বৎসং তৃতীয়ে দ্বিস্তনং দহেৎ।
চতুর্থে ত্রিস্তনঞ্চৈব যথা স্যায়ং যথাবলম্।" (হারীত)

গোগৃহ পরিষ্কার করিবে। গ্রীষ্মকালে শীতল গাছের ছায়ায় ও শীতকালে গরম ও কর্দ্দমবিহীন গৃহে গোরু রাখিবে। বর্ষা ও শিশিরকালে অল্পোষ্ণ ও বায়ুবিহীন গৃহে রাখিতে হয়। উচ্ছিষ্ট, মূত্র, বিষ্ঠা, কফ, কাশ বা অন্য কোনরূপ মল গোগৃহে পরিত্যাগ করিবে না। রজস্বলা, কুলটা বা নীচজাতিকে গোগৃহে প্রবেশ করিতে দিতে নাই। কখনও গোবৎসদিগকে লঙ্ঘন করিবে না। গোশালার নিকটে ক্রীড়া করা নিষিদ্ধ। জুতা পরিয়া অথবা হাতী ঘোড়া বা গাড়ী, পাল্কী প্রভৃতি যান আরোহণ করিয়া গোরুর মধ্যে গমন করিবে না। নম্রভাবে পায় হাটিয়া গোগৃহে বা গোরুর মধ্যে যাইতে হয়। পিতা ও মাতার ন্যায় শ্রদ্ধার সহিত গোদিগকে প্রতিপালন করিবে (৫)। মহাকোলাহল, ঘোর দুর্দ্দিন ও দেশে বিপ্লব উপস্থিত হইলে গোদিগকে তৃণ ও শীতল জল খাইতে দিতে হয়। (ব্রহ্মপুরাণ)

বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, রাজাদিগের পক্ষে গোরু প্রতিপালন করা উচিত। গোময় ও গোমূত্রে অলক্ষ্মীর বিনাশ হয়। ইহাতে কখনও ঘৃণা করিবে না। যে কয়টী গোরু প্রতিপালন করিতে গৃহস্থের কষ্ট না হয়, সেই কয়টী প্রতিপালন করিবে, কখনও ক্ষুধার্ত্ত হইয়া গোরু কষ্ট না পায়, তাহার প্রতি বিশেষ লক্ষ্য রাখিবে। যাহার গৃহে গোগণ ক্ষুধায় কাতর হইয়া রোদন করে, সেই ব্যক্তির নরক হয়। পরের গোরুকে গ্রাস দান করিলে অধিক পুণ্য হয়। সমস্ত শীতকাল পরের গোরুকে গ্রাসদান এবং আটবৎসর পর্য্যন্ত অগ্রভক্ত প্রদান করিলেও স্বর্গপ্রাপ্তি হইয়া থাকে। গোরুর গৃহে শীতনিবারণের উপায় ও জল খাইবার পাত্রে জল পূর্ণ করিয়া দিলে বরুণলোকে যাইয়া অপ্সরাগণের সহিত নৃত্যগীত করিতে পারে। যে ভূমিতে গোচারণ করা হয়, সেই ভূমি কর্ষণ করিবে না, সিংহ ব্যাঘ্র, ভয়ত্রস্ত এবং পঙ্ক বা জলমগ্ন গোরু উদ্ধার করিলে এক কল্প পর্য্যন্ত স্বর্গভোগ হইয়া থাকে। বাড়ীতে একটী মাত্র গোরু থাকিলেও রজস্বলা স্ত্রীর কখনও গর্ভদোষ হইতে পারে না এবং সেই বাড়ীর মৃত্তিকা কোন রূপ দূষিত হইলে তাহাও ভাল হইয়া যায়। গোরুর নিঃশ্বাস বায়ুতে সেই ভবনটী সর্ব্বদাই শান্তিযুক্ত থাকে। গোরুর অস্থি কখনও লঙ্ঘন করিবে না। গোরু মরিলে তাহার গন্ধ পরিত্যাগ করিবে না, সেই গন্ধ যত দূর যায়, ততদূর পর্য্যন্ত পবিত্র হইয়া থাকে। জননীর ন্যায় গাভীগণও সর্ব্বদা রক্ষণীয়, পূজনীয় ও পালনীয়। যে ব্যক্তি ইহাদিগকে তাড়না করে, তাহার রৌরব নরক হয়। গাভী কোন কারণে ক্রুদ্ধ হইয়া আঘাত করিতে উদ্যত হইলে যে ব্যক্তি "ক্ষম মাতঃ" এই বলিয়া স্থির থাকিতে পারে, তাহাকে কোনরূপ তাড়না করে না, সে পরমপদ পাইয়া থাকে। (হেমাদ্রি—দানখণ্ড)

(৫) "গাবঃ কৃশাতুরাঃ পাল্যা শ্রদ্ধয়া পিতৃমাতৃবৎ।" (ব্রহ্মপুরাণ)

গোপবন (ক্লী) গোপভূমিষ্ঠং বনং মধ্যলো°। ১ সে বনে অনেক গোয়ালা বাস করে। (পুং) ২ একজন ঋষি। (কাত্যা° শ্রৌ° ১০।২।২১)

গোপবনাদি (পুং) গোপবন আদির্যস্য বহুব্রী। পাণিনীয় একটী গণ। এই গণের উত্তরবর্ত্তী অপত্য প্রত্যয়ের লোপ হয় না। (ন গোপবনাদিভ্যঃ। পা ২।৪।৬৭) গোপবন, শিগ্রু, বিন্দু, ভাজন, অশ্বাবতান, শ্যামাক, শ্যামক, শ্যাপর্ণ, হরিত, কিন্দাস, বহুস্ক, অর্কলূষ, বধ্যোগ, বিষ্ণু, বৃদ্ধ, প্রতিবোধ, রথীতর, রথন্তর, গবিষ্ঠির, নিষাদ, শবর, অলস, মঠর, মৃড়াকু, স্থপাকু, মৃদু, পুনর্ভূ, পুত্র, দুহিতৃ, ননান্দৃ, পরস্ত্রী ও পরশু।

গোপবরম্, মান্দ্রাজ প্রেসিডেন্সির কদাপা জেলার অন্তর্গত একখানি গণ্ডগ্রাম। প্রাদ্দুটুর হইতে ৩ মাইল উত্তরে অবস্থিত। এখানকার আঞ্জনেয়স্বামীর মন্দিরে ৩ খানি পুরাতন শিলালিপি দৃষ্ট হয়।

গোপবল্লিকা (স্ত্রী) গোপবল্লী-স্বার্থে কন্ টাপ্ পূর্ব্বহ্রস্বত্বঞ্চ। গোপবল্লী।

গোপবল্লী (স্ত্রী) গাং পাতি গো-পা-ক-টাপ্। গোপাচাসৌ বল্লীচেতি কর্ম্মধা°। ১ মূর্ব্বা। ২ শারিবা। (রাজনি°) ৩ শ্যামালতা। (শব্দরত্নাবলী)

গোপস্ (ত্রি) গুপ্-অসুন্। রক্ষিতা, রক্ষক। "সজগার ভুবনস্য গোপাঃ" (ছান্দো° উ°।) 'গোপাঃ রক্ষিতা' (ভাষ্য।)

গোপা (স্ত্রী) গাং পাতি পা-ক-টাপ্। ১ শ্যামালতা। (শব্দরত্না°) (ত্রি) গাং পাতি পা-ক্বিপ্। ২ গোরক্ষক। (মুগ্ধবো°)

৩ শাক্য কিঙ্কিনীশ্বরের কন্যা এবং সিদ্ধার্থবুদ্ধের পত্নী। বোধিসত্ত্ব একদিন গৃহে প্রত্যাগত হইতেছেন, এমন সময় গোপা ছাদের উপর দাঁড়াইয়া তাঁহাকে দেখিতেছিলেন। বুদ্ধদেব গোপার মনোহর রূপে মুগ্ধ হইয়া তথায় রথ রাখিয়া তাঁহার রূপের ছটা দেখিয়াছিলেন। সিদ্ধার্থকে এইরূপে মোহিত দেখিয়া লোকে গোপার কথা রাজা শুদ্ধোদনকে জানাইলেন। রাজা গোপাকে আনিয়া নিজ পুত্রের সহিত বিবাহ দিলেন। ভোটগ্রন্থ "দুল্ব" পাঠে জানা যায় যে, যখন বুদ্ধদেব শ্রাবস্তী নগরে ছিলেন, দেবদত্ত গোপাকে হরণ মানসে কপিলবস্তু নগরে আসিয়া গোপার হস্ত ধারণ করেন। গোপা দেবদত্তের হস্ত এরূপ মুচড়াইয়া ধরিলেন যে তাহার হাত হইতে ফিন্‌কি

দিয়া রক্ত পড়িতে লাগিল। পরে গোপা তাহাকে বাটীর ছাদ হইতে নিম্নে বোধিসত্ত্বের প্রমোদ-সরোবরে ফেলিয়া দিলেন। শাক্যসিংহের সন্ন্যাসগ্রহণের পর ইনিও ভিক্ষু আশ্রম গ্রহণ করেন। দুব্ব গ্রন্থে বুদ্ধদেবের যশোধারা, গোপা ও মৃগদ্জা প্রভৃতি তিনজন স্ত্রীর উল্লেখ আছে। সিফ্‌নার সাহেব বলেন যে, গোপার অপর একটী নাম যশোধারা। [যশোধারা দেখ।]

গোপাঙ্গনা (স্ত্রী) গোপস্যাঙ্গনা ৬তৎ। ১ গোপস্ত্রী, গোপী। গোপানাং অঙ্গনেব প্রিয়া। ২ শারিবা, চলিত কথায় অনন্তমূল বলে। (বাগ্‌ভট)

গোপাজিহ্ব (ত্রি) [বৈ] গোপা গোপ্ত্রী 'মা বিভীত' ইতি বাক্যোচ্চারিণী জিহ্বাযস্য বহুব্রী। যাহার জিহ্বা 'ভয় নাই' এই কথা উচ্চারণ করে।

"গোপাজিহ্বস্য তন্তুষো বিরূপা।" (ঋক্ ৩।৩৮।৯) 'গোপাজিহ্বস্য গোপ্ত্রী জিহ্বা মা বিভীতেতাদৃশী বাগ্‌যস্য।' (ভাষ্য।)

গোপাটবিক (পুং) গোপাল, যে বনে বনে গোরু চরাইয়া বেড়ায়।

গোপাতীর্থ, বৌদ্ধদিগের তীর্থবিশেষ। ভদ্রকল্পাবদান গ্রন্থে লিখিত আছে যে, দেবদত্ত যশোধারার ভালবাসা প্রার্থনা করিলে, যশোধারা তাঁহাকে প্রত্যাখ্যান করেন। ইহাতে দেবদত্ত যশোধারার চিরশত্রু হইয়া উঠিল এবং ক্রমান্বয়ে ২১ বৎসর কাল তাহার প্রাণ নাশ করিতে চেষ্টা পাইয়াছিল। এক সময়ে দেবদত্ত যশোধারাকে পুষ্করিণী মধ্যে নিক্ষেপ করে। যশোধারা প্রাণে বাঁচিলেন এবং ঐ পুষ্করিণীস্থিত সর্পরাজ কর্ত্তৃক সুরক্ষিত হইয়া পিতৃসদনে প্রেরিত হন। উক্ত পুষ্করিণী যশোধারার অপর নামে গোপাতীর্থ বলিয়া বহুকাল প্রসিদ্ধ ছিল।

গোপাদিত্য (পুং) ১ কাশ্মীরের একজন রাজা। ২৭০২ কল্যব্দে বা ৪০০ পূর্ব্ব খৃষ্টাব্দে কাশ্মীরের সিংহাসনে আরোহণ করেন, ইনি অতি সুশৃঙ্খলায় রাজ্যশাসন ও ব্রাহ্মণদিগকে অনেক ভূমিদান করেন।

২ সুভাষিতবলী ধৃত একজন প্রাচীন কবি।

গোপাধ্যক্ষ (পুং) গোপানামাধ্যক্ষঃ ৬তৎ। গোপালকদিগের কর্ত্তা, গোপপতি। "গোপাধ্যক্ষো ভয়ত্রস্তো রথমাস্থায় সত্বরঃ।" (ভারত ৪।৩৫ অঃ)

গোপানসী (স্ত্রী) গাং জলং পাতি নিবারয়তি গোপানং ছাদং সেধতি প্রাপ্নোতি গোপান-সিধ্-ড-ঙীপ্। ১ বড়ভী, ঘরের চালের বা ছাদের নিম্নস্থ বক্রকাষ্ঠ, পাইল। অমরটীকা সারসুন্দরীর মতে গৃহের অগ্রভাগে প্রদত্ত বক্র কাষ্ঠ, যাহাকে চলিত কথায় মুদনী বলে। ২ পটলের অবস্থিত বংশপঞ্জর। (ভট্ট) ৩ কর্ণিকাবিষ্কম্ভিকাষ্ঠ। ৪ বক্রীভূত ধারণকাষ্ঠ। (অমরটীকা, ভরত)

"গোপানসীষু ক্ষণমাস্থিতানাম্।" (মাঘ ৩।৫৯)

গোপায়ক (ত্রি) গোপায়তি গুপ্-আয়-ণ্বুল্। রক্ষক। "গোপায়কানাং ভুবনত্রয়স্য" (কিরাত)

গোপায়ন (ক্লী) গুপ্ আয়-ভাবে-ল্যুট্। ১ গোপন। "গোপায়নং প্রকুরুতে জগতঃ সার্ব্বলৌকিকম্।" (হরিবংশ ৪ অঃ।) (ত্রি) গোপায়তি গুপ-কর্ত্তরি ল্যুট্। ২ রক্ষক।

"গোপানাং বহুসাহস্রৈর্বলৈর্গোপায়নৈর্বৃতঃ।" (ভারত ৬।৭অঃ)

গোপায়িত (ত্রি) গুপ্ আয় কর্ম্মণি-ক্ত। ১ রক্ষিত। (অমর) (ক্লী) গুপ-আয়-ভাবে ক্ত। ২ গোপন।

গোপায়িতৃ (ত্রি) গুপ-আয়-তৃচ্। রক্ষক।

গোপাল (পুং) গাং ভূমিং পশুবিশেষং পালয়তি পালি-অণ্, উপসং। ১ রাজা। ২ গোরক্ষক, গোপালক। ৩ সংকীর্ণজাতিবিশেষ। পরাশরের মতে ক্ষত্রিয়ের ঔরসে শূদ্রকন্যার গর্ভে গোপালের উৎপত্তি। ইহাদের অন্ন ব্রাহ্মণের ভোজ্য।

"ক্ষত্রিয়াৎ শূদ্রকন্যায়াং সমুৎপন্নস্তয়ঃ সুতঃ।
স গোপাল ইতি জ্ঞেয়ো ভোজ্যো বিপ্রৈর্ন সংশয়ঃ॥" (পরাশর)

এখন দাক্ষিণাত্যের মান্দ্রাজ ও বেলগাম জেলায় এই জাতীয় অনেকের বসবাস আছে। কোথাও কোথাও ইহারা—"গোল্ল" নামে পরিচিত। ইহারা তেলগু ভাষায় কথা কহিয়া থাকে।

ইহাদের দেখিতে কৃষ্ণকায়, আকৃতি মধ্যম, মুখ লম্বা, ঠোঁট পুরু, গাল তোব্‌ড়ান এবং গলা সরু ও লম্বা। সকলেই মাথায় টিকী, অল্পদাড়ী ও গোঁফ রাখে। সাধারণতঃ দাল ও রুটী খায়; মৎস্য, ছাগ, ভেড়া, খরগোস্, মুরগীও শিকার করিয়া অন্যান্য মাংসও খাইয়া থাকে। মাদকতার জন্য ইহারা তাড়ি, গাঁজা ও তামাকু সেবন করে। ইহারা ধাতু এবং নানা প্রকার গাছগাছড়া হইতে ঔষধ প্রস্তুত করিতে জানে। ইহাদের স্ত্রীলোকেরা এবং বালকবালিকারা গৃহে থাকিয়া মাদুর তৈয়ার করে এবং বাজারে বিক্রয় করিয়া আসে।

ইহারা ব্রাহ্মণের প্রতি বিশেষ শ্রদ্ধা ভক্তি রাখে এবং বিবাহাদি কর্ম্মে তাঁহাদিগকে পৌরোহিত্যে নিযুক্ত করে। কেবলমাত্র বিবাহেই ইহাদের জাতিভোজ হইয়া থাকে। ইহারা সকল হিন্দু দেব-দেবীরই পূজা করে, এতদ্ব্যতীত মারুতী, ব্যাঙ্কোব, নুর্শোব ও যল্লমা দেবীর মূর্ত্তি নিজ নিজ গৃহে রাখিয়া পূজা করিয়া থাকে।

পুত্র প্রসূত হইলে ইহারা পচ্‌বি দেবীর পূজা এবং নবমদিনে পুত্রের নামকরণ করে। ইহারা শব পুতিয়া রাখে

ও ৫ সপ্তাহকাল অশৌচ গ্রহণ করে। লিঙ্গায়ত পুরোহিতেরা আসিয়া শাঁখ বাজাইয়া ইহাদের অশৌচ দূর করে।

৪ বিষ্ণুর অবতারবিশেষ, নন্দনন্দন। পদ্মপুরাণে লিখিত আছে যে, ইনি সর্ব্বদাই বালক মূর্ত্তি ধারণ করেন। ইহার নবীন জলধরের ন্যায় শরীরের বর্ণ। গোপকন্যাগণ ও গোপবালকগণ সর্ব্বদাই ইহাকে বেষ্টন করিয়া থাকে। ইনি গোপবেশ পরিধান করেন। ইহার মুখখানি সর্ব্বদাই মৃদুমধুর হাস্যযুক্ত। পরিধানে পীতবাস। ইনি বৃন্দাবনের কদম্বমূলে উপবেশন করিতে ভালবাসেন। শৈব শাক্তের ন্যায় অনেকে এই বালগোপালের উপাসনা করেন। জগদীশতর্কালঙ্কার ও গদাধর ভট্টাচার্য্য প্রভৃতি নৈয়ায়িক গ্রন্থকার গ্রন্থারম্ভে ইষ্টদেব বালগোপালের নমস্কার করিয়াছেন। তন্ত্রসারে ইহার উপাসনা প্রণালী প্রভৃতি লিখিত আছে।

গোপালের ধ্যান—

"অব্যাদ্ ব্যাকোষ নীলাম্বুজরুচিররুণাম্ভোজনেত্রো হ্যমুজস্থো
বালো জঙ্ঘাকটীরস্থলকলিতরণৎ কিঙ্কিণীকো মুকুন্দঃ।
দোর্ভ্যাং হৈয়ঙ্গবীনং দধদতিবিমলং পায়সং বিশ্ববন্দ্যো
গোগোপীগোপবীতোরু রুনখবিলসৎকণ্ঠভূষশ্চিরং বঃ।"

(তন্ত্রসার)

৫ রাজা কীর্ত্তিবর্ম্মদেবের প্রধান মন্ত্রী ও সেনাপতি, ইঁহারই যত্নে প্রবোধচন্দ্রোদয় নাটক রচিত হয়।

গোপাল, বিদেহরাজ বিরূঢ়কের মন্ত্রী, সকলের জ্যেষ্ঠ পুত্র। সকল বিদেহ পরিত্যাগপূর্ব্বক সপুত্র বৈশালী নগরে আসিয়া বাস করেন। গোপাল সাহসী ও বীর ছিলেন। ইনি লিচ্ছবিদিগের উপবন ধ্বংস করেন। তাঁহাকে দমন করিয়া রাখিবার জন্য, সাধারণ সভা হইতে তাঁহাকে ও তদীয় ভ্রাতা সিংহকে একখানি উপবন দান করা হয়। প্রাচীন বৌদ্ধসূত্রে লিখিত আছে যে, বুদ্ধদেব বৈশালী হইতে গোপাল ও সিংহের শালবনে আসিয়াছিলেন। সকলের মৃত্যুর পর তৎপুত্র সিংহ পিতৃপদ প্রাপ্ত হন। গোপাল আপনাকে উপেক্ষিত ভাবিয়া বৈশালী পরিত্যাগপূর্ব্বক রাজগৃহে আসিয়া বিম্বিসার রাজার প্রধান মন্ত্রী হইয়া বাস করিতে লাগিলেন। কিছুকাল পরে রাজা বিম্বিসার গোপালের ভাতুষ্কন্যা বাসবীকে বিবাহ করেন।

গোপাল, এই নামে অনেক সংস্কৃত গ্রন্থকারের নাম পাওয়া যায়।

১ একজন ধর্ম্মশাস্ত্রকার, শ্রীদত্ত শ্রাদ্ধকল্পে ইহার মত উদ্ধৃত করিয়াছেন।

২ বৃত্তদর্পণকার-জানকীনন্দনের পিতামহ ও রামানন্দের পিতা, ইনি কণাদসূত্রের টীকা ও কাব্যকৌমুদী রচনা করেন।

৩ সংস্কৃত চৈতন্যচরিতামৃত-রচয়িতা।

৪ দ্রব্যগুণ নামে বৈদ্যক গ্রন্থপ্রণেতা, ১৬০৬ খৃষ্টাব্দে এই গ্রন্থ রচিত হয়। ইনি চক্রপাণি ও নারায়ণ কৃত দ্রব্যগুণ উদ্ধৃত করিয়াছেন।

৫ পঞ্চোপাখ্যানরচয়িতা।

৬ একজন জ্যোতির্বিদ্। ইনি ভাস্বতীর টীকাকার।

৭ বিবেকামৃত নামে বৈদান্তিক গ্রন্থরচয়িতা।

৮ শালবংশনৃপমুক্তাবলী নামে গ্রন্থকার।

৯ শুল্বসূত্রের একজন টীকাকার।

১০ বিষমার্থদীপিকা নামে সারস্বত ব্যাকরণের একজন টীকাকার।

১১ বিবাদভঙ্গার্ণবের একজন সংগ্রহকার।

১২ রাজানক গোপাল নামে খ্যাত। ইনি দীনক্রন্দনস্তোত্র, প্রদ্যুম্নশিখরপীঠাষ্টক, মহারাজ্ঞীস্তব ও শিবমালাকাব্য প্রণয়ন করেন।

১৩ "পরমহংস পরিব্রাজকাচার্য্য গোপাল" নামে খ্যাত, গণপতি ও নৃসিংহের গুরু, সায়ণাচার্য্য সসম্মানে ইঁহার নাম উল্লেখ করিয়া গিয়াছেন। ইনি অনেক বৈদিকগ্রন্থ রচনা করেন, তন্মধ্যে এই কয়খানি পাওয়া যায়—আপস্তম্বসূত্রবিবরণ, আপস্তম্বশুল্বরহস্য, কাত্যায়নপরিশিষ্টমূল্যাধ্যায়ভাষ্য, গোপালকারিকা, বৌধায়ণীয় চাতুর্মাস্যপ্রয়োগকারিকা, দর্শপূর্ণমাসাদিকারিকা, পক্ষযাগটীকা, বৌধায়নীয় পশুপ্রয়োগকারিকা, প্রায়শ্চিত্তকারিকা, বৌধায়নীয়শ্রৌতসূত্রবিবরণ, ভরদ্বাজসূত্রটীকা, যজ্ঞপ্রায়শ্চিত্তবিবরণ, শ্রৌতকারিকা, সোমকারিকা।

গোপাল আচার্য্য, ১ আদেশকৌমুদীখণ্ডন নামে একখানি বেদান্ত-রচয়িতা। ২ বিষ্ণুপূজাক্রম নামক সংস্কৃত গ্রন্থকার।

গোপালক (ত্রি) গাং পালয়তি পালি-ণ্বুল্ ৬তৎ। ১ গোরক্ষক। ২ ভূপাল। (পুং) ৩ শিব। (ত্রিকাণ্ড°) গোপাল স্বার্থে কন্। ৪ নন্দনন্দন। ৫ চণ্ডমহাসেন নরপতির এক পুত্র। (কথাসরিৎ)

গোপালকক্ষা (স্ত্রী) গোপালানাং কক্ষেব। ১ ভারতবর্ষের পশ্চিমভাগে অবস্থিত একটী প্রদেশ।

"কক্ষা গোপালকক্ষাশ্চ জাঙ্গলা কুরুবর্ব্বরাঃ। (ভারত ৬।৯ অঃ)

(পুং) তদ্দেশবাসী।

"ততো গোপালকক্ষাংশ্চ সোত্তরানপি কোশলাম্।"

(ভারত ২।২৯ অঃ)

গোপালকচ্ছা পাঠও দৃষ্ট হয়।

গোপালকর্কটী (স্ত্রী) গোপালস্য গোরক্ষকস্য প্রিয়া কর্কটী। ক্ষুদ্র কর্কটী, রাখালশসা, হিন্দীতে গোয়াল-কাঁকরী বলে।

পর্য্যায়—বন্যা, গোপকর্কটিকা ক্ষুদ্রের্ব্বারু, ক্ষুদ্রফলা, চির্ভিটা। ইহার গুণ—শীত বীর্য্য, মধুর, পিত্ত, মূত্রকৃচ্ছ্র, অশ্মরী, মেহ, দাহ ও শোষনাশক। (রাজনি॰)

গোপালকবি, ১ একজন বিখ্যাত হিন্দী কবি। ১৬৫৪ খৃষ্টাব্দে ইহার জন্ম হয়। ইনি রাজা মিত্রজিৎ সিংহের সভাকবি ছিলেন। ২ বাঘেলখণ্ডের অন্তর্গত বন্ধো (রেবা) নিবাসী একজন কবি। ইনি জাতিতে কায়স্থ এবং বন্ধোর মহারাজ বিশ্বনাথসিংহের মন্ত্রী ছিলেন। প্রায় খৃষ্টীয় ১৮৩০ অব্দে গোপাল পঁচিশি নামে একখানি প্রসিদ্ধ হিন্দী গ্রন্থ রচনা করেন। ৩ আনন্দলহরী নামক সংস্কৃত গ্রন্থপ্রণেতা।

গোপালকৃষ্ণ, ১ একজন বিখ্যাত সংস্কৃত গ্রন্থকার। ইনি অম্বাদ্বিশতী, আর্য্যাবর্ণমালিকা, উগ্রনৃসিংহস্তব, উমামহেশ্বরাষ্টক, কুমারকর্ণামৃত, দুর্গানবরত্ন, দেবীনবরত্ন, পঞ্চদশবর্ণমালিকা, বাসুদেবদ্বাদশাক্ষরী, বাসুদেবনন্দিনীচম্পূ, বীররাঘবস্তব, শ্বেতাদ্রিরাঘবাষ্টক, সৌভাগ্যলহরী প্রভৃতি রচনা করেন। ২ রসেন্দ্রসারসংগ্রহ নামে বৈদ্যক গ্রন্থকার।

গোপালকেশব (পুং) কৃষ্ণের মূর্ত্তিভেদ।

গোপালগঞ্জ, ১ বঙ্গের ফরিদপুর জেলার অন্তর্গত একটী নগর। অক্ষা॰ ২৩° ০´ ২২´´ উঃ, দ্রাঘি॰ ৮৯° ৫২´ পূঃ। মধুমতী নদীতীরে অবস্থিত। ধান, লবণ, পাট, দধি ও শীতলপাটীর ব্যবসার জন্য এই স্থান প্রসিদ্ধ। ২ দিনাজপুরের অন্তর্গত এক গণ্ডগ্রাম, এখানে এক অতি সুন্দর দেবমন্দির আছে।

গোপালগিরি, একটী গিরি। সংস্কৃত জ্যোতির্গ্রন্থ যন্ত্ররাজ মতে ইহা ২৭।২৯ অক্ষাংশে অবস্থিত।

গোপাল চক্রবর্ত্তী, একজন বিখ্যাত টীকাকার। ইহার রচিত ভাগবত ও অধ্যাত্মরামায়ণের টীকা প্রচলিত আছে।

গোপালচন্দ্র সাহু, একজন বিখ্যাত হিন্দীকবি। প্রসিদ্ধ হিন্দীকবি হরিশ্চন্দ্রের পিতা। ইহার অপর নাম গিরিধর দাস বা গিরিধর বনারসী। ইনি দশাবতারকাব্য ও ভাষাভূষনের ভারতীভূষন নামে হিন্দিটীকা রচনা করেন।

গোপাল তাতাচার্য্য, একজন বিখ্যাত নৈয়ায়িক, ইনি সংস্কৃতভাষায় অনেক ন্যায়গ্রন্থ রচনা করেন, তন্মধ্যে এই গুলি পাওয়া যায়—

অনুপলব্ধিবাদ, অনুমিতিমানসত্ববিচার, অন্তর্ভাববাদ, আত্মজাতিসিদ্ধিবাদ, ঈশ্বরবাদ, ঈশ্বরসুখবাদ, একত্বসিদ্ধিবাদ, কারণতা ও জ্ঞানকারণবাদ, দ্বন্দ্বলক্ষণবাদ, নব্যমতবাদ, পরামর্শবাদার্থ, বাধবুদ্ধিবাদ, রাজপুরুষবাদ, বাদডিণ্ডিম, বাদফক্কিকা, বিধিবাদ, শিষ্যশিক্ষাবাদ, সমাধিবাদ, সাদৃশ্যবাদ।

গোপালচম্পূ (স্ত্রী) জীবরাজকৃত একখানি চম্পূ, ইহাতে গোপালচরিত্র বর্ণিত আছে।

গোপালতাপনীয় (ক্লী) গোপালস্তাপনীয়ঃ সেব্যোযত্র, বহুব্রী। উপনিষদ্‌বিশেষ। কোন কোন স্থলে গোপালতাপন নামে ইহার উল্লেখ দেখিতে পাওয়া যায়। শঙ্করাচার্য্য, জীবগোস্বামী, নারায়ণ, বিশ্বেশ্বর প্রভৃতি রচিত গোপালতাপনীর ভাষ্য অথবা টীকা পাওয়া যায়।

গোপালদাস, ১ পারিজাতহরণ নামক সংস্কৃত নাটক রচয়িতা এবং ছন্দোমঞ্জরীকার গঙ্গাদাসের পিতা।

২ বৈদ্যসারসংগ্রহ নামে সংস্কৃত চিকিৎসাগ্রন্থপ্রণেতা।

৩ করটিকৌতুক নামে সংস্কৃত গ্রন্থরচয়িতা, ইহার পিতার নাম বলভদ্র।

৪ ভক্তিরত্নাকর নামক বৈষ্ণব গ্রন্থকার, ১৫৯০ খৃষ্টাব্দে ঐ গ্রন্থ রচিত হয়।

৫ বল্লভাখ্যান নামক প্রাকৃত গ্রন্থকার।

৬ একজন প্রসিদ্ধ বৈদ্যক গ্রন্থকার, সিদ্ধেশ্বরের পুত্র ও রামরামের পৌত্র। ইনি ১৭৭১ খৃষ্টাব্দে যোগামৃত নামে সংস্কৃত চিকিৎসাগ্রন্থ ও পরে সুবোধিনী নামে তাহার টীকা রচনা করেন।

৭ একজন স্মার্ত্ত পণ্ডিত, ইহার উপাধি সিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য। ইহার রচিত ব্যবহারালোক নামে স্মৃতিসংগ্রহ পাওয়া যায়।

৮ ব্রজের একজন হিন্দীকবি। ইনি খৃষ্টীয় সপ্তদশ শতাব্দে বিদ্যমান ছিলেন। কৃষ্ণানন্দব্যাসদেব ইহার রচিত সুমিষ্ট ব্রজবুলি উদ্ধৃত করিয়াছেন।

গোপালদেব, ১ বোদামযূতার রাষ্ট্রকূটবংশীয় একজন রাজা, রাজা ভুবনপালের পুত্র।

২ ভোজপ্রবন্ধবর্ণিত কুণ্ডিন নগরের একজন কবি।

৩ একজন প্রসিদ্ধ বৈয়াকরণ, অপর নাম মন্যুদেব, শম্ভুদেবের পুত্র ও কৃষ্ণদেবের কনিষ্ঠ ভ্রাতা। ইনি পরিভাষেন্দুশেখর, বৈয়াকরণসিদ্ধান্তভূষণ, লঘু বৈয়াকরণসিদ্ধান্তভূষণ ও লঘুশব্দেন্দুশেখরের টীকা রচনা করেন।

গোপাল দেশিকাচার্য্য, একজন বিখ্যাত সংস্কৃতবিৎ পণ্ডিত। ইনি সংস্কৃত ভাষায় নিক্ষেপচিন্তামণি ও সারস্বাদিনী নামে বেদান্ত, রামনবমীনির্ণয় ও আহ্নিকপদ্ধতি প্রণয়ন করেন।

গোপালধানী (ত্রি) গোপালো ধীয়তেঽত্র ধা আধারে ল্যুট্ ঙীপ্। গোষ্ঠ। এই শব্দটীর সহিত পুলাস শব্দের সমাস হইলে পুলাস শব্দের পরনিপাত হয়। (পা ২।২।৩১)

গোপালনগর, বঙ্গের নদীয়া জেলার অন্তর্গত এক বাণিজ্য-

প্রধান নগর। অক্ষা ২৩° ৩´ ৫০´´ উঃ, দ্রাঘি° ৮৮°৪৮´ ৪০´´ পূঃ। এখানে অনেক দোকানপাট ও আড়ত আছে।

গোপালনন্দবাণীবিলাস, ভগীরথমিশ্রের পুত্র, ইনি সারাবলী নামে কুমারসম্ভবের একখানি উৎকৃষ্ট টীকা লিখিয়াছেন।

গোপালনায়ক, ভারতবর্ষের মধ্যে একজন প্রসিদ্ধ গায়ক। দাক্ষিণাত্যে ইহার জন্মস্থান। সুলতান আলা উদ্দীন্ সিকন্দর সানীর রাজত্ব সময়ে খ্যাতিলাভ করিয়াছিলেন। ইনি গায়ক আমীর খুশ্রুর সমসাময়িক ছিলেন। ১৩২৫ খৃষ্টাব্দে আমীরের মৃত্যু হয়। প্রবাদ আছে, যখন গোপাল দিল্লীর রাজসভায় যাইয়া গীত গাহেন, তখন দিল্লীতে তাঁহার মত শ্রেষ্ঠ গায়ক কেহ ছিল না। সম্রাট্ আপন গায়ক আমীর খুশ্রুকে নিজ সিংহাসনের নিম্নে লুকাইয়া গোপালকে গাহিতে আদেশ করেন। আমীর গুপ্তস্থান হইতে গোপালের গীত ও সুর তান অভ্যাস করিয়া লইয়াছিলেন এবং পরদিন গোপালের অনুকরণে আমীর "কোয়াল" ও "তরাণ" গাহিয়া সভাস্থ সকলকে চমৎকৃত করিয়াছিলেন। গোপালও ইহাতে বিশেষ আশ্চর্য্যান্বিত হন। এই সময় হইতে গোপালের গৌরব কতকটা খর্ব্ব হয়।

গোপাল ন্যায়পঞ্চানন ভট্টাভার্য্য, বঙ্গদেশীয় একজন বিখ্যাত স্মার্ত্ত পণ্ডিত। রঘুনন্দনের প্রায় দুইশত বর্ষ পরে নবদ্বীপে বৈদিক ব্রাহ্মণবংশে জন্মগ্রহণ করেন। তাঁহার পাণ্ডিত্যে মুগ্ধ হইয়া মহারাজ কৃষ্ণচন্দ্র তাঁহাকে আপন সভাসদ্ নিযুক্ত করেন। তিনি তৎকালীন ইংরাজ গবর্মেণ্টেরও একজন ব্যবস্থাপক ছিলেন, তজ্জন্য মাসিক বৃত্তি পাইতেন। ঢাকার রাজা রাজবল্লভ বিধবাবিবাহ প্রচলনমানসে নানাস্থানের পণ্ডিতগণের মত লইয়া নবদ্বীপে কৃষ্ণচন্দ্রের সভায় লোক প্রেরণ করেন, কৃষ্ণচন্দ্রের আদেশে প্রথমে অপরাপর পণ্ডিতেরা বিধবাবিবাহের শাস্ত্রীয়তা প্রতিপাদন করেন, কিন্তু ন্যায়পঞ্চাননের বিচারে বিধবাবিবাহের অশাস্ত্রীয়তা ও দেশাচারবিরুদ্ধতা প্রতিপন্ন হওয়ায় নবদ্বীপে কেহই বিধবাবিবাহের আনুকূল্যে মত দিতে পারেন নাই, তজ্জন্য তৎকালে রাজবল্লভের অনেক চেষ্টাতেও বিধবাবিবাহ প্রচলিত হইল না।

গোপাল রঘুনন্দনের অষ্টাবিংশতিতত্ত্বের সমালোচনা এবং প্রাচীন ও নব্যস্মৃতির মতামত উদ্ধৃত করিয়া "নির্ণয়" নামে অনেকগুলি সংস্কৃত গ্রন্থ রচনা করেন, তন্মধ্যে আচারনির্ণয়, উদ্বাহনির্ণয়, কালনির্ণয়, তিথিনির্ণয়, দায়নির্ণয়, প্রায়শ্চিত্তনির্ণয়, বিচারনির্ণয়, শুদ্ধিনির্ণয়, শ্রাদ্ধাধিকারনির্ণয়, সংক্রান্তিনির্ণয় ও সম্বন্ধনির্ণয় গ্রন্থ পাওয়া যায়। এই গোপালের বংশে প্রসিদ্ধ দেবীতর্কালঙ্কার ও রামনাথসিদ্ধান্ত জন্মগ্রহণ করেন।

গোপালপণ্ডিত, গৃহ্যভাষ্য ও প্রায়শ্চিত্তকদম্ব নামে সংস্কৃত গ্রন্থকার।

গোপালপট্টনম্, মান্দ্রাজের বিশাখপত্তন জেলার অন্তর্গত একটী গণ্ডগ্রাম, সর্ব্বসিদ্ধি হইতে ৯ ক্রোশ দক্ষিণপশ্চিমে অবস্থিত। গ্রামের পূর্ব্বে ছোট পাহাড়ের উপর 'পাণ্ডবুলমিট্ট' নামে এক পুরাতন মন্দির আছে, প্রবাদ এইরূপ, পাণ্ডবেরা ঐ মন্দির স্থাপন করেন। ইহারই নিকট পাথরের উপর পঞ্চমূর্ত্তি এবং প্রবেশপথে অস্পষ্ট শিলালিপি আছে। মন্দিরের পশ্চিমে ৩টী পাথরকাটা গুহা দেখা যায়।

গোপালপুর, ১ গঞ্জাম্ জেলার প্রধান নগর ও বন্দর। বর্হম্পুর হইতে ৫ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। অক্ষা° ১৯° ২১´ ৫´´ উঃ, দ্রাঘি° ৮৫° ১´ পূঃ। এই নগরের দিন দিন সমৃদ্ধি বাড়িতেছে। এখানে প্রতিবর্ষে প্রায় দুই শত জাহাজ আসিয়া লাগে। এখান হইতে য়ুরোপে নানাবিধ শস্যবীজ, শণ, হরিতকী, পশুশৃঙ্গ ও চর্ম্ম রপ্তানী হয়। এখানে ৮০ ফিট উচ্চে আলো দেওয়া হয়, তাহা সমুদ্রে ৪।৫ ক্রোশ দূর হইতে দেখা যায়। এই নগরে ডাকঘর, বাঙ্গলা প্রভৃতিও আছে।

২ গোদাবরী জেলার অন্তর্গত একখানি গ্রাম, যের্ণগুডেম্ হইতে ১১ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। এখানকার পুরাতন বিষ্ণুমন্দিরে অস্পষ্ট শিলালিপি উৎকীর্ণ আছে।

৩ গোরখ্পুর জেলার ধুরিয়াপার পরগণার অন্তর্গত একটী গ্রাম। গোরখপুর হইতে ৩৩ মাইল দক্ষিণে অবস্থিত। গ্রামের পশ্চিমাংশে বিস্তর ঢিপি পড়িয়া আছে, দেখিলেই কোন প্রাচীন নগরের অবস্থান বলিয়া স্থির করা যায়। এই গ্রামে একটী সুন্দর ইটের কেল্লা আছে।

৪ বাঙ্গালা প্রদেশের ত্রিহুত জেলার অন্তর্গত এক পরগণা। চৌদ্দখানি জমিদারী ইহার অন্তর্গত। এখানকার জমি নাবাল ও বর্ষাকালে অধিকাংশ ডুবিয়া যায়।

গোপালভট্ট, এই নামে অনেক গ্রন্থকারের নাম পাওয়া যায়।

১ গোপালরত্নাকর নামে সংস্কৃত ধর্ম্মশাস্ত্রকার।

২ গোপালপদ্ধতি নামে সংস্কৃত জ্যোতির্গ্রন্থ রচয়িতা।

৩ চৈতন্যভক্ত একজন বৈষ্ণবগ্রন্থকার। ইহার রচিত ভগবদ্ভক্তিবিলাস নামক সংস্কৃত গ্রন্থ বঙ্গীয় বৈষ্ণবসমাজে বিশেষ সমাদৃত।

৪ ন্যায়সুধার মিতাক্ষরা নাম্নী টীকাকার।

৫ মীমাংসাতত্ত্বচন্দ্রিকা নামে সংস্কৃত গ্রন্থকার।

৬ সংস্কৃত ভাষায় সানন্দগোবিন্দ নামে নাটককার।

৭ সুভগার্চ্চনচন্দ্রিকা নামক সংস্কৃত গ্রন্থকার।

৮ মহিম্নস্তবের স্তুতিচন্দ্রিকা নামে উৎকৃষ্ট টীকাকার।

৯ গীতগোবিন্দের অর্থরত্নাবলী নামে টীকাকার, ইঁহার পিতার নাম দুর্গাদাস ও পিতামহের নাম জ্ঞান। ১৬৭৮ খৃষ্টাব্দে ঐ টীকা রচিত হয়।

১০ একজন দার্শনিক, মেঙ্গনাথভট্টের পুত্র ও কৃষ্ণভট্টের পৌত্র। ইনি মীমাংসাবিধিভূষণ নামক সংস্কৃতগ্রন্থ রচনা করেন।

১১ একজন বিখ্যাত তান্ত্রিক। আগমবাগীশের পৌত্র ও হরিনাথের পুত্র, ইনি তন্ত্রদীপিকা নামে একখানি তান্ত্রিক গ্রন্থ লিখিয়া গিয়াছেন।

১২ একজন দ্রাবিড়ীয় পণ্ডিত, হরিবংশদ্রাবিড়ের পুত্র। ইনি অনেক সংস্কৃত গ্রন্থ রচনা করেন, তন্মধ্যে এই কয়খানি পাওয়া যায়—কালকৌমুদী নামে স্মৃতিসংগ্রহ, কৃষ্ণকর্ণামৃতের কৃষ্ণবল্লভা, শৃঙ্গারতিলকের রসতরঙ্গিণী এবং রসমঞ্জরীর রসিকরঞ্জিনী নামে টীকা।

১৩ পদ্যাবলীধৃত একজন প্রাচীন কবি।

গোপালভট্টগুহ, গণেশসহস্রনামব্যাখ্যা-রচয়িতা।

গোপালভাঁড়, নবদ্বীপাধিপতি মহারাজ কৃষ্ণচন্দ্ররায়ের একজন বিখ্যাত সভাসদ্। রায়গুণাকর ভারতচন্দ্র অন্নদামঙ্গলের প্রারম্ভে কৃষ্ণচন্দ্রের সভাবর্ণন উপলক্ষে রাজপরিবার, অমাত্য, পণ্ডিত, ভৃত্য প্রভৃতি সকলেরই উল্লেখ করিয়াছেন, কিন্তু গোপালভাঁড়ের নাম আদৌ লেখেন নাই। ইহাতে কেহ কেহ অনুমান করেন যে, গোপালভাঁড় ভারতচন্দ্রের সমকালীন না হইলেও হইতে পারে অথবা যে সময়ে অন্নদামঙ্গল রচিত হয়, সে সময় গোপাল কৃষ্ণচন্দ্রের সভায় স্থান পান নাই, কিম্বা কৃষ্ণচন্দ্র ভারতচন্দ্র অপেক্ষা গোপালভাঁড়কে অধিক ভালবাসিতেন বলিয়া ঈর্ষাবশতঃ রায় গুণাকর গোপালভাঁড়ের নামোল্লেখ করেন নাই। যাহা হউক, গোপালভাঁড় যে ভারতচন্দ্রকে ভালবাসিতেন ও তাঁহাকে ভক্তি শ্রদ্ধা করিতেন, তাহার একটী সামান্য উপাখ্যান এইরূপ প্রচলিত আছে—

গোপাল জানিতেন ভারতচন্দ্রের উপর পণ্ডিত বাণেশ্বর বিদ্যালঙ্কার ও জগন্নাথ তর্কপঞ্চানন প্রভৃতির ঈর্ষা ছিল। একদিন ভারতচন্দ্র অন্নদামঙ্গলের পুথিখানি বাণেশ্বরের হাতে দিয়া তাঁহাকে পড়িতে বলেন। বাণেশ্বর অশ্রদ্ধাভাবে পুথিখানি লইয়া বিপর্য্যস্তভাবে এদিক্ ওদিক্ পাতা উল্টাইতে থাকেন দেখিয়া গোপাল তাঁহার নিকটে গিয়া করপুটে উচ্চৈঃস্বরে বলিয়া উঠিলেন, "হাঁ হাঁ করেন কি? এ শুষ্ক ন্যায়শাস্ত্র নয়, রসপূর্ণ কাব্য, সাবধানে ধরুন, নচেৎ সমস্ত রস গড়িয়া পড়িবে।" গোপালের এই রসপূর্ণ কথায় বিদ্যালঙ্কার কুণ্ঠিত হইয়া সমাদরে গ্রন্থ দেখিতে লাগিলেন।

বাঙ্গালা ক্ষিতীশবংশাবলীর মতে গোপালভাঁড় জাতিতে নাপিত ও শান্তিপুরে তাঁহার নিবাস ছিল। কিন্তু গুপ্তিপাড়া ও শান্তিপুরের অনেক লোকের মুখেই শুনা যায় যে, গোপাল জাতিতে কায়স্থ ছিলেন ও গুপ্তিপাড়ায় জন্মগ্রহণ করেন। তাঁহার বিশ্বাস উপাধি ছিল। তাঁহার মত সুরসিক, রহস্যপ্রিয়, উপস্থিতবক্তা ও ভাঁড় বঙ্গে অতি বিরল। তিনি ভালরূপ লেখাপড়াও জানিতেন। তাঁহার কথিত বিস্তর রহস্য বঙ্গের সর্ব্বত্রই প্রচলিত আছে।

গোপালমিশ্র, গোপালপূজাপদ্ধতিরচয়িতা।

গোপালযজ্বন্ [গার্গ্যগোপাল দেখ।]

গোপালযোগী, কঠবল্লীভাষ্যবিবরণপ্রণেতা।

[বালগোপাল দেখ।]

গোপালবন্দীজন, বুন্দেলখণ্ডের অন্তর্গত চরখাড়ি-নিবাসী একজন কবি। ইনি ১৮৪০ খৃষ্টাব্দে চরখাড়িরাজ রতনসিংহের রাজসভায় বিদ্যমান ছিলেন।

গোপালব্যাস, নারায়ণভট্টের শিষ্য, উমেশভট্টের পুত্র। ইনি সংস্কৃত ভাষায় নবরাত্রনির্ণয় রচনা করেন।

গোপালশরণ, 'রাজা গোপালশরণ' নামে খ্যাত। ইনি তুলসীকৃত 'শতসই' গ্রন্থের প্রবন্ধঘটনা নামে এক সুন্দর হিন্দি টীকা রচনা করেন। ইনি খৃষ্টীয় সপ্তদশ শতাব্দে বিদ্যমান ছিলেন।

গোপালশর্ম্মন্, ১ একজন কবি, সূর্য্যশতকরচয়িতা। ২ একজন বিখ্যাত রাঢ়ীয় ব্রাহ্মণ কুলাচার্য্য, ইনি ১৭২৫ খৃষ্টাব্দে ধ্রুবানন্দমতব্যাখ্যা নামে কুলগ্রন্থ প্রণয়ন করেন।

গোপালসিংহ, ব্রজবাসী একজন হিন্দি গ্রন্থকার। ইঁহার রচিত তুলসীশব্দার্থপ্রকাশ নামক গ্রন্থ ব্রজের বৈষ্ণবমণ্ডলীতে বিশেষ আদরণীয়। ঐ গ্রন্থে অষ্টছাপের কথা বিশেষ করিয়া বর্ণিত আছে।

গোপালসিদ্ধান্ত, অশৌচমালা নামে ধর্ম্মশাস্ত্রকার।

গোপালি (পুং) গাং বৃষভং পালয়তি পালি-ইন্। ১ শিব।

"গোপালি র্গোপতির্গ্রামঃ।" (ভারত অনু° ১৭ অঃ)

২ প্রবরবিশেষ। (প্রবরাধ্যায়)

গোপালিকা (স্ত্রী) গোপালকস্য পত্নী গোপালক-টাপ্ অত-ইত্বং। ১ গোপাঙ্গনা, গোয়ালার স্ত্রী। ২ শারিবা। (শব্দার্থচি°) ৩ কীটবিশেষ। (হেম° ৪।২৭৪)

গোপালী (স্ত্রী) গোপালস্তদাদরো২স্ত্যত্র গোপাল-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ গোপালকর্কটী। (রাজনি°) গোপালস্য পত্নী ঙীষ্। ২ গোপপত্নী। গাং পালয়তি গো-পালি-অণ্ ঙীষ্। ৩ যে স্ত্রী পালন করে। ৪ কার্ত্তিকেয়ের সহচারিণী মাতৃকাবিশেষ।

"অপ্সু জাতাচ গোপালী বৃহদম্বালিকাতথা।" (ভারত ১৩।৫৭ অঃ)

গোপাবৎ (ত্রি) গোপা রক্ষণমস্ত্যস্য গোপা-মতুপ্ মস্য বঃ। রক্ষণযুক্ত, গুপ্ত, রক্ষিত। "যদ্ গোপাবদদিতিঃশর্ম্ম ভদ্রং।" (ঋক্ ৭।৬০।৮), 'গোপাবদ্ রক্ষণোপেতং' (সায়ণ।)

গোপাষ্টমী (স্ত্রী) গোপপ্রিয়া অষ্টমী। কার্ত্তিকমাসের শুক্লা অষ্টমী। এই দিনে শ্রীকৃষ্ণ গোপালনে নিযুক্ত হন। এই দিন সংযত হইয়া গোপূজা, গোগ্রাসদান, গোপ্রদক্ষিণ ও গবানুগমন করিলে অভীষ্ট সিদ্ধি হয়। (কূর্ম্মপুরাণ)

গোপিকা (স্ত্রী) গোপী-কন্ টাপ্ পূর্ব্ব হ্রস্বশ্চ। ১ যে স্ত্রী গোপালন করে, গোপালিকা। গোপী-স্বার্থে কন্-টাপ্ পূর্ব্ব হ্রস্বত্বঞ্চ। ২ গোপপত্নী।

"ন খলু গোপিকানন্দনো ভবান্ অখিল দেহিনামন্তরাত্মদৃক্।" (ভাগবত ১০।৩১।৪) গোপায়তি রক্ষতি যা গুপ-ধুল্-টাপ্ অত ইত্বং। ৩ রক্ষিত্রী।

গোপিত (ত্রি) গোপা গোপনং জাতাস্য গোপা ইতচ্। সঞ্জাত-গোপন, গুপ্ত।

গোপিত্ত (ক্লী) গোঃ পিত্তমিব। গোরোচনা। (ত্রিকাণ্ড°)

গোপিন্ (ত্রি) গোপায়তি গুপ্-ণিনি। রক্ষক, যে রক্ষা করে।

গোপিনী (স্ত্রী) গোপিন্ ঙীষ্। ১ গোপী। ২ শ্যামালতা। (শব্দচন্দ্রিকা।) ৩ নায়িকাবিশেষ, যে নায়িকা বীরাচারনিরতা হইয়া পশ্বাচারীর নিকটে আত্মগোপন করিতে পারে, তাহাকে গোপিনী বলে। চারিবর্ণোদ্ভবানায়িকাই গোপিনী হইতে পারে।

"আত্মানং গোপয়েদ্ যা চ সর্ব্বদা পশুসঙ্কটে।
সর্ব্ববর্ণোদ্ভবা যস্যা গোপিনী সা প্রকীর্ত্তিতা॥" (কুলার্ণবতন্ত্র)

গোপিল (ত্রি) গোপয়তি রক্ষতি গুপ-ইলচ্ নিপাতনে সাধু। (মিথিলাদয়শ্চ। উণ্ ১।৫৮) গোপ্তা। (সংক্ষিপ্তসার)

গোপিলপুরম্, মান্দ্রাজের বৃদ্ধাচল তালুকের অন্তর্গত একটী প্রাচীন গ্রাম। বৃদ্ধাচলম্ হইতে ৬ মাইল পূর্ব্বদক্ষিণে অবস্থিত। এখানকার পুরাতন শিবমন্দিরে অনেক শিলালিপি উৎকীর্ণ আছে।

গোপিষ্ঠ (ত্রি) অতিশয়েন গোপী ইষ্ঠন্ টিলোপঃ। গোপ্তৃতম।

"কামাচারস্য কামায়ায়ং গোপিষ্ঠো গোপায়াদিতি বা।" (শতপথ ব্রা° ২।২।৩।২) 'গোপিষ্ঠো গোপায়িতৃতমঃ।' (ভাষ্য।)

গোপী (স্ত্রী) গোপস্য স্ত্রী গোপ্-ঙীষ্ (পুংযোগাদাখ্যায়াং। পা ৪।১।৪৮) গোপপত্নী, পূর্ব্বকল্পে ইহারা সকলেই কৃষ্ণকে ভক্তি করিত। বৃন্দাবনের গোপীগণ কৃষ্ণের প্রেমে মাতোয়ারা হইয়া পতিপুত্র পরিত্যাগ করিয়া তাঁহার শরণাগত হইয়াছিল। সাধারণ লোকে উহাদিগকে মানুষী বলিয়া জানে এবং কৃষ্ণের সহিত ইহাদের চরিত্র কলঙ্কিত হইয়াছিল বলিয়া স্থির করে। কিন্তু প্রাচীন হিন্দুশাস্ত্র প্রভৃতির প্রতি বিশেষ লক্ষ্য করিলে জানিতে পারা যায়, গোপীগণ সামান্য মানবী নহে, পার্থিবসুখের জন্য তাঁহারা কৃষ্ণকে ভজনা করিত না। কৃষ্ণকে ইহারা বৃন্দাবনবাসী নন্দগোপের নন্দন বলিয়া মনে করিত না। তাহারা কৃষ্ণকে বিরাট্, অব্যয়, সচ্চিদানন্দ ও জগৎপতি বলিয়া জানিত, তাই সাংসারিক সকল সুখ পরিত্যাগ করিয়া মান, লজ্জা ও লোক ভয়ে জলাঞ্জলি দিয়া কৃষ্ণকে আত্মসমর্পণ করিয়াছিল।

পদ্মপুরাণের পাতালখণ্ডে লিখিত আছে যে, গোপীগণ মানবী নহে। শ্রুতি, দেবকন্যা ও মুনিকন্যাগণ গোপীরূপে বৃন্দাবনে বাস করিত (১)। ইহাদের মধ্যে রাধা, চন্দ্রাবলী, বিশাখা ও ললিতা প্রভৃতি কয়েকটী গোপী প্রধানা ছিল। গোপায়তি রক্ষতি গুপ্-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। ২ শারিবা, অনন্তমূল। (বিশ্ব) ৩ রক্ষিকা।

"গীতানি গোপ্যাঃ কলমং মৃগব্রজঃ।", (মাঘ)

গোপীক, সূক্তিকর্ণামৃতধৃত একজন প্রাচীন কবি।

গোপীকান্ত, বেণীদত্তের পুত্র, ন্যায়প্রদীপ নামক সংস্কৃত গ্রন্থরচয়িতা।

গোপীগীতা (স্ত্রী) ভাগবতের দশম স্কন্ধান্তর্গত গোপীগণকৃত কৃষ্ণের স্তুতি। (ভাগবত ১০।৩১ অধ্যায়)

গোপীকামোদী, কামদ ও কেদারীযোগে উৎপন্ন রাগিণীবিশেষ। (সঙ্গীতরত্নাকর)

গোপীচন্দন, একপ্রকার মৃত্তিকা। সাধারণে ইহাকে তিলক মাটিও বলে। বৈষ্ণবেরা এই মাটি দিয়া তিলক কাটে ও সর্ব্বাঙ্গে হরিনামের ছাপ দিয়া থাকে। দ্বারকার গোপীচন্দনই সর্ব্বশ্রেষ্ঠ। অনেকের বিশ্বাস যে, কৃষ্ণ লীলাসম্বরণ করিয়া চলিয়া গেলে বিরহকাতরা গোপীগণ একটী পুকুরে ডুবিয়া প্রাণত্যাগ করে, সেই পুকুরের মাটিই গোপীচন্দন বলিয়া প্রসিদ্ধ।

গোপীচন্দ্র, ১ রঙ্গপুরের একজন রাজা, ইহার গান এখনও রঙ্গপুর অঞ্চলে প্রচলিত আছে। [কোচবিহার ও কামরূপ দেখ।] ২ সূক্তিকর্ণামৃতধৃত একজন প্রাচীন কবি।

গোপীজনবল্লভ (পুং) গোপ্যেব জনস্তস্য বল্লভঃ। শ্রীকৃষ্ণ।

গোপীত (পুং স্ত্রী) গৌর্গৌরচনেব পীতঃ। খঞ্জনবিশেষ। ইহার দর্শন হইলে ক্লেশ হয়।

"পীতো গোপীত ইতি ক্লেশকরঃ খঞ্জনোদৃষ্টঃ।"(বৃহৎস° ৪৫অঃ)

(১) "গোপ্যশ্চ শ্রুতয়োজ্ঞেয়াঃ স্বধিকা গোপকন্যকাঃ।
দেবকন্যাশ্চ রাজেন্দ্রঃ ন মনুষ্যাঃ কথঞ্চন॥" (পদ্ম—পাতাল)

গোপীথ (ক্লী) গাং পশূন্ পাতি-গো-পা থক্ নিপাতনে সাধু। (নিশীথগোপীথাবগাথাঃ। উণ্ ২।৯) ১ তীর্থস্থান।

"গোপীথং তীর্থমাখ্যাতং" (উণাদিবৃ॰) ২ সোমপান।

"প্রতিত্যং চারুমধ্বরং গোপীথায় প্রহূয়সে।" (ঋক্ ১।১৯।১) 'গোপীথায় সোমপানায়' (সায়ণ।) (পুং) গুপ-ভাবে থক্।

৩ রক্ষণ। "অজাতশত্রুঃ পৃতনাং গোপীথায় মধুদ্বিষঃ।" (ভাগবত ১।১০।২৬) 'গোপীথায় রক্ষণায়'। (শ্রীধর।)

গোপীথ্য (ক্লী) গোঃ পৃথিব্যাঃ পীথং পালনং গোপীথমেব গোপীথ-স্বার্থে যৎ। পৃথিবীপালন।

"জজ্ঞিষ ইথা গোপীথ্যায় হি দধথ।" (ঋক্ ১০।৯৫।১১) 'গোপীথ্যায়·····ভূরক্ষণায়' (সায়ণ।)

গোপীনাথ (পুং) গোপীদিগের নাথ, শ্রীকৃষ্ণ।

গোপীনাথ, ১ অগ্রদ্বীপের প্রসিদ্ধ বিষ্ণুবিগ্রহ, চৈতন্যদেব কর্ত্তৃক অভিষিক্ত ও গোবিন্দঘোষ ঠাকুর কর্ত্তৃক প্রতিষ্ঠিত। [অগ্রদ্বীপ ও গোবিন্দঘোষ ঠাকুর দেখ।]

২ অগ্ন্যাধানপ্রয়োগনামক সংস্কৃত গ্রন্থকার।

৩ অনুমানবাদ নামে ন্যায়গ্রন্থকার।

৪ একজন বিখ্যাত স্মার্ত্তপণ্ডিত, ইনি আহ্নিকচন্দ্রিকা, তুলাপুরুষমহাদানপদ্ধতি, প্রেতদীপিকা, মাসিকশ্রাদ্ধপদ্ধতি, সংস্কাররত্নমালা, সাপিণ্ড্যবিষয় প্রভৃতি সংস্কৃতগ্রন্থ রচনা করেন।

৫ ত্রিবিক্রমশতশ্লোকী নামক জ্যোতির্গ্রন্থের ও দুর্গামাহাত্ম্যের টীকাকার।

৬ ন্যায়বিলাসরচয়িতা। ৭ পদবাক্য রত্নাকরপ্রণেতা।

৮ জ্ঞানপতির পুত্র, শব্দালোকরহস্যরচয়িতা।

৯ জাতিবিবেক-রচয়িতা, ইনি ব্যাসরাজের পুত্র ও সামরাজের পৌত্র।

১০ পশুপত্যাচার্য্যসিংহের পুত্র ও কাতন্ত্রপরিশিষ্টপ্রবোধরচয়িতা।

গোপীনাথকবিরাজ, একজন প্রসিদ্ধ টীকাকার। ইনি কবিকান্তা নামে রঘুবংশের টীকা, সুমনোহরা নামে কাব্যপ্রকাশটীকা, হর্ষহৃদয়া নামে নৈষধের টীকা এবং দশকুমারকথা ও সপ্তশতী নামে দুইখানি সংস্কৃত গ্রন্থ রচনা করেন। ১৬৭৭ খৃষ্টাব্দে কবিকান্তা রচিত হয়।

গোপীনাথদীক্ষিত, শ্রাবণকর্ম্মনামক সংস্কৃত গ্রন্থকার।

গোপীনাথদেব, উড়িষ্যার একজন রাজা, ইনি ১৭১৮ হইতে ১৭২৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করেন।

গোপীনাথপন্থ, একজন বিচক্ষণ মহারাষ্ট্র ব্রাহ্মণ। ১৬৫৮ খৃষ্টাব্দে যে সময়ে বিজাপুরের মুসলমান রাজদরবারে অমাত্যদিগের মধ্যে গোলযোগ চলিতেছিল, সেই সময় অফ্‌জল খাঁ নামে একজন সম্ভ্রান্ত বীরপুরুষ শিবজিকে শাসন করিবার জন্য নিযুক্ত হন। তিনি ৫০০০ অশ্বারোহী ও ৭০০০ উৎকৃষ্ট পদাতিক সৈন্য লইয়া বাই গ্রামাভিমুখে যাত্রা করেন। তখন শিবজি প্রতাপগড়ে ছিলেন। তিনি কৌশলক্রমে অফ্‌জল খাঁকে বলিয়া পাঠাইলেন, যে বিজাপুরের বিরুদ্ধে অস্ত্রধারণ করা তাঁহার অভিপ্রেত নহে। যদি অফ্‌জল খাঁ মনোযোগ করেন, তাহা হইলে তিনি সুলতানের আশ্রয় গ্রহণ করিতে পারেন। অফ্‌জল খাঁ দেখিলেন যে, বনজঙ্গল দিয়া শিবজিকে আক্রমণ করা বড় সহজ কথা নহে, এই সুযোগে শিবজিকে যদি তিনি হস্তগত করিতে পারেন, তাহা হইলে তাঁহার আর গৌরবের পরিসীমা থাকিবে না। তিনি গোপীনাথপন্থকে অনুচরসহ প্রতাপগড় অভিমুখে পাঠাইলেন, গড়ের নিকটবর্ত্তী পার নামক গ্রামে গোপীনাথ উপস্থিত হইলে শিবজি স্বয়ং আসিয়া তাঁহার আদর অভ্যর্থনা করিলেন। গোপীনাথ শিবজিকে জানাইলেন যে, অফ্‌জল খাঁও তাঁহার সহিত মিত্রতা স্থাপন করিতে অভিলাষী এবং তিনি সুলতানের কাছে শিবজির জন্য ক্ষমা প্রার্থনা করিয়া তাঁহাকে জায়গীরদার করিয়া দিবেন। প্রকাশ্যে শিবজি তাহাতেই সম্মত হইলেন। তিনি অনুচরগণ হইতে গোপীনাথের বাসস্থান একটু দূরে নির্দ্দিষ্ট করিয়া দিলেন। রাত্রি যখন দুই প্রহর, শিবজি একাকী গোপীনাথের গৃহে প্রবেশ করিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিলেন। গোপীনাথ ব্রাহ্মণ, সুতরাং শিবজি সাষ্টাঙ্গে প্রণিপাতপূর্ব্বক তাঁহাকে যথেষ্ট ভক্তি দেখাইলেন। গোপীনাথ সেই গভীর নিশীথে শিবজিকে তাঁহার শয়নকক্ষে দেখিয়া বিস্মিত হইলেন এবং অতি সমাদরে তাঁহার আগমনের কারণ জিজ্ঞাসা করিলেন। শিবজি ধীরে ধীরে গম্ভীরভাবে কহিলেন, "আমি ভবানীর আদেশে গোব্রাহ্মণরক্ষায় নিযুক্ত হইয়াছি, ম্লেচ্ছের করাল কবল হইতে গোব্রাহ্মণকে পরিত্রাণ করিব, ইহাই আমার এক মাত্র অভিপ্রায়। আপনি স্বয়ং ব্রাহ্মণ! ব্রাহ্মণ হইয়া কি স্বজাতি ও স্বদেশকে রক্ষা করিবেন না? যদি আপনি অর্থের জন্য যবনের দাসত্ব স্বীকার করিতে বাধ্য হইয়া থাকেন, তবে আমি আপনার সেই অভাব দূর করিতে প্রতিশ্রুত আছি। আমি প্রতিজ্ঞা করিতেছি, যদি আপনি অনুকূল হন, তাহা হইলে হেবরা নামক গ্রাম চিরদিনের জন্য আপনাকে প্রদান করিব।" গোপীনাথের চক্ষে জল আসিল; তিনি শিবজিকে আলিঙ্গন করিয়া কহিলেন, "আমি ভবানীর আদেশ শিরোধার্য্য করি, অবশ্যই আমি আপনাকে সাহায্য করিব।" এই বলিয়া তিনি অফ্‌জল খাঁর দুরভিসন্ধি ও

মনের ভাব সকলই প্রকাশ করিলেন। অতি অল্পসময় মধ্যে পরামর্শ স্থির করিয়া শিবজি সরিয়া পড়িলেন। পরদিন তিনি গোপীনাথের সহিত কৃষ্ণজি ভাস্কর নামে একজন ব্রাহ্মণকে অফ্‌জল খাঁর নিকট পাঠাইলেন। গোপীনাথ ও কৃষ্ণজি শিবজির হইয়া অফ্‌জল খাঁর নিকট অনেক অনুনয় বিনয় করিলেন। গোপীনাথের কথায় অফ্‌জল শিবজির সহিত দেখা করিতে প্রস্তুত হইলেন। এদিকে শিবজি অফ্‌জলের অভ্যর্থনার জন্য প্রতাপগড়ের নিম্নে এক স্থান সুসজ্জিত করিলেন ও বনজঙ্গল কাটাইয়া তাঁহার আসিবার পথ পরিষ্কার করাইলেন। কিন্তু অপরাপর পথের চারিদিকে রীতিমত সৈন্য রক্ষা করিলেন। অফ্‌জল অল্পসংখ্যক সৈন্য ও গোপীনাথকে সঙ্গে লইয়া শিবজির সহিত সাক্ষাৎ করিতে আসিলেন। যেখানে উভয়ে দেখা হইবে, তথায় উভয়েই এক এক জন মাত্র অনুচর সঙ্গে লইয়া উপস্থিত হইলেন। শিবজির কটিদেশে বাঘনখ নামে দারুণ অস্ত্র রক্ষিত ছিল। উভয়ে যখন পরস্পর আলিঙ্গন করিতে যাইবেন, অমনি শিবজির কটিস্থ 'বাঘনখ' অফ্‌জলের উদর বিদীর্ণ করিয়া হৃদ্‌পিণ্ড ছিন্ন করিল। অল্পক্ষণ মধ্যে অফ্‌জল খাঁ নিহত হইলেন। শিবজিও আপনার অঙ্গীকার পালন করিলেন। গোপীনাথ বিস্তর অর্থ ও মহারাষ্ট্রসৈন্য মধ্যে উচ্চপদ প্রাপ্ত হইলেন। [শিবজি দেখ।]

গোপীনাথপুর, উড়িষ্যার কটকজেলার অন্তর্গত একটী গণ্ড গ্রাম। কটকনগর হইতে প্রায় ৫ ক্রোশ উত্তরপূর্ব্বে অবস্থিত। এখানে সুবৃৎ গোপনাথজীর মন্দিরের ধ্বংসাবশেষ পড়িয়া আছে।* গোপীনাথের মূল ও গর্ভগৃহের কিছুই নাই, ভগ্ন নাটমন্দিরের মধ্যস্থলে একটী নূতন গৃহ নির্ম্মিত হইয়াছে, তন্মধ্যে দধিবামন মূর্ত্তি বিরাজিত। ভগ্নাবশেষ নাটমন্দিরের চারিদিকে উৎকৃষ্ট শিল্পনৈপুণ্যযুক্ত স্তূপাকার প্রস্তর পড়িয়া আছে ও তাহার পশ্চাতে অদূরে এক বৃহৎ পুষ্করিণী রহিয়াছে। নাটমন্দিরে উঠিবার সিঁড়ির বামপার্শ্বে প্রাচীরগাত্রে প্রাচীন উৎকলাক্ষরে উৎকীর্ণ শিলাফলকে প্রশস্তি বর্ণিত আছে, তৎপাঠে * জানা যায়, উড়িষ্যায় কপিলেন্দ্র নামে একজন সূর্য্যবংশীয় রাজা ছিলেন (১)। তিনি বাহুবলে ডিল্লীরাজগণকে পরাজয় এবং গৌড় ও মালব রাজ্য জয় করিয়াছিলেন (২)। তাঁহার লক্ষ্মণ নামে একজন পুরোহিত ও মন্ত্রী ছিলেন (৩)। লক্ষ্মণের নারায়ণ নামে পুত্র জন্মে, তাঁহার অনুজের নাম গোপীনাথ, ইনিও কপিলেন্দ্রের একজন মহামাত্র (৪)। ইনিই নিজ নামে গোপীনাথের এই দেবমন্দির নির্ম্মাণ করিয়া জগন্নাথ, বলরাম ও সুভদ্রামূর্ত্তি স্থাপন করেন (৫)।

এই গ্রামে ব্রাহ্মণশাসন আছে। এখানকার এক ঘর ব্রাহ্মণ আপনাদিগকে গোপীনাথ মহাপাত্রের বংশধর বলিয়া পরিচয় দিয়া থাকেন। তাঁহাদের মুখে শুনিলাম যে, গোপীনাথ দুই ঘণ্টামাত্র কপিলেন্দ্রের মন্ত্রীত্ব পাইয়াছিলেন, এই দুইঘণ্টার মধ্যে উক্ত গোপীনাথের মন্দির নির্ম্মিত হয়। কিন্তু দুই ঘণ্টা মধ্যে এরূপ মন্দির নির্ম্মিত হওয়া নিতান্ত অসম্ভব।

গোপীনাথভট্ট, ১ হিরণ্যকেশিসূত্রের জ্যোৎস্না নামে টীকাকার। ২ নির্ণয়রত্নাকার নামে ধর্ম্মশাস্ত্রকার।

গোপীনাথমিশ্র, ১ ক্রিয়াকৌমুদীনামে সংস্কৃত গ্রন্থপ্রণেতা। ২ তত্ত্বচিন্তামণিসার নামে ন্যায়গ্রন্থকার।

গোপীনাথমৌলিন্, একজন বিখ্যাত নৈয়ায়িক ও বাবেরীর রাজা জয়সিংহের সভাপণ্ডিত। ইনি রাজা জয়সিংহের অনুরোধে সিদ্ধান্ততত্ত্বসার নামে পদার্থবিবেকের টীকা ও ন্যায়কুসুমাঞ্জলিবিকাশ প্রণয়ন করেন।

গোপীনাথশর্ম্মন্, শব্দমালা নামে সংস্কৃত অভিধানকার।

গোপীনাথশৈব, মাধবশৈবের পুত্র ও স্নানসূত্রদীপিকাপ্রণেতা।

গোপীনারায়ণ, একজন বিখ্যাত স্মার্ত্ত। ইনি রাজা সূর্য্যসেনের আদেশে নির্ণয়ামৃত নামে ধর্ম্মশাস্ত্র রচনা করেন।

গোপীন্দ্রতিপ্পভূপাল, বামনের কাব্যালঙ্কারবৃত্তির কাব্যালঙ্কারকামধেনু নামে টীকাকার।

গোপীরমণ, আনন্দলহরীর একজন টীকাকার।

---

* এই শিলালিপিখানি অথবা ইহার বিষয় ইতিপূর্ব্বে কোন গ্রন্থে প্রকাশিত হয় নাই। এই কারণে ইহার ঐতিহাসিক অংশ নিম্নে উদ্ধৃত হইল। (শিলাফলকখানি দৈর্ঘ্যে ৪৫ ইঞ্চ ও প্রস্থে ২৯ ইঞ্চ। ইহাতে ২৯টী পঁক্তি আছে। প্রতি অক্ষর প্রায় ১ ইঞ্চ করিয়া বড়।)

(১) "ভাস্বদ্‌বংশাবতংসস্ত্রিজগদধিপতে নীলশৈলাধিনাথ-
স্যাদেশাদোড্রদেশে সমজনি কপিলেন্দ্রাভিধানোনরেন্দ্রঃ।" ৬ষ্ঠ পঁক্তি।

(২) "কর্ণাটোজ্জাসসিংহঃ কলবরগদয়া মালবধ্বংসলীলা
জজ্বালো গৌড়মর্দ্দী ভ্রমরবরনৃপো ধ্বস্তডিল্লীন্দ্রবর্গঃ॥" ৭ম পঁক্তি।

(৩) "তস্যাপ্তহংসঃ সহি হংসবংশকেতোঃ পুরোধা মখকৃদ্বতংসঃ।
বিদ্বান্ মহাপাত্রকুলাবতংসঃ শ্রীলক্ষ্মণোঽয়ং প্রথিতপ্রশংসঃ॥"১১শ পঁক্তি।
"মন্ত্রীশ্রেণী শিরোমণিঃ সুমনসাং সন্তানচিন্তামণিঃ
পাপব্রাজবিষৌঘগারুড়মণিঃ সদ্‌বৃত্তরক্ষামণিঃ।
পদ্মোল্লাসবিলাসবাসরমণি পুত্রোঽস্য নারায়ণঃ
সত্যারম্ভপরায়ণো জনিজনত্রাণায় নারায়ণঃ॥" ১২শ পঁক্তি।

(৪) "অস্যাসীদসুজো মতঃক্ষিতিভুজাং শ্রীগোপীনাথো মহা-
পাত্রঃপাত্রজনার্চ্চনৈকরসিকপাত্রং গুণীনাং মহৎ।"

(৫) "প্রাসাদমেতৎ নয়নাভিরামং বিধত্ত হারীতকুলাব্ধিচন্দ্রঃ।
অসারসংসারগভীরপঙ্কে নিঃশঙ্কনিষ্ঠাত্যবলম্বদণ্ডম্॥
রামং শ্রীপুরুষোত্তমং ভগবতীমস্মিন্ সুভদ্রাং তথা।
রত্নালঙ্কৃতরাজিরাজিততনুং ভক্ত্যায়মস্থাপয়ৎ॥" ২০শ পঁক্তি।

গোপীযন্ত্র, একতার বাদ্যযন্ত্রবিশেষ। সার্দ্ধহস্ত পরিমিত সরু গ্রন্থিযুক্ত একটি বংশদণ্ডের গ্রন্থিযুক্ত প্রান্তের ছয় সাত আঙ্গুল পরিত্যাগ করিয়া অবশিষ্ট অংশ সমান চারিভাগে বিভক্ত করিবে। সেই চারিটীভাগের পরস্পর বিপরীত দুইভাগ ফেলিয়া দিয়া অপর দুইটী অংশের প্রান্তে একটী অলাবু খোল আবদ্ধ করিয়া তাহাতে একগাছী তার দিতে হয়। ঐ তার দুইটী বংশখণ্ডের মধ্যে থাকিবে এবং তারের একটী প্রান্ত অখণ্ডিত বংশেদণ্ডে কীলকবদ্ধ ও অপর প্রান্ত অলাবু খোলে আবদ্ধ করিতে হয়। ইহাকে গোপীযন্ত্র বলে। বাউলেরা এই যন্ত্র বাজাইয়া গান করিয়া থাকে।

গোপীমাটি, গোপীচন্দন।

গোপুচ্ছ (পুং) গোঃ পুচ্ছইব পুচ্ছোযস্য বহুব্রী। ১ গোলাঙ্গুল নামক বানর। (হেম°) "ঋক্ষবান্ গোপুচ্ছৈর্মার্জারৈশ্চ নিষেবিতম্।" (রামায়ণ।) (ক্লী) গোঃ পুচ্ছঃ ৬তৎ। ২ গোরুর লাঙ্গুল। "গোপুচ্ছস্থে বল্মীকাগ্রে" (বৃহৎস° ৯৫।৩৫) (পুং) ৩ হারবিশেষ। (অমর)

গোপুটা (স্ত্রী) গৌরিবপুটমস্যাঃ বহুব্রী। বড়এলাচী। (রাজনি°)

গোপুটীক (ক্লী) গোঃ শিববৃষস্য পুটিকং পুটযুক্তং মস্তকং। শিববৃষের মস্তক। (ত্রিকাণ্ড°)

গোপুত্র (পুং) গোঃ পুত্রঃ ৬তৎ। ১ গোবৎস। ২ সূর্য্যপুত্র কর্ণ।

গোপুর (ক্লী) গৌঃ স্বর্গবৎরম্যং পুরং যস্মাৎ যদ্বা গোপায়তি রক্ষতি নগরং গুপ্ বাহুলকাৎ উরচ্। ১ পুরদ্বার, নগরের ফটক্, সহরের গেট (অমর)। ২ কোন কোন আভিধানিকের মতে—দুর্গদ্বার। ৩ দ্বার। (ভরত)

"দ্বিপক্ষগরুড়প্রখ্যৈর্দ্বারৈঃ সৌধৈশ্চ শোভিতম্।
গুপ্তমভ্রচয়প্রখ্যৈর্গোপুরৈর্মন্দরোপমৈঃ॥" (ভারত ১।২০৮।৩১)

গবাজলেন পিপর্ত্তি পূরয়তি আত্মানং পৃ-ক। ৪ কৈবর্ত্তী মুস্তক। (মেদিনী) (পুং) ৫ বৈদ্যশাস্ত্রপ্রণেতা ঋষিবিশেষ। (সুশ্রুত, সূত্র° ১ অঃ।) ৬ দাক্ষিণাত্যে মন্দিরাদির সম্মুখে নির্ম্মিত সমুচ্চ প্রবেশগৃহবিশেষ। এইরূপ কুম্ভকোণের গোপুর প্রসিদ্ধ। এই গোপুর ১৫শ তল উচ্চ; ইহার শিল্পনৈপুণ্য ও চিত্রকার্য্য নিরীক্ষণ করিলে বিস্মিত হইতে হয়। (Fergusson's History of Indian and Eastern Architecture, p. 368.)

গোপুরক (ক্লী) গোপুর স্বার্থে কন্। ১ গোপুর। (পুং) গোঃ পৃথিব্যাঃ পূরকঃ ৬তৎ। ২ কুন্দুরুকবৃক্ষ। গবাং পূরকঃ ৬তৎ। ৩ যে গোপালন করে।

গোপুরী [গোয়া দেখ।]

গোপুরীষ (ক্লী) গোঃ পুরীষং ৬তৎ। গোময়। (রাজনি°)

গোপেন্দ্র (পুং) গোপেষু ইন্দ্রঃ শ্রেষ্ঠঃ ৭তৎ। ১ শ্রীকৃষ্ণ। (হেম°) গোপানামিন্দ্র ঈশ্বরঃ ৬তৎ। ২ গোপাধিপতি নন্দ, ইনি বৃন্দাবনে গোপগণের অধীশ্বর ছিলেন। গোপেশ্বর প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত।

গোপেশ (পুং) গোপানামীশঃ ৬তৎ। ১ নন্দগোপ।

"গোপেশং পরিতঃ পরে।" (মুগ্ধবোধ।) ২ শাক্যমুনি। (ত্রিকাণ্ড°)

গোপেশ্বর, ১ আত্মবাদ ও বাদকথা নামে বেদান্ত গ্রন্থকার; ইনি কল্যাণরায়ের পুত্র। ২ বিট্‌ঠলদীক্ষিতের স্বতন্ত্রলেখনের একজন টীকাকার। ৩ কুমাউন্ জেলাস্থ নাগপুর পরগণার অন্তর্গত একটী প্রাচীন গ্রাম। এখানে এক অতি প্রাচীন সুন্দর শিবালয় আছে। গোর্খালি সেনাপতি অমরসিংহ-ঠাপার ব্যয়ে ঐ মন্দিরের জীর্ণসংস্কার হইয়াছে। এই মন্দিরের চত্বরে ১৬ ফিট্ উচ্চ এক লৌহ-ত্রিশূল দাঁড়াইয়া আছে, ইহার সহিত একখানি তাম্রপত্রে উৎকীর্ণ প্রশস্তি সংলগ্ন আছে। এ ছাড়া আরও কয়েকখানি খোদিতলিপি দৃষ্ট হয়। এখানকার প্রাচীন খোদিতলিপি পাঠে জানা যায় যে, রাজা অনেকমল্ল কেদারভূমি জয় করেন এবং তিনি ১১১৩ শকে এখানে রাজকীয় মন্দির নির্ম্মাণ করাইয়াছিলেন।

গোপোক, সূক্তিকর্ণামৃত ধৃত একজন কবি।

গোপ্তব্য (ত্রি) গুপ-কর্ম্মণি তব্য। ১ অপ্রকাশ্য। ২ রক্ষণীয়।

"পৌরজানপদাশ্চৈব গোপ্তব্যাস্তে যথা সুখম্।" (ভারত কর্ণ° ৯৫ অঃ)

গোপ্তৃ (ত্রি) গুপ-তৃচ্। ১ রক্ষক।

"মুচ্যতে ব্রহ্মহত্যায়া গোপ্তা গোব্রাহ্মণস্য চ।" (মনু)

২ সংবরক, আচ্ছাদনকারী। ৩ বিষ্ণু।

"গোহিতো গোপতি র্গোপ্তা।" (ভারত ১৩।১৪৯।৭৬)

'স্বাত্মানং স্বমায়য়া গোপায়তি সংবৃণোতি গোপ্তা।' (ভাষ্য)

গোপ্য (ত্রি) গুপ্-ণ্যৎ (ঋহলোর্ণ্যৎ। পা ৩।১।১২৪) ১ রক্ষণীয়। ২ গোপনীয়, অপ্রকাশ্য।

"আয়ুর্বিত্তং গৃহচ্ছিদ্রং মন্ত্রমৈথুনভেষজম্।
তপোদানাপমানঞ্চ নবগোপ্যানি যত্নতঃ॥" (কাশীখণ্ড)

৩ দাসীপুত্র।

গোপ্যক (পুং) গোপ্যএব স্বার্থে কন্। দাসীপুত্র। (অমর)

গোপ্যাদিত্য (পুং) গোপীভিঃ স্থাপিত আদিত্যঃ মধ্যলো°। প্রভাসতীর্থে গোপীগণ কর্ত্তৃক স্থাপিত একটী সূর্য্যমূর্ত্তি। স্কন্দপুরাণের প্রভাসখণ্ডে লিখিত আছে যে, ভূতেশমূর্ত্তির বায়ুকোণে ত্রিশধনু দূরে গোপ্যাদিত্যমূর্ত্তি অবস্থিত। নারদ প্রভৃতি প্রভাসবাসী মুনিগণ দ্বারা ষোলহাজার গোপী এই রবি মূর্ত্তি

স্থাপিত করিয়া, ঋষিগণকে বিপুল ধন দান করেন। ঋষিগণ সন্তুষ্ট হইয়া সেই সূর্য্যমূর্ত্তির গোপ্যাদিত্য নাম রাখেন।

গোপ্যাধি (পুং) গোপ্যশ্চাসৌ আধিশ্চেতি কর্ম্মধাং। আধি-বিশেষ। [আধি দেখ।]

গোপ্রকাণ্ড (ক্লী) প্রশস্তা গৌঃ নিত্য কর্ম্মধাং। (প্রশংসা বচনৈশ্চ। পা ২। ১। ৬৬) শ্রেষ্ঠ গোরু। (সিং কোং)

গোপ্রচার (পুং) প্রচরন্ত্যস্মিন্ প্র-চর-আধারে ঘঞ্ ৬তৎ। ১ গোচারণস্থান, গোষ্ঠ। ২ তীর্থবিশেষ। (স্কন্দপুং—প্রভাস।)

গোপ্রতার (পুং) গবাং প্রতারঃ প্রতরণতুল্যঃ সংমর্দ্দোঽত্র বহুব্রী। ১ সরযূর তীর্থবিশেষ। মহারাজ রামচন্দ্র সরযূর যে স্থানে পাঞ্চভৌতিক শরীর পরিত্যাগ করিয়া স্বর্গে গমন করেন, সেই স্থান গোপ্রতারতীর্থ নামে বিখ্যাত। এই তীর্থে স্নান করিলে সকল পাপ বিনষ্ট হয় ও স্থূলদেহের অবসানে স্বর্গলাভ হইয়া থাকে। (ভারত ৩। ৮৪ অঃ)

গবা বৃষভেন প্রতারো গমনমস্য বহুব্রী। ২ শিব।

"গোনর্দ্দো গোপ্রতারশ্চ গোবৃষেশ্বরবাহনঃ।"

(ভারত ১৩।২৮৬ অঃ)

গবাং প্রতারঃ ৬তৎ। ৩ গোরুদিগের অবতরণ।

গোপ্রবেশ (পুং) গোঃ প্রবেশ ৬তৎ। ১ গোরুগণের বন হইতে গৃহে প্রত্যাগমন।

"গোপ্রবেশসময়ে হগ্রতো বৃষো যাতি কৃষ্ণপশুরেব বা পুরঃ।" (বৃহৎসং ২৫ অঃ।) ২ গোপ্রবেশকাল, যে সময়ে গোষ্ঠ হইতে গোরুগণ ফিরিয়া আইসে, সূর্য্যাস্তের অব্যবহিত পূর্ব্বসময়।

গোফণা (স্ত্রী) সুশ্রুতোক্ত ব্রণের বন্ধনবিশেষ। চিবুক, নাসিকা, ওষ্ঠ, স্কন্ধ ও বস্তিদেশে (তলপেটে) গোফণাবন্ধ বিধেয়। (সুশ্রুতং সূত্রং ১৮ অঃ)

গোবাল (পুং) গোর্বালঃ ৬তৎ। ১ গোরুর কেশ। ২ গোরুর লোম। গোরুর লোম বা কেশ অনেকদিন মৃত্তিকার নীচে থাকিলেও বিকৃত হয় না। সীমাস্থানে মাটির নীচে গোলোম রাখিয়া দিবার বিধান আছে।

"অশ্মনোঽস্থীনি গোবালাংস্তথান্ ভস্মকপালিকাঃ।" (মনু ৮।২৫০)

গোবালী (স্ত্রী) গোর্বালাইব বালোঽস্যাঃ বহুব্রী, ঙীপ্। (পাককর্ণপর্ণপুষ্পফলমূলবালোত্তরপদাচ্চ। পা ৪। ১। ৬৪) ওষধিবিশেষ। (সিং কোং)

গোভগুীর (পুং স্ত্রী) গবি জলে ভগুীরঃ অতি বাচালঃ। জল-কুক্কুভপক্ষী। (ত্রিকাণ্ডং) স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়।

গোভানু (পুং) তুর্বসু নৃপতির পৌত্র ও বহ্নির পুত্র।

(হরিবং ৩২ অঃ)

গোভিল (পুং) একজন গৃহ্যপ্রণেতা ঋষি। ইনি সামবেদীয় গৃহ্যসূত্র প্রণয়ন করেন।

গোভিলপুত্র, গোভিলের পুত্র, একজন স্মৃতিকার।

গোভুজ (পুং) গাং পৃথিবীং ভুনক্তি গো-ভুজ্ কিপ্। ভূপাল, রাজা।

গোভূৎ (পুং) গাং ভূমিং বিভর্ত্তি ভৃ-কিপ্ তুগাগমশ্চ। পর্ব্বত।

"নাদেন গোভৃচ্ছিখরেষু মত্তা নৃত্যন্তি গোকর্ণশরীরভক্ষাঃ।"

(বিদ্যাসুন্দর)

গোম (গোধূম শব্দজ) একপ্রকার শস্য, গোধূম।

গোমক্ষিকা (স্ত্রী) গোঃ ক্লেশদায়িকা মক্ষিকা। মক্ষিকা-বিশেষ, দংশ, ডাঁশ।

গোমঘ (ত্রি) গাং মঙ্ঘতি দানার্থমলঙ্করোতি গো-মঙ্ঘি-ক, নিপাতনান্নকারলোপঃ। গোদাতা, যে গোরু দান করে।

"কদা ধিয়ো ন নিযুতো যুবাসে
কদা গোমঘা হবনানি গচ্ছাঃ॥" (ঋক্ ৬।৩৫।৩)

'গোমঘা গোমঘানি গবাং দাতৃণি।' (সায়ণ।)

স্ত্রীলিঙ্গে টাপ্ হয়।

গোমণ্ডল (ক্লী) গবাং মণ্ডলং ৬তৎ। ১ গোসমূহ। গোর্মণ্ডলং ৬তৎ। ২ ভূমণ্ডল। "মগ্নাং চ তোয়াপদি দুস্তরায়াং গোমণ্ডলস্যোদ্ধরণং চকার।" (মাঘ।) ৩ কিরণসমূহ।

গোমৎ (ত্রি) গৌরস্ত্যস্য গো-মতুপ্। ১ গোস্বামী। ২ গোযুক্ত, যাহার গোরু আছে। ৩ কিরণশালী। ৪ স্তুতিবাদক।

"ইন্দ্র গোমন্নিহায়াহি" (বাজসং ২৬।৪) 'গাবঃ স্তুতিরূপাবাচঃ কিরণা বা বিদ্যন্তে হস্য গোমান্' (বেদদীপ)

গোমতল্লিকা (স্ত্রী) প্রশস্তা গৌঃ নিত্যসং পরনিপাতঃ (প্রশংসাবচনৈশ্চ। পা ২।১।৬৬) প্রশস্ত গোরু।

গোমত (ক্লী) গবাং মতং ৬তৎ। অধ্বপরিমাণ, গব্যূতি।

গোমৎস্য (পুং) গৌরিব স্থূলোমৎস্যঃ। মৎস্যবিশেষ, সুশ্রুত ইহাকে নাদেয়মৎস্যগণের মধ্যে গণনা করিয়াছেন।

গোমথ (ত্রি) গাং দুগ্ধং মথতি মথ-অচ্। গোপাল।

গোমতী (স্ত্রী) গোমৎ-ঙীপ্। ১ স্বনামখ্যাতা নদীবিশেষ।

"গোমতীং ধূতপাপাঞ্চ গণ্ডকীঞ্চ মহানদীম্।" (ভারত ৬।৭৯ অঃ)

স্কন্দপুরাণের প্রভাসখণ্ডে ইহার উৎপত্তি, মাহাত্ম্য ও স্নানাদি জন্য ফল এইরূপ লিখিত আছে—

"গঙ্গাসরস্বতী পুণ্যা যমুনা চ মহানদী।
গোদাবরী গোমতী চ নদীতাপীচ নর্ম্মদা॥
নদ্যঃ সমুদ্রসংযোগাৎ সর্ব্বাঃ পুণ্যাঃ শুভাবহাঃ।"

অর্থাৎ গঙ্গা, সরস্বতী, যমুনা, গোদাবরী, গোমতী, তাপী ও নর্ম্মদা এই কয়টী পুণ্যসলিলা নদী সমুদ্রের সহিত

মিলিত হইয়াছে ; ইহাদের জলপবিত্র। এই বচন অনুসারে জানিতে পারা যায় যে গঙ্গা প্রভৃতির ন্যায় গোমতী নদীও পর্ব্বত হইতে বাহির হইয়া সমুদ্র পর্য্যন্ত গমন করিয়াছে। কিন্তু মহাভারতের মতে গোমতী নদী কাশীর উত্তরে গঙ্গার সহিত মিশ্রিত হইয়াছে বলিয়া বর্ণনা আছে (১)। গোমতী-গঙ্গাসঙ্গমে স্নান করিলে অগ্নিষ্টোমের ফল হয় ও কুল উদ্ধার হইয়া থাকে। রামতীর্থে স্নান করিয়া গোমতীতে স্নান করিলে অশ্বমেধের ফল ও কুল পবিত্র হয়। গোমতীতে শতসাহস্রক নামে একটী তীর্থ আছে, তথায় সংযত ভাবে স্নান করিলে সহস্র গোদানের ফল হইয়া থাকে।

(ভারত ৩।৮৪ অঃ)

এই নদী উত্তরপশ্চিমপ্রদেশের শাহজহানপুর জেলার অন্তর্গত ফলজরতাল নামক ক্ষুদ্র হ্রদ হইতে নির্গত। অক্ষা° ২৮° ৩৭´ উঃ ও দ্রাঘি° ৮০° ৭´ পূঃ। দেওহা ও ঘর্ঘরা নদীর মধ্যবর্ত্তী বালুকাময় ভূমির উপর দিয়া প্রায় ৫০০ মাইল প্রবাহিত হইয়া অক্ষা° ২৫° ৩৫´ উঃ ও দ্রাঘি° ৮৩° ২৩´ পূর্ব্বে গঙ্গার বামকূলে আসিয়া মিলিত হইয়াছে। প্রবল স্রোতে দক্ষিণপূর্ব্বগতিতে ৪২ মাইল প্রবাহিত হইয়া অক্ষা° ২৮° ১১´ উঃ ও দ্রাঘি° ৮০° ২০´ পূর্ব্বে অযোধ্যার খেরি জেলায় আসিয়া পৌঁছিয়াছে। অক্ষা° ২৭° ২৮´ উঃ ও দ্রাঘি° ৮০° ২৭´ পূর্ব্বে কথ্না নামক একটী শাখা নদী আসিয়া ইহার বাম-কূলে পড়িয়াছে। এই স্থান হইতে প্রায় ৮০ মাইল দক্ষিণ-পূর্ব্বাভিমুখে আসিয়া সরায়ন নামক একটী শাখা দেখা যায়। ইহার পর লক্ষ্ণৌ সহর। এখানে নদীর উপর ৫টী সেতু আছে। এই স্থানে সকল ঋতুতেই নদীর মধ্য দিয়া নৌকাদ্বারা গমনাগমনের সুবিধা। লক্ষ্ণৌনগরের দক্ষিণে গোমতী নদী ক্রমশই সরু হইয়া আসিয়াছে। এখানকার চারিধারের দৃশ্য অতিশয় মনোরম। অযোধ্যা-নগরের ১৭০ মাইল দক্ষিণপূর্ব্বে সুলতানপুরের নিকট নদী প্রস্থে ২০০ হাত এবং স্রোতের বেগ ঘণ্টায় প্রায় দুই মাইল হইবে। গোমতী সুলতানপুর হইতে ৫২ মাইল দক্ষিণে জৌনপুর জেলায় আসিয়াছে। জৌনপুর সহরতলির মধ্যে নদীর বাহ্য দৃশ্য অতীব সুন্দর। এখানে নদীর উপরে খিলান করা একটি পুল আছে। জৌনপুরের ১৮ মাইল দক্ষিণে বারাণসী জেলার নিন্দনদী আসিয়া গোমতীর দক্ষিণ-কূলে মিশিয়াছে। যেখানে গোমতী গঙ্গার সহিত মিশিয়াছে, তাহার কিছু উত্তরে নৌকাসংলগ্ন সেতু দিয়া গ্রীষ্ম ও শীত ঋতুতে গোমতী পারাপার হওয়া যায়। বর্ষার সময় নৌকা ভিন্ন পার হইবার উপায় নাই। দিলবার ঘাট হইতে খেরী জেলার মুহম্মদী নামক স্থান পর্য্যন্ত নদীতে সকল সময়েই সহজে ৫০০ শত মণী নৌকা যাতায়াত করে।

গৌঃ গোপদমাধিক্যেন বিদ্যতেঽস্য গো মতুপ্ ঙীপ্। ২ বিদ্যাবিশেষ, গোদান প্রভৃতি করিবার মন্ত্র। [গোদান দেখ।]

"গোমত্যা বিদ্যয়া ধেনুং তিলনামভিমন্ত্র্য চ।" (ভারত ১৩।৩৮ অঃ।)

৩ গঙ্গা। "গোমতী গুহ্যবিদ্যা গৌর্গীপ্রী গগনগামিনী।"

(কাশীখ° ২৯।৫১)

৪ পীঠস্থানের অধিষ্ঠাত্রী গোমন্তপর্ব্বতে অবস্থিতা ভগবতী মূর্ত্তি। "গোমন্তে গোমতী দেবী মন্দরে কামচারিণী।"

(দেবীভা° ৭।৩০।৫৭)

গৌস্তদস্থি যত্রাস্তি গো-মতুপ্ ঙীপ্। মরা গোরু ফেলিবার স্থান, ভাগাড়।

"ভোজনং যত্র তত্রৈব শয়নং হট্টমন্দিরে।
মরণং গোমতী-তীরেঽপরং বা কিং ভবিষ্যতি॥" (উদ্ভট)

৫ বঙ্গের ত্রিপুরা জেলার অন্তর্গত একটী নদী। ত্রিপুর-পর্ব্বতশ্রেণীর অতারমুরা ও লঙ্কথরাই নামক পাহাড় হইতে উৎপন্ন চাইমা ও রাইমা নদী দুম্‌রা প্রপাতের উপর একত্র মিলিয়া গোমতী নাম ধারণ করিয়াছে। কুমিল্লা হইতে প্রায় ৭ মাইল পূর্ব্বে বিবিবাজার গ্রামের নিকট ত্রিপুরা রাজ্যে প্রবেশ করিয়াছে। পরে পশ্চিমাভিমুখে গমন করিয়া দাউদকান্দী গ্রামের নিকটে অক্ষা° ২৩° ৩১´ ৪৫´ উঃ ও দ্রাঘি° ৯° ৪৪´ ১৫´´ পূর্ব্বে মেঘনা নদীতে মিলিয়াছে। এই নদী লম্বে প্রায় ৬৬ মাইল হইবে। বর্ষাকালে ইহার গভীরতা এবং স্রোতের বেগ বাড়িয়া থাকে। পার্ব্বতীয় ত্রিপুরারাজ্যে এই নদীর উত্তরকূলে কাশীগঞ্জ, পিথরাগঞ্জ ও মৈলাকচেরল নামক তিনটী শাখা আছে। নদীর কূলে কুমিল্লা, জাফরগঞ্জ ও পাঁচপুকুরিয়া এই তিনটী প্রধান নগর। কুমিল্লায়, কোম্পানীগঞ্জে ও নুরপুরে নদী পার হইবার জন্য নৌকাদি পাওয়া যায়।

গোমন্ত (পুং) সহ্যাদ্রির বিবরস্থিত একটী পর্ব্বত।

"ততশ্চ্যুতা গমিষ্যামঃ সহ্যস্য বিবরং গিরিম্।
গোমন্ত ইতি বিখ্যাতং নৈকশৃঙ্গবিভূষিতম্॥" (হরি° ৯৬ অঃ)

এই পর্ব্বতে একটী পীঠস্থান আছে, তাহার অধিষ্ঠাত্রী দেবীর নাম গোমতী। [গোমতী, গোয়া, জরাসন্ধ ও কৃষ্ণ দেখ।]

গোমন্দ (পুং) পর্ব্বতবিশেষ, ক্রৌঞ্চদ্বীপে অবস্থিত, কমললোচন সর্ব্বদাই এই পর্ব্বতে বাস করেন। (ভারত ভীষ্ম° ১২ অঃ।)

গোময় (পুং ক্লী) গোঃ পুরীষং গো ময়ট্। ১ গোরুর বিষ্ঠা,

(১) "গোমতী গঙ্গয়োশ্চৈব সঙ্গমে লোকবিশ্রুতে।" (ভারত ৩।৮৪ অঃ)

গোবর। [ইহার গুণ গোশব্দে দ্রষ্টব্য।] স্মৃতিমতে বন্ধ্যা, রোগপীড়িতা ও নবপ্রসূতা এবং যে গাভীর শরীর অতিশয় জীর্ণ, তাহাদের গোময় গ্রহণ করিতে নাই। পুরাণে লিখিত আছে যে, এক সময়ে সমস্ত গোরু মিলিত হইয়া পরামর্শ করিল যে, আমাদের উন্নতি কি প্রকারে হইতে পারে। অনেক বাদানুবাদের পর স্থির হইল যে, যে ব্যক্তি আমাদের মূত্র বা পুরীষে স্নান করিবে, সেই পবিত্র হইবে, এইরূপ করিতে পারিলেই চরম উন্নতি হইবে। তাহারা শতবৎসর পর্য্যন্ত দুষ্কর তপস্যা করে। তপস্যায় সন্তুষ্ট হইয়া প্রজাপতি বর দেন, তাহাতেই ইহাদের মূত্র ও গোময় পবিত্র হইয়াছে। গোময় দ্বারা দেবদেবীগণের অভিষেক করিবার বিধান আছে। মহাভারতে দানধর্ম্মে লিখিত আছে যে, গোরুরা লক্ষ্মীকে বলিয়াছিল যে, আমরা আপনাকে সম্মান করিব, আপনি আমাদের মূত্রে ও পুরীষে বাস করুন। লক্ষ্মী তাহাদের প্রার্থনায় নিত্যই গোমূত্রে ও গোবরে অবস্থিতি করেন। (ভারত—দানধর্ম্ম) কেহ বা ইহাকে সাক্ষাৎ যমুনা বলিয়া বর্ণনা করেন। (কাশীখণ্ড°) গোময় হইতে বৃশ্চিক হয় এইরূপ প্রবাদ আছে। (ত্রি) ২ গোস্বরূপ।

গোময়চ্ছত্র (ক্লী) গোময়জাতং ছত্রমিব। করক, চলিত কথায় কোঁড়ক ছাতা। (ত্রিকাণ্ড°)

গোময়চ্ছত্রিকা (স্ত্রী) গোময়ে গোময়প্রচুরস্থানে জাতা ছত্রিকেব। গোময়ছত্র, কোঁড়ক ছাতা। পর্য্যায়—দিলীর, শিলীধ্রক, উচ্ছিলীধ্র।

গোময়প্রিয় (ক্লী) গোময়ং প্রিয়মস্য উৎপাদকত্বাৎ। ভূতৃণ, গন্ধখড়। (রত্নমালা)

গোময়োত্থা (স্ত্রী) গোময়াদুত্তিষ্ঠতি উদ্-স্থা ক-টাপ্। গোময়-জাত কীটবিশেষ। গোবরিয়া-পোকা। (হেম°) পর্য্যায়—গর্দ্দভী।

গোময়োদ্ভব (ত্রি) গোময় উদ্ভব উৎপত্তিস্থানং যস্য বহুব্রী। ১ গোময়জাত, যাহা গোময় হইতে উৎপন্ন হয়। (পুং) ২ আরগ্বধ, সোঁদাল বৃক্ষ। (শব্দরত্ন°)

গোমহিষদা (স্ত্রী) গাঃ মহিষাংশ্চ দদাতি ভক্তেভ্যঃ গো-মহিষ-দা-ক-টাপ্। (আতোনুপসর্গে কঃ। পা ৩।১।৭৩) কার্ত্তিকেয়ের অনুগামিনী মাতৃকাবিশেষ।

গোমরী (স্ত্রী) বার্ত্তাকুবিশেষ, রামবেগুণ।

গোমল বা গোমাল, পঞ্জাবের পশ্চিমে সুলেমান পাহাড় হইতে নিঃসৃত এক নদী। ঋগ্বেদে ইহাই গোমতী নামে বর্ণিত হইয়াছে। এই নদীর নিকট দিয়া গোমল নামক গিরিসঙ্কট পঞ্জাব হইতে আফগানস্থানে গিয়াছে, এই পথে পোবিন্দা নামক বণিক্ জাতি কাবুল ও কান্দাহারে বাণিজ্য করে বলিয়া প্রসিদ্ধ।

গোমাংস (ক্লী) গোর্মাংসং ৬তৎ। গোরুর মাংস। চরকের মতে ইহার গুণ—বায়ু, পীনস, বিষম জ্বর, শুষ্ক কাস, শ্রম, অগ্নিবৃদ্ধি ও ক্ষয়রোগ নাশক। (চরক সূত্র° ২৭ অঃ)

সুশ্রুতের মতে ইহার গুণ—শ্বাস, কাস, প্রতিশ্যায় ও বিষম জ্বরনাশক ও বায়ুনাশক এবং শ্রমজীবী ও বর্দ্ধিতাগ্নি মনুষ্যের পক্ষে বিশেষ হিতকর। (সুশ্রুত সূত্র, ৪৬ অঃ) [অপর গুণ গো শব্দে দ্রষ্টব্য।] হিন্দুধর্ম্মশাস্ত্র মতে ইহার মাংস ভক্ষণ অতিশয় পাপজনক। হিন্দুরা প্রাণান্তেও ইহা ভক্ষণ করিবে না। অজ্ঞানে গোমাংস খাইলে প্রাজাপত্য ব্রতের অনুষ্ঠান করিয়া পবিত্র হইতে পারে। "গোমাংস-ভক্ষণে প্রাজাপত্যং চরেৎ।" (সুমন্তু।) সজ্ঞানে গোমাংস খাইলে তাহার প্রায়শ্চিত্তের জন্য সমুদ্রগামিনী কোন নদীতে যাইয়া চান্দ্রায়ণব্রতের অনুষ্ঠান করিবে। ব্রত সমাপন হইলে ব্রাহ্মণভোজন করাইয়া প্রত্যেক ব্রাহ্মণকে একটা বৃষ ও একটী দুগ্ধবতী গাভী দক্ষিণা দিবে। এইরূপ করিলে জ্ঞানকৃত গোমাংস ভক্ষণের প্রায়শ্চিত্ত হয় (১)।

সজ্ঞানে অনেকবার গোমাংস খাইলে সংবৎসরকৃচ্ছ্র-ব্রতের অনুষ্ঠানে পাপ নাশ হয় (২)।

দ্বিজাতিগণের পক্ষে এইরূপ প্রায়শ্চিত্তের পরে পুনর্ব্বার উপনয়নাদি সংস্কার করিতে হয়। (প্রায়শ্চিত্তবিবেক)

গোমাংসভক্ষণ (ক্লী) গোমাংসস্য ভক্ষণম্ ৬তৎ। ১ গোরুর মাংস খাওয়া। "বিট্ বরাহ গ্রামকুক্কুটনরগোমাংসভক্ষণে সর্ব্বেষ্বেব দ্বিজাতীনাং প্রায়শ্চিত্তান্তে ভূয়ঃসংস্কারং কুর্য্যাৎ।" (বিষ্ণু) ২ তালুস্থানে জিহ্বার প্রবেশ।

"গোমাংসং ভক্ষয়েন্নিত্যং পিবেদমরবারুণীম্।
কুলীনং তমহং মন্যে ইতরে কুলঘাতকাঃ।
গোশব্দে নোচ্যতে জিহ্বা তৎপ্রবেশোহি তালুনি।
গোমাংসভক্ষণং তত্তু মহাপাতক নাশনম্॥" (হঠযোগদীপিকা)

গোমাতৃ (স্ত্রী) গবাং মাতা ৬তৎ। সুরভি, কশ্যপের পত্নী।

"গোমাতরঃ সুশীলাদ্যা স্তত্র সন্তি শিবপ্রিয়া।" (কাশীখণ্ড)

গৌর্গোরূপা ভূমির্মাতা যস্য বহুব্রী। ২ মরুৎদেবতা।

"গোমাতরো যচ্ছুভয়ন্তে অংজিভিস্তনূষু শুভ্রা দধিরে বিরুক্মতঃ॥" (ঋক্ ১।৮৫।৩) 'গোমাতরঃ গৌরূপা ভূমির্মাতা যেষাং।' (সায়ণ)

(১) "অগম্যাগমনে চৈব মদ্যগোমাংসভক্ষণে।
শুদ্ধৌ চান্দ্রায়ণং কুর্য্যাৎ নদীং গত্বা সমুদ্রগাম্॥" (শাতাতপ)

(২) "গোমধ্যং কুঞ্জরোষ্ট্রৌ চ সর্ব্ব পঞ্চনখং তথা।
ক্রব্যাদং কুক্কুটং গ্রাম্যং কুর্য্যাৎ সংবৎসরং ব্রতম্।" (শঙ্খ)

গোমায়ু (পুং স্ত্রী) গাং বিকৃতাং বাচং মিনোতীতি মা উণ্। ১ শৃগাল। ইহার মূত্র ও পুরীষাদি ভক্ষণ নিষিদ্ধ। দ্বিজাতি ইহার মূত্রাদি ভক্ষণ করিলে চান্দ্রায়ণ ব্রত করিতে হয়। ইহাদের শব্দানুসারে ভাবী শুভাশুভ জানিতে পারা যায়। [শৃগাল দেখ।] ২ গন্ধর্ব্ববিশেষ। (হরিবংশ ২৬ অঃ)

গোমায়ুভক্ষ (পুং) গোমায়ুং ভক্ষয়তি ভক্ষ-অণ্ উপপদস°। নীচ জাতিবিশেষ।

"গোমায়ুভক্ষশূলিকবোক্কাণাশ্বমুখবিকলাঙ্গাঃ।"

(বৃহৎস° ১৬ অঃ।)

গোমাস্তা (পারসী) ১ যে ব্যক্তি খাজনা সংগ্রহ বা আদায় করে। ২ মহাজনের গদির প্রধান কর্ম্মচারী।

গোমাস্তাগিরি (পারসী) গোমাস্তার কার্য্য, গোমাস্তার পদ।

গোমিথুন (ক্লী) গবাং মিথুনং ৬তৎ। বৃষ ও গাভী, স্ত্রীগো ও পুংগো।

গোমিন্ (ত্রি) গাবো বিদ্যন্তেঽস্য গো-মিনি। (জ্যোৎস্না তমিস্রাশৃঙ্গিণোর্জস্বিন্নিতি। পা ৫।২।১১৪) ১ গোমান্, যাহার গোরু আছে। "যদস্য গোষু বৃষভো বৎসানাং জনয়েচ্ছতম্।

গোমিনামেব তে বৎসা মোঘং স্কন্দিতমার্ষভম্॥" (মনু ৯।৫০)

২ উপাসক। (পুং) ৩ শৃগাল। (মেদিনী।) ৪ বুদ্ধের একজন শিষ্য। (ত্রিকাণ্ড°)

ইহার পরবর্ত্তী শালা শব্দের সহিত সমাস হইলে আদিস্বর উদাত্ত হইয়া থাকে। (ছাত্র্যাদয়ঃ শালায়াম্। পা ৬।২৮।৬)

গোমীন (পুং স্ত্রী) গৌরিব স্থূলোমীনঃ। মৎস্যবিশেষ, গোমৎস্য। "ন দদ্যাৎ তিক্তকমঠং পশুশৃঙ্গিণমেবচ।

গোমীনং চক্রশকুলং বড়ালং রাঘবং তথা॥" (মৎস্যসূক্ত)

গোমুখ (পুং) গোর্মুখমিব মুখং যস্য বহুব্রী। ১ নক্র। ২ যক্ষবিশেষ। (হেম°) ৩ মাতলির পুত্র। (ভারত কর্ণ ৯৯ অঃ)

৪ কুটিলাকার বাদ্যযন্ত্র শৃঙ্গাদি।

"ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।" (গীতা ১।১৩)

কোন কোন অভিধানিকের মতে বাদ্যযন্ত্র বুঝাইতে গোমুখ শব্দটী ক্লীবলিঙ্গও হইয়া থাকে। (ক্লী) ৫ লেপনবিশেষ, গৃহভিত্তিতে গোমুখাকারে চিত্র করা।

"মুগ্ধাঙ্গনা গোময়-গোমুখানি।" (মাঘ ৩।৪৮)

৬ গোমুখাকৃতি সন্ধিবিশেষ, সিঁধ। ৭ জপমালা গোপন করিবার জন্য বস্ত্রনির্ম্মিত এক প্রকার যন্ত্র। শাক্ত, সৌর, বৈষ্ণব প্রভৃতি সকল সাম্প্রদায়িকই গোমুখের মধ্যে হাত রাখিয়া ইষ্টমন্ত্র জপ করিয়া থাকেন। মুণ্ডমালাতন্ত্রের মতে পট্টবস্ত্রাদি দ্বারা গোমুখ নির্ম্মাণ করিতে হয়। ইহার আকার গোরুর মুখের ন্যায়, পরিমাণ সর্ব্ব সমেত চব্বিশ আঙ্গুল বা একহাত, তাহার আট আঙ্গুল পরিমাণ মুখ ও আঠার আঙ্গুল পরিমাণ গ্রীবা করিতে হয়। গোমুখ যন্ত্র সকল তন্ত্রেই গোপন করা হইয়াছে। ইহার মুখে মালা ও গ্রীবা মধ্যে হাত রাখিয়া জপ করিতে হয়।

৮ আসনবিশেষ। পৃষ্ঠের বামপার্শ্বে দক্ষিণ গুল্‌ফ যোগ করিয়া দক্ষিণপার্শ্বে বামগুল্‌ফ যোগ করিলে গোমুখাকৃতি গোমুখাসন হয়। (হঠদীপিকা)

(পুং) ১০ বৎসরাজের মন্ত্রীর পুত্র। ইনি বৎসরাজকুমারের অন্যতম মন্ত্রীপদে নিযুক্ত ছিলেন।

(কথাসরিৎসা° ২৩।৫৭)

১০ নরবাহনদত্তের প্রতীহারী। [নরবাহনদত্ত দেখ।]

গোমুখী (স্ত্রী) গোমুখমিব আকৃতিরস্যাঃ বহুব্রী ঙীষ্। ১ হিমালয় হইতে গঙ্গার পতনস্থানে অবস্থিত একটী গুহা। ২ রাঢ়দেশস্থ একটী নদী, চলিত কথায় গোমুড় বলে।

গোমুতী, ভারতীয় দ্বীপপুঞ্জজাত বৃক্ষবিশেষ। (Arenga-saccharifera)। ইহা দেখিতে কতকটা নারিকেল বা তাল গাছের মত। ইহার স্কন্ধদেশ হইতে ঘোড়ার লেজের বালামচীর মত একপ্রকার সরু শূঁয়া জন্মিয়া থাকে, তাহাকে মলয়বাসীরা গোমুতী বলে। নারিকেলের ছোব্‌ড়া যেরূপ কাজে লাগে, ইহাতে তদপেক্ষা অনেক সুন্দর ও দৃঢ় দ্রব্য নির্ম্মিত হইয়া থাকে। ইহার নির্ম্মিত একগাছি দড়ি নারিকেল দড়ি অপেক্ষা অনেক দৃঢ় ও বহুকালস্থায়ী। এই বৃক্ষে শরের ন্যায় একপ্রকার পদার্থ জন্মে, উহাতে লিখিবার কলম ও তীরের কাটী প্রস্তুত হয়।

গোমূঢ় (ত্রি) গোর ন্যায় নির্ব্বোধ।

গোমূত্র (ক্লী) গোর্মূত্রং ৬তৎ। গোরুর প্রস্রাব, চোনা। পর্য্যায়—গোজল, গোঅম্ভ, গোনিষ্যন্দ, গোদ্রব। [ইহার গুণ গোশব্দে দ্রষ্টব্য।] কৃচ্ছ্রসান্তপন ব্রতে গোমূত্র ভক্ষণ করিবার বিধান আছে।

গোমূত্রিকা (স্ত্রী) গোমূত্রস্যেব বক্রসরলাকৃতিরস্ত্যস্যাঃ গোমূত্র-ঠন্ টাপ্ (অত ইনিঠনৌ। পা ৫।২।১১৫।) ১ তৃণবিশেষ, তাম্বুড়ু। পর্য্যায়—রক্ততৃণা, ক্ষেত্রজা, কৃষ্ণভূমিজা। ইহার গুণ—মধুর, বৃষ্য এবং গোরুর দুগ্ধবৃদ্ধিকারক। (রাজনি°) গোমূত্রিকা তৃণ দেখিতে তাম্রবর্ণ, বোধ হয় এই কারণেই ইহাকে চলিত কথায় তাম্বুড়ু বলে। তাম্বুড়ু নামে একপ্রকার সুগন্ধি বীজ পাওয়া যায়, উহাকে গোমূত্রিকার বীজ বলিয়া অনেকে অনুমান করেন।

গোমূত্রস্যেব গতিরস্ত্যত্র গোমূত্রা ঠন-টাপ্। ২ চিত্রকাব্যবিশেষ। তাহার লক্ষণ—

"বর্ণানামেকরূপত্বং যদ্যেকান্তরমর্দ্ধয়োঃ।
গোমূত্রিকেতি তৎপ্রাহুর্দুষ্করং তদ্বিদো বিদুঃ॥"
(মাঘটীকা মল্লিনাথ)

যে শ্লোকের অর্দ্ধদ্বয়ের একান্তর বর্ণ সমান হয় অর্থাৎ প্রথমার্দ্ধের দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম, দশম, দ্বাদশ, চতুর্দ্দশ ও ষোড়শ অক্ষর এবং দ্বিতীয়ার্দ্ধের দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম দশম, দ্বাদশ, চতুর্দ্দশ ও ষোড়শ অক্ষর এক হইলে তাহাকে গোমূত্রিকাবন্ধ বলে। উদাহরণ—

প্র	বৃ	ত্তে	বি	ক	স	দ্ধা	নং	সা	ধ	নে	প্য	বি	ষা	দি	ভিঃ
ব	বৃ	ষে	বি	ক	স	দ্দা	নং	যু	ধ	মা	প্য	বি	ষা	ণি	ভিঃ

গোমূত্রপ্রকারঃ গোমূত্র প্রকারার্থে কন্ টাপ্ অত ইত্বঞ্চ। ৩ গোমূত্রের ন্যায় বক্র ও সরল প্রচারাদি।

"গোমূত্রিকাপ্রচারেষু।" (দশকুমার।)

গোমৃগ (পুং স্ত্রী) গবাকৃতির্মৃগঃ। গবয়।

"অশ্বস্তূপরো গোমৃগস্তে প্রাজাপত্যাঃ।" (বাজস° ২৪।১)
'গোমৃগোগবয়ঃ'। (মহীধর)

গোমেদ (পুং) গাং জলং মেদয়তি স্নেহয়তি গো-মিদ ণিচ্-অচ্। ১ মণিবিশেষ, গোমেদকমণি। (রাজনি°।) ২ দ্বীপবিশেষ।

যুক্তিকল্পতরুগ্রন্থে লিখিত আছে যে, ঐ দ্বীপে পূর্ব্বকালে গোপতি নামে একজন রাজা ছিলেন। তিনি প্রায়ই গোসত্র নামক যজ্ঞ করিতেন। গোপতি অগ্নিতুল্য তেজস্বী ঔতথ্যগণের যজমান। কোন সময়ে তাঁহারা অপর যজ্ঞে ব্রতী ছিলেন বলিয়া মহারাজ গোপতি আপনার যজ্ঞে ভৃগুবংশীয়দিগকে বরণ করেন। গৌতম ক্রুদ্ধ হইয়া শাপ দেন, তাহাতে গোপতির অকাল মৃত্যু হয় এবং মুনির অমোঘ কোপাগ্নিতে যজ্ঞবাটের সমস্ত গাভী ভস্মসাৎ হইয়া যায়। ভস্মীভূত গোরুর মেদে সেই দ্বীপের সমস্ত ভূভাগ আচ্ছন্ন হইয়াছিল বলিয়া দ্বীপের নাম গোমেদ হইয়াছে। (যুক্তিকল্পতরু)

৩ প্লক্ষদ্বীপের একটী বর্ষপর্ব্বত।

"গোমেদশ্চৈব চন্দ্রশ্চ নারদো দুন্দুভিস্তথা।" (বিষ্ণুপুরাণ ২।৪।৭)

গোমেদক (পুং) গোমেদ স্বার্থে কন্। ১ স্বনামখ্যাত মণিবিশেষ, গোমেদ। পর্য্যায়—রাহুমণি, তমোমণি, স্বর্ভানব, লিঙ্গস্ফটিক। ইহার গুণ—অম্ল, উষ্ণ, বায়ুর কোপ ও বিকারনাশক, দীপন, পাচন এবং ধারণে প্রাপনাশক। (রাজনি°।) হিমালয়পর্ব্বতে এবং সিন্ধুতে গোমেদ মণির উৎপত্তি হয়। যে মণি স্বচ্ছকান্তি, ভারযুক্ত, স্নিগ্ধ, দীপ্তিযুক্ত এবং শুক্লবর্ণ বা পীতবর্ণ, সেই গোমেদ মণিই প্রশস্ত। ইহা জাতিভেদে চারিপ্রকার—শুক্লবর্ণ গোমেদককে ব্রাহ্মণ, রক্তবর্ণকে ক্ষত্রিয়, ঈষৎ পীতবর্ণকে বৈশ্য এবং ঈষৎ নীলবর্ণ গোমেদককে শূদ্রজাতি বলে। গোমেদ মণির ছায়াও চারিপ্রকার শ্বেত, রক্ত, পীত ও কৃষ্ণ। গুরু বা ভারযুক্ত, প্রভাশালী, শুক্লবর্ণ, স্নিগ্ধ, মৃদু ও অতিশয় পুরাণ ও স্বচ্ছ গোমেদ ধারণ করিবে। ইহার ধারণে লক্ষ্মী ও ধনধান্য বৃদ্ধি হয়। লঘু, কুৎসিতাকার, অস্বচ্ছ, স্নেহোপলিপ্ত ও মলিন গোমেদমণি ধারণ করিতে নাই। ইহার ধারণে সম্পত্তি, ভোগ, বল এবং বীর্য্য নষ্ট হইয়া থাকে। হীরকের যে সকল দোষ আছে, গোমেদেও সেই সকল দোষ জানিবে। [হীরক দেখ।] শানে অথবা অগ্নিতে গোমেদ মণির পরীক্ষা করিতে হয়। শুদ্ধ গোমেদ মণির মূল্য সুবর্ণের দ্বিগুণ। কোন মণিবিদের মতে গোমেদের মূল্য বিদ্রুমের সমান। আবার কেহ কেহ গোমেদের মূল্য চামরের সমান বলিয়া থাকেন। চারিপ্রকার গোমেদই ধারণের যোগ্য। (ভোজরাজকৃত যুক্তিকল্পতরু)

সুশ্রুতের মতে গোমেদ মণি জলে রাখিলে জল পরিষ্কার হইয়া থাকে।

(ক্লী) ২ পীতমণি। ৩ কাকোল। ৪ পত্রক। (মেদিনী)

গোমেদসন্নিভ (পুং) নিত্যস°। দুগ্ধপাষাণ, শিরশোলা।

গোমেধ (পুং) মেধ-হিংসায়াং ভাবে ঘঞ্। গবাং মেধো হিংসা যত্র বহুব্রী। যজ্ঞবিশেষ। ইহার অপর নাম গোসব যজ্ঞ। এই যজ্ঞটী কলিকালে নিষিদ্ধ বলিয়া বর্ত্তমান সময়ে যে সকল গ্রন্থে যজ্ঞাদির বিধান দেখিতে পাওয়া যায়, তাহাতে গোমেধ যজ্ঞের বিশেষ বিবরণ নাই। কাত্যায়নশ্রৌতসূত্রে গোসবযজ্ঞ নামে এই যজ্ঞের উল্লেখ আছে।

মনুর মতে অজ্ঞানকৃত ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্তের জন্য অশ্বমেধের ন্যায় এই যজ্ঞের অনুষ্ঠান করিতে হয়। ইহার অনুষ্ঠানপ্রণালী অশ্বমেধের সদৃশ।

"যজেত বাশ্বমেধেন স্বর্জিতা গোসবেন বা।
অভিজিদ্ বিশ্বজিদ্ভ্যাংবা ত্রিবৃতাগ্নিষ্টুতাপিবা।" (মনু ১১।৭৫)

কাত্যায়নশ্রৌতসূত্রে এই যজ্ঞের বিধান এইরূপ আছে—"উক্থো গোসবোঽযুতদক্ষিণঃ।" (কাত্যায়ন ২২।১১।৬) অর্থাৎ গোসব নামক যজ্ঞটী উক্থ সংস্থিত হইয়া থাকে। [উক্থ দেখ।] এই যজ্ঞে দশহাজার দুগ্ধবতী গাভী দক্ষিণা দিতে হয়।

কোন কোন মুনির মতে কেবল বৈশ্যগণের প্রতিই এই যজ্ঞ করিবার বিধান আছে, অপর কোন বর্ণে এই যজ্ঞের অনুষ্ঠান করিতে পারে না। অপর মুনিরা বলেন যে, ব্রাহ্মণ ক্ষত্রিয় প্রভৃতি অপর বর্ণেও গোসবযজ্ঞের অনুষ্ঠান

করিতে পারে (১)। মনুসংহিতার ১১।৭৫ শ্লোকের ব্যাখ্যায় টীকাকার কুল্লূকভট্ট ঐ যজ্ঞকে ত্রৈবর্ণিক অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই তিনবর্ণের অনুষ্ঠেয় বলিয়াছেন (২)। কাত্যায়নের নিজের মতে রাজা ও প্রজারা যাহাকে সম্মান করে তিনিই গোসবযজ্ঞের অধিকারী, অপরে এই যজ্ঞের অনুষ্ঠান করিতে পারে না (৩)। আহবনীয় অগ্নির দক্ষিণদিকে একটী স্থণ্ডিল প্রস্তুত করিবে, যজমান ঐ স্থণ্ডিলে উপবেশন করিয়া ধারোষ্ণ দুগ্ধদ্বারা অভিষিক্ত হইবেন (৪)। যিনি গোসবযজ্ঞের অনুষ্ঠান করেন, সকলে তাহাকে স্থপতি বলিয়া ডাকিয়া থাকে (৫)। বৈশ্যস্তোম দক্ষিণার যে সকল লিঙ্গ বা চিহ্ন বিহিত আছে, ইহাতেও সেইগুলি হইয়া থাকে। সহোদরগণ বা মিত্রগণ পরস্পর মিলিত হইয়া এই যজ্ঞের অনুষ্ঠান করিতে পারে। ইহার আর একটী নাম গণযজ্ঞ। (কাত্যায়নশ্রৌতসূত্র ২২।১১।৬—১২)

গোঽম্ভস্ (ক্লী) গবামম্ভঃ ৬তৎ। গোমূত্র, চোনা। (রাজনি°)

গোযজ্ঞ (পুং) গবাকৃতোযজ্ঞঃ মধ্যলো°। ১ গোসবযজ্ঞ, গোরুদ্বারা যে যজ্ঞের অনুষ্ঠান করা হয়।

গোভিলগৃহ্যসূত্রের মতে পুষ্টিকামনায় গোযজ্ঞ করিবে। এই যজ্ঞে পায়স চরু দিতে হয়। অগ্নি, পূষা, ইন্দ্র ও ঈশ্বর এই চারি দেবতা বিশেষ অর্চ্চনীয়। বৃষভের পূজাও গোযজ্ঞের প্রধান অঙ্গ। অপর নিয়ম সাধারণ যজ্ঞের সমান। [যজ্ঞ দেখ।] (গোভিলগৃহ্য ৩।৬।১০-১২)

২ বৃন্দাবনবাসী গোপগণের মঙ্গলের জন্য কৃষ্ণ কর্ত্তৃক অনুষ্ঠিত গো-মহোৎসব। হরিবংশে লিখিত আছে যে, বর্ষাকালের অবসানে বৃন্দাবনের গোয়ালারা শক্রোৎসব করিত। একবার বর্ষার অবসানে সমস্ত গোয়ালা হর্ষ ও উৎসাহের সহিত শক্রোৎসবের আয়োজন করিতেছিল। গোপীজনবল্লভ কৃষ্ণ তাহাদিগকে বারণ করিয়া বলিলেন যে, আমরা গোয়ালা, যাহাতে গোরুর উন্নতি হয় তাহাই আমাদের একান্ত কর্ত্তব্য। এই মনে কর পর্ব্বতটী বৃন্দাবনের সমস্ত গোরুকে পালন করে, ইহার ঘাস একদিন না পাইলে বৃন্দাবনে আর গোরু বাঁচিত না। অতএব সর্ব্বপ্রথমে এই গিরির পূজা করিয়া গোযজ্ঞ করা উচিত। ইন্দ্র দেবগণের অধিপতি, দেবতারাই তাঁহার পূজা করিবে। কৃষ্ণের কথায় সমস্ত গোয়ালাই বাধ্য হইল, এবং মহাধুমধামে গিরিযজ্ঞ ও গোযজ্ঞের অনুষ্ঠান করিল। (হরিবংশ ৭৪ অঃ)

গোয়া, মলবার উপকূলে পর্ত্তুগীজ-অধিকৃত ভূভাগ। অক্ষা° ১৪° ১৩´ হইতে ১৫° ৪৮´ উঃ এবং দ্রাঘি° ৭৩° ৪৩´ হইতে ৭৪° ২৪´ পূঃ পর্য্যন্ত। উত্তরসীমা তীরকূল বা অরৌণ্ডেম্ নদী সাবন্তবাড়ী রাজ্য হইতে এই ভূভাগকে পৃথক্ করিয়াছে, দক্ষিণে কণাড়া জেলা, পূর্ব্বে সহ্যাদ্রি এবং পশ্চিমে আরবসাগর। ভূপরিমাণ ১০৬২ বর্গমাইল, ইহার মধ্যে উত্তরদক্ষিণে দৈর্ঘ্য ৬২ মাইল ও পূর্ব্বপশ্চিমে বিস্তার ৪০ মাইল। লোকসংখ্যা প্রায় ৪ লক্ষ।

গোয়া পর্ব্বতময়—পশ্চিমদিক্ ছাড়া তিনদিকে সহ্যাদ্রি গোয়াকে ঘেরিয়া আছে। এখানে সহ্যাদ্রির কয়েকটী উচ্চ শৃঙ্গ আছে, তন্মধ্যে সতরিমহলে শোনসাগর (সমুদ্রপৃষ্ঠ হইতে ৩৮২৭ ফিট্ উচ্চ), কাট্টলঞ্চিমৌলী (৩৬৩৩ ফিট্), বাগুইরিম্ (৩৫০০ ফিট্) ও মোর্লেম্ চোগোর (সমুদ্রপৃষ্ঠ হইতে ৩৪০০ ফিট্ উচ্চ), পূর্ব্বে ও পশ্চিমে পোণ্ডায় সিদ্ধনাথ, চন্দ্রবতীতে চন্দ্রনাথ, অস্ত্রাগারে কোণসিদ্ধ এবং এম্‌বর্বাকম্ নামক স্থানে দুদিয়াগার নামক শৃঙ্গ আছে।

এই রাজ্যমধ্যে অসংখ্যনদী প্রবাহিত, তন্মধ্যে ৮টী প্রধান। সহ্যাদ্রি হইতে নিঃসৃত তীরফুল বা অরৌণ্ডেম্ নদী—প্রথমে সাবন্তবাড়ী হইতে আসিয়া প্রায় ১৪ মাইল গিয়া পর্ণেম্ মহলের উত্তরসীমায় ও গোয়ার ভিতরে প্রবাহিত হইয়া আরবসাগরে পতিত হইয়াছে। রামঘাট হইতে নিঃসৃত কোলবলী বা চপোরা নদী—বারদেশ, বিচোলিম্, সঙ্কুলীম্, পর্ণম, সালেম, রেবোরা, কোলবলী ও চাপোরা গ্রাম হইয়া সাগরে পড়িয়াছে। পর্ব্বরঘাট হইতে নির্গত মাণ্ডবী নদী, দৈর্ঘ্যে প্রায় ৩৮ মাইল। এই নদী গোয়ারাজ্যের মধ্যে সর্ব্বপ্রধান; ইহারই তীরে গোয়ার সকল প্রাচীন ও বর্ত্তমান নগর অবস্থিত। ইহার কতকগুলি শাখা মপুশা, তিবিম্, অশ্বনরা প্রভৃতি গ্রাম দিয়া প্রবাহিত। বাগা ও সিস্কুরিম্ নামক নদী বারদেশ হইতে উৎপন্ন। প্রথমটী ১ মাইল ও অপরটী ৩½ মাইল বিস্তৃত। দিগ্‌নিঘাট হইতে উৎপন্ন জুয়ারিনদী দৈর্ঘ্যে প্রায় ৩৯ মাইল, ইহা মর্ম্মগোয়া-উপসাগরে গিয়া পড়িয়াছে। ইহারও কতকগুলি শাখা প্রশাখা আছে। সাল নামক নদী প্রায় ১৫ মাইল

(১) "বৈশ্য-যজ্ঞ ইত্যেকে।" (কাত্যা° ২২।১১।৭) "সমস্তে সর্ব্বেষামিত্যপরে।' (কর্ক।)

(২) "এতানি চাজ্ঞানতো ব্রহ্মবধে প্রায়শ্চিত্তানি ত্রৈবর্ণিকস্য বিকল্পিতানি।" (মনু ১১।৭৫ শ্লোকে কুল্লূক)

(৩) "সরাজানো বিশোঽং পুরস্কুর্ব্বীরন্ স এতেন যজেত।" (কাত্যা° ২২।১।১৮)

(৪) 'স্থণ্ডিলেঽভিষিচ্যতে।' (কাত্যা° ২২।১১।৯) 'প্রতিদুহাহবনীয়স্য দক্ষিণতঃ।' (কাত্যা° ২২।১১।১০)

(৫) "স্থপতিরিত্যেনং ব্রূয়ুঃ।" (কাত্যা° ২২।১১।১১) 'গোসবযাজিনং জনাঃ।' (কর্ক।)

বিস্তৃত, বেতুল দুর্গের নিকট সাগরে মিলিত হইয়াছে। তলপোণা নদী অম্বুঘাট হইতে উৎপন্ন হইয়া তলপোণা নামক ক্ষুদ্র দুর্গের নিকট সাগরে মিলিত হইয়াছে। এ ছাড়া-হিন্দুদিগের পুণ্যপ্রদ অঘাশী, কুশবতী প্রভৃতি ক্ষুদ্র নদীও এখানে প্রবাহিত। ঐ সকল নদীতে তোনা নামক নৌকা যাতায়াত করে। এই রাজ্যে অনেক নদী প্রবাহিত হওয়ায় পলি পড়িয়া স্থানে স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র দ্বীপ উৎপন্ন হইয়াছে। ইহার নানাস্থানে সুন্দর বন্দর আছে। এই জন্য বিদেশীয় জাহাজ আসিবার বিশেষ সুবিধা।

এই স্থান স্বাস্থ্যকর। মধ্যে মধ্যে জ্বর, অজীর্ণ ও অতীসার রোগ দেখা দেয়।

এখানে সর্ব্বত্রই মুগ্‌নি পাথর দৃষ্ট হয়। জাম্বুলী, বনা, সতরি ও পর্ণম্ মহালে লৌহ পাওয়া যায়।

এখন পর্ত্তুগীজ কর্ত্তৃক গোয়া দুই ভাগে বিভক্ত হইয়াছে। একটী পূর্ব্ববিজিত (Velha) ও অপরটী নববিজিত (Novas conquise)। মহাভারতে * ও হরিবংশে এই স্থান গোমন্ত, সহ্যাদ্রিখণ্ডে গোমাঞ্চল ও গোরাষ্ট্র এবং কদম্বরাজগণের অনুশাসনপত্রে গোপরাষ্ট্র ও গোপকপুরী নামে বর্ণিত হইয়াছে। পূর্ব্বতন আরব গ্রন্থকারগণ "সিন্দবুর" নামে ইহার উল্লেখ করিয়াছেন।

হরিবংশ পাঠে জানা যায়—জরাসন্ধ ভয়ে ভীত হইয়া কৃষ্ণ বলরাম দাক্ষিণাত্যে পাদচারে পরশুরামের নিকট উপস্থিত হইলেন। উভয়ে পরশুরামের নিকট সহ্যাদ্রিস্থ গোমন্তের পথ অবগত হন। পরশুরাম রামকৃষ্ণকে গোমন্তশৈলে লইয়া আসেন। রামকৃষ্ণ গোমন্তশৈলে উঠিয়া দেখিলেন—এখানে বিবিধ পনস, আম্রাতক, আম্র, বেতস, তিনিশ, চন্দন, তমাল, এলাচ, মরিচ, শাখোটক, পিপ্পলী, বিচিত্র ইঙ্গুদ, সর্জ্জ, শাল, নিম্ব, অর্জ্জুন, পাটলী, হিন্তাল, জম্বু, রুদ্র, চন্দন, চম্পক, অশোক, বিল্ব, তিন্দুক, নানাপ্রকার স্থলজ ও জলজকুসুম শোভা পাইতেছে। কোথাও দরীমুখভ্রষ্ট নদীপ্রপাতের ঝর-ঝর ধ্বনি! নানাবিধ বিহঙ্গের কূজন! কোথায় সানু সমুদায় গৈরিকাদি ধাতুনিঃস্রবে দিব্যাঙ্গ, পাদদেশে নির্ঝরিণী, দরীমুখে কানন, তদুপরি শুভ্রবর্ণ মেঘমালা বিস্তারিত। শিখর সকল ওষধি দ্বারা উদ্দীপ্ত ও বাণপ্রস্থগণের আশ্রয়স্থান। পরশুরাম এখানে রামকৃষ্ণকে রাখিয়া শূর্পারকে প্রস্থান করিলেন। এই স্থান উভয় ভ্রাতার প্রীতিকর হইল। বলরাম এইখানে কাদম্ব মদ্য পান করিয়া আনন্দে উৎফুল্ল হইয়াছিলেন। কৃষ্ণকে বিনাশ করিবার জন্য মদ্র, চেকিতান্, বাহ্লিক, কাশ্মীররাজ গোনর্দ্দ, করুষাধিপতি দ্রুম, কিম্পুরুষ, পুরুবংশীয় বেণুদারি, বিদর্ভাধিপতি সোমক, রুক্মী, ভোজরাজ, সূর্য্যাক্ষ, মালব, পঞ্চালাধিপতি দ্রুপদ, বিন্দ, অনুবিন্দ, দন্তবক্র, ছাগলি, পুরুমিত্র, বিরাট্, কৌশাম্ব্য, শতধন্বা, বিদূরথ, ভূরিশ্রবা, ত্রিগর্ত্ত, বাণ, পঞ্চনদ, উলূক, কৈতবেয়, একলব্য, দৃঢ়াক্ষ, জয়দ্রথ, উত্তমৌজা, শাল্ব, কেরল দেশীয় কৌশিক, বৈদিশ বামদেব, সুকেতু, দরদ ও চেদিরাজের সহিত মিলিত হইয়া জরাসন্ধ আগমন করেন। সকলে মিলিয়া কৃষ্ণকে আক্রমণ করিবার জন্য গোমন্ত অবরোধ করেন। কিন্তু বহুদিন অবরোধেও কিছু করিতে না পারিয়া জরাসন্ধ গোমন্তের চারিদিকে অগ্নি প্রদান করেন। সেই ভয়ানক অগ্নিপ্রভাবে গোমন্তের পাদপরাজি হইতে পশুপক্ষীগণ কে কোথায় পলাইবে ভাবিয়া মর্ম্মভেদী আর্ত্তনাদ করিতে লাগিল। তাহা দেখিয়া রামকৃষ্ণের মনে বড়ই কষ্ট হইল। গোমন্তকে রক্ষা করিবার জন্য উভয় ভ্রাতা লম্ফপ্রদানপূর্ব্বক বিপক্ষ সৈন্যসমুদ্রে নিপতিত হইলেন। দীর্ঘকাল যুদ্ধের পর জরাসন্ধ পরাস্ত ও নিরস্ত হইলেন। তখন মহারথগণ ক্রমে ক্রমে পলাইতে আরম্ভ করিলেন। জরাসন্ধ রণক্ষেত্র পরিত্যাগ করিয়া চলিয়া গেলে, রামকৃষ্ণ পিতৃস্বস্পতি চেদিরাজের অনুরোধে তাঁহার রথে চড়িয়া করবীরপুরে গমন করিলেন। (হরিবংশ ৯৫—৯৯ অঃ)

প্রাচীন শিলালিপিপাঠে জানা যায়, এখানে পূর্ব্বে কদম্বরাজগণ রাজত্ব করিতেন। সম্ভবতঃ ৩৬০ শকে কদম্বরাজগণের অভ্যুদয় হইয়া থাকিবে। [কদম্ব দেখ।] ৪৩৪৮ কল্যব্দে অর্থাৎ ১২৪৭ খৃষ্টাব্দে আমরা ষষ্ঠদেবকে গোপকপুরে রাজত্ব করিতে দেখি *। ইহাতে অনুমিত হয় ঐ সময়ের পরেও কদম্বরাজগণ কিছুদিন পরে গোপকপুরে (গোয়ায়) রাজত্ব করিয়াছিলেন। ১৩১২ খৃষ্টাব্দে মালিক তুবলিগা নামে একজন মুসলমান গোয়া অধিকার করেন। তৎপরে ১৩৭০ খৃষ্টাব্দে বিজয়নগররাজ হরিহরের প্রধানমন্ত্রী সুপ্রসিদ্ধ বেদ্যভাষকার মাধবাচার্য্য (বিদ্যারণ্য) মুসলমানদিগের কবল হইতে এই স্থান উদ্ধার করেন। তৎপরে তাঁহার বংশধরেরা প্রায় শতাবধি বর্ষ এই রাজ্য শাসন করিয়াছিলেন। ১৪৪৯ খৃষ্টাব্দে বাহ্মণীরাজ ২য় মুহম্মদের সেনাপতি গবান গোয়া জয় করিয়া বাহ্মণীরাজ্যভুক্ত করেন। বাহ্মণীরাজগণের অধঃপতনে ও ভাস্কো-ডি-গামার ভারত-অবতরণকালে (১৪৯৮ খৃষ্টাব্দে) এই ভূভাগ বিজাপুরের

* "এবং বয়ং জরাসন্ধাদভিতঃ কৃতকিল্বিষাঃ।
সামর্থ্যবন্তঃ সম্বন্ধাদ্গোমন্তং সমুপাশ্রিতাঃ।" ভারত—সভাপর্ব্ব ১৩।৫৪।

* Indian antiquare, vol xiv.

আদিলশাহীবংশের অধীন হয়। ১৫১০ খৃষ্টাব্দে ১৭ই ফেব্রুয়ারী তারিখে আল্‌ফান্‌সো ডি আল্‌বুকার্ক ২০খানি জাহাজ ও ১২০০ সেনা লইয়া গোয়া আক্রমণ করেন। ইতিপূর্ব্বে একজন যোগী বলিয়াছিলেন যে, বিদেশী কতকগুলি লোক আসিয়া গোয়া অধিকার করিবে। পর্ত্তুগীজদিগের আক্রমণকালে অধিবাসীরা যোগীর কথায় বিশ্বাস করিয়া দেশ ছাড়িয়া পলাইতে লাগিল, সুতরাং গোয়া অধিকার পক্ষে আল্‌বুকার্কে বেশী কষ্ট পাইতে হইল না। রাজ্যের প্রধান প্রধান লোকেরা অবনতশিরে আসিয়া আল্‌বুকার্কের হস্তে প্রবেশদ্বারসমূহের চাবি প্রদান করিলেন। পর্ত্তুগীজেরা মহাধূমধামে গোয়ানগরী প্রবেশ করিয়া পর্ত্তুগীজ জয়পতাকা উড়াইয়া দিলেন! নগরবাসীগণ স্বর্ণ ও রৌপ্যের পুষ্প বর্ষণ করিয়া বিজেতার সম্বর্দ্ধনা করিল। উক্ত বর্ষে ১৫ই আগষ্ট বিজাপুররাজ যুসফ্ আদিলশাহ বিস্তর সৈন্য লইয়া গোয়া অধিকার করেন। ঘটনাক্রমে ইহারই অনতিপরে পর্ত্তুগাল হইতে একদল সুশিক্ষিত সৈন্য আসিয়া পৌঁছে। আল্‌বুকার্ক তাহাদিগের সাহায্যে ২৫এ নবেম্বর তারিখে পুনর্ব্বার গোয়ানগর আক্রমণ করিলেন। সেই যুদ্ধে প্রায় দুই হাজার মুসলমান শত্রু করে জীবন উৎসর্গ করেন। সে সময় অধিবাসীদিগের যে কি দারুণ কষ্ট হইয়াছিল, তাহা বলিয়া শেষ করা যায় না। পর্ত্তুগীজরাজ লুটের পঞ্চমাংস প্রায় দুই লক্ষ টাকা পাইয়াছিলেন। আল্‌বুকার্ক দুর্গসংস্কার ও নগর সুদৃঢ় করিবার ব্যবস্থা করিলেন। এই সময় হইতে এসিয়াস্থ পর্ত্তুগীজের অধীন অপর সকল স্থান অপেক্ষা গোয়াই প্রধান হইয়া উঠে। মার্টিন্ আল্‌ফন্সো গোয়ার শাসনকর্ত্তা হইয়া আসেন, তাঁহারই সঙ্গে সেণ্ট জেভিয়ার আসিয়াছিলেন। তাঁহার শাসনকালে ১৫৪৩ খৃষ্টাব্দে ইব্রাহিম্ আদিলশাহের অধীনস্থ সালসেট ও বারদেশ নামক মহাল পর্ত্তুগীজদিগের অধিকারভুক্ত হয়। ভবিষ্যতে সহসা মুসলমানের আক্রমণ নিবারণ জন্য গোয়ার পশ্চিমাংশে দৃঢ় প্রাচীর নির্ম্মিত হইল। ১৫৭০ খৃষ্টাব্দে আলি আদিলশাহ প্রায় লক্ষাধিক সৈন্য লইয়া গোয়ানগর অবরোধ করেন, কিন্তু এই সময়ে পর্ত্তুগীজ রাজপ্রতিনিধি ডন-লুই-দি আথেডি অল্পসংখ্যক সৈন্য লইয়া অতি বিচক্ষণভাবে নগর রক্ষা করিয়াছিলেন। দশমাস অবরোধের পর মুসলমানসৈন্য বাধ্য হইয়া ফিরিয়া যায়। এই সময় পর্ত্তুগীজদিগের আর এক সঙ্কট উপস্থিত। পর্ত্তুগাল ও স্পেনরাজ্যে বিশেষ সম্বন্ধ। ওলন্দাজেরা স্পেনের অধীনতা হইতে মুক্ত হইলেও পর্ত্তুগীজদিগের উপরও তাঁহাদের আক্রোশ ছিল। তাঁহারা ভারত উপকূলে আসিয়া পর্ত্তুগীজদিগেরও অনিষ্টের চেষ্টা করিতে লাগিলেন।

এত গোলযোগ এত উৎপাতেও গোয়া শ্রীহীন হয় নাই। মোগলবাদশাহদিগের প্রবল আধিপত্যকালে দিল্লী ও আগ্রার যেমন শ্রীবৃদ্ধি হইয়াছিল, এখন কলিকাতা যেমন সমৃদ্ধিশালী হইয়াছে, খৃষ্টীয় ষোড়শ শতাব্দীতে পর্ত্তুগীজদিগের অধীনে এই গোয়াও তেমনি সমৃদ্ধিশালী ও অপূর্ব্বশ্রী ধারণ করিয়াছিল। ইহার সমুচ্চসৌধাবলী, পৃথিবীর নানাস্থানের বণিকগণের সমাগম, খৃষ্টীয় ধর্ম্মমন্দিরের নিত্য উৎসব ও যোদ্ধৃগণের অস্ত্র ঝণঝণায় দর্শকগণের নিকট ইহা যেন সুরপুরী সদৃশ বলিয়া বোধ হইত। তৎকালীন ভ্রমণকারীগণ মুক্তকণ্ঠে ইহার গৌরব ঘোষণা করিয়া গিয়াছেন।

পর্ত্তুগীজেরা যেমন অস্ত্রবলে আধিপত্য বিস্তার করিয়াছিলেন, তেমনি তাহারা অস্ত্রের জোরেই শত শত ব্যক্তিকে খৃষ্টীয় ধর্ম্মে দীক্ষিত করিয়াছিলেন। ধর্ম্মপ্রচারই তাঁহাদের অধঃপতনের কারণ। [খ্রীষ্টান্ শব্দ দেখ।]

১৬শ শতাব্দে যাহাদের বীরদর্পে ভারতভূমি কম্পিত হইয়াছিল, ১৭শ শতাব্দে সেই বীরতেজা পর্ত্তুগীজগণ নিতান্তই বিলাসী হইয়া পড়িয়াছিল, এই বিলাসিতাই তাহাদের অধঃপতনের অন্যতম কারণ। সে সময়ে গোয়ানগরে কোনরূপ পান্থনিবাস ছিল না বটে, কিন্তু নগরের সর্ব্বত্রই জুয়াখেলার আড্ডা ও প্রমোদগৃহ ছিল। জুয়াখেলার আড্ডাগুলি এখনকার ভাল ভাল বৈঠকখানার মত অতি সুন্দররূপে সজ্জিত থাকিত। পর্ত্তুগীজ গবর্মেণ্ট ঐ সকল আড্ডা হইতে যথেষ্ট কর আদায় করিতেন। প্রমোদগৃহসমূহে দিবারাত্র গায়িকা, নর্ত্তকী, নট নটী, বাজিকর ও সুরা বিরাজ করিত। সকল শ্রেণীর লোকেই ঐ সকল স্থানে যাতায়াত করিতে পারিত।

পর্ত্তুগীজ রমণীগণ দেশীয় রমণীদিগের মত কাপড় পরিয়া অন্তঃপুরে থাকিতেন। পুরুষেরাও গৃহে দেশীয় পোষাক পরিতেন। কিন্তু বাহিরে তাঁহাদের বাবুয়ানা দেখে কে! কেহ পথে বাহির হইলেই ঘোড়াকে মণি মুক্তা ও সোণা রূপার অলঙ্কার দিয়া সাজাইতেন, ভৃত্যগণ আসাসোটা ছত্র চামর ও পানের দোনা হাতে লইয়া সঙ্গে সঙ্গে যাইত। দেখিলেই বোধ হইত যেন কোন নবাবপুত্র চলিয়াছেন! গরীবলোকেও বড় লোকের অনুকরণ করিত, সুতরাং তাহাদের পেটে অন্ন জুটুক বা নাই জুটুক, বাহিরের জাঁকজমক ছাড়িত না। একটু অবকাশ পাইলেই অধিকাংশ লোকেই জুয়ার আড্ডায় বা প্রমোদবাটীতে গিয়া আমোদ করিত। এদিকে তাহাদের রমণীগণও বিলাসে গা ঢালিয়া থাকিত! ঘরকন্নার দিকে বড় কাহারও একটা মনোযোগ ছিল না। তাহারা অনেক সময়ে বেশভূষা

লইয়া ব্যস্ত ছিল, সুন্দর যুবক দেখিলেই তাহার সহবাসের চেষ্টা করিত। কেহ বা পতিকে ধূতরা খাওয়াইয়া অচেতন করিয়া পরপুরুষকে লইয়া সুখভোগ করিত। এইত পর্ত্তুগীজ রাজ্যের অবস্থা! এই ধুমধামের সময়ে (১৬০৩ খৃষ্টাব্দে) ওলন্দাজেরা গোয়া অবরোধ করিল। কিন্তু তাহাদের উদ্যম নিষ্ফল হইয়াছিল। তথাপি তাহারা পশ্চাৎপদ হইল না, ক্রমে ক্রমে পর্ত্তুগীজদিগের অনেক রণতরি ওলন্দাজের হস্তগত হইল। এই সময় গোয়ার চারিদিকে প্রবল জ্বরের প্রাদুর্ভাব হয়। ১৬৩৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত সেই জ্বরে অধিবাসীগণ নিতান্ত কাতর হইয়া পড়ে। ১৬৩৯ খৃষ্টাব্দে আবার ওলন্দাজেরা গোয়া অবরোধ করিয়াছিল। এবারেও তাহাদিগকে পূর্ব্ববৎ পৃষ্ঠপ্রদর্শন করিতে হয়। এই সকল দুর্ঘটনায় গোয়া ক্রমে শ্রীহীন হইয়া পড়ে। ১৬৪৮ খৃষ্টাব্দে টাভার্ণিয়ার গোয়ার সৌধাবলীর শিল্প-নৈপুণ্যের যথেষ্ট প্রশংসা করেন, কিন্তু তাঁহার প্রথমাগমনে গোয়াস্থ কোন কোন পর্ত্তুগীজ পরিবারের যেরূপ সুখস্বচ্ছন্দ দেখিয়াছিলেন, এবার তাহার সম্পূর্ণ বিপরীত দেখিলেন। তিনি লিখিয়াছেন, "ছয় বর্ষ পূর্ব্বে যাহাদের যথেষ্ট ধন সম্পত্তি ছিল, এখন তাহারা গুপ্তভাবে ভিক্ষাদ্বারা জীবিকানির্ব্বাহ করিতেছে। কিন্তু তবু এখনও তাহাদের গর্ব্ব কমে নাই। এখনও অনেক দরিদ্র পর্ত্তুগীজরমণী পাল্কীতে চড়িয়া ভৃত্য সঙ্গে করিয়া লোকের দ্বারস্থ হয়, ভৃত্য সেই রমণীর হইয়া ভিক্ষা প্রার্থনা করে।" এই সময়ে ১৬৬৬ খৃষ্টাব্দে থেবেনট (Thevenot) লিখেন, "গোয়ানগরী প্রাসাদমালায় সুন্দর সুসজ্জিত, অত্যুচ্চ গির্জা ও মঠ সকল নয়ন মনোহর! ভারতে পর্ত্তুগীজদিগের মত ধনবান্ জগতে অতি অল্প জাতিই আছে, কিন্তু এই ধনগৌরবই ইহাদের ধ্বংসের মূল!" ১৬৭৫ খৃষ্টাব্দে আর এক ব্যক্তি গোয়া দর্শন করিয়া লিখিয়াছেন, "ভারতে ইহা যেন রোমনগরী, দূর হইতে দেখ—সপ্তশৈলের উপর অবস্থিত! চারিদিকেই বিশ্ববিদ্যালয়, উচ্চ ভজনালয়, মহান্ অট্টালিকা, কিন্তু অধিকাংশই ধ্বংশ হওয়ায় নগরী যেন লজ্জায় অধোবদন হইয়া আছে।"

১৬৮৩ খৃষ্টাব্দে সম্বাজি অকস্মাৎ গোয়ায় প্রবেশ করিয়া নগর লুট করিতে থাকেন, কেহ যে নগর রক্ষা করিবে সে আশা ছিল না, এমন সময় সহ্যাদ্রি হইতে কতকগুলি মোগল-সৈন্য আসিয়া মহারাষ্ট্রদিগকে পরাজয় ও বশীভূত করেন। কেহ বলেন প্রসিদ্ধ খৃষ্টানসাধু ফ্রান্সিস্ জেভিয়ারের মায়াবলে এইরূপ অদ্ভুত কার্য্য সম্পন্ন হইয়াছিল। আবার অল্পদিন পরেই সারস্তবাড়ী হইতে ভোন্সারা আসিয়া গোয়ারাজ্য আক্রমণ করেন। কিন্তু তাঁহারাও পর্ত্তুগীজ হস্তে পরাস্ত হন। এই সময়ে পর্ত্তুগীজেরা মহারাষ্ট্রের অধিকৃত বিচোলিম্ দুর্গ ধ্বংশ এবং কোর্যুত্রম্ ও পন্লেম্ নামক দ্বীপ অধিকার করিয়া লইলেন। ১৭১৭ খৃষ্টাব্দে বারদেশ ও চপোরার সীমাতে দুইটী দুর্গ নির্ম্মিত হয়। ১৭৩২ হইতে ১৭৪১ খৃষ্টাব্দ পর্য্যন্ত পর্ত্তুগীজদিগের সহিত মহারাষ্ট্রদিগের যুদ্ধ চলিয়াছিল। এই সময় ভোন্সারা গোয়া রাজ্যের নানাস্থানে লুট পাট করিতে থাকে। অবশেষে নবরাজপ্রতিনিধি মার্কুইস্ অব লরিশাল ১২০০ য়ুরোপীয় সৈন্যসহ আসিয়া বারদেশে মহারাষ্ট্রদিগকে পরাজয় ও গোয়ারাজ্য হইতে তাড়াইয়া পোণ্ডা ও অপর কতকগুলি ক্ষুদ্র দুর্গ অধিকার করেন। এই সময়ে ভোন্সাদিগের সর্দ্দার ক্ষেমসামন্ত পর্ত্তুগীজের করদরূপে গণ্য হইয়াছিলেন। এত যুদ্ধের পরও মহারাষ্ট্রেরা ক্ষান্ত হয় নাই, তাঁহারা ভোন্সাদিগের সহিত মিলিত হইয়া পর্ত্তুগীজের সহিত পুনঃ পুনঃ যুদ্ধ করিতে লাগিলেন। বীর মার্কুইস্ অফ্ কাষ্টেলো (Marquis of Castelo Novo) আলোর্ণা, তীরকুল, নিউতিম্, ররিম্, সঙ্কুলিম্ বা সতরি দখল করিলেন। ১৭৬০ খৃষ্টাব্দে পর্ত্তুগীজ প্রতিনিধি মার্কুইস্ অফ্ তবোরা সুন্দারাজকে পরাজয় করিয়া পীরো বা সদাশিবগড় দখল করেন। তৎপরে রাজপ্রতিনিধি কাউণ্ট অব্ আল্বার সময়ে, মহারাষ্ট্রদিগের সহিত ঘোরতর যুদ্ধ চলিয়াছিল। এই সময় ররিম্ ও দিউতিম্ পর্ত্তুগীজদিগের হস্তচ্যুত হয়, পর্ত্তুগীজ রাজপ্রতিনিধিও দুর্গ অবরোধকালে নিহত হন। পীরো ও জিম্পম্ দুর্গ সুন্দারাজকে এবং বিচোলিম্, সঙ্কুলিম্ ও অলোর্ণা ক্ষেমসামন্তকে ফিরাইয়া দিবার জন্য পর্ত্তুগাল হইতে আদেশ আসিল। তৎকালে হায়দার আলির হস্ত হইতে উদ্ধারলাভের জন্য সুন্দারাজ পর্ত্তুগীজদিগকে জাম্বুলী, রামেশ্বর, ও কোণাকোণ নামক ভূভাগ অর্পণ করেন। একবর্ষ পরে ক্ষেমসামন্ত আবার পর্ত্তুগীজদিগের সহিত বিরোধ উপস্থিত করেন, শেষে পর্ত্তুগীজদিগের নিকট পরাস্ত হইয়া তাঁহাকে আলোর্ণা, পর্ণম্, সঙ্কুলিম্ বা সতরি ও বিচোলিম্ ছাড়িয়া দিতে হয়।

শত শত আক্রমণ ও মড়ক সহ্য করিয়া ক্রমে গোয়ানগরী উৎসন্নপ্রায়! পর্ত্তুগীজ গবর্ণমেণ্ট রাজধানীর পুনসংস্কারের চেষ্টা করেন। বিস্তর অর্থ ব্যয় হইল, কিন্তু কোন ফলই হইল না। পূর্ব্ব হইতেই অধিবাসিগণ ক্রমে ক্রমে নদীর মোহানায় অবস্থিত পঞ্জীম্ বা নবগোয়ায় উঠিয়া গিয়া বসবাস করিতেছিল, এখন এইখানে নূতন রাজধানী স্থাপিত হইল। ১৮শ শতাব্দে গোয়ার অবস্থা বড়ই শোচনীয় হইয়াছিল, এমন কি এখানকার আয়ে খরচ কুলাইত না। এমন কি এখানকার সেনাধ্যক্ষ (Captain) ৬৲ টাকার অধিক মাসিক বেতন পাই-

তেন না। মহারাষ্ট্রদিগের রক্ষার জন্য যে দুই হাজার য়ুরোপীয় সৈন্য নিযুক্ত ছিল, তাহাদের সমস্ত খরচই পর্ত্তুগালরাজকে পাঠাইতে হইত। তখনও পর্ত্তুগীজ যেশুটেরা অদম্য উৎসাহে নানা জাতিকে খৃষ্টান্ ধর্ম্মে দীক্ষিত করিতেছিলেন। কাপ্তেন হ্যামিল্টন্ লিখিয়া গিয়াছেন, তখনও গোয়ার নিকট পর্ব্বতে বিস্তর গির্জা ও কুমারীমঠ এবং প্রায় ত্রিশ হাজার রোমান ক্যাথলিক যাজক ছিল। যেশুটদিগের দৌরাত্ম্যে ও তাহাদের একচেটিয়া ব্যবসার কারণ দেশীয় বণিকেরা উত্যক্ত হইয়া দেশ ছাড়িয়া চলিয়া আসেন।

১৭৩৯ খৃষ্টাব্দে মহারাষ্ট্রেরা গোয়ারাজ্যে দারুণ উৎপাত আরম্ভ করে। খৃষ্টান যতি ও সন্ন্যাসীগণ আতঙ্কে মর্গাও নামক স্থানে আশ্রয় লইয়াছিলেন। যাহা হউক গোয়ার দরিদ্রতা ঘুচিল না। পদস্থ রাজপুরুষ ও সৈন্যদিগের অমিতব্যয়িতাও দূর হইল না।

১৮০১ খৃষ্টাব্দে ফরাসী যুদ্ধকালে ইংরাজেরা পর্ত্তুগীজদিগের সহিত মিলিত হন। ওয়াটার্লুর যুদ্ধ পর্য্যন্ত কতকগুলি ইংরাজসৈন্য গোয়ার দুইটী দুর্গ রক্ষা করিয়াছিলেন। ১৮১৭ খৃষ্টাব্দে, পর্ত্তুগীজপ্রতিনিধি কাউণ্ট অব্ লিওপার্দো উপ্পা ও রবিমের দুর্গ আক্রমণ করেন। ১৮৩৫ খৃষ্টাব্দে রাজ্ঞী (২য়) ডোনামেরিয়া কর্ত্তৃক বার্ণার্ডো পেরেশ-ডা সিল্ভা নামে একজন গোয়াবাসী পর্ত্তুগীজ পর্ত্তুগালের অধীন ভারতীয়রাজ্যসমূহের শাসনকর্ত্তা হন। তিনি সুবন্দোবস্ত করিতেছিলেন বটে, কিন্তু তাহার শাসনকাল ১৭ দিনের অধিক স্থায়ী হইল না, এই সময় তাঁহার বিপক্ষে কতকগুলি লোক ষড়যন্ত্র করায় তিনি বোম্বাইয়ে পলাইয়া আত্মরক্ষা করেন। তৎপরে ১৬ বর্ষ গোয়াতে আর কোন গোলযোগ ঘটে নাই, মধ্যে কতকগুলি সৈন্য সামান্যরূপ উত্তেজিত হওয়ায় তৎকালীন শাসনকর্ত্তা লোপেস্-ডি-লিমা পদচ্যুত হন। ১৮৪৫ খৃষ্টাব্দে সাবন্তবাড়ীতে বিদ্রোহ উপস্থিত হয়, কতকগুলি বিদ্রোহী গোয়ায় আসিয়া আশ্রয় গ্রহণ করে, তাহাদিগের জন্য পর্ত্তুগীজদিগের সহিত বৃটীশগবর্মেণ্টের বিবাদ বাঁধিবার সূত্রপাত হয়। সে সময়ে পেস্তানা গোয়ার শাসনকর্ত্তা ছিলেন। ১৮৫২ খৃষ্টাব্দে দীপজির প্ররোচনায় সতরির রাণী বিদ্রোহী হন। ১৮৭১ খৃষ্টাব্দে গোয়াবাসী দেশীয় সৈন্যেরা তাহাদের আবেদন মত বেতন না পাওয়ায় বিদ্রোহী হইয়া উঠে। বিদ্রোহীদমনের জন্য পর্ত্তুগালরাজের ভ্রাতা ডোম-অগষ্টো স্বয়ং সসৈন্যে আগমন করেন। তিনি আসিয়া শান্তি স্থাপন ও বিদ্রোহীদিগকে নিরস্ত্র করেন। তদবধি ৩১৩ জন পর্ত্তুগীজ সৈন্য গোয়া রক্ষা করিতেছে।

গোয়ার প্রধান নগর—(নব) গোয়া বা পঞ্জীম্, মর্গাও ও মপুশা। ডমাণ, দিউ, মোজাম্বিক্, মকাও ও তিমোর প্রভৃতি বিভিন্ন জনপদও গোয়ার শাসনকর্ত্তার অধীন।

পুণ্যস্থান।—গোয়ারাজ্য হিন্দু ও খৃষ্টান সম্প্রদায়ের পুণ্যস্থান বলিয়া গণ্য। এখানে অনেকগুলি হিন্দুতীর্থ ও প্রাচীন দেবালয় আছে। তন্মধ্যে চন্দ্রবতী মহালের চন্দ্রনাথ ও নবজিত গোয়ার অন্তর্গত মাঙ্গীশ, মহালসা, শান্তাদুর্গা, কপিলেশ্বর, নাগেশ ও রামনাথ প্রসিদ্ধ। চন্দ্রনাথ বা চন্দ্রচূড়ের মাহাত্ম্য এখানকার স্থলপুরাণে ও সহ্যাদ্রিখণ্ডে বিস্তৃত ভাবে বর্ণিত আছে। সহ্যাদ্রিখণ্ডের মতে—

"পূর্ব্বকালে কোন সময়ে দশহাজার বৎসর পর্য্যন্ত অনাবৃষ্টি হয়। দারুণ অনাবৃষ্টিতে পৃথিবী যায় যায় হইয়া উঠিল। তখন ঋষিরা মিলিত হইয়া অগাধসলিলা কুশবতী নদীতে উপস্থিত হইলেন এবং জল পাইবার জন্য দেবদেব মহাদেবকে স্তব করিতে লাগিলেন। শম্ভু তাহাদের স্তবে সন্তুষ্ট হইয়া বৃহৎ পর্ব্বতরূপে অবতীর্ণ হন, তাঁহার উচ্ছ্রায় এক যোজন। তাঁহার শিরোদেশে চন্দ্রকান্ত পাথর আছে, তাহা হইতে জলনিঃসৃত হইয়া অনাবৃষ্টি-পীড়িত সমস্ত ভূমণ্ডল রক্ষা করিয়াছিল। আবার অনাবৃষ্টি হইলে কি উপায় হইবে এই ভাবিয়া ঋষিগণ তাঁহাকে অবস্থান করিতে অনুরোধ করেন। ঋষিগণের অনুরোধে মহাদেব সেই পর্ব্বতশিখরে লিঙ্গরূপে অবস্থিতি করিতেছেন। ইহার নাম চন্দ্রচূড়। ইহার অবলোকনে সকল পাপনাশ হয়।

কিছুদিন পরে ভূতনায়ক ভৈরব শিবকে দেখিতে আসিলেন। শিবের অনুমতিতে তিনিও এই স্থানে থাকিয়া যান। ইহার পরে নানাদেশীয় ঋষিগণ এই স্থানে আসিয়া বাস করেন। তীর্থপ্রভাবে সকলেই সিদ্ধিলাভ করিয়াছেন। যে ঋষি যে স্থানে সিদ্ধিলাভ করেন, সেই স্থানে তাহার নামে তীর্থ হইয়াছে। তাহার মধ্যে কপিল, গৌতম, সোম, ভরদ্বাজ, চন্দ্রোদয়, সুশর্ম্মিষ্ঠ ও অম্বষ্ঠ এই কয়টী তীর্থই প্রধান।"

"চন্দ্রচূড়ের পশ্চিমে কুশবতী প্রভৃতি কয়েকটী পুণ্যসলিলা নদী এবং ইহার চারিদিকেই প্রসিদ্ধ তীর্থ আছে। কুশবতী ব্রহ্মার পদ হইতে উৎপন্ন হইয়াছে। এই নদীর উভয়কূলে অনেক কুশ আছে বলিয়া ঋষিরা ইহার নাম কুশবতী রাখিয়াছেন। কোন সময়ে অগস্ত্য ঋষি হাটকেশ্বর দেখিতে যাইতেছিলেন, পথে কুশবতীর সহিত তাঁহার সাক্ষাৎ হয়। ঋষির আদেশে কুশবতী বহিয়া হাটকেশ্বর পর্য্যন্ত গমন করে। স্থানবিশেষে ইহারই নাম পঞ্চনদী। ইহাতে স্নান করিলে সকল পাপনাশ হয়।" (চন্দ্রচূড় মা॰ ১-৩ অঃ)

"কুশবতীর নিকটে অম্বষ্ঠ নামে একজন পাপাশয় ব্যাধ বাস করিত। চৌর্য্যবৃত্তিই ইহার জীবিকা ছিল। দুরাশয় ব্যাধ বাল্যকাল হইতেই নির্দ্দয়রূপে পশুবধ করিত। ক্রমে ব্যাধের বার্দ্ধক্য উপস্থিত হইল। শ্রাবণ মাস, সোমবার, পূর্ণিমা তিথি, দেশ বিদেশ হইতে তীর্থযাত্রীগণ দলে দলে চন্দ্রচূড় তীর্থে যাইতেছে, তাহারা যাইবার সময় কুশবতীকে দেখিয়া যাইতেছে; সেই তীর্থযাত্রীদিগকে দেখিয়া অম্বষ্ঠের মনে কেমন ভাব উপস্থিত হইল। ব্যাধ তীর্থযাত্রীর সহিত চন্দ্রচূড়ে উপস্থিত হয়। যাত্রীগণের ভক্তিভাব, পূজা ও আচার ব্যবহার দেখিয়া ব্যাধের ভক্তিসঞ্চার হইল। সে সেদিন কিছুই খাইল না। সন্ধ্যার পরে শিবের উদ্দেশে একটী দীপ জ্বালিয়া ক্ষুধা ও পিপাসায় কাতর হইয়া যেমন খাইতে যাইবে, অমনি প্রথম গ্রাস গলায় বাধিয়া ব্যাধের মৃত্যু হয়। মৃত্যুর পরে যমের হুকুমে যমদূতেরা তাহাকে লইয়া যাইতেছিল, শিবানুচর রুদ্রগণ তাহাতে বাধা দেয়। অনেক বাদানুবাদের পর স্থির হইল যে, বাল্যকাল হইতে পাপাচারী হইলেও তীর্থ ও দিনমাহাত্ম্যে ইহার রুদ্রলোকেই বাস হইবে। যমদূতেরা বিচারে পরাজিত হইয়া চলিয়া গেল, অম্বষ্ঠ রুদ্রানুচরের সহিত রুদ্রলোকে গমন করিল। সেই স্থান অম্বষ্ঠতীর্থ নামে বিখ্যাত। শ্রাবণমাসের সোমবারে পূর্ণিমা তিথি হইলে যোগ হয় এবং সেই দিনে তথায় যাইয়া স্নান দান করিলে শিবলোকপ্রাপ্তি হইয়া থাকে।

কপিল নামক একজন রাজা শত্রু কর্ত্তৃক পরাজিত হইয়া এই তীর্থে বাস করেন। যথাবিধি স্নান দান ও শিবের আরাধনা করিয়া পুনর্ব্বার স্বীয় রাজ্য লাভ করিয়াছিলেন। তিনি যে স্থানে থাকিয়া শিবের আরাধনা করেন, তাহা কপিলতীর্থ নামে প্রসিদ্ধ।

চন্দ্রচূড়শিখরের দক্ষিণদিকে গৌতমতীর্থ। পূর্ব্বকালে গৌতম নামক একজন ব্রাহ্মণ বিস্তর তপস্যা, শতরুদ্রীয় সূক্ত এবং সদ্যোজাত মন্ত্রে শিবের আরাধনা করেন। তাঁহার আরাধনায় শিব সন্তুষ্ট হইয়া গুহাদ্বার দিয়া তাঁহার নিকটে উপস্থিত হন এবং গৌতমের প্রার্থনায় সেইস্থানে লিঙ্গরূপে অবস্থান করিবেন অঙ্গীকার করেন। সেইস্থানই গৌতমতীর্থ নামে প্রসিদ্ধ। তথায় স্নান, দান ও ভক্তিপূর্ব্বক গৌতমলিঙ্গের দর্শন করিলে সকল পাপনাশ ও অভিলাষ পূর্ণ হয়।

দানবগণের উপদ্রবে ভীত হইয়া জগৎপতি হরি ইহার একটী গুহায় যাইয়া শিবের আরাধনা করেন। উপবাসী থাকিয়া তিনবার স্নান ও মৃত্যুঞ্জয় মন্ত্র জপ করিয়া অভীষ্ট বর ও একখানি উৎকৃষ্ট রথ পাইয়াছিলেন। সেই হইতে ঐ গুহাটী সৌভতীর্থ নামে বিখ্যাত। ইহার প্রস্রবণে স্নান করিলে সর্ব্ব যজ্ঞফল এবং ছয়বার বেদপাঠের ফল হইয়া থাকে।

ক্ষয়রোগগ্রস্ত কোন নরপতি এই পর্ব্বতের অগ্নিকোণে মনোহর সোমোদকে স্নান করিয়া শিব আরাধনা করায় ক্ষয়রোগ হইতে মুক্ত হন। সেই হইতে তাহাকে চন্দ্রোদয়তীর্থ বলে। ইহাতে স্নান করিলে ক্ষয়রোগের প্রতীকার হয়।

পর্ব্বতের উত্তরদিকে কামপ্রপূরণ নামে একটী তীর্থ আছে। এক মুনিকন্যা তথায় বসিয়া তপস্যা করেন। তপস্যার ফলে মুনিকুমারী পার্ব্বতীর সখী হইয়া কৈলাসবাসিনী হইয়াছিলেন।

শর্ম্মিষ্ঠা নামে একটী অপ্সরা ছিল। শর্ম্মিষ্ঠা যজ্ঞনিরত কোন ব্রাহ্মণকে বিবাহ করিবেন স্থির করেন। ব্রাহ্মণগণ তাহার রূপ দেখিয়া মোহিত হইয়াছিলেন। শর্ম্মিষ্ঠা কাহাকেও পছন্দ করেন নাই। একদিন তিনি মহর্ষি ঔর্ব্বের আশ্রমে উপস্থিত হন ও ঋষির শাপে কুৎসিত হইয়া জন্মগ্রহণ করেন। শর্ম্মিষ্ঠা চিররোগগ্রস্ত হইয়া দারুণ যাতনায় কালযাপন করিতে লাগিলেন। পরিশেষে কামপ্রপূরণতীর্থে থাকিয়া দশবৎসর পর্য্যন্ত প্রতিদিন নিয়মিতরূপে স্নান করিতে থাকেন। তীর্থপ্রভাবে পূর্ব্বের ন্যায় অলৌকিক রূপলাবণ্য প্রাপ্ত হইয়া স্বর্গে গমন করেন। সেই হইতে তীর্থের নাম সুশর্ম্মিষ্ঠ হইয়াছে।" (সহ্যাদ্রিখ° সনৎকু° স° ৬ অঃ)

"চন্দ্রচূড়ের ঈশানকোণে মূলগঙ্গাতীর্থ। ইহা মহাদেবের জটা হইতে নির্গত, এক মাস ইহাতে স্নান করিলে সকল রোগের প্রতীকার হয়। ইহার স্নানে সাধ্বী বীরপ্রসবিনী, দরিদ্র ধনবান্, ক্ষত্রিয় রাজা ও রাজা সম্রাট্ হইয়া থাকেন। শকুন্তলা ইহাতে স্নান করিয়া রাজচক্রবর্ত্তী পুত্র পাইয়াছিলেন। মূলগঙ্গার জলে স্নান করিয়া চন্দ্রচূড় দর্শন করিলে শিবলোক প্রাপ্তি হইয়া থাকে।

চন্দ্রচূড়ের পশ্চিমে মালতী নদী। ইহার জলে স্নান করিয়া চন্দ্রচূড় অবলোকন করিলে মুক্তিলাভ হয়। স্বয়ং শিব এই তীর্থ নির্ম্মাণ করিয়াছেন।" (সহ্যাদ্রি° সনৎকুমার স° ৮ অঃ)

নাগাহ্বয় বা নাগেশ—ইহার মন্দির গোয়াবাসীর নিকট প্রসিদ্ধ। সহ্যাদ্রিখণ্ডে লিখিত আছে—"ক্ষত্রিয়কুলান্তক পরশুরাম সহ্যাদ্রির পশ্চিমে সাগরের নিকটে অঘাশীনদীর তীরে এক মনোহারিণী পুরী নির্ম্মাণ করেন। গরুড়ভয়কাতর নাগগণ ঐ স্থানে থাকিয়া একশত দিব্য বৎসর তপস্যা করে। তপস্যায় সন্তুষ্ট হইয়া পরশুরাম সর্পদিগকে গরুড় হইতে রক্ষা করিবার জন্য কৈলাসে যাইয়া শিব ও পার্ব্বতীকে লইয়া আসেন। শিব ও পার্ব্বতী এই ক্ষেত্রে উপস্থিত হইলে সর্পগণ

স্তব করিতে থাকে। সর্পগণের স্তবে তুষ্ট হইয়া এবং পরশুরামের কথায় শিব ও পার্ব্বতী ঐ তীর্থে নিয়ত অবস্থান করিতে লাগিলেন। একদিন খগপতি গরুড় ক্ষুধার্ত্ত হইয়া সাপ খাইবার মানসে ঐ স্থানে আসিয়া উপস্থিত হয়। সাপেরা বুঝিল যে এখন শিবের আশ্রয় ভিন্ন আর উপায় নাই। তাহারা সকলেই শিবের শরীরে উঠিয়া জড়াইয়া ধরিল। শিব বলিলেন, "গরুড় তুমি এই তীর্থস্থিত সর্পদিগকে ভক্ষণ করিও না।" শিবের হুকুমে গরুড় কিছুই করিতে পারিল না। সাপেরাও নির্ভয় হইল। সেই হইতেই এই স্থানের নাম নাগাহ্বয় হইয়াছে। ফণিগণবিভূষিত শিব ও পার্ব্বতী নিয়ত এইস্থানে বাস করেন। ইহার পরে শান্তনামে একজন মুনি ভগবতীর আরাধনা করেন। তাঁহার আরাধনায় সন্তুষ্ট হইয়া ভগবতীও বালিকাবেশে আবির্ভূত হন এবং তাঁহাকে অনিরুদ্ধের আরাধনা করিতে অনুমতি দেন। ব্রাহ্মণ দেবীর আদেশে অনিরুদ্ধের উপাসনা করেন, এবং তাহার আরাধনায় সন্তুষ্ট হইয়া অনিরুদ্ধ সাক্ষাৎ হইলে শান্তাদেবীর সহিত তাঁহাকে এইস্থানে থাকিতে প্রার্থনা করেন। তদবধি শান্তাদেবী এবং অনিরুদ্ধ এই স্থানে অবস্থান করিতেছেন। ইহা ছাড়া বিঘ্নরাজ ও ভূতনাথ এই দুই দেবতা ক্ষেত্রে নিয়ত অবস্থান করেন। এখানে দেব দর্শন, জপ ও হোমাদি করিলে অনন্ত ফল হয়। (নাগাহ্বয়মা°)

শান্তা এখন শান্তাদুর্গা নামে খ্যাত।

বরুণাপুর—কোন সময়ে বরুণের নগরীতে যাইয়া কতকগুলি লোক পরশুরামের উপাসনা করিয়াছিল। রাম সন্তুষ্ট হইয়া বরুণকে একটী পুরী নির্ম্মাণ করিতে অনুমতি দেন। বরুণ আপনার পূর্ব্বের ন্যায় মনোহর একটী পুর নির্ম্মাণ করেন। পরশুরাম সন্তুষ্ট হইয়া সেই পুরের নাম বরুণাপুর রাখিয়াছিলেন। একবৎসর বৈশাখ মাসের শুক্রবার নবমী তিথিতে সাত দিন পর্য্যন্ত রামোৎসব হইতেছিল। বরুণাপুরবাসী সকলেই আমোদে মাতিয়াছে, এই সময়ে সম্মুখ নামক এক দৈত্য সুযোগ পাইয়া পুরবাসী অসুরের হাত হইতে রক্ষা পাইবার জন্য পরশুরামের উপাসনা করে। পরশুরাম দৈত্যনাশের উপায় করিবার জন্য একটী দেবমূর্ত্তি স্থাপন করিয়া দেন এবং সকল পুরবাসীকে তাঁহার আরাধনা করিতে অনুমতি করেন। পুরবাসীর আরাধনায় সন্তুষ্ট হইয়া দেবী ভীষণ খড়্গাঘাতে মাঘ মাসের শুক্লপক্ষীয় ষষ্ঠীতিথিতে সেই অসুরকে বিনাশ করেন। উক্ত তিথিতে এই দেবীর আরাধনা করিলে মনোভীষ্ট পূর্ণ হয়। দুর্গা, ভদ্রকালী, বিজয়া, বৈষ্ণবী, দণ্ডিকা, কৃষ্ণা, মাধবী, কন্যকা, মায়া, নারায়ণী, শান্তা, শারদা, অম্বিকা, কাত্যায়নী, বালদুর্গা, মহাযোগিনী, অধীশ্বরী, যোগনিদ্রা, মহালক্ষ্মী, কালরাত্রি, ও মোহিনী এই কয়টী নামে ঐ দেবী মূর্ত্তির আরাধনা করিতে হয়। ঐ দেবী মূর্ত্তির নাম মহালসা। (বরুণপুরাণ।) গোয়াবাসী হিন্দুগণ ইঁহাকে চলিত কথায় "মাল্‌সা" বলিয়া থাকেন।

মাঙ্গীশ।—কোন সময়ে শিব পার্ব্বতীর সহিত দ্যূত ক্রীড়া করিতে আরম্ভ করেন। দৈবক্রমে খেলায় পার্ব্বতীর জয় হয়। গৃহিণী দ্যূতক্রীড়ায় পরাজিত পতিকে দুই একটা উপহাস বা চাটুবাক্যে তিরস্কার করেন। শিবের মনে বড়ই আঘাত লাগিল। তিনি গৃহ ছাড়িয়া বনবাসী হইলেন। বৃদ্ধ ভোলা সাংসারিক সুখের আশায় জলাঞ্জলি দিয়া বনে বনে বেড়াইতে লাগিলেন। তিনি প্রথমে কৃষ্ণা ও বেণীর সঙ্গমে তপস্যা করেন। সেই স্থানে সঙ্গমেশ্বর নামে প্রসিদ্ধ হন। পরশুরাম সেইস্থান ব্রাহ্মণদিগকে দান করায় শিব সেই স্থান পরিত্যাগ করিয়া সাগরের নিকটে যাইয়া অবস্থিতি করেন। ইহার পরে চম্পাবতীতে আসিয়া তিনি অনেকদিন তপস্যা করিয়াছিলেন। এই স্থানে রামেশ্বর নামে একটী লিঙ্গের দক্ষিণদিকে স্বয়ং সদাশিব বিরাজমান। ইহার পরে শিব গোমন্তক পর্ব্বতে গমন করেন। এই স্থানে গোমন্তকেশ নামে সর্ব্বজনপ্রসিদ্ধ লিঙ্গরূপে আবির্ভূত হন। এই লিঙ্গের পূর্ব্বদিকে ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি সকল দেবতাই বিরাজ করেন। লিঙ্গের পশ্চিমে যমেশ, উত্তরে ব্রহ্মবাদী ঋষিগণ এবং দক্ষিণে ভৈরব প্রভৃতি গণেরা অবস্থিত। ঋষিগণ শিবের দর্শন পাইবার জন্য সাতকোটী বৎসর অঘাশীনদী তীরে তপস্যা করেন। শিব সাক্ষাৎ হইলে তাঁহাকে লিঙ্গরূপে সেই স্থানে অবস্থান করিতে প্রার্থনা করেন। তাঁহাদের প্রার্থনায় সেই স্থানে সপ্তকোটীশ্বর নামে এক লিঙ্গ স্থাপিত হয়, পঞ্চনদীতে স্নান করিয়া সপ্তকোটীশ্বরকে অবলোকন করিলে মনোভীষ্ট পূর্ণ হয়।

গোমন্তের দক্ষিণভাগে সাগরের নিকটে অঘাশী নামে একটী নদী আছে। এই নদী সহ্যাদ্রির পাদদেশ হইতে উৎপন্ন। অঘাশীর তীরে প্রসিদ্ধ কুশস্থলীপুরী। এই পুরীতে লোমশ নামে একজন পুণ্যাত্মা ব্রাহ্মণ বাস করিতেন। লোমশ কোন সময়ে চন্দ্রগ্রহণ উপলক্ষে সঙ্গমস্থলে স্নান করিতে উপস্থিত হন। ব্রাহ্মণ নদীতে অবগাহন করিলে একটা ভীষণ কুম্ভীর তাহাকে গ্রাস করে। দারুণ বিপদে লোমশ শিবের স্তব করিতে আরম্ভ করেন। শিব সাক্ষাৎ হইয়া তাহাকে রক্ষা করেন। সেইস্থানে লোমশ নামে এক লিঙ্গ স্থাপিত হয়। শিব লোমশকে বলিয়াছিলেন যে, এই গোমন্তক

পর্ব্বতে শতসহস্র লিঙ্গ আছে, কিন্তু তাহাতে আমি পূর্ণাংশে অবস্থিত নহি। কলিকালে অঘাশী নদীর তীরে এই লোমশলিঙ্গেই পূর্ণভাবে বাস করিব। কলিকালে এই ক্ষেত্রই আমার একমাত্র বসতিস্থান।" ইহার দর্শনে সকল দুঃখ বিনাশ হয়।

এদিকে পতি বনবাসী হইলে পর শৈলতনয়াও তাঁহার অনুসন্ধানে বাহির হন, কিন্তু কোথাও পতিকে পাইলেন না। শেষে অঘাশী নদীর তীরে উপস্থিত হইয়া শিবের তপস্যা করেন। শিব পার্ব্বতীকে পরীক্ষা করিবার জন্য ভয়ঙ্কর ব্যাঘ্রমূর্ত্তি ধারণ করিয়া উপস্থিত হন। ব্যাঘ্র দেখিয়া পার্ব্বতীর ভয় হইল। ভয়ে "মাং গিরীশ রক্ষ" এই কথা বলিতে 'মাংগীশ' বলিয়া ফেলিলেন। পরে শিব সাক্ষাৎ হইলে বলিলেন, "আপনি এই স্থানে মাঙ্গীশ নামে প্রতিষ্ঠিত হইয়া অবস্থিতি করুন।" শিব তাহাতেই সম্মত হইলেন। সেই স্থানে মাঙ্গীশ নামে শিবলিঙ্গ ও দেবীমূর্ত্তি স্থাপিত হইল। প্রথমে এই দুইটীই জলের মধ্যে স্থাপিত ছিল। "মাঙ্গীশ" এই নাম উচ্চারণ করিলে সকল যজ্ঞের ফল হয়। ইহার দর্শনে সকল দুঃখ বিনাশ হয়।

কিছুদিন পরে কান্যকুব্জনিবাসী বাৎস্যগোত্র দেবশর্ম্মা নামক একজন ব্রাহ্মণ সস্ত্রীক তীর্থ যাত্রা করিতে বাহির হইয়া অঘাশীসঙ্গমে উপস্থিত হন। ব্রাহ্মণ দেখিলেন যে, একটী ধেনু জলে ডুব দিয়া কিছুকাল থাকিয়া পরে উঠিয়া গেল। ব্রাহ্মণ ইহার রহস্যভেদ করিতে না পারিয়া অধিবাসীদিগকে ইহার কারণ জিজ্ঞাসা করেন, কিন্তু কেহই কিছু বলিতে পারিল না। ইহার পরে আর এক দিন ব্রাহ্মণ গোরুর পুচ্ছ ধরিয়া জলের নীচে যাইয়া তেজোময় লিঙ্গ ও দেবীমূর্ত্তি দেখিতে পাইলেন। দেবশর্ম্মা ভক্তিপূর্ব্বক লিঙ্গের পূজা ও আরাধনা করায় শিব সাক্ষাৎ হইয়া তাঁহার মাহাত্ম্য ও মাঙ্গীশ নামের কারণ বলিয়া দেন, এবং বলেন যে, প্রতিদিন কপিলাধেনু আসিয়া আমাকে দুগ্ধ দিয়া স্নান করাইয়া যাইত, অতএব ইহার নাম কপিলতীর্থ হইবে। এইরূপে জলমগ্ন তীর্থ ও লিঙ্গমূর্ত্তি বাহির হইল। ইহার দর্শনে মনোবাঞ্ছা পূর্ণ হয়।

গোমন্তের দক্ষিণে সমুদ্রের নিকটে শঙ্খাবলী নগরী, এই নগরীতে একজন সিদ্ধ ব্রাহ্মণ বাস করিতেন। সিদ্ধ সর্ব্বদাই শিবের আরাধনা করিতেন। রাক্ষসীরূপধারিণী সুমুখী নামে এক ব্রাহ্মণকন্যা ঐ স্থানে আসিয়া সকলের উপদ্রব করিত। একদিন কতকগুলি স্ত্রীলোক আসিতেছিল, রাক্ষসী তাহাদিগকে আক্রমণ করে। স্ত্রীলোকেরা উচ্চৈঃস্বরে চীৎকার করিতে লাগিল। সিদ্ধপুরুষ সেই অবলাগণকে রক্ষা করিতে অসমর্থ হইয়া শিবকে আহ্বান করেন। দীনবৎসল ভগবান্ আবির্ভূত হইয়া একটা হুঙ্কারেই রাক্ষসীকে বিনাশ করেন এবং লিঙ্গরূপে সেইস্থানে অবস্থিতি করিতে লাগিলেন। সিদ্ধ আরাধনা করিয়াছিল বলিয়া তাহার নাম সিদ্ধেশ্বর হইয়াছে। ইহার দর্শনে সকল পাপ বিনষ্ট হয়।

(সহ্যাদ্রি° মাঙ্গীশমা°)

আবার সহ্যাদ্রিখণ্ডের উত্তরার্দ্ধে লিখিত আছে, "পরশুরাম ত্রিহোত্রপুর হইলে ভারদ্বাজ, কৌশিক, বৎস, কৌণ্ডিন্য, কশ্যপ, বসিষ্ঠ, জামদগ্নি, বিশ্বামিত্র, গৌতম ও অত্রিগোত্র দশজন ব্রাহ্মণ আনাইয়া শ্রাদ্ধযজ্ঞাদি নির্ব্বাহের জন্য পঞ্চক্রোশী গোমাঞ্চল মধ্যে স্থাপন করেন। এ ছাড়া ত্রিহোত্র হইতে তিনি মাঙ্গিরীশ, মহাদেব, মহালক্ষ্মী, মহালসা, শান্তা দুর্গা, নাগেশ ও সপ্তকোটীশ্বর প্রভৃতি অনেক দেবতা আনিয়া গোমন্তে স্থাপন করেন।" *

গোয়ার দেশীয় খৃষ্টানদিগকে গোয়াইজ বলে, পর্ত্তুগীজেরা গোয়া অধিকার করিয়া এখানকার অধিকাংশ লোককেই খৃষ্টান করেন, তাহাদিগের বংশধরেরা এখন গোয়াইজ নামে খ্যাত। ইহারা শাদাজিনের পাজামা ও কোট পরে, মাথায় জরির টুপি ও চটিজুতা ব্যবহার করে। স্ত্রীলোকেরা গৃহে রঙ্গিন্ সাড়ী ও কাঁচুলি পরে, কিন্তু গির্জ্জায় যাইবার সময় শাদা সাড়ী ও ওড়না গায়ে দেয়। ইহাদের আহার অনেকটা বাঙ্গালী ও উড়িয়ার মত। প্রাতে কাঞ্জি, মধ্যাহ্নে ভাত বা রাগির মণ্ড ও সন্ধ্যার পর তণ্ডুলান্ন আহার করে। ইহারা খৃষ্টান হইলেও ইহাদের মধ্যে এখনও বর্ণভেদপ্রথা

* "পশ্চাৎ পরশুরামেণ হ্যানীতা মুনয়ো দশ।
ত্রিহোত্রবাসিনশ্চৈব পঞ্চগৌড়ান্তরাস্তথা।
গোমাঞ্চলে স্থাপিতাস্তে পঞ্চক্রোশ্যাং কুশস্থল্যাম্।
ভারদ্বাজঃ কৌশিকশ্চ বৎসকৌণ্ডিন্যকশ্যপাঃ।
বসিষ্ঠঃ জামদগ্নিশ্চ বিশ্বামিত্রশ্চ গৌতমঃ।
অত্রিশ্চ দশ ঋষয়ঃ স্থাপিতাস্তত্র এব হি।
শ্রাদ্ধার্থং চৈব যজ্ঞার্থং ভোজনার্থঞ্চ কারণাৎ।
মঠগ্রামে কুশস্থল্যাং কর্দলীনাম্নী তৎপুরে।
তত্র দেবা মহাশ্রেষ্ঠাস্ত্রিহোত্রপুরবাসিনঃ।
আনীতা ভার্গবেনৈব গোমন্তাখ্যে চ পর্ব্বতে॥
মাঙ্গিরীশো মহাদেবো মহালক্ষ্মীশ্চ মহালসা।
শান্তাদুর্গা চ নাগেশ সপ্তকোটীশ্বরঃ শুভঃ॥
তথা চ বহুলা দেবা ভার্গবেন তু আনীতাঃ।
স্থাপিতা ভক্তকার্য্যার্থাং তত্রৈব চ শুভস্থলে।"

সহ্যাদ্রিখণ্ডে উত্তরার্দ্ধে ১ম অধ্যায় ৪৮—৫৪ শ্লোক।

লক্ষিত হয়। প্রসিদ্ধ খৃষ্টান ধর্ম্মপ্রচারক সেণ্ট জেভিয়ারকে ইহারা বিশেষ ভক্তি শ্রদ্ধা করে। পর্ত্তুগীজদিগের প্রথম প্রতিষ্ঠিত পুরাতন গোয়ায় সেণ্টজেভিয়ারের সমাধিস্থান। গোয়াইজেরা প্রায় তথায় গিয়া করজোড়ে ভক্তিভাবে সেই সিদ্ধপুরুষের পূজা করিয়া আসে। এই সেণ্টজেভিয়ারের জন্যই গোয়া খৃষ্টানদিগের মহাপুণ্য স্থান বলিয়া গণ্য। ১৮৪২, ১৮৭৮ ও শেষে ১৮৯০ খৃষ্টাব্দে তাঁহার মৃতদেহ প্রদর্শিত হইয়াছিল। তৎকালে পৃথিবীর বহু স্থান হইতে সর্ব্ব সম্প্রদায়ের খৃষ্টান, বিশেষতঃ লক্ষ লক্ষ ক্যাথলিক, এমন কি অনেক হিন্দু তাঁহার পবিত্র দেহকঙ্কাল দেখিতে আইসেন। অনেকে বলেন যে, তাঁহার মৃতদেহের এমনি মহিমা যে অনেক দুশ্চিকিৎশ্য রোগীও দর্শনে ও স্পর্শনে রোগমুক্ত হইয়া থাকে। সেণ্টজেভিয়ারের শবাধারের একটী চাবি গোয়ার বিশপের নিকট ও অপরটী রোমের পোপের নিকট থাকে।

২ পর্ত্তুগীজাধিকৃত উক্ত গোয়ারাজ্যের প্রধান নগর। এই নামে তিনটী নগর আছে, প্রথমটী কদম্বরাজগণের প্রতিষ্ঠিত প্রাচীন গোপকপুরী, ইহা নদীতীরে অবস্থিত। মুসলমান আক্রমণের পূর্ব্বে এখানেই রাজধানী ছিল। এখন পূর্ব্ব অট্টালিকাদির চিহ্নমাত্র নাই। ২য়টী পর্ত্তুগীজদিগের প্রথম অধিকৃত গোয়ানগরী, এখন পুরাতন গোয়া নামে বিখ্যাত। ১৪৭৯ খৃষ্টাব্দে মুসলমানেরা এই গোয়া স্থাপন করেন, ইহা কদম্বরাজধানী গোপকপুরী হইতে প্রায় ৫ মাইল উত্তরে অবস্থিত। ১৫১০ খৃষ্টাব্দে আল্‌বুকার্ক এই নগর অধিকার করেন ও এসিয়াস্থ পর্ত্তুগীজদিগের রাজধানীরূপে পরিণত হয়। খৃষ্টীয় ১৬শ শতাব্দে ইহা উন্নতির চরমসীমায় উঠিয়াছিল, তৎকালে ভারতের এক প্রধান বাণিজ্যস্থান বলিয়া ইহা বিখ্যাত ছিল। তৎপরে পর্ত্তুগীজদিগের প্রবল প্রতাপ খর্ব্ব হইলে এই স্থান খৃষ্টীয় ধর্ম্মমণ্ডলীর একটী প্রধান আড্ডা বলিয়া গণ্য হয়। উপর্য্যুপরি মড়কে এখানকার অধিবাসীরা এই নগর পরিত্যাগ করিতে থাকে। তৎপরে পঞ্জীম্ বা নবগোয়ায় রাজধানী উঠিয়া গেলে পূর্ব্বতন সমৃদ্ধিশালী গোয়ানগরী এককালে শ্রীহীন হইয়া পড়ে। এখন প্রধান গির্জা ও (খৃষ্টীয়) মঠসমূহে অতি সামান্য লোকই থাকে। পর্য্যটকগণ এখানকার পুরাতন অস্ত্রাগার বা সেলাখানা, বোম জিসসের বৃহৎ গির্জা, সেণ্ট ফ্রান্সিসের মঠ, সেণ্টজেভিয়ারের সমাধি, সেণ্টকইটানোর কাথিড্রাল, সেণ্টমণিকামঠ প্রভৃতি দেখিতে আসেন। মণিকামঠে কএকজন দেশীয় ও পর্ত্তুগীজ কুমারী আকৌমার ব্রহ্মচারিণী হইয়া খৃষ্টের সেবায় দীক্ষিত আছেন, যে দিকে তাঁহার বাস করেন, তথায় পুরুষ যাইতে পারে না। ১৬০৬ খৃষ্টাব্দে এই মঠ নির্ম্মিত হয়। সেণ্ট কইটানো কাথিড্রলে পর্ত্তুগীজশাসনকর্ত্তাদিগের অভিষেক হয় ও মৃত্যু হইলে পর্ত্তুগালে পাঠাইবার পূর্ব্বাবধি এখানে রক্ষিত হইয়া থাকে। এখানকার গির্জাসমূহে খৃষ্টান যাজকদিগের যেরূপ মহামূল্য পোষাক আছে, ভারতের আর কোন গির্জায় তেমন দেখা যায় না। এক একটী পোষাকের মূল্য ৪।৫ লক্ষ টাকা হইবে। উপরোক্ত গির্জাগুলি ছাড়া সেণ্ট অগষ্টিন্, সেণ্ট জন ডি তিউস্, সেণ্ট রোজারিও প্রভৃতি বৃহৎ বৃহৎ মঠ ও গির্জাগুলি ভগ্ন অবস্থায় পড়িয়া রহিয়াছে। পূর্ব্বোক্ত গির্জাগুলি ছাড়া পুরাতন গোয়ায় আর বাসগৃহ নাই। এখন চারিদিকে নারিকেলের বাগান শোভা পাইতেছে।

১৭৫৯ খৃষ্টাব্দে নদীমুখে পঞ্জীম্ বা নবগোয়ায় রাজধানী স্থাপিত হইল। (ইহাই ৩য় গোয়া) উক্ত বর্ষে যেশুটেরা দূরীভূত হন, তাঁহাদের সঙ্গে গোয়ার বাণিজ্যজগৎও অন্ধকার হইল। নব গোয়াই এখন পর্ত্তুগীজ-ভারতের রাজধানী। পঞ্জীম্, রিবন্দর ও পুরাতন গোয়ার খানিকটা লইয়া এই নগর ৬ মাইল বিস্তৃত ও মাণ্ডবী নদীর বামকূলে অবস্থিত। পূর্ব্বে পঞ্জীমে কেবল কতকগুলি ধীবরজাতি বাস করিত, যুসফ আদিল শাহ এখানে একটী দুর্গ নির্ম্মাণ করেন। ১৮৪৩ খৃষ্টাব্দ হইতে ঐ দুর্গেই পর্ত্তুগীজ রাজপ্রতিনিধির বাসভবন মনোনীত হইয়াছে। এ ছাড়া এখানে উচ্চ আদালত, সেসনকোর্ট, শুল্ক গ্রহণালয়, পুলিস, ডাকঘর, টেলিগ্রাফ আফিস, বিশ্ববিদ্যালয়, পাঠাগার, সাহিত্য ও বিজ্ঞানসমিতি, সৈনিক হাঁসপাতাল, কারাগার, অনেক বাজার ও নুণগোলা প্রভৃতি আছে। ইংরাজ গবর্মেণ্ট এখানকার লবণ প্রস্তুত করিবার ঠিকা লইয়াছেন। এখানে প্রায় পনর হাজার লোকের বাস ও প্রায় চারিহাজার গৃহ আছে।

গোযান (ক্লী) গবা বৃষেণাকৃষ্টং যানং। মধ্যলো°। গোশকট, গোরুর গাড়ী। মনুর মতে গোযান আরোহণ করিয়া স্ত্রীসঙ্গম করা নিষিদ্ধ।

"মৈথুনন্তু সমাসেব্য পুংসি যোষিতি বা দ্বিজঃ।
গোযানেঽপ্সু দিবা চৈব স বাসাঃ স্নানমাচরেৎ॥" (মনু১১।১৭৪)

গোয়ালন্দ, ১ ফরিদপুর জেলার অন্তর্গত একটী উপবিভাগ। অক্ষা° ২৩° ৩১´ হইতে ২৩° ৫৫´ উঃ ও দ্রাঘি° ৮৯° ২২´ হইতে ৮৯° ৫৪´ পূঃ। ভূ-পরিমাণ ৪২৯ বর্গমাইল। এই উপবিভাগের মধ্যে ৯২৬ খানি গ্রাম ও নগর এবং গোয়ালন্দ, বেলগাছি ও পাঙ্গসা নামক স্থানে তিনটী পুলিসের থানা আছে।

২ উক্ত জেলার নদীকূলস্থিত প্রধান বাণিজ্যস্থান ও নগর। অক্ষা° ২৩° ৫০´ ১০´´ উঃ ও দ্রাঘি° ৮৯° ৪৬´ ১০´´ পূঃ। গঙ্গা ও

ব্রহ্মপুত্রনদের সংযোগস্থলে অবস্থিত। ২০ বৎসর পূর্ব্বে এই স্থানে জেলেরা মাছ ধরিয়া বিক্রয় করিতে আসিত। তখন একখানি সামান্য গ্রামরূপে পরিচিত ছিল। সেই সময়ে ডাকাইতেরা নদীতে আরোহীদিগের উপর বিশেষ অত্যাচার করিত। বর্ত্তমান সময়ে গোয়ালন্দ নগর পূর্ব্ববঙ্গের বাণিজ্যের শীর্ষস্থান অধিকার করিয়াছে। এখানে ইষ্টারণ্ বেঙ্গল ষ্টেট রেলওয়ের শেষ ষ্টেসন ও আসাম যাতায়াতের ষ্টিমার ছাড়িবার আড্ডা আছে। নদীর দুর্দ্ধর্ষ গতিতে নগরের অবস্থা ক্রমশঃই পরিবর্ত্তিত দেখা যাইতেছে। এই নগরে রেলওয়ে কোম্পানির ষ্টেসন, বাজার এবং নদীদ্বয়ের সঙ্গমস্থানে বালুকাময় জমির উপরে বিচারকার্য্যনির্ব্বাহের জন্য একটী আদালত আছে। ষ্টিমার বা নৌকা হইতে রেলগাড়ীতে মাল বোঝাই বা খালাসের সুবিধার জন্য শীতকালে নদীর কূলে একটী রেলপথ পাতা হয়। কিন্তু আষাঢ় ও শ্রাবণমাসে যখন এই নদী বন্যার জলে স্ফীত হইয়া নিকটবর্ত্তী গ্রাম সকল ভাসাইতে থাকে, তখন ঐ রেলপথ উঠাইয়া লওয়া হয়। একসপ্তাহ পূর্ব্বে যে নদীকূলে সর্ব্বদাই মাল লইয়া রেলগাড়ী যাতায়াত করিত, কিছু দিন পরে তথায় কেবলমাত্র সমুদ্রের ন্যায় জলরাশি লক্ষিত হয়। এই সময়ে নদীর উত্তর অথবা পূর্ব্ব অংশে দৃষ্টি করিলে প্রায় ৩।৪ মাইল বিস্তৃত অখণ্ড জলরাশি নয়নপথে পতিত হয়। তৎকালে ঝড় উঠিলে দেশী মাঝিরা নৌকাগুলি কোন দূরবর্ত্তী খাতে লইয়া যায়। সময়ে সময়ে ষ্টিমারও কুষ্টিয়ার হাটে আনিয়া রাখে। কারণ তথায় ঝড় খাইবার ততদূর সম্ভাবনা নাই। ১৮৭০ খৃষ্টাব্দে গোয়ালন্দ হইতে কুষ্টিয়া পর্য্যন্ত রেলপথ খোলা হয় এবং নদীকূলে বাঁধ বাঁধিয়া ষ্টেসন রক্ষা করা হয়। ঐ বাঁধ রক্ষা করিতে ১৮৭৫ খৃষ্টাব্দের মধ্যে ১৩০০০০৲ টাকা খরচ হইয়াছিল। কিন্তু উক্ত বৎসরের আগষ্টমাসে নদীর জল অভাবনীয় রূপে বাড়িয়া উঠে, তাহাতে সেই বাঁধের সুদৃঢ় গাঁথনি, রেল ষ্টেশন ও উপবিভাগস্থ কাছারী জলে ধৌত হইয়া যায়।

নদীস্থ নৌকা বা ষ্টিমার হইতে রেলগাড়ীতে মাল বোঝাই লওয়াই গোয়ালন্দের ব্যবসা। আসামজাত দ্রব্যব্যতীত পার্শ্বস্থ জেলাসমূহের উৎপন্ন ফসলাদি উক্ত রেল দিয়া কলিকাতায় আমদানী হইয়া থাকে। গোয়ালন্দ হইতে কয়েকখানি ষ্টিমার আসাম, সিরাজগঞ্জ, ঢাকা ও কাছাড়ে যাতায়াত করে। এখানে নোনা ইলিসের বিস্তৃত কারবার আছে। সেই মাছ লবণাক্ত করিবার জন্য গবর্মেণ্ট নিজ হইতে লবণ বাহির করিয়া দেন এবং প্রতি মণে ২৸০ আনা আদায় করেন। এই নগরে মারবাড়ী বা কেঁইয়া খোট্টা ব্যবসায়ীই অধিক। এখানে প্রত্যহই বাজার বসে।

গোয়ালপাড়া, আসাম প্রদেশের পশ্চিমস্থিত একটী জেলা। ব্রহ্মপুত্র নদের উভয়কূলে অক্ষা° ২৫° ৩২´ হইতে ২৬° ৫৪´ উঃ ও দ্রাঘি° ৮৯° ৪৪´ হইতে ৯১° পূঃ মধ্যে অবস্থিত। ইহার উত্তরে ভূটানরাজ্যস্থ পর্ব্বতমালা এবং দক্ষিণে পার্ব্বতীয় গারো জেলা। ভূ-পরিমাণ প্রায় ২৮৬৫ বর্গমাইল। ব্রহ্মপুত্রনদের বামতটে গোয়ালপাড়া নগর। এইখানে জেলার বিচার-বিভাগ ও সদর কাছারি আছে।

যেখানে ব্রহ্মপুত্র নদ বক্রগতিতে ক্রমশঃই দক্ষিণাভিমুখে আসিয়াছে, ব্রহ্মপুত্রনদের সেই ক্ষুদ্র উপত্যকা মধ্যে লোকের বসবাস অধিক। নদীর বামকূলে আট মাইলের অধিক বিস্তৃত সমতল ভূমি দেখা যায় না। নদীর উত্তরতীরবর্ত্তী ভূমিসমূহে চাস বাস হয়। ইহার পরেই পূর্ব্বদ্বারের জঙ্গলময় প্রদেশ। গ্রামের চারিপাশে ধান্যক্ষেত্রের মধ্যে বহুতর ফলশালী বৃক্ষ দেখা যায়। জেলার উত্তর সীমায় বনময় গিরিমালা। তদুপরি দূরস্থ বরফাবৃত হিমালয়শৃঙ্গ। এই সমস্ত দৃশ্য এতই সুন্দর যে দর্শনমাত্রেই নয়ন ও মন পরিতৃপ্ত হয়। পাহাড়ের উপরি উচ্চভূমিতে পর্য্যাপ্ত পরিমাণে গেরিমাটি ও স্থানে স্থানে গ্রেণাইট ও বালুপাথর দেখা যায়। সমতলক্ষেত্রের মৃত্তিকা সাধারণতঃ বালুময়। তন্মধ্যে কোন কোন জমির মাটি এঁটেলা, কোথাও বা অল্প বালুযুক্ত।

এই জেলার উত্তরে ভূটানপর্ব্বতশ্রেণী হইতে মানস, গদাধর ও শঙ্কোশ নামক নদীত্রয় পূর্ব্বদ্বারের মধ্য দিয়া প্রবাহিত হইয়া গোয়ালপাড়া জেলায় ব্রহ্মপুত্র নদীতে মিশিয়াছে। ঐ সকল নদীতে বৎসরের সকল ঋতুতেই বাণিজ্য দ্রব্য লইবার জন্য বড় বড় নৌকা যাতায়াত করিতে পারে। এতদ্ব্যতীত আরও কতকগুলি ক্ষুদ্র নদীতে কেবলমাত্র বর্ষা ঋতুতেই গমনাগমন করিতে পারা যায়। খরস্রোতা ব্রহ্মপুত্র নদ নিজ বেগে কোন স্থান ভাঙ্গিয়া জলে প্লাবিত করিতেছে এবং কোথাও বা বালুরাশি সঞ্চিত করিয়া নদীগর্ভে ক্ষুদ্র দ্বীপ ও বালুকাময় চরে পরিণত হইতেছে। এই নদে প্রতিবৎসর ভয়ানক বন্যা আসিয়া নদীর উভয়কূলে বহুদূর ভাসাইয়া দেয়, এবং ঐ বন্যাসংগৃহীত জল ৬ হইতে ১২ মাইল লম্বা কয়েকটী বিল ও জলা ভূমিতে আটকাইয়া যায়। সমগ্র বৎসর মধ্যেও সেই জল শুকায় না।

পূর্ব্বদ্বারের গবর্মেণ্টের অধিকৃত বনসমূহের ভূপরিমাণ প্রায় ৪২২ বর্গমাইল। এতদ্ভিন্ন অপরাপর ব্যক্তির তত্ত্বাবধানেও দুএকটী বন জমা আছে। গোয়ালপাড়া জেলায়

বাঘ, গাণ্ডার ও মহিষাদি নানাপ্রকার বন্য জন্তু দেখা যায়। প্রায় ত্রিশ বৎসর পূর্ব্বে রাজস্ববিভাগ হইতে আদেশ হয় যে, যে ব্যক্তি বন্য জন্তু সংহার করিতে পারিবে, তাহাকে পারিতোষিক দেওয়া হইবে।

এই জেলায় কতকাংশ প্রাচীন কামরূপ রাজ্যের অন্তর্বর্ত্তী ছিল। সেই সময়ে নির্ম্মিত থাকেশ্বরীর প্রাচীন মন্দিরের ধ্বংশাবশেষাদি দেখিতে পাওয়া যায়। পরবর্ত্তী প্রাচীন ইতিহাস কোচবিহার রাজ্যের ইতিবৃত্তের সহিত সন্নিবিষ্ট। কোচবিহার রাজবংশের বৃদ্ধির সঙ্গে সঙ্গে এই রাজ্য ক্রমেই অনেকগুলি ক্ষুদ্র বিভাগে পরিণত হইয়াছে। জেলার মধ্যে বর্ত্তমান বিজনিদ্বারের রাজার একটী বৃহৎ জমিদারী আছে। তিনি আপনাকে কোচবিহাররাজের কনিষ্ঠপুত্রের বংশধর বলিয়া পরিচয় দেন এবং উক্ত সম্পত্তি রাজবংশীয়গণের ভরণপোষণার্থ প্রাপ্ত বৃত্তি বলিয়া দাওয়া করেন।

খৃষ্টীয় ষোড়শ শতাব্দীতে দুই দিক্ হইতে দুই দল শত্রুসৈন্য গোয়ালপাড়া আক্রমণ করিতে আইসে। পূর্ব্বাঞ্চল হইতে অসভ্য আহোম জাতি ক্রমে ক্রমে ব্রহ্মপুত্রের উপত্যকাভূমিতে আসিয়া উপস্থিত হয়। এই জাতির নাম হইতেই পরে এই প্রদেশের নাম আসাম হইয়াছে। পশ্চিমদিক্ হইতে মোগলেরা দিল্লী সাম্রাজ্যে ইস্‌লাম্ ধর্ম্মের বৃদ্ধির মানসে ক্রমশঃই অগ্রবর্ত্তী হইয়াছিল। আফ্‌গানদিগের হস্ত হইতে মানসিংহ কর্ত্তৃক বঙ্গ অধিকৃত হইবার ২৭ বৎসর পরে ১৬০৩ খৃষ্টাব্দে মোগলেরা প্রথমে আসিয়া আসাম উপত্যকা হইতে দরঙ্গজেলা পর্য্যন্ত ভূমি দিল্লীর অধিকারভুক্ত করিয়া লয়। শীঘ্রই এইখানে আহোম জাতির সহিত তাহাদিগের বিবাদ বাঁধে।

১৬৬২ খৃষ্টাব্দে গৌহাটীর নিকটবর্ত্তী প্রদেশে মোগল-সেনানী মীরজুম্‌লা আহোম কর্ত্তৃক পরাজিত ও বিশিষ্টরূপে ক্ষতিগ্রস্ত হইয়া পলাইতে বাধ্য হইয়াছিলেন। এই নগরে এবং ব্রহ্মপুত্রের পরপারস্থিত রাঙ্গামাটি নামক স্থানে সৈনিকবাস নিরূপিত হয়। স্থানীয় জঙ্গলভূমি পর্য্যবেক্ষণ ও আহোমদিগের হস্ত হইতে এই প্রদেশ রক্ষা করাই উক্ত সৈনিকদিগের প্রধান কার্য্য ছিল।

মোগলরাজ্যাধিকারে এই জেলার প্রায় ২২ অংশ লোক ইস্‌লাম্‌ধর্ম্মে দীক্ষিত হইয়াছিল। ১৭৯৩ খৃষ্টাব্দে চিরস্থায়ী বন্দোবস্তের সময় এই জেলার রাজস্ব ১১৭০০৲ টাকা নিরূপিত হয়। বৃটীশ শাসনের প্রথমে রঙ্গপুর জেলার সহিত এই জেলার শাসনকার্য্য স্বতন্ত্র ভাবে চলিয়া আসিতেছিল; কিন্তু ১৮২২ খৃষ্টাব্দ হইতে একজন কমিসনরের অধীনে ইহার শাসনকার্য্য স্বাধীনভাবে চলিয়া আসিতেছে।

বহুদিন হইতেই গোয়ালপাড়া নগর রাজনৈতিক ও বাণিজ্য বিষয়ে প্রধান স্থান বলিয়া গণ্য। ১৭৮৮ খৃষ্টাব্দে মিষ্টার রউস্ নামে একজন ইংরাজ বণিক মোয়া-মারিয়াদিগের বিদ্রোহদমনের জন্য নিজ খরচে ৭০০ শত সশস্ত্র ব্যক্তি দিয়া আসামরাজের সাহায্য করিয়াছিলেন। ১৮২৫ খৃষ্টাব্দে আসাম প্রদেশ ইংরাজের হস্তগত হইলে, গোয়ালপাড়া জেলা উক্ত নব অধিকৃত প্রদেশভুক্ত হয়। কিন্তু এখানকার রাজস্ব আদায়কার্য্য বাঙ্গালার নিয়মে পরিচালিত হইয়া থাকে। ১৮৬৪ খৃষ্টাব্দে ভূটান যুদ্ধের পর ভূটীয়ারা দ্বাররাজ্য ইংরাজদিগের হস্তে প্রদান করেন। ইহার কতকাংশ বর্ত্তমান গোয়ালপাড়ার অধিকারভুক্ত হয়। ১৮৬৮ খৃষ্টাব্দে গোয়ালপাড়ার দেওয়ানী ও ফৌজদারী বিচারকার্য্য আসামের জুডিশিয়াল কমিসনরের হস্তে অর্পিত হইল। ১৮৭২ খৃষ্টাব্দে আসাম প্রদেশ বাঙ্গালা হইতে স্বতন্ত্রভাবে সংগঠিত হয়। এখানে একজন ডেপুটী কমিসনর আছেন। তিনি মাজিষ্ট্রেট, কালেক্টার ও সুবরডিনেট জজের কর্ম্ম করিয়া থাকেন।

এই শতাব্দীর প্রথমভাগে হ্যামিল্টন্ বুকানন সাহেব গোয়ালপাড়া জরিপ করিয়া ইহার ভূ-পরিমাণ ২৯১৫ বর্গ মাইল ধার্য্য করেন। তৎপরে ইহার ভূ-পরিমাণ ২৫৭১ বর্গ মাইল নিরূপিত হয়।

এই প্রদেশে রাভা, মেচ, কাছাড়ী, গারো প্রভৃতি কয়েকটী আদিম জাতির বাস আছে। এতদ্ব্যতীত কোচ জাতির সংখ্যাও অধিক।

ধান্য এখানকার প্রধান ফসল। হৈমন্তিক, শালী বা আমন ধান আষাঢ়ে এবং আউস্ ধান ফাল্গুন মাসে রোপিত হইয়া থাকে। জলাভূমিতে ফাল্গুন মাসে বাও নামক এক প্রকার ধান্য রোপিত হয়, উহা কার্ত্তিক মাসে কাটা হইয়া থাকে। জমিদারের নিকট হইতে চাষী জমিজমা ব্যতীত অপর শর্ত্তে জেলার জমি জমা দেখা যায়। এখানে জোতদারী বন্দোবস্তে অধিকাংশ জমিই বিলি হইয়া থাকে এবং চাষীদিগের মধ্যে কার্য্যানুসারে প্রজা, আধিয়ার ও চুকানিদার এই তিন প্রকার বিভাগ আছে। ১৮৬৩ খৃষ্টাব্দে পঙ্গপাল আসিয়া এখানকার সমস্ত ফসলই নষ্ট করিয়া যায়। এতদ্ভিন্ন প্রতিবৎসর বন্যার সময় জেলার উত্তরাংশ জলে ভাসিয়া যায়, কিন্তু এরূপ জল প্লাবনেও দুর্ভিক্ষ হয় না।

এখানে গুটী হইতে উৎপন্ন এড়িয়া ও মুগা রেশম ও তজ্জাত বস্ত্রাদি নির্ম্মিত হয়, তদ্ভিন্ন সরিষা, পাট, তুলা, বাহাদুরী কাঠ, গালা, আসামীএঁড়ী বস্ত্র, ভারতীয় রবর ও চা প্রভৃতি রপ্তানি হইয়া থাকে। এখানকার গোয়ালপাড়া, ধুব্‌ড়ী, যোগীগোফা, বিজ্‌নী, গৌরীপুর ও সিঙ্গিমারী নগরই প্রধান বাণিজ্য স্থান।

সুচারুরূপে বিচারকার্য্য চালনা করিবার জন্য ঐ জেলা দুইটী উপবিভাগে বিভক্ত হইয়াছে। এখানে সর্ব্বসমেত ৮টী থানা আছে।

২ উক্ত জেলার উপবিভাগীয় সদর কাছারী। এই উপবিভাগে ৮৪৯ খানি গ্রাম ও প্রায় চল্লিশ হাজার লোকের বসতি আছে। এখানে গোয়ালপাড়া, ফকিরগাঁও ও সালমারা নামক স্থানে থানা আছে।

৩ উক্ত জেলার প্রধান নগর, ব্রহ্মপুত্রনদের বামকূলে অবস্থিত। অক্ষা° ২৬° ১১´ উঃ ও দ্রাঘি° ৯০° ৪১´ পূঃ। এখানে প্রাচীন কালে গোয়ালা জাতির বাস ছিল বলিয়া গোয়ালপাড়া নাম হইয়াছে। মুসলমানগণের রাজত্বকালে এই নগর সীমান্তপ্রদেশরূপে পরিগণিত হইত।

গোয়ালা (দেশজ) গোরক্ষক, গোপ। [গোপ দেখ।]

গোয়ালাপ্রসিদ্ধ, উ. প. প্রদেশের বরেলি জেলার অন্তর্গত এক বিখ্যাত প্রাচীন নগর, নকাতিয়া নদীর কূলে প্রায় সাত মাইল পর্য্যন্ত ইহার ধ্বংসাবশেষ দৃষ্ট হয়। ইহার নানাস্থানে খেরা বা ঢিপি পড়িয়া আছে। এখান হইতে অশোকের সময়কার মুদ্রাদি পাওয়া গিয়াছে। ফিরোজ তোগ্‌লকের সময় এই নগর বিধ্বস্ত হয়।

গোয়ালিয়ার, ভারত গবর্মেণ্ট এবং মধ্যভারত এজেন্সীর রাজনৈতিক সংস্রবে আবদ্ধ দেশীয় রাজার অধীন এক বিস্তৃত রাজ্য। বিখ্যাত মহারাষ্ট্র সর্দ্দার সিন্ধিয়ার বংশধরগণ এখানে রাজত্ব করেন। কতকগুলি বিভিন্ন জেলা লইয়া এই রাজ্য গঠিত। তন্মধ্যে প্রধানটীর উত্তরপূর্ব্বসীমা চম্বল নদী বৃটীশ রাজ্যের আগ্রা ও এতাবা জেলাকে স্বতন্ত্র রাখিয়াছে। পূর্ব্বে বুন্দেলখণ্ড ও সাগর জেলা, দক্ষিণে ভূপাল ও ধার রাজ্য, পশ্চিমে রাজগড়, ঝালাবার ও কোটা রাজ্য এবং উত্তরপশ্চিমে ঐ চম্বল নদী রাজপুতনার ঢোলপুর ও করৌলী নামক স্থানকে বিভক্ত করিয়াছে। ১৮৬০ খৃষ্টাব্দের পূর্ব্বে নর্ম্মদা নদীর দক্ষিণস্থ প্রদেশ সিন্ধিয়ার অধিকারভুক্ত ছিল। কিন্তু ১৮৬১ খৃষ্টাব্দে তিনি উক্ত জমি সিন্ধু ও বেতাবা নদীকূলস্থ জমির সহিত বদল করিয়া লন। প্রাচীন আগ্রার কতক এবং মালব প্রদেশের অধিকাংশই গোয়ালিয়ার রাজ্যভুক্ত হইয়াছে। এক্ষণে উক্ত রাজ্য অক্ষা° ২২° ৮´ হইতে ২৬° ৫০´ উঃ ও দ্রাঘি° ৭৪° ৪৫´ হইতে ৭৯° ২১´ পূঃ মধ্যে অবস্থিত। ভূমির পরিমাণ ৩৩১১৯ বর্গমাইল।

গোয়ালিয়ারের উত্তরপূর্ব্ব সীমায় আগ্রার নিকটবর্ত্তী জমি সাধারণতঃ সমতল। কিন্তু সমধিক উর্ব্বরা নহে। জলস্রোতের নিকটে স্থানে স্থানে গভীর খাত দৃষ্ট হয়। ইহার দক্ষিণে গোয়ালিয়ার নগরের নিকটে জমি ক্রমশঃই উচ্চ হইয়া আসিয়াছে। সমতল ক্ষেত্রের স্থানে স্থানে পাহাড় আছে, তাহার মধ্যে একটীতে বিখ্যাত গোয়ালিয়র দুর্গ স্থাপিত। এই রাজ্যের মালব অধিত্যকার অংশটী উচ্চে ১৫০০ ফিট হইবে। অধিত্যকার অপর স্থান অপেক্ষাকৃত উচ্চ। মন্দু শিখরের উপরিস্থ শৈজগড় নগর সমুদ্রপৃষ্ঠ হইতে ২৬২৮ ফিট উচ্চ হইবে। মন্দু শ্রেণী পূর্ব্ব ও পশ্চিমে বিস্তৃত বলিয়া ইহা অধিত্যকার দক্ষিণসীমারূপে পরিগণিত।

মন্দু শিখর হইতে এই অধিত্যকা উত্তরপূর্ব্বে অল্প অল্প ঢালু হইয়াছে, এবং ঐ ঢালের উপর দিয়া কতকগুলি জলস্রোত চম্বল নদীতে পড়িয়াছে। ইহার দক্ষিণ অংশ উত্তরের ন্যায় ঢালু নহে। নর্ম্মদার দিকে একবারে নিম্ন হইয়া পড়িয়াছে।

অনেকগুলি নদী এই রাজ্যের মধ্য দিয়া প্রবাহিত হইয়াছে। তন্মধ্যে নর্ম্মদা, চম্বল ও সিন্ধুই প্রধান। এতদ্ব্যতীত কুবারী, অসর, শঙ্খ প্রভৃতি আরও কতকগুলি ক্ষুদ্র জলস্রোত রাজ্যের উত্তরাংশ হইতে বাহির হইয়া সিন্ধু নদীতে পড়িয়াছে।

গোয়ালিয়ারের দক্ষিণপশ্চিম অংশে প্রচুর অহিফেন উৎপন্ন হয়। ইহাই "মালোয়া ওপিয়াম্" (Malwa opium) নামে খ্যাত। এখানে যব, গম, জোয়ার, বজরা, মুগ, ভুট্টা, ধান, মসিনা, হরিদ্রা, আদা, ইক্ষু, নীল, আয়ল, উৎকৃষ্ট দোক্তা ও প্রচুর তুলা জন্মে।

বুর্হানপুর নামক স্থানে উৎকৃষ্ট তুলা ও রেশমের কারবার আছে। চন্দেরি নগরে পূর্ব্বে সুন্দর সুন্দর কার্পাস-বস্ত্র নির্ম্মিত হইত; এক্ষণে বিলাতী কাপড়ের আমদানী হওয়ায় উক্ত ব্যবসা কমিয়া আসিয়াছে।

গ্রীষ্মকালে এখানকার জলবায়ু ততদূর অস্বাস্থ্যকর নহে। বর্ষা ঋতুতে এই রাজ্যের উত্তরাংশে জ্বরের প্রাদুর্ভাব দেখা যায়। বন্য জন্তুর মধ্যে ব্যাঘ্র, চিতেবাঘ, ভল্লুক, নেকড়ে বাঘ, হায়না, বন্য কুকুর, শিয়াল, খ্যাঁকশিয়াল, ভোঁদড়, বেজী, ইন্দুর, ছুঁচা, বন্যশূকর, নীলগাই, নানাজাতীয় হরিণ, মহিষ, বাঁদর, সজারু, খরগোষ, নানাজাতীয় পক্ষী ও সর্প অধিক দেখিতে পাওয়া যায়।

ইতিহাস।—গোয়ালিয়ার নগর কোন্ সময়ে স্থাপিত

হইল? এ সম্বন্ধে মত ভেদ আছে। কবি খড়্গরায়ের মতে কলিযুগের প্রারম্ভে এবং ফজলআলি ও হীরামনের মতে ৩৩৯ বিক্রমসম্বতে অর্থাৎ ২৭৫ খৃষ্টাব্দে সূর্য্যসেন কর্ত্তৃক স্থাপিত হয়। প্রত্নতত্ত্ববিদ্ কানিংহাম লিখিয়াছেন, "তোরমাণের পুত্র রাজা পশুপতির ১৫শ বর্ষ রাজ্যকালে তাঁহার মন্ত্রী কর্ত্তৃক সূর্য্যমন্দির স্থাপিত হয়। ২৫০ খৃষ্টাব্দে তোরমাণের অভ্যুদয়, এরূপ স্থলে ৩৩০ সম্বতে বা ২৭৫ খৃষ্টাব্দে মন্দির নির্ম্মিত হইয়া থাকিবে, ঐ সময়েই গোয়ালিয়ার দুর্গ স্থাপিত ও সূর্য্যকুণ্ড খনন করা হয়।" (Cunningham's Arch. Sur. Rept. Vol. II. p. 372.)

গোয়ালিয়ার দুর্গ হইতে প্রাপ্ত মিহিরকুলের ১৫শ সংবৎসরজ্ঞাপক শিলালিপিতে লিখিত আছে যে মাতৃচেট নামে একব্যক্তি ঐ সূর্য্যমন্দির প্রতিষ্ঠা করেন। এরূপস্থলে খৃষ্টীয় ষষ্ঠশতাব্দীতে সূর্য্যমন্দির নির্ম্মিত হইয়াছিল, তাহা নিঃসন্দেহে স্বীকার করিতে হয়। [তোরমাণ ও মিহিরকুল দেখ।]

প্রাচীন গোয়ালিয়ারনগর কোন্ সময়ে নির্ম্মিত হইল, তাহা ঠিক বলা যায় না। মহাভারতে এই জনপদ "গোপরাষ্ট্র" * নামে এবং মিহিরকুল প্রভৃতির সময়ে উৎকীর্ণ শিলাফলকে "গোপাহ্বয় ভূধর"†, "গোপাচল", "গোপাদ্রি" ইত্যাদি নামে অভিহিত হইয়াছে।

খড়্গরায় লিখিয়াছেন—কচ্ছবাহবংশীয় কুন্তলপুরীরাজ সূর্য্যসেনের কুষ্ঠরোগ হইয়াছিল। একদিন তিনি গোপগিরির নিকট মৃগয়া করিতে গিয়াছিলেন। এখানে তিনি তৃষ্ণার্ত্ত হইয়া গোয়ালিপা (গ্বালিপা) নামক একসিদ্ধের গুহায় আসিয়া জল প্রার্থনা করেন। সিদ্ধ কমণ্ডলু হইতে জল লইয়া রাজাকে পান করিতে দিয়াছিলেন। সেই জল পান করিবামাত্র সূর্য্যসেন কুষ্ঠরোগ মুক্ত হন। তখন তিনি কৃতজ্ঞহৃদয়ে করযোড়ে সিদ্ধের কোন অভীষ্ট পূর্ণ করিয়া দিবার জন্য প্রার্থনা করেন, সিদ্ধপুরুষ তাঁহাকে গোপগিরির উপর দুর্গ নির্ম্মাণ ও কুণ্ডটী বৃহৎ করিয়া কাটাইয়া দিতে বলেন। সেই মত সূর্য্যসেন সিদ্ধের নামানুসারে দুর্গ নির্ম্মাণ করিয়া তাহার "গোয়ালি-আবর" বা "গোয়ালিয়ার" ও কুপটী বড় করিয়া কাটাইয়া তাহার নাম সূর্য্যকুণ্ড রাখিলেন। সিদ্ধ সূর্য্যসেনের অপর নাম দিলেন সুহনপাল। খড়্গরায় ও ফজল্ আলির মতে সুহনপাল লইয়া ৮৪শ পুরুষে তেজকর্ণ জন্মগ্রহণ করেন, তাঁহার সময়েই গোয়ালিয়ার অপরের হস্তগত হয়। খড়্গরায়, বদলিদাস প্রভৃতির মতে—তেজকর্ণ রাজা রণমলের কন্যাকে বিবাহ করিবার জন্য দেবাসে গমন করে। যাইবার সময় তাঁহার ভাগিনেয় পরমাল দেওর উপর রাজ্যভার দিয়া যান। রণমলের পুত্রসন্তান না হওয়ায় জামাতা তেজকর্ণকেই নিজ রাজ্য অর্পণ করেন। এদিকে পরমাল মামাকে অতি মিষ্ট কথায় বলিয়া পাঠাইলেন, গোয়ালিয়ার রাজ্য তাঁহাকে প্রদান করা হউক। তেজকর্ণ ইতস্ততঃ করিতে লাগিলেন। পরমাল বিদ্রোহী হইয়া মাতুলকে বলিয়া পাঠাইলেন যে তিনি আর গোয়ালিয়ার দুর্গের অধিকার পাইবেন না। এইরূপে গোয়ালিয়ার পরিহারবংশীয় পরমাল বা পরমর্দ্দী দেবের হস্তগত হয়। খড়্গরায় প্রভৃতির মতে পরমাল ১১৮৬ সম্বতে (১১২৯ খৃষ্টাব্দে) রাজ্যারোহণ করেন। টড সাহেব লিখিয়াছেন, "গোয়ালিয়ারের শেষ কচ্ছবাহরাজ ঢোলারায় (তুল্হারায়) ১০২৩ সম্বতে (৯৬৬ খৃষ্টাব্দে) রাজ্য ছাড়িয়া যান।" আবার গোয়ালিয়রের কোন কোন ভট্টের পুথিতে ১০৬৩ সম্বৎ (১০০৬ খৃষ্টাব্দ লিখিত আছে। প্রত্নতত্ত্ববিদ্ কানিংহামের মতে, উহা ১০৬৩ সম্বৎ না হইয়া ১১৬৩ সম্বৎ অর্থাৎ ১১০৬ খৃষ্টাব্দ হইবে *। আমাদের বিবেচনায় উহার কোনটী ঠিক নহে। খড়্গরায় প্রভৃতি লিখিয়াছেন, তুল্হা-রায় গোয়ালিয়রে একবর্ষ মাত্র রাজত্ব করিয়া বিবাহ করিতে যান এবং বিবাহের একবর্ষ পরেই শ্বশুররাজ্য প্রাপ্ত হন। ইহার অনতিপরেই পরমাল বিদ্রোহী হইয়া ছিলেন। সুতরাং পরমাল ১১৮৬ সম্বতে রাজ্যারোহণ করিলে ১০২৩, ১০৬৩ কিম্বা ১১৬৩ সম্বতে তুলহা-রায় বা তেজকর্ণ কর্ত্তৃক গোয়ালিয়ার-রাজ্য পরিত্যাগ হইতে পারে না। খড়্গরায় প্রভৃতি তুল্হা-রায় ও তাঁহার পূর্ব্ববর্ত্তী কচ্ছবাহ রাজগণ সম্বন্ধে যে সকল কথা লিখিয়াছেন তাহার অধিকাংশ কাল্পনিক বলিয়া বোধ হয়, কারণ গোয়ালিয়র হইতে আবিষ্কৃত শিলালিপি দ্বারা জানা যায় যে, খৃষ্টীয় ৯ম শতাব্দে গোয়ালিয়ার মহারাজ রামদেব ও তৎপুত্র মহারাজ ভোজদেবের অধীনে ছিল। ভোজদেব ৮৬২ হইতে প্রায় ৮৮২ খৃষ্টাব্দ পর্য্যন্ত বিদ্যমান ছিলেন †। প্রত্নতত্ত্ববিদ্ কানিংহামের মতে—পূর্ব্ব হইতে বরাবর স্বাধীনভাবে না হউক করদরূপেও কচ্ছবাহবংশ গোয়ালিয়রে রাজত্ব করিয়াছিলেন। উক্ত ভোজদেবের কনিষ্ঠ পৌত্র বিনায়কপালের পর (৯৫০ খৃষ্টাব্দে) কচ্ছবাহবংশীয় বজ্রদামা গোয়ালিয়ার অধিকার করিয়া নবরাজবংশের প্রতিষ্ঠাতা হন। এখানকার জৈনদেবমূর্ত্তির পবিত্র অঙ্গে

* মহাভারত ভীষ্মপর্ব্ব ৯ অঃ।

† Fleet's Inscriptionum Indicarum, Vol. II. p. 162n.

* Cunningham's Arch. Sur. Reports, Vol. II. p. 376.

† Epigraphia Indica, Vol. I. p. 155.

১০৩৪ সম্বতে উৎকীর্ণ বজ্রদামার শিলালিপি পাঠে জানা যায়, "তিনি লক্ষ্মণের পুত্র" এবং "তিনিই প্রথম গোপগিরিদুর্গে জয়ঢক্কা নিনাদিত করিয়াছিলেন।" সাসবহুর মন্দিরে ১১৫০ ও ১১৬০ সম্বতে উৎকীর্ণ তদ্বংশীয় রাজা মহীপালের দুইখানি শিলালিপি পাঠে জানা যায়, যে বজ্রদামার পুত্র মঙ্গল, তৎপুত্র কীর্ত্তিপাল, তৎপুত্র ভুবনপাল, তৎপুত্র দেবপাল, তৎপুত্র পদ্মপাল, তৎপুত্র সূর্য্যপাল এবং তৎপুত্র মহারাজ মহীপাল। তাঁহারা সকলেই গোয়ালিয়রে রাজত্ব করিয়াছিলেন। তৎপরে একখানি বৃহৎ মর্ম্মর প্রস্তরে ১১৬১ সম্বতে উৎকীর্ণ শিলালিপিতে ভুবনপালের পুত্র কচ্ছবাহবংশীয় মধুসূদন নামে একজন রাজার নাম দেখিতে পাই। মধুসূদনের পর তদ্বংশীয় আর কোন রাজার নাম শিলালিপিতে পাওয়া যায় না। সম্ভবতঃ এই মধুসূদনের রাজ্যাবসানে কচ্ছবাহবংশীয়দিগের হস্ত হইতে গোয়ালিয়ার রাজ্য অপসৃত হয়। তৎপরে ১২০৭ সম্বতে উৎকীর্ণ পরিহারবংশীয় রামদেব ও গোবিন্দচন্দ্রের নাম পাওয়া যায়। খড়্গরায় ও বদিলিদাসের গ্রন্থে লিখিত আছে, পরমালদেওর (পরমর্দ্দীদেবের) পুত্র রামদেব। পরমালই গোয়ালিয়রের পরিহারবংশীয় প্রথম রাজা, তিনি ১১৮৬ সম্বৎ (১১২৯ খৃষ্টাব্দে) ও তৎপুত্র রামদেব ১২০৫ সম্বতে (১১৪৮ খৃষ্টাব্দে) সিংহাসনারোহণ করেন। রামদেবের পর যথাক্রমে ১২১২ সম্বতে তৎপুত্র হম্মীরদেব, ১২২৫ সম্বতে তৎপুত্র কুবেরদেব, ১২৩৬ সম্বতে তৎপুত্র রত্নদেব, ১২৫১ সম্বতে তৎপুত্র লোহঙ্গদেব * এবং তৎপরে ১২৬৮ সম্বতে লোহঙ্গের পুত্র সারঙ্গদেব রাজপদ প্রাপ্ত হন। বিখ্যাত মুসলমান্ ঐতিহাসিক ফেরিস্তা লিখিয়াছেন, "বহাউদ্দীন্ তুগ্রিল প্রায় এক বর্ষকাল গোয়ালিয়ার অবরোধ করেন। এই সময়ে তিনি পর্ব্বতের চারিদিকে কতকগুলি ক্ষুদ্র দুর্গ নির্ম্মাণ করাইয়াছিলেন। গোয়ালিয়াররাজ রাজ্যরক্ষা করিতে অসমর্থ হইয়া শেষে গুপ্তভাবে কুতবউদ্দীন্ আইবেগকে আহ্বান করেন। তদনুসারে আইবেগ সৈন্য পাঠাইয়া গোয়ালিয়ার অধিকার করেন।" তাঁহার পুত্র আরাম কিছুদিন এখানে রাজত্ব করিয়াছিলেন। তৎপরে ১২১০ খৃষ্টাব্দে হিন্দুরা মুসলমানের হস্ত হইতে এই স্থান পুনরুদ্ধার করেন। খড়্গরায় লিখিয়াছেন—১২৮৯ সম্বতে (১২৩২ খৃষ্টাব্দে) আল্‌তামাস গোয়ালিয়ার অবরোধ † করেন। দীর্ঘকাল যুদ্ধ করিয়া গোয়ালিয়াররাজ হীনবল হইয়া পড়িলেন। যখন দেখিলেন যে আর নিস্তার নাই, তখন রাজমহিলাগণ উৎকট জহরব্রতের অনুষ্ঠান করেন, যে সরোবরতীরে জহর হইয়া ছিল, এখন তাহা "জহরতাল" নামে খ্যাত। মহিলাগণ সকলে জ্বলন্ত অনলে ঝম্প প্রদান করিলে রাজা দেড় হাজারমাত্র সহচর সঙ্গে করিয়া দুর্গদ্বার উদ্ঘাটনপূর্ব্বক বাহির হইলেন। তিনি ৫৩৬০ জন মুসলমানসৈন্য বিনাশ করিয়া সহচরগণ সহ রণশয্যায় শয়ন করিয়াছিলেন। তাঁহার সহিত গোয়ালিয়ারের পরিহারবংশেরও শেষ হইল। সেই যুদ্ধকাহিনী প্রস্তরের উপর চারি পংক্তি খোদিত ছিল, সম্রাট্ বাবর তাহা দেখিয়াছিলেন *।

তৎপরে ১৩৯৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত গোয়ালিয়ার দিল্লীর মুসলমান নৃপতিগণের অধীন ছিল। সে সময়ে গোয়ালিয়ার-দুর্গে রাজকীয় সম্ভ্রান্ত বন্দীগণ বন্দী থাকিতেন। ফেরিস্তা লিখিয়াছেন—৬৯৫ হিজিরায় (১২৯৫ খৃষ্টাব্দে) জলাল্‌উদ্দীন্ ফিরোজ এখানে এক বৃহৎ গুম্বেজ নির্ম্মাণ করেন। ১৩১৬ খৃষ্টাব্দে মুবারক এখানে তিন জন বন্দী ভ্রাতাকে বিনাশ করেন। ১৩৩৬ খৃষ্টাব্দে ইবন্ বতুতা গোয়ালিয়ার দুর্গ দেখিয়া লিখিয়াছেন—"দিল্লীসম্রাট্ যাঁহাকে একটু ভয় করিতেন, তাঁহাকেই এখানে বন্দী করিয়া রাখেন।"

তাঁহার পিতা বীরসিংহদেব গোয়ালিয়ারের রাজা হইয়াছিলেন। গোয়ালিয়ারের দেশীয় ইতিবৃত্তলেখকগণের মতে আলাউদ্দীন্ খিল্‌জীর সময়ে তোমরবংশীয় বীরসিংহদেবের অভ্যুদয় হয় (১)। বীরসিংহ প্রথমে গোয়ালিয়ারের উত্তরে দন্দরোলি নামক পরগণার একজন জমিদার ছিলেন। তিনি দিল্লীর প্রধান উজীরের অধীনে কর্ম্ম করিতেন। ঘটনাক্রমে তিনি সম্রাটের নজরে পড়েন। সম্রাট্ তাঁহার কার্য্যদক্ষতা ও বিচক্ষণতা দর্শনে সন্তুষ্ট হইয়া তাঁহাকে গোয়ালিয়ার দুর্গের শাসনকর্ত্তা পদ প্রদান করেন। সে সময়ে সৈয়দের অধীনে গোয়ালিয়ার দুর্গ ছিল। দুর্গাধিপ সম্রাটের আদেশ শুনিলেন না। বীরসিংহ কৌশলক্রমে তাঁহাকে ও প্রধান কর্ম্মচারীদিগকে নিমন্ত্রণ করিয়া আনিয়া অহিফেণযুক্ত আহার করাইয়া

* তৎসাময়িক ঐতিহাসিক হসন্ নিজামি ইঁহাকে রায় সোলঙ্কপাল নামে উল্লেখ করিয়াছেন। (Sir H. Elliot's Muhammadan Historians, Vol. II. p. 228.)

† ফেরিস্তার মতে প্রায় এক বর্ষ অবরোধ চলিয়াছিল, তৎপরে রাজা কেবল এক দিন রাত্রিকালে গুপ্তভাবে দুর্গ ছাড়িয়া পলায়ন করেন; কিন্তু মিন্‌হাজ-সিরাজের মতে ঐ রাজার নাম "মিলক্ দেও"। ফজল আলি ও হীরামণ "পরমাল" নামে এবং খড়্গরায় প্রভৃতি অপর সকলে "সারঙ্গ দেও" নামে তৎকালীন গোয়ালিয়ার রাজের উল্লেখ করিয়াছেন।

* Baber's Memoirs, by Erskine, p. 384.

(১) খড়্গরায় প্রভৃতি ভট্টদিগের গ্রন্থে কয়েক জন তোমররাজের নাম পাওয়া যায়; কিন্তু বিরমদেবের শিলালিপি পাঠ করিলে তাহাদিগের কাহাকেও গোয়ালিয়ারের রাজা বলিয়া গ্রহণ করা যায় না।

তাঁহাদিগকে বন্দী ও দুর্গ অধিকার করিয়াছিলেন। বীরসিংহ ২৫ বর্ষকাল দুর্গাধিপতি ছিলেন, তৎপরে ১৪৫৭ সম্বতে (১৪০০ খৃষ্টাব্দে) তৎপুত্র বিরমদেব শাসনভার প্রাপ্ত হন।

গোয়ালিয়ারের ত্রিকোণীয়াতাল ও সুহানিয়ার অম্বিকাদেবীর মন্দির হইতে ১৪৬৫ সম্বতে (১৪০৮ খৃষ্টাব্দে) ও ১৪৬৭ সম্বতে (১৪১০ খৃষ্টাব্দে) উৎকীর্ণ বিরমদেবের শিলালিপি পাওয়া গিয়াছে। খড়্গরায় ইঁহার নামোল্লেখ করেন নাই। তিনি বীরসিংহের পর উদ্ধরণ দেও, ধীরম দেও, লক্ষ্মীসেন ও গণপতি দেওর নামোল্লেখ করিয়াছেন। আবার তোমরবংশাবলীতে বিরমদেবের পর যথাক্রমে উদ্ধরণ, ঢোলসহায় ও গণপৎদেওর নাম পাওয়া যায়। কিন্তু গণপতিদেবের পুত্র দুঙ্গড়সিংহের সময়ে উৎকীর্ণ ৪ খানি শিলালিপিতে গণপতি ছাড়া আর কাহারও নাম নাই। ইহাতে অনুমিত হয় যে বিরমের পরই গণপতি রাজা হইয়াছিলেন। পূর্ব্বে দুর্গাধিপতিগণ দিল্লীসম্রাট্‌কে কর দিতেন। ১৪২৪ খৃষ্টাব্দে দুঙ্গড়সিংহ শাসন ভার প্রাপ্ত হন। এই বর্ষে মালবের হোসঙ্গশাহ গোয়ালিয়ার দুর্গ আক্রমণ করেন। শেষে তাঁহার হস্ত হইতে দিল্লীপতি দুর্গ উদ্ধার করিয়াছিলেন। ১৪২৬ খৃষ্টাব্দে দিল্লীশ্বর মুবারক শাহ গোয়ালিয়ার অভিমুখে যাত্রা করেন ও রাজার নিকট হইতে কর আদায় করিয়া ফিরিয়া আসেন*। এইরূপে ১৪২৭, ১৪২৯ ও ১৪৩২ খৃষ্টাব্দেও দিল্লীপতি গোয়ালিয়ারে গিয়াছিলেন। ইহাতে বোধ হয় যে, দুঙ্গড়সিংহ সহজে কর দিতে চাহিতেন না, দিল্লীশ্বর সসৈন্যে উপস্থিত হইলে কর দিতে বাধ্য হইতেন। রাজা দুঙ্গড়সিংহ ৩০ বর্ষকাল গোয়ালিয়ার রাজ্য শাসন করিয়াছিলেন। তাঁহার সময়ে এখানকার শিল্প ও ভাস্করকার্য্যের উন্নতি দেখা যায়। দুঙ্গড়সিংহের শিলালিপিগুলি পাঠে জানা যায় যে তাঁহার সময়ে গোয়ালিয়ার আর্য্যাবর্ত্ত মধ্যে এক পরাক্রান্ত রাজ্য বলিয়া গণ্য হইয়াছিল এবং দিল্লী, মালব ও জৌনপুরের মুসলমান রাজগণও সময়ে সময়ে তাঁহার সাহায্য প্রার্থনা করিতেন।

দুঙ্গড়সিংহের পর তৎপুত্র কীর্ত্তিসিংহ রাজা হন। এই কীর্ত্তিসিংহের সময়ে পাহাড় কাটিয়া যে সুন্দর ভাস্করকার্য্য সম্পাদিত হয়, তাহা অতীব প্রশংসনীয়। তাঁহার সময়ে ১৫২৫ ও ১৫৩০ সম্বতে উৎকীর্ণ শিলালিপি পাওয়া গিয়াছে। তৎকালীন মালব, জৌনপুর ও দিল্লীর ইতিহাস হইতেও গোয়ালিয়াররাজের বেশ পরিচয় পাওয়া যায়। ইনি মুসলমান ইতিহাসে কিরণরায় নামে খ্যাত। দিল্লীশ্বর বহ্‌লোল লোদীর সহিত জৌনপুরের মাহ্মুদ সর্‌কির ভীষণ যুদ্ধকালে কিরণ ও তাঁহার ভ্রাতা পৃথ্বীরায় উপস্থিত ছিলেন। সেই যুদ্ধে ফতেখাঁ হার্বি কর্ত্তৃক পৃথ্বীরায় নিহত হইলে কিরণ তাহার প্রতিশোধ লইবার জন্য তৎক্ষণাৎ ফতেখাঁর মুণ্ড দ্বিখণ্ড করিয়া দিল্লীশ্বরের নিকট পাঠাইয়াছিলেন। তাহাতে জৌনপুরের সকলেই গোয়ালিয়ার-রাজের উপর বিলক্ষণ চটিয়াছিল। ফেরিস্তা লিখিয়াছেন, "৮৭০ হিজিরায় (১৪৬৫ খৃষ্টাব্দে) জৌনপুরের হুসেন সর্‌কি গোয়ালিয়ার দুর্গ আক্রমণের জন্য বিস্তর সৈন্য পাঠাইয়াছিলেন। ঘোরতর যুদ্ধের পর গোয়ালিয়াররাজ সন্ধি করেন ও কর দিতে স্বীকৃত হন।" এই সময় হইতে গোয়ালিয়াররাজ দিল্লীর বিরুদ্ধে জৌনপুরের পক্ষ অবলম্বন করেন। জৌনপুরাধিপ হোসেনের মাতা বিবি রাজীর মৃত্যু হইলে কিরণরায় (১৪৭৩ খৃষ্টাব্দে) সর্‌কিরাজের সান্ত্বনা করিবার জন্য নিজ পুত্র কল্যাণমলকে পাঠাইয়াছিলেন। তৎপরে (১৪৭৮ খৃষ্টাব্দে) হোসেন সর্‌কি দিল্লীশ্বর বহ্‌লোলের নিকট পরাজিত হইয়া গোয়ালিয়ারে পলাইয়া আসেন। এখানে কিরণরায় লক্ষাধিক টাকা ও তাঁবু প্রভৃতি নানা দ্রব্য উপঢৌকন দিয়া তাঁহাকে কাল্‌পিতে পৌঁছাইয়া আসেন। পরবর্ষে কীর্ত্তিসিংহ বা কিরণরায়ের মৃত্যু হয়। তাহার পর তাঁহার পুত্র কল্যাণমল ৭ বর্ষ নির্ব্বিবাদে রাজ্যসুখ ভোগ করেন। ১৪৮৬ খৃষ্টাব্দে তৎপুত্র মানসিংহ পিতৃপদ প্রাপ্ত হন। ঐ বর্ষেই বহ্‌লোল লোদী তাঁহাকে আক্রমণ করেন। তিনি দিল্লীশ্বরকে ৮০ লক্ষ টাকা নজর দিয়া তবে অব্যাহতি পান। ১৪৮৯ খৃষ্টাব্দে বহ্‌লোলের পুত্র সিকন্দর লোদী মানসিংহকে একটী সুন্দর পোষাক ও অশ্ব খেলাত পাঠান। মানসিংহ সহস্র অশ্বারোহীসহ নিজ ভ্রাতুষ্পুত্রকে বয়ানা নামক স্থানে পাঠাইয়া সিকন্দরের সম্মানরক্ষা করেন। তৎপরে ১৫০০ খৃষ্টাব্দ পর্য্যন্ত গোয়ালিয়ারে কোন বিশেষ ঘটনা ঘটে নাই। ১৫০১ খৃষ্টাব্দে রাজা মানসিংহ দিল্লীশ্বরের নিকট নিহাল নামে একজন দূত প্রেরণ করেন। দূতের অনুপযুক্ত কথায় দিল্লীশ্বর চটিয়া যান এবং অনতিকাল পরেই সসৈন্যে গোয়ালিয়ার-রাজের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করেন। এই সময়ে রাজা মানসিংহ সৈয়দখাঁ, বাবরখাঁ ও রায়গণেশ নামে পলাতক তিন ব্যক্তিকে ধরিয়া দিল্লীশ্বরের নিকট পাঠাইয়া দেন ও অনেক উপঢৌকন সহ নিজ পুত্র বিক্রমাদিত্যকে পাঠাইয়া সন্ধিস্থাপন করেন। ১৫০৫ খৃষ্টাব্দে সিকন্দর আবার গোয়ালিয়ারে সৈন্য প্রেরণ করিয়াছিলেন। কিন্তু এবার গোয়ালিয়ারবাসীগণ অসম সাহসে বিপক্ষের গতিরোধ করেন। তাহাতে দিল্লীপতি বিশেষ ক্ষতিগ্রস্ত হইয়া পৃষ্ঠপ্রদর্শন করিতে বাধ্য হইয়া-

* Brigg's Ferishta, Vol. I. p. 519.

ছিলেন। এবার মানসিংহ প্রকৃতই স্বাধীন রাজা হইলেন। ১৫১৭ খৃষ্টাব্দে সিকন্দর গোয়ালিয়াররাজকে খর্ব্ব করিবার জন্য দূরস্থ সকল আমীর ওমরাহদিগকে আগ্রায় আহ্বান করিয়া আনাইয়াছিলেন। কিন্তু অল্পকাল পরেই তাঁহার মৃত্যু হওয়ায় অভীষ্ট সিদ্ধ হইল না। তৎপরে সুলতান ইব্রাহিম্ লোদী পিতৃপদ অধিকার করেন। মানসিংহ ইব্রাহিমের ভ্রাতা জলালখাঁকে গোয়ালিয়ার দুর্গে আশ্রয় দিয়াছিলেন। তাহাতে ইব্রাহিম প্রতিহিংসায় ও উচ্চ আশায় উন্মত্ত হইয়া গোয়ালিয়ার জয় করিবার জন্য আজিম হুমায়ুনের অধীনে ত্রিশহাজার অশ্বারোহী, তিনশত নিষাদী এবং নানা-প্রকার যন্ত্রাদি পাঠাইয়াছিলেন। তিনি সাতজন সর্দ্দারকে হুমায়ুনের সহিত যোগ দিতে অনুমতি করিয়াছিলেন। সেই সময় মহাবীর ও তীক্ষ্ণবুদ্ধি মানসিংহ কালগ্রাসে পতিত হন। এই তোমররাজের সময়েই গোয়ালিয়ারের বিশেষ উন্নতি হইয়াছিল, তিনি কৃষিকার্য্যের সুবিধার জন্য নানাস্থানে ঝিল কাটাইয়া দিয়াছিলেন, তিনি শিল্পশাস্ত্রের একজন প্রগাঢ় অনুরাগী ছিলেন। গোয়ালিয়ার দুর্গে তিনি যে মানমন্দির নামে সুন্দর প্রস্তরের প্রাসাদ নির্ম্মাণ করাইয়া ছিলেন, মোগল-সম্রাট্ বাবর, রাজমন্ত্রী আবুলফজল প্রভৃতি অনেকেই মুক্তকণ্ঠে তাহার শিল্পনৈপুণ্যের ভূয়সী প্রশংসা করিয়া গিয়াছেন। তিনি সঙ্গীতানুরাগী ও একজন সুগায়ক ছিলেন, তাঁহার রচিত গান এখনও প্রচলিত আছে। মুসলমান ঐতিহাসিক নিয়ামত উল্লা মানসিংহের অনেক প্রশংসা করিয়া শেষে লিখিয়াছেন, "তিনি কখন কোন ব্যক্তির উপর অত্যাচার করেন নাই। তিনি হিন্দু হইলেও ইস্‌লাম্ ধর্ম্মানুরাগী ছিলেন।" ফজল-আলী লিখিয়াছেন, "মানসিংহের মত সদাশয় রাজা অতিশয় বিরল, তাঁহার সময়ে গোয়ালিয়ারবাসী প্রচুর ধনধান্য ভোগ করিয়াছিল।"

তৎপুত্র বিক্রমাদিত্য ২।৩ বর্ষমাত্র রাজত্ব করিয়াছিলেন। এই সময়ে আজিম হুমায়ুন গোয়ালিয়ার অবরোধ আরম্ভ করেন। কএক মাস অশেষ চেষ্টার পর তিনি বাদলগড়-দ্বার পুড়াইয়া ফেলেন। দগ্ধাবশেষ হইতে একটী সুবৃহৎ পিত্তলের বৃষভমূর্ত্তি পাওয়া যায়। তাহা দিল্লীতে আনিয়া দিল্লীর বোঘদাদ-দ্বারে রক্ষিত হয়। ১৫৯৩ খৃষ্টাব্দে অক্‌বর সেই প্রসিদ্ধ মূর্ত্তিটী ফতেপুর সিক্‌রিতে স্থানান্তরিত করেন। আজিম হুমায়ুন বহুদিন অবরোধ ও বিস্তর সৈন্য ক্ষয়ের পর তবে এক একটী করিয়া অপর দ্বার অধিকার করিয়াছিলেন। লক্ষ্মণপুরদ্বার আক্রমণকালে তাজখাঁ নামে সুলতান ইব্রাহিমের একজন প্রধান আমীর নিহত হন। ঐ দ্বারের নিকট তাঁহার গোরস্থান আছে। এইরূপ একবর্ষ অবরোধের পর যখন কেবল হাতিয়াপুর নামক দ্বার অধিকারের বাকি ছিল, বিক্রমাদিত্য দেখিলেন আর নিস্তার নাই, শীঘ্রই যবনের হাতে মানসম্ভ্রম হারাইতে হইবে, তখন তিনি যুদ্ধে ক্ষান্ত দিয়া সন্ধির প্রস্তাব করিলেন। এইরূপে গোয়ালিয়ার আবার মুসলমানের অধীন হইল। বিক্রমাদিত্য দিল্লীতে গিয়া সুলতান্ ইব্রাহিমের সহিত সাক্ষাৎ করিলেন। ইব্রাহিম তাঁহাকে সংসাবাদ জেলা জায়গীর ও দিল্লীসাম্রাজ্যের মধ্যে এক উচ্চ আমীরপদ প্রদান করিলেন।

১৫২৬ খৃষ্টাব্দে পাণিপথের সমর পর্য্যন্ত গোয়ালিয়ার দিল্লীর লোদীবংশের অধীনে ছিল। পাণিপথের ভীষণ রণ-ক্ষেত্রে ইব্রাহিমের সহিত গোয়ালিয়ের শেষ তোমররাজ বিক্রমাদিত্যও চিরনিদ্রিত হন। সম্রাট্ বাবরও বিক্রমা-দিত্যের বীরত্বের সুখ্যাতি করিয়া গিয়াছেন। [কোহিনূর শব্দে বিক্রমাদিত্যসম্বন্ধীয় বিবরণ দেখ।] দিল্লীসাম্রাজ্য মোগলবীর বাবরের হস্তগত হইলে গোয়ালিয়ার রাজ্যও তাঁহার অধিকারভুক্ত হয়। যখন বাবর আগ্রা অধিকার করেন, তৎকালে মঙ্গলরায় নামে তোমরবংশীয় একজন রাজা গোয়ালিয়ারে প্রধান হইয়া উঠেন। গোয়ালিয়ারের পাঠান দুর্গাধিপ তাতার খাঁ তোমররাজের পরাক্রমে ভীত হইয়া বাবরকে আহ্বান করিয়া লিখিয়া পাঠান, "যদিও তিনি পাঠান জাতির শত্রু, তথাপি তিনি মুসলমান, বিধর্ম্মীর বশ্যতাস্বীকার করা অপেক্ষা তাঁহার অধীনতা স্বীকার করিতে প্রস্তুত আছেন।" বাবর রহিমদাদ খাঁকে সসৈন্যে গোয়ালিয়ারে পাঠাইলেন। রহিম্‌দাদ এখানে আসিলে পাঠান-দুর্গাধিপ তাঁহাকে দুর্গে প্রবেশ করিতে দিলেন না। তৎপরে মুহম্মদ ঘাউস্ নামে এক সম্পত্তিশালী মুসলমান সাধুর কৌশলে রহিম্‌দাদ্ গোয়ালিয়ার অধিকার করিলেন। ১৫২৭ খৃষ্টাব্দে তোমররাজ মঙ্গলরায় গোয়ালিয়ার দুর্গ অবরোধ করেন। কিন্তু তাঁহার আশা সফল হয় নাই। ১৫১৯ খৃষ্টাব্দে রহিমদাদ্ বিদ্রোহী হন, সম্রাট্ বাবর আসিয়া তাঁহার হস্ত হইতে গোয়ালিয়ারদুর্গ উদ্ধার করেন।

১৫৩০ খৃষ্টাব্দে বাবরের মৃত্যুর পর হুমায়ুন অভিষিক্ত হন। তিনি গোয়ালিয়ার দুর্গ দেখিতে আসিয়াছিলেন এবং এখানে হুমায়ুনমন্দির নামে একটী প্রাসাদ নির্ম্মাণ করাইয়াছিলেন। ১৫৪২ খৃষ্টাব্দে শেরসাহ গোয়ালিয়ার অধিকার করিয়া এখানে কিছুকাল বাস করেন এবং সেরমন্দির নির্ম্মাণ করেন। এই সময়ে বিক্রমাদিত্যের পুত্র রামশাহ মোগলের হস্ত হইতে গোয়ালিয়ার উদ্ধার করিতে না পারিয়া শেরশাহের পক্ষ

অবলম্বন করেন। শেরশাহের মৃত্যুর পর ১৫৪৫ খৃষ্টাব্দে তৎপুত্র সলিম চুনার হইতে পিতার সমস্ত ধনসম্পত্তি গোয়ালিয়ার দুর্গে আনিয়া রাখেন। ১৫৪৬ খৃষ্টাব্দে নিয়াজিদিগকে পরাজয় করিয়া সেলিম গোয়ালিয়ারে আসিয়া অবস্থান করেন। সেই সময়ে গোয়ালিয়ার দিল্লীসাম্রাজ্যের রাজধানীরূপে গণ্য হইয়াছিল। ১৫৫৩ খৃষ্টাব্দে সেলিমের মৃত্যুর পর শেরশাহের কৃতদাস বহবলের হস্তে গোয়ালিয়ার দুর্গ অর্পিত হয়। এই সময়ে বিক্রমাদিত্যের পুত্র রামশাহ রাজপুতসৈন্য সাহায্যে গোয়ালিয়ার উদ্ধারের চেষ্টা করেন। ঠিক সেই সময়ে কাবাখাঁ নামে অক্‌বরের একজন সেনাপতি গোয়ালিয়ার দুর্গ অধিকার করিতে আসেন। প্রথমে রামশাহের সহিত তিন দিন ধরিয়া তাঁহার ঘোরতর যুদ্ধ হয়। তাহাতে মোগলসৈন্য জয়লাভ করেন। পরে বহবলের সহিত সামান্য যুদ্ধের পর গোয়ালিয়ার দুর্গ অক্‌বরের অধিকৃত হয়। রামশাহ মেবারে গিয়া আশ্রয় গ্রহণ করেন। তথায় তৎপুত্র শালিবাহনের সহিত শিশোদিয়া রাজকুমারীর বিবাহ হয়। রোহিতাস হইতে প্রাপ্ত একখানি শিলালিপি পাঠে জানা যায়, শালিবাহনের পুত্র শ্যামশাহ ও মিত্রসেন অক্‌বরের আনুগত্য স্বীকার করিয়াছিলেন। শ্যামের দুই পুত্র জন্মে, সংগ্রামশাহ ও নারায়ণদাস। সংগ্রাম ১৬৭০ খৃষ্টাব্দে নামমাত্র গোয়ালিয়ারের রাজা হন। তাঁহার পুত্র রাজা কৃষ্ণসিংহ। ১৭১০ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়। তৎপুত্র বিজয়সিংহ ও হরিসিংহ উদয়পুরে গিয়া আশ্রয় গ্রহণ করেন। হরিসিংহের বংশধরেরা এখনও উদয়পুরে বাস করিতেছেন।

মোগলসম্রাট্‌দিগের অধঃপতনকালে গোহাদের জাট-সর্দ্দার গোয়ালিয়ার অধিকার করেন, কিন্তু অনতিকাল পরে মহারাষ্ট্রদিগের হস্তগত হয়।

ভারতের ইতিহাসে এখন যে গোয়ালিয়ারের রাজবংশ প্রসিদ্ধ, মহারাষ্ট্রবীর রণজি সিন্ধিয়া ঐ বংশের আদিপুরুষ। ইনি বালাজী পেশবার পাদুকাবাহক এবং ইঁহার পিতা দাক্ষিণাত্যের কোন গ্রামের পাটেল ছিলেন। পেশবার গৃহে রণজির দিন দিন শ্রী ও সৌভাগ্য বৃদ্ধি পাইতে লাগিল। ক্রমেই তিনি আপনাকে পেশবার রক্ষীদলের প্রধান ব্যক্তি দেখিতে পাইলেন। মালবের মধ্য দিয়া হিন্দুস্থানে মহারাষ্ট্রীয় সৈন্য লইয়া অনেকবার যুদ্ধ করায় তিনি মৃত্যুর কিছু পূর্ব্বে বর্ত্তমান গোয়ালিয়ার রাজ্যের অধিকারী হন। তাঁহার মৃত্যুর পর তাঁহার দ্বিতীয় পুত্র মাধাজী সিন্ধিয়া সিংহাসনে অধিরোহণ করেন। রাজনৈতিক সম্বন্ধে ও যুদ্ধবিদ্যায় ইনি একজন অদ্বিতীয় ছিলেন। ১৭৬১ খৃষ্টাব্দে পাণিপথের যুদ্ধে মাধাজী নিজ বীরত্বের ও যুদ্ধকৌশলের যথেষ্ট পরিচয় দিয়াছিলেন। ইনি নামমাত্র পেশবার অধীন ছিলেন, কিন্তু সকল সময়ে স্বাধীন ভাবে রাজ্য শাসন করিতেন। দিল্লীর সম্রাট্ তাঁহার আশ্রয় ভিক্ষা করেন এবং রাজপুত সর্দ্দারেরা নিজ নিজ প্রসিদ্ধ অশ্বারোহী যোদ্ধা লইয়াও কিছুতেই তাঁহার সৈন্যসম্মুখে দাঁড়াইতে পারেন নাই। ১৭৯৩ খৃষ্টাব্দে পেশবার সহিত সলবাই নগরে যে যুদ্ধ হয়, ইনিও তাহাতে নায়ক ছিলেন। ১৭৯৪ খৃষ্টাব্দে তিনি ভ্রাতার পৌত্র দৌলৎরায় সিন্ধিয়াকে রাজ্যভার দিয়া পরলোক গমন করেন। মধুরাওনারায়ণ পেশবার মৃত্যুর পর গোলযোগের সময় দৌলৎরায় নিজ প্রভুত্ব বিস্তার করিতে চেষ্টা পান। তিনি বাজিরাওকে হস্তগত করেন ও হোলকারের অধিকৃত রাজ্যের অনেকাংশ কাড়িয়া লন। পরে তিনি দাক্ষিণাত্যের আহ্মদনগরের দুর্গজয় করিয়া পেশবা ও নিজাম রাজ্যে প্রবেশের পথ পরিষ্কার করেন। দৌলৎরায়ের সৈন্যগণ ফরাসী সৈনিক কর্ত্তৃক পরিচালিত দেখিয়া ইংরাজগণ মনে মনে ভীত হইলেন। বেসিনের সন্ধিমতে ইংরাজরাজ ভারতীয় ক্ষুদ্র ক্ষুদ্র রাজগণের উপর নিজ ব্যয়ে সৈন্য রাখিবার যে ব্যবস্থা করেন, পুণানগরে ঐরূপ সৈন্যদল রাখিতে দেখিয়া দৌলৎরায় বেরাররাজ রঘোজি ভোন্‌স্‌লের সহিত মিলিত হইয়া উক্ত ব্যবস্থা খণ্ডন করিতে চেষ্টা পাইলেন। ১৮০৩ খৃষ্টাব্দে উভয়ে নিজাম রাজ্য আক্রমণ করেন। ঐ বৎসর ২৩এ সেপ্টেম্বর সার আর্থর ওয়েলেস্‌লি আসাই নগরে মহারাষ্ট্রগণকে আক্রমণ করেন। বহুদিবস ঘোরতর যুদ্ধের পর মহারাষ্ট্রসৈন্য পরাস্ত হইলেন। পুনরায় উক্ত বৎসর ২৮এ নবেম্বর ওয়েলেস্‌লি আর্গাম নগরে মহারাষ্ট্রপ্রভাব একবারে খর্ব্ব করেন। উক্ত বৎসরে দিল্লীর অপরপারে ফরাসীনায়ক বুঁর্কী চালিত সিন্ধিয়ার সৈন্যগণ লর্ড লেক কর্ত্তৃক পরাজিত হয়। ইহার পর লস্‌বারীর যুদ্ধে জেনারল লেক সিন্ধিয়ার অবশিষ্ট সৈন্যের ধ্বংস সাধন করেন। এইরূপে দৌলৎরায়ের ক্ষমতা হ্রাস হইলে তিনি সর্জি-অঞ্জেগাও নগরে সন্ধি দ্বারা নিজ অধিকৃত হিন্দুস্থানের প্রদেশসমূহ ও অজন্তা পর্ব্বতের দক্ষিণস্থ সমুদায় ভূভাগ ছাড়িয়া দিতে বাধ্য হন। এই সন্ধিতে সিন্ধিয়া গোহাদ ও গোয়ালিয়ার হারাইয়া বড়ই ক্ষুব্ধ হইলেন এবং হোলকারের সহিত মিলিত হইয়া পুনরায় ইংরাজগণকে আক্রমণ করিতে বিশেষ চেষ্টা করিতে লাগিলেন। অনতিকাল পরেই রেসিডেণ্টের তাঁবু জ্বালাইয়া তাঁহাকে কয়েদ করিয়া রাখেন। লর্ড কর্ণওয়ালিস্ গোহাদ ও গোয়ালিয়ার দখল করিয়া রাখা

নিতান্ত অন্যায় বিবেচনা করিয়া উক্ত সন্ধিপত্র কাটিয়া পুনরায় ১৮০৫ খৃষ্টাব্দে নবেম্বর মাসে আর এক সন্ধি করেন, তাহাতে অঞ্জেগাঁওর সন্ধির সকল কথাই ছিল, কেবলমাত্র গোহাদ ও গোয়ালিয়ার সিন্ধিয়ারাজকে প্রত্যর্পিত এবং চম্বলনদী গোয়ালিয়ার রাজ্যের উত্তরসীমারূপে নির্দ্দিষ্ট হয়।

১৮১৭ খৃষ্টাব্দে পিণ্ডারিযুদ্ধের সময় পিণ্ডারি দস্যুদল ক্রমান্বয়ে মহারাষ্ট্রীয় সৈন্যগণের উপর অত্যাচার আরম্ভ করে। দৌলৎরায় সিন্ধিয়া ভিতরে ভিতরে পিণ্ডারিদিগকে সাহায্য করিতেছেন জানিয়া পেশবা তাঁহাকে এই কার্য্য ত্যাগ করিতে বিশেষ অনুরোধ করেন। দৌলৎরায় তাঁহার কথায় কর্ণপাত করিলেন না। সুতরাং গবর্ণর জেনারল মারকুইস্ অব হেষ্টিংস্ বহুসংখ্যক সৈন্য লইয়া সিন্ধিয়ার বিরুদ্ধে চম্বলনদীর তীর পর্য্যন্ত অগ্রসর হইলেন। এই সময়ে আরও একটী সন্ধি হয়, তাহাতে ১৮০৫ খৃষ্টাব্দে লিখিত সন্ধি-পত্রের সকল কথাই রদ হইয়া যায় এবং সিন্ধিয়ারাজ পিণ্ডারিদলের বিরুদ্ধে ইংরাজের পক্ষ হইয়া সাহায্য করিবেন এরূপ একটী প্রস্তাব লিখিত থাকে। উক্ত প্রস্তাব রক্ষার জন্য তাঁহাকে আশীরগড় ও হিন্দিয়ার দুর্গ ইংরাজের হস্তে অর্পণ করিতে হয়। প্রথমে সিন্ধিয়ারাজ কোন ক্রমেই ইংরাজের হস্তে আশীরগড় ছাড়িয়া দিতে স্বীকৃত হন নাই। ইংরাজেরা উহা জোর করিয়া দখল করেন। দুর্গ মধ্যে একখানি পত্রে লিখিত ছিল যে, সিন্ধিয়ারাজ সেখানকার শাসনকর্ত্তাকে পেশ্‌বার অনুমতি পালন করিতে আদেশ করেন। পেশবাই পুণার রেসিডেন্সী আক্রমণ করিয়া ইংরাজের সহিত যুদ্ধ ঘোষণা করেন। সিন্ধিয়ার এইরূপ বিশ্বাসঘাত-কতা দেখিয়া ইংরাজরাজ চিরদিনের মত আশীরগড় দুর্গ নিজ অধিকারভুক্ত করিয়া লইলেন।

১৮২৭ খৃষ্টাব্দে দৌলৎরায়ের মৃত্যু হয়। অপুত্রক হও-য়ায় ও দত্তকপুত্র গ্রহণ না করায় মৃত্যুশয্যায় তিনি রাজ্যের সমস্ত ভার বৃটীশ গবর্মেণ্টের হস্তে দিয়া যান এবং তাঁহার কনিষ্ঠা পত্নী বাইজাবাইকে যথারীতি ব্যবহার করিতে বলেন। দৌলৎরায়ের ইচ্ছামত ইংরাজ গবর্মেণ্ট মৃগতরাও নামে একটী বালককে সিংহাসনে বসাইলেন এবং রাজকীয় সমস্ত কার্য্যের ভার বাইজার হস্তে রাখিলেন। এই নব মহারাজ দৌলৎরায়ের দৌহিত্রীকে বিবাহ করেন এবং জনকজি সিন্ধিয়া নামে খ্যাত হন। ১৮৩৩ খৃষ্টাব্দে বাই-জার রাজকার্য্য শিথিল হইয়া পড়ে। বালক রাজা বাইজার ব্যবহারে নিতান্ত অসন্তুষ্ট হইয়া তাঁহার অধীনতা শৃঙ্খল ভগ্ন করিয়া বহুসংখ্যক সৈন্য সাহায্যে পলায়ন করেন। এই জনকজির রাজত্বকালে যদিও বহিঃশত্রুতার কোন উপদ্রব ছিল না, তথাপি সীমান্ত প্রদেশে প্রত্যহই কোন না কোন গোল-যোগ ঘটিত।

১৮৪৩ খৃষ্টাব্দে জনকজি অপুত্রক অবস্থায় প্রাণত্যাগ করেন। তাঁহার বিধবা পত্নী রাজ্যস্থ সম্ভ্রান্ত অমাত্যবর্গের সাহায্যে বাজিরাওরাও নামক এক অষ্টমবর্ষীয় শিশুকে দত্তক গ্রহণ করেন। বৃটীশ গবর্মেণ্ট তাহার অনুমোদন করিলে বালক বাজিরাও সিন্ধিয়া নাম গ্রহণপূর্ব্বক সিংহাসনে অভিষিক্ত হইলেন। এই সময়ে রাজ্যে বিশেষ গোলমাল উপস্থিত হয়। শান্তিস্থাপন করিবার জন্য ইংরাজরাজ গোয়ালিয়ারে সৈন্য পাঠান। ১৮৪৩ খৃষ্টাব্দে ২৯এ ডিসেম্বরে মহারাজপুর ও পল্লিয়ার নামক স্থানে ইংরাজসৈন্য ও বিদ্রোহীদলে যুদ্ধ হয়। বিদ্রোহীদল দুইটী যুদ্ধেই পরাজিত হইয়া পলায়ন করে। ইংরাজগণ পুনরায় ঐ নব শিশুকে রাজ্যে স্থাপন করিলেন। তাঁহার রক্ষার্থ ৩০০০ পদাতিক ও ৩২টী মাত্র কামান রাখিয়া দিলেন এবং অপরাপর সৈন্য সংখ্যা কমাইলেন। ইহাতে সৈন্যগণের মনে ইংরাজের উপরে আক্রোশ জন্মিল, এই প্রধূমিত হৃদয়াগ্নি ১৮৫৭ খৃষ্টাব্দের সিপাহী বিদ্রোহের সঙ্গে প্রকাশ্যভাবে জ্বলিয়া উঠিল। ১৮৫৮ খৃষ্টাব্দে যখন বিদ্রোহী তান্তিয়াতোপী আগমন করেন, তখন সিন্ধিয়া সৈন্যগণ কর্ত্তৃক পরিত্যক্ত হইয়াছিলেন। তিনি স্বয়ং ও মন্ত্রী দিনকররাও আগ্রানগরে পলাইয়া আত্মরক্ষা করিয়াছিলেন। ঐ বৎসর জুনমাসে সার হিউ রোজ গোয়ালিয়ার দখল করিয়া মহারাজকে তদীয় প্রাসাদে পুনঃস্থাপন করেন। সিন্ধিয়ার কার্য্যে প্রীত হইয়া গবর্মেণ্ট তাঁহাকে দত্তক গ্রহণে অনুমতি দেন এবং ৩০০০০০৲ টাকা আয়ের একখানি সম্পত্তি ও সৈন্য সংখ্যাবৃদ্ধি করিবার আদেশ প্রদান করেন। মহারাজ বৃটীশসৈন্যের একজন প্রধান সেনা-পতি হইলেন, নাইট গ্রাণ্ড ক্রস্ অব বাথ (K. G. C. B) এবং নাইট গ্রাণ্ড কমাণ্ডর অব দি ষ্টার অব ইণ্ডিয়া (K. G. C. S. I.) উপাধি প্রাপ্ত হন। সিন্ধিয়া নিজ রাজ্যে ২১টী ও বৃটীশ রাজ্যে ১৯টী করিয়া সম্মানসূচক তোপধ্বনি প্রাপ্ত হইতেন। কিন্তু বর্ত্তমান মহারাজ জয়জিরাও (বাজিরাও) সিন্ধিয়া উভয় রাজ্যেই ২১টী তোপ প্রাপ্ত হন।

২ গোয়ালিয়ার রাজ্যের রাজধানী। অক্ষা ২৬° ১৩´ উঃ ও দ্রাঘি ৭৮° ১২´ পূঃ। আগ্রা নগরের ৬৫ মাইল দক্ষিণে অবস্থিত। সিন্ধিয়া মহারাজের এখানে একটী দুর্গ আছে। এক দেড় মাইল দীর্ঘ পাহাড়ের উপর দুর্গ অবস্থিত। ইহা উত্তরাংশে গোয়ালিয়ার নগর হইতে ৩০০ ফিট উচ্চ,

কিন্তু ইহার প্রধান দুর্গদ্বার ২৭৪ ফিট্ উচ্চ। এই দুর্গের অধোদেশে উত্তরাংশে প্রাচীন গোয়ালিয়ার নগর, এবং দক্ষিণাংশে প্রায় এক মাইল দূরে নূতন গোয়ালিয়ার বা লস্কর নগর অবস্থিত। দুর্গের দক্ষিণাংশে যেখানে দৌলত রাও সিন্ধিয়া আসিয়া প্রথমে স্কন্ধাবার স্থাপন করেন, সেই স্থানে লস্কর অর্থাৎ স্কন্ধাবার নামে খ্যাত হয়। সিন্ধিয়া এইখানেই প্রধান নগর স্থাপন করেন। দিন দিন ইহার উন্নতির সহিত পুরাতন গোয়ালিয়ারের সমৃদ্ধি হ্রাস হইতে থাকে। যাহাহউক এই দুইটী নগর একত্র ধরিলে ভারতের মধ্যে একটী বহু জনাকীর্ণ প্রধান নগর বলিয়া স্থির করা যায়। এখানে মোট দুইলক্ষ লোকের বাস এবং প্রায় পঁয়ত্রিশ হাজার গৃহ আছে।

এখানে অনেক দেখিবার জিনিস আছে। হিন্দু ও জৈন শিল্পনৈপুণ্যের জন্য বহুদিন হইতে এই স্থান প্রসিদ্ধ। দুর্গে প্রবেশ করিতে হইলে ৬টী বৃহৎ তোরণ পার হইতে হয়। এই তোরণের নাম আলমগিরিপুর, বাদলগড় বা হিন্দোলাপুর, ভৈরোঁ বা বাঁসোরপুর, গণেশপুর, লক্ষ্মণপুর ও হাতিয়াপুর।

দুর্গের সর্ব্বনিম্ন তোরণের নাম আলমগিরি। ১৬৬০ খৃষ্টাব্দে অরঙ্গজেবের নামানুসারে মোতামিদখাঁ এই দ্বার প্রস্তুত করেন।

রাজা কল্যাণমলের ভ্রাতা বাদলসিংহের নামানুসারে বাদলগড় স্থাপিত হয়। তৎপরে এখানে বিস্তর হিন্দোলপক্ষী দেখা যাইত বলিয়া ইহার হিন্দোলাপুর নাম হইয়াছে।

খড়্গরায়ের মতে পূর্ব্বকালে ভৈরবপাল নামে একজন কচ্ছবাহরাজ গোয়ালিয়ারে রাজত্ব করিতেন, তিনি নিজ নামে ভৈরোঁ দ্বার নির্ম্মাণ করেন। মরাঠার অধীনে একব্যক্তি বংশ-ষষ্ঠী হস্তে এইস্থান রক্ষা করিত বলিয়া ইহার বাঁসোরপুর নাম হয়।

১৪২৪ হইতে ১৪৫৪ খৃষ্টাব্দে রাজা ডুঙ্গড়সিংহ কর্ত্তৃক গণেশপুর দ্বার নির্ম্মিত হয়। এই দুর্গের বাহিরে সুরসাগর নামে একটী সরোবর আছে, ১৬৬৭ খৃষ্টাব্দে মোতামিদখাঁ ইহার সংস্কার করাইয়াছিলেন। গণেশদ্বারের ভিতর গ্বালিপা সিদ্ধের একটী ক্ষুদ্র মন্দির আছে। পূর্ব্বে যেখানে গ্বালিপা-সিদ্ধের মন্দির ছিল, মোতামিদখাঁ সেই মন্দির (১০৭৫ হিজিরায়) ধ্বংস করিয়া তাহার উপর মস্‌জিদ নির্ম্মাণ করাইয়া দেন, সেই মস্‌জিদে একখানি পারসী শিলালিপিতে এ সকল কথা লিখিত আছে।

লক্ষ্মণপুরদ্বারে যাইবার পথে একটী ক্ষুদ্র "চতুর্ভুজ মন্দির" আছে। এই মন্দিরে গোপগিরিস্বামী ভোজদেবের রাজত্ব কালে ৯৩৩ সম্বতে উৎকীর্ণ একখানি বৃহৎ শিলালিপি দৃষ্ট হয়। ফজলআলি লিখিয়াছেন—কচ্ছবাহবংশীয় ১৭শ রাজা লক্ষ্মণপাল এই ফটক নির্ম্মাণ করিয়াছিলেন। সুহানিয়া হইতে প্রাপ্ত কচ্ছবাহরাজ বজ্রদামার শিলালিপি পাঠে জানা যায় যে, তাঁহার পিতার নাম লক্ষ্মণ ছিল, বোধহয় এই লক্ষ্মণের নামানুসারে তৎপুত্র বজ্রদামা কর্ত্তৃক ঐ দ্বার নির্ম্মিত হইয়া থাকিবে। লক্ষ্মণ ফটকের উপরে একস্থানে অনেকগুলি শিবলিঙ্গ, হরগৌরী, গণেশ প্রভৃতির পাষাণমূর্ত্তি দেখা যায়। তন্মধ্যে ১৫½ ফিট্ উচ্চ এক বৃহৎ বরাহ অবতারের মূর্ত্তি পড়িয়া আছে। এখানকার ভাস্করকার্য্য দেখিলেই অতি প্রাচীন বলিয়া বোধ হয়।

গোয়ালিয়াররাজ মানসিংহ হাতিয়াপুর দ্বার নির্ম্মাণ করাইয়াছিলেন। এখানে এক পূর্ণায়তন হস্তীমূর্ত্তি, তাহার পৃষ্ঠের উপর সম্মুখভাগে মাহুত ও পশ্চাতে রাজা মানসিংহের সমাসীন মূর্ত্তিও ছিল। সম্রাট্ বাবর, আবুল ফজল প্রভৃতি ঐ মূর্ত্তির বিশেষ প্রশংসা করিয়া গিয়াছেন। এই হাতীর মূর্ত্তি হইতে হাতিয়াপুর নাম হইয়াছে। এখন আর সেই হাতী মূর্ত্তির চিহ্ন নাই। সম্ভবতঃ মোতামিদখাঁ উহার ধ্বংস সাধন করেন। এই ফটকটী মানসিংহ-নির্ম্মিত মানমন্দিরের অংশ। মানমন্দিরের শিল্পনৈপুণ্য এত সুন্দর ও চমৎকার, যে সমস্ত উত্তর ভারতে এরূপ অতি বিরল। দুর্গের উত্তর পশ্চিমাংশের প্রবেশ দ্বারে তিনটী ফটক আছে, এই দ্বারের নাম ঢুণ্ডিপুর। এখানে মানসিংহপ্রতিষ্ঠিত ঢুণ্ডিদেবের এক প্রাচীন মন্দির আছে। এই মন্দির হইতে এই দ্বারের নাম হইয়াছে, কিন্তু মানসিংহের পূর্ব্বেও এই দ্বার ছিল, তাহা এখানকার ১৫০৫ সম্বতে উৎকীর্ণ শিলালিপি দ্বারা জানা যায়।

দুর্গের দক্ষিণপশ্চিমে মানসিংহনির্ম্মিত ঘরগর্জ্জপুর দ্বার। এখানেও কতকগুলি পাষাণময় দেবমূর্ত্তি পড়িয়া আছে।

গোয়ালিয়ারের তুল্য দুর্ভেদ্য দুর্গ বোধ হয় উত্তরভারতে আর নাই। কালঞ্জর ও অজয়গড়ের দুর্গ দুর্ভেদ্য বলিয়া বিখ্যাত বটে, কিন্তু তাহাতেও বহুদিন অবরোধে জলাভাব ঘটিয়াছিল, কিন্তু গোয়ালিয়ার দুর্গে কখন জলাভাব ঘটে নাই, কখন ঘটিবার সম্ভাবনাও নাই। [মোরার দেখ।]

গোয়ালিয়ার দুর্গ মধ্যে এই কয়টী প্রাসাদ আছে—করণ-মন্দির, মানমন্দির, গূজারণিমন্দির, বিক্রমমন্দির, শেরমন্দির বা জাহাঙ্গিরী মহাল ও শাহজাহানমন্দির *।

* এছাড়া আরও কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র প্রাসাদ আছে। প্রধান প্রাসাদগুলির নির্ম্মাণকাল গোয়ালিয়ার ইতিহাস প্রসঙ্গে অবধারিত হইয়াছে।

মুসলমান কীর্ত্তির মধ্যে এখানে মুহম্মদ ঘাউসের কবর, জামি মস্‌জিদ ও প্রসিদ্ধ গায়ক তানসেনের গোরস্থান আছে। নানাস্থান হইতে প্রধান প্রধান গায়কেরা তানসেনের কবর দেখিতে আসিয়া থাকেন। এখানে এক তেঁতুল গাছ আছে, গোরস্থান অপেক্ষা তাহার আদরই অধিক। লোকের বিশ্বাস এই তেঁতুল গাছের পাতা চিবাইলে কণ্ঠস্বর সুমিষ্ট হয়। এইজন্য এখনও বিস্তর গায়িকা ও নর্ত্তকী তানসেনের সম্মানার্থ আসুক বা না আসুক, তেঁতুলের পাতা খাইবার জন্য আসিয়া থাকে। এই উৎপাতে পূর্ব্বের গাছ মরিয়া যায়। আবার নূতন গাছ গজাইয়াছে। তাহার পাতাও রক্ষা করা দায়!

গোয়ালানী (গোপালী শব্দজ) গোয়ালার স্ত্রী।

গোয়ালী (গোপালী শব্দজ) গোপপত্নী।

গোয়ীচন্দ্র (পুং) সংক্ষিপ্তসারের একজন টীকাকার। ইঁহার টীকা অতি সরল ভাষায় সুন্দররূপে লিখিত। গোয়ীচন্দ্র আপনার টীকা প্রমাণিত করিবার জন্য অনেক স্থলে কলাপ-টীকা উদ্ধৃত করিয়া মীমাংসা করিয়াছেন।

গোযুক্ত (ত্রি) গবাযুক্তঃ ৩তৎ। গোবিশিষ্ট।

গোযুগ (ক্লী) গবাং যুগং ৬তৎ। গোযুগল, দুইটী গোরু।

গোযুত (ত্রি) গবাযুতঃ ৩তৎ। গোযুক্ত।

গোযুতি (স্ত্রী) গোর্যুতিগমনং ৬তৎ। গোরুর গমন।

গোর্ (পারসী) কবর। [সমাধি দেখ।]

গোর (গৌর শব্দজ) গৌরবর্ণ।

গোরকচাল, এক প্রকার ক্ষুদ্র গাছ, চাকুলিয়া।

গোরক্ষ্ (ত্রি) গাং রক্ষতি গো-রক্ষ-ক্বিপ্। গোরক্ষক, যে গোরু রক্ষা করে।

গোরক্ষ (পুং) গাং রক্ষতি গো-রক্ষ-অণ্ উপসং। ১ লতা-বিশেষ, চাকুলিয়া। ২ নাগরঙ্গ। (মেদিনী) ৩ ঋষভনামক ঔষধ। (হেমং) (ত্রি) ৪ গোপালক। রক্ষ ভাবে ঘঞ্। ৫ গোরক্ষণ, গোপ্রতিপালন। ৬ গোমাঞ্চলে স্থাপিত একটী প্রাচীন তীর্থ। (সহ্যাদ্রি ২।১।২৯।)

গোরক্ষক (ত্রি) গাং রক্ষতি রক্ষ-ণ্বুল্ ৬তৎ। গোপালক, রাখাল। "গোরক্ষকান্ বাণিজকান্ তথাকারকুশীলবান্। প্রেষ্যান্ বার্দ্ধুষিকাংশ্চৈব বিপ্রান্ শূদ্রবদাচরেৎ॥" (মনু ৮।১০২)

গোরক্ষকর্কটী (স্ত্রী) গোরক্ষা চাসৌ কর্কটী চেতি কর্ম্মধাং। চির্ভিটা। (ভাবপ্রকাশ)

গোরক্ষচাকুল্য। [গোরক্ষতণ্ডুলা দেখ।]

গোরক্ষজম্বূ (স্ত্রী) গোরক্ষা চাসৌ জম্বূ চেতি কর্ম্মধাং। ১ গোধূম, গোম। ২ গোরক্ষতণ্ডুলা, গোরখচাকুলে। ৩ ঘোণ্টাবৃক্ষ। (জটাধর)

গোরক্ষতণ্ডুলা (স্ত্রী) গোরক্ষস্তণ্ডুলো বীজং যস্যাঃ বহুব্রী টাপ্। বৃক্ষবিশেষ, চলিত কথায় গোরখচাকুলে ও স্থানবিশেষে পানসাড়া বলে। (Hedysarum lagopodioides) পর্য্যায়—গাঙ্গেরুকী, নাগবলা, ঋসা, হ্রস্বগবেধুকা, খরবল্লিকা, বিশ্ব-দেবা। [ইহার গুণ নাগবলা শব্দে দ্রষ্টব্য।] ইহার পাতাগুলি প্রায় জবার পাতার মত, অথবা গেঁটে সেওড়া পত্রের সদৃশ, গাছটী দেখিতেও প্রায় সেইরূপ। কিন্তু সেওড়া গাছ যত মোটা হয়, গোরক্ষতণ্ডুলা তত মোটা হয় না। ইহার শাখা অতিশয় দীর্ঘ ছড়ের ন্যায় উত্থিত হইয়া ক্রমে নম্র হইয়া পড়ে। ইহার ফুল ছোট, ক্ষুদ্র ক্ষুদ্র অনেকগুলি দলযুক্ত, শুক্লবর্ণ ও ঈষৎ পীতাভ। ইহার ফল ক্ষুদ্র ও যমল ভাবাপন্ন, ভাদ্র আশ্বিন মাসেই প্রায় জন্মিয়া থাকে। কোন দেশে চলিত কথায় ইহাকে গুরশকরী বলে।

গোরক্ষতণ্ডুলী (স্ত্রী) গোরক্ষস্তণ্ডুলোযস্যাঃ বহুব্রী গৌরাদি-ত্বাৎ ঙীষ্। [গোরক্ষতণ্ডুলা দেখ।] কোন কোন আভি-ধানিকের মতে গোরক্ষতণ্ডুল শব্দের উত্তর ঙীষ্ হয় না, তাহারা কেবল গোরক্ষতণ্ডুলা শব্দই স্বীকার করেন।

গোরক্ষতুম্বী (স্ত্রী) গোরক্ষা চাসৌ তুম্বীচেতি কর্ম্মধাং। কুম্ভাকার তুম্বী, কুম্ভতুম্বী। (রাজনিং)

গোরক্ষদুগ্ধা (স্ত্রী) গোরক্ষং গো পোষকং দুগ্ধং নির্য্যাসো যস্যাঃ বহুব্রী। ক্ষুপবিশেষ। পর্য্যায়—গোরক্ষী, তাম্রদুগ্ধা, রসায়নী, বাহুপত্রী, অমৃতা, জীব্যা ও অমৃতসঞ্জীবনী। ইহার গুণ—মধুর, বৃষ্য, সংগ্রাহী, শীতল, সর্ব্ব বশ্যকর, রসসিদ্ধিগুণ-বর্দ্ধক। (রাজনিং)

গোরক্ষনাথ, একজন মহাসিদ্ধপুরুষ। কণ্‌ফট্ যোগী প্রভৃতি অনেক শৈব সম্প্রদায় ইহাকে শিবাবতার বলিয়া বিশ্বাস করেন। প্রবাদ আছে—

"আদিনাথকে নাতী মচ্ছন্দ্রনাথকে পূত।
মৈঁ যোগী গোরখ অবধূত।"

উক্ত প্রবাদ বচনে জানা যায় যে গোরক্ষনাথ মৎস্যেন্দ্রনাথের পুত্র ছিলেন। হঠযোগপ্রদীপিকা প্রভৃতি গ্রন্থে ইনি নয় নাথের এক নাথ অর্থাৎ নয়জন প্রধান গুরুর একটী গুরু বলিয়া বর্ণিত হইয়াছেন। মহাত্মা কবীর রচিত বীজক পাঠ করিলে একস্থানে বোধ হয় যেন তাহার কিছু পূর্ব্বেই গোরক্ষনাথের মৃত্যু ঘটিয়াছে। হিন্দী ভাষায় কবীর ও গোরক্ষনাথের কথোপকথনাত্মক প্রবন্ধ দৃষ্ট হয়, ইহাতে বোধ হয় যে গুরু গোরক্ষনাথ ও কবীর এক সময়ে অর্থাৎ খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীতে বিদ্যমান ছিলেন। [কবীর দেখ।]

যে সময়ে চৈতন্যদেবের বিশুদ্ধ ধর্ম্মোপদেশে বঙ্গদেশ

মাতিয়া উঠিয়াছিল, প্রায় সেই সময়েই উত্তরপশ্চিমে গোরক্ষনাথের অমৃতময় কথায় ও অসাধারণ যোগকৌশলে মোহিত হইয়া উত্তরপশ্চিমের শত শত ব্যক্তি তাঁহার শিষ্যত্ব গ্রহণ ও তাঁহার নিকট দীক্ষিত হইতেছিলেন। চৈতন্য মহাপ্রভু যেমন উচ্চ নীচ সর্ব্ববর্ণের লোককেই কোল দিয়াছিলেন, গুরু গোরক্ষনাথও সেইরূপ সর্ব্বজাতীয় লোকের মধ্যে স্বীয় মত প্রচার করিয়াছিলেন। সিংহাসনাভিষিক্ত রাজা হইতে গৃহহীন নিরাশ্রয় দীন দরিদ্র সকলেই তাঁহার সমাদর করিতেন এবং তিনি সকলকেই সমানভাবে গ্রহণ করিয়াছিলেন। গুরু গোরক্ষনাথ অনেকটা পাতঞ্জলের মত প্রচার করেন। তাঁহার মতে যোগীই জগতের মধ্যে শ্রেষ্ঠ, যোগবলে মানব সর্ব্বপ্রকার ঐশ্বর্য্য ও সর্ব্বোচ্চ অবস্থা পাইতে পারে। তিনি হঠযোগেরও অনেকটা প্রবর্ত্তক ছিলেন। নেপালের তুষারময় গিরিকন্দর হইতে ভারতের প্রায় সর্ব্ব স্থানেই গোরক্ষনাথ সম্বন্ধে অনেক অলৌকিক গল্প প্রচলিত আছে। ইনি যে কেবল একজন যোগী ও মহাসিদ্ধ ছিলেন তাহা নহে, ইঁহার রচিত হঠযোগসম্বন্ধীয় কয়েকখানি উৎকৃষ্ট সংস্কৃত গ্রন্থ আছে। তন্মধ্যে গোরক্ষকল্প, গোরক্ষসংহিতা, গোরক্ষসহস্র, ও গোরক্ষপিষ্টিকা (রসায়ন) প্রভৃতি গ্রন্থ পাওয়া যায়। [কণ্‌ফট্‌ ও গোর্খা দেখ।]

গোরক্ষপুর (গোরখ্‌পুর) উত্তরপশ্চিমের ছোটলাটের শাসনাধীন একটী জেলা। অক্ষা° ২৬° ৫´ ১৫´´ হইতে ২৭° ২৮´ ৪৫´´ উঃ ও দ্রাঘি° ৮৪° ৭´ হইতে ৮৪° ২৯´ পূঃ পর্য্যন্ত। উক্ত জেলা বারাণসী বিভাগের অন্তর্ভুক্ত। ইহার উত্তর সীমা নেপালরাজ্য, পূর্ব্বে সারণ ও চম্পারণ, দক্ষিণে ঘর্ঘরা নদী এবং পশ্চিমে বস্তি ও ফয়জাবাদ জেলা। ভূপরিমাণ ৪৫৭৮ বর্গ মাইল।

হিমালয় পর্ব্বতের নিম্নতর ঢালুর অব্যবহিত উচ্চ পর্ব্বত হইতে পতিত বেগবান্ জলস্রোত পর্ব্বতের বালুকাকণা লইয়া আসিয়াছে, তাহা ক্রমশঃ জমিয়া ঐ জেলার বালুকাময় ক্ষেত্রে পরিণত হইয়াছে। জেলার মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র বালুপাথরের পাহাড় ব্যতীত অপর কোন উচ্চ পর্ব্বত নাই। ইহার মধ্য দিয়া অনেকগুলি নদী ও জলস্রোত প্রবাহিত হইয়াছে। স্থানে স্থানে জলাভূমি ও হ্রদ দেখা যায়। সকল স্থানে প্রচুর জল আছে বলিয়া সমগ্র জেলাটী বিশেষ উর্ব্বরা এবং বৃক্ষাদিতে পরিপূর্ণ। জেলার উত্তরে এবং মধ্যাংশে বিস্তীর্ণ শালবন।

পর্ব্বত শ্রেণীর নিম্নভাগে "তরাই" বা নিম্নভূমি। নিবিড় বন মধ্য হইতে অনেক স্বচ্ছ জলস্রোত এই জমির উপর দিয়া প্রবাহিত। এখানকার পাহাড়ী অধিবাসীদিগকে দেখিতে গোর্খা বা নেপালীর মত, তাহাদের মধ্যে থারু জাতিই অধিক। এই থারু জাতিই কেবল বর্ষা ঋতুতে তরাই ভূমিতে বাস করিতে পারে। অপর কোন জাতি পারে না। কারণ এইকালে ভয়ানক মড়ক হইয়া থাকে। জেলার দক্ষিণদিকে যতই অগ্রসর হওয়া যায়, ততই সুশোভিত ক্ষেত্ররাজী ও স্থানে স্থানে উষর নামক নোণা ভূমি দেখিতে পাওয়া যায়।

দারুণ বর্ষার সময় অমি উপত্যকার জল পূর্ব্বদিকস্থ হ্রদাদিতে মিলিত হইয়া একটী সমুদ্রের আকার ধারণ করে। এই জেলার মধ্য দিয়া রাপ্তী, ঘর্ঘরা, বড় গণ্ডক, কুয়ানা, রোহিণী, অমি ও গুজ্যী নদীই প্রধান। এতদ্ব্যতীত রামগড়, নন্দৌর, নবর, ভেংড়ি, চিল্লুরা এবং অমিয়র তাল প্রভৃতি কয়েকটী হ্রদও আছে।

ঘর্ঘরা নদীর উত্তরবর্ত্তী এবং অযোধ্যা ও বেহারের মধ্যবর্ত্তী যে সকল স্থান বর্ত্তমান সময়ে গোরক্ষপুর ও বস্তি জেলায় বিভক্ত হইয়াছে, উহা প্রাচীন কোশল রাজ্যের অন্তর্গত ও অযোধ্যা নগরী উক্ত রাজ্যের রাজধানী ছিল। গৌতমবুদ্ধ এই জেলার নিকটবর্ত্তী কপিলবাস্তু নগরে জন্মগ্রহণ করেন এবং জেলার মধ্যবর্ত্তী কশিয়া নামক স্থানে তাঁহার মৃত্যু হয়, আজও তাঁহার সমাধিস্থানের উপর একটী খোদিত বৃহৎ মূর্ত্তি আছে।

আরও একটী প্রবাদ আছে যে, অযোধ্যার সূর্য্যবংশীয় কোন রাজা এই জেলায় কাশীধামের ন্যায় গৌরববিশিষ্ট একটী বৃহৎ নগরী স্থাপনের চেষ্টা পান। যখন তিনি উক্ত নগর সম্পূর্ণরূপে নির্ম্মাণ করেন। সেই সময়ে থারু ও ভরজাতি আসিয়া তাঁহাকে বিপর্য্যস্ত এবং নগর বিধ্বস্ত করিয়া ফেলে। বহুকাল হইতে এই জাতি অযোধ্যা ও গঙ্গার উত্তরপূর্ব্ব দিকস্থ স্থানসমূহে রাজত্ব করে এবং বিজেতা আর্য্যগণকে তাড়াইয়া দেয়। বৌদ্ধধর্ম্মের উত্থানের সঙ্গে সঙ্গে পুনরায় ইহাদের অনেক ঘটনা জানিতে পারা যায়। ভরসর্দ্দার প্রথমে স্বাধীন ভাবে রাজত্ব করিতেন, পরে তিনি মগধের বৌদ্ধরাজের আশ্রিত থাকেন। বৌদ্ধদিগের পতনের পর হিন্দুদিগের প্রাধান্য দিন দিন বাড়িয়া উঠে। খৃষ্টীয় ৬০০ অব্দে কনৌজের হিন্দুরাজগণ এই জেলা আক্রমণ ও বর্ত্তমান গোরখ্‌পুর নগর পর্য্যন্ত স্থান অধিকার করেন। চীনপরিব্রাজক হিউএন্ সিয়াং যখন এই প্রদেশ দেখিতে আসেন, তখন তিনি এখানে অনেকগুলি বৌদ্ধমঠ ও স্তূপাদি দেখিয়া গিয়াছিলেন। খৃষ্টীয় ৯০০ অব্দে দোমহতার নামক ব্রাহ্মণ-যোদ্ধৃদল রাঠোরগণকে গোরক্ষপুর হইতে তাড়াইয়া

দেন। খৃষ্টীয় একাদশ শতাব্দীতে নাগররাজ বিষ্ণুসেন এই রাজ্যের সামন্ত থাকেন, কিন্তু তৎকালে ভরজাতিও জেলার পশ্চিমদিকে রাজত্ব করিত। পরে মোগলসম্রাট্ অকবরের সময়ে জয়পুররাজ কর্ত্তৃক ইহাদিগের সম্পূর্ণ অধঃপতন ঘটিয়াছিল। খৃষ্টীয় চতুর্দ্দশ শতাব্দীর প্রারম্ভে মুসলমান কর্ত্তৃক তাড়িত রাজপুত রাজগণ এই জেলায় পলাইয়া আসে, তন্মধ্যে ধূরচাঁদ ধূরিয়াপাড়ে এবং চন্দ্রসেন শতাসী নামক স্থানে আসিয়া বাস করেন। উক্ত চন্দ্রসেন দোমানগড় (বর্ত্তমান গোরক্ষপুর দুর্গ) আক্রমণ এবং দোমহতার সর্দ্দারকে নিহত করিয়া নিজে রাজা হন। ঐ শতাব্দীতে বতবল ও বাঁসীর রাজগণের সহিত ঘন ঘন যুদ্ধে জেলার অধিকাংশ মরুভূমির আকার ধারণ করে এবং ১৩৫০ হইতে ১৪৫০ খৃষ্টাব্দ পর্য্যন্ত শতাসী ও মজহোলি রাজগণের সহিত অবিচ্ছেদ যুদ্ধ সংঘটিত হয়।

প্রায় ১৪০০ খৃষ্টাব্দে গোরখ্পুর নগর স্থাপিত হয়। শতাব্দী পরে এই জেলা ক্রমশঃই বিভক্ত হইয়া পড়ে। মজ্হোলীবংশ দক্ষিণপূর্ব্ব অধিকার করে। ধূরচাঁদের বংশধরেরা দক্ষিণপশ্চিমাংশে রাজত্ব করিতে থাকে। ইহার পর আওন্লা ও শতাসী রাজ্য এবং জেলার উত্তর পশ্চিমাংশে ক্ষুদ্র বতবল রাজ্য গঠিত হয়। উক্ত রাজগণ সকলেই স্বাধীন ভাবে রাজত্ব করিতেন।

মোগল রাজত্বের পূর্ব্বে কোন মুসলমানই ঘর্ঘরা পার হইয়া এই প্রদেশে আসিতে পারে নাই। ১৫৭৬ খৃষ্টাব্দে বঙ্গেশ্বর দাউদ খাঁকে পরাস্ত করিয়া অকবরের সৈন্যদল এই জেলার মধ্য দিয়া আসিয়াছিল এবং যে সকল রাজগণ তাহাদের গতিরোধ করিয়াছিলেন, সম্রাট্ সেনানায়ক ফদাই খাঁ সকলকে পরাজিত করিয়া গোরখ্পুর দখল করেন। অরঙ্গজিবের সময়ে তাঁহার পুত্র বাহাদুর শাহ মৃগয়ার উদ্দেশে এই জেলা দেখিতে আসেন। কিন্তু ১৭২১ খৃষ্টাব্দে লক্ষ্ণৌনগরে অযোধ্যার নবাব উজীর প্রতিষ্ঠিত হইবার পূর্ব্বে মুসলমানগণ গোরখ্পুরের উপর বড় একটা নজর রাখিতেন না। তৎকালে দেশীয় রাজগণ এই প্রদেশে রাজত্ব করিতেন। নবাব সয়াদৎ আলী সিংহাসনে আরোহণ করিয়াই গোরখ্পুর অধিকারে যত্ন পান। ১৭৫০ খৃষ্টাব্দে আলী কাসিম খাঁ বহু সৈন্য লইয়া গোরখ্পুর হস্তগত করিলেন। এ সময়েও মুসলমানগণ গোরখ্পুরের কর লইয়া বিশেষ পীড়াপীড়ি করিতেন না। দেশীয় রাজগণ যাহাই দিতেন, তাহাই গ্রহণ করিতেন। খৃষ্টীয় ১৮শ শতাব্দে বঞ্জরাদিগের উৎপাতে এই জেলা বিশেষ উৎপীড়িত হয়। ১৭২৫ খৃষ্টাব্দে বঞ্জরাদিগকে প্রথম দেখা যায়। ত্রিশবর্ষ তাহারা একটু শান্ত ছিল, তৎপরে ইহারা বাঁসির রাজার সহিত মিলিত হইয়া অপরাপর সর্দ্দারগণকে ব্যতিব্যস্ত করিয়া তুলে। এই সময় অযোধ্যার নবাব সরকারের রাজপুরুষগণ প্রজার ধন সম্পত্তি সমস্তই লুটিয়া লইতে লাগিল। প্রজাদের হাহাকারে গগন বিদীর্ণ হইল। ১৭৪৪ খৃষ্টাব্দে বক্সরের যুদ্ধের পর একজন বৃটীশ সেনানায়ক নবাবের সৈন্যপরিচালন ভার ও গোরখ্পুরের কর আদায় করিবার ভার পাইলেন। তিনি কয়েকজন জোতদারকে জমি বিলি করিলেন, তাহারা প্রজা বিলি করিয়া নির্দ্দয় ভাবে অত্যধিক কর আদায় করিতে লাগিল। ১৮০১ খৃষ্টাব্দের সন্ধি অনুসারে অযোধ্যার নবাব বৃটীশ গবর্মেণ্টকে এই জেলা ছাড়িয়া দেন। বৃটীশ গবর্মেণ্ট গোরখ্পুর, আজিমগড় ও বস্তিজেলার সুশাসনের বন্দোবস্ত করিলেন। সময়ে সময়ে প্রজাদিগের রাজস্বও কমাইতে লাগিলেন। ১৮১৩ খৃষ্টাব্দে নেপালীরা গোরখ্পুর আক্রমণ করে। কিন্তু অল্পকাল মধ্যে তাহারা ফিরিয়া যাইতে বাধ্য হয়। তৎপরে সিপাহীবিদ্রোহ পর্য্যন্ত এখানে কোন গোলযোগ ঘটে নাই। ১৮৫৭ খৃষ্টাব্দে আগষ্ট মাসে মুহম্মদ হোসেনের অধীনে বিদ্রোহীগণ এই জেলা অধিকার করে, ১৮৫৮ খৃষ্টাব্দে ৬ই জানুয়ারী জঙ্গবাহাদুর গোর্খা-সৈন্যসহ আসিয়া মুহম্মদ হোসেন ও পরে অপর বিদ্রোহীকে গোরখ্পুর জেলা হইতে তাড়াইয়া দেন। সেই পর্য্যন্ত বৃটীশ গবর্মেণ্টের অধিকারে আছে। এখানে এক একজন রাজার অধীনে কয়খানি করিয়া পরগণা, তন্মধ্যে আবার পট্টিদারী, জমিদারী ও ভয়চার বন্দোবস্ত আছে।

এখানে জোয়ার, বাজরা, যব, গম, কলাই, মুগ প্রভৃতি প্রচুর জন্মে। বনে মধু যথেষ্ট পাওয়া যায়। এখানকার বড়াজ নামক স্থানই বাণিজ্য প্রধান। ফয়জাবাদ, অকবরপুর, জমাণিয়া প্রভৃতি স্থানেও নানাপ্রকার ব্যবসা চলে।

এখানকার জলবায়ু স্বাস্থ্যকর। পর্ব্বতের নিকট থাকায় তেমন গ্রীষ্ম হয় না, অথচ তেমন ঠাণ্ডাও নহে। তবে এখানকার তরাই ও বনজঙ্গল অংশে ম্যালেরিয়া জ্বরের যথেষ্ট প্রাদুর্ভাব। গোরখ্পুর, রুদ্রপুর, কশিয়া ও বড়লগঞ্জে দাতব্য ঔষধালয় আছে। এখানে ব্রাহ্মণ, রজপুত, কায়স্থ, কুর্ম্মি প্রভৃতি হিন্দু ও শেখ, সৈয়দ, মোগল ও পাঠানের বাস আছে। হিন্দু অধিবাসীর মধ্যে ব্রাহ্মণ ও কুরমি জাতি, এবং মুসলমানের মধ্যে শেখদিগের সংখ্যাই অধিক।

২ উক্ত জেলার মধ্য তহশীল। ভূপরিমাণ ৬৫৪ বর্গ-মাইল। রাজস্ব আদায় ২৫৯২৩০৲ টাকা।

৩ উক্ত জেলার প্রধান নগর ও সদর। অক্ষা° ২৬° ৪৪´ ৮´´ উঃ, দ্রাঘি° ৮৩° ২৩´ ৪৪´´ পূঃ। জেলার ঠিক মধ্যস্থলে রাপ্তী নদীকূলে অবস্থিত। প্রাচীন নগরের অবস্থানের উপর প্রায় ১৪০০ খৃষ্টাব্দে এই নগর স্থাপিত হয়। এখানে জেলার সদর কাছারী, বিচারালয়, কারাগার, দাতব্য ঔষধালয়, মিউনিসিপালিটি প্রভৃতি আছে।

গোরক্ষা (স্ত্রী) গবাং রক্ষা ৬তৎ। ১ গো-পালন। গাং রক্ষতি রক্ষ-অচ্ টাপ্। ২ যে স্ত্রী গোরক্ষা করে।

গোরক্ষী (স্ত্রী) গোরক্ষ-ঙীষ্। ১ গোরক্ষদুগ্ধা। ২ কুম্ভতুম্বী। ৩ ক্ষুদ্র ক্ষুপবিশেষ, মালব দেশেই এই জাতীয় ক্ষুপ জন্মিয়া থাকে। ইহার পর্য্যায়—সর্পদণ্ডী, সুদণ্ডিকা, চিত্রলা, পঞ্চপর্ণিকা, গন্ধবহুলা ও গোপালী। ইহার গুণ—মধুর, তিক্ত, শীতল, দাহ, পিত্ত, বিস্ফোট, বাস্তি, অতিসার ও জ্বরদোষনাশক। (রাজনি°) ইহার ফল খর্ব্বুজা জাতীয়, বহুল গন্ধযুক্ত এবং গাত্ররেখাদ্বারা চিত্রিত।

গোরখা, বৃক্ষবিশেষ। [গোর্খা দেখ।]

গোরঙ্কু (পুং স্ত্রী) গবা বাচা রঙ্কুরিব। ১ পক্ষীবিশেষ। ২ লগ্নক। ৩ বন্দী। (মেদিনী)

গোরট (পুং) গবি রটতি রট-অচ্। দুষ্‌খদির। (রাজনি°)

গোরণ (ক্লী) গুর-ভাবে ল্যুট্। উত্তোলন, উদ্যম। (অমর)

গোরণ্টল, মান্দ্রাজের কর্ণূল জেলার অন্তর্গত ও কর্ণূলনগর হইতে ৯½ ক্রোশ দক্ষিণে অবস্থিত একটী গ্রাম। এখানে কতকগুলি প্রাচীন মন্দির ও তাহাতে শিলালিপি দৃষ্ট হয়। এখানকার মাধবস্বামীর মন্দিরে ১৫০৭ শকে উৎকীর্ণ বিজয়নগরাধিপ রঙ্গরায়ের অনুশাসন আছে।

গোরথ (পুং) মগধদেশস্থিত একটী মনোরম পর্ব্বত।

"গোরথং গিরিমাসাদ্য দদৃশুর্মাগধং পুরম্।"

(ভারত ২।১৯ অঃ)

গোরনেবু (দেশজ) গোড়ানেবু।

গোরবা (আরবী মিশ্র) গরীব, দরিদ্র, নিরাশ্রয়।

গোরমা (স্ত্রী) তৃণবিশেষ, গন্ধখড়।

গোরমুগ (দেশজ) একপ্রকার মুগ। (Phaseolus sublobatus)

গোরভস (ত্রি) গৌঃ পয়স্তদ্বরভসং বেগোবীর্য্যং যস্য বহুব্রী। বীর্য্যবান্। "হরিং যত্রে মন্দিনং তুক্ষন্ বৃধে। গোরভস মদ্রিভির্বাতাপ্যং।" (ঋক্ ১।১২১।৮)

'অত্র গোশব্দঃ পয়সি বর্ত্ততে পয়োবলং তদ্বদ্বেগবত্তং বীর্য্যবত্ত মিত্যর্থঃ।' (সায়ণ।)

গোরশুন (গোলশুন শব্দজ) একপ্রকার বৃক্ষ।

গোরস (পুং) গবাং রসঃ ৬তৎ। ১ গোদুগ্ধ। ২ দধি। ৩ তক্র, ঘোল।

"আঢ্যানাং মাংসপরমং মধ্যানাং গোরসোত্তমম্।
তৈলোত্তরং দরিদ্রাণাং ভোজনং ভরতর্ষভ॥" (ভারত ৫।৩০ অঃ)

৪ বাক্যগত রস। "কোরসো গোরসং বিনা।" (উদ্ভট)

গোরসজ (ক্লী) গোরসাৎ জায়তে গো-রস-জন-ড। ১ তক্র, ঘোল। (রাজনি°) (ত্রি) ২ যাহা গোরস হইতে উৎপন্ন হয়, গোরসজাত।

গোরস্থান (পারসী) কবর। [গোর্ দেখ।]

গোরা (গৌর শব্দজ) ১ গৌরবর্ণ।

"গোরা ছিনু ভাবিতে ভাবিতে হৈনু কাল।"

(দেশজ) ২ য়ুরোপীয়। ৩ য়ুরোপীয় সৈন্য।

গোরাচাঁদ, একজন মুসলমানধর্ম্মাবলম্বী ফকির, পীর গোরাচাঁদ নামে খ্যাত। প্রবাদ আছে—তিনি মক্কা দর্শন করিয়া সুন্দল নামক ভৃত্য সহ ফিরিয়া আসিতেছিলেন, পরগণা হাতিয়াগড়ের নিকট দুইটা পিশাচ আসিয়া তাঁহাকে আক্রমণ করে। অনেকক্ষণ যুদ্ধের পর একটা নিহত হয়, কিন্তু অপরটা গোরাচাঁদকে বিশেষরূপে আহত করে ও তাঁহার কাঁধ অবধি দ্বিখণ্ড করিয়া ফেলে। রক্তের স্রোতে গোরাচাঁদ ভাসিতে লাগিলেন। তিনি সুন্দলকে পাণ আনিয়া ক্ষত স্থান বাঁধিয়া দিতে বলিলেন, কিন্তু কোথাও পাণ পাওয়া গেল না। তখন গোরাচাঁদ পাণের অন্বেষণে বালান্দা পরগণায় আসিয়া উপস্থিত হইলেন। এখানে তিনি ঘোড়া হইতে পড়িয়া মৃতকল্প হইয়া পড়েন। তখন গোরাচাঁদ সুন্দলকে মাতার নিকট গিয়া সংবাদ দিতে বলিলেন। এখানে কালুঘোষের কপিলা নামে একটী গোরু ছিল, সে গুপ্তভাবে জঙ্গলে আসিয়া গোরাচাঁদকে দুধ দিয়া যাইত, সেই দুধ খাইয়া গোরাচাঁদ জীবনধারণ করিতেন। গোয়ালা কালুঘোষ দেখিল কপিলা আর তাহাকে দুধ দেয় না, ইহার কারণ কি? শেষে ঘটনাক্রমে কপিলার কাণ্ড জানিতে পারিল। কালু কপিলাকে মারিতে যায়। তাহা দেখিয়া গোরাচাঁদ কালুকে অভিসম্পাত করিতে উদ্যত হন। তখন কালু তাঁহার পা জড়াইয়া ধরে এবং বলে, "প্রভো! অনুমতি করুন আমি ও আমার ভাই মিলিয়া আপনার সৎকার করিব।" শেষে গোরাচাঁদ বলিয়া গেলেন, "দেখ, কেহ যেন এই বালান্দার মধ্যে পাণের চাস না করে, যে পাণের চাস করিবে, সে সবংশে মরিবে।" এই বলিয়া তিনি ইহলোক পরিত্যাগ করিলেন। কালুঘোষ ও তাহার ভ্রাতারা গোরাচাঁদের গোর দিল, এবং তাঁহার কবরের উপর প্রত্যহ

রাত্রে আলো দিয়া রাখিত। তৎপরে সেখানে একটী মস্‌জিদ্ নির্ম্মিত হয়।

বালান্দার অন্তর্গত হাড়োয়া নামক গ্রামে প্রতি বর্ষে ফাল্গুন মাসে গোরাচাঁদের স্মরণার্থ একটী বৃহৎ মেলা হয়, তাহাতে সহস্র সহস্র লোকের সমাগম হইয়া থাকে। কালু-ঘোষের বংশধরেরা আজও সর্ব্বাগ্রে গোরাচাঁদের কবরে দুধ ও ফল উৎসর্গ করিয়া থাকে। আজও বালান্দার লোকেরা গোরাচাঁদের কথানুসারে পাণের চাষ করে না। (Ralph Smyth's Statistical and Geographical Report of the 24 Pergunnahs, p. 83-84.)

গোরাজ (পুং) গবাং রাজা ৬তৎ সমানান্ত টচ্। শ্রেষ্ঠ বৃষ।

গোরাটিকা (স্ত্রী) গাং বাচং রটতি রট্-ণ্বুল্। শারিকা পক্ষী।

গোরাটী (স্ত্রী) গাং বাচং রটতি রট অণ্ ঙীষ্। শারিকাপক্ষী।

গোরিকা (স্ত্রী) গোরাটিকা পৃষোদরাদিত্বাৎ সাধু। শারিকা।

গোরিবিদ্‌নূর, ১ মহিসূরের কোলার জেলার অন্তর্গত একটী তালুক। ভূপরিমাণ ১৫৩ বর্গমাইল। এখানকার মাটি বেশ উর্ব্বরা। ধান, হরিদ্রা, নারিকেল, সুপারি ও ইক্ষু যথেষ্ট জন্মে।

২ উক্ত তালুকের প্রধান নগর। পিনাকিনী নদীর বামতীরে অবস্থিত। অক্ষা° ১৩° ৩৭´ উঃ, দ্রাঘি° ৭৭° ৩২´৫০´´ পূঃ। নগরটী অতি প্রাচীন। এখান হইতে গঙ্গবংশীয় রাজগণের শিলালিপি পাওয়া গিয়াছে।

গোরুকল্লু, মান্দ্রাজের কর্ণূল জেলার একটী বিধ্বস্ত প্রাচীন নগর। নন্দ্যাল হইতে ৭ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। এখানে কেশব ও বীরভদ্রের ধ্বংসাবশিষ্ট অতি প্রাচীন মন্দির আছে। নগরের পার্শ্বে ছাবড়িগ্রামের সম্মুখে ১০৬১ শকে উৎকীর্ণ একখানি শিলালিপি আছে।

গোরু (গোশব্দজ) গো। [গো দেখ।]

গোরুত (ক্লী) গবাং রুতং ৬তৎ। ১ গোরব, গোরুর শব্দ। গোরুর শব্দানুসারে পালের ভাবী শুভাশুভ জানিতে পারা যায়। [গোশব্দ দেখ।] গোরুতং শ্রুতিগোচরত্বে-নাস্যস্য গোরুত অর্শাদিত্বাদচ্। ২ দুইক্রোশ। (হেম°)

গোরূপ (ক্লী) গবাং রূপং ৬তৎ। ১ গোরুর রূপ, গোরুর আকৃতি। "জুগোপ গোরূপধরামিবোর্ব্বীম্।" (রঘুবংশ ২স°)

গো-রূপমিব রূপমস্য বহুব্রী। ২ মহাদেব।

"গোরূপশ্চ মহাদেবোহস্তস্যৈষ্ট্রেথর্য্যাকৃতিঃ।"(ভারত ১৩।১৪অঃ)

গোরোচ (ক্লী) গবা কিরণেন রোচতে রুচ-অচ্। হরিতাল। (রাজনি°)

গোরোচনা (স্ত্রী) গোভ্যোজাতা রোচনেব। স্বনামখ্যাত পীতবর্ণ দ্রব্যবিশেষ। গোরুর মস্তকস্থিত শুষ্ক পিত্ত। পর্য্যায়—রুচি, শোভা, রুচিরা, শোভনা, শুভা, গৌরী, রোচনী, পিঙ্গা, মঙ্গল্যা, মঙ্গলা, শিবা, পীতা, গৌতমী, গব্যা, চন্দনীয়া, কাঞ্চনী, মেধ্যা, মনোরমা, শ্যামা, রামা, বন্দ্যা, রোচনা। ইহার গুণ—শীতল, তিক্ত, বশ্য, মঙ্গল ও কান্তিকারী; বিষ, অলক্ষ্মী, গ্রহ, উন্মাদ, গর্ভস্রাব ও ক্ষতরক্তনিবারক। (ভাবপ্রকাশ।) রাজনির্ঘণ্টের মতে রুচিকর, পবিত্র, শৃঙ্গাররসের অনুকূল, কৃমি ও কুষ্ঠনাশক, ভূতোপশমকারী ও মোহজনক। (রাজনি°।) প্রাচীনকালে এদেশীয় মহিলারা শরীর শোভার জন্য গোরোচনার অলকা তিলকা পরিতেন। তন্ত্র মতে গোরোচনাদ্বারা দেবযন্ত্র প্রস্তুত করিতে পারা যায়। "গোরোচনালক্তককুঙ্কুমেন।" (তন্ত্রসার।) এদেশীয় লোকের বিশ্বাসে লেখ্য পদার্থের মধ্যে গোরোচনা অতিশয় পবিত্র। পণ্ডিতেরা ইহাদ্বারা দেবতার কবচ প্রভৃতি লিখিয়া থাকেন।

গোর্খা, ১ নেপাল রাজ্যের অন্তর্গত একটী জেলা। গণ্ডকী নদীর অববাহিকার উত্তরপূর্ব্বাংশে অবস্থিত। মর্সিয়াংদি ও ত্রিশূলগঙ্গা নদীর মধ্যবর্ত্তী সমুদায় ভূভাগ এই জেলার অন্তর্গত। ইহাই নেপালের গোর্খাদিগের আদি বাসভূমি।

২ উক্ত জেলার প্রধান নগর, হনুমান্‌বঞ্জং পাহাড়ের উপরে ও দরম্‌দি নদীর বামকূলে কাঠমাণ্ডু হইতে ২৬ ক্রোশ দূরে অবস্থিত। এখানে প্রায় দুই সহস্র গৃহ ও দরবার বা রাজপ্রাসাদ আছে। দরবারের নিতান্ত ভগ্নাবস্থা।

৩ উক্ত জেলার অধিবাসী, গোর্খালী নামেও খ্যাত। এখন নেপাল ও তরাইএর নানাস্থানের অধিবাসীই গোর্খা নামে পরিচয় দিয়া থাকে, কিন্তু যাহারা অথবা যাহাদের পূর্ব্বপুরুষগণ গোর্খা নামক জনপদে বাস করিয়া স্বাধীন ও প্রবল জাতিরূপে উঠিয়াছে, তাহারাই প্রকৃত গোর্খা বা গোর্খালী *। পৃথ্বীনারায়ণের অভ্যুদয়ে তাঁহার সহিত ইহারাও নেপালের নানাস্থানে বিস্তৃত হইয়া পড়িয়াছে। [নেপাল শব্দে গোর্খারাজগণের বিবরণ দ্রষ্টব্য।] ইহারা বলে, এক সময়ে গুরু গোরক্ষনাথ নেপালে আগমন করেন, তিনি যে অঞ্চলে থাকিয়া ১২ বর্ষকাল কঠোর তপস্যা করিয়াছিলেন, সেই স্থানই তাঁহার নামানুসারে গোর্খা নামে পরিচিত হয়। তাহারাও সকলে গোরক্ষনাথকে বিশেষ ভক্তিশ্রদ্ধা করে ও শিবাবতার গোরক্ষের শিষ্য বলিয়া পরিচয় দেয় বলিয়া "গোরক্ষা" বা গোর্খা নামে অভিহিত।

গোর্খা একটী ভিন্ন জাতি নহে। গোর্খারাজ পৃথ্বী-

* কুমাউনের পাহাড়, দোতি, জুমলা, মালিভূমি ও নেপালের পশ্চিমাংশবাসী লোকদিগকে কেহ কেহ গোর্খা নামে উল্লেখ করেন, কিন্তু তাহারা প্রকৃত গোর্খা নয়, তাহারা পার্ব্বতীয়। [পার্ব্বতীয় দেখ।]

নারায়ণের সহিত ব্রাহ্মণ, ক্ষত্রিয়, মগর, গুরুঙ্গ, কামাই, দামাই প্রভৃতি নানা জাতি অস্ত্র ধারণ করিয়াছিল, এখন তাহারা সকলেই গোর্খা নামে পরিচিত।

গোর্খাগণ বলিষ্ঠ, সাহসী, দৃঢ়কায়, সত্যবাদী ও কষ্টসহিষ্ণু। পার্ব্বতীয় যুদ্ধে ইহাদের সমকক্ষ যোদ্ধা ভারতে আর নাই। ইহাদের শরীরের গঠন চীন বা তাতারবাসীর মত, চক্ষু ছোট, নাসিকা চেপ্টা, অঙ্গ প্রত্যঙ্গ মাংসল।

খৃষ্টীয় একাদশ শতাব্দে মুসলমান আক্রমণে উৎপীড়িত হইয়া হিন্দুরাজগণ সসৈন্যে নেপালের পার্ব্বতীয় প্রদেশে আসিয়া আত্মরক্ষা করেন। কোন কোন পুরাবিদের মতে সেই হিন্দুগণের সহিত এখানকার মগর, গুরুঙ্গ প্রভৃতি জাতীয় রমণীর সংস্রবে গোর্খা প্রভৃতির উৎপত্তি হইয়াছে। নেপালের গোর্খা নামক স্থানে এই গোর্খাগণ বহুদিন নিরাপদে শান্তিসুখ ভোগ করিতেছিল, কোন উল্লেখযোগ্য ঘটনা ঘটে নাই। তাহাদের সর্দ্দার নামমাত্র নেপাল রাজের অধীন ছিলেন। ১৭৬৮ খৃষ্টাব্দের কিছু পূর্ব্বে মুহম্মদ তোগলক নেপাল অধিকার করিবার জন্য অগ্রসর হন। সেই সময় চীনসৈন্য আসিয়া নব আক্রমণকারীকে পরাজয় করে। এই সময়ে ভাটগাঁও, কাঠমাণ্ডু ও ললিতপত্তনের রাজাদিগের মধ্যে গোলযোগ বাঁধে। পৃথ্বীনারায়ণ এই সময় গোর্খাদিগের রাজা, তিনি আপনাকে উদয়পুরের রাণার বংশধর বলিয়া পরিচয় দিতেন। ভাটগাঁওর রাজা অপর রাজগণের বিরুদ্ধে পৃথ্বীনারায়ণের সাহায্য প্রার্থনা করেন। কিন্তু তিনি দেখিলেন যে পৃথ্বীনারায়ণ হইতে সাহায্য লাভ দূরের কথা, গোর্খাধিপ তাঁহাদিগের বিপক্ষেই উঠিয়াছেন। তখন উক্ত তিন স্থানের রাজা ও তাহাদের অধীনস্থ সামন্তগণ সকলেই গোর্খাধিপের বিপক্ষে অস্ত্রধারণ করিলেন। কিন্তু একে একে সকল রাজধানীই গোর্খা সর্দ্দারের হস্তগত হইতে লাগিল, একজন রাজা যুদ্ধক্ষেত্রে নিহত হইলেন, একজন বন্দীভাবে কারাগারে মরিলেন, একজন ভারতে পলাইয়া আসিয়া বৃটীশ গবর্মেণ্টের সাহায্য প্রার্থনা করিলেন। বৃটীশ গবর্মেণ্ট তাঁহাদের সাহায্যার্থ সৈন্য পাঠাইয়াছিলেন। কিন্তু কিছুই করিতে পারেন নাই। পৃথ্বীনারায়ণের মৃত্যুর পর তাঁহার শিশু পৌত্রের প্রতিনিধি গোর্খাবীর বাহাদুর শাহ গোর্খাসৈন্য সাহায্যে সমস্ত নেপাল ও ভোটের কিয়দংশ অধিকার করিয়া লইলেন।

গোর্খারা সিকিমরাজ্য অধিকার করিতে অগ্রসর হইল। ১৮১৪ খৃষ্টাব্দে বৃটীশ গবর্মেণ্টের সহিত গোর্খাদিগের ভীষণ সমর বাঁধে। প্রথমে গোর্খারা বিস্তর বৃটীশসৈন্য নষ্ট করিয়াছিল। পর বর্ষে সার ডেভিড্ অক্টরলনি বৃটীশ গৌরব উদ্ধারের জন্য প্রবল প্রতাপে গোর্খাদিগকে আক্রমণ করেন। কিন্তু তিনিও বড় কিছু করিতে পারেন নাই। ১৮১৬ খৃষ্টাব্দে বৃটীশ গবর্মেণ্টের সহিত নেপালরাজের সন্ধি হয়। তাহাতে কৌশলক্রমে বৃটীশ গবর্মেণ্ট কতকগুলি স্থান গোর্খাদিগের হস্ত হইতে উদ্ধার করেন এবং নেপাল রাজ্য বর্ত্তমান আকারে পরিণত হয়। [নেপাল দেখ।]

সন্ধি অনুসারে নেপালের রাজধানী কাঠমাণ্ডুতে একজন বৃটীশ রেসিডেণ্ট থাকিতে পান। ১৮৪০-৪১ খৃষ্টাব্দে শিখযুদ্ধের সময় নেপালের গোর্খারাও বৃটীশ গবর্মেণ্টের বিরুদ্ধে অস্ত্রধারণ করিবার জন্য প্রস্তুত হইয়াছিল, কিন্তু বৃটীশ রেসিডেণ্ট সুবিজ্ঞ ব্রায়ণ হজসন সাহেবের কৌশলে গোলযোগ থামিয়া যায়। ১৮৩৩ খৃষ্টাব্দে হজসন্ সাহেব গোর্খা সৈন্যের যুদ্ধনিপুণতার পরিচয় দিয়া বৃটীশ গবর্মেণ্টকে এক পত্র লেখেন এবং নেপাল হইতে গোর্খাসৈন্য সংগ্রহ করিয়া বৃটীশ সৈন্য মধ্যে নিযুক্ত করিতে অনুরোধ করেন। বৃটীশ গবর্মেণ্ট তাঁহার প্রস্তাব সাদরে গ্রহণ করিলেন। গোর্খাগণ ভারতের লোকদিগকে "মধেশিয়া" বলিয়া ঘৃণা করিয়া থাকে। প্রথমে তাহারা কেহই বৃটীশের অধীন হইতে চায় নাই। তবে যে সকল গোর্খা সৈন্য নেপালরাজসরকারে নিযুক্ত ছিল না, হজসন সাহেবের প্ররোচনায় তাহারা বৃটীশ রাজ্যে আসিতে স্বীকৃত হইল। ক্রমে ক্রমে এইরূপ প্রায় ত্রিশ হাজার সৈন্য বৃটীশ সৈন্যমধ্যে প্রবেশ করিল। তখন সুচতুর নেপালরাজ এক আপত্তি করিলেন যে, বৃটীশ গবর্মেণ্ট নেপাল হইতে কাহাকেও লইতে পারিবেন না, এরূপ হইলে নেপালরাজের বল হ্রাস হইবার সম্ভাবনা। তদবধি বৃটীশ গবর্মেণ্ট নেপাল হইতে আসল গোর্খা সেনা সংগ্রহ করিতে পারেন না, বৃটীশ অধিকারভুক্ত নেপালের তরাইয়ে যে সকল গোর্খা বাস করিতেছে, তাহাদের মধ্যে উপযুক্ত লোক লইয়া বৃটীশ গবর্মেণ্টের গোর্খা সৈন্যদল গঠিত হয়। গোর্খা সৈন্যগণ নিতান্ত প্রভুভক্ত, সত্যবাদী ও সাহসী। বৃটীশ গবর্মেণ্ট এই সৈন্য দ্বারা যে কত উপকার পাইয়াছেন, তাহা বলিয়া শেষ করা যায় না। জঙ্গ বাহাদুর গোর্খাসৈন্য সাহায্যেই সিপাহী বিদ্রোহের সময় বৃটীশ রাজত্ব রক্ষা করিয়াছিলেন। নেপাল রাজের অধীনেও প্রায় লক্ষাধিক গোর্খা সৈন্য আছে।

গোর্দ্দ (ক্লী) গুর দদন্ নিপাতনে সাধু (অব্দাদয়শ্চ। উণ্ ৪। ৯৮) ১ মস্তিষ্ক, মস্তিষ্কস্থ ঘৃত। (অমর)

গোল (পুং) গুড় অচ্ ডস্য লঃ। ১ বর্ত্তুলাকার পদার্থ।

২ মদন বৃক্ষ। (রত্নমা॰) ৩ বিধবার গর্ভোৎপন্ন জারজ পুত্র। (ধরণী) "অবকীর্ণী কুণ্ডগোলৌ কুনখী শ্যাবদন্তকঃ।" (যাজ্ঞবল্ক্য।) ৪ বোল। (জটাধর) গোলো বিষয়তয়া অস্ত্যস্য গোল অচ্। ৫ ভাস্করাচার্য্যকৃত গোলাধ্যায় নামক গ্রন্থ।

"তং তাংচ প্রণিপত্য গোলমমলং বাল্যাববোধং ব্রুবে।"

(গোলাধ্যায়)

৬ ক্ষেত্রবিশেষ।

"গোলঃ স্মৃতঃ ক্ষেত্রবিশেষ এষপ্রাঙ্নিরতঃ স্যাদ্‌গণিতেন গম্যঃ।"

(সিদ্ধান্তশিরোমণি)

(ক্লী) ৭ মণ্ডল। "প্রেক্ষয়িত্বা ভুবো গোলং পত্ন্যৈ যাবান্ স্বসংস্থয়া।" (ভাগবত ৩।২৩।৪২)

(পুং) ৮ গ্রহযোগবিশেষ। প্রশ্নকৌমুদীর মতে একটী রাশিতে ছয়টা গ্রহ থাকিলে গোলযোগ হইয়া থাকে। এই যোগ হইলে দেবরাজ ইন্দ্রেরও বিনাশ হয়। মনুষ্যগণ রাক্ষসপ্রকৃতি হইয়া উঠে। জননী পুত্রের প্রতি দয়ামায়া পরিত্যাগ করে, সমস্ত নৃপগণের বিনাশ হয়। বসুধামণ্ডল ভীষণ অনলে জ্বলিতে থাকে। নদ নদী তড়াগ জলাশয় শুকাইয়া যায় (১)। ময়ূরচিত্রকের মতে সাতটী গ্রহ এক রাশিতে হইলে গোলযোগ হয়, ইহাতে দুর্ভিক্ষ, রাষ্ট্রপীড়া ও রাজগণের বিনাশ হয়। দীপিকায় আর একপ্রকার গোলযোগের উল্লেখ আছে। [যোগ দেখ।]

গোল, ভারতবর্ষীয় প্রাচীন জ্যোতির্বিদ্‌গণ কর্ত্তৃক আবিষ্কৃত ও ব্যবহৃত একপ্রকার যন্ত্র। পাশ্চাত্য জ্যোতির্বিদ্‌গণের ব্যবহৃত গ্লোব (Globe) যন্ত্রের যে প্রয়োজন ও লক্ষণ, গোলের প্রয়োজন এবং লক্ষণও প্রায় সেইরূপ। এই গোলযন্ত্র কাষ্ঠময় শলাকা দ্বারা নির্ম্মাণ করিতে হয়। প্রায় সকল প্রাচীন জ্যোতিষ গ্রন্থেই ইহার প্রয়োজন ও প্রস্তুত করিবার প্রণালী অল্প বিস্তর লিখিত আছে এবং মতামতও দৃষ্ট হয়। সূর্য্যসিদ্ধান্ত ও সিদ্ধান্তশিরোমণির গোলাধ্যায়ে গোলের বিষয় যাহা লিখিত আছে, তাহাই এস্থলে লিখিত হইল।

সূর্য্যসিদ্ধান্তে লিখিত আছে যে, জ্যোতিঃশাস্ত্রে গোলের সমস্ত বর্ণনা থাকিলেও কেবল তাহা পড়িয়া গোলের প্রকৃত অবস্থা ধারণা করা যায় না। বিশেষতঃ আমাদের অধোভাগে বা পার্শ্বদেশে আমাদের ন্যায় লোক বাস করিতেছে, বৃহৎ বৃহৎ পর্ব্বত স্থিরভাবে রহিয়াছে, নদী প্রবাহিত হইতেছে এবং সেই স্থানবাসীদের মাথার উপরেও গ্রহগণ এবং জ্যোতিষ্কমণ্ডল নিরন্তর সমান ভাবে ভ্রমণ করিতেছে, এই সকল বিষয় প্রত্যক্ষ না হইলে ধারণা করা দুঃসাধ্য। এই কারণে পৃথিবী প্রভৃতির কৃত্রিম গোল প্রস্তুত করিয়া এখনকার মত পূর্ব্বকালেও দেখান হইত।

জ্যোতিঃশাস্ত্রপ্রতিপাদ্য বিষয়গুলি ভালরূপে হৃদয়ঙ্গম করাই পৃথিব্যাদির কৃত্রিম গোল বা গোলযন্ত্রের প্রধান উদ্দেশ্য। গোলযন্ত্র কাষ্ঠ দ্বারা নির্ম্মাণ করিতে হয়, ইহার পরিধি পরিমাণের কোন নিয়ম নাই, ইচ্ছানুসারে ছোট বা বড় করা যাইতে পারে। কাষ্ঠ দ্বারা বড় ভাঁটার ন্যায় একটী গোল প্রস্তুত করিয়া তাহার উপরে জ্যোতিঃশাস্ত্রবর্ণিত মহাদেশ, দেশ, নগর, সাগর, উপসাগর, হ্রদ ও নদী প্রভৃতির স্থানসন্নিবেশ যথাযথরূপে অঙ্কিত করিবে। ইহাকে ভূগোলক বলে। এই গোলকের ঠিক মধ্যে সোজা ভাবে একটী ছিদ্র করিতে হয়। ঐ মধ্য ছিদ্র দ্বারা একটী কাষ্ঠময় দণ্ড প্রবেশ করাইয়া দিবে। দণ্ডের দুই প্রান্তভাগই গোলভেদ করিয়া বহির্গত করিতে হয় এবং বহির্গত উভয় প্রান্তভাগ পরিমাণে সমান হইবে। গোলের মধ্যচ্ছিদ্রের আয়তন অপেক্ষা দণ্ডটী কিছু সরু করিতে হয়। অর্থাৎ দণ্ডবিদ্ধ গোলটীকে এরূপ ভাবে রাখিবে, যেন দণ্ড স্থির রাখিয়া গোলটীকে ফিরাইতে ঘুরাইতে কোনরূপ বাধা না হয়। এই দণ্ডকে কৃত্রিম ভূগোলের মেরুদণ্ড বলা হয়।

ইহার উপরে কতকগুলি বৃত্ত বা কক্ষা নির্ম্মাণ করিতে হয়। বৃত্ত বা কক্ষাগুলি বংশশলাকা দ্বারা প্রস্তুত করিবে। ভূগোলের উভয় পার্শ্বে নির্গত দণ্ডপ্রান্তে সমান অন্তরালে একটী বৃত্ত বিদ্ধ করিয়া তাহার মধ্যচ্ছেদ করিয়া আর একটী বৃত্ত দণ্ডের উভয় প্রান্তে বিদ্ধ করিবে। এই দুইটী বৃত্তকে আধারকক্ষা বলে। খগোল বন্ধনের জন্য ইহাদের প্রয়োজন হইয়া থাকে। এই বৃত্তদ্বয় না থাকিলে ভূগোলের চারিদিকে খগোল বন্ধন করা যায় না। এইরূপে ভূগোলের বন্ধন করিয়া তাহার উপরে খগোলের বন্ধন করিতে হয়। পূর্ব্বনিবদ্ধ আধার কক্ষাদ্বয়ের মধ্যচ্ছেদ করিয়া আর একটী বৃত্ত স্থাপন করিবে। ইহাকে বিষুবদ্‌বৃত্ত বলে। এই কক্ষাটীকেই খগোলের মধ্যবৃত্ত কল্পনা করিতে হয়। ইহার পরে স্ব স্ব জ্যা পরিমিত ব্যাসার্দ্ধ লইয়া মেষ, বৃষ ও মিথুন রাশির তিনটী বৃত্ত প্রস্তুত করিবে। এই বৃত্তত্রয়ে ৩৬০ অঙ্গুলি পরিমাণে সমান ভাগে অংশগুলি অঙ্কিত করিতে হয়। ইহার পরিমাণ বিষুবৎ কক্ষার পরিমাণ অনুসারে করিতে হয়। অর্থাৎ পূর্ব্বে যে তিনটী বৃত্তের

(১) "গ্রহানামেকস্মিন্ যদি ভবতি যোগঃ হি বসতি-
স্তদা গোলোযোগঃ প্রলয়পদমিন্দ্রোপি লভতে।
ভবেল্লোকোরক্ষঃ পরিহরতি পুত্রঞ্চ জননী
নৃণানাং নাশঃস্যাৎ জ্বলতি বসুধা শুষ্যতি নদী॥" (প্রশ্নকৌমুদী)

উল্লেখ করা হইয়াছে, তন্মধ্যে বিষুবৎকক্ষার পরিমাণ আধার-কক্ষার পরিমাণের সমান, অতএব মেষান্ত বৃত্তটী বিষুবৎকক্ষা হইতে পরিমাণে ছোট্, মেষান্ত হইতে বৃষান্ত অল্প এবং বৃষান্ত-কক্ষা হইতেও মিথুনান্ত কক্ষাটী অল্প পরিমাণ করিতে হয় (১)। বৃত্তত্রয় যথাযথ রূপে প্রস্তুত হইলে দৃষ্টান্ত গোল বা কৃত্রিম গোলে উত্তরভাগে আধারবৃত্তে যথাক্রমে বন্ধন করিবে।

ক্রান্তিবৃত্তের বিষুবৎবৃত্তপ্রদেশ হইতে বিক্ষিপ্ত প্রদেশের যত অন্তর, বিষুবদ্বৃত্ত ও ক্রান্তিবৃত্ত প্রদেশের তত অন্তরে স্ব স্ব ক্রান্ত্যংশে এই বৃত্তত্রয়ের বন্ধন করিতে হয়। এই তিনটী বৃত্তকে যথাক্রমে মেষান্ত, বৃষান্ত ও মিথুনান্তবৃত্ত বলে। পূর্ব্ব প্রদর্শিত নিয়মানুসারে কর্কট, সিংহ ও কন্যা রাশির আর তিনটী বৃত্ত প্রস্তুত করিয়া পূর্ব্বোক্ত তিনটী বৃত্তের বিপরীত ভাবে স্থাপন করিবে। ইহাদিগকে যথাক্রমে কর্কান্ত, সিংহান্ত ও কন্যান্তবৃত্ত বলে। ইহার পরে যথা-নিয়মে তুলা, বৃশ্চিক ও ধনু রাশির তিনটী বৃত্ত প্রস্তুত করিয়া মেষাদি বৃত্তস্থাপনের নিয়মে বিষুবৎবৃত্তের দক্ষিণভাগে আধারবৃত্তে বন্ধন করিবে। ইহাদিগকে তুলান্ত, বৃশ্চিকান্ত ও ধনুরন্তবৃত্ত বলে। এই নিয়মে মকর, কুম্ভ ও মীনরাশির আর তিনটী কক্ষা প্রস্তুত করিয়া তুলা, বৃশ্চিক ও ধনুরন্তবৃত্তের বিপরীতভাবে বদ্ধ করিবে (২)।

অশ্বিনী প্রভৃতি সাতাইশটী নক্ষত্রবিম্বের সাতাইশটী কক্ষা নির্ম্মাণ করিয়া গণিতশাস্ত্রে দক্ষিণ ও উত্তর গোলের যে যে স্থানে যে যে নক্ষত্রের অবস্থান নির্ণীত আছে, সেই নক্ষত্রবিম্বের কক্ষা সেই সেই স্থানে আধারবৃত্তে বদ্ধ করিবে। ইহাছাড়া অভিজিৎ, সপ্তর্ষি, অগস্ত্য, ব্রহ্ম, লুব্ধক ও অপাংবৎসাদি নক্ষত্রবিম্বের কক্ষাও যথাস্থানে স্থাপন করিতে হয়। বিষুবৎকক্ষাটীকে সকল কক্ষারই সমান মধ্যে রাখিয়া অপর বৃত্ত বা কক্ষা প্রস্তুত করিতে হইবে (৩)।

বিষুবদ্বৃত্ত ঊর্দ্ধ ও অধস্তন আধারবৃত্তে দুইস্থানে সংলগ্ন হয়। সেই দুইটী সম্পাতের ঊর্দ্ধ সম্পাত হইতে দক্ষিণদিকে চব্বিশ অংশ দূরে আধারবৃত্তের যে স্থানে মকরাদির অহো-রাত্রবৃত্তলগ্ন হয়, তাহাকে উত্তরায়ণ সন্ধিস্থান এবং অধস্তন সম্পাত হইতে উত্তরে চব্বিশ অংশ দূরে আধারবৃত্তের যে স্থানে কর্কটাদির অহোরাত্রবৃত্ত লগ্ন হয়, তাহাকে দক্ষিণায়ন সন্ধিস্থান বলা হইয়া থাকে। এই প্রকারে অয়ন ও বিষুবৎবৃত্ত স্থির করিয়া তাহার অন্তরালে মেষাদি স্থান স্থির করিবে (৪)। ইহা হইলেই এক প্রকার গোলযন্ত্র প্রস্তুত হইল। [গোল-যন্ত্রে গ্রহাদির সংস্থান প্রভৃতি অপর বিবরণ খগোল, ভূগোল ও রাশি প্রভৃতি শব্দে দ্রষ্টব্য।]

বৃক্ষাদিশূন্য বৃহৎ ময়দানে দাঁড়াইয়া চতুর্দ্দিক্ নিরীক্ষণ করিলে বোধ হয় যেন আকাশটী একটী বৃহৎ কটাহের ন্যায় পৃথিবীর চতুর্দ্দিকে সমান ভাবে সংলগ্ন হইয়া আমাদের দৃষ্টির পরিচ্ছেদ করিতেছে, যে স্থানে আকাশ সংলগ্ন হইয়াছে, সেই স্থানে গোলাকার একটী বৃত্ত কল্পনা করিলে তাহাকে ক্ষিতিজ-বৃত্ত বলা হয়। [খগোল দেখ।] ভূগোলের ক্ষিতিজবৃত্তের ন্যায় দৃষ্টান্ত গোলেও একটী স্থির বৃত্ত স্থাপন করিতে হয়, উহাকে দৃষ্টান্ত গোলের ক্ষিতিজবৃত্ত বলে (৫)।

এই প্রকারে গোলযন্ত্র নির্ম্মাণ করিয়া তাহাকে স্বয়ং-বহ অর্থাৎ মনুষ্যের সাহায্য ব্যতীত নাক্ষত্রিক ষাইট দণ্ডে পশ্চিম ক্রমে যাহাতে একবার ভ্রমণ করিতে পারে, সেই প্রকারে স্থাপন করিবে। গোলের সকল অবয়ব বস্ত্র-দ্বারা ঢাকিয়া সেই বস্ত্রের উপর পূর্ব্বপ্রদর্শিত বৃত্তগুলি অঙ্কিত করিবে, কিন্তু পূর্ব্বে যে ক্ষিতিজবৃত্তের কথা বলা হইয়াছে, সেইটীকে বাহিরে রাখিবে। উহাকে বস্ত্রাচ্ছাদিত করিবে না, গোলের উপরে ক্ষিতিজবৃত্তটীকে এইরূপে স্থাপন

(১) "বিষুবৎকক্ষাপ্রমাণানুমানাদ্ বৃত্তত্রয়ং কার্য্যং। যথা বিষুবদ্বৃত্তং পূর্ব্ববৃত্তসমং তথা তদনুরোধেন মেষান্তবৃত্তমল্পং, তদনুরোধেন বৃষান্তবৃত্তমল্পং তদনুরোধেন মিথুনান্তবৃত্তমল্পমিত্যুত্তরোত্তরমল্পব্যাসার্দ্ধবৃত্তম্।"

(সূর্য্যসিদ্ধান্ত, জ্যোতিষোপ° ৬ শ্লোকে রঙ্গনাথ।)

(২) "কর্কসিংহকন্যানামাদিপ্রদেশানাং বিপর্য্যয়াৎ প্রকল্পয়েৎ। মিথুনান্তবৃত্তং কর্কাদের্যাম্যবৃত্তং সিংহাদের্মেষান্তবৃত্তং কন্যাদেরিতি ফলিতং। অস্যাস্ত্রিসংখ্যকাঃ কক্ষা।...বিষুবদ্বৃত্তাদ্দক্ষিণভাগআধারবৃত্ত-দ্বয়ে নিবদ্ধাঃ কার্য্যাঃ।...উৎক্রমাৎ তুলাদিসম্বন্ধাঃ কক্ষা মকরাদীনাং ভবন্তি। ধনুরন্তবৃত্তং মকরাদের্বৃশ্চিকান্তবৃত্তং কুম্ভাদেস্তুলান্তবৃত্তং মীনাদেরিতি ফলিতং।" (সূর্য্যসিদ্ধান্ত, জ্যোতিষোপ° ৭ শ্লোঃ রঙ্গনাথ)

(৩) "ভগণাংশাঙ্গুলৈঃ কার্য্যা দলিতৈস্তিস্র এব তাঃ।
স্বাহোরাত্রার্দ্ধকর্ণৈশ্চ তৎপ্রমাণানুমানতঃ। ৫
ক্রান্তিবিক্ষেপভাগৈশ্চ দলিতৈর্দ্দক্ষিণোত্তরৈঃ।
স্বৈঃ স্বৈরপক্রমৈস্তিস্রো মেষাদীনামপক্রমাৎ। ৬
কক্ষাঃ প্রকল্পয়েৎ তাশ্চ কর্কাদীনাং বিপর্য্যয়াৎ।
তদ্বৎক্রিয়স্তুলাদীনাং মৃগাদীনাং বিলোমতঃ। ৭
যাম্যগোলাশ্রিতাঃ কার্য্যাঃ কক্ষাধারাদ্দ্বয়োরপি।
যাম্যাদৃগ্‌গোলসংস্থানাং ভানামভিজিতস্তথা। ৮
সপ্তর্ষীণামগস্ত্যস্য ব্রহ্মাদীনাঞ্চ কল্পয়েৎ।
মধ্যে বৈষুবতী কক্ষা সর্ব্বেষামেব সংস্থিতা।" ৯ (সূর্য্যসি° জ্যোতিষ°)

(৪) "তদাধারযুতেরূর্দ্ধমধশ্চৈ বিদুবিম্বকম্।
বিষুবৎ স্থানতো ভাগৈঃ স্ফুটৈর্ভগণসঙ্করাৎ।
ক্ষেত্রাণ্যেবমজাদীনাং তির্য্যগ্‌জ্যাভিঃ প্রকল্পয়েৎ।" (সূর্য্যসি° জ্যোতিষ°)

(৫) "কৃত্বোপরি স্বকং স্থানং মধ্যে ক্ষিতিজমণ্ডলম্।" (সূর্য্যসি° জ্যোতিষ°)

করিবে যেন উহা সর্ব্বদাই স্থির থাকে। ইহারই অপর নাম লোকালোক (৬)।

প্রাচীন আর্য্যশাস্ত্রকারগণের বিশ্বাস ছিল যে সকল বিষয় যথাযথরূপে গ্রন্থে লিখিত থাকিলে আর গুরুর গৌরব থাকিবে না, সকলেই গ্রন্থ দেখিয়া অভ্যাস করিবে, কেহই গুরুর উপদেশ গ্রহণ করিতে চেষ্টা করিবে না। এই কারণে তাঁহারা কঠিন বিষয়গুলি গ্রন্থগত করেন নাই, গোপন করিয়া গিয়াছেন। সূর্য্যসিদ্ধান্তে কি প্রকারে গোলকটী স্বয়ংবহ করিতে হয়, তাহার অস্পষ্ট বিবরণের পর উক্ত হইয়াছে, "গোপ্যমেতৎ প্রকাশোক্তং সর্ব্বগম্যং ভবেদিহ। তস্মাদ্ গুরূপদেশেন রচয়েৎ গোলমুত্তমম্॥"

(সূর্য্যসিং জ্যোতিষোং ১৭ শ্লোঃ।)

গোলকে কি প্রকারে স্বয়ংবহ করিতে হয়, এই বিষয় অতিশয় গোপনীয়, এইকারণেই স্পষ্ট করিয়া বলা হইল না। স্পষ্টরূপে বলিলে সকলেই জানিতে পারিবে ইহার আর গৌরব থাকিবে না। অতএব কি প্রকারে গোলকে স্বয়ংবহ করিতে হয় তাহা, গুরুমুখে শুনিয়া গোল প্রস্তুত করিবে।

ভারতবাসী প্রাচীন আর্য্যগণের এইরূপ সংস্কারেই ভারতের শাস্ত্রগৌরব ধীরে ধীরে অস্তমিত হইয়াছে, উন্নতির চরম সীমা গণিতশাস্ত্রের ফললাভে ভারত সন্তানেরা বঞ্চিত হইয়াছে। বাস্তবিক যে কারণেই হউক গোলটীকে কি প্রকারে স্বয়ংবহ করিতে হয়, তাহার স্পষ্ট উপায় কোন প্রাচীন শাস্ত্রেই বিশদরূপে লিখিত নাই। সূর্য্যসিদ্ধান্তের অস্পষ্ট কথা গুলি লইয়া টীকাকার রঙ্গনাথ যেরূপ স্থির করিয়াছেন, তাহাই এস্থানে লিখিত হইল।

স্বয়ংবহ করিবার উপায়।—গোলযন্ত্রটীকে বস্ত্রাচ্ছন্ন করিয়া তাহার আধারযষ্টির উভয়প্রান্ত দক্ষিণ ও উত্তরভিত্তিস্থিত নলিকার মধ্যে এরূপভাবে স্থাপন করিবে, যেন যষ্টির অগ্রটী ধ্রুবাভিমুখী থাকে। পরে যষ্টির অগ্রে সরলপথে পূর্ব্বাভিমুখী একটী জলপ্রবাহ করিবে, সেই জলপ্রবাহে যেন গোলের অধোদেশ পশ্চাৎভাগে আহত হয়। এই জলপ্রবাহের আঘাত সকলের দৃষ্টিগোচর না হয় এই জন্যই বস্ত্রাচ্ছন্ন করিতে বলা হইয়াছে। কেহ কেহ বলেন যে, আকাশের ন্যায় প্রস্তুত করাই বস্ত্রাচ্ছাদনের উদ্দেশ্য। ঐ বস্ত্র জলে না ভিজিয়া যায়, এইজন্য উহাকে চিক্কণ বস্তু দ্বারা অর্থাৎ যাহা লেপন করিলে কাপড় জলে ভিজে না, সেই সকল দ্রব্য লেপন করিয়া দিবে। গোলের চারিদিকে পরিখার ন্যায় এইরূপ ভিত্তি করিবে, যেন ক্ষিতিজ বৃত্তের ন্যায় সেই পরিখায় গোলের অধোভাগ আচ্ছন্ন থাকিয়া দৃষ্টিগোচর না হয়। আধারযষ্টির দক্ষিণভাগ শিথিল করিতে হয়, না হইলে গোল ভ্রমণ করিতে পারে না এবং পূর্ব্ব পরিখা বিভাগের বাহিরে অদৃশ্য জলপ্রবাহ করিবে (৭)।

প্রকারান্তরে স্বয়ংবহ করিবার উপায়।—গোলভেদ করিয়া বহির্গত আধারযষ্টির উভয় প্রান্তে ইচ্ছানুসারে দুইস্থানে বা তিনস্থানে পরিধিরূপ নেমি প্রস্তুত করিয়া তালপত্রাদি দ্বারা ভাল করিয়া আচ্ছন্ন করিবে এবং উহাতে একটী ছিদ্র করিবে। ঐ ছিদ্রদ্বারা ঐ পরিধির অর্দ্ধাংশ পরিমিত পারা ও অপর অর্দ্ধপরিমিত জল দিয়া পরিধি পূর্ণ করিবে। ছিদ্রটী বন্ধ করিয়া দিবে। যষ্টির অগ্র উভয়দিকস্থ নলিকায় এইরূপে স্থাপন করিবে যেন গোলটী শূন্যভাবে থাকিতে পারে। পারা ও জলে আকর্ষণশক্তি আছে। উভয়ের আকর্ষণে যষ্টি স্বয়ংই ঘুরিতে থাকে এবং তদাশ্রিত গোলও পরের সাহায্য ব্যতীত ভ্রমণ করে (৮)।

সিদ্ধান্তশিরোমণির মতে গোল তিনপ্রকার খগোল, ভূগোল ও দৃক্‌গোল। ইহার বিশেষ বিবরণ তত্তৎ শব্দে দ্রষ্টব্য। কি প্রকারে গোল বাঁধিতে হয় তাহাই এ স্থানে বক্তব্য। শ্লক্ষ্ণ এবং চক্র ও ভাগচিহ্নযুক্ত সরল বংশ-শলাকা

(৬) "গোলাকারেণ বস্ত্রেণ ছাদিতং দৃষ্টান্তগোলং। চকারাৎ বস্ত্রোপরি তত্তদ্বৃত্তানাঙ্কনং কার্য্যং।...এতেন ক্ষিতিজং বস্ত্রচ্ছন্নং ন কার্য্যং কিন্তু বস্ত্রোপরি ক্ষিতিজং গোলসংলগ্নং কেনাপি প্রকারেণ স্থিরং যথা ভবতি তথা কার্য্যমিতি তাৎপর্য্যং।" (সূর্য্যসিং জ্যোতিষোপং ১৬ রঙ্গনাথ।)

(৭) "এতদুক্তং ভবতি দৃষ্টান্তগোলং বস্ত্রচ্ছন্নং কৃত্বা তদাধারযষ্ট্যগ্রে দক্ষিণোত্তরভিত্তিক্ষিপ্তনলিকয়োঃ ক্ষেপ্যো, যথাযষ্ট্যগ্রং ধ্রুবাভিমুখং স্যাৎ।... ততো যষ্ট্যগ্রজমার্গগতজলপ্রবাহেণ পূর্ব্বাভিমুখেন তস্যাধঃ পশ্চাদ্‌ভাগে ঘাতোঽপি যথাস্যাৎ তথাস্যাদর্শনার্থমেববস্ত্রচ্ছন্নমুক্তং। অন্যথা গোলবৃত্তান্তরবকাশমার্গেণ জলাঘাতদর্শনভ্রমেণ চমৎকারানুপপত্তেঃ। ইদং বস্ত্রমার্দ্রং যথা ন ভবতি তথা চিক্কণবস্তুনা মদনাদিনা লিপ্তং কার্য্যম্। ক্ষিতিজবৃত্তাকারেণ অধোগোলো দৃশ্যো যথাস্যাৎ তথা পরিখারূপা ভিত্তিঃ কার্য্যা। পরন্তু দক্ষিণযষ্টিভাগস্তত্র শিথিলো যথা ভবতি। অন্যথা ভ্রমণানুপপত্তেঃ। পূর্ব্বদিক্‌স্থ পরিখাবিভাগাদ্‌বহির্জলপ্রবাহো দৃশ্যঃ কার্য্য ইত্যাদি স্ববুদ্ধ্যৈব জ্ঞেয়ম্।" (সূর্য্যসিং জ্যোতিষোপং ১৬ শ্লোক রঙ্গনাথ)

(৮) "এতদুক্তং ভবতি। নিবদ্ধগোলবহির্ভূতযষ্টিপ্রান্তয়োর্যথেচ্ছয়া স্থানদ্বয়ে স্থানত্রয়ে বা নেমিং পরিধিরূপামুৎকীর্য্য তাং তালপত্রাদিনা চিক্কণবস্তুলেপেনাচ্ছাদ্য তত্র ছিদ্রং কৃত্বা তন্মার্গেণ পারদোঽর্দ্ধপরিধৌ পূর্ণো দেয় ইতরার্দ্ধপরিধৌ জলং চ দেয়ং। ততো মুদ্রিতচ্ছিদ্রং কৃত্বা যষ্ট্যগ্রে ভিত্তিস্থনলিকয়োঃ ক্ষেপ্যো যথা গোলঃ শূন্যরীক্ষো ভবতি। ততঃ পারদজলাকর্ষিতযষ্টিঃ স্বয়ংভ্রমতি তদাশ্রিতো গোলশ্চ।"

(সূর্য্যসিং জ্যোতিষোং ১৭ শ্লোং রঙ্গনাথ)

দ্বারা গোল প্রস্তুত করিবে। উৎকৃষ্ট সারবান্ কাষ্ঠদ্বারা একটী যষ্টি প্রস্তুত করিয়া যষ্টির মধ্যস্থানে শিথিল ভাবে ভূগোল নিবদ্ধ করিবে। তাহার বাহিরে যথাক্রমে চন্দ্র, বুধ, শুক্র, সূর্য্য, মঙ্গল, বৃহস্পতি ও শনির গ্রহগোল ও যথাস্থানে ভূগোল স্থাপন করিবে। ইহার বাহিরে নলিকায় খগোল ও দৃগ্‌গোল স্থাপন করিতে হয়। ঐ গোলের যথাস্থানে গণিতশাস্ত্রানুসারে পূর্ব্বপশ্চিমবৃত্ত, দক্ষিণোত্তরবৃত্ত এবং কোণবৃত্তদ্বয় প্রভৃতি বৃত্ত বা কক্ষাগুলি স্থাপন করিবে (৯)।

পূর্ব্বে যে বৃত্তচতুষ্টয়ের কথা বলা হইয়াছে, তাহার অর্দ্ধভাগে ক্ষিতিজবৃত্ত নিবদ্ধ করিবে। পূর্ব্বকথিত দক্ষিণোত্তরবৃত্তের মধ্যে উত্তরক্ষিতিজবৃত্তের উপরে একটী ধ্রুবচিহ্ন এবং দক্ষিণ ক্ষিতিজবৃত্তের উপরে আর একটী ধ্রুবচিহ্ন করিতে হয়। সমবৃত্ত ও ক্ষিতিজবৃত্তের দুই স্থানে সম্পাত। উহার পূর্ব্বটীকে পূর্ব্বসম্পাত ও অপরটীকে পশ্চিম সম্পাত বলা যাইতে পারে। সম্পাত হইতে ধ্রুবচিহ্ন পর্য্যন্ত একটী মণ্ডল করিবে। ইহার নাম উন্মণ্ডল। এই মণ্ডল অনুসারে দিন রাত্রির ক্ষয় ও বৃদ্ধি জানা যায়। পূর্ব্ব ও পশ্চিম সম্পাতে সংলগ্ন দক্ষিণোত্তরবৃত্তের স্বস্তিকস্থান হইতে দক্ষিণে এবং অধঃস্বস্তিক স্থান হইতে উত্তরে অক্ষাংশ দূরে একটী বৃত্ত করিবে। ইহারই নাম বিষুবদ্‌বৃত্ত (১০)।

ঊর্দ্ধ ও অধস্তন স্বস্তিকস্থানে দুইটী কীলক দৃঢ়ভাবে রাখিয়া সেই কীলকদ্বয়ে শিথিলভাবে দৃগ্‌বলয় বাঁধিতে হয়। দৃগ্‌বলয়টিকে পূর্ব্বোক্ত বৃত্তগুলি হইতে ছোট করিতে হয়, যেন খগোলের মধ্যে ঐটীকে ভ্রমণ করাইতে পারা যায়। যদি গ্রহগোল একটি মাত্র হয়, তবে একটী দৃগ্মণ্ডল করিলেই চলিতে পারে। গ্রহগোল যে স্থানে থাকিবে, এই মণ্ডলটীকে ঘুরাইয়া তাহার উপরে লইতে হয়, তাহা হইলেই দৃগ্‌জ্যা ও শঙ্কু প্রভৃতি দেখিতে পাওয়া যায় অথবা পৃথক্ পৃথক্ আটটী দৃগ্মণ্ডল রচনা করিবে। ইহারই অপর নাম দৃক্‌ক্ষেপমণ্ডল (১১)।

খগোলের ধ্রুবচিহ্নস্থানে দুইটী নলিকা বাঁধিয়া সেই নলিকায় খগোলের বাহিরে তিন আঙ্গুল দূরে দৃগ্‌গোল রচনা করিবে। খগোলবৃত্ত, ভগণবৃত্ত, ক্রান্তি ও বিমণ্ডল প্রভৃতি এই গোলে নিবদ্ধ থাকিবে।

খগোলে অবস্থিত ক্ষিতিজ ও দক্ষিণোত্তরবৃত্তের ন্যায় দুইটী আধারবৃত্ত দৃঢ়ভাবে ধ্রুবযষ্টিতে বন্ধন করিয়া তাহার উপরে সমমণ্ডলাকার আর একটী বৃত্ত করিবে, ঐ বৃত্তটীকে সমান যাইট ভাগে বিভক্ত করিয়া চিহ্নিত করিতে হয়। ইহার নাম নাড়ীবৃত্ত (১২)।

নাড়ীবৃত্তের সমান আর একটী বৃত্ত নির্ম্মাণ করিয়া তাহাতে মেষাদি দ্বাদশরাশি অঙ্কিত করিবে অর্থাৎ সমান দ্বাদশভাগে বিভক্ত করিয়া চিহ্নিত করিবে। ইহার নাম ক্রান্তিবৃত্ত। সূর্য্য এই বৃত্তে ভ্রমণ করে। রবি হইতে অর্দ্ধভান্তরে পৃথিবীর ভা, এই বৃত্তে ক্রান্তিপাত মেষাদির বিলোমক্রমে ভ্রমণ করে। গ্রহদিগের বিক্ষেপপাতও ইহাতেই ভ্রমণ করিয়া থাকে। এই বৃত্তে ক্রান্তিপাতাদি স্থান অঙ্কিত করিতে হয় (১৩)।

এই বৃত্তে একটী ক্রান্তিপাত চিহ্ন করিয়া তাহা হইতে ৬ ভ (নক্ষত্র) দূরে আর একটী চিহ্ন করিবে (১৪)। এই চিহ্ন দুইটী নাড়ীবৃত্তের সহিত যোগ করিয়া পাতচিহ্নের অগ্রে তিন ভ (নক্ষত্র) অন্তরে নাড়ীবৃত্ত হইতে ২৪ অংশ উত্তরে এবং অপর বিভাগে তিন ভ (নক্ষত্র) অন্তরে ২৪ অংশ দূরে থাকে, এইরূপ ভাবে বন্ধন করিবে (১৫)। ক্রান্তিবৃত্তের ন্যায় আর একটী বৃত্ত করিয়া তাহাতে রাশ্যঙ্ক ও মেষাদির ক্ষেপপাতস্থান চিহ্নিত করিবে। ইহার নাম বিমণ্ডল। ক্রান্তিবৃত্ত ও বিমণ্ডলের ক্ষেপপাত চিহ্নদ্বয়ে সংপাত করিয়া তাহা

(৯) "কৃত্বাদৌ ধ্রুবযষ্টিমিষ্টতরুজামূর্জ্জীং সুবৃত্তাং ততো
যষ্টীমধ্যগতাং বিধায় শিথিলাং পৃথ্বীমপৃথ্বীং বহিঃ।
বধ্নীয়াচ্ছশিসৌম্যশুক্রতপনারের্জ্যার্কিভানাং দৃঢ়ান্
গোলাংস্তৎপরিতঃ শ্লথৌ চ নলিকা সংস্থৌ খদৃগ্‌গোলকৌ।"
(গোলাধ্যায়, গোলবন্ধ)

(১০) "পূর্ব্বাপরস্বস্তিকয়ো র্বিলগ্নং
স্বস্বস্তিকাদ্দক্ষিণতোঽক্ষভাগৈঃ।
অধশ্চ তৈরুত্তরতোঽঙ্কিতং চ
যষ্ট্যাত্র নাড়ীবলয়ং বিদধ্যাৎ।" ৫। (গোলাধ্যায়)

(১১) "ঊর্দ্ধাধরস্বস্তিককীলযুগ্মে
প্রোতং শ্লথং দৃগ্‌বলয়ং তদন্তঃ
কৃত্বা পরিভ্রাম্যচ তত্র তত্র
নেয়ং গ্রহো গচ্ছতি যত্র তত্র।" ৬ (গোলাধ্যায়)

(১২) "যাম্যোত্তরং ক্ষিতিজবৎ সুদৃঢ়ং বিদধ্যাৎ
আধারবৃত্তযুগলং ধ্রুবযষ্টিবদ্ধম্।
যষ্ট্যাঙ্কমত্র সমমণ্ডলবৎ তৃতীয়ং
নাড়্যাহ্বয়ং চ বিষুবদ্‌বলয়ং তদেব।" ১০ (গোলাধ্যায়)

(১৩) "ক্রান্তিবৃত্তং বিধেয়ং গৃহাঙ্কং ভ্রম-
ত্যত্র ভানুশ্চ ভার্দ্ধে কুভা ভানুতঃ।
ক্রান্তিপাতঃ প্রতীপং তথাপ্রস্ফুটা
ক্ষেপপাতাশ্চ তৎস্থানকাঙ্গস্কয়েৎ।" ১১। (গোলাধ্যায়)

(১৪) যে কোন বৃত্ত বা মণ্ডলকে ৩৬০ ভাগে বিভক্ত করিবে, তাহার এক এক ভাগকে অংশ বলা হয়। ১৩½ অংশে এক নক্ষত্র হয়।

(১৫) "ক্রান্তিপাতে চ পাতাদ্ ভষট্‌কান্তরে
নাড়িকাবৃত্তলগ্নং বিদধ্যাদিদম্।
পাততঃ প্রাক্ ত্রিভে সিদ্ধভাগৈরুদগ্
দক্ষিণে ত্রৈশ্চভাগৈর্বিভাগেঽপরে।" ১২। (গোলাধ্যায়)

হইতে ৬ ভ (নক্ষত্র) দূরে আর একটী সংপাত করিবে। ক্ষেপ-পাতের অগ্র হইতে তিন নক্ষত্র অন্তরে ক্রান্তিবৃত্তের উত্তরে স্ফুট ক্ষেপভাগ যত হইবে, ততদূরে এবং উহার পশ্চাদ্‌ভাগ হইতে তিন ভ (নক্ষত্র) অন্তরে ক্রান্তির ততভাগ দক্ষিণে স্থির করিয়া বিমণ্ডলটীকে স্থাপন করিবে। এই প্রকারে চন্দ্রাদি গ্রহের ৬টী বিমণ্ডল করিতে হয়। চন্দ্র প্রভৃতি গ্রহগণ বিমণ্ডলে ভ্রমণ করে (১৬)।

ক্রান্তিবৃত্তের স্ফুটগ্রহস্থানের নাড়ীবৃত্ত হইতে বক্রভাবে যত অন্তর, তাহাকে ক্রান্তি বলে। বিমণ্ডলস্থিত গ্রহস্থানের ক্রান্তিবৃত্ত হইতে তির্য্যক্ ভাবে যত অন্তর তাহাকে বিক্ষেপ এবং বিমণ্ডলের গ্রহস্থান হইতে নাড়ীবৃত্তের তির্য্যগন্তরকে স্ফুটক্রান্তি বলে (১৭)।

বিষুবদ্‌বৃত্ত ও ক্রান্তিবৃত্তের সংপাতকে ক্রান্তিপাত বলে। এই ক্রান্তিপাত একস্থানে স্থির থাকে না, ক্রমে পৃষ্ঠভাগে সরিয়া যায় অর্থাৎ মেষাদির পৃষ্ঠভাগে বিষুবদ্‌বৃত্ত ও ক্রান্তি-বৃত্ত পরস্পর মিলিত হয়; তাহারই নাম ক্রান্তিপাত (১৮)।

এই ক্রান্তি স্থির করিয়া গ্রহের স্ফুট করিতে হয়। ক্রান্তিবৃত্ত ও বিমণ্ডলের সম্পাতকে ক্ষেপপাত বলে। গ্রহ-সাধন করিতে ইহারও আবশ্যক হয় (১৯)।

ভগোলের মধ্যে গ্রহগোল বাঁধিতে হয়। পূর্ব্ব নিয়ম অনুসারে গ্রহগোলেও বিষুবদ্‌বৃত্ত এবং ক্রান্তিবৃত্ত বন্ধন করিবে। ক্রান্তি বৃত্তটীকে কক্ষামণ্ডল কল্পনা করিয়া ছেদ্য-কোক্ত বিধি অনুসারে প্রতিমণ্ডল বন্ধন করিবে। প্রতি-মণ্ডলে গণিতানুসারে মেষাদির পাতস্থান করিতে হয়। আর একটী রাশ্যঙ্ক ও ক্রান্তিপাতচিহ্ন অঙ্কিত করিবে। ইহাকে বিমণ্ডল বলা যাইতে পারে। প্রতিমণ্ডল ও বিমণ্ডলের পাতচিহ্নে একটী সম্পাত করিয়া তাহা হইতে অর্দ্ধভা অন্তরে আর একটী সম্পাত করিবে। পাতের অগ্র ও পশ্চাদ্‌ভাগ হইতে তিন নক্ষত্র অন্তরে প্রতিমণ্ডলের দক্ষিণে ও উত্তরে যত অংশ বিক্ষেপ হইবে, তত অংশ দূরে বিমণ্ডল স্থাপন করিবে। এই মণ্ডলে মন্দস্ফুট গতিতে গ্রহ ভ্রমণ করে। মেষাদির অনুলোমে মন্দস্ফুট চিহ্ন করিতে হয়। প্রতিমণ্ডল হইতে যত অন্তরে মন্দস্ফুট হয়, সেইস্থানে তত বিক্ষেপ হইয়া থাকে। গ্রহ বৃত্তের সংপাতস্থ হইলে বিক্ষে-পের অভাব হয় এবং তিন নক্ষত্র দূরে থাকিলে সর্ব্বাধিক বিক্ষেপ হয়। মধ্যস্থিতকালে অনুপাত অনুসারে বিক্ষেপ স্থির করিবে (২০)।

নাড়ীবৃত্তের উত্তরে ও দক্ষিণে ইষ্ট ক্রান্তি যত হইবে, তত-দূরে অহোরাত্রবৃত্ত বন্ধন করিতে হয়। ইহাকে ষাইট সমান ভাগে বিভক্ত করিয়া চিহ্নিত করিবে। এই মণ্ডলে সূর্য্যের দৈনিক গতি হইয়া থাকে (২১)।

ভগোলের ন্যায় গ্রহগোলগুলিও ধ্রুবযষ্টিতে বাঁধিতে হয়। বিশেষ এই গ্রহগোলের মধ্যে ছেদ্যক চালান যাইতে পারে না। এই কারণে বাহিরে রাখিয়াই দেখিতে হয়। অথবা ভগোলের অপমণ্ডলের অধোদেশে যথাক্রমে সূত্র বাধিয়া গ্রহকক্ষা তাহাতে নিবদ্ধ করিবে। এইপ্রকার ভগোলটীকে যষ্টিতে দৃঢ়রূপে বন্ধন করিয়া যষ্টির উভয় অগ্রে প্রোত নলি-কাদ্বয়ে খগোল ও দৃগ্‌গোল রাখিয়া ভগোলের ভ্রমণ অব-লোকন করিবে। (গোলাধ্যায়) [অপর কথা খগোল ও ভূগোল শব্দে দেখ।]

(১৬) "নাড়িকামণ্ডলে ক্রান্তিবৃত্তং যথা
ক্রান্তিবৃত্তে তথা ক্ষেপবৃত্তং ন্যসেৎ।
ক্ষেপবৃত্তং তু রাশ্যঙ্কিতং তত্র চ
ক্ষেপপাতেষু চিহ্নানি কৃত্বোক্তবৎ ॥ ১৩
ক্রান্তিবৃত্তস্য বিক্ষেপবৃত্তস্য চ
ক্ষেপপাতে স ষড়্‌ভে চ কৃত্বা যুতিম্।
ক্ষেপপাতাগ্রতঃ পৃষ্ঠতশ্চ ত্রিভে
ক্ষেপভাগৈঃ স্ফুটৈঃ সৌম্যযাম্যে ন্যসেৎ ॥ ১৪
শীঘ্রকর্ণেন ভক্তাস্ত্রিভজ্যা গুণাঃ
স্যুঃ পরক্ষেপভাগাঃ গ্রহাণাং স্ফুটাঃ।
ক্ষেপবৃত্তানি যল্লাং বিদধ্যাৎ পৃথক্
স্ব স্ব বৃত্তে ভ্রমন্তীন্দুপূর্ব্বাগ্রহাঃ ॥ ১৫ (গোলাধ্যায়)

(১৭) "নাড়িকামণ্ডলাৎ তির্য্যগক্রাপমঃ
ক্রান্তিবৃত্তাবধিঃ ক্রান্তিবৃত্তাচ্ছরঃ ॥
ক্ষেপবৃত্তাবধিস্তির্য্যগেবং স্ফুটো
নাড়িকাবৃত্তখেটান্তরালোপমঃ।" ১৬ ॥ (গোলাধ্যায়)

(১৮) "বিষুবৎক্রান্তিবলয়য়োঃ সম্পাতঃ ক্রান্তিপাতঃ ॥" ১৭ ॥
"পাতো নাম সম্পাতঃ ॥ কয়োঃ বিষুবৎক্রান্তিবলয়োঃ। নহি তয়োর্মেষা-দাবেব সম্পাতঃ কিন্তু তসাপি চলনমস্তি ॥ যেঽয়নচলনভাগাঃ প্রসিদ্ধাস্তএব বিলোমগস্য ক্রান্তিপাতস্য ভাগাঃ ॥ মেষাদেঃ পৃষ্ঠতস্তাবদ্ ভাগান্তরে ক্রান্তিবৃত্তে বিষুবদ্‌বৃত্তং লগ্নমিত্যর্থঃ ॥" (বাসনাভাষ্য)

(১৯) "এবং ক্রান্তিবিমণ্ডলসম্পাতাঃ ক্ষেপপাতাঃ স্যুঃ।" ২০। (গোলাধ্যায়)

(২০) "স তত্রস্থঃ প্রতিমণ্ডলাৎ যাবতান্তরেণ বিক্ষিপ্তস্তাবাংস্তৎপ্রদেশে বিক্ষেপঃ ॥ যতো বৃত্তসম্পাতস্থে গ্রহে বিক্ষেপাভাবঃ। ত্রিভেঽন্তরে পরমো বিক্ষেপঃ। মধ্যেঽনুপাতেন ॥ অতো বৃত্তসম্পাতগ্রহয়োরন্তরং জ্ঞেয়ং ॥"
(গোলাধ্যায় ৫।২৫ বাসনাভাষ্য)

(২১) "ইষ্টিতক্রান্তি তুল্যেঽন্তরে সর্ব্বতো
নাড়িকাখ্যাদহোরাত্রবৃত্তাদ্বয়ম্ ॥
তত্র বদ্ধা ঘটীনাং চ ষষ্ট্যাঙ্কয়ে-
দস্য বিস্তস্তখণ্ডং দ্যুজীবা মতা ॥" (গোলাধ্যায়)

গোল, দাক্ষিণাত্যের বিজাপুরজেলাবাসী গোয়ালাজাতি। কোথাও কোথাও ইহাদিগকে গোল্লা বা গোল্লের বলিয়া থাকে। ইহাদের মধ্যে আড়্‌বি, হনম্, কৃষ্ণ, পাকনাক ও শাস্ত্র প্রভৃতি কয়েকটী শাখা আছে। এক শাখা অপর শাখার সহিত পান ভোজন ও আদান প্রদান করে না। কৃষ্ণগোলেরা কোন কোন স্থানে যাদব নামে পরিচিত। ইহারা কণাড়ীভাষায় কথা কহে, অনুমিত হয় যে ইহারা নিজাম রাজ্য হইতে এ প্রদেশে আসিয়াছে।

কৃষ্ণগোলদিগের মধ্যে কেহই উপবীত ধারণ করে না। ইহাদিগের এক একজন স্বজাতীয় গুরু থাকে। তাহার নাম 'উস্‌তুমোর।' সেই গুরু বিবাহের সময়ে উপস্থিত থাকেন। ইহারা মৃত দেহ দাহ করে।

মুদ্দেবিহাল উপবিভাগে, তালিকোট, মুলুতিয়াদ ও কৌর নামক স্থানে ভিঙ্গিগোল নামে আর এক শ্রেণীর বাস আছে। ইহাদের দেখিতে কতকটা 'হনম্' দিগের মত। ইহারা সকলেই সামান্য ভূম্যধিকারী। হনুমানের মন্দিরে যাজকতা করাই ইহাদের প্রধান কার্য্য। ইহাদের গুরুর নাম 'সামের' এবং সোমনাথই ইহাদের কুলদেবতা। ইহারা শবদেহ পুতিয়া রাখে। বাদামী গ্রামের বালেকরেরাও পাকনাক শাখার অন্তর্গত। এতদ্ব্যতীত নিজামরাজ্যে কেঙ্গুরি নামে আর একশাখা দেখা যায়। শাদা ভেড়া বা ছাগলের ব্যবসাই ইহাদের উপজীবিকা। ইহারাও হনুমান্, গুড্রঙ্গ ও কৃষ্ণের পূজা করে এবং শব দেহ মাটিতে পুতিয়া রাখে। প্রবাদ এইরূপ, যে সময়ে বাদামী উপবিভাগে লোকজন ছিল না, তৎকালে আদেবানী বা আদোনী প্রদেশ হইতে ইহারা এ প্রদেশে আসিয়াছে।

আড়্‌বি বা তেলগু গোলেরা বেদিয়াদিগের মত পথে পথে ঔষধ বিক্রয় করিয়া বেড়ায়। ইহাদিগের মধ্যে যাধব, মোরি, পবার, শিন্দে, যাদব ও মহারাষ্ট্রীয়দিগের কতকগুলি পদবী দেখা যায়। এক পদবীবিশিষ্ট পাত্র পাত্রীর বিবাহ দিবার নিয়ম নাই। ইহারা তেল্‌গু ও মরাঠী ভাষায় কথা কহে। সামান্য হিন্দুস্থানীও কহিতে জানে।

ইহারা রবিবার ও মঙ্গলবারে গৃহদেবতার পূজার জন্য স্নান করিয়া থাকে। যাহাদের গৃহদেবতা নাই, তাহারা মারুতীমন্দিরে যাইয়া পূজা দেয়। বিবাহের পর ইহারা তুলজাভবানীর সম্মুখে ছাগ বলি দেয়। ইহারা মদ্য, তাড়ী, গাঁজা, সিদ্ধি, তামাকু ও অহিফেন খাইতে বড় ভালবাসে।

এই জাতি বড় বদ্‌রাগী, একগুঁয়ে, উচ্চাভিমানী, চতুর, ও ভারি অপরিষ্কার। যখন ইহারা নেশা না করে, তখন অতিশয় কর্ম্মঠ ও মিতব্যয়ী। কার্ত্তিকমাসের শেষে যখন প্রায় বর্ষা থাকে না, তখন ইহারা প্রায় দুইতিন মাস ধরিয়া বনে বনে গাছ গাছড়া ও ঔষধাদি খুঁজিয়া সংগ্রহ করে। স্ত্রীলোকেরা মাদুর বোনে এবং ক্ষেত্রে চাসবাসের সময় পুরুষের সাহায্য করে।

ইহারা ধার্ম্মিক। শ্রাবণমাসে প্রতি মঙ্গলবার ও শনিবারে স্নান করিয়া মারুতীর পূজা দেয়। ব্যানকোব, তুলজাভবানী, মরগাই, পারসগড়ের যল্লমা এবং মিরাজের মীর সাহেব প্রভৃতি ইহাদের পূজ্য। সামাজিক কোন বিভ্রাট্ ঘটিলে স্বজাতীয় বৃদ্ধ ও বর্দ্ধিষ্ণু লোকেরা তাহা মিটাইয়া লয়।

গোল, ১ অযোধ্যার খেরী জেলার অন্তর্গত একটী তহসীল। ভূ-পরিমাণ ১০৫১ বর্গমাইল। এই উপবিভাগে সর্ব্বসমেত ২৬২৭৪৪ একার জমিতে চাস হয়।

২ উক্ত তহসীলের প্রধান নগর। লখিম্‌পুর হইতে শাহজহানপুর যাইবার পথে অবস্থিত। অক্ষা° ২৮° ৪´৪০´´ উঃ ও দ্রাঘি° ৮০° ৩০´৪৫´´ পূঃ। অর্দ্ধচন্দ্রাকৃতি পাহাড়ের নিম্নদেশে অবস্থিত।

উক্ত পাহাড়গুলি শালবৃক্ষে পরিপূর্ণ এবং ইহার দক্ষিণে একটী হ্রদ আছে। এখানে মঠধারী গোঁসাইদিগের দল এবং তাঁহাদিগের মধ্যে প্রধান প্রধান মৃতব্যক্তির সমাধিমন্দির দেখা যায়। এখানে চিনির বিস্তৃত কারবার আছে। প্রত্যহ ও পাক্ষিক দুইটী স্বতন্ত্র বাজার বসে। গোরক্ষনাথের পূজা ও সম্মানার্থ বৎসরে ফাল্গুন ও চৈত্রমাসে দুইবার মেলা হয়। ঐ মেলার সময় প্রায় লক্ষাধিক তীর্থযাত্রী ও ব্যবসায়ী নানাবিধ পণ্য দ্রব্য ক্রয় করিবার জন্য উপস্থিত হইয়া থাকে।

গোলক (পুং) গুড়-গুল্ ডস্য লঃ। ১ মণিক, অলিঞ্জর, জালা। ২ গুড়। (হেম°) ৩ গন্ধরস। (রত্নমা°) ৪ কলায়, মটর। (শব্দচ°) গোল স্বার্থে কন্। ৫ গোলাকৃতি পদার্থ। ৫ পিণ্ড।

"তেজসাং গোলকঃ সূর্য্যো গ্রহর্ক্ষাণ্যম্বুগোলকাঃ।
প্রভাবন্তো হি দৃশ্যন্তে সূর্য্যরশ্মিপ্রদীপিতাঃ॥" (সূর্য্যসি°)

(ক্লী) ৬ গোলোকধাম।

"যদ্রূপং গোলকং ধাম তদ্রূপং নাস্তি মামকে।" (তন্ত্রসার)

(ক্লী) ৮ ইন্দ্রিয়ের আধারবিশেষ। যথা চক্ষুর্গোলক।

৯ মনুপ্রোক্ত বিধবার গর্ভোৎপন্ন জারজপুত্র। (মনু ৩।১৫৬)

ইহারা আপনানিগকে গোবর্দ্ধন ব্রাহ্মণ বলিয়া পরিচয় দেয়। বোম্বাই প্রেসিডেন্সির নাসিক, পুণা, ধারবার, বেলগাম, শোলাপুর প্রভৃতি স্থানে গোলকের বাস আছে, তন্মধ্যে

নাসিক জেলায় কিছু অধিক। শোলাপুরে এই জাতির মধ্যে মুণ্ড, পুণ্ড ও রণ্ডগোলক, বেলগামে ও ধারবারে কুণ্ড-গোলক ও রণ্ডগোলক এবং নাসিক জেলায় উক্ত কয়প্রকার শাখা দৃষ্ট হয়। কেশমুণ্ডনকারিণী বিধবার পুত্রের নাম মুণ্ড-গোলক। পতির মৃত্যুর একবর্ষ মধ্যে যে বিধবার পুত্র হয়, তাহার নাম পুণ্ডগোলক। বিবাহিত হইবার পূর্ব্বে যে ব্রাহ্মণকন্যার অপর ব্রাহ্মণ দ্বারা পুত্র জন্মে, সেই পুত্রের নাম কুণ্ডগোলক এবং বিধবা ব্রাহ্মণীর গর্ভজাত পুত্রের নাম রণ্ডগোলক (১)। ইহাদের মধ্যে ভারদ্বাজ ভার্গব, কাশ্যপ, কৌশিক, সাংখ্যায়ন, বশিষ্ঠ ও বৎস প্রভৃতি গোত্র আছে। ভিন্ন শাখা ও এক গোত্রে বিবাহ হয় না। ইহারা সকলেই আপনাদিগকে প্রকৃত ব্রাহ্মণ বলিয়া পরিচয় দেয়, কিন্তু দাক্ষিণাত্যের উচ্চশ্রেণীর ব্রাহ্মণেরা ইহাদিগকে শূদ্রভাবে গ্রহণ করিয়া থাকেন। ইহাদের আহার ব্যবহার সাজসজ্জা ও দেখিতে দেশস্থব্রাহ্মণের ন্যায়। [দেশস্থব্রাহ্মণ দেখ।] অপর ব্রাহ্মণের ন্যায় ইহারা উপনয়নাদি সংস্কারে অধিকারী। কিন্তু কোন স্থানে ইহাদিগকে বেদপাঠ করিতে দেয় না। ইহারা স্ব স্ব কুলদেবতার পূজাও করে। বাণিজ্য-ব্যবসাতেও ইহারা পরাঙ্মুখ নহে। ইহারা বলে ইহাদের পূর্ব্বপুরুষেরা মহারাষ্ট্রের যজুর্ব্বেদী ব্রাহ্মণদিগের উপর পৌরো-হিত্যের অধিকার বন্ধক দিয়া এখন হীন হইয়া পড়িয়াছে।

গোলকলাড়ু (দেশজ) একজাতীয় বড় গাছ।

(১) সহ্যাদ্রিখণ্ডে উক্ত গোলকজাতির উৎপত্তি সম্বন্ধে একটু মত-ভেদ লক্ষিত হয়—

"ব্রাহ্মণী বিধবা নারী ব্যভিচারেণ গুর্ব্বিণী।
গোলকস্তস্য পুত্রো বৈ শূদ্রবদ্যাদি কেবলম্॥
ব্রাহ্মণস্য যদা পুত্রী জাতা দ্বাদশবার্ষিকী।
অবিবাহিতা চ তস্যাং বৈ জাতশ্চৈবানুগোলকঃ॥
ব্রাহ্মণী বিধবা চৈব পুনর্ব্বিবাহিতা কৃতা।
তৎপুত্র কুণ্ডগোলশ্চ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ।
স্বপতিত্যাগিনী নারী নিদেশদূরতস্থিতা।
তস্যাং পুত্রো যদা জাতো রণ্ডক ইতি নামতঃ।
অধমাঃ কুণ্ডগোলাদ্যাঃ সর্ব্বে ধর্ম্মবহিষ্কৃতাঃ।" সহ্যাদ্রি উত্তরার্দ্ধ ৪।১৯-২৩।

বিধবা ব্রাহ্মণী ব্যভিচার দ্বারা গর্ভবতী হইলে যে পুত্র জন্মে, তাহাকে গোলক বলে, তাহার আচারাদি শূদ্রবৎ। দ্বাদশবর্ষ উত্তীর্ণা অবিবাহিতা ব্রাহ্মণকন্যার গর্ভজাত পুত্রের নাম কুণ্ডগোলক। বিধবা ব্রাহ্মণকন্যা পুনর্ব্বিবাহিত হইলে যে সন্তান জন্মে, তাহাকে সর্ব্বধর্ম্মবহিষ্কৃত কুণ্ডগোলক বলা যায়। কোন নারী নিজের পতিকে পরিত্যাগ করিয়া স্বইচ্ছায় যে পুত্রোৎপাদন করে, তাহাকে রণ্ডক বা রণ্ডগোলক বলে। কুণ্ডগোল প্রভৃতি ইহারা সকলেই অধম ও সর্ব্বধর্ম্মবহিষ্কৃত।

গোলকাঁকড়া (দেশজ) একপ্রকার গাছ।

গোলকাঁকরোল [গোলকাঁকড়া দেখ।]

গোলকাঠ (দেশজ) কড়িকাঠ।

গোলকুণ্ডা, (গোলুগোণ্ডা বা গোলগোণ্ডা) মান্দ্রাজের বিশাখপত্তন জেলার অন্তর্গত গবর্মেণ্টের একটী খাস তালুক। অক্ষা° ১৭° ২৮´ হইতে ১৮° ৪´ উঃ ও দ্রাঘি° ৮১° ৩´ হইতে ৪২° ৪০´ পূঃ মধ্যে অবস্থিত। এই তালুকের মধ্যে ২২৮ খানি গ্রাম ও ২৩৬৬৬ ঘর লোকের বসতি আছে। উক্ত গ্রামের মধ্যে ১১৩ খানি গ্রাম রায়তবারী অর্থাৎ গবর্মেণ্টের নিকট হইতে চাসীর সদর জমায় আছে। এই তালুক পর্ব্বত-ময়, প্রায় ২০০০ বর্গমাইল গবর্মেণ্টের বনবিভাগ, পূর্ব্বে উহা জয়পুররাজের করদরাজ্যের ভূসম্পত্তি ছিল। ১৮৩৫ খৃষ্টাব্দে রাণীর হত্যাকাণ্ডের পর গবর্মেণ্ট উক্ত সম্পত্তি দখল করেন এবং জমিদারকে কারারুদ্ধ করেন। পর বৎসরে গবর্মেণ্টবাহাদুর নিলামে উক্ত সম্পত্তি খরিদ করেন। ১৮৪৫ খৃষ্টাব্দে স্থানীয় সর্দ্দারেরা বিদ্রোহী হইয়া তিন বৎসরকাল সম্পত্তি দখলে রাখে। পুনরায় ১৮৫৭-৫৮ খৃষ্টাব্দে তাহাদিগের বিরুদ্ধে সৈন্য পাঠাইয়া ঐ জমিদারী গবর্মেণ্টের তালুকভুক্ত হয়। নর্সাপত্তনে উহার সদর কাছারী ও পুলিস আছে। এই তালুকের আর একটী প্রধান নগরের নাম গোলকুণ্ডা। অক্ষা° ১৭° ৪০´ ৪০´´ উঃ ও দ্রাঘি° ৮২° ৩০´ ৫০´´ পূঃ।

গোলকুণ্ডা, নিজামরাজ্যের অন্তর্গত একটী ধ্বংসাবশিষ্ট নগর ও দুর্গ। হায়দ্রাবাদনগরের ৭ মাইল পশ্চিমে অবস্থিত। অক্ষা° ১৭° ২২´ উঃ ও দ্রাঘি° ৭৮° ২৬´ ৩০´´ পূঃ। বাহ্মণীবংশের অধঃপতনের পর গোলকুণ্ডা দাক্ষিণাত্যের মধ্যে একটী বৃহৎ সমৃদ্ধিশালী রাজ্যে পরিণত হইয়াছিল। ১৬৮৬ খৃষ্টাব্দে অরঙ্গজেব উহা অধিকার করিয়া নিজ সাম্রাজ্যভুক্ত করিয়া লন। গ্রেণাইট পর্ব্বতের শিখরের উপর গোলকণ্ডা দুর্গ স্থাপিত। ইহা শত্রুর দুর্ভেদ্য এবং পূর্ণ সংস্কৃত। এই দুর্গের ৬০০ গজ দূরে প্রাচীন রাজগণের নির্ম্মিত অনেকগুলি অত্যুচ্চ মস্‌জিদ্ আছে। কালবশে অনেক ক্ষয় প্রাপ্ত হইয়াছে, কিন্তু আজিও সমভাবে দণ্ডায়মান। ঐ সমাধিমন্দিরগুলি নির্ম্মাণ করিতে আনুমানিক প্রায় ১৫০০০০০৲ টাকা খরচ লাগিয়াছে। এই দুর্গ এক্ষণে নিজামরাজের কোষাগার ও রাজকারাগার-রূপে ব্যবহৃত হইতেছে। গোলকুণ্ডার হীরকের কথা পৃথিবীর সর্ব্বত্রই প্রচার আছে।

গোলক্ষণ (ক্লী) গোর্লক্ষণং ৬তৎ। গোরুর শুভাশুভ-সূচক চিহ্নবিশেষ। [গো দেখ।]

গোলখয়রা (দেশজ) একজাতীয় খয়রা। (Althæa nigricans)

গোলত্তিকা (স্ত্রী) গবি ভূমৌ লত্তিকেব। বনচর স্ত্রীজাতীয় পশুবিশেষ।

"রোহিতাং কণ্ডূণাচী গোলত্তিকা তে হপ্সরসাম্।"

(শুক্লযজুঃ ২৪।৩৭)

গোলদার (পারসীজ) দোকানদার, যে বিক্রেতা অধিকসংখ্যক মাল একবারে বিক্রয় করে।

গোলদারী (পারসীজ) গোলদারের কার্য্য।

গোলন্দ (পুং) ঋষিবিশেষ। শব্দটী পাণিনীয় গর্গাদি গণান্তর্গত।

গোলন্দাজ (পারসী) যাহারা গোলা ছোড়ে।

গোলন্দাজী (পারসীজ) গোলন্দাজ সেনার কার্য্য।

গোলমরিচ, ১ স্বনামপ্রসিদ্ধ বৃক্ষবিশেষ। ২ তৎফল।

গোলমলঙ্গ (দেশজ) একপ্রকার খাগড়াগাছ। (Cyperus elatus)

গোলমাল (দেশজ) কার্য্যের বিঘ্নজনক ক্ষুদ্রব্যাপার।

গোলমোহনী (দেশজ) একপ্রকার গাছ। (Deeringia celosioides)

গোলযন্ত্র (ক্লী) যন্ত্রবিশেষ। [গোল দেখ।]

গোলবণ (ক্লী) গবেদেয়ং পরিমিতং লবণং। যে পরিমাণ লবণ গোরুকে দেওয়ার বিধান আছে তত পরিমাণ লবণ। (সি° কৌ°)

গোলশিঙ্গু (দেশজ) একপ্রকার বৃক্ষ। (Quercus serrata)

গোলা (স্ত্রী) গাং বহুভূমিং আধারত্বেন লাতি গো-লা-ক-টাপ্। ১ গোদাবরী নদী। গাং বাচং লাতি লা-ক-টাপ্। ২ সখী। ৩ কুনটী। গাং দীপ্তিং জলং লাতি বা লা-ক-টাপ্। ৪ পত্রাঞ্জন। ৪ মণিক। ৬ মণ্ডল। ৭ কাষ্ঠাদি নির্ম্মিত গোলাকার ক্ষুদ্র পদার্থ, বালকেরা ইহা দ্বারা ক্রীড়া করে। ৮ দুর্গা। (মেদিনী) (দেশজ) ৯ কুশূল, মরাই। ১০ গুদাম, যেখানে এক জাতীয় অনেক জিনিষ রাখা হয়।

১১ কামানে ছুড়িবার উপযোগী বৃহদাকার লৌহ বা সীসক নির্ম্মিত পিণ্ড, ইহার মধ্যে সুতীক্ষ্ণ অস্ত্রাদি থাকে, অগ্নি সংযোগে ফাটিয়া গিয়া তাহা বাহির হইয়া পড়ে।

[কামান দেখ।]

গোলাক্ষ (পুং) ঋষিবিশেষ। ইহার উত্তর গোত্রাপত্যার্থে ফঞ্ হয়।

গোলাঘাট, ১ আসাম প্রদেশের শিবসাগর জেলার মধ্যে একটী উপবিভাগ। ইহার মধ্যে ৫৪ খানি মৌজা বা গ্রাম। ১৮৪৬ খৃষ্টাব্দে প্রথমে এই উপবিভাগ গঠিত হয়। ১৮৭০-৭১ খৃষ্টাব্দে এখানে ৪টী ফৌজদারী, রাজস্ব ও দেওয়ানী আদালত এবং পুলিশ স্থাপিত হয়।

২ উক্ত উপবিভাগের মধ্যে একখানি গ্রাম এবং গোলাঘাটের সদরকাছারি। ধনেশ্বরী নদীর কূলে অবস্থিত। অক্ষা° ২৬° ৩০´ উঃ ও দ্রাঘি° ৯৪ পূঃ। পর্ব্বতের উচ্চ স্থানে এই নগর স্থাপিত। আসাম প্রদেশের মধ্যে একটী স্বাস্থ্যকর স্থান। বর্ষা ঋতুতে ষ্টীমার দ্বারা গোলাঘাটে যাইতে পারা যায়। শীতকালে নাগারা পার্ব্বত্য প্রদেশ হইতে তুলা ও অন্যান্য দ্রব্য লইয়া এই নগরে নামিয়া আসে এবং তৎপরিবর্ত্তে লবণমৎস্যাদি অপর দ্রব্য খরিদ করিয়া লইয়া যায়। মুসলমানদিগের সময় হইতে এই নগর প্রসিদ্ধ।

গোলাঙ্ক (পুং) ঋষিবিশেষ।

গোলাঙ্গূল (পুং) গোর্লাঙ্গূলবৎ লাঙ্গূলমস্য বহুব্রী। ১ বানরবিশেষ। কশ্যপপত্নী ক্রোধার কন্যা হরির গর্ভে ইহার জন্ম। (ভারত ১।৬৬ অঃ।) কাশীখণ্ডের মতে লালমুখ নীলশরীর যূথপতি বানরকে গোলাঙ্গূল বলে।

"গোলাঙ্গূলা রক্তমুখা নীলাঙ্গা যূথনায়কাঃ।" (কাশীখণ্ড)

কোন কোন মতে গোলাঙ্গূলস্থলে গোলাঙ্গুল পাঠ দৃষ্ট হয়।

গোলাঙ্গূলপরিবর্ত্তন (ক্লী) রাজগৃহের নিকটবর্ত্তী একটী ক্ষুদ্র পাহাড়।

গোলাধ্যায় (পুং) ভাস্করাচার্য্য প্রণীত একখানি গ্রন্থ। ইহাতে ভূগোল প্রভৃতি অতি বিশদরূপে বর্ণিত আছে।

গোলান (দেশজ) মিশাইয়া তরল করা।

গোলাপ (পারসী) একপ্রকার মনোহর ফুল। [গোলাব দেখ।]

গোলাপজল (দেশজ) গোলাব্। [গোলাব দেখ।]

গোলাগোকর্ণনাথ, খেরি জেলার ২৪ মাইল উত্তরপশ্চিমে, মুহম্মদী তহসীলের হায়দ্রাবাদ পরগণার মধ্যস্থিত একখানি গণ্ডগ্রাম ও হিন্দুদিগের একটী পবিত্র তীর্থস্থান। ইহার এক দিকে অর্দ্ধচন্দ্রাকৃতি পাহাড় আছে। এখানে চারিটী হিন্দুদেবালয়, চারিটী মসজিদ্ এবং পর্ব্বতের উচ্চ পৃষ্ঠে মুসলমানদিগের অনেক সমাধিস্তম্ভ লক্ষিত হয়।

এখানকার গোকর্ণনাথের মন্দিরই অতি পবিত্রস্থান। তীর্থযাত্রীরা দলে দলে দেবপূজামানসে এখানে আসিয়া থাকে। বর্ত্তমান মন্দির বহু প্রাচীন হইবে না, সম্ভবতঃ অরঙ্গজেবের রাজ্যসময়ে নির্ম্মিত হয়। কিন্তু মন্দিরের গর্ভগৃহ ও মূলস্থান দেখিলে সহজেই অনুমান করা যায় যে, কোন পুরাতন বৌদ্ধস্তূপ ভাঙ্গিয়া তাহার উপর ঐ মন্দির স্থাপিত হইয়াছে। প্রবাদ আছে যে, সম্রাট্ আলমগীর এই মন্দিরস্থ মহাদেবমূর্ত্তি মৃত্তিকা হইতে উৎপাটিত করিতে চেষ্টা করেন, কিন্তু লৌহশৃঙ্খলে আবদ্ধ করিয়া হস্তী দ্বারা টানাইলেও মূর্ত্তি

স্থানচ্যুত হয় নাই। পরে সম্রাট্ মূলস্থানের চারিপার্শ্ব খুঁড়িয়া মূর্ত্তি উত্তোলন করিতে আদেশ করেন, কিন্তু তাহাতেও কেহ কৃতকার্য্য না হওয়ায় সম্রাট্ স্বয়ং এই স্থান পরিদর্শন করিতে আসিলেন। মূর্ত্তি নিম্নদেশ হইতে অগ্নি-শিখা জিহ্বা বিস্তারপূর্ব্বক সম্রাট্‌কে গ্রাস করিতে উদ্যত হইল। সম্রাট্ প্রাণ লইয়া পলাইলেন এবং উক্ত গোকর্ণনাথের সেবার জন্য অনেক নিষ্কর জমি দান করিলেন।

এই পবিত্র ভূমির মধ্যস্থলে মন্দির ও পবিত্র ক্ষেত্রের চারি সীমায় চারিটী তোরণ আছে। ঐ দ্বারগুলি মন্দির হইতে ১২ ক্রোশ দূর হইবে। পশ্চিমে শাহজহান-পুর জেলাস্থ মাতীদ্বার, উত্তরে ভূর পরগণাস্থ শাহপুরদ্বার, পূর্ব্বে খেরিজেলাস্থ দেওকালীদ্বার, দক্ষিণে মুহম্দী পরগণাস্থ বরথারদ্বার। এই মন্দিরে প্রবেশ করিবার পূর্ব্বে তীর্থযাত্রী-গণকে উক্ত চারিটী দ্বার প্রদক্ষিণ করিতে হয়। এই স্থানের দুই ক্রোশ দূরে একটী মন্দিরের পূর্ব্বে বদরকুণ্ড, উত্তরে পনাহ, দক্ষিণে কীর্ণগড় এবং পশ্চিমে মাইনকুণ্ড প্রভৃতি তীর্থ স্থান আছে।

গোলাগোকর্ণনাথের ৮ মাইল পূর্ব্বে ভেট্‌বা গ্রাম, এই গ্রামের সন্নিহিত অরণ্যে কোন প্রাচীন নগরীর ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়। তন্মধ্যে ফকির-কি-মঠী ও তেলে-নীয়া বিজ্না নামক স্তূপ দুইটী প্রধান। ঐ স্তূপের নিকটে বড় বড় ইট ও বিষ্ণু, মহিষমর্দ্দিনী, দুর্গা প্রভৃতি দেবমূর্ত্তির ভগ্নাবশেষ পড়িয়া আছে। অনেকস্থলে এখনও ২০ ফিট উচ্চ ভগ্ন গৃহপ্রাচীরাদি দেখা যায়।

গোলাপসিংহ, রাজপুতবংশীয় কাশ্মীরের একজন মহারাজ ও বর্ত্তমান কাশ্মীরাধীশ্বর প্রতাপসিংহের পিতামহ।

খৃষ্টীয় অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে কাশ্মীরের উত্তরবর্ত্তী জম্বুপ্রদেশে রূপদেব ও তৎপরে তৎপুত্র রণজিৎদেব রাজত্ব করিতেন। তাঁহারা চন্দ্রবংশীয় রাজপুত বলিয়া আপনাদের পরিচয় দিতেন। রূপদেবের কুশদেব ও সুরতদেব নামে আরও দুই পুত্র জন্মে। কনিষ্ঠ সুরতদেবের বংশে বিখ্যাত গোলাপসিংহের জন্ম *।

১৭৮০ খৃষ্টাব্দে রণজিৎ দেবের মৃত্যুর পর তাঁহার পুত্র বিজয়রায়, তৎপরে বিজয়ের পুত্র সফরীদেব ও তাঁরপর বিজয়ের কনিষ্ঠ ভ্রাতুষ্পুত্র জয়সিংহ জম্বুর রাজা হন। এই জয়সিংহের অভিষেকবর্ষে ১৭৮৮ খৃষ্টাব্দে গোলাপসিংহ জন্মগ্রহণ করেন।

পঞ্জাবকেশরী রণজিৎসিংহ মিশ্র দেওয়ানচাঁদ নামক একজন সেনানায়ককে জম্বু অধিকার করিবার জন্য পাঠাইয়া-ছিলেন। এখানে রাজপুতরাজের সহিত শিখসৈন্যের ঘোরতর যুদ্ধ হয়, সেই যুদ্ধে অষ্টাদশ বর্ষীয় গোলাপসিংহ যেরূপ বীরত্ব দেখাইয়া ছিলেন, তাহাতে শিখসেনানায়ক দেওয়ানচাঁদ মুগ্ধ হইয়া পঞ্জাবসিংহের নিকট গোলাপের বিস্তর প্রশংসা করিয়াছিলেন।

জম্বু শিখরাজের হস্তগত হইল। জম্বুরাজ-পরিবার আজ নিতান্ত বিষণ্ণ ও বিপন্ন। তখন গোলাপ ও তাঁহার অনুজ ধ্যানসিংহ পিতৃব্য মিঞামতির অন্নে অতিকষ্টে জীবন যাপন করিতেছিলেন। কিন্তু বীরচেতা গোলাপের হৃদয়ে এরূপ দীন ভাব অতি কষ্টকর হইল। তিনি এই অল্প বয়সে আপন অদৃষ্ট পরীক্ষার জন্য দশম বর্ষীয় ধ্যানসিংহকে সঙ্গে লইয়া বাহির হইলেন। দেওয়ানচাঁদের প্রশংসাবাদ তাঁহার কর্ণ-গোচর হইল। তিনি আশাপূর্ণ হৃদয়ে শিখমহারাজের অনুগ্রহ-প্রার্থী হইয়া লাহোরে আসিয়া পৌঁছিলেন। কিন্তু এবার তাঁহার এত কষ্ট এত পরিশ্রম বৃথা হইল, প্রায় তিনমাস কাল লাহোরে থাকিয়াও মহারাজ রণজিতের দর্শন পাইলেন না। হতাশ অন্তরে ছোট ভাইটিকে লইয়া জন্মভূমিমুখে ফিরিলেন। এখানে আসিয়াও আত্মীয় স্বজনের কষ্ট দেখিয়া তিনি বড়ই ব্যথিত হইলেন। উচ্চ রাজপুতবংশে জন্ম লইয়া তিনি যে নিতান্ত কাপুরুষের ন্যায় গৃহে অবস্থান করিবেন, তাহা কিছুতেই তাঁহার ভাল লাগিল না। এবার একাকী বাহির হইলেন। বিতস্তানদীর তীরে আসিয়া ক্লান্ত হইয়া পড়েন। তাহারই অদূরে মুঞ্জেলা নামক দুর্গ অবস্থিত। ঘটনাক্রমে কিল্লাদার তথায় বেড়াইতে আসেন এবং গোলাপের সুন্দর ও বীরোচিত কান্তি অবলোকন করিয়া তাঁহার পরিচয় জিজ্ঞাসা করেন। যুবক গোলাপসিংহ সেই কিল্লাদারের নিকট ৩৲ টাকা মাসিক বেতনে একজন সামান্য সৈনিক পদে নিযুক্ত হইলেন। কিন্তু এখানেও বেশীদিন থাকিতে পারিলেন না। তাঁহার যুদ্ধনৈপুণ্য ও কার্য্যকুশলতা দর্শনে দুর্গের অপর সৈনিকেরা তাঁহার ঈর্ষা করিত। গোলাপ অল্পদিন পরেই মুঞ্জেলা দুর্গ ছাড়িয়া ভীমবরের সুলতানখাঁর অধীনে কর্ম্ম স্বীকার করেন। কিছুদিন তিনি কোটালীদুর্গে রহিলেন। এখানকার সর্দ্দারের সঙ্গেও তাঁহার বনিবনা হইল না, কর্ম্ম পরিত্যাগ করিতে বাধ্য হইলেন।

এখন বীর গোলাপ চারিদিকেই নিরাশার বিষাদময় ছবি

* জম্বুরাজবংশাবলী পাঠে জানা যায়, সুরত বা স্বরূপসিংহের ৩ পুত্র জরুরসিংহ, মিঞামতি ও জল্লসিংহ। জরুরসিংহের পুত্রের নাম কিশোর বা কশুরসিংহ। কিশোরসিংহের তিন পুত্র জন্মে, গোলাপসিংহ, ধ্যানসিংহ ও সুচেতসিংহ।

দেখিতে পাইলেন। কাহার সাহায্য লইবেন? কিরূপে তাঁহার ভবিষ্য উন্নতি সাধিত হইবে? এ অকূল পাথারে কর্ণধার কোথায়? বীর হৃদয় বড়ই ব্যাকুল হইল। হৃদয়ের ব্যথা জুড়াইবার জন্য ইস্মাইলপুরে পিতার নিকট উপস্থিত হইলেন। কিন্তু এখানে আসিয়াও তিনি সংসারের বিষম নিগড়ে নিবদ্ধ হইয়া মনে মনে বড়ই কষ্ট পাইতে লাগিলেন। এখানে তাঁহার পিতা পুত্র দুইটীকে উপযুক্ত দেখিয়া দুর্ল্লভ নামক এক ব্যক্তির নিকট অনেক টাকা কর্জ্জ করিয়া প্রথম দুই পুত্রের বিবাহ দিলেন। এ বিবাহে গোলাপ সুখী হইতে পারিলেন না, তিনি দেখিলেন যেমন তাঁহার পিতা ঋণজালে জড়িত হইতেছেন, সংসারিক কষ্টও সেই পরিমাণে উত্তরোত্তর বৃদ্ধি হইতেছে। ১৮১১ খৃষ্টাব্দের প্রারম্ভে গোলাপ একদিন পিতাকে বলিলেন, "আমার আর এখানে ভাল লাগিতেছে না। আপনি যদি ঘোড়সওয়ারের উপযুক্ত সাজগোজ আমায় কিনিয়া দেন, তবে আর একবার লাহোর দরবারে গিয়া অদৃষ্ট পরীক্ষা করি।" কিন্তু তখন তাঁহার পিতা কিশোরসিংহের নিকট এক কপর্দ্দকও নাই। যাহা হউক, টাকা ফিরিয়া পাইবার কোন সম্ভাবনা না থাকিলেও উদারচেতা দুর্ল্লভ আবার কতক টাকা কর্জ্জ দিয়া গোলাপের অভিলাষ পূর্ণ করিলেন। গোলাপ ও ধ্যানসিংহ মিঞামতির নিকট হইতে একখানি সুপারিস্‌চিঠি লইয়া লাহোরে মিশ্র দেওয়ানচাঁদের নিকট উপস্থিত হইলেন। দেওয়ানচাঁদ সেই চিঠি পড়িয়া উভয় ভ্রাতাকেই যথেষ্ট সমাদর করিলেন ও তাঁহাদের সাহায্য করিতে প্রতিশ্রুত হইলেন। এই সময়ে গোলাপসিংহ শুনিলেন তাঁহাদের পরম উপকারী মিঞামতি বিদ্রোহী দামোদরসিং ও গালসিংএর হস্তে নিহত হইয়াছেন। সদাশয় অভিভাবকের মৃত্যুতে গোলাপ যে কি পর্য্যন্ত মর্ম্মাহত হইয়াছিলেন, তাহা বলিয়া শেষ করা যায় না। তাঁহার হৃদয়ে প্রতিহিংসা-বহ্নি জ্বলিয়া উঠিয়াছিল, কিন্তু তিনি মনের আগুন মনেই চাপিয়া রাখিলেন। এ অবস্থায় প্রতিহিংসাবৃত্তি চরিতার্থ করা তাঁহার পক্ষে সাধ্যাতীত।

সুযোগমত মিশ্র দেওয়ানচাঁদ উভয় রাজপুত যুবককে মহারাজ রণজিৎসিংহের নিকট লইয়া গেলেন। পঞ্জাবকেশরী পূর্ব্বেই গোলাপের বীরত্বের কথা শুনিয়াছিলেন। আজ দুই ভাইয়ের সুশ্রী সুগঠিত বীরকান্তি দেখিয়া বড়ই সন্তুষ্ট হইলেন এবং উভয়কেই প্রতিদিন ৩৲ টাকা বেতনে আপন অনুচর করিয়া রাখিলেন। এইরূপে উভয় ভ্রাতা কিছুদিন রাজদরবারে থাকিয়া রাজকীয় আদব্ কায়দা শিখিলেন ও সভ্যভব্য হইয়া উঠিলেন। ১৮১২ খৃষ্টাব্দে উভয়ে "ঘোড়চর" বা অশ্বারোহী সৈন্য মধ্যে গণ্য হইলেন। মহারাজ রণজিৎসিংহ ধ্যানসিংহকে বড়ই ভালবাসিতেন। এই সময়ে ধ্যানসিংহ প্রত্যহ ৫৲ টাকা, কিন্তু তাঁহার জ্যেষ্ঠ গোলাপসিংহ প্রত্যহ ৪৲ চারি টাকা মাত্র পাইতেন। অল্প দিন মধ্যেই উভয়ের বেতন দ্বিগুণ হইতে তিনগুণ পর্য্যন্ত বৃদ্ধি হইয়াছিল। এই বর্ষের শেষে রাজপুতবীর পিতার নিকট প্রায় তিন সহস্র টাকা পাঠাইয়াছিলেন। গোলাপ ও ধ্যানসিংহের এইরূপ পদোন্নতিকালে তাঁহাদের পিতা কিশোরসিংহের মৃত্যু হয়।

১৮১৩ খৃষ্টাব্দে মহারাজ রণজিতের অনুরোধে গোলাপ কনিষ্ঠ ভ্রাতা দ্বাদশবর্ষীয় সুচেতসিংহকে দরবারে আনাইলেন। সুচেতসিংহ আপন রমণীয় সুকুমার কান্তিগুণে রণজিৎকে বিমুগ্ধ করিয়া তাঁহার যথেষ্ট অনুগ্রহলাভ করিলেন। যাহা কেহ স্বপ্নেও ভাবে নাই তাহাই হইল। তিনজন সামান্য রাজপুত যুবক আসিয়া লাহোর দরবারের শীর্ষস্থান অধিকার করিল এবং তাঁহারাই ক্রমে সর্ব্বেসর্ব্বা হইয়া পড়িল।

উক্ত বর্ষেই দামোদরসিং ও গালসিং লাহোরে আগমন করেন। তাঁহাদের আগমনবার্ত্তা শুনিয়া গোলাপসিংহ ও ধ্যানসিংহের হৃদয়ে প্রতিহিংসা উদ্দীপিত হইল। উভয়ে আনরকুলী নামক পথে অশ্বারোহণে উপস্থিত হইলেন। এখানে মিঞামতিহন্তার সহিত সাক্ষাৎ হইল। গোলাপসিংহ দামোদরকে অভিবাদন করিয়াই তাঁহার দিকে বন্দুক ছুঁড়িলেন। দামোদর আর্ত্তনাদ করিয়া ভূমে পড়িয়া প্রাণত্যাগ করিলেন। তখন গালসিং উভয়ভ্রাতাকে আক্রমণ করিলেন। কিন্তু গোলাপের দারুণ অস্ত্রাঘাতে তিনিও সাংঘাতিকরূপে আহত হইলেন। রাজপথে এই দুর্ঘটনা হইতে দেখিয়া অনেক লোক আসিয়া গোলাপসিংহকে আক্রমণ করিল। গোলাপ ও ধ্যান কোনক্রমে পলাইয়া মিশ্র দেওয়ানচাঁদের শিবিরে আসিয়া আত্মরক্ষা করিলেন। সেই হত্যাকাহিনী মহারাজ রণজিতের কর্ণগোচর হইল। কিন্তু শিখরাজ তাহাতে রুষ্ট না হইয়া বরং তাঁহাদের উপর সন্তুষ্ট হইলেন এবং তাঁহাদের পদবৃদ্ধি করিয়া দিলেন। এখন গোলাপ বিবিধ পারিতোষিক ব্যতীত প্রত্যহ ১৮৲ টাকা করিয়া পাইয়া থাকেন।

জম্বুরাজ্য শিখদিগের হস্তগত হইলে রণজিৎসিংহ দেওয়ান ভবানীদাসকে সসৈন্যে জম্বু শাসন করিতেন পাঠান। শিখসৈন্য দর্শনে জম্বুরাজ-পরিবারগণ শতদ্রুনদীর অপর পারে পলাইয়া আসেন। তৎপরে জম্বুবাসী রাজপুতদিগের সহিত শিখদিগের সর্ব্বদাই বিবাদ বাঁধিত, কিন্তু তাহাতে

রাজপুতগণই কষ্টভোগ করিতেন। এই দুঃসময়ে দিদুনামে এক ব্যক্তি জম্বুতে দেখা দেন। তিনি পর্ব্বত হইতে গুপ্তভাবে আসিয়া শিখদিগের উপর বড়ই অত্যাচার আরম্ভ করেন। তাঁহার উৎপীড়ন এখানকার শিখদিগের নিতান্ত অসহ্য হইয়া উঠিল। ক্রমে দিদুর উৎপাতে জম্বুর রাজস্ব-আদায় পর্য্যন্ত বন্ধ হইল। সেই সংবাদ রণজিৎসিংহের নিকট আসিল। তখন গোলাপসিংহ পঞ্জাবকেশরীর নিকট উপস্থিত ছিলেন। তিনি শিখরাজকে বুঝাইলেন যে জম্বুর জমাদার কুশিয়ালসিং নিজে স্বাধীন হইবার জন্য পার্ব্বতীয়জাতিকে শিখদিগের বিপক্ষে উত্তেজিত করিতেছে। ইতিপূর্ব্বে গোলাপ দেওয়ানচাঁদকেও বুঝাইয়া ছিলেন যে, তাঁহাদের মাতৃভূমির রক্ষাভার যদি তাঁহার উপর অর্পিত হয়, তাহা হইলে আর এ সকল গোলযোগ কখনই ঘটিবে না। এখন দেওয়ানচাঁদও গোলাপের পক্ষ হইয়া মহারাজ রণজিৎসিংহের নিকট জম্বুর কথা উত্থাপন করিলেন। গোলাপের অদৃষ্ট নিতান্ত সুপ্রসন্ন। পঞ্জাবকেশরী গোলাপকে জম্বু ও ভীমবরের নিকটবর্ত্তী চল্লিশহাজার টাকা আয়ের সম্পত্তি জায়গীর দিয়া তাঁহাকে পার্ব্বতীয় জাতিদিগকে দমন করিবার জন্য নিযুক্ত করিলেন।

এখন মিঞা গোলাপসিংহ ৫।৬ শত সৈন্য লইয়া জম্বু অভিমুখে যাত্রা করিলেন। তিনি বহুদিন পরে জন্মভূমে উপস্থিত হইলেন, এখানে রাজপুতগণ তাঁহার যথেষ্ট আদর অভ্যর্থনা করিল। সুচতুর গোলাপ প্রধান প্রধান লোকদিগকে অর্থদ্বারা বশীভূত করিতে লাগিলেন। এইরূপে ঘুস দিয়া দিদুর পক্ষীয় কতকগুলি লোককে হস্তগত করিলেন। অল্পদিন মধ্যেই তিনি দিদুর ছিন্নমুণ্ড লইয়া লাহোরে উপস্থিত হইলেন। মহারাজ রণজিৎ গোলাপের কার্য্যে সন্তুষ্ট হইয়া তাঁহাকে বিস্তর অর্থ ও অনেকগুলি জায়গীর দান করিলেন। আবার রণজিৎসিংহের আদেশে গোলাপসিংহ কৃষ্ণবার ও জম্বুর উত্তরবর্ত্তী পার্ব্বতীয় ভূভাগ জয় করিবার জন্য বহির্গত হইলেন। তাঁহার সৌভাগ্যক্রমে দুর্দ্দান্ত পার্ব্বতীয় জাতিগণ অল্পায়াসেই তাঁহার বশ্যতা স্বীকার করিয়াছিল। ১৮১৭ খৃষ্টাব্দে রাজপুতবীর সফলকাম হইয়া পঞ্জাবকেশরীর নিকট ফিরিয়া আসিলেন। এবারেও তিনি যথেষ্ট পুরস্কৃত হইলেন।

এ সময়ে ধ্যানসিংহ দেউড়িবালা * অর্থাৎ সর্ব্বপ্রধান দ্বাররক্ষকের পদে নিযুক্ত হইয়াছিলেন।

* নবাবী আমলে উজীরীপদের ন্যায় দেউড়িবালাও অতি উচ্চপদ। দেউড়িবালার অনুমতি ব্যতীত কেহ রাজদর্শন পাইত না।

রণজিৎ গোলাপ অপেক্ষা ধ্যানসিংহ ও সুচেতসিংহকে ভালবাসিতেন। তিনি দুই কনিষ্ঠ ভ্রাতাকে "রাজা" উপাধি অর্পণ করিলেন। কিন্তু জ্যেষ্ঠ এ উচ্চ উপাধি না পাওয়ায় তাঁহারা রণজিৎকে জানাইলেন, 'মহারাজ! আমাদের যিনি জ্যেষ্ঠ, সর্ব্বকার্য্যে যিনি আমাদের অপেক্ষা উপযুক্ত, বীর ও বিজ্ঞ, যখন তাঁহার ভাগ্যে এ উপাধি হইল না, তখন আমরা কিরূপে উচ্চ রাজোপাধি গ্রহণ করি?"

কনিষ্ঠ সহোদরের এরূপ কৌশলপূর্ণ কথায় মহারাজ রণজিৎ গোলাপসিংহকেও 'রাজা' উপাধি দান করিলেন। এইরূপে ১৮১৮ খৃষ্টাব্দে শিখ নরপতি কর্ত্তৃক গোলাপ জম্বুর রাজা, ধ্যানসিংহ ভীমবর ও কুশলের রাজা এবং সুচেতসিংহ রামনগর ও সম্বা প্রভৃতি স্থানের রাজা হইলেন।



গোলাপসিংহ উপকারী শিখনরপতির নিকট হইতে বিদায় লইয়া মহাসমারোহে জম্বুরাজ্যে প্রবেশ করিলেন। যে ব্যক্তি এক সময়ে সামান্য ৩৲ টাকা বেতনের চাকরীর জন্য লালায়িত হইয়াছিল, আজ সে ব্যক্তি জম্বুর একজন স্বাধীন রাজা। অদৃষ্টচক্র কিরূপ পরিবর্ত্তনশীল, এই গোলাপসিংহ তাহার যথেষ্ট নিদর্শন! মহাধুমধামে গোলাপসিংহ জম্বুরাজ্যে অভিষিক্ত হইলেন। শিখরাজের কর্ম্মচারী ও তাঁহার অধীনস্থ সৈন্যগণ সকলেই জম্বু ছাড়িয়া চলিয়া আসিলেন। গোলাপের সহিত রণজিৎসিংহের আর কোন সংস্রব রহিল না। কেবল এই কথা থাকে যে রাজা গোলাপ প্রতিবর্ষ দশেরার সময়ে সসৈন্যে লাহোরে আসিয়া পঞ্জাবকেশরীর আনন্দবর্দ্ধন করিবেন।

গোলাপ জম্বুর একাধিপত্য লাভ করিয়া নিকটবর্ত্তী সর্দ্দারগণকে আয়ত্ত করিতে লাগিলেন। রাজ্যলিপ্সার সহিত উচ্চাভিলাষ, পরশ্রীকাতরতা, পরপীড়ন ও অর্থলোভ প্রভৃতি

মহাদোষ সকলও তাঁহার হৃদয় অধিকার করিল। এমন কি তৎকালে জম্বুর আবালবৃদ্ধবনিতা সকলেই গোলাপের নাম শুনিলেও ভীত হইত।

এদিকে গোলাপ এত মুখমিষ্ট ছিলেন, তাঁহার বদনমণ্ডলে এমনি সুন্দর স্বচ্ছ আবরণ ছিল, যে একবার তাঁহাকে দেখিত ও তাঁহার সহিত আলাপ করিত, সে ব্যক্তিই কেমন তাঁহার মোহিনীশক্তিতে আকৃষ্ট হইয়া তাঁহার বাধ্য হইয়া পড়িত।

১৮২০ খৃষ্টাব্দে গোলাপসিংহ রাজোয়ারির রাজা অগরখাঁকে আক্রমণ ও বন্দী করেন।

১৮৩৯ খৃষ্টাব্দে পঞ্জাবকেশরী রণজিৎসিংহের মৃত্যু হয় ও তৎপুত্র বীরবর খড়্গসিংহ সিংহাসনে আরোহণ করেন। গোলাপ প্রভৃতি সকলেই মনে করিয়াছিলেন যে রণজিতের মৃত্যুর পর তাঁহার ভ্রাতা ধ্যানসিংহের পুত্র হীরাসিংহ পঞ্জাবের সিংহাসনে অভিষিক্ত হইবে, কিন্তু তাঁহাদের অভীষ্ট সিদ্ধ না হওয়ায় রাজা ধ্যানসিংহ মহারাজ খড়্গসিংহের বিনাশের জন্য ষড়যন্ত্র করিতে লাগিলেন। রাজা গোলাপসিংহ সেই নিদারুণ ষড়যন্ত্রে যোগ দিয়াছিলেন। যখন কুমার নবনেহালসিংহ খাইবার হইতে পিতার শত্রুরূপে লাহোরাভিমুখে আসিতেছিলেন, তৎকালে রাজা গোলাপসিংহ পথে তাহার সহিত মিলিত হন। গভীর নিশীথে যে কয়জন রাজদ্রোহী মিলিয়া অসহায় খড়্গসিংহকে বন্দী করিয়াছিলেন, তাহাদের মধ্যে গোলাপসিংহও একজন।

[খড়্গসিংহ দেখ।]

যখন খড়্গসিংহ কারাগারে ও তৎপুত্র নবনেহালসিংহ পঞ্জাবের সিংহাসনে সমাসীন, গোলাপসিংহ প্রভৃতি তিন ভ্রাতায় একপ্রকার পঞ্জাবে আধিপত্য করিতেছিলেন। রণজিৎপৌত্র নবনেহালের তাহা নিতান্ত অসহ্য হইয়াছিল। খড়্গসিংহের অন্ত্যেষ্টিক্রিয়ার দিনে মাথায় টালী পড়িয়া নবনেহাল ক্ষত বিক্ষত হন। লোকে বলে তাহাতে তাঁহার মৃত্যু হয়। কিন্তু কোন কোন ঐতিহাসিক লিখিয়াছেন, "সেই সামান্য আঘাতে তাঁহার মৃত্যুর কোন সম্ভাবনা ছিল না।" সুপ্রসিদ্ধ শিখ-ইতিহাস-লেখক কানিংহাম্ লিখিয়াছেন, "নবনেহালের হত্যাকাণ্ডে জম্বুরাজগণ যে লিপ্ত ছিলেন তাহার স্পষ্ট প্রমাণ পাওয়া যায় না বটে, কিন্তু এই ঘোরতর অপরাধ হইতে তাঁহাদিগকে নিষ্কৃতি দেওয়া একবারে অসম্ভব।" বাস্তবিক ধ্যানসিংহ প্রভৃতির ষড়যন্ত্রেই প্রবল পরাক্রান্ত শিখরাজ্যের অধঃপতনের সূত্রপাত হয়।

নবনেহালের মৃত্যুর পর তাঁহার মাতা চাঁদকুমারী রাজদণ্ড গ্রহণ করেন। তিনি ধ্যানসিংহকে বেশ চিনিয়াছিলেন। তখনও ধ্যানসিংহ রাজ্যের শাসনসচিব। মহারাণী চাঁদকুমারী ধ্যানসিংহকে উপেক্ষা করিয়া সিন্ধুবালা উত্তরসিংহকে প্রধান মন্ত্রিপদ প্রদান করিলেন ও প্রবল প্রতাপে রাজ্যশাসন করিতে লাগিলেন। ক্রূরপ্রকৃতি ধ্যানসিংহ কিসে সেই বুদ্ধিমতী বিচক্ষণা রমণীকে সিংহাসন হইতে দূরে রাখিবেন তাহার বিশেষ চেষ্টা করিতে লাগিলেন। রণজিৎসিংহের সেরসিংহ নামে ব্যসনাসক্ত ও মদ্যপায়ী এক জারজ পুত্র ছিলেন। ধ্যানসিংহ স্থির করিলেন সেই অকর্ম্মণ্যটাকে সিংহাসনে বসাইয়া নিজে রাজ্যের হর্ত্তা কর্ত্তা হইবেন। চতুর গোলাপসিংহও ভ্রাতার সহিত এই ষড়যন্ত্রে লিপ্ত ছিলেন। ধ্যানসিংহ সেরসিংহকে আপনার অভিপ্রায় জানাইয়া তাঁহাকে সসৈন্যে লাহোরে আসিতে লিখিলেন। ১৮৩১ খৃষ্টাব্দে ১৪ই জানুয়ারী, সেরসিংহ সসৈন্যে ফতেগড়ে আসিয়া উপস্থিত হইলেন। রাণী চাঁদকুমারী তৎক্ষণাৎ সিংহদ্বার রুদ্ধ করিতে আদেশ করিলেন। দ্বাররুদ্ধ হইল বটে, কিন্তু দ্বাররক্ষকগণ সেরসিংহের পক্ষ অবলম্বন করিল। গোলাপসিংহ ও হীরাসিংহ যেন চাঁদকুমারীর পক্ষ হইয়া দুর্গ হইতে গোলাবর্ষণ করিতে লাগিলেন। দুর্বৃত্ত ধ্যানসিংহ ফরাসী সেনাপতি ভেঞ্চুরার সহিত সেরসিংহের পক্ষ অবলম্বন করিলেন।

অবরোধের সপ্তম দিবসে, রাণী চাঁদকুমারী দেখিলেন গোলাপসিংহ ও ডোগ্রা সৈন্য ব্যতীত প্রায় সকলই তাঁহার বিপক্ষ হইয়া উঠিয়াছে। আজ মহাবীর রণজিতের পুত্রবধূ নিজের মানসম্ভ্রম রক্ষার জন্য ব্যস্ত হইয়া পড়িলেন। সুযোগ বুঝিয়া সুচতুর গোলাপসিংহ তাঁহাকে বলিলেন, "আর রাজ্য রক্ষার উপায় নাই, এখনও তিনি তাঁহার ভ্রাতার অভিপ্রায়ানুসারে সেরসিংহকে রাজ্য ছাড়িয়া দিন। তাহা হইলে তিনি তাঁহার মানসম্ভ্রম রক্ষার জন্য প্রাণপণে যত্ন করিবেন।" তখন অবলা রমণী হাত জোড়ে কাঁদিতে কাঁদিতে বলিলেন, "আমি সকল ভার দিতেছি, আপনিই আমার একমাত্র রক্ষক, যেন আমার মান সম্ভ্রম রক্ষা হয়, দুষ্ট সেরসিংহ আমার করপ্রার্থী, কিন্তু আমি কিছুতেই আমার পবিত্র দেহ বিক্রয় করিয়া কলঙ্কিত হইতে পারিব না।" গোলাপসিংহ তাঁহাকে অনেক আশা দিলেন।

যুদ্ধ বন্ধ হইল। মহারাণী চাঁদকুমারী জম্বুর নিকটস্থ ৯ লক্ষ টাকা আয়ের কদ্দিকুদিয়ালি নামক স্থান জায়গীর পাইলেন। গোলাপসিংহ মহারাণীর ও তাঁহার সম্পত্তির তত্ত্বাবধায়ক হইলেন এবং লাহোরদুর্গে যে প্রচুর অর্থ রক্ষিত ছিল সে

সমস্তই তিনি চাঁদকুমারীর নিকট হইতে তাঁহারই জন্য রক্ষা করিবার ভাণ করিয়া আত্মসাৎ করিলেন।

সেরসিংহ পঞ্চনদের সিংহাসনে অভিষিক্ত হইলেন। গোলাপসিংহ সেরসিংহকে রাজভক্তিপ্রদর্শনার্থ জগৎবিখ্যাত কোহিনূর আনিয়া তাঁহাকে পরাইয়া দিয়াছিলেন। তৎকালে সেরসিংহের সহিত প্রায় ৪।৫ ঘণ্টাকাল গোলাপের কথাবার্ত্তা হইয়াছিল। তাহার প্রধান কারণ এই—গোলাপ বুঝিয়াছিলেন, তাঁহার সহিত অতি অল্প সৈন্যই লাহোরে উপস্থিত। কিন্তু তিনি যে বহুমূল্য মণিরত্ন আত্মসাৎ করিয়াছেন, তাহা লইয়া পথে বাহির হইলেই দুর্দ্দান্ত শিখসৈন্য তাহা লুটিয়া লইতে পারে। এরূপ স্থলে পঞ্জাবপতির সাহায্য না হইলে তাঁহার বিপদ্‌পাতের সম্ভাবনা। অতএব যাহাতে তিনি নিরাপদে জম্বুতে পৌঁছিতে পারেন, এরূপ জোগাড় করিয়া লইলেন এবং ইরাবতী তীরে উপস্থিত হইয়াই জম্বু হইতে দুই হাজার সৈন্য আনাইলেন। এইরূপে গোলাপ প্রায় কোটি টাকার সম্পত্তি লইয়া স্বরাজ্যে ফিরিয়া আসিলেন।

গোলাপসিংহ জম্বুতে আসিয়া স্থির হইতে পারিলেন না। এখানে আসিয়া শুনিলেন, কাশ্মীরের শাসনকর্ত্তা মিঞাসিংহ বিদ্রোহী সৈন্য কর্ত্তৃক নিহত হইয়াছে এবং বিদ্রোহীরা বড়ই উৎপাত করিতেছে। গোলাপ অবিলম্বে কাশ্মীরে যাত্রা করিলেন। এখানে দুইদল রাজদ্রোহী সৈন্যের প্রত্যেকের শিরশ্ছেদ করিয়া হাজারা অভিমুখে অগ্রসর হইলেন। ত্রিনৌলের নবাব পেন্দাখাঁ হাজারা অঞ্চলে উৎপাত করিতেছিলেন। গোলাপসিংহ গিয়া তাঁহাকে আক্রমণ ও পরাজয় করিলেন। এখানে তিনি শুনিলেন, বৃটীশজাতির সহিত কাবুলে হাঙ্গামা বাঁধিয়াছে। অধিকদিনের কথা নয়, বৃদ্ধ আমীর জমানশাহ কাবুলে প্রত্যাগমনকালে গোলাপসিংহের কতকগুলি বিশ্বাসী সৈন্যদ্বারা যথেষ্ট সাহায্য প্রাপ্ত হন। সেই অবধি উভয়ের মধ্যে মিত্রতা স্থাপিত হয় ও সর্ব্বদাই উভয়ে উভয়ের সংবাদ লইতেন। জমান্‌শাহের প্রত্যাগমনের অল্পকাল পরে কাবুলে বৃটীশ সৈন্যের দুর্গতি ঘটে। এছাড়া উক্ত হাঙ্গামা বাঁধিবার পূর্ব্ব হইতেই বরকজই সর্দ্দারগণ গুপ্তভাবে গোলাপসিংহ ও ধ্যানসিংহকে পত্র লিখিতেন। ইত্যাদি কারণে ইংরাজেরা গোলাপসিংহের উপর সন্দেহ করেন। সুচতুর গোলাপ সেই সন্দেহ দূর করিবার জন্য বৃটীশ সেনানায়ককে বলিয়া পাঠাইলেন, যে তিনি বৃটীশের কখন শত্রুতা করিবেন না, বরং যুদ্ধে তাঁহাদের সাহায্য করিবেন। এই সময়ে গোলাপসিংহের কথা মত শিখরাজ্যের সচিব বৃটীশগবর্মেণ্টকে জানাইলেন যে "খাইবার গিরি সঙ্কটে শিখসৈন্য গিয়া বৃটীশসৈন্যের সাহায্য করিবে, প্রয়োজন হইলে জলালাবাদ অবধি গিয়াও সাহায্য করিতে পারে।"

গোলাপসিংহ তখন হাজারায়। তিনিও বৃটীশ গবর্মেণ্টকে সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছিলেন, কিন্তু সেই সময় বিশ্বস্ত লোকমুখে শুনিলেন যে বৃটীশ রাজপুরুষগণ তাঁহার উপর বিরক্ত হইয়াছেন ও দোষারোপ করিতেছেন। তখন তিনি কিছু ক্ষুণ্ণ হইয়া সসৈন্যে আটকে ফিরিয়া আসিলেন। এখানে নদীর অপরপারে (পশ্চিমকূলে) শিখসৈন্য অবস্থান করিতেছিল।

এদিকে কাবুলে বহুসংখ্যক বৃটীশসৈন্য নিহত হইল। সেনাপতি পোলক সসৈন্যে কাবুলে উপস্থিত হইলেন এবং গোলাপসিংহকে আসিয়া তাঁহার সঙ্গে যোগ দিবার জন্য সংবাদ পাঠাইলেন। গোলাপসিংহ প্রথমে ইতস্ততঃ করিয়াছিলেন, তৎপরে কি ভাবিয়া বলা যায় না, সসৈন্যে হাজারা হইতে পেশাবরক্ষেত্রে দেখা দিলেন। কোন কোন ইংরাজ ঐতিহাসিক লিখিয়াছেন, যাহাতে বৃটীশ সৈন্য সহজে খাইবার পথে উপস্থিত না হইতে পারে, এবং দেশীয় সৈন্যগণ যাহাতে ভীত ও বিচলিত হয়, গোলাপসিংহ গুপ্তভাবে তলে তলে তাহার অনেক চেষ্টা করিয়াছিলেন। কিন্তু যখন দেখিলেন, বৃটীশবাহিনী সকলপ্রকার বাঁধা বিপত্তি অগ্রাহ্য করিয়া নিজকার্য্য সাধন করিতেছে, তখন তিনি হতাশ হইয়া বৃটীশ সেনানায়ককে জানাইলেন যে, "তিনি যথাসাধ্য বৃটীশের সাহায্য করিয়াছেন, কিন্তু এখন আর সাহায্যের কোন প্রয়োজন নাই জানিয়া তিনি স্বরাজ্যে ফিরিতেছেন।"

উক্ত বিদেশী ঐতিহাসিকের কথা বিশ্বাসযোগ্য নহে। গোলাপসিংহ যে বৃটীশ গবর্মেণ্টকে সৈন্য দ্বারা সাহায্য করিয়াছিলেন, তাহাতে কোন সন্দেহ নাই। কারণ বৃটীশ রাজপুরুষগণ গোলাপসিংহের কার্য্যে সন্তুষ্ট হইয়া তাঁহাকে জলালাবাদের স্বাধীন অধিকার প্রদান করিয়াছিলেন।

এই সময়ে লাহোরে এক ভয়ঙ্কর হত্যাকাণ্ড সংঘটিত হয়। মহারাণী চাঁদকুমারী নবনেহালের বাটীতে অবস্থান করিতেছিলেন। সেরসিংহ তাঁহাকে পাইবার জন্য নানাপ্রকার কৌশল অবলম্বন করেন, কিন্তু কিছুতেই তাঁহার মনস্কামনা সিদ্ধ হইল না। বরং চাঁদকুমারী অতি ঘৃণার সহিত সেরসিংহকে বলিয়া পাঠাইয়াছিলেন, প্রসিদ্ধ কুণিয়াবংশে তাঁহার জন্ম, তিনি সুবিখ্যাত জয়মলের কন্যা, সেরসিংহের ন্যায় রজকপুত্রের হস্তে আত্মসমর্পণ করিতে নিতান্ত লজ্জা বোধ করেন। মহারাজ সেরসিংহ ভাবিলেন

UNIVERSITY OF NORTH BENGAL
LIBRARY

ধ্যানসিংহ ও গোলাপসিংহ চাঁদকুমারীর পৃষ্ঠপোষক, সেই জন্য অবস্থাহীন হইয়াও চাঁদকুমারী তাঁহার অবজ্ঞা করিতে সাহস করিয়াছিলেন। তিনি জানিতেন চাঁদকুমারীই তাঁহার সিংহাসনের একমাত্র কণ্টক। সুতরাং তিনি চাঁদকুমারীর চারিটী সহচরীকে জায়গীর দিবার লোভ দেখাইয়া হস্তগত করিলেন ও তাহাদের দ্বারা অতি ঘৃণিতভাবে চাঁদকুমারীর প্রাণসংহার করিলেন। সেরসিংহ ভাবিলেন যে সিংহাসনের দাবী করে, এমন আর কেহ নাই। কিন্তু দুষ্ট ধ্যানসিংহও যাহাতে তাঁহার উপর আর আধিপত্য করিতে না পারে, তাহারও চেষ্টা করিতে লাগিলেন। সিন্ধুবালার সর্দ্দার লেনাসিংহ ও অজিতসিংহ নৃপতির পক্ষ অবলম্বন করিয়া ধ্যানসিংহের সর্ব্বনাশের চেষ্টা করিতে লাগিলেন।

ধ্যানসিংহ জম্মুতে ভ্রাতার নিকট সকল সংবাদ দিয়া তাঁহাকে সত্বর আসিতে লিখিলেন। গোলাপসিংহ চাঁদকুমারীর মৃত্যু সংবাদ পাইয়া নিশ্চিন্ত হইলেন। চাঁদকুমারীর রক্ষিত বহুলক্ষ টাকার মণিরত্ন আজ তাঁহারই হইল। সর্ব্বদাই তাঁহার এক চিন্তা ছিল যে যদি চাঁদকুমারী কোন ক্রমে সেরসিংহের সহিত মিলিত হয়, এবং তাঁহার নিকট যে সকল ধন রত্ন গচ্ছিত আছে তাহা সেরসিংহ জানিতে পারে, তাহা হইলে তৎক্ষণাৎ তাঁহার বিপদ্ ঘটিবার সম্ভাবনা। যাহা হউক আজ প্রফুল্ল হৃদয়ে তিনি লাহোরে উপস্থিত হইলেন। পাছে এখানে বেশীদিন থাকিলে কাহারও মনে কোন সন্দেহ হয়, এই জন্য তিনি ভ্রাতার সহিত যুক্তি করিয়া অনতিবিলম্বেই জম্মুরাজ্যে প্রস্থান করিলেন। গোলাপসিংহের পরামর্শ মত ধ্যানসিংহ রণজিতের আর এক জন পঞ্চমবর্ষীয় উত্তরাধিকারী খাড়া করিলেন, তাঁহারই নাম সুবিখ্যাত দলীপসিংহ। [দলীপসিংহ দেখ।]

সেরসিংহ ধ্যানসিংহের আচরণে ভীত হইলেন অথচ তিনি ধ্যানসিংহের বিরুদ্ধে কোন কথা বলিতে সাহসী হন নাই। কিন্তু এই সময় সুযোগ বুঝিয়া দুষ্ট সিন্ধুবালা সর্দ্দারগণ মদমত্ত সেরসিংহের নিকট হইতে ধ্যানসিংহের শিরশ্ছেদ করিবার জন্য আদেশপত্র বাহির করিয়া লইলেন। এদিকে তাঁহারা নৃপতির দণ্ডাদেশপত্র দেখাইয়া ধ্যানসিংহকে বিচলিত করিলেন। তখন দুষ্ট সিন্ধুবালা সর্দ্দার ধ্যানসিংহকে বলিলেন, "যদি আপনি আদেশ করেন, তাহা হইলে আমরা এখনি সেই দুষ্ট লম্পট সেরসিংহের মস্তক দ্বিখণ্ড করিতে পারি।" ধ্যানসিংহ তাহাতে সম্মত হইলেন। পরদিন দুর্বৃত্ত সিন্ধুবালার কৌশলে মহারাজ সেরসিংহ ও রাজা ধ্যানসিংহ উভয়েই নিহত হইলেন। [সেরসিংহ ও ধ্যানসিংহ দেখ।]

হীরাসিংহের যত্নে শিশু দলীপসিংহ পঞ্চনদের সিংহাসনে অভিষিক্ত হইলেন। হীরাসিংহ উজীর পদ পাইলেন। অনতিকাল পরেই হীরাসিংহের সহিত তাঁহার পিতৃব্য সুচেতসিংহের মনোবাদ ঘটিল। মনোবাদের কারণও ছিল, সুচেতসিংহের রূপে অনেক রাজমহিলা বিমুগ্ধ ছিলেন। এমন কি দলীপের জননী মহারাণী চন্দা পর্য্যন্ত সুচেতকে ভালবাসিতেন। পণ্ডিত জল্ল নামে হীরাসিংহের এক প্রিয়পাত্র ছিলেন, সুচেতসিংহের ন্যায় রাজঅন্তঃপুরে তিনিও যাতায়াত করিতেন। ঘটনাক্রমে একদিন অন্তঃপুরে শয়নগৃহে উভয়ে দেখা সাক্ষাৎ হয়। তাহাতে সুচেতসিংহ পণ্ডিতের উপর বড়ই চটিয়া যান। বোধ হয় পণ্ডিতও সেই ঘটনা হীরাসিংহকে জানাইয়া থাকিবে। যাহা হউক সুচেতসিংহ রাজমাতার সাহায্যে প্রধান উজীর পদ গ্রহণ করিবার জন্য চেষ্টা পাইলেন, রাণী চন্দার ভ্রাতা জবাহিরসিংহও তাঁহার সহিত যোগ দিলেন। হীরাসিংহ জ্যেষ্ঠতাত গোলাপসিংহকে পিতৃব্যের ব্যবহার লিখিয়া জানাইলেন এবং তাঁহাকে একবার লাহোরে আসিবার জন্য অনুরোধ করিলেন। কিন্তু ধূর্ত্ত গোলাপসিংহ প্রথমে আসিতে চাহিলেন না। শেষে কি ভাবিয়া বলা যায় না, নিজেই লাহোরে আসিয়া উপস্থিত হইলেন। লাহোরবাসীগণ তাঁহার যথেষ্ট আদর অভ্যর্থনা করিল। গোলাপসিংহ আসিয়া শুনিলেন, জবাহিরসিংহ দলীপকে লইয়া বৃটীশ রাজ্যে পলাইবার চেষ্টা করিতেছিলেন। সুচেতসিংহও এই ষড়যন্ত্রে লিপ্ত ছিলেন। শিখসৈন্যগণ জানিতে পারিয়া দলীপকে ঘেরিয়া ফেলে। উজীর হীরাসিংহের কথায় এখন জবাহিরসিংহ লৌহপিঞ্জরে আবদ্ধ।

গোলাপসিংহ প্রথমতঃ সুচেতসিংহের উপর যাহাতে কোনরূপ উৎপীড়ন না হয়, তাহার বন্দোবস্ত করিলেন। কিন্তু তথাপি হীরাসিংহ দুর্গ মধ্যে সুচেতসিংহের অধীনস্থ যে দুইদল সৈন্য ছিল, তাহাদিগকে তাড়াইয়া দিলেন এবং আদেশ করিলেন যেন তাঁহার অনুমতি ব্যতীত সুচেতসিংহ অথবা তাঁহার কোন লোক তাঁহার সহিত দেখা করিতে না পারে।

গোলাপসিংহ হীরাসিংহকে অনেক বুঝাইয়া গৃহবিবাদ মিটাইয়া দিলেন। সুচেতসিংহ তাঁহার সহিত জম্মু যাইতে প্রস্তুত হইলেন। তখন অর্থপিশাচ গোলাপসিংহ হীরাসিংহকে জানাইলেন, "এখানে তোমার যে প্রধান প্রতিবন্ধক ছিল, তাহাকে আমি সঙ্গে লইয়া চলিলাম। কিন্তু তথাপি তোমার চারিদিকে শত্রু। যেরূপ দেখিতেছি তাহাতে কখন কিরূপ বিপদ্ ঘটে, তাহার ঠিক নাই। আমার ইচ্ছা

তোমার পিতার ও আমাদের এখানে যে সকল মহামূল্য অস্থাবর সম্পত্তি আছে, তাহা এখন আমাদের পিতৃরাজ্য জম্বুতে লইয়া গিয়া রাখাই কর্ত্তব্য। তুমি কি বল।" হীরাসিংহ জ্যেষ্ঠতাতের কৌশলপূর্ণ কথার কোন প্রতিবাদ করিতে পারিলেন না। এইরূপে গোলাপসিংহ কনিষ্ঠ সুচেতসিংহকে ও অসংখ্য মণিরত্নাদি লইয়া স্বরাজ্যে প্রস্থান করিলেন। কাহারও মতে এ সময়ে লাহোরের রাজভাণ্ডারও একপ্রকার লুট হইয়াছিল।

জম্বুতে আসিয়া গোলাপসিংহ সুচেতসিংহকে বলেন, "ভাই! দেখ, আমার তিন চারিটী পুত্র সন্তান, কিন্তু তোমার একটীও সন্তানাদি নাই, আমার ইচ্ছা তুমি আমার এক পুত্রকে দত্তক গ্রহণ কর।" জ্যেষ্ঠের কথায় সুচেত সম্মত হইলেন। এইরূপে গোলাপসিংহের এক পুত্র সুচেতের সমস্ত জায়গীর ও ভূসম্পত্তির ভাবী উত্তরাধিকারী হইলেন।

এইবার গোলাপসিংহ আপনার স্বার্থসিদ্ধির আর এক সুযোগ খুঁজিতে লাগিলেন। রণজিতের কাশ্মীরা ও পেশোরাসিংহ নামে দুই পুত্র ছিল। গোলাপ তাঁহাদের নাম জাল করিয়া এক পত্র খাড়া করিলেন, তাহাতে প্রকাশ থাকে যে সিন্ধুবালাদিগের রাজহত্যা ও মন্ত্রীহত্যাকাণ্ডে উক্ত উভয় ভ্রাতার ষড়যন্ত্র ছিল। রণজিৎসিংহ কাশ্মীরাসিংহকে শিয়ালকোট এবং পেশোরাসিংহকে চন্দ্রভাগাস্থ গড়িয়াবালা দুর্গ দিয়া যান। কাশ্মীরার অধীনে কপূরসিং নামে এক বৃদ্ধ কিল্লাদার ছিলেন। তিনিও উভয় ভ্রাতার বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিলেন। লাহোর হইতে উভয় ভ্রাতাকে বন্দী ও তাঁহাদের সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ আসিল। লোভী জম্বুরাজ শিয়ালকোট ও গড়িয়াবালায় সৈন্য পাঠাইয়া ভ্রাতৃদ্বয়কে আক্রমণ করিলেন ও তাঁহাদের সমস্ত ধন সম্পত্তি লুটিয়া লইলেন। কাশ্মীরা ও পেশোরা স্বপ্নেও ভাবে নাই, যে এরূপ অকস্মাৎ তাঁহাদিগকে কেহ আক্রমণ করিবে। যাহা হউক, এখন তাঁহারা নিরাশ্রয় অবস্থায় সপরিবারে নিকটস্থ একজন শিখগুরুর আশ্রয় লইলেন। এখান হইতে তাঁহারা লাহোর ও জম্বুতে লিখিয়া পাঠাইলেন যে তাঁহারা সম্পূর্ণ নির্দ্দোষ, তাঁহাদের কোন শত্রু মিথ্যা করিয়া তাঁহাদের নামে কলঙ্ক রটাইয়াছে। কিন্তু দুর্বৃত্ত গোলাপসিংহ তাঁহাদের কোন কথা শুনিলেন না। শেষে রাজপুত্রদ্বয়কে হস্তগত করিবার অভিপ্রায়ে তাঁহাদিগকে জম্বুনগরে আসিতে আদেশ করিলেন। কিন্তু ধূর্ত্ত গোলাপ জম্বুতে পাইয়া তাঁহাদিগকে একপ্রকার নজরবন্দী করিয়া বলিলেন, যে তাঁহারা যদি তাঁহাকে ৭৫ লক্ষ টাকা দণ্ডস্বরূপ প্রদান করেন, তাহা হইলে ভবিষ্যতে তাঁহাদের উপর আর কোন অত্যাচার হইবে না। কিন্তু তাঁহারা এত টাকা কোথায় পাইবেন? কাজেই রাজপুত্রদ্বয় গোলাপের কৃপা ভিক্ষা চাহিলেন। মহাবীর রণজিৎসিংহের পুত্রের প্রতি এরূপ অত্যাচার হইতেছে দেখিয়া খালসাসৈন্য সকলেই বিরক্ত হইয়া উঠিল। তাহারা গোলাপকে জানাইল যে "রণজিৎপুত্রের প্রতি এরূপ অত্যাচার করিয়া খালসার অপমান করিতেছেন, যদি তিনি অবিলম্বে উভয়কে সসম্মানে ছাড়িয়া না দেন, তবে খালসাসৈন্য অস্ত্রধারণ করিবে।" গোলাপ তাহাতে ভীত হইয়া ২৫ সহস্র টাকা লইয়া কাশ্মীরা ও পেশোরাসিংহকে মুক্তি দিলেন।

কিছুদিন পরেই কাশ্মীরাসিংহ সেই দুষ্ট কিল্লাদারকে বিলক্ষণরূপে প্রহার করেন, তাহাতেই হতভাগার মৃত্যু হইল। এ সংবাদ পাইয়া গোলাপসিংহ লাহোরে এক পত্র লিখিলেন। আবার রাজপুত্রদ্বয়কে বন্দী করিবার আদেশ আসিল। গোলাপসিংহ গড়িয়াবালা আক্রমণ করিয়া সাতশত সৈন্য শিয়ালকোটে পাঠাইলেন। এবার কাশ্মীরাসিংহ পূর্ব্ব হইতে সতর্ক ছিলেন। তিনি আপনার দুইশত সৈন্যকে দুর্গরক্ষায় নিযুক্ত করিলেন। তাঁহার যুদ্ধকৌশলে গোলাপের সৈন্যদল পরাজিত ও বিশেষ ক্ষতিগ্রস্ত হইয়া পৃষ্ঠপ্রদর্শন করিল।

গোলাপসিংহ নিজ সৈন্যের পরাভবে ক্রোধান্ধ হইয়া বহুশত অশ্বারোহী ও কতকগুলি কামান দুর্গ অধিকার করিবার জন্য পাঠাইলেন। কিন্তু এবারও সৈন্যগণ পূর্ব্ববৎ ক্ষতিগ্রস্ত হইয়া ফিরিতে বাধ্য হইল। যখন গোলাপ দেখিলেন যে দুইহাজার অশ্বারোহী ও সাত হাজার পদাতি গিয়াও কাশ্মীরাসিংহের কিছু করিতে পারিল না, তখন তিনি লাহোর হইতে বিপুল শিখবাহিনী আনিবার জন্য পত্র লিখিলেন। লাহোর হইতে মেজেতিয়া, ডোগরা ও বহুসংখ্যক মুসলমান সৈন্য আসিল। কিন্তু তাহাতেও কিছু হইল না। গোলাপসিংহ দেখিলেন যে এখন তাঁহার মানসম্ভ্রম রক্ষা করা দায়, যখন এত বহু সংখ্যক সৈন্য লইয়া অতি সামান্য সৈন্যকে পরাজয় করিতে পারিলেন না, তখন তাঁহার এত দম্ভ এত গর্ব্ব কোথায় থাকিবে! তিনি অবিলম্বে ইহার প্রতীকার করিবার জন্য হীরাসিংহকে পত্র লিখিলেন। খালসাসৈন্য রণজিতের পুত্রের বিরুদ্ধে যুদ্ধ করিবে না জানিয়া, হীরাসিংহ ধ্যানসিংহের রক্ষিত পরাক্রান্ত পাঁচহাজার অশ্বারোহী ও ৬টী অশ্বচালিত বৃহৎ কামান শিয়ালকোটদুর্গধ্বংসের জন্য পাঠাইয়া দিলেন। নবাগত যোদ্ধৃদলের গোলাবর্ষণে শিয়ালকোট দুর্গ ঘন ঘন কম্পিত হইতে লাগিল। কাশ্মীরা-

সিংহের পরিবারগণ চারিদিকে যেন দাবানল দেখিতে পাইলেন। তাঁহারা সকলে ভীত হইয়া কাশ্মীরাসিংহকে যুদ্ধে ক্ষান্ত দিতে অনুরোধ করিলেন। তিনিও দেখিলেন আর উপায় নাই, শীঘ্রই গোলাপের সৈন্যগণ দুর্গ অধিকার করিয়া তাঁহার সমক্ষে তাঁহার পরিবারগণের অপমান করিবে। তিনি গুপ্তদ্বার দিয়া মাঝপ্রদেশে পলায়ন করিলেন। গোলাপের সৈন্যগণ দুর্গ অধিকার করিল।

এদিকে যখন লাহোর হইতে ধ্যানসিংহের রক্ষিত সৈন্যদল প্রেরিত হইল, খালসাসৈন্য মহারাজ রণজিতের পুত্রদ্বয়ের ভাবী বিপদ্ বুঝিয়া উত্তেজিত হইয়া উঠিল। তাহারা তিন দিন হীরাসিংহকে একপ্রকার নজরবন্দী করিয়া রাখিল এবং সুচেতসিংহকে উজীরপদ দিবার জন্য তাঁহাকে গুপ্ত ভাবে আহ্বান করিল। হীরাসিংহ ভীত হইয়া তাঁহাদিগকে জানাইলেন যে তিনি রণজিৎসিংহের পুত্রদ্বয়ের কোন অনিষ্ট করিবেন না, তাঁহাদের পূর্ব্ব অধিকার প্রদান করিবেন ও খাল্‌সাসৈন্যের ইচ্ছামত তিনি সকল কার্য্য করিবেন। এইরূপে হীরাসিংহের সহিত খালসাসৈন্যের পুনর্মিলন হয়।

অল্পকাল পরেই সুচেতসিংহ লাহোরে আসিয়া খালসাসৈন্যদিগকে সংবাদ দিলেন। কিন্তু তখন খালসা হীরাসিংহের পক্ষ অবলম্বন করিয়াছে। সুতরাং সুচেতসিংহ বড় আশায় নিরাশ হইলেন। তখন তাঁহার সহিত কেবল ৪৫ জন মাত্র লোক ছিল। হীরাসিংহ পিতৃব্যের আগমন সংবাদ পাইয়া প্রায় চৌদ্দপনর হাজার সৈন্য লইয়া সুচেতসিংহকে আক্রমণ ও তাঁহার প্রাণবিনাশ করিলেন।

সুচেতের মৃত্যুসংবাদ পাইয়া গোলাপসিংহ হীরাসিংহের উপর বড়ই রুষ্ট হইয়াছিলেন। কিছুদিন পরে তিনি হীরাসিংহকে বলিয়া পাঠাইলেন যে ধ্যানসিংহ ও সুচেতসিংহের সম্পত্তির তিনিই অধিকারী। পত্র পাইয়া হীরাসিংহ চটিয়া গেলেন। তিনিও ঐ সকল সম্পত্তি ও তাঁহার নিজের যে সকল স্থাবর অস্থাবর সম্পত্তি গোলাপের নিকট গচ্ছিত রাখিয়াছিলেন, তাহাও তাঁহাকে বুঝাইয়া দিতে বলিলেন। এইরূপে উভয়ে বিবাদ বাঁধিল। হীরাসিংহ লাহোরে এক মহাসভা করিয়া উপস্থিত প্রধান প্রধান সর্দ্দারকে গোলাপের স্বার্থপরতার কথা জানাইলেন এবং তাঁহাদের মত লইয়া জম্বুতে লিখিলেন—

১, লাহোর রাজসরকারের অধীন যে সকল সম্পত্তি গোলাপসিংহ ভোগ করিতেছেন, তাহার প্রত্যেকের জন্য এক চতুর্থাংশ রাজস্ব বৃদ্ধি দিতে হইবে। ২, তাঁহাকে রাজা সুচেতসিংহের ও রাজা ধ্যানসিংহের জায়গীর ও সমস্ত সম্পত্তি প্রত্যর্পণ করিতে হইবে। এবং ৩, তাঁহাকে স্বয়ং লাহোর দরবারে উপস্থিত হইতে হইবে।

পাছে গোলাপসিংহ ঐ পত্র অগ্রাহ্য করেন, এই জন্য ২২ দল শিখসৈন্য গোলাপের বিপক্ষে প্রেরিত হইল। কিন্তু খালসাসৈন্য জানিত যে গোলাপসিংহেরও সৈন্যবল কম নহে, তিনিও মনে করিলেই সমস্ত পার্ব্বতীয় সর্দ্দারগণকে উত্তেজিত করিতে পারেন, এমন কি ঘৃণাক্ষরে জানিতে পারিলে কাবুল, কাশ্মীর প্রভৃতি স্থানের শাসনকর্ত্তাগণ সসৈন্যে আসিয়া গোলাপের সাহায্য করিবে। শিখবাহিনী কিছুদূরে গিয়া পথিমধ্যে অবস্থান করিতে লাগিল। গোলাপসিংহ পত্র পাইয়া উত্তর দিলেন যে হীরাসিংহের কনিষ্ঠ ভ্রাতা মিঞা জবাহিরসিংহ জম্বুতে আসিলেই তিনি সকল বিষয়ের মীমাংসা করিবেন। কাজেই মিঞা জবাহিরসিংহকে আসিতে হইল। চতুর গোলাপ তাঁহার সহিত পরামর্শ করিয়া একপ্রকার নিষ্পত্তি করিলেন এবং সপুত্র লাহোরে উপস্থিত হইলেন। হীরাসিংহ জ্যেষ্ঠতাতকে অতি সমাদরে গ্রহণ করিলেন। এই সময় গোলাপের নিকট এক দারুণ সংবাদ আসিল। গুজরাটে তাঁহার যে সকল সৈন্য ছিল, তাহারা সকলেই পেশোরাসিংহ কর্ত্তৃক নিহত হইয়াছে এবং গোলাপের তথাকার রাজভাণ্ডার লুণ্ঠিত হইয়াছে। এরূপ দুর্ঘটনা হইবার কারণও ছিল। গোলাপ ও হীরাসিংহে যখন বিবাদ চলিতেছিল, সেই সময় জম্বুরাজ পেশোরাসিংহকে সৈন্য সংগ্রহ করিতে বলেন। তাঁহার কথায় পেশোরা গোলাপের সাহায্যার্থ প্রায় দুই হাজার সৈন্য একত্র করেন। কিন্তু হীরাসিংহের সহিত মিটমাট্ হইলে গোলাপ কিছুমাত্র বেতন না দিয়া ঐ সকল সৈন্যকে তাড়াইয়া দেন। তাহারা আসিয়া পেশোরাসিংহের নিকট মাহিনার দাবী করে। পেশোরা পুনঃ পুনঃ সৈন্যদিগের প্রাপ্য চুকাইয়া দিবার জন্য গোলাপকে পত্র লিখিয়াছিলেন, শেষে গোলাপ তাঁহাকে উত্তর দিয়াছিলেন, "দুষ্ট সৈন্যদিগের অস্ত্রশস্ত্র কাড়িয়া লইয়া তাড়াইয়া দিবেন।" উত্তেজিত বাহিনীর সমক্ষে পেশোরাসিংহ গোলাপের সেই পত্র পাঠ করেন। গোলাপের আচরণে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সেই সৈন্যগণ গুজরাটে ভয়ঙ্কর কাণ্ড ঘটাইয়াছিল, কিন্তু পেশোরাসিংহ তথায় উপস্থিত ছিলেন না।

গোলাপসিংহ নির্দ্দোষ পেশোরাসিংহের স্কন্ধে দোষ চাপাইয়া লাহোর-দরবারে তাঁহার নামে অভিযোগ করিলেন। কিন্তু পেশোরাসিংহ নিরুদ্দেশ হওয়ায় তাঁহার বিপক্ষে আর সৈন্য প্রেরিত হইল না।

ইহারই কিছুদিন পরে মহারাজ দলীপের মাতুল জবাহির-

সিংহ হীরাসিংহের বিরুদ্ধে খালসাসৈন্যদিগকে উত্তেজিত করিলেন। সেই গোলযোগে হীরাসিংহ শত্রুকরে নিহত হইলেন। এই সময়ে গোলাপসিংহ বরকজই জাতিকে খালসার বিরুদ্ধে উত্তেজিত করিতেছিলেন। এই সংবাদ পাইয়া জবাহিরসিংহ তাঁহাকে শাসন করিবার জন্য জম্বু অভিমুখে শিখসৈন্য প্রেরণ করিলেন। লালসিংহ, শ্যামসিংহ আঠারবালা, ফতেসিংহমান ও সুলতান মুহম্মদ খাঁ নামক প্রধান সর্দ্দার ও সেনাপতিগণ সৈন্যপরিচালনভার গ্রহণ করেন। গোলাপসিংহ শিখসৈন্য আসিতেছে সংবাদ পাইয়া হীরাসিংহের ভ্রাতা মিঞা জবাহিরকে সসৈন্যে যশরোতা নামক স্থানে পাঠাইলেন। শিখসৈন্য যশরোতায় পৌছিবার পত্র সর্দ্দার উত্তরসিংহ খালসার সহিত মিলিত হইলেন। মিঞা জবাহিরসিংহের অন্যান্য সৈন্যগণও ছাড়িয়া যাইতে লাগিল। সুতরাং মিঞা জবাহির বাধ্য হইয়া জম্বুতে পলায়ন করেন। তখন খালসাসৈন্য উৎসাহে জম্বুরাজধানীতে উপস্থিত হইল। গোলাপসিংহ দেখিলেন বিপদ নিকটবর্ত্তী; দুর্দ্দান্ত শিখসৈন্য সহজে তাঁহাকে ছাড়িয়া যাইবে না। তিনি বলিয়া পাঠাইলেন, যদি শ্যামসিংহ মেজেতিয়া, ফতেসিংহমান ও সুলতান মুহম্মদ আসিয়া তাঁহাকে অভয় দান করেন, তাহা হইলে তিনি লাহোর দরবারের আদেশ পালন করিতে পারেন। কিন্তু কোন সর্দ্দারই প্রথমে সেই দুর্দ্দান্ত জম্বুরাজের নিকট গিয়া জীবন বিপদগ্রস্ত করিতে সম্মত হইলেন না। অনেক তর্ক বিতর্কের পর রণজিতের সময়কার বৃদ্ধ সেনাপতি ফতেসিংহমান গোলাপের নিকট যাইতে সম্মত হইলেন। জম্বুপতি বৃদ্ধবীরের যথেষ্ট অভ্যর্থনা করিলেন ও বলিলেন, "তিনি তিন কোটী টাকা কোথায় পাইবেন, তবে হীরাসিংহ ও সুচেতসিংহের যে সম্পত্তি আছে, সে সমস্তই তিনি লাহোর দরবারে অর্পণ করিতে প্রস্তুত আছেন।" গোলাপসিংহ এইরূপে ফতেসিংহকে আপ্যায়িত করিয়া বিদায় দিলেন, কিন্তু বৃদ্ধ সেনাপতি নগর ছাড়াইয়া একক্রোশ পথ আসিতে না আসিতে কোথা হইতে পাঁচশত ডোগ্‌রা সৈন্য আসিয়া অতি নিষ্ঠুর ভাবে বৃদ্ধ ও তাহার সহচরদিগকে বিনাশ করিল। কেবল একজন রক্ষী পলাইয়া গিয়া এই দারুণ হত্যাকাণ্ডের সংবাদ দিল। বৃদ্ধবীরের আকস্মিক মৃত্যুতে খালসাসৈন্য সকলেই ধূর্ত্ত গোলাপকেই এই হত্যাকাণ্ডের নায়ক জানিয়া প্রবলবেগে জম্বুনগর আক্রমণ করিল। চতুর গোলাপ ফতেসিংহের মৃত্যুতে বড়ই শোক জানাইলেন ও আপনাকে নির্দ্দোষ করিবার জন্য কতকগুলি বাজে লোককে বন্দী করিলেন। শেষে যখন বুঝিলেন যে আর রক্ষা নাই। তখন শিখসৈন্যগণের মধ্যে গিয়া ঘোষণা করিলেন, "তিনি চিরদিনই খালসার কৃতদাস, তাঁহার যাহা কিছু আছে সমস্তই তিনি খালসার জন্য রাখিয়াছেন। ইচ্ছা করিলে সকল খালসাসৈন্যই তাঁহার ধনসম্পত্তি ভাগ করিয়া লইতে পারেন। পাছে তাঁহার জীবনের কোন অনিষ্ট হয়, এই ভয়ে তিনি লাহোর-দরবারে যাইতে পারিতেছেন না। এখন যদি খালসাসৈন্য তাঁহাকে রক্ষা করেন, তবে তাহাদের ইচ্ছামত সবই করিতে পারেন।" এই বলিয়া তিনি প্রায় লক্ষাধিক মুদ্রা খালসাসৈন্যমধ্যে বিতরণ করিতে অনুমতি করিলেন। গোলাপের সুমিষ্ট কথায় ও অর্থের মোহিনী শক্তিতে অধিকাংশ খালসাসৈন্য তাঁহার জীবনরক্ষা করিতে প্রতিশ্রুত হইল। তখন সুচতুর গোলাপ বন্দীভাবে লাহোরে আগমন করিলেন এবং দরবারে উপস্থিত হইয়া তাঁহার ন্যায্য জায়গীর ব্যতীত সমস্ত অধিকৃত প্রদেশ এবং দণ্ডস্বরূপ ৬৮০০০০০৲ টাকা দিতে স্বীকৃত হইলেন। এখানে অল্পদিন থাকিয়াই তিনি বিপদাশঙ্কায় স্বরাজ্যে ফিরিয়া গেলেন।

অল্প দিন পরেই দুর্দ্দান্ত খালসাসৈন্য মন্ত্রী জবাহিরসিংহকে মারিয়া ফেলিল। তখন প্রধান প্রধান সর্দ্দারেরা গোলাপসিংহকে লাহোরে আসিয়া উজীরপদ গ্রহণ করিতে অনুরোধ করিলেন, কিন্তু বিচক্ষণ জম্বুরাজ স্বাধীনতাপ্রিয় শিখবাহিনীকে শাসন করিতে অসম্মত হইলেন না।

১৮৪৫ খৃষ্টাব্দে প্রথম শিখযুদ্ধের সূত্রপাত হয়। [শিখযুদ্ধ দেখ।] দুর্দ্ধর্ষ বৃটীশসৈন্য ধীরে ধীরে শতদ্রু উত্তীর্ণ হইতেছে দেখিয়া সকল প্রধান সর্দ্দারই বিষণ্ণ ও চিন্তিত হইলেন। এই সময়ে বিপুল শিখবাহিনীর প্রধান সেনাপতিত্ব গ্রহণ করে এমন লোক পঞ্জাবে ছিল না। মহারাণী দলীপজননী সর্দ্দারগণের পরামর্শ মত গোলাপসিংহকে আহ্বান করিলেন। ১৮৪৬ খৃষ্টাব্দে ২৫এ জানুয়ারী জম্বুরাজ লাহোরদরবারে উপস্থিত হইয়া উজীর ও প্রধান সেনাপতিপদে নিযুক্ত হইলেন। তৎকালে শতদ্রুতীরে শিখ ও বৃটীশ সৈন্যে যুদ্ধ চলিতেছিল; কিন্তু গোলাপসিংহ পঞ্জাবের সেই দারুণ বিপদকালে সর্ব্বোচ্চ পদে থাকিয়া নিশ্চেষ্ট রহিলেন। বরং যুদ্ধকালে যে সকল ইংরাজসৈন্য বন্দী হইয়াছিল, তিনি তাহাদিগকে লাহোরের ডাক্তার সাহেব হনিগ্‌বর্জরের বাটীতে রাখিয়া যথেষ্ট অভ্যর্থনা করিতে লাগিলেন। অনতিবিলম্বেই গোলাপ শুনিলেন আলিবাল ক্ষেত্রে শিখসৈন্য পরাজিত হইয়াছে। তাহাদিগকে উৎসাহ দেওয়া দূরের কথা, তাহাদিগকে নিরুৎসাহ করিবার জন্য যথেষ্ট

গালাগালি দিলেন। দুষ্ট সর্দ্দারগণের ষড়যন্ত্র, স্বার্থপরতা ও অন্যায় আচরণে অজেয় শিখসৈন্য বৃটীশহস্তে পরাজিত হইতে লাগিল। সোব্‌রাওনে বিজয়লাভ করিয়া স্বয়ং বড়লাট হার্ডিঞ্জ লাহোর অভিমুখে অগ্রসর হইতে লাগিলেন। এবার সসৈন্যে বড়লাটের আগমন সংবাদ পাইয়া গোলাপসিংহ চিন্তিত হইলেন। যাহাতে গবর্ণর জেনারল্ লাহোরদরবারে উপস্থিত হইতে না পারেন, তজ্জন্য তিনি কশুর নামক স্থানে আসিয়া বড়লাটের সহিত দেখা করিলেন; কিন্তু বড়লাট তাঁহার কথায় কর্ণপাত করিলেন না। তখন গোলাপ সগর্ব্বে বলিয়া ছিলেন, "যদি আমি যুদ্ধ চালাইতাম, অন্যপ্রকারে যুদ্ধ শেষ হইত। তাহা হইলে নিজের ফাঁদে নিজে রুদ্ধ থাকিতাম না। আমি মনে করিলেই দিল্লী ও ফিরোজপুরের মধ্যে আশী হাজার সৈন্য উপস্থিত করিতে পারিতাম।"* বীরবর হার্ডিঞ্জও বলিয়া ছিলেন, "পঞ্জাবের রাজধানীতে ইংরাজ রক্তপাতের প্রতিশোধ গৃহীত হইবে।" গোলাপসিংহ হতাশ হইয়া লাহোরে ফিরিলেন। রাষ্ট্র হইল, দুই তিন দিনের মধ্যেই ইংরাজসৈন্য লাহোরে আসিবে। গোলাপ আর কোন উপায় না দেখিয়া শিশু দলীপসিংহকে লইয়া ললিয়ানা নামক স্থানে লর্ড হার্ডিঞ্জের শিবিরে উপস্থিত হইলেন। বড় লাট দলীপকে অতি সমাদরে গ্রহণ করিলেন এবং সর্দ্দারগণকে সম্বোধন করিয়া বলিলেন, "দলীপসিংহ পঞ্জাবের সিংহাসনে প্রতিষ্ঠিত হইবে এবং যুদ্ধের ব্যয় স্বরূপ দেড় কোটি টাকা দিতে হইবে। কিন্তু বিপাশা ও শতদ্রুর মধ্যবর্ত্তী সমুদয় প্রদেশ বৃটীশ গবর্মেণ্টের অধীন থাকিবে।"

তৎপরে লর্ড হার্ডিঞ্জ লাহোরে আসিয়া দলীপকে সিংহাসনে বসাইলেন। দরবারে বড় লাট কোহিনূর দেখিতে চাহিলে গোলাপসিংহ স্বয়ং কোহিনূর আনিয়া ইংরাজ রাজপুরুষদিগকে দেখাইলেন।

১৮৪৬ খৃষ্টাব্দে ৯ই মার্চ তারিখে বড় লাটের শিবিরে এক বৃহৎ দরবার হইল, সেই দরবারে শিখপক্ষীয় মহারাজ দলীপসিংহ ও সকল প্রধান সর্দ্দার উপস্থিত ছিলেন। এইখানে বৃটীশ গবর্মেণ্টে ও লাহোর-দরবারে সন্ধিপত্র ধার্য্য হয়। বড়লাট পূর্ব্ব হইতেই গোলাপসিংহের বিষয় কিছু বিবেচনা করিবেন স্থির করিয়াছিলেন। এখন এককোটি মুদ্রা লইয়া গোলাপসিংহকে কাশ্মীর সমেত বিপাশা ও সিন্ধুনদের মধ্যবর্ত্তী সমুদায় পার্ব্বতীয় রাজ্য বিক্রয় করিবার প্রস্তাব করিলেন। গোলাপও সেই প্রস্তাবে সম্মত হইলেন। তিনি সেইদিনই একজন স্বাধীন রাজা বলিয়া গণ্য হইলেন। ১৫ই মার্চ তারিখে ইংরাজেরা গোলাপসিংহকে মহারাজ উপাধি প্রদান করিলেন। এই দিবস স্থির হইল—সিন্ধুনদের পূর্ব্বে ইরাবতী নদীর পশ্চিমে চম্বা সমেত যে বিস্তীর্ণ পার্ব্বতীয় ভূভাগ আছে, বৃটীশ গবর্মেণ্টকে ৭৫ লক্ষ টাকা মুদ্রা দিয়া মহারাজ গোলাপসিংহ সেই বিস্তীর্ণ ভূভাগের স্বাধীন অধিকার প্রাপ্ত হইলেন। বৃটীশ গবর্মেণ্ট বা লাহোর দরবারের সহিত ইহার কোন সংস্রব রহিল না। গোলাপসিংহ বংশপরম্পরায় স্বাধীন রাজা হইয়া উক্ত রাজ্য ভোগ দখল করিতে থাকিবেন।

যাহা হউক গোলাপসিংহ এতদিনে পূর্ণমনোরথ হইয়া কাশ্মীরাভিমুখে যাত্রা করিলেন। তৎকালে লাহোর-দরবারের অধীনে শেখ ইমামুদ্দীন্ কাশ্মীরের শাসনকর্ত্তা ছিলেন। তিনি সহজে কাশ্মীররাজ্য ছাড়িয়া দিতে অসম্মত হইলেন। বৃটীশ সেনাপতি লরেন্স ব্রিগেডিয়ার হুইলারকে সসৈন্যে কাশ্মীরে পাঠাইলেন। বৃটীশসৈন্য আসিয়া ইমামুদ্দীন্‌কে দূরীভূত করিল। মহাসমারোহে মহারাজ গোলাপসিংহ স্বাধীন রাজার মত কাশ্মীরের সিংহাসনে অভিষিক্ত হইলেন। সামান্য ৩৲ টাকা বেতনের সৈনিক হইতে আজ গোলাপ কাশ্মীরের স্বাধীন মহারাজ, ইহা কম আশ্চর্য্যের কথা নহে! এই মহোচ্চপদে অধিষ্ঠিত হইয়া তিনি জীবনের অবশিষ্টকাল সুখস্বচ্ছন্দে ও শান্তিভাবে অতিবাহিত করেন। ১৮৫৭ খৃষ্টাব্দে ২রা আগষ্ট, গোলাপ নিজ পুত্র রণবীরসিংহকে কাশ্মীর রাজ্য প্রদান করিয়া কালগ্রাসে পতিত হইলেন। (১)

গোলাপসিংহ ভঙ্গী, পঞ্জাবের একজন বিখ্যাত ভঙ্গী সর্দ্দার, মহারাজ রণজিতের বিরুদ্ধে অনেকবার যুদ্ধ করিয়াছিলেন। ১৮০০ খৃষ্টাব্দে শিশু গুরুদত্তসিংহকে রাখিয়া ইহলোক পরিত্যাগ করেন। তাঁহার মৃত্যু সংবাদে উৎসাহিত হইয়া মহারাজ রণজিৎ ভঙ্গী সর্দ্দারের বিধবা মহিষী রাণী সুখার নিকট হইতে অমৃতসরস্থ লোহগড় দুর্গ কাড়িয়া লন। বিধবা শিশু পুত্রকে লইয়া বনে গিয়া আত্মরক্ষা করিতে বাধ্য হইয়াছিলেন।

গোলাপসিংহ মেজেতিয়া, একজন শিখসর্দ্দার, মহারাজ

* বিখ্যাত ইংরাজ সেনাপতি সারচার্লস্ নেপিয়ারও মুক্তকণ্ঠে গোলাপসিংহের ঐ কথার সমর্থন করিয়া গিয়াছেন।

(১) এই গ্রন্থগুলির সাহায্যে কাশ্মীরাধিপ গোলাপসিংহের জীবনী লিখিত হইল—C. Symth's Reigning Family of Lahore; Capt. Cunningham's History of the Sikhs; Magregor's History of the Sikhs; Dr. Honigberger's Thirty-five Years in the East; Sir Charles Napier's Defects of the Indian Government; C. U. Aitchison's Treaties &c; J. Bose's Cashmere and its Prince.

রণজিৎসিংহের পূর্ব্বপুরুষ, ইনি সর্ব্বপ্রথম শিখধর্ম্ম গ্রহণ করেন। [রণজিৎসিংহ দেখ।]

গোলাপূর্ব্ব, এক অতি নীচ শ্রেণীর ব্রাহ্মণ। উত্তর পশ্চিমাঞ্চলে "গোলাপুরব্" নামে খ্যাত। ইহারা আপনাদিগকে সনাঢ্য ব্রাহ্মণের এক শাখা বলিয়া পরিচয় দেয়। কাহারও মতে ইহারা গালব ঋষি হইতে উদ্ভূত। আবার কেহ বলেন, চন্দ্রসেন রাজার শকসেনী নামে এক কন্যা ছিল, তাহারই গর্ভে গোধাপূরব্ জন্মগ্রহণ করিয়াছে। অনেকের মতে নিম্নজাতীয় বিধবার গর্ভে এই জাতির উৎপত্তি। এদিকে আবার কোন কোন সূত্রধার ইহাদিগকে স্বশ্রেণীস্থ বলিয়া পরিচয় দেয়। উত্তরপশ্চিমাঞ্চলে অনেক গোলাপুরব্ দেখা যায়, এক আগ্রা অঞ্চলেই প্রায় দশহাজার গোলাপুরবের বাস আছে।

গোলাব্, (পারসী গুলাব্) স্বনামখ্যাত পুষ্পবিশেষ ও তাহার জল। এই পুষ্পের সৌরভে ও সৌন্দর্য্যে সকলের মন মোহিত হয়, এজন্য সর্ব্বত্রই ইহার আদর। ইহার গাছের ডালে অত্যন্ত কাঁটা আছে। পত্রগুলি কথঞ্চিৎ মসৃণ হইলেও বৃন্তের চারিধারে খোচার মত। ভারতবর্ষে এই ফুল যত্নে গৃহে উৎপন্ন হয় এবং বন্য অবস্থায়ও দেখিতে পাওয়া যায়। কাশ্মীর, লাহুল ও ভোটদেশের বনে হরিদ্রাবর্ণের গোলাব আপনাপনি জন্মে। লাধকে সমুদ্রপৃষ্ঠ হইতে ১১০০০ ফিট উচ্চে বড়জাতীয় হরিদ্রাবর্ণের গোলাব দেখা যায়। চীনদেশেও এই হলুদে গোলাপ জন্মাইতে দেখা গিয়াছে। এই গাছ অপরাপর গোলাপের অপেক্ষা অনেকাংশে বড় ও লতানিয়া হইয়া থাকে। এইজন্য আমাদের দেশে ইহা রোপণ করিতে হইলে চারিদিকে বাঁশের ছত্রি বাঁধিয়া দিতে হয়। ইংরাজেরা এই পুষ্পকে 'মার্সেল নীল' বলেন। ইহার তোড়া বড়ই আদরণীয় ও সম্মানার্হ উপঢৌকন বলিয়া গণ্য।

সাধারণতঃ ১৯° হইতে ৭০° অক্ষাংশের মধ্যে এই গাছ জন্মাইতে দেখা যায়। শুষ্ক মাটিতে গাছ পুঁতিলে শীঘ্রই ফুল হয়। য়ুরোপের উত্তরাংশে কেবলমাত্র এক সারি পাব্‌ড়িবিশিষ্ট পুষ্প জন্মে। কিন্তু ইতালী, গ্রীস ও স্পেন প্রভৃতি দেশে বহু পাবড়িযুক্ত ফুল যথেষ্ট উৎপন্ন হয়।

গোলাপের সংস্কৃত নাম—শতপত্রী; আরবী—বরদ্; পারসী—গুল; চীন—য়িংসি, সিয়াংবৈ, মুইকাই-হুয়া; কোচীন-চীন—হোয়াহুং তো; গ্রীক—রোড্রোন; রুষ—রোজা; ওলন্দাজ—রুস্; ইংরাজী—রোজ (Rose); মলয়—মবর; তামিল—গুলাপ্পু; তেলগু—রোজাপুবৌ, গুলপুবৌ। Rosa centifolia বা সিরিয়া দেশজাত গোলাব বৃক্ষ। সংস্কৃত ভাষায় ইহাকে শতপত্রী, বাঙ্গালায় কাটগোলাব ও ইংরাজীতে কেবেজ রোজ (Cabbage rose) বলে। য়ুরোপে, ভারতের সর্ব্বত্র, পারস্যে ও চীনদেশে ইহার চাস হয়। এই ফুল হইতে গোলাপফুল ও গোলাবী আতর প্রস্তুত হইয়া থাকে। এ দেশে ইহাতে গুল-কন্দ তৈয়ারী হয়।

Rosa glandulifera—পঞ্জাবে ইহাকে গুল-শেউতি বা শেবতী বলিয়া থাকে।

হিমালয় প্রদেশে সমুদ্র পৃষ্ঠ হইতে ৪৫০০ হইতে ১০৫০০ ফিট উচ্চ স্থানের মধ্যে একজাতীয় গোলাপ (Rosa macrophylla) জন্মে। ইহার ফল পাকিয়া কৃষ্ণবর্ণ হইলে লোকে খাইয়া থাকে। তাহা খাইতেও অতি মধুর।

পঞ্জাবে ও হিমালয়ের ৫০০০ হইতে ৯৫০০ ফিট উচ্চস্থানে Rosa Webbiana জাতীয় গোলাব জন্মে। ইহারও ফল খাইতে সুস্বাদু। এজন্য সর্ব্বত্রই ইহার আদর।

ফুল ও বীজবিক্রেতাগণের তালিকায় এক্ষণে শত শত বিভিন্নজাতীয় গোলাপের নাম দেখা যায়। তন্মধ্যে (১) বসোরা বা পারস্য দেশোৎপন্ন গোলাপজাতি, (২) স্থায়ীগন্ধ দামাস্কজাতি, (৩) স্থায়ীগন্ধ মিশ্রজাতি (ইংলণ্ডে এই পুষ্পের আদর অধিক), (৪) বুঁবুঁদেশজাত গোলাবজাতি, (৫) চীনাগোলাব এবং (৬) চা গন্ধযুক্ত গোলাপ জাতিই প্রধান। অপরাপর বিভিন্ন নামধেয় গোলাপ উক্ত ছয় শ্রেণীর অন্তর্নিবিষ্ট।

গোলাপফুল যেমন মনোহর, ইহার আতর ও জল তেমনি প্রিয় ও প্রীতিকর। গোলাপ মানবপ্রিয় বলিয়া ইহার চাষও বেশ লাভকর এবং ইহার চাষের জমিও অপর জমি অপেক্ষা মূল্যবান্। এমন কি ইটালী রাজ্যের কেনি নামক উপত্যকায় কতকগুলি গোলাপের ক্ষেত্র আছে, তাহার প্রতি বিঘায় তিন শত টাকা লাভ হইয়া থাকে। সেখানে প্রতি বর্ষে আড়াই লক্ষ টাকার কেবল গোলাব পুষ্প উৎপন্ন হয়। ভারতবর্ষে গাজিপুরেও ঐরূপ গোলাপক্ষেত্র আছে। এখানে গোলাপের চাষের জন্য সাড়ে চারিশ বিঘা জমি ঠিক আছে। তাহাই আবার ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষেত্রে বিভক্ত। প্রতি ক্ষেত্রের চারিদিকে কাঁটা গাছ ও মাটির প্রাচীর দেওয়া আছে। জমিদারেরা এখানকার প্রতি বিঘায় ৫৲ টাকা খাজনা, এছাড়া ঐ জমিতে এক হাজার গোলাপ চারা থাকিলে ২৫৲ টাকা, এইরূপে মোট ৩০৲ টাকা করিয়া পাইয়া থাকেন। প্রতি বিঘা চাষ করিতেও প্রায় ৮৲ টাকা খরচ পড়ে। অনুকূল জলবায়ু ও উত্তাপ পাইলে ঐ হাজার গাছে লক্ষাধিক ফুল পাওয়া যায়। আজ

কাল একলক্ষ ফুল ৬০৲ হইতে ১০০৲ টাকায় বিক্রয় হয়। এরূপ স্থলেও কৃষকের লাভ ব্যতীত কিছুমাত্র লোকসানের সম্ভাবনা নাই। ফাল্গুন মাসের শেষে গোলাপফুল ফুটিতে থাকে। সেই সময়ে গাছের অধিকারী প্রত্যুষে স্ত্রী পুত্র সঙ্গে মালঞ্চে গিয়া ফুল তুলিয়া আনে, ব্যবসায়ীরা সেই ফুল কিনিয়া আনিয়া গোলাব্ (গোলাপ্‌জল) ও আতর প্রস্তুত করে।

গোলাপের কলম পুঁতিবার নিয়ম।—গাছের ডাল কাটিয়া বা কলম বাঁধিয়া অল্প উচ্চ মাটিতে পুঁতিলে চারা জন্মে, অধিক জলসিক্ত জমিতে অথবা শুষ্ক ভূমিতে কোন ক্রমেই কলম হইতে শিকড় বাহির হইতে পারে না। বর্ষাকালে অধিক জলপতনে গোড়া হাজিয়া যায়, এই জন্য জমি এরূপ উচ্চ ও ঢালু রাখিবে যে তাহার উপর জল পতিত হইলেই যেন গড়াইয়া বাহির হইয়া যায়। গ্রীষ্মের দারুণ তাপে মৃত্তিকা অধিক শুকাইবার ভয়ে সময়ে সময়ে ভালরূপ জলসেচন করিতে হয়। এ ছাড়া মার্চমাসে রাত্রিকালে একজাতীয় পোকা ইহার সমস্ত পাতা খাইয়া ফেলে। ইহা গাছের বিশেষ অনিষ্টকর। এমন কি ইহাতে গাছ শুকাইয়া যাইতে পারে।

কেহ কেহ বলেন, বাগানের শুষ্ক পত্রাদি পোড়াইয়া মাটির সহিত মিশাইলে সার প্রস্তুত হয়। কাহারও মতে ঘাস ছোট ছোট কাটিয়া উনুনের উপর চাটুতে সেঁকিয়া মাটিতে দিলে অতি উৎকৃষ্ট সার হয়। যদি মাসে মাসে গাছে ফুল ফুটাইতে চাও, তাহা হইলে গাছ ছাঁটিয়া দিবার পূর্ব্বে শিকড়ে অধিক মাটি লাগাইয়া ভূমি হইতে গাছ উঠাইয়া লইবে। পরে যতদিন না ঐ গাছের সমস্ত পাতা ঝরিয়া যায়, ততদিন মোটে জল দিবে না। পাতা পড়িয়া গেলে ঐ পত্রহীন দাঁটা মাটিতে পুতিবে এবং তাহার গোড়ায় এরূপ জল দিবে যে ঐ গাছটী যেন পুনরায় বাঁচিয়া উঠে। পরে ডাল পাতা ছাঁটিয়া দিবে এবং অল্প অল্প জল দিতে থাকিবে। ঐরূপ করিলে ছয় সপ্তাহ মধ্যে ফুল ফুটিবে। গোলাপ গাছ বৎসর বৎসর নাড়াইয়া পুঁতিলে উত্তম ফুল জন্মে। যদি গাছ তুলিয়া অপর স্থানে পুঁতিতে না চাও, তাহা হইলে বর্ষার শেষে অক্টোবরমাসে গাছের গোড়ার সমুদায় মাটি টানিয়া ২।৩ সপ্তাহ শিকড় বাহির করিয়া রাখিবে, পরে গোবরের সহিত নূতন মাটি মাখিয়া ঐ স্থানে দিবে। ইহাতে গাছ পূর্ব্বের ন্যায় সতেজ ও পুষ্পশালী হইবে।

ডিসেম্বর ও জানুয়ারী মাসে গাছের গোড়া পরিষ্কার করিলে গাছ বেশ সতেজ হইয়া উঠে। ঐ সময়ে গাছের গোড়া হইতে মাটি কাটিয়া ১ ফুট দূরে চারিধারে গোল করিয়া উচ্চ প্রাচীরবৎ টানিয়া দিতে হয়। ইহার ভিতরে যে বর্ত্তুলাকার খণ্ড থাকে, তাহাতে এক ঝুড়ি নূতন গোবর দিয়া উচ্চস্থান হইতে জল ঢালিলে, গোবরসংযুক্ত জল সহজেই আল্গা মাটির মধ্যে প্রবেশ করিতে পারে এবং মাসে মাসে গাছের গোড়ায় এইরূপ কাঁচা গোবর দিলে উত্তম সার হয়।

মাটিতে গাছের পাট করিলে যেরূপ ফুল উৎপন্ন হয়; টবে পুতিলে সেরূপ হয় না। এ দেশে অধিকাংশ লোকেই টবে গোলাপ গাছ পুঁতিয়া থাকেন। অক্টোবর মাসে টবের মাটিতে খোল মিশাইয়া গাছ পুতিলে এক মাসের মধ্যে উত্তম ফুল জন্মে।

কেহ আবার এইরূপে কলম বাঁধেন,—কোন একটী পাত্রে সারযুক্ত মাটি পূরিয়া উহা মাটির মধ্যে পুতিয়া রাখে, পরে উহাতে নিয়ম মত ফেব্রুয়ারী মাসে কলম বাঁধিয়া রোপণ করে। পরে ঐ কলমের উপর অপর একটী পাত্র অর্দ্ধেক মাটি ও তাহার উপরি অর্দ্ধেক জলে পরিপূর্ণ করে। ঐ জল ক্রমশঃ চুঁয়াইয়া কলমের উপর পড়ে এবং সকল সময়ে ঐ কলমের মাটিকে ভিজা রাখে। বর্ষার পূর্ব্বে ঐ কলম কাটিয়া পুতিবার উপযুক্ত সময়।

যদি ডাল কাটিয়া চারা বাঁধিতে হয়। তাহা হইলে নবেম্বর মাসে ডাল পোতা উচিত। কারণ মার্চ মাসে অল্প শিকড় নির্গত হইবার সম্ভাবনা এবং ঐ সময়ে টবে তুলিয়া পুতিতে পারা যায়। গোলাপ গাছের ডাল বর্ষার সময় পুতিলে শীঘ্রই শিকড় বাহির হয়, ডাল হইতে শীঘ্র গাছ বাহির করিলে ভাল পাথুরে কয়লা চূর্ণের সহিত তিনভাগ বালি মিশাইয়া উহাতে ডাল পুতিলে শীঘ্র শীঘ্র গাছ বাড়ে ও পুষ্পশালী হয়। উক্ত মিশ্রিত মাটিতে পুরাতন গাছের গোড়া কাটিয়া কলম করিবে, ঐ কলম টবের গায়ে লাগাইয়া মাটি আল্গা রাখিবে ও ঐ কলমের উপর এক একটী কাঁচের ঢাক্‌না দিবে।

বোতলের মধ্যে জল রাখিয়া তাহাতে গোলাপ গাছের কলম বাঁধা যায়। যে প্রণালীতে ঐ কলম বাঁধিতে হয়, তাহা অতিশয় কঠিন। যে কচি বৃন্ত হইতে পুষ্পচ্যুত হইয়াছে, সেইরূপ কচি এক অথবা দুইটী ডাল কাটিয়া শীতকালে বোতলে পুতিবে। ঐ জল ক্রমান্বয়ে পরিষ্কার রাখিবে ও প্রত্যহ বদলাইয়া দিবে, নচেৎ ঐ কচি ডাল পচিয়া যাইবার সম্ভাবনা। ঐ বোতলগুলি গৃহের উত্তরদিকে অথবা পর্দ্দার আড়ালে এরূপ স্থানে রাখিবে, যেন

সূর্য্যের রশ্মি ও বাতাস বিন্দুমাত্রও না লাগে কিম্বা ভাঙ্গা ভাঙ্গা একটী বাক্স ঐ বোতলে চাপা দিয়া সূর্য্যের উত্তাপে রাখিতে পারা যায়। এই কার্য্যের জন্য অন্ততঃ একটী দশ আউন্স বোতল আবশ্যক।

একজন গোলাপপ্রিয় উদ্ভিদ্‌বেত্তা লিখিয়াছেন—এক বৎসরের পুরাতন গাছের ডাল এক ফুট লম্বা রাখিয়া কাটিবে। প্রত্যেক ডালটী পুতিবার দিকে সমভাবে কুঁড়ির নিকট কাটিবে এবং উপরিভাগ কলম বাড়ার ন্যায় ঢালু করিয়া কাটিবে ও তাহাতে দুই একটী কুঁড়ি ব্যতীত সকল গুলিই ছাঁটিয়া ফেলিবে। পরে মার্চ মাসে ৮ ইঞ্চি উচ্চ স্থানের মধ্যস্থলে ঐ কলম গুলি দৃঢ়রূপে পুতিয়া মাটি চাপা দিবে। জুলাই ও আগষ্ট মাসে ঐ চারা পুষ্পবতী হইবার উপযুক্ত হয়। ইহার পর উচ্চ ভূমি সমতল করিয়া গাছের মূল অংশ যাহা মাটির মধ্যে ছিল তাহা বাহির করিয়া দিবে। এ মতে, ঐ চারা গাছের গোড়ার দুই তিন ইঞ্চি স্থান হইতে ফুল জন্মে।

সাধারণতঃ যেরূপে লোক গোলাপের কলম বাঁধিয়া থাকে, তাহার নিয়ম এইরূপ—যেখানে জল জমিতে পারে না, এরূপ উচ্চ স্থানের উপর এক ফুট ব্যবধানে কতকগুলি গর্ত্ত কাটিবে এবং উহাতে সারযুক্ত মাটি দিয়া সারবন্দী করিয়া হেলাইয়া পুতিবে। ঐ গর্ত্তের উপর শাদা মাটি চাপা দিবে। দিবা ভাগে ঐ কলমের উপর রৌদ্রের তাপ নিবারণের জন্য হোগলার ছাউনি দিবে এবং রাত্রিতে উহা তুলিয়া লইতে হয়।



গোলাপফুলের মধ্য দিয়া পত্রকলিকা নির্গত।

কোন কোন স্থলে দেখা গিয়াছে যে কিঞ্জকগুলি পাবড়ি বা সামান্যরূপে পরিবর্ত্তিত হইয়াছে, গোলাপ গাছ অত্যন্ত সরল মাটিতে রোপণ করিলে কোন কোন সময়ে উহার পুষ্পের মধ্যস্থিত কেশর বা গর্ভকেশর ব্যক্ত না হইয়া একটী পত্রকলিকা বা ডাল গজাইতে পারে।

গ্রীকদিগের প্রাচীন গ্রন্থ পাঠে জানা যায় যে গোলাপ ডিওনিসাস্ দেব ও অফ্রোডাইট্ (Aphrodite) নামক দেবীর অতি প্রিয়। প্রাচীন রোমকেরাও একটী গোলাপ-উৎসব করিত তাহার নাম রোসালিয়া (Rosalia)। মাকিদনে মিদাসের গোলাপ-বাগান পূর্ব্ব কালে অতি প্রসিদ্ধ ছিল, ঐ স্থান বর্ত্তমান বুলগেরিয়ার অন্তর্গত। এখনও বুলগরিয়ার গোলাপের আতর বিশ্ববিখ্যাত। পূর্ব্বে ভারতবর্ষেও গোলাপের আদর ছিল, সংস্কৃত গ্রন্থে শতপত্রী নামে গোলাপের উল্লেখ আছে। আত্রেয়সংহিতায় লিখিত আছে—

"শতপত্রী তু গন্ধাঢ্যা সৌম্যগন্ধা শিবপ্রিয়া।
সুশীতাচ সুবৃত্তা চ সুমনাঃ শতপত্রিকা॥
শতপত্রী হিমা তিক্তা সরারুচ্যানিলপ্রণুৎ।
দাহজ্বরাস্রপিত্তঘ্নী কুষ্ঠবিস্ফোটনাশিনী॥"

শতপত্রীর অপর সংস্কৃত পর্য্যায় গন্ধাঢ্যা, সৌম্যগন্ধা, শিবপ্রিয়া, সুশীতা, সুমনাঃ, শতপত্রিকা। ইহার গুণ শীতল, তিক্ত, সারক, রোচক, বায়ুনাশক, দাহ, রক্ত-পিত্ত-কুষ্ঠ ও বিস্ফোটনাশক। এ দেশের বৈদ্যকগণের বিশ্বাস শতপত্রী বলিলে শেউতী ফুলকেই বুঝায়। গোলাব ও শেউতী দুই ভিন্ন। শতপত্রীর অপভ্রংশ শেউতী বটে, কিন্তু এখনও পঞ্জাব অঞ্চলে গোলাপ ফুলকেই শেউতী বলে। শিবপ্রিয়া, শিববল্লভা ইত্যাদি পর্য্যায় শব্দ দৃষ্টে বোধ হয়, গোলাপফুলও পূর্ব্বকাল হইতে শিবের প্রিয় বলিয়া গণ্য হইয়া আসিতেছে। বাস্তবিক শতপত্রী বলিলে প্রধানতঃ পাটলবর্ণ ও কাট গোলাপকে বুঝায়, ইংরাজীতে Damask rose (Rosa Damascena.) ও Hundred-leaved rose (R. centifolia muscosa) বলে। প্রাচীন পারসী গ্রন্থে গুল বা গোলাপের যথেষ্ট প্রশংসা আছে।

আরবী ও পারসীগ্রন্থে বরদ্ এল্ হমক (অর্থাৎ বাহিরে পীত মধ্যে লাল গোলাপ), দলিক (Dog rose) প্রভৃতি পাঁচরকম গোলাপের উল্লেখ আছে।

প্রসিদ্ধ পদার্থতত্ত্ববিৎ প্লিনি ১২ প্রকার গোলাপ ও তাহা হইতে ৩২ প্রকার ঔষধের উল্লেখ করিয়াছেন।

এদেশে এখন নানাবিধ গোলাপ দেখা যায়। গোলাপ পাবড়ি শিশুদিগের পক্ষে মৃদুবিরেচক ঔষধরূপে ব্যবহৃত হয়।

হাকিমীগ্রন্থে গোলাপ হইতে প্রস্তুত দুহ্‌নি-বরদ্-ই-খাম, দুহ্‌নি-বরদ-ই-মতবুখ, গুলকন্দ, গুলঙ্গবিন, গুলাব ও গুলাবকা-আতর এই কয়প্রকার উপাদেয় দ্রব্যের উল্লেখ আছে।

চন্দনতৈলে গোলাপের পাতা দিয়া তাহা রৌদ্রে শুকাইয়া চোলাই করিয়া লইলে যে সুগন্ধি তৈল পাওয়া যায়, তাহাকে দুহ্‌নি-বরদ ই-খাম্ বলে। ঐরূপ অগ্নির উত্তাপে প্রস্তুত হইলে তাহাকে দুহ্‌নি-বরদ্-ই মৎবুখ কহে। হাকিমী মতে এই উভয় প্রকার তৈলের গুণ—মৃদুবিরেচক, সঙ্কোচক ও ক্লেদনাশক। প্রাণসংশয়কর জ্বর শরীর মধ্যে প্রবিষ্ট হইলে ইহার সেবনে যথেষ্ট উপকার হয়। গোলাপের শুষ্ক পাপড়ি ও চিনি সমপরিমাণে লইয়া একত্র গুঁড়া

করিলে যে মিষ্ট দ্রব্য প্রস্তুত হয়, তাহার নাম গুলকন্দ। ভারতে নানাস্থানে হিন্দুস্থানী ও মুসলমানজাতীয় বৃদ্ধ পুরুষ ও রমণীগণ গুলকন্দ খাইতে ভালবাসে। প্রসিদ্ধ মুসলমান হাকিম ইবন্‌সিনার মতে—গুলকন্দ বলকর ও মেদ-বর্দ্ধক। তিনি এই গুলকন্দ খাওয়াইয়া এক যক্ষ্মারোগাক্রান্ত রমণীকে ভাল করিয়াছেন। এ দেশে কেহ কেহ সিদ্ধির সহিত গুলকন্দ খাইয়া থাকে। গুলকন্দে মধু মিশাইলে গুলদবিন প্রস্তুত হয়। তাহারও গুণ গুলকন্দের সমান।

গুলাব্ বা গোলাপজল—গাজিপুরে গোলাপ হইতে এইরূপে আতর প্রস্তুত হয়। এক মণ জল ধরে এমন একটী তামার ডেক বা পাকপাত্র থাকে, তাহার অগ্রভাগ কুঁজার গলার মত কতকটা দীর্ঘ, ইহার মাথায় মালসার ন্যায় একখানি তামার পাত্র সংলগ্ন ও তাহার একপার্শ্বে ছিদ্র থাকে। ঐ ছিদ্রের মুখে একটী বাঁশের নল লাগাইয়া তাহার অধোভাগ ভাব্‌কা নামক পাত্রে জুড়িয়া রাখিতে হয়। নল দিয়া বাষ্প বাহির হইতে না পারে, এজন্য রজ্জু দিয়া নলের বহির্ভাগ আবদ্ধ ও তাহাতে ময়দার প্রলেপ দেওয়া থাকে। ভাব্‌কার ভিতর বেশী গরম হইবার সম্ভাবনা। সেই জন্য উহা একটী শীতল জলপাত্রে ডুবাইয়া রাখিতে হয়। এই প্রকারে বকযন্ত্র প্রস্তুত হইলে উক্ত ডেকে জল ও গোলাপ ফুল রাখিয়া চুল্লীতে বসাইয়া আগুনের তাপ দিবে। অগ্ন্যুত্তাপে ডেকের জল ফুটিতে থাকে ও তাহার বাষ্প ফুলের গন্ধ-পরমাণু লইয়া বাঁশের নল দিয়া ভাব্‌কাপাত্রে আসে। এখানে জলের শীতলতায় সেই বাষ্প পুনরায় জলরূপে পরিণত হয়, সেই জলকেই আমরা গোলাব বা গোলাপজল বলি। এক হাজার গোলাপে যে এক সের জল হয়, তাহাই উৎকৃষ্ট। ইহা অপেক্ষা অত্যুৎকৃষ্ট গোলাব করিতে হইলে দশহাজার গোলাপে যথেষ্ট জল দিয়া আধ মণ গোলাব করিবে, তৎপরে আটহাজার গোলাপফুলের উপর আধ মণ গোলাব ঢালিয়া ।৮ (আঠার) সের গোলাব চোলাই করিবে। চোলাই করার পরে ২০।২৫ দিন রৌদ্রে রাখিতে হয়, কারণ তাহাতে গোলাবের গন্ধভাগ অর্থাৎ আতর জলে ভালরূপে মিশিয়া যায়, না হইলে গোলাব হইতে আতর পৃথক্ হইয়া জলের উপর ভাসিতে থাকে, সুতরাং জলে বেশীদিন গন্ধ থাকে না। এখন বাজারে যে গোলাব বিক্রীত হয়, তাহা হাজার ফুলে দুই সের। অনেক আবার আতর প্রস্তুত করার অবশিষ্ট জল মাত্র, একটুকু চন্দনের আতরের সাহায্যে তাহাই ভাল গোলাব বলিয়া বিক্রীত হয়। গাজিপুরে প্রায় ৪০ জায়গায় গোলাব প্রস্তুত হয়, সেখানে গোলাপ বিক্রয় করিয়া খরচ খরচাবাদ প্রায় চল্লিশ হাজার টাকা লাভ হইয়া থাকে। এদেশে গোলাপ জল প্রস্তুত কালে গোলাপের বোঁটাগুলি ফেলিয়া দেয় না, এই জন্য গোলাপ জলের গন্ধ বেশী দিন থাকে না, শীঘ্রই অম্লরসযুক্ত হইয়া পড়ে। অতএব গোলাব দীর্ঘকালস্থায়ী করিতে হইলে বোঁটাগুলি ফেলিয়া দেওয়া উচিত।

আতর প্রস্তুত করিবার নিয়ম। গোলাব প্রস্তুতের ন্যায় তামার ডেকে জল ও ফুল রাখিয়া উত্তাপ দিতে হয়, তাহা হইলে জল ও ফুলের গন্ধ চোঁয়াইয়া ভাব্‌কাপাত্রে আসিয়া পড়ে। এইরূপে ক্রমে সমস্ত জল মরিয়া গেলে, উহা এক চেপ্টা ধাতুময় পাত্রে ঢালিয়া তাহার মুখ পুরু কাপড় দিয়া বাঁধিয়া দেয়। পরে দুই হাত মাটির নীচে গর্ত্ত করিয়া তন্মধ্যে ঐ পাত্র পুতিয়া নীহারে রাখিতে হয়। সমস্ত রাত্রি এইরূপ ভাবে থাকিলে গোলাবের অন্তর্গত আতর তৈলবিন্দুবৎ জলের উপর ভাসিয়া উঠে। রাত্রিতে যত ঠাণ্ডা পায়, ততই পৃথক্ হইবার সম্ভাবনা। এই কারণ হেমন্ত ও শীতঋতুতে আতর প্রস্তুত করিতে হয়। প্রাতে কোমল পালকে সেই ভাসমান আতর তুলিয়া শিশিরে রাখিয়া রৌদ্রে শুকাইতে হয়। প্রথমে সেই আতর ঈষৎ হরিদ্বর্ণ দেখায়। কিছুদিন পরে অমিশ্র খাঁটি আতরের সে রঙ্ থাকে না। খাঁটি আতর সপ্তাহ মধ্যেই অল্প পীতবর্ণ হইয়া থাকে। ইহাই সর্ব্বোৎকৃষ্ট আতর। এক লক্ষ গোলাপে এরূপ এক তোলা আতর প্রস্তুত হয় এবং সময়ে সময়ে ৮০৲ হইতে ১০০৲ টাকা মূল্যে বিক্রীত হয়। এই মহার্ঘ আতর সহজে পাওয়া যায় না। বাজারে সচরাচর যে উৎকৃষ্ট আতর দেখা যায়, তাহাও ইহা অপেক্ষা অনেক নিকৃষ্ট।

বাজারে আতর এইরূপে প্রস্তুত হইয়া থাকে,—গোলাব চোলাই করিবার সময় যে পাত্রে বাষ্প আসিয়া জমে, তাহাতে চন্দনতৈল দিয়া রাখে। গন্ধযুক্ত জলীয় বাষ্প বকযন্ত্রের পাকপাত্র হইতে ভাব্‌কাপাত্রে আসিয়া গন্ধাংশ ঐ তৈলের সহিত মিশিয়া যায় ও জলীয় বাষ্প পৃথক্ হইয়া পড়ে। এই প্রকারে অল্প গোলাপের গন্ধে অনেক চন্দন তৈল সুবাসিত হয়, এবং তাহাই বাজারে আতর বলিয়া বিক্রীত হয়। ইহাকে মিশ্র বা তেজাল আতর বলা যাইতে পারে। বেল, যুঁই, চামেলী প্রভৃতি ফুলও ঐরূপে চোলাই করিয়া পৃথক্ আতর প্রস্তুত হয়। এইরূপে চন্দনতৈলে সুবাসিত করিলে মিশ্র আতর তৈয়ারি হয়। বিলাতে আমির

উত্তাপে ঢোলাই করে না। সেখানে গোলাপের উপর পরিষ্কৃত চরবী বিছাইয়া তাহার উপর টাট্‌কা ফুল রাখে, তাহাতে ফুলের গন্ধ চরবীতে মিশিয়া যায়। এইরূপে ১৫ কি ২০ বার ফুল দিয়া তৎপরে চরবী সুরাসারে গুলিয়া রাখে, তাহাতে চরবীর গন্ধদ্রব্য সুরাসারে মিশিয়া যায় ও চরবী পৃথক্ হইয়া পড়ে। এইরূপে অতি উৎকৃষ্ট অমিশ্র আতর পাওয়া যায়।

প্রবাদ এইরূপ—সুবিখ্যাতা নুরজেহান বেগম ১৬১২ খৃষ্টাব্দে সর্ব্বপ্রথম আতর আবিষ্কার করেন। সম্রাট্ জাহাঙ্গীরের সহিত তাঁহার বিবাহকালে গোলাপজলের স্রোত বহিয়াছিল, তিনি বাগানের এক নর্দ্দমায় গোলাপজলের উপর তৈলবৎ পদার্থ ভাসিতে দেখেন ও তাহা সংগ্রহ করিতে আদেশ করেন। তাহা হইতেই পরে আতর হয়।

বোম্বাইনগরে গোলাপের শুষ্ক পাতা ৩৲ টাকা করিয়া মণ বিক্রয় হয়।

গোলাবজল, গোলাপ ফুলের সুগন্ধি জল, গোলাব্।

[গোলাব্ দেখ।]

গোলাবজাম্ (পারসী) এক প্রকার সুমিষ্ট ফল।

গোলাবী (পারসীজ) গোলাপ সম্বন্ধীয়।

গোলাবী আতর, গোলাপ হইতে যে আতর প্রস্তুত হয়।

[ইহার প্রস্তুতপ্রণালী গোলাব শব্দে দ্রষ্টব্য।]

গোলাম্ (পারসী) চাকর, ক্রীতদাস।

গোলাম আলী, একজন মুসলমান ঐতিহাসিক। ইনি "শাহ-আলম্ নামা" নামে দিল্লীশ্বর শাহ আলম্ ও তাঁহার রাজত্বকালীন ইতিহাস রচনা করেন।

গোলামকাদের খাঁ, একজন রোহিলা সর্দ্দার, জাবিতা খাঁর পুত্র ও রোহিলাসর্দ্দার নাজিব উদ্দৌলার পৌত্র। ইনি সম্রাট্ শাহ আলমের আশ্রয়ে থাকিতেন। অবশেষে বিশ্বাসঘাতকতাপূর্ব্বক রোহিলাদিগকে সম্রাটের নেত্রগোলক উৎপাটিত করিতে আদেশ করেন। ১৭৮৮ খৃষ্টাব্দে ১০ই আগষ্ট সেই জঘন্য আদেশ প্রতিপালিত হয়। গোলামকাদের দিল্লীশ্বরের প্রতি এইরূপ অত্যাচার করিয়া মুহম্মদশাহের পৌত্র ও আহ্মদশাহের পুত্র বৈদর বক্‌ৎকে দিল্লীর সিংহাসনে স্থাপন করেন।

তৎপরে তিনি নিজ রাজ্য ঘোষগড় অভিমুখে যাইতেছিলেন, কিন্তু পথিমধ্যে মহারাষ্ট্রসৈন্য আসিয়া তাঁহাকে আক্রমণ করে। তাহারা গোলামকাদেরের নাক কাণ হাত পা খণ্ড খণ্ড করিয়া দিল্লীতে পাঠাইয়া দেয়। কিন্তু পথেই উক্ত বর্ষে ডিসেম্বর মাসে তাঁহার মৃত্যু হয়। আগ্রাজেলার অন্তর্গত আউল নামক স্থানে গোলামের কবর আছে।

গোলাম কুতব্‌উদ্দীন্‌শাহ, আলাহাবাদ নিবাসী একজন বিখ্যাত কবি, শাহ মুহম্মদ ফকিরের পুত্র। কবিতায় ইনি মুসীবৎ নামে আত্মপরিচয় দিয়াছেন। ১৭২৫ খৃষ্টাব্দে ২৯এ আগষ্ট জন্ম ও মক্কায় গিয়া ১৭৭৩ খৃষ্টাব্দে ইহার মৃত্যু হয়। ইহার রচিত "নান্‌কালেয়া" গ্রন্থ "নান্‌হালুয়ো" নামক গ্রন্থের প্রত্যুত্তররূপে লিখিত হইয়াছে।

গোলামমহম্মদ, টিপু সুলতানের নাতি। প্রায় ১৮০১ খৃষ্টাব্দে ইনি ইংরাজ করে বন্দী হন। তৎপরে ১৮৭১ খৃষ্টাব্দে বৃটীশ গবর্মেণ্ট কর্ত্তৃক নাইট্ কমাণ্ডার অব দি ষ্টার অব্ ইণ্ডিয়া (K. C. S. I.) উপাধি লাভ করেন। ১৮৭১ খৃষ্টাব্দে ১১ই আগষ্ট ৭৮ বর্ষ বয়সে তাঁহার মৃত্যু হয়।

গোলামহোসেন খাঁ, ১ একজন মুসলমান ঐতিহাসিক ও বিখ্যাত পণ্ডিত। ইনি ১৭৮০ খৃষ্টাব্দে মালদায় জর্জ উদনী সাহেবের অনুরোধে "রিয়জ্ উস্‌সলাতীন্" নামে পারস্যভাষায় বঙ্গদেশের ইতিহাস রচনা করেন। ইহার বুদ্ধিমত্তা দর্শনে মুগ্ধ হইয়া নবাব আলী ইব্রাহিম্ খাঁ ইহাকে নিজামত আদালতের একজন সভ্যপদে নিযুক্ত করেন।

২ নবাব সৈয়দ গোলামহোসেন নামে খ্যাত। ইহার অপর নাম তিবা তিবাই, ইনি হিদায়েত আলী খাঁ বাহাদুর আসদজঙ্গের পুত্র। প্রথমে ইনি মুর্শিদাবাদের নবাবের আমলে একজন আমীররূপে গণ্য ছিলেন, তৎপরে ইষ্ট-ইণ্ডিয়া-কোম্পানির আমলেও বড়লাট কর্ত্তৃক সম্মানিত হন। ১৭৮০ খৃষ্টাব্দে "সিয়ার উল্ মুতাখিরীন্" নামে পারস্য ভাষায় মুসলমান নবাবদিগের ইতিহাস রচনা করেন। এই গ্রন্থে তৎকালীন বঙ্গের অবস্থা অতি সুন্দর রূপে বর্ণিত হইয়াছে। বঙ্গের ঐতিহাসিক মাত্রেই এই গ্রন্থের আদর করিয়া থাকেন, ইহাতে ইংরাজরাজেরও যথেষ্ট প্রশংসাবাদ আছে। ফরাসী পণ্ডিত রেনিগেড ওরফে মুস্তাফা, ব্রিগ ও বাল্‌ফোর সাহেব এই গ্রন্থের ইংরাজী অনুবাদ প্রকাশ করিয়াছেন। উক্ত পারস্য গ্রন্থ অবলম্বনে গোলাম আলী সাহেব নামে একজন মৌলবী ১৮৫৯ খৃষ্টাব্দে হিন্দুস্থানীতে "খুলাস-ই-তবারিখ্-ই সিয়র-উল্ মুতাখিরীন্" নামে একখানি ইতিহাস প্রণয়ন করেন।

উক্ত ইতিহাস ব্যতীত গোলামহোসেন "বশারৎউল্ ইমামৎ" নামে একখানি কাব্যও লিখিয়া গিয়াছেন।

গোলারায়পুর, উ. প. প্রদেশের শাহজহানপুর জেলার পবায়ন তহসীলের অন্তর্গত এক অতি প্রাচীন গ্রাম। গ্রামের অবস্থা পরিদর্শন করিলেই বোধ হয় এক সময়ে এখানে সমৃদ্ধিশালী নগর ছিল। এখানে খেরা বা স্তূপের ভিতর হইতে বড় বড়

ইট, নীল ও সবুজ রঙের পাত্রাদি ও বৌদ্ধরাজগণের সময়কার অতিপ্রাচীন মুদ্রা পাওয়া গিয়াছে। কাহার মতে চীন-পরিব্রাজক ফাহিয়ন্ বর্ণিত হি-লো নামক স্থান এখানেই ছিল এবং বুদ্ধের কপালের একখণ্ড অস্থি এখানকার দাঘোবে (দেহগোপে) রক্ষিত ছিল। তারিখ-ই-ফিরোজশাহী ও আইন-ই-অকবরী পাঠে জানা যায় খৃষ্টীয় ত্রয়োদশ শতাব্দী হইতে খৃষ্টীয় ষোড়শ শতাব্দী পর্য্যন্ত এই গোলা গ্রামে কান্ত-গোলার সদরকাছারী ছিল।

গোলাস (পুং) গাং ভূমিং লাসয়তি প্রকাশতি গো-লস্-ণিচ্ অণ্ উপপদস°। শিলীন্ধ্র। (হারা°)

গোলাহাঁড়ি (দেশজ) যে হাঁড়িতে গোবর জল রাখিয়া প্রাতে ঘরে ও বাহিরে ছিটাইয়া দেওয়া হয়।

গোলি, কৃষ্ণা জেলার পালনাড়া তালুকের অন্তর্গত একটী প্রাচীন গ্রাম। তুম্রিকোট হইতে ৪ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। গ্রামের দক্ষিণপশ্চিম ভাগে একটী পুরাতন দুর্গ ও চারিদিকে কতকগুলি ভগ্ন প্রাচীন মন্দির পড়িয়া আছে। গ্রামবাসীরা বলে, এখানে বিশ্বামিত্র যজ্ঞ করিয়াছিলেন, এখনও তাঁহার হোমকুণ্ড দেখিতে পাওয়া যায়। এখানকার মল্লেশ্বর ও হনুমানস্বামীর মন্দিরে কয়েকখানি শিলালিপি উৎকীর্ণ আছে। গ্রামের মধ্যে প্রাচীন অসভ্যবাসীদিগের সমাধিপ্রস্তর দৃষ্ট হয়।

গোলিহ্ (পুং) গোভি লিহ্যতে লিহ্-ঘঞর্থে কঃ। ১ ছত্রিকা। ২ ঘণ্টাপাটলি। (জটাধর)

গোলিহল্লি, বেলগাম্ জেলার অন্তর্গত বিদিনগরের এক মাইল দক্ষিণে অবস্থিত একটী গ্রাম। এখানে কল্মেশ্বর, রামলিঙ্গ ও সিদ্ধলিঙ্গের তিনটী বিখ্যাত মন্দির আছে। কল্মেশ্বরের মন্দিরের নিকট চালুক্যরাজ ৩য় সোমেশ্বর বা ভূলোকমল্লের রাজত্ব সময়ে (১১২৬—১১৩৯ খৃষ্টাব্দে) কাদম্ব-বংশীয় কোন অধীন রাজপ্রদত্ত একখানি প্রশস্তি আছে। গ্রামের বহির্ভাগে বাসবের মন্দিরের সম্মুখে একখানি খোদিত শিলাফলক দৃষ্ট হয়। ঐ শিলাফলকের মধ্যভাগে শালুঞ্চে আবৃত লিঙ্গমূর্ত্তি। ইহার বামদিকে বাসব ও সূর্য্য এবং দক্ষিণে সবৎসা গাভী ও চন্দ্রের মূর্ত্তি খোদিত। উক্ত ফলক-খানিতে গোয়ার (গোপকপুরির) কাদম্বরাজ পের্মাড়ির রাজত্বকালে (১১৪৭—১১৭৫) ১৪শ, ১৭শ ও ২৬শ বৎসরে* প্রদত্ত শাসনাদির উল্লেখ আছে। উক্ত গোপকরাজ ৯ শত জনপদবিশিষ্ট কোঙ্কণ ও ২২ হাজার গ্রামযুক্ত পলসিগ বা হল্সীর উপর আধিপত্য করিতেন। তিনি কিরুসপ্পগাড়ি জেলার হেমেশ্বরের সেবার জন্য বিস্তর অর্থ ও জমি দান করেন।

গোলী (গোলশব্দজ) বর্ত্তুলাকার লৌহাদিনির্ম্মিত পদার্থ, বন্দুক প্রভৃতির গুলি।

গোলীঢ় (পুং) গোভির্লিহ্যতে লিহ-ক্ত। ঘণ্টাপাটলি, চলিত কথায় ঘণ্টাপারুলি বলে।

গোলোক (পুং) গোভি র্জ্যোতিভিঃ পরিব্যাপ্তঃ লোকঃ মধ্যলো°। এক পরমধাম, বিষ্ণু বা কৃষ্ণের বসতিস্থান, ব্রহ্মাণ্ডান্তর্গত সমস্ত লোকের উপরিবর্ত্তী একটী লোক। নানা পুরাণে ও তন্ত্রে গোলোকের বর্ণনা দেখিতে পাওয়া যায়। ব্রহ্মবৈবর্ত্তপুরাণের মতে বৈকুণ্ঠের উপরে গোলোক অবস্থিত, ইহা পঞ্চাশকোটী যোজন আয়ত। গোলোক অগম্য ও অনির্ব্বচনীয় বিষ্ণুর অভিপ্রায়ে বায়ুর উপরে অবস্থিতি করিতেছে। এই স্থানে একটী মনোহর নদী আছে। তাহার তীরদেশ নানাবিধ মুক্তা, মাণিক্য, পরশমণি প্রভৃতি বহু মূল্যের রত্নরাজিপরিবেষ্টিত। ইহার পারে একটা বিশাল পর্ব্বত, তাহার মনোহর একশত শৃঙ্গ আছে। এই পর্ব্বতটী উচ্চে কোটি যোজন, দৈর্ঘ্যে দশকোটি যোজন এবং শৈল-প্রস্থের পরিমাণ পঞ্চাশকোটি যোজন, এই পর্ব্বতটী গোলো-কের প্রাচীর রূপে অবস্থিত। এই পর্ব্বতের শিখরদেশে দশ যোজন বিস্তৃত একটী রাসমণ্ডল আছে। এই রাসমণ্ডলের মধ্যে একহাজার পুষ্পোদ্যান ও একহাজার কোটিরত্নমণ্ডপ আছে। মনোহারিণী গোপাঙ্গনারা সকল সময়েই রাসমণ্ডল পরিবেষ্টন করিয়া রহিয়াছে।

পর্ব্বতের বাহিরে বিরজানদীর তীরে একটী সুন্দর বন আছে, এই বন রাধিকা ও কৃষ্ণের ক্রীড়াস্থান বৃন্দাবন-নামে বিখ্যাত। ইহার পরেই গোলাকার গোলোকপুরী। ইহার বিস্তার কোটিযোজন, চারিদিকে রত্নময় প্রাকারে পরি-বেষ্টিত, ইহার চারিটী গোপুর বা প্রধান দ্বার আছে। প্রত্যেক দ্বারে অসংখ্য গোপ দ্বাররক্ষা করিতেছে। এই পুরীর মধ্যে কৃষ্ণভৃত্য গোপগণের পঞ্চাশকোটী, কৃষ্ণভক্ত বৃন্দের শতকোটী ও কৃষ্ণপার্ষদগণের মনোজ্ঞ নানাবিধ রত্নখচিত কোটি আশ্রম আছে। ইহা ছাড়া কৃষ্ণপ্রেয়সী গোপীগণ ও তাহার কিঙ্করীগণেরও অনেক আশ্রম আছে। যে সকল ভারতবাসী শতজন্ম তপস্যা করিয়া পবিত্র হইতে পারিয়াছে, কৃষ্ণভক্তি যাহাদের হৃদয়ে দৃঢ় ও নিশ্চল রূপে অবস্থিত, কর্ম্মফলের আশা না করিয়া যাহারা কেবল ঈশ্বর সন্তোষের জন্য সাংসারিক সমস্ত কর্ত্তব্য কর্ম্মের অনু-ষ্ঠান করে, যাহাদের অন্তর জাগ্রৎ, স্বপ্ন প্রভৃতি সকল

* Journal Bombay Branch Royal Asiatic Society, IX. 300—403.

অবস্থায়ই কৃষ্ণের পবিত্র মূর্ত্তি ভাবিয়া থাকে এবং যাহারা দিবারাত্রি "রাধাকৃষ্ণ রাধাকৃষ্ণ" জপ করে, সেই সকল ভক্তবৃন্দের বাসের জন্য মহার্ঘ রত্ননির্ম্মিত শতসহস্র বাড়ী প্রস্তুত আছে। ভক্তগণ পাঞ্চভৌতিক শরীর ছাড়িতে পারিলেই গোলোকে যাইয়া সকল বাড়ীতে বাস করিতে পারে। ইহার পরে একটী বিশাল অক্ষয়বট, ইহার মূল পঞ্চাশ যোজন ও ঊর্দ্ধভাগ তাহার দ্বিগুণ বেষ্টিত। এই বটগাছের একহাজার স্কন্ধ ও অসংখ্য শাখা আছে। ইহার ফলগুলি রত্নময়। তলে রত্নময় বেদীও আছে। এই গাছের মূলে কৃষ্ণবেশ-পরিশোভিত কতকগুলি গোপবালক সর্ব্বদাই ক্রীড়া করিয়া থাকে। ইহার কিছুদূরে সিন্দুর রঙের পাথরে প্রস্তুত একটী বৃহৎ রাজপথ; তাহার দুই পাশে সারি সারি গৃহ, সকল গৃহই রত্নময়; সমস্ত গৃহভিত্তি ইন্দ্রনীল, পদ্মরাগ প্রভৃতি নানারঙের পাথরে নির্ম্মিত। এই গৃহগুলি পুষ্পমালা প্রভৃতি দ্বারা পরিশোভিত বিলাস ভবন। গোপীগণ নানাবিধ রত্নালঙ্কারে শোভিত হইয়া সর্ব্বদাই ইহাতে ক্রীড়ায় নিরত থাকে। ইহার পরে সকল গোপীগণের প্রধানা রাসেশ্বরী রাধিকার মনোহর ভবন। ইহার মনোহর ষোলটী দ্বার আছে। এই ভবনে একশত মন্দির বা কুটরী আছে। চারিদিকে বিশাল পরিখা ও শত শত পুষ্পোদ্যান। রাধিকা-ভবনে বাহিরে শৃঙ্গ পর্ব্বত, তাহার বাহিরে বিরজা নদী। কৃষ্ণকে স্তুতি করিবার জন্য সমস্ত দেবতাই এখানে উপস্থিত থাকেন। গোলোকের মত আশ্চর্য্যকাণ্ড আর কোথাও নাই। (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ কৃষ্ণজন্মখণ্ড° ৪ অঃ)

তন্ত্রের মতে গোলোক বৈকুণ্ঠের দক্ষিণদিকে অবস্থিত। শব বলিয়াছেন যে, গোলোকের ন্যায় আর কোন স্থানই নাই। দ্বিভুজ মুরলীধর কৃষ্ণ রাধিকার সহিত এই স্থানে থাকিয়া সমস্ত ব্রহ্মাণ্ডের প্রতিপালন করেন। গোলোকের অবস্থা বাক্য ও মনের অগোচর। এই স্থানের মাহাত্ম্য বাক্যাতীত, বর্ণনা করিয়া জানাইতে পারা যায় না। ইহার ঠিক মধ্যস্থানে বিষ্ণুর বাসভবন। বৈষ্ণবগণ ঐ স্থানে আগমনকেই মোক্ষ বলিয়া স্বীকার করেন। গঙ্গা প্রভৃতি সকল নদী ও ইন্দ্র প্রভৃতি সমস্ত দেবতা এই স্থানে উপস্থিত থাকেন। এই স্থানে সর্ব্বদাই ছয়টী ঋতু উদিত হয়। কৃষ্ণ নানাবিধ তানে মুরলী বাজাইয়া সকলের মন প্রাণ আনন্দিত করেন। ভক্তবৎসলা রাধিকাও ভক্তগণের অনুগ্রহের জন্য তাঁহার বামভাগে উপবেশন করিয়া থাকেন।

গোলোকন্যায়রত্ন, বঙ্গদেশীয় একজন বিখ্যাত নৈয়ায়িক, ইহার ন্যায়রত্নমাথুরীক্রোড়টীকা নব্যন্যায়ের একখানি উৎকৃষ্ট গ্রন্থ। পশ্চিমাঞ্চলে এই গ্রন্থ আদৃত হইয়া থাকে। এখন ইহার অন্তর্গত অনুমিতিঅসিদ্ধপূর্ব্বপক্ষ, অসিদ্ধসিদ্ধান্ত, উপাধিপূর্ব্বপক্ষ, কূটঘটিতলক্ষণ, কেবলান্বয়িতৃতীয়প্রগল্ভলক্ষণ, দ্বিতীয় মিশ্রলক্ষণ, পক্ষতাপূর্ব্বপক্ষ, পঞ্চলক্ষণী, পরামর্শপূর্ব্বপক্ষ, পরামর্শসিদ্ধান্ত, পুচলক্ষণ, প্রতিজ্ঞালক্ষণ, প্রথম মিশ্রলক্ষণ, বাধপূর্ব্বপক্ষ, বাধসিদ্ধান্ত, সামান্যনিরুক্তি, সামান্য লক্ষণ ও হেতুলক্ষণবিবেচন প্রভৃতি কতকাংশ পাওয়া যায়।

গোলোমিকা (স্ত্রী) গোলোমের লোমাস্তি অস্য গোলোম-ঠন্ টাপ্। যদ্বা গোলোমী স্বার্থে কন্ টাপ্ পূর্ব্বহ্রস্বশ্চ। ক্ষুপ বিশেষ, গোলোমী। পশ্চিমদেশে গোধূমা এবং স্থানবিশেষে পাথরী বলে। পর্য্যায়—গোধূমী, গোজা, ক্রোষ্টুকপুচ্ছিকা, গোসম্ভবা, প্রস্তরিণী। ইহার গুণ—কটু, তিক্ত, ত্রিদোষঘ্ন, শীতল, শূলরোগ ও রক্তদোষনাশক, গ্রাহী এবং দীপন।

গোলোমী (স্ত্রী) গোলোমের লোম লোমসদৃশং দলাদিকমস্যা বহুব্রী ততোঙীপ্। ১ শ্বেতদূর্ব্বা। ২ বচা। গবা বাচা লোমযতি অনুকূলয়তি গোলোমি-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। ৩ বেশ্যা। (হেম°) ৪ গোলোমিকা বৃক্ষ। (রাজনি°) [গোলোমিকা দেখ।]

গোল্ডষ্টুকার (Theodore Goldstucker) একজন বিখ্যাত সংস্কৃতবিৎ জর্ম্মণপণ্ডিত। জর্ম্মণির কনিগস্‌বর্গনগরে হিব্রীয়বংশে জন্মগ্রহণ করেন। বননগরের বিশ্ববিদ্যালয়ে খ্যাতনামা ওয়েষ্টারগার্ডের সহিত একত্র অধ্যয়ন করিতেন। যথাকালে বার্লিননগরে আসিয়া অধ্যাপকপদের উপযুক্ত নিয়োগপত্র প্রাপ্ত হন। তথা হইতে তিনি ফরাসী রাজধানী পারিনগরীতে আগমন করেন, এখানে মহাপণ্ডিত ইউজিন বরনুফের সহিত তাঁহার মিত্রতা জন্মে।

১৮৩৯ খৃষ্টাব্দে গোল্ডষ্টুকার পণ্ডিতবর লাসেনের পত্রিকায় অমরকোষের সমালোচনা প্রকাশ করেন, ইহাই তাঁহার সংস্কৃত শিক্ষার প্রথম ফল। ১৮৪২ খৃষ্টাব্দে তিনি প্রবোধচন্দ্রোদয়নাটকের অনুবাদ প্রকাশ করেন, তদ্দৃষ্টে সকলেই তাঁহার সংস্কৃতানুরাগের ভূয়সী প্রশংসা করিয়াছিলেন। এই সময়ে তিনি জর্ম্মণভাষায় মহাভারত অনুবাদে প্রবৃত্ত হন, কিন্তু দুঃখের বিষয় তাঁহার এই অনুবাদের কোন অংশ মুদ্রিত হয় নাই।

বৈদিক গ্রন্থপাঠে গোল্ডষ্টুকারের বড়ই আদর ও যত্ন ছিল। একখানি অভিনব বৈদিক গ্রন্থ পাইলেই আহারনিদ্রা পরিত্যাগ করিয়া মনোনিবেশপূর্ব্বক তাহা পাঠ করিতেন। একদিন তিনি হঠাৎ ইণ্ডিয়া আপিসের পুস্তকালয়

হইতে একখানি পুস্তক বাহির করেন, পুস্তকের তালিকায় তাহার নামমাত্র ছিল না। তিনি কৌতূহলক্রমে সেই গ্রন্থখানি পাঠ করিয়া দেখিলেন, তাহা কুমারিলভট্টের ভাষ্যসহ মানবকল্পসূত্র। ইতিপূর্ব্বে এই গ্রন্থের সংবাদ কেহ জানিত না, সুতরাং এই নূতন আবিষ্কারে উৎসাহিত হইয়া তিনি ঐ সংস্কৃত পুথির প্রতিকৃতি এবং তাহার ভূমিকায় পাণিনি ব্যাকরণ, মীমাংসাদর্শন ও বৈদিক ক্রিয়াকাণ্ড সম্বন্ধে বহু গবেষণাপূর্ণ এক প্রবন্ধ প্রকাশ করেন। তৎপরে তাঁহার পাণিনির কালনিরূপণ ও তৎসমালোচনাবিষয়ক একখানি গ্রন্থ প্রকাশিত হয়। তিনি সংস্কৃত ভাষায় কতদূর পাণ্ডিত্যলাভ করিয়াছিলেন ও কত শত কঠিন সংস্কৃত গ্রন্থ পাঠ করিয়া তাহার অপূর্ব্ব সমালোচনা করিতে সাহসী হইয়াছিলেন, উক্ত দুইখানি গ্রন্থ পাঠ করিলেই জানা যায় ও বিস্মিত হইতে হয়। এই সময়ে তিনি লণ্ডনের বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত অধ্যাপক হইয়া ছিলেন।

লণ্ডনের সংস্কৃতগ্রন্থপ্রচারিকাসভায় তিনি সম্পাদক ছিলেন। উক্ত সভার যত্নে তিনি মাধবাচার্য্যের জৈমিনীয় ন্যায়মালাবিস্তার নামক বৃহৎ গ্রন্থ প্রকাশ করেন। একখানি উৎকৃষ্ট সংস্কৃত ও ইংরাজী অভিধান প্রকাশ করিতে তাঁহার ইচ্ছা হইয়াছিল, কিন্তু অকালে তাঁহার মৃত্যু হওয়ায় উক্ত অভিধানের "অ" অক্ষরের কিয়দংশ বাহির হইয়া বন্ধ হয়।

সর্ব্বদাই মানসিক পরিশ্রমে ও গভীর চিন্তায় তাঁহার কাশরোগ জন্মিল। এই রোগেই তিনি ৫৮ বর্ষ বয়সে ১৮৭১ খৃষ্টাব্দে ৬ই মার্চ্চ লণ্ডন নগরে মানবলীলা সম্বরণ করেন।

তাঁহার দয়া, উদারতা প্রভৃতি বিবিধ সদ্‌গুণ ছিল। ভারতবাসীকে তিনি বড়ই ভালবাসিতেন। এদেশীয় কোন যুবক বিলাতে অধ্যয়নার্থ গমন করিলে গোল্ডষ্টুকার তাহাকে পুত্রবৎ স্নেহ করিতেন ও সর্ব্বদাই সদুপদেশ দিতেন।

তাঁহার মৃত্যুর পর তদ্রচিত অপর সংস্কৃতসাহিত্যবিষয়ক প্রবন্ধ সকল প্রকাশিত হইয়াছে।

গোল্লার, দাক্ষিণাত্যের ধারবার জেলাবাসী ভিক্ষাজীবী নীচ জাতিবিশেষ। নগরের বাহিরে ও পল্লিগ্রামে ইহাদের বসবাস। তেলগু ইহাদের মাতৃভাষা, কিন্তু কণাড়ী ভাষায়ও কথা কহিতে পারে। ইহাদের মধ্যে অম্বির বন্দলু, বিন্দু বন্দলু, চেসক্ক বন্দলু, গল্ল বন্দলু, ও গোব্বর বন্দলু এই পাঁচশ্রেণী আছে। একশ্রেণী অপর শ্রেণীতে বিবাহের আদানপ্রদান করে না। কিন্তু পরস্পর আহার ব্যবহার প্রচলিত আছে।

ইহারা স্বভাবে অলস, বদরাগী, অপরিষ্কার ও ছিঁচকে চোর। ইহারা ভিক্ষা করিবার সময় (ইষ্টদেবরূপী) একটী সজীব সাপ লইয়া বাহির হয়, এবং সেই সাপ দেখাইয়া ভিক্ষা করে। ব্রাহ্মণের প্রতি ইহাদের ভক্তি শ্রদ্ধা নাই, কোন কর্ম্মে ব্রাহ্মণ নিযুক্ত করে না। ইহাদের কোন দীক্ষাগুরুও নাই। ইহারা স্বয়ং হনুমানের পূজা করে ও মহামার উদ্দেশে ছাগবলি দেয়। ইহাদের মধ্যে বিধবাবিবাহ ও বহুবিবাহ প্রচলিত আছে। ইহাদের স্ত্রীলোকেরা বড়ই সতী, ব্যভিচার নাই বলিলেই হয়। যদি কখন ব্যভিচার ঘটে, ব্যভিচারিণীকে কণ্টকময় দেড়হাত গর্ত্তের মধ্যে দাঁড় করাইয়া তাহার মাথায় জাঁতা চাপা দেয় ও তাহাকে তিন মুটা গোবর খাইতে হয়। এইরূপে প্রায়শ্চিত্ত হইলে সেই পত্নীকে তাহার স্বামী পুনরায় গ্রহণ করে। কন্যা বিবাহের পরে যখন প্রথম শ্বশুরালয়ে যায়, তখন কন্যার পিতা একটী কুকুর পাঠাইয়া জামাতার সম্মান রাখে। [গোল শব্দে গোলজাতির বিবরণ দেখ।]

গোবক (পুং) একপ্রকার ক্ষুদ্র বকপক্ষী।

গোবৎস (পুং) গোর্বৎসঃ ৬তৎ। ১ গোরুর বৎস, বাছুর। ২ প্রভাসের অন্তর্গত একটী পবিত্র তীর্থ। (প্রভাসখণ্ড)

গোবৎসাদিন্ (পুং) গোবৎসং অত্তি গোবৎস-অদ-ণিনি উপস°। বৃক, নেকড়ে বাঘ। (রাজনি°)

গোবদা (দেশজ) বড়, মোটা।

গোবধ (পুং) গবাং বধঃ ৬তৎ। গোহিংসা, গোহত্যা।
"গোবধোঽযাজ্যসংযাজ্যপারদার্য্যাত্মবিক্রয়াঃ।" (মনু ১১।৬০)
[গোহত্যা দেখ।]

গোবন, ১ নিকুম্ভবংশীয় একজন রাজা কৃষ্ণরাজের পুত্র। ২ ঐ বংশীয় ১ম গোবনের পৌত্র ও গোবিন্দরাজের পুত্র।

গোবন্দনা (স্ত্রী) সহদেবা। চলিত কথায় নাগদানার গাছ।

গোবন্দনী (স্ত্রী) গবি ভূমৌ বন্দ্যতে বন্দ কর্ম্মণি ল্যুট্ ঙীপ্। ১ প্রিয়ঙ্গু। (অমর) ২ পীতদণ্ডোৎপল। (রত্নমালা)

গোবর (ক্লী) ১ শুষ্ক গোময়চূর্ণ। ভাবপ্রকাশের মতে গোষ্ঠে গোরুর খুরাঘাতে চূর্ণিত শুষ্ক গোময়কে গোবর বলে। পারদশোধনে ইহাই সর্ব্বোৎকৃষ্ট।
"গোষ্ঠান্তর্গোক্ষুরক্ষুণ্ণশুষ্কচূর্ণিতগোময়ম্।
গোবরং তৎসমাখ্যাতং বরিষ্ঠং রসসাধনে॥" (ভাবপ্রকাশ)
(গোবিট্ শব্দজ) ২ গোরুর বিষ্ঠা, গোময়।

গোবরচাঁপা (দেশজ) একপ্রকার বৃক্ষ। (Plumeria acuminata.)

গোবরডাঙ্গা, বঙ্গের ২৪ পরগণার অন্তর্গত একটী নগর, যমুনানদীর পূর্ব্বকূলে অবস্থিত। অক্ষা° ২২° ৫২´ ৪০´´ উঃ, দ্রাঘি° ৮৮° ৪৭´ ৫৫´´ পূঃ। চিনি, গুড় ও পাটের ব্যবসায় জন্য এই স্থান প্রসিদ্ধ। প্রবাদ এইরূপ, এইখানে কৃষ্ণ গোধন

চরাইতেন। এখানে ইংরাজী বিদ্যালয়, ঔষধালয়, পুলিশ ও মিউনিশিপালিটী আছে।

গোবরধেপড়া (দেশজ) একপ্রকার রাত্রিচর পক্ষী। ভারত ও ভারতমহাসাগরীয় দ্বীপপুঞ্জে এই পক্ষী দেখা যায়। সুমাত্রা ও অষ্ট্রেলিয়ায় নানাবর্ণের গোবরধেপড়া বাস করে, তন্মধ্যে শিখাযুক্ত একজাতির অবয়ব ও শারীরিক লক্ষণ পেচকের মত। ইহাদের ঠোঁটের অগ্রভাগ বক্র, দৃঢ় ও খর্ব্বাকার, মুখের হাঁ বড়। স্বর অতি কর্কশ। এই জন্য ফরাসীরা ইহাকে "রাত্রিচর ভেক" বলিয়া অবজ্ঞা করিয়া থাকে। ইহাদের মাথা স্থূল, কাণ অপর্য্যাপ্ত পালখে ঢাকা, দৃষ্টি অত্যন্ত চঞ্চল। ইহারা সূর্য্যের তীব্ররশ্মি সহ্য করিতে পারে না। তাই দিনের বেলা অন্ধকারে লুকাইয়া থাকে। পতঙ্গ ইহাদের খাদ্য।

গোবরা (গোবর শব্দজ) একপ্রকার পোকা।

গোবরাট (ক্লী) কপাটের নিম্নস্থ কাঠ, যাহার উপর কপাটের পার্শ্বস্থিত অবলম্বন কাঠ দুখানি সংযোজিত থাকে। গৃহাদি লেপন করিবার সময়ে এই কাঠখানিতে প্রায়ই গোবর লাগিয়া থাকে, এই কারণে উহার ঐরূপ সংজ্ঞা হইয়াছে।

গোবরাডেঙ্গুয়া, একপ্রকার ক্ষুদ্র বৃক্ষ। (Amaranthus lividus.)

গোবরাণ, ১ ফল পাকিবার কিছুদিন পূর্ব্বে অপক্ক ফলের রঙ্ পরিবর্ত্তন। ২ ধেপ্‌ড়া বা অস্পষ্ট করিয়া লেখা।

গোবরাণি [গোবরাণ দেখ।]

গোবরাণিয়া, পাকিবার কিছুদিন পূর্ব্বে ফলের রঙ্ পরিবর্ত্তন।

গোবরাফঙ্গ্যাটা (দেশজ) একজাতীয় বৃক্ষ। (Alliacea)

গোবরিয়াচাঁপা (দেশজ) একপ্রকার ক্ষুদ্র চাঁপাগাছ।

গোবরিয়াপোকা (দেশজ) গোময়ে উৎপন্ন একপ্রকার কীট।

গোবর্দ্ধন (ক্লী) গবাং বর্দ্ধনং ৬তৎ। ১ গোরুর বৃদ্ধি। বৃধ করণে ল্যুট্ ৬তৎ। ২ গিরিযজ্ঞবিশেষ। [গোযজ্ঞ দেখ।] গাঃ বর্দ্ধয়তি গো-বৃধ ণিচ্-ল্যু। ৩ বৃন্দাবনস্থ একটী পর্ব্বত। শ্রীকৃষ্ণ ভয়ানক শিলাবৃষ্টি হইতে গোপদিগকে রক্ষা করিবার জন্য এই পর্ব্বতখানি হাতে উঠাইয়া ধারণ করিয়াছিলেন, এই পর্ব্বত অনাদি এবং শ্রীকৃষ্ণের অতিশয় প্রিয়। হরিভক্তিবিলাসের মতে কার্ত্তিকমাসের শুক্ল প্রতিপদ্ তিথিতে পূর্ব্বাহ্ণে ইহার পূজা করা বৈষ্ণবগণের কর্ত্তব্য।

"প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য দ্যূতং চৈব সমাচরেৎ।
ভূষণীয়াস্তথা গাবঃ পূজ্যাশ্চ দোহবাহনাঃ॥
শ্রীকৃষ্ণদাসবর্য্যোঽয়ং শ্রীগোবর্দ্ধনভূধরঃ।
শুক্লপ্রতিপদি প্রাতঃ কার্ত্তিকেঽর্চ্চ্যোঽত্র বৈষ্ণবৈঃ॥"

(হরিভক্তিবিলাস ১৬ বিঃ)

এই প্রতিপদের সহিত অমাবস্যার সমান আদর।

"প্রতিপদ্‌দর্শসংযোগে ক্রীড়নৈশ্চ গবাং মতম্।
পরবিদ্ধান্তু যঃ কুর্য্যাৎ পুত্রদারধনক্ষয়ঃ॥" (দেবল।)

অর্থাৎ যেদিন প্রতিপদের সহিত অমাবস্যার যোগ থাকে, সেইদিনে গবোৎসব করিতে হয়। পরবিদ্ধ তিথিতে করিলেও স্ত্রীপুত্রধনের হানি হয়। নির্ণয়ামৃতধৃত "যা কুহূঃ প্রতিপন্মিশ্রা তত্র গাঃ পূজয়েন্নৃপ।" ইত্যাদি পৌরাণিক বচনেও অমাবস্যাযুক্ত প্রতিপদেই গোবর্দ্ধনপূজার বিধান দেখিতে পাওয়া যায়। এইরূপস্থলে মীমাংসা করিতে হইলে বলিতে হইবে যে প্রথম প্রদর্শিত বচনের "প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য" এই স্থলের "প্রাতঃ" শব্দের অর্থ পূর্ব্বাহ্ণে। কার্ত্তিকমাসের শুক্লপক্ষীয় প্রতিপদ্ তিথিতে পূর্ব্বাহ্ণে গোবর্দ্ধনপূজা করিবে। উভয়দিনে পূজার সময় সম্ভব হইলে যেদিন অমাবস্যার যোগ থাকে, সেইদিনে পূজা করা উচিত।

পদ্মপুরাণ মতে ঐ দিবসে বৃন্দাবনবাসী বৈষ্ণবগণ গোবর্দ্ধনপর্ব্বতে পূজা করিবে। অন্যস্থানের বৈষ্ণবেরা গোময় দ্বারা গোবর্দ্ধনপর্ব্বত নির্ম্মাণ করিয়া তাহার পূজা করিবে। ভক্তিপূর্ব্বক গোবর্দ্ধনের পূজা ও প্রদক্ষিণ করিলে গোলোকে হরির নিকটে থাকিয়া বহুবিধ সুখলাভ হয়। পূজামন্ত্র—

"গোবর্দ্ধন! ধরাধর! গোকুলত্রাণকারক।
বিষ্ণুবাহকৃতোচ্ছ্রায়ো গবাং কোটীপ্রদো ভব॥"

(হরিভক্তিবিলাস)

গোবর্দ্ধন, মথুরাজেলার অন্তর্গত একটী প্রাচীন নগর ও পবিত্র তীর্থস্থান। মথুরা জেলার পশ্চিমপ্রান্তে ক্ষুদ্র পাহাড়ের উপর অক্ষা° ২৭° ২৯´ ৫৫´´ উঃ ও দ্রাঘি° ৭৭° ৩´ ১৫´´ পূর্ব্বে অবস্থিত। এখানে যথেষ্ট প্রাচীন হিন্দুকীর্ত্তি দৃষ্ট হয়, তন্মধ্যে হরিদেবের মন্দির প্রসিদ্ধ। অকবরের রাজত্বকালে অম্বরাধিপ রাজা ভগবান্ দাস ঐ মন্দির নির্ম্মাণ করেন। ভরতপুরাধিপ রণধীরসিংহ ও বলদেবসিংহের সমাধিমন্দিরও দেখিবার জিনিষ। গোবর্দ্ধনে আরও অনেক দ্রষ্টব্য আছে। এখানকার মানসীগঙ্গা নামক সরোবরে স্নান করিবার জন্য বহুদূর দেশান্তর হইতে যাত্রী আসিয়া থাকেন।

গোবর্দ্ধন, ১ তাজিকপদ্মকোষ নামক জ্যোতির্গ্রন্থকার।

২ নামাবলী নামে সংস্কৃত অভিধান-রচয়িতা।

৩ শ্রীপতিপদ্ধতি নামে জ্যোতিঃশাস্ত্রকার।

৪ একজন প্রাচীন অলঙ্কারশাস্ত্ররচয়িতা। অলঙ্কারশেখরে ইহার মত উদ্ধৃত হইয়াছে।

৫ তত্ত্বচিন্তামণিদীধিতির একজন টীকাকার।

৬ একজন তৈলঙ্গ পণ্ডিত, ঘনশ্যামভট্টের পুত্র। ইনি

বেদান্তচিন্তামণি, রুক্মিণীচম্পূ ও ১৮৬৬ খৃষ্টাব্দে ঘটকর্পর-টীকা রচনা করেন।

৭ বৈশেষিকসূত্রের সম্বন্ধোপদেশ নামে একজন টীকাকার।

৮ একজন জৈনশাস্ত্রকার। (বৃহৎ হরিবংশ ১।৬১)

৯ মেদিনীকর-উদ্ধৃত একজন প্রাচীন কোষকার।

গোবর্দ্ধন আচার্য্য, একজন বিখ্যাত প্রাচীন কবি, নীলাম্বর বা সঙ্কর্ষণের পুত্র। বলভদ্রের ভ্রাতা ও উদয়নের গুরু। প্রসিদ্ধ কবি জয়দেব গীতগোবিন্দে সম্মানে ইহার নাম উদ্ধৃত করিয়াছেন। ইনি আর্য্যাসপ্তশতী নামে একখানি সুন্দর সংস্কৃত কাব্য রচনা করেন।

গোবর্দ্ধন উপাধ্যায়, উদ্বাহচন্দ্রিকা নামে সংস্কৃত গ্রন্থকার।

গোবর্দ্ধন কবিমণ্ডন, আপস্তম্বাহ্নিক নামক সংস্কৃত গ্রন্থকার।

গোবর্দ্ধনগিরি, ১ বৃন্দাবনের নিকট প্রসিদ্ধ পর্ব্বত, প্রবাদ আছে—কৃষ্ণ এই পর্ব্বত ধারণ করিয়াছিলেন। [গোবর্দ্ধন দেখ।] ২ মহিসূররাজ্যের শিমোগাজেলার ও উত্তর কাণাড়ার মধ্যবর্ত্তী একটী পাহাড়। অক্ষা° ১৪° ৯´ উঃ, দ্রাঘি° ৭৪° ৪৩´ পূঃ। ইহার অপর নাম কমলাচল, ইহার উপর মহিসূররাজগণের নির্ম্মিত সুরম্য বিষ্ণুমন্দির, গার্শোপা-প্রপাত ও একটী সুদৃঢ় দুর্গ আছে। এই পাহাড়ের উপর প্রতিবর্ষে প্রায় অর্দ্ধলক্ষ গোযান চলিয়া থাকে।

গোবর্দ্ধনদাস, ছন্দোমঞ্জরীর একজন টীকাকার।

গোবর্দ্ধনদীক্ষিত ত্রিপাঠী, একজন বিখ্যাত বৈদিক পণ্ডিত, বেণীদাসের পুত্র। ইহার রচিত অগ্নিষ্টোমপ্রয়োগ, জ্যোতিষ্টোমোদ্গাতৃপ্রয়োগ, বাজপেয়সর্ব্বপৃষ্ঠাপ্তোর্যামোদ্গাতৃ প্রয়োগ ও সপ্তসোমসংস্থাপদ্ধতি প্রভৃতি গ্রন্থ পাওয়া যায়।

গোবর্দ্ধনধর (পুং) গোবর্দ্ধনং বৃন্দাবনস্থপর্ব্বতং ধরতি ধর-অচ্। শ্রীকৃষ্ণ। কৃষ্ণের গোবর্দ্ধনধারণের কথা হরিবংশে এইরূপ বর্ণিত আছে—গোপগণ প্রতি বৎসরে বর্ষাকালে ইন্দ্রের অর্চ্চনা করিত। তাহাদের বিশ্বাস, ইন্দ্রের পূজা করিলে সংবৎসরে আর গোরুর কোন বিঘ্ন হইবে না। কৃষ্ণ বৃন্দাবনে থাকিতে একবৎসর গোপগণ উৎসাহিত চিত্তে ইন্দ্রোৎসবের আয়োজন করিতেছিল। কৃষ্ণ তাহা বারণ করিয়া গোবর্দ্ধনপর্ব্বতের পূজা করিতে পরামর্শ দেন। তাঁহার কথায় সমস্ত গোপগণই গোবর্দ্ধনের পূজা করিল। সে বৎসরে আর ইন্দ্রোৎসব হইল না। সুরপতি দেখিলেন বড়ই বেয়াদ্ভিক, এরূপ করিয়া যদি গোপগণ এই বৎসর নির্ব্বিঘ্নে কাটাইতে পারে, তবে বৃন্দাবনে আর তাঁহার ঠাকুরালি চলিবে না। কাজেই তিনি আর চুপ করিয়া থাকিতে পারিলেন না। ইন্দ্রের আদেশে তাঁহার অনুচর মেঘগণ বৃন্দাবন ধ্বংস করিবার জন্য শিলাবৃষ্টি ও বজ্রপাত করিতে লাগিল। গোপেরা সহ্য করিতে না পারিয়া কাঁদিতে কাঁদিতে কৃষ্ণের নিকটে উপস্থিত হইল। তখন কৃষ্ণ গোপ-কুল ও গোকুল রক্ষা করিবার জন্য গোবর্দ্ধন পর্ব্বত তুলিয়া তাহাদের উপরে ধারণ করেন। সকলেই আশ্রয় পাইল। এই ভাবে কৃষ্ণ সাতদিন পর্য্যন্ত গোবর্দ্ধন ধারণ করিয়াছিলেন। ইন্দ্রানুচর মেঘ যখন দেখিল যে, সাতদিন সাতরাত্রি পর্য্যন্ত অবিশ্রান্ত শিলাবৃষ্টি ও বজ্রপাত করিয়াও বৃন্দাবনবাসীর কোন অনিষ্ট করিতে পারে নাই, তখন তাহারা ছাড়ান দিয়া চলিয়া গেল। (হরিবংশ ৭৬ অঃ) মহাভারতে সভাপর্ব্বেও কৃষ্ণের গোবর্দ্ধনের অল্প প্রসঙ্গ আছে।

গোবর্দ্ধনধারিন্ (পুং) গোবর্দ্ধনং ধারয়তি ধারি-ণিনি। কৃষ্ণ।

গোবর্দ্ধননাথ, একজন হিন্দীকবি। ইহার রচিত সুন্দরী-তিলকনামাবলী হিন্দুস্থানীসমাজে আদরণীয়।

গোবর্দ্ধন পণক ভট্ট, বেদান্তসারসংগ্রহ নামে একখানি উৎকৃষ্ট বৈদান্তিক গ্রন্থপ্রণেতা।

গোবর্দ্ধনপাঠক, একজন বিখ্যাত পৌরাণিক। ইনি ১৪৭৪ খৃষ্টাব্দে সত্যখানের আদেশে পুরাণসর্ব্বস্ব নামে সংস্কৃত গ্রন্থ প্রণয়ন করেন।

গোবর্দ্ধনমিশ্র, একজন বিখ্যাত নৈয়ায়িক। ইনি বলভদ্রের পুত্র, বিশ্বনাথ ও পদ্মনাভের কনিষ্ঠ ভ্রাতা। ইনি তর্কভাষা প্রকাশ ও তর্কসংগ্রহের ন্যায়বোধিনী নামে টীকা রচনা করেন।

গোবর্দ্ধন যোগীন্দ্র, যোগচন্দ্রিকারচয়িতা।

গোবর্দ্ধনরঙ্গ, ১ ব্যামোহবিদ্রাবণ নামে সংস্কৃত গ্রন্থকার। ২ বৃন্দাবনবাসী একজন নৈয়ায়িক, ইনি তর্কসংগ্রহের ন্যায়ার্থ-লঘুবোধিনী নামে টীকা রচনা করেন।

গোবর্দ্ধনবৈদ্য, চিকিৎসালেশ ও রোগপ্রদীপ নামে সংস্কৃত বৈদ্যক গ্রন্থকার।

গোবর্দ্ধনশ্রোত্রিয়, দ্রৌপদীবস্ত্রহরণ নামক সংস্কৃত কাব্য-প্রণেতা।

গোবর্দ্ধনানন্দ, একজন প্রাচীন কোষকার। রায়মুকুট ও ভানুজী ইহার নামোল্লেখ করিয়াছেন।

গোবশা (স্ত্রী) বশা বন্ধ্যা গৌঃ কর্ম্মধারয়ে বশাশব্দস্য পর-নিপাতঃ। বন্ধ্যা গাভী। (কলাপ°)

গোবাঘ (দেশজ) হিংস্রক জন্তু, একপ্রকার বাঘ।

গোবাট (ক্লী) গবাং বাটং ৬তৎ। গোশালা, গোষ্ঠ।

"সার্গলদ্বারগোবাটং মধ্যে গোস্থানসঙ্কুলম্।(হরিবংশ ৬১ অঃ)

গোবাল (পুং) গোর্বালঃ ৬তৎ। ১ গোরুর কেশ। ২ গোরুর লোম।

গোবালা (গোপাল শব্দজ) গোয়ালা। [গোপ দেখ।]

গোবাস (পুং) গবাং বাসঃ ৬তৎ। গোরুগণের বাসস্থান।
"গোবাসমিব বীক্ষন্তঃ সিংহা হৈমবতা যথা।" (ভারত ২।২০ অঃ)

গোবাসদাসন (পুং) প্রাচ্যদেশবিশেষ।

গোবাসন (পুং) গাং বাসয়তি বস-ণিচ্ ল্যু ততঃ ৬তৎ। ব্রাহ্মণবিশেষ, গোপালক মুনিবিশেষ। (ভারত ২।২৩ অঃ)

গোবি, মধ্য এসিয়াস্থ বৃষ্টিহীন একটী বিস্তৃত মরুভূমি। মঙ্গোলীয় ভাষায় "গোবি" শব্দে মরুকে বুঝায়, তাহা হইতেই এই বিস্তৃত ভূভাগের নাম হইয়াছে। অক্ষা° ৩০° হইতে ৫০° উঃ, এবং দ্রাঘি° ৭৫° হইতে ১১৮° পূঃ, তিব্বত, শাম ও মঙ্গোলীয় পর্য্যন্ত বিস্তৃত। চীনদেশে সময়ে সময়ে বালুকাবৃষ্টি হইয়া থাকে, লোকের বিশ্বাস সেই বালুকা গোবি হইতে আসিয়া পড়ে। ১৮৫০ খৃষ্টাব্দে কয়দিন ধরিয়া এইরূপ বালুকাপাত হইয়াছিল।

গোবিকর্ত্ত (পুং) গাং বিকৃন্ততি বি-কৃত-অণ্ উপসং। ১ গোঘাতক। ২ কর্ষক, হালিক।
"রৌদ্রো যজমানস্তাক্ষাবাপ গোবিকর্ত্তগৃহেভ্যো গবেধুকাম্।" (কাত্যা° শ্রৌ° ১৫।৩।১২) 'অপ্রহতাং গাং ভূমিং বিকৃন্ততি গোবিকর্ত্তঃ কর্ষুকঃ গোহিংসকো ব্যাধো বা।' (ভাষ্য।)

গোবিকর্ত্তৃ (পুং) গাং বিকৃন্ততি বি-কৃত-তৃচ্ ৬তৎ। গোঘাতক।
"আরালিকো গোবিকর্ত্তাসূপকর্ত্তানিষোধকঃ।"
(ভারত ৪।২ অঃ)

গোবিতত (পুং) গাবো বিততা অত্র বহুব্রী। গোভূরিষ্ঠ অশ্বমেধযজ্ঞ।
"শ্রীমান্ গোবিততং নামবাজিমেধমবাপ সঃ।"(ভারত ১।৭৪ অঃ)

গোবিদাংপতি (পুং) গাং বেদবাণীং বিদন্তি গোবিদো বেদজ্ঞাস্তেষাং পতিঃ অলুক্স°। পরমেশ্বর।
"অনিরুদ্ধঃ সুরানন্দো গোবিন্দো গোবিদাংপতিঃ।" (বিষ্ণুস°)

গোবিনত (পুং) গাবো বিনতা অত্র বহুব্রী। অশ্বমেধ।
"গোবিনতেন শতানীকঃ।" (শতপথ ব্রা° ১৩।৫।৪।১৯। 'গোবিনতো নাম বক্ষ্যমাণ স্তোমবিশেষোঽশ্বমেধঃ' (ভাষ্য।)

গোবিন্দ (পুং) গাং বেদময়ীং বাণীং গাং ভূমিং স্বর্গং ধেনুং বা বিন্দতি গো-বিদ শ (গবাদিষুবিন্দেঃ সংজ্ঞায়াং। পা ৩। ১। ১৩৮ বার্ত্তিক) ১ শ্রীকৃষ্ণ।
"কিং নো রাজ্যেন গোবিন্দ! কিংভোগৈর্জীবিতেন বা।"
(গীতা ১।৩২)

হরিবংশ প্রভৃতি মতে গোবিন্দ শব্দের নানারূপ ব্যুৎপত্তি দেখা যায়। হরিবংশে লিখিত আছে যে, কৃষ্ণ বৃন্দাবন বাস করিবার কালে অনেক গোরু প্রতিপালন করিতেন, এই কারণে "গবামিন্দ্রঃ" এইরূপ ব্যুৎপত্তি অনুসারে ইন্দ্র তাহার গোবিন্দ এই নাম রাখিয়াছেন।
"অহং কিলেন্দ্রো দেবানাং ত্বং গবামিন্দ্রতাং গতঃ।
গোবিন্দ ইতি লোকস্ত্বাং স্তোষ্যন্তি ভুবি শাশ্বতম্।" (৭৫।৪৫)

বিষ্ণুতিলকের মতে—গোভির্বাণীভির্বেদাস্তবাক্যৈ র্বিদ্যতে হসৌ পুরুষঃ, বিদন্তি বা যং পুরুষং তত্ত্বজ্ঞাঃ।
"গোভিরেব যতোবেদ্যঃ গোবিন্দঃ সমুদাহৃতঃ।" (বিষ্ণুতি°) গোপালতাপনীর মতে—গাং বেদলক্ষণাং বাণীং গোভূম্যাদিকং বা বেত্তি। "তদু হোচুঃ কঃ কৃষ্ণো গোবিন্দশ্চ কোসাবিতি গোপীজনবল্লভঃ কঃ কা স্বাহেতি॥ তানুবাচ ব্রাহ্মণঃ পাপকর্ষণো গোভূমি বেদবিদিতো বিদিতা বা গোপীজনবিদ্যাকলাপ্রেরকস্তন্মায়া চেতি।" (গোপালতাপনী)

ব্রহ্মবৈবর্ত্তপুরাণের মতে—গাং প্রলয়সময়ে প্রণষ্টাং বেদবাণীং বিদন্তি লভতে ইতি গোবিন্দঃ।
"যুগে যুগে প্রণষ্টাং গাং বিষ্ণো বিন্দসি তত্ত্বতঃ।
গোবিন্দেতি ততো নাম্না প্রোচ্যসে ঋষিভিস্তথা॥"
(ব্রহ্মবৈ° প্রকৃতিখণ্ড° ২৪ অঃ)

বিন্দতীতি বিন্দঃ পালকঃ স্বামী বা গবাংবিন্দ পালকঃ ৬তৎ। ২ গবাধ্যক্ষ। গবাং শাস্ত্রবাণীনাং বিন্দঃ ৬তৎ। ৩ বৃহস্পতি।
গাঃ মনঃ প্রধানানি ইন্দ্রিয়াণি বিন্দতি প্রবর্ত্তয়তি গো-বিদ-শ। ৪ পরব্রহ্ম।
"শুভাশুভপরিত্যাগী ক্ষীণে নিঃশেষকর্ম্মণি।
লয়মাপ্সসি গোবিন্দং তদ্‌ব্রহ্ম পরমং মহৎ॥" (অগ্নিপুরাণ)

আস্তিক হিন্দুগণ দ্বিভুজ মুরলীধর গোবিন্দ মূর্ত্তির পূজা করেন। ইহার ধ্যান—
"ফুল্লেন্দীবরকান্তিমিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ং
শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরম্।
গোপীনাং নয়নোৎপলার্চ্চিততনুং গোগোপসঙ্ঘাবৃতং
গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষং ভজে॥"
পূজার মন্ত্র—"ক্লীং কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা।"

গোবিন্দ, ১ রাষ্ট্রকূটবংশীয় একজন রাজা। [রাষ্ট্রকূট দেখ।]
২ নিকুম্ভবংশীয় একজন রাজা। [নিকুম্ভ দেখ।]
৩ শঙ্করাচার্য্যের গুরু ও গৌড়পাদের শিষ্য।
৪ ষড়্‌গুরুশিষ্যের একজন গুরু।
৫ ভোজপ্রবন্ধবর্ণিত একজন কবি।
৬ আত্মতত্ত্ববিবেকের একজন টীকাকার।
৭ গণেশগীতার একজন টীকাকার।
৮ একজন বিখ্যাত আলঙ্কারিক ও টীকাকার। ইনি নলোদয়টীকা, শিশুপালবধটীকা, সত্যাভরণটীকা, কুমার

দেবের শালিবাহনসপ্তসতীয় টীকা এবং ছন্দোদর্পণ নামে সংস্কৃত গ্রন্থ রচনা করেন।

৯ এক প্রসিদ্ধ কবি, মঞ্চের সমসাময়িক। (শ্রীকণ্ঠচ° ২৫।৭৭)

১০ জন্মদীপক ও তিথিনির্ণয় নামক সংস্কৃত গ্রন্থকার।

১১ মাড়ীপ্রকাশ নামে সংস্কৃত বৈদ্যক গ্রন্থকার।

১২ তালদশপ্রাণদীপিকা নামে সংগীতশাস্ত্রকার।

১৩ পরমার্থবিবেক নামে বৈদান্তিক গ্রন্থ প্রণেতা।

১৪ পূজাপ্রদীপ নামে ভক্তিশাস্ত্রকার।

১৫ একজন বিখ্যাত জ্যোতির্বিদ্, ইনি সংস্কৃতভাষায় বালবুদ্ধিপ্রকাশিনী, বিবাহপ্রকরণ ও সংস্কারপ্রকরণ নামে জ্যোতির্গ্রন্থ রচনা করেন।

১৬ বৃহস্পতিসবপ্রয়োগ ও আশ্বলায়নীয় প্রায়শ্চিত্ত-প্রয়োগ-রচয়িতা।

১৭ মানসোল্লাস নামে সংস্কৃত গ্রন্থপ্রণেতা। রঘুনন্দন মলমাসতত্ত্বে ঐ গ্রন্থ উদ্ধৃত করিয়াছেন।

১৮ একজন প্রসিদ্ধ বৈদ্যক গ্রন্থকার, ইনি রসসার, রসহৃদয় ও সন্নিপাতমঞ্জরী নামে সংস্কৃত চিকিৎসা গ্রন্থ প্রণয়ন করেন।

১৯ লতাদিনির্ণয় নামে জ্যোতির্গ্রন্থকার।

২০ হলায়ুধ ও মধুসূদন প্রভৃতির শিষ্য, শাঙ্খায়নশ্রৌত-সূত্রীয় মহাব্রতের একজন টীকাকার।

২১ কহ্ন কবীশ্বরের পুত্র, সম্বিৎপ্রকাশনামে জ্যোতিঃ-শাস্ত্রকার।

২২ জুন্নরনিবাসী গদাধরের পুত্র, ইনি ১৬৯২ খৃষ্টাব্দে কুণ্ডমার্ত্তণ্ড নামে সংস্কৃত গ্রন্থ প্রণয়ন করেন।

২৩ ভট্ট রক্ষাচার্য্যের এক পুত্র, সংস্কৃত ভাষায় গোপাল-লীলার্ণব নামে ভাণ-রচয়িতা।

২৪ বিষ্ণুদৈবজ্ঞের পুত্র, প্রশ্নসার নামে জ্যোতির্গ্রন্থকার।

২৫ একজন নৈয়ায়িক, ইঁহার পিতার নাম লাড়ম, ইনি ১১৯০ খৃষ্টাব্দে রাজা মুকুটেশ্বরের আদেশে শাণ্ডিলীয় (?) ন্যায়শাস্ত্রের বালবোধ নামে টীকা রচনা করেন।

২৬ গোবিন্দাচার্য্য নামে খ্যাত, অষ্টশ্লোকীর একজন ব্যাখ্যাকার।

গোবিন্দ অটল, একজন বিখ্যাত হিন্দীকবি, অনুমান ১৬১৩ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন।

গোবিন্দকূট (পুং) পর্ব্বতবিশেষ, এখানে বিদ্যাধরেরা বাস করে। (কথাসরিৎ)

গোবিন্দগঞ্জ, বগুড়া জেলার অন্তর্গত একখানি গ্রাম। করতোয়া নদীর কূলে অবস্থিত। অক্ষা° ২৫° ৮´ ২৫´´ উঃ ও দ্রাঘি° ৮৯° ২৮´ পূঃ। ইহার নিকটে প্রাচীন বর্দ্ধনকোট নগরের ধ্বংশাবশেষ দেখিতে পাওয়া যায়।

গোবিন্দগড়, অমৃতসর নগরের উত্তরপশ্চিমে অবস্থিত একটী দুর্গ। অক্ষা° ৩১° ৪০´ উঃ ও দ্রাঘি° ৭৪° ৪৫´ পূঃ। শিখ জাতির পবিত্র অমৃতসর নগরে তীর্থযাত্রীদিগের আশ্রয়ের জন্য ১৮০৯ খৃষ্টাব্দে রাজা রণজিৎসিংহ এই দুর্গ নির্ম্মাণ করেন। ১৮৫৭ খৃষ্টাব্দে সিপাহী বিদ্রোহের পর হইতে ঐ দুর্গ ইংরাজের অধিকারে আছে।

গোবিন্দঘোষঠাকুর, প্রকৃত নাম গোবিন্দচন্দ্র ঘোষ, "ঘোষ-ঠাকুর" নামে প্রসিদ্ধ। অগ্রদ্বীপের প্রসিদ্ধ গোপীনাথবিগ্রহের প্রকাশক।

কেহ বলেন, অগ্রদ্বীপের অনতিদূরবর্ত্তী কাশীপুর বিষ্ণু-তলায় ঘোষঠাকুরের বাস ছিল। কাহারও মতে—বৈষ্ণব-তলায় তাঁহার জন্মস্থান, এখনও তথায় ঘোষ উপাধিধারী কএকঘর কায়স্থের বাস আছে, ঘোষঠাকুর সেই কুলে জন্ম গ্রহণ করেন। আবার কেহ বলেন, ঘোষঠাকুর উত্তররাঢ়ী কায়স্থ ছিলেন। পত্নীর মৃত্যুর পর সন্তানাদি না থাকায় তিনি জীবনে উদাস হইয়া গঙ্গাতীরে অগ্রদ্বীপের নিকট আসিয়া বাস করেন। একদিন চৈতন্যদেব ভক্তমণ্ডলী-পরিবৃত হইয়া জাহ্নবীসলিলে অবগাহন করিতেছেন, এমন সময় গোবিন্দ তথায় উপস্থিত হইলেন। নবীন সন্ন্যাসীর তেজো-ময় অপূর্ব্ব মুখশ্রী দর্শন করিয়া গোবিন্দের মন কেমন গলিয়া গেল! তিনি মহাপ্রভুর চরণে পতিত হইয়া কাঁদিতে কাঁদিতে কহিলেন, "প্রভো! আমি সংসার চাইনা, ধন মান ঐশ্বর্য্য কিছুই চাইনা, তোমার ঐ চরণকমল সেবা করিতে চাই।" তখন গৌরাঙ্গদেব তাঁহাকে সংসারের নানা প্রলোভন দেখাইতে লাগিলেন। গোবিন্দ কিছুতে বিচলিত না হইয়া বলিলেন, "ধন মান ঐশ্বর্য্য দূর হোক্, আমাকে আর জ্বালাইতে পারিবে না। দয়া করিয়া চরণে স্থান দাও।" এই বলিয়া তিনি চৈতন্যের পা জড়াইয়া ধরিলেন। গোবিন্দকে প্রকৃত ভক্ত জানিয়া মহাপ্রভু তাঁহাকে আলিঙ্গন করিলেন ও কহিলেন, "যদি নিষ্কাম ব্রত পালন করিতে পার, তবে আমার সহিত থাকিতে পারিবে।" গোবিন্দ মহোল্লাসে চৈতন্যের পদরেণু গ্রহণ করিলেন ও নিষ্কামব্রতপালনে সম্মত হইলেন।

পদব্রজে চৈতন্যদেব অগ্রদ্বীপে আসিলেন। এখানে তিনি আহারাদির পর মুখশুদ্ধি না পাইয়া ভক্তগণের মুখপানে চাহিয়া কহিলেন, "আজ আর বুঝি মুখশুদ্ধি হইল না।" শিষ্যগণ নীরব রহিলেন। অমনি গোবিন্দ

হাতযোড় করিয়া জানাইলেন, "প্রভো! আমার নিকট একটী হরীতকী আছে, যদি অনুমতি করেন, তবে আপনার সেবায় জন্য অর্পণ করি।"

চৈতন্যদেব হাসিয়া বলিলেন, "গোবিন্দ! তোমার ভক্তির সামগ্রী অতি আহ্লাদের সহিত গ্রহণ করিলাম। কিন্তু আজ হইতে তুমি আমার সঙ্গ পরিত্যাগ কর।"

গোবিন্দের মাথায় যেন হঠাৎ বজ্রাঘাত হইল, কাঁদিতে কাঁদিতে বলিলেন, "দেব! কি অপরাধ করিয়াছি যে এ দাসের প্রতি এ কঠোর আদেশ করিলেন।"

চৈতন্যদেব সস্নেহে উত্তর করিলেন, "গোবিন্দ! তুমি যথার্থ ভক্ত ও হরিপূজার অধিকারী। কিন্তু নিষ্কাম ব্রতপালনে অধিকারী নও, এখনও তোমার বিষয়-বাসনা দূর হয় নাই, এখনও তোমার সঞ্চয়স্পৃহা আছে। তাই বলিতেছি, গৃহে ফিরিয়া যাও, হরির আরাধনা করিও, তাহাতেই তোমার মুক্তি হইবে।"

"আমি কিছু চাইনা, সর্ব্বস্ব জলাঞ্জলি দিয়াছি, সংসারে ফিরিব না" দীর্ঘনিশ্বাস ফেলিয়া গোবিন্দ সজলনয়নে এই কয়টী কথা বলিলেন।

চৈতন্যদেব ভক্তকে আলিঙ্গন করিয়া বলিলেন, "যথার্থ তুমি সর্ব্বস্ব পরিত্যাগ করিয়াছ, কিন্তু এখন তোমার সম্মুখে বিষম কণ্টক রহিয়াছে। আজ হরীতকীটী সঞ্চয় করিয়াছ, কাল আবার আর একটী নূতন সঞ্চয়ের ইচ্ছা হইবে, এই কামনাই ঘোর অন্তরায় জানিবে। তুমি গৃহে ফিরিয়া যাও। যেদিন তোমার জীবনে কোন অলৌকিক ঘটনা ঘটিবে, সেই দিন আমার দেখা পাইবে। যদি কোন অলৌকিক জিনিস পাও, অতি যত্নে রাখিও। তোমার আশা পূর্ণ হইবে।"

এইরূপে গোবিন্দকে শোকসাগরে ভাসাইয়া চৈতন্যদেব অপ্রকট পরিত্যাগ করিলেন। গোবিন্দ "আবার কবে প্রভুর দেখা পাইব" এই আশায় নির্ভর করিয়া রহিলেন।

এইরূপে বহুদিন অতীত হইল। শুভ মধুমাস আসিল, জগৎ নবীন বেশ ধারণ করিল। ভক্ত গোবিন্দ গঙ্গাসলিলে আবক্ষমগ্ন হইয়া ধ্যানে নিমগ্ন রহিয়াছেন! সেই অবস্থায় কি একটা জিনিস তিনবার তাঁহার পৃষ্ঠে আসিয়া ঠেকিল। চাহিয়া দেখেন শবদাহের এক খণ্ড ক্ষুদ্র কাষ্ঠ। তিনি সেই কাঠখানি তীরে তুলিয়া রাখিলেন। কিন্তু তুলিবার সময় বুঝিলেন যে ঐ সামান্য কাঠখানি স্বাভাবিক গুরুত্ব অপেক্ষা শতগুণে ভারি। এ কি হইল! বিস্ময়ে গোবিন্দের মনে এক অপূর্ব্ব ভাবের উদয় হইল। কুটীরে ফিরিয়া আসিলেন, কিন্তু মনের সেই অপার্থিব ভাব গেল না। রাত্রিকালে গোবিন্দ স্বপ্ন দেখিলেন,—শঙ্খচক্রগদাধর যেন তাঁহাকে বলিতেছেন, "গোবিন্দ! ভুল না, ভুল না, সেই কাঠখানি তুলিয়া আনিয়া রাখ। মহাপ্রভু আসিতেছেন! আসিলে তাঁহাকে দিও।" গোবিন্দের নিদ্রা ভাঙ্গিল, দেখিলেন চারিদিকে ঘোর অন্ধকার। তিনি সেই অন্ধকারে যেন কুহকের বশীভূত হইয়া গঙ্গাতীরে আসিলেন, এখানে দেখিলেন সেই কাঠখানি যথাস্থানে পড়িয়া আছে। অতি যত্নে সেখানি কাঁধে লইয়া ধীরে ধীরে কুটীরে আনিয়া রাখিলেন। সে রাত্রি গোবিন্দের চক্ষে আর নিদ্রা আসিল না। প্রভাত হইল। গোবিন্দ নবোদিত দিবাকরের আলোকে দেখিতে পাইলেন—সেখানি শবদাহের কাঠ নয়, একখানি সমুজ্জ্বল কৃষ্ণশিলা। গোবিন্দ চমকিয়া উঠিলেন। চৈতন্যদেবের কথাগুলি তাঁহার স্মরণ হইল।

বেলা দুইপ্রহরের সময় গোবিন্দ গ্রাম মধ্যে ভিক্ষা করিতে গেলেন। ভিক্ষা করিয়া ফিরিয়া আসিয়া দেখেন, তাঁহার কুটীরদ্বারে চৈতন্যদেব! ভক্ত গোবিন্দ চৈতন্যকে দেখিয়া আনন্দাশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন। গোবিন্দের ভক্তি-দর্শনে চৈতন্যেরও প্রেমাশ্রু বিগলিত হইল। তিনি গোবিন্দকে আলিঙ্গন করিয়া কহিলেন, "যাহা বলিয়াছিলাম, তাহার কিছু হইয়াছে?" গোবিন্দ সকল কথাই ব্যক্ত করিলেন। চৈতন্যদেব বলিলেন, "গোবিন্দ! তোমার আর কোন চিন্তা নাই! ভগবান্ তোমার মঙ্গলের জন্য ঐ শিলা পাঠাইয়াছেন। কল্য এক ভাস্কর আসিয়া ঐ শিলা হইতে শ্রীকৃষ্ণবিগ্রহ নির্ম্মাণ করিবে, সেই বিগ্রহ আমি প্রতিষ্ঠা করিব ও তুমি ইহার সেবাইত হইবে।"

তৎপর দিন যথাকালে কোথা হইতে একজন অচেনা ভাস্কর আসিয়া মূর্ত্তি নির্ম্মাণ করিয়া সকলের অসাক্ষাতে চলিয়া গেল। সকলে দেখিলেন নবদূর্ব্বাদলশ্যাম বঙ্কিম কৃষ্ণবিগ্রহ প্রস্তুত হইয়াছে। চৈতন্যদেব তাঁহার প্রতিষ্ঠা করিলেন ও গোবিন্দঘোষ তাঁহার পূজক নিযুক্ত হইলেন। ঐ কৃষ্ণ-বিগ্রহের নামই গোপীনাথ। গোবিন্দঘোষও তৎপরে "ঘোষ-ঠাকুর" নামে খ্যাত হইলেন।

বিগ্রহপ্রতিষ্ঠার পর ঘোষঠাকুর বহুদিন জীবিত ছিলেন। ঐ সময় তিনি বহু সংখ্যক শিষ্য ও বিস্তর দেবোত্তর সম্পত্তি পাইয়াছিলেন। মৃত্যুর কএক দণ্ড পূর্ব্বে তিনি শিষ্যগণকে বলিয়াছিলেন, "আমি চলিলাম, আজ আমার অন্তিমকাল উপস্থিত। তোমরা যথারীতি প্রভুর সেবা করিও। মহাপ্রভুর আজ্ঞা, আমার প্রাণ বাহির হইলে যথাসময়ে গোপীনাথদেব যেন আমার শ্রাদ্ধাদি সম্পন্ন করেন। আমার দেহ দাহ করিও না, দেবপ্রাঙ্গণের এক

পার্শ্বে সমাধি দিও।" এইরূপে ভক্ত গোবিন্দঘোষঠাকুর ইহলোক পরিত্যাগ করিলেন। প্রবাদ এইরূপ—সেইদিন গোপীনাথের চক্ষেও বিন্দু বিন্দু জল দেখা গিয়াছিল। চৈত্র মাসে কৃষ্ণা একাদশীতে গোপীনাথ শ্রাদ্ধীয় বাস ও কুশাঙ্গুলি পরিয়া সেবকের পুত্ররূপে শ্রাদ্ধ করিলেন। এখনও প্রতিবর্ষে ঐ দিনে গোপীনাথ কর্তৃক ঘোষঠাকুরের শ্রাদ্ধক্রিয়াসম্পন্ন হইয়া থাকে। [অগ্রদ্বীপ ও গোপীনাথ দেখ।]

গোবিন্দচন্দ্র, ১ বঙ্গের একজন রাজা। তিরুমলয়ে উৎকীর্ণ শিলালিপি পাঠে জানা যায়, মহারাজ রাজেন্দ্রচোল 'বঙ্গাল দেশের' রাজা গোবিন্দচন্দ্রকে পরাজয় করিয়াছিলেন। রাজেন্দ্রচোল ৯৮৫ হইতে ১০৩৪ শক পর্য্যন্ত রাজত্ব করেন, সুতরাং প্রায় ঐ সময়ে বঙ্গাধিপ গোবিন্দচন্দ্র বিদ্যমান ছিলেন। ২ কনোজের একজন স্বাধীন হিন্দুরাজ। মদনপালের পুত্র, বিজয়চন্দ্রের পিতা এবং কনোজের শেষ হিন্দুরাজ জয়চন্দ্রের পিতামহ। ইনি একজন দাতা ও বিদ্যানুরাগী ছিলেন। ইঁহার সভায় নৈষধরচয়িতা শ্রীহর্ষ ও কবি লক্ষ্মীধর থাকিতেন। ইনি ব্রাহ্মণদিগকে তাম্রশাসন দ্বারা বিস্তর জমি দান করিয়াছিলেন, ঐ সকল তাম্রশাসনপাঠে জানা যায়—গোবিন্দচন্দ্র ১১৬১ সম্বৎ হইতে ১২০৯ সম্বৎ পর্য্যন্ত রাজত্ব করিতেন। (Ind. Ant. vols XIV & XV; Fürher's Monumental Antiquities, N. W. P.)

৩ কাছাড়ের শেষ স্বাধীন রাজা। ১৮৩০ খৃষ্টাব্দে ইনি নিহত হন। [কাছাড় শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

গোবিন্দজ্যোতির্বিদ্, নীলকণ্ঠের পুত্র, চন্দ্রোদয়নাটক-প্রাকৃতবিবৃতি-রচয়িতা।

গোবিন্দদত্ত (পুং) গঙ্গাতীরস্থ অগ্রহারগ্রামবাসী একজন পণ্ডিত ব্রাহ্মণ। ইনি নানা শাস্ত্রে পারদর্শী ছিলেন। শাস্ত্রপরাঙ্মুখ মূর্খের প্রতি ইহার বিশেষ অশ্রদ্ধা ছিল। এমন কি মূর্খের শরীর স্পর্শ বা একস্থানে অবস্থান করিলেও আপনাকে অপবিত্র মনে করিতেন। (কথাসরিৎ)

গোবিন্দদাস, ১ একজন সংস্কৃত গ্রন্থকার, রামপদ্ধতি ও রামরক্ষাটীকাপ্রণেতা। ২ সৎপদ্যরত্নাকর নামে সংস্কৃতগ্রন্থরচয়িতা।

৩ গোবিন্দদাসোৎসব নামক সংস্কৃত বৈদ্যক গ্রন্থকার। ৪ বাঙ্গালা পদাবলী-রচয়িতা একজন বিখ্যাত বৈষ্ণব কবি, চৈতন্যদেবের পরিকর চিরঞ্জীবসেনের কনিষ্ঠ পুত্র। ইনি জাতিতে বৈদ্য ছিলেন। কাঁটোয়ার অন্তর্গত শ্রীখণ্ডে জন্মগ্রহণ করেন। ভক্তমালা, ভক্তিরত্নাকর ও নরোত্তমবিলাস নামক প্রাচীন বাঙ্গালা গ্রন্থ হইতে গোবিন্দদাসের পরিচয় পাওয়া যায়।

ভক্তমালামতে গোবিন্দের কনিষ্ঠ সহোদরের নাম রামচন্দ্র কবিরাজ। কিন্তু ভক্তিরত্নাকরে রামচন্দ্র গোবিন্দের জ্যেষ্ঠ বলিয়া বর্ণিত হইয়াছে। পূর্ব্বে চিরঞ্জীব কুমারনগরে বাস করিতেন, পরে শ্রীখণ্ডের দামোদরসেনের * কন্যা সুনন্দাকে বিবাহ করিয়া শ্রীখণ্ডবাসী হন। এই সুনন্দার গর্ভে রামচন্দ্র ও গোবিন্দ জন্মগ্রহণ করেন।

রামচন্দ্র নৈয়ায়িক পণ্ডিত ছিলেন, তিনি অনুজের পূর্ব্বে শ্রীনিবাসাচার্য্যের নিকট রাধাকৃষ্ণমন্ত্রে দীক্ষিত হন। গোবিন্দদাস প্রথম বয়সে শক্তির উপাসক ছিলেন; বৈষ্ণব ধর্ম্মের উপর তাঁহার আদৌ মতি গতি ছিল না। এক সময়ে তিনি গ্রহণীরোগে নিতান্ত কাতর হইয়া পড়েন। এই পীড়িত অবস্থায় তাঁহার হৃদয়ে হরিপ্রেমের অঙ্কুর উদিত হয়। তিনি সেই অবস্থায় রামচন্দ্রকে লিখিলেন, "ভাই! আমি নিতান্ত কাতর হইয়া পড়িয়াছি, তুমি আচার্য্য প্রভুকে আনিয়া আমায় উদ্ধার করিবে।"

মহাভাগবত রামচন্দ্র অনুজের কথা আচার্য্যপ্রভুকে জানাইলেন। তখন গোবিন্দদাস বুধরীগ্রামে ছিলেন। আচার্য্যপ্রভু রামচন্দ্রের কথা মত জাজিগ্রাম হইতে বুধরীতে আসিয়া গোবিন্দকে 'রাধাকৃষ্ণমন্ত্র' দান করিলেন। সেই দিন হইতে গোবিন্দদাস বৈষ্ণবভক্ত বলিয়া গণ্য হইলেন।

গদাধরদাস প্রভৃতির তিরোধান সংবাদ পাইয়া শ্রীনিবাস আচার্য্যের মনে হঠাৎ বৈরাগ্যের উদয় হয়, ও তিনি বৃন্দাবনে চলিয়া যান। শ্রীখণ্ডের রঘুনাথঠাকুরের আদেশে রামচন্দ্র আচার্য্যপ্রভুকে আনিবার জন্য বৃন্দাবনে গমন করেন। রামচন্দ্র যাইবার সময় গোবিন্দকে কুমারনগর হইতে তেলিয়া-বুধরী গ্রামে উঠিয়া যাইতে আদেশ করেন।

শ্রীনিবাসাচার্য্য ফিরিয়া আসিয়া গোবিন্দের বাটীতে কিছুদিন অবস্থান করেন, এখানে তিনি আত্মহারা হইয়া গোবিন্দের মুখে পদাবলী শ্রবণ করিতেন। তাঁহারই অনুরোধে গোবিন্দদাস গীতামৃত রচনা করেন। গীতামৃতের সুমধুর রচনায় সন্তুষ্ট হইয়া শ্রীনিবাস তাঁহাকে কবিরাজ উপাধি দেন। ভক্তিরত্নাকরে লিখিত আছে, জীবগোস্বামী প্রভৃতি পণ্ডিতগণ ঐ গীতামৃত দর্শন করিবার জন্য সর্ব্বদাই আগ্রহ প্রকাশ করিতেন।

রামচন্দ্র ও আচার্য্যপ্রভুর প্রত্যাগমনের পর গোবিন্দদাসেরও একবার বৃন্দাবনধাম দর্শন করিবার ইচ্ছা হয়। তিনি

* গোবিন্দদাসের মাতামহ দামোদরসেনও একজন কবি ছিলেন। গোবিন্দ তাঁহার সঙ্গীতমাধবনাটকে মাতামহের কবিত্বশক্তির পরিচয় দিয়াছেন।

নিত্যানন্দপত্নী জাহ্নবীদেবীর সঙ্গে বৃন্দাবনে গমন করেন। তৎকালে গোপালভট্ট, জীবগোস্বামী প্রভৃতি বৈষ্ণব পণ্ডিতগণ বৃন্দাবনে অবস্থান করিতেছিলেন। তাঁহারা গোবিন্দদাসকে যথেষ্ট আদর করিলেন ও তাঁহার কবিত্বের পরীক্ষা লইয়া "কবিরাজ" উপাধি প্রদান করেন।

বৃন্দাবন দর্শন করিয়া গোবিন্দদাস গৃহে ফিরিয়া আসিলে ভক্তবৃন্দ তাঁহাকে লইয়া মহোৎসব করিয়াছিলেন।

বৃন্দাবন হইতে আসিবার পর নরোত্তমঠাকুরের পিতৃব্যপুত্র রাজা সন্তোষদত্তের অনুরোধে তিনি সঙ্গীতমাধব নাটক রচনা করেন।

তাঁহার দিব্যসিংহ নামে এক পুত্র জন্মে। নরোত্তমবিলাসে লিখিত আছে, দিব্যসিংহও পিতার ন্যায় ভক্ত হইয়াছিলেন।

এখন অনেক পদাবলীতে গোবিন্দদাসের ভণিতা দৃষ্ট হয়, কিন্তু সকলগুলি চিরঞ্জীবের পুত্র গোবিন্দ কবিরাজের বলিয়া বোধ হয় না। চৈতন্যচরিতামৃত প্রভৃতি গ্রন্থে একাধিক গোবিন্দদাসের নামোল্লেখ আছে। মিথিলা অঞ্চলেও গোবিন্দদাস নামে একজন কবি ছিলেন, তিনিও অনেক পদাবলী রচনা করেন।

৫ ব্রজবাসী একজন হিন্দীকবি। বিট্‌ঠলনাথের শিষ্য ও অষ্টছাপের অধীন। ইনি ১৫৬৭ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন।

গোবিন্দদীক্ষিত, একজন সংস্কৃত গ্রন্থকার। ইনি অপত্নীকাধাননির্ণয় ও কাম্যেষ্টিপ্রয়োগ রচনা করেন।

গোবিন্দদ্বাদশী (স্ত্রী) গোবিন্দপ্রিয়া দ্বাদশী মধ্যলো°। পুষ্যানক্ষত্রযুক্ত ফাল্গুনমাসের শুক্লদ্বাদশী। ব্রহ্মপুরাণের মতে এইদিন উপবাস করিলে সমস্ত পাপ বিনষ্ট হয় এবং পরিণামে নির্ব্বাণমুক্তি হইয়া থাকে। লোকব্যবহারে ইহাকে আমর্দ্দকীদ্বাদশী নামেও উল্লেখ করা হইয়া থাকে। পাপনাশিনীমাহাত্ম্যপ্রসঙ্গে লিখিত আছে যে, ফাল্গুনমাসে আমর্দ্দকীব্রত করিলে বিষ্ণুলোকপ্রাপ্তি হয়। প্রভাসখণ্ডের মতে ফাল্গুনমাসের শুক্লা একাদশীতে উপবাসী থাকিয়া দ্বাদশীর দিনে নদী, তড়াগ, দীর্ঘিকা বা কূপে স্নান করিবে। পরে পর্ব্বত, বন বা অন্য যে কোন স্থানে আমর্দ্দকী বৃক্ষ পাওয়া যায়, সেই স্থানে উপস্থিত হইয়া হরির পূজা করিয়া রাত্রি জাগরণ করিবে। একটী করক বা কমণ্ডলু জলপূর্ণ করিয়া সদ্‌ব্রাহ্মণকে দান করিবে। হবিষ্য করিয়া সমস্ত রাত্রি জাগিয়া হরিকথা শ্রবণ করিতে হয়। শরীরধারী এইরূপ কার্য্যের অনুষ্ঠান করিলে সমস্ত পাপ হইতে মুক্তিলাভ করিতে পারে এবং পাঞ্চভৌতিক শরীরপতন হইলেই নির্ব্বাণ লাভ করে। (হরিভক্তিবি°)

গোবিন্দনাথ, শঙ্করাচার্য্যের গুরু ও গৌড়পাদের শিষ্য। ইনি এক প্রসিদ্ধ যোগী ছিলেন। সর্ব্বদর্শনসংগ্রহে ইহার মত উদ্ধৃত হইয়াছে।

গোবিন্দনায়ক, একজন শৈবশাস্ত্রকার। সর্ব্বদর্শনসংগ্রহে রসেশ্বরদর্শনে ইহার মত উদ্ধৃত হইয়াছে।

গোবিন্দন্যায়বাগীশ, প্রসিদ্ধ বাসুদেব সার্ব্বভৌমবংশীয় এক জন বিখ্যাত নৈয়ায়িক। খৃষ্টীয় ১৭শ শতাব্দে নবদ্বীপে প্রাদুর্ভূত হন। এই সময়ে রাঘব নবদ্বীপের রাজা। তিনি ন্যায়বাগীশকে আড়বান্দী গ্রামে একহাজার বিঘা ব্রহ্মোত্তর দান করেন। তৎকালে ন্যায়বাগীশই নবদ্বীপের সর্ব্বপ্রধান নৈয়ায়িক পদে অভিষিক্ত ছিলেন।

গোবিন্দপণ্ডিত, ১ একজন প্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ্। ইনি সংস্কৃত ভাষায় জ্যোতিষরত্নসংগ্রহ, যামলানুসারিপ্রশ্ন, উৎপলপরিমলটীকা, মুহূর্ত্তচিন্তামণির পীযূষধারা নামে টীকা এবং নীলকণ্ঠতাজিকের সরলা নামে টীকা প্রণয়ন করেন।

২ রামপণ্ডিতের পুত্র, শ্রাদ্ধপদ্ধতি নামে স্মৃতিসংগ্রহকার।

গোবিন্দপুর, মানভূম জেলার অন্তর্গত একটী উপবিভাগ। ১৮৫১-৫২ খৃষ্টাব্দে ইহা একটী স্বতন্ত্র উপবিভাগরূপে সংগঠিত হয়। অক্ষা° ২৩° ৩৮′ হইতে ২৪° ৩′ ৩০″ উঃ ও দ্রাঘি° ৮৬° ৯′১৫″ হইতে ৮৬° ৫২′১৫″ পূঃ। ভূপরিমাণ ৭৮২ বর্গমাইল। এই উপবিভাগের মধ্যে ১২২০ খানি গ্রাম ও নগর আছে। এখানে গোবিন্দপুর, নর্সা ও তোপচাঁচী গ্রামে পুলিসের থানা আছে। ১৮৭০-৭১ খৃষ্টাব্দে এখানে দুইটী ফৌজদারী আদালত স্থাপিত হয়।

২ কলিকাতার দক্ষিণে এখন যেখানে ফোর্ট উইলিয়ম্ দুর্গ আছে, পূর্ব্বে গড়ের মাঠের ঐ সমস্ত অংশ গোবিন্দপুর নামে খ্যাত ছিল।

[কলিকাতা শব্দ ২৭৬ ও ২৯৪ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

গোবিন্দপুরম্, কৃষ্ণাজেলার অন্তর্গত একখানি গ্রাম। নরসরাবুপেটা হইতে ৬ মাইল দক্ষিণপূর্ব্বে অবস্থিত। এই গ্রামের পশ্চিমে একটী মন্দিরে কতকগুলি প্রতিমূর্ত্তি ও দুইখানি খোদিত শিলালিপি আছে। লোকপরম্পরায় শুনা যায় যে, খৃষ্টীয় ১২শ শতাব্দীর মধ্যে কোন চোলরাজ কর্ত্তৃক মন্দির নির্ম্মিত হইয়াছিল। ঐ উৎকীর্ণ শাসন দুইখানির মধ্যে একখানি কুলোত্তুঙ্গ চোলের সম্পদ্‌বৃদ্ধির মানসে কোন রাজপুরুষ কর্ত্তৃক ১০৯২ শকে অপরখানি ১০৮২ শকে প্রদত্ত হয়। এই গ্রামের মধ্যে কৃষ্ণদেবরায় প্রতিষ্ঠিত একটী বিষ্ণুমন্দির আছে। ইহার প্রবেশদ্বারে তৈলঙ্গ ভাষায় লিখিত একখানি শিলাফলক দৃষ্ট হয়।

গোবিন্দভট্ট, ১ আত্মার্কবোধ নামে বেদান্তগ্রন্থ রচয়িতা।

২ তিথিনির্ণয় নামে স্মৃতিসংগ্রহকার।

৩ পরাশরসংহিতার একজন ভাষ্যকার, রঘুনন্দন মলমাসতত্ত্বে ইহার মত উদ্ধৃত করিয়াছেন।

৪ মীমাংসাসঙ্কল্পকৌমুদী নামে স্মৃতিসংগ্রহকার।

৫ রাজচন্দ্রযশঃপ্রবন্ধ নামে সংস্কৃত কাব্য-রচয়িতা।

৬ বৃত্তরত্নাকরের একজন টীকাকার।

৭ একজন বিখ্যাত অলঙ্কারশাস্ত্রবিৎ, কেশবের পুত্র ও রুচিকরের বৈমাত্রেয় ভ্রাতা। ইনি কাব্যপ্রদীপ নামে কাব্যপ্রকাশের টীকা রচনা করেন।

কাব্যপ্রদীপ প্রথমে শ্রীহর্ষ লিখিতে আরম্ভ করেন, কিন্তু তাঁহার মৃত্যু হওয়ায় তাঁহার অনুজ গোবিন্দ ইহা সম্পূর্ণ করেন।

৮ বেদান্তসূত্রের একজন বৈষ্ণবীয় ভাষ্যকার।

গোবিন্দ ভট্টাচার্য্য চক্রবর্ত্তী, বঙ্গদেশীয় একজন বিখ্যাত পণ্ডিত। ইনি সংস্কৃত ভাষায় সমাসবাদ ও পদার্থখণ্ডন টীকা লিখিয়াছেন।

গোবিন্দ মহামহোপাধ্যায়, একজন বিখ্যাত পণ্ডিত, ইহার বুধবালাবধূত নামে আর এক উপাধি ছিল। ইনি অধিকরণমালা নামে একখানি উৎকৃষ্ট সংস্কৃত দর্শনগ্রন্থ প্রণয়ন করেন।

গোবিন্দমিশ্র, ১ পদ্যাবলী ধৃত একজন প্রাচীন কবি।

২ আনন্দতীর্থ রচিত দ্বাদশস্তোত্রের একজন টীকাকার।

গোবিন্দরায়, কল্যাণপুরের চালুক্যবংশীয় একজন রাজা, বীরসত্যাশ্রয়ের পিতা। [চালুক্য দেখ।]

গোবিন্দরাজ, ১ একজন বিখ্যাত পণ্ডিত, মাধবভট্টের পুত্র। ইনি মানবধর্ম্মশাস্ত্রের টীকা ও মঞ্জরী নামে যাজ্ঞবল্ক্যস্মৃতিটীকা রচনা করেন। শূলপাণি, পুরুষোত্তম ও কুল্লূকভট্ট ইহার মত উদ্ধৃত করিয়াছেন।

২ সুভাষিতবলীধৃত একজন প্রাচীন কবি।

৩ তৈত্তিরীয়োপনিষদের একজন ভাষ্যকার।

৪ রামায়ণচম্পূ ও রাজবংশ নামে সংস্কৃত কাব্যকার।

৫ সপ্তশ্লোকীব্যাখ্যা ও শৃঙ্গারতিলকের "ভূষণ" নামক টীকাকার।

গোবিন্দরাম, ১ গোবিন্দবিলাস নামে বেদান্তগ্রন্থরচয়িতা।

২ কুমারসম্ভবের ধীররঞ্জনিকা নামে একজন টীকাকার।

৩ দেবীমাহাত্ম্য ও গঙ্গাসহস্র নামের একজন টীকাকার।

৪ রামদেবের পুত্র, মহিম্নস্তব প্রকাশিকারচয়িতা।

৫ রাজস্থানের একজন বিখ্যাত কবি, ইনি সুন্দর হিন্দী কবিতায় "হাম্মীরাবতী" নামে হরবংশীয় রাজপুত রাজগণের ইতিহাস রচনা করিয়াছেন।

গোবিন্দরাম শিরোমণি, একজন বঙ্গদেশীয় পণ্ডিত। ইনি শব্দদীপিকা নামে মুগ্ধবোধের টীকা রচনা করেন।

গোবিন্দরামসেন, নাড়ীজ্ঞান নামে সংস্কৃত বৈদ্যক গ্রন্থকার।

গোবিন্দবৎস, অদ্বৈতাদিত্য নামে বেদান্তগ্রন্থরচয়িতা।

গোবিন্দবিদ্যাবিনোদভট্ট, একজন বিখ্যাত সংস্কৃত গ্রন্থকার। ইনি ভাগবতসার, ক্রমদীপিকাতন্ত্রের টীকা ও ত্রিপুরাসারসমুচ্চয়ের পদার্থপ্রকাশ নামে টীকা রচনা করেন।

গোবিন্দশর্ম্মন্, ১ বেদান্তকথারত্ন নামে বৈদান্তিক গ্রন্থকার।

গোবিন্দশাস্ত্রী, ১ আথর্ব্বণরহস্য নামে সংস্কৃত গ্রন্থকার।

২ অক্ষোভ্যতীর্থের নামান্তর, ইনি ১২৪৮ খৃষ্টাব্দে ইহলোক পরিত্যাগ করেন।

গোবিন্দশেষ, কাশীবাসী শেষ যজ্ঞেশ্বরের পুত্র, একজন বিখ্যাত বিদ্বদ্বিৎ। ইনি বৌধায়নীয়দর্শপূর্ণমাসপ্রয়োগ, বৌধায়নীয় অগ্নিষ্টোমপ্রয়োগ, সোমপ্রয়োগ ও বিনতানন্দব্যায়োগ নামে কএকখানি বৈদিক গ্রন্থ রচনা করেন।

গোবিন্দস্বামিন্, ১ একজন পরম বৈষ্ণব ও বিখ্যাত কবি। ভক্তিমাহাত্ম্য নামক প্রাচীন বৈষ্ণবগ্রন্থে ইহার মাহাত্ম্য বিস্তারিতরূপে বর্ণিত আছে। ২ এক বৈদিক পণ্ডিত, বৌধায়নীয় ধর্ম্মসূত্রের ও ঐতরেয় ব্রাহ্মণের একজন ভাষ্যকার; মাধবীয় ধাতুবৃত্তিতে ইহার মত উদ্ধৃত হইয়াছে।

গোবিন্দাচার্য্য, ১ শঙ্করাচার্য্যের গুরু। [গোবিন্দনাথ দেখ।]

২ একজন পারসী ও সংস্কৃতভাষাবিৎ পণ্ডিত। ইনি অধ্যাত্মরামায়ণের পারসী অনুবাদ করিয়াছিলেন। অকবরের প্রসিদ্ধ সচিব টোডরমল ঐ অনুবাদ ও গিরিধরদাসের পারসী অনুবাদ দৃষ্টে "তস্নিক্ টোডরমল্ অজ্ অধ্যাত্মরামায়ণ" রচনা করেন। [টোডরমল দেখ।]

গোবিন্দানন্দ, ১ অর্থরত্নপ্রভা নামে জাতকার্ণবের টীকাকার। ইহার কবিকাঞ্চনাচার্য্য উপাধি ছিল।

২ একজন বিখ্যাত স্মৃতিশাস্ত্রবিৎ, গণপতি ভট্টের পুত্র। ইনি ক্রিয়াকৌমুদী, দানকৌমুদী, বর্ষকৌমুদী, শুদ্ধিকৌমুদী, শ্রাদ্ধকৌমুদী, গোবিন্দানন্দীয় ধর্ম্মশাস্ত্র এবং শূলপাণির প্রায়শ্চিত্তবিবেকের তত্ত্বকৌমুদী নামে টীকা প্রণয়ন করেন।

গোবিন্দু (ত্রি) গবাং বিন্দুঃ ৬তৎ। গোলক্ষক, যে গো লাভ করে। "গোবিন্দুর্দ্রুহ্ম আয়ুধানি বিভ্রৎ।" (ঋক্ ৯।৯৬।১৯) 'গোবিন্দুঃ গবাং লব্ধকঃ' সায়ণ।

গোবিষ্ (স্ত্রী) গোর্বিট্ ৬তৎ। গোবিষ্ঠা, গোময়। (অমর)

গোবিষাণ (ক্লী) গোর্বিষাণং ৬তৎ। গোরুর শৃঙ্গ।

"অনর্থকমনায়ুষ্যং গোবিষাণস্য তক্ষণম্।"

(ভারত ১২।১৪০ অঃ)

গোবিষাণিক (পুং) গোবিষাণং সাধনতয়া অস্ত্যস্ত গোবিষাণ-ঠন্। গোবিষাণনির্ম্মিত বাদ্যবিশেষ।

"পটহান্ ঋর্ষ্টরাংশ্চৈব ক্রকচান্ গোবিষাণিকান্।"

(ভারত ৯।৪৭ অঃ)

গোবিষ্ঠা (স্ত্রী) গোর্বিষ্ঠা ৬তৎ। গোময়। (রাজনি°)

গোবিসর্গ (পুং) গোর্বিসর্গঃ ৬তৎ। গোপরিত্যাগ।

গোবীথি (স্ত্রী) গবাং গ্রহাণাং বীথির্মার্গবিশেষঃ ৬তৎ। জ্যোতির্বিদ্‌গণ অশ্বিনী প্রভৃতি তিন তিনটী নক্ষত্রে এক একটী বীথি বা পথ কল্পনা করেন। নক্ষত্রমণ্ডলে সর্ব্বসমেত নয়টী বীথি আছে, তাহার মধ্যে হস্তা, চিত্রা ও স্বাতী এই তিননক্ষত্রে যে বীথি হয়, তাহাকে গোবীথি বলে।

"নাগগজৈরাবতবৃষভ-গো-অরদগব-মৃগাজদহনাখ্যাঃ।
অশ্বিন্যাদ্যাঃ কৈশ্চিৎ ত্রিভাঃ ক্রমাদ্‌বীথয়ঃ কথিতাঃ॥"

(বৃহৎস° ৯।১)

আবার কোন জ্যোতিষিকের মতে—অশ্বিনী, রেবতী, পূর্ব্বভাদ্র ও উত্তরভাদ্র এই চারিটী নক্ষত্রে গোবীথি হইয়া থাকে।

"গোবীথ্যামশ্বিভঃ পৌষ্ণং দ্বে চাপি ভাদ্রপদে।" (বৃহৎস° ৯।২)

গোবীর্য্য (ক্লী) গবাং বীর্য্যং ৬তৎ। গোরুর বীর্য্য।

"ভূতাবনিশ্চিতায়াস্তু দশমং ভাগমাপ্নুয়ুঃ।
"লাভগোবীর্য্যশস্যানাং বণিক্‌গোপক্ষয়ীবলাঃ॥" (নারদস°)

গোবৃন্দ (ক্লী) গবাং বৃন্দং ৬তৎ। গোসমূহ।

গোবৃন্দারক (পুং) গোর্বৃন্দারকইব উপমিতস°। (বৃন্দারকনাগকুঞ্জরৈঃ পূজ্যমানঃ। পা ২।১।৬২) শ্রেষ্ঠ গো, ভাল গোরু।

গোবৃষ (পুং) গোষু বর্ষতি রেতঃ সিঞ্চতি বৃষ-ক (ইগুপধজ্ঞাপ্রীকিরঃ কঃ। পা ৩।১।১৩৫) ১ শ্রেষ্ঠ বৃষ। (শব্দরত্না°)

"কীনাশো গোবৃষোযানমলঙ্কারশ্চ বেশ্ম চ।" (মনু ৯।১৫০)
'কীনাশঃ কর্ষকঃ গবাং সেক্তা বৃষঃ।' (কুল্লূক।) গৌশ্চ বৃষশ্চ তৌ সাদৃশ্যেনাস্ত্যস্ত গোবৃষ-অচ্। ২ ন্যায়বিশেষ, সামান্যবিশেষদ্যোতক, ইহার অপর নাম গোবলীবর্দ্দন্যায়। [ন্যায় দেখ।]

গোবৃষভ (পুং) শ্রেষ্ঠবৃষ।

গোবেষ্ট (ক্লী) সীসক, সীসে।

গোবৈদ্য (পুং) গৌরিব বৈদ্যঃ। ১ মূর্খ বৈদ্য। গোর্বৈদ্যঃ চিকিৎসকঃ ৬তৎ। ২ গোচিকিৎসক।

গোব্যচ্ছ (ত্রি) গোরুর নিকটে গমনশীল।

"দ্বাপরায়াধিকল্পিনমাক্রন্দায় সভাস্থাণুং মৃত্যবে গোব্যচ্ছং" (বাজসনেয়স° ৩০।১৮) 'গোব্যচ্ছং গাঃ প্রতিগমনশীলং' (মহীধর।)

গোব্যাধিন্ (পুং) গোত্রপ্রবর্ত্তক একজন ঋষি।

গোব্রজ (পুং) গবাং ব্রজঃ ৬তৎ। ১ গোসমূহ। গাবো ব্রজন্ত্যত্র ব্রজ-আধারে ক। ২ গোগতিস্থান, গোষ্ঠ।

"ন মূত্রং পথি কুর্ব্বীত ন ভস্মনি ন গোব্রজে।" (মনু)

গোব্রত (ক্লী) গোষু ব্রতম্ ৬তৎ। গোহত্যায় পাতকপ্রায়শ্চিত্তের জন্য অনুষ্ঠেয় ব্রতবিশেষ। স্মৃতিকার বিষ্ণুর মতে—যথোক্ত বিধানে কেশ মুণ্ডন করিয়া এক মাস পর্য্যন্ত গোরুর অনুগমন করিবে। গাভী আপন ইচ্ছানুসারে দাঁড়াইলে দাঁড়াইবে, না হইলে মুহূর্ত্তের জন্যও দাঁড়াইবে না। অনুক্ষণই তাহার অনুগমন করিবে। গাভী কোন স্থানে অবসন্ন হইয়া পড়িলে উদ্ধার ও ভয় হইতে রক্ষা করিবে। গাভীর শীতাতপ বারণ না করিয়া আপনার শীতাতাপ বারণ করিবে না। গোমূত্রে স্নান করিবে এবং কেবল গোদুগ্ধ খাইয়া জীবন ধারণ করিতে হয়। একমাস পর্য্যন্ত এই নিয়ম অনুষ্ঠানকে গোব্রত বলে।

[গোহত্যা শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

গোব্রতিন্ (ত্রি) গোব্রতমস্যাস্তি অনুষ্ঠেয়তয়া গোব্রত-ইনি। যে গোব্রত আচরণ করে।

গোব্রা, যশোর জেলার সুন্দরবন বিভাগের অন্তর্গত একটী গ্রাম। কপোতাক্ষ নদীকূলে অবস্থিত, ইহা পূর্ব্বে বহুজনাকীর্ণ ছিল; ধ্বংশাবশিষ্ট বৃহৎ বৃহৎ বাসভবনাদি আজও তাহার পরিচয় দিতেছে। কপোতাক্ষ নদীকূলে এই গ্রামরক্ষার জন্য বাঁধ আছে।

গোশ (পারসী) লুক্কায়িত, গৃহমধ্যে অবস্থিত, পর্দ্দানিশিন। যে স্ত্রীলোক সর্ব্বদা গৃহ মধ্যে থাকে, কখন অপর পুরুষের সমক্ষে বাহির হয় না। গোশনিশিন্ শব্দে কোণে স্থিত বুঝায়।

গোশকৃৎ (ক্লী) গোঃ শকৃৎ ৬তৎ। গোময়, গোবর।

"উদকুম্ভং সুমনসো গোশকৃৎ মৃত্তিকা কুশান্।" (মনু ১২।১৯২)

গোশফ (পুং ক্লী) গোঃ শফঃ ৬তৎ। গোরুর খুর।

"গোশফে শকুলাবিব।" (বাজসনেয়° ২৩। ২৮)
'গোশফে গোঃ খুরে।' (মহীধর।)

গোশর্য্য (পুং) শর্য্যা শীর্ণা গৌর্যত্র বহুব্রী, বিশেষণস্য পরনিপাতশ্ছান্দসঃ। শম্বু, বৃহৎসর্প, অজগর।

"যাভির্গোশর্য্যম বতং তাভির্নোঽবতং নরা।" (ঋক্ ৮।৮।২০)
'গোশর্য্যং শীর্ণা গৌর্যস্য স গোশর্য্যঃ শম্বুঃ' (সায়ণ।)

গোশলখানা (হিন্দি) স্নান-গৃহ। মোগল সম্রাট্‌গণের সময়ে গোশল বা গুসলখানা গুপ্তমন্ত্রণাগৃহ রূপে ব্যবহৃত হইত। সার টামাস-রো জাহাঙ্গীরের গোশলখানার বর্ণনা করিয়াছেন।

গোশাল (ক্লী) গবাং শালা ৬তৎ বিকল্পে ক্লীবত্বক (বিভাষা সেনাসুরাছায়াশালানিশানাং। পা ২। ৪। ২৫) গোশালা, গোয়াল ঘর।

গোশালা (স্ত্রী) গোঃ শালা ৬তৎ। গোগৃহ, গোয়াল।

গোশীরা, কৌশাম্বী নগরের উপনগর। [কৌশাম্বী দেখ।]

গোশীর্ষ (পুং) গোঃ শীর্ষমিব শীর্ষং যস্য বহুব্রী। একটী পর্ব্বত, ইহার অপর নাম ঋষভ। এই পর্ব্বতটী দেখিতে ঠিক গোশৃঙ্গাকৃতি। ২ চন্দনবিশেষ। এই চন্দন গোশীর্ষপর্ব্বতেই উৎপন্ন হয়।

"গোশীর্ষকং পদ্মকঞ্চ হরিশ্যামঞ্চ চন্দনম্।
দিব্যমুৎপদ্যতে তত্র তচ্চৈবাগ্নিসমপ্রভম্।" (রামা° ৩।৪১।৪০)

৩ অস্ত্রবিশেষ।

"অয়োগুড়ৈ র্ভিন্দপালৈর্গোশীর্ষৈর্লুখলৈরপি।"
(ভারত ৭।১৭৯ অঃ)

(ক্লী) গোশীর্ষং ৬তৎ। গোমুণ্ড।

গোশীর্ষক (পুং) গোঃ শীর্ষমিব কায়তি কৈ-ক। ১ দ্রোণপুষ্পী-বৃক্ষ। (রত্নমালা) গোশীর্ষ স্বার্থে কন্। ২ চন্দনবিশেষ। [গোশীর্ষ দেখ।]

গোশৃঙ্গ (পুং) গোঃ শীর্ষমিব শৃঙ্গং শীর্ষভাগো যস্য বহুব্রী। ১ ঋষিবিশেষ। (স্কন্দপু° প্রভাসখণ্ড°)

২ একটী পর্ব্বত। রামায়ণে লিখিত আছে যে এই পর্ব্বতে মন্দেহ নামক কতকগুলি রাক্ষস বাস করিত, ইহারা অতিশয় ক্ষুদ্রাকৃতি, পরিমাণ মুটম হাতের অধিক হইবে না। এই রাক্ষসগুলি রাত্রিকালে বেশ হাঁটিয়া চলিয়া বেড়ায় ও সাংসারিক কার্য্য করে, কিন্তু যেমন রাত্রি শেষ হয় অমনি জলে পড়িয়া যায়। সূর্য্য অস্ত হইলে পুনর্বার উঠিতে পারে। রাক্ষসেরা বড়ই দুর্বৃত্ত ছিল, ইন্দ্র শাপ দিয়া এইরূপ করিয়াছেন। (রামায়ণ ৪।৪০।৪২-৪৩)

ইহা বৌদ্ধদিগের ধর্ম্মগ্রন্থে একটী পুণ্যশৈল বলিয়া বর্ণিত। স্বয়ম্ভুপুরাণে লিখিত আছে, সত্যযুগে এই পর্ব্বতের নাম ছিল পদ্মগিরি, ত্রেতাযুগে বজ্রকূট, দ্বাপরে গোশৃঙ্গ ও বর্ত্তমান কলিযুগে গোপুচ্ছ নাম হইয়াছে। (স্বয়ম্ভুপুরাণ ১ অঃ)

মহাভারতেও এই পর্ব্বতের উল্লেখ আছে।

"নিষাদভূমিং গোশৃঙ্গং পর্ব্বতপ্রবরস্তথা।" (ভারত ২।৩১।৫)

চীনপরিব্রাজক হিউ-এন্-সিয়াং "কিউ-শি-লিং-কিআ" নামে এই পর্ব্বতের উল্লেখ করিয়াছেন। তাঁহার মতে খোতনরাজ্যের রাজধানীর প্রায় দেড়ক্রোশ দক্ষিণপশ্চিমে এই পর্ব্বত অবস্থিত।

(ক্লী) গোশৃঙ্গং ৬তৎ। ৩ গোরুর শৃঙ্গ। (পুং) গোশৃঙ্গং তদাকারোঽস্ত্যস্য গোশৃঙ্গ-অচ্। ৪ বর্ব্বুর বৃক্ষ। (রাজনি°) ৫ হিন্দুদিগের একটী প্রাচীন শুষির যন্ত্র, গোশৃঙ্গে নির্ম্মিত। ইহা একপ্রকার সামরিক যন্ত্র, অদ্যাপি ইহার প্রচলন আছে।

গোশ্রুতি (পুং) ধৈয়াঘ্রপদ্যগোত্রোৎপন্ন এক ঋষি।
(ছান্দোগ্য° উ°)

গোশ্ব (পুং) [দ্বিক°] গৌশ্চাশ্বশ্চ ইতরেতরদ্বন্দ্ব। গোরু ও অশ্ব। (ব্যাকরণ)

গোষ [গোষা দেখ।]

গোষখি (পুং) গৌঃ সখা যস্য বহুব্রী, ছান্দসত্বাৎ বত্বং। গোরু যাহার সহায়। "যদিন্দ্রাহং যথা ত্বমীশীয় বস্ব এক ইৎ। স্তোতা মে গোষখা স্যাৎ।" (ঋক্ ৮।১৪।১)

'গোষখা স্যাৎ গোভিঃ সহিতো ভবেৎ।' (সায়ণ।)

গোষড়্গব (ক্লী) গবাং ষট্কং গো-ষড়্গবচ্। (পশুভ্যঃ স্থানদ্বিষট্কে গোষ্ঠগোযুগষড়্গবম্। মুগ্ধবো° সূ°) গোষট্ক, গোরুর ছয় সংখ্যা।

গোষণি (ত্রি) গাং সনোতি দদাতি সন-দানে ইন্ বা বত্বং। গোদাতা। "উত নো গোষণিং ধিয়মশ্বসাং।" (ঋক্ ৬।৫৩।১০)

'গোষণিং গবাং সনিত্রীং' (সায়ণ।)

গোষৎক (পুং) অধ্যায় বা অনুবাকবিশেষ, যাহাতে গোষৎ শব্দ আছে।

গোষদ্ (ত্রি) গবি বাচি সীদন্তি সদ্-ক্বিপ্ পূর্ব্বপদাৎ বত্বং। কথা কহিতে কহিতে যাহার বাক্য স্খলিত হয়, স্খলদ্বাক্য, জড়িতবাক্, তোতলা।

গোষদ (ত্রি) গো-সদ-অচ্। [গোষদ্ দেখ।]

গোষদাদি (পুং) গোষৎ আদির্যস্য বহুব্রী। পাণিনীয় একটী গণ। অধ্যায় অনুবাক বুঝাইলে এই গণের উত্তর বুন্ হয়। গোষদ্, ইষেত্বা, মাতরিশ্বন্, দেবস্যত্বা, দৈবীরাপঃ, কৃষ্ণাস্যা, ধরেষ্টা, দেবীধিয়ঃ, রক্ষোহণ, যুঞ্জান, অঞ্জন, প্রভূত, প্রতূর্ত্ত, কৃশান্থ ও গোষদ ইহাদিগকে গোষদাদিগণ বলে।

গোষন্ (ত্রি) গাং সনোতি সন্-বিচ্। (সনোতেরনঃ। পা ৮।৩।১০৮।) ইতি ষত্বঞ্চ। গোদাতা।

"প্র তে বভ্রু বিচক্ষণ শংসামি গোষণো নপাৎ।" (ঋক্ ৪।৩২।২২)

গোষা (ত্রি) গাং সনোতি ষন্-বিট্ (জনসনখনক্রমগমোবিট্। পা ৩।২।৬৭) পূর্ব্ববৎ বত্বং। গোদাতা, যে গোদান করে। "গোষা ইন্দো নৃষা অস্যশ্বসা বাজসা উত।" (ঋক্ ৯।২।১০।) 'গোষা অস্মভ্যং গবাং দাতাসি' (সায়ণ।)

গোষাতি (স্ত্রী) সো ভাবে ক্তিন্ গবাং সাতিঃ ৬তৎ বত্বঞ্চ। ১ গোলাভ। ২ গোদান। (ত্রি) ৩ লব্ধপশুক, যে পশুলাভ করিয়াছে। "যত্র গোষাতা ঘ্বিষিতেষু খাদিষু।" (ঋক্ ১০।৩৮।১)

'গোষাতা গোসাতৌ লব্ধপশুকে।' (সায়ণ।)

গোষাদী (স্ত্রী) গাং সাদয়ন্তি সদ-ণিচ্-অণ্ উপস° বত্বং গৌরাদিত্বাৎ ঙীষ্। পক্ষিবিশেষ।

"গোষাদীর্দেবানাং পত্নীভ্যঃ।" (বাজসনেয় ২৪। ২৪)

'গোষাদীঃ গবাং সাদয়িত্রীঃ পক্ষিণীঃ' (মহীধর।)

গোষুচর (ত্রি) গোষু চরতি চর-ট অলুক্স°। গো মধ্যে বিচরণ।

গোষুযুধ্ (ত্রি) গোষু যুধ্যত ইতি যুধ্ কিপ্ অলুক্স°। যে গোবিষয়ক বা গোর জন্য যুদ্ধ করে।

"যাভির্নরং গোষুযুধং নৃষাহ্বে ক্ষেত্রস্য সাতা।" (ঋক্ ১।১১২।২২)

'গোষুযুধং গোবিষয়ং যুদ্ধং কুর্ব্বন্তং' (সায়ণ।)

গোষূক্তিন্ (পুং) একজন ঋষি।

গোষেধা (স্ত্রী) গোরিব সেধ উৎসেধো যস্যাঃ বহুব্রী। পূর্ব্বপদাৎ ষত্বং। দুর্লক্ষণা স্ত্রী।

"বিশ্বপদীং বৃষদতীং গোষেধাং বিধমামুত।" (অথর্ব্ব ১।১৮.৪)

গোষ্টানদী, মান্দ্রাজের গোদাবরী জেলার অন্তর্গত নদীবিশেষ। কেহ কেহ ইহাকে গোস্তনী অর্থাৎ গো দুগ্ধে প্রবাহিত নদী বলিয়া মনে করে। ইহার জল হিন্দুদিগের অতি পবিত্র। বায়ুপুরাণীয় গোস্তনীমাহাত্ম্যে ইহার পবিত্রতার কথা বর্ণিত আছে। এই নদীতে চাস বাসের জন্য খাল কাটা হইয়াছে।

গোষ্টোম (পুং) গোসংজ্ঞঃ স্তোমোঽত্র বহুব্রী, ষত্বঞ্চ। ১ স্তোমবিশেষ, উক্থস্থিত কতকগুলি মন্ত্র। ২ একাহসাধ্য যাগবিশেষ। এই যাগে গোষ্টোম মন্ত্র আছে বলিয়া যাগের নাম গোষ্টোম হইয়াছে। (ঐত° ব্রা° ৪।১৫, তাণ্ড° ব্রা° ৪।১।৭-৮)

গোষ্ঠ (ক্লী) গাবস্তিষ্ঠন্ত্যত্র গো-স্থা-ক। ১ যেখানে গো প্রভৃতি পশু রাখে, রাত্রিকালে যে স্থানে পশুপাল রুদ্ধ করিয়া রাখা যায়, চলিত কথায় গোঠ বলে।

"গোষ্ঠেষু গোষ্ঠিকৃতমণ্ডলাসনান্।" (মাঘ)

(ক্লী) গোষ্ঠী বহুজনাঃ কর্ত্তৃতয়া অস্ত্যস্য গোষ্ঠী-অচ্। ২ শ্রাদ্ধবিশেষ, বহুজনসাধ্য শ্রাদ্ধ, গোষ্ঠীশ্রাদ্ধ।

"পিত্র্যে স্বদিতমিত্যেব বাচ্যং গোষ্ঠেষু সুশ্রুতম্।
সম্পন্নমিত্যভ্যুদয়ে দৈবে রুচিতমিত্যপি॥" (মনু ৩।২৫৪)

গোষ্ঠজ (ত্রি) গোষ্ঠে জায়তে গোষ্ঠ-জন-ড। ১ গোষ্ঠজাত, যাহা গোষ্ঠে উৎপন্ন হয়। (পুং) ২ একজন ব্রাহ্মণ।

গোষ্ঠপতি (পুং) গোষ্ঠস্য পতিঃ ৬তৎ। গোষ্ঠের অধ্যক্ষ।

গোষ্ঠশ্ব (পুং) গোষ্ঠে শ্বা সমাসে অচ্ (অচতুরবিচতুরেত্যাদি। পা ৫।৪।৩৭।) ১ গোষ্ঠে অবস্থিত কুকুর। ২ পরহিংসক, যে কেবলমাত্র আপনার গৃহে বসিয়াই পরের হিংসা করে। (ত্রিকা°)

গোষ্ঠশ্বন্ (পুং) গোষ্ঠস্য শ্বা ৬তৎ। পুরুষে সন সমাসান্তাচ্ প্রত্যয়। [গোষ্ঠশ্ব দেখ।]

গোষ্ঠাগার (ক্লী) গোষ্ঠস্য সভায়া বহুজনস্থানস্য আগারং ৬তৎ। ১ সভাগৃহ। ২ যে গৃহে বহুজন একত্র বাস করে। গোষ্ঠস্য গোপ্রচারস্থানস্য অগারং ৬তৎ। ৩ গোপ্রচার স্থানের গৃহ।

গোষ্ঠাধ্যক্ষ (পুং) গোষ্ঠস্যাধ্যক্ষঃ ৬তৎ। গোষ্ঠপতি।

গোষ্ঠান (ক্লী) গোঃ স্থানং ৬তৎ, পূর্ব্বপদাৎ ষত্বং। গোপ্রচার-স্থান, গোষ্ঠ। "ব্রজং গচ্ছ গোষ্ঠানং।" (যাজ্ঞসনেয়° ১।৩৫) লৌকিক প্রয়োগে ষত্ব হয় না।

গোষ্ঠাষ্টমী (স্ত্রী) [গোপাষ্টমী দেখ।]

গোষ্ঠি (স্ত্রী) গাবো বাগ্‌বিশেষাস্তিষ্ঠন্ত্যত্র স্থা বাহুলকাৎ কিঃ, ৬তৎ। ১ গোষ্ঠী শব্দার্থ। ২ পরস্পরসংলাপ।

"আলস্যং মদমোহৌচ চাপলং গোষ্ঠিরেবচ।
স্তব্ধতা চাভিমানিত্বং তথা হত্যাগিতামেবচ॥
তত্র তে সপ্তদোষাঃ স্যুঃ সদা বিদ্যার্থিনাং মতাঃ॥"
(ভারত ৫। ১৫। ৬২।)

গোষ্ঠিক (ত্রি) গোষ্ঠ্যাং ভবঃ গোষ্ঠী-ইকন্। গোষ্ঠী সম্বন্ধীয়।

গোষ্ঠী (স্ত্রী) গাবোঽনেকা বাচ স্তিষ্ঠন্ত্যত্র স্থা-ক গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ সভা।

"তত্র গোষ্ঠীষু রথ্যাসু সিদ্ধপ্রব্রজিতেষু চ।" (ভারত ৪।৬ অঃ)

২ পরম্পরালাপ। "গোষ্ঠী সুখমনুভবন্তস্তিষ্ঠন্তি।" (হিতোপ°) ৩ পোষ্যবর্গ। "বিষং গোষ্ঠী দরিদ্রস্য।" (চাণক্য°) ৪ সমূহ। কোন কোন স্থলে সভা বুঝাইতে পুংলিঙ্গেও গোষ্ঠী শব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যায়। "সমুচ্ছ্রয়ান্ পর্ব্বতসন্নিরোধান্ গোষ্ঠান্ হরীণাং গিরিসেতুমালাঃ।" (ভারত ৩। ১৭৭ অঃ)

গোষ্ঠীপতি (পুং) গোষ্ঠীনাং পতিঃ ৬তৎ। ১ বহু পোষ্যবর্গের প্রতিপালক। ২ সভাপতি বা সমাজপতি।

রাঢ়ীয় ব্রাহ্মণদিগের কুলাচার্য্যকারিকায় লিখিত আছে—

"কুলীনাঃ শ্রোত্রিয়াঃ সর্ব্বে যস্যান্নং ভুঞ্জতে মুহুঃ।
কুলীনায় সুতাং দত্ত্বা স গোষ্ঠীপতিরুচ্যতে॥"

কুলীন ও শ্রোত্রিয়গণ সর্ব্বদাই যাহার অন্ন ভোজন করে, যে ব্যক্তি সমস্ত কন্যাই কুলীনকে দান করেন, তাঁহাকে গোষ্ঠীপতি বলে।

গোষ্ঠীপতির লক্ষণ—নানাশাস্ত্রবিশারদ, রসিক, কাব্যানুরাগী, নির্দ্দোষ, কুলভূষণ, কুলজ্ঞ ও ভাগবতকথাশ্রবণপরায়ণ।

কুলাচার্য্যদিগের গ্রন্থে লিখিত—গাঙ্গুলীবংশে লক্ষ্মীকান্ত-মজুমদার, মুখুটীবংশে মদন ভট্টাচার্য্য, পরে ঐবংশে গন্ধর্ব্বরায়, বন্দ্যবংশে শুভরাজখান এবং চট্টবংশে অনন্ত ভট্টাচার্য্য এই পাঁচজন প্রাচীন গোষ্ঠীপতি। এখন রাঢ়ীয় ব্রাহ্মণদিগের মধ্যে অনেক গোষ্ঠীপতি দৃষ্ট হয়।

পাশ্চাত্য বৈদিকের মধ্যে হরিহরের সন্তানেরা গোষ্ঠীপতি পদপ্রাপ্ত হইয়া থাকেন।

দক্ষিণরাঢ়ীয় কায়স্থদিগের কুলাচার্য্যকারিকার মতে কায়স্থগোষ্ঠীপতি লক্ষণ—

নীতিজ্ঞ, কুলকর্ম্মঠ, মান্যগণ্য, ধার্ম্মিক, কুলীনপ্রতিপালক, কুলমর্য্যাদাকারী, দাতা, সহংশীয় ও সমৌলিক।

কায়স্থকুলীনগণের কুলাচার্য্যগ্রন্থে এই সকল গোষ্ঠীপতির নাম আছে।—

প্রথম ১২শ পর্য্যায়ে সুবুদ্ধিখাঁর পুত্র শ্রীমন্তরায়, ১৩শ পর্য্যায়ে পুরন্দর খাঁ, ১৪শ পর্য্যায়ে তৎপুত্র কেশবখাঁ, ১৫শ পর্য্যায়ে কেশবের পুত্র শ্রীকৃষ্ণবিশ্বাসখাস্, ১৬শ পর্য্যায়ে দয়ারাম পাল, ১৭শ পর্য্যায়ে তৎপুত্র রামভদ্রপাল, ১৮শ পর্য্যায়ে তৎপুত্র, ১৯শ পর্য্যায়ে পালবংশীয় কন্যা বিবাহ করিয়া ভেয়ে কিঙ্করসেন, ২০শ পর্য্যায়ে, কিঙ্করসেনের বংশীয় কন্যা বিবাহ করিয়া গোপীকান্তসিংহ চতুর্ধুরী, ২১শ পর্য্যায়ে গোপীকান্তবংশীয় রামকান্তসিংহ, ২২শ পর্য্যায়ে রামকান্তবংশীয় কন্যার সহিত নিজ দত্তকপুত্র গোপীমোহনের বিবাহ দিয়া রাজা নবকৃষ্ণ, ২৩শ পর্য্যায়ে রাজা গোপীমোহন, ২৪ পর্য্যায়ে তৎপুত্র পরম পণ্ডিত রাজা রাধাকান্তদেব গোষ্ঠীপতি হইয়াছিলেন।

গৌড়বংশাবলী পাঠে জানা যায় যে—

বঙ্গজ কায়স্থদিগের মধ্যে চন্দ্রদ্বীপের বসুবংশীয় রাজগণ বরাবর সমাজপতি বা গোষ্ঠীপতি ছিলেন। তৎপরে বসুবংশীয় শেষরাজা প্রেমনারায়ণের কোন পুত্রাদি না থাকায় তাঁহার ভাগিনেয় উদয়নারায়ণমিত্র ও তদ্বংশীয়েরাই চন্দ্রদ্বীপের রাজা ও বঙ্গজ কায়স্থগণের গোষ্ঠীপতি হইয়া আসিতেছেন।

উত্তররাঢ়ীয় কায়স্থগণের মধ্যে রাজা বল্লালসেনের সমসাময়িক করাতিয়া ব্যাসসিংহের বংশীয় রাজা লক্ষীধর প্রথমে "কায়স্থগুরু" বা সভাপতি হইয়াছিলেন। এই বংশে দেওয়ান গঙ্গাগোবিন্দসিংহ জন্ম গ্রহণ করেন। [গঙ্গাগোবিন্দসিংহ দেখ।] রাজা লক্ষীধরের বংশীয় প্রধান ব্যক্তিই সভাপতি বা গোষ্ঠীপতি হইয়া থাকেন। কিন্তু নানা স্থানের উত্তররাঢ়ীয় কায়স্থবংশীয় রাজগণ এখন আপনাদিগকে সেই সেই সমাজের সভাপতি বা গোষ্ঠীপতি বলিয়া পরিচয় দেন।

বৈদ্যকুলতিলক ভরতমল্লিকের কুলপঞ্জিকা মতে—বিনায়কসেনই প্রথম গোষ্ঠীপতি হইয়াছিলেন। এই বংশীয়গণ বরাবর গোষ্ঠীপতি ছিলেন, শেষে ঢাকার নবাব রাজবল্লভ ও তদ্বংশীয় প্রধান ব্যক্তি গোষ্ঠীপতি হন। [কুলীন শব্দ দেখ।]

গোষ্ঠেক্ষেড়িন্ (পুং) গোষ্ঠে ক্ষেড়তে ক্ষিড়-ণিনি পাত্রে সমিতাদিত্বাৎ অলুক্‌স°। প্রগল্‌ভ।

গোষ্ঠেগল্‌ভ (পুং) গোষ্ঠে গল্‌ভতে গর্ব্বং করোতি গল্‌ভ-অচ্। পাত্রে সমিতাদিত্বাদলুক্‌স°। প্রগল্‌ভ।

গোষ্ঠেপটু (ত্রি) পাত্রে সমিতাদিত্বাদলুক্ স°। প্রগল্‌ভ।

গোষ্ঠেপণ্ডিত (ত্রি) পূর্ব্ববদ্ অলুক্‌স°। প্রগল্‌ভ।

গোষ্ঠেপ্রগল্‌ভ (ত্রি) পূর্ব্ববৎ অলুক্‌স°। প্রগল্‌ভ, যে সভাস্থলে প্রগল্‌ভতা প্রকাশ করে।

গোষ্ঠেশয় (ত্রি) গোষ্ঠে গোস্থানে শেতে-শী-অচ্ অলুক্‌স°। যে ব্যক্তি গোব্রত অনুষ্ঠানের জন্য গোষ্ঠে শয়ন করেন।

"পঞ্চগব্যং পিবেদ্‌গোষ্ঠে মাসমাসীত সংযতঃ।
গোষ্ঠেশয়ো গোঽনুগামী গোপ্রদানেন শুদ্ধ্যতি।" (যাজ্ঞবল্ক্য)

গোষ্ঠেশূর (পুং) অলুক্‌স°। প্রগল্‌ভ।

গোষ্ঠ্য (ত্রি) গোষ্ঠে ভবঃ যৎ। ১ গোষ্ঠোৎপন্ন। (পুং) ২ রুদ্রবিশেষ। "নমো ব্রজ্যায় চ গোষ্ঠ্যায় চ।" (শুক্লযজু° ১৬।৪৪)

'গাবস্তিষ্ঠন্তি যত্রেতি তদ্‌গোষ্ঠং তত্র ভবো গোষ্ঠ্যস্তস্মৈ।' (মহীধর)

গোষ্পদ (ক্লী) গোঃ পদং ৬তৎ, গাবঃ পদ্যন্তে গচ্ছন্তি যস্মিন্ দেশে গো-পদ-অপ্ ইতি বা উভয়ত্রৈব সুট্ বত্বঞ্চ। (গোষ্পদং সেবিতাসেবিতপ্রমাণেষু। পা ৬।১।১৪৫।) ১ গোরুর খুরচিহ্ন-পরিমিত স্থান।

"ভীষ্মদ্রোণার্ণবং তীর্ত্বা কর্ণপাতালসম্ভবম্।
মা নিমজ্জন্ত্ব সগণঃ শল্যমাসাদ্য গোষ্পদম্।" (ভারত ৯।৭।৩৭)

২ গোপদজাত গর্ত্ত। ৩ গোসেবিত স্থান, যে স্থানে সর্ব্বদা গোরুর যাতায়াত আছে। ৪ গো কর্ত্তৃক অসেবিত স্থান, যে স্থানে গোরুর গমনাগমন নাই। ৫ প্রভাসক্ষেত্রস্থিত একটী তীর্থ। স্কন্দপুরাণে লিখিত আছে যে, সরস্বতী প্রভাসে পাঁচটী স্রোতে প্রবাহিত। সরস্বতীর পঞ্চম স্রোত ও ন্যঙ্কুমতীর তীর ইহার মধ্যে গোষ্পদ নামক তীর্থ। এই তীর্থ দর্শন ও এখানে স্নানাদি করিলে সকল পাপ নাশ হয়। পূর্ব্ব কালে এই তীর্থ রুদ্রগয়া নামে প্রসিদ্ধ ছিল। কলিকালে ইহার নাম গোষ্পদ হইয়াছে। ক্ষীরোদসমুদ্র মথিত হইলে যে কয়টী লোকমাতা গাভী উৎপন্ন হয়, এক সময়ে তাহারা তীর্থ ভ্রমণ করিতে বাহির হইয়াছিল। দেবগণ ইহাদের তীর্থযাত্রার অনুযাত্রিক হইয়াছিলেন। গাভীরা অনেক তীর্থপর্য্যটন করিয়া রুদ্রগয়ায় উপস্থিত হইলে তাহাদের মধ্যে প্রধানা নন্দিনীর একটী পা একখানি শিলাফলকে বসিয়া যায়। নন্দিনী দেবগণকে ডাকিয়া বলিল, "তোমরা দেখ, আমার পা শিলাফলকে বসিয়া গেল, ইহার চিহ্নটী ঠিক যেন গগনাঙ্গনে উদিত চন্দ্রবিম্ব। দেবগণ! আমার আদেশ মতে চরাচর ত্রৈলোক্য আজ হইতে এই তীর্থকে গোষ্পদ নামে উল্লেখ করিবে।" নন্দিনীর আদেশে সেই দিন হইতেই উহার নাম গোষ্পদ হইয়াছে, রুদ্রগয়া নাম একেবারেই বিলুপ্ত। (স্কন্দপুরাণ—প্রভাসখণ্ড)

গোষ্পদীকৃত (ত্রি) গোষ্পদ-চ্বি। যাহাকে গোরুর পদচিহ্নের তুল্য করা হইয়াছে। "গোষ্পদীকৃতসাগরাং" (ভট্ট)

গোস (পুং) গাং জলং স্যতি সো-ক। ১ বোল, ঝারজল। ২ উষ্ণকাল। ৩ প্রভাত, প্রাতঃকাল। (মেদিনী)

গোসখি (পুং) গৌঃ সখা অস্য বহুব্রী বিকল্পে ষত্বাভাবঃ। গোরুতে যাহার সহায়তা করে। [গোষখি দেখ।]

গোসগৃহ (ক্লী) শয়নগৃহ।

গোসঙ্ঘ্য (পুং) গাঃ সঙ্ঘটে গো-সম্-চঙ্ক-ক (সসি খ্যঃ। পা ৩।২।৭।) খ্যাদেশশ্চ। (চঙ্কিণ্ডঃ খ্যাঞ্। পা ২।৪।৫৪) গোপ। "গোসঙ্ঘ্য আসং কুরুপুঙ্গবানাং।" (ভারত ৪। ১০ অঃ)

গোসত্র (পুং) গোভিঃ কৃতং সত্রং। যজ্ঞবিশেষ। গবাময়ন যজ্ঞ। [গবাময়ন দেখ।]

গোসদৃক্ষ (পুং স্ত্রী) গোঃ সদৃক্ষঃ ৬তৎ। পশুবিশেষ, গবয়। (ত্রি) ২ গোসদৃশ, গোতুল্য। গোসদৃশ প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত হয়।

গোসনি (ত্রি) গাং সনোতি দদাতি সন-ইন্ পক্ষে ষত্বাভাবঃ। [গোষণি দেখ।]

গোসন্দায় (ত্রি) গাঃ সন্দদাতি গো-সম্-দা-অণ্ (কর্ম্মণ্যণ্। পা ৩। ৩। ১।) যে গোদান করে, গোদাতা। (সি° কৌ°)

গোসম্প্রদায় (ত্রি) গাং সম্প্রদদাতি গো-সং-প্র-দা-অণ্। গোদাতা।

গোসম্ভবা (স্ত্রী) গোরিব সম্ভবো লোমাদিরূপাকৃতি র্যস্যাঃ বহুব্রী। ১ শ্বেতদূর্ব্বা। (রাজনি°) (ত্রি) সম্ভবত্যস্মাৎ সং-ভূ অপাদানে-অপ্ গৌঃ সম্ভব উৎপত্তিস্থানং যস্যাঃ বহুব্রী। ২ গোজাত, যাহা গোরু হইতে উৎপন্ন হয়।

গোসর্গ (পুং) গাবঃ সৃজ্যতে যত্র কালে সৃজ আধারে ঘঞ্। ১ বনগমনের জন্য গোমোচনের কাল, প্রাতঃকাল।

"গোসর্গে চার্দ্ধরাত্রেচ তথা মধ্যন্দিনেষু চ।"

(সুশ্রুত, চিকি° ২৪ অঃ)

গোসর্প (পুং স্ত্রী) গৌরিব সর্পঃ। গোধা, গোসাপ।

গোসব (পুং) গৌঃ সুরতে হিংস্যতেঽত্র গো-সু-আধারে অপ্। যজ্ঞবিশেষ। [গোমেধ দেখ।]

গোসশশ (পুং) গোস এব শশঃ তৎতুল্যঃ। বোল। (রায়মুকুট)

গোসহস্র (ক্লী) গবাং সহস্রং দাতব্যতয়া যত্র বহুব্রী। তুলাপুরুষ প্রভৃতি ষোলটী মহাদানের অন্তর্গত একটী মহাদান। মৎস্যপুরাণে লিখিত আছে যে, পুণ্যতিথি, যুগাদি বা মন্বন্তরে এই দান করিতে হয়। তুলাপুরুষদানের ন্যায় সর্ব্ব প্রথমে লোকপালগণকে আবাহন করিবে এবং সেই নিয়মে পুণ্যাহবাচন ও হোম করিতে হয়। ঋত্বিক্ মণ্ডপ সজ্জা, ভূষণ, আচ্ছাদন প্রভৃতি ও লক্ষণযুক্ত একটী বৃষের বেদি মধ্যে অধিবাস করিবে। বেদির বাহিরে এক সহস্র গোরু, বস্ত্র ও মাল্যদ্বারা ভূষিত করিবে। ঐ গোরুগুলির শৃঙ্গ সুবর্ণময় ও খুরগুলি রৌপ্যময় করিবে। পরে ঐ গোরু হইতে দশটী গোরু মণ্ডপ মধ্যে লইয়া যাইয়া বস্ত্র ও মাল্য দ্বারা ভূষিত করিবে। সুবর্ণনির্ম্মিত ক্ষুদ্র ঘণ্টা, কাংস্য-নির্ম্মিত দোহন, সুবর্ণতিলক, হেমপট্ট, কৌশেয় বস্ত্র, মাল্য, গন্ধ, হেমরত্নময় শৃঙ্গ, চামর, পাদুকা, জুতা, ছত্র ও আসন এই সকল দ্রব্য গোরুর সহিত দিতে হয়। দশটী গোরুর মধ্যে একটী কাঞ্চনময় নন্দিকেশ্বর থাকিবে। তাহাকেও কৌশেয় বস্ত্রাদি দ্বারা সুশোভিত করিবে। এই প্রকারে বৃষ ও গাভীর অধিবাস করিয়া পরে পুণ্যকাল উপস্থিত হইলে সর্ব্বৌষধিজলে স্নান ও কুসুমাঞ্জলি গ্রহণ করিয়া এই মন্ত্রগুলি পাঠ করিবে। মন্ত্র যথা—

"নমোঽস্তু বিশ্বমূর্ত্তিভ্যো বিশ্বমাতৃভ্যএবচ।
লোকাধিবাসিনীভ্যশ্চ রোহিণীভ্যো নমোনমঃ॥
গবামঙ্গেষু তিষ্ঠন্তি ভুবনান্যেকবিংশতিঃ।
ব্রহ্মাদয়স্তথাদেবা রোহিণ্যঃ পান্তু মাতরঃ॥
গাবো মে অগ্রতঃ সন্তু গাবঃ পৃষ্ঠতএবচ।
গাবঃ শিরসি মে নিত্যং গবাং মধ্যে বসাম্যহং॥
যস্মাত্ত্বং বৃষরূপেণ ধর্ম্ম এব সনাতনঃ।
অষ্টমূর্ত্তেরধিষ্ঠানমতঃ পাহি সনাতন॥"

এই সকল মন্ত্রপাঠ করিয়া নন্দিকেশ্বরটী গুরুকে দান করিবে। ইহার সহিত একটী গাভী ও নানাবিধ উপকরণও দিতে হয়। পূর্ব্বোক্ত দশক হইতে এক একটী গোরু ঋত্বিকদিগকে দান করিবে এবং ঋত্বিক্ ও গুরুর অনুমতি লইয়া অপর ব্রাহ্মণগণকে এক একটী করিয়া গোরু দান করিবে। একজনকে দুইটী দান করিতে নাই। এই দান করিবার পূর্ব্বে তিন দিন ও অশক্তপক্ষে একদিন কেবল দুগ্ধ খাইয়া থাকিতে হয়। অপরাপর দানাদির ন্যায় ইহার পূর্ব্বেও বৃদ্ধিশ্রাদ্ধ, শিবাদিপূজা ও ঋত্বিক্ প্রভৃতির বরণ করিতে হয়। এইরূপে গোসহস্র দান করিলে সকল পাপ নাশ হয়। যিনি এই নিয়মে গোসহস্র দান করেন, কিঙ্কিণী-জাল-পরিবৃত সূর্য্যবর্ণ রথে আরোহণ করিয়া লোকপালগণের লোকে যাইয়া পরম সুখে কালাতিপাত করিতে পারেন। এক মন্বন্তর পর্য্যন্ত তথায় পুত্রপৌত্রাদিযুক্ত থাকিয়া শিবপুরে গমন করেন। তাহার পিতৃকুলের একাধিক এক-শত পুরুষ এবং মাতামহকুলেরও একাধিক একশত পুরুষ পাপ হইতে মুক্তিলাভ করে। তিনি শতকল্প পর্য্যন্ত শিবলোকে বাস করিয়া ভূমণ্ডলে রাজচক্রবর্ত্তী হইয়া জন্মগ্রহণ করিতে পারেন এবং এই জন্মে শিবভক্ত হন। শত অশ্বমেধ ও বৈষ্ণবযোগ অবলম্বন করিয়া সংসারবন্ধন হইতে মুক্ত হইয়া থাকেন। যে গো সহস্র দান করে, সকল পিতৃলোক

তাহার প্রতি সন্তুষ্ট থাকে। পিতৃলোকবাসী পিতৃগণ গোসহস্রদাতার প্রশংসার জন্য সর্ব্বদাই এই শ্লোক দুইটী পাঠ করেন—

"অপি স্যাৎ স কুলেঽস্মাকং পুত্রোদৌহিত্র এব চ।
গোসহস্রপ্রদো ভূত্বা নরকাদুদ্ধরিষ্যতি॥
তস্য কর্ম্মকরো বা স্যাদপি দ্রষ্টা তথৈবচ।
সংসারসাগরাদস্মাদ্ যোঽস্মান্ সংতারয়িষ্যতি॥"

এই গাথানুসারে বোধ হয় যে, যে ব্যক্তি গোসহস্রদাতার ভৃত্য ও যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক আদ্যোপান্ত গোসহস্র দান অবলোকন করে, তাহাদের পিতৃকুল এবং মাতৃকুলেরও উদ্ধার হইয়া থাকে। (মৎস্যপুরাণ ২৭৮ অঃ ও হেমাদ্রিদানখণ্ড)

আথর্ব্বণ গোপথব্রাহ্মণে এইরূপ গোসহস্রবিধি লিখিত আছে—গোষ্ঠে জলের নিকটবর্ত্তী একটী স্থান পরিষ্কার করিয়া কতকগুলি পুরাতন জ্বালানি কাঠ রাখিবে। পরে যথাবিধি অগ্নিস্থাপন করিয়া হোম করিবে। প্রথম "আ গাব" সূক্তদ্বারা ও তৎপরে "মহাব্রীহীণামৈন্দ্রং চরুং" ইত্যাদি মন্ত্র দ্বারা হোম করিবে। অগ্নির পশ্চিমভাগে তীর্থোদকপরিপূর্ণ একটী কলসী স্থাপন করিয়া "অহিংসবো গোষ্ঠেন" ইত্যাদি মন্ত্রপাঠ করিয়া দশটী গাভী স্নান করাইবে। ইহার পরে অপর সহস্র গাভীরও অভ্যুক্ষণ করিয়া সেই গাভীস্নানজলে "ইমমিন্দ্রং বর্দ্ধয় ক্ষত্রিয়ং ম" ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক রাজাকে অভিষিক্ত করিতে হয়। ইহার পরে "ইমা আপ" ইত্যাদি মন্ত্রে পংক্তিক্রমে অঞ্জন, অভ্যঞ্জন ও অনুলেপন করিয়া সহস্রের প্রথমা গাভীটীকে অলঙ্কৃত করিবে। এবং "গাবো মামুপতিষ্ঠন্ত প্রজাবতী সুয়বাসাৎ" ইত্যাদি মন্ত্রপাঠপূর্ব্বক গাভীটীকে ফিরাইয়া তাহার প্রিয়ভক্ষ্য দ্রব্য অর্পণ করিবে। সহস্রতমী গাভীটীকে স্পর্শ করিয়া "দ্বিতৃণমন্ন্য" ইত্যাদি মন্ত্রটী জপ করিবে। "ময়া গাবঃ পতিনা সবন্ধম্" এই মন্ত্রে অর্ঘ্যদান এবং পুনর্ব্বার গাভীস্পর্শ করিয়া "ভূমিষ্টা প্রতি গৃহ্লাতু" এই মন্ত্রটী সহস্রবার জপ করিতে করিতে ঐ গাভীটীর পৃষ্ঠে অনুগমন করিয়া ক্রমে সমস্ত গাভীর প্রদক্ষিণপূর্ব্বক নমস্কার করিবে ও ব্রাহ্মণদিগকে স্বস্তিবাচন করাইয়া অর্পণ করিবে। সহস্রতমী গাভীটী ও বস্ত্রযুগল এবং দক্ষিণার জন্য দশটী গাভী যাগকর্ত্তা ঋত্বিক্‌কে দিতে হয়। এইরূপে গোসহস্রদান করিলে সপ্তপুরুষানুষ্ঠিত সপ্তজন্মের পাপনাশ হয়। (গোপথব্রা॰) অপরাপর পুরাণেও ইহার বিধান আছে। গবাং সহস্রং ৬তৎ। ২ হাজার গোরু।

গোসহস্রী (স্ত্রী) গোসহস্রং তদ্দানফলং বিদ্যতে অত্র গোসহস্র-অচ্-গৌরাদিত্বাৎ ঙীষ্। ১ মঙ্গলবারযুক্ত অমাবস্যা। মঙ্গলবারে অমাবস্যা হইলে তাহাকে গোসহস্রী বলে, এই দিনে গঙ্গা স্নান করিলে সহস্র গোদানের ফল হয়।

"অমাবাস্যাং ভবেদ্‌বারো যদি ভূমিসুতস্য চ।
গোসহস্রফলং দদ্যাৎ স্নানমাত্রেণ জাহ্নবী॥" (ব্যাস)

২ সোমবার যুক্ত অমাবস্যা। এইদিনে অরুণোদয়কাল হইতে স্নানকাল পর্য্যন্ত মৌনী থাকিয়া স্নান করিলে গোসহস্রদানের ফল হয়।

"সিনীবালী কুহূর্বাপি যদি সোমদিনে ভবেৎ।
গোসহস্রফলং দদ্যাৎ স্নানং যন্মৌনিনা কৃতম্॥"

(তিথ্যাদিতত্ত্বধৃত ব্যাস॰)

গোসা (আরবী) ১ রাগ, ক্রোধ। ২ কণ্ঠরোধ। ৩ দুশ্চিন্তা। ৪ শোক।

গোসাঁই (দেশজ) সংস্কৃত গোস্বামিন্ শব্দের অপভ্রংশ। যিনি ইন্দ্রিয় জয় করিয়াছেন, তাঁহাকেই গোস্বামী বা গোসাঁই বলে। এদেশীয় বৈষ্ণবগণের প্রাচীন ভাষাগ্রন্থে "গোসাঞী" ও দাক্ষিণাত্যে "গোসাবি" নামে অভিহিত।

চৈতন্য মহাপ্রভুর সময় হইতে জিতেন্দ্রিয় চৈতন্যপার্ষদ ও চৈতন্যভক্তগণ গোসাঁই আখ্যা প্রাপ্ত হন। ইন্দ্রিয়জয়ী হউন বা নাই হউন, নিতান্ত লম্পট ও ইন্দ্রিয়পরবশ চৈতন্য-সম্প্রদায়ভুক্ত ব্রাহ্মণও এখন গোসাঁই বলিয়া পরিচয় দিয়া থাকেন। কিন্তু চৈতন্যদেবের সময় যে কেহ এই উচ্চপদ ব্যবহার করিতে পারিতেন না। এদেশীয় বৈষ্ণবগণের প্রাচীন কড়চা ও ভক্তদিগ্‌দর্শনী পাঠে জানা যায় যে, ছয় জন মাত্র গোস্বামী বা গোসাঁই আখ্যা লাভ করিয়াছিলেন। এই ছয় জনের নাম—রূপ, সনাতন, ভট্টরঘুনাথ, জীব, গোপালভট্ট ও রঘুনাথ দাস।

চৈতন্যভক্ত বৈষ্ণব গোস্বামীগণের অনুকরণে ভারতের নানাস্থানে শৈব ও বৈষ্ণবাচার্য্যগণ গোস্বামী উপাধি ধারণ করেন। এখন তাহাদের বংশধরগণ নিতান্ত অনুপযুক্ত হইলেও এই উপাধি ব্যবহার করিতেছেন। ভারতের সকল প্রধান পুণ্যক্ষেত্রে, তীর্থস্থানে ও মহানগরে উক্ত গোসাঁইদিগের আখড়া বা মঠ আছে। গোসাঁইদিগের চিরদিন অবিবাহিত থাকিবার অথবা সংসারনির্লিপ্ত থাকিবার কথা, কিন্তু এখনকার গোসাঁইগণ এ নিয়ম আদৌ পালন করেন না। বঙ্গ ও উত্তর ভারতে যাহারা মঠ বা আখড়ার মোহান্ত, এরূপ গোস্বামীগণ প্রায় অবিবাহিত থাকেন।

দাক্ষিণাত্যের গোসাবিরা একটী পৃথক্ জাতি হইয়া পড়িয়াছে। ইহারা সকল বর্ণের লোককেই কিছু অর্থ পাইলে নিজ দলভুক্ত করিয়া লইতে পারে। ইহাদের মধ্যে কেহ

ক্ষত্রিয়, কেহ বা ব্রাহ্মণ বলিয়া পরিচয় দেয়। মহারাষ্ট্রবীর মাধাজী সিন্ধিয়ার অভ্যুদয়কালে ইহারা অস্ত্রধারণ করিয়াছিল। পেশবার অনেক গোসাবিসৈন্য ছিল। এখন মহারাষ্ট্রের গোসাবিরা সৈনিক কার্য্য ছাড়া গুরুগিরি, মহাজনী প্রভৃতি সকল কার্য্যই করিয়া থাকে। ইহাদের মধ্যে দুই একজন যথার্থ সাত্ত্বিক লোকও আছে, কিন্তু অধিকাংশই লম্পট ও মূর্খ, তাহাদের রমণীগণও পরপুরুষপ্রিয়। মাল্যপরিবর্ত্তন দ্বারাই ইহাদের বিবাহকার্য্য সম্পন্ন হয়। শোলাপুরে গোসাবিদিগের মধ্যে গিরি, পুরী, ভারতী, তীর্থাশ্রম, সরস্বতী, সাগর, কাণফাটে ও বজারণ নামে শ্রেণী বিভাগ দেখা যায়। ধারবার অঞ্চলে গিরি, পুরী, ভারতী ও বাণ এই চারিশ্রেণী দৃষ্ট হয়। গিরি ও বাণশ্রেণীর মধ্যে অনেকেই বিবাহ করে না। এক শ্রেণী অপর শ্রেণীর সহিত কোন সম্বন্ধ নাই। বঙ্গদেশের গোঁসাইগণ যেমন কণ্ঠি ধারণ করেন, দাক্ষিণাত্যের অনেক গোসাবি সেইরূপ রুদ্রাক্ষ ধারণ করিয়া থাকে। গোসাবিরা অনেকেই হনুমান্‌ভক্ত, সর্ব্বদাই সঙ্গে একটী লিঙ্গ ও হনুমান্ মূর্ত্তি রাখে। কেহ গোসাবি হইতে চাহিলে তাহার মস্তক মুণ্ডন করিয়া তাহার কর্ণে "ওম্ সোঽহম্" এই মন্ত্র দিয়া থাকে। জাতিভেদের দলাদলি ইহাদের মধ্যে নাই।

গোসাঁই আনন্দকৃষ্ণব্রাহ্মণ, একজন বিখ্যাত কবি ও পণ্ডিত। ইনি পারসী ভাষায় ৪০০০০ বয়েতে সপ্তকাণ্ড-রামায়ণ, ১২০০০ পারসি বয়েতে মৎস্যপুরাণ এবং মিতাক্ষরার পারসী অনুবাদ রচনা করেন। ইনি নিজ অনুবাদে এইরূপ আত্মপরিচয় দিয়াছেন—

শাহজহানাবাদে তাঁহার জন্ম হয়, ১৮৩৫ সম্বতে কাশীধামে আসেন এবং ১৮৪৭ সম্বতে জোনাথন ডঙ্কন সাহেবের অনুরোধে রামায়ণ অনুবাদ করেন।

গোসাঁইকবি, রাজপুতানার একজন বিখ্যাত কবি। ইহার দোহা রাজপুতসমাজে বিশেষ সমাদৃত।

গোসাঁইগঞ্জ, লক্ষ্ণৌজেলার অন্তর্গত একটী নগর। অমেথি দীনগুরনগর হইতে ৩ মাইল দক্ষিণপশ্চিমে ও লক্ষ্ণৌ নগর হইতে সুলতানপুর যাইবার পথে অবস্থিত। হিম্মতগিরি গোঁসাই ১৭৫৪ খৃষ্টাব্দে এই নগর স্থাপন করেন। এখানে একটী সুবৃহৎ মৃত্তিকানির্ম্মিত কেল্লার ধ্বংসাবশেষ পড়িয়া আছে। এখানকার লোকেরা একটী প্রাচীন মূর্ত্তিকে চতুর্ভুজ দেবী বলিয়া পূজা করিয়া থাকে।

উক্ত রাজা ১০০০ অশ্বারোহী রাজপুতসেনার নায়ক ছিলেন এবং সৈন্যের বেতনস্বরূপ অমেথি পরগণা জায়গীর প্রাপ্ত হইয়াছিলেন। এককালে তাঁহার প্রভূত ক্ষমতা ছিল। বক্সার যুদ্ধের পর নবাব সুজা উদ্দৌলা ইংরাজ ভয়ে ভীত হইয়া তাঁহার নিকট আশ্রয় চাহেন। তিনি তাঁহাকে নিজ দুর্গে প্রবেশ করিতে দেন নাই। নবাব ও ইংরাজে সন্ধি স্থাপিত হইলে রাজা নিজ জন্মভূমি হরিদ্বারে পলাইয়া আসিতে বাধ্য হইলেন। এখানে তিনি ইংরাজ কর্ত্তৃক একটী ক্ষুদ্র জায়গীর পাইয়াছিলেন।

নগরটী বেশ পরিষ্কার ও পরিচ্ছন্ন। পথ ঘাট পরিষ্কার করিতে যে ব্যয় হয়, তাহা প্রত্যেক বাটী হইতে কর স্বরূপ আদায় হইয়া থাকে। কানপুর ও লক্ষ্ণৌ পর্য্যন্ত সমান রাস্তা থাকায় এখানকার বাণিজ্যের বিশেষ সুবিধা আছে। এখানকার অধিষ্ঠাত্রী দেবীর উৎসব উপলক্ষে বৎসরে দুইবার মেলা হয়, তাহাতে এখানে পাঁচসাত হাজার লোক আসিয়া থাকে।

গোসাঁপ (গোসর্প শব্দজ) গোসর্প। [গোসাপ দেখ।]

গোসাদ (ত্রি) গাং সাদয়তি গো সদ্-ণিচ্ অণ্ উপ° স°। গোচালক, যে গোরু চালায়। এই শব্দের পূর্ব্বপদপ্রকৃতিস্বর হইয়া থাকে। (গোঃ সাদসাদিসারথিষু। পা ৬।২।৪১)

গোসাদিন্ (ত্রি) গাং সাদয়তি সদ্-ণিচ্-ণিনি ৬তৎ। গোসারথি, গোচালক। *। গোসাদিন্ শব্দ পূর্ব্বপদপ্রকৃতিস্বর হয়।

গোসাপ, সরীসৃপবিশেষ। বাঙ্গালায় গোসাপ বা গুঁইসাপ বলে। ইহার সংস্কৃত পর্য্যায়—গোধা, গোধি, নিহিকা, গোধিকা, দারুমুখ্যাহ্বা। হিন্দিভাষায় গোহী এবং ইংরাজিতে ইগুয়ানা (Iguana) বলে।

বাঙ্গালাদেশে (Varanus flavescens, V. draccena ও V. nebulosus) তিন জাতীয় গোসাপ আছে। (শেষোক্ত) দুই জাতি আগ্রা অঞ্চলে দেখা যায়। (V. Dumerilii) দুম্‌ড়ি জাতি লম্বে ৭ ফিট হইয়া থাকে। ইহারা রাত্রিকালে ভোঁদড়ের মত পালিত পক্ষাদি খাইবার জন্য গৃহস্থের বাটীর মধ্যে আসিয়া থাকে। পূর্ব্বদ্বীপপুঞ্জে বাসিলিস্কনামক (Basaliscus Amboiensis) এক জাতীয় গোসাপ দেখা যায়। মলয়বাসীরা ইহাকে "বিয়াবক" বলে। ইহাদের আকার ঠিক ছানা কুমীরের মত এবং কতকাংশে চতুষ্পদ নকুলজাতির সৌসাদৃশ্য আছে। ভারতবর্ষে জলবাটী, পুরাতন প্রাচীর ও বনের মধ্যে গোসাপদিগের বাস। ইহারা সাধারণতঃ দুই ফিট লম্বা হইয়া থাকে। ইহাদের লেজ লম্বা, গোলাকার ও মধ্যস্থলে কথঞ্চিৎ উচ্চ। পিঠে, লেজে ও গলায় কুম্ভীরের গায়ের মত কাঁটা আছে। সমগ্র গাত্রাবরণই উজ্জ্বল আঁইষে ঢাকা। কোন কোন মুসলমান ও

ধাঙ্গড়েরা ইহার মাংস ভক্ষণ করিয়া থাকে। আমেরিকার ওয়েষ্ট-ইণ্ডিজ দ্বীপবাসীরা ইহার মাংস লবণাক্ত করিয়া নানা দেশে রপ্তানী করে। ভারতে ইহার মাংস শুকাইয়া ঘৃতমিশ্রণে একপ্রকার স্নেহ দ্রব্য প্রস্তুত হয়। ক্ষয়কাশ রোগীর পক্ষে ইহা একটী বলকর মহৌষধ। এই জন্তু হইতে একপ্রকার তৈলও পাওয়া যায়। সিংহলদ্বীপে যে গোসাপ যায়, তাহাকে ইংরাজেরা মনিটর (Monitor braceena) এবং সিংহলবাসীরা তল-গোয়া বলে। ইহারা লম্বে ৪।৫ ফিট্ হইয়া থাকে। সিংহলবাসী তামিলজাতির বিশ্বাস যে জীয়ন্ত গোসাপের জিহ্বা টানিয়া সমস্ত খাইতে পারিলে ক্ষয়কাশরোগ আরোগ্য হয়।

বৈদ্যশাস্ত্রমতে ইহার মাংসের গুণ—বাত, শ্বাস ও কাশনাশকারী। ইহার মাংস পাক করিলে, মধুর, কষায়, কটুরসযুক্ত, পিত্তনাশকর, রক্ত ও শুক্রবৃদ্ধিকর এবং বলকারক।

গোসারথি (পুং) গোঃ সারথিঃ, ৬তৎ। গোচালক, যে গোরু চালায়। (পা ৬।২।৪১)

গোসূত্রিকা (স্ত্রী) গোবন্ধন রজ্জু, ফাঁস দড়ি ছাড়া যে দড়িতে গোরু বাঁধা থাকে।

গোসেবা (স্ত্রী) গোঃ সেবা ৬তৎ। গোপরিচর্য্যা।

গোস্তন (পুং) গোস্তন ইব গুচ্ছো যস্ত বহুব্রী। ১ চতুর্যষ্টিক হার, চারিনরহার। (অমর ২।৬।১০৫) গোঃ স্তনঃ ৬তৎ। ২ গোরুর স্তন।

"সুবৃত্তং গোস্তনাকারং সর্ব্বভূতগুণোদ্ভবম্।" (সুশ্রুত ৫।১ অঃ)

গোস্তনা (স্ত্রী) গোঃ স্তনইব ফলমস্যাঃ বহুব্রী স্বাঙ্গত্বাৎ বা ঙীষ্ ভাব পক্ষে টাপ্। দ্রাক্ষা। (অমরটী°)

গোস্তনী (স্ত্রী) গোস্তন ইব ফলমস্যাঃ বহুব্রী স্বাঙ্গত্বাৎ ঙীষ্। ১ দ্রাক্ষা, কিস্‌মিস্। ২ কপিলদ্রাক্ষা, আঙ্গুর। কেহ কেহ মনক্কাকে গোস্তনী বলিয়া থাকে। গোঃ স্তনা ইব স্তনা যস্যাঃ বহুব্রী। ৩ কার্ত্তিকের অনুগামিনী মাতৃকাগণের অন্তর্গত একটী মাতৃকা।

"প্রভাবতী বিশালাক্ষী পালিতা গোস্তনী তথা।"(ভারত ৯।৪৬।৩)

কোন কোন পুস্তকে গোস্তনীস্থলে গোনসীপাঠ দৃষ্ট হয়।

গোস্তোম (পুং) গোনামকঃ স্তোমঃ ত্রিকল্পপক্ষে মধ্যপদলোপঃ। অগ্নিষ্টোম যাগের অঙ্গ একাহসাধ্য যাগবিশেষ।

"গোস্তোমভূমিস্তোমবনস্পতিসবানাম্।" (আশ্বলায়ন শ্রৌ°)

'গোস্তোমো ভূমিস্তোমো বনস্পতি সব ইতি ত্রয়ঃ একাহাঃ কর্ত্তব্যাঃ।' (নারায়ণবৃত্তি) [গোষ্টোম দেখ।]

গোস্থান (ক্লী) গোঃ স্থানং ৬তৎ। গোরুর স্থান, গোষ্ঠ।

"বধ্যে গোস্থানসঙ্কুলম্।" (হরিবংশ ৬৯।২৭)

গোস্থানক (ক্লী) গোস্থান স্বার্থে কন্। গোষ্ঠ।

গোস্থানী (চম্পাবতী বা কোনাড) বিশাখপত্তন জেলায় গজপতিনগর হইতে নির্গত একটী নদী। প্রায় ৪৮ মাইল দক্ষিণপূর্ব্বে প্রবাহিত হইয়া কোনাড়ের নিকটে সমুদ্রে মিশিয়াছে। ইহার তীরে গজপতিনগর ও অদ্রগ্রাম অবস্থিত।

গোস্বলু (পুং) শাকল্যের একশিষ্য।

গোস্বামিন্ (ত্রি) গবাং স্বামী ৬তৎ। ১ গোরুর অধিপতি।

"গোস্বাম্যনুমতে ভৃত্যঃ সা স্যাৎপালে ভৃতেঽভৃতিঃ।"

(মনু ৮।২৩১)

গবাং ইন্দ্রিয়াণাং স্বামী ৬তৎ। ২ উপাধিবিশেষ।

পূর্ব্বকালে যাঁহারা আরাধনা করিয়া ইন্দ্রিয় জয় করিতে পারিতেন অর্থাৎ যাঁহারা ইন্দ্রিয়ের অধীন হইতেন না, ইন্দ্রিয়গণ যাঁহাদের অধীনে থাকিত, সেই সকল যতিগণের গোস্বামী উপাধি ছিল। চৈতন্যের পর হইতেই এই উপাধির ছড়াছড়ি দেখিতে পাওয়া যায়। ইহার পূর্ব্বে গোস্বামী উপাধি ছিল কি না তাহার নিশ্চয় করা যায় না। কাত্যায়ন ১৫।৬।২২ সূত্রে, মনু ৮।২৩১ শ্লোকে ও বৃহৎসংহিতার ৮৫।৩২ শ্লোকে গোস্বামিন্ শব্দের উল্লেখ আছে, কিন্তু তাহার অর্থ গোরুর অধিপতি, উপাধি নহে।

চৈতন্যের পর এ দেশের বৈষ্ণব গুরুরা এইটীকে বংশ পরম্পরা প্রসিদ্ধ একচেটে করিয়া লইয়াছেন। [গোসাঁই দেখ।]

গোস্বামিন্, এই উপাধিভূষিত নামহীন কএকজন সংস্কৃত গ্রন্থকারের নাম পাওয়া যায়। যথা—

১ অমরকোষের বালবোধিনী নামে টীকাকার।

২ মাধব ভট্টাচার্য্যের প্রসিদ্ধ গাদাধরী নামক সুবৃহৎ ন্যায়গ্রন্থের একজন টিপ্পণীকার। ইহার রচিত গাদাধরীর সমস্ত টিপ্পণী পাওয়া যায় না, কেবল এই এই অংশের টিপ্পণ পাওয়া গিয়াছে—

অনুমিতি, অবচ্ছেদ, অসিদ্ধপূর্ব্বপক্ষ, অসিদ্ধসিদ্ধান্ত, উদাহরণলক্ষণ, উপাধিদূষকতাবীজ, কূটাঘটিতলক্ষণ, তর্কগ্রন্থ, তৃতীয়মিশ্রলক্ষণ, দ্বিতীয়চক্রবর্ত্তীলক্ষণ, দ্বিতীয় প্রবললক্ষণ, দ্বিতীয়মিশ্রলক্ষণ, পক্ষতাসিদ্ধান্ত, পঞ্চলক্ষণী, পরামর্শপূর্ব্বপক্ষ, পুচলক্ষণ, পূর্ব্বপক্ষ, প্রতিজ্ঞালক্ষণ, বাধপূর্ব্বপক্ষ, বিরুদ্ধপূর্ব্বপক্ষ, বিশেষনিরুক্তি, সৎপ্রতিপক্ষসিদ্ধান্ত, সব্যভিচারপূর্ব্বপক্ষ ও সামান্যনিরুক্তি।

৩ নারায়ণচরিত্রমালা, ভক্তিরসামৃত ও ভাগবতটীকাকার।

৪ তিথিবাদি নামে জ্যোতির্গ্রন্থকার।

গোস্বামিস্থান (ক্লী) গোস্বামিনাং যতীনাং বাসযোগ্যং স্থানং ৬তৎ। হিমালয়ের একটী বিখ্যাত শৃঙ্গ।

গোহ্ (পুং) গুহ্যতেঽত্র গুহ আধারে ঘঞ্ বাহুলকাৎ উত্বাভাবঃ। গৃহ। "অদ্রিমৌশিজস্ত গোহে।" (ঋক্ ৪।২১।৬।)

গোহত্যা (স্ত্রী) গোর্হননং গো-হন-ক্যপ্ তকারশ্চান্তাদেশঃ (হনস্ত চ। পা ৩।১।১০৮) লোকব্যবহারাৎ স্ত্রীত্বং ততশ্চ টাপ্। গোবধ। অগ্নিপুরাণে লিখিত আছে যে রাগ, দ্বেষ, ও অনবধানতায় স্বয়ং বা অপর দ্বারা প্রাণীর প্রাণ-বিয়োগের কারণ কোন ব্যাপার অনুষ্ঠান করিলে তাহাকে হনন বা বধ বলে।

"প্রাণবিয়োগফলকব্যাপারো হননং স্মৃতম্।
রাগাদ্দ্বেষাৎ প্রমাদাদ্বা স্বতঃ পরত এব বা॥" (অগ্নিপু°)

শাস্ত্রকার ও সংগ্রহকারগণ জ্ঞানকৃত ও অজ্ঞানকৃত দুই প্রকার গোহত্যা নিরূপণ করিয়াছেন। যদি কোন ব্যক্তি "এইটা গোরু" এই প্রকার জানিয়া "আমি ইহাকে বধ করিব" এইরূপ ইচ্ছায় গোহত্যা করে, তবে তাহাকে জ্ঞানকৃত গোবধ বলে। আর গবয় ভাবিয়া বাস্তবিক গোরুকেই হনন করিলে কিংবা এইটী গোরু এইরূপ জ্ঞান থাকিতেও যদি বধ করিবার ইচ্ছা না থাকে, অথচ অন্য প্রয়োজন সিদ্ধির জন্য অনুষ্ঠিত কোন ব্যাপারে গোরু প্রাণ-ত্যাগ করে, তবে সেই স্থলে অজ্ঞানকৃত গোবধ হইয়া থাকে। এই গোহত্যা আবার সাক্ষাৎ ও পরম্পরাকৃত ব্যাপারভেদে দুই প্রকার। পাষাণ, লগুড়, শস্ত্র বা অন্য কোন প্রাণ-নাশক অস্ত্র দ্বারা বলপূর্ব্বক গোরু নিপাত করিলে তাহাকে সাক্ষাৎ গোবধ এবং অবরোধ বা বন্ধনাদি করিয়া রাখিলে যদি গোরু মরিয়া যায়, তবে তাহাকে পরম্পরাকৃত বা অসাক্ষাৎ গোবধ বলা হয়। গোহত্যার যে সকল প্রায়শ্চিত্ত নিরূপিত আছে, সাক্ষাৎ বধে হত্যাকারীকে তাহার সম্পূর্ণ প্রায়শ্চিত্ত করিতে হয়। অসাক্ষাৎ গোবধে হত্যাকারীর পক্ষে স্থলবিশেষে এক চতুর্থাংশ কম, অর্দ্ধ বা এক চতুর্থাংশ প্রায়শ্চিত্ত হইয়া থাকে। ইহাছাড়া গোস্বামীভেদেও প্রায়-শ্চিত্তের তারতম্য আছে। শাস্ত্রকারগণ যে প্রকারে গোপালনের বিধান নিরূপণ করিয়াছেন, সেই প্রকারে পালন করিলে অর্থাৎ পালনের ত্রুটিতে যদি গোরু মরিয়া যায়, তবে তাহাকে অপালন নিমিত্ত গোবধ বলে। (প্রায়শ্চিত্ততত্ত্ব) [গোহত্যার প্রায়শ্চিত্ত প্রায়শ্চিত্ত ও গোব্রত শব্দে দ্রষ্টব্য।]

প্রাচীন হিন্দুশাস্ত্রে অপর কতকগুলি ব্যাপারের গোহত্যা নামে উল্লেখ দেখিতে পাওয়া যায়। সেই ব্যাপারগুলিকে আতিদেশিকী গোহত্যা বা পারিভাষিক গোবধ বলে। "বিপ্র-হত্যাঞ্চ গোহত্যাং কিংবিধামাতিদেশিকীম্।" (ব্রহ্মবৈবর্ত্ত° প্রকৃতি° ৩০। ১৪৬) ব্রহ্মবৈবর্ত্তের মতে এই সকল ব্যাপার আতিদেশিকী গোহত্যা বলিয়া নিরূপিত। যথা—ভোজন বা জলপান করিতে উদ্যত গোরুর ভোজন বা জলপানের বিঘ্ন উৎপাদন, গোরু ও ব্রাহ্মণের মধ্য দিয়া গমন, গোশরীরে দণ্ডাঘাত, বৃষচালনা, উচ্ছিষ্ট দ্রব্য গোরুকে খাইতে দেওয়া, বৃষবাহকগণের পৌরোহিত্য বা যাজন, বৃষলীপতির অন্ন-ভোজন বা যাজন, আগুনে পদার্পণ, পা দিয়া গোতাড়ন, স্নানের পরে পাদপ্রক্ষালন না করিয়া গৃহে প্রবেশ, শুষ্কপাদে অর্থাৎ পা দুখানি জলার্দ্র না করিয়া ভোজন, ভিজা পায়ে শয়ন, নিষ্ঠাপর ব্রাহ্মণের দিনের মধ্যে দুইবার ভোজন, অবীরা স্ত্রীলোকের অন্নভক্ষণ, যোনি ব্যবসায়ে জীবিকা-নির্ব্বাহ, সন্ধ্যা না করা, পর্ব্বকালে পিতৃগণ ও পুণ্যতিথিতে দেবতাগণের অর্চ্চনা না করা, অতিথি সেবা না করা, আপনার স্বামী ও কৃষ্ণে ভেদজ্ঞান, (বোধ হয় এই কথাটী বৈষ্ণবকুলকামিনীগণের প্রতি,) কটুবাক্যে স্বামীর তাড়না, গোমার্গখনন, তড়াগ বা তাহার ঊর্দ্ধদেশে শস্য-বপন, অর্থলোভে বা অজ্ঞানে গোবধ প্রায়শ্চিত্তের ব্যতিক্রম, গোরুকে রীতিমত পালন না করা, গোরুকে কোন প্রকার দুঃখ দেওয়া; প্রাণী, দেবপূজা, অনল, জল, নৈবেদ্য, পুষ্প ও অন্ন লঙ্ঘন, নাস্তিবাদ, মিথ্যাকথা বলা, প্রতারণা, দেবতা বা গুরুদ্বেষ; দেবপ্রতিমা, গুরু বা ব্রাহ্মণ-দিগকে নমস্কার না করা, এই ব্যাপারগুলিকে আতিদেশিকী গোহত্যা বলে। (ব্রহ্মবৈ° প্রকৃতি° ৩০। ১৪৯—১৮১)

স্থলবিশেষে গোহত্যা বিধেয় কি না, ইহার বিচার উপস্থিত হইলে হিংসার বিধেয়তা ও অবিধেয়তা জানা আবশ্যক।

হিন্দুধর্ম্মশাস্ত্রের মতে হিংসামাত্রই পাপজনক ও অবিধেয়। প্রাণীহিংসায় ইহকালে ভীষণ নরকযন্ত্রণা ভোগ হইয়া থাকে। এই কারণে প্রাচীন সামাজিক নিয়মকর্ত্তা বা ধর্ম্মশাস্ত্র-প্রণেতা আর্য্যগণ "মাহিংসীঃ পুরুষং জগৎ" এই যজুর্ব্বেদীয় উপদেশবাক্য অবলম্বন করিয়া নানাবিধ শাস্ত্রে হিংসার অবিধেয়তা এবং হিংসাকারীগণের ইহকালে ও পরকালে যে সমস্ত অমঙ্গল হইয়া থাকে, তাহা লিপিবদ্ধ করিয়াছেন। বেদ, স্মৃতি, ইতিহাস, পুরাণ ও উপপুরাণ প্রভৃতি সকল হিন্দুশাস্ত্রই হিংসা অবিধেয় বলিয়া স্বীকার করেন। ইহাতে কোন মতভেদ বা ব্যবস্থাভেদ লক্ষিত হয় না। ধর্ম্মশাস্ত্রে ও বেদে যেরূপ হিংসার নিষেধ দেখিতে পাওয়া যায়, সেই প্রকার আবার স্থানবিশেষে কোন কোন হিংসার বিধানও আছে। যথা "অশ্বমেধেন যজেত স্বর্গকামঃ" অর্থাৎ স্বর্গকামনায় অশ্বমেধ যজ্ঞ করিবে ইত্যাদি। এইস্থলে একটী আপত্তি উঠিতে পারে

যে, বেদ ও ধর্ম্মশাস্ত্রে একবার হিংসার নিষেধ করিয়া আবার হিংসার বিধান করা হইয়াছে বলিয়া পরস্পর বিরোধ হইতে পারে। প্রাচীন ঋষিগণ ইহার মীমাংসা এইরূপ করিয়াছেন যে, বিধিবাক্য দুই প্রকার সামান্য ও বিশেষ। কোন বিশেষ বাক্য না লইয়া যে বিধি বাক্য তাহাকে সামান্য এবং কোন বিশেষ স্থল বা বিষয়ের জন্য যে বিধি বাক্য তাহাকে বিশেষ বলে। [সামান্য ও বিশেষ দেখ।]

সামান্য বিধি বিশেষ বিধির স্থল পরিত্যাগ করিয়া থাকে। এই স্থলে "মাহিংসীঃ পুরুষং জগৎ" অর্থাৎ এই জগতের প্রাণীমাত্রকেই হিংসা করিও না। এইটী সামান্য বিধি ও "অশ্বমেধেন যজেত" এইটী বিশেষ বিধি। অতএব বিশেষ বিধির বিষয় পরিত্যাগ করিয়া সামান্য বিধির প্রবৃত্তি হইলে এইস্থলে সামান্য বিধিবাক্যের এইরূপ অর্থ হইয়া থাকে। যথা অশ্বমেধ প্রভৃতি যাগে যে যে পশুহিংসার উল্লেখ আছে, তাহা ছাড়া অপর প্রাণীহিংসা করিবে না, ইহা হইলে আর পরস্পর বিরোধ থাকে না। যে কয়টী পশুহিংসার বিধান দেখিতে পাওয়া যায়, তাহাকে বৈধহিংসা এবং তদ্ব্যতীত হিংসাকে অবৈধ হিংসা বলে। বৈধ হিংসায় পাপ নাই, তাহার প্রায়শ্চিত্তও নাই। শাস্ত্রে যে সকল পাপ বা প্রায়শ্চিত্ত নিরূপিত আছে, তাহা অবৈধ হিংসায় ঘটিয়া থাকে। উপরে যে কয়টী লিখিত হইল, ইহা মীমাংসাদর্শনের মত, স্মৃতিসংগ্রহকারগণ এই মত অবলম্বন করিয়াছেন। বর্ত্তমান সময়ে ঐ মতটীই চলিতেছে। কিন্তু সাংখ্য ও পাতঞ্জল ঐরূপ স্বীকার করেন না, তাহাদের মতে বৈধহিংসায়ও পাপ হয়। [প্রাণীহিংসা দেখ।]

এখন কথা হইতেছে যে, যেরূপ অশ্বমেধ যজ্ঞে অশ্বহিংসা বিধান আছে, সেই প্রকার মনু প্রভৃতি শাস্ত্রে গোমেধযজ্ঞে গোহত্যারও বিধান দৃষ্ট হয় বলিয়া গোহত্যাও বিধেয়। [গোমেধ দেখ।] ইহা ছাড়া মধুপর্কে গোমাংস দেওয়ারও বিধান আছে। [মধুপর্ক দেখ।]

বর্ত্তমানসময়ে গোমাংসপ্রিয় অহিন্দুগণ শাস্ত্র-মীমাংসার অন্তস্তলে প্রবেশ করিতে না পারিয়া অথবা আপনার মত বজায় রাখিবার জন্য বলিয়া থাকেন যে, গোহত্যা হিন্দুশাস্ত্রানুমোদিত, হিন্দুর গোমাংস খাইতে কোন বাধা নাই। প্রমাণ মধুপর্কে গোহত্যা করিবার বিধান প্রায় সকল শাস্ত্রেই দৃষ্ট হয়। "মহোক্ষং বা মহাজং বা শ্রোত্রিয়ায়োপকল্পয়েৎ।" (যাজ্ঞ ১।১০৯) অর্থাৎ শ্রোত্রিয় অতিথি হইলে তাহাকে বৃহৎ বৃষ বা বৃহৎ ছাগ ভক্ষণের জন্য অর্পণ করিবে।

প্রাচীন সংস্কৃত গ্রন্থ পাঠেও জানা যায় যে পূর্ব্বকালে শ্রোত্রিয় অতিথিগণ মধুপর্কে প্রদত্ত গোরু খাইতেন। সূর্য্যকুলপুরোহিত বশিষ্ঠ মহর্ষি বাল্মীকির আশ্রমে উপস্থিত হইলে মধুপর্কে একটী বৎসতরী দেওয়া হয়। বশিষ্ঠ পরম সমাদরে তাহার মাংস খাইয়াছিলেন। ইহা ছাড়া যেরূপ যজ্ঞবিশেষে ছাগাদি পশু মারিবার বিধান আছে, সেইপ্রকার গোমেধ যজ্ঞে গোরু মারিবারও বিধান দেখিতে পাওয়া যায়।

আবার বৈদিক সূত্রকারগণের মতে অন্ত্যেষ্টিকালে একটী গোবধ করিতে হয়। কিন্তু যদি কোন বিঘ্ন ঘটে, তবে গাভির সম্মুখের বামপদ ভগ্ন করিয়া তাহার উপর মাটির প্রলেপ দিবে ও তিন বার চিতা প্রদক্ষিণ করাইয়া ছাড়িয়া দিবে। আশ্বলায়নশ্রৌতসূত্রের মতে নিহত গোর মেদ "অগ্নি" ইত্যাদি মন্ত্রপাঠ করিয়া শবের মাথায় ও চক্ষে রাখিবে। "অতি" ইত্যাদি মন্ত্রপাঠ করিয়া সেই গোরুর বৃক্ক শবের হস্তদ্বয়ে ও তাহার মাংসাদি মৃতের অপর শরীরে রক্ষা করিবে। কিন্তু গোরু ছাড়িয়া দিলে, গোর মাংসাদির স্থলে যব ও ধান্যচূর্ণ এবং মেদের স্থলে পিষ্টক প্রদান করিবে। *

তৈত্তিরীয় আরণ্যকের মতে গোরু না আনিয়া তাহার স্থানে শবদেহের সহিত একটী ছাগ বাঁধিয়া আনা যায়। এই সকল প্রমাণে অনেকেই গোহত্যার পক্ষ সমর্থন করিয়া থাকেন।

বাস্তবিক শাস্ত্রীয় মীমাংসা করিতে হইলে কোন্ সময়ে ও কোন্ ব্যক্তির প্রতি কি উদ্দেশে শাস্ত্রকারগণ কি বিধান করিয়াছেন, তাহার প্রতি বিশেষ লক্ষ্য রাখিতে হয়। প্রাচীন ধর্ম্মশাস্ত্রে যত বিধান দেখিতে পাওয়া যায়, তাহার সকলই এক ব্যক্তি বা এক কালের জন্য নহে। সত্যযুগে মানবগণের সাত্ত্বিক ভাব ও শক্তি অধিক ছিল, সেই সময়ের জন্য এক রকমের বিধান ছিল, দিন দিন মানব প্রকৃতির সাত্ত্বিকতার ন্যূনতা ও শক্তি হ্রাস হওয়ায় ব্যবস্থা এবং বিধানেরও তারতম্য হইয়া আসিতেছে। সত্যকাল হইতে দ্বাপরের শেষ পর্য্যন্ত মধুপর্কে পশুবধ ও গোমেধযাগে গোহিংসা প্রভৃতি প্রচলিত ছিল এবং সেই হিংসাকে বৈধহিংসা বলা হইত। কিন্তু এই সময়েও অবৈধ গোহিংসার কঠিন প্রায়শ্চিত্ত ও জ্ঞানপূর্ব্বক গোহত্যা করিলে হিংসাকারী সামাজিক নিয়মে দণ্ডিত হইবে এই নিয়ম ছিল। দ্বাপরের শেষে ধর্ম্মশাস্ত্রবিৎ পরিণামদর্শী আর্য্যগণ মিলিত হইয়া কলিকালের জন্য যে নিয়ম করেন, তাহাতে মধুপর্কে

* Journal of the Asiatic Society of Bengal, (1870) Vol. XXXIX. Pt. I. P. 246-255। প্রভৃতি দ্রষ্টব্য।

পশুবধ ও গোমেধ যজ্ঞ নিষিদ্ধ হইয়াছে (১)। অতএব হিন্দুধর্ম্ম শাস্ত্রের মতে কলিকালে কোন রকমের গোহিংসাই বিধেয় নহে। অজ্ঞানে গোহত্যা করিলে যথাবিহিত প্রায়শ্চিত্ত করিলে পাপ নাশ হয় এবং হিংসাকারী সমাজে ব্যবহার্য্য হইতে পারেন, কিন্তু জ্ঞানপূর্ব্বক গোহত্যাকারী কোন প্রকারেই ব্যবহার্য্য নহে।

নির্ণয়সিন্ধুপ্রণেতা কমলাকর বলেন যে, ধর্ম্মশাস্ত্রে লিখিত আছে যে, "অস্বর্গ্যং লোকবিদ্বিষ্টং ধর্ম্মমপ্যাচরেন্নতু" অর্থাৎ শাস্ত্রবিহিত হইলেও যে কার্য্য নিরতিশয় দুঃখজনক বা স্বর্গপ্রতিকূল এবং যে কার্য্য অধিকাংশ লোকের অনভিমত, তাহার আচরণ করিবে না। অতএব ধর্ম্মশাস্ত্রের মতে কলিকালে মধুপর্কে গোবধ ও গোমেধ যজ্ঞ নিষিদ্ধ, ইহার অনুষ্ঠানে পাপ হয়।

শাস্ত্রে এইরূপ গোহত্যানিষিদ্ধ ও গোদিগের প্রতি বিশেষ যত্ন ও সম্মান প্রদর্শনের কথা লিখিত থাকাতেই সাত্ত্বিক হিন্দুগণ গোহত্যার বিশেষ বিরোধী, গোহত্যাকারী বিধর্ম্মীগণের সহিত এই জন্যই বহুদিন হইতে বিবাদ বিসম্বাদ ও কতশত হত্যাকাণ্ড সংঘটিত হইয়া আসিতেছে।

মুসলমানদিগের আধিপত্যকালে গোহত্যা লইয়া সর্ব্বদাই বিবাদ বিসম্বাদ ঘটিত। আইন-ই-অকবরী ও মুন্তখব্ উৎতবারিখ পাঠে জানা যায় যে এই জন্য প্রজারঞ্জক অকবর বাদশাহ গোহত্যাপ্রথা এককালে উঠাইয়া দেন। কিন্তু হিন্দুবিদ্বেষী অরঙ্গজেবের সময়ে এই প্রথা আবার বিশেষরূপে প্রচলিত হয়। এই সময়ে হিন্দুমুসলমান গোহত্যা লইয়া কি ভীষণ অত্যাচার করিয়াছে, তাহা বর্ণনাতীত। বাস্তবিক হিন্দুপ্রধান ভারতবর্ষে যাহাতে হিন্দুর সমক্ষে কোন মতে গোহত্যা না হয়, তজ্জন্য দিল্লীশ্বর শাহ আলম্ এক নিয়ম প্রচার করিয়াছিলেন। বঙ্গেও গোহত্যা লইয়া হিন্দুমুসলমানে কিরূপ দাঙ্গাহাঙ্গামা হইত ও বঙ্গের নবাবগণ তাহার প্রতিবিধানের জন্য কিরূপ চেষ্টা করিতেন, তাহা গোলাম হোসেন প্রণীত সিয়ার্-উল্মুতাখিরীন্ নামক ইতিহাস পাঠে জানা যায়।

(১) "প্রায়শ্চিত্তবিধানন্তু বিপ্রাণাং মরণান্তিকম্।
সংসর্গদোষঃপাপেষু মধুপর্কে পশোর্বধঃ।
মন্ত্রোয়ংসেতরেষান্তু পুত্রত্বেন পরিগ্রহঃ।...
এতানি লোকগুপ্ত্যর্থং কলেরাদৌ মহাত্মভিঃ।
নিবর্ত্তিতানি কর্ম্মাণি ব্যবস্থাপূর্ব্বকং বুধৈঃ।
নময়ন্তাপি সাধূনাং প্রমাণং বেদবদ্ভবেৎ।" (হেমাদ্রিধৃত আদিত্যপুঃ)
"দেবরেণ সুতোৎপত্তির্মধুপর্কে পশোর্বধঃ
ইমান্ ধর্ম্মান্ কলিযুগে র্জ্যানাহু র্মনীষিণঃ।" (বৃহন্নারদীয়)

গোহদ, মধ্যভারতের গোয়ালিয়ার রাজ্যের অন্তর্গত একটী নগর, গোয়ালিয়ার হইতে এতাবা যাইবার পথে অবস্থিত। অক্ষা° ৩৬° ২৫´ উঃ, দ্রাঘি° ৭৮° ২৯´ পূঃ। নগরটী বেশ সুগঠিত ও সুরক্ষিত, পূর্ব্বে একজন জাটসর্দ্দারের রাজধানী ছিল। ১৭৭৯ খৃষ্টাব্দে গোহদের রাণার সহিত সিন্ধিয়ার বিবাদ বাধে, সেই সময় বৃটীশ গবর্মেণ্ট গোহদরাণার পক্ষ হইয়া গোয়ালিয়ার জয় করিয়া গোহদের রাণাকে প্রদান করেন। কিন্তু কিছুদিন পরেই সিন্ধিয়া রাণাকে তাড়াইয়া গোয়ালিয়ার রাজ্য উদ্ধার করেন ও গোহদ নগর পর্য্যন্ত আক্রমণ করেন। ১৮০৩ খৃষ্টাব্দের বন্দোবস্ত অনুসারে গোহদনগর গোয়ালিয়ার রাজ্যভুক্ত হয় এবং গোহদের রাণা তৎপরিবর্ত্তে ঢোলপুর রাজ্য প্রাপ্ত হন। গোহদের চারিদিকে পাথরের উপর মাটিলেপা দেয়াল আছে। এখানকার দুর্গ অতি বৃহৎ ও তাহার চূড়া অতি উচ্চ। পূর্ব্বে এখানে বিস্তর লোকের বসবাস ছিল, কিন্তু এখন দিন দিন হ্রাস হইয়া পড়িতেছে।

গোহন্ (ত্রি) গাং হন্তি গো-হন্-বিচ্। ১ গোহন্তা, যে গো হত্যা করে। (পুং) গাঃ মেঘস্থজলানি হন্তি গো-হন্-বিচ্। ২ মেঘস্থিত জলভেদক, ইন্দ্র।

"আ রে গোহা নৃহা বধো যো অস্ত।" (ঋক্ ৭।৫৬।১৭)

'গোহা গবাং মেঘস্থানামুদকানাং ভেদকঃ।' (সায়ণ।)

গোহন (ত্রি) গুহতি সংবৃণোতি গুহ-লু-ছান্দসত্বাদুত্বাভাবঃ। সংবরক, গোপনকারী।

"সমানে অহন্ ত্রিরবদ্য গোহনাঃ" (ঋক্ ১।৩৪।৩)

'ত্রিরবদ্যগোহনাঃ ত্রিবারমনুষ্ঠানগতানাং দোষাণাং সংবরণকারিণৌ' (সায়ণ।)

গোহম (ক্লী) হদ পুরীষোৎসর্গে ক্ত হয়ং গোর্হয়ং ৬তৎ। গোময়, গোবর।

গোহমুখ (পুং) ভারতবর্ষস্থ একটী পর্ব্বত। ভাগবতে ইহাকে গোকামুক নামে উক্ত হইয়াছে। বিষ্ণুপুরাণের মতে ইহার নাম গোহমুখ।

গোহর (পুং) গোহরণ, গোরুচুরি।

গোহরীতকী (স্ত্রী) গোর্হরীতকীব হিতকারিত্বাৎ। বিল্ববৃক্ষ, বেলগাছ। (শব্দরত্না°)

গোহলা (স্ত্রী) গোধাপদী, চলিত কথায় গোয়ালেলতা বলে।

গোহল্ল (ক্লী) গোময়। (হারাবলী)

গোহাইল (গোশালার শব্দজ) গোগৃহ।

গোহান, পঞ্জাবের রোহতক জেলার অন্তর্গত একটী নগর ও

ভহসীলের সদর। অক্ষা° ২৯° ৮´ উঃ, দ্রাঘি° ৭৬°৪৫´ পূঃ। খৃষ্টীয় ১৩শ শতাব্দীতে ইস্‌লাম্ ধর্ম্মাবলম্বী একজন রাজপুত ও একজন বেণিয়া এই নগর পত্তন করেন। এখানে সুপ্রসিদ্ধ মুহম্মদঘোরীর সঙ্গী শাহ জিয়া উদ্দীন্ মুহম্মদ নামক একজন মুসলমান সাধুর কবর আছে, তদুপলক্ষে প্রতিবর্ষে একবার মেলা হয়। জৈনদিগের পার্শ্বনাথদেবের মন্দির, এছাড়া সদরকাছারী, থানা, ডাকঘর ও বিদ্যালয় আছে।

গোহেলবাড়, একটী করদরাজ্য, কাঠিয়াবাড়ের দক্ষিণাংশ পাঁচভাগে বিভক্ত, তন্মধ্যে গোহেলবাড় একটী। গোহেল রাজপুতগণের নাম হইতে এই স্থানের নামকরণ হইয়াছে। ইহার রাজধানী ভবনগর, রাজধানীর নাম হইতে ইহা ভবনগর রাজ্য বলিয়া প্রসিদ্ধ। এখানকার রাজগণ গোহেলরাজপুতবংশীয়। [কাঠিয়াবাড় ও ভবনগর দেখ।]

গোহারি (দেশজ) মিনতি, নূনতাস্বীকার।

"এমন সময়ে আসি ফুল্লরা সুন্দরী।
গলায় কুঠার বান্ধি করেন গোহারি॥" (কবিকঙ্কণ চণ্ডী)

গোহালিকা (স্ত্রী) লতাবিশেষ, চলিত কথায় গোয়ালিয়া বলে। ইহার মূল তিল, দধি ও ঘৃত সহযোগে সেবন করিলে নিরুদ্ধমূত্র ভাল হয়।

"পীতং গোহালিকামূলংতিলদধ্যাজ্যসংযুতম্।
নিরুদ্ধমূত্রং কৃথিতং প্রবর্ত্তয়তি শঙ্কর।" (গারুড় ১৯০।২)

গোহালী (দেশজ) গোশালা।

গোহিংসা (স্ত্রী) গোর্হিংসা ৬তৎ। গোহত্যা।

গোহিত (পুং) গোষু হিতঃ ৬তৎ। ১ বিষ্ণু। ২ ঘোষালতা। ৩ বিষ্ণু।

"গোহিতোগোপতির্গোপ্তা বৃষভাগ্যো বৃষপ্রিয়ঃ।"
(ভারত ১৩।১৪৯।৭৬) (ত্রি) গোহিতকারক।

গোহির (ক্লী) গুহ-বাহুলকাৎ ইরচ্। পাদমূল, গোড়ালি। (হেম° ৩।২৮০)

গোহ্য (ত্রি) গুহ-বা ণ্যৎ। ১ গুহ্য। ২ অপ্রকাশ্য। ৩ সংবরণীয়।

গৌকক্ষ (ত্রি) গৌকক্ষ্যস্য ছাত্রঃ গৌকক্ষ্য-অণ্ যলোপশ্চ। গৌকক্ষ্যের ছাত্র।

গৌকক্ষ্য (পুং স্ত্রী) গোকক্ষস্য ঋষের্গোত্রাপত্যং গোকক্ষ গর্গাদিত্বাদ্ যঞ্। গোকক্ষনামক গোত্রাপত্য।

গৌকক্ষ্যায়ণি (পুং স্ত্রী) গৌকক্ষস্য অপত্যং গৌকক্ষ্য তিকাদিত্বাৎ ফিঞ্। গৌকক্ষ্যের অপত্য।

গৌকাক্ষ [কৌকাক্ষ দেখ।]

গৌগুগুলব (ত্রি) গুগ্‌গুলে ভবঃ। গুগ্‌গুলু-অণ্। গুগ্‌গুলু হইতে উৎপন্ন। স্ত্রীলিঙ্গে ঙীন্ হয়। [শার্ঙ্গরবাদি দেখ।]

গৌঙ্গব (ক্লী) সামভেদ।

গৌচরিক (ত্রি) গোচরে ভবঃ গোচর-অণ্। গোচরপাত, যাহা গোচরে উৎপন্ন হইয়াছে।

গৌচ্য (পুং) গোচ্যা হিমালয়পত্ন্যাঃ অপত্যং গৌচী বাহুলকাৎ যৎ। হিমালয়ের পুত্র, মৈনাক। (শব্দচ°)

গৌঞ্জিক (পুং) গুঞ্জা পরিমাণবিশেষঃ তাং গ্রহীতুং শীলমস্য গুঞ্জা-ঠক্। স্বর্ণকার। (ত্রিকাণ্ড°)

গৌড় (পুং) বিস্তৃত প্রাচীন জনপদবিশেষ। "শক্তিসঙ্গমতন্ত্রের মতে—

"বঙ্গদেশং সমারভ্য ভুবনেশান্তগং শিবে।
গৌড়দেশঃ সমাখ্যাতঃ সর্ব্বশাস্ত্রবিশারদঃ॥"

বঙ্গদেশ হইতে আরম্ভ করিয়া ভুবনেশ্বরের সীমা পর্য্যন্ত গৌড়দেশ নামে বিখ্যাত। এখানকার লোকেরা সর্ব্বশাস্ত্রবিশারদ। শক্তিসঙ্গমতন্ত্রের অনুবর্ত্তী হইয়া কবিকঙ্কণ—"ধন্য রাজা মানসিংহ, বিষ্ণুপদাম্ভোজভৃঙ্গ, গৌড়বঙ্গউৎকলঅধিপ।" এইরূপ বর্ণনা দ্বারা বঙ্গ ও উড়িষ্যা হইতে গৌড়দেশকে পৃথক্ করিয়াছেন।

আবার খৃষ্টীয় একাদশ শতাব্দে কৃষ্ণমিশ্র প্রবোধচন্দ্রোদয় নাটকে লিখিয়াছেন—

"গৌড়ং রাষ্ট্রমনুত্তমং নিরূপমা তত্রাপি রাঢ়াপুরী।"

অনুত্তম গৌড়রাজ্য, অনুপমা রাঢ়াপুরী তাহারই অন্তর্গত। বর্ত্তমান বর্দ্ধমান ও তাহার দক্ষিণ অঞ্চলকেই লোকে "রাঢ়া" বা "রাঢ়" বলিয়া থাকে। সুতরাং কৃষ্ণমিশ্রের মতে বর্দ্ধমান প্রভৃতি স্থানও গৌড়রাজ্যের অন্তর্গত।

কিন্তু খৃষ্টীয় ৭ম শতাব্দীতে বরাহমিহির

"উদয়গিরি-ভদ্র-গৌড়ক-পৌণ্ড্রোৎকল-কাশি-মেকলাম্বষ্ঠাঃ।
একপদ-তাম্রলিপ্তিক-কোশলকাবর্দ্ধমানশ্চ॥
আগ্নেয্যাং দিশি কোশল-কলিঙ্গবঙ্গোপবঙ্গ-জঠরাঙ্গাঃ।"
(বৃহৎসংহিতা ১৪।৭-৮।)

এই বচন দ্বারা গৌড়, পৌণ্ড্র, বঙ্গ ও বর্দ্ধমান স্বতন্ত্র জনপদরূপে উল্লেখ করিয়াছেন—

আবার কূর্ম্ম ও লিঙ্গপুরাণে লিখিত আছে—

"শ্রাবস্তিশ্চ মহাতেজা বংশকস্য ততোঽভবৎ।
নির্ম্মিতা যেন শ্রাবস্তী গৌড়দেশে দ্বিজোত্তমাঃ॥"

সূর্য্যবংশীয় শ্রাবস্তিপুত্র বংশক গৌড়দেশে শ্রাবস্তী নগরী নির্ম্মাণ করেন। শ্রাবস্তীর বর্ত্তমান নাম সেট্ মহেট, উহা অযোধ্যা প্রদেশের অন্তর্গত। অযোধ্যাপ্রদেশে গোণ্ডা নামে এক বৃহৎ জেলা আছে, তাহারও প্রাচীন নাম গৌড়, ইহাই কূর্ম্ম ও লিঙ্গপুরাণ-বর্ণিত গৌড়দেশ। [গোণ্ডা দেখ।]

বিষ্ণুশর্ম্মার হিতোপদেশে লিখিত আছে—

"অস্তি গৌড়বিষয়ে কৌশাম্বী নাম নগরী।"

গৌড়রাজ্যে কৌশাম্বী নামে নগরী আছে। কৌশাম্বীর বর্ত্তমান নাম কোসাম্, ইহা আলাহাবাদ জেলায় অন্তর্গত। [কৌশাম্বী দেখ]

আবার খৃষ্টীয় নবম, দশম ও একাদশ শতাব্দীতে উৎকীর্ণ রাষ্ট্রকূট ও চেদিরাজগণের তাম্রশাসন ও খোদিত শিলালিপি-পাঠে জানা যায়—যে চেদি, মালব, ও বেরার রাজ্যের সীমান্তে এক গৌড়দেশ ছিল। [গৌড় দেখ।]

রাজতরঙ্গিণীতেও (৪।৪৬৫) লিখিত আছে—

"পঞ্চগৌড়াধিপান্ জিত্বা শ্বশুরং তদধীশ্বরম্।"

অর্থাৎ কাশ্মীররাজ জয়াদিত্য পঞ্চগৌড়ের রাজাদিগকে জয় করিয়া শ্বশুরকে তাহাদিগের অধীশ্বর করিয়াছিলেন। [কায়স্থ শব্দ ৫৯৪ ও ৫৯৫ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

কবিকঙ্কণের পূর্ব্ববর্ত্তী কবি মাধবাচার্য্য তাঁহার দুর্গা-মাহাত্ম্যে অকবর বাদশাহের পরিচয়কালে লিখিয়াছেন—

"পঞ্চগৌড় নামে দেশ পৃথিবীর সার।
একাক্ষর নামে রাজা অর্জ্জুন অবতার॥"

স্কন্দপুরাণীয় সহ্যাদ্রিখণ্ডেও লিখিত আছে—

"সারস্বতাঃ কান্যকুব্জা উৎকলা মৈথিলাশ্চ যে।
গৌড়াশ্চ পঞ্চধা চৈব···পঞ্চগৌড়াঃ প্রকীর্ত্তিতাঃ॥"

(উত্তরার্দ্ধে ১ অঃ।)

সারস্বত অর্থাৎ সরস্বতীতীরস্থ, কনোজ, উৎকল, মিথিলা ও গৌড় এই পঞ্চস্থানের অধিবাসী ব্রাহ্মণদিগকে পঞ্চ-গৌড় বলে। উপরোক্ত প্রমাণ দ্বারা বোধ হয় গৌড় নামক জনপদ একটী ছিল না, সর্ব্বশুদ্ধ পাঁচটী। তন্মধ্যে সরস্বতীনদীপ্রবাহিত কুরুক্ষেত্রে একটী, আলাহাবাদ ও কান্যকুব্জের মধ্যে একটী, অযোধ্যা প্রদেশের মধ্যে একটী, মিথিলা ও বঙ্গের মধ্যে একটী এবং বর্ত্তমান উড়িষ্যা ও মধ্য-প্রদেশের অন্তর্গত গোণ্ডবানার মধ্যে একটী, এই পাঁচটী গৌড় ছিল। এই পঞ্চগৌড়ের অধিবাসী ব্রাহ্মণেরাই পরবর্ত্তী-কালে সারস্বত, কান্যকুব্জ, গৌড়, মৈথিল ও উৎকল নামে বিখ্যাত হন *।

* শব্দকল্পদ্রুমে স্কন্দপুরাণীয় বচন বলিয়া "সারস্বতাঃ কান্যকুব্জা গৌড়মৈথিলকোৎকলাঃ। পঞ্চগৌড়া ইতি খ্যাতা বিন্ধ্যোত্তরবাসিনঃ।" এই বচনটী উদ্ধৃত হইয়াছে। কিন্তু 'বিন্ধ্যোত্তরবাসিনঃ' এই পাঠটী সঙ্গত বলিয়া বোধ হয় না, তাহা হইলে চেদি, মালব ও বেরারের সীমান্তবর্ত্তী উৎকল ও গোণ্ডবানার মধ্যস্থ প্রাচীন গৌড়দেশ পঞ্চগৌড় হইতে ভিন্ন হইয়া পড়ে। এরূপ স্থলে সহ্যাদ্রিখণ্ডের পাঠই অনেকটা সঙ্গত বলিয়া বোধ হয়।

উক্ত পঞ্চগৌড়ের মধ্যে মিথিলা ও বঙ্গের মধ্যবর্ত্তী গৌড় রাজ্য সকলের নিকট পরিচিত। ইতিহাসে এই গৌড়রাজ্যই প্রসিদ্ধ, অপর গৌড়ের উল্লেখ নাই। পূর্ব্বকালে এই গৌড়-রাজ্যের আয়তন কত বড় ছিল, তাহা ঠিক বলা যায় না।

বাণভট্টের শ্রীহর্ষচরিতে লিখিত আছে—রাজ্যবর্দ্ধন ও হর্ষবর্দ্ধনের সময় গৌড়ে নরেন্দ্রগুপ্ত নামে একজন রাজা ছিলেন। চীনপরিব্রাজক হিউএন্‌সিয়াং যৌদ্ধদ্বেষী শশাঙ্ক নামে ঐ রাজার উল্লেখ করিয়াছেন। কর্ণসুবর্ণে শশাঙ্কের রাজধানী ছিল।

উক্ত চীনপরিব্রাজক পৌণ্ড্রবর্দ্ধন ও কর্ণসুবর্ণ দুইটী ভিন্ন রাজ্য বলিয়া উল্লেখ করিয়াছেন। [কর্ণসুবর্ণ দেখ।]

বাণভট্ট হর্ষচরিতে কর্ণসুবর্ণের রাজাকেই গৌড়রাজ নামে উল্লেখ করিয়াছেন, সেই গৌড়রাজ নরেন্দ্রগুপ্ত হর্ষের ভ্রাতা রাজ্যবর্দ্ধনকে বিনাশ করেন। খৃষ্টীয় ষষ্ঠ শতাব্দীর শেষ ভাগে এই ঘটনা ঘটে। খৃষ্টীয় সপ্তম শতাব্দীর প্রথম ভাগে নরেন্দ্রগুপ্ত নিহত হন।

রাজতরঙ্গিণী পাঠে জানা যায়, খৃষ্টীয় সপ্তম শতাব্দীর শেষভাগে কাশ্মীররাজ ললিতাদিত্য গৌড়রাজ্য জয় করেন এবং গৌড়রাজ কাশ্মীরে গিয়াছিলেন। তৎপরে অষ্টম শতাব্দীতে কাশ্মীররাজ জয়াদিত্য গৌড়দেশে আগমন করেন, তৎকালে জয়ন্ত গৌড়ের রাজা ও পৌণ্ড্রবর্দ্ধনে তাঁহার রাজধানী ছিল। রাজতরঙ্গিণী ও হিউএন্‌সিয়াংএর ভ্রমণ বৃত্তান্ত পাঠে অনুমিত হয় যে খৃষ্টীয় ৭ম শতাব্দে এই গৌড়রাজ্যও নানা অংশে বিভক্ত ছিল। কিন্তু খৃষ্টীয় অষ্টম শতাব্দীতে পৌণ্ড্রবর্দ্ধনরাজ জয়ন্ত জামাতার সাহায্যে সমস্ত গৌড়ের অধীশ্বর হইয়াছিলেন, তিনি একছত্র রাজা হইয়া আদিশূর উপাধি গ্রহণ করেন। [কাশ্মীর শব্দ ১০৮ পৃঃ ও কায়স্থ শব্দ ৫৯৫ পৃষ্ঠা দেখ।]

প্রাচীন কুলাচার্য্য হরিমিশ্রের কারিকায় লিখিত আছে—আদিশূরের বংশধর অথবা প্রতিভূগণ বহুদিন গৌড়ে রাজত্ব করেন। ইহারা সকলেই ব্রাহ্মণ্যধর্ম্মাবলম্বী ছিলেন। তৎপরে পালবংশীয় দেবপাল রাজা হন। পালবংশীয় রাজগণের শিলালিপি ও তাম্রশাসনপাঠে জানা যায়, দেবপালের জ্যেষ্ঠ-ভ্রাতা ধর্ম্মপাল ইন্দ্র বা বরেন্দ্ররাজ্য জয় করিয়াছিলেন। সম্ভবতঃ ইনি ৮৪০ কি ৮৫১ খৃষ্টাব্দে গৌড়রাজ্য অধিকার করিয়াছিলেন, তাহাতেই আদিশূরবংশীয় রাজগণের অধঃ-পতন হয়। পালবংশীয় রাজগণেরও পৌণ্ড্রবর্দ্ধনপুরে রাজধানী ছিল।

ইতিপূর্ব্বে লিখিয়াছি যে আদিশূর পঞ্চগৌড়ের অধীশ্বর

হইয়াছিলেন, তাঁহার সময়ে বঙ্গ ও রাঢ় গৌড়রাজ্যের অন্তর্গত ছিল। কিন্তু পালবংশীয় রাজাদিগের শেষ সময়ে বঙ্গ ও রাঢ় গৌড় বা পৌণ্ড্রবর্দ্ধন রাজ্যের অন্তর্গত ছিল না। তিরুমলয়গিরি হইতে আবিষ্কৃত শিলালিপি পাঠে বোধ হয় দিগ্বিজয়ী রাজেন্দ্রচোলের সময় (খৃষ্টীয় ১০ম শতাব্দে) উত্তররাঢ়, দক্ষিণরাঢ়, বঙ্গ ও পুণ্ড্রভুক্তি এক একটী স্বতন্ত্র রাজ্য বলিয়া বিখ্যাত ছিল, তৎকালে উত্তররাঢ়ে মহীপাল, দক্ষিণরাঢ়ে রণশূর *, বঙ্গে গোবিন্দচন্দ্র, এবং পুণ্ড্রভুক্তি † বা পৌণ্ড্রবর্দ্ধনে ধর্ম্মপাল নামে একজন রাজা রাজত্ব করিতেন। মহারাজ রাজেন্দ্রচোল উক্ত কয়জন রাজাকেই পরাস্ত করিয়াছিলেন। (১)

ইহারই অনতিপরে সেনবংশীয় প্রথম রাজা বিজয়সেন দাক্ষিণাত্য হইতে আসিয়া গৌড়াধিপতি হইয়াছিলেন। তদ্বংশীয় রাজগণ গৌড়েশ্বর নামে খ্যাত। গৌড়দেশ বহু প্রাচীন বটে, কিন্তু সে সময়ে গৌড় নামে কোন নগর ছিল কি না, তাহার বিশেষ কিছু প্রমাণ পাওয়া যায় না। বিজয়ের পূর্ব্ববর্ত্তী গৌড়রাজগণ পৌণ্ড্রবর্দ্ধন, কর্ণসুবর্ণ প্রভৃতি নগরে অবস্থান করিতেন। [কর্ণসুবর্ণ, পৌণ্ড্র প্রভৃতি শব্দ দেখ।]

বিজয়ের পুত্র বল্লালসেন গঙ্গাতীরে গৌড় নামক নগরে রাজধানী স্থাপন করেন। তৎপুত্র মহারাজ লক্ষ্মণসেন ঐ নগরের লক্ষ্মণাবতী নাম রাখেন। তৎপরে তিনি নবদ্বীপে আর একটী রাজধানী স্থাপন করিয়াছিলেন। হিন্দুরাজগণ যেমন আপনাদিগকে গৌড়েশ্বর বলিয়া পরিচয় দিয়াছেন, সেইরূপ সেনরাজের পরবর্ত্তী মুসলমানরাজগণ লখ্‌নৌতি বা লক্ষ্মণাবতীর অধিপতি বলিয়া পরিচয় দিতেন। সে সময়কার সকল মুসলমান ইতিহাসে গৌড়ের মুসলমান-অধিকৃত ভূভাগ "লখনৌতি" রাজ্য নামে বর্ণিত হইয়াছে। কিন্তু আজও ঐ নগর গৌড় নামে বিখ্যাত।

এখন মালদহ জেলার মধ্যে গঙ্গার প্রাচীন গর্ভে অক্ষাং ২৪° ৫২´ উঃ ও দ্রাঘিং ৮৮° ১০´ পূর্ব্বে সেই প্রাচীন গৌড় অবস্থিত ও বাগ ভল্লুকের জঙ্গলময় রাজধানীরূপে পরিণত।

হরিমিশ্রের প্রাচীনকারিকায় লিখিত আছে, লক্ষ্মণসেনের পুত্র রাজা কেশবসেন যবনের ভয়ে গৌড় পরিত্যাগ করেন। ইহাতে বোধ হয় এই কেশবসেনের রাজত্বকালেই বখ্‌তিয়ার গৌড় অধিকার করিয়াছিলেন।

মুসলমানের কবলে সেনরাজগণের প্রতিষ্ঠিত এখানকার সমুদয় হিন্দুকীর্ত্তি বিলুপ্ত হয়, গৌড়ের কোন্ খানে যে সেনরাজগণ বাস করিতেন, মুসলমানেরা তাহার কিছুমাত্র চিহ্ন রাখে নাই। নগরের দক্ষিণাংশে "পাতালচণ্ডী" ও উত্তরাংশে "কুলবাড়ী দরজা" এই নাম দেখিয়া প্রত্নতত্ত্ববিদ্ কানিংহাম্‌সাহেব অনুমান করেন যে, সেনরাজদিগের সময়কার প্রাচীন গৌড়রাজধানী এই অংশে ও উত্তর দক্ষিণে প্রায় ৪ বর্গমাইল বিস্তৃত ছিল। ইহারই মধ্যে গঙ্গাস্নানঘাট, লোহগড়, ধর্ম্মপুর, ব্যাসপুর ও রাজচন্দ্রপুর প্রভৃতি নাম দৃষ্টে জানা যায় যে এখানে হিন্দুর বসবাস ছিল বটে। কুলবাড়ী দরজায় এক অতি প্রাচীন দুর্গ আছে। আইন্-ই-অকবরীতে আবুলফজল্ লিখিয়াছেন, "বল্লালসেন গৌড়দুর্গনির্ম্মাতা। ইহাতে অনুমান করা যায় যে কুলবাড়ীর প্রাচীন দুর্গটী বল্লালসেন নির্ম্মাণ করিয়াছিলেন। কুলবাড়ী দরজার ৪ মাইল উত্তরে বল্লালবাড়ী নামে এক জায়গা আছে। এই জায়গায় চারিদিকে উচ্চ

* এই রণশূর সম্ভবতঃ আদিশূর-বংশীয় কোন রাজা হইবেন। নোয়াখালির নিকট ভুলুয়া পরগণায় এক প্রাচীন কায়স্থরাজবংশ বাস করেন, তাঁহারা বলেন যে আদিশূরবংশীয় কোন রাজা চন্দ্রনাথ দর্শনে গমন করেন, সেই অবকাশে পালবংশীয়েরা গৌড়রাজ্য অধিকার করিয়া লন। আদিশূরবংশীয় রাজা পথে সেই সংবাদ পাইয়া বঙ্গের দক্ষিণাংশে আসিয়া আশ্রয়গ্রহণ করেন। ভুলুয়ার ঐ কায়স্থরাজবংশ তাঁহারই বংশধর। এই প্রবাদ যথার্থ হইলে খৃষ্টীয় ১০ম শতাব্দীর শেষভাগে ও ১১শ শতাব্দীর প্রথমে যে আদিশূরবংশীয় রণশূর দক্ষিণরাঢ়ে রাজত্ব করিতেন, তাহা অসম্ভব নয়।

† প্রসিদ্ধ প্রাচীন লিপিবিৎ হল্‌ট্‌স্ সাহেব "দণ্ডভুক্তি" পাঠ করিয়াছেন, কিন্তু সম্ভবতঃ "দণ্ড" না হইয়া "পুণ্ড" হইবে।

(১) হল্‌ট্‌স্ সাহেব উক্ত তিরুমলয়ের শিলালিপির প্রতিলিপি প্রকাশ করিয়াছেন। (E. Hultzsch's South Indian Inscriptions, Vol I. P. 98.) উক্ত প্রতিলিপির মুখবন্ধে হল্‌ট্‌স্ সাহেব লিখিয়াছেন, "Takkana Lâdam and Uttira Lâdam are Northern and Southern Lâta (Gujarât), the former was taken from a certain Ranasûra." (P. 97)

তিনি মূল তামিলে "তক্কণলাড়ম্" ও "উত্তিরলাড়ম্" শব্দ দেখিয়া (গুজরাটের) দক্ষিণ লাট ও উত্তর লাট বলিয়া স্থির করেন, কিন্তু ইহা নিতান্ত অযৌক্তিক বলিয়া বোধ হয়। রাজেন্দ্রচোল কোন কালে যে গুজরাট জয় করিয়াছেন, তাহার বিশেষ প্রমাণ নাই। উক্ত শিলালিপিতে "বঙ্গালদেশ" নামের সহিত "তক্কণলাড়ম্" ও "উত্তিরলাড়ম্" জনপদের উল্লেখ আছে। সিংহলের প্রসিদ্ধ পালিগ্রন্থ মহাবংশে বঙ্গ রাজ্যের অন্তর্গত "রাঢ়" নামক স্থানের বর্ণনা দৃষ্ট হয়। ইতিপূর্ব্বে লিখিয়াছি, খৃষ্টীয় একাদশ শতাব্দে রচিত প্রবোধচন্দ্রোদয়নাটকের মতে "রাঢ়াপুরী" গৌড়বিষয়ের অন্তর্গত। বঙ্গদেশীয় প্রাচীন কুলাচার্য্যদিগের গ্রন্থে ও বর্ত্তমান বঙ্গসমাজে উত্তররাঢ়ী, দক্ষিণরাঢ়ী, বঙ্গজ, বারেন্দ্র প্রভৃতি স্থানানুসারী শ্রেণীবিভাগ প্রচলিত আছে। এদেশীয় কুলাচার্য্যগণের বিশ্বাস গৌড়াধিপ আদিশূর হইতে ঐরূপ শ্রেণীবিভাগ হইয়াছে। ইত্যাদি কারণে রাজেন্দ্রচোলের শিলালিপিবর্ণিত "তক্কণলাড়ম্" ও "উত্তিরলাড়ম্" শব্দ আমাদের দক্ষিণরাঢ় ও উত্তররাঢ় বলিয়া নিঃসন্দেহে গ্রহণ করিলাম।

বাঁধ দেওয়া আছে। বোধ হয় ঐ স্থানে বল্লালসেন সময়ে সময়ে বাস করিতেন।

নগরের মধ্যে ১৬০০ গজ বিস্তৃত "বড়সাগর" নামে যে একটী বৃহৎ দীঘি আছে, অনেকের মতে এত বড় সরোবর বঙ্গে অতি বিরল! ইহাও সেনরাজগণের এক পূর্ব্বকীর্ত্তি! বড়সাগর ছাড়াইয়া পোয়াখানেক পথ যাইলেই কমলাবাড়ী নামে গ্রাম, এই খানে গৌড়ের অধিষ্ঠাত্রী "গৌড়েশ্বরী" দেবীর মন্দির আছে। পুণ্যপ্রদা দ্বারবাসিনী নামে এই স্থান প্রসিদ্ধ। এখনও প্রতিবর্ষে জ্যৈষ্ঠমাসে এখানে মেলা হইয়া থাকে।

ফুলবাড়ীকেল্লার দক্ষিণে রামখেল নামক স্থানে ও এখানকার গঙ্গাস্নান নামক বুড়ী গঙ্গার তীরেও প্রতি পৌষ-পূর্ণিমায় মেলা হয়।

মুসলমানদিগের আধিপত্যকালে শ্রীসমৃদ্ধিতে বঙ্গের সকল নগর অপেক্ষা গৌড়নগর প্রাধান্যলাভ করিয়াছিল। সেই সময় গৌড়নগর উত্তর দক্ষিণে ৭ মাইল ও পূর্ব্ব পশ্চিমে প্রায় ২ মাইল, মোট ভূপরিমাণ প্রায় ১৩ বর্গমাইল হইয়াছিল। উপনগরসহ ধরিলে প্রায় ২০ হইতে ৩০ বর্গমাইল বিস্তৃত ছিল। এই ভূভাগ মধ্যে ৬।৭ লক্ষ লোক বাস করিত। মিন্‌হাজের তবকৎই-নাসিরীর মতে (১১৯৮ খৃষ্টাব্দে) বখতিয়ার এখানে শাসনদণ্ড স্থাপন করেন। ১২০৫ খৃষ্টাব্দে তাঁহার হত্যাকাণ্ডের পর দিল্লীর অধীনে মুসলমান নবাবেরা ১২৮৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত এখানে থাকিয়াই মুসলমান-অধিকৃত গৌড়রাজ্য শাসন করিতেন। সম্রাট্ বল্‌বনের মৃত্যুর পর নাসির্‌উদ্দীন্ বগ্‌রা খাঁ এখানে স্বাধীন রাজচ্ছত্র ধারণ করিয়াছিলেন। কুতব্ উদ্দীন্ আইবেকের মৃত্যুর পর হুসাম্‌উদ্দীন্ গিয়াসুদ্দীন্ নাম গ্রহণপূর্ব্বক স্বাধীনভাবে রাজত্ব করিতে থাকেন। তিনি এখানে ফুলবাড়ীর ১ ক্রোশ দক্ষিণে একটী সুদৃঢ় দুর্গ ও দেবকোট হইতে কাঁকজোল পর্য্যন্ত উচ্চ বাঁধ দিয়া রাস্তা প্রস্তুত করিয়াছিলেন। রাস্তাটী প্রায় ২৭ ক্রোশ বিস্তৃত।

১৩২৬ খৃষ্টাব্দে দিল্লীশ্বর মুহম্মদ তোগ্‌লক্ লক্ষ্মণাবতী আক্রমণ করেন, তখন এখানকার সুলতান বাহাদুরশাহ পুনরায় দিল্লীর অধীনতা স্বীকার করিতে বাধ্য হন। এই সময়ে সুবর্ণগ্রামে আর একটী স্বাধীন রাজধানী স্থাপিত হয়।

১৩৩৯ খৃষ্টাব্দে হাজি ইলিয়াস্ স্বাধীনতা অবলম্বন করেন। দিল্লীশ্বর ফিরোজশাহ দুইবার তাঁহাকে আক্রমণ করিতে আসেন, কিন্তু কিছুই করিতে পারেন নাই। ফিরোজশাহের আক্রমণকালে হাজি ইলিয়াস্ পাণ্ডুয়ায় থাকিতেন। তাঁহার পুত্র সিকন্দর গৌড় ছাড়িয়া পাণ্ডুয়ায় আসিয়া রাজধানী করেন। তাহাতে গৌড়ের লোকসংখ্যা কতক কমিয়া যায়।

১৪৪২ খৃষ্টাব্দে ১ম মাহ্মুদ গৌড়ে আসিয়া আবার রাজধানী স্থাপন করেন। তৎপরে শেরশাহের বাঙ্গালা আক্রমণকাল পর্য্যন্ত এইখানেই মুসলমান বঙ্গাধিপগণ থাকিতেন। শেরশাহের সময় গৌড়ের অপর নাম জনতাবাদ হয়। হুমায়ুন ইহার বখ্‌তাবাদ নাম রাখেন। এ সময়ে টেঁয়রা নামক স্থানে আবার রাজধানী স্থানান্তরিত হইয়াছিল।

বঙ্গীয় নবাবগণের পরস্পর-আক্রমণে মহাসমৃদ্ধি গৌড়-নগর ক্রমেই শ্রীহীন হইয়া পড়িতেছিল ও জনতা হ্রাস হইতেছিল। তথাপি আফগানবংশীয় বঙ্গের শেষ স্বাধীন-রাজ দাউদখাঁ গৌড়রাজধানী পরিত্যাগ করিতে পারেন নাই। ১৫৭৫ খৃষ্টাব্দে দাউদখাঁ সম্পূর্ণরূপে পরাস্ত হইলে অকবরের সেনাপতি মুনিম্‌খাঁ গৌড় অধিকার করেন। এখানেই বঙ্গের শাসনদণ্ড পরিচালনের প্রধান-সদর করিবার কথা হইয়াছিল। মোগল রাজপ্রতিনিধিগণ সর্ব্বদাই গৌড়নগরে আসিয়া বাস করিতেন। তৎপরে ১৬৩৯ খৃষ্টাব্দে শাহসুজা রাজমহলে রাজধানী করিলে এখানে যে কয় ঘর অধিবাসী ছিল, তাহারা ক্রমে ক্রমে সকলেই এইস্থান পরিত্যাগ করিল। এইরূপে বহুদিনের প্রাচীন গৌড় মহানগর জনমানবহীন হিংস্রপ্রাণীর বাস-ভূমিতে পরিণত হইল।

গঙ্গার স্রোতে নগরের পশ্চিমাংশ ধৌত হইয়া গিয়াছে। এখন অপর অংশ মধ্যে কদম-রসুল, কোতোয়ালী দরজা, দাখিল দরজা, ফিরোজমিনার, গুণমন্ত, লত্তন, তাঁতিপাড়া ও সোণা নামক বৃহৎ মস্‌জিদ্ এবং বিস্তর অট্টালিকার ভগ্নাবশেষ মুসলমান সমৃদ্ধির ও বঙ্গীয় শিল্পনৈপুণ্যের পরাকাষ্ঠা প্রদর্শন করিতেছে।

গৌড়ের প্রসিদ্ধ দুর্গ বুড়ীগঙ্গার ধারে ফুলবাড়ী কেল্লা ও কোতোয়ালী দরজার মধ্যে অবস্থিত এবং প্রায় অর্দ্ধক্রোশ বিস্তৃত। ইহার চারিদিকে প্রাচীর ও তাহার বাহিরে গভীর গড়খাই কাটা আছে। ঐ প্রাচীর উচ্চে ৩০ ফিট্ ও তলভাগ প্রায় ১৯০ ফিট্ পুরু হইবে। গড়খাই পূর্ণ থাকিলে প্রায় ২০০ ফিট্ বিস্তৃত হয়। প্রাচীরে এখন বড় বড় বন্য গাছ জন্মিয়াছে। গড়খাইয়ে যথেষ্ট খাগড়া ও বড় বড় কুম্ভীর দৃষ্ট হয়।

কেহ কেহ অনুমান করেন যে ১ম মাহ্মুদ ও তাঁহার উত্তরাধিকারীগণ এই দুর্গ নির্ম্মাণ করেন। দুর্গের দুইটী প্রধান দ্বার, তাহার উত্তর প্রবেশদ্বারের নাম দাখিল বা সেলামী দরজা। যদিও ইহার অনেক স্থান নষ্ট হইয়াছে, তবু যাহা আছে, তাহাতেই ঐ ইষ্টকনির্ম্মিত গোপুরের সুখুত ও বিচিত্র কারিকুরীর বিলক্ষণ পরিচয় পাওয়া যায়।

দুর্গের পূর্ব্বদ্বারের নাম লক্ষছিপ্পি দরজা। এখানে উৎকীর্ণ খোদিতলিপি পাঠে জানা যায় ৯১৮ হিজিরায় (১৫১২ খৃষ্টাব্দে) গৌড়াধিপ হোসেন শাহ ঐ দ্বার নির্ম্মাণ করিয়াছিলেন। দুর্গের উত্তরদ্বারে যাইতে চাঁদ দরজা ও নিম দরজা নামে দুই প্রাচীনদ্বার আছে, উভয় দ্বার ৪৭৬ হিজিরায় (১৪৬৬ খৃষ্টাব্দে) সুলতান বারবকশাহ নির্ম্মাণ করেন।

গৌড়ের ধ্বংস হইতে আবিষ্কৃত পারস্যভাষায় লিখিত খোদিত লিপিদৃষ্টে জানা যায়—৬০০ বর্ষগজ উচ্চ ফিরোজ মিনার ৮৮৫ হিজিরায়, তাঁতিপাড়া মস্‌জিদ ৮৮০ হিজিরায়, লত্তন বা নর্ত্তন মস্‌জিদ ৮৮৯ হিজিরায়, গুণমন্ত মস্‌জিদ্ ৯৩২ হিজিরায়, বড়সোণা-মস্‌জিদ, এবং কোতোয়ালি দরজা ৯২৭ হিজিরায় নির্ম্মিত হয়।

ফিরোজমিনারের দক্ষিণপূর্ব্বে "পিয়াস্‌বাড়ী" নামে একটী বৃহৎ পুষ্করিণী আছে। ইহার জল লবণাক্ত ও নিতান্ত অপরিষ্কার। আইন্-ই অক্‌বরীতে লিখিত আছে যে, পূর্ব্বে অপরাধীদিগকে কেবল উহার জল খাইতে দিত, তাহারা কেবল এই জল খাইয়াই মরিত।

গৌড়ের পার্শ্ববর্ত্তী উপনগরেও যথেষ্ট মুসলমান কীর্ত্তি পড়িয়া আছে। তন্মধ্যে ফিরোজপুরে ৮৯৯—৯২৯ হিজিরায় ছোট সোণা-মস্‌জিদ্ ও নিজামৎ উল্লার বারদোয়ারী, সাদুল্লাপুরে ৭৫০ হিজিরায় নির্ম্মিত সেখ্ আখি সিরাজের গোর-স্থান ও ৯৪১ হিজিরায় নির্ম্মিত ফন্‌ফনিয়া মস্‌জিদ বিখ্যাত।

গৌড়নগরের সমস্তই বনজঙ্গলে ঢাকিয়া গিয়াছিল। বেশীদিন নয়, গবর্মেণ্ট ঐ বন পরিষ্কার করিবার অভিপ্রায়ে অতি অল্প খাজনায় এখানকার জমি প্রজা বলি করিয়াছেন। এখন নানা স্থানে চাষ হইতেছে, বনও ক্রমে পরিষ্কার হইতেছে (২)।

(ত্রি) গুড়স্য বিকারঃ গুড়-অণ্। গুড়বিকারখণ্ড, আসব প্রভৃতি, যাহা গুড়দ্বারা প্রস্তুত হয়।

"গুড়স্য তৃপ্তা মদ্যস্য গীত্বা গৌড়ং সুরাসবম্।"

(ভারত ৩।৪৪ অঃ)

৪ রাগবিশেষ, দেবগিরি ও গান্ধার যোগে উৎপন্ন সম্পূর্ণ রাগ। ইহার পঞ্চম বাদী এবং ঋ, গ, ধ, নি, কোমল। এই রাগ বীর ও শৃঙ্গার রসে দিনান্তে গেয়। ইহা মেঘরাগের পুত্র, মতান্তরে শ্রীরাগের পুত্র (সং রত্না॰)

৫ এক ধর্ম্মশাস্ত্রকার ও প্রাচীন বৈয়াকরণ। ক্ষীরস্বামী ও কমলাকর ইহার উল্লেখ করিয়াছেন।

গৌড়ক (পুং) গৌড়নিবাসী। ২ গৌড়দেশ। [গৌড় দেখ।]

গৌড়কমুগ (পুং) বন্য ষোটকবিশেষ।

গৌড়কায়স্থ, পশ্চিমাঞ্চলের কায়স্থ জাতির এক শাখা।

[কায়স্থ দেখ।]

গৌড়তগা, উত্তরপশ্চিমাঞ্চলবাসী ব্রাহ্মণবংশসম্ভূত জাতি বিশেষ। দিল্লী, রোহিলখণ্ড ও দোয়াবে এই জাতীয় অনেক লোক দেখা যায়। ইহারা বলে, জনমেজয় সর্পসত্র করিবার জন্য গৌড় দেশ হইতে কতকগুলি ব্রাহ্মণ আনয়ন করেন, যজ্ঞ সমাধা হইলে জনমেজয় তাহাদিগকে পারিতোষিক স্বরূপ দান করিতে ইচ্ছা করেন। কেহ কেহ দান গ্রহণ করিতে অস্বীকার করিলেন। কেহ আবার ভূমি দান লইয়াছিলেন। প্রতিগ্রাহীগণ ব্রাহ্মণধর্ম্মত্যাগ করিয়া কৃষিকার্য্যে প্রবৃত্ত হইল, এই "ত্যাগের" অপভ্রংশে তাহাদের "তগ" বা "তগা" নাম হইয়াছে। যাহারা নিজ উপাধি ও ব্রাহ্মণবৃত্তি পরিত্যাগ করে নাই, তাহারা গৌড়ব্রাহ্মণ নামে খ্যাত হইল। এই গৌড়ব্রাহ্মণের কেহ কেহ গৌড় হইতে গমনের কথা স্বীকার করেন না, তাঁহারা বলেন যে, হরিয়াণা ও বিকানীর অঞ্চলেই তাঁহাদের পূর্ব্বপুরুষ বাস করিতেন।

দোয়াবের উত্তরবাসী কোন কোন গৌড়তগা গৌড়-ব্রাহ্মণ হইতে সম্পূর্ণ ভিন্ন বলিয়াই পরিচয় দেয়।

ইহাদের মধ্যে মঙ্গল, তিতবাল, মহেশ্বর, বসিয়ান্, দত্তি-য়ান্, করাবাল, মুক্ত, দীক্ষিত, অইমলি ও দভে ইত্যাদি শ্রেণীভেদ আছে। দিল্লী অঞ্চলে গৌড় ব্রাহ্মণ ও গৌড়-তগার মধ্যে আদান প্রদান প্রচলিত আছে। কিন্তু অপর কোন স্থানে নাই। মিরাট ও মোরাদাবাদ অঞ্চলে অনেক ইস্‌লাম্ ধর্ম্মাবলম্বী গৌড়তগা দৃষ্ট হয়।

গৌড়নট, গৌড় ও নট যোগে উৎপন্ন রাগ। (সং রং)

গৌড়পাদ (পুং) একজন প্রসিদ্ধ বৈদান্তিক। শঙ্করাচার্য্যের গুরুর গুরু এবং গোবিন্দনাথের গুরু। ইনি মাণ্ডুক্যোপনিষদ্-কারিকা, অনুগীতাভাষ্য, উত্তরগীতাভাষ্য, সাংখ্যকারিকাভাষ্য, নৃসিংহতাপিনীভাষ্য ও দেবীমাহাত্ম্যের চিদানন্দবিলাসনামে টীকা রচনা করিয়াছেন। [কুমারিল শব্দ ২৪৭ পৃষ্ঠা দেখ।]

গৌড়পার্শ্ব, বৌদ্ধমত নামক সংস্কৃত গ্রন্থপ্রণেতা।

গৌড়ভৃত্যপুর (ক্লী) একটী প্রাচীন নগর।

গৌড়রাজপুত, রাজপুতদিগের ছত্রিশকুলের মধ্যে একটী।

(২) বিস্তৃত গৌড়নগরের বিস্তৃত বিবরণ জানিতে হইলে নিম্নলিখিত পুস্তকগুলি দ্রষ্টব্য,—H. Creighton's Ruins of Gaur; Ravenshaw's Gaur; Martin's Eastern India, Vol. II.; Journal Bengal Asiatic Society, Vols XLI & XLII; A Cunningham's Arch. Sur. Reports, Vol. XV. 39—76; W. W. Hunter's Imp. Gaz.; Calcutta Review, Vol. LXIX. *July.*

প্রসিদ্ধ ঐতিহাসিক টডসাহেবের মতে বঙ্গের স্বাধীন হিন্দু-রাজগণ এই গৌড়রাজপুতবংশীয় ছিলেন। উত্তরপশ্চিমের সর্ব্বত্রই এই গৌড়রাজপুতের বসবাস আছে, ইহাদের মধ্যে অনেক জমিদার দেখা যায়। পূর্ব্বে ইহারা স্বাধীন ছিল। বুর্হান্‌উল্‌মুলুক্, সাদতখাঁ প্রভৃতির সময়ে গৌড়রাজপুতেরা মুসলমানদিগের উপর বড়ই অত্যাচার করিয়াছিল; শেষে বাধ্য হইয়া নিরস্ত হয়। টডসাহেবের মতে গৌড়রাজপুতের মধ্যে পাঁচটী শাখা আছে। কিন্তু উত্তরপশ্চিমের গৌড়-রাজপুতেরা ভাটগৌড়, বামনগৌড় ও চমার গৌড় এই তিনটী মাত্র স্বীকার করে। কিন্তু কাঠরিয়া নামে আর এক শ্রেণীর গৌড়রাজপুতও দেখা যায়। চমার গৌড়েরা বলে যে এক সময় তাহাদের বিপদ্ ঘটে, সেই সময় ইহাদের একজন গর্ভবতী রমণী গিয়া চমারের গৃহে আশ্রয় গ্রহণ করেন। চমারের যত্নে উপকৃত হইয়া তিনি পুত্রের নামও চমারগৌড় রাখেন। ভাট ও বামন গৌড়েরাও এইরূপ আশ্রয় পাইয়াও কৃতজ্ঞতা প্রকাশ না করায়, তাহারা চমার গৌড় অপেক্ষা কুলমর্য্যাদায় হীন হইয়া পড়িয়াছে। চমার গৌড়েরা আপনাদিগকে চৌহাঁর বা চিমন গৌড় বলিয়াও পরিচয় দেয়। ইহারা বলে যে, এই জাতিতে চৌহাঁর নামে একজন রাজা ও চিমন নামে একজন মুনি ছিলেন, তাঁহাদের হইতেই কেহ কেহ উভয় নামে পরিচয় দিয়া থাকে। চমার গৌড়ের মধ্যে আবার রাজা ও রায় এই দুই বিভাগ আছে। ইহা-দের মধ্যে পরস্পর আদান প্রদান চলে। হিমালয়স্থ কৃষ্ণবার, সুখেত, মন্দী, কেওথল প্রভৃতি স্থানের রাজারা আপনাদিগকে গৌড়রাজপুত বলিয়া পরিচয় দেন। তাঁহারা সকলেই বলিয়া থাকেন যে, তাঁহাদের পূর্ব্বপুরুষগণ বঙ্গদেশ হইতে গিয়া সেখানে বাস করিয়াছেন।

গৌড়ব্রাহ্মণ, দশবিধ ব্রাহ্মণের অন্যতম। [গৌড় ও ব্রাহ্মণ দেখ।] উত্তরপশ্চিমাঞ্চল ও বেহারে এই শ্রেণীর ব্রাহ্মণের বসবাস আছে।

গৌড়ব্রাহ্মণেরা বলেন যে, তাঁহারা গৌড়রাজ্য হইতে উত্তর পশ্চিমে গিয়াছেন। [গৌড়তগা দেখ।] দিল্লীসুবায় এই শ্রেণীর বসবাস অধিক। কনোজিয়া প্রভৃতি শ্রেণী অপেক্ষা ইহারা অনেকাংশে মূর্খ। হিন্দীজাতিমালামতে— ইহাদের মধ্যে ছয়টী শাখা আছে, গৌড়, পরীক, বহীন্, খণ্ডেলবাল, সারস্বত ও সন্দবেল। কিন্তু কোন কোন গৌড় ব্রাহ্মণ এরূপ শাখা স্বীকার করেন না, তাঁহাদের মতে গৌড় ব্রাহ্মণের মধ্যে ৪২টী বিভাগ আছে, ইহার ভিতর আব, জুগল, কৈথল, গুজর, ধরম্ ও সিদ্ধ গৌড় এই কয় ঘর প্রধান।

গৌড়বাস্তুক (পুং ক্লী) গৌড়জাতঃ বাস্তুকঃ মধ্যলো°। চিল্লীশাক। (রাজনি°)

গৌড়মোল্লার, গৌড় ও মোল্লার যোগে উৎপন্ন একটী রাগ। ইহার স্বরগ্রাম—ঋ গ ম প ধ নি সা। (সঙ্গীতর°)

গৌড়সারঙ্গ, গৌড় ও সারঙ্গযোগে উৎপন্ন একটী রাগ। ইহাতে ঋ বাদী ও ম সংবাদী এবং অবরোহণে তীব্র মধ্যম ব্যবহৃত হইতে পারে। মধ্যাহ্নের পর বীর ও শান্তিরসে গেয়। (সঙ্গীতর°)

গৌড়াচার্য্য, বর্ত্তমান যুগের একজন প্রধান আচার্য্য।

গৌড়িক (ত্রি) গুড়ে ভবঃ গুড়-ঠক্। ১ গুড়োৎপন্ন (পুং) গুড়ে সাধুঃ গুড়-ঠঞ্। ২ ইক্ষু। গৌড়ং গুড়বিকারঃ সাধন-তয়া অস্ত্যস্য গৌড়-ঠন্ (অত ইনিঠনৌ। পা ৫। ২। ১১৫) ৩ মদ্যবিশেষ। "পৈষ্টিগৌড়িকমাধ্বীকানাং পানং সুরাপানে-কষ্টতমম্।" (প্রায়শ্চিত্তবি°)

গৌড়ী (স্ত্রী) গুড়স্য বিকারঃ গুড়-অণ্ স্ত্রিয়াং ঙীপ্। ১ গুড় হইতে প্রস্তুত একপ্রকার মদ। পর্য্যায়—বারুণী। ইহার গুণ—তীক্ষ্ণ, উষ্ণ, মধুর, বাতনাশক, পিত্ত, বল, কান্তি ও তৃপ্তিকর, দীপন এবং পথ্য। (রাজনি°)

হারীতের মতে ইহার গুণ—কষায়, মধুর, অম্ল, শীতল, সন্দীপন, শূলরোগনাশক, রুচিকর; ত্রিদোষ, অজীর্ণ, পাণ্ডু, আময় ও অর্শনাশক (১)।

তন্ত্রমতে ইহার প্রস্তুতপ্রণালী—বঞ্জুল বৃক্ষের ছালের চূর্ণ ২০ সের ধাতকীফুল বা নারিকেলফুল ২ সের, হরীতকী ও বহেড়া ৮ নিষ্ক, চিতা ও ত্রিকুট (লবণবিশেষ) ১ নিষ্ক এই সকল দ্রব্যের সহিত গুড় মিশাইয়া একটী পাত্রে রাখিবে এবং অনুলোম ও বিলোমক্রমে ১০৮ বার হস্তদ্বারা নাড়িবে। তিনদিন এইরূপ করিতে হয়। তৎপর ১০ দিনে পাক শেষ করিবে। ইহাকে গৌড়ী বলে (২)।

(১) "গৌড়ী কষায়া মধুরাম্লশীতা সন্দীপনী শূলরুজাপহন্ত্রী।
হৃদ্যা ত্রিদোষং শমত্যজীর্ণং পাণ্ডাময়ার্শঃ বসনং নিহন্তি।"
(হারীত ১।১১ অঃ)

(২) "গৌড়ী চূর্ণময়ী বঞ্জুলত্বক্ সহসাত্তসা।
দশপ্রস্থং কুলেশানি ধাতকীকুসুমং সমং।
নারিকেলপ্রসূনং বা চৈকপ্রস্থং বিনিক্ষিপেৎ।
হরীতকী চাক্ষফলং বসুনিষ্কপ্রমাণতঃ।
বহ্নিত্রিকুটকঞ্চাপি নিষ্কমাত্রপ্রমাণতঃ।
গুড়সংমিশ্রমেকস্মিন্ যোজয়েৎ সুদৃঢ়ে ঘটে।
করেণ ভ্রাময়েৎ সম্যগনুলোমবিলোমতঃ।
অষ্টোত্তরশতাবৃত্ত্যা ত্রিষু রাত্রিষ্বিদং ভবেৎ।
দশাহেন তু পাকঃ স্যাৎ পীয়তে তত্র যোগিনী।
এষা গৌড়ীতি কথিতা শিবসায়ুজ্যহেতুকা।" (ভূরার্ণব ৫ম উল্লাস)

মনুর মতে, ইহার সেবন ব্রাহ্মণের পক্ষে অবিধেয়। বৃহস্পতি বলেন যে, গৌড়ীমদিরা পান করিলে ব্রাহ্মণকে তপ্তকৃচ্ছ্র, পরাক ও চান্দ্রায়ণ করিতে হয়।

"গৌড়ীং মাধ্বীং সুরাং পৈষ্টীং পীত্বা বিপ্রঃ সমাচরেৎ।
তপ্তকৃচ্ছ্রং পরাকঞ্চ চান্দ্রায়ণমনুক্রমাৎ॥" (বৃহস্পতি)

রাজনির্ঘণ্টের মতে সিদ্ধি, গজপিপুল, দধি ও গুড় মিশাইয়া পাক করিলে গৌড়ী মদ্য প্রস্তুত হয়।

আত্রেয় সংহিতার মতে ধাতকীফুলের সহিত বেশী পরিমাণ গুড় মিশাইয়া লইলে গৌড়ী মদিরা হয়। ইহার গুণ তীক্ষ্ণ, উষ্ণ, মধুর, বাতনাশক, বল ও পিত্তবৃদ্ধিকর, কান্তি ও তৃপ্তিজনক, পথ্য, অগ্নি ও কামবর্দ্ধক।

২ কাব্যের রীতি বিশেষ। শরীরের অবয়ব সংস্থানের ন্যায় পদসংযোজনাকে কাব্যের রীতি বলে। রীতি চারিপ্রকার—বৈদর্ভী, গৌড়ী, পাঞ্চালী ও লাটিকা। যে রচনায় ওজঃপ্রকাশক অনেক বর্ণ এবং দীর্ঘ সমাস থাকে, তাহাকে গৌড়ী রীতি বলে। এই রীতি গৌড়বাসীগণের প্রিয় এবং তাহারা প্রায়ই ইহার ব্যবহার করেন বলিয়া ইহার নাম গৌড়ী হইয়াছে।

"ওজঃপ্রকাশকৈ র্বর্ণৈ র্বন্ধ আড়ম্বরঃ পুনঃ।
সমাসবহুলা গৌড়ী।" (সাহিত্যদর্পণ) উদাহরণ—

"চঞ্চদ্ ভুজভ্রমিতচণ্ডগদাভিঘাত-
সংচূর্ণীতোরুযুগলস্য সুযোধনস্য।
স্যানাবনদ্ধঘনশোণিতশোণপাণি-
রুত্তং সয়িষ্যতি কচাংস্তব দেবি ভীমঃ॥" (বেণীসংহার)

৩ রাগিণীবিশেষ, বীর ও শৃঙ্গাররসে গেয়।

গৌড়ীয় (ত্রি) ১ গৌড়দেশ সম্বন্ধীয়।

গৌড়ীয়া (স্ত্রী) গৌড়ী রীতি।

"বহুতরসমাসযুক্তা সুমহা প্রাণাক্ষরাচ গৌড়ীয়া।"(পুরুষোত্তম)

গৌণ (ত্রি) গুণাদাগতা গৌণী তত আগতঃ গৌণী-অণ্। ১ গৌণী লক্ষণাদ্বারা যে অর্থের জ্ঞান হয়, তাহাকে গৌণ বলে, গৌণীবৃত্তিবোধিত।

"শক্যস্য সাদৃশ্যাত্মকঃ সম্বন্ধোগুণঃ তদধীনা যা লক্ষণা সা গৌণী তদ্‌যোগাদ্ গৌণঃ।" (দায়ভাগটী শ্রীকৃষ্ণতর্কালঙ্কার)

২ অপ্রধান, যাহার উদ্দেশ্য প্রধান নহে।

৩ গুণসম্বন্ধীয়। (দেশজ) ৪ বিলম্ব। যথা—"কিছু গৌণে যাইব।"

৫ অপেক্ষা। যথা "কিছু গৌণ কর দিতেছি।"

গৌণকাল (পুং) গৌণোঽমুখ্যঃ কালঃ। মুখ্যকালে কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠানযোগ্য কালান্তর।

"যদ্ধাগাদিক্রিয়ামুখ্যকালস্তাপ্যন্তরালবৎ।
গৌণকালমমিচ্ছন্তি কেচিৎ প্রাক্তনকর্ম্মণি॥" (মলমাসতত্ত্ব)

গৌণচান্দ্র (পুং) গৌণোঽপ্রধানশ্চান্দ্রশ্চান্দ্রমাসঃ কর্ম্মধাং। কৃষ্ণ প্রতিপদ্ হইতে পৌর্ণমাসী পর্য্যন্ত ত্রিশ তিথিকে গৌণচান্দ্র মাস বলে। কোন কোন ধর্ম্মশাস্ত্রকার গৌণচান্দ্র মাস স্বীকার করেন না, যাহারা স্বীকার করেন তাহাদের মতেও বিন্ধ্যপর্ব্বতের দক্ষিণে এই মাসের চলন নাই। বিন্ধ্যদেশের উত্তরে গৌণচান্দ্র ও মুখ্যচান্দ্র এই দুইপ্রকার মাসের ব্যবস্থা আছে। [মুখ্যচান্দ্র দেখ।]

গৌণিক (ত্রি) গুণে রূপাদৌ সাধুঃ গুণ-ঠক্। ১ গুণসাধন। গুণং বেত্তি তৎপ্রতিপাদকং গ্রন্থং বা অধীতে গুণ-ঠক্। ২ গুণবেত্তা। ৩ যে গুণপ্রতিপাদক গ্রন্থ অধ্যয়ন করে। গুণৈঃ সত্ত্বাদিভিঃ নিবৃত্তঃ গুণ-ঠক্। ৪ সত্ত্বাদি গুণনির্ম্মিত পদার্থ। (পুং) গুণ-এব গুণ অঙ্গুল্যাদিত্বাৎ স্বার্থে ঠক্। ৫ গুণ।

গৌণী (স্ত্রী) গুণং সাদৃশ্যমধিকৃত্য প্রবৃত্তা গুণ-অণ্-ঙীপ্। অশীতি প্রকার লক্ষণার অন্তর্গত একপ্রকার লক্ষণা। যে স্থলে লক্ষ্যার্থ বা শক্যার্থের সদৃশ হয়, তথায় গৌণীলক্ষণা হইয়া থাকে। যথা "গৌর্বাহিকঃ।' (সাহিত্যদ° ২ পরি) [লক্ষণা দেখ।]

গৌণ্য (ক্লী) গৌণস্য ভাবঃ গৌণ-যৎ। গুণতা।

গৌণ্ডলপাড়েম্ (গবুণ্ডল পাড়েম্।) নেল্লুর জেলার মধ্যে সমুদ্রের উপকূলবর্ত্তী একখানি গ্রাম। নেল্লুর নগর হইতে প্রায় ১৭ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত। স্থানীয় অধিবাসীরা এই স্থানকে রামতীর্থ বলিয়া থাকে। এখানে একটী প্রাচীন ও ভগ্ন শিবমন্দির আছে। উহার প্রবেশদ্বারের উপরে অস্পষ্ট অক্ষরে একখানি শিলাফলক উৎকীর্ণ। উক্ত অক্ষরগুলি কোন ভাষার কেহই তাহা নিরূপণ করিতে পারেন নাই। ঐ মন্দিরের স্থলপুরাণ আছে। মন্দিরের এক মাইল দূরে গ্রামের মধ্য দিয়া বাকিংহাম খাল প্রবাহিত।

গৌতম (পুং) গোতমস্য ঋষিরপত্যং গোতম-অণ্। ১ গোতম ঋষির গোত্রাপত্য। ২ ভরদ্বাজমুনি। ৩ বৈবস্বত মন্বন্তরে সপ্তর্ষির মধ্যে একজন।

"অত্রি র্বশিষ্ঠো ভগবান্ কশ্যপশ্চ মহানৃষিঃ।
গৌতমশ্চ ভরদ্বাজো বিশ্বামিত্রস্তথৈবচ॥
তথৈব পুত্রো ভগবান্ ঋচীকস্য মহাত্মনঃ।
সপ্তমো জমদগ্নিশ্চ ঋষয়ঃ সাম্প্রতং দিবি॥" (হরিবংশ ৭ অঃ)

৪ অহল্যাপুত্র শতানন্দ। "গৌতমশ্চ শতানন্দঃ।"(বীরচরিত)

গৌতমগোত্রস্য শরদ্বতোঽপত্যং গৌতম-অণ্। ৫ কৃপাচার্য্য। [কৃপাচার্য্য দেখ।]

গৌতম্যাঃ পালিত অপত্যং গৌতমী বাহুলকাৎ অণ্। গৌতমী-প্রতিপালিত শাক্যমুনি। পর্য্যায়—শাক্যমুনি,

শাক্যসিংহ, সর্ব্বার্থসিদ্ধ, শৌদ্ধোদনি, অর্কবন্ধু মায়াদেবীসুত, স্বজিত, শ্বেতকেতু, ধর্ম্মকেতু, মহামুনি, পঞ্চজ্ঞান, সর্ব্বদর্শী, মহাবোধি, মহাবল, বহুক্ষম, ত্রিমূর্ত্তি, সিদ্ধার্থ ও শক।

৬ মুনিবিশেষ, একতাদি মুনিগণের পিতা। (ভারত শল্য ৩৭

৭ একজন স্মৃতিশাস্ত্রকার। কুলমণি, মস্করী, হরদত্ত প্রভৃতি পণ্ডিতগণ গৌতম স্মৃতির টীকা লিখিয়াছেন। গৌতম রচিত পিতৃমেধসূত্র প্রভৃতি বৈদিক গ্রন্থ দৃষ্ট হয়। ইহার রচিত বৈদিক সূত্র আশ্বলায়ন শ্রৌত্রসূত্রে ও বৌধায়ন ধর্ম্মসূত্রে উদ্ধৃত হইয়াছে। ৮ দানচন্দ্রিকারচয়িতা। ৯ একজন ন্যায়শাস্ত্রকার।

গৌতমরাজপুত, চন্দ্রবংশীয় রাজপুত জাতির একটী শাখা। ইহারা রাজপুতদিগের ছত্রিশ কুলের অন্তর্ভুক্ত নহে। বুন্দেলখণ্ড, বারাণসী, গাজিপুর, আয়াসা, মুতায়ুর, কোরা, কুঠিয়াগুমীর, বিন্দকি, ফতেপুর পরগণা, জাজসৌ, সেলিমপুর, ইস্‌লামনগর, দেবগাঁও, নিজামাবাদ এবং গোরক্ষপুরের অন্তর্গত অত্রৌলিয়া, মহৌলী, অরঙ্গাবাদ প্রভৃতি স্থানে এই জাতির বসবাস আছে।

এক সময়ে এই গৌতমবংশীয়েরা নিম্ন দোয়াবে প্রভূত প্রভাবে রাজত্ব করিয়াছিলেন। কোরা পরগণার রিন্দি নদীকূলে স্থিত আর্গল গ্রামে তাঁহাদের রাজধানী ছিল। বর্ত্তমান কালে যদিও তাঁহাদের বংশধরের ক্ষমতার হ্রাস হইয়াছে, তথাপিও তিনি আজও রাজসম্মানে সমাদৃত হইয়া থাকেন। ইহারা বলেন যে, তাঁহারা পূর্ব্বে ব্রাহ্মণ ছিলেন, তাঁহাদিগের পূর্ব্বপুরুষ শৃঙ্গী ঋষি কনৌজের গহরবাড় রাজ কর্ত্তৃক আমন্ত্রিত হইয়া সপুত্রে রাজসদনে উপস্থিত হন। রাজা মুনিপুত্র শৃঙ্গী ঋষিকে নিজ কন্যা এবং কনৌজ হইতে কোরা পর্য্যন্ত সমস্ত গ্রাম যৌতুক স্বরূপ দান করেন। রাজকন্যা বিবাহ করিয়া শৃঙ্গী ঋষি রাজপুত মধ্যে গণ্য হন।

ইহাদের মধ্যে রাজা, রাও, রাণা ও রাবৎ এই কয়শ্রেণী আছে। আর্গলের রাজাশ্রেণীর, বিরাহণপুরে রাওদিগের, চিল্লীতে রাণাদিগের এবং ভাউপুরে রাবৎদিগের গোষ্ঠীপতি বাস করেন।

অর্দ্ধগৌতম নামে আর এক নীচশ্রেণীর রাজপুত আছে, পূর্ব্বে তাহারা জিন্‌বর রাজপুত বলিয়া গণ্য ছিল। ইহারা আর্গল রাজাকে দাবা খেলা শিখাইয়া বিন্দকি পরগণায় ২৮ খানি গ্রাম পাইয়াছিল; তদবধি অর্দ্ধগৌতম নামে খ্যাত।

গোরক্ষপুরের গৌতম রাজপুতেরা বলে যে, এক সময় সমস্ত বুন্দেলখণ্ড তাহাদিগের অধিকারে ছিল।

জৌনপুর ও তাহার পূর্ব্বাঞ্চলের গৌতমরাজপুতেরা সোমবংশী, বচগোতি, বল্লগোতি, রাজবার ও রাজকুমার প্রভৃতি অপর শ্রেণীর সহিত পুত্রকন্যার আদান প্রদান করিয়া থাকে। দোয়াবের গৌতমেরা তাদৌরিয়া, কচ্ছবাহ, রাঠৌর, গহলোৎ, চৌহান্, তুয়ার প্রভৃতি ভিন্ন শ্রেণীকে কন্যা দান করে।

আজিমগড়ের গৌতম রাজপুতগণ ইস্‌লাম্ ধর্ম্ম গ্রহণ করিয়াছে।

গৌতমসম্ভবা (স্ত্রী) গৌতমায় তদঘনাশায় সম্ভবতি সং ভূ-অচ্। গোদাবরী। [গোদাবরী দেখ।]

গৌতমী (স্ত্রী) গৌতমস্য ইয়ং, গৌতম-অণ্-ঙীপ্। ১ দুর্গা।

"গৌতমীং কংসঘাতাঞ্চ যশোদানন্দবর্দ্ধিনীম্।"(হরিবংশ ১৭৬।৭)

২ রাক্ষসীবিশেষ। (শব্দরত্না°) ৩ গোদাবরী।

[গোদাবরী দেখ।]

"পশ্চিমাদ্রিসমুদ্‌ভূতা গৌতমী পুণ্যভাবনা।" (হারীত ১৭ অঃ)

৪ গোরচনা। (রাজনি°)

গৌতমস্যাপত্যং স্ত্রী গৌতম-অণ্-ঙীপ্। ৫ কৃপী, গৌতমবংশীয় শরদ্বানের কন্যা। (ভারত ১।১৩১।২৩)

৬ গায়ত্রীস্বরূপা মহাদেবী।

"গৌতমী গামিনী গাধা গন্ধর্ব্বাপ্সরঃসেবিতা।"

(দেবীভাগবত ১২।৬।৪০) ৭ গৌতমপ্রণীত ন্যায়বিদ্যা।

"অধীত্য গৌতমীং বিদ্যাং শৃগালত্বমবাপ্নুয়াৎ।" (পুরাণ)

গৌতমীপুত্র, ১ অন্ধ্রবংশীয় একজন রাজা, শিবস্বামীর পুত্র। বায়ুপুরাণের মতে ইনি ২১ বর্ষ এবং ব্রহ্মাণ্ডপুরাণের মতে ৩৪ বর্ষ রাজত্ব করেন। নাসিকে গৌতমপুত্রের সময়কার শিল্পময় অতি সুন্দর এক গুহা আছে। ২ বাকাটকবংশীয় একজন পরাক্রান্ত রাজা, বাকাটক মহারাজ রুদ্রসেনের পিতা। ইনি ভারশিবের মহারাজ ভবনাগের কন্যাকে বিবাহ করেন।

[বাকাটক দেখ।]

গৌতমীয় (ত্রি) গৌতমস্যেদং গৌতম-ছ। গৌতমসম্বন্ধীয়।

গৌতমেশ্বর (পুং) গৌতম ঈশ্বরঃ প্রভুর্যত্র বহুব্রী। তীর্থবিশেষ। (মৎস্যপু°)

গৌত্ত, দক্ষিণপশ্চিম ভারতের এক প্রাচীন রাজবংশ। খৃষ্টীয় দ্বাদশ ও ত্রয়োদশ শতাব্দীতে ইহারা আপনাদিগকে মহামণ্ডলেশ্বর বলিয়া পরিচয় দিয়াছেন। ফ্লিট্ সাহেব অনুমান করেন যে এই গৌত্তবংশ কোন মৌর্য্যবংশীয় রাজগণের অন্যতম শাখামাত্র। ইহারা পশ্চিম চালুক্যরাজের অধীনে করদ ছিলেন এবং সম্ভবতঃ ধারবার জেলা ও মহিসূর রাজ্যে ইহাদের বাস ছিল। কারণ ধারবার জেলার চৌদ্দামপুর গ্রামের চতুঃপার্শ্বে ও মহিসূরের হলিবিদ নগরে পশ্চিম চালুক্যরাজ ষষ্ঠ বিক্রমাদিত্যের রাজত্ব সময়ে (১) ১০৭৫—১১২৬ খৃঃ অঃ

মধ্যে উৎকীর্ণ শিলাফলকে এবং তৎপরবর্ত্তী রাজগণের রাজত্ব কালে (২) ১১৭৯—৮০, (৩) ১১৮১—৮২, (৪) ১১৮৭-৮৮, (৫) ১১৯১-৯২, (৬) ১২১৩-১৪, (৭) ১২৩৭-৩৮ (৮) ১২৬২-৬৩ খৃষ্টাব্দ পর্য্যন্ত প্রায় সর্ব্বসমেত ৮ খানি শিলালিপিতে ঐ গৌত্তসামন্ত রাজগণের পরিচয় পাওয়া যায়।

গৌত্তম (পুং) গচ্ছতীতি গং গাত্রমুত্তায়তি উদ-তম অচ্-স্বার্থে অণ্। স্থাবরবিষভেদ। (হেম°)

গৌদন্তেয় (ত্রি) গোদন্তস্তেদং গোদন্ত-ঢক্। গোদন্তচন্দন-সম্বন্ধীয়।

গৌদানিক (ত্রি) গোদানং কর্ম্মাস্ত গোদান-ঠক্। ১ গোদানাখ্য ব্রহ্মচর্য্য। গোদানে উক্তং ঠক্। গোদানোক্ত কর্ম্ম।

"উপরি সমিধং কৃত্বা গায়ঞ্চ ব্রাহ্মণেভ্যঃ প্রদায় গৌদানিকং কর্ম্ম কুর্ব্বীত।" (আশ্ব° গৃ° ৩।৮।৬)

গৌধার (পুং) গোধায়া অপত্যং গোধা-আরক্। গোধাপুত্র।

গৌধূম (ত্রি) গোধূমস্ত বিকারঃ গোধূম-অণ্। গোধূমের বিকার, রোটিকা প্রভৃতি।

"উৎকীর্ণসমাগ্রো গৌধূমচষালঃ।" (কাত্যা° শ্রৌ° ১৪।১।২২)

গৌধূমীন (ক্লী) গোধূমস্ত ক্ষেত্রং গোধূম খঞ্। গোধূম জন্মিবার উত্তম ক্ষেত্র।

গৌধেয় (পুং) গোধায়া অপত্যং গোধা, ঢক্। (শুভ্রাদিভ্যশ্চ। পা ৪।১।১২৩) গোধিকাত্মজ, গোসাপের বাচ্চা।

গৌধের (পুং) গোধায়া অপত্যং গোধা ঢ্রক্ (গোধায়া ঢ্রক্। পা ৪।১।১২৯) গোধিকাত্মজ।

গৌধেরক (পুং) গৌধেরএব গৌধের স্বার্থে কন্। গোধিকাত্মজ।

"প্রতিসূর্য্যঃ পিঙ্গভাসো বহুবর্ণোমহাশিরাঃ।
তথামিরুপমশ্চাপি পঞ্চ গৌধেরকাঃ স্মৃতাঃ।" (সুশ্রুত)

গৌধেরকায়ণি (পুং) গৌধেরস্ত অপত্যং গোধের-ফিঞ্ কুক্ চ (বাকিনাদীনাং কুক্ চ। পা ৪।১।১৫৮) গৌধের পুত্র।

গৌনদ্দ (ত্রি) গৌনর্দ্দদেশে ভবঃ গোনর্দ্দ অণ্। ১ গোনর্দ্দদেশবাসী। (পুং) ২ পতঞ্জলি মুনি।

গৌন্দী, দাক্ষিণাত্যবাসী জাতিবিশেষ। সাধারণতঃ গবন্দি নামে খ্যাত। [গবন্দি দেখ।]

গৌপত্য (ক্লী) গোপতে র্ভাবঃ গোপতি-যক্। গোপতি-ভাব, গোস্বামিত্ব।

"সংহিতাসি বিশ্বরূপ্যূর্জা মাবিশ গৌপত্যেন।"(বাজসনেয় ৩।২২)

'গৌপত্যেন গোস্বামিত্বেন'। (মহীধর।)

গৌপবন (পুং) একজন ঋষি, ইনি মধুকাণ্ডের বংশে জন্ম গ্রহণ করেন। "অথ বংশঃ পৌতিমাষ্যাৎগৌপবনাদ্‌গৌপবনঃ।" (বৃহদারণ্যক ৪।৬।১) (ক্লী) ২ সামভেদ।

গৌপাড়া, সাঁওতাল পরগণার অন্তর্গত একটী প্রধান গ্রাম। গিরিশৃঙ্গের উপর অবস্থিত। এখানে প্রায় শত ঘর পাহাড়ীয়া জাতির বাস আছে।

গৌপায়ন (পুং) গোপের অপত্য।

গৌপালপশুপালিকা (স্ত্রী) গোপালপশুপালয়োর্ভাব গোপাল-পশুপাল-বুঞ্ (দ্বন্দ্বমনোজ্ঞাদিত্যশ্চ। পা ৫।১।১৩৩) টাপ্। ১ গোপাল ও পশুপালের ধর্ম্ম। ২ গোপাল ও পশুপালের কর্ম্ম।

গৌপিক (পুং স্ত্রী) গোপিকায়া অপত্যং গোপিকা-অণ্। গোপিকার অপত্য। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হইয়া গৌপিকী শব্দ হয়।

গৌপিলেয় (ত্রি) গোপিল চাতুরর্থিক ঢক্। গোপিল দ্বারা নির্ব্বৃত্ত।

গৌপুচ্ছ (ত্রি) গোপুচ্ছমিব গোপুচ্ছ-অণ্ (শর্করাদিভ্যোঽণ্। পা ৫।৩।১০৭) গোপুচ্ছ সদৃশ।

গৌপুচ্ছিক (ত্রি) গোপুচ্ছেন ক্রীতং, গোপুচ্ছ-ঠঞ্। ১ গোপুচ্ছ দ্বারা যাহা ক্রীত হইয়াছে। গোপুচ্ছেন তরতি গোপুচ্ছ-ঠঞ্। ২ যে গোপুচ্ছ দ্বারা উত্তীর্ণ হয়।

গৌপ্তেয় (পুং স্ত্রী) গুপ্তা বৈশ্যজাতীয়া স্ত্রী তস্যাঃ অপত্যং গুপ্তা-ঢক্ (শুভ্রাদিভ্যশ্চ। পা ৪।১।১২৩) বৈশ্যজাতীয় স্ত্রীর অপত্য।

গৌভৃত (ত্রি) গোভৃতা নির্ব্বৃত্তং গোভৃত-অণ্। যাহা গোভৃৎ দ্বারা নির্ব্বৃত্ত হয়।

গৌমত (ত্রি) গোমত্যাং ভবঃ গোমতী-অণ্ (প্রস্থোত্তরপদ-পলদ্যাদিকোপধাদণ্। পা ৪।২।১১০) গোমতী নদীতে উৎপন্ন।

গৌমতায়ন (ত্রি) গোমতী চাতুরর্থিক ফঞ্। গোমতী নদীতে উৎপন্ন প্রভৃতি।

গৌময়িক (ত্রি) গোময়-চাতুরর্থিক ঠঞ্। গোময় নির্বৃত্ত প্রভৃতি।

গৌমায়ন (পুং স্ত্রী) গোমিনোগোত্রাপত্যং গোমিন্-ফঞ্, টিলোপশ্চ। গোমীর গোত্রাপত্য।

গৌর (পুং) গুড়-গতৌ র নিপাতনে সাধু। ১ চন্দ্র। ২ শ্বেতসর্ষপ।

"গৌরস্তু সর্ষপঃ প্রাজ্ঞৈঃ সিদ্ধার্থ ইতি কথ্যতে।" (ভাবপ্রকাশ)

৩ ধব বৃক্ষ, ধা গাছ। (রাজনি°) ৪ পীতবর্ণ। ৫ শ্বেত-বর্ণ। ৬ অরুণ বর্ণ। (ত্রি) ৭ পীতবর্ণবিশিষ্ট।

"গোরোচনালেপনিতান্তগৌরে।" (কুমার° ৮)

৮ শ্বেতবর্ণ যুক্ত। "কৈলাসগৌরং বৃষমারুরুক্ষোঃ পাদার্পণানুগ্রহপূতপৃষ্ঠম্।" (রঘু ২।৩৫)

৯ অরুণবর্ণযুক্ত। "কীর্ণৈঃ পিষ্টাতকৌঘৈঃ কৃতদিবসমুখৈঃ কুঙ্কুমক্ষোদগৌরৈঃ।" (রত্নাবলী) স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়। (পুং)

১০ চৈতন্য মহাপ্রভু। (অনন্তস°) (ক্লী) ১১ পদ্মকেশর। (মেদিনী) ১২ কুঙ্কুম। ১৩ স্বর্ণ। (রাজনি°) (পুং) ১৪ পরিমাণবিশেষ। যাজ্ঞবল্ক্যের মতে ৮ ত্রসরেণুতে ১ লিক্ষা, ৩ লিক্ষায় এক রাজসর্ষপ, ৩ রাজসর্ষপে ১ গৌর হয় (১)। (পুং স্ত্রী) ১৫ এক প্রকার মৃগ, ইহা একশফ শ্রেণীর অন্তর্গত।

"খরোষ্ট্রোঽশ্বতরোগৌরঃ শরভশ্চমরী তথা।
এতে চৈকশফাঃ ক্ষত্তঃ! শৃণু পঞ্চনখান্ পশূন্॥"
(ভাগবত ৩।১০।২২)

(ত্রি) ১৫ বিশুদ্ধ। (মেদিনী)

গৌরক্ষ্য (ক্লী) গৌরক্ষস্য ভাবঃ কর্ম্ম বা গৌরক্ষ-ষ্যঞ্। ১ পাশুপাল্য, বৈশ্যকর্ম্মবিশেষ। ২ গৌরক্ষকের ভাব।

গৌরখর (পুং) বন্য গর্দ্দভ।

গৌরগ্রীব (পুং) গৌরী গ্রীবা অত্র বহুব্রী। ১ দেশবিশেষ, কূর্ম্মবিভাগের মধ্যভাগে এই দেশের উল্লেখ আছে।

"গৌরগ্রীবোদ্দেহিকগুড়াশ্বত্থপাঞ্চালাঃ।"(বৃহৎসংহিতা ১৪ অঃ)

(ত্রি) ২ তদ্দেশবাসী।

গৌরগ্রীবীয় (ত্রি) ১ গৌরগ্রীবসম্বন্ধীয়। ২ গৌরগ্রীবদেশবাসীর অপত্য।

গৌরচন্দ্র (পুং) চৈতন্যদেব, মহাপ্রভু।

"কৃষ্ণশ্চৈতন্যো গৌরাঙ্গো গৌরচন্দ্রঃ শচীসুতঃ।" (অনন্তস°)

গৌরচন্দ্র গজপতি নারায়ণদেব, গঞ্জামের অন্তর্গত কিমেদির একজন রাজা, জগন্নাথনারায়ণ দেবের পুত্র। ইনি ১৮০৬ হইতে ১৮৩৯ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করেন।

গৌরজীরক (পুং) গৌরশ্চাসৌ জীরকশ্চেতি। শ্বেতজীরক। (রাজনি°) পর্য্যায়—অজাজী, শ্বেতজীরক, কণাহ্বা, কণজীর, কণা, সিতদীপ্য, দীর্ঘকণা, সিতাজাজী, গৌরাজাজী। ইহার গুণ—শীতল, রুচিকর, কটু, মধুর, দীপন, কৃমি, বিষ ও আধ্মাননাশক এবং চক্ষুর হিতকর। (রাজনি°) [জীরক দেখ।]

গৌরতিত্তিরি (পুং স্ত্রী) শ্বেতবর্ণ তিত্তিরি পক্ষী।

[তিত্তিরি দেখ।]

গৌরত্বচ্ (পুং) গৌরীত্বক্ যস্য বহুব্রী। ইঙ্গুদীবৃক্ষ, জিয়াপুঁতি। ঋষিগণ এই বৃক্ষের ফলে উৎপন্ন তৈল ব্যবহার করিতেন।

গৌরপৃষ্ঠ (পুং) গৌরং পৃষ্ঠং যস্য বহুব্রী। যমরাজের সভাসদ্ একজন রাজা। (ভারত সভা°)

গৌরমুখ (পুং) গৌরং বিশুদ্ধং মুখং যস্য বহুব্রী। ১ মহর্ষি শমীকের শিষ্য। মহর্ষি শমীক পরীক্ষিতকে শাপবৃত্তান্ত জানাইতে ইহাকে পাঠাইয়াছিলেন। (ভারত ১।৪২ অঃ) উ° প° প্রদেশে সীতাপুরের নিম্‌খার নামক স্থানে প্রবাদ আছে, গৌরমুখ তথায় অসুরদিগকে বিনাশ করিয়াছিলেন। (ত্রি) গৌরং মুখং যস্য বহুব্রী। ২ শ্বেতবর্ণ মুখবিশিষ্ট। স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীষ্ হয়।

গৌরমৃগ (পুং স্ত্রী) নিত্যকর্ম্মধা°। গৌরবর্ণ মৃগবিশেষ।

"ক্রোষ্টা মায়োরিন্দ্রস্য গৌরমৃগঃ" (বাজসনেয় ২৪।৩২)

গৌরব (ক্লী) গুরোর্ভাবঃ গুরু অণ্ (ইগন্তাচ্চ লঘুপূর্ব্বাৎ। পা ৫।১।১৩১) ১ গুরুত্ব।

"শরীরগৌরবাদস্য শিলাগাত্রৈর্বিচূর্ণিতা।" (ভারত ১।১৬৩।১৮)

২ গুরুর কর্ম্ম। ৩ উৎকর্ষ। "শুশ্রাব তেভ্যঃ প্রভবাদিবৃত্তং স্ববিক্রমে গৌরবমাদধানম্॥" (রঘু ১৪।১৮)

৪ আদর। "প্রয়োজনাপেক্ষিতয়া প্রভূণাং
প্রারম্ভলং গৌরবমাশ্রিতেষু॥" (কুমার° ৩।১)

গৌরবং সাধনতয়া অস্ত্যস্য গৌরব-অচ্ (অর্শ আদিভ্যো ঽচ্। পা ৫।২।১২৭) ৫ অভ্যুত্থান। (হেম°)

(ত্রি) গুরোরিদং গুরু-অণ্। ৬ গুরুসম্বন্ধীয়।

"মধ্যগত্যাভভোগেন গুরো গৌরববৎসরাঃ।" (বশিষ্ঠসিদ্ধান্ত)

গৌরববৎ (ত্রি) গৌরবমস্ত্যস্য গৌরব-মতুপ্ মস্য বঃ। গৌরববিশিষ্ট, যাহার গৌরব আছে।

গৌরবাজার, বীরভূমের অন্তর্গত একটী গণ্ডগ্রাম। দেশাবলী নামক সংস্কৃত ভূবৃত্তান্তে ইহা গৌরঙ্গবীথি নামে বর্ণিত হইয়াছে।

গৌরবাসন (ক্লী) গৌরবেণ দত্তমাসনং মধ্যলো°। উৎকর্ষসূচক আসন।

গৌরবাহন (পুং) গৌরং গৌরবর্ণং বাহনং যস্য বহুব্রী। একজন রাজা, অপর নাম শ্বেতবাহন।

"কুন্তিভোজো মহাতেজাঃ পার্থিবো গৌরবাহনঃ।"
(ভারত ২।৩৩ অঃ)

গৌরবিত (ত্রি) গৌরবং সঞ্জাতমস্য গৌরব-তারকাদিত্বাদিতচ্। পূজ্য।

গৌরশাক (পুং) গৌরঃ শাকোঽস্য বহুব্রী। মধুকবৃক্ষবিশেষ। (জটাধর)

গৌরশালি (পুং) নিত্যকর্ম্মধা°। শালিধান্যবিশেষ, গন্ধশালি।

গৌরশিরস্ (ত্রি) গৌরং শিরোঽস্য বহুব্রী। ১ শুক্লবর্ণ কেশযুক্ত, যাহার মাথায় চুল শুক্ল হইয়াছে।

(পুং) ২ রাজনীতিশাস্ত্রপ্রণেতা একজন মুনি। ইহার প্রণীত নীতিশাস্ত্র বর্ত্তমান সময়ে দুষ্প্রাপ্য। মহাভারতে নীতিশাস্ত্র-প্রণেতৃগণের মধ্যে ইহার উল্লেখ আছে।

(১) "জালস্থার্য্যমরীচিস্থং ত্রসরেণুরজঃ স্মৃতম্।
তেঽষ্টৌ লিক্ষা চ তাস্ত্রিস্রো রাজসর্ষপ উচ্যতে। গৌরস্তু তে ত্রয়ঃ।"
(যাজ্ঞবল্ক্য)

"বিশালাক্ষশ্চ ভগবান্ কাব্যশ্চৈব মহাতপাঃ।
সহস্রাক্ষো মহেন্দ্রশ্চ তথা প্রাচেতসোমুনিঃ॥
ভারদ্বাজশ্চ ভগবাংস্তথাগৌরশিরা মুনিঃ।
রাজশাস্ত্রপ্রণেতারো ব্রহ্মণ্যা ব্রহ্মবাদিনঃ॥"

(ভারত ১৩।৫৮ অঃ)

গৌরসর্ষপ (পুং) গৌরশ্চাসৌ সর্ষপশ্চেতি কর্ম্মধাঃ। ১ শ্বেত-সর্ষপ। (রত্নমালা)—পর্য্যায় অনদ্য, সিদ্ধার্থ, ভূতনাশন, কটুস্নেহ, গ্রহঘ্ন, কণ্ডুঘ্ন, রাজিকাফল, তীক্ষ্ণক, দুরাধর্ষ, রক্ষোঘ্ন, কুষ্ঠনাশন, সিদ্ধপ্রয়োজন, সিদ্ধসাধন, সিতসর্ষপ। গুণ—কটু, তিক্ত, উষ্ণ, বাত, রক্ত, গ্রহ, ত্বক্, দোষ, বিষ ও ব্রণনাশক এবং রক্ত পিত্ত ও অগ্নিবৃদ্ধিকর। (ভাবপ্রকাশ) মনুর মতে ইহাদ্বারা ক্ষৌমশুদ্ধি করিবার বিধান আছে।

"শ্রীফলৈরংশুপট্টানাং ক্ষৌমাণাং গৌরসর্ষপৈঃ।" (মনু)

২ পরিমাণবিশেষ। মনুর মতে ৮ ত্রসরেণুতে ১ লিক্ষা, ৩ লিক্ষায় ১ রাজ এবং ৩ রাজসর্ষপে ১ গৌরসর্ষপ হয়।

"ত্রসরেণোঽষ্টৌ বিজ্ঞেয়া লিক্ষৈকা পরিমাণতঃ।
তা রাজসর্ষপস্তিস্র স্তে ত্রয়ো গৌরসর্ষপাঃ।" (মনু ৮।১৩৭)

গৌরসুবর্ণ (ক্লী) গৌরঃ শুভ্রঃ সুবর্ণ উৎকৃষ্ট বর্ণোযস্য বহুব্রী। চিত্রকূটপ্রসিদ্ধ এক প্রকার শাক। এই শাক জলপ্রায়-স্থানে জন্মে। ইহা সুগন্ধি, পাতাগুলি স্বর্ণবর্ণ, ক্ষুদ্র। এই শাক হস্তে মর্দ্দন করিলে চূর্ণ হইয়া যায় এবং সুবাস বাহির হয়। পর্য্যায়—স্বর্ণ, সুগন্ধিক, ভূমিজ, বারিজ, হ্রস্ব, গন্ধশাক, কটুশৃঙ্গাল, চূর্ণশাকাহ্ব। গুণ—শীতল, কফ, পিত্ত, জ্বর, দাহ, রুচি, ভ্রান্তি ও শ্রমনাশক এবং পথ্য। (রাজনি°)

গৌরা (স্ত্রী) গৌর-টাপ্ (গৌরাদিগণেবর্ণবাচিনো গৌরশব্দস্য গ্রহণাৎ অত্র বিশুদ্ধার্থে গৌরশব্দাৎ টাপ্) বিশুদ্ধা স্ত্রী।

গৌরাঙ্গ (পুং) গৌরং শ্বেতং পীতং বা অঙ্গং যস্য বহুব্রী। ১ বিষ্ণু। ইনি যুগাবতারে শ্বেত ও পীতবর্ণ শরীর ধারণ করেন বলিয়া ইহার গৌরাঙ্গ নাম হইয়াছে।

"শ্বেতো রক্তস্তথা পীত ইদানীংকৃষ্ণতাং গতঃ।" (ভাগবত ১০স্ক)

গৌরং বিশুদ্ধং অঙ্গং যস্য বহুব্রী। ২ শ্রীকৃষ্ণ।

"গৌরাঙ্গং গৌরদীপ্তাঙ্গং পঠেৎ স্তোত্রং কৃতাঞ্জলিঃ।
নন্দগোপসুতং চৈব নমস্যামি গদাগ্রজম্॥" (ব্রহ্মযামল)
"গৌরাঙ্গো নাদগম্ভীরঃ স্বনামামৃতলালসঃ।" (কৃষ্ণযামল)

৩ শচীপুত্র, চৈতন্য। বৈষ্ণবগণের মতে ইনিই বিষ্ণুর যুগাবতার, ব্রহ্মযামল ও কৃষ্ণযামলে গৌরাঙ্গ শব্দে ইহাকেই উল্লেখ করা হইয়াছে। [চৈতন্যদেব দেখ।]

(ত্রি) ৪ গৌরবর্ণ দেহবিশিষ্ট। (ক্লী) গৌরঞ্চ তৎ অঙ্গং চেতি কর্ম্মধাঃ। ৫ গৌরবর্ণ শরীর। গরুড়পুরাণের মতে কুষ্মাণ্ডনালের ক্ষার ও কুষ্মাণ্ডের ছাল, ইহাদের সহিত জলপিষ্টহরিদ্রা মহিষ-বিষ্টায় বেষ্টন করিয়া অগ্নি আগুণে সিদ্ধ করিয়া লইবে, ইহার উদ্বর্ত্তনে শরীর গৌরবর্ণ হয়।

"কুষ্মাণ্ডনালক্ষারন্তু সগোমূত্রশ্চ তত্ত্বচঃ।
জলপিষ্টা হরিদ্রাচ সিদ্ধামন্দানলেন হি॥
মাহিষেণ পুরীষেণ বেষ্টিতা বৃষভধ্বজ!।
অস্য উদ্বর্ত্তনং কুর্য্যাদঙ্গগৌরত্বসাধনম্॥"

(গরুড়পুরাণ ১৯৪ অঃ)

গৌরাঙ্গদিহি, বঙ্গের বাঁকুড়া জেলার গিরিশ্রেণী, অক্ষা° ২৩° ২৬´ উঃ, দ্রাঘি° ৮৬° ৪৮´ ৪৫´´ পূঃ। বাঁকুড়া হইতে রঘুনাথ-পুরের রাস্তা পর্য্যন্ত ১২ ক্রোশের মধ্যে তিনটী গিরি এই নামে খ্যাত। পাহাড়গুলি প্রায় ৩০০ ফিট উচ্চ ও বৃক্ষজঙ্গলে আবৃত।

২ মানভূমের পুরুলিয়া উপবিভাগের অন্তর্গত একটী থানা।

গৌরজাজী (স্ত্রী) শ্বেতজীরক, শাদা জীরা। (রাজনি°)

গৌরাদি (পুং) গৌর আদির্যস্য গণস্য বহুব্রী। পাণিনীর একটী গণ। ইহাদের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। গৌর, মৎস্য, মনুষ্য, শৃঙ্গ, পিঙ্গল, হয়, গবয়, মুকয়, ঋষ্য, পুট, তুণ, দ্রুণ, দ্রোণ, হরিণ, কোকণ, কাকণ, পটর, উণক, আমল, আমলক, কুবল, বিম্ব, বদর, ফর্করক, কর্কর, তর্কার, শর্কার, পুষ্কর, শিখণ্ড, সলদ, শষ্কণ্ড, সনন্দ, সুষম, সুষব, অলিন্দ, গড়ুল, ষাণ্ডশ, আঢ়ক, আনন্দ, আশ্বত্য, সুপাট, আখক, আপচ্চিক, শঙ্কুল, সূর্য্য, সূর্ম্ম, সূর্প, সূচ, যূষ, পূষ, যূথ, সূপ, মেথবল্লক, ধাতক, সল্লক, মালক, মালত, সাধক, বেতস, বৃক্ষ, বৃস, অতস, উভয়, ভৃঙ্গ, মহ, মঠ, ছেদ, পেশ, মেদ, শ্বন্, তক্ষন্, অনড়ুহী, অনড়াহী, এষণ (করণে), দেহ, দেহল, কাকাদন, গবাদন, তেজন, রজন, লবণ, ঔদ্গাহমানি, গৌতম, গোতম, পারক, অয়ঃস্থূণ, অয়স্থূণ, ভৌরিকি, ভৌলিকি, ভৌলিঙ্গি, যান, মেধ, আলম্বি, আলজি, আলব্ধি, আলক্ষি, কেবাল, আপক, আরট, নট, ঢোট, নোট, মূলাট, শাতন, পোতন, পাতন, পাঠন, পানঠ, আস্তরণ, অধিকরণ, অগ্রহায়ণ, আগ্রহায়ণ, প্রত্যবরোহিন্, সেচন, সুমঙ্গল (সংজ্ঞায়), অণ্ডর, সুন্দর, মণ্ডল, মন্থর, মঙ্গল, পট, পিণ্ড, ষণ্ড, উর্দ, গুর্দ, শম, সুদ, আর্দ্র, হ্রদ, পাণ্ড, ভাণ্ড, লোহাণ্ড, কদর, কন্দর, কদল, তরুণ, তলুন, কন্মাষ, বৃহৎ, মহৎ, সোম, সৌধর্ম্ম, রোহিণী (নক্ষত্রে), রেবতী(নক্ষত্রে), বিকল, নিষ্কল, পুষ্কল, কটী, পিপ্পল্যাদি, (পিপ্পলী, হরিতকি, হরীতকী, কোশাতকী, শমী, বরী, শরী, পৃথিবী, কোষ্ট্রী, মাতামহী, পিতামহী,) ইহাদিগকে গৌরাদিগণ বলে।

" গৌরাদি আকৃতিগণ। (পা ৪।১।৪১)

গৌরার্দ্রক (পুং) নিত্যকর্ম্মধা°। স্থাবরবিষবিশেষ। (হেম)

গৌরাবস্কন্দিন্ (পুং) গুরোরিদং গৌরবং গুরুপত্নীরূপং কলত্রং তদাস্কন্দতি গৌরব-আ স্কন্দ-ণিনি পৃষোদরাদিত্বাৎ বর্ণবিকারে সাধু। অহল্যাজার, ইন্দ্র।

"গৌরাবস্কন্দিন্নহল্যায়ৈ জারেতি।" (শতপথব্রা° ৩।৩।৪।১৮)

গৌরাশ্ব (পুং) গৌরোঽশ্বোঽস্য বহুব্রী। একজন রাজা, যমের সভার সভ্য।

"অলর্কঃ কক্ষসেনশ্চ গয়ো গৌরাশ্ব এব চ।" (ভারত ২।৮ অ°)

২ অর্জ্জুন। (ত্রি) ৩ যাহার গৌরবর্ণ অশ্ব আছে।

গৌরাস্য (পুং স্ত্রী) গৌরমাস্যং যস্য বহুব্রী। একপ্রকার বানর, ইহাদের মুখ গৌর তাহা ছাড়া অপর সকল অবয়ব কৃষ্ণবর্ণ। (রাজনি°) স্ত্রীলিঙ্গে টাপ্ হয়।

গৌরাহিক (পুং স্ত্রী) গৌরশ্চাসৌ অহিশ্চেতি কর্ম্মধা° সংজ্ঞায়াং কন্। বিষশূন্য একপ্রকার সর্প। "নির্বিষাস্তু...অন্ধাহিকো গৌরাহিকো বৃক্ষেশয় ইতি।" (সুশ্রুত, ৪৪ অঃ)

গৌরি (পুং) গৌরস্যাপত্যং গৌর-ইঞ্। আঙ্গিরস ঋষি।

"গৌরে রাঙ্গিরসস্য সাম" (শ্রুতি)

গৌরিক (ত্রি) গৌরো বর্ণোঽস্ত্যস্য গৌর-ঠন্। ১ শ্বেতবর্ণ যুক্ত। (পুং) ২ শ্বেতসর্ষপ।

"যবাহ্বগৌরিকোন্মিশ্রৈঃ পাদলেপঃ প্রশস্যতে।"

(সুশ্রুত ৪।২০ অঃ)

গৌরিকী (স্ত্রী) গৌর্য্যেত গৌরী স্বার্থে কন্ হ্রস্বশ্চ। অষ্টবর্ষীয়া কন্যা। (শব্দরত্নাবলী)

গৌরিমৎ (ত্রি) গৌরীং মত্বস্তে মন-ক্বিপ্ ৬তৎ হ্রস্বশ্চ। গৌরিতীর্থ।

গৌরিমতী (স্ত্রী) গৌরীমৎ ঙীষ্। গৌরীতীর্থস্থ একটী নদী।

গৌরিল (পুং) গৌরো বর্ণোঽস্ত্যস্য গৌরবাহুলকাৎ ইলচ্। ১ শ্বেতসর্ষপ। ২ লৌহচূর্ণ। (মেদিনী)

গৌরিবীত (ক্লী) গৌরধিতিনা দৃষ্টং গৌর-বীতি-অণ্। সামবিশেষ।

"তৃতীয়সবনাচ্চিদ্বিষ্ণোঃ শিপিবিষ্টবতীষু গৌরিবীতেন।" (কাত্যা শ্রৌ° ২৫।১৩।৬) 'গৌরিবীতং নাম সামভেদঃ' (কর্ক)।

গৌরিবীতি (পুং) গৌর্য্যাং বেদবাচি বীতির্বিশেষগতিরস্ত্যস্য বহুব্রী। ঋষিবিশেষ, শক্তিমুনির পুত্র। (শতপথ° ১২।৮।৩।৭)

গৌরিষক্থ (পুং) গৌর্য্যাইব সক্থি অস্ত বহুব্রী ষচ্, হ্রস্বঃ বত্বঞ্চ। গৌরীর তুল্য সক্থিবিশিষ্ট।

গৌরী (স্ত্রী) গৌর-ঙীষ্ (ষিদ্‌গৌরাদিভ্যশ্চ। পা ৪।১।৪১) ১ গৌরবর্ণা, গৌরবর্ণবিশিষ্ট স্ত্রী।

"কপোলভিত্তীরিব লোধ্রগৌরীঃ।" (মাঘ)

২ পার্ব্বতী, হিমালয়ের কন্যা। "গৌরীগুরোর্গহ্বরমাবিবেশ।" (রঘু ২। ২৬) ৩ অষ্টবর্ষীয় কন্যা।

"অষ্টবর্ষা ভবেদ্‌গৌরী নববর্ষাতু রোহিণী।" (স্মৃতি)

৪ হরিদ্রা। ৫ দারুহরিদ্রা। ৬ গোরোচনা। ৭ বরুণপত্নী। ৮ প্রিয়ঙ্গু বৃক্ষ। ৯ পৃথিবী। ১০ নদীবিশেষ। [আর্য্যশব্দে ১৬৭ পৃষ্ঠায় বিশেষ বিবরণ দ্রষ্টব্য।] ১১ সূর্য্যবংশীয় প্রসেনজিৎ রাজার পত্নী, ইনি ভর্ত্তার শাপে নদী হন, সেই নদীর নাম বাহুদা। (হরিবংশ) ১২ বুদ্ধশক্তিবিশেষ। (হেম°) ১৩ মঞ্জিষ্ঠা। ১৪ শ্বেতদূর্ব্বা। ১৫ মল্লিকা। ১৬ তুলসী। ১৭ সুবর্ণকদলী। ১৮ আকাশমাংসী। (রাজনি°) ১৯ রাগিণীবিশেষ। হনুমানের মতে মালবরাগের পত্নী। ভরতের মতে মালকোষের পত্নী। ব্রহ্মার মতে শ্রীরাগের পত্নী। আশাবরী ও জয়ন্তী যোগে উৎপন্ন, ওড়ব, ও ঋ প বর্জ্জিত। ইহার আরম্ভ ও সমাপ্তিস্বর ষড়্‌জ। এই রাগিণীর মূর্ত্তি—কুমারী, মুখখানি শরচ্চন্দ্রের ন্যায় সুন্দর, ক্লীবের ন্যায় মুখে দাড়িগোঁফ ধারণ করিয়া উপবনে অবস্থিতি করেন। (সঙ্গীতদামোদর)

উদাহরণ—

স ০ গ ম ০ ধ নি স।
নি ধ প ম গ ঋ স।—(কল্লীনাথ)
নি স ঋ ০ ম প ০।—(রা° বি°)
স ০ গ ম ০ ধ নি।—(মুঃ খাঁ)
স ঋ গ ম ০ ধ নি।—(সং না)

২০ মাধ্যমিক বাক্। (সায়ণ।) ২১ দীপ্তিমতী স্ত্রী। (নিরুক্ত।) ২২ গঙ্গা।

"গঙ্গা গন্ধবতী গৌরী গন্ধর্ব্বনগরপ্রিয়া।" (কাশী ২৯।৪৯)

২৩ পীঠস্থানের অধিষ্ঠাত্রী দেবীবিশেষ।

"গৌরী প্রোক্তা কান্যকুব্জে রম্ভাতু মলয়াচলে।"

(দেবীভাগবত ৭।৩০।৫৮)

২৪ নাড়ীবিশেষ।

গৌরীকল্প (পুং) কল্পভেদ, ব্রহ্মমাসের কৃষ্ণা ত্রয়োদশী।

গৌরীকান্ত (পুং) গৌর্য্যাঃ কান্তঃ ৬তৎ। মহাদেব।

গৌরীকান্তসার্ব্বভৌম ভট্টাচার্য্য, একজন বঙ্গদেশীয় বিখ্যাত পণ্ডিত। ইনি অনেক সংস্কৃত গ্রন্থ রচনা করিয়াছেন, তন্মধ্যে আনন্দলহরীটীকা, কেশবের তর্কভাষার ভাবার্থদীপিকা নামে টীকা, তর্কসংগ্রহটীকা, মুক্তাবলী ও গৌরীকান্তীয় নামে ন্যায় গ্রন্থ রচনা করেন।

গৌরীখণ্ড, একটী পুণ্যজন স্থান। (রেবাখণ্ড)

গৌরীগুরু (পুং) গৌর্য্যাগুরুঃ ৬তৎ। ১ হিমালয়।

"অখিলমিদমমুষ্য গৌরীগুরোঃ" (কিরাত ৫।২১)

গৌরীজ (ক্লী) গৌর্য্যাস্তজ্জসো জায়তে গৌরী জন-ড। ১ ধাতুবিশেষ, অভ্রক। (রাজনি॰) (পুং) ২ কার্ত্তিক। ৩ গণেশ।

গৌরীতক্র (ক্লী) গৌর্য্যা বিহিতং তক্রং মধ্যলো॰। সুগন্ধি দ্রব্য ও মসলাযুক্ত তক্রবিশেষ। লবণ, মরিচ, শুঁঠ, জীরা, নারঙ্গজ, দারচিনি ও এলাচী চূর্ণ ঘোলের সহিত মিশাইয়া ঘৃত ও হিঙ্গুদ্বারা ধূপিত করিলে তাহাকে গৌরীতক্র বলে। সেবনে সকল দোষ শান্তি হয়।

"লবণং মরিচং বিশ্বং জীরং নারঙ্গজং ত্বচম্।
এলাচূর্ণান্বিতং তক্রং ধূপয়েৎ ঘৃতহিঙ্গুনা।
গৌর্য্যেদং বিহিতং তক্রং সর্ব্বদোষনিবর্হণম্॥" (শব্দার্থচি॰)

গৌরীদত্ত, বাঙ্মতীতীর্থযাত্রাপ্রকাশ নামে সংস্কৃত গ্রন্থকার।

গৌরীদ্বার, কাঠিয়াবাড়ের হল্লার প্রদেশের অন্তর্গত একটী ক্ষুদ্র রাজ্য। একজন করদ ভূম্যধিকারী ঐ রাজ্যভুক্ত ছয়খানি গ্রামের উপর আধিপত্য করিয়া থাকেন। ইহার রাজস্ব আদায় ১৩০০০৲ টাকা; তন্মধ্যে ১০১০৲ টাকা বৃটীশ গবর্মেণ্টকে ও ৬১০৲ টাকা জুনাগড়ের নবাবকে করস্বরূপ দিতে হয়।

গৌরীনাথ (পুং) গৌর্য্যানাথঃ ৬তৎ। ১ মহাদেব। ২ তর্কপল্লব নামে ন্যায়গ্রন্থরচয়িতা।

গৌরীপট্ট (ক্লী) গৌরীপট।

গৌরীপতি (পুং) গৌর্য্যাঃ পতিঃ ৬তৎ। ১ শিব। ২ দামোদরের পুত্র, ১৬৪০ খৃষ্টাব্দে ইনি আচারাদর্শের টীকা রচনা করেন।

গৌরীপাতা (গৌরীপত্র শব্দজ) গৌরীপট।

গৌরীপুত্র (পুং) গৌর্য্যাঃ পুত্রঃ ৬তৎ। ১ কার্ত্তিক। ২ গণেশ।

গৌরীপুর, গোয়ালপাড়া জেলার অন্তর্গত একখানি গ্রাম। ব্রহ্মপুত্র নদের উত্তরকূলে অক্ষা॰ ২৬° ১১´ উঃ ও দ্রাঘি॰ ৯০° ৭´ পূঃ অবস্থিত। এখানে জেলার সর্ব্বাপেক্ষা বৃহৎ ধনী জমিদারের বাসবাটী আছে। প্রতি বৎসর দুর্গা পূজার সময় মেলা বসিয়া থাকে। এই গ্রাম হইতে জেলার উৎপন্ন দ্রব্য সমস্ত রপ্তানী হইয়া থাকে।

গৌরীপুষ্প (পুং) গৌরী হরিদ্রেব পীতং পুষ্পং যস্য বহুব্রী। প্রিয়ঙ্গু বৃক্ষ। (রাজনি॰)

গৌরীপূজা (স্ত্রী) গৌর্য্যাঃ পূজা ৬তৎ। গৌরীমূর্ত্তিধারিণী দেবীর পূজা।

গৌরীভর্ত্তৃ (পুং) গৌর্য্যা ভর্ত্তা ৬তৎ। শিব।

গৌরীমন্ত্র (পুং) গৌরীর মন্ত্র। তন্ত্রসার মতে গৌরীমন্ত্র যথা—

"হ্রীঁ গৌরি! রুদ্রদয়িতে! যোগেশ্বরি! সবর্ম্মফট্।
মিতান্তঃ ষোড়শ বর্ণোঽয়ং মন্ত্রঃ সদ্ভিরুদীরিতঃ।"

গৌরীললিত (ক্লী) গৌরী হরিদ্রেব ললিতং। হরিতাল।

গৌরীবর (পুং) গৌর্য্যাবরঃ ৬তৎ। শিব।

গৌরীবর শর্ম্মা, দেবীমাহাত্ম্যের বিঘ্ননোরমা নামে একজন টীকাকার।

গৌরীব্রত (ক্লী) ব্রতবিশেষ। পুরাণ মতে মহিলাগণ এই ব্রত করিয়া গৌরীপূজা করিলে আশানুরূপ পতি লাভ করিতে পারেন। কুশধ্বজকন্যা বেদবতী সর্ব্ব প্রথমে এই ব্রত করিয়াছিলেন। ব্রতফলে পরজন্মে জগৎপতি রামচন্দ্রকে পতিত্বে বরণ করিতে পারিয়াছিলেন। (ব্রহ্মবৈ॰) [বেদবতী দেখ।]

গৌরীশ (পুং) গৌর্য্যাঃ ঈশঃ ৬তৎ। পার্ব্বতীপতি, শিব।

গৌরীশঙ্কর (পুং) ১ মহাদেব। ২ হিমালয়ের সর্ব্বোচ্চ শৃঙ্গ, আধুনিক নাম এভারেষ্ট। [হিমালয় দেখ।]

গৌরীশঙ্কর উদয়শঙ্কর যাজ্ঞিক, ভবনগরের একজন প্রধান রাজমন্ত্রী। সামান্য অবস্থা হইতে মানব কতদূর উন্নতি লাভ করিতে পারে, এই ঘোর কলিকালেও যে মানব আত্মোন্নতিগুণে প্রাচীন আর্য্য ঋষিদিগের ন্যায় উন্নত হৃদয় হইতে পারে, পাশ্চাত্য সভ্যতার প্রবল স্রোতে ভাসিয়াও এখনও মহাপ্রাণ হিন্দুদিগের হৃদয় হইতে সেই পূর্ব্বতন জাতীয় ভাব এককালে বিদূরিত হয় নাই, তাহা এই গৌরীশঙ্কর উদয়শঙ্করের জীবনী পাঠ করিলে জানিতে পারা যায়। যে সময়ে ভবনগর রাজ্য নানাপ্রকার ঋণজালে জড়িত, জুনাগড়ের নবাবের সহিত যে সময় গোলযোগ বাঁধিয়াছিল, বৃটীশ গবর্মেণ্ট যখন ভবনগর রাজ্যের উপর তীব্র দৃষ্টিপাত করিতেছিলেন, সেই দারুণ সঙ্কট সময়ে যুবা গৌরীশঙ্কর ভবনগরের মন্ত্রীত্ব গ্রহণ করেন। তাঁহার বিদ্যা, বুদ্ধি ও অপূর্ব্ব শাসননীতির গুণে অল্পদিন মধ্যেই ভবনগরের সকল বিপদ্ জাল বিদূরিত হইল, দেশীয় বিদেশীয় সকল রাজপুরুষ গৌরীশঙ্করের ভূয়সী প্রশংসা করিতে লাগিলেন। বোম্বাইয়ের লাট সাহেব এল্‌ফিন্‌ষ্টোন হইতে লর্ড রিয়ে (Lord Reay) পর্য্যন্ত বোম্বাইয়ে যে সকল গবর্ণর হইয়াছেন, তাঁহারা সকলে তাঁহাকে ভালবাসিতেন। বৃটীশ গবর্মেণ্ট তাঁহার কার্য্যকুশলতায় মোহিত হইয়া তাঁহাকে কমাণ্ডার অব্ দি ষ্টার অব্ ইণ্ডিয়া (C. S. I) উপাধি প্রদান করেন।

তিনি যে রাজ্যের গোলোযোগ মিটাইয়া সুখ্যাতি লাভ করিয়াছিলেন, কেবল তাহাই নয়, বোম্বাইয়ের গবর্ণর লর্ড রিয়ে (Reay) রাজনীতিজ্ঞ গৌরীশঙ্করের সহিত সাক্ষাৎ করিয়া বলিয়াছিলেন—

"এই প্রসিদ্ধ ব্যক্তি যেন সরলতার প্রতিমূর্ত্তি, ইহার অকপট নির্ম্মল ও পবিত্র হৃদয়ের উচ্চভাব এবং বিশুদ্ধ প্রতিজ্ঞায়

আমি বিমুক্ত হইয়াছি। রাজ্যের সুশৃঙ্খল স্থাপনের জন্য ইনি পল্লিগ্রামের পুলিশসংস্কার ও বিচারের সুবন্দোবস্ত করিয়াছেন এবং দুষ্ট জমাদারদিগের উৎপীড়ন হইতে প্রজাবৃন্দকে রক্ষা করিয়াছেন। এক ব্যক্তি দ্বারা যতদূর সাধারণ উপকার সাধিত হইতে পারে, তাহা এই গৌরীশঙ্কর দ্বারা হইয়াছে।"

প্রায় পঞ্চাশ বর্ষের অধিক রাজকীয় কর্ম্মে নিযুক্ত থাকিয়া ইনি ১৮৭৯ খৃষ্টাব্দে ১৩ই জানুয়ারী তারিখে মন্ত্রীত্ব ত্যাগ করেন। এই সময়ে তাঁহার বয়ক্রম ৭৪ বর্ষ। ইহার অনতি পূর্ব্বেই ইনি আপনার দেশীয় ও বিদেশীয় প্রধান প্রধান বন্ধুদিগকে বলিয়াছিলেন, "সংসারে থাকিয়া যাহা করা উচিত, তাহা আমি করিয়াছি। আর কিছুমাত্র স্পৃহা নাই, এখন আমি সংসারের সকল সংস্রব ত্যাগ করিব সঙ্কল্প করিয়াছি। এতদিন আমি সাধারণের কার্য্যে ব্যস্ত ছিলাম, নিজের কাজ কিছুই করি নাই। এখন আমি নিজের কার্য্য করিব। আমাদের পূর্ব্বতন ব্রাহ্মণগণ জীবনের শেষ ভাগে যে পন্থা অবলম্বন করিয়াছেন, আমি সেই বেদান্ত ও উপনিষদ্ প্রদর্শিত মার্গে বিচরণ করিয়া আত্মোন্নতির চেষ্টা করিব। আমি জীবনের অবশিষ্টকাল নিতান্ত নির্জ্জনে থাকিয়া সন্ন্যাসব্রত পালন করিব।"

মন্ত্রীত্ব পরিত্যাগের পর গৌরীশঙ্কর সর্ব্বদাই বেদান্ত ও উপনিষদ্ আলোচনা করিতেন। এইরূপে তিনি ১৮৮৭ খৃষ্টাব্দে চির দিনের তরে বিদায় লইবার জন্য দেশীয় ও বিদেশীয় বন্ধুবান্ধবগণকে আহ্বান করিলেন। সেইদিন তাঁহার আত্মীয় স্বজন ব্যতীত অনেক ইংরাজ রাজপুরুষ উপস্থিত ছিলেন। বৃদ্ধ গৌরীশঙ্কর সকলকে যথারীতি আশীর্ব্বাদ করিয়া জানাইলেন, "চতুর্থ আশ্রমে প্রবেশ করিব, আমি সন্ন্যাসী হইব। যাহাতে আমায় ভবিষ্যতে আর ইহলোকে আসিতে না হয়, ভগবান্ যাহাতে আমাকে নির্ব্বাণমুক্তি প্রদান করেন, এমন চেষ্টা করিব।"

তাঁহার বন্ধুবান্ধবগণ সকলেই তাঁহাকে সংসারে থাকিতে শত শত বার অনুরোধ করিলেন, তাঁহার সমক্ষে মায়া, স্নেহ ও কত প্রলোভন উপস্থিত করিলেন, কিন্তু তাঁহার উৎসাহিত উজ্জ্বল হৃদয়কে কিছুতেই বিচলিত করিতে পারিল না। তিনি পুত্র পরিবার বন্ধু বান্ধবের মায়া মমতা বিসর্জ্জন দিয়া বাণপ্রস্থ অবলম্বন করিলেন *। গত ১৮৯১ খৃষ্টাব্দে ১লা ডিসেম্বর এই মহাপুরুষ নির্ব্বাণ লাভ করিয়াছেন।

গৌরীশিখর (ক্লী) গৌরীপ্রিয়ং শিখরং মধ্যলো°। একটী তীর্থস্থান। পার্ব্বতী পর্ব্বতের যে শিখরে বসিয়া তপস্যা করিয়াছিলেন, তাহাই গৌরীশিখরতীর্থ নামে প্রসিদ্ধ। ইহার অপর নাম গৌরীশঙ্কর।

"প্রজাসু পশ্চাৎ প্রথিতং তদাখ্যয়া
জগাম গৌরীশিখরং শিখণ্ডিমৎ।" (কুমার)

গৌরীসুত (পুং) গৌর্য্যাঃ সুতঃ ৬তৎ। ১ অষ্টবর্ষে যাহার বিবাহ হইয়াছে, এরূপ স্ত্রীর গর্ভজাত পুত্র। (শব্দার্থচি°) ২ কার্ত্তিকেয়। ৩ গণেশ। ৪ শ্যামালাষ্টকরচয়িতা।

গৌরীহার, মধ্যভারত এজেন্সীর বুন্দেলখণ্ডের অন্তর্গত একটী ক্ষুদ্র রাজ্য। অক্ষা° ২৫° ১৪´ হইতে ২৫° ২৬´ উঃ ও দ্রাঘি° ৮০° ১২´ হইতে ৮০° ২১´ পূঃ মধ্যে অবস্থিত। ইহার পূর্ব্ব অংশে বান্দাজেলা ও হামিরপুর, উত্তর ও পশ্চিমে বান্দা এবং দক্ষিণে ছত্রপুররাজ্য। ভূপরিমাণ ৭২ বর্গ মাইল, রাজস্ব আদায় ৫০,০০০৲ টাকা।

গত শতাব্দীর শেষ ভাগে বুন্দেলখণ্ডের অরাজকতার সময় বর্ত্তমান গৌরীহার সর্দ্দারের পূর্ব্বপুরুষ ভীষণ যুদ্ধ করিয়াছিলেন। এই জন্য ১৮০৭ খৃষ্টাব্দে তিনি গৌরীহার রাজ্য জায়গীর স্বরূপ প্রাপ্ত হন। ১৮৫৭ খৃষ্টাব্দে সিপাহী বিদ্রোহের সময় সর্দ্দার রাও বাহাদুর রুদ্রসিংহ ইংরাজরাজের বিশেষ সহায়তা করিয়াছিলেন। এই জন্য তিনি ইংরাজ গবর্মেণ্টের নিকট হইতে রাও বাহাদুর উপাধি, ১০,০০০৲ টাকা মূল্যের পরিচ্ছদ পারিতোষিক এবং দত্তকগ্রহণের জন্যও একখানি সনন্দ পাইয়াছিলেন। ইহার ৩টী কামান, ৩৫ জন অশ্বারোহী ও ১৪০ জন পদাতিক সৈন্য আছে।

২ উক্ত রাজ্যের প্রধান নগর। অক্ষা° ২৫° ১৬´ উঃ ও দ্রাঘি° ৮০° ১৪´ পূঃ।

গৌরুতল্পিক (পুং) গুরুতল্পং গুরুপত্নীং গচ্ছতি গুরুতল্প-ঠক্ (গচ্ছতৌ পরদারাদিভ্যঃ। পা ৪।৪।১ বার্ত্তিক) গুরুপত্নীগামী।

গৌলক্ষণিক (ত্রি) গোলক্ষণং বেত্তি গোলক্ষণ-ঠক্। ১ যে গোরুর লক্ষণ জানে। গোলক্ষণং তৎপ্রতিপাদকং গ্রন্থমধীতে গোলক্ষণ-ঠক্। ২ যে গোলক্ষণপ্রতিপাদক শাস্ত্র অধ্যয়ন করে।

গৌলন্দ (পুং) গোলন্দ ঋষির ছাত্র।

গৌলন্দ্য (পুং স্ত্রী) গোলন্দস্য গোত্রাপত্যং গোলন্দ-গর্গাদি° যঞ্। গোলন্দ ঋষির গোত্রাপত্য। স্ত্রীলিঙ্গে ঙীষ্ ও য লোপ হয়।

গৌলা (স্ত্রী) গৌর-টাপ্, রস্য লত্বং। গৌরী, হিমালয়ের কন্যা।

গৌলাঙ্কায়ন (পুং স্ত্রী) গোলাঙ্কস্য গোত্রাপত্যং গোলাঙ্ক-ফঞ্। গোলাঙ্ক ঋষির গোত্রাপত্য। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়।

গৌলি, ১ অপর নাম মেবাসী। বোম্বাই প্রেসিডেন্সির খান্দেশ জেলার মধ্যবর্ত্তী মোবার রাজ্যের একটী। এই রাজ্য

* Ganri Sankar Uday Sankar C. S. I., by J. U. Yajnik, Bombay, 1889. এই গ্রন্থে গৌরীশঙ্করের বিস্তৃত জীবনী লিখিত আছে।

নিতান্ত পর্ব্বতময় ও বনজঙ্গলে পরিপূর্ণ। এখানকার বনে বড় বড় কাঠ পাওয়া যায়। এই স্থান একজন হিন্দু-ধর্ম্মাবলম্বী ভীল সর্দ্দারের অধীন, তাঁহার নাম খতিয়া বলদ্ নানা বালবি।

২ দাক্ষিণাত্যের গোপজাতি। [গাব্‌লি দেখ।]

গৌলিক (পুং) গুড়ে সাধুঃ গুড়-ঠক্ ডস্য লঃ। মুষ্টকবৃক্ষ, ঘণ্টাপারুল। (রাজনি॰)

গৌলোমন্ (ত্রি) গোলোমেব গোলোমন্ শর্করাদি॰ অণ্। গোলোম সদৃশ।

গৌল্‌গুলব (ত্রি) গুল্‌গুলু সম্বন্ধীয়। (পঞ্চবিংশব্রাহ্মণ ২৪।১৩)

গৌল্মিক (পুং) গুল্মে নিযুক্তঃ গুল্ম-ঠক্। গুল্ম স্থানে নিযুক্ত যামিক সেনাবিশেষ।

"তথৈব গুল্মে সংপ্রেক্ষ্য শয়ানান্মধ্যগৌল্মিকান্।"

(ভারত ১৩।৮ অঃ)

গৌল্য (ক্লী) গুড়স্য ভাবঃ গুড়-ষ্যঞ্ ডস্য লঃ। মাধুর্য্য, মধুর রস। (রাজনি॰)

গৌশকটিক (ত্রি) গোশকট সম্বন্ধীয়।

গৌশতিক (ত্রি) গোশত মস্যাস্তি গোশত-ঠঞ্ (একগোপূর্ব্বাৎ ঠঞ্ নিত্যং। পা ৫।২।১১৮) যাহার একশত গোরু আছে।

গৌশৃঙ্গ (ক্লী) সামভেদ।

গৌশ্রি (স্ত্রী পুং) গুশ্রির গোত্রাপত্য।

গৌষুক্ত (ক্লী) সামভেদ।

গৌষূক্তি (পুং) মুনিভেদ।

গৌষ্ঠ (ত্রি) গোষ্ঠ্যাং ভবঃ গোষ্ঠী-ফকাদি॰ অণ্। গোষ্ঠীতে উৎপন্ন।

গৌষ্ঠীন (ক্লী) পূর্ব্বং ভূতং গোষ্ঠং গোষ্ঠ-খঞ্ (গোষ্ঠাৎ খঞ্ ভূতপূর্ব্বে। পা ৫।২।১৮) পূর্ব্বে যে স্থানে গোষ্ঠ ছিল।

"তামুবাচ স গোষ্ঠীনে বনে স্ত্রীপুংসভীষণে।" (ভট্টি ৪।২১)

গৌসহস্রিক (ত্রি) গোসহস্র মস্যাস্তি গোসহস্র-ঠঞ্ (একগোপূর্ব্বাৎ ঠঞ্ নিত্যং। পা ৫।২।১১৮) যাহার সহস্র গোরু আছে।

গৌহ (ত্রি) গুহস্যেদং গুহ-অণ্। ১ গুহসম্বন্ধীয়। গুহ-চাতুরর্থিক অণ্ (সুবাস্থাদিভ্যোঽণ্। পা ৪।২।৭৭) ১ গুহদ্বারা নির্ব্বৃত্ত প্রভৃতি।

গৌহলব্য (পুং) গুহলো ঋষের্গোত্রাপত্যং গুহলু-গর্গাদি॰ যঞ্। গুহলুনামক ঋষির গোত্রাপত্য।

গৌহলব্যায়নী (স্ত্রী) গৌহলব্য-ঙীষ্ লোহিতাদিত্বাৎ ফক্। গুহলুনামক ঋষির বংশোৎপন্না স্ত্রী।

গৌহাটি, কামরূপের প্রধান নগর। অক্ষা॰ ২৬° ১১´ উঃ, দ্রাঘি॰ ৯১° ৪৮´ পূঃ। ব্রহ্মপুত্রনদের দক্ষিণকূলে অবস্থিত। আসামের মধ্যে এই নগরটী সর্ব্ব বৃহৎ। পূর্ব্বকালে এই নগরই প্রাগ্‌জ্যোতিষপুর নামে বিখ্যাত ছিল। সেই প্রাচীন নগরের পূর্ব্ব কীর্ত্তির ধ্বংসাবশেষ ব্রহ্মপুত্রের উভয়কূলে পড়িয়া আছে। হিন্দুরাজগণের সময় হইতে বৃটীশ অধীনে ১৮৭৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত এখানেই আসামরাজ্যের প্রধান সদর ছিল। উক্ত বর্ষে খাসিপাহাড়ে সিলিং নগরে প্রধান সদর উঠিয়া যায়। ১৮৭৫ খৃষ্টাব্দে এখানকার বারিকে ৫০০ সেনা রাখা হয়।

এখান হইতে সদর উঠিয়া গেলেও আজও গৌহাটি আসামের মধ্যে প্রধান বাণিজ্য স্থান বলিয়া গণ্য। ইহারই কিছুদূরে প্রসিদ্ধ কামাখ্যা ও উমানন্দ তীর্থ। [কামরূপ ও কামাখ্যা দেখ।] এখানে বিশ্ববিদ্যালয় আছে।

গ্লৌ (স্ত্রী) অদ-ক্তিন্ বেদে ঘসাদেশঃ উপধালোপশ্চ। ভক্ষণ।

"স গ্লৌশ্চমে।" (পা ৬।৪।১০০ সি॰ কৌ॰)

গ্লা (স্ত্রী) গম-বাহুলকাৎ না ডিচ্চ। ১ স্ত্রী। "গ্লা স্বা কৃণ্বন্ত্বপসোঽতষ্বত বয়িত্র্যো বয়ন্।" (তাণ্ড্যব্রা॰ ১।৮।৯)

'গচ্ছন্তি পুমাংস এনাইতি গ্লাঃ স্ত্রিয়ঃ।' (ভাষ্য।)

২ দেবপত্নী।

"আগ্না অগ্ন ইহা বসে হোত্রাঃ"। (ঋক্ ১।২২।১০)

'গ্লা দেবপত্নীঃ' (সায়ণ।) ৩ বাক্য। (নিঘণ্ট)

৪ বেদ। "ছন্দাংসি বৈ গ্লা ইতি শ্রুতেঃ।"

গ্লাবৎ (ত্রি) গ্লা অস্ত্যস্য গ্লা-মতুপ্ মস্য বঃ। ১ স্ত্রীযুক্ত, সপত্নীক।

"অভি যজ্ঞং গৃণীহিনো গ্লাবো নেষ্টঃ।" (ঋক্ ১।১৫।৩)।

'হে গ্লাবঃ পত্নীযুক্ত' (সায়ণ।)

গ্লাঃ স্তুতিবাচ সন্তীতি গ্লা মতুপ্ মস্য বঃ। ২ স্তুতিবাক্যবিশিষ্ট।

"তব গ্লাবো মিত্রমহঃ সজাত্যম্।" (ঋক্ ২।১।৪)

'গ্লাবো যাঃ স্তুতিবাচঃ সন্তি তাস্তব স্বভূতাঃ' (সায়ণ।)

গ্লাম্পতি (পুং) গ্লায়াঃ পতিঃ ৬তৎ নিপাতনাৎ সুট্। ১ দেবপত্নীর পতি। ২ ছন্দের পতি।

"নরাশংসো গ্লাম্পতির্নো অব্যাঃ।" (ঋক্ ২।৩৮।১০)

'গ্লাম্পতিঃ দেবপত্নীনাং পতিঃ ছন্দসাং পতির্বা।' (সায়ণ।)

গ্লাম্পত্নী (স্ত্রী) স্ত্রীদিগের পালয়িত্রী দেবী।

"গ্লাম্পত্নীভী রত্নধাভিঃ সজোষাঃ।" (ঋক্ ৪।৩৪।৭)

"গ্লাম্পত্নীভিঃস্ত্রীণাং পালয়িত্রোদেব্যো গ্লাম্পত্ন্যঃ তাভিঃ।" (সায়ণ।)

গ্লাম্, [পৃথুগ্লান্ দেখ।]

গ্লা (স্ত্রী) পৃথিবী। (নিঘণ্ট ১।১)

গ্যালিলিও, ইতালিবাসী প্রসিদ্ধ বিজ্ঞানবিদ্ পণ্ডিত ও ক্রিয়াসিদ্ধ বিজ্ঞানের উদ্ভাবক। ১৫৬৪ খৃষ্টাব্দে ফেব্রুয়ারী মাসের ১৫ই তারিখে পাইসা নগরে ফ্লোরেণ্টাইন্ পরিবারে জন্মগ্রহণ করেন। পিতার অর্থ সঙ্গতি না থাকায় তিনি পুত্র গ্যালিলিওকে চিকিৎসাশাস্ত্র ও আরিষ্টটল প্রবর্ত্তিত

দর্শনশাস্ত্র অভ্যাস করিতে অনুমতি করেন। কিন্তু অনতিকাল পরেই গ্যালিলিও উক্ত দার্শনিকের মতগুলি অবিশ্বাস করিতে লাগিলেন।

যখন তাঁহার বয়স ১৮ বৎসর, তখন তিনি সর্ব্বপ্রথম আবিষ্কারে অগ্রসর হইলেন। এক দিবস পাইসার ধর্ম্মমন্দিরে বসিয়া দেখিতেছেন যে বর্ত্তিকার জলন্তশিখা ক্রমান্বয়ে সমভাবে কম্পিত হইতেছে। নিজ নাড়ী সমান্তর আঘাতের সহিত ঐ শিখার কম্পনের সময় মিল আছে, ইহাতেই সময়ের সমতা নিরূপণের একটী অপূর্ব্ব যুক্তি উদ্ভাবন করিলেন। পরে জ্যোতির্বিদ্যা পরিচালনার জন্য একটী ঘড়ি নির্ম্মাণকালে তিনি নিজ আনুমানিক ঘড়ির "দোলক" (Pendulum) আবিষ্কার করেন।

যন্ত্রনির্ম্মাণে ও পরীক্ষালব্ধ বিজ্ঞানশাস্ত্রে তাঁহার ঐকান্তিক ইচ্ছা থাকিলেও তিনি এক দিন পিতৃবন্ধু অষ্টিলিও রিক্‌সিওর সহিত আলাপের পর তাঁহাকে অঙ্কবিদ্যা শিখাইবার জন্য বিশেষ অনুরোধ করেন। অষ্টিলিও তাঁহাকে অঙ্কশাস্ত্রে প্রবেশের উপায় সকল শিক্ষা দেন। পুত্রের এই নববিদ্যায় বিশেষ অনুরাগ দেখিয়া পিতা তাঁহার অভিলষিত চিকিৎসা-শাস্ত্র পরিত্যাগে কুণ্ঠিত হইলেন না; বরং তাঁহাকে তাঁহার অভীপ্সিত বিদ্যায় উৎসাহিত করিতে লাগিলেন। জ্যামিতি-তত্ত্বের অনুসন্ধানে প্রবৃত্ত হইয়া তিনি প্রথমে জল মধ্যে 'কোন দ্রব্যের আক্ষেপিক গুরুত্ব অনুমানের তুলাদণ্ড' (Hydrostatic balance) আবিষ্কার করেন। ঐ যন্ত্রদ্বারা গুরু দ্রব্যের আক্ষেপিক গুরুত্ব (Specific gravity) সহজে ও সুচারুরূপে জানা যায়।

১৫৮৯ খৃষ্টাব্দে তাঁহার অঙ্কশাস্ত্রে পারদর্শিতার কথা টাস্কানির গ্রাণ্ড ডিউকের কর্ণে উপস্থিত হয় এবং তিনি তাঁহাকে পাইসা বিশ্ববিদ্যালয়ের অঙ্কশাস্ত্রের অধ্যাপক নিযুক্ত করেন। এই অবস্থায়ও তিনি বিজ্ঞানশাস্ত্রের অনেক নূতন নূতন আবিষ্কার করিয়া নিজ জ্ঞানজ্যোতিঃ বিকীর্ণ করিয়া ছিলেন। এই সময়ে তিনি গতির নিয়মের (Laws of motion) অনুধাবনে নিযুক্ত হন এবং এককালে একটী নূতন উপপাদ্যে উপনীত হইলেন যে আকাশ হইতে পতিত বৃহৎ অথবা ক্ষুদ্র উভয় পদার্থই সম গতিতে ভূতলে পতিত হয়। ইহা হইতে তিনি 'তিন প্রকার গতি-নিয়ম' (Three laws of motion) ও পতিত পদার্থের আকৃষ্ট শক্তি এই নিয়মে ($ক \propto$ ফিট^{২}) আবিষ্কার করেন। এই গতি-নিয়ম লইয়া আরিষ্টটল্ মতাবলম্বীদিগের সহিত তাঁহার বিবাদ বাঁধে, সেই জন্য তাঁহাকে পাইসা পরিত্যাগ করিয়া পাদুয়া নামক স্থানে চলিয়া আসিতে হয়। এখানে তিনি ভিনিসিয়ান্ বিশ্ববিদ্যালয়ে অষ্টাদশ বৎসর অঙ্কশাস্ত্রসম্বন্ধীয় বক্তৃতা করিতে নিযুক্ত হইলেন। কিছু দিন পরে তাঁহার জন্মভূমি দর্শনের বড়ই ইচ্ছা হয়, তজ্জন্য তিনি পুনরায় পাইসা নগরে পূর্ব্বকার্য্যগ্রহণের জন্য প্রার্থনা করিলেন। তাঁহার ইচ্ছা পূর্ণ হইল। তিনি আবার পাইসায় আসিলেন। কথা রহিল যে অধ্যাপক হইয়াও তিনি স্ব ইচ্ছায় নিজ অভিমত প্রকাশ করিতে পারিবেন না। পাদুয়ায় তাঁহার প্রবাস ও বক্তৃতাকালে য়ুরোপের নানা-স্থান হইতে ছাত্রমণ্ডলী আসিয়া তাঁহার সুললিত বক্তৃতা শ্রবণ করিতেন। তিনি সর্ব্বপ্রথমে দর্শনশাস্ত্রের উপদেশ-সমূহ সহজ ইতালীয় ছন্দে অনুবাদ করেন। তাঁহার কৃত আবিষ্কারগুলির মধ্যে একপ্রকার তাপযন্ত্র, দিগ্‌দর্শন এবং সর্ব্বজ্যোতির্বিদ্যার আদরণীয় দূরবীক্ষণযন্ত্রই (Refracting telescope) প্রধান। ১৬০৯ খৃষ্টাব্দে তিনি নিজ উদ্ভাবিত প্রথম দূরবীক্ষণটী ভিনিসের প্রধান বিচারপতি লিওনারডি ডিওডটিকে উপঢৌকন দেন। উক্ত বৎসরে তিনি আরও একটী অণুবীক্ষণযন্ত্র নির্ম্মাণ করেন।

এই সময়ে তিনি নিজ আবিষ্কৃত দূরবীক্ষণ যন্ত্রের সাহায্যে জ্যোতিষ্কমণ্ডলীর পরিদর্শন করিতে আরম্ভ করেন। ১৬১০ খৃষ্টাব্দে ৭ই জানুয়ারী রাত্রিকালে তিনি প্রথমে বৃহস্পতিগ্রহের ৪টী পারিপার্শ্বিক উপগ্রহ দেখিতে পান। ১৬১১ খৃষ্টাব্দে তিনি রোমনগরীতে আইসেন। তথায় তিনি সমাদরের সহিত গৃহীত ও "লিন্‌সিয়াই একাডেমী" নামক বিশ্ববিদ্যালয়ের সভ্য নির্ব্বাচিত হন। ইহার অনতি পরে তিনি কোপার্ণিকসের মতের সমর্থন করেন। তাহাতে সকলেই নাস্তিক মত প্রচারক বলিয়া তাঁহার নিন্দা করিতে লাগিল। তিনি কাহারও কথায় কর্ণপাত না করিয়া প্রকাশ্যভাবে স্বরচিত "সূর্য্যে কলঙ্ক" নামক গ্রন্থে কোপর্ণি-কসের মত সমর্থন করিলেন। স্বমত সংস্থাপনের জন্য তিনি পুনরায় রোমনগরে আগমন করেন। কিন্তু এখানে তাঁহার আসন্ন বিপদ্ জানিয়া গ্রাণ্ড ডিউক্ তাঁহাকে টাস্‌কানিতে ফিরিয়া আসিতে অনুরোধ করেন। এই সময়ে পোপ তাঁহাকে স্বমত পরিত্যাগ করিতে আদেশ করেন। ইহার কিছুদিন পরে গ্যালিলিওর একখানি প্রধানগ্রন্থ প্রকাশিত হয়, তাহাতেও তিনি কোপার্ণিকস্, টলেমি ও আরিষ্টটলের পক্ষ সমর্থন করেন। যাহাতে ভবিষ্যতে গ্যালিলিও আর কোন পুস্তক প্রকাশ করিতে না পারেন, পোপ তাহারও এক আদেশ জারি করিয়াছিলেন। কিন্তু গ্যালিলিও নানাপ্রকার কৌশল করিয়া অনুমতি বাহির করেন এবং ১৬৩২ খৃষ্টাব্দে

ফ্লোরেন্স নগরে *Un Dialogo intorno i due massimi Sistemi del Mondo* নামে একখানি পুস্তক বাহির করেন। পুস্তকখানি প্রকাশিত হইবামাত্রই বিচারার্থ দণ্ডনায়কদিগের হস্তে অর্পিত হইল। পোপ পুস্তক পড়িয়া মনে করিলেন যে গ্যালিলিও তাঁহাকেই বিদ্রূপ করিয়া গ্রন্থ লিখিয়াছেন।

গ্যালিলিওর তখন বয়ঃক্রম ৭০ বর্ষ। এই বৃদ্ধবয়সে তিনি বিচারাধীন হইলেন। তাঁহার উপর যথেষ্ট অত্যাচার হইল। অবশেষ তিনি নিতান্ত উৎপীড়িত হইয়া নিজের প্রবর্ত্তিত সত্য পথ পরিত্যাগ করিতে বাধ্য হইলেন। তথাপি তিনি অব্যাহতি পাইলেন না, কিছুদিন কারাগার ভোগ করিলেন। তৎপরে টাস্‌কনির গ্রাণ্ড ডিউকের পুনঃ পুনঃ প্রার্থনায় পোপ তাঁহাকে মুক্তিদান করেন।

জীবনের অবশিষ্টকাল তিনি আর্সেট্রি নামক স্থানে অতিবাহিত করেন। এ সময় তিনি চক্ষে ভাল দেখিতে পাইতেন না, তথাপি জীবনের শেষদিন অবধি বিজ্ঞানচর্চ্চায় কাটাইয়া ৭৮ বর্ষ বয়সে ১৬৪২ খৃষ্টাব্দে ৮ই জানুয়ারী ইহলোক পরিত্যাগ করেন। সাণ্টাক্রুশের মন্দিরে তাঁহার স্মৃতিচিহ্ন রক্ষিত আছে।

গ্যাস, ১ বাষ্পবিশেষ। পূর্ব্বে রাসায়নিকেরা দুই প্রকার গ্যাস জানিতেন, এক স্থায়ী গ্যাস (Permanent Gas) ও অস্থায়ী গ্যাস (Non-permanent Gas) তাঁহাদের মতে যে সকল গ্যাস যথেষ্ট উত্তাপ ও চাপে কোনপ্রকারে যায় না, তাহাকে স্থায়ী গ্যাস, যেমন উদজন, অম্লজন প্রভৃতি। যাহাকে তরল করা যায়, তাহাকে অস্থায়ী গ্যাস বলে।

প্রসিদ্ধ রসায়নশাস্ত্রবিদ্ ফারেডে সাহেবের পূর্ব্বে এইরূপই সকলের ধারণা ছিল। কিন্তু তিনি অনেক স্থায়ী গ্যাসকে তরলীকৃত ও জড়ীভূত করিতে কৃতকার্য্য হন, এবং তৎপরবর্ত্তী প্রধান প্রধান রাসায়নিকগণ পরীক্ষা দ্বারা স্থির করিয়াছেন, অম্লজন ও উদজন প্রভৃতিও যথেষ্ট চাপ ও উত্তাপে তরল ও জড়ীভূত হইতে পারে।

২ কয়লা হইতে উৎপন্ন তীব্র গন্ধময় আলোকপ্রদ বাষ্পবিশেষ।

শতবর্ষ পূর্ব্বে কেহ জানিত না, যে কাঁচা কয়লার বাষ্পে বা গ্যাসে আলো হয়। উইলিয়ম্ মরডক নামে এক ব্যক্তি বিলাতে কয়লার খনিতে কাজ করিতেন, তিনি সর্ব্বপ্রথম ১৭৯২ খৃষ্টাব্দে কয়লার খনি হইতে কয়লা লইয়া তাহা লৌহপাত্রে বদ্ধ করিয়া উত্তাপ দ্বারা গ্যাস প্রস্তুত করেন। ঠিক সেই সময়ে ফরাসীদেশে লবেন নামে একব্যক্তিও ঐরূপ কয়লা হইতে গ্যাসের গুণাগুণ আবিষ্কার করেন।

পরীক্ষা করিয়া মরডক যখন দেখিলেন যে গ্যাসের আলোকে তাঁহার গৃহ আলোকিত হইল, তিনি বন্ধুবান্ধবের নিকট গ্যাসের উপকারিতার কথা জানাইলেন। প্রথমে সকলে হাসিয়া তাঁহার কথা উড়াইয়া দেন। তিনি নিঃসহায় দরিদ্র ছিলেন, সুতরাং পেটেণ্ট লইতে পারিলেন না। ক্রমে গ্যাসালোকের উপকারিতা সকলে বুঝিতে পারিল। রাসায়নিক পণ্ডিতদিগের সাহায্যে বিলাতে গ্যাসের কারখানা স্থাপিত হইল। কিন্তু তাহা ভালরূপ চলিল না। তখন মরডকের একজন শিষ্য ঐ কোম্পানীর সহিত যোগ দিলেন। তখন গ্যাসের কারবারে বেশ লাভ হইতে লাগিল। লাভ হইতে দেখিয়া কেহ কয়লা হইতে কেহ বা তৈল * হইতে গ্যাস প্রস্তুত করিয়া রাস্তা ঘাট আলোকিত করিতে লাগিলেন। কেহ বা বাক্স বদ্ধ করিয়া গ্যাসের আমদানী রপ্তানী করিতে প্রবৃত্ত হইলেন। এখন বিলাতে প্রতি নগরে প্রতি গ্রামে গ্যাসের কারখানা আছে।

পাথুরে কয়লায় তাপ দিলে বাষ্পাকার যে সমুদয় পদার্থ উড়িয়া যায়, তাহাই ধরিয়া কয়লাগ্যাস প্রস্তুত হয়। উদজন ও অঙ্গার ভিন্ন ইহা আর কিছুই নয়। সর্ব্বোত্তম কয়লা, যাহা পাথরের মত দেখিতে, যাহাতে অঙ্গারের ভাগ অধিক, তাহা হইতে ভাল গ্যাস হয় না। যে কয়লায় তৈলের ভাগ অধিক (Bituminous coal), তাহা হইতেই ভাল গ্যাস হয়। গ্যাস করিবার জন্য কয়লা বাহিরে রাখা ভাল নয়, কারণ বৃষ্টির জল পাইলে, সে জল বাষ্প হইয়া গ্যাসের সহিত মিশিয়া যায়। সেই জলকে পুনরায় গ্যাস হইতে পৃথক্ করিতে হয়। পাথুরে কয়লায় আগুন ধরাইলে উপর দিয়া প্রচুর পরিমাণে গাঢ় কৃষ্ণবর্ণ ধূম নির্গত হয়। ইহাই জ্বালাইবার গ্যাস। তবে ইহার সহিত অনেক কয়লার গুঁড়া মিশ্রিত থাকে। সেই কয়লার গুঁড়া হইতে ঘরে ঝুল পড়ে ও তাহার অনেক অংশ ধূমের সহিত বাহিরে গিয়া ভূতলে পতিত হয়। সাহেবেরা যে কাদার পাইপে তামাক খান, পাথুরে কয়লা গুঁড়া করিয়া যদি তাহার ভিতর রাখা যায় ও কাদা দিয়া যদি তাহার মুখটী বন্ধ করিয়া দেওয়া হয়, তাহার পর যদি পাইপের সেই কয়লাপূর্ণ ভাগ আগুনে রাখা যায়, তাহা হইলে দেখিবে যে, পাইপের নল দিয়া ধূম বাহির হইতেছে। তাহাই গ্যাস। সেই ধূমে আগুন দিলে জ্বলিতে থাকে। যেরূপ পাইপের মুখে কয়লার গুঁড়া রাখিয়া উত্তাপ দিলে গ্যাস বাহির হয়, সেইরূপ বড় বড় লৌহ বা মৃত্তিকা

* তৈল হইতেও গ্যাস প্রস্তুত হয়, কিন্তু তাহাতে যথেষ্ট খরচ পড়ে বলিয়া লাভকর নহে। মহারাজ রামসিংহ এই তৈল হইতে গ্যাস প্রস্তুত করিয়া জয়পুরের রাস্তা আলোকিত করিয়াছিলেন।

পাত্রে পাথুরে কয়লা বন্ধ করিয়া বাহির হইতে উত্তাপ দিলে প্রচুর পরিমাণে গ্যাস বাহির হইতে থাকে, ঐরূপ লৌহ বা মৃত্তিকাপাত্রকে রিটর্ট (Retort) বলে। পূর্ব্বে লৌহপাত্রে কাঁচা কয়লা বন্ধ করিয়া গ্যাস প্রস্তুত হইত। এখন অনেক স্থানে মৃত্তিকাপাত্র ব্যবহৃত হইয়া থাকে। কারণ অগ্নির উত্তাপে মৃত্তিকাপাত্র শীঘ্র নষ্ট হয় না। এখন লোক খুব উত্তাপ দিয়া শীঘ্র শীঘ্র গ্যাস প্রস্তুত করিয়া বিক্রয় করে। কিন্তু ধীরে ধীরে উত্তাপ দিয়া যে গ্যাস প্রস্তুত হয়, তাহাতে আলো উত্তম হইয়া থাকে।

গ্যাস প্রস্তুত করিবার পাত্রগুলি সচরাচর প্রায় ১০।১২ হাত লম্বা। কেহ কেহ ইহার উপর ও তলভাগ দুই দিকেই খোলা রাখিয়া থাকেন, তবে সহজে বন্ধ করিবার ঢাকন থাকে। কাঁচা কয়লা হইতে গ্যাস উড়িয়া যাইলে সেই কয়লা আমাদের রাঁধিবার কোক্‌কয়লা হয়। পাত্রের দুই মুখ খোলা রাখিবার অভিপ্রায় এই যে, ইহা হইতে সহজেই কোক্‌কয়লা বাহির করিয়া লওয়া যাইতে পারে ও পাত্রের ভিতর ময়লা পড়িলে দুই দিক্ দিয়া পরিষ্কার করিতে পারা যায়। পাত্রগুলি কখনও ঠিক গোল, কখনও বা লম্বাভাবে গোল। গ্যাস-কারখানায় পাত্রগুলিকে ভূমি হইতে উচ্চ করিয়া সারি সারি সাজাইতে হয়। এক একটী সারিতে বারটী পাত্র রাখিতে পারা যায়। গ্যাস প্রস্তুতের সময় প্রথম পাত্রের তলদেশ বন্ধ করিয়া দিতে হয়। তাহার পর কয়লা পূর্ণ করিয়া উপরটীও বন্ধ করিয়া দিতে হয়। কেবল উপরের দুই ধারে দুইটী ছিদ্র থাকে। গ্যাস উঠিয়া যাইবার নিমিত্ত সেই ছিদ্রে নল যোড়া থাকে। এইরূপে পাত্রগুলি কয়লা পূর্ণ ও বন্ধ হইলে তাহার পর ইহার বাহিরে আগুন জ্বালিতে হয়। নীচে ও পাত্রের দুই পাশেও আগুন জ্বালিতে পারা যায়। এক পঙ্‌ক্তির সব পাত্রগুলিতে সমান ভাবে যাহাতে উত্তাপ লাগে, সে বিষয়ে বিশেষ দৃষ্টি রাখা আবশ্যক। অসমান ভাবে উত্তাপ লাগিলে কোনটীর ভিতরের কয়লা কাঁচা থাকিয়া যায়, আবার কোনটীর কয়লা অধিক পুড়িয়া যায়। এইরূপ হইলে নানা দোষ ঘটে। পাথুরে কয়লার সঙ্গে অল্প পরিমাণে গন্ধক থাকে, এই গন্ধক বাষ্পে পরিণত হইয়া গ্যাসের সহিত মিশ্রিত হয়, সেই গ্যাস বড় অনিষ্টজনক।

গ্যাস উঠিয়া যাইবার নিমিত্ত সচরাচর প্রতি পাত্রের উপর দুইটী করিয়া নল যোড়া থাকে। পাত্রের ভিতর গ্যাস প্রস্তুত হইলে শীঘ্র শীঘ্র এই নল দিয়া উঠিয়া যাওয়া চাই। বিলম্ব হইলে পাত্রের গায়ে গ্যাসের খাঁকরি পড়ে, তাহাতে পাত্র শীঘ্র নষ্ট হইয়া যায়, আর গ্যাসের আলোকদায়িকা শক্তি কমিয়া যায়। পাত্রের ভিতর সমস্ত কয়লা যখন উত্তমরূপে ভাজা হইয়া যায় ও তাহা হইতে যখন সমুদয় গ্যাস বাহির হয়, তখন সেই কয়লাকে কোক-কয়লা বলে। কোক-কয়লা হইতে বাষ্পীয় ভাগ নির্গত হইয়া গিয়াছে বলিয়া, ইহা দেখিতে ভাজা কয়লার মত। কাঁচা কয়লা অপেক্ষা ইহা লঘু ও ইহাতে অঙ্গারের (Carbon) ভাগ অধিক। ইহা জ্বালাইবার সময় অধিক ধূম বা গন্ধ নির্গত হয় না, সে জন্য ইহা রন্ধনাদি কার্য্যে বিশেষ উপযোগী।

সমুদয় গ্যাস বাহির হইয়া গেলে, পাত্রের দুই মুখ খুলিয়া এই ভাজা বা কোক-কয়লা বাহির করিয়া লইতে হয়। এই সময় যে নল দিয়া গ্যাস উপরে উঠিয়া যায়, সেই নলের মুখ বন্ধ করিয়া দিতে হয়। তাহা না করিলে, হয় এই নলের মুখ দিয়া গ্যাস বাহির হইয়া পড়ে, আর না হয় বাহিরের বায়ু গিয়া নলের ভিতর প্রবেশ করে। বাহিরের বায়ু গিয়া গ্যাসের সহিত মিশ্রিত হইলে গ্যাসের আলোক-প্রদায়িকা শক্তি কমিয়া যায়। সে জন্য কলিকাতায় যেরূপ ড্রেন জুড়িতে S অক্ষরের মত নলের একস্থান বাঁকা করা হয়, গ্যাসের নলেও অনেকে সেইরূপ করিয়া থাকেন। নলটী উপরে উঠিয়া পুনরায় নামিলে এইরূপ বাঁকা ভাবে হয়। এই স্থানের তলভাগ নল অপেক্ষা বিলক্ষণ মোটা, একটী গর্ত্ত বলিলেও চলে। ইহাকে হাইড্রলিক মেন (Hydraulic main) বলে। এই গর্ত্তের ভিতরে সর্ব্বদা জল বা আলকাতরা থাকে। কয়লা ভাজিবার পাত্রে গ্যাস প্রস্তুত হইয়া প্রথম নলের মুখ দিয়া উপরে উঠে, তাহার পর এই গর্ত্তের নিকট আসিয়া উপস্থিত হয়। এখানে আসিয়া সম্মুখে জল বা আলকাতরা দেখিতে পায়। পাত্রে যদি গ্যাস ক্রমাগত ঘন ঘন প্রস্তুত না হইত, আর নিম্ন হইতে যদি ইহার সবলে ঠেল না ধরিত, তাহা হইলে গ্যাস এই আলকাতরা পার হইয়া আগে যাইতে পারিত না। কিন্তু পাত্রের ভিতর ক্রমাগত কয়লা ভাজা হইতেছে, ক্রমাগত তাহা হইতে গ্যাস বাহির হইয়া উপরে উঠিবার চেষ্টা করিতেছে, আগের দিকে ক্রমাগত ঠেল ধরিতেছে। সে জন্য পশ্চাতের গ্যাস আগের গ্যাসকে ঠেলিয়া এই আলকাতরার ভিতর প্রবেশ করাইতেছে। আলকাতরা অপেক্ষা গ্যাস লঘু, সুতরাং আলকাতরার ভিতর প্রবেশ করিয়াই বুদবুদ্ আকারে উপরে ভাসিয়া পড়ে। উপরে উঠিলে আর ভাবনা নাই। এখন বরাবর নলের সোজা পথ দিয়া গ্যাস নিরুদ্বেগে ভ্রমণ করিতে থাকে। কোক বাহির করিবার নিমিত্ত পাত্রের মুখ খুলি-

যায় নলের নল হইতে গ্যাস পুনরায় ফিরিয়া আসিতে পারে না। কারণ ফিরিয়া আসিবার নিমিত্ত পশ্চাৎ হইতে এরূপ ঠেল বা বল নাই। ফিরিয়া আসিতে গিয়া সম্মুখে সেই আলকাতরা দেখিতে পায়, আলকাতরা পার হইবার ক্ষমতা নাই, সুতরাং পুনরায় অগ্রমুখ হইয়া ফিরিয়া যায়। এই জন্য বাহ্যবায়ুও আলকাতরা পার হইয়া গ্যাসের সহিত মিশ্রিত হইতে পারে না।

কয়লা ভাজা হইয়া প্রথম যে গ্যাস প্রস্তুত হয়, তাহা বিশুদ্ধ নহে। কয়লায় যে তৈল প্রভৃতি পদার্থ থাকে, যথেষ্ট অগ্নির উত্তাপে প্রথম তাহা বাষ্পাকার ধারণ করে ও গ্যাসের সহিত মিশ্রিত থাকে। তাহার পর শীতল হইলেই জমিয়া যায়। জমিয়া যে পদার্থ হয়, তাহাকে "তার" বা আলকাতরা বলে। আলকাতরা জমিয়া গ্যাস হইতে পৃথক্ হইয়া গেলেও গ্যাস বিশুদ্ধ হয় না। তখনও গ্যাসের সহিত আমোনিয়া, গন্ধক, অঙ্গারাম্ল (Carbonic acid) প্রভৃতি পদার্থ বাষ্পাকারে মিশ্রিত থাকে। ইহারা কাঁচা পাথুরে কয়লায় থাকে। কয়লা যখন ভাজা হয়, তখন ইহারা বাষ্পাকার ধারণ করিয়া গ্যাসের সহিত মিশ্রিত হয়। শীতল হইলেই যেরূপ আলকাতরা জমিয়া গ্যাস হইতে পৃথক্ হইয়া পড়ে, ইহারা সেরূপ হয় না। ইহারা বাষ্পভাবে থাকিয়া বরাবর গ্যাসের সহিত অবস্থিতি করে। সুতরাং গ্যাস হইতে ইহাদিগকে পৃথক্ করা বড়ই কঠিন, এমন কি একেবারে পৃথক্ করা অসাধ্য বলিলেও হয়। তবে যতদূর সাধ্য, পৃথক্ না করিলে চলে না। কারণ গ্যাসের সহিত ঐ সকল দ্রব্য, লোকের ঘরে পুড়িলে নানারূপ অনিষ্ট উৎপাদন করে। সুতরাং গ্যাস নলের ভিতর যাইলে ইহাকে যতদূর সাধ্য, বিশুদ্ধ করিবার নিমিত্ত যত্ন পাইতে হয়। প্রথম গ্যাস হইতে আলকাতরা পৃথক্ করিবার নিমিত্ত চেষ্টা করিতে হয়। কারণ আল্‌কাতরা-মিশ্রিত গ্যাসকে অধিক দূরে যাইতে দিলে, সেখানে আলকাতরা জমিয়া নল সব বুজিয়া যাইবে। গ্যাস হইতে আলকাতরা পৃথক্ হইয়া যাইলে, তাহার পর বাষ্পভাবাপন্ন আমোনিয়া, গন্ধক প্রভৃতি পদার্থকে দূর করিবার জন্য চেষ্টা করিতে হয়। আবার গ্যাসকে বিশুদ্ধ করিবার জন্য অনেক নল ও নানারূপ যন্ত্রের ভিতর দিয়া ভ্রমণ করাইতে হয়। প্রবল জলস্রোতের মুখে যেরূপ সামান্য বাঁধ দিলে হয়, সেইরূপ এই সকল যন্ত্র সত্বর গ্যাসের অগ্রসর হইবার পক্ষে বিঘ্ন উপস্থিত করে। যেরূপ বাঁধের নিকট প্রথম অনেক জল না জমিলে আর বাঁধ ছাপাইয়া যাইতে পারে না, সেইরূপ এক একটী যন্ত্রের নিকট প্রথম অনেক গ্যাস না জমিলে আর সে যন্ত্র পার হইয়া যায় না। সম্মুখে এইরূপ বিলম্ব হইলে, পশ্চাৎদিকে গ্যাসের স্রোত হীনবল হইয়া পড়ে। হাইড্রলিক মেনের সেই আলকাতরা পার হইতে কষ্ট হয়। কয়লা ভাজা পাত্রে গ্যাস জমা হইয়া পড়ে। এরূপ হইলে নানাদিকে বিপত্তি হয়। সুতরাং পশ্চাৎ দিক্ হইতে গ্যাসকে আরও বলে ঠেলিয়া না দিলে আর উপায় নাই। সচরাচর বাহির হইতে বাষ্পীয় বলে এই কার্য্য সাধিত হইয়া থাকে। হাইড্রলিক মেনের সেই আলকাতরার নিকট গ্যাস যাইবার পূর্ব্বে একস্থানে ঐ যন্ত্রটী সংস্থাপিত থাকে। বাষ্পীয় বলে ঐ যন্ত্র ক্রমাগত গ্যাসকে আগের দিকে ঠেলিয়া দিতে থাকে। তাহাতে গ্যাস অনায়াসে আলকাতরা পার হয়। সম্মুখের অপরাপর বাধা বিঘ্ন অতিক্রম করিয়া বেগে পার হইতে থাকে।

নলের ভিতর দিয়া উপরে উঠিলে গ্যাসে যে প্রচুর পরিমাণে আলকাতরা মিশ্রিত থাকে, সেই আলকাতরা হইতে পরিষ্কার করিতে হইবে। গ্যাস যখন উত্তপ্ত হয়, তখন আলকাতরা ইহার সহিত বাষ্পাকারে মিশ্রিত থাকে। তাহার পর ক্রমে যখন গ্যাস শীতল হয়, তখন আলকাতরা জমিয়া গিয়া গ্যাস হইতে পৃথক্ হইয়া পড়ে। নলের ভিতর গ্যাস আনিবার পর অনেক আলকাতরা ইহা হইতে আপনা-আপনি পৃথক্ হইয়া পড়ে ও হৌজে গিয়া জমা হয়। তাহার পর গ্যাস আরও শীতল হইলে অবশিষ্ট আলকাতরা বাহির হইয়া যায়। উত্তপ্ত গ্যাসকে সহসা শীতল করিতে নাই। তাহা করিলে নলের গায়ে লবণের মত আর একটী পদার্থ জমিয়া যায়। সেই লবণের মত পদার্থ জমিয়া নলের ছিদ্র বুজিয়া যাইবার সম্ভাবনা। এই পদার্থের নাম ন্যাফ্‌থালিন্ (Naphthalin)। ন্যাফ্‌থালিনের যে মূল্য নাই তাহা নহে। নেকড়ার পুঁটুলি করিয়া ইহা বাক্সের ভিতর রাখিলে পোকা মাকড়ে কাপড়-চোপড় কাটিতে পারে না, কিন্তু গ্যাস প্রস্তুতের সময় নলের ভিতর ন্যাফ্‌থালিন্ জমিতে দিলে নলের অনিষ্ট হয়। তাহা ছাড়া আবার গ্যাসের কিয়ৎপরিমাণে আলোকপ্রদায়িকা শক্তি জমিয়া এই ন্যাফ্‌থালিনের সৃষ্টি হয়। সে জন্য যে গ্যাস হইতে ন্যাফ্‌থালিন্ বাহির হইয়াছে, সে গ্যাস উত্তম নয়। এই কারণে উত্তপ্ত গ্যাসকে সহসা শীতল করিতে নাই, ক্রমে ক্রমে শীতল করিতে হয়। কয়লা ভাজিবার পাত্র হইতে বাহির হইয়া নলের ভিতর গ্যাস উঠিলে, তাহাকে একেবারে শীতল না করিয়া আরও অনেকগুলি নলের ভিতর দিয়া তাহাকে চালাইতে হয়। নলে নলে গ্যাসকে একবার উঠাইতে এক-

বার নামাইতে নামাইতে ক্রমে শীতল হইতে থাকে। অবশেষে স্নিগ্ধ নল ও স্নিগ্ধ পাত্রের ভিতর দিয়া গ্যাসকে সঞ্চালন করাইলে ইহা হইতে সমুদায় আলকাতরা পৃথক্ হইয়া পড়ে। অনেকগুলি খাড়া নল যাহার গায়ে বাহ্য বায়ু লাগিয়া ভিতরের গ্যাসকে শীতল করে, তাহাকে স্নিগ্ধ-নল বলে। কোনও কোনও কারখানায় এই নলের ভিতর কোক্-কয়লা অথবা ইটের খোয়া থাকে। তাহার সহযোগে গ্যাস হইতে আলকাতরা শীঘ্র পৃথক্ হইয়া পড়ে। আবার কোথায় বা স্নিগ্ধ-নল সমুদয় শায়িত ভাবে জলের ভিতর ডুবান থাকে। তাহাতে গ্যাস হইতে শীঘ্র আলকাতরা পৃথক্ হয়। এইরূপে নানাস্থানে আলকাতরা জমিয়া হৌজে আসিয়া জমে। তাহার পর সেখান হইতে তুলিয়া ইহা বিক্রীত হয়। বিলাতে পূর্ব্বে আলকাতরার মূল্য অতি যৎসামান্য ছিল। এক্ষণে ইহা হইতে ম্যাজেণ্ডা প্রভৃতি নীল, পীত, লোহিত নানারূপ রঙ্ প্রস্তুত হইতেছে। সুতরাং ইহার মূল্য বৃদ্ধি হইয়াছে। আরও আশ্চর্য্য এই, আলকাতরা হইতে স্যাকেরিণ নামক এক প্রকার চিনি প্রস্তুত হয়। ইহা অপেক্ষা পৃথিবীতে ঘোর মিষ্ট পদার্থ আর দ্বিতীয় নাই।

আলকাতরার হাত হইতে মুক্ত হইবার পর গ্যাসকে আমোনিয়া হইতে পৃথক্ করিতে হয়। গ্যাসের সহিত নিষেদল বাষ্পভাবে মিশ্রিত থাকে। যদি লোকের বাড়ী গিয়া গ্যাস ও নিষেদল বাষ্প এক সঙ্গে জ্বলে, তাহা হইলে পিত্তল, কাঁসাদিতে কলঙ্ক পড়িয়া বিশেষ ক্ষতি হয়। আমোনিয়া গ্যাস একটী যৌগিক পদার্থ, মূলপদার্থ নহে। ইহা একভাগ যবক্ষার ও তিনভাগ উদজনে গঠিত। আমোনিয়া গ্যাস যখন পুড়িতে থাকে, অর্থাৎ যখন ইহা বায়ুর অম্লজনের সহিত মিশ্রিত হইয়া থাকে, তখন দুই দিকে নূতন দুইটী যৌগিক পদার্থ সৃষ্টি হয়। যবক্ষারজনের (Nitrogen.) সহিত প্রথম অল্প অক্সিজেন মিশিয়া নাইট্রস্ এসিড, তাহার পর আরও অক্সিজেন মিশিয়া, নাইটিক্ এসিড বা সোরার দ্রাবক প্রস্তুত হয়। অপর দিকে উদজনের সহিত অম্লজন মিশিয়া জল হয়। জল হউক তাহাতে কিছু ক্ষতি নাই, কিন্তু ঘরের ভিতর নাইট্রিক এসিড্ উৎপন্ন হইলে বিশেষ ক্ষতি আছে। ঘরের বায়ু দূষিত হয়, তাহা ছাড়া পিত্তলাদি ধাতুনির্ম্মিত দ্রব্যাদি নষ্ট হইয়া যায়। সে নিমিত্ত গ্যাস হইতে আমোনিয়া পৃথক্ করা আবশ্যক।

উক্ত আমোনিয়া হইতে নিষেদল প্রস্তুত হয়। নিষেদল কিছু আর অকর্ম্মণ্য দ্রব্য নয়, ইহার মূল্য আছে। বিলাতে পূর্ব্বে অধিক নিষেদলের ব্যবহার ছিল না। পূর্ব্বকালে মিশরদেশে উষ্ট্রের বিষ্ঠা হইতে নিষেদল প্রস্তুত হইত। তাহাই বিলাতে অল্প পরিমাণে আমদানী হইত। গ্যাস প্রস্তুত করিতে করিতে সুচতুর বিলাতবাসিগণ দেখিলেন যে, তাঁহাদের এই গ্যাসের ভিতরই প্রচুর পরিমাণে আমোনিয়া রহিয়াছে। বাহির করিতে পারিলেই টাকা হয়। তাই এই আমোনিয়া বাহির করিবার চেষ্টা হইতে লাগিল। বিলাতবাসীরা দেখিলেন যে, জলের সহিত আর আমোনিয়া গ্যাসের সহিত বিলক্ষণ সদ্ভাব আছে। দেখা হইলেই দুই জনে কোলাকোলি মিশামিশি করিতে ভালবাসে। জল আমোনিয়া গ্যাসের সহিত এত মিশিতে ভালবাসে যে, একভাগ জল ৭৭০ গুণ আমোনিয়া বাষ্পের সহিত না মিশিলে আর পরিতৃপ্তি লাভ করে না।

প্রথম প্রথম লোকে বড় বড় জলের হৌজ করিয়া তাহার এক দিকে গ্যাস ডুবাইয়া দিতে লাগিল, অপর দিকে এক একটী তালের মত বড় বড় বুদ্‌বুদ্ হইয়া গ্যাস ভাসিয়া উঠিতে লাগিল। এইরূপে গ্যাসের আমোনিয়া জলে ধৌত হইয়া যাইল, অর্থাৎ আমোনিয়া জলের সহিত গিয়া মিশিল। কিন্তু এরূপ ধৌত করা বিলম্বের কাজ। হৌজের নিকট গিয়া ধৌত হইবার নিমিত্ত গ্যাসকে অনেকক্ষণ থাকিতে হয়। পশ্চাৎ দিকে গ্যাসের দ্রুতগতি মন্দ হইয়া পড়ে। এরূপে গ্যাস ধৌত করার আরও একটী দোষ এই যে, গ্যাসের চারিপিট জলের সহিত সাক্ষাৎ করিতে পায় না। তালের মত বড় যে বিম্বগুলি হয়, তাহার বাহির পিট কেবল জলে ধৌত হয়, ভিতরের দিকে জল লাগেনা। ভিতরের দিকে যে আমোনিয়া থাকে, তাহা আর জলের সহিত মিশিতে পায়না, সুতরাং গ্যাসে আমোনিয়া রহিয়া যায়। সেজন্য আর একজন লোক বৃষ্টির সৃষ্টি করিলেন। কলের বলে মুষলধারে বৃষ্টি পড়িবে, আর সেই বৃষ্টি ভেদ করিয়া গ্যাস উপরে উঠিতে থাকিবে। তাহাতে গ্যাসের চারিপিট ধুইয়া যাইবে। আমোনিয়া বাষ্প গিয়া জলের সহিত মিশিবে। এ উপায়টী অনেক পরিমাণে সফল হইল বটে, কিন্তু ইহাতেও একটী দোষ দেখা গেল। প্রকৃতপক্ষে কয়লা গ্যাস হইল একপ্রকার হাইড্রো কারবণ, অর্থাৎ হাইড্রোজেন (উদজন) ও কারবণ (অঙ্গার) মিশ্রিত একটী যৌগিক পদার্থ। এই হাইড্রোকারবণ পুড়িয়াই উত্তাপ ও আলোক হয়। মুষলধারে বৃষ্টি ভেদ করিয়া যাইবার সময় কেবল যে গ্যাস হইতে আমোনিয়া পৃথক্ হইয়া পড়ে তাহা নহে, ইহার হাইড্রো কারবণও অনেক নষ্ট হইয়া যায়। সুতরাং গ্যাসের

আলোক ও উত্তাপদায়িকা শক্তি কমিয়া যায়। সেজন্য আর একজন আর একটী উপায় উদ্ভাবন করিলেন। অনেকগুলি বড় বড় খাড়া নলের ভিতর কোক্‌করলা রাখিয়া, তাহা দিয়া গ্যাস চালাইয়া দিলেন। গ্যাস চলিবার সময় তাহার উপর আস্তে আস্তে ঝুর্ ঝুর্ করিয়া জল বর্ষণ করাইলেন। সেই জলের সহিত আমোনিয়া মিশ্রিত হইল, কিন্তু হাইড্রো কারবণ নষ্ট হইল না। কিন্তু গ্যাস হইতে আমোনিয়া পৃথক্ করিবার নিমিত্ত আর একজন একটী চমৎকার কল প্রস্তুত করিয়াছেন। কলটী আর কিছুই নয়, নলের ভিতর কতকগুলি চক্র। এই চক্রের গায়ে ক্রস থাকে। চক্রটী ঘুরিবার সময় ক্রসগুলি জলে ভিজিয়া যায়। ইহার ভিতর দিয়া গ্যাস যাইবার সময় সেই জলে আমোনিয়া লাগিয়া যায়। এই কলটীর দাম অনেক, প্রায় ৪৫০০০৲ টাকা। কিন্তু মূল্য অধিক হইলে কি হয়, ইহা ব্যবহার করিলে লাভ আছে। গ্যাস ধৌত এই আমোনিয়া মিশ্রিত জল বাজারে বিক্রয় হয়। ইহা হইতে লোকে নিষেদল প্রস্তুত করে। যে গ্যাস কারখানায় আমোনিয়া ধুইবার জন্য ৪৫০০০৲ টাকার একটী কল ব্যবহার হইতে পারে, সেখানে এত নিষেদল উৎপন্ন হয় যে, তাহা বেচিয়া এক বৎসরের মধ্যেই কলের দাম উঠিয়া যায়।

গ্যাস হইতে আমোনিয়া পৃথক্ হইলে ইহা হইতে গন্ধক ও কারবণিক এসিড্ পৃথক্ করিতে হয়। কারবণিক এসিড্ অল্পপরিমাণে থাকে ও ইহা বিশেষ অপকারী নহে। কিন্তু গন্ধক অতিশয় অপকারী। গন্ধক থাকিলে গ্যাস হইতে ঘোরতর দুর্গন্ধ বাহির হয় ও ঘরের দ্রব্যাদি নষ্ট হইয়া যায়। সম্পূর্ণভাবে গ্যাস হইতে গন্ধক দূর করা অতি দুঃসাধ্য। চূণের ভিতর দিয়া গ্যাস পরিচালিত করিলে গন্ধক গ্যাস ছাড়িয়া চূণের সহিত মিশিয়া যায়। কারবণিক এসিডও ইহার সহিত মিশিয়া থাকে। এই উপায়ে অনেকে গ্যাস পরিষ্কার করিয়া থাকেন। লৌহচূর্ণের ভিতর দিয়া গ্যাস পরিচালিত করিলে গ্যাস হইতে গন্ধক পৃথক্ হইয়া পড়ে।

এইরূপে গ্যাস পরিষ্কৃত হইলে, তাহার পর ইহাকে জমা করিয়া রাখিতে হয়।

গ্যাস রাখিবার পাত্র আর কিছুই নয়, কেবল বড় একটী লৌহ-নির্ম্মিত গোলাকার বাক্স। ইহার তলদিক্ খোলা, বন্ধ নয়। মনে করিলে এই পাত্রটী উঠাইতে নামাইতে পারা যায়। ইহার নিম্নভাগে বড় একটী জলের হৌজ থাকে, সেই হৌজের ভিতর দিয়া গ্যাসের নল আসিয়া তাহার মুখ জলের উপর একটু জাগিয়া থাকে। কারখানায় গ্যাস প্রস্তুত হইয়া যখন এই নলের মুখ দিয়া বাহির হইতে থাকে, তখন লৌহপাত্রটী নামাইয়া দিতে হয়। ইহার চারিধার হৌজের জলে ডুবিয়া যায়। নলের মুখ দিয়া গ্যাস আসিয়া ক্রমে পাত্রটী পূর্ণ হয়। ইহার চারিধার জলে ডুবিয়া থাকে বলিয়া গ্যাস বাহির হইয়া যায় না। আবশ্যক মতে এই পাত্র হইতে রাস্তায় ও লোকের বাড়ীতে নলের দ্বারা গ্যাস প্রেরিত হয়।

বিলাতে প্রতিবর্ষে গ্যাসের জন্য প্রায় ত্রিশকোটি মণ কয়লা খরচ হয়, এবং এক লণ্ডন সহরেই পাঁচকোটি টাকার গ্যাস বিক্রীত হইয়া থাকে। ভারতের রাজধানী কলিকাতায়ও গ্যাসের খরচ বড় কম নহে।

গ্রথন (ক্লী) গ্রন্থ বাহুলকাৎ ক্যু ন লোপঃ। ১ গ্রন্থন, গাঁথা।
"দোষস্থিরত্বাৎ গ্রথনাচ্চ তেষাং।" (সুশ্রুত, নিদান, ১১ অঃ।)
২ তন্ত্রশাস্ত্রপ্রসিদ্ধ সাধ্যবর্ণ গুলিকে মন্ত্রদ্বারা অন্তরিত করিয়া বিন্যাস।
"মন্ত্রেণান্তরিতান্ কৃত্বা সাধ্যবর্ণান্ যথাবিধি।
গ্রথনং তদ্বিজানীয়াৎ প্রশস্তং শান্তিকর্ম্মণি।" (তন্ত্রসার)

গ্রথিত (ত্রি) গ্রন্থ-ক্ত। ১ গুম্ফিত, যাহা গাঁথা হইয়াছে।
"কুসুমৈ র্গ্রথিতামপার্থিবৈঃ স্রজং" (রঘু ৮।৩৪)
২ ক্রান্ত। ৩ হিংসিত। (মেদিনী)

গ্রথিন্ (ত্রি) গ্রন্থ-বাহুলকাৎ ইনি কিৎ নলোপশ্চ। জল্পক, যে জল্পনা করে। "ন্যক্রতূন্ গ্রথিনো মৃধ্রবাচঃ" (ঋক্ ৭।৬।৩)
"গ্রথিনো জল্পকান্।" (সায়ণ।)

গ্রথ্ন (পুং) স্তবক। "শলাটুনীলমিত্যুক্তং গ্রথ্নঃ স্তবকমুচ্যতে।" (ভট্টনারায়ণ)

গ্রন্থ (পুং) গ্রন্থ সন্দর্ভে ভাবে ঘঞ্। ১ গুম্ফন, গ্রথন। গ্রন্থ কর্ম্মণি ঘঞ্। ২ শাস্ত্র। "গ্রন্থগ্রন্থিং তদা চক্রে মুনির্গূঢ়ং কুতূহলাৎ।" (ভারত ১।১।৮০) ২ বত্রিশ অক্ষরে রচিত অনুষ্টুভ্ ছন্দের শ্লোক। ৩ ধন। (হেম°) ৪ শিখদিগের ধর্ম্মশাস্ত্র। নানক যে গ্রন্থ রচনা করেন তাহার নাম আদিগ্রন্থ এবং গুরুগোবিন্দ যাহা রচনা করেন, তাহার নাম দশম-পাদশা-কা-গ্রন্থ। উভয়কেই গ্রন্থসাহেব বলে। এই ধর্ম্ম-পুস্তকে একেশ্বর মতস্থাপন ও সুফী মতানুযায়ী তত্ত্বজ্ঞানের কথা আছে। ইহার মূল গ্রন্থ পারসী ভাষায় লিখিত, তাহার মধ্যে মধ্যে পঞ্জাবী হিন্দী ভাষার কবিতাও আছে।

গ্রন্থকরণ (ক্লী) গ্রন্থস্য করণং ৬তৎ। গ্রন্থরচনা।

গ্রন্থকর্ত্তৃ (ত্রি) গ্রন্থস্য কর্ত্তা ৬তৎ। গ্রন্থকার।

গ্রন্থকার (ত্রি) গ্রন্থং করোতি গ্রন্থ কৃ-অণ্। গ্রন্থ-রচয়িতা, গ্রন্থকারক, গ্রন্থ-কৃৎ প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত।

"তস্মাদ্ ভগবাংস্তন্ত্রো গ্রন্থকারো ভবিষ্যসি।" (ভারত ১৩।১৪অঃ)

গ্রন্থকুটী (স্ত্রী) গ্রন্থস্য কুটী ৬তৎ। লেখ্যস্থান, গ্রন্থালয়। (ত্রিকাণ্ড°)

গ্রন্থন (ক্লী) গ্রন্থ ভাবে লুট্। শুম্ফন, গাঁথা।

গ্রন্থনা (স্ত্রী) গ্রন্থ ভাবে যুচ্ স্ত্রিয়াং টাপ্। শুম্ফন, গাঁথা।

গ্রন্থবিস্তর (পুং) গ্রন্থস্য বিস্তরঃ ৬তৎ। গ্রন্থের বিস্তর, গ্রন্থবাহুল্য।

গ্রন্থসন্ধি (পুং) গ্রন্থস্য সন্ধিঃ ৬তৎ। গ্রন্থের সন্ধি, অংশবিশেষ। সর্গ, বর্গ, পরিচ্ছেদ, উদ্ঘাত, অধ্যায়, অঙ্ক, সংগ্রহ, উচ্ছ্বাস, পরিবর্ত্ত, পটল, কাণ্ড, স্থান, প্রকরণ, পর্ব্ব ও আহ্নিক। এই কয়টী গ্রন্থ সন্ধির নাম। (ত্রিকাণ্ড°) ইহা ছাড়া স্তবক ও প্রপাঠক প্রভৃতি আর কএকটী গ্রন্থসন্ধির নাম লক্ষিত হয়।

গ্রন্থালয়, যেখানে বহুসংখ্যক গ্রন্থ রাখা হয়, পুস্তকালয়। (Library) [পুস্তকালয় শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

গ্রন্থি (পুং) গ্রন্থ সন্দর্ভে ভাবে ইন্ (থনি কষ্যঞ্জ্যসিবসিবনিসনিধ্বনিগ্রন্থিচরিভ্যশ্চ। উণ্ ৪।১৩৯) ১ বংশাদির পর্ব্ব, গাঁট্। (অমর) ২ কাণ্ডসন্ধি। ৩ ভদ্রমুস্তা। ৪ হিতাবলী। ৫ পিণ্ডালু। (রাজনি°) ৬ বন্ধন। ৭ মায়াপাশ।

"ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।" ভাগবত ১।২।২১।

৮ কৌটিল্য। কর্ত্তরি ইন্। ৯ গ্রন্থিপর্ণ বৃক্ষ। (মেদিনী) ১০ রোগবিশেষ। ভাবপ্রকাশ মতে দূষিত বাতাদি দোষ, মাংস, রক্ত, মেদ ও শিরাকে দূষিত করিয়া গোলাকার ও উন্নত গ্রন্থির ন্যায় শোথ উৎপন্ন হইলে তাহাকে গ্রন্থি বলে (Swelling and hardening of the vessels)। গ্রন্থিরোগ পাঁচ প্রকার—বাতজ, পিত্তজ, কফজ, মেদোজ ও শিরাজ।

বাতজ গ্রন্থির লক্ষণ।—বাতজ গ্রন্থিরোগে আকর্ষণ, ছেদন, সূচীবেধ, স্খলন, মন্থন ও বিদারণের ন্যায় বেদনা বোধ হয়। ঐ গ্রন্থিগুলি কৃষ্ণবর্ণ কোমল ও বস্তির ন্যায় বিস্তারিত হইয়া থাকে এবং ফাটিয়া গেলে স্বাভাবিক রক্তস্রাব হয়।

পৈত্তিক গ্রন্থির লক্ষণ।—পিত্তজগ্রন্থি রক্ত বা পীত বর্ণযুক্ত, ইহার অভ্যন্তরে তাপ, দাহ বা শূল দ্বারা চুষণের ন্যায় বেদনা ও জ্বালা হয়। আগুনে পোড়ার মত অত্যন্ত পাকিয়া থাকে। ভিন্ন হইলে বা ফাটিয়া গেলে দূষিত রক্ত পড়িয়া থাকে।

শ্লৈষ্মিক গ্রন্থির লক্ষণ।—শ্লৈষ্মিক গ্রন্থি শীতল, স্বাভাবিক বর্ণবিশিষ্ট, পাষাণের ন্যায় কঠিন, অল্পবেদনা ও অভ্যন্তরে কণ্ডূযুক্ত হয়। এই গ্রন্থি কালবিলম্বে বর্দ্ধিত হয়। ভিন্ন হইলে শুক্লবর্ণ গাঢ় পূয় স্রাবিত হইয়া থাকে।

মেদোজ গ্রন্থির লক্ষণ।—মেদোজ গ্রন্থি স্নিগ্ধ, বৃহৎ অথচ কণ্ডূ ও বেদনাযুক্ত, শরীরের সহিত ইহার বৃদ্ধি ও হ্রাস হয়। ভিন্ন হইলে তিলকল্ক বা ঘৃতের ন্যায় মেদঃস্রাব হইয়া থাকে।

শিরাজ গ্রন্থির লক্ষণ।—বলবানের সহিত যুদ্ধ বা অতিরিক্ত ব্যায়ামপ্রযুক্ত দুর্ব্বল মানবের বায়ু কুপিত হইয়া শিরাগুলিকে আকর্ষণ করে। ইহাতে শিরাসমূহ সঙ্কুচিত, শোষিত ও সংহত হইয়া উন্নত অথচ গোলাকার গ্রন্থি উৎপাদন করে। ইহাকে শিরাজ গ্রন্থি বলে। এই গ্রন্থি বেদনাযুক্ত হইলে কষ্ট সাধ্য হয়। যদি বেদনা না থাকে অথচ স্থির ও বৃহৎ হয়, তবে সেই গ্রন্থিরোগ অসাধ্য জানিবে। মর্ম্মস্থানে শিরাজ গ্রন্থি হইলেও অসাধ্য হইয়া থাকে। (ভাবপ্রকাশ মধ্যখ° ৩ ভাগ।)

সুশ্রুতের মতে—বায়ু প্রভৃতি দূষিত হইয়া রক্তমাংস ও কফযুক্ত মেদকে দূষিত করে। তাহাতে শরীর হইতে স্বতন্ত্রভাবে উন্নত গোলাকার শোথ জন্মে, তাহাকে গ্রন্থি বলে। বায়ুগ্রন্থিরোগে শরীর বদ্ধ (টেনে থাকা) ও ব্যথিত হয়, যাতনা জন্মে; শরীর যেন বিক্ষিপ্ত ও ছিন্ন ভিন্ন হইতে থাকে। ইহা কৃষ্ণবর্ণ, কঠিন ও বস্তির ন্যায় বিস্তৃত, বিদীর্ণ হইলে নির্ম্মল রক্তস্রাব হয়। পিত্তগ্রন্থি রক্ত বা পীতবর্ণ হইয়া থাকে; ইহাতে শরীরে পুনঃ পুনঃ দাহ ও জ্বালা উপস্থিত হয়, বারে বারে পাকিয়া উঠে এবং শরীর উত্তপ্ত হইয়া থাকে। বিদীর্ণ হইলে অতিশয় উষ্ণ রক্ত নির্গত হয়। কফজাত গ্রন্থিরোগে শরীর শীতল ও বিবর্ণ হয়, অল্প যাতনা ও অতিশয় কণ্ডূ জন্মে, গ্রন্থি পাথরের ন্যায় কঠিন হইয়া থাকে, অনেকদিন বিলম্বে বর্দ্ধিত হয়। বিদীর্ণ হইলে ঘন ও শুক্লবর্ণ পূয় নির্গত হয়। মেদোজাত গ্রন্থিরোগে বর্দ্ধিত শরীর ক্ষীণ হয় ও শরীর বৃদ্ধি হইবার পক্ষে হানি জন্মে। ইহা স্নিগ্ধ, বৃহৎ, অল্প যাতনাদায়ক ও অতিশয় কণ্ডূযুক্ত, অধিক পরিমাণে বিদীর্ণ করিলে ঘৃতের ন্যায় মেদ নির্গত হয়। (সুশ্রুত, নিদান° ১১ অঃ।)

ভাবপ্রকাশের মতে গ্রন্থিচিকিৎসা—স্বর্জিকাক্ষার, মূলার ক্ষার ও শঙ্খচূর্ণ এই সকল দ্রব্য সমান পরিমাণে মিশাইয়া প্রলেপ দিলে গ্রন্থিরোগ ভাল হয়। যে গ্রন্থি ঔষধ দ্বারা নিবারণ না হয়, তাহাকে শস্ত্রদ্বারা উৎপাটন করিয়া পরে জাত্যাদিঘৃত ও ব্রণনাশক ঔষধ দ্বারা চিকিৎসা করিবে। [জাত্যাদি দেখ।] কেহ কেহ বলেন যে, শিরাজাত গ্রন্থি উৎপাটন করিতে নাই। (ভাবপ্রকাশ মধ্যখ° ৩।)

সুশ্রুতের মতে শোথের ন্যায় গ্রন্থিরোগে অপক্ক অবস্থায় প্রতীকার করিবে। শরীরের বল থাকিলে রোগ প্রবল হইতে পারে না, অতএব যাহাতে সবল থাকে, তাহার

বিশেষ যত্ন করিতে হয়। তৈল বা ঘৃত অথবা উভয়ই পান করিবে, কিম্বা বসা যোগে ত্রিবৃৎসেবন করিবে।

বায়ু জন্য গ্রন্থিরোগে দশমূলের ক্বাথ ও চতুঃস্নেহ এবং শ্বেত গুঞ্জার মূল, আমলকী, হরীতকী, ভার্গী, শোনাছাল, বিল্ব, অগুরু, শোভাঞ্জন, গোজিহ্বা, তালমূলী, এই সকল দ্রব্যের প্রলেপ, উপনাহ স্বেদ ও বায়ুনাশক অপরাপর প্রলেপ সেবনীয়। অথবা বিদীর্ণ করিয়া পূয় নির্গত করিবে এবং বিল্ব, অর্ক ও রাজবৃক্ষের ক্বাথে প্রক্ষালনপূর্ব্বক সৈন্ধবসংযুক্ত পঞ্চাঙ্গুলের পত্র ও তিল লেপনে প্রয়োগ করিয়া সংশোধন করিবে। সংশোধিত হইলে শুক্ল ত্রিবৃৎ যোগে তৈল প্রস্তুত করিয়া ব্রণ পূরণ করিবে।

পিত্ত জন্য গ্রন্থিরোগে বিড়ঙ্গ, যষ্টিমধু ও গুলঞ্চের ক্বাথ দুগ্ধ দিয়া সেবন করা বিধেয়। জলৌকাদ্বারা রক্ত মোক্ষণ করাইয়া ক্ষীরোদক সেচন ও কাকোল্যাদিবর্গের শীতল ক্বাথ শর্করা যোগে পান করিবে। দ্রাক্ষারস বা ইক্ষুরসের সহিত হরীতকীর চূর্ণ পান ও যষ্টি মধু, জম্বু, অর্জুন ও বেতস এই সকলের ত্বকে প্রলেপ করিবে অথবা মুচুকুন্দ বৃক্ষের তৃণশূন্য কন্দ পিষিয়া সর্ব্বদা লেপন করিবে। পাকিয়া উঠিলে বিদীর্ণ করিয়া বনস্পতির ক্বাথে ধৌত করিবে। যষ্টিমধু যোগে তিলের কল্ক লেপনপূর্ব্বক ব্রণ সংশোধন করিয়া তাহাতে কাকোল্যাদিগণ সহ পাচিত ঘৃত প্রয়োগ করিবে।

শ্লেষ্মা জন্য গ্রন্থিরোগে বমন ও বিরেচন করাইয়া গ্রন্থিতে স্বেদপ্রদান করিবে। পরে অঙ্গুষ্ঠ লৌহ উপলখণ্ড বা বেণু দণ্ড দ্বারা মর্দ্দন করিয়া বসাইয়া দিবে। ইহার পরে বৈইচ আরগ্বধ, শ্বেতগুঞ্জার মূল, তিতলাউ, আকন্দ, ভার্গী, করঞ্জ, কেলেকড়া ও ময়না এই সকল মিশ্রিত করিয়া প্রলেপ প্রয়োগ করিবে। মর্ম্মস্থান ব্যতীত অন্যস্থানে গ্রন্থি জন্মিয়া বসিয়া না গেলে অপক্ক অবস্থায়ই বিদীর্ণ করিয়া তাহার আভ্যন্তরিক পদার্থ নির্গত করিবে।

রক্ত জন্য গ্রন্থিরোগে গ্রন্থি পোড়াইয়া সদ্য ব্রণ চিকিৎসার বিধানানুসারে চিকিৎসা করিবে। মাংসকন্দী উন্নত ও বৃহৎ গ্রন্থি হইলে এইরূপ চিকিৎসা করিবে অথবা পাকিয়া উঠিলে ছেদন করিয়া হিতকর কষায়ে প্রক্ষালিত করিবে। প্রচুর ক্ষার, ঘৃত ও মধু যোগে ঘন সংশোধনী দ্রব্য দ্বারা সংশোধন করিবে। পরে বিড়ঙ্গ-পাঠা ও হরিদ্রা সংযোগে তৈলপাক করিয়া তাহাতে প্রয়োগ করিবে।

মেদ জন্য গ্রন্থিরোগে তিলকল্ক লেপন করিয়া তাহার উপরে দুই পুরু বস্ত্রে আচ্ছাদন করিবে। লৌহখণ্ড আগুনে তাতাইয়া বার বার মার্জ্জন করিয়া দগ্ধ করিলেও ভাল হয়। দারুহরিদ্রা লেপন করিয়া তপ্তলাক্ষার সেক দিলেও গ্রন্থির প্রতীকার হয়। ছেদন করিয়া আভ্যন্তরিক মেদ নিঃসারিত করিয়া দগ্ধ করিবে। অথবা পাকিয়া উঠিলে বিদীর্ণ করিয়া মূত্রদ্বারা প্রক্ষালন করিবে। পরে পিষ্ট, তিল ও স্বর্জিকাক্ষার প্রভৃতি লবণ ও হরিতাল মিশ্রিত করিয়া ঘৃত ও মধু সহযোগে গাঢ় করিয়া প্রয়োগ করিবে। এই প্রকারে সংশোধিত হইলে নাটাকরঞ্জ ও উহর করঞ্জ, গুঞ্জা, বংশনীল ও ইঙ্গুদী এই সকল ও গোমূত্রযোগে তৈল পাক করিয়া তাহাতে প্রয়োগ করিবে। এইরূপ চিকিৎসায় গ্রন্থিরোগ ভাল হয়। (সুশ্রুত চিকিৎসিত° ১৮ অঃ।)

গ্রন্থিক (ক্লী) গ্রন্থিরিব কায়তি গ্রন্থি কৈ-ক। ১ পিপ্পলীমূল। ২ গ্রন্থিপর্ণ। ৩ গুগ্‌গুলু। (পুং) গ্রন্থিভিঃ পর্ব্বভিঃ কায়তি গ্রন্থি-কৈ-ক। ৪ করীর। গ্রন্থিনা কৌটিল্যেন কায়তি গ্রন্থি-কৈ-ক, অথবা গ্রন্থঃ পঞ্জিকা অস্ত্যস্য গ্রন্থ-ঠন্। ৫ দৈবজ্ঞ। "তত্র মল্লা নটাশ্চৈব গ্রন্থিকাঃ সোখ্যশায়িকাঃ।" (ভারত ১৪।৭০।৭।) ৬ মাদ্রীতনয় সহদেব। (মেদিনী)

গ্রন্থিখেড় (ক্লী) গন্ধমাত্রিকা। (দ্রব্যাভিধান)

গ্রন্থিচ্ছেদক (পুং) গ্রন্থীনাং ছেদকঃ ৬তৎ। জালিক।

গ্রন্থিত (ত্রি) গ্রথি-ক্ত। গুম্ফিত। (অমর)

গ্রন্থিত্ব (ক্লী) গ্রন্থের্ভাবঃ। গ্রন্থিরভাব।

"শ্লেষণাতু সবর্ণত্বং গ্রন্থিত্বঞ্চ বিনির্দ্দিশেৎ।" (সুশ্রুত ২।২ অঃ)

গ্রন্থিদল (পুং) চোরক নামক গন্ধ দ্রব্যবিশেষ।

গ্রন্থিদলা (স্ত্রী) গ্রন্থির্দলেঽস্যাঃ বহুব্রী, টাপ্। মালাকন্দ।

গ্রন্থিদুর্ব্বা (স্ত্রী) গ্রন্থিপ্রধানা দূর্ব্বা শাকপার্থিবাদি° মধ্যলো°। দূর্ব্বাবিশেষ, গাঁট দূর্ব্বা। (রাজনি°)

গ্রন্থিন্ (ত্রি) গ্রন্থস্তদর্থো বা জ্ঞেয়তয়া অস্ত্যস্ত গ্রন্থ-ইনি। ১ গ্রন্থযুক্ত, যাহার গ্রন্থ আছে।

"অজ্ঞেভ্যো গ্রন্থিনঃ শ্রেষ্ঠা গ্রন্থিভ্যো ধারিণো বরাঃ।" (মনু)

২ গ্রন্থার্থবিৎ, যে গ্রন্থের অর্থ জানে। ৩ গ্রন্থকর্ত্তা। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়।

গ্রন্থিপত্র (পুং) গ্রন্থিপ্রধানং পত্রমস্য বহুব্রী। চোরক নামক গন্ধদ্রব্য। (রাজনি°)

গ্রন্থিপর্ণ (ক্লী) গ্রন্থৌ পর্ণান্যস্য গ্রন্থিযুক্তানি পর্ণান্যস্য বা বহুব্রী। ১ বৃক্ষবিশেষ, চলিত বাঙ্গালায় গাঁঠিয়ালা ও হিন্দীতে গঠিবন বলে। পর্য্যায়—শুক, বর্হিপুষ্প, স্থৌণেয়, কুকুর, বর্হী, পুষ্প, বর্হ, শুকবর্হ, স্থৌণেয়ক, কুশপুষ্প, শুষ্মক, বিদীর্ণাখ্য, শ্যামগুচ্ছক, বর্হি, শুকপুচ্ছ, শুকচ্ছদ, গ্রন্থিক, কাকপুষ্প, নীলপুষ্প, সুগন্ধ, তৈলপর্ণক। ইহার গুণ—তিক্ত, তীক্ষ্ণ, কটু,

উষ্ণ, দীপন, লঘু, কফ, বাত, বিষ, শ্বাস, কণ্ডূ ও দৌর্গন্ধ-নাশক। ইহার লেপনে শরীরের রুক্ষতা, অলক্ষ্মী, রাক্ষস ও জ্বর দূর হইয়া যায়। (রাজবল্লভ)

এই জাতীয় বৃক্ষ নেপাল অঞ্চলে উৎপন্ন হয়। ইহার বর্ত্তুলাকার গ্রন্থিযুক্ত অংশ বেনের দোকানে বিক্রীত হয়, তাহাই গাঠিয়ালা নামে পরিচিত। ইহা গ্রন্থিপর্ণ বৃক্ষের অস্ফুটিত পুষ্পকর্ণিকা। ইহা হইতে নীলবর্ণ শূকাকার কেশর-গুলি গুচ্ছভাবে বাহির হইয়া সম্যক্ প্রস্ফুটিতাবস্থায় বিকীর্ণ হইয়া পড়ে। তৎকালে দেখিতে বহ্নিচূড়ার ন্যায় শোভা পায়। ইহার পুষ্প কুকুরসোঁকা বা কুকশিমা পুষ্পের জাতীয়, পাতাগুলি শূক পাখীর পালকের মত, এবং বহুল গ্রন্থিযুক্ত। ইহাতে স্নেহ ভাগও লক্ষিত হয়। এই দেশে ভিন্ন জাতীয় এক প্রকার শেয়ালকাঁটা আছে, তাহাকে গ্রন্থিপর্ণভেদ বলে। ইহা স্থৌণেয় নামক বৃক্ষ, হিন্দুস্থানে থুনের বলে। গ্রন্থি-পর্ণের পুষ্প নীলবর্ণ, স্থৌণেয়কের পুষ্প গোলাপী। উভয় বৃক্ষের ফুলই ফুটিয়া ছত্রাকার হইয়া পড়িলে বাতাসে তুলার ন্যায় উড়িতে থাকে, সে সময় উহা শাদা হয়।

(পুং) ২ চোরক নামক গন্ধদ্রব্য। (রাজনি॰)

গ্রন্থিপর্ণক (পুং) গ্রন্থিপর্ণ সংজ্ঞার্থে-কন্। শ্রীবাস।

গ্রন্থিপর্ণা (স্ত্রী) গ্রন্থিপর্ণ-টাপ্। জতুকালতা। (রাজনি॰)

গ্রন্থিপর্ণী (স্ত্রী) গ্রন্থিপর্ণ গৌরাদিত্বাৎ ঙীষ্। গণ্ডদূর্ব্বা।

গ্রন্থিফল (পুং) গ্রন্থিযুক্তং ফলমস্য বহুব্রী। ১ কপিত্থ বৃক্ষ। ২ মদন বৃক্ষ। ৩ শাকুরুণ্ডবৃক্ষ। (রাজনি॰)

গ্রন্থিবন্ধন (ক্লী) গ্রন্থের্বন্ধনং ৬তৎ। ১ গের দেওয়া, গাঁট দেওয়া। ২ জন্মতিথিতে গোরোচনাযুক্ত সূত্রবন্ধন।

"গুড়ত্বগ্ধতিলানদ্যাৎ জন্মগ্রন্থেশ্চ বন্ধনম্।
গুগ্‌গুলুনিম্বসিদ্ধার্থদূর্ব্বাগোরোচনাযুতম্॥" (কৃত্যচিন্তা॰)

৩ বিবাহকালে বর ও কন্যার বস্ত্রে বস্ত্রে বন্ধন।

গ্রন্থিবর্হিন্ (পুং) গ্রন্থিং বর্হতি বর্হ-ক্তৌ গ্রন্থি-বর্হ-ণিনি। গ্রন্থিপর্ণবৃক্ষ। (শব্দরত্না॰)

গ্রন্থিভেদ (পুং) গ্রন্থিং বস্ত্রাদিগ্রন্থিং ভিনত্তি গ্রন্থি-ভিদ অণ্ উপস॰। চোরবিশেষ, গাঁটকাটা। মনুর মতে গাঁটকাটা চোরের প্রথমবারে অঙ্গুলি ছেদন, দ্বিতীয়বারে হস্ত ও পদছেদন এবং তৃতীয়বার চুরি করিলে বধ করিবে।

"অঙ্গুলিং গ্রন্থিভেদস্য ছেদয়েৎ প্রথমে গ্রহে।
দ্বিতীয়ে হস্তচরণৌ তৃতীয়ে বধ মর্হতি॥" (মনু ৯।২৭৭)

গ্রন্থিমৎ (ত্রি) গ্রন্থিরস্ত্যত্র গ্রন্থি-মতুপ্। ১ গ্রন্থিযুক্ত, গাঁট বিশিষ্ট। (পুং) ২ অস্থিসংহারি বৃক্ষ। চলিত কথায় হাড়-ভাঙ্গা বা হাড়জোড়া বলে। পর্য্যায়—অস্থিসংহারী, বজ্রাঙ্গী, অস্থিশৃঙ্খলা। ইহার গুণ—বাত, শ্লেষ্মা, কৃমি ও দুর্গন্ধনাশক, অস্থিযোগকারী, উষ্ণ, সারক, অম্লরোগ ও পিত্তবর্দ্ধক, রুক্ষ, স্বাদু, লঘু, বৃষ্য, পাচন। (ভাবপ্রকাশ)

গ্রন্থিমৎফল (পুং) গ্রন্থিমৎফলং যস্য বহুব্রী। লকুচ বৃক্ষ, মান্দার। (রাজনি॰)

গ্রন্থিমূল (ক্লী) গ্রন্থিগুণবৎ মূলমস্য বহুব্রী। গৃঞ্জন। (রাজনি॰)

গ্রন্থিমূলা (স্ত্রী) গ্রন্থিবহুলং মূলং অস্যাঃ বহুব্রী, টাপ্। মালা দূর্ব্বা। (রাজনি॰)

গ্রন্থিল (ত্রি) গ্রন্থির্বিদ্যতে ঽস্য গ্রন্থি-লচ্ (সিধ্মাদিভ্যশ্চ। পা ৫।২।৯৭) ১ গ্রন্থিযুক্ত। (ক্লী) ২ পিপ্পলীমূল। (রাজনি॰) ৩ আর্দ্রক। (শব্দচ॰) (পুং) ৪ বিকঙ্কত বৃক্ষ, চলিত কথায় বইচ বলে। ৫ করীর বৃক্ষ। ৬ তণ্ডুলীয় শাক। ৭ হিতা-বলী। ৮ পিণ্ডালু। ৯ চোরক নামক গন্ধদ্রব্য। ১০ বিকঙ্কট বৃক্ষ। (রাজনি॰)

গ্রন্থিলা (স্ত্রী) গ্রন্থিল-টাপ্। ১ ভদ্রমুস্তা। ২ মালাদূর্ব্বা। (রাজনি॰)

গ্রন্থিহর (পুং) গ্রন্থিং হরতি হৃ-অচ্। অমাত্য, মন্ত্রী। (ত্রিকাণ্ড॰)

গ্রন্থীক (ক্লী) গ্রন্থিক পৃষোদরাদিত্বাৎ সাধু। পিপ্পলীমূল।

গ্রপ্স [গ্লপ্স দেখ।]

গ্রভ (পুং) গ্রভঃ [বৈদিক ধাতু]-অপ্। গ্রহণ।

"নহি গ্রভায়ারণঃ সুশেবো" (ঋক্ ৭।৪।৮)

'গ্রভায় গ্রহণায়' (সায়ণ।)

গ্রভণ (ক্লী) গ্রভ-ল্যুট্। গ্রহণ।

গ্রভণবৎ (ত্রি) গ্রভণং বিদ্যতে ঽস্য গ্রভণ-মতুপ্ মস্য বঃ। গ্রহণবিশিষ্ট। "আদস্যায়ু র্গ্রভণবৎ।" (ঋক্ ১।১২৭।৫)

'গ্রভণবৎ গ্রহণযুক্তম্' (সায়ণ।)

গ্রভীৎ (ত্রি) গ্রভ-তৃচ্। গ্রহীতা।

গ্রসন (ক্লী) গ্রস-ভাবে-ল্যুট্। ১ ভক্ষণ।

"গ্রসনাদজগরঃ শরীর প্রাণহরো ন বিষাৎ।" (সুশ্রুতকল্প॰ ৪ অঃ)

২ গ্রাস। ৩ রাহু কর্ত্তৃক চন্দ্র বা সূর্য্যের গ্রাস। (পুং) ৪ অসুরবিশেষ। (মৎস্যপু॰) ৫ গ্রহণবিশেষ।

গ্রসমান (ত্রি) গ্রস্-শানচ্। যে গ্রাস করিতেছে।

গ্রসিষ্ঠ (ত্রি) অতিশয়েন গ্রসিতা-গ্রসিতৃ-ইষ্ঠন্। তৃচোলোপঃ। গ্রসিতৃতম। "ভোগমানলাদিদ গ্রসিষ্ঠ ওষধী রজীগঃ।" (ঋক্ ১।১৬৩।৭) 'গ্রসিষ্ঠঃ গ্রসিতৃতমঃ' (সায়ণ।)

গ্রসিষ্ণু (ত্রি) গ্রস-ইষ্ণুচ্। ১ গ্রসনশীল। ২ পরব্রহ্ম।

"ভূতভর্ত্তৃ চ তজ্জ্ঞেয়ং গ্রসিষ্ণু প্রভবিষ্ণু চ।" গীতা।

গ্রস্ত (ত্রি) গ্রস-কর্ম্মণি-ক্ত। ১ ভক্ষিত। (ক্লী) ২ অসংপূর্ণোচ্চারিত শব্দ।

গ্রস্তৃ (ত্রি) গ্রস-তৃচ্ আর্দ্ধধাতুকত্বাৎ ইড়ভাবঃ। ভক্ষক।

"গ্রস্তায়ং চৈব চন্দ্রস্ত সূর্য্যস্ত চ মহাপ্রভম্।" (হরি° ২২৬ অঃ)

গ্রস্তাস্ত (পুং) গ্রস্তএবাস্তঃ। গ্রস্ত হইয়া যে অদৃষ্ট হয়। গ্রহণের পরে মুক্তি না হইতে চন্দ্র বা সূর্য্যের অস্ত হইলে তাহাকে গ্রস্তাস্ত বলে।

গ্রস্তি (স্ত্রী) গ্রস্-ক্তিন্। গ্রাস।

গ্রস্তোদয় (পুং) গ্রস্তস্য উদয়ঃ ৬তৎ। রাহুগ্রস্ত চন্দ্র বা সূর্য্যের উদয়।

"গ্রস্তাস্তে ত্রিদিনং পূর্ব্বং পশ্চাৎ গ্রস্তোদয়ে তথা।
খণ্ডগ্রাসে চ ত্রিদিনং নিঃশেষে সপ্ত সপ্তচ॥" (বৃহস্পতি)

গ্রস্য (ত্রি) গ্রস-কর্ম্মণি বাহুলকাৎ যৎ। ভক্ষণীয়।

"যচ্ছক্যং গ্রসিতুং গ্রস্যং গ্রস্তং পরিণমেচ্চ যৎ।" (ভারত ৫।৩৩ অঃ)

গ্রহ (পুং) গৃহ্ণাতি গতিবিশেষান্ [গ্রহ-অচ্]। ১ সূর্য্যাদি জ্যোতিষ্ক পদার্থ। আমাদের মাথার উপরে যে সকল জ্যোতিষ্ক দেখিতে পাওয়া যায়, ঐ সকল জ্যোতিষ্ক প্রবহ বায়ুতে অবস্থিত। প্রবহ বায়ু অনবরত ভ্রমণ করিয়া থাকে, তাহার আঘাতে জ্যোতিষ্কমণ্ডলও ভ্রমণ করে। প্রাচীন হিন্দু জ্যোতির্ব্বিদ্‌গণ ঐ জ্যোতিষ্কগুলিকে প্রধানতঃ দুই ভাগে বিভক্ত করিয়া একশ্রেণীকে গ্রহ ও অপর কতকগুলিকে নক্ষত্র সংজ্ঞা দিয়াছেন। যে সকল জ্যোতিষ্ক আমাদের নিকটবর্ত্তী, যাহাদের গতি, উদয় ও অস্ত প্রভৃতি প্রাচীন জ্যোতির্ব্বেত্তারা অসাধারণ প্রতিভাবলে উদ্ভাবিত যন্ত্রে ও গণিত বলে স্থির করিতে পারিয়াছিলেন, তাহাদিগকে গ্রহ এবং যে সকল জ্যোতিষ্ক অনেক দূরে অবস্থিত, তৎকালে কোনরূপ যন্ত্রে তাহাদের গতি প্রভৃতির নির্ণয় হয় নাই, তাহাদিগকে নক্ষত্র নামে উল্লেখ করিয়াছেন, ইহাতে বোধ হয় যে "গৃহ্যতে যন্ত্রাদিনা যথাযথং দৃষ্টিগোচরো ভবতি" (গ্রহ কর্ম্মণি অপ্) অর্থাৎ যন্ত্রাদি দ্বারা যাহার স্বরূপাদি অবগত হওয়া যায় তাহার নাম গ্রহ—এইরূপ ব্যুৎপত্তি লইয়াই কতকগুলি জ্যোতিষ্ককে গ্রহ নামে নির্দ্দেশ করা হইয়াছে। কিন্তু প্রাপ্ত কোন গ্রন্থেই প্রাচীনেরা কি অভিপ্রায়ে বা কি ব্যুৎপত্তি লইয়া গ্রহ সংজ্ঞা দিয়াছেন তাহা পাওয়া যায় না।

গ্রহ কয়টী এই বিষয়ে প্রাচীনকাল হইতেই মতামত চলিয়া আসিতেছে। বরাহমিহিরের মতে সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি এই সাতটী গ্রহ। রাহু ও কেতু পাত বিশেষ, গ্রহ নহে। বরাহের মত গ্রহণ করিয়া সারদাতিলকেও সাতটী গ্রহের কথাই আছে।

"লোকান্ অব্রীন্ স্বরান্ ধাতূন্ মুনীন্ দ্বীপান্ গ্রহানপি।
সমিধঃ সপ্ত সংখ্যাতাঃ সপ্তজিহ্বা হবির্ভুজঃ॥" (সারদাতি° ১ প°)

সূর্য্যসিদ্ধান্ত ও সিদ্ধান্তশিরোমণি গ্রন্থে খগোলের সাতটী গ্রহকক্ষা নিরূপিত আছে। রাহু বা কেতুর কক্ষার কোন উল্লেখ নাই। [খগোল, রাহু ও কেতু দেখ।]

এ দেশে প্রচলিত কতকগুলি ফলিত জ্যোতিষের মতে রাহু ও কেতু গ্রহ মধ্যে গণ্য, তাহাদের মতে গ্রহ নয়টী। নীলকণ্ঠতাজকে এই নয় গ্রহ ছাড়া মুথহা নামে আর একটী গ্রহের উল্লেখ দেখিতে পাওয়া যায়, কিন্তু অপর ফলিত জ্যোতিষে মুথহার নাম নাই। [মুথহা দেখ।]

আর্য্যভটের মতে ভপঞ্জর বা জ্যোতিষ্কমণ্ডল নিশ্চল, তাহাদের কোনরূপ গতি নাই, তাহারা একস্থানেই অবস্থিতি করিতেছে। পৃথিবী আপন গতিতে ভ্রমণ করায় জ্যোতিষ্কমণ্ডল ভ্রমণ করিতেছে বলিয়া বোধ হয়।

পাশ্চাত্য জ্যোতির্ব্বেত্তাদিগের বর্ত্তমান সিদ্ধান্তানুসারে নভোমণ্ডলে যে অনন্ত জ্যোতির্গণ দেদীপ্যমান রহিয়াছে, তাহাদের সাধারণ নাম Star (তারা), সূর্য্য, চন্দ্র, পৃথিবী, নক্ষত্র প্রভৃতি তন্নামান্তর্গত। তারাগণ লক্ষণভেদে Sun (সূর্য্য), Planet[১] (গ্রহ), Satellite[২] (উপগ্রহ, পারিপার্শ্বিক বা চন্দ্র), Fixed planet[৩] (নক্ষত্র বা অচলা তারা), Comet (ধূমকেতু), Meteor (উল্কা), Nebula (নিহারিকা) এই কয়েক শ্রেণীতে বিভক্ত। যে সূর্য্যের উজ্জ্বলালোকের প্রকাশে এবং অপ্রকাশে দিবারাত্র হইতেছে, তাহা গতিশূন্য স্বস্থানে অচলভাবে অবস্থিত, তাহাকে পৃথিবী এবং পৃথিবীবৎ আর অনেকগুলি তারা নিয়ত প্রদক্ষিণ করিতেছে। ইহাদিগের মধ্যে প্রথমে[৪] বুধ (Mercury), তৎপরে ক্রমান্বয়ে শুক্র (Venus), পৃথিবী (Fellus বা Earth), মঙ্গল (Mars), তদনন্তরে বহু সংখ্যক ক্ষুদ্র তারা এবং তাহার পরে পরে বৃহস্পতি (Jupiter), শনি (Saturn),

(১) গ্রীক ভাষায় প্ল্যানিটি অর্থে ভ্রমণ করা, এইরূপে গ্রহ বা ভ্রমণশীল তারা।

(২) ল্যাটিন ভাষায় স্যাটিলিস্ অর্থে সঙ্গী অর্থাৎ সঙ্গীগ্রহ বা পারিপার্শ্বিক।

(৩) সূর্য্য এইরূপ Fixed star মধ্যে একটী, কিন্তু প্রকৃত সূর্য্য ও নক্ষত্র স্থির পদার্থ নহে, তবে প্রত্যহ তাহার এবং অন্য নক্ষত্রগণের উদয়াস্ত ঘটিত এবং বর্ষে বর্ষে তাহার যে গতি প্রকাশ পায় তাহা ভ্রান্তিমূলক। তাহা পৃথিবীর নিজ ব্যাসে চক্রাবর্ত্তন এবং বর্ষে বর্ষে সূর্য্যপ্রদক্ষিণজনিত। যুগ যুগান্ত কালে সূর্য্যের ও নক্ষত্রগণেরও স্ব স্ব গতি প্রকাশ পায়।

(৪) বুধের ও সূর্য্যের মধ্যে কোন কোন জ্যোতির্ব্বিৎ (Vulcan) ভল্‌ক্যান্ নাম দিয়া একটী গ্রহ আবিষ্কার করিয়াছেন, কিন্তু ইহার স্থিরসিদ্ধান্ত হয় নাই।

ইউরানস্ (Uranus)* ও নেপ্‌চুন্ (Neptune)**। এই তারাগুলিকে Planet (গ্রহ) বলা হয়। উক্ত মঙ্গল ও বৃহস্পতির পথের মধ্যে ৩২১টী ক্ষুদ্র তারা আবিষ্কৃত হইয়াছে, তাহাদিগকে ক্ষুদ্র গ্রহ বা কনিষ্ঠ গ্রহ (Asteroids, Planetoids বা Minor planets) বলা হয়। পৃথিবীকে যেরূপ এক চন্দ্র প্রদক্ষিণ করিতেছে, সেইরূপ শনিকে আটটী; ইউরানস্ ও বৃহস্পতি প্রত্যেককে চারি চারিটী এবং নেপ্‌চুন্‌কে একটি চন্দ্র আবর্ত্তন করিতেছে। এই চন্দ্রগুলির অপর নাম উপগ্রহ বা পারিপার্শ্বিক গ্রহ (Satellites)। ইহারা স্ব স্ব গ্রহকে আবর্ত্তন করিতে করিতে ঐ গ্রহদিগের সহিত যেন রজ্জুবদ্ধ হইয়া সূর্য্যকে প্রদক্ষিণ করিতেছে। এইরূপে আটটী মুখ্য ও ৩২১ কনিষ্ঠ বা ক্ষুদ্র গ্রহ অর্থাৎ ৩২৯ গ্রহ এবং ১৮টী উপগ্রহ বা চন্দ্র সর্ব্বসমেত ৩৪৭ গ্রহোপগ্রহ আমাদের এই দৃশ্যমান সূর্য্যের চতুর্দ্দিকে ভ্রমণ করিতেছে। এই ভ্রামকদিগকে আমাদের এই সূর্য্যের গ্রহদল বা পরিবার বলা হয়। এইরূপ অনন্তাকাশে অনন্ত সূর্য্য আছে এবং তাহাদের প্রত্যেকের এক এক গ্রহদল আছে, এই শেষোক্ত গ্রহদল এ পর্য্যন্ত যন্ত্রসহকারে যদিও দৃষ্টিগোচর হয় নাই, তথাচ তাহাদের অবস্থিতি সম্ভব। কালে দূরবীক্ষণযন্ত্রের দৃষ্টিসৌকর্য্যশক্তিবৃদ্ধি হইলে তাহারা আবিষ্কৃত হইলেও হইতে পারে। উক্ত সূর্য্যপুঞ্জ অচলতারা বা নক্ষত্র (Fixed Star) নামে খ্যাত এবং ইহারাই অসংখ্য জ্যোতিষ্করূপে আকাশে খচিত রহিয়াছে।



(শু=শুক্র। বু=বুধ। পৃ=পৃথিবী।)

আমাদের এই সূর্য্যের গ্রহদলের পরস্পর সম্বন্ধ নিবন্ধ এবং সূর্য্যের সহিত তাহাদের সংস্রব নিয়মবদ্ধ যে একটী প্রণালী, তাহাকে Planetary system (গ্রহক্রম বা গ্রহপদ্ধতি) বলে। সূর্য্য, গ্রহদল ও ধূমকেতু সর্ব্বসমষ্টিকে সৌরজগৎ (Solar system) বলে।

বুধ, শুক্র, মঙ্গল, বৃহস্পতি, শনি ইহাদিগকে পুরাতন গ্রহ বলা হয়, কারণ ইহারা প্রায় সকল প্রাচীন সভ্য জাতির বিজ্ঞাত। সর্ব্বমুখ্য গ্রহকে ক্রান্তিগ্রহ (Zodiacal planets) বলা হয়, কারণ ইহারা ক্রান্তিরেখার উর্দ্ধাধ ৯° অংশ ব্যাপ্ত স্থান মধ্যে সঞ্চালিত হয়। সিরিজ্ (Ceres), প্যালাস (Pallas), জুনো (Juno), ভেষ্টা (Vesta),

(৫) অপর নাম (Herschel) হর্সেল, কারণ হর্সেল উহা প্রথমে আবিষ্কার করেন এবং অন্য একটী নাম Georgium sidus অর্থাৎ ইংলণ্ডের তৃতীয় জর্জ নামক অধিপতির সময় আবিষ্কৃত।

(৬) মাধ্যাকর্ষণের নিয়মে নেপ্‌চুনের পরে আর দুইটী গ্রহ থাকা সম্ভব, অনেকে মনে করেন, পরে আবিষ্কার হইলেও হইতে পারে।

আষ্ট্রীয়া (Astræa) প্রভৃতি কনিষ্ঠগ্রহদিগকে অতিক্রান্তি গ্রহ (Ultra Zodiacal Planets) বলা হয়, কারণ ইহারা ক্রান্তির উক্ত সীমার বহির্ভূত। পৃথিবী ও সূর্য্যের মধ্যে গ্রহদ্বয় অর্থাৎ বুধ ও শুক্রকে অপর গ্রহ (Inferior) এবং পৃথিবীর পরে অর্থাৎ পৃথিবী অপেক্ষা সূর্য্য হইতে দূরস্থ মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরানস্ ও নেপচুন্‌কে পরগ্রহ (Superior planets) বলা হয়। আবার বৃহস্পত্যাদি গ্রহদিগকে Major planets বলা হইয়া থাকে। পৃথিবী এবং ইহার মত বুধ ও শুক্র এই তিনটী গ্রহ সূর্য্য ও কনিষ্ঠগ্রহদিগের মধ্যে অবস্থিত। ইহাদিগকে পার্থিব গ্রহ (Terrestrial planets) সংজ্ঞা দেওয়া হইয়াছে।

আমাদিগের সূর্য্য এক মহাদ্ভুত বিশাল গোলপিণ্ডাকার পদার্থ, ইনি আলোক উত্তাপ এবং সর্ব্ববীর্য্যের উৎস। মাধ্যাকর্ষণ (Gravitation) এবং প্রক্ষেপিকা (Tangential) শক্তিদ্বারা গ্রহেরা স্ব স্ব কক্ষাচ্যুত না হইয়া চক্রাভাস (Elliptical) পথে ক্রান্তির সমতল দেশগত না হইয়া স্ব স্ব কক্ষা দ্বারা ক্রান্তিকে দুই দুই বিন্দুতে ভেদ করিয়া তির্য্যগ্‌ভাবে ঘূর্ণায়মান রহিয়াছে। উপগ্রহেরাও স্ব স্ব গ্রহ কক্ষাকে ঐরূপে ভেদ করিয়া ঘূর্ণায়মান। এরূপ ভাবের ঘূর্ণগতিতে গ্রহ এক আবর্ত্তনে একবার সূর্য্যের নিকট ও একবার দূরতম স্থানে অবস্থিত হয়।

পৃথিবী যেরূপ প্রায় গোল, স্বয়ং জ্যোতিশূন্য ও সূর্য্যালোকে আলোকিত এবং নিজের ধ্রুবঘষ্টিকে চক্রাবর্ত্তন করিয়া থাকে, গ্রহোপগ্রহের ঐরূপ ভাব ও গতি আছে।

গ্রহকক্ষা ও গ্রহসম্বন্ধীয় যাবতীয় জ্ঞাতব্য বিষয় নির্ণয়ার্থ তৎসংক্রান্ত সাতটী মৌলিক তত্ত্ব জানিতে হয়, তাহাদিগকে Seven elements of the orbit বলে।

১ কক্ষার পরিষ্টব্যাসের (Major axis) দৈর্ঘ্য।

২ গ্রহের কেন্দ্রাপসারিতা (Eccentricity), যদ্দ্বারা ইহার (কক্ষার) প্রকৃতাকার নির্ণীত হয়।

৩ গ্রহ সূর্য্য হইতে কম দূরে থাকিবার সময়ে ঐ গ্রহের ধ্রুবক (Longitude of the perihelion) বলে।

৪ ক্রান্তিতে কক্ষার তির্য্যক্ স্থিতির পরিমাণ (Inclination of the orbit to the ecliptic.)

৫ গ্রহের পাতের ধ্রুবক (Longitude of the ascending mode of a planet.)

৬ গ্রহের সূর্য্য আবর্ত্তনকাল (ভগণ) (Periodic time.)

কোন নির্দ্দিষ্ট কালে গ্রহের ধ্রুবক (Longitude of a planet at a given epoch), যাহাকে Longitude of the epoch বলে।

এই সাতটী দ্বারা গ্রহসম্বন্ধীয় প্রায় যাবতীয় গণনা করা হয়। এজন্য ইহাদিগের সারণী (Synoptical table) প্রস্তুত করা জ্যোতির্ব্বিদ্‌দিগের একটী প্রধান কার্য্য।

যন্ত্রবেধদ্বারা গ্রহতত্ত্ব যাহা আবিষ্কৃত হইয়াছে, তাহা কেপ্লর্ কর্ত্তৃক প্রকাশিত গ্রহগতিসম্বন্ধীয় নিয়ম (যাহাকে Kepler's laws বলে) এবং নিউটন্ কর্ত্তৃক আবিষ্কৃত মাধ্যাকর্ষণের নিয়ম।

কেপ্লারের নিয়ম তিনটি এই—

১ প্রত্যেক গ্রহের কক্ষা এক একটী (Ellipse), চক্রাভাস দুইটী (Focal points) অগ্রকরের অন্যতরে সূর্য্য অবস্থিত।

২ গ্রহের যোজকসূত্র (Radius vector) অর্থাৎ (সূর্য্য হইতে গ্রহলয়সূত্র) গ্রহের গতিতে সমকালে সমায়তন রচনা করে।

৩ কোন এক গ্রহের (Time of revolution) ভগণকালের বর্গ এবং (Mean distance) সূর্য্য হইতে মাধ্যমিক দূরের ঘন এই উভয়ের যে মান (Ratio), তাহা সকল গ্রহেরই এইরূপ মানের সহিত সমান।

নিম্নে প্রধান গ্রহদের পরস্পরের এবং সূর্য্যের সহিত তুলনায় তাহাদিগের সম্বন্ধে কতিপয় মুখ্য জ্ঞাতব্য বিষয় লিখিত হইল।

নাম	দিব্য ব্যাস মাইল	বর্ষ পরিমাণ	সূর্য্য হইতে দূরত্ব নিযুত মাইল	পৃথিবী হইতে দূরত্ব নিযুত মাইল	ধ্রুবঘষ্টিতে চক্রাবর্ত্তন	পৃথিবীর পিণ্ডের পরিমাণ ১ ধরিলে তাহার মত অঙ্ক
সূর্য্য	৮৬৩৪০০	.....	.....	৯২.৯	৩০৭ঘ, ৪৮ মি	১৩১০০০০০
বুধ	৩০৩০	৮৭.৯৬৯ দিন	৩৬	৫৩.৯	২৪. ৫২	.৫৩
শুক্র	৭৫০০	২২৪ দিন	৬৯.২	৬৯.৭	২৩. ২১৬	.৯২০
পৃথিবী	৭৯১৮	৩৬৫ ঐ	৯২.৯	.....	২৩. ৫৬	১
মঙ্গল	৪৩৬৩	৬৮৭ ঐ	১৪০	৪৮.৬	২৪. ৩৭৬	.১৫২
বৃহস্পতি	৮৫০০০	পার্থিববর্ষের ১২ গুণ	৪৭৮	৩৯০.৪	৯. ৫৫৩	১৩০.৯
শনি	৭০০০০	ঐ ৩০ গুণ	৮৭২	৭৯৩.২	১০. ১৪২	৮৪৯
ইউরানস্	৩৩০০০	ঐ ৮৫ গুণ	১৭৫২	১৬৮৯.	৯. ০	৫৯
নেপচুন্	৩৩০০০	ঐ ১৭০ গুণ	২৭৫০	২৭৯৮.৪	.....	১০৩

ক্ষুদ্র গ্রহসকল সম্বন্ধে তাহাদিগের ক্ষুদ্রতা প্রযুক্ত অনেক

তত্ত্ব এ পর্য্যন্ত প্রকাশ হয় নাই; তাহাদের মধ্যে বৃহত্তমটী ২০০ মাইল ও ক্ষুদ্রতম ২০ মাইলের অধিক হইবে না, অনেকে অনুমান করেন যে, উহার কোন কোন যুগের গ্রহের পরস্পরাঘাতে ভগ্ন হইয়া খণ্ড খণ্ড হইয়া রহিয়াছে, ইহা অনুমানমাত্র। জ্যোতির্ব্বিদেরা বিশেষ বিশেষ যন্ত্র সাহায্যে এবং বিশেষ বিশেষ গণনাবলে সূর্য্য প্রভৃতি অনেক গ্রহ উপগ্রহ ও কোন কোন নক্ষত্র নির্ম্মের পদার্থ ও তাহাদিগের তার সম্বন্ধীয় পরিচয় দিয়াছেন।

[সূর্য্যাদি শব্দে বিশেষ বিবরণ দ্রষ্টব্য।]

২ বালকের অনিষ্টকারক স্কন্দ প্রভৃতি রোগ। [কুমারভৃত্যা দেখ।] গ্রহ-ভাবে অপ্। ৩ গ্রহণ, আদান। ৪ অনুগ্রহ। ৫ নির্বন্ধ। "অবশ্য ভব্যেষ্বনবগ্রহগ্রহাঃ।" (নৈষধচ॰) ৬ রণোদ্যম। ৭ মলবন্ধ। ৮ চন্দ্রগ্রহণ বা সূর্য্যগ্রহণ। "একরাত্রং পরিত্যজ্য কুর্য্যাৎ পাণিগ্রহং গ্রহে।" (জ্যোতিষতত্ত্ব) ৯ নবসংখ্যা।

"চতুর্দ্দশ সহস্রঞ্চ মাৎস্যমাদ্যপ্রকীর্ত্তিতম্।
তথা গ্রহ সহস্রন্তু মার্কণ্ডেয়ং মহাদ্ভুতম্॥" (ভা॰ ১৩।১৭।৩৭)

গ্রহক (পুং) গ্রহ কর্ত্তরি অচ্ স্বার্থে কন্। গ্রাহক।

গ্রহকক্ষা (স্ত্রী) যে বৃত্তাকার পথে গ্রহ ভ্রমণ করে। (Orbit)

গ্রহকল্লোল (পুং) গ্রহেষু কল্লোল ইব। রাহু। (ত্রিকাণ্ড॰)

গ্রহকুষ্মাণ্ড (পুং) প্রাণীগণের উপদ্রাবক কুষ্মাণ্ডাকার দেব-যোনিবিশেষ।

"ডাকিনী শাকিনী ভূতপ্রেতাবেতালরাক্ষসাঃ।
গ্রহকুষ্মাণ্ডখেটাদ্যা কালকর্ণী শিশুগ্রহাঃ।" (কালি॰ পু॰ ৩৩ অঃ)

কোন কোন আভিধানিকের মতে গ্রহকুষ্মাণ্ড দুইটী শব্দ।

গ্রহগণিত (ক্লী) গ্রহাণাং তদ্গত্যাদীনাং গণিতং যত্র বহুব্রী। জ্যোতিষশাস্ত্রের একটী স্কন্ধ, যাহাতে গ্রহসমূহের বিবরণ আছে।

"তত্র গ্রহগণিতে পৌলিশরোমকবাশিষ্ঠসৌরপৈতামহেষু পঞ্চসেতেষু সিদ্ধান্তেষু।" (বৃহৎস॰ ২ অঃ)

গ্রহগোচর (পুং) গ্রহস্য গোচরঃ ৬তৎ। জন্ম প্রভৃতি রাশিতে গ্রহগণের গতিবিশেষ। [গোচর দেখ।]

গ্রহগতি (স্ত্রী) গ্রহাণাং গতিঃ ৬তৎ। গ্রহগণের গমন, স্বীয় কক্ষা অতিক্রম।

গ্রহগন্ধ (পুং) গ্রহস্য গন্ধঃ ৬তৎ। সূর্য্যাদি গ্রহগণের উদ্দেশে দেয় রক্তচন্দন প্রভৃতি। [গ্রহযজ্ঞ দেখ।]

গ্রহচিন্তক (পুং) গ্রহান্ চিন্তয়তি চিন্তি-ণ্বুল্ ৬তৎ। দৈবজ্ঞ, জ্যোতিষিক।

"বক্তব্যমিষ্টং জগতোঽস্তুতং বা শাস্ত্রোপদেশাদ্গ্রহচিন্তকেন।"
(বৃহৎস॰ ২৪ অঃ)

গ্রহণ (ক্লী) গ্রহ-ভাবে ল্যুট্। ১ স্বীকার। ২ জ্ঞান। ৩ আদর। গৃহ্যতেঽনেন গ্রহ করণে ল্যুট্। ৪ হস্ত। ৫ ইন্দ্রিয়। (রাজনি॰) গৃহ্যতেঽসৌ গ্রহ কর্ম্মণি ল্যুট্। ৬ শব্দ। (জটাধর)

৭ উপরাগ, রাহু কর্ত্তৃক চন্দ্র বা সূর্য্যের আচ্ছাদন বা গ্রাসকে গ্রহণ বলে। এদেশে অনেকের বিশ্বাস যে, সিংহিকা নামে একটা রাক্ষসী ছিল। রাহু তাহারই পুত্র, প্রথমে ইহার হস্তপদাদি সকল অবয়বই ছিল, সমুদ্রমন্থনের পর কৌশল করিয়া অমৃত খাইয়াছিল বলিয়া বিষ্ণু চক্রদ্বারা মাথাটী কাটিয়া দেন, অমৃতের গুণে সেই খণ্ডিত মাথাটী চির দিনই অবিকৃত রহিয়াছে। চন্দ্র ও সূর্য্যের কথায় বিষ্ণু রাহুর মাথা কাটিয়া ছিলেন, রাহুর খণ্ডিতমস্তক পূর্ব্বাপকার ভুলিতে পারিল না, মুখ ব্যাদন করিয়া চন্দ্র এবং সূর্য্যকে খাইতে চলিল। শেষে অনুপায় দেখিয়া ব্রহ্মা বিধান করিলেন যে অমাবস্যাবিশেষে সূর্য্যকে ও পূর্ণিমা বিশেষে চন্দ্রকে একবার করিয়া খাইতে পারিবে, অপর কোন সময়ে পারিবে না। খণ্ডিত রাহুমস্তক তাহাতেই বাধ্য হইল। সেই হইতেই উপযুক্ত দিনে চন্দ্র ও সূর্য্যকে গ্রাস করে, তাহার নাম গ্রহণ। [রাহু দেখ।]

এদেশের লোকেরা গ্রহণের সময় শঙ্খ ঘণ্টা বাজাইয়া থাকে। মূর্খ লোকের বিশ্বাস যে শঙ্খ ঘণ্টা বাজাইলে রাহু ভয় পাইয়া শীঘ্র ছাড়িয়া যাইবে।

গণিতবিৎ পণ্ডিতগণ ইহার কোনটাই স্বীকার করেন না। বৃহৎসংহিতায় লিখিত আছে, আকাশচারী রাহু শরীরধারী, মস্তকাকৃতি বা মণ্ডলময় হইলে ভগণার্দ্ধ বা ৬ রাশি দূরে থাকিতে গ্রহণ হইতে পারিত না। রাহুর গতির স্থিরতা না থাকিলে গণনা দ্বারা কি প্রকারে উহার উপলব্ধি হয়। রাহুটীকে মুখ পুচ্ছাদি আকারবিশিষ্ট স্বীকার করিলে অমাবস্যা পূর্ণিমা ভিন্ন অন্য সময়েও গ্রহণ হইতে পারে। উহা যদি সর্পাকার হইত, তবে কখন মুখদ্বারা কখনও বা পুচ্ছ প্রভৃতি অপর কোন অবয়ব দ্বারা গ্রহণ হইত। অতএব রাহু কোন প্রকার আকারবিশিষ্ট বা অনিয়তগামী নহে। রাহু অন্ধকারময় ছায়া বিশেষ (১)।

(১) "অমৃতাস্বাদবিশেষাদ্ধ্রিয়মপি শিরঃ কিলাসুরস্যেদম্।
প্রার্থেরপরিত্যক্তং গ্রহতাং যাতং যদস্যৈকে। ১।
ইন্দুর্কমণ্ডলাকৃতিরসিতত্বাৎ কিলন দৃশ্যতে গগনে।
অন্যত্র পর্ব্বকালাৎ বরপ্রদানাৎ কমলযোনেঃ। ২।
মুখপুচ্ছবিকল্পাঙ্গং ভুজঙ্গমাকারমুদিশন্ত্যন্যে।
কথয়ন্ত্যমূর্ত্তমপরে তমোময়ং সৈংহিকেয়াখ্যম্। ৩।
যদি মূর্ত্তোঽচারী শিরোঽথবা ভবতি মণ্ডলী রাহুঃ।
ভগণার্দ্ধেনাস্তরিতো গৃহ্নাতি কথং দিনত্রয়াচারঃ। ৪।

ভাস্করাচার্য্যের মতে সূর্য্য প্রভৃতি সকল গ্রহেরই এক একটী কক্ষা আছে, গ্রহগণ নিয়ত গতিতে স্বীয় স্বীয় কক্ষায় অনবরত ভ্রমণ করে। সূর্য্যকক্ষার নীচে চন্দ্রের কক্ষা, অমাবস্যার দিনে সূর্য্য ও চন্দ্র একরাশিতে অবস্থিতি করে। মেঘে সূর্য্যকিরণ আচ্ছাদন করিলে যে প্রকার সূর্য্য দৃষ্টিগোচর হয় না, সেইরূপ চন্দ্র দ্বারা আচ্ছাদিত সূর্য্যও ভূমণ্ডলবাসীরা দেখিতে পায় না, চন্দ্রমণ্ডলদ্বারা সূর্য্যের এইরূপ আচ্ছাদনকেই সূর্য্যগ্রহণ বলে। সূর্য্যের গতি অপেক্ষা চন্দ্রের গতি অধিক, অধস্থ চন্দ্র পশ্চিম দিক্ হইতে আসিয়া ক্রমে সূর্য্যের নিকটে উপস্থিত হইয়া তাহাকে আচ্ছাদন করে, এই কারণে সূর্য্যগ্রহণে পশ্চিম দিকে স্পর্শ হইয়া থাকে। চন্দ্রের অধিক গতি বলিয়া চন্দ্রমণ্ডল শীঘ্রই সূর্য্যকে অতিক্রম করিয়া পূর্ব্বদিকে সরিয়া পড়ে, অতএব সূর্য্যগ্রহণে পূর্ব্ব দিকেই মোক্ষ হয়। দৃষ্টিপরিচ্ছেদক বা ক্ষিতিজবৃত্তের বাহিরে কোন পদার্থই দৃষ্টিগোচর হয় না, এবং চন্দ্রমণ্ডলও সূর্য্যমণ্ডল হইতে পরিমাণে অনেক ছোট। [খগোল দেখ।] সূর্য্য গ্রহণের সময়ে চন্দ্র যাহাদের দৃষ্টিপরিচ্ছেদক রেখার মধ্যে থাকিয়া সূর্য্যকে আচ্ছাদন করে তাহারা সূর্য্য দেখিতে পায় না, কিন্তু সেই সময়ে চন্দ্র যাহাদের দৃষ্টিপরিচ্ছেদক রেখার বাহিরে থাকে, তাহারা পরিষ্কার সূর্য্য দেখিতে পায়। এই কারণে এক দেশে সূর্য্য গ্রহণের সময়ে অপর দেশে সূর্য্যগ্রহণ হয় না। যেরূপ মেঘমণ্ডল যাহাদের দৃষ্টিপরিচ্ছেদক রেখার অন্তবর্ত্তী থাকে, তাহাদের পক্ষে সূর্য্য অদৃশ্য এবং যাহাদের দৃষ্টিপরিচ্ছেদকের বাহিরে থাকে তাহারা সূর্য্য দেখিতে পায়।

আমাদের মাথার উপর দিয়া আকাশমণ্ডলে উত্তর হইতে দক্ষিণ পর্য্যন্ত একটী সরল রেখা কল্পনা করিলে উহাকে মধ্য রেখা নামে উল্লেখ করা যায়। কোন গ্রহ মধ্যরেখার পূর্ব্বে বা পশ্চিমে যত অন্তরে অবস্থিতি করে তাহাকে নতি এবং দৃষ্টিপরিচ্ছেদকের বাহিরে যতদূরে অবস্থিতি করে, তাহাকে লম্বন বলে। অমাবস্যার অন্ত সময়ে সূর্য্য পূর্ব্বে বা পশ্চিমে নত হয় এবং সেই সময়ে চন্দ্র তাহাকে আচ্ছাদন করে। এই কারণে ভূমধ্যস্থ দর্শকেরা সূর্য্য দেখিতে পায় না। কিন্তু ভূপৃষ্ঠস্থ দর্শকের দৃষ্টিপরিচ্ছেদকের অধোভাগে চন্দ্র লম্বিত হয় বলিয়া তাহারা সূর্য্য দেখিতে পায় (ক)।

অমাবস্যা বিশেষে পৃথিবী চন্দ্র ও সূর্য্য এক সূত্রে গ্রথিতের ন্যায় ঊর্দ্ধাধোভাবে অবস্থিতি করে। পৃথিবী ও সূর্য্যের মধ্যস্থিত চন্দ্রমণ্ডলের ছায়া পৃথিবীর যেস্থানে পতিত হয়, সেই স্থানের লোকেরা সূর্য্যকে দেখিতে পায় না, চন্দ্র তাহাদিগের দৃষ্টিকে যবনিকার ন্যায় অবরোধ করে, অতএব তাহারা সূর্য্যকে গ্রস্ত দর্শন করে। যে স্থানে চন্দ্রমণ্ডলের ছায়া পড়ে না, তথাকার লোকেরা সূর্য্যকে গ্রস্ত দেখিতে পায় না।

বর্ত্তুলাকার কোন পদার্থের একভাগ সূর্য্যকিরণে উদ্ভাষিত হইলে তাহার বিপরীত ভাগে সূচ্যাকার ছায়া হইয়া থাকে। পৃথিবী গোলাকার ও শূন্যমার্গে অবস্থিত। রাশিচক্রস্থিত গ্রহগণ রাশিচক্রের গতি অনুসারে ইহাকে ভ্রমণ করে। [খগোল ও ভূগোল দেখ।] যখন জ্যোতির্ম্ময় সূর্য্য আমাদের দৃষ্টিপরিচ্ছেদক রেখার মধ্যে থাকিয়া পৃথিবীর উপরিভাগ আলোকিত করে, তখন আমাদের দৃষ্টিপরিচ্ছেদকের বাহিরে গগনমণ্ডলের কোন স্থানে পৃথিবীর সূচ্যাকার ছায়া পতিত হয়, এইরূপে সূর্য্য আমাদের দৃষ্টিপরিচ্ছেদকের বাহিরে থাকিয়া ভূমণ্ডলের তলপৃষ্ঠ আলোকিত করিলে আমাদের দৃষ্টিপরিচ্ছেদকের মধ্যে কোন গগনে সেই ছায়া পতিত হইয়া থাকে। [পৃথিবী ও সূর্য্য দেখ।]

সূর্য্যের গতি অনুসারে পৃথিবীর ছায়াও সর্ব্বদাই পূর্ব্বাভিমুখে গমন করিতে থাকে। কাজেই ইহার গতি সূর্য্যগতির সমান। পৃথিবীচ্ছায়া অপেক্ষা শীঘ্রগামী চন্দ্র স্বীয় গতি অনুসারে পৃথিবীচ্ছায়াতে প্রবেশ করিলে পৃথিবী ছায়ায় চন্দ্র ম্লান হয়, ইহাকেই চন্দ্রগ্রহণ (২) বলে। পূর্ণিমার সময়ে পৃথিবী চন্দ্র ও সূর্য্যের মধ্যে অবস্থান করে। সেই সূর্য্য যে দিকে থাকে, চন্দ্র তাহার বিপরীত ভাগে অবস্থিতি করে অর্থাৎ পূর্ণিমায় সূর্য্য হইতে ৬ রাশি অন্তরে চন্দ্রের অবস্থান হয়। চন্দ্রের যে ভাগ যতক্ষণ পৃথিবীচ্ছায়ার মধ্যে অবস্থিতি করে, সেইভাগে ততক্ষণ সূর্য্যকিরণ

অনিয়তচারঃ খলুচেদুপলব্ধিঃ সংখ্যয়া কথং তস্য।
পুচ্ছাননাভিধানোঽন্তরেণ কস্যায় পৃচ্ছাতি। ৫।
অথ তু ভুজগেন্দ্ররূপঃ পুচ্ছেন মুখেন বা স গৃহ্লাতি।
মুখপুচ্ছান্তরসংস্থং ভগয়তি কস্যায় ভগণার্দ্ধম্। ৬।
রীহয়ং যদি স্যাৎ প্রত্যেহন্তমিতেঽর্কযোদিতে চন্দ্রে।
তৎসমগতিনাভেন গ্রস্তঃ সূর্য্যোঽপি দৃশ্যতে। ৭।
ভূচ্ছায়ায়াং খগ্রহণে ভাস্করমর্কগ্রহে প্রবিশতীন্দুঃ।" (বৃহৎসংহিতা ৫ অঃ)

(ক) "পর্ব্বান্তেঽর্কং নতমুড়ুপতিচ্ছন্নমেব প্রপশ্যেৎ
ভূমধ্যস্থো নতু বসুমতীপৃষ্ঠনিষ্ঠস্তদানীম্।
তদ্বৎসূর্য্যাদ্ধিমরুচিরধো লম্বিতোর্কগ্রহেঽতঃ
কক্ষাভেদাদ্বিহগখলু নতির্লম্বনকোপপন্নম্। ৪"
(সিদ্ধান্তশি° গোলা° গ্রহণ ২ শ্লোক)

(২) "ভূভা তাবৎ পূর্ব্বাভিমুখমর্কগতা গচ্ছতি। চন্দ্রশ্চ খগত্যা। স শীঘ্রত্বাৎ পূর্ব্বাভিমুখোগচ্ছন্ ভূভাং প্রবিশতি।" (বাসনাভাষ্য গোলাধ্যায়, গ্রহণবাসনা ৪ শ্লোক)

পতিত হয় না, সুতরাং তাহা অদৃশ্য থাকে। চন্দ্র শীঘ্রগামী বলিয়া পূর্ব্বদিক্ হইতে আসিয়া ক্রমে পৃথিবীচ্ছায়ায় প্রবেশ করে, এই কারণে চন্দ্রগ্রহণে পূর্ব্বদিকে স্পর্শ এবং শীঘ্রগতিতে ক্রমে পূর্ব্বদিকে পৃথিবীচ্ছায়া হইতে বাহির হইয়া যায় বলিয়া পশ্চিমে মোক্ষ হয়। চন্দ্রগ্রহণে ছাদক (পৃথিবীচ্ছায়া) ও ছাদ্য (চন্দ্র) একরাশির এক কলায় অবস্থিতি করে বলিয়া লম্বন বা নতি থাকে না, এই কারণে সকল স্থানের লোকেই সমানভাবে চন্দ্রগ্রহণ দেখিতে পায় (৩)। গ্রহণ সময়ে অর্দ্ধগ্রস্ত চন্দ্রের বিষাণ বা কোটিদ্বয়ের কুণ্ঠতা ও অপেক্ষাকৃত অনেক সময় চন্দ্রগ্রহণের স্থিতি হয় বলিয়া সূর্য্যচ্ছাদক হইতে চন্দ্রের ছাদক বৃহৎ। সূর্য্যগ্রহণে অর্দ্ধগ্রস্ত সূর্য্যের বিষাণ বা কোটিদ্বয়ের তীক্ষ্ণতা ও গ্রহণ স্থিতি অল্প কাল হয় বলিয়া সূর্য্যচ্ছাদক অপেক্ষাকৃত ছোট (৪)।

বরাহমিহিরের মতে—চন্দ্রগ্রহণে চন্দ্র পৃথিবীচ্ছায়ায় এবং সূর্য্যগ্রহণে সূর্য্যমণ্ডলে প্রবেশ করে, এই কারণে পশ্চিমদিক্ হইতে চন্দ্রগ্রহণ ও পূর্ব্বদিক্ হইতে সূর্য্যগ্রহণ আরম্ভ হয় না। যেরূপ বৃক্ষের ছায়া সূর্য্যের আলোকে ক্রমে একপাশে দীর্ঘ হয়, সেইরূপ সূর্য্যের আবরণে পৃথিবীচ্ছায়াও দিন দিন দীর্ঘ হয়। যখন সূর্য্যের সপ্তমরাশিতে চন্দ্র অবস্থান করে এবং সূর্য্য হইতে উত্তরে বা দক্ষিণে অধিক গমন না করে, তখন চন্দ্র পূর্ব্বাভিমুখে আগমন করিয়া পৃথিবীর ছায়াতে প্রবেশ করে। সূর্য্যগ্রহণের সময়ে সূর্য্যের অধঃস্থিত চন্দ্র পশ্চিমদিক্ হইতে আসিয়া মেঘের ন্যায় সূর্য্যকে আচ্ছাদন করে। এই কারণে সূর্য্যগ্রহণ সকল দেশে সমান হয় না। রাহু চন্দ্র বা সূর্য্যকে গ্রাস করে, ইহা শাস্ত্রের সদ্ভাবমাত্র (৫)।

এখন কথা হইতেছে যে জ্যোতিষিকগণের এই মতের আদর করিলে অর্থাৎ রাহু নামক অসুর চন্দ্র বা সূর্য্যকে গ্রাস করে না এইরূপ স্বীকার করিলে প্রাচীন হিন্দুশাস্ত্রের সহিতই বিরোধ হয়। বেদ ও পুরাণ প্রভৃতি সকল শাস্ত্রেই রাহু চন্দ্র ও সূর্য্যকে গ্রাস করে বলিয়া উল্লেখ আছে। যথা—"স্বর্ভানুর্বা আসুরঃ সূর্য্যং তমসা বিব্যাধ।" (মাধ্যন্দিনী শ্রুতি)

অসুরবংশোৎপন্ন রাহু অন্ধকার দ্বারা সূর্য্যকে ব্যথিত করে।

"সর্ব্বং গঙ্গাসমং তোয়ং সর্ব্বে ব্রহ্মসমাদ্বিজাঃ।
সর্ব্বং ভূমিসমং দানং রাহুগ্রস্তে দিবাকরে॥" (পুরাণ)

দিবাকর রাহুগ্রস্ত হইলে অর্থাৎ গ্রহণ সময়ে সকল জল গঙ্গাজলের সমান, সকল ব্রাহ্মণ ব্রহ্মার সমান এবং যে কোন রকম দানই ভূমিদানের সমান হয়।

প্রায় সকল শাস্ত্রের মতেই এইরূপ।

এই বিরোধভঞ্জনের জন্য ভাস্করাচার্য্য বলেন যে, চন্দ্রগ্রহণ সময়ে রাহু পৃথিবীচ্ছায়ায় প্রবেশ করিয়া চন্দ্রকে এবং সূর্য্যগ্রহণ সময়ে চন্দ্রমণ্ডলে প্রবেশ করিয়া সূর্য্যকে আচ্ছাদন করে। ব্রহ্মার বরে তমোময় রাহু এইরূপে চন্দ্র ও সূর্য্যকে আচ্ছাদন করে (৬)। প্রাচীন জ্যোতির্ব্বিদ্ শ্রীপতিও এই মতেরই আদর করিয়াছেন (৭)। বৃহৎসংহিতার মতে রাহু নামক একটী অসুরকে ব্রহ্মা বর দেন যে, "গ্রহণ সময়ে লোকে যে হোম করিবে, তাহার অংশ দ্বারা তোমার সন্তোষ হইবে।" এই কারণে গ্রহণ সময়ে রাহুর সান্নিধ্য হয় বলিয়া

(৩) "সমকলকালে ভূতা লগতি মৃগাঙ্কে যতস্তরাল্লানং।
সর্ব্বে পশ্যন্তি সমং সমকক্ষত্বান্ন লম্বনাবনতী। ৩।
পূর্ব্বাভিমুখো গচ্ছন্ কুচ্ছায়ান্তর্যতঃ শশী বিশতি।
তেন প্রাক্প্রগ্রহণং পশ্চান্মোক্ষোঽস্য নিঃসরতঃ। ৪।
(গোলাধ্যায়, গ্রহণবাসনা)

দর্শান্তকালে রবিং পূর্ব্বতঃ পশ্চিমতো বা নতং চন্দ্রেণ ছন্নমেব প্রপশ্যতি ভূমধ্যস্থো দ্রষ্টা। যতো দর্শান্তে সমৌ ভবতঃ। যো ভূপৃষ্ঠস্থো দ্রষ্টা স তদার্কচ্ছন্নং ন পশ্যতি যতস্তদ্ দৃষ্টিসূত্রাচ্চন্দ্রোঽধোলম্বিতো ভবতি। অতঃ কক্ষা ভেদাল্লম্বনং নতিশ্চোপপদ্যতে। চন্দ্রগ্রহে তু লম্বননত্যোরভাবঃ। যতঃ সমকলকালে ভূতা চন্দ্রে লগতি। তরাচ্ছন্নং সর্ব্বে বিদেশান্তরস্থা অপি নতমপি তং চন্দ্রং সমং পশ্যন্তি। যতস্তত্র ছাদ্যছাদকয়োরেকৈব কক্ষা জাতা।" (বাসনাভাষ্য)

(৪) "ছাদকঃ পৃথুতরস্ততো বিধো রর্দ্ধখণ্ডিততনৌ বিষাণয়োঃ।
কুণ্ঠতা চ মহতী স্থিতি র্যতো লক্ষ্যতে হরিণলক্ষণগ্রহে। ৭।
অর্দ্ধখণ্ডিততনৌ বিষাণয়ো স্তীক্ষ্ণতা ভবতি তীক্ষ্ণধীষিতেঃ।
স্যাৎ স্থিতি র্লঘুরতো লঘুঃ পৃথক্ ছাদকো দিনকৃতোঽথগম্যতে। ৮।"
(গোলাধ্যায় গ্রহণবাসনা)

(৫) "ভূচ্ছায়ায়াং স্বগ্রহণে ভাস্করমর্কগ্রহে প্রবিশতীন্দুঃ।
প্রগ্রহণমতঃ পশ্চান্নেন্দোর্ভানোশ্চ পূর্ব্বার্দ্ধাৎ। ৮।
বৃক্ষস্য স্বচ্ছায়া যথৈকপার্শ্বেন ভবতি দীর্ঘা চ।
নিশি নিশি তদ্বত্ মেরাবয়নগবশাদ্ দিনেশস্য। ৯।
সূর্য্যাৎ সপ্তম রাশৌ যদি চোদগ্ দক্ষিণেন নাতিগতঃ।
চন্দ্রঃ পূর্ব্বাভিমুখশ্ছায়ামৌর্ব্বীং তদা বিশতি। ১০।
চন্দ্রোঽধঃস্থঃ স্বগয়তি রবিমন্যদবৎ সমাগতঃ পশ্চাৎ।
প্রতিদেশমতশ্চিত্রং দৃষ্টিবশাদ্ ভাস্করগ্রহণম্। ১১।
এবমুপরাগকারণমুক্তং দিবাদৃগ্ভিরাচার্য্যৈঃ।
রাহুঃ কারণমস্মিন্নুক্তঃ শাস্ত্রসদ্ভাবঃ। ১২।" (বৃহৎসং ৫ অঃ)

(৬) "রাহুঃ কুতা-মণ্ডলগঃ শশাঙ্কং শশাঙ্কগন্ধাদয়তীনবিষম্।
তমোময়ঃ শম্ভুবরপ্রদানাৎ সর্ব্বাগমানামবিরুদ্ধমেতৎ।" (গোলাধ্যায়)

(৭) "ভূচ্ছায়ায়াং প্রবিষ্টঃ স্বগয়তি শশিনং শুক্লপক্ষাবসানে
রাহুর্ব্রহ্মপ্রসাদাৎ সমধিগতবরস্তত্তমো ব্যাপতুল্যাঃ।
উর্দ্ধং ভানুবিম্বং সলিলময়তনোরপ্যধোবর্ত্তিনিম্বং
সংদৃষ্ট্যৈবগ্রসাস ব্যপগমতিসময়ে তস্য সাহিত্যহেতোঃ।" (শ্রীপতি)

রাহু চন্দ্র বা সূর্য্যকে গ্রাস করে এইরূপ কল্পনা চলিতেছে (৮)। বাস্তবিক পক্ষে চেতনাবিশিষ্ট হস্তপদাদিযুক্ত কোন জীব বা খণ্ডিত একটী মস্তক চন্দ্র বা সূর্য্যকে গ্রাস করে তাহারই নাম গ্রহণ ইহা কোন প্রাচীন বৈজ্ঞানিক মতসিদ্ধ নহে। [রাহু দেখ।] সূর্য্য ও চন্দ্রমণ্ডলের ব্যাস, পৃথিবীচ্ছায়া পরিমাণ এবং ইহাদের গতি প্রভৃতি সম্যক্‌রূপে অবগত না হইলে গ্রহণের কারণ ও স্বরূপ উপলব্ধি হয় না এবং স্থিতি, মোক্ষ ও স্পর্শ প্রভৃতিও জানিতে পারা যায় না। সূর্য্যসিদ্ধান্তে এইরূপ লিখিত আছে—

যে সূর্য্যমণ্ডল আমাদের দৃষ্টিগোচর হয়, তাহার ব্যাস-পরিমাণ ৬৫০০ যোজন এবং চন্দ্রমণ্ডলের ব্যাস ৪৮০ যোজন। সূর্য্য ও চন্দ্রের ব্যাসকে তাহাদের স্পষ্ট গতিদ্বারা গুণ করিয়া মধ্যগতি দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাকে যথাক্রমে সূর্য্য ও চন্দ্রের স্পষ্ট ব্যাস জানিবে (৯)। আমরা আকাশমণ্ডলে চন্দ্র ব্যতীত যে সকল গ্রহবিম্ব দেখিতে পাই, উহারা অতিশয় দূরস্থ বলিয়া প্রকৃত কক্ষায় কোনটীই দৃষ্টি গোচর হয় না। সকল গ্রহই অধস্তন চন্দ্রের কক্ষায় দৃষ্ট হইয়া থাকে, এই কারণে চন্দ্রকক্ষায় সূর্য্যের ব্যাস-পরিমাণ স্থির করিতে হয়। বাস্তবিক পক্ষে চন্দ্রকক্ষায় কেবলমাত্র চন্দ্রই ভ্রমণ করে, সূর্য্যের বা অপর গ্রহের চন্দ্রকক্ষার সহিত যোগ নাই (১০)। পূর্ব্বপ্রদর্শিত সূর্য্যমণ্ডলের স্পষ্টব্যাসকে সূর্য্যভগণ দ্বারা গুণ করিয়া চন্দ্রভগণ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে তাহাই চন্দ্রকক্ষায় সূর্য্যের ব্যাস-পরিমাণ জানিবে। অথবা সূর্য্যের স্পষ্ট ব্যাসকে চন্দ্রকক্ষাদ্বারা গুণ করিয়া সূর্য্যকক্ষা দ্বারা ভাগ করিলে লব্ধ চন্দ্রকক্ষায় সূর্য্য ব্যাস হইয়া থাকে। চন্দ্রের ব্যাস ৪৮০ ও চন্দ্রকক্ষাস্থ সূর্য্যের ব্যাসকে ১৫ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে তাহাই চন্দ্র ও সূর্য্যের বিম্বব্যাসের পরিমাণ কলা জানিবে (১১)।

ভূগোলের পরিমাণ হইতে সূর্য্যমণ্ডলের পরিমাণ অধিক, এই কারণে সূর্য্যের বিপরীতদিকে সূচীর ন্যায় পৃথিবীর ছায়া ক্রমে বর্দ্ধিত হইয়া চন্দ্রমণ্ডল অতিক্রম করে। ইহার পরিমাণ স্থির করিবার উপায় চন্দ্রের স্পষ্ট গতিকে ভূব্যাস ১৫৮১ যোজন দ্বারা গুণ করিয়া চন্দ্রের মধ্যগতি (০।০।৭৯।৩৪।৫২) দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাই সূচী অর্থাৎ পৃথিবীচ্ছায়ার পরিমাণ জানিবে (১২)।

এই পৃথিবীচ্ছায়ার একটী ভাগ ঘোর অন্ধকারময়, প্রাচীন গণিতাচার্য্যগণ ইহাকে তম নামে উল্লেখ করেন। অপর ভাগে কিছু কিছু আলোকের সম্ভাব থাকায় তত অন্ধকার নহে।

পৃথিবীর ব্যাস ও সূর্য্যের স্পষ্ট ব্যাস এই দুয়ের অন্তরকে চন্দ্রবিম্বের মধ্য ব্যাস ৪৮০ দ্বারা গুণ করিয়া সূর্য্যের মধ্যব্যাস ৬৫০০ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাই তমের বা ভূচ্ছায়ার অন্ধকারময় অংশের পরিমাণ যোজন জানিবে (১৩)। ইহাকে ১৫ দিয়া ভাগ করিলে ভূচ্ছায়ার কলা পরিমাণ হয়।

অমাবস্যায় সূর্য্যগ্রহণ ও পূর্ণিমায় চন্দ্রগ্রহণ হইয়া থাকে, কিন্তু সকল অমাবস্যায় বা সকল পূর্ণিমায় গ্রহণ হয় না। এই কারণে কোন্ দিনে গ্রহণের সম্ভব হইতে পারে, তাহা জানিবার সহজ উপায় সূর্য্যসিদ্ধান্ত প্রভৃতিতে লিখিত আছে। গ্রহণ গণনা করিতে হইলে সর্ব্বপ্রথমে দেখিতে হইবে যে সেইদিনে গ্রহণের সম্ভব আছে কিনা, যদি সম্ভব থাকে তবে গণনা করিতে হয়।

সূর্য্যের বিপরীত ভাগে পৃথিবীর ছায়া পড়ে, ঐ পৃথিবীর ছায়া সূর্য্য হইতে ৬ রাশি অন্তরে হইয়া থাকে। চন্দ্রপাত—(যাহাকে রাহু বলা হয়) ঐ পাত এবং পৃথিবীচ্ছায়া কিঞ্চিৎ অংশ ন্যূনাধিক বা সমানরূপে স্থিতি করিলে চন্দ্রগ্রহণ ও সূর্য্যের সহিত সমান বা কিঞ্চিৎ অংশ ন্যূনাধিক হইলে সূর্য্য গ্রহণ হইয়া থাকে (১৪)। অমাবস্যার সময়ে সূর্য্যস্ফুটের সহিত (১৫) পাতস্ফুটের ১০ অংশ ন্যূনাধিক হইলে সূর্য্যগ্রহণ

(৮) "যোঽসাবসুরো রাহুস্তস্য বরো ব্রহ্মণায়মাজ্ঞপ্তঃ।
আপ্যায়নমুপরাগে দত্তস্তভাংশেন তে ভবিতা ॥১৪॥
তস্মিন্‌কালে সান্নিধ্যমস্য তেনোপচর্য্যতে রাহুঃ ॥ ১৫ ॥" (বৃহৎসং ৫ অঃ)

(৯) "সার্দ্ধানি ষট্ সহস্রাণি যোজনানি বিবস্বতঃ।
বিস্তরো মণ্ডলস্যেন্দোঃ সহাশীত্যা চতুঃশতম্ ॥ ১ ॥
স্ফুটভুক্ত্যা গুণিতো মধ্যভুক্তাদ্ধৃতস্ফুটো ॥ ২ ॥" (সূর্য্যসি° ৪)

(১০) "তত্র সূর্য্যস্য লোকৈর্দুরান্তরাচ্চন্দ্রাকাশেইব দর্শনাৎ, প্রত্যক্ষতো বিবিক্তান্তরেণ দর্শনাভাবাচ্চ চন্দ্রকক্ষাপ্রমাণেন সূর্য্যবিম্বব্যাসঃ সূর্য্যকক্ষয়া তদাচন্দ্রকক্ষয়া চ ইষ্যাদ্যুপাতেন গণিতার্থমবস্তুতঃ সাধিতঃ নতু বস্তুতশ্চন্দ্রকক্ষায়াং সূর্য্যমণ্ডলাবস্থানং সূর্য্যগ্রহণে চন্দ্রস্য চ্ছাদকত্বাদ্যুক্তিপ্রসঙ্গাৎ।"
(সূর্য্যসি° ৪।২-৩ শ্লোকে রঙ্গনাথ)

(১১) "রবেঃ খভগণাভ্যস্তঃ শশাঙ্কভগণোদ্ধৃতঃ। ২।
শশাঙ্ককক্ষাগুণিতো ভাজিতো ভার্ককক্ষয়া।
বিস্তরশ্চন্দ্রকক্ষায়াং তিথ্যাপ্তা ভানুলিপ্তিকাঃ।" (সূর্য্যসি° ৪।৩)

(১২) "স্ফুটেন্দুভুক্তির্ভূব্যাসগুণিতা মধ্যয়োদ্ধৃতা।
লব্ধং সূচী মহীব্যাসস্ফুটার্কপ্রভাগুণম্।" (সূর্য্যসি° ৪।৪)

(১৩) মধ্যেন্দুব্যাসগুণিতং মধ্যার্কব্যাসভাজিতম্।
বিশোধ্য লব্ধং সূচ্যাস্তু তমোলিপ্তাস্তু পূর্ব্ববৎ। (সূর্য্যসি° ৪।৫)

(১৪) "ভানোর্ভার্দ্ধে মহীচ্ছায়া তত্তুল্যোঽর্কে সমেঽপিবা।
শশাঙ্কপাতে গ্রহণং কিয়দ্ভাগাধিকোনকে।" (সূর্য্যসি° ৪।৩)

(১৫) জ্যোতিঃশাস্ত্রে গ্রহ বা পাতের স্পষ্ট গতিকে তাহাদের স্ফুট বলিয়া উল্লেখ করা হয়। [স্ফুট দেখ।]

আর পূর্ণিমায় চন্দ্রস্ফুটের সহিত পাতস্ফুটের ১৩ অংশ অন্তর হইলেও চন্দ্রগ্রহণ হইতে পারে (১৬)।

সূর্য্যসিদ্ধান্তের টীকাকার রঙ্গনাথ মোটামোটি বলিয়াছেন যে, চন্দ্রগ্রহণে ১২ অংশ ও সূর্য্যগ্রহণে ৭ অংশ ন্যূন বা অধিক হইলেও গ্রহণ হয় (১৭)। আধুনিক ইংরাজ জ্যোতির্ব্বিদের মতে পাতস্থান হইতে ১৭ অংশ ২১ কলা দূরে সূর্য্য ও ১১ অংশ ৩৪ কলা দূরে চন্দ্র থাকিলেও গ্রহণ হয়। অপর জ্যোতিষিকগণের মতে রবি যে নক্ষত্রের যে পাদে অবস্থিতি করে, সেই নক্ষত্রের সেই পাদের পূর্ব্বাপর ত্রিপাদের মধ্যে রাহু বা কেতু থাকিলে সূর্য্যগ্রহণের এবং চন্দ্র যে নক্ষত্রের যে পাদে অবস্থিত, সেই নক্ষত্রের সেই পাদের চতুষ্পাদের মধ্যে রাহু বা কেতু থাকিলে চন্দ্রগ্রহণের সম্ভাবনা হয় (১৮)।

মতান্তরে যে নক্ষত্রে সূর্য্য অবস্থিত, তাহা হইতে গণনায় চতুর্দ্দশ নক্ষত্রে চন্দ্র থাকিলে চন্দ্রগ্রহণ হয় এবং কৃষ্ণপক্ষের তৃতীয়ায় মাসনক্ষত্র হইলে তদপেক্ষায় গণনায় ত্রয়োদশ নক্ষত্র যে দিন হইবে; সেই দিন সূর্য্যগ্রহণ হইয়া থাকে (১৯)। খনার মতে পূর্ণিমাতিথিতে মাসের রাশি অপেক্ষায় গণনায় সপ্তম রাশিতে চন্দ্র থাকিলে চন্দ্রগ্রহণের সম্ভাবনা হয় (২০)।

গ্রহণগণনা।—সুমেরু হইতে লঙ্কা পর্য্যন্ত একটী সরলরেখা কল্পনা করিলে ঐ কল্পিত রেখাটীকে মধ্যরেখা বলে। গণিতানুসারে গ্রহণের যে সময় নিরূপিত হয়, মধ্যরেখার পূর্ব্বভাগে সেই সময়ের পূর্ব্বে এবং মধ্যরেখার পশ্চাদ্ভাগে সে সময়ের পরে গ্রহণ দেখা যায় (২১)।

গ্রহণ গণনা করিতে হইলে যে দিবসে গ্রহণের সম্ভাবনা বোধ হইবে, প্রথমে তদ্দিবসীয় পূর্ণিমা বা অমাবস্যার অন্তিম সময়ের দিনবৃন্দ, রবিচন্দ্রের তাৎকালিক স্ফুট ও গতি নিরূপণ করিতে হয়। পরে দিনবৃন্দকে ২০ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাই পাত বা রাহুস্ফুটের অংশাদি জানিবে। দিনবৃন্দকে পুনর্ব্বার ৬ দ্বারা গুণ করিয়া ১৯৯ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা পূর্ব্ব প্রাপ্ত অংশাদিতে যোগ করিবে। অপর একস্থানে অঙ্কপিণ্ডকে ১৫০ দিয়া ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা রাহুস্ফুট অংশাদির বিকলার সহিত যোগ করিবে। স্ফুটের অংশকে ৩০ দিয়া ভাগ করিয়া লব্ধঅঙ্ককে পুনর্ব্বার ১২ দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই রাশ্যাদি। এই রাশ্যাদিকে ৩।৩।১২।৫২ ক্ষেপ হইতে বাদ দিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই রাহুর স্ফুট, ইহার অপর নাম স্ফুটপাত (২২)।

চন্দ্রগ্রহণগণনা। পূর্ণিমার অন্তিম সময়ের রাশ্যাদি স্ফুটপাত যাহা হইবে, তাহা তৎকালের রবিস্ফুটের রাশ্যাদি হইতে বাদ দিলে যে অংশাদি হইবে, তাহাকে ৬০ দিয়া গুণ করিয়া তৎপরের কলার সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহাকে ৪১ দিয়া গুণ করিয়া গুণফল দুই স্থানে রাখিয়া দিবে, পরে তাহার এক স্থানের অঙ্ক ১৬ দিয়া ভাগ করিবে, যাহা লব্ধ হইবে সেই লব্ধঅঙ্ককে দ্বিতীয় স্থানস্থিত অঙ্ক হইতে বাদ দিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে একস্থানে রাখিয়া দিবে। তৎসাময়িক রবিগতির কলাদিকে ১৩৪ দ্বারা গুণ করিলে যাহা ফল হয়, তাহাকে পূর্ব্বাঙ্কের সহিত যোগ করিবে। ঐ যুক্তাঙ্ক হইতে ১৯৬৫ হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্ককে তৎকালের চন্দ্রগতিদ্বারা ভাগ করিবে। যাহা অবশিষ্ট থাকে, তাহাকে ৪৩।২০ হইতে বাদ দিলে যে অঙ্ক পাওয়া যাইবে, তাহার নাম গ্রাস। লব্ধাঙ্ক ৪৩।২০ হইতে বেশী হইলে গ্রহণ হয় না। ঐ গ্রাসাঙ্ক দুই স্থানে রাখিবে। পরে তাহার একটীকে ১২ দিয়া গুণ ও অপরের সহিত ১০ যোগ করিবে, তৎপরে ১২ গুণিত অঙ্ককে ১০ যুক্ত অঙ্কদ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাই ঐ দিবসের চন্দ্রগ্রহণের স্থিতিদণ্ডাদি (২৩)।

(১৬) "পক্ষান্তকালপ্রভবস্য তুল্যঃ স্ফুটস্য ভাদ্যোস্ফুটসৈংহিকেয়ঃ।
তৎসপ্তমে বা গ্রহণংরবীন্দ্বোর্দিগ্বিম্বভাগৈরধিকোঽপি হীনঃ।" (জ্যোতি°)

(১৭) "নন্বু সমত্বাভাবেঽপি গ্রহণমিত্যত আহ কিয়দ্ভাগেতি স ষড়ুত্তর্ক্ষীদর্কাধা ক্রতিপয়ৈর্ভাগৈরধিক উদ্দেঽপি চন্দ্রপাতে গ্রহণং। তথাচ নক্ষত্রঃ। ভাগাশ্চন্দ্রগ্রহণে দ্বাদশ নিশ্চয়ার্থং সূর্য্যগ্রহণে তু নতাংশ ষড়ংশসংস্কারাৎ সপ্তেত্যাপাততঃ।" (সূর্য্যসি° ৪।৬ শ্লোক রঙ্গনাথ)

(১৮) "ভত্রিপাদান্তরে রাহোঃ কেতোর্বা সংস্থিতো রবিঃ।
চতুষ্পাদান্তরে চন্দ্রস্তদা সংভাব্যতে গ্রহঃ।" (জ্যোতি°)

(১৯) "যস্মিন্নৃক্ষে রবিস্তস্মাচ্চতুর্দ্দশগতঃ শশী।
পূর্ণিমা-প্রতিপৎসন্ধৌ রাহুণা গ্রস্যতে শশী।
কৃষ্ণপক্ষে তৃতীয়ায়াং মাসর্ক্ষং যদি জায়তে।
তস্মাদ্ত্রয়োদশে সূর্য্যো রাহুণা গ্রস্যতে ধ্রুবং।" (জ্যোতি°)

(২০) "যে যে মাসেষু যে যে রাশি স্তার সপ্তমে থাকে শশী।
সে সে দিনে হয় পৌর্ণমাসী অবশ্য রাহু গ্রাসে শশী।" (খনা)

(২১) "প্রাগ্ভুবিভাগে গণিথোক্তকালাদনন্তরং গ্রহণং বিধোঃস্যাৎ।
আদৌহি পশ্চাৎ।" (জ্যোতি°।)

(২২) "দিনং যথাপ্তং রসনিঘ্নপ্রাং নবাঙ্কগোপ্তাংশযুগং লঙ্কাহৃতম্।
অন্যাৎ খণ্ডিতখণ্ডে বিলিপ্তিকাদ্যং ক্ষেপাচ্ছুদ্ধং স্যাৎ স্ফুটপাত এবং।
ক্ষেপো গৃহাদ্যো দহনো হতাপ্তো রবির্বিবাপৌ গ্রহণে শশীনঃ।

(২৩) "পর্ব্বাভীষ্টতমোঽর্কপাতভবকলা ভূবেদনিষ্টাদৃগং—
শোনাব্ধি ত্রিবিধুদ্ধৃতার্কগতিযুক্তীষ্টঘটগোপ্তাহতা।
ভুক্তেন্দোর্দ্বিদৃগুণাৎ খদেত্রবিকলাযুক্তাদ্বিযুক্তা গ্রহে
বিষ্যাসার্দ্ধহতা বিধোর্দ্বিতি ঘটী দিনযুক্তবিষ্যাহতা।" (জ্যোতি°)

প্রকারান্তরে চন্দ্রগ্রহণের স্থিতি দণ্ডাদি জানিবার উপায়। পূর্ণিমার অন্তিম সময়ে স্ফুটপাত ও রবিস্ফুটের অন্তর যত অংশ হইবে, তাহাকে কলা করিয়া দুইস্থানে রাখিয়া দিবে। পরে তাহার একটীকে ৯ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাকেও দুই স্থানে রাখিবে। একটীকে ক চিহ্নিত ও অপরটীকে খ চিহ্নিত করিবে। ক চিহ্নিত অঙ্কটীকে ৫৫ দিয়া ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহার সহিত খ চিহ্নিত অঙ্কটীকে যোগ করিবে, এই যুক্তাঙ্ককে পূর্ব্ব স্থাপিত কলা হইতে অন্তর করিবে। যাহা অবশিষ্ট থাকিবে, তাহার সহিত ঐ সময়ের রবির গতিকে ৩ দিয়া গুণ করিয়া যোগ করিবে। এই যুক্তাঙ্ক হইতে ৪০ বাদ দিলে যাহা অবশিষ্ট থাকে, তাহা তৎকালের চন্দ্র গতি হইতে হীন করিলে যাহা শেষ থাকিবে, তাহাকে ৬ দিয়া গুণ করিলে যাহা ফল হইবে, তাহার নাম গ্রাস। গ্রাসকে দুইস্থানে রাখিয়া গ ও ঘ চিহ্নিত করিবে। গ চিহ্নিত অঙ্কটীকে ১২ দিয়া গুণ এবং ঘ চিহ্নিতের সহিত ১৯৩ যোগ করিবে। যোগফল দ্বারা গুণফলকে ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা সেই দিনের চন্দ্রগ্রহণের স্থিতিদণ্ডাদি জানিবে (২৪)।

পূর্ণিমার অন্তিম সময়ের রাশ্যাদি চন্দ্রস্ফুট হইতে রাশ্যাদি স্ফুটপাতকে হীন করিলে যে রাশ্যাদি হইবে, ঐ রাশির সহিত ৩ যোগ করিবে। যদি যুক্তাঙ্ক ৬এর অধিক হয়, তবে ৬ ত্যাগ করিয়া অবশিষ্ট অঙ্ক গ্রহণ করিবে এবং দেখিবে যে ঐ অঙ্ক ৩এর অধিক কিনা, যদি ৩এর অধিক হয়, তবে তাহা হইতে ঐ ৩ পরিত্যাগে অবশিষ্ট লইয়া কলা করিবে। আর যদি ঐ অঙ্ক ৩এর ন্যূন হয়, তবে ঐ ন্যূনাঙ্ক ৩ হইতে বাদ দিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকেই কলা করিবে। পরে ঐ কলাদিকে ৭ দিয়া গুণ করিলে যে অঙ্ক হয়, তাহাকে ৯০ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহার নাম শর।

চন্দ্রের সাধিত গতিকে ১৭ দিয়া গুণ করিয়া ৪২০ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহার নাম চন্দ্রমান। চন্দ্রমানকে ১০ দিয়া গুণ করিয়া ৩ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাকে এক স্থানে রাখিবে। রবির গতিকে ৬০ দিয়া গুণ করিলে যাহা লব্ধ হইবে, তাহা হইতে ৮৭৩ বাদ দিবে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ১১১ দ্বারা ভাগ করিলে যাহা ফল হয়, তাহা পূর্ব্বস্থাপিত অঙ্ক হইতে হীন করিবে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহার নাম রাহুমান।

লব্ধাঙ্ক হইতে শরের অঙ্ক অধিক হইলে গ্রহণ হয় না। গ্রাসাঙ্কের যে সংখ্যা হইবে, সেই অনুসারে স্থিত্যর্দ্ধখণ্ডা ও শুদ্ধিপল গ্রহণ করিয়া এক স্থানে রাখিবে। পরে তৎকালের চন্দ্রের গতিকে ৮৬০ হইতে হীন করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহাকে শুদ্ধিপল দ্বারা গুণ করিয়া গুণফলকে ১৪০ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হয়, তাহা স্থিত্যর্দ্ধখণ্ডার অঙ্কে যোগ করিলে শুদ্ধ স্থিত্যর্দ্ধদণ্ডাদি হইবে।

পূর্ণিমার স্থিতি দণ্ডকে দুইস্থানে রাখিয়া তাহার একটী হইতে শুদ্ধস্থিত্যর্দ্ধদণ্ডাদি হীন করিলে যে অঙ্ক হইবে, তাহা চন্দ্রগ্রহণের স্পর্শ দণ্ডাদি। অপরটীর সহিত শুদ্ধ স্থিত্যর্দ্ধদণ্ডাদি যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহা চন্দ্রগ্রহণের মোক্ষ দণ্ডাদি।

চন্দ্রস্ফুটে এবং পাতস্ফুটে বিয়োগ করিলে যদি হীনাঙ্ক ৩ রাশির ন্যূন হয়, তবে ঈশানকোণে স্পর্শ ও বায়ুকোণে মোক্ষ হয়। হীনাঙ্ক ৬ রাশির অধিক হইলে অগ্নিকোণে স্পর্শ ও নৈঋত কোণে মোক্ষ হইয়া থাকে।

স্থিত্যর্দ্ধখণ্ডা।

গ্রাস	স্থিত্যর্দ্ধ	শুদ্ধিপল।
০।১০	০।২১	১
০।২০	০।২৯	২
০।৩০	০।৩৬	৩
০।৪০	০।৪১	৩
০।৫০	০।৪৬	৪
১।০	০।৫০	৪
১।৩০	১।২	৫
২।০	১।১১	৬
২।৩০	১।২০	৬
৩।০	১।২৭	৬
৪।০	১।৪০	৭
৫।০	১।৫১	৮
৬।০	২।১	৯
৭।০	২।১১	১০
৮।০	২।১৯	১০
৯।০	২।২৭	১০
১২।০	২।৪৭	১২
১৫।০	৩।৪	১৩
১৬।০	৩।৯	১৩
২০।০	৩।২৮	১২
২৪।০	৩।৪৪	১১
২৮।০	৩।৫৭	১০
৩২।০	৪।৮	৯
৩৬।০	৪।১৮	৭
৪০।০	৪।২৬	৫
৪৪।০	৪।৩২	৩
৪৮।০	৪।৩৭	৩

(২৪) "পাতার্কান্তরলিপ্তিকা গ্রহলবৈঃ সেষর্থভাগৈর্বিযুক্
সত্রিঘ্নার্কগতিঃ খবেদবিযুতা শুদ্ধাবিধোর্ভুক্তিতঃ।
অর্কস্যেন্দু গতিস্ত্রিভূলবযুতস্যাজস্য খত্তো ভবেৎ
খণ্ডঃসূর্য্যগুণো গুণাব্ধিবিযুক্ খণ্ডেন লব্ধা স্থিতিঃ।" (জ্যোতি°)

৫২।০	৪।৪১	৫
৫৬।০	৪।৪৩	৮
৬০।০	৪।৪৫	৮
৬৪।০	৪।৪৭	৯

সূর্য্যগ্রহণ।—যে দিবসে সূর্য্যগ্রহণ গণনা করিতে হইবে প্রথমে সেই দিনের অব্দপিণ্ড, দিনবৃন্দ, স্ফুটপাত, অয়নাংশ, অমাবস্যার অন্তিমদণ্ডের তাৎকালিক রবি ও চন্দ্রের স্ফুট এবং গতি প্রভৃতি পূর্ব্বপ্রক্রিয়ানুসারে গণনা করিয়া স্থির করিবে।

যে অমাবস্যার দিবসে সূর্য্যগ্রহণের সম্ভাবনা থাকে, সেই দিবসের অমাবস্যার স্থিতি দণ্ডাদি হইতে সেই দিবসীয় দিনমানের অর্দ্ধ অন্তর করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহার নাম নত দণ্ড। নত দণ্ড দুই প্রকার—প্রাঙ্‌নত ও পশ্চান্নত। ঐ দিবসের অমাবস্যার স্থিতি দণ্ড, ঐ দিনার্দ্ধের ন্যূন হইলে তাহার নাম প্রাঙ্‌নত এবং অধিক হইলে তাহাকে পশ্চান্নত বলে (২৫)।

যে দিবস গ্রহণ গণনা করিতে হইবে, তদ্দিবসীয় অয়নাংশের সহিত রবিস্ফুট যোগ করিলে যে রাশ্যাদি হইবে ক চিহ্নিত খণ্ডাচক্রে সেই রাশিতে নতদণ্ড সংখ্যায় যে খণ্ডা ও অনুখণ্ডা হয়, তাহা পরস্পর অন্তর করিলে যে ভোগ্যাঙ্ক হয়, তদ্দ্বারা ঐ নত দণ্ডের শেষাঙ্ক পলকে পূরণ করিয়া ৬০ দিয়া ভাগ দিলে যাহা লব্ধ হয়, তাহা ঐ খণ্ডার সহিত যোগ করিবে। যাহা ফল হইবে, তাহার নাম লম্বন।

অয়নাংশযুক্ত তাৎকালিক রবিস্ফুটের রাশি সংখ্যা অনুসারে লঙ্কোদয়খণ্ডা লইয়া ঐ খণ্ডার ভোগ্য দ্বারা রবিস্ফুটের অংশাদিকে পূরণ করিয়া একজাতীয় করিলে যাহা হইবে, তাহাকে ত্রিশ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা ঐ লঙ্কোদয়খণ্ডায় যোগ করিবে। পরে তাহাকে পূর্ব্বসাধিত লম্বনের সহিত নতদণ্ড যোগ করিয়া যাহা হইবে তাহা ঐ যুক্তাঙ্ক হইতে হীন করিবে। কিন্তু অমাবস্যার স্থিতি দণ্ড সেই দিবসের দুইপ্রহরের পর পর্য্যন্ত স্থিত হইলে যুক্তাঙ্কের সহিত ঐ অঙ্কটী যোগ করিতে হইবে। এইরূপে যোগ কিম্বা হীন করিলে যে অঙ্ক হইবে, তাহা হইতে সেই রাশির সংখ্যায় লঙ্কোদয়খণ্ডার অঙ্ক বাদ দেওয়া সম্ভব হইলে সেই খণ্ডাটী ঐ যুক্ত কিম্বা হীনাঙ্ক হইতে বাদ দিয়া যাহা লব্ধ অবশিষ্ট থাকিবে, তাহাকে পাঁচ দিয়া গুণ করিয়া যে অঙ্ক হইবে, তাহা একস্থানে রাখিবে। পরে যে রাশির খণ্ডাটী বিয়োগ করা হইয়াছে, সেই রাশির ভোগ্যখণ্ডা দ্বারা ঐ পঞ্চগুণিত অঙ্ককে ভাগ দিয়া যাহা লব্ধ হইবে, তাহা একস্থানে স্থাপিত করিবে। পরে যত সংখ্যক রাশির খণ্ডাটী হীন করা হইয়াছে, সেই সংখ্যক অঙ্ককে ৫ দিয়া পূরণ করিয়া পূর্ব্ব অঙ্কে যোগ করিলে যাহা হইবে, তাহার নাম মধ্যোদয় বা দশমোদয়।

মধ্যোদয় যে অঙ্ক হইবে, তাহাতে ১৫ যোগ করিবে, যুক্তাঙ্ক ৩০এর অধিক হইলে ৬০ হইতে হীন করিবে। আর যদি ঐ যুক্তাঙ্ক ৬০এর অধিক হয়, তবে তাহা হইতে ৬০ ত্যাগ করিয়া যে অঙ্ক থাকিবে তাহা গ্রহণ করিবে। যুক্তাঙ্ক যদি ত্রিশের অধিক না হয়, তবে তাহার প্রথম অঙ্ক সংখ্যার ক্রান্তিখণ্ডা ও অনুখণ্ডা গ্রহণ করিয়া উভয়কে অন্তর করিলে যাহা হইবে, তাহার নাম ভোগ্য। ভোগ্য দ্বারা মধ্যোদয়ের দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার অঙ্কপূরণ করিয়া একজাতীয় করিলে যাহা হইবে, তাহাকে ৬০ দ্বারা ভাগ দিয়া খণ্ডার যোগ করিলে যাহা হইবে তাহার নাম ক্রান্তি। ঐ ক্রান্তিকে অঙ্কাঙ্ক ৭৮৮।৩২ অন্তর করিয়া যাহা হইবে তাহাকে ১০০ দিয়া একবার মাত্র ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তৎসংখ্যার হারখণ্ডা ও অনুখণ্ডা লইয়া পরস্পর অন্তর করিলে যাহা ভোগ্য হইবে, তদ্দ্বারা যাহার হারখণ্ডা ও অনুখণ্ডা লওয়া হইয়াছে, তাহাকে গুণ করিয়া ১০০ দ্বারা যথা মতে ভাগ দিয়া যাহা হইবে, তাহার নাম হার।

অয়নাংশযুক্ত রবিস্ফুটের রাশ্যাদিকে অংশাদি করিয়া যাহা হইবে, তাহাকে ৬ দিয়া ভাগ দিলে যে লব্ধ হয়, তাহা পূর্ব্ব সাধিত মধ্যোদয়ের সহিত অন্তর করিলে যাহা হইবে তাহার নাম স্ফুটনত।

স্ফুটনত যাহা হইবে, তাহা যদি ৩০ এর অধিক হয়, তবে ৬০ হইতে বাদ দিবে এবং যদি ১৫য় অধিক হয়, তবে ৩০ হইতে বাদ দিয়া যাহা হইবে, তাহার প্রথমাঙ্ক সংখ্যার জ্যাখণ্ডা ও অনুখণ্ডা পরস্পর অন্তর করিলে যাহা [হইবে, তাহা দ্বারা স্ফুটনতের শেষাঙ্ককে গুণ করিয়া ৬০ দ্বারা ভাগ দিয়া লব্ধাঙ্ক জ্যাখণ্ডার সহিত যোগ দিলে যাহা হইবে তাহার নাম জ্যা। ঐ জ্যার অঙ্ককে হার অঙ্ক দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহার নাম স্থিরলম্বন।

লম্বন ও স্থিরলম্বন এই উভয়কে অন্তর করিলে যে অঙ্ক হইবে, তাহা একস্থানে রাখিবে। পশ্চান্নতকালে যদি পূর্ব্বলম্বন হইতে স্থিরলম্বন ন্যূন হয়, তাহা হইলে মধ্যোদয়ের স্থাপিত অঙ্কে হীন, আর অধিক হইলে যোগ করিবে। প্রাঙ্‌নতকালে যদি পূর্ব্বলম্বন হইতে স্থিরলম্বন ন্যূন হয়, তাহা হইলে মধ্যোদয়ে যোগ এবং অধিক হইলে হীন করিবে। এই প্রক্রিয়ায় যাহা হইবে, তাহার নাম স্ফুট দশমোদয়।

তাৎকালিক দশমোদয়ের সহিত ১৫ যোগ করিলে,

(২২) "দিনার্দ্ধদণ্ডান্তরপূর্ব্বদণ্ডঃ পূর্ব্বাপরাখ্যঃ কথিতোনতোঽত্র।" ..

যদি ৩০এর অধিক হয়, তাহা হইলে তাহাকে ৬০ হইতে হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহার প্রথম অঙ্ক সংখ্যার ক্রান্তিখণ্ডা এবং তাহার অন্যখণ্ডা লইয়া পরস্পর অন্তর করিলে যে ভোগ্য হইবে, তদ্দ্বারা তাহার দ্বিতীয় ও তৃতীয় অঙ্ককে পূরণ করিয়া একজাতীয় করিবে। পরে ঐ অঙ্ককে ৬০ দিয়া ভাগ দিলে যাহা হইবে, তাহাকে খণ্ডার সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহা হইতে ১৫০০ যোগ করিয়া তাহা হইতে ৭৮৮।৩২ অক্ষাঙ্ককে বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ১০০ দিয়া একবার মাত্র ভাগ করিবে, ভাগফল সংখ্যার নতখণ্ডা ও অন্যখণ্ডা লইয়া পরস্পর অন্তর করিলে যাহা হইবে, তাহার নাম ভোগ্য। ঐ ভোগ্য দ্বারা শতহৃত শেষাঙ্ককে গুণ করিয়া যাহা হইবে, তাহাকে ১০০ ভাগ দিবে। পরে ঐ ভাগফল নতখণ্ডার সহিত যোগ করিয়া যাহা হইবে, তাহার নাম নত।

স্থিরলম্বনকে প্রাঙ্নত সময়ে অমাবস্যার স্থিতিদণ্ডে হীন ও পশ্চান্নত সময়ে যোগ করিলে যাহা হইবে, তাহার স্ফুট দর্শ দণ্ড (২৬)।

তৎকালের চন্দ্রগতিকে স্থিরলম্বন দ্বারা গুণ করিলে যাহা হইবে, তাহাকে ৬০ দিয়া ভাগ করিলে ভাগফল কলাদি হইবে। ঐ কলাদিকে তাৎকালিক রবিস্ফুটে হীন ও পশ্চান্নতকালে যোগ করিলে যাহা হইবে, তাহার নাম স্ফৌ অর্থাৎ স্ফুটদর্শদণ্ডের চন্দ্রস্ফুট।

স্ফুটদর্শদণ্ড সময়ের চন্দ্রস্ফুট হইতে ৩ রাশি বাদ দিলে যদি ৩ রাশির ন্যূন হয়, তাহা হইলে ঐ চন্দ্রস্ফুটের রাশিতে ১২ যোগ করিয়া ৩ রাশিহীন করিলে যাহা হইবে, তাহা হইতে ঐ দিবসের স্ফুটপাতকে বিয়োগ করিবে। যদি ঐ অঙ্ক ৬ রাশির অধিক হয়, তবে তাহাকে ১২ রাশি হইতে হীন করিয়া যে রাশ্যাদি হইবে, তাহাকে কলা করিয়া ৮ দ্বারা গুণ করিবে। গুণিতাঙ্ক হইতে ১৫৩৯০ বাদ দিলে যাহা শেষ থাকিবে, তাহাকে ১০৩ দিয়া ভাগ দিবে, ঐ ভাগফলের নাম শর।

শরকে পূর্ব্বসাধিত গতির সহিত অন্তর করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহার নাম স্ফুটশর।

তাৎকালিক রবি স্ফুটগতিকে ৫৭ দ্বারা গুণ করিয়া যে অঙ্ক হইবে, তাহাকে ১০৪ দিয়া ভাগ দিলে তাহার নাম রবিমান।

চন্দ্রমান ও রবিমান যোগ করিলে যাহা হইবে, তাহার অর্দ্ধ হইতে স্ফুটশর হীন করিলে যাহা হইবে, তাহার নাম গ্রাস। ভাগফল হইতে স্ফুটশর অধিক হইলে গ্রহণ হয় না। গ্রাসাঙ্ক সংখ্যায় সূর্য্যগ্রহণের স্থিত্যর্দ্ধখণ্ডায় যাহা হইবে, তাহা একস্থানে রাখিবে। পরে রবিমানকে ৬০ দ্বারা গুণ করিবে। গুণফল ১৮৬৯ হইতে হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা গ্রাসাঙ্ক সংখ্যার রবির শুদ্ধিপল দ্বারা পূরণ করিয়া ১৫১ দ্বারা ভাগ করিয়া স্থাপন করিবে। পরে চন্দ্রমানকে ৬০ দ্বারা পূরণ করিয়া ২০৮৯ হইতে হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা ঐ গ্রাসাঙ্ক সংখ্যার চন্দ্রের শুদ্ধিপল দ্বারা পূরণ করিয়া ৩৩৮ দ্বারা ভাগ দিবে। পরে ঐ ভাগফল পূর্ব্বস্থাপিত রবির ভাগফলে যোগ করিয়া ঐ পূর্ব্বস্থাপিত স্থিত্যর্দ্ধখণ্ডার সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম স্থিত্যর্দ্ধ।

পূর্ব্বসাধিত স্ফুটদর্শদণ্ড পলকে দুইস্থানে রাখিবে। পরে উহার একটীর সহিত স্থিত্যর্দ্ধপলকে হীন করিলে সূর্য্য-গ্রহণের স্পর্শ দণ্ড হইবে। অপরটীর সহিত যোগ করিলে ঐ সূর্য্যগ্রহণের মোক্ষদণ্ড হইবে (২৭)।

(২৬) "চলাংশসংস্কারবতোঽরুণস্য ভাগাত্মতাল্পত্ব ইহানুপাতাৎ।"
"খণ্ডানি লঙ্কোদয়সংজ্ঞকানি বিশোধ্য শেষং নিহতং শরেণ।
ভোগ্যোদ্ধৃতং শোধিতসংখ্যানিঘ্নশরেণ যুক্তং দশমোদয়ঃ স্যাৎ।
মধ্যোদয়াদ্যাগশশাঙ্কযুক্তাৎ ত্রিংশাধিকচ্ছেৎ খরসাদ্ বিশুদ্ধাৎ।
ক্রান্তিঃ সদা স্বান্তরিতা শতঘ্নঃ ক্রমেণ হারা স্থিরলম্বনার্থম্।
তথাবিধার্কাংশ যড়ংশ মধ্যোদয়ান্তরোঘঃ সনতঃ স্ফুটঃ স্যাৎ।
ত্রিংশাধিকচ্ছেৎ খরসাদ্বিশোধ্যঃ পুনঃ শরস্যাধিকতঃ খরামাৎ।
নতঃ স্ফুটজ্যা বিহৃতাঽষ্টহারৈর্দণ্ডাদিকং তৎ স্থিরলম্বনং স্যাৎ।
উনাধিকং যৎ স্থিরলম্বনং স্যাৎ মধ্যাৎ খলগ্নস্য তদূনযুক্তং
পশ্চান্নতে পূর্ব্বনতে তু বাস্যং তৎকালমধ্যোদয়মেতদুক্তম্।
এবং খলগ্নাৎ শরচন্দ্রযুক্তাৎ ত্রিংশাধিকচ্ছেৎ খরসাৎ বিশুদ্ধাৎ।
ক্রান্তিঃ খখেন্দু যুগাঙ্কহীনা শতেন তস্যা নতয়ঃ ক্রমেণ।
দর্শান্বতো লম্বনহীনযুক্তাৎ দর্শান্তনাড়ীল্যদলাৎ স্ফুটাত্র।" (জ্যোতি°)

(২৭) "চন্দ্রস্য ভুক্তিঃ স্থিরলম্বনঘ্না ষষ্ট্যাবিভক্তা তু কলাদিকং স্যাৎ।
দর্শান্তকালীনরবৌ দিনার্দ্ধাৎ ঋণং ধনং স্ফৌস্ফুটদর্শকালে।
ত্রিভোনতৎকালবিধোর্বিপাতাৎ যড়্ভাধিকাম্বগুলতো বিশুদ্ধাৎ।
কলীকৃতায়াগহতাৎ খনন্দরামেষু ভূনাদ্গুণখেন্দুভক্তঃ।
শরঃ স নত্যান্তরিতঃ স্ফুটঃ স্যাৎ গ্রাসস্তু মানৈক্যদলাধিশুদ্ধঃ।
চন্দ্রগতির্ঘণনিঘ্নাদশকৃতলব্ধা শুধানিধের্মানম্।
গ্রাহ্যগ্রাহকযোগার্দ্ধং বিক্ষেপবর্জ্জিতং গ্রাস।"
"গ্রাসানুপাতাৎ স্থিতিনাড়িকার্দ্ধং অধাত্রষড়্ঘ্নং রবিচন্দ্রমানং।
নবর্ত্তুনাগেন্দুভিরঙ্গনাগশুভ্রাব্ধিভির্ঘদ্বিবরং রসীন্দোঃ।
পলাধ্যভোগেন হতং বিভক্তং কুবাণচন্দ্রৈর্গজদেবতাভিঃ
লব্ধে পলে স্তঃ সহিতঞ্চ তত্র স্যাদেব মধ্যস্থিতি নাড়িকার্দ্ধম্।
স্থিত্যর্দ্ধ দণ্ডোনিত মধ্যদর্শদণ্ডোঽন্ত যস্যার্দ্ধিত উনযুক্তঃ।
তৎকালজেন স্থিরলম্বনেন স্পর্শস্ত কালস্য বিনিশ্চয়ঃ স্যাৎ
স্থিত্যর্দ্ধদণ্ডেন যুতাচ্চ তদ্বন্মোক্ষস্য কালোঽপি তথাবগম্যঃ।
প্রকীর্ত্তিতায় স্ফুটদর্শনাড়ী সএব মধ্য গ্রহণস্তকালঃ।" (জ্যোতি°)

(ক) প্রাক্ ও পশ্চাত্তদণ্ড সংখ্যায় লম্বন আনিবার খণ্ডা।

০রাশি প্রাক্‌লম্বন	১রাশি প্রাক্‌লম্বন	২রাশি প্রাক্‌লম্বন	৩রাশি প্রাক্‌লম্বন
০ । ৪০	০ । ৪৫	০ । ৪৩	০ । ৩৮
১ । ১৩	১ । ২৪	১ । ২২	১ । ১৪
১ । ৩৯	১ । ৫৬	১ । ৫৭	১ । ৪৭
১ । ৫৬	২ । ১৮	২ । ২৬	২ । ১৯
২ । ১০	২ । ৩৪	২ । ৪৯	২ । ৪৬
২ । ২০	২ । ৪৬	৩ । ৫	৩ । ৭
২ । ২৮	২ । ৫৩	৩ । ১৫	৩ । ২৪
২ । ৩৪	২ । ৫৬	৩ । ২০	৩ । ৩৫
২ । ৩৮	২ । ৫৭	৩ । ২২	৩ । ৪১
২ । ৪০	২ । ৫৬	৩ । ২০	৩ । ৪২
২ । ৪১	২ । ৫৪	৩ । ১৭	৩ । ৪১
২ । ৪২	২ । ৫০	৩ । ১৫	৩ । ৩৬
২ । ৪২	২ । ৪৬	৩ । ৪	৩ । ৩০
২ । ৪১	২ । ৪১	২ । ৫৫	৩ । ২১
২ । ৩৯	২ । ৩৫	২ । ৪৬	৩ । ১১
২ । ৩৭	২ । ২৯	২ । ৩৭	৩ । ০
২ । ৩৩	২ । ২৩	২ । ২৭	২ । ৪৮
২ । ২৭	২ । ১৭	২ । ১৬	২ । ৩৫
১৮	১৮	১৮	১৮
৪রা-প্রা	৫রা-প্রা	৬রা প্রা	৭রা-প্রা
০ । ৩৮	০ । ৪২	০ । ৪৮	০ । ৩৮
১ । ১৪	১ । ২৩	১ । ২৮	১ । ১৮
১ । ৪৭	২ । ০	২ । ৮	১ । ৫৭
২ । ১৭	২ । ২৮	২ । ৩৯	২ । ৩৩
২ । ৪৩	২ । ৫৩	৩ । ৫	৩ । ২
৩ । ৫	৩ । ১৩	৩ । ২৫	৩ । ২৫
৩ । ২৬	৩ । ২৯	৩ । ৩৯	৩ । ৩৯
৩ । ৩৬	৩ । ৪১	৩ । ৪৮	৩ । ৫১
৩ । ৪৭	৩ । ৫০	৩ । ৫৫	৩ । ৫৬
৩ । ৫৩	৩ । ৫৬	৩ । ৫৯	৩ । ৫৯
৩ । ৫৫	৩ । ৫৯	৪ । ০	৩ । ৫৯
৩ । ৫৪	৩ । ৫৯	৩ । ৫৯	৩ । ৫৬
৩ । ৫০	৩ । ৫৭	৩ । ৫৬	৩ । ৫২
৩ । ৪৪	৩ । ৫৩	৩ । ৫১	৩ । ৪৬
৩ । ৩৬	৩ । ৪৬	৩ । ৪৪	৩ । ৩৮
৩ । ২৫	৩ । ৩৭	৩ । ৩৬	৩ । ২৯
৩ । ১৪	৩ । ২৭	৩ । ২৭	৩ । ২৯
৩ । ২	৩ । ১৫	৩ । ১৭	৩ । ২৮
১৮	১৮	১৮	১৮
৮রা-প্রা	৯রা-প্রা	১০রা-প্রা	১১রা-প্রা
০ । ২৮	০ । ২২	০ । ২৩	০ । ৩০
০ । ৫৭	০ । ৪৩	০ । ৪৩	০ । ৫৫
১ । ২৭	১ । ৫	১ । ২	১ । ১৬
২ । ০	১ । ২৭	১ । ১১	১ । ৩৪
২ । ৩৩	১ । ৫২	১ । ৩৯	১ । ৪৮
৩ । ১৪	২ । ১৭	১ । ৫৫	২ । ০
৩ । ২২	২ । ৩৯	২ । ১০	২ । ১১
৩ । ৩৮	২ । ৫৯	২ । ২৫	২ । ২১
৩ । ৪৮	৩ । ১৩	২ । ৪০	২ । ১৯
৩ । ৫৪	৩ । ৩১	২ । ৫৪	২ । ৩৭
৩ । ৫৫	৩ । ৩৮	৩ । ৫	২ । ৪৪
৩ । ৫৩	৩ । ৪২	৩ । ১৩	২ । ৪৯
৩ । ৪৯	৩ । ৪৩	৩ । ১৯	২ । ৫৩
৩ । ৪৩	৩ । ৪৯	৩ । ২২	২ । ৫১
৩ । ৩৪	৩ । ৩৪	৩ । ২২	২ । ৫৭
৩ । ২৫	৩ । ২৬	৩ । ১৮	২ । ৫৬
৩ । ১৫	৩ । ১৬	৩ । ১২	২ । ৫৪
১৭	১৭	১৭	১৭

০রাশি পশ্চা	১রাশি পশ্চা	২রাশি পশ্চা	৩রাশি পশ্চা
০ । ৪৪	০ । ৪২	০ । ৩৮	০ । ৩৮
১ । ২৮	১ । ১৩	১ । ১৪	১ । ১৪
২ । ১৮	২ । ২০	১ । ৪৭	১ । ৪৭
২ । ৩৯	২ । ২৮	২ । ১৭	২ । ১৯
৩ । ৫	২ । ৫৩	২ । ৪৩	২ । ৪৬
৩ । ২৫	৩ । ১৩	৩ । ৫	৩ । ৭
৩ । ৩৯	৩ । ২৯	৩ । ২০	৩ । ২৪
৩ । ৪৮	৩ । ৪১	৩ । ৩৬	৩ । ৩৫
৩ । ৫৫	৩ । ৫০	৩ । ৪৭	৩ । ৪১
৩ । ৫৯	৩ । ৫৬	৩ । ৫৩	৩ । ৪২
৪ । ০	৩ । ৫৯	৩ । ৫৫	৩ । ৪১
৩ । ৫৯	৩ । ৫৯	৩ । ৫৪	৩ । ৩৬
৩ । ৫৬	৩ । ৫৭	৩ । ৫০	৩ । ৩০
৩ । ৫১	৩ । ৫৩	৩ । ৪৪	৩ । ২১
৩ । ৪৪	৩ । ৪৬	৩ । ৩৬	৩ । ১১
৩ । ৩৬	৩ । ৩৭	৩ । ২৫	৩ । ০
৩ । ২৭	৩ । ২৭	৩ । ১৫	২ । ৪৮
১৭	১৭	১৭	১৭
৪রা-প	৫রা-প	৬রা-প	৭রা-প
০ । ৪৩	০ । ৪৫	০ । ৪০	০ । ৩০
১ । ২২	১ । ২৪	১ । ১৩	০ । ৫৫
১ । ৫৭	১ । ৫৬	১ । ৩৯	১ । ১৬
২ । ২৬	২ । ১৮	১ । ৫৬	১ । ৩৪
২ । ৪৯	২ । ৩৪	২ । ১০	১ । ৪৮
৩ । ৫	২ । ৪৬	২ । ২০	২ । ০
৩ । ১৫	২ । ৫৩	২ । ২৮	২ । ১১
৩ । ২০	২ । ৫৬	২ । ৩৪	২ । ২১
৩ । ২২	২ । ৫৭	২ । ৩৮	২ । ২৯
৩ । ২০	২ । ৫৫	২ । ৪০	২ । ৩৭
৩ । ১৭	২ । ৫৪	২ । ৪১	২ । ৪৪
৩ । ১০	২ । ৫০	২ । ৪২	২ । ৪৯
৩ । ৪	২ । ৪৬	২ । ৪২	২ । ৫৩
২ । ৫৫	২ । ৪০	২ । ৪১	২ । ৫৬
২ । ৪৬	২ । ৩৫	২ । ৩৯	২ । ৫৭
২ । ৩৭	২ । ২৯	৩ । ৩৭	২ । ৫৬
২ । ৩৭	২ । ২৩	২ । ৩৩	২ । ৫৪
১৭	১৭	১৭	১৭
৮রা-প	৯রা-প	১০রা-প	১১রা-প
০ । ২৩	০ । ২২	০ । ২৮	০ । ৩৮
০ । ৪৩	০ । ৪৩	০ । ৫৭	১ । ১৮
১ । ৮	১ । ৫	১ । ২৭	১ । ৫৭
১ । ২১	১ । ২৭	২ । ০	২ । ৩৩
১ । ৩৯	১ । ৫২	২ । ৩৩	৩ । ২
১ । ৫৬	২ । ১৭	৩ । ০	৩ । ২৫
২ । ১০	২ । ৩৯	৩ । ২২	৩ । ৪০
২ । ২৫	২ । ৫৯	৩ । ৩৩	৩ । ৫১
২ । ৪০	৩ । ১৭	৩ । ৪৮	৩ । ৫৬
২ । ৪৫	৩ । ৩০	৩ । ৫১	৩ । ৫৯
৩ । ৫	৩ । ৩৮	৩ । ৫৫	৩ । ৫৯
৩ । ১৩	৩ । ৪২	৩ । ৫৩	৩ । ৫৬
৩ । ১৯	৩ । ৪০	৩ । ৪৯	৩ । ৫২
৩ । ২২	৩ । ৪৯	৩ । ৪৩	৩ । ৪৬
৩ । ২২	৩ । ৩৪	৩ । ৩৪	৩ । ৩৮
৩ । ১৮	৩ । ২৬	৩ । ২৫	৩ । ২৯
৩ । ১২	৩ । ১৬	৩ । ১৫	৩ । ১৯
১৭	১৭	১৭	১৭

উক্ত খণ্ডার নাম লম্বনখণ্ডা। প্রক্রিয়াকালে যেখানে লম্বন বা ক চিহ্নিত খণ্ডা বলা হইয়াছে, তথায় উক্ত খণ্ডার অঙ্ক লইয়া কার্য্য করিতে হয়।

লঙ্কোদয় খণ্ডা	ভোগ্য খণ্ডা	ভোগ্য
৪ । ৩৮	৪ । ৫৯	
৯ । ৩৭	৫ । ২৩	
১৫ । ০	৫ । ২৩	
২০ । ২৩	৪ । ৫৯	
২৫ । ২২	৪ । ৩৮	
৩০ । ০	৪ । ৩৮	
৩৪ । ৩৮	৪ । ৫৯	
৩৯ । ৩৭	৫ । ২৩	
৪৫ । ০	৫ । ২৩	
৫০ । ২৩	৫ । ৫৯	
৫৫ । ২২	৪ । ৩৮	
৬০ । ০	৪ । ৩৮	
১২	১২	

ইহার নাম লঙ্কোদয়-খণ্ডা, প্রক্রিয়াস্থলে লঙ্কোদয়খণ্ডা ও ভোগ্য বলিয়া যেখানে উল্লেখ আছে, তথায় এই নির্দ্দিষ্ট অঙ্ক লইয়া প্রক্রিয়া করিবে।

১ ক্রান্তিখণ্ডা	২ ক্রান্তিখণ্ডা
৩	৭২০
৯	৭৪৪
২১	৭৬৩
৩৭	৭৭৯
৫৬	৭৯১
৮০	৭৯৭
১০৭	৮০০
১৩৭	৩০
১৭০	
২০৫	
২৪২	
২৮০	
৩১৯	
৩৫৯	
৪০০	
৪৪১	
৪৮১	
৫২০	
৫৫৮	
৫৯৫	
৬৩০	
৬৬৩	
৬৯৬	
২০৩	

এই ত্রিশটী অঙ্ককে ক্রান্তিখণ্ডা বলে। প্রক্রিয়ায় ক্রান্তিখণ্ডা বলিয়া যেখানে উল্লেখ আছে, তথায় এই খণ্ডার অঙ্ক লইয়া কার্য্য করিতে হয়।

শূন্যাদি হার
৬০ । ০
৬০ । ২১
৬১ । ২২
৬৩ । ৬
৬৫ । ৪২
৬৯ । ১৬
৭৪ । ১১
৮০ । ৪৬
৮৯ । ৪২
১০২ । ৮
১২০ । ০
১৪৭ । ২০

জ্যাখণ্ডা
২৫
৫০
৭৪
৯৮
১২০
১৪১
১৬১
১৭৮
১৯৪
২০৮
২১৯
২২৮
২৩৫
২৩৯
২৪০

এই কয়টী অঙ্ককে জ্যাখণ্ডা বলে।

১ নতিখণ্ডা	২ নতিখণ্ডা
২২১ । ১৪	২৫০ । ১১
২২১ । ৩১	২৫৪ । ৫৬
২২২ । ১৯	২৫৯ । ৫২
২২৩ । ৩৮	২৬৪ । ৫৪
২২৫ । ২৮	২৭০ । ০
২২৭ । ৪৬	২৭৫ । ৬
২৩০ । ৩৪	২৮০ । ৮
২৩৩ । ৪৬	২৮৫ । ৪
২৩৭ । ২৩	২৮৯ । ৪৯
২৪১ । ২১	ইহার নাম নতিখণ্ডা।
২৪৫ । ২৭	

সূর্য্যসিদ্ধান্ত, সিদ্ধান্তশিরোমণি, গ্রহলাঘব প্রভৃতি মূল গ্রন্থে গ্রহণ-গণনার প্রণালী ও তাহার উপপত্তি লিখিত আছে, কিন্তু তাহা সহজে বোধগম্য হয় না। এই কারণে বর্ত্তমান সময়ে এ দেশে যে সহজ নিয়মে গ্রহণ গণনা করা হয়, তাহাই এইস্থানে লিখিত হইল। অপর বিবরণ বা মূল গ্রন্থের মতামত জানিতে হইলে সূর্য্যসিদ্ধান্ত, সিদ্ধান্তশিরোমণি, বশিষ্ঠসিদ্ধান্ত প্রভৃতি জ্যোতিষগ্রন্থ দ্রষ্টব্য। ইহা ছাড়া ভাস্বতী মতেও গ্রহণগণনা হইয়া থাকে।

খগোলের জ্যোতির্মণ্ডলের সহিত প্রাণিবর্গের অনির্ব্বচনীয় সম্বন্ধ, জ্যোতিষ্কমণ্ডলীর গতি ও অবস্থা পরিবর্ত্তনে মানব প্রভৃতি প্রাণিগণের অবস্থা পরিবর্ত্তন বা শুভাশুভ ঘটিয়া থাকে। প্রাচীন আর্য্যজ্যোতির্ব্বেত্তারা সেই সকল শুভাশুভ ফল নিরূপণ করিয়া গিয়াছেন। সময় বিশেষে গ্রহণ হইলেও মানবের মঙ্গল ও অমঙ্গল হয়। বৃহৎ-সংহিতায় লিখিত আছে যে, ব্রহ্মা, চন্দ্র, ইন্দ্র, কুবের, বরুণ, অগ্নি ও যম এই সাতটী দেবতা যথাক্রমে ৬ মাস পরে পরে গ্রহণের অধিপতি হইয়া থাকেন। অধিপতি অনুসারে গ্রহণের ভিন্ন ভিন্ন ফল হয়। ব্রহ্মা গ্রহণের অধিপতি হইলে ব্রাহ্মণ ও পশুর বৃদ্ধি, মঙ্গল, আরোগ্য এবং শস্য বৃদ্ধি হয়। এই রূপ চন্দ্র অধিপতি হইলে পূর্ব্বকথিত সমস্ত ফল ও পণ্ডিত-গণের পীড়া এবং অনাবৃষ্টি হইয়া থাকে। ইন্দ্র অধিপতি হইলে রাজবিরোধ, শারদীয় শস্যের বিনাশ এবং অমঙ্গল, কুবের অধিপতি হইলে ধনীগণের অর্থনাশ ও সুভিক্ষ; বরুণ অধিপতি হইলে রাজার অমঙ্গল এবং অপর লোকের মঙ্গল ও শস্যবৃদ্ধি; অগ্নি অধিপতি হইলে অনাবৃষ্টি, দুর্ভিক্ষ ও শস্য হানি হইয়া থাকে। ইহা ছাড়া অন্য সময়ে গ্রহণ হইলে ক্ষুধা, মহামারী ও অনাবৃষ্টি হয়।

গ্রাসের অবস্থাভেদে চন্দ্র ও সূর্য্যগ্রহণ দশ প্রকার হইয়া থাকে। যথা—১ সব্য, ২ অপসব্য, ৩ লেহ, ৪ গ্রসন, ৫ নিরোধ, ৬ অবমর্দ্দ, ৭ আরোহ, ৮ আঘ্রাত, ৯ মধ্যতম ও ১০ তমোন্ত্য।

রাহু সব্যগত হইয়া অর্থাৎ বাম ভাগে থাকিয়া চন্দ্র বা সূর্য্যকে গ্রাস করিলে তাহার নাম সব্য গ্রহণ। ইহাতে জগৎ জলপ্লুত, আহ্লাদিত ও ভয়শূন্য হয়।

রাহু অপসব্য অর্থাৎ দক্ষিণে থাকিয়া গ্রাস করিলে তাহাদিগের নাম অপসব্য গ্রহণ। ফল রাজা ও তস্করের পীড়া এবং প্রজানাশ।

রাহু জিহ্বার ন্যায় চন্দ্রমণ্ডলকে লেহন করিলে সেই গ্রহণকে লেহ বলে। ফল পৃথিবীস্থ প্রাণীমণ্ডলের আহ্লাদ ও ধরাতলে প্রভূত বারিবর্ষণ।

চন্দ্র বা সূর্য্যমণ্ডলের একপাদ, অর্দ্ধ বা ত্রিপাদগ্রস্ত হইলে তাহার নাম গ্রসন। ইহাতে গর্ব্বিত রাজগণের ধননাশ ও গর্ব্বিত দেশগুলির পীড়া হয়।

চন্দ্র বা সূর্য্যমণ্ডলের শেষ সীমা পর্য্যন্ত গ্রাস করিয়া রাহু মধ্যস্থলে পিণ্ডীকৃতের ন্যায় অবস্থান করিলে তাহাকে নিরোধ বলে। ইহাতে সমস্ত প্রাণীই আহ্লাদিত হয়।

রাহু চন্দ্র বা সূর্য্যকে সম্পূর্ণ গ্রাস করিয়া অধিক কাল অবস্থিতি করিলে তাহার নাম অবমর্দ্দন। ইহাতে রাজগণের বিনাশ, প্রধান প্রধান দেশের ধ্বংশ ও অন্ধকারের ভয় উপস্থিত হয়।

রাহু বর্ত্তুলাকার গ্রহমণ্ডলের আবরণ করিয়া তৎক্ষণাৎ পুনর্ব্বার দৃষ্ট হইলে তাহাকে আরোহ বলে। ইহাতে রাজগণের পরস্পর বিরোধ ও ভয় হইয়া থাকে।

বাষ্পযুক্ত নিশ্বাসবায়ুতে দর্পণের মধ্যভাগ যেরূপ মলিন হয়, রাহুগ্রস্ত গ্রহমণ্ডলের এক দেশ সেইরূপ মলিন হইলে, তাহাকে আঘ্রাত কহে। ফল সুবৃষ্টি ও সকল বিষয়ের বৃদ্ধি।

চন্দ্রমণ্ডলের মধ্যভাগ রাহুগ্রস্ত আর চারিধার বিতমস্ক অর্থাৎ পরিষ্কার থাকিলে তাহাকে মধ্যতমঃ বলে। ইহাতে মধ্যদেশের বিনাশ ও উদরাময় রোগের বৃদ্ধিহয়।

গ্রহণ সময়ে চন্দ্রমণ্ডলের শেষ সীমা অতিশয় অন্ধকারময় এবং মধ্যভাগ অপেক্ষাকৃত পরিষ্কৃত হইলে তাহাকে তমোস্থ্য বলে। ফল মূষিক, শলভ প্রভৃতি ঈতি ও ভয়ানক চোরের উৎপাত।

পূর্ব্বে গ্রাসভেদে যেরূপ দশ প্রকার গ্রহণের উল্লেখ করা হইয়াছে, সেইরূপ মোক্ষও দশ প্রকার হইয়া থাকে। যথা—১ দক্ষিণহনুভেদ, ২ বামহনুভেদ, ৩ দক্ষিণকুক্ষিভেদ, ৪ বামকুক্ষিভেদ, ৫ দক্ষিণপায়ুভেদ, ৬ বামপায়ুভেদ, ৭ সংচ্ছর্দ্দন, ৮ জরণ, ৯ মধ্যবিদারণ, ও ১০ অন্তর্বিদারণ।

চন্দ্রগ্রহণে অগ্নিকোণে মোক্ষ হইলে তাহাকে দক্ষিণহনুভেদমোক্ষ বলে। ইহাতে শস্যনাশ, মুখরোগ, রাজপীড়া ও সুবৃষ্টি হয়। পূর্ব্বোত্তর কোণে মোক্ষ হইলে তাহার নাম বামহনুভেদ, ফল রাজা ও রাজপুত্রের ভয়, মুখরোগ ও সুভিক্ষ। দক্ষিণপার্শ্বে মোক্ষ হইলে তাহার নাম দক্ষিণকুক্ষিভেদ; ফল রাজপুত্রের পীড়া ও দক্ষিণ দেশস্থ শত্রুগণের অভিযোগ। রাহু উত্তরপথে অবস্থিতি করিলে তাহাতে বামকুক্ষিভেদ নামক মোক্ষ হয়। ফল স্ত্রীলোকের গর্ভবিপত্তি ও মধ্যমরূপ শস্য। নৈঋতকোণে মোক্ষ হইলে তাহাকে দক্ষিণপায়ুভেদ ও বায়ুকোণে মোক্ষ হইলে তাহাকে বামপায়ুভেদ মোক্ষ বলে। এই দ্বিবিধ মুক্তিতেই সামান্য রূপ গুহ্যপীড়া ও সুবৃষ্টি হয়, বিশেষ বামপায়ুভেদ মোক্ষে রাজমহিষীর বিপদ্ ঘটে। রাহু চন্দ্র বা সূর্য্যমণ্ডলের পূর্ব্বভাগ গ্রাস করিতে আরম্ভ করিয়া যদি পূর্ব্বদিকেই সরিয়া যায়, তবে তাহাকে সংচ্ছর্দ্দন নামক মোক্ষ বলে। ইহাতে জগতের মঙ্গল ও শস্যের শ্রীবৃদ্ধি হয়। পূর্ব্বদিকে গ্রহণ আরম্ভ হইয়া পশ্চিমদিকে মোক্ষ হইলে তাহাকে জরণ নামক মোক্ষ বলে। ইহাতে মানবগণ ক্ষুধায় কাতর ও শস্ত্রভয়ে উদ্বিগ্ন হয়, কোথাও আশ্রয় পায় না। মধ্যস্থল প্রথমে প্রকাশিত হইলে তাহাকে মধ্যবিদারণ নামক মোক্ষ বলে। ইহাতে প্রাণীগণের মানসিক কোপ, সুচারুবৃষ্টি ও সুভিক্ষ হয়। অন্তর্বিদারণ নামক মুক্তিতে চন্দ্রমণ্ডলের শেষ সীমায় নির্ম্মলতা ও মধ্যভাগে অতিশয় অন্ধকার থাকে। ইহাতে মধ্যদেশের বিনাশ ও শারদীয় শস্যের ক্ষয় হয়। চন্দ্রগ্রহণে যে দশ প্রকার মোক্ষের কথা বলা হইল, সূর্য্যগ্রহণেও সেই দশ প্রকার ঘটিয়া থাকে। কিন্তু চন্দ্রের যে স্থলে পূর্ব্ব দিকের উল্লেখ আছে, সূর্য্যবিষয়ে সেই স্থলে পশ্চিম দিকের কল্পনা করিতে হইবে।

গ্রহণের মুক্তিকালের পর সপ্তাহ মধ্যে পাংশুপাত হইলে দুর্ভিক্ষ, নীহারপাত হইলে রোগভয়, ভূমিকম্প হইলে শ্রেষ্ঠ নরপতির বিনাশ, উল্কাপাত হইলে মন্ত্রিনাশ এবং গ্রহণের পর সাত দিনের মধ্যে নানা বর্ণের মেঘ দেখিতে পাইলে ভয়, মেঘের ভয়ঙ্কর গর্জ্জন হইলে গর্ভনাশ, বিদ্যুৎ হইলে রাজা ও দংষ্ট্রী জীবের পীড়া, পরিবেশ হইলে রোগভয়, দিগ্‌দাহ হইলে রাজভয় ও অগ্নিভয়, প্রবল রুক্ষ বায়ু বহিলে চৌরভয়, নির্ঘাত, ইন্দ্রধনু বা দণ্ড দর্শন হইলে ক্ষুদ্ভয় ও শত্রুচক্রে অমঙ্গল এবং গ্রহযুদ্ধ বা কেতু দর্শন হইলে রাজসংগ্রাম হয়। কিন্তু গ্রহণের পর সাত দিনের মধ্যে সুন্দররূপ বৃষ্টিপাত হইলে কোনরূপ অশুভ ঘটে না এবং সুভিক্ষ হয়। চন্দ্রগ্রহণ নিবৃত্ত হইলে যদি পক্ষান্তে সূর্য্যগ্রহণ হয়, তবে প্রজাগণের অনীতি ও দম্পতীর পরস্পর শত্রুতা জন্মে। সূর্য্যগ্রহণের পর পঞ্চদশ দিবসে পুনরায় চন্দ্র গ্রহণ হইলে ব্রাহ্মণেরা অনেক যজ্ঞের ফল ভোগ করিতে পারেন না। কিন্তু প্রজারা সর্ব্বদাই আহ্লাদিত থাকে। (বৃহৎসং ৫ অঃ)

চন্দ্র ও সূর্য্যগ্রহণের ন্যায় বুধ, মঙ্গল প্রভৃতি অপর গ্রহেরও গ্রহণ হইয়া থাকে, কিন্তু সেই সকল গ্রহণ মানবমণ্ডলীর নয়ন গোচর হয় না। এই কারণে প্রাচীন আর্য্যজ্যোতির্ব্বেত্তারা অনেকে তাহার উল্লেখ করেন নাই। বরাহমিহির বৃহৎসংহিতায় ঐ সকল গ্রহণের উল্লেখ করিয়াছেন বটে, কিন্তু তাহার গণিতপ্রক্রিয়ার কোন উল্লেখই দেখিতে পাওয়া

যায় না ; কেবল ফলাফল মাত্রই নিরূপিত হইয়াছে। বরাহমিহিরের মতে মঙ্গলের গ্রহণ হইলে অবন্তীদেশ, কাবেরী ও নর্ম্মদার তটস্থ দেশ এবং গর্ব্বিত নরপতি সকলের বিনাশ হয়। বুধের গ্রহণ হইলে অন্তর্ব্বেদী, সরযূ, নেপাল, পূর্ব্বসাগর ও শোণ প্রভৃতি দেশের স্ত্রী রাজা, যোদ্ধা, পণ্ডিত ও বালকগণের বিনাশ হয়। বৃহস্পতির গ্রহণ হইলে বিদ্বান্ রাজমন্ত্রী, হস্তী ও অশ্বের বিনাশ হয় এবং সিন্ধু নদীর নিকটস্থ বা উত্তরদিগাশ্রিত ব্যক্তিগণের বিনাশ হয়। শুক্রের গ্রহণ হইলে দাসেরক, কৈকেয়, যৌধেয়, আর্য্যাবর্ত্ত ও শিবি প্রভৃতি দেশ, স্ত্রী ও মন্ত্রীগণের পীড়া হয়। শনির গ্রহণ হইলে মরুভব, পুষ্কর, সৌরাষ্ট্র প্রভৃতি দেশীয় লোকগণ পদাতিক, অর্ব্বুদাদি অন্ত্যজাতি এবং গোমন্ত ও পারিযাত্রপর্ব্বতস্থ ব্যক্তিগণের বিনাশ হয়। (বৃহৎস° ৫।৬৪-৬৮)

জ্যোতিষতত্ত্বে লিখিত আছে, যে সূর্য্য কিম্বা মঙ্গলের নবাংশে গ্রহণ হইলে গ্রহণ সময়ে আকাশ পরিষ্কার থাকে, বুধ বা শনির নবাংশে গ্রহণ হইলে আকাশমণ্ডল মলিন ও অল্পবর্ষণ হয়, গুরুর নবাংশে গ্রহণ হইলে গ্রহণ সময়ে আকাশমণ্ডল মেঘাচ্ছন্ন থাকে। বর্ষাকালে শুক্র কিম্বা শনির নবাংশে গ্রহণ হইলে গ্রহণের সময় ভয়ানক জলপাত হয়, অপরকালে চন্দ্র ও সূর্য্যমণ্ডল আচ্ছাদিত থাকে।

রাজমার্ত্তণ্ডের মতে গ্রহণকালে চন্দ্র জন্মরাশিতে অথবা জন্মরাশি হইতে সপ্তম, অষ্টম, দ্বাদশ, চতুর্থ, দশম ও নবম রাশিতে থাকিলে গ্রহণ দর্শন করিতে নাই।

বশিষ্টের মতে জন্মরাশির জন্মনক্ষত্রে চন্দ্র থাকিলে অথবা জন্মরাশি হইতে ষষ্ঠ, অষ্টম, চতুর্থ বা দ্বাদশ রাশিতে চন্দ্র থাকিলে গ্রহণ দর্শন করিতে নাই। দর্শন করিলে অর্থনাশ হয়। জন্মনক্ষত্র হইতে গণনায় সপ্তম নক্ষত্রে চন্দ্র থাকিলেও গ্রহণ দেখিবে না, দেখিলে রোগ, বহুক্লেশ ও বিত্তক্ষয় হয়। যে সকল গ্রহণ যাহার পক্ষে দর্শন নিষিদ্ধ, দৈবাৎ তাহার সেই গ্রহণ দর্শন হইলে চন্দ্রগ্রহণে চন্দ্র ও সূর্য্যগ্রহণে সূর্য্যের অর্চ্চনা করিয়া গ্রহবিপ্রকে সুবর্ণ দান করিবে। ইহা করিলে অশুভ শান্তি হয়।

আধুনিক স্মৃতিসংগ্রহকার রঘুনন্দনের মতে যাহার পক্ষে যে গ্রহণটী দর্শন করা নিষিদ্ধ নহে, সেই ব্যক্তি সেই গ্রহণেই পুরশ্চরণ করিতে পারে। কিন্তু প্রাচীন ধর্ম্মশাস্ত্রবিৎ পণ্ডিতেরা সকল গ্রহণেই পুরশ্চরণের বিধি করিয়াছেন। [পুরশ্চরণ শব্দে ইহার নিয়ম প্রভৃতি দ্রষ্টব্য] গ্রহণ সময়ে বিশেষ শ্রাদ্ধ করিবার বিধান আছে। [শ্রাদ্ধ দেখ।]

শিবার্চ্চনচন্দ্রিকার মতে--গ্রহণ দিন হইতে সাতদিনের মধ্যে আগমোক্ত দীক্ষা প্রশস্ত, বিশেষদিনের আবশ্যক করে না। [দীক্ষা দেখ।] এই সাত দিন যাত্রাদি নাই।

গ্রহণ সময়ে সকল জলই গঙ্গাজলের সমান হয়। স্নান, দান প্রভৃতির ফল অনন্ত। গ্রহণ সময়ে আহার বা মল মূত্র পরিত্যাগ করা নিষিদ্ধ। এ সময়ে উচ্ছিষ্ট বাসন ও পকান্ন প্রভৃতি অপবিত্র হয়। এই কারণে এদেশীয় হিন্দুগণ গ্রহণের পরে সেই উচ্ছিষ্ট বাসন ব্যবহার ও গ্রহণের পূর্ব্ব পকান্ন ভোজন করে না। এ দেশে গ্রহণের পরে পাকের হাঁড়ি প্রভৃতি ফেলিয়া রান্নাঘর পরিষ্কার করা হয়। স্মৃতির মতে চন্দ্রগ্রহণের ৪ প্রহর ও সূর্য্যগ্রহণের ৩ প্রহর পূর্ব্বে খাইতে নাই।

য়ুরোপীয় মত। গ্রহণ শব্দে এদেশে সচরাচর চন্দ্রগ্রহণ ও সূর্য্যগ্রহণকে বুঝায়, কিন্তু য়ুরোপীয় জ্যোতির্ব্বিদেরা গ্রহণের সুপর্য্যাপ্ত অর্থে তত্তত্ত্ব লিপিবদ্ধ করিয়াছেন। ইংরাজি ভাষায় গ্রহণকে ইক্লিপ্স্ (Eclipse) বলা হয়, এই শব্দটি গ্রীক্ভাষার ত্যাগ অর্থে "লিপো" ধাতুজাত 'ইক্লিপ্সিস্' শব্দ হইতে উৎপন্ন, ইহার অর্থ অভাব, কলঙ্ক ইত্যাদি। সূর্য্য, চন্দ্র, গ্রহ, উপগ্রহ, নক্ষত্র, যে কোন জ্যোতিষ্কের আলোক অন্য জ্যোতিষ্কের দ্বারা অবরোধ বা নিষ্প্রভ হউক, এই ঘটনাব্যঞ্জক ব্যাপার জ্যোতিষশাস্ত্রে 'ইক্লিপ্স্' শব্দে ব্যবহৃত হয়। সূর্য্যগ্রহণ, চন্দ্রগ্রহণ, গ্রহগ্রহণ, উপগ্রহগ্রহণ, নক্ষত্রগ্রহণ এই নানাবিধ গ্রহণ সম্বন্ধে ভিন্ন ভিন্ন তত্ত্বনির্ণায়ক এবং গণনানির্দ্দেশক প্রবন্ধ আছে। ঐ বিবিধ গ্রহণের ভবিষ্যৎ ঘটনার কাল ও অন্যান্য বিষয় গণনার্থ এবং জ্যোতির্গণ সম্বন্ধীয় বিশেষ বিশেষ ঘটনা নির্ণয়ার্থ সৌরসারণী, চন্দ্রসারণী, তারকাসারণী প্রভৃতি অনেক সারণি প্রতিবৎসর নাবিকপঞ্জিকায় (Nautical almanac) ইংলণ্ডে গ্রীণউইচ্ বেধালয়ের (Greenwich observatory) অধ্যক্ষ কর্ত্তৃক প্রচারিত হয়।


কোন কোন গ্রহণ সুযন্ত্রদ্বারা উপযুক্ত প্রদেশে সুদক্ষ যন্ত্রবেধকারী জ্যোতিষী কর্ত্তৃক দৃষ্ট হইলে তন্নিবন্ধন যে সকল বিষয় আবিষ্কৃত হয়, তাহাতে জ্যোতিষশাস্ত্রের, অনেক প্রাকৃত তত্ত্বের এবং লৌকিক ও রাজকার্য্যের বিশেষ উন্নতিসাধন হয়, এজন্য য়ুরোপীয় অনেক রাজাধিপ বিপুল অর্থ ব্যয় করিয়া ঐরূপ সুদক্ষ লোক নিযুক্ত করিয়া থাকেন।

সূর্য্য ও পৃথিবী সম্বন্ধে যেমন অবস্থানাদি ঘটে, তদনুসারে অমাবস্যা অবধি পূর্ণিমা পর্য্যন্ত চন্দ্রের কলা ক্ষীণ রেখা হইতে পূর্ণ চক্রাকার এবং আবার উক্ত বৃদ্ধির ক্রমানুসারে ক্ষয় হইয়া আসিয়া নবশশী হয়। এই সকল পরিবর্ত্তন দ্বারা চন্দ্র ও সূর্য্যগ্রহণ সকলের প্রত্যাবর্ত্তন হইয়া থাকে। সূর্য্যগ্রহণ কেবল অমাবস্যায় ঘটিতে পারে, কারণ সেই সময়

সূর্য্য এবং পৃথিবীর মধ্যে চন্দ্র আসিয়া সূর্য্যালোকের অবরোধ করে। চন্দ্রগ্রহণ কেবল পূর্ণিমায় সংঘটন হইতে পারে, কারণ সেই সময় সূর্য্য এবং চন্দ্রের মধ্যে পৃথিবী আসিয়া স্বীয় ছায়ায় চন্দ্রকে আবৃত করে। পৃথিবী ও চন্দ্র উভয়েরই নিজ জ্যোতি নাই, সূর্য্যালোকেই তাহাদের জ্যোতি, উহাদের আকারও প্রায় গোলপিণ্ড, সুতরাং সূর্য্যগ্রহণকালে চন্দ্রের যে পৃষ্ঠ সূর্য্যাভিমুখে থাকে, তৎবিপরীত পৃষ্ঠদিকে একটী সূচ্যাকায় ছায়া প্রক্ষিপ্ত হয়, সেই ছায়ায় যখন পৃথিবী মজ্জিত হয়, তখন চন্দ্রলোকের বা অন্য গ্রহলোকের দর্শকগণ ভূগ্রহণ দর্শন করে এবং আমরা সূর্য্যগ্রহণ দর্শন করি অর্থাৎ আমরা চন্দ্রবিম্বের কৃষ্ণপৃষ্ঠ সূর্য্যবিম্বের উপর দিয়া সঞ্চালিত দেখি।

বুধ শুক্রাদি গ্রহ চন্দ্রবৎ যে সূর্য্যগ্রহণ ঘটায়, তাহাকে বুধ-সঙ্গম, শুক্রসঙ্গম (Transit of Mercury, Transit of Venus) ইত্যাদি বলা হয়। রাশিচক্রের যে ভাগে চন্দ্রের গতি সেই ভাগের মধ্যে যে গ্রহের সঞ্চালন ও যে নক্ষত্র সকলের অবস্থিতি তাহাদের অনেককেই চন্দ্র প্রতিনিয়ত একপ্রকার গ্রস্ত করিতেছে, সেই গ্রহণকে তারাসঙ্গম (Occultation of stars) বলে। চন্দ্র যদিও সূর্য্য অপেক্ষা অত্যন্ত ক্ষুদ্র, তথাচ পৃথিবীর এতাধিক সন্নিকটস্থ যে তাহার এবং সূর্য্যের দৃশ্যমান বিম্বব্যাস (apparent diameter) উভয়ের অতি যৎসামান্য ভেদ দৃষ্ট হয়, কিন্তু তদুভয় ব্যাসের এত পরিবৃত্তি (Variation) যে কখন চন্দ্রের ঐ বিম্বব্যাস সূর্য্যের ঐ বিম্বব্যাস অপেক্ষা বৃহৎ, কখন তদ্বিপরীত হয়। কোন দর্শকের চক্ষু চন্দ্র ও সূর্য্য সমসূত্রস্থিত হইলে তিনি সূর্য্যকে গ্রস্ত দেখিবেন, তখন চন্দ্রের ঐ বিম্বব্যাস সূর্য্য অপেক্ষা বৃহত্তর দেখাইলে, তিনি সূর্য্যের পূর্ণগ্রাস দেখিবেন এবং ঐ ব্যাস ন্যূন দেখাইলে সূর্য্যবিম্বে চিত্রিত চন্দ্রের কৃষ্ণবর্ণ বিম্বের চতুর্দ্দিকে একটী আলোক বলয়বৎ দৃষ্ট হইবে, ইহাকেই বলয়াকার গ্রহণ (annular eclipse) বলে। যখন দর্শকের চক্ষু চন্দ্র ও সূর্য্য সমসূত্রস্থ না হয়, তখন চন্দ্র সূর্য্যের কিয়দংশমাত্র আচ্ছাদন করে, তাহাকেই খণ্ড গ্রহণ (partial eclipse) বলে, অতএব অমাবস্যায় ভূকেন্দ্র হইতে চন্দ্র সূর্য্যের দূর এবং চন্দ্রপাত স্থান হইতে চন্দ্রের দূরভেদে সূর্য্যগ্রহণের নানা ভেদ ঘটিয়া থাকে।

সূর্য্যগ্রহণ নিম্ন প্রতিকৃতি দ্বারা স্পষ্ট বোধ হইবেক।



প=পৃথিবী, স=সূর্য্য।


পৃথিবী দুইস্থানে অঙ্কিত হইয়াছে। পৃথিবী যখন চন্দ্রের নিকট সমসূত্রে থাকে, তখন চন্দ্রচ্ছায়ার প্রান্ত হয়ত পৃথিবীকে ঠিক স্পর্শ করে, নয়ত পৃথিবীর পৃষ্ঠদেশ অতিক্রম করে। যখন চন্দ্রচ্ছায়াপ্রান্ত পৃথ্বীপৃষ্ঠ স্পর্শ না করিয়া সূর্য্য ও পৃথিবীর মধ্যে (জ স্থানে) অবস্থান করে, তখন কজ ও খজ বর্দ্ধিত হইয়া পৃথিবীপৃষ্ঠের চ ও ছ স্থানের স্পর্শ করিলে চ ও ছ এর মধ্যবর্ত্তী সকল স্থানের লোকেরা সূর্য্যমণ্ডল পরিধির একভাগে গোলাকার গ্রহণ এবং সেই ভাগের চতুর্দ্দিক্ আলোময় দেখিবে। চন্দ্র ও সূর্য্যের কেন্দ্রের সমসূত্রে চ ও ছ স্থান অবস্থিত, এখানকার লোকেরা সূর্য্যের ঠিক মধ্যভাগে গ্রহণ দেখে ও অবশিষ্টভাগ উজ্জ্বল বলয়াকার দেখিতে পায়। পৃথিবীর ছায়ার ন্যায় চন্দ্রচ্ছায়ারও খণ্ডচ্ছায়া আছে, যথা ফ ট প এবং ব ঠ প, ঐ খণ্ডচ্ছায়ার মধ্যে সর্ব্বস্থানে সূর্য্যালোক যায় না, সুতরাং ঐ সকল স্থানে আংশিক সূর্য্যগ্রহণ হয়।

পাশ্চাত্য মতে চন্দ্রগ্রহণ। চন্দ্রগ্রহণে ভূচ্ছায়া পাত হইলে সেই সূচির অগ্র হইতে তৎকেন্দ্রভেদী রেখা (Axis of the cone) সূর্য্য ও ভূকেন্দ্রগত হয় অর্থাৎ সমসূত্রস্থ হয়। যেখানে সূর্য্য ও পৃথিবীর দৃশ্য বিম্বব্যাস (apparent diameter) (১) সমপরিমাণ হইতে পারে, সূচ্যাগ্র ঠিক্ সেই স্থানে পতিত হয়। পূর্ণিমার সময় পৃথিবী হইতে চন্দ্র মধ্যমদূরে (Mean distance) (২) থাকিলে তাহার কেন্দ্রে সূর্য্যবিম্বব্যাস ১৯১৪″.১ বিকলা পরিমিত কোণ রচনা করে অর্থাৎ চন্দ্রলোকে ঐ পরিমিত কোণে সূর্য্যব্যাস দৃষ্ট হয় এবং ভূব্যাস চন্দ্রলোকে ৬৯০৮″.৩ বিকলা কোণে দৃষ্ট হয়। এরূপে পৃথিবী হইতে চন্দ্রের যতদূর ন্যূনকল্পে ছায়ার দৈর্ঘ্য, তাহার সার্দ্ধ তিনগুণ অপেক্ষা অধিক হইবে এবং ছায়ার যে স্থান ভেদ করিয়া চন্দ্রের গতি হয়, তথায় ছায়ার প্রস্থ চন্দ্রব্যাসের প্রায় ৪ পরিমিত হইবে। প্রতি পূর্ণিমায় চন্দ্রগ্রহণ হইতে পারিত, কিন্তু তাহা ঘটেনা, কারণ চন্দ্রকক্ষা ক্রান্তির ঊর্দ্ধাধে তির্য্যগ্-ভাবে অবস্থান করিতেছে, এই তির্য্যগবস্থিতিকে পরমাপম (Inclination to the plane of the ecliptic) বলে। এ প্রকার অবস্থিতি হেতু সচরাচর পূর্ণিমায় চন্দ্র ভূ-চ্ছায়ার ঊর্দ্ধে বা অধোদেশে থাকে, কেবল চন্দ্রপাতস্থলে অর্থাৎ রাহুকেতুগত বা সন্নিহিত হইলে তাহা ঘটে না। পাত হইতে চন্দ্রের দূরাদূর অবস্থিতিতেই চন্দ্রগ্রহণের নানা ভেদ দেখা যায়।

(১) কোন জ্যোতিষ্কের ব্যাস পৃথিবী হইতে যেরূপ দর্শন হয়, তাহাকে সেই জ্যোতিষ্কের apparent diameter বলে।

(২) গ্রহকক্ষার পরিষ্ঠ ব্যাসার্দ্ধ পরিমাণ সেই গ্রহের সূর্য্য হইতে মধ্যম দূর।

চন্দ্রগ্রহণে চন্দ্রপৃষ্ঠের প্রত্যেক কণা পর্য্যায়ক্রমে সূর্য্য-বিম্বের ভিন্ন ভিন্নাংশের জ্যোতি ক্রমে ক্রমে হারাইতে থাকে, সুতরাং ভূচ্ছায়ায় মজ্জিত হইবার পূর্ব্বে চন্দ্রের দীপ্তি ক্রমশঃ হ্রাস হইয়া যায়। সূচিস্পর্শ পূর্ব্বে এবং তন্মুক্তির পরে চন্দ্র যে ক্ষীণ ছায়াগত অর্থাৎ মলিনত্ব প্রাপ্ত হয়, সেই ক্ষীণছায়াকে উপচ্ছায়া (Penumbra) বলে। উপচ্ছায়া যে স্থান ব্যাপিয়া থাকে, তাহার প্রস্থ চন্দ্র হইতে দৃশ্য সূর্য্যের বিম্বব্যাসের (apparent diameter) সমান।



গ জ চ পৃথিবীর ছায়া। জ গ ঘ স্পর্শজ্যা, পৃথিবীপৃষ্ঠ ও সূর্য্য-মণ্ডলের পরিধি স্পর্শ করিয়া অবস্থিত। ঐ রেখাকে পৃথিবী ও সূর্য্যের পরিধির চতুর্দ্দিকে ঘুরাইয়া আনিলে তাহা ঘ জ ছ বৃত্তসূচির বাহ্য সীমা। সূর্য্যের কেন্দ্র স ও পৃথিবীর কেন্দ্র ক দিয়া স ক জ রেখা টানিলে সেই রেখা ঐ সূচির মধ্যরেখা হইবে। অঙ্কিত চিত্রে স পৃথিবী এবং চন্দ্র যেন ক স্থানে পৃথিবীর ছায়াতে প্রবেশ করে বোধ কর। (ক স্থানে পৃথিবীচ্ছায়ার ব্যাসার্দ্ধ নির্ণয় করিতে হয়।) চন্দ্রমণ্ডল অপেক্ষা ছায়ামণ্ডল অনেক বড়। এজন্য চন্দ্রমণ্ডল অনায়াসে পৃথিবীচ্ছায়াতে সম্পূর্ণরূপে ও অনেকক্ষণ আচ্ছাদিত থাকিতে পারে। সূর্য্যের দুইটী পাদবিপক্ষ স্থান ঘ ও ছ হইতে যে দুই সরলরেখা আড়ভাবে ট বিন্দু দিয়া গমন করিয়া পৃথিবীর বিপরীত ভাগে স্পর্শ করিয়াছে, তাহা পৃথিবীর অপর দিকে ক্রমশঃ বিস্তারিত হইয়াছে। এই দুই বিস্তৃত রেখার মধ্যে পৃথিবীছায়া দুইভাগ হয়। একভাগ সূচ্যাকার যাহাকে প্রকৃত ছায়া এবং অপর ভাগকে খণ্ডছায়া বলা হয়। খণ্ডছায়া সম্পূর্ণ অন্ধকারময় নহে; তন্মধ্যে সূর্য্যের কোন কোন ভাগের কিরণ পতিত হয়। প্রকৃত ছায়ায় কোন ভাগেরই কিরণ সরলভাবে পতিত হয় না। সুতরাং তাহা অপেক্ষাকৃত অন্ধকারময়। এই জন্য চন্দ্র ঐ খণ্ডছায়ায় প্রবেশ করিতে করিতে ক্রমে দীপ্তি হীন হয়, শেষে প্রকৃত ছায়াতে প্রবেশ করিলেই এককালে পূর্ণ গ্রাস হয়।

আমাদের চন্দ্রের অর্থাৎ পার্থিব উপগ্রহের যেরূপ গ্রহণ দৃষ্ট হয়, বৃহস্পতি প্রভৃতি যে যে গ্রহের উপগ্রহ আছে, তাহাদেরও গ্রহণ হইয়া থাকে। বার্হস্পত্য চন্দ্রগুলির গ্রহণ গণনা বড় প্রয়োজন এবং তাহা যন্ত্রবেধ দ্বারা দৃষ্ট হয়।

চন্দ্রপাতের অর্থাৎ রাহু বা কেতুর নিকটে কোন এক সময়ে সূর্য্য যেরূপ অবস্থিতি করে, পুনর্ব্বার সেইরূপ হইতে যে সময় যায়, তাহাকে পাতসম্বন্ধীয় সূর্য্যাবর্ত্তনকাল (Duration of the revolution of the sun with regard to the node of the lunar orbit) বলে, সেই সময়ের আবার হ্রাস বৃদ্ধি আছে, তাহাকে (গড়) মাধ্যমিক কাল (Mean duration) বলে। এই মাধ্যমিককাল এবং চান্দ্র মাসের (Duration of the synodic revolution of the moon) সহিত যে সম্বন্ধ তাহা ২২৩ এবং ১৯ এই দুই অঙ্কের সম্বন্ধের সমান। এরূপে ২২৩ চান্দ্রমাস অন্তর চন্দ্র এবং সূর্য্য চন্দ্রপাত (node) হইতে যে দূরে একবার থাকে, সেই দূরে পুনঃ পুনঃ অবস্থিত হয়। সুতরাং গ্রহণগুলি ঐ পর্য্যায়ে ক্রমে পুনঃ পুনঃ হইতে পারে, কিন্তু সূর্য্য চন্দ্রের গতি ব্যতিক্রমে ঠিক্ উক্ত সময়ে উক্ত প্রকার পুনঃ পুনরবস্থিতি ঘটে না।

উক্ত ২২৩ এবং ১৯ এই দুই অঙ্কের অনুপাতানুসারে গণনার কারণ এই যে ২২৩ মাধ্যমিক চান্দ্রমাসে ৬৫৮৫.৩২ দিন আছে এবং ১৯ বার পাত গতিতে ৬৫৮৫.৭৮ দিন পর্য্যাপ্ত হয়, অতএব ২২৩ চান্দ্রমাসের প্রথমে এবং শেষে পাতের মধ্যমাবস্থিতির বিশেষ বিভিন্নতা হয় না। অতএব ২২৩ মাধ্যমিক চান্দ্রমাস অর্থাৎ ১৮ বৎসর ১০ দিন গ্রহণগণনার্থ বিশেষ প্রয়োজন। অতি প্রাচীন সভ্য-জাতিরা (কাল্‌ডিয়ান্ প্রভৃতি) ইহা জানিত। ইহাকে তাহারা স্যারস্ (Saros) বলিত। গ্রহণের প্রকৃত কারণ জানিবার বহুকাল পূর্ব্বে এইরূপে প্রাচীনেরা গ্রহণ গণনা করিত।

গ্রহেরা কখন কখন পরস্পরকে গ্রাস বা আচ্ছাদন করে, শুক্র দ্বারা বুধের, মঙ্গলদ্বারা বৃহস্পতির এবং আমাদের চন্দ্র দ্বারা শনির আচ্ছাদন দীর্ঘ কালান্তরে দর্শিত হইয়া আসিতেছে। এরূপ দীর্ঘকালান্তে ঘটিবার কারণ এই যে, সকল গ্রহের কথা দূরে থাক, তাহাদের কতকগুলি একেবারে সূর্য্যের সহিত সমসূত্রস্থ অর্থাৎ নভোমণ্ডলের একদেশে একই সময়ে অতি বিরল দৃষ্ট হয়। খৃঃ অব্দের ২৫০০ বৎসরাধিককাল পূর্ব্বে বুধ, শুক্র, মঙ্গল, বৃহস্পতি ও শনির সমসূত্রতা হইয়াছিল। খৃঃ ১১৮৬ সালে ১৫ই সেপ্টেম্বর তারিখে কন্যা ও তুলারাশির মধ্যে উক্তপ্রকার সমসূত্রতা ঘটে এবং ১৮০১ সালে চন্দ্র, বৃহস্পতি, শনি এবং শুক্র সিংহ রাশির মধ্যে একত্র হইয়াছিল। এরূপ সমসূত্রতা কিরূপ বিরল ঘটনা, তাহা দেখাইবার নিমিত্ত ল্যালণ্ড নামক প্রসিদ্ধ জ্যোতির্ব্বিৎ গণনা করিয়াছিলেন যে ১৭ শঙ্খ বৎসর অন্তর বুধ, শুক্র, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরানস্ এই ছয়টি গ্রহের যুগপৎ মিলন (Conjunction) ঘটিয়া থাকে।

গ্রহণসম্বন্ধীয় কতকগুলি স্থূল কথা জ্যোতির্ব্বিদেরা বলিয়া থাকেন। যথা—

১ প্রতিবৎসর ন্যূনকল্পে দুইটী চন্দ্রগ্রহণ ঘটিয়া থাকে।

২ কোন বৎসরে একটীও সূর্য্যগ্রহণ না ঘটিতে পারে।

৩ একটী সর্ব্বগ্রাস এবং কেন্দ্রীয় চন্দ্র গ্রহণ ঘটিলে তৎপূর্ব্ব এবং পর অমাবস্যায় একটী সূর্য্যগ্রহণ ঘটিতে পারে। এই ঘটনা যেরূপ রাহুতে, তদ্রূপকেতুতেও ঘটিতে পারে। তাহা হইলে কোন বৎসরে ছয়টী গ্রহণ হইতে পারে।

৪ কোন বৎসরের জানুয়ারি মাসের প্রারম্ভে একটী প্রথম গ্রহণ হইলে সেই বৎসরের শেষভাগে আর একটী সূর্য্যগ্রহণ হইতে পারে।

৫ অতএব এক বৎসরের মধ্যে সাতটী গ্রহণ ঘটিতে পারে। পাঁচটী সূর্য্যের এবং দুইটী চন্দ্রের অথবা চারিটী সূর্য্যের এবং তিনটী চন্দ্রের।

৬ এরূপে চন্দ্রগ্রহণ অপেক্ষা অধিক সূর্য্য গ্রহণ হয়, কিন্তু কোন নির্দ্দিষ্টস্থানে অতি অল্পই সূর্য্য গ্রহণ দেখা যায়।

বহু পূর্ব্বকালের গ্রহণের ঐতিহাসিক তত্ত্ব জানা থাকিলে অনেক প্রয়োজন ঐতিহাসিক ঘটনায় কাল নির্ণয় হইয়া থাকে এবং কোন কোন জ্যোতির্ব্বিদেরা বহু দূর ভবিষ্যৎকালে যে কোন বিশেষ গ্রহণ হইবে, তাহার গণনা করিয়া রাখিয়াছেন। হাইণ্ড সাহেব ১৭টী পূর্ব্বকালের গ্রহণতত্ত্ব লিখিয়াছেন এবং ইংলণ্ডে ১৯৯৯ খৃষ্টাব্দে ১১ই আগষ্টে যে সর্ব্বগ্রাসী সূর্য্যগ্রহণ হইবে, তাহার গণনা করিয়া রাখিয়াছেন। তিনি বলেন যে, ঐ গ্রহণ ব্যতীত ২৫০ বৎসর মধ্যে ইংলণ্ডে এরূপ আর একটীও সূর্য্যগ্রহণ দৃষ্ট হইবে না। [পাশ্চাত্য মতে গ্রহাদির গ্রহণগণনা তৎতৎমুখ্য শব্দে দ্রষ্টব্য।]

পুরাতত্ত্ববিদ্ ও জ্যোতির্ব্বিদ্‌গণের সুবিধার জন্য অতীত ও ভবিষ্যৎ লইয়া ২০০০ বৎসর মধ্যে যে সকল গ্রহণ হইয়াছে, বা হইবে তাহার একটী তালিকা দেওয়া গেল।

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১	১০ই জু	২৪এ জু
২	২৩এ ন	১৫ই মে, ৯ই ন
৩	—	৪ঠা মে, ২৮এ অ
৪	৮ই এ	২৩এ এ, ১৭ই অ
৫	২৮এ মা, ২২এ সে	——
৬	১১ই সে	৩রা মা, ২৭এ আ
৭	৬ই ফে, ৩১এ আ	২০এ ফে, ১৭ই আ
৮	২৬এ জা,	৯ই ফে, ৫ই আ
৯	১৫ই জা, ১০ই জুলা	২০এ ডি
১০	৩০এ জু, ২৪এ ন	১৫ই জু, ১০ই ডি
১১	১৪ই ন	৪ঠা জু, ২৯এ ন
১২	৯ই মে	২৪এ মে
১৩	২৮এ এ	১৪ই এ, ৭ই অ
১৪	১৮ই এ	৪ঠা এ, ২৭এ সে
১৫	২রা সে	২৪এ মা, ১৬ই সে
১৬	২১এ আ	——
১৭	১৫ই ফে	৩০এ জা, ২৭এ জুলা
১৮	১লা জুলা	২০এ জা, ১৬ই জুলা
১৯	২১এ জু, ১৫ই ডি	৯ই জা, ৫ই জুলা
২০	১০ই জু, ৩রা ডি	২৫এ মে, ১৯এ ন
২১	২৩এ ন	১৫ই মে, ৮ই ন
২২	১৯এ এ	৪ঠা মে, ২৮এ অ
২৩	—	——
২৪	২১এ সে	১৪ই মা, ৬ই সে
২৫	১০ই সে	৩রা মা, ২৭এ আ
২৬	৬ই ফে	২০এ ফে, ১৬ই আ
২৭	২৬এ জা, ২২এ জুলা	৩১এ ডি
২৮	১০ই জুলা	২৫এ জু, ২০এ ডি
২৯	২৪এ ন	১৪ই জু, ৯ই ডি
৩০	২১এ মে, ১৪ই ন	৪ঠা জু
৩১	১০ই মে	২৫এ এ, ১৯এ অ
৩২	২৮এ এ	১৪ই এ, ৭ই অ
৩৩	১২ই সে	৩রা এ, ২৭এ সে
৩৪	৯ই মা, ১লা সে	——
৩৫	—	১১ই ফে, ৭ই আ
৩৬	১৬ই ফে, ১২ই জুলা	৩১এ জা, ২৬এ জুলা
৩৭	১লা জুলা, ২৫এ ডি	২০এ জা, ১৫ই জুলা
৩৮	২১এ জু	৩০এ ন
৩৯	৪ঠা ডি	২৬এ মে, ১৯এ ন
৪০	২৯এ এ	১৫ই মে, ৭ই ন
৪১	১৯এ এ, ১৩ই অ	——
৪২	২রা অ	২৫এ মা, ১৮ই সে
৪৩	২৮এ ফে	১৪ই মা, ৭ই সে
৪৪	১৭ই ফে	২রা মা, ২৭এ আ
৪৫	১লা আ	——
৪৬	২২এ জুলা, ১৬ই ডি	১১ই জা, ৬ই জুলা, ৩১এ ডি
৪৭	——	২৬এ জু, ২১এ ডি
৪৮	৩১এ মে, ২৪এ ন	১৪ই জু
৪৯	২০এ মে	৬ই মে, ২৯এ অ
৫০	৯ই মে	২৫এ এ, ১৮ই অ

জা=জানুয়ারী, ফে=ফেব্রুয়ারী, মা=মার্চ্চ, এ=এপ্রেল, মে=মে, জু=জুন, জুলা=জুলাই, আ=আগষ্ট, সে=সেপ্টেম্বর, অ=অক্টোবর, ন=নবেম্বর, ডি=ডিসেম্বর।

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৫১	২৩এ সে	১৪ই এ, ৮ই অ
৫২	১৯এ মা	—
৫৩	৯ই মা	২১এ ফে, ১৮ই আ
৫৪	২৩এ জুলা, ২৬এ ফে	১১ই ফে, ৭ই আ
৫৫	১৩ই জুলা	৩১এ জা, ২৭এ জুলা
৫৬	১লা জুলা, ২৫এ ডি	১০ই ডি
৫৭	—	৫ই জু, ২৯এ ন
৫৮	১১ই মে	২৬এ মে, ১৯এ ন
৫৯	৩০এ এ, ২৫এ অ	—
৬০	১৩ই অ	৪ঠা এ, ২৮এ সে
৬১	১০ই মা, ২রা অ	২৪এ মা, ১৮ই সে
৬২	২৮এ ফে	১৩ই মা, ৭ই সে
৬৩	১৭ই ফে	—
৬৪	১লা আ	২২এ জা, ১৭ই জুলা
৬৫	১৬ই ডি	১১ই জা, ৬ই জুলা, ৩১এ ডি
৬৬	—	২৬এ জু
৬৭	৩১এ মে	১৭ই মে, ৯ই ন
৬৮	১৯এ মে	৬ই মে, ২৯এ অ
৬৯	৪ঠা অ	২৫এ এ, ১৮ই অ
৭০	২৩এ সে	—
৭১	২০এ মা	৪ঠা মা, ২৯এ আ
৭২	২রা আ	২২এ ফে, ১৭ই আ
৭৩	২৩এ জুলা	১১ই ফে, ৬ই আ
৭৪	১২ই জুলা	২২এ ডি
৭৫	৫ই জা, ২৬এ ডি	১৭ই জু, ১১ই ডি
৭৬	২১এ মে	৫ই জু, ২৯এ ন
৭৭	—	—
৭৮	৩০এ এ, ২৪এ অ	১৬ই এ, ৯ই অ
৭৯	১৩ই অ	৫ই এ, ২৯এ সে
৮০	১০ই মা	২৪এ মা, ১৭ই সে
৮১	২৭এ ফে, ২৩এ আ	—
৮২	১২ই আ	২রা ফে, ২৮এ জুলা
৮৩	২রা আ, ২৭এ ডি	২২এ জা, ১৭ই জুলা
৮৪	১৬ই ডি	১১ই জা, ৬ই জুলা
৮৫	১০ই জু	২৭এ মে, ২০এ ন
৮৬	৩১এ মে	১৭ই মে, ৯ই ন
৮৭	১৫ই অ	৬ই মে, ৩০এ অ
৮৮	১০ই এ, ৩রা অ	—
৮৯	৩০এ মা	১৫ই মা, ৮ই সে
৯০	২০এ মা	৪ঠা মা, ২৮এ আ
৯১	৩রা আ	২২এ ফে, ১৭ই আ
৯২	২৭এ জা, ২৭এ জুলা	—
৯৩	—	১লা জা, ২১এ ডি
৯৪	৫ই জা, ১লা জু	১৭ই জু, ১০ই ডি
৯৫	২২এ মে	৬ই জু

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৯৬	১০ই মে, ৩রা ন	২৬এ এ, ২০এ অ
৯৭	১লা এ	১৫ই এ, ৯ই অ
৯৮	২১এ মা	৪ঠা এ, ২৯এ সে
৯৯	৩রা সে	—
১০০	২৩এ আ	১৩ই ফে ৭ই আ
১০১	১৭ই জা, ১২ই আ	১লা ফে, ২৮এ জুলা
১০২	২৭এ ডি	২২এ জা, ১৭ই জুলা
১০৩	২২এ জু	১লা ডি
১০৪	১০ই জু	২৭এ মে, ১৯এ ন
১০৫	২৫এ অ	১৬ই মে, ৯ই ন
১০৬	২১এ এ	—
১০৭	১১ই এ	২৬এ মা, ২০এ সে
১০৮	৩০এ মা, ২৪এ আ	১৫ই মা, ৮ই সে
১০৯	১৪ই আ	৪ঠা মা, ২৮এ আ
১১০	৩রা আ	—
১১১	২৭এ জা	১৩ই জা, ৮ই জুলা
১১২	১২ই জু	১লা জা, ২৭এ জু
১১৩	১লা জু, ২৬এ ন	১৬ই জু
১১৪	২২এ মে, ১৫ই ন	৩১এ অ
১১৫	৪ঠা ন	২৬এ এ, ২১এ অ
১১৬	৩১এ মা	১৪ই এ, ৯ই অ
১১৭	২১এ মা	—
১১৮	৩রা সে	২৩এ ফে, ১৮ই আ
১১৯	—	১৩ই ফে, ৮ই আ
১২০	১৮ই জা	২রা ফে, ২৮এ জুলা
১২১	২রা জুলা	১১ই ডি
১২২	২১এ জু	৭ই জু, ১লা ডি
১২৩	৬ই ন	২৮এ মে, ২১এ ন
১২৪	১লা মে, ২৫এ অ	—
১২৫	২১এ এ	৫ই এ, ৩০এ সে
১২৬	১০ই এ, ৪ঠা সে	২৬এ মা, ১৯ সে
১২৭	২৫এ আ	১৬ই মা, ৮ই সে
১২৮	—	—
১২৯	৬ই ফে	২৩এ জা, ১৯এ জুলা
১৩০	২৭এ জা, ২৩এ জু	১২ই জা, ৮ই জুলা
১৩১	১২ই জু	১লা জা, ২৮এ জু
১৩২	১লা জু, ২৫এ ন	১০ই ন
১৩৩	১৪ই ন	৬ই মে, ৩১এ অ
১৩৪	১২ই এ	২৬এ এ
১৩৫	১লা এ, ২৫এ সে	১৫ই এ
১৩৬	১৩ই সে	৬ই মা, ২৯এ আ
১৩৭	৩রা সে	২৩এ ফে, ১৮ই আ
১৩৮	২৮এ জা	১২ই ফে, ৮ই আ
১৩৯	১৮ই জা	২৩এ ডি
১৪০	২রা জুলা	১৮ই জু, ১১ই ডি
১৪১	২১এ জু, ১৬ই ন	৭ই জু, ১লা ডি

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৪২	১৩ই মে, ৫ই ন	২৭এ মে
১৪৩	২রা মে	১৭ই এ, ১১ই অ
১৪৪	২০এ এ	৫ই এ, ২৯এ সে
১৪৫	৪ঠা সে	২৬এ মা, ১৮ই সে
১৪৬	২৮এ ফে	—
১৪৭	১৭ই ফে	৩রা ফে, ৩০এ জুলা
১৪৮	৩রা জুলা, ৭ই ফে	২৩এ জা, ১৯এ জুলা
১৪৯	২৩এ জু	১১ই জা, ৮ই জুলা
১৫০	১২ই জু, ৬ই ডি	২২এ ন
১৫১	২৫এ ন	১৮ই মে, ১১ই ন
১৫২	২২এ এ	৬ই মে, ৩১এ অ
১৫৩	১১ই এ	২৬এ এ
১৫৪	৩১এ মা, ২৫এ সে	১৭ই মা, ৯ই সে
১৫৫	১৪ই সে	৬ই মা, ৩০এ আ
১৫৬	৮ই ফে	২৪এ ফে, ১৮ই আ
১৫৭	২৮এ জা, ২৪এ জু	—
১৫৮	১৩ই জুলা	{২রা জা, ২৯ জু, ২৩ এ ডি
১৫৯	—	১৮ই জু, ১২ই ডি
১৬০	২৩এ মে	৬ই জু
১৬১	১২ই মে	২২এ অ
১৬২	২রা মে	১৭ই এ, ১১ই অ
১৬৩	১৬ই সে	৬ই এ, ৩০এ সে
১৬৪	৪ঠা সে	—
১৬৫	২৮এ ফে	১৩ই ফে, ৯ই আ
১৬৬	১৮ই ফে	২রা ফে, ৩০এ জুলা
১৬৭	৪ঠা জুলা	২৩এ জা, ১৯এ জুলা
১৬৮	২৩এ জু, ১৭ই ডি	২রা ডি
১৬৯	৬ই ডি	২৮এ মে, ২২এ ন
১৭০	৩রা মে	১৭ই মে, ১১ই ন
১৭১	২২এ এ	৭ই মে
১৭২	৫ই অ	২৭এ মা, ১৯এ সে
১৭৩	—	১৭ই মা, ৯ই সে
১৭৪	১৯এ ফে	৬ই মা, ৩০এ আ
১৭৫	৮ই ফে ৪ঠা আ	—
১৭৬	২৩এ জুলা	১৩ই জা, ৯ই জুলা
১৭৭	১৩ই জুলা, ৮ই ডি	{২রা জা, ২৮এ জু, ২৩এ ডি
১৭৮	২৭এ ন	১৭ই জু
১৭৯	২৪এ মে	২রা ন
১৮০	১২ই মে	২৭এ এ, ২১এ অ
১৮১	২৬এ সে	১৭ই এ, ১০ই অ
১৮২	—	—
১৮৩	১১ই মা	২৫এ ফে, ২১এ আ
১৮৪	২৯এ ফে	১৪ই ফে, ৯ই আ
১৮৫	১৪ই জুলা	২রা ফে, ৩০এ জুলা

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৮৬	{৮ই জা, ৪ঠা জুলা, ২৮এ ডি}	১৪ই ডি
১৮৭	১৭ই ডি	৮ই জু, ৩রা ডি
১৮৮	১৪ই মে	২৮এ মে, ২১এ ন
১৮৯	৩রা মে, ২৭এ অ	১৭ই মে
১৯০	২২এ এ	৮ই এ
১৯১	৬ই অ	২৮এ মা, ২০এ সে
১৯২	১লা মা	১৬ই মা, ৯ই সে
১৯৩	১৯এ ফে	—
১৯৪	৪ঠা আ	২৪এ জা, ২০এ জুলা
১৯৫	২৪এ জুলা, ১৯এ ডি	১৩ই জা, ১০ই জুলা
১৯৬	৭ই ডি	৩রা জা, ২৮এ জু
১৯৭	৩রা জু	১২ই ন
১৯৮	২৩এ মে	৮ই মে, ১লা ন
১৯৯	৭ই অ	২৮এ এ, ২১এ অ
২০০	১লা এ	—
২০১	২২এ মা	৭ই মা, ৩১এ আ
২০২	১১ই মা	২৪এ ফে, ২০এ আ
২০৩	২৫এ জুলা	১৩ই ফে, ১০ই আ
২০৪	১৪ই জুলা	২৪এ ডি
২০৫	২৮এ ডি	১৮ই জু, ১৩ই ডি
২০৬	২৫এ মে	৮ই জু, ৩রা ডি
২০৭	১৪ই মে	২৮এ মে
২০৮	২রা মে	১৮ই এ
২০৯	১৬ই অ	৭ই এ, ১লা অ
২১০	১৩ই মা	২৮এ মা, ২০এ সে
২১১	২রা মা, ২৫এ আ	—
২১২	১ ই আ	৪ঠা ফে, ৩১এ জুলা
২১৩	৩রা আ	২৪এ জা, ২০এ জুলা
২১৪	—	১৩ই জা, ৯ই জুলা
২১৫	১৪ই জু	—
২১৬	২রা জু	১৯এ মে, ১২ই ন
২১৭	১৮ই অ	৮ই মে, ১লা ন
২১৮	১২ই এ, ৭ই অ	২৮এ এ, ২১এ অ
২১৯	২রা এ	১৮ই মা, ১১ই সে
২২০	২২এ মা	৬ই মা, ৩১এ আ
২২১	৫ই আ	২৪এ ফে, ২০এ আ
২২২	৩০এ জা, ২৫এ জুলা	—
২২৩	১৯এ জা	{৪ঠা জা, ৩০এ জু, ২৫এ ডি
২২৪	৮ই জা, ৪ঠা জু	১৮ই জু, ১৩ই ডি
২২৫	২৪এ মে, ১৭ই ন	৮ই জু
২২৬	৭ই ন	—
২২৭	—	১৯এ এ, ১২ই অ
২২৮	২৩এ মা	৭ই এ, ১লা অ
২২৯	১৩ই মা	—

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
২৩০	২৫এ আ	১৪ই ফে
২৩১	১৫ই আ	৪ঠা ফে, ১১ই আ
২৩২	১০ই জা, ২৯এ ডি	২৫এ জা, ১৯এ জুলা
২৩৩	২৫এ জু	—
২৩৪	১৪ই জু	৩০এ মে, ২৩এ ন
২৩৫	৩রা জু, ২৯এ অ	২০এ মে, ১২ই ন
২৩৬	২৩এ এ, ১৭ই অ	৮ই মে, ৩১এ অ
২৩৭	—	২২এ সে
২৩৮	২রা এ	১৮ই মা, ১১ই সে
২৩৯	১৬ই আ	৭ই মা, ১লা সে
২৪০	৫ই আ	১০ই ফে
২৪১	২৯এ জা	১৫ই জা, ১০ই জুলা
২৪২	১৫ই জু	৪ঠা জা, ২৯এ জু, ২৪এ ডি
২৪৩	৫ই জু	১৯এ জু
২৪৪	২৪এ মে	—
২৪৫	৭ই ন	২৯এ এ, ২২এ অ
২৪৬	৩রা এ	১৮ই এ, ১২ই অ
২৪৭	২৪এ মা	২রা অ
২৪৮	৪ঠা সে	২৬এ ফে, ২১এ আ
২৪৯	২৫এ আ	১৪ই ফে, ১০ই আ
২৫০	২০এ জা	৪ঠা ফে, ৩০এ জুলা
২৫১	৯ই জা, ৬ই জুলা	—
২৫২	২৪এ জু	৯ই জু, ৩রা ডি
২৫৩	১৩ই জু	৩০এ মে, ২২এ ন
২৫৪	৪ঠা মে, ২৯এ অ	১৯এ মে, ১২ই ন
২৫৫	২৩এ এ	৩রা অ
২৫৬	১২ই এ	২৮এ মা
২৫৭	২৬এ আ	১৭ই মা, ১১ই সে
২৫৮	১৬ই আ	৭ই মা
২৫৯	৬ই আ	২৬এ জা, ২১এ জুলা
২৬০	৩০এ জা	১৬ই জা, ১১ই জুলা
২৬১	১৫ই জু	৪ঠা জা, ২৯এ জু
২৬২	৪ঠা জু, ২৯এ ন	—
২৬৩	১৮ই ন	১০ই মে, ৩রা ন
২৬৪	১৪ই এ	২৮এ এ, ২২এ অ
২৬৫	৩রা এ	১৭ই এ, ১২ই অ
২৬৬	২৪এ মা, ১৬ই সে	৮ই মা
২৬৭	৫ই সে	২৬এ ফে, ২২এ আ
২৬৮	৩১এ জা	১৫ই ফে, ১০ই আ
২৬৯	১৬ই জুলা	—
২৭০	৫ই জুলা	২০এ জু, ১৫ই ডি
২৭১	২৪এ জু, ২০এ ন	১০ই জু, ৪ঠা ডি
২৭২	৮ই ন	৩০এ মে, ২২এ ন
২৭৩	—	৪ঠা মে, ১৩ই অ
২৭৪	২৪এ এ	৮ই এ, ৩রা অ

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
২৭৫	৭ই সে	২৯এ মা, ২২এ সে
২৭৬	৩রা মা, ২৬এ আ	১৭ই মা
২৭৭	২০এ ফে	৫ই ফে, ১লা আ
২৭৮	৯ই ফে	২৬এ জা, ২১এ জুলা
২৭৯	২৬এ জু, ২১এ ডি	১৫ই জা, ১১ই জুলা
২৮০	১৪ই জু, ৯ই ডি	—
২৮১	—	২১এ মে, ১৩ই ন
২৮২	২৫এ এ	১০ই মে, ৩রা ন
২৮৩	১৫ই এ, ৮ই অ	২৯এ এ, ২৩এ অ
২৮৪	৩রা এ, ২৬এ সে	—
২৮৫	১৬ই সে	৮ই মা, ১লা সে
২৮৬	১১ই ফে	২৬এ ফে, ২১এ আ
২৮৭	৩১এ জা, ২৭এ জুলা	১০ই আ
২৮৮	১৬ই জুলা	১লা জুলা, ২৫এ ডি
২৮৯	৫ই জুলা, ৩০এ ন	২০এ জু, ১৪ই ডি
২৯০	১৯এ ন	১০ই জু, ৩রা ডি
২৯১	১৫ই মে	২৫এ অ
২৯২	৪ঠা মে	১৯এ এ, ১৩ই অ
২৯৩	১৭ই সে	৮ই এ, ২রা অ
২৯৪	১৪ই মা, ৭ই সে	২৮এ মা
২৯৫	৩রা মা	১৭ই ফে
২৯৬	—	৬ই ফে, ৩১এ জুলা
২৯৭	৬ই জুলা, ৩১এ ডি	২৫এ জা, ২১এ জুলা
২৯৮	২৫এ জুন, ২০এ ডি	—
২৯৯	১০ই ডি	১লা জু, ২৪এ ন
৩০০	৫ই মে	২০এ মে, ১৩ই ন
৩০১	২৫এ এ	৯ই মে, ৩রা ন
৩০২	৮ই অ	—
৩০৩	২৭এ সে	১৯এ মা, ১২ই সে
৩০৪	২২এ ফে	৮ই মা, ৩১এ আ
৩০৫	১০ই ফে, ৭ই আ	২১এ আ
৩০৬	২৭এ জুলা	১২ই জুলা
৩০৭	১৬ই জুলা	৫ই জা, ২রা জুলা ২৫এ ডি
৩০৮	৩০এ ন	২০এ জুলা, ১৪ই ডি
৩০৯	২৫এ মে	৪ঠা ন
৩১০	১৫ই মে	৩০এ এ, ২৫এ অ
৩১১	—	১৯এ এ, ১৪ই, অ
৩১২	১৭ই সে	৮ই এ
৩১৩	৭ই সে	২৭এ ফে
৩১৪	৩রা মা	১৭ই ফে, ১২ই আ
৩১৫	১৮ই জুলা,	৬ই ফে, ১লা আ
৩১৬	৬ই জুলা, ৩১এ ডি	—
৩১৭	২০এ ডি	১১ই জু, ৫ই ডি
৩১৮	১৬ই মে	৩১এ মে, ২৪এ ন
৩১৯	৬ই মে	২০এ মে, নই ১৪

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৩২০	২৫এ এ, ১৮ই অ	——
৩২১	৮ই অ	৩০এ মা, ২৩এ সে
৩২২	৪ঠা মা	১৯এ মা, ১২ই সে
৩২৩	২১এ ফে	১লা সে
৩২৪	৬ই আ	২২এ জুলা
৩২৫	২৬এ জুলা, ২২এ ডি	১৬ই জা, ১২ই জুলা
৩২৬	১১ই ডি	৫ই জা, ১লা জুলা, ২৫এ ডি
৩২৭	৬ই জু	——
৩২৮	২৫এ মে	১০ই মে, ৪ঠা ন
৩২৯	৯ই অ	২৯এ এ, ২৪এ অ
৩৩০	২৮এ সে	১৯এ এ, ১৩ই অ
৩৩১	২৫এ মা	১০ই মা
৩৩২	১৩ই মা	২৮এ ফে, ২২এ আ
৩৩৩	২৮এ জুলা	১৬ই ফে, ১২ই আ
৩৩৪	১৭ই জুলা	১লা আ
৩৩৫	১১ই জা	২২এ জু, ১৫ই ডি
৩৩৬	২৭এ মে	১০ই জু, ৫ই ডি
৩৩৭	১৬ই মে	৩১এ মে, ২৪এ ন
৩৩৮	৬ই মে	——
৩৩৯	১৯এ অ	১০ই এ, ৪ঠা অ
৩৪০	১৪ই মা	৩০এ মা, ২২এ সে
৩৪১	৪ঠা মা	১৯এ মা, ১১ই সে
৩৪২	১৭ই আ	৩রা আ
৩৪৩	৬ই আ	২৭এ জা, ২৩এ জুলা
৩৪৪	২রা জা, ২১এ ডি	১৬ই জা, ১২ই জুলা
৩৪৫	১৬ই জু	৪ঠা জা
৩৪৬	৬ই জু	২১এ মে, ১৫ই ন
৩৪৭	১০ই অ	১১ই মে, ৪ঠা ন
৩৪৮	৯ই অ	২৯এ এ, ২৩এ অ
৩৪৯	৪ঠা এ	২১এ মা
৩৫০	২৪এ মা	১০ই মা, ২রা সে
৩৫১	৮ই আ	২৭এ ফে, ২৩এ আ
৩৫২	২রা ফে, ২৭এ জুলা	১২ই আ
৩৫৩	২২এ জা, ১৭ই জুলা	৩রা জুলা, ২৬এ ডি
৩৫৪	১১ই জা, ৭ই জু	২২এ জু, ১৬ই ডি
৩৫৫	১৮ই মে	১১ই জু, ৬ই ডি
৩৫৬	১৬ই মে, ৯ই ন	——
৩৫৭	২৯এ অ	২০এ এ, ১৪ই অ
৩৫৮	২৬এ মা	১০ই এ, ৩রা অ
৩৫৯	১৩ই মা	৩১এ মা, ২৩এ সে
৩৬০	২৮এ আ	১৩ই আ
৩৬১	১৭ই আ	৬ই ফে, ৩রা আ
৩৬২	—	২৬এ জা, ২৩এ জুলা
৩৬৩	২রা জা	১৬ই জা
৩৬৪	১৬ই জু	১লা জু, ২৬এ ন

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৩৬৫	৬ই জু	২১এ মে, ১৫ই ন
৩৬৬	২০এ অ	১১ই মে, ৪ঠা ন
৩৬৭	১৫ই এ, ১০ই অ	——
৩৬৮	৩রা এ	২১এ মা, ১৩ই সে
৩৬৯	—	১০ই মা, ২রা সে
৩৭০	৮ই আ	——
৩৭১	২রা ফে, ২৮এ জুলা	১৪ই জুলা
৩৭২	২২এ জা	৭ই জুলা ২রা জুলা ২৬এ ডি
৩৭৩	৭ই জুলা	২১এ জু, ১৬ই ডি
৩৭৪	২৭এ মে, ২০এ ন	——
৩৭৫	১০ই ন	২রা মে, ২৬এ অ
৩৭৬	—	২০এ এ, ১৪ই অ
৩৭৭	২৫এ মা	১০ই এ, ৩রা অ
৩৭৮	১৫ই মা, ৮ই সে	——
৩৭৯	২৮এ আ	১৭ই ফে, ১৪ই আ
৩৮০	২৪এ জা	৭ই ফে, ২রা আ
৩৮১	১২ই জা, ৮ই জুলা	২৬এ জা
৩৮২	২৭এ জু	১২ই জু, ৭ই ডি
৩৮৩	১১ই ন	১লা জু, ২৬এ ন
৩৮৪	৩১এ অ	২১এ মে, ১৪ই ন
৩৮৫	—	——
৩৮৬	১৫ই এ	১লা এ, ২৪এ সে
৩৮৭	৩০এ আ	২১এ মা, ১৪ই সে
৩৮৮	১৮ই আ	৯ই মা, ২রা সে
৩৮৯	১২ই ফে	——
৩৯০	—	১৭ই জা, ১৩ই জুলা
৩৯১	১৮ই জু	৭ই জা, ২রা জুলা, ২৭এ ডি
৩৯২	৭ই জু	——
৩৯৩	২০এ ন	১২ই মে, ৫ই ন
৩৯৪	১৬ই এ	২রা মে, ২৫এ অ
৩৯৫	৬ই এ	২১এ এ, ১৪ই অ
৩৯৬	—	——
৩৯৭	—	২৮এ ফে, ২৪এ আ
৩৯৮	৩রা ফে	১৭ই ফে, ১৪ই আ
৩৯৯	২৩এ জা, ১৯এ জুলা	৭ই ফে
৪০০	৮ই জুলা	২২এ জু, ১৭ই ডি
৪০১	২৭এ জু	১২ই জু, ৬ই ডি,
৪০২	১১ই ন	১লা জু, ২৫এ ন,
৪০৩	৭ই মে, ৩১এ অ	——
৪০৪	২৫এ এ	১১ই এ, ৪ঠা অ,
৪০৫	১৫ই এ, ৯ই সে	৩১এ মা, ২৪এ সে,
৪০৬	৬ই মা, ২৯এ আ	২০এ মা, ১৪ই সে,
৪০৭	২৪এ ফে, ১৯এ আ	——
৪০৮	১৩ই ফে	২৯এ জা, ২৪এ জুলা

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৪০৯	২৯এ জু	১৭ই জা, ১৩ই জুলা
৪১০	১৮ই জু, ১২ই ডি	৭ই জা
৪১১	—	২৩এ মে, ১৬ই ন
৪১২	২৭এ এ	১২ই মে, ৪ঠা ন
৪১৩	১৬ই এ	২রা মে, ২৫এ অ
৪১৪	৬ই এ, ৩০এ সে	—
৪১৫	১৯এ সে	১১ই মা, ৫ই সে
৪১৬	—	২৮এ ফে, ২৪এ আ
৪১৭	৩রা ফে	১৭ই ফে, ১৩ই আ
৪১৮	১৯এ জুলা	২৯এ ডি
৪১৯	৮ই জুলা, ৩রা ডি	২৩এ, জুলা ১৮ই ডি
৪২০	—	১২ই জু, ৬ই ডি
৪২১	১৭ই মে, ১১ই ন	—
৪২২	৬ই মে	২২এ এ, ১৬ই অ
৪২৩	২৬এ এ	১২ই এ, ৫ই অ
৪২৪	৯ই সে	৩১এ মা, ২৪এ সে
৪২৫	৬ই মা, ২৯এ আ	—
৪২৬	২৩এ ফে	৮ই ফে, ৪ঠা আ
৪২৭	১০ই জুলা	২৯এ জা, ২৪এ জুলা
৪২৮	২২এ ডি	১৮ই জা, ১২ই জুলা
৪২৯	১২ই ডি	৩রা জু, ২৭এ ন
৪৩০	—	২৩এ মে, ১৬ই ন
৪৩১	২৭এ এ	১৩ই মে, ৫ই ন
৪৩২	১৬ই এ, ১০ই অ	—
৪৩৩	২৯এ সে	২১এ মা, ১৫ই সে
৪৩৪	২৫এ ফে	১১ই মা, ৪ঠা সে
৪৩৫	১৪ই ফে	২৮এ ফে, ২৪এ আ
৪৩৬	৩রা ফে, ২৯এ জুলা	—
৪৩৭	১০ই ডি, ১৯এ জুলা	৮ই জা, ৩ জুলা, ২৮এ ডি
৪৩৮	৩রা ডি	২৩এ জু, ১৭ই ডি
৪৩৯	—	—
৪৪০	১৭ই মে	৩রা মে, ২৬এ অ
৪৪১	৬ই মে, ১লা অ	২২এ এ, ১৬ই অ
৪৪২	২০এ সে,	১১ই এ, ৫ই অ
৪৪৩	১৭ই মা	—
৪৪৪	—	১৯এ ফে, ১৪ই আ
৪৪৫	২০এ জুলা	৮ই ফে, ৩রা আ
৪৪৬	১০ই জুলা	২৮এ জা, ২৪এ জুলা
৪৪৭	২৯এ জু, ২৩এ ডি	১৪ই জু, ৮ই ডি
৪৪৮	—	৩রা জু, ২৬এ ন
৪৪৯	৮ই মে,	২৩এ মে, ১৬ই ন
৪৫০	—	—
৪৫১	—	২রা এ, ২৬এ সে
৪৫২	৭ই মা	২১এ মা, ১৫ই সে
৪৫৩	২৪এ ফে	১১ই মা, ৪ঠা সে
৪৫৪	১৩ই ফে, ১০ই আ	—
৪৫৫	৩০এ জুলা	১৯এ জা, ১৫ই জুলা
৪৫৬	১৩ই ডি	৯ই জা, ৩রা জুলা, ২৭এ ডি
৪৫৭	৮ই জু, ৩রা ডি	—
৪৫৮	২৮এ মে	১৪ই মে, ৬ই ন
৪৫৯	১৮ই মে, ১২ই অ	৩রা মে, ২৭এ অ
৪৬০	৩০এ সে	২১এ এ, ১৬ অ
৪৬১	২৭এ মা, ২০এ সে	—
৪৬২	১৭ই মা	২রা মা, ২৫এ আ
৪৬৩	১লা আ	১৯এ ফে, ১৫ই আ
৪৬৪	২০এ জুলা	৯ই ফে, ৩রা আ
৪৬৫	১৩ই জা, ৯ই জুলা	২৪এ জু, ১৮ই ডি
৪৬৬	২রা জা	১৪ই জু, ৭ই ডি
৪৬৭	১৯এ মে	৩রা জু, ২৭এ ন
৪৬৮	৮ই মে, ১লা ন	—
৪৬৯	২১এ অ	১২ই এ, ৭ই অ
৪৭০	১০ই অ	১লা এ, ২৬এ সে
৪৭১	৭ই মা	২২এ মা, ১৫ই সে
৪৭২	২০এ আ	—
৪৭৩	৯ই আ	৩০এ জা, ২৫এ জুলা
৪৭৪	৪ঠা জা	১৯এ জা, ১৫ই জুলা
৪৭৫	১৯এ জু	৮ই জা, ৪ঠা জুলা
৪৭৬	৭ই জু	২৪এ মে, ১৭ই ন
৪৭৭	২৮এ মে	১৩ই মে, ৬ই ন
৪৭৮	১২ই অ	২রা মে, ২৭এ অ
৪৭৯	৮ই এ, ১লা অ	—
৪৮০	২৭এ মা	১২ই মা, ৫ই সে
৪৮১	১১ই আ	২রা মা, ২৫এ আ
৪৮২	৩১এ জুলা	১৯এ ফে, ১৪ই আ
৪৮৩	২৪এ আ	৬ই জুলা, ৩০এ ডি
৪৮৪	১৪ই জা	২৪এ জু, ১৮ই ডি
৪৮৫	২৯এ মে	১৪ই জু, ৭ই ডি
৪৮৬	১৯এ মে, ১২ই ন	—
৪৮৭	১লা ন	২৩এ এ, ১৮ই অ
৪৮৮	২৯এ মা	১২ই এ, ৬ই অ
৪৮৯	১৮ই মা	১লা এ, ২৫এ সে
৪৯০	৭ই মা	—
৪৯১	২১এ আ	১০ই ফে, ৫ই আ
৪৯২	১৫ই জা	৩০এ জা, ২৫এ জুলা
৪৯৩	৪ঠা জা	১৮ই জা, ১৫ই জুলা
৪৯৪	১৯এ জু	৫ই জু, ২৮এ ন
৫৯৫	৮ই জু, ৩রা ন	২৫এ মে, ১৮ই ন
৪৯৬	২২এ অ	১৩ই মে, ৬ই ন
৪৯৭	১৮ই এ	—
৪৯৮	৭ই এ	২৩এ মা, ১৬ই সে

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৪৯৯	২২এ আ	১৩ই মা, ৫ই সে
৫০০	১০ই আ	১লা মা, ২৫এ আ
৫০১	৩১এ জুলা	——
৫০২	—	৯ই জা, ৬ই জুলা, ২৯এ ডি
৫০৩	১০ই জু	২৫এ জু, ১৯এ ডি
৫০৪	২৯এ মে	——
৫০৫	—	৪ঠা মে, ২৮এ অ
৫০৬	৯ই এ	২৮এ এ, ১৮ই অ
৫০৭	৩১এ মা	১৩ই এ, ৭ই অ
৫০৮	১৭ই মা, ১১ই সে	——
৫০৯	৩১এ আ	২০এ ফে, ১৬ই আ
৫১০	—	৯ই ফে, ৫ই আ
৫১১	১৫ই জা	২৯এ জা, ২৬এ জুলা
৫১২	২৯এ জু	১৫ই জু, ৯ই ডি
৫১৩	১৯এ জু	৪ঠা জু, ২৮এ ন
৫১৪	২রা ন	২৪এ মে, ১৮ই ন
৫১৫	২৩এ অ	——
৫১৬	১৮ই এ	৩রা এ, ২৬এ সে
৫১৭	৭ই এ	২৩এ মা, ১৫ই সে
৫১৮	২২এ আ	১৩ই মা, ৫ই সে
৫১৯	১৬ই ফে, ১১ই আ	——
৫২০	৫ই ফে	২০এ জা, ১৬ই জুলা
৫২১	২০এ জু	৮ই জা, ৫ই জুলা, ২৯এ ডি
৫২২	১০ই জু, ৪ঠা ডি	——
৫২৩	২৩এ ন	১৫ই মে, ৯ই ন
৫২৪	১১ই ন	৩রা মে, ২৮এ অ
৫২৫	—	২৩এ এ, ১৭ই অ
৫২৬	২২এ সে	——
৫২৭	১১ই সে	৪ঠা মা, ২৭এ আ
৫২৮	৬ই ফে	২১এ ফে, ১৬ই আ
৫২৯	২৫এ জা	৯ই ফে, ৫ই আ
৫৩০	১৫ই জা, ১০ই জুলা	২০এ ডি
৫৩১	৩০এ জু	১৫ই জু, ১০ই ডি
৫৩২	১৩ই ন	৩রা জু, ২৮এ ন
৫৩৩	১০ই মে	——
৫৩৪	২৯এ এ	১৪ই এ, ৮ই অ
৫৩৫	১৮ই এ, ১৩ই সে	৪ঠা এ, ২৭এ সে
৫৩৬	১লা সে	২৩এ মা, ১৫ই সে
৫৩৭	২৫এ ফে, ২১এ আ	——
৫৩৮	১৫ই ফে	৩১এ জা, ২৭এ জুলা
৫৩৯	১লা জুলা	২০এ জা, ১৭ই জুলা
৫৪০	২০এ জুলা, ১৪ই ডি	৯ই জা, ৫ই জুলা
৫৪১	৩রা ডি	২৫এ মে, ১৯এ ন
৫৪২	—	১৫ই মে, ৮ই ন

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৫৪৩	২০এ এ	৪ঠা মে, ২৮এ অ
৫৪৪	৮ই এ	——
৫৪৫	২২এ সে	১৪ই মা, ৬ই সে
৫৪৬	১৬ই ফে	৩রা মা, ২৭এ আ
৫৪৭	৬ই ফে	২০এ ফে, ১৭ই আ
৫৪৮	২১এ জুলা	৩০এ ডি
৫৪৯	১০ই জুলা, ৫ই ডি	২৫এ জু, ২০এ ডি
৫৫০	২৪এ ন	১৫ই জ, ৯ই ডি
৫৫১	২১এ মে	৪ঠা জু
৫৫২	৯ই মে	২৪এ জু, ১৮ই অ
৫৫৩	২৩এ সে	১৪ই এ, ৭ই অ
৫৫৪	—	৩রা এ, ২৭এ সে
৫৫৫	—	——
৫৫৬	২৬এ ফে	১১ই ফে, ৬ই আ
৫৫৭	১৫ই ফে, ১২ই জুলা	৩০এ জা, ২৭এ জুলা
৫৫৮	১লা জুলা	২০এ জা, ১৬ই জুলা
৫৫৯	—	৩০এ ন, ২১এ জু
৫৬০	৩রা ডি	২৫এ মে, ১৯এ ন
৫৬১	৩০এ এ	১৫ই মে, ৮ই ন
৫৬২	১৯এ এ, ১৪ই অ	——
৫৬৩	৩রা অ,	২৫এ মা, ১৮ই সে
৫৬৪	২৮এ ফে, ২১এ সে	১৩ই মা, ৬ই সে
৫৬৫	১৬ই ফে	২রা মা, ২৭এ আ
৫৬৬	১লা আ	——
৫৬৭	২২এ জুলা, ১৬ই ডি	১১ই জা, ৭ই জুলা, ৩১এ ডি
৫৬৮	—	২৫এ জু, ২০এ ডি
৫৬৯	৩১এ মে, ২৪এ ন	২৪এ জু
৫৭০	২০এ মে	৬ই মে, ২৯এ অ
৫৭১	৯ই মে	২৫এ এ, ১৮ই অ
৫৭২	২৩এ সে	১৪ই এ ৭ই অ
৫৭৩	১৯এ মা, ১২ই সে	——
৫৭৪	৯ই মা	২১এ ফে, ১৮ই আ
৫৭৫	২৩এ জুলা	১১ই ফে, ৭ই আ
৫৭৬	১২ই জুলা	৩১এ জু, ২৬ জুলা
৫৭৭	৫ই জা, ২৫এ ডি	১১ই ডি
৫৭৮	—	৫ই জু, ৩০এ ন
৫৭৯	১১ই মে	২৬এ মে, ১৯এ ন
৫৮০	২৯এ এ, ২৪এ অ	——
৫৮১	১৩ই অ	৫ই এ, ২৮এ সে
৫৮২	১০ই মা, ২রা অ,	২৫এ মা, ১৮ই সে
৫৮৩	২৮এ ফে	১৪ই মা, ৭ই সে
৫৮৪	১৭ই ফে, ১১ই আ	——
৫৮৫	১লা আ	২১এ জা, ১৭ই জুলা
৫৮৬	১৬ই ডি	১১ই জা, ৬ই জুলা ৩১এ ডি

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৫৮৭	১১ই জু, ৫ই ডি	২৫এ জু
৫৮৮	৩১এ মে,	১৬ই মে, ৯ই ন
৫৮৯	২০এ মে, ১৫ই অ	৬ই মে, ২৯এ অ
৫৯০	৪ঠা অ	২৫এ এ, ৮ই অ
৫৯১	৩০এ মা, ২৩এ সে	—
৫৯২	১৯এ মা	৪ঠা মা, ২৮এ আ
৫৯৩	২রা আ	২১এ ফে, ১৭ই আ
৫৯৪	২৩এ জুলা	১০ই ফে, ৬ই আ
৫৯৫	১৬ই জা, ১২ই জুলা	২২এ ডি
৫৯৬	৫ই জা, ২৫এ ডি	১৫ই জুন, ১০ই ডি
৫৯৭	২১এ মে	৫ই জু, ২৯এ ন
৫৯৮	১১ই মে	—
৫৯৯	৩০এ এ, ২৫এ অ	১৬ই এ, ৯ই অ
৬০০	—	৪ঠা এ, ২৮এ সে
৬০১	১০ই মা	২৪এ মা, ১৭ই সে
৬০২	২২এ আ	—
৬০৩	১২ই আ	১লা ফে, ২৮এ জুলা
৬০৪	৭ই জা, ১লা আ, ২৬এ ডি	২২এ জা, ১৬ই জুলা
৬০৫	২২এ জু, ১৬ই ডি	১১ই জা, ৬ই জুলা
৬০৬	১১ই জু	২৭এ মে, ২০এ ন
৬০৭	৩১এ মে, ২৬এ অ	১৭ই মে, ৯ই ন
৬০৮	—	৫ই মে, ২৯এ অ
৬০৯	১০ই এ	—
৬১০	৩০এ মা	১৫ই মা, ৮ই সে
৬১১	২০এ মা	৪ঠা মা, ২৯এ আ
৬১২	২রা আ	২২এ ফে, ১৭ই আ
৬১৩	২৩এ জুলা	—
৬১৪	—	১লা জা, ২৭এ জু, ২২এ ডি
৬১৫	৫ই জা, ২রা জু	১৬ই জু, ১১ই ডি
৬১৬	২১এ মে, ১৫ই ন	৫ই জু
৬১৭	১০ই মে, ৪ঠা ন	২৬এ এ, ২০এ অ
৬১৮	১লা এ, ২৪এ অ	১৫ই এ, ৯ই অ
৬১৯	২১এ মা	৪ঠা এ, ২৯এ সে
৬২০	১০ই মা, ২রা সে	—
৬২১	২২এ আ	১২ই ফে, ৮ই আ
৬২২	১৭ই জা, ১২ই আ	১লা ফে, ২৮এ আ
৬২৩	২৭এ ডি	২২এ জা, ১৭ই জুলা
৬২৪	২১এ জু	৬ই জু, ৩০এ ন
৬২৫	১০ই জু	২৭এ মে, ২০এ ন
৬২৬	২৬এ অ	১৭ই মে, ৯ই ন
৬২৭	২১এ এ, ১৫ই অ	—
৬২৮	১০ই এ	২৫এ মা, ১৯এ সে
৬২৯	৩০এ মা, ২৪এ আ	১৫ই মা, ৮ই সে
৬৩০	১৩ই আ	৪ঠা মা, ২৮এ অ

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৬৩১	৩রা আ	—
৬৩২	২৭এ জা	১৩ই জা, ৭ই জুলা
৬৩৩	১২ই জু	১লা জা, ২৭এ জু, ২১এ ডি
৬৩৪	১লা জু	১৬ই জু
৬৩৫	১৫ই ন	৭ই মে, ৩১এ অ
৬৩৬	১১ই এ, ৩রা ন	২৬এ এ, ২০এ অ
৬৩৭	১লা এ	১৫ই এ, ৯ই অ
৬৩৮	২১এ মা	—
৬৩৯	৩রা সে	২৩এ ফে, ১৯এ আ
৬৪০	—	১৩ই ফে, ৭ই আ
৬৪১	১৭ই জা	১লা ফে, ২৭এ জুলা
৬৪২	২রা জুলা	১২ই ডি
৬৪৩	২১এ জু	৭ই জু, ১লা ডি
৬৪৪	৫ই ন	২৭এ মে, ১৯এ ন
৬৪৫	১লা মে, ২৫এ অ	—
৬৪৬	২১এ এ	৫ই এ, ৩০এ সে
৬৪৭	৪ঠা সে	২৬এ মা, ১৯এ সে
৬৪৮	২৪এ আ	১৪ই মা, ৭ই সে
৬৪৯	১৭ই ফে, ১৩ই আ	—
৬৫০	৬ই ফে	২৩এ জা, ১৮ই জুলা
৬৫১	২৭এ জা, ২৩এ জু	১২ই জা, ৮ই জুলা
৬৫২	১১ই জু	১লা জা, ২৭এ জু
৬৫৩	১লা জু, ২৬এ ন	১৮ই মে, ১০ই ন
৬৫৪	—	৭ই মে, ৩১এ অ
৬৫৫	১২ই এ	২৬এ এ, ২১এ অ
৬৫৬	৩১এ মা, ২৩এ সে	—
৬৫৭	১৩ই সে	৫ই মা, ২৯এ আ
৬৫৮	৮ই ফে, ৩রা সে	২৩এ ফে, ১৮ই আ
৬৫৯	২৮এ জা	১৩ই ফে, ৮ই আ
৬৬০	১৮ই জা, ১৩ই জুলা	২২এ ডি
৬৬১	২রা জুলা	১৮ই জু, ১১ই ডি
৬৬২	—	৭ই জু, ১লা ডি
৬৬৩	—	—
৬৬৪	১লা মে	১৬ই এ, ১০ই অ
৬৬৫	২১এ এ	৫ই এ, ৩০এ সে
৬৬৬	৪ঠা সে	২৬এ মা, ১৯এ সে
৬৬৭	২৮এ ফে, ২৫এ আ	—
৬৬৮	১৭ই ফে	৩রা ফে, ২৯এ জুলা
৬৬৯	৬ই ফে	২৩এ জা, ১৮ই জুলা
৬৭০	২৩এ জু, ১৮ই ডি	১২ই জা, ৮ই জুলা
৬৭১	১২ই জু, ৭ই ডি	২২এ ন
৬৭২	২৫এ ন	১৭ই মে, ১০ই ন
৬৭৩	২২এ এ	৬ই মে, ৩১এ অ
৬৭৪	১২ই এ, ৫ই অ	—
৬৭৫	২৫এ সে	১৭ই মা, ৯ই সে

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৬৭৬	১৩ই সে	৫ই মা, ২৯এ আ
৬৭৭	—	২৩এ ফে, ১৮ই আ
৬৭৮	২৩এ জা, ২৪এ জুলা	—
৬৭৯	১৩ই জুলা	২রা জা, ২৯এ জু, ২৩এ ডি
৬৮০	২৭এ ন	১৭ই জু, ১১ই ডি
৬৮১	২৩এ মে, ১৬ই ন	৭ই জু
৬৮২	১২ই মে	২৭এ এ, ২২এ অ
৬৮৩	২রা মে	১৬ই এ, ১১ই অ
৬৮৪	১৪ই সে	৫ই এ, ২৯ সে
৬৮৫	৪ঠা সে	—
৬৮৬	২৮এ ফে	১৪ই ফে, ৯ই আ
৬৮৭	১৫ই জুলা	৩রা ফে, ৩০এ জুলা
৬৮৮	৩রা জুলা, ২৮এ ডি	২৩এ জা, ১৮ই জুলা
৬৮৯	২২এ জু, ১৭ই ডি	২রা ডি
৬৯০	৬ই ডি	২৮এ মে, ২২এ ন
৬৯১	৩রা মে	১৭ই মে, ১১ই ন
৬৯২	২২এ এ	৬ই মে
৬৯৩	৫ই অ	২৭এ মা, ২০এ সে
৬৯৪	—	১৭ই মা, ৯ই সে
৬৯৫	১৯এ ফে	৬ই মা, ২৯এ আ
৬৯৬	—	—
৬৯৭	২৩এ জুলা, ১৯এ ডি	১৩ই জা, ৯ই জুলা
৬৯৮	১৩ই জুলা, ৮ ডি	২রা জা, ২৯এ জু, ২২এ ডি
৬৯৯	৩রা জু, ২৭এ ন	১৮ই জু
৭০০	২৩এ মে	১লা ন
৭০১	১২ই মে	২৭এ এ, ২১এ অ
৭০২	২৬এ সে	১৬ই এ, ১০ই অ
৭০৩	২২এ মা	—
৭০৪	১০ই মা	২৫এ ফে, ১৯এ আ
৭০৫	২৮এ ফে, ২৫এ জুলা	১৩ই ফে, ৯ই আ
৭০৬	১৪ই জুলা	২রা ফে, ৩০এ জুলা
৭০৭	৪ঠা জুলা, ২৯এ ডি	১৩ই ডি
৭০৮	১৭ই ডি	৮ই জু, ৯রা ডি
৭০৯	১৪ই মে	২৮ মে, ২২এ ন
৭১০	৩রা মে, ২৭এ অ	১৭ই মে
৭১১	১৬ই অ	৭ই এ, ১লা অ
৭১২	৫ই অ	২৭এ মা, ১৯এ সে
৭১৩	১লা মা	১৭ই মা, ৯ই সে
৭১৪	১৯এ ফে, ১৫ই আ	—
৭১৫	৪ঠা আ	২৪এ জা, ২১এ জুলা
৭১৬	২৩এ জুলা	১৩ই জা, ৯ই জুলা
৭১৭	—	২রা জা, ২৮এ জু
৭১৮	৩রা জু	১২ই ন
৭১৯	২৪এ মে	৮ই মে, ২রা ন

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৭২০	৬ই অ	২৭এ এ, ২১এ অ
৭২১	১লা এ, ২৬এ সে	—
৭২২	২১এ মা	৭ই মা, ৩১এ আ
৭২৩	১১ই মা	২৪এ ফে, ২০এ আ
৭২৪	২৫এ জুলা	১৩ই ফে, ৯ই আ
৭২৫	১৯এ জা, ১৪ই জুলা	২৪এ ডি
৭২৬	৮ই জু, ২৮এ ডি	১৯এ জু, ১৩ই ডি
৭২৭	২৫এ মে	৮ই জু, ৩রা ডি
৭২৮	১৩ই মে, ৬ই ন	২৭এ মে
৭২৯	২৭এ অ	১৮ই এ, ১১ই অ
৭৩০	১৬ই অ	৭ই এ, ১লা অ
৭৩১	১২ই মা	২৮এ মা, ২০এ সে
৭৩২	১লা মা, ২৫এ আ	—
৭৩৩	১৪ই আ	৩রা ফে, ৩১ জুলা
৭৩৪	১০ই জা, ৩রা আ, ৩০ ডি	২৪এ জা, ২০এ জুলা
৭৩৫	১৯এ ডি	১৩ই জা, ৯ই জুলা
৭৩৬	—	২৩এ ন
৭৩৭	৩রা জু	১৮ই মে, ১২ই ন
৭৩৮	১৮ই অ	৮ই মে, ১লা ন
৭৩৯	৭ই অ	—
৭৪০	১লা এ	১৮ই মা, ১০ই সে
৭৪১	—	৭ই মা, ৩১এ আ
৭৪২	৫ই আ	২৪এ ফে, ২০এ আ
৭৪৩	৩০এ জা	—
৭৪৪	১৯এ জা	৪ঠা জা, ২৯এ জু, ২৪এ ডি
৭৪৫	৪ঠা জু	১৮ই জু, ১৩ই ডি
৭৪৬	২৫এ মে	৮ই জু
৭৪৭	১৪ই মে, ৭ই ন	২৯এ এ
৭৪৮	২৭এ অ	১৮ই এ, ১১ই অ
৭৪৯	২৩এ মা	৭ই এ, ৩০এ সে
৭৫০	—	—
৭৫১	২৫এ আ	১৫ই ফে, ১১ই আ
৭৫২	১৪ই আ	৪ঠা ফে, ৩১এ জুলা
৭৫৩	৯ই জা, ২৯এ ডি	২৪এ জা, ২০এ জুলা
৭৫৪	২৫এ জু	৪ঠা ডি
৭৫৫	১৪ই জু	৩০এ মে, ২৩এ ন
৭৫৬	২৮এ অ	১৮ই মে, ১১ই ন
৭৫৭	২৩এ এ	৮ই মে
৭৫৮	১২ই এ	২৯এ মা, ২১এ সে
৭৫৯	২রা এ	১৮ই মা, ১১ই সে
৭৬০	১৫ই আ	৬ই মা, ৩১এ আ
৭৬১	৫ই আ	—
৭৬২	৩০এ জা	১৫ই জা, ১০ই জুলা
৭৬৩	১৮ই জা, ১৬ই জু	৪ঠা জা, ৩০এ জু, ২৫এ ডি

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৭৬৪	৪ঠা জু, ২৮এ ন	১৮ই জু
৭৬৫	২৪এ মে	৯ই মে
৭৬৬	৭ই ন	২৯এ এ, ২২এ অ
৭৬৭	৩রা এ	১৮ই এ, ১২ই অ
৭৬৮	২৩এ মা	—
৭৬৯	৫ই সে	২৫এ ফে, ২২এ আ
৭৭০	২৫এ আ	১৪ই ফে, ১১ই আ
৭৭১	—	৪ঠা ফে, ৩১এ জুলা
৭৭২	৫ই জুলা	১৫ই ডি
৭৭৩	২৪এ জু	৯ই জু, ৪ঠা ডি
৭৭৪	—	৩০এ মে, ২৩এ ন
৭৭৫	৪ঠা মে, ২৯এ অ	১৯এ মে
৭৭৬	—	৮ই এ, ২রা অ
৭৭৭	১২ই এ	২৮এ মা, ২১এ সে
৭৭৮	২৬এ আ	১৭ই মা, ১১ই সে
৭৭৯	২১এ ফে, ১৬ই আ	—
৭৮০	১০ই ফে	২৬এ জা, ২১এ জুলা
৭৮১	২৯এ জা, ২৬এ জু	১৫ই জা, ১০ই জুলা
৭৮২	১৫ই জু	৪ঠা জা, ২৯এ জু
৭৮৩	২৯এ ন	—
৭৮৪	১৭ই ন	৯ই মে, ২রা ন
৭৮৫	১৩ই এ	২৯এ এ, ২২এ অ
৭৮৬	৩রা এ, ২৭এ সে	১২ই অ
৭৮৭	১৬ই সে	৮ই মা, ২রা সে
৭৮৮	—	২৬এ ফে, ২১এ আ
৭৮৯	৩১এ জা	১৪ই ফে, ১০ই আ
৭৯০	২০এ জা	২৬এ ডি
৭৯১	৬ই জুলা	২০এ জু, ১৫ই ডি
৭৯২	২৪এ জু, ১৯এ ন	৯ই জু, ৩রা ডি
৭৯৩	৮ই ন	৩০এ মে
৭৯৪	৪ঠা মে	১৩ই অ
৭৯৫	২৩এ এ	৯ই এ, ৩রা অ
৭৯৬	৬ই সে	২৮এ মা, ২১এ সে
৭৯৭	৩রা মা	—
৭৯৮	২০এ ফে	৫ই ফে, ১লা আ
৭৯৯	৯ই ফে, ৭ই জুলা	২৬এ জা, ২১এ জুলা
৮০০	২৬এ জু	১৫ই জা, ১০ই জুলা
৮০১	১৫ই জু, ৯ই ডি	—
৮০২	২৯এ ন	২১এ মে, ১৩ই ন
৮০৩	২৫এ এ	১০ই মে, ২রা ন
৮০৪	১৩ই এ	২২এ অ
৮০৫	৩রা এ, ২৬এ সে	১৯এ মা, ১২ই সে
৮০৬	১৬ই সে	৮ই মা, ১লা সে
৮০৭	১১ই ফে	২৬এ ফে, ২১এ আ
৮০৮	৩১এ জা, ২৭এ জুলা	—

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৮০৯	১৬ই জুলা	৫ই জা, ১লা জুলা, ২৫এ ডি
৮১০	৫ই জুলা, ৩০এ ন	২০এ জা, ১৪ই ডি
৮১১	—	১০ই জু
৮১২	১৪ই মে	২৩এ অ
৮১৩	৪ঠা মে	১৯এ এ, ১৩ই অ
৮১৪	১৭ই সে	৮ই এ, ৩রা অ
৮১৫	৭ই সে	২৮এ মা
৮১৬	২রা মা	১৭ই ফে, ১১ই আ
৮১৭	১৯এ ফে	৫ই ফে, ৩১এ জুলা
৮১৮	৭ই জুলা	২৬এ জা, ২১এ জুলা
৮১৯	২৬এ জু	—
৮২০	৯ই ডি	৩১এ মে, ২৩এ ন
৮২১	৫ই মে	২০এ মে, ১৩ই ন
৮২২	২৫এ এ	৯ই মে, ২রা ন
৮২৩	৮ই অ	২৪এ সে
৮২৪	২৬এ সে	১৮ই মা, ১২ই সে
৮২৫	—	৮ই মা ১লা সে
৮২৬	৭ই আ	—
৮২৭	২৭এ জুলা	১৭ই জা, ১২ই জুলা
৮২৮	১৫ই জুলা	৬ই জা, ১লা জু, ২৫এ ডি
৮২৯	৩০এ ন	২০এ জু
৮৩০	২৫এ মে	৪ঠা ন
৮৩১	১৫ই মে	৩০এ এ, ২৪এ অ
৮৩২	—	১৮ই এ, ১৩ই অ
৮৩৩	২৫এ মা, ১৭ই সে	৮ই এ
৮৩৪	১৪ই মা, ৭ই সে	২৭এ ফে
৮৩৫	৩রা মা	১৭ই ফে, ১২ই আ
৮৩৬	১৭ই জুলা	৬ই ফে, ৩১এ জুলা
৮৩৭	১০ই জা, ৬ই জুলা, ৩১এ ডি	—
৮৩৮	—	১১ই জু, ৫ই ডি
২৩৯	১৬ই মে	১লা জু, ২৪এ ন
৮৪০	৫ই মে, ২৯এ অ	২০এ মে, ১৩ই ন
৮৪১	২৫এ এ, ১৮ই অ	—
৮৪২	—	৩০এ মা, ২৩এ সে
৮৪৩	৫ই মা	১৯এ মা, ১২ই সে
৮৪৪	২২এ ফে	—
৮৪৫	৭ই আ	২৭এ জা, ২২এ জুলা
৮৪৬	২৭এ জুলা, ২২এ ডি	১৬ই জা, ১২ই জুলা
৮৪৭	১১ই ডি	৫ই জা, ২রা জুলা
৮৪৮	৫ই জু	১৪ই ন
৮৪৯	২৫এ মে	১১ই মে, ৪ঠা ন
৮৫০	৯ই অ	৩০এ এ, ২৪এ অ
৮৫১	৫ই এ	১৯এ এ

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৮৫২	২৪এ মা, ১৭ই সে	৯ই মা
৮৫৩	১৩ই মা	২৭এ ফে, ২২এ আ
৮৫৪	২৮এ জু	১৬ই ফে, ১২ই আ
৮৫৫	১৭ই জুলা	—
৮৫৬	১১ই জা, ৩১এ ডি	২২এ জু, ১৫ই ডি
৮৫৭	২৭এ মে	২১এ জু, ৫ই ডি
৮৫৮	—	৩১এ মে, ২৪এ ন
৮৫৯	৬ই মে, ২৯এ অ	—
৮৬০	১৮ই অ	৯ই এ, ৩রা অ
৮৬১	১৫ই মা	৩০এ মা, ২২এ সে
৮৬২	৪ঠা মা, ২৯এ আ	১৯এ মা, ১১ই সে
৮৬৩	১৮ই আ	৭ই ফে, ৩রা আ
৮৬৪	৬ই আ	২৭এ জা, ২২এ জুলা
৮৬৫	১লা জা, ২১এ ডি	১৫ই জা, ১২ই জুলা
৮৬৬	১৬ই জু	২৬এ ন
৮৬৭	৬ই জু	২২এ মে, ১৫ই ন
৮৬৮	১৯এ অ	১০ই মে, ৪ঠা ন
৮৬৯	৯ই অ	২৯এ এ
৮৭০	—	২১এ মা
৮৭১	২৪এ মা	১০ই মা, ২রা সে
৮৭২	৮ই আ	২৮এ ফে, ২২এ আ
৮৭৩	১লা ফে, ২৮এ জুলা	১২ই আ
৮৭৪	২১এ জা, ১৭ই জুলা	৩রা জুলা, ২৬এ ডি
৮৭৫	১১ই জা, ৭ই জু	২২এ জু, ১৬ই ডি
৮৭৬	২৭এ মে	১০ই জু, ৫ই ডি
৮৭৭	৯ই ন	—
৮৭৮	২৯এ অ	২০এ এ, ১৫ই অ
৮৭৯	২৬এ মা	১০ই এ, ৪ঠা অ
৮৮০	১৪ই মা, ৮ই সে	৩০এ মা, ২২এ সে
৮৮১	২৮এ আ	১০ই ফে, ১৩ই আ
৮৮২	১৭ই আ	৭ই ফে, ৩রা আ
৮৮৩	—	২৭এ জা, ২৩এ জুলা
৮৮৪	২রা জা, ২৬এ জু	১৬ই জা, ৬ই ডি
৮৮৫	১৬ই জু	১লা জু, ২৬এ ন
৮৮৬	৬ই জু	২১এ মে, ১৫ই ন
৮৮৭	২০এ অ	১১ই মে
৮৮৮	১৫ই এ, ৯ই অ	৩১এ মা
৮৮৯	৪ঠা এ	২১এ মা, ১৩ই সে
৮৯০	১৯এ আ	১০ই মা, ২রা সে
৮৯১	১২ই ফে	২৩এ আ
৮৯২	২রা ফে	১৩ই জুলা
৮৯৩	১৭ই জু	৬ই জা, ২রা জুলা, ২৬এ ডি
৮৯৪	৭ই জু	২২এ জু, ১৬ই ডি
৮৯৫	২৮এ মে, ২০এ ন	—
৮৯৬	—	১লা মে, ২৫এ অ

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৮৯৭	৫ই এ	২০এ এ, ১৪ই অ
৮৯৮	২৬এ মা	১০ই এ, ৩রা অ
৮৯৯	১৫ই মা	২৪এ আ
৯০০	—	১৮ই ফে, ১৩ই আ
৯০১	২৩এ জা	৬ই ফে, ৩রা আ
৯০২	১২ই জা, ৮ই জু	২৬এ জা, ১৭ই ডি
৯০৩	২৭এ জু	১২ই জু, ৭ই ডি
৯০৪	১৬ই জু, ১০ই ন	৩১এ মে, ২৫এ ন
৯০৫	—	২১এ মে
৯০৬	২৬এ এ	—
৯০৭	১৫ই এ	১লা এ, ২৪এ সে
৯০৮	২৯এ আ	২০এ মা, ১৩ই সে
৯০৯	১৮ই আ	২রা সে
৯১০	১২ই ফে	২৪এ জুলা
৯১১	২রা ফে	১৭ই জা, ১৪ই জুলা
৯১২	১৭ই জু	৭ই জা, ২রা জুলা, ২৬এ ডি
৯১৩	৭ই জু	—
৯১৪	২০এ ন	১২ই মে, ৫ই ন
৯১৫	১৭ই এ	২রা মে, ২৫এ অ
৯১৬	৫ই এ	২০এ এ, ১৩ই অ
৯১৭	১৯এ সে	—
৯১৮	৮ই সে	২৮এ ফে, ২৪এ অ
৯১৯	৩রা ফে	১৭ই ফে, ১৪ই আ
৯২০	২৪এ জা, ১৮ই জুলা	৭ই ফে, ২৮এ ডি
৯২১	৮ই জুলা	২৩এ জু, ১৭ই ডি
৯২২	২৭এ জু, ২১এ ন	১২ই জু, ৭ই ডি
৯২৩	১১ই ন	১লা জু
৯২৪	৬ই মে	—
৯২৫	২৫এ এ	১১ই এ, ৪ঠা অ
৯২৬	১০ই সে	১লা এ, ২৪এ সে
৯২৭	৬ই মা, ৩০এ আ	১৪ই সে
৯২৮	২৪এ ফে, ১৮ই আ	৪ঠা আ
৯২৯	১২ই ফে	২৭এ জা, ২৪এ জুলা
৯৩০	২৯এ জু	১৭ই জা, ১৩ই জুলা
৯৩১	১৮ই জু, ১২ই ডি	৭ই জা
৯৩২	৩০এ ন	২২এ মা, ১৬ই ন
৯৩৩	২৭এ এ	১২ই মে, ৫ই ন
৯৩৪	১৬ই এ, ১১ই অ	২রা মে, ২৫এ অ
৯৩৫	৬ই এ, ৩০এ সে	—
৯৩৬	১৮ই সে	১১ই মা, ৪ঠা সে
৯৩৭	১৩ই ফে	২৮এ ফে, ২৪এ আ
৯৩৮	৩রা ফে	১৭ই ফে
৯৩৯	১৯এ জুলা	৮ই জা, ৪ঠা জুলা, ২৯এ ডি
৯৪০	৮ই জুলা	২২এ জু, ১৭ই ডি

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৯৪১	২১এ ন	১২ই জু
৯৪২	১৭ই মে. ১১ই ন	—
৯৪৩	৭ই মে	২৩এ এ, ১৬ই অ
৯৪৪	২৫এ এ, ২০এ সে	১১ই এ, ৪ঠা অ,
৯৪৫	১৬ই মা, ৯ই সে	২৪এ সে
৯৪৬	৬ই মা, ২৯এ আ	—
৯৪৭	—	৮ই ফে, ৪ঠা আ
৯৪৮	৯ই জুলা	২৮এ জা, ২৩এ জুলা
৯৪৯	২৮এ জু, ২২এ ডি	১৭ই জা
৯৫০	১২ই ডি	৩রা জু, ২৭এ ন
৯৫১	৮ই মে	২৩এ মে, ১৬ই ন
৯৫২	২৬এ এ	১২ই মে, ৪ঠা ন
৯৫৩	১৬ই এ	—
৯৫৪	—	২২এ মা, ১৫ই সে
৯৫৫	—	১১ই মা, ৪ঠা সে
৯৫৬	১৪ই ফে, ৮ই আ	২৮এ ফে
৯৫৭	২৯এ জুলা	১৮ই জা
৯৫৮	১৯এ জুলা, ১৩ই ডি	৮ই জা, ৩রা জুলা, ২৮এ ডি
৯৫৯	২রা ডি	২৩এ জু
৯৬০	২৮এ মে	—
৯৬১	১৭ই মে	৩রা মে, ২৬এ অ
৯৬২	১লা অ,	২২এ এ, ১৫ই অ
৯৬৩	২০এ সে	১১ই এ, ৫ই অ
৯৬৪	১৬ই মা	—
৯৬৫	৬ই মা	১৮ই ফে, ১৫ই আ
৯৬৬	২০এ জুলা	৮ই ফে, ৪ঠা আ
৯৬৭	১০ই জুলা	২৮এ জা
৯৬৮	২২এ ডি	১৩ই জু, ৭ই ডি
৯৬৯	১৯এ মে	৩রা জু, ২৬এ ন
৯৭০	৮ই মে	২৩এ মে, ১৫ই ন
৯৭১	২৭এ এ, ২২এ অ	—
৯৭২	১০ই অ	১লা এ, ২৫এ সে
৯৭৩	৭ই মা	২১এ মা, ১৫ই সে
৯৭৪	২৫এ ফে, ২০এ আ	১১ই মা, ৪ঠা সে
৯৭৫	১০ই আ	—
৯৭৬	২৯এ জুলা	১৯এ জা, ১৪ই জুলা
৯৭৭	১৪ই ডি	৮ই জা, ৩রা জুলা, ২৮এ ডি
৯৭৮	৮ই জু	—
৯৭৯	২৮এ মে	৮৪ই মে, ৬ই ন
৯৮০	১৭ই মে	৩রা মে, ২৬এ অ
৯৮১	৩০এ সে	২২এ এ, ১৬ই অ
৯৮২	২৮এ মা, ২০এ সে	—
৯৮৩	১৭ই মা	১লা মা, ২৬এ আ
৯৮৪	৩০এ জুলা	১৯এ ফে, ১৪ই আ

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
৯৮৫	২০এ জুলা	৮ই ফে, ৩রা আ
৯৮৬	১৩ই জা	২৪এ জু, ১৯এ ডি
৯৮৭	—	১৪ই জু, ৮ই ডি
৯৮৮	১৮ই মে	২রা জু, ২৬এ ন
৯৮৯	৮ই মে, ১লা ন	—
৯৯০	২১এ অ	১২ই এ, ৭ই অ
৯৯১	১৮ই মা, ১০ই অ	১লা এ, ২৬এ সে
৯৯২	৭ই মা	২১এ মা, ১৪ই সে
৯৯৩	২৪এ ফে, ২০এ আ	—
৯৯৪	৯ই আ	৩০এ জা, ২৫এ জুলা
৯৯৫	৪ঠা জা	১৯এ জা, ১৪ই জুলা
৯৯৬	—	৮ই জা
৯৯৭	৭ই জুন	২৪এ মে, ১৭ই ন
৯৯৮	২৮এ মে, ২৩এ অ	১৪ই মে, ৬ই ন
৯৯৯	১২ই অ	৩রা মে, ২৭এ অ
১০০০	৭ই এ, ৩০এ সে	—
১০০১	—	১২ই মা, ৫ই সে
১০০২	১১ই আ	১লা মা, ২৫এ আ
১০০৩	৩১এ জুলা	১৯এ ফে, ১৪ই আ
১০০৪	২৪এ জা, ২০এ জুলা	৪ঠা জুলা, ২৯এ ডি
১০০৫	১৩ই জা	২৪এ জু, ১৮ই ডি
১০০৬	২৯এ মে	৭ই ডি
১০০৭	১৯এ মে	—
১০০৮	—	২৩এ এ, ১৭ই অ
১০০৯	২৯এ মা	১২ই এ, ৬ই অ
১০১০	১৮ই মা	১লা এ, ২৬এ সে
১০১১	৭ই মা, ৩১এ আ	—
১০১২	২০এ আ	১০ই ফে, ৪ঠা আ
১০১৩	১৪ই জা	২৯এ জা, ২৫এ জুলা
১০১৪	৪ঠা জা, ৩০এ জু	১৯এ জা, ১৪ই জুলা
১০১৫	১৯এ জু	৫ই জু, ২৮এ ন
১০১৬	৭ই জু, ২রা ন	২৪এ মে, ১৭ই ন
১০১৭	২২এ অ	১৩ই মে, ৬ই ন
১০১৮	১৮ই এ	—
১০১৯	২১এ আ	২৩এ মা, ১৬ই সে
১০২০	—	১২ই মা, ৪ঠা সে
১০২১	১১ই আ	১লা মা, ২৫এ আ
১০২২	৩১এ জুলা	১৬ই জুলা
১০২৩	২৪এ জা	৯ই জা, ৫ই জুলা, ২৯এ ডি
১০২৪	৯ই জু	২৪এ জু, ১৮ই ডি
১০২৫	২৯এ মে, ২৩এ ন	—
১০২৬	১২ই ন	৪ঠা মে, ২৮এ অ
১০২৭	৯ই এ, ১লা ন	২৩এ এ, ১৮ই অ
১০২৮	২৮এ মা	১২ই এ, ৬ই অ
১০২৯	১১ই সে	—

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১০৩০	৩১এ আ	২০এ ফে, ১৬ই আ
১০৩১	—	১০ই ফে, ৫ই আ
১০৩২	১৫ই জা, ১০ই জুলা	৩০এ জা, ২৫এ জুলা
১০৩৩	৪ঠা জা, ২৯এ জু	১৫ই জু, ৮ই ডি
১০৩৪	১৮ই জু	৪ঠা জু, ২৮এ ন
১০৩৫	—	২৪এ মে, ১৮ই ন
১০৩৬	২৯এ এ, ২২এ অ	——
১০৩৭	১৮ই এ	২রা এ, ২৭এ সে
১০৩৮	১লা সে	২৩এ মা, ১৬ই সে
১০৩৯	২২এ আ	১৩ই মা, ৫ই সে
১০৪০	১৫ই ফে	——
১০৪১	—	২০এ জা, ১৬ই জুলা
১০৪২	২০এ জু	{ ৯ই জা, ৫ই জুলা, ২৯এ ডি
১০৪৩	৯ই জু, ৪ঠা ডি	——
১০৪৪	২২এ ন	১৪ই মে, ৮ই ন
১০৪৫	১৯এ এ, ১১ই ন	৩রা মে, ২৮এ অ
১০৪৬	৯ই এ	২৩এ এ, ১৭ই অ
১০৪৭	২৯এ মা, ২২এ সে	——
১০৪৮	১০ই সে	৩রা মা, ৬ই আ
১০৪৯	৫ই ফে	২০এ ফে, ১৫ই আ
১০৫০	—	৯ই ফে, ৫ই আ
১০৫১	১৫ই জা, ১০ই জুলা	২৬এ জু, ২০এ ডি
১০৫২	২৯এ জু, ২৪এ ন	১৫ই জু, ৮ই ডি
১০৫৩	১৩ই ন	৪ঠা জু, ২৮এ ন
১০৫৪	১০ই মে	——
১০৫৫	২৯এ এ	১৪ই এ, ৮ই অ
১০৫৬	১২ই সে	২রা এ, ২৬এ সে
১০৫৭	—	২৩এ মা, ১৫ই সে
১০৫৮	২৫এ ফে, ২২এ আ	——
১০৫৯	১৫ই ফে	৩১এ জা, ২৭এ জুলা
১০৬০	৩০এ জু	২০এ জা, ১৬ই জুলা
১০৬১	২০এ জু	৮ই জা
১০৬২	—	২৫এ মে, ১৯এ ন
১০৬৩	১লা মে	১৫ই মে, ৮ই ন
১০৬৪	৮ই এ	৩রা মে, ২৮এ অ
১০৬৫	৪ঠা এ	——
১০৬৬	২২এ সে	১৪ই মা, ৬ই সে
১০৬৭	১৬ই ফে	৩রা মা, ২৭এ আ
১০৬৮	৬ই ফে	২১এ ফে, ১৫ই আ
১০৬৯	২১এ জুলা	৭ই জুলা, ৩০এ ডি
১০৭০	১০ই জুলা, ৫ই ডি	২৬এ জু, ২০এ ডি
১০৭১	২৪এ ন	১৫ই জু, ৯ই ডি
১০৭২	২০এ মে	——
১০৭৩	৯ই মে	২৪এ এ, ১৮ই অ
১০৭৪	২৯এ এ	১৪ই এ, ৭ই অ

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১০৭৫	১৩ই সে	৩রা এ, ২৭এ সে
১০৭৬	১লা সে	——
১০৭৭	২৫এ ফে	১০ই ফে, ৬ই আ
১০৭৮	১১ই জুলা	৩০এ জা, ২৭এ জুলা
১০৭৯	১লা জুলা, ২৬এ ডি	২০এ জা
১০৮০	২০এ জু, ১৪ই ডি	৫ই জু, ২৯এ ন
১০৮১	৩রা ডি	২৫এ মে, ১৯এ ন
১০৮২	৩০এ এ	১৪ই মে, ৮ই ন
১০৮৩	১৪ই অ	——
১০৮৪	২রা অ	২৪এ মা, ১৬ই সে
১০৮৫	—	১৪ই মা, ৬ই সে
১০৮৬	১৬ই ফে	৩রা মা, ২৭এ আ
১০৮৭	১লা আ	——
১০৮৮	২০এ জুলা	{ ১১ই জা, ৬ই জুলা, ৩০এ ডি
১০৮৯	—	২৫এ জু, ২০এ ডি
১০৯০	২৪এ ন	——
১০৯১	২১এ মে	৫ই মে, ৩০এ অ
১০৯২	৯ই মে	২৪এ এ, ১৮ই অ
১০৯৩	২৩এ সে	১৪ই এ, ৭ই অ
১০৯৪	১৯এ মা	——
১০৯৫	—	২২এ মা, ১৮ই আ
১০৯৬	২২এ জুলা	১১ই ফে, ৬ই আ
১০৯৭	—	৩০এ জা, ২৭এ জুলা
১০৯৮	{ ৫ই জা, ১লা জুলা, ২৫এ ডি	১১ই ডি
১০৯৯	—	৫ই জু, ৩০এ ন
১১০০	১১ই মে	২৫এ মে, ১৮ই ন
১১০১	৩০এ এ, ২৪এ অ	——
১১০২	—	৫ই এ, ২৮এ সে
১১০৩	১০ই মা	২৫এ মা, ১৭ই সে
১১০৪	—	১৩ই মা, ৬ই সে
১১০৫	১৬ই ফে	——
১১০৬	১লা আ, ২৭এ ডি	২১এ জা, ১৭ই জুলা
১১০৭	১৬ই ডি	{ ১১ই জা, ৬ই জুলা, ৩১এ ডি
১১০৮	১১ই জু	২৫এ জু
১১০৯	৩১এ মে	১৬ই মা, ৯ই ন
১১১০	২০এ মে, ১৫ই অ	৫ই মে, ২৯এ অ
১১১১	—	১৫ই এ, ১৮ই অ
১১১২	২৯এ মা, ২২এ সে	——
১১১৩	১৯এ মা	৪ঠা মা, ২৮এ আ
১১১৪	২রা আ	২১এ ফে, ১৮ই আ
১১১৫	২৩এ জুলা	১০ই ফে, ৭ই আ
১১১৬	—	২১এ ডি
১১১৭	—	১৬ই জু, ১১ই ডি

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।		চন্দ্রগ্রহণ।
১১১৮	২২এ মে		৫ই জু, ৩০এ ন
১১১৯	১১ই মে		—
১১২০	২৪এ অ		১৫ই এ, ৮ই অ
১১২১	২০এ মা,	১৩ই অ	৪ঠা এ, ২৮এ সে
১১২২	১০ই মা		২৪এ মা, ১৭ই সে
১১২৩	২২এ আ		—
১১২৪	১১ই আ		১লা ফে, ২৮এ জুলা
১১২৫	৬ই জা,	২৬এ ডি	২১এ জা, ১৭ই জুলা
১১২৬	২২এ জু		১১ই জা, ৬ই জুলা
১১২৭	১১ই জুন		২৭এ মে, ২০এ ন
১১২৮	৩০এ মে,	২৫এ অ	১৬ই মে, ৮ই ন
১১২৯	১৫ই অ		৫ই মে, ২৯এ অ
১১৩০	৪ঠা অ		—
১১৩১	৩০এ মা		১৫ই মা, ৮ই সে
১১৩২	১৯এ মা		৩রা মা. ২৮এ আ
১১৩৩	২রা আ		২১এ ফে, ১৭ই আ
১১৩৪	২৭এ জা,	২৩এ জুলা	—
১১৩৫	১৬ই জা		১লা জা, ২৭এ জু, ২২এ ডি
১১৩৬	৫ই জা,	১লা জু	১৫ই জু, ১০ই ডি
১১৩৭	২১ এ মে,	১৫ই ন	৫ই জু
১১৩৮	৪ঠা ন		২৬এ এ, ২০এ অ
১১৩৯	—		১৬ই এ, ৯ই অ
১১৪০	২০এ মা		৪ঠা এ, ২৮এ সে
১১৪১	১০ই মা,	২রা সে	—
১১৪২	—		১২ই ফে, ৮ই আ
১১৪৩	১২ই আ		১লা ফে, ২৮এ জুলা
১১৪৪	৬ই জা,	২৬এডি	২২এ জা, ১৬ই জুলা
১১৪৫	২২এ জু		৬ই জা, ১লা ডি
১১৪৬	১১ই জু,	৬ই ন	২৭এ মে, ২০এ ন
১১৪৭	২৬এ অ		১৭ই মে, ৯ই ন
১১৪৮	২০এ এ,	১৪ই অ	—
১১৪৯	৯ই এ		২৬এ মা, ১৯এ সে
১১৫০	২৪এ আ		১৫ই মা, ৮ই সে
১১৫১	১৩ই আ		৪ঠা, ২৮এ আ
১১৫২	৭ই ফে,	২রা আ	—
১১৫৩	২৬এ জা		১২ই জা, ৭ই জুলা
১১৫৪	১২ই জু		১লা জা, ২৭এ জু, ২১এ ডি
১১৫৫	১লা জু,	২৬এ ন	১৬ই জু
১১৫৬	২১এ মে		৭ই মে, ৩০এ অ
১১৫৭	১১ই এ,	৪ঠা ন	২৬এ এ, ১৯এ অ
১১৫৮	—		১৫ই এ, ৯ই অ
১১৫৯	২১এ মা		—
১১৬০	২রা সে		১৩ই ফে, ১৮ই আ
১১৬১	২৮এ জা		১২ই ফে, ৭ই আ

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।		চন্দ্রগ্রহণ।
১১৬২	১৭ই জা		১লা ফে, ২৭এ জুলা
১১৬৩	৬ই জা,	৩রা জুলা	১৮ই জু, ১২ই ডি
১১৬৪	২১এ জু,	১৬ই ন	৬ই জু, ৩০এ ন
১১৬৫	—		২৭এ মে, ১৯এ ন
১১৬৬	১লা মে		—
১১৬৭	২১এ এ		৬ই এ, ৩০এ সে
১১৬৮	৯ই এ	৩রা সে	২৫এ মা, ১৯এ সে
১১৬৯	২৪এ আ		১৪ই মা, ৮ই সে
১১৭০	—		—
১১৭১	—		২৩এ জা, ১৮ই জুলা
১১৭২	২৭এ জা,	২৩এ জু	১৩ই জা
১১৭৩	১২ জু		১লা জা, ২৭এ জু
১১৭৪	১লা জু,	২৬এ ন	১৮ই মে, ১০ই ন
১১৭৫	১৫ই ন		৭ই মে, ৩১এ অ
১১৭৬	১১ই এ		২৫এ এ, ১৯এ অ
১১৭৭	২৩এ সে,		—
১১৭৮	১৩ই সে		৫ই মা, ৩০এ আ
১১৭৯	৮ই ফে,	৩রা সে	২৩এ ফে, ১৯এ আ
১১৮০	২৮এ জা,		১৩ই ফে, ৭ই আ
১১৮১	১৭ই জা,	১৩ই জুলা	২২এ ডি
১১৮২	২রা জুলা		১৮ই জু, ১১ই ডি
১১৮৩	১৭ই ন		৭ই জু, ১লা ডি
১১৮৪	৫ই ন		—
১১৮৫	১লা মে		১৬ই এ, ১০ই অ
১১৮৬	২১এ এ		৫ই এ, ৩০এ সে
১১৮৭	৪ঠা সে		২৬এ মা, ১৯এ সে
১১৮৮	২৯এ ফে,	২৪এ আ	—
১১৮৯	১৭ই ফে		৩রা ফে, ২৯এ জুলা
১১৯০	৬ই ফে,	৪ঠা জুলা	২৩এ জা, ১৮ই জুলা
১১৯১	২৩এ জু,	১৮ই ডি	১২ই জা, ৮ই জুলা
১১৯২	১১ই জু,	৬ই ডি	২৮এ মে, ২১এ ন
১১৯৩	—		১৮ই মে, ১০ই ন
১১৯৪	২২এ এ		৭ই মে, ৩১এ অ
১১৯৫	১২ই এ,	৫ই অ	—
১১৯৬	—		১৬ই মা, ৯ই সে
১১৯৭	১৩ই সে		৫ই মা, ২৯ আ.
১১৯৮	৭ই ফে		২৩এ ফে, ১৮ই আ
১১৯৯	২৮এ জা,	২৪এ জুলা	—
১২০০	১২ জুলা,	৮ই ডি	৩রা জা, ২৮এ জু, ২২এ ডি
১২০১	২৭এ ন		১৮ই জু, ১১ই ডি
১২০২	২৩এ মে		—
১২০৩	১২ই মে,		২৭এ এ, ২২এ অ
১২০৪	১লা মে		১৬ই এ, ১০ই অ
১২০৫	—		৫ই এ, ২৯এ সে
১২০৬	১১ই মা,	৪ঠা সে	—

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১২০৭	২৮এ ফে	১৪ই ফে, ৯ই আ
১২০৮	১৪ই জুলা	৩রা ফে, ২৯এ জুলা
১২০৯	৩রা জুলা, ২৮এ ডি	২২এ জা, ১৮ই জুলা
১২১০	১৭ই ডি	৯ই জু, ২রা ডি
১২১১	—	২৯এ মে, ২২এ ন
	২রা মে	১৭ই সে, ১০ই ন
১২১৩	২২এ এ	——
১২১৪	৫ই অ	২৭এ মা, ২০এ সে
১২১৫	২রা মা	১৭ই মা, ৯ই সে
১২১৬	১৯এ ফে	৫ই মা, ২৮এ আ
১২১৭	৭ই ফে, ৪ঠা আ	——
১২১৮	২৪এ জুলা, ১৯এ ডি	১৩ই জা, ৯ই জুলা
১২১৯	—	{ ২রা জা, ২৯এ জু, ২২এ ডি
১২২০	২রা জু	——
১২২১	২৩এ মে	৮ই মে, ১লা ন
১২২২	১২ই মে, ৬ই অ	২৭এ এ, ২২এ অ
১২২৩	২৬এ সে	১৬ই এ, ১১ই অ
১২২৪	২১এ মা	——
১২২৫	—	২৪এ ফে, ১৯এ আ
১২২৬	২৮এ ফে, ২৫এ জুলা	১৪ই ফে, ৯ই আ
১২২৭	১৫ই জুলা	৩রা ফে, ৩০এ জুলা
১২২৮	৩রা জুলা, ২৮এ ডি	১২ই ডি
১২২৯	—	৮ই জু, ২রা ডি
১২৩০	১৪ই মে	২৮এ মে, ২২এ ন
১২৩১	৩রা মে, ২৬এ অ	——
১২৩২	১৫ই অ	৬ই এ, ১লা অ
১২৩৩	৫ই অ	২৭এ মা, ২০এ সে
১২৩৪	১লা মা	১৭ই মা, ৯ই সে
১২৩৫	১৯এ ফে, ১৫ই আ	——
১২৩৬	৩রা আ	২৪এ জা, ২০এ জুলা
১২৩৭	১৯এ ডি	১২ই জা, ৯ই জুলা
১২৩৮	৮ই ডি	২রা জা, ২৯এ জু
১২৩৯	৩রা জু	১২ই ন
১২৪০	২৩এ মে	৭ই মে, ১লা ন
১২৪১	৬ই অ	২৭এ এ, ২১এ অ
১২৪২	২৬এ সে	——
১২৪৩	২২এ মা	৮ই মা, ৩১এ আ
১২৪৪	১০ই মা, ৫ই আ	২৫এ ফে, ১৯এ আ
১২৪৫	২৫এ জুলা	১৩ই ফে, ৯ই আ
১২৪৬	১৯এ জা, ১৪ই জুলা	২৪এ ডি
১২৪৭	৮ই জা	১৯এ জু, ১৩ই ডি
১২৪৮	২৪এ মে	৭ই জু, ২রা ডি
১২৪৯	১৪ই মে, ৬ই ন	২৮এ সে
১২৫০	—	১৮ই এ, ১২ই অ
১২৫১	১৬ই অ	৭ই এ, ১লা অ

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১২৫২	১১ই মা	২৭এ মা, ১৯এ সে
১২৫৩	১লা মা, ২৫এ আ	——
১২৫৪	১৪ই আ	৪ঠা ফে, ৩১এ জুলা
১২৫৫	১০ই জা, ২০এ ডি	২৪এ জা, ২০এ জুলা
১২৫৬	১৮ই ডি	১৩ই জা, ৯ই জুলা
১২৫৭	১৩ই জু	২৩এ ন
১২৫৮	৩রা জু	১৮ই মে, ১২ই ন
১২৫৯	—	৮ই মে, ১লা ন
১২৬০	১২ই এ, ৬ই অ	——
১২৬১	১লা এ	১৮ই মা, ১০ই সে
১২৬২	—	৭ই মা, ৩১এ আ
১২৬৩	৫ই আ	২৪এ ফে, ২০এ আ
১২৬৪	৩০এ জা	——
১২৬৫	১৯এ জা	{ ৩রা জা, ৩০এ জু, ২৪এ ডি
১২৬৬	৮ই জা, ৪ঠা জু	১৯এ জু, ১৩ই ডি
১২৬৭	২৫এ মে	৮ই জু
১২৬৮	১৩ই মে, ৬ই ন	২৮এ এ, ২২এ অ
১২৬৯	—	১৮ই এ, ১১ই অ
১২৭০	২৩এ মা	৭ই এ, ৩০এ সে
১২৭১	১২ই মা, ৬ই সে	——
১২৭২	২৫এ আ	১৫ই ফে, ১০ই আ
১২৭৩	২০এ জা, ১৪ই আ	৩রা ফে, ৩১এ জুলা
১২৭৪	—	২৩এ জা, ২০এ জুলা
১২৭৫	২৫এ জু	৪ঠা ডি
১২৭৬	১৩ই জু	২৯এ মে, ২৩এ ন
১২৭৭	২৮এ অ	১৮ই মে, ১২ই ন
১২৭৮	২৩এ এ	৮ই মে
১২৭৯	১২ই এ	২৯এ মা, ২১এ সে
১২৮০	১লা এ	১৮ই মা, ১০ই সে
১২৮১	১৫ই আ	৭ই মা, ৩১এ আ
১২৮২	৫ই আ	——
১২৮৩	৩০এ জা	১৪ই জা, ১১ই জুলা
১২৮৪	১৯এ জা, ১৫ই জু	{ ৪ঠা জা, ২৯এ জু, ২৪এ ডি
১২৮৫	৪ঠা জু, ২৮এ ন	১৮ই জু
১২৮৬	১৭ই ন	৯ই মে, ২রা ন
১২৮৭	৭ই ন	২৯এ এ, ২২এ অ
১২৮৮	২রা এ	১৮ই এ, ১১ই অ
১২৮৯	২৩এ মা, ১৬ই সে	——
১২৯০	৫ই সে	২৫এ ফে, ২২এ আ
১২৯১	২৫এ আ	১৪ই ফে, ১১ইআ
১২৯২	২১এ জা,	৪ঠা ফে, ৩০এ জুলা
১২৯৩	৯ই জা, ৪ই জুলা	১৫ই ডি
১২৯৪	২৫এ জু	৯ই জু, ৪ঠা ডি
১২৯৫	৮ই ন	৩০এ মে, ২৩এ ন

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১২৯৬	২৮এ অ	১৮ই মে
১২৯৭	২৩এ এ	৯ই এ, ২রা অ
১২৯৮	১২ই এ	২৯এ মা, ২১এ সে
১২৯৯	২৭এ আ	১৮ই মা, ১১ই সে
১৩০০	২১এ ফে, ১৫ই আ	——
১৩০১	৯ই ফে	২৫এ জা, ২১এ জুলা
১৩০২	২৬এ জু	১৪ই জা, ১০ই জুলা
১৩০৩	১৫ই জু, ৯ই ডি	৪ঠা জা, ২৯এ জু
১৩০৪	৪ঠা জু, ২৮এ ন	২০এ মে, ১৩ই ন
১৩০৫	১৭ই ন	৯ই মে, ২রা ন
১৩০৬	১৩ই এ	২৯এ এ, ২২এ অ
১৩০৭	৩রা এ	——
১৩০৮	১৫ই সে	৮ই মা, ১লা সে
১৩০৯	১১ই ফে	২৫এ ফে, ২১এ আ
১৩১০	৩১এ জা	১৪ই ফে, ১১ই আ
১৩১১	২০এ জা, ১৬ই জুলা	২৬এ ডি
১৩১২	৫ই জুলা	১৯এ জু, ১৪ই ডি
১৩১৩	—	৯ই জু, ৩রা ডি
১৩১৪	১৫ই মে, ৮ই ন	৩০এ মে
১৩১৫	৪ঠা মে	২০এ এ, ১৩ই অ
১৩১৬	২২এ এ	৮ই এ, ২রা অ
১৩১৭	৬ই সে	২৮এ মা, ২১এ সে
১৩১৮	৩রা মা	——
১৩১৯	২১এ ফে	৫ই ফে, ১লা আ
১৩২০	১০ই ফে, ৬ জুলা	২৬এ জা, ২০এ জুলা
১৩২১	২৬এ জু	১৪ই জা, ১০ই জুলা
১৩২২	১৫ই জু, ৯ই ডি	২৪এ ন
১৩২৩	২৯এ ন	২১এ মে, ১৩ই ন
১৩২৪	২৪এ এ	৯ই মে, ১লা ন
১৩২৫	১৩ই এ, ৭ই অ	——
১৩২৬	২৬এ সে	১৯এ মা, ১২ই সে
১৩২৭	১৬ই সে	৮ই মা, ২রা সে
১৩২৮	—	২৫এ ফে, ২১এ আ
১৩২৯	২৭এ জুলা	——
১৩৩০	১৬ই জুলা	৫ই জা, ১লা জুলা, ২৬এ ডি
১৩৩১	৩০এ ন	২০এ জু, ১৫ই ডি
১৩৩২	২৫এ মে	৯ই জু
১৩৩৩	১৪ই মে	৩০এ এ, ২৩এ অ
১৩৩৪	৪ঠা মে	১৯এ এ, ১৩ই অ
১৩৩৫	—	৮ই এ, ৩রা অ
১৩৩৬	৬ই সে	——
১৩৩৭	৩রা মা	১৫ই ফে, ১২ই আ
১৩৩৮	২০এ ফে, ১৮ই জুলা	৫ই ফে, ১লা আ
১৩৩৯	৭ই জুলা, ৩১এ ডি	২৬এ জা, ২১এ জুলা
১৩৪০	—	৪ঠা ডি

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৩৪১	৯ই ডি	৩১এ মে, ২৩এ ন
১৩৪২	৫ই মে	২১এ মে, ১৩ই ন
১৩৪৩	২৫এ এ, ১৯এ অ	——
১৩৪৪	৭ই অ	২৯এ মা, ২৩এ সে
১৩৪৫	২৬এ সে	১৮ই মা, ১২ই সে
১৩৪৬	২২এ ফে	৮ই মা, ১লা সে
১৩৪৭	১১ই ফে, ৭ই আ	——
১৩৪৮	২৬এ জুলা	১৭ই জা, ১১ই জুলা
১৩৪৯	১০ই ডি	৫ই জা, ১লা জুলা, ২৫এ ডি
১৩৫০	৩০এ ন	২০এ জু
১৩৫১	—	৪ঠা ন
১৩৫২	১৪ই মে	৩০এ এ, ২৩এ অ
১৩৫৩	২৮এ সে	১৯এ এ, ১৩ই অ
১৩৫৪	২৫এ মা, ১৭ই সে	——
১৩৫৫	১৪ই মা, ৬ই সে	২৭এ ফে, ২৩এ আ
১৩৫৬	২৮এ জুলা	১৬ই ফে, ১১ই আ
১৩৫৭	১৭ই জুলা	৫ই ফে, ৩১এ জুলা
১৩৫৮	১০ই জা, ৭ই জুলা, ৩১এ ডি	১৬ই ডি
১৩৫৯	—	১১ই জু, ৫ই ডি
১৩৬০	১৫ই মে	৩১এ মে, ২৩এ ন
১৩৬১	৫ই মে	২০এ মে
১৩৬২	১৮ই অ	৪ঠা অ
১৩৬৩	—	৩০এ মা, ২৩এ সে
১৩৬৪	৪ঠা মা	১৮ই মা, ১২ই সে
১৩৬৫	২১এ ফে	——
১৩৬৬	৭ই আ	২৭এ জা, ২২এ জুলা
১৩৬৭	২৭এ জুলা, ২২এ ডি	১৬ই জা, ১২ই জুলা
১৩৬৮	১০ই ডি	৫ই জা, ১লা জুলা
১৩৬৯	৫ই জু	১৪ই ন
১৩৭০	২৫এ মে	১১ই মে, ৪ঠা ন
১৩৭১	৯ই অ	৩০এ এ, ২৪এ অ
১৩৭২	৪ঠা এ, ২৭এ সে	——
১৩৭৩	২৪এ মা, ১৭ই সে	৯ই মা, ২রা সে
১৩৭৪	১৪ই মা, ৮ই আ	২৭এ ফে, ২২এ আ
১৩৭৫	২৯এ জুলা	১৬ই ফে, ১২ই আ
১৩৭৬	১৭ই জুলা	২৬এ ডি
১৩৭৭	১০ই জা, ৩১এ ডি	২২এ জু, ১৫ই ডি
১৩৭৮	২৭এ মে	১১ই জু, ৪ঠা ডি
১৩৭৯	১৬ই মে	৩১এ মে, ২৪এ ন
১৩৮০	৫ই মে	১৪ই অ
১৩৮১	১৮ই অ	৯ই এ, ৪ঠা অ
১৩৮২	—	২৯এ মা, ২৩এ সে
১৩৮৩	২৯এ আ	——
১৩৮৪	১৭ই আ	৭ই ফে, ২রা আ

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৩৮৫	৬ই আ	২৭এ জা, ২২এ জুলা
১৩৮৬	১লা জা, ২২এ ডি	১৬ই জা, ১২ই জুলা
১৩৮৭	১৬ই জু	২৫এ ন
১৩৮৮	৫ই জু	২১এ মে, ১৪ই ন
১৩৮৯	—	১০ই মে, ৪ঠা ন
১৩৯০	৯ই অ	২৯এ এ
১৩৯১	৫ই এ	২০এ মা
১৩৯২	২৪এ মা	৬ই মা, ২রা সে
১৩৯৩	৮ই আ	২৭এ ফে, ২২এ আ
১৩৯৪	২৮এ জুলা	——
১৩৯৫	—	৬ই জা, ৩রা জুলা, ২৬এ ডি
১৩৯৬	১১ই জা, ৬ই জু	২১এ জু, ১৫ই ডি
১৩৯৭	২৬এ মে	১১ই জু, ৪ঠা ডি
১৩৯৮	১৬ই মে, ৯ই ন	২৬এ অ
১৩৯৯	২৯এ অ	২০এ এ, ১৫ই অ
১৪০০	২৬এ মা	৯ই এ, ৩রা অ
১৪০১	১৫ই মা, ৮ই সে	৩০এ মা
১৪০২	৪ঠা মা	১৩ই আ
১৪০৩	১৮ই আ	৭ই ফে, ২রা আ
১৪০৪	—	২৭এ জা, ২২এ জুলা
১৪০৫	১লা জা, ২৬এ জু	৬ই ডি
১৪০৬	১৬ই জু	২রা জু, ২৫এ ন
১৪০৭	৩১এ অ	২২এ মে, ১৫ই ন
১৪০৮	২৬এ এ, ১৯এ অ	১০ই মে
১৪০৯	১৫ই এ, ৯ই অ	৩১এ মা
১৪১০	৪ঠা এ	২১এ মা, ১৩ই সে
১৪১১	১৯এ আ	১০ই মা, ২রা সে
১৪১২	১২ই ফে, ৭ই আ	২২এ আ,
১৪১৩	১লা ফে	১৭ই জা, ১৩ই জুলা
১৪১৪	১৭ই জু	৬ই জা, ৩রা জুলা, ২৬এ ডি
১৪১৫	৭ই জু	২২এ জু, ১৬ই ডি
১৪১৬	২৭এ মে, ১৯এ ন	৫ই ন
১৪১৭	—	১লা মে, ২৫এ অ
১৪১৮	৬ই এ	২০এ এ, ১৪ই অ
১৪১৯	২৬এ মা	১০ই এ
১৪২০	১৪ই মা, ৮ই সে	২৯এ ফে, ২৩এ আ
১৪২১	২৮এ আ	১৭ই ফে, ১৩ই আ
১৪২২	২৩এ জা	৬ই ফে, ২রা আ
১৪২৩	৮ই জুলা	১৭ই ডি
১৪২৪	২৬এ জু	১২ই জু, ৬ই ডি
১৪২৫	১০ই ন	১লা জু, ২৫এ ন
১৪২৬	৭ই মে	২১এ মে
১৪২৭	২০এ অ	১১ই এ
১৪২৮	১৪ই এ	৩১এ মা, ২৩এ সে

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৪২৯	৩০এ আ	২০এ মা, ১৩ই সে
১৪৩০	১৯এ আ	২রা সে
১৪৩১	১২ই ফে, ৮ই আ	২৪এ জুলা
১৪৩২	২রা ফে, ২৭এ জু	১৭ই জা, ১৩ই জুলা
১৪৩৩	১৭ই জু	৬ই জা, ২রা জুলা, ২৬এ ডি
১৪৩৪	৭ই জু, ৩০এ ন	১৬ই ন
১৪৩৫	২০এ ন	১২ই মে, ৬ই ন
১৪৩৬	১৬ই এ	৩০এ এ, ২৫এ অ
১৪৩৭	৫ই এ, ৩০এ সে	২০এ এ, ১৪ই অ
১৪৩৮	১৯এ সে	১১ই মা, ৩রা সে
১৪৩৯	৮ই সে	১লা মা, ২৪এ আ
১৪৪০	৩রা ফে	১৮ই ফে, ১৩ই আ
১৪৪১	২৩এ জা, ১৮ই জুলা	২৭এ ডি
১৪৪২	৭ই জুলা	২৩এ জু, ১৭ই ডি
১৪৪৩	২৭এ জু	১২ই জু, ৭ই ডি
১৪৪৪	১০ই ন	৩১এ মে
১৪৪৫	৭ই মে	——
১৪৪৬	২৬এ এ	১১ই এ, ৫ই অ
১৪৪৭	১০ই সে	১লা এ, ২৪এ সে
১৪৪৮	৫ই মা, ২৯এ আ	১২ই সে
১৪৪৯	১৮ই আ	৪ঠা আ
১৪৫০	১২ই ফে	২৮এ জা, ২৪এ জুলা
১৪৫১	২৮এ জু	১৭ই জা, ১৩ই জুলা
১৪৫২	১৭ই জু, ১১ই ডি	৭ই জা, ২৭এ ন
১৪৫৩	৩০এ ন	২২এ মে, ১৬ই ন
১৪৫৪	২৭এ এ	১২ই মে, ৫ই ন
১৪৫৫	১৭ই এ, ১১ই অ	১লা মে, ২৫এ অ
১৪৫৬	৫ই এ	২২এ মা
১৪৫৭	১৮ই সে	১১ই মা, ৩রা সে
১৪৫৮	—	২৮এ ফে, ২৪এ আ
১৪৫৯	৩রা ফে, ২৯এ জুলা	——
১৪৬০	১৮ই জুলা	৮ই জা, ৩রা জুলা, ২৮এ ডি
১৪৬১	৭ই জুলা, ২রা ডি	২২এ জু, ১৭ই ডি
১৪৬২	২১এ ন	১২ই জু
১৪৬৩	১৮ই মে, ১১ই ন	——
১৪৬৪	৬ই মে	২২এ এ, ১৫ই অ
১৪৬৫	২০এ সে	১১ই এ, ৪ঠা অ
১৪৬৬	১৬ই মা	২৪এ সে
১৪৬৭	৬ই মা	১৫ই আ
১৪৬৮	—	৮ই ফে, ৪ঠা আ
১৪৬৯	৯ই জুলা	২৭এ জা, ২৪এ জুলা
১৪৭০	২৮এ জু, ২২এ ডি	১৭ই জা, ৮ই ডি
১৪৭১	—	৩রা জু, ২৭এ ন
১৪৭২	৮ই মে	২২এ মে, ১৫ই ন

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৪৭৩	২৭এ এ	১২ই মে, ৪ঠা ন
১৪৭৪	১৬ই এ, ১১ই অ	—
১৪৭৫	৩০এ সে	২২এ মা, ১৫ই সে
১৪৭৬	২৫এ ফে	১০ই মা, ৩রা সে
১৪৭৭	৮ই আ	—
১৪৭৮	২৯এ জুলা	১৮ই জা, ১৫ই জুলা
১৪৭৯	১৯এ জুলা, ১৩ই ডি	৮ই জা, ৪ঠা জুলা, ২৯এ ডি
১৪৮০	—	২২এ জু
১৪৮১	২৮এ মে	—
১৪৮২	১৭ই মে	৩রা মে, ২৬এ অ
১৪৮৩	২রা অ	২২এ এ, ১৬ই অ
১৪৮৪	২০এ সে	৪ঠা অ
১৪৮৫	১৬ই মা, ৯ই সে	২৫এ আ
১৪৮৬	৬ই মা	১৮ই ফে, ১৫ই আ
১৪৮৭	২০এ জুলা	৮ই ফে, ৪ঠা আ
১৪৮৮	৯ই জুলা	২৮এ জা
১৪৮৯	১লা জা, ২২এ ডি	১৩ই জু, ৮ই ডি
১৪৯০	—	২রা জু, ২৭এ ন
১৪৯১	৮ই ন	২৩এ ফে, ১৬ই ন
১৪৯২	২৬এ এ, ২১এ অ	—
১৪৯৩	১০ই অ	২রা এ, ২৫এ সে
১৪৯৪	৭ই মা	২২এ মা, ১৫ই সে
১৪৯৫	২৫এ ফে, ২০এ আ	১১ই মা, ৪ঠা সে
১৪৯৬	১৪ই ফে, ৮ই আ	৩০এ জা, ২৫এ জুলা
১৪৯৭	২৯এ জুলা	১৮ই জা, ১৪ই জুলা
১৪৯৮	১৩ই ডি	৮ই জা, ৩রা জুলা
১৪৯৯	৮ই জু	—
১৫০০	২৮এ মে	১৩ই মে, ৬ই ন
১৫০১	১২ই অ	৩রা মে, ২৬এ অ
১৫০২	৭ই এ, ১লা অ	২২এ এ, ১৫ই অ
১৫০৩	২৭এ মা, ২০এ সে	৬ই সে
১৫০৪	১৬ই মা	১লা মা, ২৫এ আ
১৫০৫	৩০এ জুলা	১৮ই ফে, ১৪ই আ
১৫০৬	২০এ জুলা	৮ই ফে
১৫০৭	১৩ই জা	২৪এ জুন, ১৯এ ডি
১৫০৮	২রা জা, ২৯এ মে	১৩ই জু, ৭ই ডি
১৫০৯	১৮ই মে	২রা জু, ২৬এ ন
১৫১০	৮ই মে	—
১৫১১	—	১৩ই এ, ৬ই অ
১৫১২	১৭ই মা	১লা এ, ২৫এ সে
১৫১৩	৭ই মা	৩০এ জা, ২৫এ জুলা
১৫১৪	২০এ আ	৯ই ফে
১৫১৫	৯ই আ	৩০এ জা, ২৫এ জুলা
১৫১৬	৪ঠা জা, ২৩এ ডি	১৯এ জা, ১৩ই জুলা
১৫১৭	১৯এ জু	—

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৫১৮	৮ই জু	২৪এ মে, ১৭ই ন
১৫১৯	২৮এ মে, ২৩এ অ	১৪ই মে, ৬ই ন
১৫২০	১১ই অ	২রা মে, ২৬এ অ
১৫২১	৭ই এ	—
১৫২২	২৭এ মা	১২ই মা, ৫ই সে
১৫২৩	১১ই আ	১লা মা, ২৬এ আ
১৫২৪	৩০এ জুলা	১৯এ ফে
১৫২৫	২৩এ জা	৪ঠা জুলা, ২৯এ ডি
১৫২৬	১৩ই জা	২৪এ জু, ১৮ই ডি
১৫২৭	৩০এ মে	১৪ই জু, ৭ই ডি
১৫২৮	১৮ই মে, ১২ই ন	—
১৫২৯	১লা ন	২৩এ এ, ১৭ই অ
১৫৩০	২৯এ মা	১২ই এ, ৬ই অ
১৫৩১	—	১লা এ, ২৬এ সে
১৫৩২	৩০এ আ	—
১৫৩৩	২০এ আ	৯ই ফে, ৪ঠা আ
১৫৩৪	১৪ই জা	৩০এ জা, ২৫এ জুলা
১৫৩৫	৩রা জা, ৩০এ জু	—
১৫৩৬	১৮ই জু	৪ঠা জু, ২৭এ ন
১৫৩৭	৭ই জু	২৪এ মে, ১৭ই ন
১৫৩৮	২৩এ অ	১৪ই মে, ৬ই ন
১৫৩৯	১৮ই এ, ১২ই অ	—
১৫৪০	৭ই এ	২২এ মা, ১৬ই সে
১৫৪১	২১এ আ	১২ই মা, ৫ই সে
১৫৪২	১১ই আ	১লা মা, ২৫এ আ
১৫৪৩	৩রা ফে	১৬ই জুলা
১৫৪৪	২৪এ জা	১০ই জা, ৪ঠা জুলা, ২৯এ ডি
১৫৪৫	৯ই জু	২৪এ জু, ১৮ই ডি
১৫৪৬	২৯এ মে, ২৩এ ন	—
১৫৪৭	১২ই ন	৪ঠা মে, ২৮এ অ
১৫৪৮	৮ই এ	২২এ এ, ১৭ই অ
১৫৪৯	২৯ মা	১২এ এ, ৬ই অ
১৫৫০	১৮ই মা	—
১৫৫১	৩১এ আ	২০এ ফে, ১৬ই আ
১৫৫২	—	১০ই ফে, ৪ঠা আ
১৫৫৩	১৪ই জা	২৫এ জুলা
১৫৫৪	২৯এ জু	১৫ই জু, ৯ই ডি
১৫৫৫	১৯এ জু, ১৪ই ন	৫ই জু, ২৮এ ন
১৫৫৬	২রা ন	২৪এ মে, ১৭ই ন
১৫৫৭	২৮এ এ, ২২এ অ	—
১৫৫৮	১৮ই এ	২রা এ, ২৭এ সে
১৫৫৯	—	২৩এ মা, ১৬ই সে
১৫৬০	২১এ আ	১২ই মা, ৪ঠা সে
১৫৬১	১৪ই ফে, ১১ই আ	২৬এ জুলা
১৫৬২	—	২০এ জু, ১৬ই জুলা

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৫৬৩	২০এ জু	৯ই জা, ৫ই জুলা, ২৯এ ডি
১৫৬৪	৮ই জু	——
১৫৬৫	—	১৫ই মে, ৮ই ন
১৫৬৬	১৯এ এ	৪ঠা মে, ২৮এ অ
১৫৬৭	৯ই এ	২৩এ এ, ১৮ই অ
১৫৬৮	২৮এ মা, ২১এ সে	——
১৫৬৯	—	৩রা মা, ২৬এ আ
১৫৭০	৫ই ফে	২০এ ফে, ১৫ই আ
১৫৭১	২৫এ জা, ২২এ জুলা	১০ই ফে, ৫ই আ
১৫৭২	১৫ই জা, ১০ই জুলা	২৫এ জু, ১৯এ ডি
১৫৭৩	২৯এ জু, ২৪এ ন	১৫ই জু, ৮ই ডি
১৫৭৪	১৩ই ন	৪ঠা জু, ২৮এ ন
১৫৭৫	১০ই মে	——
১৫৭৬	২৮এ এ	১৩ই এ, ৭ই অ
১৫৭৭	১২ই সে	২রা এ, ২৭এ সে
১৫৭৮	—	২৩এ মা, ১৬ই সে
১৫৭৯	২৫এ ফে, ২২এ আ	——
১৫৮০	১৫ই ফে	৩১এ জা, ২৬এ জুলা
১৫৮১	৩০এ জু	১৯এ জা, ১৬ই জুলা
১৫৮২	২০এ জু, ২৫এ ডি	৮ই জা
১৫৮৩	১৪ই ডি	৫ই জু, ২৯এ ন
১৫৮৪	১০ই মে	২৪এ মে, ১৮ই ন
১৫৮৫	২৯এ এ	১৩ই মে, ৭ই ন
১৫৮৬	১৯এ এ, ১২ই অ	——
১৫৮৭	২রা অ	২৪এ মা, ১৬ই সে
১৫৮৮	২৬এ ফে	১৩ই মা, ৫ই সে
১৫৮৯	১৫ই ফে, ১১ই আ	২রা মা, ২৫এ আ
১৫৯০	৪ঠা ফে, ৩১এ জুলা	১৭ই জুলা
১৫৯১	২০এ জুলা, ১৫ই ডি	৯ই জা, ৬ই জুলা, ৩০এ ডি
১৫৯২	৩রা ডি	২৪এ জু, ১৮ই ডি
১৫৯৩	৩০এ মে, ২৩এ ন	——
১৫৯৪	২০এ মে	৪ঠা মে, ২৯এ অ
১৫৯৫	৩রা অ	২৪এ এ, ১৮ই অ
১৫৯৬	২২এ সে	১২ই এ, ৬ই অ
১৫৯৭	১৭ই মা	——
১৫৯৮	৭ই মা	২১এ ফে, ১৬ই আ
১৫৯৯	২২এ জুলা	১০ই ফে, ৬ই আ
১৬০০	১০ই জুলা	৩০এ জা
১৬০১	৪ঠা জা, ৩০এ জু, ২৪এ ডি	১৫ই জু, ৯ই ডি
১৬০২	২১এ মে	৪ঠা জু, ২৯এ ন
১৬০৩	১১ই মে	২৪এ মে, ১৪ই ন
১৬০৪	২৯এ এ	——
১৬০৫	১২ই অ	৩রা এ, ২৭এ সে
১৬০৬	—	২৪এ মা, ১৬ই সে
১৬০৭	২৬এ ফে	১৩ই মা, ৬ই সে
১৬০৮	১০ই আ	২৭এ জুলা
১৬০৯	৩০এ জুলা, ২৬এ ডি	২০এ জা, ১৬ই জুলা
১৬১০	১৫ই ডি	৯ই জা, ৬ই জুলা, ৩০এ ডি
১৬১১	৪ঠা ডি	——
১৬১২	৩০এ মে	১৪ই মে, ৮ই ন
১৬১৩	—	৪ঠা মে, ২৮এ অ
১৬১৪	৩রা অ	২৪এ এ, ১৭ই অ
১৬১৫	২৯এ মা, ২২এ সে	——
১৬১৬	—	৩রা মা, ২৭এ আ
১৬১৭	১লা আ	২০এ ফে, ১৬ই আ
১৬১৮	—	৯ই ফে, ৬ই আ
১৬১৯	১১ই জুলা	২৬এ জু, ২১এ ডি
১৬২০	৩১এ মে	১৫ই জু, ৯ই ডি
১৬২১	২১এ মে	৪ঠা জু, ২৯এ ডি
১৬২২	১০ই মে, ৩রা ন	——
১৬২৩	—	১৫ই এ, ৮ই অ
১৬২৪	১৯এ মা	৩রা এ, ২৬এ সে
১৬২৫	—	২৪এ মা, ১৬ই সে
১৬২৬	২৬এ ফে, ২১এ আ	৭ই আ
১৬২৭	১১ই আ	৩১এ জা, ২৮এ জুলা
১৬২৮	৫ই জা, ২৫এ ডি	২০এ জা, ১৬ই জুলা
১৬২৯	২১এ জু, ১৪ই ডি	৯ই জা
১৬৩০	১০ই জু	২৬এ মে, ১৯এ ন
১৬৩১	৩১এ মে, ২৫এ অ	১৫ই মে, ৮ই ন
১৬৩২	—	৪ঠা মে, ২৭এ অ
১৬৩৩	৮ই এ, ৩রা অ	——
১৬৩৪	২৯এ মা	১৪ই মা, ৭ই সে
১৬৩৫	১২ই আ	৩রা মা, ২৮এ আ
১৬৩৬	১লা আ	২০এ ফে, ১৬ই আ
১৬৩৭	২৬এ জা	৭ই জুলা, ৩১এ ডি
১৬৩৮	১৫ই জা	২৬এ জা, ২১এ ডি
১৬৩৯	১লা জু	১৫ই জু, ১০ই ডি
১৬৪০	—	——
১৬৪১	৩রা ন	২৬এ এ, ১৮ই অ
১৬৪২	৩০এ মা	১৫ই এ, ৮ই অ
১৬৪৩	২০এ মা	৪ঠা এ, ২৭এ সে
১৬৪৪	১লা সে	——
১৬৪৫	২১এ আ	১০ই ফে, ৭ই আ
১৬৪৬	১৭ই জা	৩১এ জা, ২৭এ জুলা
১৬৪৭	৫ই জা, ২রা জুলা, ২৬এ ডি	২০এ জা
১৬৪৮	২১এ জু	৫ই জু, ৩০এ ন
১৬৪৯	১০ই জু, ৪ঠা ন	২৬এ মে, ১৯এ ন

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৬৫০	২৫এ অ	১৫ই মে, ৮ই ন
১৬৫১	—	—
১৬৫২	৮ই এ	২৫এ মা, ১৭ই সে
১৬৫৩	২৯এ মা	১৪ই মা, ৭ই সে
১৬৫৪	১২ই আ	৩রা মা, ২৭এ আ
১৬৫৫	৬ই ফে, ২রা আ	—
১৬৫৬	২৬এ জা	১১ই জা, ৬ই জুলা, ৩১এ ডি
১৬৫৭	১১ই জু	২৫এ জু, ২০এ ডি
১৬৫৮	১লা জু, ২৪এ ন	—
১৬৫৯	১৪ই ন	৬ই মে, ৩০এ অ
১৬৬০	৩রা ন	২৫এ এ, ১৮ই অ
১৬৬১	৩০এ মা	৪ঠা এ, ৮ই অ
১৬৬২	২০এ মা, ১২ই সে	—
১৬৬৩	—	২২এ ফে, ১৮ই আ
১৬৬৪	২৮এ জা, ২১এ আ	১১ই ফে, ৬ই আ
১৬৬৫	১৬ই জা	৩১এ জা, ২৬এ জুলা
১৬৬৬	৫ই জা, ২রা জুলা	১৬ই জু, ১১ই ডি
১৬৬৭	২১এ জু	৬ই জু, ৩০এ ন
১৬৬৮	৪ঠা ন	২৬এ মে, ১৮ই ন
১৬৬৯	৩০এ এ	—
১৬৭০	১৯এ এ	৫ই এ, ২৯এ সে
১৬৭১	৩রা সে	২৫এ মা, ১৮ই সে
১৬৭২	২২এ আ	১৩ই মা, ৭ই সে
১৬৭৩	১২ই আ	—
১৬৭৪	—	২২এ জা, ১৭ই জুলা
১৬৭৫	২৩এ জু	১১ই জা, ৭ই জুলা
১৬৭৬	১১ই জু, ৫ই ডি	১লা জা, ২৫এ জু
১৬৭৭	২৪এ ন	১৭ই মে, ৯ই ন
১৬৭৮	২১এ এ, ১৪ই ন	৬ই মে, ২৯এ অ
১৬৭৯	১০ই এ	২৫এ এ, ১৯এ অ
১৬৮০	৩০এ মা	—
১৬৮১	১২ই সে	৪ঠা মা, ২৯এ আ
১৬৮২	১লা সে	২১এ ফে, ১৮ই আ
১৬৮৩	২৭এ জা, ২৪ এ জুলা	১১ই ফে, ৭ই আ
১৬৮৪	১২ই জুলা	২৭এ জু, ২১এ ডি
১৬৮৫	১লা জু	১৬ই জু, ১০ই ডি
১৬৮৬	—	৬ই জু, ২৯এ ন
১৬৮৭	১১ই মে, ৫ই ন	—
১৬৮৮	৩০এ এ	১৫ই এ, ৯ই অ
১৬৮৯	১৩ই সে	৪ঠা এ, ২৯এ সে
১৬৯০	৩রা সে	২৪এ মা, ১৮ই সে
১৬৯১	২৮এ ফে	—
১৬৯২	১৭ই ফে	২রা ফে, ২৮এ জুলা
১৬৯৩	৩রা জুলা	২২এ জা, ১৭ই জুলা
১৬৯৪	২২এ জু, ১৬ই ডি	১১ই জা, ৭ই জুলা
১৬৯৫	৬ই ডি	২৮এ মে, ২০এ ন
১৬৯৬	—	১৬ই মে, ৯ই ন
১৬৯৭	২১এ এ,	৬ই মে, ২৯এ অ
১৬৯৮	৪ঠা অ	—
১৬৯৯	২৩এ সে	১৫ই মা, ৯ই সে
১৭০০	১৯এ ফে	৫ই মা, ২৯এ আ
১৭০১	৭ই ফে, ৪ঠা আ	২২এ ফে, ১৮ই আ
১৭০২	২৪এ জুলা	—
১৭০৩	১৪ই জুলা, ৮ই ডি	৩রা জা, ২৯এ জু, ২৩এ ডি
১৭০৪	২৭এ ডি	১৭ই জু, ১১ই ডি
১৭০৫	—	—
১৭০৬	১২ই মে	২৮এ এ, ২১এ অ
১৭০৭	২রা মে	১৭ই এ, ১১ই অ
১৭০৮	১৪ই সে	৫ই এ, ২৯এ সে
১৭০৯	১১ই মা, ৪ঠা সে	—
১৭১০	২৮এ ফে	১৩ই ফে, ৯ই আ
১৭১১	১৫ই জুলা	৩রা ফে, ২৯এ জুলা
১৭১২	৩রা জুলা, ২৮এ ডি	২৩এ জা, ১৮ই জুলা
১৭১৩	১৭ই ডি	৮ই জু, ২রা ডি
১৭১৪	৭ই ডি	২৯এ মে, ২১এ ন
১৭১৫	৩রা মে	১৮ই মে, ১১ই ন
১৭১৬	২২এ এ, ১৫ই অ	—
১৭১৭	—	২৭এ মা, ২০এ সে
১৭১৮	২রা মা, ২৪এ সে	১৬ই মা, ৯ই সে
১৭১৯	১৯এ ফে	৬ই মা, ২৯এ আ
১৭২০	৮ই ফে, ৪ঠা আ	—
১৭২১	২৪এ জুলা, ১৯এ ডি	১৩ই জা, ৯ই জুলা
১৭২২	৮ই ডি	২রা জা, ২৯এ জু, ১৯এ ডি
১৭২৩	৩রা জু	—
১৭২৪	২২এ মে	৮ই মে ১লা ন
১৭২৫	১২ই মে, ৬ই অ	২৭এ এ, ২১এ অ
১৭২৬	২৫এ সে	১৬ই এ, ১১ই অ
১৭২৭	১৫ই সে	—
১৭২৮	—	২৫ ফে, ১৯এ আ
১৭২৯	২৬এ জুলা	১৩ই ফে, ৯ই আ
১৭৩০	১৫ জুলা	৩রা ফে, ২৯এ জুলা
১৭৩১	৮ই জা, ৪ঠা জুলা, ২৯এ ডি	২০এ জা, ১৩ই ডি
১৭৩২	১৭ই ডি	৮ই জু, ১লা ডি
১৭৩৩	১৩ই মে	২৮এ মে, ২১এ ন
১৭৩৪	৩রা মে	—
১৭৩৫	১৬ই অ	৭ই এ, ২রা অ
১৭৩৬	৪ঠা অ	২৬এ মা, ২০এ সে
১৭৩৭	১লা মা	১৬ই মা, ৯ই সে

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৭৩৮	১৫ই আ	—
১৭৩৯	৪ঠা আ, ৩০এ ডি	২৪এ জা, ২০এ জুলা
১৭৪০	১৮ই ডি	১৩ই জা, ৯ই জুলা
১৭৪১	১৩ই জু, ৮ই ডি	১লা জা
১৭৪২	৩রা জু	১৯এ মে, ১২ই ন
১৭৪৩	২৩এ মে, ১৭ই অ	৮ই মে, ২রা ন
১৭৪৪	৬ই অ	২৬এ এ, ২১এ অ
১৭৪৫	২রা এ	—
১৭৪৬	২২এ মা	৭ই মা, ৩০এ আ
১৭৪৭	১১ই মা, ৬ই আ	২৫এ ফে, ২০এ আ
১৭৪৮	২৫এ জুলা	১৪ই ফে, ৮ই আ
১৭৪৯	১৪ই জুলা	৩০এ জু, ২৩এ ডি
১৭৫০	৮ই জা	১৯এ জু, ১৩ই ডি
১৭৫১	২৫এ সে	৯ই জু, ২রা ডি
১৭৫২	১৩ই মে, ৬ই ন	—
১৭৫৩	২৬এ অ	১৭ই এ, ১২ই অ
১৭৫৪	২৩এ মা, ১৬ই অ	৭ই এ, ১লা অ
১৭৫৫	১২ই মা	২৮এ মা, ২০এ সে
১৭৫৬	১লা মা	—
১৭৫৭	১৪ই আ	৪ঠা ফে, ৩০এ জুলা
১৭৫৮	৩০এ ডি	২৪এ জা, ২০এ জুলা
১৭৫৯	১৯এ ডি	১৩ই জা, ১০ই জুলা
১৭৬০	১৩ই জু	২৯এ মে, ২২এ ন
১৭৬১	৩রা জু	১৮ই মে, ১২ই ন
১৭৬২	১৭ই অ	৮ই মে, ১লা ন
১৭৬৩	১০ই এ, ৭ই অ	—
১৭৬৪	১লা এ	১৮ই মা, ১০ই সে
১৭৬৫	১৬ই আ	৭ই মা, ৩০এ আ
১৭৬৬	৫ই আ	২৪এ ফে, ২০এ আ
১৭৬৭	৩০এ জা	—
১৭৬৮	—	৪ঠা জা, ২৩এ ডি
১৭৬৯	৮ই জা, ৪ঠা জু	১৯এ জু, ১৩ই ডি
১৭৭০	২৫এ মে, ১৭ই ন	—
১৭৭১	—	২৯এ এ, ২৩এ অ
১৭৭২	৩রা এ, ২৬এ অ	১৭ই এ, ১১ই অ
১৭৭৩	২৩এ মা	৭ই এ, ৩০এ সে
১৭৭৪	১২ই মা, ৬ই সে	—
১৭৭৫	২৬এ আ	১৫ই ফে, ১১ই আ
১৭৭৬	২১এ জা	৪ঠা ফে, ৩১এ জুলা
১৭৭৭	৯ই জা, ৫ই জুলা	২৩এ জা, ২০এ জুলা
১৭৭৮	১০ই জু, ৪ঠা ডি	১০ই জু, ৪ঠা ডি
১৭৭৯	১৪ই জু, ৮ই ন	৩০এ মে, ২৩এ ন
১৭৮০	২৭এ অ	১৮ই মে, ১২ই ন
১৭৮১	২৩এ এ, ১৭ই অ	—
১৭৮২	১২ই এ	২৯এ মা, ২১এ সে
১৭৮৩	—	১৮ই মা, ১০ই সে

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৭৮৪	১৬ই আ	৭ই মা, ৩০এ আ
১৭৮৫	৯ই ফে, ৫ই আ	—
১৭৮৬	৩০এ জা	১৪ই জা, ১১ই জুলা
১৭৮৭	১৯এ জা, ১৫ই জু	৩রা জা, ৩০এ জু, ২৪এ ডি
১৭৮৮	৪ঠা জু	—
১৭৮৯	১৭ই ন	৯ই মে, ৩রা ন
১৭৯০	—	২৯এ এ, ২৩এ অ
১৭৯১	৩রা এ	১৮ই এ, ১২ই অ
১৭৯২	১৬ই সে	—
১৭৯৩	৫ই সে	২৫এ ফে, ২১এ আ
১৭৯৪	৩১এ জা	১৪ই ফে, ১১ই আ
১৭৯৫	২১এ জা, ১৬ই জুলা	৪ঠা ফে, ৩১এ জুলা
১৭৯৬	১০ই জা, ৪ঠা জুলা	১৪ই ডি
১৭৯৭	২৪এ জু	৯ই জু, ৪ঠা ডি
১৭৯৮	৮ই ন	২৯এ মে, ২৩এ ন
১৭৯৯	—	—
১৮০০	২৪এ এ	৯ই এ, ২রা অ
১৮০১	৯৩ই এ, ৮ই সে	৩০এ মা, ২২এ সে
১৮০২	২৮এ আ	১৯এ মা, ১১ই সে
১৮০৩	১৭ই আ	—
১৮০৪	১১ই ফে	২৬এ জা, ২২এ জুলা
১৮০৫	২৬এ জু	১৫ই জা, ১১ই জুলা
১৮০৬	১৬ই জু, ১০ই ডি	৫ই জা, ৩০এ জু
১৮০৭	৬ই জু, ২৯এ ন	২১এ মে, ১৫ই ন
১৮০৮	১৮ই ন	১০ই মে, ৩রা ন
১৮০৯	—	৩০এ এ, ২৩এ অ
১৮১০	৪ঠা এ	—
১৮১১	—	১০ই মা, ২রা সে
১৮১২	—	২৭এ ফে, ২২এ আ
১৮১৩	১লা ফে	১৫ই ফে, ২২এ আ
১৮১৪	২১এ জা, ১৭ই জুলা	২৬এ ডি
১৮১৫	৭ই জুলা	২১এ জু, ১৬ই ডি
১৮১৬	১৯এ ন	১০ই এ, ৪ঠা ডি
১৮১৭	১৬ই মে, ৯ই ন	৩০এ মে
১৮১৮	৫ই মে	২১এ এ, ১৪ই অ
১৮১৯	২৬এ এ, ১৯এ সে	১০ই এ, ৩রা অ
১৮২০	৭ই সে	২৯এ মা, ২২এ সে
১৮২১	৪ঠা মা	—
১৮২২	—	৬ই ফে, ৩রা আ
১৮২৩	১১ই ফে, ৮ই জুলা	২৬এ জা, ২৩এ জুলা
১৮২৪	২৬এ জু, ২০এ ডি	১৬ই জা, ১১ই জুলা
১৮২৫	১৬ই জু	১লা জু, ২৫এ ন
১৮২৬	২৯এ ন	২১এ মে, ১৪ই ন
১৮২৭	২৬এ এ	১১ই মে, ৩রা ন
১৮২৮	১৪ই এ, ৯ই অ	—

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৮২৯	২৮এ সে	২০এ মা, ১৩ই সে
১৮৩০	২৩এ ফে	৯ই মা, ২রা সে
১৮৩১	—	২৬এ ফে, ২৩এ আ
১৮৩২	২৭এ জুলা	—
১৮৩৩	১৭ই জুলা	৬ই জা, ২রা জুলা, ২৬এ ডি
১৮৩৪	—	২১এ জু, ১৬ই ডি
১৮৩৫	২৭এ মে, ২০এ ন	১০ই জু
১৮৩৬	১৫ই মে	১লা মে, ২৪এ অ
১৮৩৭	৪ঠা মে	২০এ এ, ১৩ই অ
১৮৩৮	—	১০ই এ, ৩রা অ
১৮৩৯	১৫ই মা, ৭ই সে	—
১৮৪০	৪ঠা মা	১৭ই ফে, ১৩ই আ
১৮৪১	২১এ ফে, ১৮ই জুলা	৬ই ফে, ২রা আ
১৮৪২	৮ই জুলা	২৬এ জা, ২২এ জুলা
১৮৪৩	২১এ ডি	১২ই জু, ৭ই ডি
১৮৪৪	—	৩১এ মে, ২৫এ ন
১৮৪৫	৬ই মে	২১এ মে, ১৪ই ন
১৮৪৬	২৫এ এ, ২০এ অ	—
১৮৪৭	৯ই অ	৩১এ মা, ২৪এ সে
১৮৪৮	২৭এ সে	১৯এ মা, ১৩ই সে
১৮৪৯	২৩এ ফে	৯ই মা, ২রা সে
১৮৫০	১২ই ফে, ৭ই আ	—
১৮৫১	২৮এ জুলা	১৭ই জা, ১৩ই জুলা
১৮৫২	১১ই ডি	৭ই জা, ১লা জুলা, ২৬এ ডি
১৮৫৩	—	২১এ জু
১৯৫৪	—	১২ই মে, ৪ঠা ন
১৮৫৫	১৬ই মে	২রা মে, ২৫এ অ
১৮৫৬	২৯এ সে	২০এ এ, ১৩ই অ
১৮৫৭	১৮ই সে	—
১৮৫৮	১৫ই মা	২৭এ ফে, ২৪এ আ
১৮৫৯	২৯এ জুলা	১৭ই ফে, ১৩ই আ
১৮৬০	১৮ই জুলা	৭ই ফে, ১লা আ
১৮৬১	১১ই জা, ৮ই জুলা, ৩১এ ডি	১৭ই ডি
১৮৬২	২১এ ডি	১২ই জু, ৬ই ডি
১৮৬৩	১৭ই মে	২রা জু, ২৫এ ন
১৮৬৪	১৯এ অ, ৬ই মে	—
১৮৬৫	১৯এ অ	১১ই এ, ৪ঠা অ
১৮৬৬	১৬ই মা, ৮ই অ	৩১এ মা, ২৪এ সে
১৮৬৭	৬ই মা	২০এ মা, ১৪ই সে
১৮৬৮	২৩এ ফে, ১৮ই আ	—
১৮৬৯	৭ই আ	২৮এ জা, ২৩এ জুলা
১৮৭০	২২এ ডি	১৭ই জা, ১২ই জুলা
১৮৭১	১৮ই জু, ১২ই ডি	৬ই জা, ২রা জুলা
১৮৭২	৬ই জু	২২এ মে, ১৫ই ন
১৮৭৩	২৬এ মে	১২ই মে, ৪ঠা ন
১৮৭৪	১০ই অ	১লা মে, ২৫এ অ
১৮৭৫	৬ই এ, ২৯এ সে	—
১৮৭৬	—	১০ই মা, ৩রা সে
১৮৭৭	১৫ই মা, ৯ই আ	২৭এ ফে, ২৩এ আ
১৮৭৮	২৯এ জুলা	১৭ই ফে, ১৩ই আ
১৮৭৯	২২এ জা, ১৯এ জুলা	২৮এ ডি
১৮৮০	১১ই জা, ৩১এ ডি	২২এ জু, ১৬ই ডি
১৮৮১	২৮এ মে	১২ই জু, ৫ই ডি
১৮৮২	১৭ই মে, ১১ই ন	—
১৮৮৩	৩১এ অ	২২এ এ, ১৬ই অ
১৮৮৪	২৭এ মা, ১৯এ অ	১০ই এ, ৪ঠা অ
১৮৮৫	—	৩০এ মা, ২৪এ সে
১৮৮৬	২৯এ আ	—
১৮৮৭	১৯এ আ	৮ই ফে, ৩রা আ
১৮৮৮	—	২৬এ জা, ২৩এ জুলা
১৮৮৯	২২এ ডি	১৭ই জা, ১২ই জুলা
১৮৯০	১৭ই জু	৩রা জু, ২৬এ ন
১৮৯১	৬ই জু	২৩এ মে, ১৬ই ন
১৮৯২	—	১১ই মে, ৪ঠা ন
১৮৯৩	১৬ই এ	—
১৮৯৪	৬ই এ, ২৯এ ডি	২১এ মা, ১৫ই সে
১৮৯৫	২৬এ মা, ২০এ আ	১১ই মা, ৪ঠা সে
১৮৯৬	৯ই আ	২৮এ ফে, ২৩এ আ
১৮৯৭	—	—
১৮৯৮	২২এ জা	৮ই জা, ৩রা জুলা, ২৭এ ডি
১৮৯৯	১১ই জা, ৮ই জু	২৩এ জু, ১৭ই ডি
১৯০০	২৮এ মে, ২২এ ন	১৩ই জু
১৯০১	১৮ই মে, ১১ই ন	৩রা মে, ২৭এ অ
১৯০২	৩১এ অ	২২এ এ, ১৭ই অ
১৯০৩	২৯এ মা, ২১এ সে	১১ই এ, ৬ই অ
১৯০৪	১৭ই মা	—
১৯০৫	৩০এ আ	১৯এ ফে, ১৫ই আ
১৯০৬	২০এ আ	৯ই ফে, ৪ঠা আ
১৯০৭	১৪ই জা	২৯এ জা, ২৫এ জুলা
১৯০৮	২৭এ জু, ২৩এ ডি	৭ই ডি
১৯০৯	১৭ই জু	৪ঠা জু, ২৭এ ন
১৯১০	২রা ন	২৪এ মে, ১৭ই ন
১৯১১	২২এ অ	—
১৯১২	১৭ই এ, ১০ই অ	১লা এ, ২৬এ সে
১৯১৩	—	২২এ মা, ১৫ই সে
১৯১৪	২১এ আ	১১ই মা, ৪ঠা সে
১৯১৫	১৪ই ফে, ১০ই আ	—
১৯১৬	৩রা ফে	১৮ই জা, ১৫ই জুলা

CHBEHAF

খৃষ্টাব্দ।	সূর্য্যগ্রহণ।	চন্দ্রগ্রহণ।
১৯১৭	২৩এ জা, ১৯এ জু	৮ই জা, ৪ঠা জুলা, ২৮এ ডি
১৯১৮	৮ই জু, ৩রা ডি	২৪এ জু
১৯১৯	২৯এ মে, ২২এ ন	৮ই ন
১৯২০	১০ই ন	৩রা মে, ২৭এ অ
১৯২১	৮ই এ, ১লা অ	২২এ এ, ১৬ই অ
১৯২২	২৮এ মা	—
১৯২৩	১৭ই মা, ১০ই সে	৩রা মা, ২৬এ আ
১৯২৪	৩০এ আ	২০এ ফে, ১৪ই আ
১৯২৫	২৪এ জা,	৮ই ফে, ৪ঠা আ
১৯২৬	১৪ই জা, ৮ই জুলা	১৯এ ডি
১৯২৭	২৯এ জু	১৫ই জু, ৮ই ডি
১৯২৮	১৯এ মে, ১২ই ন	৩রা জু, ২৭এ ন
১৯২৯	৯ই মে, ১লা ন	২৩এ মে
১৯৩০	—	১৩ই এ, ৭ই অ
১৯৩১	১৭ই এ	২রা এ, ২৬এ সে
১৯৩২	—	২২এ মা, ১৪ই সে
১৯৩৩	২৪এ ফে, ২১এ আ	—
১৯৩৪	১৪ই ফে, ১০ই আ	৩০এ জা, ২৬এ জুলা
১৯৩৫	—	১৯এ জা, ১৬ই জুলা
১৯৩৬	১৯এ জু	৮ই জা, ৪ঠা জুলা
১৯৩৭	২রা ডি	১৮ই ন
১৯৩৮	২২এ ন	১৪ই মে, ৭ই ন
১৯৩৯	১৯এ এ	৩রা মে, ২৮এ অ
১৯৪০	১লা অ	২২এ এ
১৯৪১	২১এ সে	১৩ই মা, ৫ই সে
১৯৪২	১০ই সে	২রা মা, ২৬এ আ
১৯৪৩	৪ঠা ফে	২০এ ফে, ১৫ই আ
১৯৪৪	২৫এ জা, ২০এ জুলা	২৯এ ডি
১৯৪৫	১৪ই জা, ৯ই জুলা	২৫এ জু, ১৯এ ডি
১৯৪৬	২৯এ জু	১৪ই জু, ৮ই ডি
১৯৪৭	২০এ মে	৩রা জু
১৯৪৮	৯ই মে, ১লা ন	২৩এ এ, ৮ই অ
১৯৪৯	২৮এ এ	১৩ই এ, ৭ই অ
১৯৫০	১২ই সে	২রা এ, ২৬এ সে
১৯৫১	১লা সে	—
১৯৫২	২৫এ ফে, ২০এ আ	১০ই ফে, ৫ই আ
১৯৫৩	১৪ই ফে, ১১ই জুলা	২৯এ জা, ২৬এ জুলা
১৯৫৪	৩০এ জু, ২৫এ ডি	১৯এ জা, ১৬ই জুলা
১৯৫৫	২০এ জু, ১৪ই ডি	২৯এ ন
১৯৫৬	২রা ডি	২৪এ মে, ১৮ই ন
১৯৫৭	২৩এ অ	১৩ই মে, ৭ই ন
১৯৫৮	১৯এ এ	৩রা মে
১৯৫৯	২রা অ	২৪ মা, ১৭ই সে
১৯৬০	২০এ সে	১৩ই মা, ৫ই সে
১৯৬১	১১ই আ	২রা মা, ২৬এ আ
১৯৬২	৪ঠা ফে, ৩১এ জুলা	—
১৯৬৩	২৫এ জা	৯ই জা, ৬ই জুলা, ৩০এ ডি
১৯৬৪	৯ই জুলা, ৪ঠা ডি	২৫এ জু, ১৯এ ডি
১৯৬৫	২৩এ ন	১৪ই জু
১৯৬৬	২০এ মে, ১২ই ন	৪ঠা মে, ২৯এ অ
১৯৬৭	৯ই মে	২৪এ এ, ১৮ই অ
১৯৬৮	—	১৩ই এ, ২২এ সে, ৬ই অ
১৯৬৯	১৮ই মা	—
১৯৭০	৭ই মা	২১এ ফে, ১৭ই আ
১৯৭১	২৫এ ফে, ২২এ জুলা	১০ই ফে, ৬ই আ
১৯৭২	—	৩০এ জা, ২৬এ জুলা
১৯৭৩	৪ঠা জা, ৩০এ জু, ২৪এ ডি	১০ই ডি
১৯৭৪	১৩ই ডি	৪ঠা জু, ২৯এ ন
১৯৭৫	১১ই মে	২৫এ মে, ১৮ই ন
১৯৭৬	২৯এ এ, ২৩এ অ	১৩ই মে
১৯৭৭	১৮ই এ	৪ঠা এ, ২৭এ সে
১৯৭৮	২রা অ	২৪এ মা, ১৬ই সে
১৯৭৯	২৬এ ফে	১৩ই মা, ৬ই সে
১৯৮০	১৬ই ফে	—
১৯৮১	৩১এ জুলা	১৭ই জুলা
১৯৮২	২০এ জুলা, ১৫ই ডি	৯ই জা, ৬ই জুলা, ৩০এ সে
১৯৮৩	১১ই জু, ৪ঠা ডি	২৫এ জু
১৯৮৪	৩০এ মে	—
১৯৮৫	১২ই ন	৪ঠা মে, ২৮এ অ
১৯৮৬	—	২৪এ এ, ১৭ই অ
১৯৮৭	২৯এ মা, ২৩এ সে	—
১৯৮৮	১৮ই মে, ১১ই সে	২৭এ আ
১৯৮৯	—	২০এ ফে, ১৭ই আ
১৯৯০	২২এ জুলা	৯ই ফে, ৬ই আ
১৯৯১	—	৩০এ জা, ৩১এ ডি
১৯৯২	২৪এ ডি	১৫ই জু, ৯ই ডি
১৯৯৩	২১এ মে	৪ঠা জু, ২৯এ ন
১৯৯৪	১০ই মে, ৩রা ন	২৫এ মে
১৯৯৫	২৯এ এ, ২৪এ অ	১৫ই এ
১৯৯৬	১২ই অ	৩রা এ, ২৭এ সে
১৯৯৭	৯ই মা	১৬ই সে
১৪৯৮	২৬এ ফে, ২২এ আ	—
১৯৯৯	১৬ই ফে, ১১ই আ	২৮এ জুলা
২০০০	৩১এ জুলা	২১এ জা, ১৬ই জুলা

উপরে যে গ্রহণের তালিকা দেওয়া হইল, উহার সকল গ্রহণ এক স্থানে বা এক দেশে দৃষ্ট হয় নাই বা হইবে না

গ্রহণক (ক্লী) গৃহ্যতেঽনেন গ্রহ করণে ল্যুট্ ততঃ স্বার্থে কন্। গ্রাহক শাস্ত্র।

'হকরাদীনামপি গ্রহণকশাস্ত্রবলাৎ অচত্বং স্যাৎ।' (সিং কৌ॰) শব্দেন্দুশেখরে 'গ্রহণক' স্থানে গ্রাহক পাঠ দৃষ্ট হয়।

গ্রহণান্ত (ক্লী) গ্রহণস্যান্তং ৬তৎ। গ্রহণের অবসান।

গ্রহণি (স্ত্রী) গৃহ্লাতি আক্রমতে রোগিণাং দেহং গ্রহ-অনি (গ্রহেরনিঃ। উণ্ ৫।৬৭) গ্রহণীরোগ। (অমরটী॰ রায়মুকুট।)

গ্রহণী (স্ত্রী) গ্রহণি-ঙীষ্। ১ অগ্ন্যাধিষ্ঠান নাড়ী, পিত্তাধার। ২ স্বনামখ্যাত রোগ, উদরভঙ্গ রোগবিশেষ। (Diarrhœa) এই রোগে বৈদ্যক চিকিৎসাই সমধিক উপকারী। সুশ্রুতে ইহার নিদান ও লক্ষণাদি এইরূপ লিখিত আছে—

পক্বাশয় ও আমাশয়ের মধ্যে পিত্তধরা নামে একটী কলা (নাড়ী) আছে, তাহাকে গ্রহণী বলে। এই গ্রহণীর বল অগ্নি, কিন্তু সেই অগ্নি আবার গ্রহণীকে আশ্রয় করিয়াই অবস্থিতি করে। অতএব অগ্নি দূষিত হইলে গ্রহণী দূষিত হয়। ক্রমে একটী বা সমস্ত দোষ বৃদ্ধি পাইয়া গ্রহণীকে দূষিত করিতে থাকে। ইহাতে অধিক আহার করিলে পরিপাক হয় না। ভুক্তদ্রব্য অপক্ব অবস্থায় নির্গত হইয়া যায়। অথবা পরিপাক হইয়া দুর্গন্ধযুক্ত দ্রবমল যন্ত্রণার সহিত নির্গত হয়, কখনও বা কোষ্ঠ বদ্ধ থাকে। ইহারই নাম গ্রহণীরোগ। অতীসার নিবৃত্ত হইলে অহিতাহারী ব্যক্তির অগ্নিমান্দ্য হয়। অগ্নিদূষিত হইলে গ্রহণীও দূষিত হইয়া উঠে। অতএব অতিসার রোগ আরোগ্য হইলে যাবৎ দেহের সাম্য, সরলতা ও স্বাভাবিক ভাব না হয়, তাবৎ আহারাদি নিয়ম পালন করিবে। গ্রহণীর প্রারম্ভে গলাজ্বালা, দেহের অবসন্নতা, আলস্য, তৃষ্ণা, ক্লান্তি, বলক্ষয়, অরুচি, কাশ, কর্ণক্ষ্বেড় ও অম্লকূজন এই সকল লক্ষণ প্রকাশিত হয়। রোগ জন্মিলে হস্তপাদ স্ফীত, কৃশ, গ্রন্থিতে বেদনা ও শিথিল ভাব, তৃষ্ণা, বমন, জ্বর, অরুচি, শুক্ত, তিক্ত ও অম্লরসের এবং রক্ত বা ধূম গন্ধের উদ্গার, মুখে জল উঠা, মুখ বিরস ও তমক এই সকল লক্ষণ হয়। গ্রহণীরোগ বায়ুজন্য হইলে পায়ু, হৃদয়, পার্শ্ব, উদর ও মস্তকে শূল, পিত্তজন্য হইলে দাহ ও কফ জন্য হইলে দেহের গুরুতা এবং সান্নিপাতজ হইলে তিনটী লক্ষণই প্রকাশ পাইয়া থাকে। নখ, পুরীষ, মূত্র, চক্ষু ও মুখে দোষের বর্ণ প্রকাশ পায়। হৃদ্‌রোগ, পাণ্ডু, উদররোগ, গুল্ম, অর্শ ও প্লীহা এই সকল রোগের আশঙ্কা হয়। উর্দ্ধাধোভাগে সংশোধন করিয়া দোষানুসারে অগ্নিবর্দ্ধক দ্রব্যযোগে পেয় প্রভৃতি প্রস্তুত করিয়া দিবে। পরে পাচন, সংগ্রাহক ও অগ্নিকর দ্রব্য বা ত্রিবিধ সুরা, অরিষ্ট, স্নেহ, মূত্র বা ঈষদুষ্ণ জলের সহিত পান করিবে। এই সকল দ্রব্য ঘোলের সহিত পান করা যাইতে পারে। কেবল ঘোল খাইলেও গ্রহণীর প্রতীকার হয়। কৃমি, গুল্ম, উদররোগ বা অর্শনাশক ঔষধও গ্রহণী রোগে প্রযোজ্য। হিঙ্গ্বাদিচূর্ণ বা প্লীহানাশক ঘৃত অথবা পিপ্পল্যাদিগণ ও আমরুল রসের সহিত পক্ক ঘৃত সেবনীয়। চতুর্গুণ দধিতে ঘৃত পাক করিয়া পান করিলে গ্রহণী ভাল হয়। গ্রহণীরোগে অগ্নিকর ঔষধ ব্যবস্থা করা উচিত। জ্বরাদি উপদ্রব থাকিলে দোষের চিকিৎসাপ্রণালী অনুসারে সেই সকল উপদ্রবের চিকিৎসা করিবে, কিন্তু যে ঔষধ অতিসারে প্রয়োগ করা অনুচিত, সেই ঔষধ প্রয়োগ করিবে না। (সুশ্রুত উত্তরতন্ত্র ৪০ অঃ)

ইহা ছাড়া গ্রহণীরোগে লঘুলাইচূর্ণ, বৃহল্লাইচূর্ণ, জাতীফলাদিচূর্ণ, চিত্রকাদিবটিকা, বিষকন্ধ, বার্ত্তাকুগুটিকা, কল্যাণগুড়, মহাকল্যাণগুড় ও কুষ্মাণ্ড কল্যাণগুড় প্রভৃতি ঔষধ প্রযোজ্য। জ্বর না থাকিলে ঘোলে জল ও কিঞ্চিৎ লবণ মিশাইয়া প্রত্যহ খাইলে বিশেষ উপকার হয়।

কাঁচা বেল পোড়াইয়া মিছরির গুড়া দিয়া খালি পেটে খাইলেও গ্রহণীর পক্ষে বিশেষ হিতকর। রাত্রি জাগরণ, মৈথুন, স্নান, মলমূত্রাদির বেগধারণ, নস্য, ধূমপান, পরিশ্রম, গোধূম, যব, কুষ্মাণ্ড, লাউ, মধু, তাম্বূল, ইক্ষু, আম, সুপারি, রশুন, দুধ, গুড়, কাঞ্জি প্রভৃতি অহিতকর। [অতিসার দেখ]

গ্রহণীকপর্দ্দপোট্টলী, একপ্রকার ঔষধ। কড়িভস্ম, পারা, গন্ধক, লৌহ ও সোহাগা সমভাগে লইয়া সিদ্ধিরসে একদিন খল করিয়া চূর্ণে বেষ্টন করিবে। ইহার নাম গ্রহণীকপর্দ্দপোট্টলী, ইহা বাতজ গ্রহণীরোগে সেবনীয়। (রসেন্দ্রসারঃ)

গ্রহণীকপাট, ১ একপ্রকার ঔষধ। পারা, গন্ধক সমভাগে কজ্জলী করিয়া আদার রসে ভিজাইবে। ইহাতে দ্বিগুণ কুড়চির ছাল ভস্মমিশ্রিত করিয়া ৪ রতি পরিমিত বটী করিবে। ইহার নাম গ্রহণীকপাট। ছাগদুগ্ধ, কুড়চির কাথ কিম্বা দধির সহিত ২ রতি হইতে সেবন করিয়া ১০ রতি পর্য্যন্ত বৃদ্ধি এবং ক্রমে হ্রাস করিবে। ইহাতে গ্রহণী প্রভৃতি রোগ ভাল হয়। (রসেন্দ্রসারঃ)

২ লৌহ, পারদ, হরিতাল, স্বর্ণমাক্ষিক, সোহাগা প্রত্যেক ১২ তোলা, কড়িভস্ম ৪০ তোলা, গন্ধক ১৬ তোলা, জম্বীর নেবুর রসে মর্দ্দন করিয়া পুটপাক করিবে। ইহা সেবনে গ্রহণী, গুল্ম, ক্ষয়, কুষ্ঠ ও প্রমেহ রোগ ভাল হয়।

৩ পারা একভাগ, অভ্র দুইভাগ, গন্ধক তিনভাগ, কাকজঙ্ঘার রসে তিন দিন রাখিয়া জয়ন্তী, ভৃঙ্গরাজ ও জম্বীর নেবু ইহাদের রসে একদিন মর্দ্দন করিয়া গন্ধকের তুল্য যবক্ষার ও সোহাগা দিয়া এরণ্ডতৈলের সহিত পুটপাক

করিবে। পরে গুড়ূচী, শিমূল ও ভাঙ্গ ইহাদের রসে পুনর্ব্বার মর্দ্দন করিয়া অর্দ্ধতোলা পরিমিত বটী করিবে। ইহার নাম গ্রহণীকপাট। ইহা মরিচচূর্ণ ও মধুর সহিত সেবনীয়। ইহাতে গ্রহণীরোগের প্রতিকার হয়।

৪ রৌপ্য, মুক্তা, সুবর্ণ ও লৌহ প্রত্যেক এক ভাগ, গন্ধক দুইভাগ ও পারা তিনভাগ কৎবেলের পাতার রসে মর্দ্দন করিবে, গাঢ় হইলে মৃগশৃঙ্গভস্মের রহিত মধ্যবিধ পুটে পাক করিবে। পরে বেড়েলার রসে সাতবার, অপামার্গের রসে তিনবার, লোধ, আতইচ, মুথা, ধাইফুল ও ইন্দ্রযবের কাথে তিন তিনবার ভাবনা দিয়া এক মাষা পরিমিত বটী প্রস্তুত করিবে। ইহাও একপ্রকার গ্রহণীকপাট। ইহা অগ্নিদীপক। মরিচচূর্ণ ও মধুর সহিত সেবনে সকল প্রকার অতীসার ও গ্রহণী রোগনাশ হয়। (রসেন্দ্রসারসং)

গ্রহণীকপাটরস, একপ্রকার ঔষধ। পারা, গন্ধক, জায়ফল, লবঙ্গ প্রত্যেক অর্দ্ধতোলা, সূর্য্যাবর্ত্ত বেল, পাণফল পাতার রসে ভাবনা দিয়া সূর্য্যোত্তাপে শুকাইয়া দুই রতি পরিমিত বটী করিবে। বিল্বপত্রের রস অনুপানে সেবন করিলে গ্রহণী, অতিসার, শোথ ও জ্বর ইত্যাদি রোগ বিনাশ হয়। (রসেন্দ্রসারং)

গ্রহণীগজেন্দ্রবটিকা, গহননাথ কর্ত্তৃক আবিষ্কৃত একটী ঔষধ। পারা, গন্ধক, লৌহ, সোহাগা, শঙ্খ, হিঙ্গু, শঠী, তালিশপত্র, মুথা, ধনে, জীরা, সৈন্ধবলবণ, ধাইফুল, আতইচ, শুঁট, ঝুল, হরীতকী, ভেলা, তেজপাতা, জায়ফল, লবঙ্গ, দারুচিনি, এলাচ, বালা, বেলশুঁট, মেথী, ভাঙ্গ, সমভাগে ছাগদুগ্ধে মর্দ্দন করিয়া দুই মাষা পরিমিত বটী করিবে। সেবনে নানাপ্রকার গ্রহণী, জ্বর, অতিসার, শূল, গুল্ম, অম্লপিত্ত, কামলা, হলীমক, কণ্ডু, কুষ্ঠ, বিসর্প, গুদভ্রংশ ও ক্রিমি প্রভৃতি রোগ নাশ হয়। ইহা বলকর, অগ্নিবর্দ্ধক ও রসায়ন। (রসেন্দ্রসারসং)

গ্রহণীদোষ (পুং) গ্রহণীজনিত দোষ।

গ্রহণীপ্রদোষ (পুং) গ্রহণীদোষ।

গ্রহণীয় (ত্রি) গ্রহ-অনীয়র্। যাহা গ্রহণ করা উচিত, গ্রহণের যোগ্য।

গ্রহণীরুজ্ (স্ত্রী) গ্রহণীরোগ।

গ্রহণীরোগ (পুং) স্বনামখ্যাত রোগ। [গ্রহণী দেখ।]

গ্রহণীবজ্রকপাট, গ্রহণীরোগের একপ্রকার ঔষধ। পারা, গন্ধক, যবক্ষার, সিদ্ধি, বচ, অভ্র ও সোহাগা, সমভাগ জয়ন্তী, ভৃঙ্গরাজ ও জম্বীর নেবুর রসে তিন দিন পিষিয়া অগ্নির মৃদু সন্তাপে চারিদণ্ড স্বেদ দিবে। পরে ভাঙ্গ, শিমূল ও জয়ন্তীর রসে সাত সাত বার ভাবনা দিয়া ২।৩ মাষা পরিমিত বটী করিবে। ইহাকে গ্রহণীবজ্রকপাট বলে। মধু অনুপানে সেবন করিলে গ্রহণীরোগ ভাল হয়। (রসেন্দ্রসারং)

গ্রহণীশার্দ্দূলরস, রুদ্রবেদ কর্ত্তৃক আবিষ্কৃত একপ্রকার ঔষধ। দুই তোলা পারা ও দুই তোলা গন্ধক কজ্জলী করিয়া সোণা ১৬ ভাগ, লবঙ্গ, নিমপাতা, জৈত্রী, ছোটএলাচ প্রত্যেক দুইতোলা, এই সমস্ত দ্রব্য ঝিনুকে ভরিয়া পুট দিবে। পাঁচ রতি মাত্রায় সেবনে সূতিকা, গ্রহণী, অর্শ, কাশ, শ্বাস, অতিসার ও আমশূল প্রভৃতি রোগের প্রতীকার হয়। ইহা দীপন, বলবীর্য্য ও পুষ্টিকারক। (রসেন্দ্রসারং)

গ্রহণীহর (ক্লী) গ্রহণীং হরতি হৃ-অচ্। ১ লবঙ্গ। (শব্দচন্দ্রিকা) (ত্রি) ২ গ্রহণীনাশক, যাহাতে গ্রহণী নাশ হয়।

গ্রহতা (স্ত্রী) গ্রহস্য ভাবঃ গ্রহ-তল্-টাপ্। গ্রহের ভাব, গ্রহের ধর্ম্ম। "প্রাণৈরপরিত্যক্তং গ্রহতাং যাতং বদন্ত্যেকে॥" (বৃহৎসং ৫।১)

গ্রহদক্ষিণা (পুং) গ্রহাণাং গ্রহোদ্দেশেন দেয়া দক্ষিণা ৬তৎ। গ্রহযজ্ঞে দেয় দক্ষিণা। [গ্রহযজ্ঞ দেখ।]

গ্রহদান (ক্লী) গ্রহাণাং দানং ৬তৎ। ১ গ্রহোদ্দেশে দান। ২ গ্রহোদ্দেশে যে যে দ্রব্য দান করিতে হয়। [গ্রহবিপ্র দেখ]

গ্রহদৃষ্টি (স্ত্রী) গ্রহাণাং দৃষ্টিঃ ৬তৎ। গ্রহগণ যে স্থানে অবস্থিতি করে, তাহা হইতে স্থানান্তরে তাহাদের দৃষ্টি থাকে। এই দৃষ্টি চারিপ্রকার—পূর্ণ, ত্রিপাদ, অর্দ্ধ ও একপাদ। গ্রহগণের দৃষ্টি অনুসারে ফলাফলের ভেদ ঘটিয়া থাকে। শুভগ্রহের সংপূর্ণ দৃষ্টি থাকিলে শুভফল এবং অশুভ গ্রহের সংপূর্ণ দৃষ্টি থাকিলে অশুভফল হয়। দৃষ্টির হীনতায় যথাক্রমে ফলেরও হ্রাস হয়। কোন গ্রহের কোন স্থানে কিরূপ দৃষ্টি তাহা সহজে জানিবার জন্য নিম্নে গ্রহদৃষ্টিচক্র অঙ্কিত হইল। যে স্থানে গ্রহ অবস্থিতি করে, তাহাকে ১ম স্থান এবং তৎপরবর্ত্তী রাশিদিগকে ক্রমে দ্বিতীয়াদি স্থান জানিবে। পূর্ণ দৃষ্টির সংখ্যা ৬০, ত্রিপাদ দৃষ্টির ৪৫, অর্দ্ধদৃষ্টির ৩০ এবং একপাদ দৃষ্টির সংখ্যা ১৫। গ্রহদৃষ্টিচক্রে যে দৃষ্টি লিখিত হইল, ইহা সাধারণ কার্য্যের উপযোগী। (১)

(১) "দশমে তৃতীয়ে চৈব পাদদৃষ্টিরুদাহৃতা।
অর্দ্ধদৃষ্টিশ্চ নবমে পঞ্চমে পরিকীর্ত্তিতাঃ।
চতুর্থে ত্বষ্টমে চৈব পাদোনা পরিকীর্ত্তিতাঃ।
সপ্তমে পরিপূর্ণাচ ফলমেবং প্রকল্পতে।
তৃতীয় দশমা বার্কিঃ পঞ্চম্ পূর্ণফলপ্রদঃ।
ত্রিকোণগান্ গুরুশ্চৈব চতুর্থাষ্টমগান্ বুধঃ।
সুতভবনবয়াস্ত্যে পূর্ণদৃষ্টিঃ সুরায়ে-
র্যুগলদশময়াশৌ দৃষ্টিপাদত্রয়ার্হঃ।
সহজরিপুচতুর্থেষ্টমে চার্দ্ধদৃষ্টিঃ
দ্বিতিভবনমুপাস্ত্যং নৈব দৃষ্টং হি রাহোঃ।" (জ্যোতিস্তত্ত্ব)

(ক) গ্রহদৃষ্টি-চক্র।

স্থান	রবি	চন্দ্র	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রাহু
১ম	০	০	০	০	০	০	০	০
২য়	০	০	০	০	০	০	০	৪৫
৩য়	১৫	১৫	১৫	১৫	১৫	১৫	৬০	৩০
৪র্থ	৪৫	৪৫	৬০	৪৫	৪৫	৪৫	৪৫	৩০
৫ম	৩০	৩০	৩০	৩০	৬০	৩০	৩০	৬০
৬ষ্ঠ	০	০	০	০	০	০	০	৩০
৭ম	৬০	৬০	৬০	৬০	৬০	৬০	৬০	৬০
৮ম	৪৫	৪৫	৬০	৪৫	৪৫	৪৫	৪৫	৩০
৯ম	৩০	৩০	৩০	৩০	৬০	৩০	৩০	৬০
১০ম	১৫	১৫	১৫	১৫	১৫	১৫	৬০	৪৫
১১শ	০	০	০	০	০	০	০	০
১২শ	০	০	০	০	০	০	০	৬০

নীলকণ্ঠতাজকে বর্ষপ্রবেশকালে গ্রহগণের অন্যপ্রকার দৃষ্টির উল্লেখ আছে। তদনুসারে নিম্নে (খ) চিহ্নিত গ্রহদৃষ্টি-চক্র অঙ্কিত করা হইল। ইহার অপর নিয়ম (ক) চিহ্নিত গ্রহদৃষ্টিচক্রের সমান। বর্ষপ্রবেশে (খ) চিহ্নিত চক্রানুসারে গ্রহের দৃষ্টি লইয়া ফলাফল নিরূপণ করিতে হয়। [অপর বিবরণ বর্ষপ্রবেশ ও কোষ্ঠি প্রভৃতি শব্দে দ্রষ্টব্য।]

(খ) গ্রহদৃষ্টি-চক্র।

গ্রহের স্থান	রবি	চন্দ্র	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি
১ম	৬০	৬০	৬০	৬০	৬০	৬০	৬০
২য়	০	০	০	০	০	০	০
৩য়	৪০	৪০	৪০	৪০	৪০	৪০	৪০
৪র্থ	১৫	১৫	১৫	১৫	১৫	১৫	১৫
৫ম	৪৫	৪৫	৪৫	৪৫	৪৫	৪৫	৪৫
৬ষ্ঠ	০	০	০	০	০	০	০
৭ম	৬০	৬০	৬০	৬০	৬০	৬০	৬০
৮ম	০	০	০	০	০	০	০
৯ম	৪৫	৪৫	৪৫	৪৫	৪৫	৪৫	৪৫
১০ম	১৫	১৫	১৫	১৫	১৫	১৫	১৫
১১শ	১০	১০	১০	১০	১০	১০	১০
১২শ	০	০	০	০	০	০	০

নীলকণ্ঠতাজকের মতে বর্ষপ্রবেশকালে সাতটী গ্রহের দৃষ্টিরই তারতম্য দেখিতে পাওয়া যায়, এই কারণে (খ) চিহ্নিত চক্রে সাতটী গ্রহের উল্লেখ করা হইল।

গ্রহদেবতা (স্ত্রী) গ্রহাণাং দেবতা ৬তৎ। গ্রহগণের অধিষ্ঠাত্রী দেবতা রুদ্র প্রভৃতি। [গ্রহযজ্ঞ দেখ।] গ্রহাধিদেবতা প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত হয়।

গ্রহদ্রুম (পুং) গ্রহনাশকোদ্রুমঃ মধ্যলো°। শাকবৃক্ষ। (রাজনি°)

গ্রহধূপ (পুং) গ্রহাণাং ধূপঃ ৬তৎ। গ্রহোদ্দেশে প্রদেয় ধূপবিশেষ। [গ্রহযজ্ঞ দেখ।]

গ্রহনায়ক (পুং) গ্রহাণাং নায়কঃ ৬তৎ। ১ সূর্য্য। ২ শনি। ৩ অর্কবৃক্ষ। (শব্দরত্ন°)

গ্রহনাশ (পুং) গ্রহং মলবন্ধং নাশয়তি নশ-ণিচ্-অণ্ উপসং। শাকবৃক্ষ। (শব্দরত্ন°)

গ্রহনাশন (পুং) গ্রহং মলবন্ধং নাশয়তি নশ-ণিচ্ উপসং। শাকবৃক্ষ। (রত্নমা°)

গ্রহনেমি (পুং) গ্রহাণাং গ্রহকক্ষাণাং নেমিরিব। চন্দ্র। (শব্দরত্না°) চন্দ্র গ্রহকক্ষার নেমিরূপে স্থিত বলিয়া তাহার এই নাম হইয়াছে।

গ্রহপতি (পুং) গ্রহস্য পতিঃ ৬তৎ। ১ সূর্য্য। ২ অর্কবৃক্ষ। ৩ চন্দ্র। "তস্য বিস্তীর্য্যতে রাজ্যং জ্যোৎস্না গ্রহপতেরিব।"

(ভারত ১২।১৬৮।২৫)

৪ গৃহস্বামী। (ভারত ১৩।৮৫।১১৭)

গ্রহপীড়া (স্ত্রী) গ্রহজন্যা পীড়া মধ্যলো°। অশুভ গ্রহ শারীরিক বা মানসিক যাতনা উৎপাদন করে তাহার নাম গ্রহপীড়া।

গ্রহপীড়ন (ক্লী) গ্রহস্য পীড়নং ৬তৎ। গ্রহপীড়া।

গ্রহপুষ (পুং) গ্রহান্ চন্দ্রাদীন্ পুষ্ণাতি স্বতেজসা গ্রহ-পুষ-ক। সূর্য্য। (হেম°)

গ্রহপূজা (স্ত্রী) গ্রহস্য পূজা ৬তৎ। গ্রহদিগের অর্চ্চনা।

গ্রহপ্রত্যধিদৈবত (ক্লী) গ্রহাণাং প্রত্যধিদৈবতং ৬তৎ। গ্রহগণের অধিপতি দেবতা।

গ্রহবল (ক্লী) গ্রহস্য বলং ৬তৎ। গ্রহের বল, সামর্থ্য, কার্য্যদক্ষতা। বৃহজ্জাতকের মতে গ্রহদিগের বল চারি প্রকার—স্থানবল, দিক্‌বল, চেষ্টাবল ও কালবল। গ্রহগণ স্বীয় স্বীয় উচ্চ, নবাংশ, ত্রিকোণ বা মিত্রগৃহে অথবা নিজ ভবনে অবস্থিত হইলে বলবান্ হয়, ইহার নাম স্থানবল। পূর্ব্ব

দিকে অর্থাৎ লগ্নে বুধ ও বৃহস্পতি, দক্ষিণ অর্থাৎ দশমস্থানে রবি ও মঙ্গল, পশ্চিমে বা সপ্তম রাশিতে শনি, উত্তরে চতুর্থ রাশিতে শুক্র ও চন্দ্র অবস্থিত হইলে বলবান্ হয়। ইহার নাম দিক্‌বল। যে গ্রহ যে রাশিতে থাকিলে বলবান্ হয় সেই গ্রহ সেই রাশি হইতে গণনায় সপ্তমরাশিতে থাকিলে একেবারে বলশূন্য হইয়া পড়ে। মধ্যে অনুপাতানুসারে বল নিরূপণ করিবে।

মকরাদি ৬টী রাশিকে উত্তরায়ণ ও কর্কটাদি ৬ রাশিকে দক্ষিণায়ন বলে। রবি ও চন্দ্র উত্তরায়ণে থাকিলে বলবান্ এবং মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি বক্রগামী বা চন্দ্রের সহিত মিলিত থাকিলে বলবান্ হইয়া থাকে। ইহার নাম চেষ্টা। যুদ্ধে জয়ী গ্রহও বলবান্ হয়। [গ্রহযুদ্ধ দেখ।]

চন্দ্র, মঙ্গল ও শনি রাত্রিকালে, সূর্য্য, বৃহস্পতি ও শুক্র দিনে এবং বুধ দিন ও রাত্রি উভয় সময়েই বলবান্। পাপগ্রহ কৃষ্ণপক্ষে ও শুভগ্রহ শুক্লপক্ষে বলশালী হয়। যে গ্রহ যে বৎসর যে মাস যে দিন এবং যে হোরার অধিপতি, সেই বৎসরে সে মাসে সেই দিনে ও সেই হোরায় তাহাকে বলবান্ জানিবে। ইহার নাম কালবল। বৃহজ্জাতকের মতে শনি সকল গ্রহ অপেক্ষা হীনবল। শনি হইতে মঙ্গল বলবান্। মঙ্গল হইতে বুধ, বুধ হইতে বৃহস্পতি, বৃহস্পতি অপেক্ষা শুক্র, শুক্র অপেক্ষা চন্দ্র এবং চন্দ্র হইতে সূর্য্য বলবান্। লঘুজাতকের মতে, ইহাই গ্রহগণের নৈসর্গিক বল। [বলানুসারে গ্রহগণের ফলের তারতম্য ভাবফল প্রভৃতি শব্দে দ্রষ্টব্য]

গ্রহবলি (পুং) গ্রহাণাং বলিঃ ৬তৎ। গ্রহগণের পূজোপহার, গ্রহযজ্ঞে গ্রহ উদ্দেশে দেয় গুড়োদনাদি। [গ্রহযজ্ঞ দেখ।]

গ্রহভক্তি (স্ত্রী) গ্রহাণাং ভক্তির্ভাগঃ ৬তৎ। গ্রহের ভাগ অংশ বা অধিকার। খগোলাবস্থিত গ্রহগণ অংশক্রমে সমস্ত দেশ দ্রব্য ও পুরুষ প্রভৃতিকে ভোগ করে। যাহা যে গ্রহের ভোগ্য তাহাকে সেই গ্রহের ভক্তি বলে। বৃহৎসংহিতায় গ্রহভক্তি এইরূপ লিখিত আছে—

সূর্য্যগ্রহের ভক্তি—নর্ম্মদার পূর্ব্বার্দ্ধ, শোণ, ওড্র, বঙ্গ, সুহ্ম, কলিঙ্গ, বাহ্লিক, শক, যবন, মগধ, শবর, প্রাগ্‌জ্যোতিষ, চীন, কাম্বোজ, মেকল, কিরাত, বিটঙ্ক, পর্ব্বতের মধ্য ও বহির্ভাগে অবস্থিত পুলিন্দ, দ্রবিড়ের পূর্ব্বার্দ্ধ, যমুনার দক্ষিণকূল, চম্পা, উষ্ণস্বর, কৌশাম্বী, চেদি, বিদ্ধ্যাটবী, পুণ্ড্র, গোলাঙ্গুল, শ্রীপর্ব্বত, বর্দ্ধমান, ও ইক্ষুমতী এই সকল দেশ, তস্কর, পারত, কান্তার, গোপ, বীজ, তুষ, ধান্য, কটুক বৃক্ষ, কনক, অগ্নি, বিষ, ঔষধ, সমর, শূর, বৈদ্য, চতুষ্পদ, কৃষিকর, নৃপ, হিংস্র, পদাতিক, চৌর, কৃষ্ণসর্প এবং যশোযুক্ত তীক্ষ্ণ আরণ্য দ্রব্য এই সমস্তের অধিপতি সূর্য্য।

চন্দ্রের ভক্তি—গিরি, সলিল, দুর্গ, কোশল, মরুকচ্ছ, সমুদ্র, রোমক, তুষার, বনবাসী, তক্ষণ, হূণ, স্ত্রীরাজ্য, মহার্ণবদ্বীপ, মধুররস, কুসুম, ফল, লবণ, মণি, শঙ্খ, মৌক্তিক, পদ্ম, শালি, যব, ওষধি, গোধূম, সোমপ, রাজার বশীভূত ব্রাহ্মণগণ, শ্বেতঘোটক, রতিকরী যুবতি, চমূপতি, ভোগ্য বস্ত্র, শৃঙ্গযুক্তপশু, নিশাচর, কর্ষক ও যজ্ঞবিদ্ এই সকল চন্দ্রের ভোগ্য।

মঙ্গলের ভক্তি—শোণ, নর্ম্মদা ও ভীমরথীর পশ্চিমার্দ্ধে অবস্থিত রাজ্য; নির্বিন্ধ্যা, বেত্রবতী, গোদাবরী, শিপ্রা, বেণ্বা, মন্দাকিনী, পয়োষ্ণী, মহানদী, সিন্ধু, মালতী ও পারা প্রভৃতি নদী, উত্তরপাণ্ড্য, মহেন্দ্রাদ্রি, বিন্ধ্য, মলয়ের নিকটবর্ত্তী স্থান, চোল, দ্রবিড়, বিদেহ, অন্ধ্র, অশ্মক, ভাসাপুর, কোঙ্কণ, ঋষিক, কুন্তল, কেরল, দণ্ডক, কান্তিপুর, ম্লেচ্ছ, সঙ্করজ, নাসিক, ভোগবর্দ্ধন, বিরাট, বিন্ধ্যাদ্রিপার্শ্ববর্ত্তী দেশ সকল, তাপী ও গোমতী নদীর সুমিষ্ট জলপায়ী মানবগণ, নগরবাসী, কৃষিকর, পারত, হুতাশনাজীবী, শস্ত্রাজীবী, অরণ্যচর, দুর্গ, ক্ষুদ্রনগর, ঘাতক, গর্ব্বিত, নরপতি, কুমার, হস্তী, দাম্ভিক, বালক, পশুপালক, রক্তফল ও কুসুম, বিক্রম, চমূপালক, গুড়, মদ, কোষাগার, অগ্নিহোত্রী, ধাতুর আকর, জৈন ভিক্ষু, চৌর, শঠ, দীর্ঘবৈর এবং বহুভোজী, ইহাদের অধিপতি মঙ্গল।

বুধের ভক্তি—লৌহিত্য ও সিন্ধুনদ, সরযূ, গম্ভীরিকা, রণাহ্বা, গঙ্গা ও কৌশিকী প্রভৃতি নদী, কাম্বোজ, বৈদেহ, মথুরার পূর্ব্বার্দ্ধ, হিমালয়, গোমন্ত ও চিত্রকূটস্থ সকল রাজ্য, সৌরাষ্ট্র, সেতু, জলমার্গ, পণ্য, বিল ও পর্ব্বতস্থ প্রাণীগণ, কূপ, যন্ত্র, গান, লেখনীয় দ্রব্য, মণি, অঙ্গরাগ, গন্ধযুক্তিবিৎ পণ্ডিত, চিত্রকর, শাব্দিক, গণিতজ্ঞ, প্রসাধক, আয়ুষ্কর, শিল্পশাস্ত্রাভিজ্ঞ, চর, মায়াবী, শিশু, কবি, শঠ, সূচক, অভিচাররত, দূত, নপুংসক, হাস্যজ্ঞ, ভূততন্ত্র, ইন্দ্রজালজ্ঞ, রক্ষক, নট, নর্ত্তক, ঘৃত, তৈল, স্নেহবীজ, তিক্ত, ব্রতচারী, রসায়নকুশল ও অশ্বতর, এই সকলের অধিপতি বুধ।

বৃহস্পতির ভক্তি—সিন্ধুনদের পূর্ব্বভাগ, মথুরার পশ্চার্দ্ধ, ভরত, সৌবীর, ক্রুঞ্চের উত্তরদিক্, বিপাশা ও শতদ্রুনদী, রামঠ, সাম্ব, ত্রৈগর্ত্ত, পৌরব, অম্বষ্ঠ, পারত, বাটধান, যৌধেয়, সারস্বত, আর্জ্জুনায়ন এবং মৎস্যদেশের অর্দ্ধভাগস্থ গ্রাম ও সমস্ত রাজ্য, হস্তী, অশ্ব, পুরোহিত, রাজা, মন্ত্রী, মাঙ্গল্য ও পৌষ্টিক কার্য্যে আসক্ত ব্যক্তি, কারুণ্য, সত্য, শৌচ, ব্রত, বিদ্যা,

দান ও ধর্ম্মকর্ম্মে নিরত ব্যক্তি, পৌর, ধনশালী, শাল্বিক, বৈদিক, অভিচার ও নীতিজ্ঞ, ছত্র, ধ্বজ ও চামর প্রভৃতি উপকরণ, শৈলজ, মাংসী, তগর, কুড়, পারদ, সৈন্ধব, লতাজাত দ্রব্য, মধুররস, মোম এবং চোরক নামক গন্ধ দ্রব্য এই সকলের অধিপতি বৃহস্পতি।

শুক্রের ভক্তি—তক্ষশিল, মার্ত্তিকাবত, বহুগিরি, গান্ধার, পুষ্কলাবত, প্রস্থল, মালব, কৈকয়, দশার্ণ, উশীনর ও শিবিদেশ, বিতস্তা, ইরাবতী ও চন্দ্রভাগানদীর জলপায়ী মানবগণ, রথ, কুঞ্জর, রজতাকর, মাহুত, ধনুর্দ্ধারী, সুরভীকুসুম, অনুলেপন, মণিবজ্রাদিবিভূষণ, পদ্ম, শয্যা, নবীন যুবতী, সুসিদ্ধ অন্ন ও মধুর রসযুক্ত দ্রব্যভোজনকারী, উদ্যান, সলিল, কামুক, যশ, সুখ, ঔদার্য্য ও রূপসম্পন্ন, বিদ্বান্, অমাত্য, বণিক্, কুম্ভকার, চিত্রাঙ্গজ, হরীতকী, বিভীতকী, কৌশেয়, পট্টজ, কম্বল, পত্র, ঔর্ণিক, লোধ্রপত্র, চোর, জাতীফল, অগুরু, বচ, পিপ্পলী এবং চন্দন এই সমস্তের অধিপতি শুক্র।

শনির ভক্তি—আনর্ত্ত, অর্ব্বুদ, পুষ্কর, সৌরাষ্ট্র, আভীর, শূদ্র, রৈবতক, যে দেশে সরস্বতী নদী অদৃশ্য, পশ্চিমদেশ, কুরুক্ষেত্র, প্রভাস, বিদিশা, বেদস্মৃতি তটজ দ্রব্য, খল, মলিন, নীচ, তৈলিক, বিহীনসত্ত্ব, উপহতপুংস্ত্ব, বন্ধনকারী, ব্যাধ, অশুচি, কৈবর্ত্ত, বিরূপ, বৃদ্ধ, শৌকরিক, গণপূজ্য, স্খলিতব্রত, শবর, পুলিন্দ, দরিদ্র, কটু, তিক্ত, রসায়ন, বিধবাযোষিৎ, ভুজগ, তস্কর, মহিষী, খর, করভ, চণক, বাতুল এবং নিষ্পাবদ্রব্য এই সকলের অধিপতি শনি।

রাহুর ভক্তি—পর্ব্বতের শিখর, কন্দর, গুহাবাসী, ম্লেচ্ছ জাতি, শূদ্রগণ, গোমায়ুভক্ষ্য, শূলিক, বোক্কাণ, অশ্বমুখ, বিকলাঙ্গ, কুলাঙ্গার, হিংস্র, কৃতঘ্ন, চৌর; সত্য, শৌচ ও দানবর্জ্জিত, খরচর, মল্লযুদ্ধকারী, তীব্ররোষযুক্ত, নীচ, উপহত, দাম্ভিক, রাক্ষস, নিদ্রালু, ধর্ম্মহীন, মাষকলাই এবং তিল ইহাদের অধিপতি রাহু।

কেতুর ভক্তি—গিরিদুর্গ, পল্লব, শ্বেতদুর্গ, চোল, অবগান, মরু, চীন, প্রত্যন্তদেশ, ধনী, উদার স্বভাব, ব্যবসায়ী, পরাক্রমযুক্ত, পরদাররত, বিবাদপ্রিয়, মদগর্ব্বিত, মূর্খ ও অধার্ম্মিক বিজয়াভিলাষী ইহাদের অধিপতি কেতু।

যে গ্রহ প্রকৃতিস্থ স্নিগ্ধাংশু এবং নির্ঘাত উল্কা রজঃ বা গ্রহ মর্দ্দন দ্বারা হত না হয়, স্বভবনগত স্বোচ্চস্থিত ও শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া উদিত হয়, সেই গ্রহকে যে সকলের অধিপতি বলিয়া উক্ত হইয়াছে, তাহাদের মঙ্গল হয়। ইহার বিপরীত লক্ষণ হইলে অমঙ্গল ঘটিয়া থাকে। (বৃহৎসং ১৬ অঃ)

গ্রহভীতিজিৎ (পুং) গ্রহভীতিং জয়তি জি-কিপ্। গন্ধদ্রব্য বিশেষ, চিড়া।

গ্রহভোজন (ক্লী) গ্রহাণাং ভোজনং ৬তৎ। গ্রহ উদ্দেশে দেয় বলি, গুড় ওদন প্রভৃতি। [গ্রহযজ্ঞ দেখ।]

গ্রহমণ্ডল (ক্লী) গ্রহাণাং মণ্ডলং ৬তৎ। ১ গ্রহসমূহ। ২ গ্রহপূজার জন্য অষ্টদল পদ্মাকার স্থানভেদ। [গ্রহযজ্ঞ দেখ।]

গ্রহমৈত্র (ক্লী) গ্রহয়োর্দম্পতি রাশ্যধিপয়োর্মৈত্রং ৬তৎ। বর ও কন্যার রাশ্যধিপতিগ্রহের মিত্রতা। বিবাহে ইহার বিচার করিতে হয়। [বিবাহ দেখ।]

গ্রহযজ্ঞ (পুং) গ্রহাণাং যজ্ঞঃ ৬তৎ। শান্তি ও পুষ্টি প্রভৃতি কামনায় গ্রহের উদ্দেশে কর্ত্তব্য যজ্ঞ। ইহার আরম্ভকাল প্রভৃতি সংস্কারতত্ত্বে লিখিত আছে। দীপিকার মতে শুভগ্রহের বারে কিম্বা রবিবারে চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, রোহিণী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদনক্ষত্রে, শুভরাশিতে এবং বিলগ্নে শুভ হইলে শান্তিক ও পৌষ্টিক গ্রহযাগ করিবে। জন্মলগ্নে এবং গোচরে যে সকল গ্রহ অশুভসূচক হয়, গ্রহযাগে তাহাদিগকেই অর্চ্চনা করা উচিত। ভাবী অমঙ্গল নিবারণই গ্রহযজ্ঞের উদ্দেশ্য। শান্তির জন্য গ্রহযাগের অনুষ্ঠান করিলে কালাকাল বিচারের আবশ্যক হয় না। মলমাস প্রভৃতি কালেও করিতে পারে, কিন্তু পৌষ্টিক গ্রহযাগ শুদ্ধকালে করিতে হয়।

প্রয়োগ।—যে দিনে গ্রহযাগ করিতে হইবে, সেই দিনে যজমান সর্ব্বপ্রথমে স্নান ও নিত্যক্রিয়া সমাপন করিয়া গোময়লিপ্ত পরিষ্কৃত স্থানে কুশাসনে উত্তরমুখী হইয়া উপবেশন করিবে। পরে স্বস্তিবাচন করিবে। ব্রাহ্মণগণকে বরণ করিয়া সঙ্কল্পপূর্ব্বক মন্ত্রোচ্চারণে শ্বেতসর্ষপ বিস্তীর্ণ করিয়া বিঘ্নকারী অসুর প্রভৃতিকে দূর করিবে। ইহার পরে গণাধিপ ও ষোড়শ মাতৃকার পূজা, বসোর্ধারা ও আভ্যুদয়িক শ্রাদ্ধ করিবে। যজমান স্বয়ং অশক্ত হইলে ব্রাহ্মণকে প্রতিনিধিরূপে বরণ করিতে পারেন। মণ্ডপের উত্তরপূর্ব্বভাগে ২৪ আঙ্গুল বা একহাত বিস্তৃত, ১২ আঙ্গুল বা আধ হাত উচ্চ একটী বেদী নির্ম্মাণ করিতে হয়। বেদীর মধ্যভাগে রক্তচন্দনাদি দ্বারা বর্ত্তুলাকার সূর্য্য, অগ্নিকোণে শ্বেতবর্ণ অর্দ্ধ চন্দ্রাকৃতি চন্দ্র, দক্ষিণদিকে ত্রিকোণ রক্তবর্ণ মঙ্গল, ঈশান কোণে পীতবর্ণ চাপাকৃতি বুধ, উত্তরদিকে পীতবর্ণ পদ্মাকার বৃহস্পতি, পূর্ব্বদিকে শ্বেতবর্ণ চতুষ্কোণ শুক্র, পশ্চিমে কৃষ্ণবর্ণ সর্পাকৃতি শনি, নৈঋতকোণে কৃষ্ণবর্ণ মকরাকৃতি রাহু এবং বায়ুকোণে খড়্গাকার ধূম্রবর্ণ কেতু চিত্রিত করিবে। নিজ গৃহসম্মত বিধি অনুসারে অগ্নিস্থাপন হইতে ব্রহ্মস্থাপন পর্য্যন্ত

কর্ম্মের অনুষ্ঠান করিয়া গ্রহগণের ধ্যান ও আবাহনপূর্ব্বক যথোক্ত গন্ধপুষ্পাদি দ্বারা গ্রহের পূজা করিবে।

গন্ধ—সূর্য্যের রক্তচন্দন, চন্দ্রের শ্বেত চন্দন, মঙ্গলের কুঙ্কুম, বুধের সরল কাষ্ঠ, বৃহস্পতির সমভাগে মিশ্রিত রক্তচন্দন, শ্বেতচন্দন, কুঙ্কুম ও সরল কাষ্ঠ, শুক্রের শ্বেতচন্দন, শনির কস্তূরী এবং রাহু ও কেতুর পদ্মকাষ্ঠ।

ধূপ—সূর্য্যের গুগ্‌গুল, চন্দ্রের সরল কাষ্ঠ, মঙ্গলের দেবদারু, বৃহস্পতির দশাঙ্গ, শুক্রের অগুরু, শনির কালাগুরু, রাহুর গুড়ত্বক্ এবং কেতুর মধুমিশ্রিত গুড়ত্বক্। গ্রহপূজার পরে গ্রহের অধিদেবতা ও প্রত্যধিদেবতার পূজা করিয়া গ্রহদিগকে বলিপ্রদান করিবে।

বলি—সূর্য্যের গুড়ৌদন, চন্দ্রের ঘৃতপায়স, মঙ্গলের পক যবচূর্ণের যাবক, বুধের ক্ষীরান্ন, বৃহস্পতির দধ্যোদন, শুক্রের ঘৃতৌদন, শনির যব ও তিলতণ্ডুলের খিচড়ী, রাহুর ছাগমাংস এবং কেতুর অজাঙ্গীরের সহিত সিদ্ধ অজকর্ণরক্ত মিশ্রিত যব ও তিলতণ্ডুল।

ইহার পরে চরুপাক করিয়া কুশণ্ডিকা সমাপনপূর্ব্বক রবি প্রভৃতি গ্রহের চরুহোম করিবে। যথাশক্তি জপ এবং মধু ও ঘৃতযুক্ত সমিধে হোম করিতে হয়।

সমিধ্—সূর্য্যের আকন্দ, চন্দ্রের পলাশ, মঙ্গলের খদির, বুধের অপামার্গ, বৃহস্পতির পিপ্পল, শুক্রের উদুম্বর, শনির শমী, রাহুর দূর্ব্বা ও কেতুর কুশ। (গ্রহযাগতত্ত্ব।)

মৎস্যপুরাণে লিখিত আছে যে গ্রহবেদির পূর্ব্বোত্তর কোণে একটী পূর্ণ কুম্ভ স্থাপন করিয়া তাহাকে দধি, অক্ষত, আম্রপল্লব, ফল, বস্ত্রযুগল, পঞ্চরত্ন ও পঞ্চ ভঙ্গদ্বারা সুশোভিত করিয়া তাহাতে গজ, অশ্ব, রথ্যা, বল্মীক, সঙ্গম ও গোষ্ঠের মৃত্তিকা এবং যজমানের স্নানের নিমিত্ত সর্ব্বৌষধি নিক্ষেপ করিতে হয়।

গ্রহের অধিদেবতা—সূর্য্যের ঈশ্বর, চন্দ্রের উমা, মঙ্গলের স্কন্দ, বুধের হরি, বৃহস্পতির ব্রহ্মা, শুক্রের ইন্দ্র, শনির যম, রাহুর কাল ও কেতুর চিত্রগুপ্ত।

গ্রহের প্রত্যধিদেবতা—সূর্য্যের অগ্নি, চন্দ্রের জল, মঙ্গলের ক্ষিতি, বুধের বিষ্ণু, বৃহস্পতির ইন্দ্র, শুক্রের ঐন্দ্রী, শনির প্রজাপতি, রাহুর সর্প ও কেতুর ব্রহ্মা। (মৎস্যপু° ৯৩ অঃ)

গ্রহের ধ্যান—মৎস্যপুরাণ ও গ্রহযাগতত্ত্বের মতে—

সূর্য্যের ধ্যান—

"ক্ষত্রিয়ং কাশ্যপং রক্তং কালিঙ্গং দ্বাদশাঙ্গুলম্।
পদ্মহস্তদ্বয়ং পূর্ব্বাননং সপ্তাশ্ববাহনম্।
শিবাধিদৈবতং সূর্য্যং বহ্নিপ্রত্যধিদৈবতম্॥"

চন্দ্রের ধ্যান—

"সামুদ্রং বৈশ্যমাত্রেয়ং হস্তমাত্রং সিতাম্বরম্।
শ্বেতং দ্বিবাহুং বরদং দক্ষিণং সগদেতরম্॥
দশাশ্বং শ্বেতপদ্মস্থং বিচিন্ত্যোমাধিদৈবতম্।
জলপ্রত্যধিদৈবঞ্চ সূর্য্যাস্যমাহ্বয়েৎ তথা॥"

মঙ্গলের ধ্যান—

"আবন্ত্যং ক্ষত্রিয়ং রক্তং মেষস্থং চতুরঙ্গুলম্।
আরক্তমাল্যবসনং ভারদ্বাজং চতুর্ভুজম্॥
দক্ষিণোর্দ্ধক্রমাচ্ছক্তিবরাভয়গদাকরম্।
আদিত্যাভিমুখং দেবং তদ্বদেব সমাহ্বয়েৎ।
স্কন্দাধিদৈবতং ধ্যায়েৎ ক্ষিতিপ্রত্যধিদৈবতম্॥"

বুধের ধ্যান—

"মাগধং দ্ব্যঙ্গুলাত্রেয়ং বৈশ্যং পীতং চতুর্ভুজম্।
বামোর্দ্ধক্রমতশ্চর্ম্ম গদাবরদখড়্গিনম্॥
সূর্য্যাস্যং সিংহগং সৌম্যং পীতবস্ত্রং তথাহ্বয়েৎ।
নারায়ণাধিদৈবঞ্চ বিষ্ণুপ্রত্যধিদৈবতম্॥"

বৃহস্পতির ধ্যান—

"দ্বিজমাঙ্গিরসং পীতং সৈন্ধবঞ্চ ষড়ঙ্গুলম্।
ধ্যাত্বা পীতাম্বরং জীবং সুপদ্মস্থং চতুর্ভুজম্॥
দক্ষোর্দ্ধাদক্ষবরদকরকাদণ্ডমাহ্বয়েৎ।
ব্রহ্মাধিদৈবং সূর্য্যাস্যমিন্দ্রপ্রত্যধিদৈবতম্॥"

শুক্রের ধ্যান—

"শুক্রং ভোজকটং বিপ্রং ভার্গবঞ্চ নবাঙ্গুলম্।
পদ্মস্থমাহ্বয়েৎ সূর্য্যমুখং শ্বেতং চতুর্ভুজম্॥
সদাক্ষবরকরকা-দণ্ডহস্তং সিতাম্বরম্।
শক্রাধিদৈবতং ধ্যায়েৎ শচী-প্রত্যধিদৈবতম্॥"

শনির ধ্যান—

"সৌরাষ্ট্রং কাশ্যপং শূদ্রং সূর্য্যাস্যং চতুরঙ্গুলম্।
কৃষ্ণং কৃষ্ণাম্বরং গৃধ্রগতং সৌরিং চতুর্ভুজম্।
তদ্বদ্বাণবরশূলধনুর্হস্তং সমাহ্বয়েৎ।
যমাধিদৈবতং প্রজাপতি-প্রত্যধিদৈবতম্॥"

রাহুর ধ্যান—

"রাহুং মলয়জং শূদ্রং পৈঠানং দ্বাদশাঙ্গুলম্।
কৃষ্ণং কৃষ্ণাম্বরং সিংহাসনং ধ্যাত্বা তথাহ্বয়েৎ॥
চতুর্বাহুং খড়্গবরশূলচর্ম্মকরস্তথা।
কালাধিদৈবং সূর্য্যাস্যং সর্পপ্রত্যধিদৈবতম্॥"

কেতুর ধ্যান—

"কৌশধীপং কেতুগণং জৈমিনীয়ং ষড়ঙ্গুলম্।
ধূম্রং গৃধ্রগতং শূদ্রমাহ্বয়েদ্বিকৃতাননম্॥

সূর্য্যাস্তং ধূম্রবসনং বরদং গদিনং তথা।
চিত্রগুপ্তাধিদৈবঞ্চ ব্রহ্মপ্রত্যধিদৈবতম্॥"

বিষ্ণুধর্ম্মোত্তরে গ্রহের অধিদেবতা ও প্রত্যধিদেবতার ধ্যান লিখিত আছে। জানিতে হইলে তদ্‌গ্রন্থ দ্রষ্টব্য।

গ্রহের দক্ষিণা—সূর্য্যের দক্ষিণা কপিলাধেনু। দানমন্ত্র—

"কপিলে সর্ব্বভূতানাং পূজনীয়াসি রোহিণী।
সর্ব্বদেবময়ী যস্মাদতঃ শান্তিং প্রযচ্ছ মে॥"

চন্দ্রের দক্ষিণা শঙ্খ। দানমন্ত্র যথা—

"পুণ্যস্তং শঙ্খ! পুণ্যানাং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্।
বিষ্ণুনা বিধৃতশ্চাসি তস্মাৎ শান্তিং প্রযচ্ছ মে॥"

মঙ্গলের দক্ষিণা রক্তবর্ণ ভারবাহী বৃষ। দানমন্ত্র—

"ধর্ম্মস্তং বৃষরূপেণ জগদানন্দকারক।
অষ্টমূর্ত্তেরধিষ্ঠানমতঃ শান্তিং প্রযচ্ছ মে॥"

বুধের দক্ষিণা স্বর্ণ। দানমন্ত্র—

"হিরণ্যগর্ভগর্ভস্তং হেমবীজং বিভাবসোঃ।
অনন্তপুণ্যফলদমতঃ শান্তিং প্রযচ্ছ মে॥"

বৃহস্পতির দক্ষিণা পীতবস্ত্র। দানমন্ত্র—

"পীতবস্ত্রযুগং যস্মাদ্ বাসুদেবস্য বল্লভম্।
প্রদানাত্তস্য মে বিষ্ণো অতঃ শান্তিং প্রযচ্ছ মে॥"

শুক্রের দক্ষিণা অশ্ব। দানমন্ত্র—

"বিষ্ণুস্বমখরূপেণ যস্মাদমৃতসম্ভবঃ।
চন্দ্রার্কবাহনো নিত্যমতঃ শান্তিং প্রযচ্ছ মে॥"

শনির দক্ষিণা ধেনু। দানমন্ত্র—

"যস্মাৎত্বং পৃথিবী সর্ব্বা ধেনুঃ কেশবসন্নিভা।
সর্ব্বপাপহরা নিত্যমতঃ শান্তিং প্রযচ্ছ মে॥"

রাহুর দক্ষিণা অয়স। দানমন্ত্র—

"যস্মাদায়সকর্ম্মাণি তবাধীনানি সর্ব্বদা।
লাঙ্গলাদায়ুধাদীনি তস্মাচ্ছান্তিং প্রযচ্ছ মে॥"

কেতুর দক্ষিণা ছাগ। দানমন্ত্র—

"যস্মাত্বং সর্ব্বযজ্ঞানাং সঙ্গত্বেন ব্যবস্থিতঃ।
দানং বিভাবসো নিত্যমতঃ শান্তিং প্রযচ্ছ মে।"

গ্রহদিগের সন্তোষের জন্য গো, শয্যা ও ভূমিদান করিবার বিধান আছে। সকল প্রকার গ্রহযাগেই অযুত হোম করিতে হয়। সকল অভীষ্ট পূরণ কামনায় লক্ষ জপ করিতে হয়।

গ্রহযজ্ঞ শেষ হইলে পূর্ণাহুতি প্রদান করিয়া পূর্ব্বস্থাপিত পূর্ণকুম্ভ দ্বারা চারি ব্রাহ্মণ যজমানকে স্নান করাইবে। স্নানমন্ত্র—"সুরাস্তামভিসিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।

বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণো বিভুঃ॥
প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে।
আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নির্ঋতিস্তথা।
বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথাশিবঃ।
ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্‌পালাস্তামবন্তু তে॥
কীর্ত্তির্লক্ষ্মী ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্রিয়া মতিঃ।
বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তিস্তুষ্টি কান্তিশ্চ মাতরঃ।
এতাস্তামভিষিঞ্চন্তু ধর্ম্মপত্ন্যঃ সমাগতাঃ॥
আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবৌ সিতার্কজঃ।
গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ॥
দেবদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ।
ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এবচ॥
দেবপত্ন্যো দ্রুমানাগা দৈত্যাশ্চাপ্সরসাং গণাঃ।
অস্ত্রাণি সর্ব্বশাস্ত্রাণি রাজানো বাহনানি চ॥
ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে।
সরিতঃ সাগরঃ শৈলাস্তীর্থানি জলদানদাঃ।
এতে ত্বামভিষিঞ্চন্তু সর্ব্বকামার্থসিদ্ধয়ে॥"

স্কন্দপুরাণে লিখিত আছে যে গ্রহগণের জন্মভূমি গোত্র, অগ্নি, বর্ণ ও মুখ প্রভৃতি না জানিয়া শান্তি করিলে গ্রহগণ অপমানিত হয়, এই কারণে হোম ফল হয় না। অতএব শান্তিকালে গ্রহের জন্মভূমি ও গোত্র প্রভৃতি জানা আবশ্যক। সহজে গ্রহের জন্মভূমি প্রভৃতি জানিবার উপায় নিম্নে লিখিত হইল—

নাম	সূর্য্য	চন্দ্র	মঙ্গল	বুধ	শুক্র	বৃহস্পতি	শনি	রাহু	কেতু
জন্মভূমি	কলিঙ্গ	যমুনা	অবন্তী	মগধ	সৈন্ধব	ভোজকট	সৌরাষ্ট্র	বর্ব্বরক	অন্তর্বেদী
গোত্র	কশ্যপ	অত্রি	ভরদ্বাজ	অত্রি	অঙ্গিরা	ভৃগু	কশ্যপ	পৈঠিনসি	জৈমিনি
অগ্নি	কপিল	পিঙ্গল	ধূমকেতু	জাঠর	শিখী	হাটক	মহাতেজা	হুতাশন	হুতাশন
বিপ্রাদিবর্ণ	ক্ষত্রিয়	বৈশ্য	ক্ষত্রিয়	বৈশ্য	বিপ্র	বিপ্র	শূদ্র	শূদ্র	শূদ্র
বর্ণ (রূপ)	রক্ত	শুক্ল	রক্ত	পীত	পীত	শুক্ল	কৃষ্ণ	কৃষ্ণ	চিত্র
মণ্ডলে স্থান, মধ্য		পূর্ব্বদক্ষিণ	দক্ষিণ	পূর্ব্বোত্তর	উত্তর	পূর্ব্ব	পশ্চিম	দক্ষিণপশ্চিম	পশ্চিমোত্তর
দৃষ্টি	ঊর্দ্ধদৃষ্টি	অধোদৃষ্টি	দক্ষিণ দৃষ্টি	বামদৃষ্টি	বামদৃষ্টি	ঊর্দ্ধদৃষ্টি	অধোদৃষ্টি	দক্ষিণদৃষ্টি	দক্ষিণদৃষ্টি

নাম	সূর্য্য	চন্দ্র	মঙ্গল	বুধ	গুরু	বৃহস্পতি	শনি	রাহু	কেতু
আকার	বর্ত্তুল	অর্দ্ধচন্দ্র	ত্রিকোণ	চাপ	পদ্ম	চতুষ্কোণ	সর্প	মকর	খড়্গ
বাহন	সপ্তাশ্বরথ	দশাশ্বরথ	মেষ	সিংহ	হস্তী	ঘোটক	গৃধ্র	সিংহ	গৃধ্র
মূর্ত্তিদ্রব্য	তাম্র	স্ফটিক	শ্বেতচন্দন	স্বর্ণ	স্বর্ণ	রজত	লৌহ	সীস	কাংস্য
গন্ধ	রক্তচন্দন	শ্বেতচন্দন	রক্তচন্দন	কুঙ্কুম	কুঙ্কুম	শ্বেতচন্দন	কস্তূরী	কস্তূরী	কস্তূরী
পুষ্প	করবীর	কুমুদ	জবা	চম্পক	পদ্ম	জাতি	মল্লিকা	কুন্দ	মল্লিকা
ধূপ	গুগ্‌গুল	ঘৃতাক্ত যক্ষধূপ	সর্জরসযুক্ত সিহ্লক	পীতাগুরু ও সিহ্লক	দশাঙ্গ	ঘৃতযুক্ত বিল্বাগুরু	পদ্মকাষ্ঠ	যক্ষধূপ	মধুযুক্ত গুড়ত্বক্
মতান্তরে ধূপ,	কুন্দুরুক	ঘৃতাক্তত	সর্জরস	পীতাগুরু	সিন্ধুজ	বিল্বাগুরু	গুগ্‌গুলু	লাক্ষা	লাক্ষা
ফল	দ্রাক্ষা	ইক্ষু	পূগ	নাগরঙ্গ	জম্বীর	বীজপূর	জাতিফল	নারিকেল	দাড়িম
বস্ত্র	রক্ত	শ্বেত	রক্ত	পীত	পীত	শ্বেত	কৃষ্ণ	কৃষ্ণ	চিত্র
রত্ন	মাণিক্য	মুক্তা	প্রবাল	গারুত্মত	পুষ্পরাগ	হীরক	নীলক	গোমেদ	বৈদূর্য্য
বলি	গুড়ৌদন	ঘৃতপায়স	যাবক	ক্ষীরযষ্টিক	দধ্যোদন	ঘৃতৌদন	কৃসর	অজমাংস	চিত্রান্ন
সমিধ্	অর্ক	পলাশ	খদির	অপামার্গ	অশ্বত্থ	উদুম্বর	শমী	দূর্ব্বাত্রয়	কুশত্রয়
দক্ষিণা	কপিলা ধেনু,	শঙ্খ	রক্তবৃষ	স্বর্ণ	পীতবস্ত্র	শ্বেতাশ্ব	কৃষ্ণাধেনু	খড়্গ	ছাগ
জপসংখ্যা	৬০০০	১০০০০	৭০০০	১৭০০০	১৬০০০	২০০০০	১৯০০০	১৮০০০	৭০০০
অধিদেবতা	শিব	উমা	স্কন্দ	নারায়ণ	ব্রহ্মা	ইন্দ্র	যম	কাল	চিত্রগুপ্ত
প্রত্যধিদেবতা	অগ্নি	জল	ক্ষিতি	বিষ্ণু	ইন্দ্র	শচী	প্রজাপতি	সর্প	ব্রহ্মা

যজমান অর্থাৎ যাহার উদ্দেশে গ্রহযাগের অনুষ্ঠান, তাহার বেদ অনুসারে বৈদিক মন্ত্রদ্বারা গ্রহ, অধিদেবতা ও প্রত্যধিদেবতার হোম করিতে হয়। ভিন্ন ভিন্ন বেদ মন্ত্রের আদি ও কোন্ বেদের কোন্ স্থানে আছে, তাহার চিহ্ন নিম্নে প্রদর্শিত হইল।

সূর্য্যের হোমমন্ত্র। ঋক্—"আকৃষ্ণেন রজসা।" ১।৩৫।২; যজুঃ—"আকৃষ্ণেন রজসা" (বা°) ৯।৪০; সাম—"উদুত্যং জাতবেদসং" ১।১।১।৩।১১; অথর্ব্ব—"বিষাসহিং লহমান" ১৭।১।১।

চন্দ্রের হোমমন্ত্র। ঋক্—"আপ্যায়স্ব সমেতুতে" ১।৯১।১৬; যজুঃ—"ইমং দেবা অসপত্নং" (বা°) ৯।৪০; সাম "সন্তে পয়াংসি" (বা°) ১২।১১৩; অথর্ব্ব "শত্রুধূমং নক্ষত্রাণি" ৬।১২৮।১।

মঙ্গলের মন্ত্র। ঋক্—"অগ্নির্মূর্দ্ধা দিবঃ" ৮।৪৪।১৬; যজুঃ—"অগ্নির্মূর্দ্ধাদিবঃ" (বা°) ১৮।২০; সাম—"অগ্নির্মূর্দ্ধাদিবঃ" ১।১।১।৩।৭; অথর্ব্ব—"ত্বয়া মন্যো সরণম্" ৪।৩১।১।

বুধের মন্ত্র। ঋক্—"অগ্নে বিবস্বৎ" ১।৪৪।১; যজুঃ—"উদ্বুধ্যস্বাগ্নে" (বা°) ১৫।৫৪; সাম—"অগ্নে বিবস্বৎ" ১।১।১।৪।৬; অথর্ব্ব—"যদ্রাজানোবিভজন্তঃ" ৩।২৯।১।

বৃহস্পতির মন্ত্র। ঋক্—"বৃহস্পতে পরিদীয়া" ১০।১০৩।৪; যজুঃ—"বৃহস্পতে অতিযদর্য্যঃ" (বা°) ২৬।৩; সাম—"বৃহস্পতে পরিদীয়া" ২।৯।৩।২।১; অথর্ব্ব—"বৃহস্পতির্নঃ পরিপাতু" ৭।৫১।১

শুক্রের মন্ত্র। ঋক্—"শুক্রং তে অন্যৎ" ৬।৫৮।১; যজুঃ—"অন্নাৎ পরিস্রুতঃ" (বা°) ১৯।৭৫; সাম—"শুক্রং তেঽন্যৎ" ১।১।১ ৩।৩; অথর্ব্ব—"হিরণ্যবর্ণাঃ শুচয়ঃ" ১।৩৩।১।

শনির মন্ত্র। ঋক্—"শন্নোদেবীরভীষ্টয়ে" ১০।৯।৪; ঐ যজুঃ—(বা°) ৩৬।১২; সাম—৩।১।১।৩।১৩; অথর্ব্ব—"সহস্র বাহুঃ পুরুষঃ" ১৯।৬।১।

রাহুর মন্ত্র। ঋক্—"কয়ানশ্চিত্রঃ" ৪।৩১।১; ঐ সাম; যজুঃ—"কাণ্ডাৎ কাণ্ডাৎ" (বা°) ১৩।১০; অথর্ব্ব—"দিব্যং চিত্র মৃতুধাঃ"।

কেতুর মন্ত্র। ঋক্—"কেতুং কৃণ্বন্নকেতবে" ১।৬।৩; ঐ যজুঃ—(বা°) ২৯।৩৭; ঐ সাম ২।৬।৩।১২।৩; অথর্ব্ব—"যস্তে পৃথুঃ স্তনয়িত্নুঃ" ৭।১১।১।

গ্রহাধিদেবতার হোমের মন্ত্র। ১ ঈশ্বরের মন্ত্র। ঋক্—"গৌরীর্ম্মিমায়" ১।১৬৪।৪১; যজুঃ—"শ্রীশ্চতে লক্ষ্মীশ্চ" (বা°) ৩১।২২; সাম—"আপোহিষ্ঠা" ২।৯।২।১০।১; ঐ অথর্ব্ব ১।৫।১।

২ উমার মন্ত্র। ঋক্—"আবো রাজানম্" ৪।৩।১; যজুঃ—"ত্র্যম্বকং যজামহে" (বা°) ৩।৬০; সাম ১।১।২।২৭; অথর্ব্ব—"মানোবিদন্ বিব্যাধিনঃ" ১।১৯।১।

৩ স্কন্দের মন্ত্র। ঋক্—"কুমারং মাতা" ৫।২।১; যজুঃ—"যদক্রন্দঃ প্রথমম্" (বা°) ২৯।১১; সাম—"স্তোনা পৃথিবী" (বা°) ৩৫।২১; অথর্ব্ব—"অগ্নিরিব মন্যোত্বিষিতঃ" ৪।৩১।২।

৪ হরির মন্ত্র।" ঋক্—"ইদং বিষ্ণুর্বিচক্রমে।" ১।২২।১৭।

ঐ সাম ১।৩।১।৩।৯; যজুঃ—"বিষ্ণোররাটমসি" (বা॰) ৫।২১; অথর্ব্ব—"প্র তদ্বিষ্ণুঃ স্তবতে।" ৭।২৬।২।

৫ ব্রহ্মার মন্ত্র। ঋক্—"ত্বমিৎ সপ্রথাঃ" ৮।৬০।৫; যজুঃ—"আ ব্রহ্মন্ ব্রাহ্মণঃ" (বা॰) ২২।২২; সাম—"ত্বমিৎস প্রথা" ১।১।১।৪।৮; অথর্ব্ব—"ব্রহ্মজ জ্ঞানম্" ৪।১।১।

৬ ইন্দ্রের মন্ত্র। ঋক্—"ইন্দ্রং বো বিশ্বতঃ" ১।৭।১০; যজুঃ—"সজোষা ইন্দ্রঃ" (বা॰) ৭।৩৭; সাম—"ইন্দ্রমিৎ দেবতাতয়ে" ১।৩।২।১।৭; অথর্ব্ব—"ইন্দ্রেমং প্রতরম্" ৬।৫।২।

৭ যমের মন্ত্র। ঋক্—"যমায় সোমং সুনুত।" ১০।১৪।১৩; যজুঃ—"যমায় ত্বাঙ্গিরস্বতে" (বা॰) ৩৮।৯; সাম—"আয়ং গৌঃ পৃশ্নিঃ" ২।৬।১।১১।১; অথর্ব্ব—"যঃ প্রথমং প্রবতমাসসাদ" ৬।২৮।৩।

৮ কালের মন্ত্র। ঋক্—"ব্রহ্মজজ্ঞানং"; ঐ সাম ১।৪।১।৩।৯; যজুঃ—"কার্ষিরসি সমুদ্রস্য" (বা॰) ৬।২৮; অথর্ব্ব—"রোহিতঃ কালঃ" ১৩।২।৩৯।

৯ চিত্রগুপ্তের মন্ত্র। ঋক্—"উষো বাজং হি" ১।৪৮।১১; যজুঃ—"চিত্রাবসো স্বস্তি" (বা॰) ৩।১৮; সাম—"চিত্র ইচ্ছিশোঃ" ১।১।২।২।২; অথর্ব্ব—"আজ্ঞাতং যদনাজ্ঞাতম্।"

প্রত্যধিদেবতার মন্ত্র।—১ অগ্নির মন্ত্র। ঋক্—"অগ্নিং দূতং বৃণীমহে" ১।১২।১ ও সাম ১।১।১।১।৩; যজুঃ—"অগ্নিং দূতং পুরোদধে।" (বা॰) ২২।১৭; অথর্ব্ব—"সমাস্বাগ্নে ঋতবঃ" ২।৬।১।

২ জলের মন্ত্র। ঋক্—"অপ্সু মে সোমঃ" ১।২৩।২০; যজুঃ—"আপো হি ষ্ঠা" (বা॰) ১১।৫০; সাম—"উদুত্তমং বরুণ পাশম্" (বা॰) ১২।১২; অথর্ব্ব—"শন্নো দেবীরভীষ্টয়ে" (বা॰) ৩৬।১২।

৩ ক্ষিতির মন্ত্র। ঋক্—"স্যোনা পৃথিবি" ১।২২।১৫; যজুঃ (বা॰) ৩৫।২১; সাম—"পৃথিব্যস্তরীক্ষম্" (তৈ॰ আ॰) ৭।৭।৩; অথর্ব্ব—"ভূমে মাত র্নিধেহি" ১২।১।৬৩।

৪ বিষ্ণুর মন্ত্র। ঋক্—"সহস্রশীর্ষা পুরুষঃ" ১০।৯০।১; ঐ সাম; যজুঃ—"ইদং বিষ্ণুর্বিচক্রমে" (বা॰) ৫।১৫; ঐ অথর্ব্ব ৭।২৬।৪।

৫ ইন্দ্রের মন্ত্র। ঋক্—"ইন্দ্রায়েন্দো মরুত্বতে" ৯।৬৪।২২; যজুঃ—"ইন্দ্র আসাং নেতা" (বা॰) ১৭।৪০; সাম—"ইন্দ্রায়েন্দো" ১।৫।২।৪।৬; অথর্ব্ব—"ইন্দ্র জুষস্ব প্র বহা" ২।৫।১।

৬ শচীর মন্ত্র। ঋক্—"উত্তাপর্ণে সুভগে" ১০।১৪৫।২; যজুঃ—"অদিত্যৈ রাস্নাসি" (বা॰) ১।৩০; সাম—"একাষ্টকা তপসে" (অ॰ ৩।১০।১২); অথর্ব্ব—"প্রেতং পাদৌ" ১।২৭।৪।

৭ প্রজাপতির মন্ত্র। ঋক্—"প্রজাপতে ন ত্বদ্" ১০।১২১।১০; ঐ সাম; ঐ যজুঃ (বা॰) ১০।২০; অথর্ব্ব—"নক্তং জাতস্যোষধে" ১।২৩।১।

৮ সর্পের মন্ত্র। ঋক্—"আয়ং গৌঃ পৃশ্নিঃ" ১০।১৮৯।১; যজুঃ—"নমোঽস্তু সর্পেভ্যঃ।" (বা॰) ১৩।৬। সাম—"তবেন্দ্র-দ্রাবমম্।" ১।৩।২।৩।৮; অথর্ব্ব—"শেরভক শেরত" ২।২৪।১।

৯ ব্রহ্মার মন্ত্র। ঋক্—"ব্রহ্মজজ্ঞানম্" (বা॰ ১৩।৩৮); ঐ যজুঃ (বা॰) ১৩।৩; সাম—"এষ ব্রহ্মা য ঋত্বিজঃ" ১।৫।২।১।২; অথর্ব্ব—"যে দিশামন্তর্দেশেভ্যঃ" ৪।৪০।৮।

গ্রহযাগ (পুং) গ্রহাণাং যাগঃ ৬তৎ। [গ্রহযজ্ঞ দেখ।]

গ্রহযামল, জ্যোতিষ সম্বন্ধীয় একখানি যামল গ্রন্থ। কোন প্রাচীন তন্ত্রে ইহার উল্লেখ নাই।

গ্রহযায্য (ত্রি) গ্রহ-ণিচ্-আয্য। গ্রাহক।

গ্রহয়ালু (ত্রি) গ্রহ-ণিচ্-আলু। গ্রাহক।

গ্রহযুতি (পুং) গ্রহাণাং যুতিঃ ৬তৎ। সূর্য্যাদি গ্রহগণের স্থিতিবিশেষে কল্পনীয় যোগবিশেষ। গ্রহগণ সর্ব্বদাই স্বীয় স্বীয় কক্ষায় অবস্থিত থাকিয়া ভ্রমণ করে, ইহাদের যোগ বা মিলন হইতে পারে না। কিন্তু উভয় গ্রহে যখন ঠিক সমসূত্রপাত হয় অর্থাৎ এক সূত্রে গ্রথিত মণিদ্বয়ের ন্যায় ঊর্দ্ধাধোভাবে অবস্থিতি করে, তখন তাহাকে গ্রহযোগ বা গ্রহযুতি বলা যায়।

সূর্য্যসিদ্ধান্তের মতে বুধ, বৃহস্পতি, শুক্র, শনি ও মঙ্গল এই পাঁচটীর নাম তারাগ্রহ। তারাগ্রহের সহিত চন্দ্র ও সূর্য্যের যোগ বা সমসূত্রে অবস্থিতি হইয়া থাকে। সূর্য্যের সহিত তারাগ্রহ বা চন্দ্রের যোগ হইলে তাহাদের পূর্ণাস্ত হয়। চন্দ্রের সহিত তারাগ্রহের পরস্পর যোগ হইলে তাহাকে গ্রহযুদ্ধ বলে। গণিত প্রক্রিয়ানুসারে গ্রহদিগের ভাবী বা অতীত যোগ স্থির করা যাইতে পারে। সূর্য্যসিদ্ধান্তের মতে—যে দুই গ্রহের যোগ নির্ণয় করিতে হইবে, তাহাদের মধ্যে যে গ্রহটী শীঘ্রগামী, তাহার স্ফুট হইতে মন্দগতি গ্রহের স্ফুট অল্প হইলে অল্পদিন পূর্ব্বেই এই দুই গ্রহের যোগ হইয়া গিয়াছে, এইরূপ স্থির করিবে। আর যদি শীঘ্রগতি গ্রহ হইতে মন্দগামীগ্রহের স্ফুট অধিক হয়, তবে অল্পদিন মধ্যেই উভয় গ্রহের যোগ হইয়া থাকে। গ্রহদ্বয় পূর্ব্বাভিমুখে স্বাভাবিক গতিশালী হইলে এইরূপ হয়। বক্রগতি গ্রহদ্বয়ের মধ্যে শীঘ্রগতি গ্রহের স্ফুট মন্দগতি গ্রহ অপেক্ষা অধিক হইলে উভয়ের যোগ ভাবী এবং শীঘ্রগতি গ্রহ অপেক্ষা মন্দগতি গ্রহ অল্প হইলে যোগ অতীত এইরূপ নির্ণয় করিবে। উভয় গ্রহের একটী বক্রগতি ও অপরটী স্বাভাবিক গতিযুক্ত থাকিলে বক্রগতি হইতে পূর্ব্বগামী গ্রহের আধিক্যে অতীত এবং পূর্ব্বগামী অপেক্ষা বক্রগতি অধিক হইলে যোগ হইবে এইরূপ স্থির করিতে হয়।

গ্রহযুতির সময় নিরূপণ করিবার উপায়।—গণিতবেত্তা ইচ্ছা করিলে যে কোন সময়ে গণনা করিয়া তৎপূর্ব্ববর্ত্তী বা পরবর্ত্তী গ্রহযোগের সময় নির্ণয় করিতে পারেন। যে সময়ে গ্রহযোগ গণনা করিতে হইবে, অভীষ্ট গ্রহদ্বয়ের তাৎকালিক স্ফুট নির্ণয় করিয়া উভয়ের অন্তরকে কলা করিবে। পরে উহাকে উভয় গ্রহের গতি কলা দ্বারা পৃথক্‌রূপে গুণ করিলে যে দুইটী রাশি লব্ধ হইবে, তাহার মধ্যে যে গ্রহের গতিকলা দ্বারা গুণ করিয়া যে রাশি লব্ধ হইয়াছে, সেই রাশিটীকে সেই গ্রহের আদ্যক্ষর দ্বারা চিহ্নিত করিয়া পৃথক্‌রূপে স্থাপন করিবে। এইরূপে গ্রহের আদ্যক্ষর চিহ্নিত রাশি স্থাপন করিয়া গ্রহদ্বয় বক্রগতি হইলে তাহাদের অন্তর এবং একটী পূর্ব্বগামী ও অপরটী বক্র হইলে উভয়ের যোগফল দ্বারা চিহ্নিত রাশিদ্বয়কে ভাগ করিবে। লব্ধ ফলদ্বয়কে ও যথাক্রমে গ্রহের আদ্যক্ষরে চিহ্নিত করিবে। স্বাভাবিক গতি গ্রহদ্বয়ের যোগ ভাবী হইলে গ্রহদ্বয়ের স্ফুটে স্বীয় স্বীয় আদ্যক্ষর চিহ্নিত ফলদ্বয়কে যোগ ও যোগ অতীত হইলে বিয়োগ করিবে। এইরূপ বক্রগতি গ্রহদ্বয়ের ভাবী যোগে লব্ধদ্বয় বিয়োগ ও অতীত যোগে যোগ করিতে হয়। গ্রহদ্বয়ের মধ্যে একটী বক্র ও অপরটী স্বাভাবিক গতি হইলে পূর্ব্বপ্রক্রিয়ানুসারে লব্ধকে অতীত যোগে স্বাভাবিক গতি গ্রহ হইতে হীন, বক্রগতি গ্রহে যোগ এবং ভাবীযোগে বক্রগতি গ্রহ হইতে হীন ও স্বাভাবিক গতি গ্রহে যোগ করিবে। এইরূপ প্রক্রিয়ায় যে দুইটী রাশি হইবে, সেই দুইটীকে গ্রহদ্বয়ের সমকলাত্মক ফল কহে। পূর্ব্বপ্রক্রিয়া অনুসারে গ্রহের আদ্যক্ষর চিহ্নিত রাশিদ্বয়কে ভাগ করিলে যে ফল লব্ধ হইবে, তাহাকে দিনাদি জানিবে। অতীত যোগ হইলে গণনার সময় হইতে লব্ধ দিনাদি বাদ দিলে যে সময় পাওয়া যাইবে, সেই সময়ে উক্ত গ্রহদ্বয়ের যোগ হইয়াছিল এবং ভাবীযোগ হইলে গণনার সময়ের সহিত লব্ধদিনাদি যোগ করিলে যে সময় হয়, সেই সময়ে গ্রহদ্বয়ের যোগ হইবে। (সূর্য্যসিদ্ধান্ত ৭।১-৬) [দৃক্‌কর্ম্ম দেখ।]

গ্রহযুদ্ধ (ক্লী) গ্রহস্য যুদ্ধং ৬তৎ। মঙ্গল প্রভৃতি পাঁচটী তারাগ্রহের কোন দুইটী উপর্য্যুপরি অবস্থিত হইলে তাহাদের কিরণস্পর্শাদি হইয়া থাকে, তাহারই নাম গ্রহযুদ্ধ। অবস্থাভেদে গ্রহযুদ্ধ চারি প্রকার—উল্লেখ, ভেদ, অংশুবিমর্দ্দ ও অপসব্য।

তারকাস্পর্শ অর্থাৎ কেবল প্রতিবিম্বরূপে গ্রহদ্বয়ের স্পর্শ হইলে তাহার নাম উল্লেখ। ফল অমাত্যপীড়া।

উভয় গ্রহের মানের যোগফলের অর্দ্ধ হইতে গ্রহদ্বয়ের অন্তর অধিক হইলে সেই যুদ্ধকে ভেদ বলে। ফল ধনক্ষয়।

উভয় গ্রহের কিরণের সঙ্ঘট্ট বা যোগ হইলে তাহার নাম অংশুবিমর্দ। ফল ভয়ঙ্কর সংগ্রাম।

গ্রহদ্বয়ের অন্তর অংশ অর্থাৎ ষাইট্‌কলার ন্যূন হইলে তাহাকে অপসব্য, এই যুদ্ধ আবার দুইপ্রকার—ব্যক্ত ও অব্যক্ত। গ্রহদ্বয়ের মধ্যে একটী অণু অর্থাৎ ক্ষুদ্র বিম্ব হইলে তাহাদের অপসব্য যুদ্ধ মানবের দৃষ্টিগোচর হইয়া থাকে, এই কারণে তাহার নাম ব্যক্ত এবং ইহার বিপরীত অর্থাৎ কোনটীই অণু না হইলে যে অপসব্য যুদ্ধ হয়, তাহা দৃষ্টিগোচর হয় না, তাহার নাম অব্যক্ত। (সূর্য্যসি° ৭।১৮—১৯)

বৃহৎসংহিতার মতে—উপর্য্যুপরিভাবে স্বীয় স্বীয় কক্ষায় অবস্থিত গ্রহগণের অতি দূরত্বনিবন্ধন দর্শনবিষয়ে সমতা হয়। তাহারই নাম গ্রহযুদ্ধ। ভেদযুদ্ধের ফল—বৃষ্টিনাশ এবং সুহৃদ্ ও কুলীনগণের ভেদ। উল্লেখ যুদ্ধের ফল শস্ত্রভয়, মন্ত্রিবিরোধ ও দুর্ভিক্ষ। অংশুমর্দ্দযুদ্ধের ফল—রাজবিরোধ, শস্ত্রযুদ্ধ, রোগ, প্রজাবর্গ ক্ষুধাকুল ও অবমর্দ্দন। অপসব্য যুদ্ধে রাজবিরোধ হয়। (বৃহৎস° ১৭।১—৫)

সূর্য্যসিদ্ধান্তের মতে—অপসব্য যুদ্ধে একটী গ্রহের জয় ও অপরটীর পরাজয় হইয়া থাকে। পরাজিত গ্রহের লক্ষণ—গ্রহযুদ্ধের পরে যে গ্রহটী অব্যক্ত, ক্ষুদ্রবিম্ব, দীপ্তিশূন্য, বিবর্ণ ও দক্ষিণদিকে দেখিতে পাওয়া যায়, তাহাকে পরাজিত জানিবে।

জয়ীগ্রহের লক্ষণ—গ্রহযুদ্ধের পরে যে গ্রহকে ইতর গ্রহবিম্ব হইতে স্থূল, দীপ্তিমান্ ও উত্তরদিকে অবস্থিত দেখিতে পাওয়া যায়, তাহাকে জয়যুক্ত জানিবে। গ্রহের জয় ও পরাজয়ে যে দিক্ সংস্থিতি বলা হইয়াছে, তাহা নিয়ত নহে। তেজস্বী, পৃথুবিম্ব বলবান্ উত্তর বা দক্ষিণ যে দিকেই অবস্থিত হউক না কেন, তাহাকে জয়ী জানিবে।

উভয় গ্রহযুদ্ধলক্ষণাক্রান্ত, দীপ্তিযুক্ত, বলবান্ এবং আসন্ন অর্থাৎ এক ভাগান্তরে অবস্থিত হইলে যে যুদ্ধ হয়, তাহার নাম সমাগম এবং গ্রহদ্বয় পরাজয়লক্ষণাক্রান্ত, অথবা ক্ষুদ্রবিম্ব হইলে যথাক্রমে কূট ও বিগ্রহ নামক যুদ্ধ হইয়া থাকে। উত্তর বা দক্ষিণদিকে অবস্থিত শুক্র প্রায়ই জয়লাভ করে।

গ্রহগণ পরস্পর অনেক দূরে অবস্থিত, কোনকালেই তাহাদের যোগ হয় না। কিন্তু সময় বিশেষে উপর্য্যুপরি ভাবে অবস্থিতি হইয়া থাকে, সেই সময়ে ভূতলস্থ দর্শকবৃন্দ উত্তর গ্রহকে যুক্ত বলিয়া মনে করে। শাস্ত্রকারগণ

তাহাকেই গ্রহযোগ, বা অবস্থাবিশেষে গ্রহযুদ্ধ নামে উল্লেখ করনা করিয়াছেন। মানবের শুভাশুভ নিরূপণই এইরূপ কল্পনার একমাত্র উদ্দেশ্য। (সূর্য্যসিং ৭।২০-২৪।) বৃহৎসংহিতার মতে গ্রহযোগ বা গ্রহযুদ্ধে গ্রহদিগকে তিনটী নামে উল্লেখ করা হয়, আক্রন্দ, পৌর ও যায়ী। সূর্য্য পূর্ব্বাহ্নে পৌর, মধ্যাহ্নে আক্রন্দ ও অপরাহ্নে যায়ী। বুধ, বৃহস্পতি ও শনি ইহারা সকল সময়েই পৌর, এইরূপ চন্দ্র আক্রন্দ এবং কেতু, মঙ্গল, রাহু ও শুক্র ইহারা সর্ব্বদাই যায়ী। এই তিনজাতীয় গ্রহের কোন একটী অপরজাতীয় গ্রহদ্বারা হত বা পরাজিত হইলে নাম অনুসারে আক্রন্দ, যায়ী বা পৌরদিগকে বিনাশ করে। কিন্তু পৌরগ্রহ কর্ত্তৃক পৌরগ্রহ হত হইলে পুরবাসী ও রাজগণের বিনাশ হয়। এইরূপ যায়ী গ্রহ এবং আক্রন্দ গ্রহ কর্ত্তৃক আক্রন্দগ্রহ হত হইলে স্বীয় স্বীয় অধিকৃতদিগকে বিনাশ করে। [গ্রহভুক্তি দেখ।] যে গ্রহ দক্ষিণে অবস্থিত, রুদ্ধ, কম্পিত, প্রতিনিবৃত্ত অর্থাৎ বক্রী, ক্ষুদ্র অন্য গ্রহদ্বারা আচ্ছাদিত, বিকৃত, নিষ্প্রভ বা বিবর্ণ বোধ হয়, তাহাকে পরাজিত ও ইহার বিপরীত লক্ষণ যুক্তকে জয়ী জানিবে। গ্রহযুদ্ধকালে দুইটী গ্রহই রশ্মিযুক্ত বিপুলমণ্ডল ও স্নিগ্ধ হইলে তাহাকে অন্যোন্যপ্রীতি বলে। এইরূপ হইলে পৃথিবীস্থ রাজগণেরও যুদ্ধকালে সমতা হয়। ইহার বিপরীত হইলে আত্মপক্ষ বিনষ্ট হয়।

বৃহস্পতি কর্ত্তৃক মঙ্গলগ্রহের পরাজয় হইলে তাহার ফল—বাহ্লীক, যায়ী ও অগ্নিজীবীগণের পীড়া। বুধ কর্ত্তৃক মঙ্গল পরাজয়ের ফল—শূরসেন, কলিঙ্গ ও সাল্বদেশের পীড়া। শনি কর্ত্তৃক মঙ্গল পরাজয়ের ফল—পৌরগণের জয়লাভ, প্রজাগণের অবসাদ ও বিনাশ। শুক্র কর্ত্তৃক মঙ্গল পরাজয়ের ফল—কোষ্ঠাগার, ম্লেচ্ছ ও ক্ষত্রিয়গণের পরিতাপ।

মঙ্গল কর্ত্তৃক বুধ পরাজয়ের ফল—বৃক্ষ, নদী, তাপস, অশ্মকদেশীয় নরপতি এবং উত্তরদিক্‌বাসী যাজ্ঞিকগণের সন্তাপ। বৃহস্পতি কর্ত্তৃক মঙ্গলের পরাজয়ের ফল—ম্লেচ্ছ, শূদ্র, চৌর, ধনশালী, পুরবাসী, ত্রিগর্ত্ত ও পার্ব্বতীয় জনসমূহের পীড়া ও ভূমিকম্প। শনি কর্ত্তৃক বুধপরাজয়ের ফল—ম্লেচ্ছ, শূদ্র, চৌর, ধনশালী পুরবাসী, ত্রিগর্ত্ত ও পার্ব্বতীয় জনসমূহের পীড়া ও ভূমিকম্প। শনি কর্ত্তৃক বুধপরাজয়ের ফল—নাবিক, যোদ্ধা, জলজ, ধনী ও গর্ভিণীগণের বিনাশ। শুক্র কর্ত্তৃক বুধ পরাজয়ের ফল—অগ্নিকোপ, শস্য, মেঘ ও যায়ীগণের বিনাশ।

শুক্র কর্ত্তৃক বৃহস্পতিপরাজয়ের ফল—কুলূত, গান্ধার, কৈকয়, মদ্র, সাল্ব, বৎস ও বঙ্গগণ, গোসমূহের ও শস্যের বিনাশ।

মঙ্গল কর্ত্তৃক বৃহস্পতি পরাজয়ের ফল—মধ্যদেশ, নরপতিগণ ও গোসমূহের ক্ষয়। বুধ কর্ত্তৃক বৃহস্পতি পরাজয়ের ফল—ম্লেচ্ছ, সত্য ও শস্ত্রাজীবীগণ এবং মধ্যদেশের বিনাশ। শনি কর্ত্তৃক বৃহস্পতিপরাজয়ের ফল—আর্জ্জুনায়ন, বসাতি, যৌধেয়, শিবি ও ব্রাহ্মণগণের অমঙ্গল। বৃহস্পতি কর্ত্তৃক শুক্রপরাজয়ের ফল—শ্রেষ্ঠযায়ীর বিনাশ, ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের বিরোধ, অনাবৃষ্টি, কোশল, কলিঙ্গ, বঙ্গ, বৎস, মৎস্য, মধ্যদেশস্থগণ, শূরসেনগণ ও নপুংসকদিগের ঘোরতর পীড়া। মঙ্গল কর্ত্তৃক শুক্রের পরাজয়ের ফল—বলমুখ্যগণের বধ ও রাজগণের যুদ্ধ। বুধ কর্ত্তৃক শুক্রজয়ের ফল পার্ব্বতীয়দেশের পীড়া, দুগ্ধের হানি ও অল্পবৃষ্টি। শনি কর্ত্তৃক শুক্রপরাজয়ের ফল—গণশ্রেষ্ঠ, শস্ত্রাজীবী, ক্ষত্রিয়গণ ও জলজের পীড়া। শুক্র কর্ত্তৃক শনিগ্রহ পরাজয়ের ফল—মহার্ঘতা, সর্প, পক্ষী ও মানীগণের পীড়া। বুধ কর্ত্তৃক শনি পরাজয়ের ফল—টঙ্কণ, অন্ধ্র, ওড্র, কাশী ও বাহ্লীকদেশবাসীর পীড়া। বুধ কর্ত্তৃক শনিপরাজয়ের ফল—অঙ্গদেশ, বণিক্, বিহঙ্গ, পশু ও সর্পগণের সন্তাপ। (বৃহৎস° ১৭ অঃ।) মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি ইহাদের পরস্পর পরাজয়ের ফল লিখিত হইল। নক্ষত্রাদির সহিত গ্রহের যুদ্ধে গ্রহভুক্তির ফল হইয়া থাকে। [গ্রহভুক্তি দেখ।]

গ্রহযুদ্ধভ (ক্লী) গ্রহয়োর্যুদ্ধং যত্র বহুব্রী তাদৃশং ভং কর্ম্মধা°। যে নক্ষত্রে থাকিয়া গ্রহদ্বয়ের যুদ্ধ হয়। [বিবাহ দেখ।]

গ্রহবর্ম্মন্, মৌখরিবংশীয় কান্যকুব্জের একজন রাজা, অবন্তিবর্ম্মার পুত্র ও প্রভাকরবর্দ্ধনের জামাতা। ইনি হর্ষদেবের সহোদরা রাজ্যশ্রীকে বিবাহ করেন। প্রভাকরবর্দ্ধনের মৃত্যুর পর মালবরাজ গ্রহবর্ম্মাকে বিনাশ করিয়া রাজ্যশ্রীকে কান্যকুব্জের কারাগারে আবদ্ধ করেন। [হর্ষদেব দেখ।]

গ্রহবর্ষাদিফল (ক্লী) গ্রহস্য বর্ষাদিঃ তস্য ফলঃ ৬তৎ। ১ ফলিত জ্যোতিষের মতে গ্রহগণ পর্য্যায় ক্রমে বর্ষ, মাস ও দিনের অধিপতি হইয়া থাকেন। অধিপতিভেদে প্রাণীগণের শুভাশুভ ফল ঘটিয়া থাকে, তাহার নাম গ্রহবর্ষাদি ফল। গ্রহবর্ষাদি ফলং যত্র বহুব্রী। ২ যে শাস্ত্রে গ্রহবর্ষাদির ফল লিখিত আছে, বৃহৎসংহিতার ঊনবিংশতিতম অধ্যায়।

গ্রহরাজ (পুং) গ্রহাণাং রাজা ৬তৎ ততঃ টচ্ (রাজাহঃ সখিভ্যষ্টচ্। পা ৫।৪।৯১) ১ সূর্য্য। ২ চন্দ্র। (মেদিনী) ৩ বৃহস্পতি। (শব্দরত্না°)

গ্রহবহ্নি (পুং) গ্রহস্য বহ্নিঃ ৬তৎ। গ্রহের উদ্দেশে স্থাপিত বহ্নি। [গ্রহযজ্ঞ দেখ।]

গ্রহবিপ্র (পুং) গ্রহাচার্য্য, গণক। [গণক ও দৈবজ্ঞ শব্দে এতদ্দেশীয় গ্রহবিপ্রগণের বিবরণ দ্রষ্টব্য।]

দাক্ষিণাত্যের গ্রহবিপ্রগণ কনিয়ারপণ্ডিত নামে খ্যাত, ইহারা পতিত। ইহাদের উৎপত্তিসম্বন্ধে দাক্ষিণাত্যে এইরূপ প্রবাদ আছে যে, পালুর ভত্তরি নামে একজন জ্যোতিষশাস্ত্র-পারদর্শী ব্রাহ্মণ পদব্রজে নদী পার হইতে ছিলেন ; দৈবক্রমে স্রোতে ভাসিয়া যান। পরে অতি কষ্টে তীর প্রাপ্ত হইয়া নিকটবর্ত্তী কোন থিয়ারজাতির গৃহের "পায়ালে" (রকে) শয়ন করিয়া থাকেন। গৃহস্বামী থিয়ার নিজপত্নীর সহিত বিরোধ করিয়া গৃহ হইতে চলিয়া যায়। থিয়ারপত্নী পতি ফিরিয়া আসিবে ভাবিয়া অর্দ্ধরাত্রে ঘরের দরজা খুলিয়া ব্রাহ্মণকে দেখিতে পাইল। অন্ধকারে আপন ভর্ত্তা ভাবিয়া তাঁহাকে গৃহমধ্যে লইয়া গেল। পরিশ্রান্ত ব্রাহ্মণ নিদ্রিত, কাজেই থিয়ার পত্নীর অভীষ্টপূরণ হইতে কোন বাঁধা হইল না। ব্রাহ্মণ সংজ্ঞা লাভ করিয়া মনে করিলেন যে তিনি ঐ রমণীর সংসর্গে পতিত হইয়াছেন। ব্রাহ্মণ আর স্বভবনে ফিরিলেন না, তথায় থাকিয়া কিছুকাল তাহার সহিত সহবাস করিতে লাগিলেন। তাহাতে একটী পুত্র জন্মে। জ্যোতিষপারদর্শী ব্রাহ্মণ সেই পুত্রকে সমস্ত জ্যোতিষশাস্ত্র পড়াইলেন। সেই বালক জ্যোতিষশাস্ত্রে দক্ষ হইয়া 'গণকান্' নামে প্রসিদ্ধ হয়। ক্রমে সেই শব্দের অপভ্রংশ হইয়া "কনিকান্" "কনিয়ান্" ও "কনিয়ার" নাম হইয়াছে। কনিয়ারেরা গ্রহাচার্য্যের কার্য্য করে। জন্মপত্রিকা প্রস্তুত করা ও শুভাশুভ গণনা ইহাদের প্রধান জীবিকা। চাষ বাস প্রভৃতি সকল কার্য্যেই কনিয়ারের মত লইতে হয়, ইহারা নিষেধ করিলে কোন ব্যক্তিই কোন কার্য্যে অগ্রসর হয় না। এই কারণে দাক্ষিণাত্যের গৃহস্থেরা কনিয়ারের বিশেষ আদর করে। ইহারা মাটিতে খড়ির রেখা কাটিয়া শুভাশুভ গণনা করিয়া থাকে। ইহাদের মধ্যে পলিয়ান্তিপ্রথা প্রচলিত অর্থাৎ উহারা দুই তিন বা চারিভাই মিলিত হইয়া একটী পত্নী গ্রহণ করে। কনিয়ারের মধ্যে অনেক কন্যা অবিবাহিতা থাকিয়া যায়। তাহারা নার্য্যর জাতির কন্যার মত সম্বন্ধ করিয়া লয় ও তৎগর্ভজাত সন্তান মাতুলের অন্নে প্রতিপালিত হয়।

গ্রহশৃঙ্গাটক (ক্লী) গ্রহযোগবিশেষ। ইহাতেও মানব মণ্ডলীর শুভাশুভ ঘটিয়া থাকে। ইহার বিশেষ বিবরণ বৃহৎসংহিতার ২০ অধ্যায়ে দ্রষ্টব্য।

গ্রহসমাগম (পুং) গ্রহাণাং সমাগমঃ ৬তৎ। চন্দ্রের সহিত মঙ্গল প্রভৃতি তারাগ্রহের মিলন।

গ্রহাচার্য্য (পুং) গ্রহবিপ্র। [গণক ও দৈবজ্ঞ দেখ।]

গ্রহাদি (পুং) গ্রহ আদির্যস্য বহুব্রী। পাণিনীয় মত সিদ্ধ একটী ধাতুগণ। ইহার উত্তর কর্ত্তৃবাচ্যে ণিনি প্রত্যয় হয়। পাণিনির মতে গ্রহাদি আকৃতিগণ।

গ্রহাধার (পুং) গ্রহাণাং আধার আশ্রয়ঃ ৬তৎ। ধ্রুবনক্ষত্র, এই নক্ষত্রটীকে অবলম্বন করিয়া গ্রহমণ্ডল অবস্থিত বলিয়া উহাকে গ্রহাধার বলে। (শব্দরত্নাবলী) [খগোল দেখ।]

গ্রহাধিকরণ (ক্লী) গ্রহস্য অধিকরণং ৬তৎ। অধিকরণবিশেষ, ন্যায়রূপ পঞ্চাঙ্গ। (মীমাংসা ৩ অঃ ১ পাঃ)

গ্রহাধীশ (পুং) গ্রহাণামধীশঃ ৬তৎ। গ্রহের অধিপতি সূর্য্য।

গ্রহাময় (পুং) গ্রহকৃত আময়ঃ মধ্যলো°। গ্রহের আবেশ, উৎপন্ন রোগ। (রাজনি°)

গ্রহাবমর্দ্দন (পুং) গ্রহৌ চন্দ্রসূর্য্যৌ অবমৃদ্নাতি গ্রহ-অব-মৃদ্-ল্যু। ১ রাহু। মৃদ-ভাবে ল্যুট্ ৬তৎ। ২ গ্রহযুদ্ধ।

"গ্রহাবমর্দ্দনে চৈব পুষ্পস্নানং সমাচরেৎ।" (বৃহৎস° ৪৮অঃ)

গ্রহাশিন্ (পুং) গ্রহং গ্রহজন্যদোষং অশ্নাতি দূরীকরোতি অশ-ণিনি। গ্রহনাশক বৃক্ষ। (শব্দরত্না°)

গ্রহাশ্রয় (পুং) গ্রহাণামাশ্রয়ঃ ৬তৎ। [গ্রহাধার দেখ।]

গ্রহাহ্বয় (পুং) গ্রহান্ আহ্বয়তি গ্রহ-আ হ্বে-শ। ভূতাঙ্কুশ বৃক্ষ। (রাজনি°)

গ্রহিল (ত্রি) গ্রহোঽস্ত্যস্য গ্রহ-কাশাদি° ইল (পা ৪।২।৮০) নির্বন্ধযুক্ত, আগ্রহাতিশয়বিশিষ্ট। স্ত্রীলিঙ্গে টাপ্ হয়।

"ন নিশাথিলয়াপি বাপিকা প্রসসাদ গ্রহিলেব মানিনী।"

(নৈষধচ°)

গ্রহীতব্য (ত্রি) গ্রহ-তব্য। গ্রাহ্য, যাহা গ্রহণ করা উচিত।

গ্রহীতৃ (ত্রি) গ্রহ-তৃচ্ ইটৌ দীর্ঘতা চ। ১ গ্রহণকর্ত্তা। ২ যে ঋণ গ্রহণ করে।

"গ্রহীতা যদি নষ্টঃ স্যাৎ কুটুম্বার্থে কৃতোব্যয়ঃ।" (মনু ৮।১৬৬)

গ্রহেশ (পুং) গ্রহাণাং ঈশঃ ৬তৎ। গ্রহের অধিপতি সূর্য্য।

গ্রহ্য (পুং) গ্রহঃ হবিঃ পাত্রভেদ এব গ্রহ-স্বার্থে-যৎ। যজ্ঞিয় পাত্রবিশেষ।

"অস্মাকোঽসি শুক্রস্তে গ্রহো বিচিতস্ত্বা।" (বাজস° ৪।২৪)

'গ্রহএব গ্রহঃ' মহীধর।

গ্রাভ (পুং) গ্রহ-ণ ছান্দসস্বাৎ হ্রস্ব ভঃ। গ্রাহক।

"আতুন ইন্দ্র ক্ষুমন্তং চিত্রং গ্রাভং সংগৃভায়।" (ঋক্ ৮।৮১।১)

'গ্রাভং গ্রাহকং' সায়ণ।

গ্রাম (পুং) গ্রস্-মন্ ধাতোরকারান্তাদেশশ্চ (গ্রসেরাং। উণ্ ১।১৪২) ১ লোকালয়, প্রাকার ও পরিখাদি শূন্য বহুলোকের বাসস্থান, গাঁ।

"বিপ্রাশ্চ বিপ্রভৃত্যাশ্চ যত্র চৈব বসন্তি চ।
স তু গ্রাম ইতি প্রোক্তঃ শূদ্রাণাং বাস এব বা॥"

যে স্থানে বিপ্র ও শূদ্রগণ অথবা কেবল শূদ্রেরা বসতি করে তাহার নাম গ্রাম। মার্কণ্ডেয়পুরাণের মতে—

"তথা শূদ্রজনপ্রায়া সুসমৃদ্ধকুটীবলা।
ক্ষেত্রোপযোগভূমধ্যে বসতি গ্রামসংজ্ঞিকা।" (মার্কণ্ডেয়°)

যে ভূখণ্ডে শূদ্রগণ ও সমৃদ্ধিশালী কৃষকেরা বাস করে তাহার নাম গ্রাম।

২ স্বরসঙ্ঘবিশেষ, যাহাতে ষড়্‌জ, প্রভৃতি সাতটী স্বর থাকে। এই গ্রাম তিনপ্রকার—ষড়্‌জ, মধ্যম ও গান্ধার। প্রত্যেক গ্রামে সাতটী করিয়া মূর্চ্ছনা থাকে।

"স্ফুটীভবদ্ গ্রামবিশেষমূর্চ্ছনা
মবেক্ষমাণং মহতীং মুহুর্মুহুঃ॥" (মাঘ ১ সর্গ)

[ইহার বিশেষ বিবরণ গীতশব্দে দ্রষ্টব্য।]

৩ সঙ্ঘাত, সমূহ। এই অর্থে কোন একটী শব্দের পরে ভিন্ন ব্যবহৃত হয় না। যথা, ভূতগ্রাম, গুণগ্রাম ইত্যাদি। কোন কোন বৈয়াকরণের মতে সমূহার্থে গ্রাম প্রত্যয় হইয়া ভূত-গ্রাম প্রভৃতি শব্দ নিষ্পন্ন হয়।

"শব্দাকরকরগ্রামঃ" (কবিকল্পদ্রুম)

৪ জনপদ। "যস্ত গ্রামা যস্ত বিশ্বে রথাসঃ।" (ঋক্ ২।১২।৭) 'গ্রসন্তে হত্রেতি গ্রামা জনপদাঃ' (সায়ণ।) ৫ শিব।

"গোপালি র্গোপতি র্গ্রামো গোচর্ম্ম-বসনোহরিঃ।"

(ভারত ১৩।১৭।১১৩।) ৬ গ্রামবাসী, কৃষক প্রভৃতি সাধারণ জন। ৭ গ্রাম সদৃশ সংহত পদার্থ। গ্রামস্যেদং গ্রাম-অণ্। ৮ গ্রাম্যধর্ম্ম। (ত্রি) ৯ গ্রামসম্বন্ধীয়।

গ্রামক (পুং) গ্রাম-স্বার্থে কন্। [গ্রাম দেখ।]

গ্রামকাম (ত্রি) গ্রামং স্বকীয়ত্বেন কাময়তে কম-ণিঙ্-অণ্ উপপদস°। যে গ্রামের কামনা করে।

"যবাগা গ্রামকামঃ" (কাত্যা° শ্রৌ° ৪।১৫।২২।)

গ্রামকুক্কুট (পুং স্ত্রী) গ্রামে কুক্কুটঃ ৭-তৎ। যে কুক্কুট গ্রামে জন্মে, গ্রাম্যকুক্কুট। মনুর মতে ইহার মাংসভক্ষণ নিষিদ্ধ। দ্বিজাতিরা জ্ঞানপূর্ব্বক ইহার মাংস খাইলে পতিত হয়।

"ছত্রাকং বিড়্‌বরাহঞ্চ লশুনং গ্রামকুক্কুটম্।
পলাণ্ডুং গৃঞ্জনঞ্চৈব মত্যা জগ্ধ্বা পতেদ্‌দ্বিজঃ।" (মনু ৫।১৯)

স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। [প্রায়শ্চিত্ত দেখ।]

গ্রামকুমার (পুং) গ্রামেষু মধ্যে কুমারঃ সুন্দরঃ। গ্রাম-সুন্দর, গ্রামের সকলের অপেক্ষা যাহার সৌন্দর্য্য অধিক।

গ্রামকুমারক (ক্লী) গ্রামকুমারস্য ভাবঃ কর্ম্ম বা গ্রাম-কুমার-বুঞ্ (দ্বন্দ্বমনোজ্ঞাদিভ্যশ্চ। পা ৫। ১। ১৩৩।) ১ গ্রামকুমারের ধর্ম্ম, সৌন্দর্য্যাতিশয়। ২ গ্রামকুমারের কর্ম্ম।

গ্রামকুলাল (পুং) গ্রামে কুলালঃ ৭-তৎ। গ্রাম্যকুলাল, কুম্ভকার। (পা ৬। ২। ৬২ সি° কৌ°)

গ্রামকুলালক (ক্লী) গ্রামকুলালস্য ভাবঃ কর্ম্ম বা গ্রাম-কুলাল-বুঞ্ (দ্বন্দ্বমনোজ্ঞাদিভ্যশ্চ। পা ৫। ১। ১৩৩।) ১ গ্রামকুলালের ধর্ম্ম। ২ গ্রামকুলালের কর্ম্ম।

গ্রামকূট (পুং স্ত্রী) গ্রামস্য কূটইব বঞ্চনা প্রধানত্বাৎ। শূদ্র। (হারাবলী) স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়।

গ্রামক্রোড় (পুং স্ত্রী) গ্রামে ক্রোড়ঃ ৭তৎ। গ্রাম্য শূকর। স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। "স দোগ্ধ্রীং ধেনুমুৎসৃজ্য গ্রামক্রোড়ীং দুধুক্ষতি।" (কাশীখণ্ড ৩৬ অঃ)

গ্রামশূকর প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবহৃত।

গ্রামগৃহ্য (ত্রি) গ্রহ বাহ্যার্থে ক্যপ্ গ্রামাৎ গৃহ্যং ৫তৎ। গ্রামবাহ্য, গ্রাম হইতে বহির্গত।

গ্রামগৃহ্যা (স্ত্রী) গ্রাম-গৃহ্য-টাপ্। গ্রামের বাহিরে অবস্থিত সেনা।

গ্রামগেয় (ক্লী) গ্রামে গেয়ং ৭তৎ। সামবিশেষ।

গ্রামগোদুহ্ (পুং) গ্রামে গোধুক্ ৭তৎ। গ্রাম্য গোপ। এই শব্দটী যুক্ত্যারোহাদি গণান্তর্গত বলিয়া ইহার আদি উদাত্ত হয়।

গ্রামঘাত (পুং) গ্রামস্য ঘাতঃ ৬তৎ। ১ গ্রামের অপচয়, গ্রাম্য দ্রব্যের লুণ্ঠন।

"গ্রামঘাতে হিতাভঙ্গে পথি মোষাভিদর্শনে।
শক্তিতো নাভিধাবন্তো নির্বাস্যাঃ সপরিচ্ছদাঃ।" (মনু ৯।২৭৪)

২ গ্রামবাসীর অমঙ্গল।

গ্রামঘাতিন্ (ত্রি) গ্রামার্থং গ্রামবাসিনাং ভক্ষণার্থং হন্তি পশূন্ হন্-ণিনি। গ্রামবাসী বহুলোকের ভক্ষণের জন্য পশুহিংসাকারী।

"গ্রামঘাতী চ কৌন্তেয়ঃ মাংসস্য পরিবিক্রয়ী।"(ভারত শা°৩৪ অঃ)

গ্রামঘোষিন্ (পুং) গ্রামে কৃষকে ঘোষোস্ত্যস্য গ্রাম-ঘোষ-ইনি। ইন্দ্র, দেবরাজ। কৃষকেরা বৃষ্টির জন্য স্তুতিবাক্যে তাঁহার আরাধনা করে বলিয়া এই নাম হইয়াছে।

"প্রবেদকৃদ্ বহুধা গ্রামঘোষী।" (অথর্ব্ব ৫। ২০। ৯)

গ্রামচর্য্যা (স্ত্রী) গ্রামস্য চর্য্যা ৬তৎ। গ্রাম্যধর্ম্ম, স্ত্রীর সম্ভোগ।

"সর্ব্ব শো বর্জয়েদ্ গ্রামচর্য্যাম্।" (আশ্বলায়নশ্রৌ° ১২।৮।৩)

'গ্রামচর্য্যা স্ত্রীসম্ভোগঃ' (নারায়ণ)।

গ্রামচৈত্য (পুং) গ্রামস্থ পবিত্র বৃক্ষ।

গ্রামজ (ত্রি) গ্রামে জায়তে গ্রাম-জন-ড। গ্রাম্য, যাহা গ্রামে উৎপন্ন হয়।

গ্রামজনিষ্পাবী (স্ত্রী) গ্রামজা চাসৌ নিষ্পাবী চেতি কর্ম্মধা° পূর্ব্বস্য পুংবদ্ভাবশ্চ। মথনিষ্পাবী, ধান্যবিশেষ। (রাজনি°) [ধান্য দেখ।]

গ্রামজাত (ত্রি) গ্রামে জাতঃ ৭তৎ। গ্রামোৎপন্ন, যাহা গ্রামে জন্মে। "ন গ্রামজাতান্যার্ত্তোঽপি মূলানিচ।" (মনু ৬।১৬)

গ্রামজাল (ক্লী) গ্রামস্য জালং ৬তৎ। গ্রামসমূহ। (ত্রিকাণ্ড)

গ্রামজিৎ (ত্রি) গ্রামং সংহতং জয়তি জি-ক্বিপ্। ১ সংহত পদার্থের বিশ্লেষকারী।

"নি যুত্বন্তো গ্রামজিতো যথা নরঃ" (ঋক্ ৫।৫৪।৮)

'গ্রামজিতঃ সংঘাতাত্মকস্য পদার্থস্য বিশ্লেষয়িতারঃ' (সায়ণ।)

গ্রামণ (ত্রি) গ্রামস্য ইদং গ্রামণী-অণ্। গ্রামণী সম্বন্ধীয়।

গ্রামণী (ত্রি) গ্রামং সমূহং নয়তি প্রেরয়তি স্ব স্ব কার্য্যেষু গ্রামণী-ক্বিপ্ ণত্বং। ১ প্রধান। ২ গ্রামের অধিপতি।

"দক্ষিণাবান্ প্রথমো হূত এতি দক্ষিণাবান্ গ্রামণীরগ্রমেতি।" (ঋক্ ১০।১০৭।৫।) 'গ্রামণী র্গ্রামাণাং নেতা ধনবত্ত্বেন তেষাং কর্ত্তা' (সায়ণ।)

গ্রামং গ্রামধর্ম্মং নয়তি প্রাপয়তি গ্রাম-নী-ক্বিপ্। ৩ ভৌগিক। (হেম°) (পুং) ৪ নাপিত।

"গ্রামণীভ্যোঽন্নং সুরাং সুরাপেভ্যঃ।" (কৌষীত° ব্রা°) ৫ বিষ্ণু। "অগ্রণী র্গ্রামণীঃ শ্রীমান্ ন্যায়ো নেতা সমীরণঃ।" (ভারত ১৩।১৪৯।৩৭) ৬ যক্ষ।

"সরথাধিষ্ঠিতো দেবৈরাদিত্যৈ র্ঋষিভিস্তথা।
গন্ধর্ব্বৈরপ্সরোভিশ্চ গ্রামণীসর্পরাক্ষসৈঃ।" (বিষ্ণু ২।১০।২)

'গ্রামণী র্যক্ষঃ' (শ্রীধর।) (স্ত্রী) গ্রামেণ মৈথুনব্যাপারেণ নয়তি কালং। ৭ বেশ্যা। ৮ নীলিকা।

গ্রামণীথ্য (ক্লী) গ্রামণ্যঃ ভাবঃ গ্রামণী-ত্ব ছান্দসত্বাৎ ত্বস্য থ্যাদেশঃ। আধিপত্য।

"এষোঽলং শ্রিয়ৈ ধারণায় রাজ্যস্য বা গ্রামণীথ্যায়"

(শতপথ ব্রা° ৮।৬।২।১)

গ্রামণীয় (ত্রি) গ্রামণীরিবাচরতি গ্রামণী-ক্যচ্ কর্ত্তরি অচ্। গ্রামণী সদৃশ।

গ্রামণীসব (পুং) একাহযাগ বিশেষ।

গ্রামতক্ষ (পুং) গ্রামস্য তক্ষা ৬তৎ ততষ্টচ্। (গ্রামকৌটাভ্যাং তক্ষঃ। পা ৫।৪।৯৫) গ্রাম্যসূত্রধর, গাঁয়ের ছুতার।

গ্রামতা (স্ত্রী) গ্রামাণাং সমূহঃ গ্রাম-তল্ (গ্রামজনবন্ধুভ্যস্তল্। পা ৪।২।৪৩) ১ গ্রাম সমূহ।

"তস্মাদ্ধেদং প্রাচ্যো গ্রামতা বহুলাবিষ্টাঃ।" (ঐতরেয় ৩।৪৪)

গ্রামস্য ভাবঃ গ্রামঃ তল্। ২ গ্রামত্ব, গ্রামের ভাব।

গ্রামদেবতা (স্ত্রী) গ্রামস্য দেবতা ৬তৎ। গ্রামস্থ সাধারণের প্রতিষ্ঠিত দেবমূর্ত্তি।

গ্রামদৌত্য (ক্লী) গ্রামদূতস্য ভাবঃ গ্রামদূত-ষ্যঞ্। গ্রামস্থ সংবাদবাহকতা।

গ্রামদ্রুম (পুং) একপ্রকার গ্রাম্য বৃক্ষ।

গ্রামধরা (স্ত্রী) গিরিভেদ।

গ্রামধর্ম্ম (পুং) গ্রামে ভবঃ গ্রাম-অণ্ গ্রামশ্চাসৌ ধর্ম্মশ্চেতি যদ্বা গ্রামস্য ধর্ম্মঃ ৬তৎ। গ্রাম্যধর্ম্ম, মৈথুন। (শব্দার্থচি°)

গ্রামনাপিত (পুং) গ্রামস্য নাপিতঃ ৬তৎ। গ্রামস্থ সাধারণের নাপিত।

গ্রামনিবাসিন্ (ত্রি) গ্রামে নিবসতি নি-বস-ণিনি। যে গ্রামে বাস করে।

গ্রামপাল (পুং) গ্রামং পালয়তি পালি অণ্ উপস°। ১ গ্রামরক্ষক সৈন্যবিশেষ। ২ গ্রামাধ্যক্ষ।

গ্রামপুত্র (পুং) গ্রামস্য গ্রামস্থ বহুজনস্য পুত্রইব। যাহাকে গ্রামবাসীরা পুত্রস্নেহে প্রতিপালন করে।

গ্রামপুত্রক (ক্লী) গ্রামপুত্রস্য ভাবঃ কর্ম্ম বা। গ্রামপুত্রমনোজ্ঞাদি° বুঞ্। ১ গ্রামপুত্রের ধর্ম্ম। ২ গ্রামপুত্রের কর্ম্ম।

গ্রামপ্রেষ্য (পুং) গ্রামস্য প্রেষ্যঃ ৬তৎ। যে ব্যক্তি গ্রামস্থ বহুলোকের অধীনে চাকরী করে, গ্রামদাস।

"বৃষলীপতিঃ পিশুনোনর্ত্তনশ্চ গ্রামপ্রেষ্যো যশ্চভবেদ্ বিকর্ম্মা।"

(ভারত ১৩।৬৫ অঃ)

মনুর মতে গ্রামপ্রেষ্য ব্যক্তি হব্য কব্যে বর্জ্জিত অর্থাৎ শ্রাদ্ধ ও যজ্ঞাদিতে ইহার আবাহন করিতে নাই। (মনু ৩।১৫৩)

গ্রামপ্রেষ্যক (ক্লী) গ্রামপ্রেষ্যস্য ভাবঃ গ্রামপ্রেষ্য মনোজ্ঞাদি° বুঞ্। গ্রামপ্রেষ্যের ধর্ম্ম।

গ্রামভৃত (পুং) গ্রামেণ গ্রামস্থ সমূহেন ভৃতঃ ভরণীয়ঃ ৩তৎ। বহুজনের ভরণীয়। ব্রাহ্মণ গ্রামভৃত হইলে অব্রাহ্মণ হয়।

[অব্রাহ্মণ দেখ।]

গ্রামমদ্‌গুরিকা (স্ত্রী) গ্রামস্য প্রিয়া মদ্‌গুরিকা মধ্যলো°। যদ্বা গ্রামস্য মদ্‌গুরিকেব। ১ শৃঙ্গীমৎস্য, জিয়ল। ২ গ্রাময়ুদ্ধ। (মেদিনী)

গ্রামমহিষী (স্ত্রী) গ্রামস্য মহিষী ৬তৎ। গ্রামের অধিষ্ঠাত্রী।

গ্রামমুখ (পুং) গ্রামো গ্রামস্থজনো মুখমিবাস্য বহুব্রী। হট্ট, হাটবাজার। (ত্রিকাণ্ড°)

গ্রামমৃগ (পুং) গ্রামস্য মৃগঃ ৬তৎ। কুক্কুর। (শব্দরত্না°)

গ্রামমৌখ্য (পুং) গ্রামের প্রধান ব্যক্তি, মণ্ডল।

গ্রামযাজক (পুং) গ্রামস্য যাজকঃ ৬তৎ। যে ব্যক্তি গ্রামস্থ সর্ব্বসাধারণ লোকের পৌরোহিত্য করে। শাতাতপের মতে গ্রামযাজক ব্রাহ্মণ অব্রাহ্মণের মধ্যে গণ্য। [অব্রাহ্মণ দেখ।] মহাভারতের মতে ইহাকে দানাদি করিলে তাহার কোন ফল হয় না।

"ব্যর্থন্তু পতিতে দানং ব্রাহ্মণে তস্করে তথা।
গুরৌ চানৃতিকে পাপে কৃতঘ্নে গ্রামযাজকে।" (ভারত ৩।১৯৯।৭)

গ্রামযাজিন্ (পুং) গ্রামান্ গ্রামস্থ নানাবর্ণান্ যাজয়তি যজ্-ণিচ্-ণিনি। গ্রামযাজক।

"নাশ্রোত্রিয়ভক্তে যজ্ঞে গ্রামযাজি হুতে তথা।" (মনু ৪।২০৫)

গ্রামযুদ্ধ (ক্লী) গ্রামস্য যুদ্ধং ৬তৎ। ক্ষুদ্র যুদ্ধ, গ্রাম্যলোকের বিরোধ।

গ্রামরথ্যা (স্ত্রী) গ্রামস্য রথ্যা ৬তৎ। বৃহৎ গ্রাম্য রাস্তা।

গ্রামবৎ (ত্রি) গ্রামোঽস্ত্যস্য গ্রাম-মতুপ্ মস্য বঃ। গ্রামের স্বামী, যাহার অধীনে গ্রাম আছে। ২ গ্রামবিশিষ্ট।

গ্রামবাস (পুং) গ্রামে বাসঃ ৭তৎ। গ্রামে অবস্থিতি।

গ্রামবাসিন্ (ত্রি) গ্রামে বসতি বস-ণিনি। যে ব্যক্তি গ্রামে বাস করে। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়।

গ্রামবাস্তব্য (পুং) গ্রামে বাস্তব্যঃ ৭তৎ। গ্রামবাসী।

গ্রামষণ্ড (পুং) গ্রামে গ্রাম্যধর্ম্মে ষণ্ডঃ। গ্রাম্যধর্ম্মরহিত ক্লীব।

গ্রামষণ্ডক (ক্লী) গ্রামষণ্ডস্য ভাবঃ গ্রামষণ্ড মনোজ্ঞাদি° বুঞ্। গ্রামষণ্ডের ধর্ম্ম।

গ্রামসঙ্কর (পুং) গ্রামের সাধারণ প্রণালী বা নর্দ্দমা।

গ্রামসুখ (ক্লী) [গ্রাম্যসুখ দেখ।]

গ্রামস্থ (ত্রি) গ্রামে তিষ্ঠতি স্থা-ক। গ্রামবাসী।

গ্রামহাসক (পুং) গ্রামং হাসয়তি হস্-ণিচ্-ণ্বুল্। ভগিনীপতি। (শব্দচি°)

গ্রামাচার (পুং) গ্রামস্য আচারঃ ৬তৎ। গ্রাম্য ব্যবহার।

গ্রামাধান (ক্লী) গ্রামস্য গ্রামপোষণার্থং আধীয়তে আ-ধা-ল্যুট্। মৃগয়া, শিকার। (হলায়ুধ)

গ্রামান্ত (ক্লী) গ্রামস্যান্তং ৬তৎ। গ্রামের সমীপ।

"নাধীয়ীত শ্মশানান্তে গ্রামান্তে গোব্রজে ঽপি বা।
বসিত্বা মৈথুনং বাসঃ শ্রাদ্ধিকং প্রতিগৃহ্য চ॥" (মনু ৪।১১৬)

গ্রামান্তর (ক্লী) নিত্যকর্ম্মধা°। অন্য গ্রাম।

গ্রামান্তীয় (ত্রি) গ্রামান্তে ভবঃ। গ্রামান্ত-ছ। গ্রামসমীপে উৎপন্ন।

"পথিক্ষেত্রে পরিবৃতে গ্রামান্তীয়ে ঽথবা পুনঃ।" (মনু ৮।২৪)

গ্রামিক (পুং) গ্রামে তদ্রক্ষণে নিযুক্তঃ গ্রাম-ঠঞ্। ১ গ্রাম রক্ষণে নিযুক্ত গ্রামাধ্যক্ষ।

"গ্রামে দোষান্ সমুৎপন্নান্ গ্রামিকঃ শনকৈঃস্বয়ম্।" (মনু ৭।১১৬)

গ্রামিক্য (ক্লী) গ্রামিকস্য ভাবঃ গ্রামিক-পুরোহিতাদি° যক্ (পত্যন্তপুরোহিতাদিভ্যোযক্। পা ৫।১।১২৮) গ্রামিকের ধর্ম্ম, গ্রামাধ্যক্ষতা।

গ্রামিন্ (ত্রি) গ্রামঃ স্বামিত্বেন আধারত্বেন বাস্ত্যস্য গ্রাম-ইনি। ১ গ্রামস্বামী। ২ গ্রামবাসী। ৩ গ্রাম্যধর্ম্মযুক্ত।

"আসুরী মেঢ্রমর্বাগ্ দ্বার্য্যবায়ে গ্রামিণাং গতিঃ।"
(ভাগ° ৪।৩৯।১৪)

৫ গ্রামবিশিষ্ট, গাঁই। [গাঞী দেখ।]

"ষষ্ঠপঞ্চাশতো জ্ঞেয়া গ্রামিসংখ্যাঃ প্রতিষ্ঠিতাঃ।" (হরিমিশ্র)

গ্রামিণী (স্ত্রী) গ্রামিন্-ঙীষ্। নীলীবৃক্ষ। (জটাধর)

গ্রামীণ (পুং স্ত্রী) গ্রামে ভবঃ গ্রাম-খঞ্ {গ্রামাদ্‌যখঞ্ঞৌ। পা ৪।২।৯৪} ১ গ্রাম্য কুক্কুর। ২ কাক। (মেদিনী) ৩ গ্রাম্য-শূকর। (রাজনি°) (ত্রি) ৪ গ্রামোৎপন্ন, গ্রামবাসী।

"গ্রামীণস্য প্রথমতঃ পশুতো গবয়াদিকম্।" (ভাষাপরি°)

গ্রামীণা (স্ত্রী) গ্রামীণ স্ত্রিয়াং টাপ্। ১ নীলীবৃক্ষ। পর্য্যায়—নীলী, নীলিনী, তূলী, কালদোলা, নীলিকা, রঞ্জনী, শ্রীফলী, তুচ্ছা, মধুপর্ণিকা, ক্লীতকা, কালকেশী ও নীলপুষ্পা। (ভাব-প্রকাশ পূর্ব্ব° ১ ভাগ।) ২ পালঙ্ক্যশাক। (রাজনি°)

গ্রামীয় (ত্রি) গ্রাম-ছ। গ্রামসম্বন্ধীয়।

গ্রামীয়ক (পুং) গ্রামীয়-স্বার্থে কন্। গ্রামবাসী।

"গ্রামীয়ককুলানাঞ্চ সমক্ষং সীম্নি সাক্ষিণঃ।" (মনু ৮।২৫৪)

গ্রামেয় (ত্রি) গ্রামে ভবঃ বাহুলকাৎ ঢক্। গ্রামোৎপন্ন।

"গ্রামেয়ান্ গুণদোষাংশ্চ" (মনু)

গ্রামেয়ক (ত্রি) গ্রামে ভবঃ গ্রাম-ঢকঞ্। (গ্রামাচ্চেতি বক্তব্যম্। পা ৪।২।৯৫ বার্ত্তিক) গ্রামোৎপন্ন, গ্রাম্য। (ত্রিকাণ্ড)

গ্রামেয়ী (স্ত্রী) গ্রামেয়-ঙীষ্। বেশ্যা।

গ্রামেবাস (পুং) গ্রামে বাসঃ অলুক্স°। গ্রামবাস।

গ্রামেবাসিন্ (ত্রি) গ্রামে বসতি বস-ণিনি-অলুক্স°। গ্রামবাসী।

গ্রাম্য (ত্রি) গ্রামে ভবঃ গ্রাম-ষ (গ্রামাদ্‌যখঞ্ঞৌ। পা ৪।২।৯৪)
১ গ্রামোৎপন্ন, গ্রামবাসী।

"অল্পব্যয়েন সুন্দরি গ্রাম্যজনোমিষ্টমশ্নাতি।" (বৃত্তরত্না°)

২ মূঢ়।

"গ্রাম্যভাবমপহাতুমিচ্ছবঃ যোগমার্গপতিতেন॥" (মাঘ ১৪।৬৪)

৩ প্রাকৃত।

"গ্রাম্যা ন পশ্যৎ কপিশং পিপাসতঃ।" (মাঘ ১২।৩৮)

৪ মৈথুন। ৫ স্বীকার। ৬ রতিবন্ধবিশেষ। ৭ ভণ্ডাদি বচন, অশ্লীল হালিকাদি সাধারণ প্রসিদ্ধবাক্য। (শব্দার্থচি°)

৮ (পুং) একপ্রকার কাব্যদোষ। কাব্যে হালিক প্রভৃতি গ্রাম্যজনপ্রসিদ্ধ শব্দের প্রয়োগ থাকিলে তথায় শব্দগত গ্রাম্যদোষ এবং কাব্যের অর্থ বা বর্ণনীয় বিষয়টী গ্রাম্যজনের আচার ব্যবহারের ন্যায় নিকৃষ্ট হইলে তথায় অর্থগত গ্রাম্যদোষ হইয়া থাকে।

শব্দগত গ্রাম্যদোষের উদাহরণ যথা—"কটিস্তে হরতে মনঃ" এই স্থলে কটি শব্দটী থাকায় শব্দগত গ্রাম্যদোষ হইয়াছে। অর্থগত গ্রাম্যদোষের উদাহরণ। যথা—

"স্বপিহি ত্বং সমীপে মে স্বপিম্যেবাধুনাপ্রিয়!"

এইস্থলে 'হে প্রিয় তুমি আমার নিকটে শয়ন কর আমি এখনই শয়ন করিব।" এই অর্থ-টী গ্রাম্য বলিয়া অর্থগত

গ্রাম্যদোষ হইয়াছে। (সাহিত্য° ৭ পরি°) ৯ মিথুনাদি রাশি। (পুং) ১০ রাত্রিকালে মেষ ও বৃষরাশিকে গ্রাম্য বলে।

"গ্রাম্যা মিথুনতুলাস্ত্রী চাপালি ঘটা নিশাসু মেষবৃষৌচ।"

(জ্যোতিস্তত্ত্ব)

(পুং স্ত্রী) ১১ পশুবিশেষ। পৈঠীনসির মতে গোরু, ভেড়া, পাঁঠা, ঘোড়া, খচ্চর (অশ্বতর), গাধা ও মানুষ এই সাতটীকে গ্রাম্যপশু বলে। ১২ সুশ্রুতোক্ত পশুবিশেষ।

ইহার মাংসের গুণ—বাতনাশক, বৃংহণ, কফ ও পিত্তবর্দ্ধক, রসে ও পাকে মধুর, দীপন ও বলকর।

গ্রাম্যা (স্ত্রী) গ্রাম্য-টাপ্। ওষধিবিশেষ। [ওষধি দেখ।]

গ্রাম্যকন্দ (পুং) গ্রাম্যশ্চাসৌ কন্দশ্চেতি কর্ম্মধা°। কন্দবিশেষ, বন ওল। (রত্নমালা)

গ্রাম্যকর্কটী (স্ত্রী) গ্রাম্যা চাসৌ কর্কটীচেতি কর্ম্মধা° পুংবদ্ভাবশ্চ। কুষ্মাণ্ড। (ত্রিকাণ্ড°)

গ্রাম্যকর্ম্মন্ (ক্লী) গ্রাম্যস্য প্রাকৃতস্য কর্ম্ম ৬তৎ। মৈথুন।

"গ্রাম্যকর্ম্মণৈব বিস্মৃতকালাবধিঃ" (ভাগ° ৫।১৪।৩)

গ্রাম্যকুঙ্কুম (ক্লী) গ্রাম্যঞ্চ তৎ কুঙ্কুমঞ্চেতি কর্ম্মধা°। কুসুম্ভ।

গ্রাম্যতা (স্ত্রী) গ্রাম্যস্য ভাবঃ গ্রাম্য-তল্। ১ জঘন্যতা। ২ অসভ্যতা। ৩ অশ্লীলতা।

গ্রাম্যদেবতা (স্ত্রী) [গ্রামদেবতা দেখ।]

গ্রাম্যধর্ম্ম (পুং) গ্রাম্যস্য প্রাকৃতস্য ধর্ম্মঃ ৬তৎ। মৈথুন, স্ত্রীসংসর্গ।

"প্রমত্তো গ্রাম্যধর্ম্মেষু" (ভারত ৩।৪৮।৪)

গ্রাম্যধর্ম্মিন্ (ত্রি) গ্রাম্যধর্ম্মোঽস্ত্যস্য গ্রাম্যধর্ম্ম-ইনি। গ্রাম্যধর্ম্মবিশিষ্ট, মৈথুনরত।

"শূদ্রাদায়োগবশ্চাপি বৈশ্যায়াং গ্রাম্যধর্ম্মিণঃ।"

(ভারত অনু° ৪৮ অঃ)

গ্রাম্যপশু (পুং) নিত্যকর্ম্মধা°। পশুবিশেষ। [গ্রাম্য দেখ।]

"তস্মাদ্ যুবাং গ্রাম্যপশোর্মম মূঢ়ধিয়ঃ প্রভুঃ।"

(ভাগ ৬।১৫।১৬)

গ্রাম্যমদ্গুরিকা (স্ত্রী) গ্রাম্যাচাসৌ মদ্গুরিকাচেতি কর্ম্মধা° পুংবদ্ভাবশ্চ। শৃঙ্গীমৎস্য। (হারাবলী)

গ্রাম্যমৃগ (পুং স্ত্রী) গ্রাম্যশ্চাসৌ মৃগশ্চেতি কর্ম্মধা°। কুক্কুর।

গ্রাম্যরাশি (পুং) গ্রাম্যশ্চাসৌ রাশিশ্চেতি কর্ম্মধা°। মিথুন প্রভৃতি কএকটী রাশি। [গ্রাম্য দেখ।]

গ্রাম্যবল্লভা (স্ত্রী) গ্রাম্যস্য বল্লভা ৬তৎ। ১ পালঙ্ক্যশাক, পালঙ্গ। (রাজনি°।) গ্রাম্যং অশ্লীলং বল্লভং প্রিয়ং যস্যাঃ বহুব্রী টাপ্। ২ বেশ্যা।

গ্রাম্যবাদিন্ (ত্রি) গ্রাম্যং বদতি বদ-ণিনি। যে গ্রাম্য শব্দ বলে, হালিক প্রভৃতি।

"যঃ পরস্তাদ্ গ্রাম্যবাদী তস্য গৃহাদ্ ব্রীহীনাহরেৎ।"

(তৈত্তি° ২।৩।১।৩।)

গ্রাম্যশূকর (পুং স্ত্রী) গ্রাম্যশ্চাসৌ শূকরশ্চেতি কর্ম্মধা°। গ্রামোৎপন্ন বরাহ। পর্য্যায়—বিড্বরাহ, গ্রামীণ, গ্রামক্রোড়, গ্রামকোল, বিষ্কল, দারক। ইহার মাংসের গুণ—গুরু, মেদ, বল ও বীর্য্যবৃদ্ধিকর। (রাজনি°)

গ্রাম্যসুখ (ক্লী) মৈথুন সুখ। ২ গ্রামবাসীর সুখ।

গ্রাম্যা (স্ত্রী) গ্রামে ভবা গ্রাম-যৎ-টাপ্। ১ তুলসী। (শব্দার্থচি°) ২ নীলীবৃক্ষ। ৩ নিষ্পাবী। (রাজনি°)

গ্রাম্যায়নি (পুং স্ত্রী) গ্রাম্যস্যাপত্যং গ্রাম্য-তিকাদি° ফিঞ্। প্রাকৃতব্যক্তির অপত্য। স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীপ্ হয়।

গ্রাম্যাশ্ব (পুং) নিত্যকর্ম্মধা°। গর্দ্দভ। (ত্রিকাণ্ড°) স্ত্রীলিঙ্গে টাপ্ হয়।

গ্রাবগ্রাভ (পুং) গ্রাবাণমভিষবণপাষাণং স্তুত্যা গৃহ্লাতি গ্রাবগ্রহ-অণ্ হস্য ভঃ উপস°। গ্রাবস্তুতিকারক ঋত্বিক্বিশেষ।

"অগ্নিমিন্ধো গ্রাবগ্রাভ উত শস্তা সুবিপ্রঃ।" (ঋক্ ১।১৬২।৫)

'গ্রাবগ্রাভঃ গ্রাবৃঃ স্তুত্যা গৃহ্লাতি গ্রাবস্তুৎ' (সায়ণ)।

গ্রাবন্ (পুং) গ্রসতে গ্রস্-ড; আবনতি শব্দায়তে আবন-বিচ্ গ্রশ্চাসৌ আবা চেতি কর্ম্মধা°। ১ প্রস্তর। ২ পর্ব্বত।

"শ্রোতা গ্রাবাণো বিদুষো ন যজ্ঞম্।" (বাজসনে° ৬।২৬।) ৩ মেঘ। (ত্রি) ৪ দৃঢ়। (শব্দরত্না°)

গ্রাবরোহক (পুং) গ্রাবণি রোহতি রুহ-ণ্বুল্ ৭তৎ। অশ্বগন্ধা বৃক্ষ। (রত্নমালা)

গ্রাবস্তুৎ (পুং) গ্রাবাণ স্তৌতি স্তু-কিপ্ ৬তৎ। হোতার সহায় ঋত্বিগ্বিশেষ। [অচ্ছাবাক দেখ।]

গ্রাবস্তোতৃ (পুং) [গ্রাবস্তুৎ দেখ।]

গ্রাবস্তোত্রিয় (ত্রি) গ্রাবস্তোত্রস্তেদং গ্রাবস্তোত্র-ঘ। গ্রাবস্তোত্র সম্বন্ধীয়।

গ্রাবস্তোত্রীয় (ত্রি) গ্রাবস্তোত্রায় হিতং গ্রাবস্তোত্র-ছ। গ্রাবস্তোত্রের হিতকর। "প্রস্তোতা ব্রাহ্মণাচ্ছংসি গ্রাবস্তোত্রীয়ে।" (কাত্যা° শ্রৌত° ২৪।৫।৪৫)

গ্রাবহস্ত (পুং) গ্রাবা অভিষবসাধনং পাষাণো হস্তে ২স্য বহুব্রী। ঋত্বিক্ বিশেষ, যাহার হাতে অভিষবের পাষাণ থাকে।

গ্রাবায়ণ (পুং) প্রবরবিশেষ। (হেমাদ্রি°)

গ্রাস (পুং) গ্রস্যতে গ্রস কর্ম্মণি ঘঞ্। ১ কবল, মুখপূরণোপযুক্ত অন্নাদি। কোন স্মৃতিকারের মতে কুক্কুটাণ্ডপরিমিত অন্নাদিকে গ্রাস বলে। আবার কোন মতে, এককালে যত অন্ন মুখে দেওয়া যায় ও গিলিতে পারা যায় তাহার নাম গ্রাস।

"কুক্কুটাণ্ডপ্রমাণঞ্চ যাবান্ বা প্রবিশেন্মুখম্।

এতদ্ গ্রাসং বিজানীয়াৎ শুদ্ধ্যর্থং কায়শোধনম্।" (পরাশর)

২ গ্রহণ, ছাদ্য ও ছাদকের স্পর্শ। [গ্রহণ দেখ।]

গ্রাসশল্য (ক্লী) গ্রাসে শল্যং ৭তৎ। গ্রাসস্থিত মৎস্যাদির কাঁটা।

"গ্রাসশল্যেতু কণ্ঠাসক্তে নিঃশঙ্কমনবরুদ্ধস্কন্ধে মুষ্টিনাভিহন্যাৎ।" (সুশ্রুত° ২।১ অঃ)

গ্রাসীকৃত (ত্রি) অগ্রাসো গ্রাসঃ কৃতঃ গ্রাস-চ্বি-কৃ-ক্ত। যাহাকে গ্রাস করা হইয়াছে।

গ্রাহ (পুং) ১ গ্রহণ। ২ জলচর জন্তুবিশেষ, হাঙ্গর।

"সন্নিমজ্জজ্জগদিদং গম্ভীরে কালসাগরে।
জরামৃত্যুমহাগ্রাহে ন কশ্চিদববুধ্যতে।" (ভারত ১৩।২৮ অঃ)

গ্রহ-ভাবে ঘঞ্। ২ গ্রহণ। ৩ জ্ঞান। ৪ আগ্রহ, নির্বন্ধাতিশয়।

"অবশ্য ভব্যেঽনবগ্রহগ্রহা যয়া দিশা ধাবতি বেধসঃ স্পৃহা।"
(নৈষধচ°)

৫ স্বীকার। (ত্রি) গ্রহ-ণ। ৬ গ্রহীতা।

"অধ্বর্য্যুং যজমানং বা গ্রাহো বিন্দতি।' (শতব্রা° ৬।৫।৩।২৫।)

গ্রাহক (পুং) গ্রহ-ণ্বুল্। ১ শ্যেনপক্ষী। ২ বিষবৈদ্য। (ত্রি) ৩ গ্রহীতা, গ্রহণকর্ত্তা। গ্রহ-ণিচ্। ৪ জ্ঞাপক।

"যথাস্বং গ্রাহকান্যেষাং শব্দাদীনামিমানিতু।"
(ভারত ৩।২১০।১৩) (পুং) ৫ সিতাবরক শাক।

গ্রাহবৎ (ত্রি) গ্রাহোঽস্ত্যত্র গ্রাহ-মতুপ্ মস্য বঃ। গ্রাহবিশিষ্ট।

গ্রাহি (স্ত্রী) গৃহ্লাতি ব্যাধিতং পুরুষং গ্রহ-বাহুলকাৎ ইঞ্। গ্রহণশীলা, গ্রহস্বরূপা দেবতা।

"গ্রাহির্জগ্রাহ যদি বৈতদেনং
তস্যা ইন্দ্রাগ্নী প্রমুমুক্তমেনম্।' (ঋক্ ১০ ১৬১।)

'গ্রাহিগ্রহণশীলা গ্রহরূপা দেবতা' (সায়ণ।)

গ্রাহিন্ (পুং) গ্রহ-ণিনি। ১ কপিত্থ। (শব্দচ°) (ত্রি) ২ মলবন্ধকারক, ধারক।

"কষায়ানুরসং গ্রাহিস্নিগ্ধং মেধাবলাবহম্।" (ভাবপ্রকাশ)

৩ গ্রাহক।

"শফরগ্রাহিভির্ভৃত্যৈঃ প্রাপ্য দৈবাদগৃহ্যত।"
(কথাসরিৎসাগর ২৫।৪৯) ৪ প্রতিকূল।

"মাম্মভূর্গ্রাহিণী ভীরু! গন্তুমুৎসাহিনী ভব।" (ভট্টি ৫।৯২)

গ্রাহিণী (স্ত্রী) গ্রাহিন্-ঙীপ্। ১ ক্ষুদ্র দুরালভা। (রাজনি°) ২ তাম্রমূলা বৃক্ষ, ক্ষীরই। (রত্নমালা)

গ্রাহিফল (পুং) গ্রাহি মলবন্ধকং ফলং°যস্য বহুব্রী। কপিত্থবৃক্ষ।

গ্রাহুক (ত্রি) গ্রাহ বাহুলকাৎ উকঙ্। গ্রহণশালী।

"উদাবর্ত্তঃ প্রজা গ্রাহুকঃ স্যাৎ।" (তৈত্তি° ৬।৪।১।১)

গ্রাহ্য (ত্রি) গ্রহ-ণ্যৎ। ১ যাহা গ্রহণ করা উচিত। ২ গ্রহণযোগ্য।

"শস্ত্রং দ্বিজাতিভি র্গ্রাহ্যং ধর্ম্মোযত্রোপরুধ্যতে।" (মনু)

৩ উপাদেয়। ৪ স্বীকার্য্য। ৫ জ্ঞেয়। "চক্ষুর্গ্রাহ্যং ভবেদ্রূপম্।" (ভাষাপ°) ৬ প্রতিবধ্য জ্ঞানের প্রকারভূত ধর্ম্ম। যেমন "হ্রদোবহ্ন্যভাববান্" এই জ্ঞানটী প্রতিবন্ধক এবং "হ্রদো বহ্নিমান্" এইটী প্রতিবধ্য। প্রতিবধ্য জ্ঞানের প্রকার বহ্নি, অতএব তাহাকে গ্রাহ্য বলা যাইতে পারে।

গ্রীক, গ্রীসদেশের অধিবাসী। [গ্রীস দেখ।]

গ্রীণলণ্ড, আমেরিকা মহাদ্বীপ এবং আইস্‌লণ্ড নামক দ্বীপের মধ্যস্থলে অবস্থিত একটী বৃহৎ দ্বীপ। ইহার সর্ব্ব দক্ষিণ সীমায় ফেয়ারওয়েল্ অন্তরীপ অক্ষা° ৫৯° ৪৯´ উত্তর ও দ্রাঘি° ৪৩° ৫৪´ পশ্চিম দ্রাঘিমায় অবস্থিত। ইহার উত্তরাংশ চিরতুষারে আবৃত। এই দ্বীপের উত্তরপূর্ব্বকূলে ৭৮° অক্ষান্তরে এডামলণ্ড নামক স্থান ও পশ্চিমে মার্চিসন্ সাউণ্ড পর্য্যন্ত আবিষ্কৃত হইয়াছে। প্রায় সমস্ত পশ্চিমকূল বৃটীশ, ওলন্দাজ ও দিনেমার নাবিকদিগের দ্বারা পুঙ্খানুপুঙ্খরূপে আলোড়িত হইয়াছে, কিন্তু ইহার পূর্ব্ব উপকূল অনাবিষ্কৃত রহিয়াছে।

সমস্ত দ্বীপকে জলশায়ী বৃহৎ পর্ব্বতখণ্ড বলিলেও চলে। এই প্রস্তরস্তূপের সমুদ্র উপকূলবর্ত্তী সীমা উচ্চ, অসমান ও অনুর্ব্বর। ঠিক জলের কিনারা হইতে উক্ত প্রস্তররাশি উচ্চ পর্ব্বতাকারে এবং তুঙ্গশৃঙ্গাদিতে পরিণত হইয়াছে। ঐ সকল শিখর প্রায় ৬০ মাইল দূরে সমুদ্রপৃষ্ঠ হইতে দেখিতে পাওয়া যায়। ইহার পশ্চিম সীমা সমভাবে উত্তর-পশ্চিম ও দক্ষিণ পূর্ব্বাভিমুখে গিয়াছে। দক্ষিণ ও পূর্ব্ব উপকূলের কতকাংশে স্থানে স্থানে স্থলপ্রবাহী সমুদ্রখাত দৃষ্ট হয়। ঐ খাতসমূহের মধ্যে কোন কোনটী প্রায় ১০০ মাইল পর্য্যন্ত স্থলাভিমুখে প্রবিষ্ট হইয়াছে।

এই পার্ব্বতীয় স্তূপের যেখানে উপত্যকা আছে, তাহার পার্শ্ববর্ত্তী উচ্চতা প্রায় ২০০০ ফিট্। এতদ্ভিন্ন পর্ব্বতশিখরগুলি উচ্চে প্রায় ৫০০০ ফিট্ হইবে। ঐ সকল উচ্চ স্থান সকল সময়েই তুষারাবৃত থাকে। দ্বীপের পূর্ব্বাংশ বরফাবৃত অধিত্যকা ভূমি। নদীগর্ভ ও পর্ব্বতাদি বরফে আবৃত হইয়া সমতল বরফক্ষেত্রে পরিণত হইয়াছে। এ কারণ লোকে গ্রীণলণ্ডকে বরফস্তূপ বলিয়া অনুমান করিয়া থাকেন। পশ্চিমাংশে বরফাবৃত স্থানের মধ্যে দুএকটী শিখর দেখা যায়, কিন্তু তাহাতে বৃক্ষলতাদি কিছু নাই বটে, তথাপি নিকটে যাইয়া দেখিলে একজাতীয় ক্ষুদ্র ক্ষুদ্র ঘাস জন্মিতে দেখা যায়। পশ্চিমে ৬২° হইতে ৬৩° উত্তর অক্ষাংশে সমুদ্রকূলে প্রায় ২০ মাইল দূর পর্য্যন্ত জলের উপর এরূপ সুন্দর বরফ জমিয়া থাকে, যে তাহাতে

কিনারার কার্য্য করে। দিনেমারবাসীরা ঐ স্থানকে "আইস ব্লিঙ্ক" বলে।

গ্রীণলণ্ডের পরিসরে অনেকগুলি প্রণালী থাকায় উহা ক্ষুদ্র ক্ষুদ্র দ্বীপপুঞ্জে খণ্ডিত হইয়াছে। বর্ত্তমান সময়ে "প্রিন্স খৃষ্টীয়ান্ সাউণ্ড" ব্যতীত সকল প্রণালীই বরফে ঢাকা পড়িয়াছে।

গ্রীণলণ্ডের চারিদিকের সমুদ্র কতক আশ্চর্য্যজনক। উত্তরকেন্দ্র হইতে তুষারাগার সঙ্গে লইয়া সমুদ্রস্রোত কতক এই দ্বীপের পূর্ব্বাংশ দিয়া ও কতক ডেভিস প্রণালী পর্য্যন্ত প্রবাহিত হইয়া ফেয়ারওয়েল্ অন্তরীপে ১২০ হইতে ১৬০ মাইল দূরে সমুদ্রে আসিয়া মিলিত হয়। যখন সমুদ্র হইতে বাতাস বহিতে আরম্ভ করে, তখন দক্ষিণ ও পূর্ব্বদিকের খাত-সমূহের বরফ জমিয়া দৃঢ় হয়। তৎকালে দিনেমারদিগের ঔপনিবেশিক জাহাজাদি কিছুই কূলে আসিতে পারে না। ফেয়ারওয়েল্ অন্তরীপের নিকটে এবং পশ্চিমকূলে সেপ্টেম্বর মাস হইতে বরফ স্রোত আসা বন্ধ হয় এবং পুনরায় জানুয়ারী মাস হইতে পূর্ব্বমত ঐ স্রোত ক্রমান্বয়ে বহিতে থাকে। এ স্রোত ক্রমে দক্ষিণাভিমুখে আসিয়া ঔপসাগরিক স্রোতে পরিণত হইয়াছে।

গ্রীণলণ্ডের নিম্নপ্রদেশে এখানকার অধিবাসী ও দিনেমার-দিগের বাস। এতদ্ভিন্ন উত্তরাংশে সকল স্থানই এত শীতল যে লোকে যাইলেই মরিয়া যায়। ফেব্রুয়ারী ও মার্চ্চ মাসে এখানে এতদূর শীত পড়ে যে ঐ সময়ে পাহাড় সমস্ত ফাটিয়া থাকে এবং গৃহমধ্যে অগ্নি জ্বালিয়া থাকিলেও হৃদ্‌রক্ত শীতল ও জমাট বাঁধিয়া যায়। জুলাই মাসে এখানে আদৌ বরফ পড়ে না। জুন মাসে অল্প অল্প বরফ গলিতে আরম্ভ হয়। এপ্রেল হইতে আগষ্ট পর্য্যন্ত এখানে ঘোর কুয়াসা হয় ও সময়ে সময়ে অল্প জলও হইয়া থাকে। উত্তরকেন্দ্রস্থ সোমগিরি নামক উজ্জ্বল আলোকময় পর্ব্বত (Aurora borealis) সকল ঋতুতে বিশেষতঃ শীতকালে অপেক্ষাকৃত স্পষ্ট দেখা যায়।

এখানে ফসলাদি উত্তমরূপ জন্মে না। ইহার দক্ষিণাংশে আলুর চাস হইয়া থাকে। য়ুরোপীয় মূলা, ছোট ছোট কপি এবং কখনও ডিম্বের মত ছোট ছোট শালগাম জন্মে। এখানে একপ্রকার গুল্ম দেখা যায়, তাহার ফল তুঁত ফলের মত সুস্বাদু। জুনিপার, উইলো, বার্চ ও এল্ডার বৃক্ষ কখন মনুষ্যের অপেক্ষা অধিক উন্নত হইতে দেখা যায় না।

গ্রীণলণ্ডবাসীরা ছাগ পুষিয়া থাকে। শীতকালে খাদ্যের অভাবে ছাগ সংখ্যা কমিয়া যায়। গৃহপালিত জন্তুর মধ্যে এস্কুইমো জাতিরা কুকুর পুষে। বন্য হরিণ, খরগোস, খ্যাঁকশিয়াল ও শ্বেত ভল্লুক বন্য অবস্থায় দেখা যায়। বেফিন প্রণালীর নিকটে সিন্ধুঘোটকের বাস আছে। মকর হইতেই এস্কুইমো জাতির সমুদ্রের অভাব দূর হয়। মৎস্য ধরাই গ্রীণলণ্ডবাসীদিগের প্রধান উপজীবিকা। ডেভিস, বেফিন প্রভৃতি প্রণালীতে বিস্তর তিমি মৎস্য দেখা যায়।

১৮৫২ খৃষ্টাব্দে গ্রীণলণ্ডের স্বাভাবিক অবস্থা নিরূপণ করি-বার জন্য একদল ভূতত্ত্ববিদ্ কোপেনহেগন হইতে এই দেশে আগমন করেন। তাঁহাদের মতে গ্রীণলণ্ডের সমুদায় পাথর গ্রেণাইট, নিস, পোরফিরি, কাদা-শ্লেট ও ভস্ম সম্বন্ধীয় পাথরে গঠিত। ডিস্কোদ্বীপে কয়লার খনি এবং ইহার উত্তরাংশে মহার্ঘ তাম্রের খনি আছে। এতদ্ব্যতীত সীসক, "এস্‌বেষ্টস্" সার্পেণ্টাইন গার্নেট ও দানাদার কাচ-পাথর পাওয়া যায়। মার্চিসন্ সাহেব লিখিয়াছেন যে, ১৮৫৩ খৃষ্টাব্দে কাপ্তেন ইঙ্গলফিল্ড ৭৭° উত্তর অক্ষাংশে ঐরূপ পাথর দেখিতে পান।

৯৭০ খৃষ্টাব্দে গুন্‌বিওরণ নামক আইস্‌লণ্ডবাসী জনৈক ব্যক্তি প্রথমে গ্রীণলণ্ডের উপকূল দেখিতে পান। এরিক রৌডা নামক জনৈক লোক আইসলণ্ডরাজ অলথিঙ্গ কর্ত্তৃক রাজ্য হইতে নির্ব্বাসিত হইলে তিনি কিছুকালের জন্য গুন্‌বি-ওরণ-আবিষ্কৃত উক্ত দেশে আসিয়া বাস করেন। তিনি এই নবাবিষ্কৃত দেশের গ্রীণলণ্ড নাম দিয়া নানা কথা প্রচার করেন। পুনরায় ৯৮৬ খৃষ্টাব্দে এরিক স্বদেশবাসী কতকগুলি লোককে লইয়া এই প্রদেশে আসিয়া উপনিবেশ স্থাপন করেন। ইহার পরে আরও কতকগুলি লোক গ্রীণ-লণ্ডের দক্ষিণাংশে যাইয়া বাস করে।

গ্রীণলণ্ডবাসীরা খৃষ্টান ধর্ম্মে দীক্ষিত। ১১২১ খৃষ্টাব্দে আর্ণল্ড সাহেব প্রথম বিশপ্ হইয়া যান। ১৪০৬ খৃষ্টাব্দে গ্রীণলণ্ড দক্ষিণ ও পশ্চিমাংশে ১৯০ থানি গ্রামে বিভক্ত হইয়া পড়ে। ১৫৮৫ খৃষ্টাব্দে ডেভিস সাহেব গ্রীণলণ্ড পুনরাবিষ্কার করেন। ১৬০৫ খৃষ্টাব্দে দিনেমাররাজ ৪র্থ খৃষ্টীয়ান গ্রীণলণ্ড জয় করিবার জন্য নৌসেনাপতি গোডস্কি লিন্‌ডেনোকে তিন খানি যুদ্ধ জাহাজ দিয়া পাঠান। ১৮২৯ খৃষ্টাব্দে দিনেমাররাজ ৬ষ্ঠ ফ্রেডারিকের আদেশে কাপ্তেন গ্রে গ্রীণলণ্ড পর্য্যবেক্ষণ করিতে আসেন। গ্রেসাহেব উক্ত দ্বীপের দক্ষিণ-পূর্ব্বে ৬৫° ১৮′ উঃ অক্ষাংশ পর্য্যন্ত আবিষ্কার করেন। ইহার পরে কোন জাতীয় লোকের বসবাস দেখা যায় না।

দিনেমার উপনিবেশের পর এই দ্বীপ উপারনাবিক, ওমেনাক, যাকোবসাভন্, খৃষ্টীয়ানশায়াব, ইগেডিস্‌মিণ্ডে,

গড়াজন, হলষ্টিনবর্গ, সুকারটোপেন, গডথায়াব, কিস্কারনেসেট, ফ্রেডারিক্ষশায়ার ও জুলিয়ানশায়ার প্রভৃতি কয়েকটী জেলায় বিভক্ত হইয়াছে।

গ্রীণলণ্ডবাসীগণ তাম্রবর্ণ, কিন্তু মাথার চুল অত্যন্ত কাল। শরীর ছোটখাট, নাক চেটাল, ঠোঁট পুরু। ইহারা বিশ্বাসঘাতক। কেহ শত্রুতা করিলে তাহার প্রতিকার না করিয়া নিশ্চিন্ত থাকে না। ইহারা বিলক্ষণ বলশালী ও চৌর্য্যবৃত্তিতে বিলক্ষণ পটু। শীতকালে ইহারা সমুদ্রতীরস্থ পর্ব্বতগুহায় যাইয়া বাস করে। তৎকালে ঐ গুহা এক একটী ক্ষুদ্র পল্লীতে পরিণত হয়। কোথাও কোথাও মকর-চর্ম্মে নির্ম্মিত তাম্বুতে বাস করে। আবার তিমি মৎস্যের অস্থিতে শিশুক-চর্ম্ম পরিবৃত করিয়া ইহাদের দ্বারের কপাট প্রস্তুত হয়। দেশীয় উৎপন্ন কোমল শৈবাল-দাম ইহাদের শয্যা। ইহাদের সন্তান-স্নেহ অতিশয় প্রবল।

গ্রীণলণ্ড এখন দিনেমারের অধীন। ইহার দক্ষিণ ও পশ্চিমভাগে প্রায় দুই শত দিনেমারের বাস আছে। ইহারা শিশুক চর্ম্ম, সিন্ধুঘোটকের দন্ত ও জলগাণ্ডারের দন্ত লইয়া য়ুরোপের নানা দেশে বিক্রয় করিয়া থাকে।

গ্রীবা (স্ত্রী) গীর্য্যতে হনয়া গৃ-বন্ নিপাতনে সাধু। (শেবায়হ্ব-জিহ্বাগ্রীবাপৃষ্ঠী বাঃ। উণ্ ১।১৫৪) কন্ধরা। পর্য্যায়—শিরোধি, কন্ধি, শিরোধরা, কন্ধরা-শিরা।

"ইদমহং রক্ষসাং গ্রীবা অপি কৃন্তামি। (বাজস° ৫।২২)

গ্রীবাক্ষ (পুং) ঋষিবিশেষ, পাণিনীয় শিবাদি গণান্তর্গত, ইহার উত্তর অপত্যার্থে অণ্ হয়।

গ্রীবাঘণ্টা (স্ত্রী) গ্রীবায়াং ঘণ্টা ৭তৎ। গ্রীবাস্থিত ঘণ্টা। (ত্রিকাণ্ড°)

গ্রীবাবিল (ক্লী) গ্রীবায়া বিলম্ ৬তৎ। গ্রীবার অন্তর্গত গর্ত্ত। (ত্রিকাণ্ড°)

গ্রীবিন্ (পুং স্ত্রী) প্রশস্তা গ্রীবা অস্ত্যস্ত গ্রীবা-ইনি। ১ উষ্ট্র, উট্। (জটাধর) স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। (ত্রি) ২ দীর্ঘ গ্রীবাযুক্ত।

গ্রীষ্ম (পুং) গ্রসতে রসান্ গ্রস-মক্। (গ্রীষ্মঃ। উণ্ ১।১৪৯) গ্রীভাবো ধাতোঃ যুগাগমশ্চ নিপাত্যতে। ১ ঋতুবিশেষ, গরমিকাল। পর্য্যায়—উষ্ণক, নিদাঘ, উষ্ণোপগম, উষ্ণ, উষ্ণাগম, তপ, ঘর্ম্ম, তাপন, উষ্ণাগম ও উষ্ণকাল।

"গ্রীষ্মে তীব্রকরোভানুর্ন হেমন্তে তথাবিধঃ।" (সূর্য্যসি°)

প্রাচীন পণ্ডিতগণের মতে জ্যৈষ্ঠ ও আষাঢ় এই দুইটী মাস গ্রীষ্ম ঋতু, কিন্তু আধুনিক ঋতু-নির্ণায়কগণের মতে বৈশাখ ও জ্যৈষ্ঠ এই দুইমাসের নাম গ্রীষ্ম ঋতু। [ঋতু দেখ।] ২ উষ্ণ, গরম। (মেদিনী।) (ত্রি) ৩ গ্রীষ্মযুক্ত।

গ্রীষ্মকাল (পুং) গ্রীষ্ম ঋতু।

গ্রীষ্মকালীন (ত্রি) যাহা গ্রীষ্মকালে উৎপন্ন হয়।

গ্রীষ্মজ (ত্রি) গ্রীষ্মে জায়তে গ্রীষ্ম-জন-ড। গ্রীষ্মজাত।

গ্রীষ্মজা (স্ত্রী) গ্রীষ্মজ-টাপ্। ১ লবণী, লোণা। ২ নবমল্লিকা।

গ্রীষ্মধান্য (ক্লী) গ্রীষ্মে জাতং ধান্যম্। ধান্যবিশেষ, বোরোধান।

"গ্রীষ্মধান্যজননোত্র রাক্ষসঃ।" (বৃহৎস° ১৮ অঃ)

গ্রীষ্মপুষ্পী (স্ত্রী) গ্রীষ্মে পুষ্পং যস্যাঃ বহুব্রী গ্রীষ্ম-পুষ্প-ঙীপ্। করঞ্জ পুষ্পবৃক্ষ। (রাজনি°)

গ্রীষ্মভবা (স্ত্রী) গ্রীষ্মে ভবতি ভূ-অচ-টাপ্। ১ নবমল্লিকা। (রত্নমালা।) (ত্রি) ২ গ্রীষ্মজাত।

গ্রীষ্মসুন্দর (পুং) গ্রীষ্মে সুন্দরঃ ৭তৎ। শাকবিশেষ, গিমেশাক। (রাজনি°)

গ্রীষ্মহাস (ক্লী) গ্রীষ্মে হাসো বিকাশোযস্য বহুব্রী। ইন্দ্রতুল, বুড়ির সূতা।

গ্রীষ্মসুন্দরক (পুং) গ্রীষ্মে সুন্দরইব কায়তে শোভতে কৈ-ক। যদ্বা গ্রীষ্মসুন্দর স্বার্থে-কন্। শাকবিশেষ, গিমেশাক। ইহার গুণ—তিক্ত, লঘু, কফ, পিত্ত ও দোষনাশক এবং রুচিকর। (রাজনি°)

গ্রীষ্মী (স্ত্রী) গ্রীষ্মঃ কালঃ কারণত্বেনাস্ত্যস্য গ্রীষ্ম-অচ্ গৌরাদিত্বাৎ ঙীষ্। নবমল্লিকা। (রাজনি°)

গ্রীষ্মোদ্ভব (ত্রি) গ্রীষ্ম উদ্ভবোঽস্য বহুব্রী। যাহা গ্রীষ্মকালে উৎপন্ন হয়, গ্রীষ্মজাত। (স্ত্রী) স্ত্রিয়াং টাপ্। নবমল্লিকা। (রাজনি°)

গ্রীস, য়ুরোপের অন্তর্গত একটী স্বাধীন রাজ্য। ভূমধ্য-সাগরের আয়োনীয় ও ইজীয় সাগরের মধ্যস্থ উপদ্বীপ। (প্রাচীন) অক্ষাংশ ৩৫° হইতে ৪০° উত্তর মধ্যে প্রাচীন গ্রীস্ রাজ্য স্থাপিত ছিল। ইহার উত্তরসীমা ইলিরিয় ও মাকিদনীয় রাজ্য। গ্রীসের উত্তরপূর্ব্বকোণস্থ থেসেলি হইতে ওলিম্পাস্ পর্ব্বত ও উত্তর-পশ্চিমস্থ এপিরাস্ রাজ্যের নিকট হইতে এক্রোসারাওনীয় পর্ব্বতদ্বয় পরস্পর বিস্তৃত হইয়া উক্ত রাজ্যদ্বয়কে পৃথক্ রাখিয়াছে।

আরিষ্টটল্ তাঁহার নিজ গ্রন্থে এপিরাস্‌বাসী প্রাচীন "গ্রীকাই" জাতির উল্লেখ করিয়াছেন। এক সময়ে এই জাতি গ্রীসের পশ্চিমকূল পর্য্যন্ত আসিয়া বাস স্থাপন করে এবং ইতালিদেশবাসীগণ উক্ত জাতির নাম হইতেই দেশের নাম "গ্রীস" রাখেন। গ্রীকগ্রন্থে পূর্ব্বকথিত সীমান্তবর্ত্তী প্রদেশ 'হেলাস্' নামে লিখিত হইয়াছে। প্রাচীন গ্রীস্ রাজ্য হইতে হেলাস্ রাজ্য অধিক বিস্তৃত ছিল। হেলাস্ শব্দে "হেলেনিস্" জাতি ও দেশবাসী বুঝায়। একারণ আফ্রিকার সাইরেণ রাজ্য, এসিয়াখণ্ডের মিলেটাস্ এবং সিসিলি

দ্বীপের সিরাকিউজ প্রভৃতি গ্রীসীয় উপনিবেশ সকল ঐ হেলাস্ রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। হিরোডোটস্ লিখিয়াছেন যে মিসরপতি আমসিস্ হেলাস্-রাজকে অনেক উপঢৌকন দেন এবং সাইরেণ, লিন্ডাস্ ও স্তামাস্ দ্বীপ দান করেন।

ভূগোল-বিদেরা প্রাচীন গ্রীসকে দুইভাগে বিভক্ত করেন। উত্তরাংশে থেসেলি, এপিরাস্, অকার্নানিয়া, ইটোলিয়া, লোক্রিশ (ওপানটিয়াল, এপিক্নেমাডিয়া এবং ওজোলিয়ান), ডোরিস্, ফোসিশ, বিওটিয়া, মেগারিশ ও আটিকা প্রভৃতি ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য ছিল। দক্ষিণাংশ পিলোপনিসাস্ নামে খ্যাত; লাকোনিয়া, মেসেনিয়া, আর্কেডিয়া, এলিশ্, আর্গেলিশ, একিয়া, সিকিওনিয়া ও করিন্থ প্রভৃতি ক্ষুদ্র ক্ষুদ্র বিভাগে উক্ত দক্ষিণরাজ্য বিভক্ত।

উপদ্বীপের পূর্ব্বাংশে অবস্থিত ইজীয় সাগরের দ্বীপপুঞ্জ গ্রীসের অধিকারে ছিল। তদ্ভিন্ন ভূমধ্যসাগরের রোডস্ সাইপ্রাস্ এবং সাইক্লেডিস্ দ্বীপাবলী। ইহার দক্ষিণাংশ সিথেরা (বর্ত্তমান সেরিগো) এবং ক্রীট্ দ্বীপ। পশ্চিমে আয়োনীয় সাগরস্থ করসিরা (বর্ত্তমান কর্ফিউ), সিফালোনীয় ও ইথাকা। এতদ্ব্যতীত সিসিলিদ্বীপে ও দক্ষিণ ইতালীতে এবং এসিয়া মাইনরে গ্রীক উপনিবেশ ছিল। গ্রীকদিগের এসিয়া-অধিকারের মধ্যে আইওনীয় রাজ্যই প্রধান। ইফেসিউস্ নগর উক্ত রাজ্যের রাজধানী ছিল।

পুরাতত্ত্ব—প্রবাদ এইরূপ যে মিসর রাজ্যের উন্নতির সঙ্গে সঙ্গে প্রায় খৃষ্টজন্মের ১৮০০ বৎসর পূর্ব্ব হইতে গ্রীসরাজ্যের ইতিহাস আরম্ভ। কিন্তু খৃষ্টীয় ৮৮৪ অব্দের পূর্ব্বতন সমুদায় কাণ্ডই গল্প বলিয়া অনুমান হয়।

গ্রীককাব্যে লিখিত আছে যে প্রথমে এই রাজ্যে পেলাস্গি নামক অসভ্যজাতি পর্ব্বতগুহাদিতে বাস করিত। উহারা বস্ত্রাদির পরিবর্ত্তে বন্য জন্তুর চর্ম্মে আপনাদিগের অঙ্গ আচ্ছাদন করিত। ইউরেনস্ নামক মিসররাজপুত্র এই দেশে আসিয়া টিটান নামক রাক্ষসগৃহে বিবাহ করেন। পরে উক্ত টিটানেরা তাঁহার বিরুদ্ধে বিদ্রোহী হইয়া তাঁহাকে রাজ্যচ্যুত করেন। ইউরেনসের পুত্র সেটারন্ রাজ্যভার গ্রহণ করিলেন এবং পিতার ন্যায় দুরদৃষ্টে পতিত হইবার ভয়ে তিনি নিজ পুত্রগণের বিনাশের আদেশ দিলেন। কিন্তু তাঁহার পত্নী তৎপুত্র জুপিটারকে লুকাইয়া আনিয়া ক্রীটদ্বীপে লালন পালন করেন। বয়ঃপ্রাপ্ত হইয়া জুপিটার পিতাকে রাজ্যচ্যুত ও বিদ্রোহী টিটানদিগকে দমন করিলেন এবং তাহাদিগকে রাজ্য হইতে বহিষ্কৃত করিয়া দিলেন।

জুপিটার নিজরাজ্য ভ্রাতা নেপচুন্ ও প্লুটোকে ভাগ করিয়া দিলেন। তিনি স্বয়ং অতি বিচক্ষণভাবে রাজ্যের শাসনকার্য্য পর্য্যালোচনা করিতেন। থেসেলির নিকটবর্ত্তী ওলিম্পাস্ পর্ব্বতে তাহার বিচারভবন ছিল। গ্রীককাব্যে সেটারন্ প্রভৃতিকে দেবতা বলিয়া বর্ণিত হইয়াছে এবং ওলিম্পাস্ পর্ব্বতের শিখরদেশ দেবতাদিগের বাসভবন বলিয়া নির্ণিত আছে। দর্শনশাস্ত্রচর্চ্চার বহুকাল পরেও সেটারন্, জুপিটার প্রভৃতি জাতীয় দেবতা বলিয়া পূজিত হইয়াছে।

ইহার বহুপরে কোন সময়ে এসিয়াখণ্ড হইতে হেলেনিস্ জাতি গ্রীসে আসিয়া বাস করে। পেলাস্গি জাতির সংমিশ্রণে থাকিয়া এক সময়ে সমস্ত গ্রীসবাসীই হেলেনিস্ নামে অভিহিত হয়।

পাশ্চাত্য পুরাতত্ত্ববিদেরা বলিয়া থাকেন এই হেলেনিস্ নামক গ্রীকেরাই প্রাচীন আর্য্যশাখাসম্ভূত। যেমন ভারতের আর্য্যগণ সপ্তসিন্ধুর উৎপত্তিস্থান হইতে ক্রমশঃ দক্ষিণাভিমুখে ভারতে আসিয়া উপনিবেশ স্থাপন করেন, সেইরূপ গ্রীকেরাও মধ্যএসিয়াস্থ আদি বাসস্থান পরিত্যাগ করিয়া সুদূর পশ্চিমে সমুদ্রতীরে গ্রীসদেশে আসিয়া বাস করিতে থাকেন। অতি প্রাচীনতম কালে মধ্যএসিয়ায় আর্য্যগণের সহিত গ্রীকদিগের পূর্ব্বতন আদিপুরুষ একত্র বসবাস করিতেন। তখন আর্য্য ও গ্রীক উভয়ে এক মাতার ক্রোড়ে লালিত পালিত ও এক ভাষায় কথা কহিত। বহু শতাব্দী গত হইয়াছে, তাহারা পরস্পর সম্বন্ধসূত্র বিচ্ছিন্ন করিয়া স্ব স্ব নির্দ্দিষ্ট পথে গিয়া পড়িয়াছে, দেশভেদে, আচারভেদে ও বিভিন্ন জাতির সংস্রবে তাঁহাদের পূর্ব্বতন অবস্থা ও ভাষার পরিবর্ত্তন ঘটিয়াছে। এত পরিবর্ত্তন সত্ত্বেও তাহাদের প্রাচীনতম ভাষা হইতে এমন বহু শব্দ পাওয়া গিয়াছে, যাহাতে পাশ্চাত্য পণ্ডিতগণ উভয়কেই এক আর্য্যজাতি সম্ভূত বলিয়া গ্রহণ করিতে কুণ্ঠিত হন নাই। [ভাষা দেখ।] আমাদের কথা এই গ্রীক ও আর্য্যগণ এক বংশ সম্ভূত হউন বা না হউন, সিন্ধুতীরবাসী প্রাচীন আর্য্যগণ যেমন প্রথম অবস্থায় ভারতের আদিম অধিবাসী দস্যু, অসুর প্রভৃতি অসভ্য জাতির সহিত সর্ব্বদাই যুদ্ধবিগ্রহে লিপ্ত থাকিতেন, প্রাচীন গ্রীকগণ গ্রীসদেশে সেইরূপ পেলাসগি নামক জাতিকে দমন করিয়া নানাস্থানে আধিপত্য বিস্তার করিয়াছিলেন।

হেলেনিস্ জাতি যেখানে বসবাস করিতেন, সেই স্থান "হেলাস্" নামে পরিচয় দিতেন। গ্রীসের অধিকাংশ পর্ব্বতময়, বন্ধুর ও নদীহীন। ইহার মধ্যে নদীমাতৃক থেসেলি নামক জন-

পদই কথঞ্চিৎ উর্ব্বরা ছিল, সুতরাং এখানকার লোকেরা যতটুকু সুখলাভ করিত, অপর স্থানের লোকেরা উপযুক্ত আহারাদির অভাবে অল্পমাত্র সুখলাভে বঞ্চিত ছিল। তাহারা কষ্টে পড়িয়া আপনার সুখবর্দ্ধনার্থ ক্রমে নানাস্থানে যাইতে আরম্ভ করিল।

ইহাদের মধ্যে আবার কয়েকটী শ্রেণী বিভাগ ছিল, তন্মধ্যে ডোরীয়, ইওলীয় ও আইয়োনীয় জাতিই প্রধান। ইহাদের কথিত ভাষা কতকাংশে মিলিলেও পরস্পর অনৈক্য, সুতরাং স্বতন্ত্র ভাষারূপে পরিগণিত হইত।

১৮৫৬ খৃঃ পূর্ব্বাব্দে ইনাকাস্ নামে একজন ফিনিকীয় পরিব্রাজক স্বজাতি সমভিব্যাহারে গ্রীস পরিদর্শনে আসেন এবং পিলোপনিসাসের নেপোলি উপসাগরের কূলে আর্গস্ নামে এক নগরী স্থাপন করেন। উক্ত ঘটনার তিনশত বর্ষ পরে ১৫৫৬ খৃঃ পূর্ব্বাব্দে মিসরবাসী সিক্রপস্ আসিয়া আটিকা প্রদেশে উপনিবেশ ও আথেন্স মহানগরী স্থাপন করিলেন। তিনিই অসভ্য আটিকাবাসীদিগকে নানা বিদ্যাশিক্ষা এবং আপনাকে তাহাদিগের রাজা বলিয়া পরিচয় দেন। তিনি আপনার পার্ব্বতীয় আবাস-রক্ষার জন্য আথেনী নামক গ্রীক দেবীমূর্ত্তি স্থাপনা করেন, পরে লাটিনেরা আথেনী নামের পরিবর্ত্তে মিনার্ভা নামে ঐ মূর্ত্তিকে পূজা করিতেন। উক্ত আথেনী দেবীর নামানুকরণে আথেন্স মহানগরীর নামকরণ হইয়াছে। এই ফিনিকীয় জাতির নিকট গ্রীকগণ মিসরদেশের সন্ধান পায় এবং তাহাদের যত্নে ইহারা সমুদ্রে পোতচালনকৌশল ও বাণিজ্য বিষয়াদি শিক্ষা করেন।

গ্রীস ও পিলোপনিসাসের মধ্যবর্ত্তী যোজকের মধ্যে করিন্থ নগর সমুদ্রের উপকূলে ১৫২০ খৃঃ পূর্ব্বাব্দে নির্ম্মিত। লাকোনিয়ার রাজধানী বিখ্যাত স্পার্টা বা লেসিডিমন্ নগর উক্ত বৎসরে লেলেক্স নামক জনৈক মিসরবাসী কর্ত্তৃক স্থাপিত হয়।

১৪৯৩ খৃঃ পূর্ব্বাব্দে ফিনিকীয়বাসী ক্যাডমাস্ বিওটিয়ার থেবিস্ নগর স্থাপন করেন। ইনিই সর্ব্বপ্রথমে গ্রীসবাসীদিগকে অক্ষরলিখনপ্রণালী শিক্ষা দেন।

১৪৮৫ খৃঃ পূর্ব্বাব্দে দনায়ুস্ নামক এক মিসরবাসী স্বদলে আর্গস্ নগরে আসিয়া তথাকার অধিবাসী কর্ত্তৃক রাজপদে অভিষিক্ত হন।

শতাব্দী পরে প্রায় ১৩৫০ খৃঃ পূর্ব্বাব্দে ফ্রিজিয়ারাজপুত্র পেলপস্ গ্রীসের পিলপনিসাস্ বিভাগে আসিয়া বাস করেন এবং তথাকার রাজপুত্রীর পাণিগ্রহণ করিয়া পরে রাজসিংহাসন অধিকার করেন।

হোমারলিখিত ট্রয়যুদ্ধের সেনানায়ক মাইকিনীরাজ আগামেম্‌নন্ এবং স্পার্টারাজ ম্যানিলাস্ উভয়েই পেলপসের বংশে জন্মগ্রহণ করেন। সেই সময়ে হেলেস্পণ্ট ও ইজীয় সাগরের তীরে ট্রয় বা ইলিয়ম্ নামে এক রাজধানী ছিল। ট্রয়রাজকুমার পারিস্ ঘটনাক্রমে গ্রীসদেশে আসিয়া কিছুকাল স্পার্টায় ম্যানিলাসের সভায় অতিবাহিত করেন। স্পার্টারাজের অনুপস্থিতিকালে পারিস্ স্পার্টার রাজমহিষী হেলেনের রূপে মুগ্ধ হন এবং তাঁহাকে লইয়া ট্রয়রাজ্যে পলাইয়া আসেন। ম্যানিলাস্ রাজধানীতে ফিরিয়া আসিয়া পারিসের দুর্ব্যবহারের কথা শুনিয়া রুদ্রমূর্ত্তি ধারণ করিলেন। তিনি সমস্ত গ্রীসের রাজন্যবর্গকে ট্রয়রাজের বিপক্ষে উত্তেজিত করিলেন। কেহ কেহ অনুমান করেন প্রায় ১১৯৪ খৃঃ পূঃ অব্দে এই ঘটনা ঘটে।

মাইকিনীরাজ আগামেম্‌নন্, ইথাকার রাজা প্রাজ্ঞ ইউলিসিস্, পাইলসের রাজা নেষ্টর, থেসেলিরাজপুত্র আকিলিস্, সলামিসের আজাক্স, ইটোলিয়ার ডিওমিডিস্, ক্রিটের ইদোমিনিয়াস্ প্রভৃতি মহাবীরগণ প্রতিশোধ লইবার জন্য স্পার্টারাজের পক্ষাবলম্বন করিলেন। প্রায় ১২০০ অর্ণবপোত ও লক্ষলোক ট্রয় ধ্বংস করিবার জন্য যাত্রা করিল। ট্রয়রাজ প্রায়ম্ বিপক্ষের গতিরোধ করিবার জন্য এসিয়া মাইনর, থ্রেস্, আসিরীয় প্রভৃতি রাজগণের সাহায্য গ্রহণ করিলেন। সেই মহাসমরে গ্রীকপক্ষে আগামেম্‌নন্ ও ট্রয়পক্ষে প্রায়মের পুত্র মহাযোদ্ধা হেক্টর সেনাপতি হইয়াছিলেন। ১০ বর্ষ ব্যাপিয়া ট্রয়যুদ্ধ চলিয়া ছিল। এই যুদ্ধে উভয়পক্ষে শত শত মহাবীর প্রাণত্যাগ করেন। তৎপরে অশেষ চেষ্টার পর গ্রীকগণ জয় লাভ করিলেন, ট্রয়নগর বিধ্বস্ত হইল। এই আখ্যায়িকা লইয়া মহাকবি হোমার বিখ্যাত "ইলিয়াড" নামক মহা কাব্য রচনা করেন।

যুদ্ধজয়ের পর অতি অল্পলোকই গ্রীসে ফিরিতে পারিয়াছিলেন। মহাত্মা ইউলিসিস্ যুদ্ধাবসনে নানাদ্বীপে ফিরিয়া ঘুরিয়া প্রায় ১০ বর্ষ পরে গ্রীসে প্রত্যাগমন করেন। তাঁহার ভ্রমণবৃত্তান্ত লইয়া হোমার "অডেসি" নামক কাব্য প্রণয়ন করেন।

ট্রয়যুদ্ধকালে গ্রীসের রমণীগণ অস্ত্র শস্ত্রে সজ্জিত হইয়া রাজ্যরক্ষা করিতেন। অনেক রমণী পরপুরুষে আসক্ত হইয়াছিল। গ্রীক্ সেনাপতি আগামেমনন্ দীর্ঘকাল পরে স্বরাজ্যে ফিরিয়া আসিয়াছিলেন বটে, কিন্তু তাঁহার ভাগ্যে শান্তিলাভ ঘটে নাই। তাঁহার মহিষীও পরপুরুষে আসক্ত হইয়াছিলেন, সেই ভ্রষ্টা অতি ঘৃণিতভাবে পতির প্রাণনাশ করেন ও তাঁহার পুত্র অরেষ্টিস্ নির্ব্বাসিত হন। কিছুদিন পরে অরেষ্টিস্ আর্গসে আসিয়া মাতা ও তাঁহার প্রণয়ীদিগকে বিনাশ করিয়া পৈতৃকরাজ্য উদ্ধার করেন।

ট্রয়যুদ্ধের প্রায় ৮০ বর্ষ পরে গ্রীসে এক দারুণ বিপ্লবানল জ্বলিয়া উঠে। এই সময়ে হার্কিউলিসের বংশধরগণ পিলপনিসাসের সকল স্থান অধিকার করিয়া বসে। মাইকিনী বা আর্গসের রাজপুত্রগণ সকলেই নির্ব্বাসিত হন। ১১০৪ খৃঃ পূর্ব্বাব্দে হার্কিউলিস্-পুত্র হিলাসের প্রপৌত্র তেমেনাস্, ক্রেস্‌ফণ্টিস্ ও অরিষ্টডিমাস্ ডোরিয়দিগের সাহায্যে আর্কেডিয়া ভিন্ন পিলপনিসাসের অধিকাংশই অধিকার করেন। তাহাতে তেমেনাস্ আর্গসের ও ক্রেসফণ্টিস্ মেসিনীয়ার রাজা হন। অরিষ্টডিমাস্ যুদ্ধে প্রাণত্যাগ করেন, তৎপুত্র ইউরিস্থিনিস্ ও প্রোক্লিস্ স্পার্টারাজ্য ভাগ করিয়া লন।

১০৭০ খৃঃ পূর্ব্বাব্দে পিলপনিসীয়গণ আটিকা আক্রমণ করিয়াছিল। এই সময়ে আথেন্সরাজ কোদ্রস্ নিজ জীবন উৎসর্গ করিয়া রাজ্য রক্ষা করিয়াছিলেন।

ইহারই কিছুকাল পরে কোদ্রসের পুত্রগণ মধ্যে রাজ্য লইয়া গৃহবিবাদের সূত্রপাত হয়, তাহাতে আথেন্সবাসীগণ এককালে রাজপদ উঠাইয়া দিয়া কোদ্রসের জ্যেষ্ঠ পুত্র মিদনকে প্রজাসাধারণের প্রধানব্যক্তিরূপে মনোনীত করেন। কোদ্রসের অপর পুত্রদ্বয় কতকগুলি আথেন্সবাসীর সঙ্গে এসিয়ামাইনরে আসিয়া উপনিবেশ স্থাপন করেন। এখানে প্রথমে তাঁহারা ১২টী নগর পত্তন করেন এবং প্রদেশের নাম আইয়োনীয় রাখেন। এই আইয়োন্ শব্দ হইতে পারসী য়ুনান ও সংস্কৃত যোন বা যবন শব্দের উৎপত্তি। আইয়োনীয় গ্রীকগণও পূর্ব্বকালে ভারতবাসীর নিকট যবন নামে প্রসিদ্ধ ছিল। [যবন শব্দে বিস্তৃত বিবরণ দেখ।] তৎকালে গ্রীকগণ এসিয়া ও য়ুরোপের নানাস্থানে গিয়া উপনিবেশ করিতেছিলেন।

পাশ্চাত্য পুরাবিদ্‌গণের মতে, তৎপরে সমগ্র গ্রীস সাম্রাজ্য তিন ভাগে বিভক্ত হয়। প্রথম উত্তর গ্রীস, দ্বিতীয় পিলপনিসাস্ বিভাগ এবং তৃতীয় দ্বীপপুঞ্জ। সাইক্লেডিস্, স্পোরাডিস্ ও ইউবিয়া প্রভৃতি দ্বীপও উহার অন্তর্গত। উত্তর গ্রীসের দক্ষিণসীমা করিন্থ উপসাগর, পূর্ব্বে ইজীয় সাগর, উত্তরে তুরুস্ক রাজ্য ও পশ্চিমে আইয়োনীয় সাগর। এই রাজ্যের অন্তর্ভুক্ত একার্ণানিয়া ও ইটোলিয়া রাজ্য, পশ্চিম গ্রীস এবং ডোরিস, ফোসিস্ বিওটিয়া, আটিকা, মেগারিস্, লোক্রি ও পান্‌তিয়াইদিগের রাজ্য এবং স্পার্টিয়ার উপত্যকা পূর্ব্বগ্রীস নামে খ্যাত।

উত্তর গ্রীসের অধিকাংশস্থান পর্ব্বতময়। ইটা নামক পর্ব্বত শ্রেণীই তন্মধ্যে প্রধান। পূর্ব্ব উপকূল ইউবিয়া প্রণালীর ধার হইতে ক্রমান্বয়ে পশ্চিমাভিমুখে ইটোলিয়ার টিমক্রেস্টাস্ পর্ব্বতশ্রেণীতে মিলিত হইয়াছে। মধ্যে এস্‌প্রোপোটামস্ উপত্যকা, ইটা পর্ব্বত, কর্ণানিয়া ও এপিয়াস্ পর্ব্বতের সহিত মিলিতে পারে নাই। ইটা পর্ব্বতের দক্ষিণগামী শাখা ফোশিশের পারনাসিস্ পাহাড়ে এবং করিন্থ উপসাগরের উত্তরকূলে অবস্থিত পাহাড়ে মিলিত হইয়াছে। গ্রীস্ বিভাগের দক্ষিণপূর্ব্বদিকে হেলিকোন্, সিথিরোণ ও পার্ণিশ পর্ব্বত। শেষোক্ত পাহাড় আটিকা হইতে বিওটিয়াকে বিভক্ত রাখিয়াছে।

গ্রীসের অপর বিভাগের নাম পিলপনিসাস্ বা মোরিয়া উপদ্বীপ। ইহার মধ্যে আকিয়া, আর্কেডিয়া, আর্গোলিস্, করিন্থ, এলিশ্, লাকোনিক প্রভৃতি কয়েকটী ক্ষুদ্র রাজ্য আছে। এই বিভাগের মধ্যভূমি অধিত্যকাময়। অসংখ্য পাহাড় শ্রেণীতে আচ্ছাদিত, এই জন্য মধ্যে মধ্যে বিস্তীর্ণ অববাহিকা, জলাভূমি ও ক্ষুদ্র ক্ষুদ্র হ্রদ দেখিতে পাওয়া যায়। মোরিয়া উপদ্বীপের উত্তরস্থিত টেগেটাস্ এবং দক্ষিণের সিলোনী পর্ব্বত সমুদ্রপৃষ্ঠ হইতে প্রায় ৫০০০ ফিট্ উচ্চ। এলিস্, ইনাকাস্ ও আর্গশ নামক স্থানে বিস্তীর্ণ সমতল ক্ষেত্র আছে। অলফিয়াস্, ইউরোটাস্, পমিসাস্ ও পেনিয়াস্ নদীতে বৎসরের সকল সময়েই জল থাকে।

ইউবিয়া ব্যতীত গ্রীস রাজ্যের দ্বীপাবলীর মধ্যে সাইক্লেডিস্ ও স্পোরাডিস্ দ্বীপপুঞ্জের মধ্যে যে যে দ্বীপ জনমানব পরিপূর্ণ তাহা নিম্নলিখিত রূপে বিভক্ত।

(১) পশ্চিম স্পোরোডিস্—হাইড্রো, স্পেজিয়া, ইজিনা, পোরস্, সালামিস্, অগিষ্ট্রা।

(২) উত্তর স্পোরাডিস্—স্কোপেলস্, খিলিড্রোমী, স্কিয়াথোস্, স্কাইরস্।

(৩) উত্তর সাইক্লেডিস্—এণ্ড্রোস্, জিয়া, থারমিয়া, টিনো, মিকোনী, সাইরা।

(৪) মধ্য সাইক্লোডিস্—নাক্সস্, পরোস্, আণ্টিপরোস্, সিফাণ্টো, সেরিফোস্, মীলো, কিমোলোস্, পোলিক্যাণ্ড্রো, সিকিনো, নিও, অমর্গো।

(৫) দক্ষিণ সাইক্লেডিস্—সাণ্টোরিণ, আণাফি, এষ্টীপালিয়া, কাণ্ডিয়া বা ক্রীট্, কিয়স্, সামস্, লেস্‌বস্। এতদ্ভিন্ন এসিয়া মাইনরের তীরবর্ত্তী অনেকগুলি দ্বীপ তৎকালে গ্রীসের অধীন ছিল।

গ্রীস রাজ্যের মধ্যে কোন নদীতেই নৌকাদ্বারা ব্যবসা বাণিজ্যের সুবিধা নাই। নদী গুলি সামান্য পার্ব্বতীয় জল স্রোত বলিলেও চলে। যে গুলি অপেক্ষাকৃত বিস্তীর্ণ, গ্রীষ্মের প্রাদুর্ভাবে তাহাও শুকাইয়া যায়। হোমার নিজ গ্রন্থে আকি-

ল্যাস্ নদীকে নদীরাজ রূপে বর্ণনা করিয়াছেন। এখনও ঐ আকিলাস্ নদী সর্ব্বাপেক্ষা বড়। এতদ্ব্যতীত সিফিসাস্, ইলিসাস্, আকারোণ, স্পার্কিয়স্, অল্‌ফেইয়াস্, পামিসাস্, ইনাকাস, য়ুরোটাস প্রভৃতি নদীর বর্ত্তমান আবশ্যকতা যত অধিক, প্রাচীন কাব্যে ইহাদের সম্বন্ধে অনেক আশ্চর্য্যাশ্চর্য্য ঘটনার উল্লেখ আছে। করিন্থ উপসাগর ব্যতীত এম্‌ব্রাসিয়া, ভোলো, ইজিনা, আর্গস্ বা নৌপ্লিয়া, কোলোকীলি, কোরোণ প্রভৃতি উপসাগর আছে এবং কোপাই বা টোপোলিয়া, অপোকুরো, ভল্‌টো, লিকুরিয়া নামক হ্রদই বৃহৎ। অপরাপর যে সমস্ত হ্রদ আছে গ্রীষ্মকালে তাহাতে জল থাকে না।

ভূতত্ত্ব।—ইটা, পার্‌নাসাস্ ও হেলিকোন পর্ব্বত ধূসর বর্ণের চূণা পাথরবিশিষ্ট। পিণ্ডাস শ্রেণীর পাথর দেখিলেই অনুমান করা যায় যে পাথরগুলি বহুকাল পরে কোন পদার্থ হইতে বর্ত্তমান আকারে রূপান্তরিত হইয়াছে। এই পাহাড়ে পাথরের কোন অংশ বা গ্রেণাইট, কোনটী বা চক্‌মকী সংযুক্ত সর্পের ন্যায় বক্রাকার হরিদ্রা চিহ্নযুক্ত, সবুজ পাথর এবং অভ্রের শ্লেট দেখা যায়। পিলোপনিসাসের উপকূলে মৃত শম্বুকাদি জমিয়া একরূপ পদার্থ উৎপন্ন হইয়াছে। গ্রীসের প্রায় সকল স্থানেই আগ্নেয়পর্ব্বতের চিহ্ন ও কার্য্যাদির লক্ষণাদি দেখা যায়। পর্ব্বতের খাটালে বা গুহার মধ্য হইতে গন্ধকময় ধূম ও অপরাপর দুর্গন্ধময় বাষ্প নানাস্থানে উঠিতে থাকে। ঐ বাষ্প প্রাচীনকালে ডেল্‌ফির ধর্ম্মকর্ম্মোদ্দেশে ব্যবহৃত হইত। শীতল ও উষ্ণপ্রস্রবণ অনেক দেখা যায়। আটিকা, সেরিফোস্ ও সিফাণ্টো দ্বীপে সোণা, রূপা ও সীসক পাওয়া যায়। শূর্ম্মা, মনঃশিলা, তাম্র ও গন্ধক জন্মে। ইউবিয়া, স্কাইরস্, লাকোনিয়া ও এলিস্ নামক স্থানে লৌহ ও প্রচুর কয়লা পাওয়া যায়। এখানে পিলপনিসাসের স্থানে স্থানে অত্যুৎকৃষ্ট শ্বেত পেণ্টালিক এবং লাল ও সবুজবর্ণের মর্ম্মর পাথর দেখা যায়। পিলপনিসাস্ অপেক্ষা উত্তর গ্রীসে শস্যাদির চাষ অপেক্ষাকৃত উত্তম ফসল উৎপন্ন হইয়া থাকে। আর্গস্ ও মারাথনের সমতলক্ষেত্র এবং উপকূলের নিকটবর্ত্তী জলা ভূমিতে ধান্যের চাস হয়। আর্গস্ ও কালামাটা নামক স্থানে প্রচুর দোক্তা ও তুলা জন্মে। পিলপনিসাসের উত্তরকূলবর্ত্তী জেলাসমূহে আঙ্গুর ও কিসমিস্ হয়। মেসিনা, লাকোনিয়া, টিনোস ও অন্যান্য দ্বীপে রেশম উৎপন্ন হইয়া থাকে। এথান হইতে প্রচুর মধু রপ্তানী হয়। তন্মধ্যে হেমিটাস্ ও আটিকার মধু বহুকাল হইতে বিখ্যাত। নৌপ্লিয়া হইতে মোম রপ্তানি হয়। বাদাম, অঞ্জির, আখরোট, কমলানেবু, পাতিনেবু, দ্রাক্ষা প্রভৃতি ফল প্রচুর জন্মে।

গ্রীসে যে সমস্ত বাণিজ্য দ্রব্য প্রস্তুত হইয়া থাকে, তাহা গ্রীসবাসীরাই ব্যবহার করে। কোন কোন বন্দরে জাহাজ নির্ম্মাণ ও পাইল তৈয়ারী হয়। মিসোলঙ্গীর নিকটবর্ত্তী ক্ষুদ্র ক্ষুদ্র হ্রদসমূহে লবণ উৎপন্ন হয়। নৌপিয়া, মিসোলঙ্গী, প্যাট্রাস্, গ্যালাক্সাইডি এবং হাইড্রা, সোজিয়া, সাইরা প্রভৃতি লিভাণ্ট সাগরস্থ দ্বীপে ষ্টীমার দ্বারা বাণিজ্য সম্পন্ন হইয়া থাকে।

গ্রীস সাম্রাজ্যে যে সকল লোক বাস করে, স্থানানুসারে তাহাদের শারীরিক গঠনপ্রণালী ভিন্ন ভিন্ন। উত্তর-গ্রীসে রৌমিলিওটিস্ জাতির বাস। ইহারা যোদ্ধা ও সাহসী, তুর্কেরা বহু চেষ্টা করিয়াও ইহাদিগকে অধীনতা স্বীকার করাইতে পারে নাই। পক্ষান্তরে পিলপনিসাস্-বাসী মোরিওটিস্ জাতি তুর্কের বশ্যতা স্বীকার করিয়াছে।

রৌমিলিয়া প্রদেশের পার্ণাসাস্, এগ্রাফা, বাণ্টো, জারোমেনস্ পর্ব্বতবাসী এবং ইটোলিয়ার মধ্যস্থলবাসীগণ হেলেনিস্ এবং সমতলক্ষেত্রবাসী চাষীগণ জাতিতে তালাসীয়, বুলগেরিয় বা আল্‌বানীয় বংশসম্ভূত।

পিলপনিসাসের আর্গোলিস্ ও ট্রিফিলিয়াবাসীরা আলবানীয় জাতি। অপরাপর সকল লোকই গ্রীকভাষায় কথা কহিয়া থাকে।

দ্বীপসমূহে আলবানীয়, গ্রীক ও মধ্যযুগের রোমরুদিগের আক্রমণের সময় লাটিনরক্তমিশ্রিত সঙ্করজাতি বাস করে। হাইড্রা ও স্পেজিয়াবাসীরা আলবানীয় জাতি। এইরূপে বর্ত্তমান সাইরার কিয়টি ও সেরিটী জাতি হেলেনিক বংশভুক্ত। এতদ্ব্যতীত গ্রীকবিদ্রোহের পর হইতে য়ুরোপের নানাস্থান হইতে নানাজাতি আসিয়া বাস করিতেছে।

অতি প্রাচীনকাল হইতে গ্রীকদিগের মধ্যে সমাজসংস্কারের ভার গৃহস্বামী পিতার হস্তে ন্যস্ত আছে। পুত্রগণের সহিত পরামর্শ না করিয়া পিতা নিজ স্বেচ্ছামত তাহাদিগের বিবাহ দিতে এবং কোন ব্যবসায়ে বা কর্ম্মাদিতে নিযুক্ত করিতে পারিতেন। এক কথায় প্রাচীন সময়ে গ্রীকদিগের মধ্যে পুত্রের অদৃষ্টের ফলাফল পিতার ইচ্ছাধীন ছিল। এমন কি সময়ে সময়ে নিকট কুটুম্বগণকে একত্র করিয়া পারিবারিক সভায় পুত্রের কর্ম্মফলে জীবনরক্ষা বা জীবননাশের বিচার হইত। তাহারা নির্ব্বিঘ্নে এবং পরস্পরে রক্ষিত হইয়া গ্রামাদিতে বাস করিত। প্রতি বৎসরে গৃহস্বামীগণ কোন ধর্ম্মমন্দিরে একত্র হইয়া প্রত্যেক

গ্রামের একজন ও প্রতি নগরের তিনজন ডিমোগ্যারোণটিস্ বা মিউনিসিপাল মাজিষ্ট্রেট্ মনোনীত করিতেন। ঐ ডিমোগ্যারোণটিসের পদ প্রায়ই ধনী ব্যক্তি বা গ্রামের জমীদারেরা পাইতেন। ইহারা দণ্ডনায়ক ও ধনাধ্যক্ষের কর্ম্ম করিতেন। স্থানীয় করনির্দ্ধারণ ও সংগ্রহ করিবার জন্য যে সভা হইত, তাহাতে ঐ ডিমোগ্যারোণটিস্ ও অপরাপর সম্ভ্রান্ত লোকের মত লইয়া কার্য্য চলিত। ঐ সভা হইতে সহকারী কি দণ্ডনায়কগণ নির্ব্বাচিত হইয়া প্রতি জেলার প্রধাননগরে নিযুক্ত হইতেন।

প্রকৃত ইতিহাস।—প্রাচীন ইতিহাস কালের কুজ্ঝটিকায় অপসৃত হইয়াছে। যে সমস্ত দেবদেবী ও বীরপুরুষগণের ইতিহাসগত আশ্চর্য্য ঘটনা-সম্বলিত গল্প শুনা যায়, তাহাতে কেবল অল্প লোকেই বিশ্বাস স্থাপন করিতে পারে। পূর্ব্বে যে সকল পুরাণকথা লিখিত হইয়াছে; সিক্রপ, ক্যাডমাস, দনায়ুস, থেসিয়াস্, হিরাক্লিস প্রভৃতির উপাখ্যান এবং আর্গোনটিক যুদ্ধযাত্রা, ট্রয়যুদ্ধ ও কালিডোনিয় শূকরশীকার প্রভৃতির ইতিবৃত্ত কতদূর সত্য এ সম্বন্ধে প্রকৃত তথ্য উদ্ধার করিবার জন্য ঐতিহাসিকেরা বিন্দুমাত্র আশা রাখেন না। যে সময়ে গ্রীসে অদ্ভুত পরাক্রমশালী বীরগণ জন্ম গ্রহণ করিয়াছিলেন (Heroic age) তাহা ১৪০০ হইতে ১২০০ খৃঃ পূর্ব্বাব্দের মধ্যে নিরূপিত হইয়াছে।

(প্রায় ৮৮০ খৃঃ পূঃ অব্দে) স্পার্টারাজবংশে লাইকারগাস্ (Lycargus) জন্মগ্রহণ করেন। মিশর, ভারত প্রভৃতি নানা স্থান পর্য্যটন ও নানা স্থানের রীতি নীতি দর্শন করিয়া তাঁহার মনে ধারণা হইয়াছিল যে একটী চিরস্থায়ী জাতীয় শক্তি একতাসূত্রে বদ্ধ করা ভিন্ন কোন জাতি জগতে প্রাধান্য লাভ করিতে পারেনা, সুতরাং সর্ব্ব সাধারণের প্রথমেই দৈহিক উন্নতি আবশ্যক। যাহাতে স্পার্টার প্রত্যেক অধিবাসী সাহসী ও বলশালী হয়, যাহাতে সকল স্পার্টারমণী বলবান্ পুত্র প্রসব করেন, লাইকারগাস্ তৎপক্ষে নূতন নিয়ম প্রবর্ত্তন করিয়াছিলেন। তাহা এই—

১। সন্তান বিকলাঙ্গ হইলে পর্ব্বতগুহায় ফেলিয়া দিবে।

২। যে কেহ সপ্তদশ বর্ষে পদার্পণ করিলে পিতৃভবন পরিত্যাগ করিয়া স্বতন্ত্র শিক্ষাগারে অপরাপর যুবকদিগের সহিত লালিত ও শিক্ষিত হইবে, পিতামাতার সহিত তাহার কোন সংস্রব থাকিবে না।

৩। দেশের অক্ষর-পরিচয় ছাড়া কেহ সাহিত্যবিজ্ঞানাদি পড়িতে পারিবে না, কারণ উহাতে সাহস ও যুদ্ধোৎসাহ কমিতে পারে।

৪। সন্তান বড় হইলে ডিয়ানা (অর্থাৎ রণদেবীর) উৎসবে দৈহিক বলপরীক্ষার সময় কশাঘাত সহ্য করিতে হইবে।

৫। স্ত্রীলোকেরা কুড়ি বর্ষ পর্য্যন্ত পুরুষের মত কঠোর শিক্ষায় শিক্ষিত হইবে। বীরপ্রসবিনী ও বীরসঙ্গিনী হইবার জন্য তাহার এই শিক্ষা প্রয়োজন।

৬। পুরুষ ত্রিশ বর্ষ ও স্ত্রী কুড়ি বর্ষের পূর্ব্বে বিবাহ করিতে পারিবে না।

৭। বিবাহের পরও যাইট্ বর্ষ পর্য্যন্ত সমাজের মঙ্গলের জন্য বড় একটা কেহ স্ত্রী সহবাস করিতে পারিবে না, যদিও করে, তবে কেহ যেন জানিতে না পারে, এরূপ ভাবে করিবে।

৮। কোন অপরিচিত অতিথিকে গৃহে স্থান দিবে না।

৯। কেহ মদ্যপান বা যথেচ্ছা ব্যবহার করিতে পারিবে না। এ সম্বন্ধে ঘৃণা জন্মাইবার জন্য হিলট্ (ইল্লোথ অর্থাৎ নীচ লোককে) মদ খাওয়াইয়া তাহার উপর নিতান্ত নিষ্ঠুর ব্যবহার করিবে।

উক্ত নিয়ম বলেই পুরুষ নিজ স্ত্রীকে আপনার অপেক্ষা বলবান্ পুরুষের সহিত সহবাস করিতে উপদেশ দিয়াছে, জননী হৃষ্টচিত্তে আপনার ক্ষীণকায় ও দুর্ব্বল শিশুসন্তানকে পরিত্যাগ করিয়াছে। এজন্য কুমারী ও যুবতীগণও যুদ্ধকৌশল শিক্ষা করিত।

পূর্ব্বে গ্রীসের ভিন্ন ভিন্ন স্থানের অধিবাসীরা সুবিধা পাইলেই পরস্পর যুদ্ধ করিয়া পরস্পরের উপর কর্ত্তৃত্ব করিতে, যত্নবান্ ছিল। তাহাদের মধ্যে একতা ছিল না। সুতরাং বিদেশী বণিকগণ আসিয়া যখন তাহাদের যথাসর্ব্বস্ব হরণ করিয়া লইয়া যাইত, তাহার প্রতিবিধান করিতে পারিত না। এরূপে পুনঃ পুনঃ উত্যক্ত ও পরধনলোলুপ হইয়া জাতীয় একতা বন্ধনের জন্য প্রধান প্রধান ব্যক্তিগণ মিলিত হইয়া অলিম্পীয় (Olympian), ইস্থমীয় প্রভৃতি উৎসবের আয়োজন করিলেন। ৭৭৬ খৃঃ পূর্ব্বাব্দে সর্ব্ব প্রধান অলিম্পীয় উৎসব আরম্ভ হয়। এই উৎসবে রাজাধিরাজ হইতে দীন দরিদ্র সকলেই যোগদান করিতেন। এ সময়ে সমস্ত গ্রীস জাতীয় একতাসূত্রে আবদ্ধ হইতেন, শত্রুতা স্থান পাইত না। গ্রীকদিগের সকল গ্রন্থকার, কবি, মল্ল, যোদ্ধা, অশ্বারোহী প্রভৃতি সকলেই উৎসবক্ষেত্রে উপস্থিত হইতেন। এ ক্ষেত্রে সকলেরই পরীক্ষা হইত, যিনি জয়ী হইতেন, রাজাধিরাজ অপেক্ষা তিনি সমধিক সম্মান লাভ করিতেন, কবিগণ প্রাণ ভরিয়া তাঁহার যশগান করিত। অলিম্পীয় উৎসবের প্রারম্ভ কালে গ্রীসের মহাকবি হোমার আবির্ভূত হন। তাঁহার গ্রন্থ পাঠে জানা যায় যে তৎকালে গ্রীক নরনারী বীরের সমধিক

সমাদর করিতেন, যথেষ্ট দৈহিক বল থাকিলে তাহাকে সাধারণে দেবতা বলিয়া মনে করিতেন। ভীরু লোককে সকলেই ঘৃণা করিত, এমন কি যে সুন্দরীর জন্য ট্রয়ের মহা সমর ঘটে, সেই হেলেন যাহার জন্য পতিপুত্র, ঐশ্বর্য্য, রাজভোগ প্রভৃতি তুচ্ছজ্ঞানে, যাহাকে তাঁহার হৃদয়সর্ব্বস্ব ভাবিয়া জন্মভূমি ছাড়িয়া চলিয়া আসেন, সেই পারিসের ভীরুতা দেখিয়া তিনিও অতি ঘৃণার সহিত তাঁহাকে ভর্ৎসনা করিয়া ছিলেন (১)। বীরপূজার ইহা প্রকৃষ্ট নিদর্শন!

অলিম্পীয় উৎসবের পর হইতে গ্রীসের প্রকৃত ইতিহাস জানিতে পারা যায়। ৭৪৩ খৃঃ পূর্ব্বাব্দে স্পার্টাবাসীর সহিত মেসেনিয়া যুদ্ধ হয়। এই যুদ্ধের পর হইতে গ্রীসবাসী নানাদেশে যাইয়া উপনিবেশ স্থাপন করে। ঐ যুদ্ধ ক্রমান্বয়ে তিন শতাব্দীকাল চলিয়াছিল। পরিশেষে ৪৫৫ খৃঃ পূঃ অব্দে তৃতীয় মেসেনিয়া যুদ্ধে আইথোম ধ্বংসের পর উভয় জাতির চিরবৈরিতা দূর হয়।

৬২৪ খৃঃ পূর্ব্বাব্দে ড্রেকো প্রথমে গ্রীসের বিধিসমূহ লিখিয়া প্রচার করেন। পরে ৫৯৪ খৃঃ পূর্ব্বাব্দে সোলন আথেন্স মহানগরে বসিয়া নূতন আইন ও পুরাতন বিধি সংশোধন করেন। ৫৬০ হইতে ৫১০ খৃঃ পূঃ মধ্যে পিসিষ্ট্রেটাস্, হিপিয়াস্ ও হিপারর্কাস্ নামক তাহার পুত্রত্রয় আথেন্স নগরে একচ্ছত্ররাজ উপাধিগ্রহণপূর্ব্বক রাজত্ব করিয়াছিলেন।

৫৬০—৫৪২ খৃঃ পূঃ অব্দ মধ্যে লিডিয়ারাজ ক্রিসাসের সহিত পারস্যরাজ বীর কাইরাসের যুদ্ধ আরম্ভ হয়। ৫৪৭ খৃঃ পূঃ, ক্রিসাস্ কাপাডোকিয়া আক্রমণ করেন। পরে নিজ রাজধানী সারডিস্ নগরে ফিরিয়া আসিয়া সাহায্যকারী-দিগকে সৈন্য পাঠাইতে অনুরোধ করিলেন। ঐ সৈন্য আসিবার পূর্ব্বে কাইরাস্ সসৈন্যে আসিয়া সারডিস্ অধিকার করেন। ৪৯৯ খৃঃ পূঃ, আথেনীয় ও আইয়োনীয় কর্ত্তৃক সারডিস্ নগর ভস্মীভূত হইলে পারস্যরাজ তিনবার গ্রীস আক্রমণ করেন।

প্রথমে ৪৯২ খৃঃ পূঃ অব্দে মার্ডোনিয়াস্ গ্রীস আক্রমণে আসিয়া আথোস পর্ব্বতের নিকটস্থ সমুদ্রে সসৈন্যে জলমগ্ন হন। দ্বিতীয়বারে ডেটিস্ ও আর্টাফারনিস্ ৪৯০ খৃঃ পূঃ অব্দে গ্রীস অধিকার করিতে আইসেন এবং গ্রীকগণ কর্ত্তৃক মারাথান যুদ্ধে পরাজিত হইয়া প্রত্যাবৃত্ত হন। তৃতীয় যুদ্ধ স্বয়ং পারস্যরাজ জরক্সেস্ কর্ত্তৃক পরিচালিত হয়। প্রবাদ আছে যে, ইনি ৫ লক্ষ সৈন্য ও ৪০০ যুদ্ধ জাহাজ সংগ্রহ করিয়া গ্রীস আক্রমণে উদ্যত হন। কিন্তু তিনি থারমোপিলি, সালামিস্ ও প্লাটিয়ার যুদ্ধে পরাজিত হইয়া স্বদেশে ফিরিয়া আসিতে বাধ্য হইয়াছিলেন। এই সময়ে আথেনীয়গণ ৪০৪ খৃঃ পূঃ পর্য্যন্ত অপ্রতিহতপ্রভাবে রাজত্ব করিতে থাকেন। পুনরায় ৪৩১ খৃঃ পূর্ব্বাব্দে পিলোপনিসান্ যুদ্ধ আরম্ভ হয়। ক্রমান্বয়ে ২৭ বৎসর ধরিয়া গ্রীক-বল ক্ষয় হইল। পরিশেষে ৪০৪ খৃঃ পূঃ অব্দে আথেন্স নগর ধ্বংস ও আথেন্স-বাসীরা অধীনতা স্বীকার করিলে বিবাদ মিটিয়া যায়।

৪১৫ খৃঃ পূঃ অব্দে বিখ্যাত সিসিলিযুদ্ধ ঘটে। ৪২৯ খৃঃ পূর্ব্বাব্দে আথেনীয়-নায়ক পেরিক্লিসের মৃত্যু ঘটে। তাঁহার সময়ে পূর্ব্বে গ্রীকগণ যে অদ্ভুত ভাস্করকার্য্যযুক্ত সুন্দর সুন্দর অট্টালিকা নির্ম্মাণ করিয়াছিল, তাহার ধ্বংসাবশেষ দেখিলে আজও মানবের মন বিস্ময়রসে ও আনন্দে নাচিয়া উঠে।

৪০১ খৃঃ পূঃ অব্দে, আর্টাজরক্সেস্‌কে রাজ্যচ্যুত করিবার জন্য ছোট কাইরাস্ যুদ্ধযাত্রা করেন. কিন্তু তিনি উক্ত বৎসরে কুনাক্সার যুদ্ধে পরাজিত ও নিহত হন। এই যুদ্ধের জন্য কাইরাস্ গ্রীক সৈন্যসংগ্রহ করিয়া ছিলেন। কিন্তু ৪০১-৪০০ খৃঃ পূঃ অব্দে গ্রীকনায়ক জেনোফন সগর্ব্বে প্রত্যাবৃত্ত হয়েন। ৩৯৯ খৃঃ পূঃ অব্দে জেনোফন ও প্লেটোর অধ্যাপক বিখ্যাত দার্শনিক সক্রেটিসের মৃত্যু হয়।

পিলোপনিসীয় কর্ত্তৃক আথেনীয়গণ পরাজিত হইলে, স্পার্টানেরা ক্রমেই বলশালী হইয়া উঠিল। ১ম এলিয় (৩৯৯—৩৯৮); ২য় করিন্থীয় (৩৯৫—৩৮৭); ৩য় ওলিম্বিয় (৩৮০—২৭৯); ৪র্থ থেবিয় (৩৭৮—৩৬২ খৃঃ পূঃ), এই চারিটী যুদ্ধে স্পার্টাবাসীর বীরত্ব সম্যক্ প্রকাশিত হয়। এই যুদ্ধবিগ্রহের সময় অদ্বিতীয় যোদ্ধা এজিসিলাস্ স্পার্টার সেনা-নায়ক ছিলেন। এই সময়ে খৃঃ পূঃ ৩৯৪ অব্দে করোনিয়া ও করিন্থের যুদ্ধ, ৩৭৫ খৃঃ পূঃ অরফোমিনাস্ যুদ্ধ; ৩৭১ খৃঃ পূঃ লিউকট্রার যুদ্ধ এবং ৩৬২ খৃঃ পূঃ অব্দে ম্যান্টিনিয়ার যুদ্ধ সংঘটিত হয়। এই যুদ্ধে থিবীয়-বীর ইপামিনাস্তাস্ নিহত হন। ৩৫৯ খৃঃ পূঃ অব্দে ফিলিপ মাকিদনের সিংহাসনে আরোহণ করেন। কিছুকাল পরেই ফিলিপ গ্রীস সংক্রান্ত সমস্ত কার্য্যেই হস্তক্ষেপ করিতে লাগিলেন। এই জন্য আথেন্সের অপর মিত্ররাজগণ তাঁহার এরূপ একাধিপত্য গ্রাহ্য করিলেন না। ক্রমেই বিবাদসূত্রে গ্রীস রাজ্যে (৩৫৭—৩৫৫ খৃঃ পূঃ অব্দে) সামাজিক যুদ্ধ উপস্থিত হয়। ঐ যুদ্ধে আথেন্সরাজকে নিজ অধিকৃত অনেক রাজ্য হারাইতে হইয়াছিল। ইহার পরবর্ত্তী (৩৫৫—৩৪৬ খৃঃ পূঃ) কএক বৎসর ধরিয়া ধর্ম্মযুদ্ধ ঘটে, এই যুদ্ধে মাকিদনের অধিপতি ফিলিপ সহযোগী ছিলেন। ঐ সময়ে ৩৫২ খৃঃ পূঃ অব্দে ডিমস্থেনিস্ ফিলিপের বিরুদ্ধে

সুদীর্ঘ বক্তৃতা করেন, উহা "ফিলিপিক্" নামে বিখ্যাত। ৩৩৮ খৃঃ পূঃ অব্দে কিরোনিয়ার যুদ্ধে আথেনীয় ও থিবীয়গণ ফিলিপ কর্ত্তৃক পরাজিত হন। ৩৩৭ খৃঃ পূঃ অব্দে করিন্থ-মহাসভায় ফিলিপ পারস্য বিরুদ্ধে যুদ্ধোন্মুখ গ্রীকসৈন্যের অধিনায়ক মনোনীত হন। কিন্তু উক্ত বৎসরে মাকিদনের বিবাহ-সভায় কোন দস্যু তাঁহার গলচ্ছেদ করিয়াছিল।

ফিলিপের মৃত্যুর পরে অনেকেই তৎপুত্র আলেকসান্দারের বিপক্ষে বিদ্রোহী হইয়াছিল। পরে গ্রীকগণ বাধ্য হইয়া এই যুবক মহাবীরকে পারস্যযাত্রী গ্রীক সৈন্যের অধিনায়ক পদে নিযুক্ত করিলেন। [আলেকসান্দার শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

মাকিদন রাজ্যের শ্রীবৃদ্ধির সঙ্গে সঙ্গে সমস্ত গ্রীস রাজ্য সৌভাগ্যশালী হইয়াছিল। পরে যখন রোমকেরা আসিয়া মাকিদন অধিকার করেন, সেই সময় হইতে গ্রীকগণ স্বাধীনতা হারাইয়া অনেক কষ্ট পাইয়াছিল। গ্রীকগণ নিজ স্বাধীনতা রক্ষা করিবার জন্য পিলপনিসাসের সমস্ত নগরবাসী "একিয়ান্ লিগ" নামে দলবদ্ধ হইয়া রোমক-দিগের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছিল, কিন্তু তাহাদের দুর্ভাগ্যক্রমে তাহারা স্বদেশরক্ষা করিতে পারে নাই।

১৪৬ খৃঃ পূঃ অব্দে রোমক-সেনাপতি কন্সাল মুমিয়াস্ করিন্থ অধিকারের পর সমস্ত গ্রীসদেশ রোমসাম্রাজ্য ভুক্ত করিয়া লইলেন। [রোম দেখ।]

করিন্থ অধিকারের পর হইতে গ্রীসের ইতিহাস রোমক ইতিহাসের সহিত মিলিত হইয়াছে। এণ্টিওকাস্ ও মিথ্রিটাইডিসের সহিত রোমকদিগের যুদ্ধ এবং এণ্টনি ও অক্টেভিয়ানাসের সহিত সিজার, পম্পি, ব্রুটাশ ও কেসাসের যুদ্ধ, অক্টেভিয়ানাসের যুদ্ধ প্রভৃতি ঘটনাবলী গ্রীসের রঙ্গমঞ্চে অভিনীত হইত। তৎকালে দুর্ভাগ্য গ্রীকদিগকে বহুতর কষ্ট সহ্য করিতে হইয়াছিল। অগাষ্টাসের রাজ্যারোহণের দুই শতাব্দী পরে গ্রীসে শান্তিরাজ্য স্থাপিত হইয়াছিল। এই সময়ে খৃষ্টান ধর্ম্ম ধীরে ধীরে অধিবাসীদিগের মধ্যে প্রবেশ লাভ করে। স্থানে স্থানে গির্জ্জা নির্ম্মিত হয় এবং অনেক গ্রীসবাসীই খৃষ্টউক্তি প্রচার জন্য নিজ জীবন উৎসর্গ করিয়া নানাদেশে গমন করিয়াছিলেন।

ইহার অনতিকাল পরেই শীতপ্রধান উত্তরদিক্ হইতে শ্লাভোনীয়, আল্‌বানীয় প্রভৃতি অসভ্য জাতি দলে দলে আসিয়া গ্রীস লুটপাট করিতে আরম্ভ করে।

যখন কন্‌ষ্টানটাইন নিজ সাম্রাজ্য বিভাগ করেন, তৎকালে গ্রীস তাঁহার পূর্ব্ব বিভাগে ছিল। কিন্তু ১২০৪ খৃষ্টাব্দে যখন ভিনিসীয়গণ দুর্ব্বল সিজার-বংশধরগণের রাজ্য অধিকার করে, সেই সঙ্গে গ্রীসও তাহাদের হস্তগত হয়।

১৩৫৫ খৃষ্টাব্দে ওসমানবংশীয় তুর্কেরা য়ুরোপখণ্ডে আসিয়া বাস করেন এবং থ্রেস, মাকিদন, থেসেলি প্রভৃতি নানা স্থান দখল করিয়া লইয়াছিলেন। ১৪৫৩ খৃষ্টাব্দে তাঁহারা কনস্তান্তি-নোপল্ জয় করেন। সেই সময় হইতে বর্ত্তমান শতাব্দী পর্য্যন্ত গ্রীস মুসলমান রাজ্যের অন্তর্গত ছিল। মূর্খতা, পাশবিক অত্যাচার, স্বেচ্ছাচার, অযথা অর্থগ্রহণাভিলাষ প্রভৃতি নানা কারণে গ্রীকগণ উৎপীড়িত হইয়াছিল। গ্রীকগণ এতকাল ধরিয়া ঐরূপ অত্যাচার সহ্য করিয়া আসিতেছিল, কিন্তু আর তাহাদের সহ্য হইল না। শেষে ১৮২০ খৃষ্টাব্দে তুর্ক রাজ্যের বিরুদ্ধে গ্রীকগণ বিদ্রোহী হইয়া উঠে। কেহ স্বপ্নেও ভাবে নাই যে সেই প্রাচীন গ্রীস আবার স্বাধীন হইবে। আবার গ্রীকের অদৃষ্ট সুপ্রসন্ন হইল। অন্যান্য খৃষ্টান-রাজের সাহায্যে ১৮২৯ খৃষ্টাব্দে পরপদদলিত গ্রীস রাজ্য আবার স্বাধীন হইয়া উঠে। ১৮৩১ খৃষ্টাব্দে গ্রীসে স্বাধীনতার প্রতিষ্ঠিতা ক্যাপা দি-ইষ্ট্রিয় নিহত হয়। এই সময় অনেক লোকে সিংহাসনগ্রহণ অভিলাষে প্রস্তুত হইয়াছিল। কিন্তু বৃটন, ফ্রান্স ও রুষিয়ার অনুমত্যানুসারে বাভেরিয়ারাজের দ্বিতীয় পুত্র অথো ১৮৩২ খৃষ্টাব্দে সিংহাসনে অভিষিক্ত হইলেন। অথো রাজ্যারোহণ করিয়াও সুখে রাজকার্য্য নির্ব্বাহ করিতে পারেন নাই। অনেক বাধা বিঘ্ন অতিক্রম করিয়া ১৮৩৫ খৃষ্টাব্দের পর তিনি গ্রীসরাজ্যে শান্তিস্থাপন ও সুশৃঙ্খলে রাজকার্য্য নির্ব্বাহ করিতে সমর্থ হন।

ডেন্মার্কের দ্বিতীয় রাজপুত্র জর্জ এখন গ্রীসের রাজা, ইনি ১৮৬৩ খৃষ্টাব্দে রাজ্যারোহণ করেন।

পূর্ব্ববিশ্বাস।—গ্রীকগণ এখন সকলেই খৃষ্টীয় ধর্ম্মাবলম্বী। [খ্রীষ্টানশব্দে গ্রীক-সমাজ দেখ।] কিন্তু যীশুখৃষ্টের আবির্ভাবের বহু পূর্ব্ব হইতে গ্রীসের অধিবাসীগণ উর্দ্ধলোকবাসী দেবগণের, পাতালবাসী উপদেবতার এবং প্রধান প্রধান ব্যক্তির প্রেতাত্মার উপাসক ছিল। প্রাচীন গ্রীক ও রোমকগণ প্রায় ত্রিশহাজার দেবতা মানিত। ঐ সকল দেবতা মানবধর্ম্মাক্রান্ত, মানবের ন্যায় পাপপুণ্যের ফলভোগী। অনেক দেবতা আবার মিসর হইতে গৃহীত। কেহ কেহ মনে করেন যে ঐ সকল দেববংশ প্রাকৃতিক-শক্তিসমূহের রূপক কল্পনা মাত্র, কিন্তু গ্রীসের প্রধান ইতিবৃত্তলেখক গ্রোটসাহেব তাহা স্বীকার করেন না। তাঁহার মতে মানবের প্রথম জ্ঞানোদয়কালে অতর্কিত ও অপরিজ্ঞাতভাবে যাহার উপর ভক্তি, শ্রদ্ধা ও ভয় জন্মিয়াছে, তাহাতেই দেবত্ব আরোপ করিয়াছে। এইরূপে

অনেক জঘন্য চরিত্র মানবও গ্রীকসমাজে দেবতা বলিয়া গণ্য হইয়াছেন। প্রথমে হিসিয়দ, তৎপরে অর্ফিয়স্ (৭০০ খৃঃ পূঃ অব্দে) দেবতত্ত্ব প্রচার করেন। খৃষ্টীয় ৫৩৪ পূর্ব্বাব্দে জেনোফন্ দেবতত্ত্ব নিতান্ত অলীক আখ্যায়িকা ও ঈশ্বর তাঁহার অজ্ঞাত বলিয়া স্বীকার করিয়া গিয়াছেন। কিন্তু পরবর্ত্তীকালের প্রধান প্রধান ব্যক্তি দেবগণের অস্তিত্ব সম্বন্ধেই সন্দেহ করেন। পূর্ব্বে গ্রীকগণ আধ্যাত্মিক তত্ত্ব আদৌ জানিতেন না, সকলেই বাহ্য জগৎ, সুখ স্বচ্ছন্দ ও বিলাস লইয়া ব্যস্ত ছিল প্রায় ৬০০ খৃঃ পূর্ব্বাব্দে গ্রীকদিগের মধ্যে কেবল মহাত্মা থেলিস কথঞ্চিৎ অধ্যাত্মতত্ত্ব বুঝিতে পারিয়াছিলেন. তিনিই প্রথমে ঈশ্বর ও জন্মমৃত্যুর অভিন্নতার কথা প্রকাশ করেন। তাঁহার পর সক্রেটিস্, প্লুটো, ইপিকিউরস্ ও ষ্টোইক প্রভৃতি সকলেই অজ্ঞাতভাবে থেলিসের অনুসরণ করিয়া দার্শনিক বিষয়ের আলোচনায় প্রবৃত্ত হন, তাহারা সকলেই জনসাধারণের ভ্রান্ত ও দূষিত মতের বিরুদ্ধবাদী ছিলেন। স্থানভেদে গ্রীসে ভিন্ন ভিন্ন দেবদেবীর পূজা হইত। যেমন থ্রেসে বাকস্‌দেব, আথেন্সে আথেনী, উত্তর গ্রীসে আপোলো ও করিন্থসাগরের উপকূলে নেপচুন, আর্গসে জুনো এবং ইকেসাসে ডিয়ানার উপাসনা প্রসিদ্ধ ছিল। ইহার মধ্যে বাকাস্‌দেবের উৎসবে গ্রীসের নরনারী সং সাজিয়া মদ্যপানে বিভোর থাকিত। স্ত্রীপুরুষ সম্বন্ধীয় সকলপ্রকার বীভৎস ব্যাপার হইত। এ ছাড়া ইলিউসীয় নামক এক নবরাত্র উৎসব ছিল। ইহার অনুষ্ঠানাদি অতি নিগূঢ়, গুপ্তভাবে গভীর রজনীতে ইহার অনুষ্ঠান হইত। ইহাতে কত কুকাণ্ড হইত, তাহার ইয়ত্তা ছিল না। দেবের পর্ব্বাদিতে নানাপ্রকার পূজা, নাচ গান, কবির লড়াই, মল্ল ও যুদ্ধক্রীড়া চলিত, আবার উপযুক্ত লোককে পুরস্কার দেওয়া হইত। গ্রীস রোমের অধীনতা স্বীকার করিলে রোমকেরাও গ্রীক দেবদেবী গ্রহণ করিয়াছিল। বর্ত্তমান পাশ্চাত্য পৌরাণিকগণ নিম্নলিখিত গ্রীক, রোমক ও হিন্দুদেবদেবীর সৌসাদৃশ্য স্বীকার করেন—

অশ্বিনী-কুমারদ্বয়	Castor, Pollux.	কৃষ্ণ	Apollo.
অরুণ	Aurora.	দুর্গা	Juno.
ইন্দ্র	Jupiter.	নারদ	Mercury.
অন্নপূর্ণা	Annaperenna.	পৃথিবী	Cybele.
কালী	Proserpine.	রাম	Dionysius.
কাম	Cupid, eros.	লক্ষ্মী (শ্রী)	Ceres.
কুমার (কার্ত্তিক)	Mars.	বরুণ	Neptune.
কুবের	Plutus.	বায়ু	Æolus.
		বিশ্বকর্ম্মা	Vulcan.
যম	Pluto.	স্বাহা	Vesta.
যমের কুকুর	Cerberus.	হনুমান্	Pan.
সূর্য্য	Sol.		

পাশ্চাত্যেরা এইরূপ অনেক দেবদেবীর কথা লিখিয়া গিয়াছেন। তাঁহাদের মতে গ্রীক জিউস্ (Zeus) বেদের "দ্যৌস্" এবং এরিনিস্ (Erinys) বেদে "সরণ্যূ" বলিয়া বর্ণিত।

কিন্তু আমাদের বিবেচনায় উক্ত হিন্দু ও গ্রীক দেবাদির আখ্যায়িকা পাঠ করিলে পরস্পর বিশেষরূপ সম্বন্ধনির্ণয় করিতে বিলক্ষণ সন্দেহ জন্মে। [দেবতত্ত্ব শব্দে গ্রীক ও হিন্দু দেবদেবীর বিষয় দ্রষ্টব্য।]

এসিয়ার সহিত গ্রীসের সম্বন্ধ।—ভারতবর্ষের কথা গ্রীসে বহুকাল হইতে প্রচলিত। গ্রীসের প্রাচীন ঐতিহাসিকগণের মধ্যে হিকেটিয়াস্ ও মিলিটাসের গ্রন্থে ভারতবর্ষের কথা স্পষ্টরূপে বর্ণিত আছে। এই দুই গ্রন্থকার ৫৪৯ হইতে ৪৮৬ খৃষ্ট পূর্ব্বাব্দের লোক। ইহাদের পরে হেরোডোটাস্ ভারতবর্ষের সিন্ধুতীর পর্য্যন্ত স্থানের বিশেষ সংবাদ রাখিতেন। হেরোডোটাসের সময় ৪৫০ খৃষ্টপূর্ব্বাব্দ, তাঁহার পর চিকিৎসক টিসিয়াস্ (৪০১ খৃষ্টপূর্ব্বাব্দে) নিজ বাসস্থান পারস্য দেশ হইতে ভারতোৎপন্ন রং, কাপড়, বানর, শুকপক্ষী প্রভৃতি বিষয়ের বিবরণ সংগ্রহ করেন। সিন্ধুর পূর্ব্ববর্ত্তী স্থানের সংবাদ আলেকজাণ্ডারের সহযাত্রী ঐতিহাসিক ও বিদ্বজ্জন কর্ত্তৃক (৩২৭ খৃষ্টপূর্ব্বাব্দে)। য়ুরোপে প্রথম প্রচারিত হয় ইহাদের সংগৃহীত বিবরণ নষ্ট হইয়া গিয়াছে বটে, তাহার সারভাগ ষ্ট্রাবো, প্লিনি, এরিয়ান্ প্রভৃতির গ্রন্থে পাওয়া যায়। মগধরাজ চন্দ্রগুপ্তের সভাস্থ গ্রীকদূত গোস্থিনিস্ (৩০৬—২৯৯ খৃষ্টপূর্ব্বাব্দে) য়ুরোপে ভারততত্ত্ব বিশেষরূপে প্রচার করেন, তাঁহারই অনুসন্ধিৎসার ফলে গ্রীক ও রোমকেরা ভারতের সর্ব্ববিষয়ের জ্ঞানজ্যোতির কথা শুনিতে পায়। [আলেকসান্দার ও মিগাস্থিনিস্ দেখ।]

আলেকসান্দারের পূর্ব্বে গ্রীসদেশীয় পণ্ডিতেরা এসিয়ার বিষয় পরিচিত ছিলেন। মুসলমান ঐতিহাসিকগণের গ্রন্থাদি মধ্যে নিম্নলিখিত গ্রীক ও রোমক পণ্ডিতগণের নাম পাওয়া যায়।

হেরোডোটাস্	৪৫০ খৃঃ পূঃ।	পেরিপ্লাস্ মরি এরিথ্রেই	৮০ „
টিসিয়স্	৪০০ „		
ওনেসিক্রিটাস্	৩২৫ „	ডিইয়োনিসিয়াস্ পেরিজিটিস্	৮৬ „
মেগাস্থিনিস্	৩০০ „		
ষ্ট্রাবো	২০ খৃষ্টাব্দ	টলেমি	১৩০ „
পম্পোনিয়াস্ মেলা	২০ „	এরিয়ান্	১৫০ „
প্লিনি	৭৭ „		

ক্লেমেনস্ আলেক সান্ড্রিনাস	২০০ খৃঃ	ষ্টিফেন (বাইজান্টিয়াম্ বাসী)	৫৬০ খৃঃ
ইউসিবিয়াস্	৩২০ খৃঃ	রাভেন্নোটিস্ আনোনিমি-	
ফেসটাস্ এভিয়েনাস্	৩৮০	কসমোগ্রাফিয়া	৭ম শতাব্দী
মার্সিয়ান্	৪২০	জর্জ্জিয়াস্ সিন্সিলাস্	৮০০
কসমাস্ ইণ্ডিকোপ্লুষ্টেস্	৫২৫	ইউষ্টেথিয়াস্	১২শ শতাব্দী

এই সকল নাম মুসলমানদিগের গ্রন্থে যে অবিকৃত ভাবে গৃহীত হইয়াছে তাহা নহে;—আলেকসান্দারের নাম মুসলমানেরা "সিকন্দর রুমি" বলিয়া লিখিয়া গিয়াছেন। এইরূপ আরিষ্টটল্ 'আরিষ্টু', সক্রেটিস্ 'সোক্রাট,' হিপোক্রেটিস্ 'বোক্রাৎ' ও প্লেটো "আফ্লাতন্" নামে বর্ণিত।

আলেকসান্দার সিন্ধুর তীরে উপনীত হইয়া বাক্ট্রিয়া (বাহ্লীক) নামক স্থানে একটী স্কন্ধাবার স্থাপন করেন। তাঁহার মৃত্যুর পর যখন তাঁহার সেনাপতিরা তাঁহার বিশাল রাজ্য আপনাদের মধ্যে বিভাগ করিয়া লয়, তখন ঐ জনপদ একটী স্বতন্ত্র রাজ্যরূপে পরিগণিত হয়। খৃঃ পূঃ ২৫৭ হইতে ২০৭ অব্দ পর্য্যন্ত বাক্ট্রিয়ার বেশ প্রাদুর্ভাব ছিল। লাসেনের মতে এসিয়ায় ৪টী গ্রীকরাজ্য স্থাপিত হয়। তন্মধ্যে মিনান্দার নামক সেনাপতি বাক্ট্রিয়ার পূর্ব্বাংশে একরাজ্য স্থাপন করেন। আপোলোডোটাস্ কাবুল, পাঞ্জাব ও সিন্ধুকুল লইয়া রাজ্যস্থাপন করেন, কালে আর্কোসিয়া (কান্দাহার) ইহার সহিত যুক্ত হয়। অপর রাজ্য হিরাটে স্থাপিত হয়। চতুর্থ রাজ্যটি পরোপামিসাসের (নিষধ পর্ব্বতের) অধীনে মধ্য স্থলে স্থাপিত হয়। প্রত্নতত্ত্ববিৎ প্রিন্সেপ্ ইহাকেই বাক্ট্রিয়া রাজ্য বলেন। মোটের উপর এই সময় এসিয়ায় নিম্ন লিখিত গ্রীকরাজ্যগুলি প্রতিষ্ঠিত হয়।—বাক্টিয়া (বাহ্লিক), সোগদিয়ানা, মর্জ্জিয়ানা, পরোপানিসিডি (নিষধ), নাইসা, আরিয়া, ড্রাঙ্গা, আর্কোসিয়া (আর্ক্কোদ), গান্দারিটিস (গান্ধার), পিউকেলাওটিস্ (পুষ্কলাবতী), তক্ষশিলা (তক্ষশিলা), পাত্তালিন্ (পাতাল), সুরাষ্ট্রীন্ (সৌরাষ্ট্র) ও লেরিস (লাট) এই সকল রাজ্যের সীমা নিরূপণ করা বড় সহজ নহে। এই সকল রাজ্যের রাজগণের মধ্যে চারিটী রাজশ্রেণী বিশেষ বিখ্যাত; নিম্নে তত্তদ্বংশের রাজগণের নাম দেওয়া গেল।

১ম—সিরীয় রাজগণ।

১। আলেকসান্দার। (৩৫৬—৩২৩ খৃষ্টপূর্ব্বাব্দ)
২। সিলিউকাস্ ১ম নিকেটার। (৩১২ „)
৩। অন্তিয়োকাস্ ১ম সোটার। (২৮০ „)
৪। „ „ ২য় থিয়স্। (২৬১ ")
৫। সিলিউকাস্ ২য় ক্যালিনিকাস্। (২৪৬ „)
৬। „ „ ৩য় কেরাউনাস্। (২২৬ খৃঃ পূঃ)
৭। অন্তিয়োকাস্ ৩য় মাগনাস্ (এক্সিয়স্)। (২২৩ ")
৮। সিলিউকাস্ ৪র্থ কিলোপেটার। (১৮৭ „)
৯। অন্তিয়োকাস্ ৪র্থ এপিফেনিস্। (১৭৫ „)
১০। „ „ ৫ম ইউপেটার। (১৬৪ „)
১১। ডিমিট্রিয়াস্ ১ম সোটার। (১৬২ „)
১২। আলেকজাণ্ডার ১ম বলা। (১৫০ „)
১৩। ডিমিট্রিয়াস্ ২য় নিকেটার। (১৪৭ ")
১৪। অন্তিয়োকাস্ ৬ষ্ঠ থিয়স। (১৪৪ „)
১৫। ত্রিফন। (১৪২ ")
১৬। অন্তিয়োকাস্ ৭ম সিডেটিস (১৩৭ ")
১৭। আলেকসান্দার ২য় জেবিনা (১২৮ „)
১৮। সিলিউকাস্ ৫ম (১২৫ „)
১৯। অন্তিয়োকাস্ ৮ম গ্রাইপাস্ (১২৫ „)
২০। „ ঐ ৯ম সাইজিকেনাস্ (১১২ ")
২১। সিলিউকাস্ ৬ষ্ঠ এপিফেনিস্ (৯৬ „)
২২। অন্তিয়োকাস্ ১০ম ইউসিবিস্ (৯৫ „)
২৩। „ ১১শ এপিফেনিস (৯৫ „)
২৪। ফিলিপ (৯৫ „)
২৫। ডিমিট্রিয়াস ৩য় ইউকিরাস (৯৪ „)
২৬। অন্তিয়োকাস ১২শ ডিওনিসিয়াস (৮৮ „)
২৭। তিগ্রনিস (আর্ম্মানিয়াবাসী) (৮৩ „)
২৮। অন্তিয়োকাস ১৩শ এসিয়াটিকাস (৬৯ ")

তৎপরে সিরিয়ারাজ্য রোমকদিগের হস্তগত হয়।

আর্সকেস্ নামক একজন সিথিয়াবাসী গ্রীক আজফ সাগরের তীর হইতে আসিয়া পারস্যবাসীদিগকে গ্রীক অধীনতা ত্যাগ করিতে পরামর্শ দেন ও পার্থিয়া (পারদ) সাম্রাজ্য স্থাপন করেন। থিওডোটাস যখন বাক্ট্রিয়ায় স্বাধীন রাজ্য স্থাপন করেন, তখনই ইনি পার্থিয়া স্থাপন করিয়াছিলেন। থিওডোটাসের অভ্যুদয়েরও মূল এই পারস্যবিদ্রোহ। থিওডোটাস সিরীয়ার অধীনে বাক্টিয়ার শাসনকর্ত্তা ছিলেন।

আর্সকেস্কে মুসলমান ঐতিহাসিক 'অস্ক' বলিয়া অভিহিত করিয়া গিয়াছেন। তাঁহাদের মতে ইনি পারস্যের প্রাচীন রাজবংশোদ্ভূত। ইনি রাজ্যলাভ করিয়া প্রজার নিকট কর লইবেন না বলিয়া প্রতিজ্ঞা করেন। ইনি ক্ষুদ্র ক্ষুদ্র রাজগণের উপর আধিপত্য স্থাপন করিয়াছিলেন। পারস্য ইতিহাসের মুলুক্-উৎ-তৌক্ নামক লাল গণনা এই সময় হইতে প্রবর্ত্তিত হয়।

২য়—পার্থিয়া (পারদ)—রাজগণ।

১।	আর্সকেস্ ১ম	২৫৫	(খৃষ্ট পূর্ব্বাব্দ)
২।	তিরিডেটিস্ ১ম	২৫৩	„
৩।	আর্টাবেনাস্ ১ম	২১৬	„
৪।	ফ্রাপেটিরাস্	১৯৬	„
৫।	ফ্রাহটিস্ ১ম	১৮১	„
৬।	মিথ্রিডেটিস্ ১ম	১৭৩	„
৭।	ফ্রাহটিস্ ২য়	১৩৬	„
৮।	আর্টাবেনাস্ ২য়	১২৬	„
৯।	মিথ্রিডেটিস্ ২য়	১২৩	„
১০।	সিনাস্কিরেস্	৮৭	„
১১।	সিনাট্রোকেস্	৭৭	„
১২।	ফ্রাহটিস্ ৩য়	৭০	„
১৩।	মিথ্রিডেটিস্ ৩য়	৬০	„
১৪।	ওরোডিস্ ১ম	৫৪	„
১৫।	ফ্রাহেটিস ৪র্থ	৩৭	„
১৬।	তিরিডেটিস্ ২য়		
১৭।	ফ্রাহটিস্ ৪র্থ		
১৮।	ওরোডিস্ ২য়	৫ খৃঃ অব্দ।	
১৯।	ভোনোনেস্ ১ম	৫ খৃঃ	„
২০।	আর্টাবেনাস্ ৩য়	১৩	„
২১।	তিরিডেটিস্ ৩য়	„	„
২২।	সিয়ামাস্	„	„
২৩।	আর্টাবেনাস ৩য়	„	„
২৪।	বরডানেস্	৪২	„
২৫।	গোটার্জেস্	৪৫	„
২৬।	মেহেরডেটিস্	৫০	„
২৭।	ভোনোনেস্ ২য়	৫১	„
২৮।	ভোলোজেসেস্ ১ম	৫১	„
২৯।	আর্টাবেনাস্ ৪র্থ	৬২	„
৩০।	পাকোরাস্	৭৭	„
৩১।	চোসরোজ ১ম	১০৮	„
৩২।	পার্থামাস্পটিস্	১১৫	„
৩৩।	চোসরোজ ২য়	১১৬	„
৩৪।	ভোলোজেসেস্	১২১	„
৩৫।	ঐ ৩য়	১৪৮	„
৩৬।	ঐ ৪র্থ	১৯২	„
৩৭।	ঐ ৫ম	২০৯	„
৩৮।	আর্টাবেনাস্ ৫ম	২০৯	„
৩৯।	আর্টাজয়কৃসেস্ ১ম (শাসনবংশীয় রাজা)	২৩৫	„

৩য়—বাক্‌ট্রিয়া (বাহ্লিক)-রাজগণ।

বাক্‌ট্রিয়ার ইতিহাসে বড় গোলমাল, ইহা কখন স্বাধীন, কখন সিরীয়ার অধীন ছিল। ইহার প্রাচীন ইতিহাস বড় পাওয়া যায় না। সম্প্রতি এই রাজগণের বহুসংখ্যক মুদ্রা প্রকাশিত হওয়ায় এই বংশের মোটামুটি তালিকা পাওয়া যায়। অধ্যাপক উইলসন্ থিওডোটাস্ ১ম হইতে একটি সংক্ষিপ্ত তালিকা দিয়াছেন। এই বংশের সকল রাজা সকল স্থানের অধিকারী ছিলেন না। প্রত্নতত্ত্ববিৎ কানিংহামের প্রদত্ত তালিকা এইরূপ—

২৫৬ খৃঃ পূঃ ডিওডোটাস্ ১ম
২৪৩ „ „ ২য়
} বাক্‌ট্রিয়ানা (সোগ্‌ডিয়ানা, বাক্‌ট্রিয়া ও মার্জ্জিয়ানাসহ)

২৪৭ „ আগাথোক্লিস্
২২৭ „ প্যাণ্টলিওন্
} পরোপমিসিডি ও নাইসা।

২২০ ইউথিডিমাস্—বাক্‌ট্রিয়ানা, আরিয়ানা (আরিয়া, ড্রঙ্গিয়া, আর্কোসিয়া, পরোপমিসিডি), নাইসা, গান্দারিটিস্, পিউকেলাওটিস্ ও তক্‌শিলা।

১৯৬ ডিমিট্রিয়াস্—ঐ সকল স্থান এবং রাজত্বকালের শেষে পাত্তালিন্, সুরাষ্ট্রিয়ানা, লেরিস।

১৯০ হেলিওক্লিস্—বাক্‌ট্রিয়ানা ও পরোপমিসিডি।

„ আণ্টিমেকাস্ থিওস্—নাইসা, গান্দারিটিস্, পিউকেলাওটিস্ ও তক্‌শিলা।

১৮৫ ইউক্রেটাইডিস্—বাক্‌ট্রিয়ানা, আরিয়া, পাত্তালিন্, সুরাষ্ট্রীন্, লেরিস, নাইসা, গান্দারিটিস্, পিউকেলাওটিস্, তক্‌শিলা।

১৭৩ আণ্টিমেকাস্ নিইকেফোরোস্—নাইসা, গান্দারিটিস্, পিউকেলাওটিস্, তক্‌শিলা ও পূর্ব্বোক্ত রাজ্যগুলি।

১৬৫
ফিলোক্‌সেনিস্—ঐ সকল রাজ্য।
নিসিয়াস্—তক্‌শিলা ব্যতীত ঐ সমস্ত।
আপোলোডোটাস্—ইউক্রেটাডিসের রাজ্যের মধ্যে আরিয়ানা, পাত্তালিন্, সুরাষ্টিন্ ও লেরিস।

১৬৫ জোইলাস, ডিওমিডিস্, ডিওনিসিয়াস্ } কেবল আরিয়ানা।

১৫৯ { লিসিয়াস্—উত্তরাধিকারীত্ব হেতু পরোপমিসিডি প্রাপ্ত হন, লিসিয়াসের রাজ্য মধ্যে নাইসা, গান্দারিটিস্, পিউকেলাওটিস্।
আণ্টিয়ালসাইডিস্—লিইসিয়াসের রাজ্য।
আমিণ্টাস্
আর্চিবিয়াস্—আণ্টিয়াল্ সাইডিসের রাজ্য।

১৬১—১৪০ মিনান্দার—পরোপমিসিডি, নাইসা, গান্দারিটিস্, পিউকেলাওটিস, তক্‌শিলা, পাত্তালিন্, লেরিস্, সুরাষ্ট্রীন্ ইত্যাদি।

১৩৫ { ষ্ট্রাটো—পাত্তালিন্, সুরাষ্ট্রীন্ ও লেরিস ব্যতীত সমস্ত।
হিপোষ্ট্রেটাস্, টেলিফাস্, থিয়োফিলাস্ } ষ্ট্রাটোর রাজ্য।

ইউক্রেটাইডিসের পর আপোলোডোটাস্ ও মিনান্দারের নাম কাব্যাদিতে বিখ্যাত। মিনান্দার ভারতবর্ষের মধ্যে মথুরা পর্য্যন্ত সম্ভবতঃ আসিয়াছিলেন, কারণ কাবুল হইতে যমুনাতীর পর্য্যন্ত স্থানে তাঁহার মুদ্রা দেখিতে পাওয়া যায়। ইনি ভারতীয় গ্রন্থে মিলিন্দ নামে খ্যাত।

ইহার পর কতকগুলি অসভ্য রাজা প্রধান হইয়া উঠিয়া বাক্‌ট্রিয়ারাজগণকে নির্বাসিত করেন।

৪র্থ—বর্ব্বরিক রাজগণ।

১২৬ { হারমিয়াস্—পরোপমিসিডি, নাইসা, গান্দারিটিস্, পিউকেলাওটিস্, আরিয়া, ড্রঙ্গিয়া, আর্কোসিয়া (পার্থিয়গণের নিকট হইতে শকজাতি গ্রহণ করে)।
মৌয়স—তক্‌শিলা, পাত্তালিন্, সুরাষ্ট্রীন্, লেরিস ইত্যাদি।

১৫০ { ক্যাডফিসিস্ (যু:চি) হারমিয়াসের রাজ্য ও তক্‌শিলা।
ভোনোনেস, স্পালিগিস্, স্পালিরিসিস্ } পরোপমিসিডি।

১১০ আজাস্—মৌয়সের রাজ্য, নাইসা, গান্দারিটিস্, পিউকেলাওটিস্।

৮০ { আজিলাস্—আজাসের রাজ্য মধ্যে শেষ তিনটী ও তক্‌শিলা, পরোপমিসিডি।
সোটার মেগাস্—আজাস ও আজিলাসের রাজ্য

৬০ যু:চি (পুনরায়) পরোপমিসিডি, নাইসা, তক্‌শিলা ইত্যাদি।

২৬ { গণ্ডোফেরিস্—আরিয়ানা
আব্‌ডাগাসিস্, সিয়োকেস বা অড্ডিনিগেয়াস্ } ঐ পরোপমিসিডি ব্যতীত।

৪৪ খৃ: অ:। আর্সকেস্ ঐ

১০৭ „ পকোরিস্ মোন্নেসিস—বাক্‌ট্রিয়ানা।

২০৭ „ আর্টিমন—আরিয়া, ড্রঙ্গিয়া, আর্কোসিয়া।

আলেকসান্দারের আগমনের পর ককেসস্ পর্ব্বতস্থ আলক্‌জাণ্ড্রিয়া, অরিগম্, বাজিরা, নাইসা, ওরা, মস্‌সগ (মশক), পিউকেলাওটিস্, অওর্ণিস (বরণা) প্রভৃতি স্থানে মাকিদনীয়েরা আসিয়া উপনিবেশ স্থাপন করে। সম্রাট্ অশোকের খোদিত অনুশাসনে পাঁচ জন গ্রীকরাজকুমারের উল্লেখ আছে, যথা—অন্তিয়োক (Antiochus of Syria), তুরময় (Ptolemy Philadelphos of Egypt), অন্তিগোন (Antigonos বা Gonatas of Macedon.), মঘ (Magas of Kyrene), অলসন্দ (Alexander of Epirus.)

ডিওডোরাস্ ও জষ্টিনের গ্রন্থপাঠে জানা যায় আলেক্‌সান্দার ইউডিমস্ ও তক্ষশিলাকে পঞ্জাবের কোন কোন স্থানের শাসনভার দিয়া যান, কিন্তু তাঁহার মৃত্যুর পরে ইউডিমাস্ পুরুরাজকে (Porus) নিহত করিয়া স্বাধীন হইবার চেষ্টা করেন। এই হত্যাকাণ্ডে মগধরাজ চন্দ্রগুপ্তও লিপ্ত ছিলেন। তিনিও গ্রীক্‌সেনাপতি সিলিউকাসের কন্যাকে বিবাহ করিয়াছিলেন। কিন্তু গ্রীকবীর ইউডিমসের আশা সফল হয় নাই। পুরুরাজের অধঃপতনে চন্দ্রগুপ্ত সিন্ধুনদীতীর পর্য্যন্ত অধিকার করিয়া রাজচক্রবর্ত্তী হইয়াছিলেন।

পঞ্জাবের নানাস্থান হইতে আপলোডোটাস্ ও মিলিন্দ (Menander) নামক গ্রীকরাজগণের অনেক মুদ্রা আবিষ্কৃত হইয়াছে। মুদ্রাগুলির একদিক্ গ্রীক ও অপর দিক্ শাসনীয় বা অসংলগ্ন সংস্কৃত ভাষায় লিখিত। সৌরাষ্ট্র হইতে যে সকল শাহরাজগণের স্বর্ণ ও রৌপ্যমুদ্রা পাওয়া গিয়াছে, তাহারও একদিক্ গ্রীক্ ও অপরদিকে প্রাচীন সংস্কৃত বর্ণমালায় খোদিত। গ্রীকরাজগণ স্ব স্ব মুদ্রায় হিন্দুদিগের অনুকরণে স্বস্তিক ব্যবহার করিতেন। এখনও তাজক ও কোন কোন উজ্‌বক্ জাতি মুসলমান হইলেও আপনাদিগকে সিকন্দররুমীর বংশধর বলিয়া পরিচয় দিয়া থাকেন। বদাক্‌সনের তাজকেরা সিকন্দরকে একজন প্যাগম্বর

বলিয়া জানে। [দর্শন, শিল্প প্রভৃতি শব্দে গ্রীকদিগের দর্শনাদি সম্বন্ধীয় বিবরণ দ্রষ্টব্য।]

গ্রৈব (ত্রি) গ্রীবায়াং ভবঃ গ্রীবা-অণ্ (গ্রীবাভ্যোঽণ্ চ। পা ৪।৩।৫৭) ১ যাহা গ্রীবাদেশে উৎপন্ন হয়। (ক্লী) ২ গ্রীবাভূষণ।

"নাস্রসৎ করিণাং গ্রৈবং ত্রিপদীচ্ছেদিনামপি।" (রঘু ৪।৪৮)

গ্রৈবাক্ষ (পুং) ঋষিবিশেষ।

গ্রৈবেয় (ত্রি) গ্রীবায়াং ভবঃ গ্রীবা-ঢঞ্। ১ যাহা গ্রীবায় উৎপন্ন হয়। (ক্লী) ২ গ্রীবাভূষণ।

গ্রৈবেয়ক (ক্লী) গ্রীবায়াং বদ্ধঃ অলঙ্কারঃ। গ্রীবা-ঢকঞ্ (কুলকুক্ষিগ্রীবাভ্যঃ শ্বাস্তলঙ্কারেষু। পা ৪।২।৯৬) গ্রীবাবদ্ধ অলঙ্কার, কণ্ঠভূষণ, কণ্ঠি। "অস্মাকং সখি! বাসসী ন রুচিরে গ্রৈবেয়কং নোজ্জ্বলং।" (সাহিত্যদ° ৩ পরি°)

গ্রৈব্য (ত্রি) গ্রীবায়াং উৎপন্নঃ গ্রীবা-ষ্যঞ্। যাহা গ্রীবায় উৎপন্ন হয়, গ্রৈবেয়।

"সপ্ত চষাঃ সপ্ততিশ্চ সংযন্তি গ্রৈব্যা অভি।" (অথর্ব্ব ৬।২৫।২)

গ্রৈষ্ম (ত্রি) গ্রীষ্মে ভবঃ। যাহা গ্রীষ্ম ঋতুতে উৎপন্ন হয়। ২ উষ্ম সম্বন্ধীয়। স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়।

গ্রৈষ্মক (ত্রি) গ্রীষ্মে ঋতৌ ভবঃ গ্রীষ্ম-বুঞ্ (গ্রীষ্মবসন্তাভ্যা-মন্যতরস্যাম্। পা ৪।৩।৪৬) যাহা গ্রীষ্মে উৎপন্ন হয়।

"গ্রৈষ্মকং ধান্যং কুরুতে সমর্থমুপযোগাযোগাঞ্চ।" (বৃহৎস° ৪ অঃ)

কোন পুস্তকে গ্রৈষ্মকস্থলে লিপিকরপ্রমাদে গ্রৈষ্মিক পাঠ দৃষ্ট হয়, তাহা ব্যাকরণানুসারে অসঙ্গত।

গ্রৈষ্মায়ণ (পুং স্ত্রী) গ্রীষ্মস্য ঋষের্গোত্রাপত্যং গ্রীষ্ম-অশ্বাদি° ফঞ্ (অশ্বাদিভ্যঃ ফঞ্। পা ৪।১।১১০) গ্রীষ্মনামক ঋষির গোত্রাপত্য।

গ্রৈষ্মিক (ত্রি) গ্রীষ্মং গ্রীষ্মধর্ম্মং বেত্তি তৎপ্রতিপাদকং গ্রন্থ-মধীতে গ্রীষ্ম-ঠঞ্। ১ যে ব্যক্তি গ্রীষ্মের ধর্ম্ম জানে, যে গ্রীষ্মবিবরণপ্রতিপাদক শাস্ত্র অধ্যয়ন করে।

গ্লটন (Glutton) স্বনামখ্যাত ভয়ানক মাংসাশী জন্তু। এই জন্তুর শরীর বড়ই স্থূল, কিন্তু মাথা অনেক খাট, চক্ষু ছোট, দাঁত ও চারিপায়ের নখ খুব শক্ত, নখাগ্র ধারাল, গায়ের লোম বেশ কোমল, এই জন্য তাহা বহু মূল্যে বিক্রীত হয়। ইহারা চারমাস গর্ভধারণ করিয়া এককালে ২।৩টী সন্তান প্রসব করে।

ইহারা ভল্লুকজাতীয় পশুর অন্তর্গত। লাপ্‌লণ্ড ও উত্তর মহাসাগরের নিকটবর্ত্তী দেশে গ্লটন দেখা যায়। ইহারা বেগে চলিতে পারে না। ভূমির উপর ভালুকের মত ধীরে ধীরে চলে। এই পশু বড়ই চতুর। ছাগাদি ধরিবার জন্য গাছের উপর লুকাইয়া থাকে, ছাগ বা হরিণ প্রভৃতি যেমন সেই গাছের নীচে দিয়া যায়, অমনি তাহার উপর লাফাইয়া পড়ে এবং দাঁত ও নখ দিয়া দৃঢ়ভাবে ধরিয়া মাংস ছিঁড়িয়া



তাহার রক্তপান করে। উদরপূরণ হইলে চলিয়া যায় অথবা সেই মৃত পশুর পাশে ২।৩ দিন শুইয়া থাকে, শেষে তাহার বাকি মাংস ও হাড় চিবাইয়া খায়। তবুও ইহাদের আশা মেটে না।

গ্লপন (ক্লী) গ্লৈ-ণিচ্-পুক্ হ্রস্বশ্চ ততোভাবে ল্যুট্। ১ গ্লানি-করণ, নিন্দা। "তদ্বৈশদ্য লাঘবগ্লপনবিরূক্ষণ°" (সুশ্রুত ১।৪ অঃ)

(ত্রি) গ্লৈ ণিচ্-কর্ত্তরি ল্যু। গ্লানিকারক।

গ্লপিত (ত্রি) গ্লৈ-ণিচ্-কর্ম্মণি-ক্ত। ১ গ্লানীকৃত। ২ দগ্ধ।

গ্লপ্স (পুং) গুচ্ছ।

গ্লস্ত (ত্রি) গ্লস কর্ম্মণি-ক্ত। ভক্ষিত। (অমর)

গ্লহ (পুং) গ্রহ-অপ্ নিপাতনে সাধু। (অক্ষেষু গ্লহঃ। পা ৩।৩।৭০।)

১ পাশা খেলার পণ, চলিত কথায় আড় বা বাজি বলে।

"পাঞ্চালস্য দ্রুপদস্যাত্মজামিমাং
সভামধ্যে যোব্যদেবীদ্ গ্লহেষু।" (ভারত ৩।৬৭।৬)

[দ্যূতক্রীড়া দেখ।]

গ্লহন (ক্লী) গ্লহ-ভাবে ল্যুট্। দ্যূতক্রীড়া।

"যো অক্ষাণাং গ্লহনং শেষণঞ্চ।" (অথর্ব্ব ৭।১০৯।৫)

গ্লাতৃ (ত্রি) গ্লৈ-তৃচ্। গ্লানিযুক্ত।

গ্লান (ত্রি) গ্লৈ-কর্ত্তরি ক্ত। ১ রোগাদি নানা কারণে যাহার দেহ ক্ষীণ হইয়াছে। (অমর) (ক্লী) গ্লৈ-ভাবে ক্ত। ২ দৈন্য।

গ্লানি (স্ত্রী) গ্লৈ-ভাবে নি। (বহিশ্রিশ্রুযুদ্রুগ্লাহাত্বরিত্যো-নিত্। উণ্ ৪।৫১) ১ দৌর্ব্বল্য। সাহিত্যদর্পণের মতে গ্লানি ব্যভিচারিভাবের অন্তর্গত। রতি, পরিশ্রম, মনস্তাপ, ক্ষুধা ও পিপাসাদি দ্বারা উৎপন্ন দৌর্ব্বল্যের নাম গ্লানি। ইহাতে শরীরকম্প, কৃশতা ও অনুৎসাহ প্রভৃতি জন্মিয়া থাকে। (সাহিত্যদ° ৩ পরি°) ২ স্বকার্য্যে অক্ষমতা।

"স্বকর্ম্মভ্যো নিবর্ত্তন্তে মনশ্চ গ্লানিমিচ্ছতি।" (১।৫৩)

গ্লাব (পুং) দল্ভ ও মিত্রের পুত্র, দ্যুমুম্নায়ণ নামক ঋষি। (ছান্দোগ্য উপ°)

গ্লাবিন্ (ত্রি) গ্লৈ-বাহুলকাৎ-বিন্। হর্ষযুক্ত।
"পশ্চাদোষায় গ্লাবিনম্।" (বাজসনেয়স' ৩০।১৭)
'গ্লাবিনং গ্লৈ হর্ষক্ষয়ে অহৃষ্টং' (মহীধর।)

গ্লাস্নু (ত্রি) গ্লৈ-স্নু (গ্লাজিস্থশ্চস্নুঃ। পা ৩।২।১৩২) গ্লানিযুক্ত, ম্লান। "বসন্ মাল্যবতি গ্লাস্নু রামোজিষ্ণুরযষ্ণুবৎ।" (ভট্টি ৭।৪)

গ্লুচুক (পুং) ঋষিবিশেষ।

গ্লুচুকায়নি (পুং স্ত্রী) গ্লুচুকস্য গোত্রাপত্যং গ্লুচুক-ফিন্ (প্রাচামবৃদ্ধাৎ ফিন্ বহুলম্। পা ৪।১।১৬০) গ্লুচুক নামক ঋষির গোত্রাপত্য।

গ্লেপন (ক্লী) গ্লেপ দৈন্যে ল্যুট্। দৈন্য।

গ্লেয় (ত্রি) গ্লৈ-য। গ্লানির যোগ্য, যাহার গ্লানি করা উচিত।

গ্লৌ (পুং) গ্লায়তি ক্ষয়ং প্রাপ্নোতি কৃষ্ণপক্ষে গ্লৈ-ডৌ (গ্লাজি-দিভ্যাং ডৌ। উণ্ ২।৭৪) ১ চন্দ্র। প্রতিমাসে কৃষ্ণপক্ষে চন্দ্রের ক্ষয় হয় বলিয়া এই নাম হইয়াছে।
"গ্লৌরিতঃ প্রপতিষ্যতি স গলুন্তো নশিষ্যতি।" (অথর্ব্ব ৬।৮৩।৩
২ কর্পূর। (অমর) গ্লায়ন্তি গ্লৈ-ডৌ। ৩ হৃদয়নাড়ী।
"গ্লৌভির্গুল্মান্ হিরাভিঃ স্রবন্তীঃ" (বাজসনেয়' ২৫।৮)
'গ্লায়ন্তি শ্রাম্যন্তি গ্লাবো হৃদয়নাড্যঃ' (মহীধর।)

গ্লৌচুকায়নক (ত্রি) গ্লুচুকায়নি র্ভক্তিঃ সেব্যোঽস্য গ্লুচু-কায়নি-বুঞ্ (গোত্রক্ষত্রিয়াখ্যেভ্যো বহুলং বুঞ্। পা ৪।৩।৯৯) গ্লুচুকায়নির সেবক।

পঞ্চম খণ্ড সম্পূর্ণ।

(গাঙ্গেয় শব্দের ক্রোড়পত্র।)

উৎকলরাজ নরসিংহদেব কর্ত্তৃক ১২১৮ শকে প্রদত্ত

নবাবিষ্কৃত তাম্রশাসনের প্রতিলিপি *।

ওঁ নমো নারায়ণায়॥ লক্ষ্মীপাদসরোরুহদ্বয়মদঃ শ্রেয়াংসি দাসীষ্ট বঃ প্রস্ফূর্জ্জন্নখরশ্মিকেশরশতভাস্বন্নখালীদলং। বিস্পষ্টং প্রতিবিম্বিতঃ প্রণমতৈঃ ক্রীড়াপরাধোদ্ভবৈঃ কৃষ্ণো যন্নখ-দীপ্তিষু ভ্রমরতাঙ্কতে স লক্ষ্মীপ্রিয়ঃ। [১] ক্ষীরার্থে মথিতৎ সুরাসুরগণৈঃ প্রাদুর্ভবন্তী রমা শম্ভুব্রহ্মপুরংদরপ্রভৃতীষু প্রখ্যাতকীর্ত্তীষ্বপি। পশ্যৎস্বস্বজনাভমীশমমৃণো লোকত্রয়াহ্লাদিনং ভৃঙ্গালী সহকারমেতি হি বনে ফুল্লেন্যশাখিন্যপি। [২] তস্মাভীসরসীরুহোদ্ভববিধেরত্রির্বভূবামৃতশ্চন্দ্রশ্চন্দ্রিকয়া প্রকাশিতজগৎ সম্ভূতবান্নেত্রয়োঃ। ত্রৈলোক্যগ্রসনৈকদক্ষতিমিরগ্রাসিত্বসাম্যেপি যো লক্ষ্ম-ব্যাজি দধত্ত মপ্রতিবপুঃ সূর্য্যাধিকো নির্ম্মলঃ॥ [৩] শ্রীদেবীসোদরত্বাদমৃতসখতয়া কল্পবৃক্ষানুজত্বাল্লোকানন্দং বিধাতা তিমিরবিষহরঃ সর্ব্বদৈবোপভোগ্যঃ। তত্তৎসংসর্গলাভাত্তদধিগতগুণং স্বাঙ্গনিষ্ঠং দধানঃ স্বস্যৈতন্নির্ম্মলত্বং জগতি বিজয়তে দর্শয়ন্নুনিন্দুঃ॥ [৪] বংশে তস্য নরেশ্বরাঃ সমভবন্ তেষাং গুণাশ্ছন্দশঃ প্রোৎফুল্লা ইব যৎ পুরাণপথগা স্তত্রাপি নো সম্মিতাঃ। তত্তৎকাব্যপথং শ্রিতাস্ত্রিভুবনে মূর্ত্তিন্দধানা ইব ভাম্যন্তীব সচেতনাঃ শ্রুতিগৃহে বিশ্রম্য বিশ্রম্য চ॥ [৫] প্রত্যেকং শশিবঙ্শভূপতিভুজব্যাপারসঙ্কীর্ত্তনং কর্ত্তুঙ্কঃ ক্ষমতে ক্ষিতৌ বহুমুখোযত্রার্জ্জুনস্যৈব হ। দোর্দ্দণ্ডার্জ্জিতকীর্ত্তিবর্ণনপরং তদ্ভারতং প্রাভবত্তস্মাদাহ্বয়মাত্রমাদিনৃপতিশ্রেণীক্রমাল্লিখ্যতে॥০॥ [৬] তথাহি চন্দ্রাদ্বুধঃ। বুধাদনবঃ অনবাৎপুরূরবাঃ পুরূরবসোবায়ুঃ। বায়োর্ঘৃষঃ। নঘুষাদ্যযাতিঃ। ততস্তুর্ব্বসুঃ। ততোগাঙ্গেয়ঃ। ততোবিরোচনঃ। ততঃ সাম্বেদ্যঃ। ততো ভাস্বান্। ততো দত্তসেনঃ। ততঃ সৌম্যঃ। ততোশ্বদত্তঃ॥ ততঃ সৌরাঙ্গঃ। তস্মাচ্চিত্রাঙ্গদঃ। ততঃ শীরধ্বজঃ। ততোধর্ম্মেষী। ততঃ পরীক্ষিত্। ততো জয়সেনঃ। ততো বিজয়সেনঃ। ততো বৃষধ্বজঃ। ততঃ প্রগল্‌ভঃ। ততঃ শক্তিঃ। ততঃ কোলাহলঃ। সএবানংতবর্ম্মাভবত্॥ ধনকনকসমৃদ্ধোগঙ্গবাড়িঃ প্রসিবঃ সকলবিষয়ভূতঃ স্বর্গিবর্গেণাপভোগ্যঃ। তদধিপতিরথাদ্যোনংতবর্ম্মানৃপেন্দ্রঃ সমভবদিতিরূপগঙ্গনাম্না তদাদ্যাঃ॥ [৭] কোলাহলঃ সমরমূর্দ্ধি ততো নৃপাণাং ভূতোযতঃ সরপুরঞ্চ তদীয়মত্র। কোলাহলাহ্বয়-

---

* কটকজেলায় কেন্দ্রপাড়া-খাল খননের সময় কেন্দ্রপাড়া উপবিভাগের অন্তর্গত কেন্দুপাটনা নামক গ্রামে ভূগর্ভে ৮।৯ হাত নিম্নে কতকগুলা ভগ্ন প্রস্তরস্তূপ হইতে একটী প্রস্তরপেটিকা পাওয়া যায়। পেটিকাটী যে প্রস্তরে নির্ম্মিত তাহাকে উড়িষ্যাপ্রদেশে "বউলমালা" পাথর বলে। পেটিকাটী দৈর্ঘ্যে প্রস্থে সমান প্রায় ১½ হাত ও উচ্চতায় প্রায় ১ হাত। এই পেটিকার মধ্যে ৩ প্রস্থ তাম্রফলক পাওয়া গিয়াছে। ফলকগুলি সংখ্যায় সমুদায়ে ২১খানি। প্রতি প্রস্থের ৭খানি ফলক, আরম্ভের দিকে প্রথম ফলকখানির ভিতরের পৃষ্ঠায় খোদিতলিপি, বাকি ৬খানির মধ্যে ৫খানির উভয় পৃষ্ঠায় লিপি খোদিত আছে। তামার কড়ায় ফলকগুলি গাঁথা, তাহার জোড়ের মুখের উপর একটী তাম্রময় পদ্মাসন, তাহার উপর অর্দ্ধশায়িত ও অর্দ্ধোত্থিত অবস্থায় একটী বৃষভ মূর্ত্তি, তাহার উভয় পার্শ্বে অঙ্কুশাকৃতি শূল, ডমরু, চন্দ্রার্দ্ধ এবং সূর্য্যমূর্ত্তি খোদিত আছে। আপাততঃ যে ফলক প্রস্থটীর প্রতিলিপি প্রকাশিত হইতেছে, তাহার প্রত্যেক ফলকখানি লম্বে ১৩½ ইঞ্চ, প্রস্থে ৮½ ইঞ্চ ও স্থূলতা প্রায় ¼ ইঞ্চ। এই প্রস্থের ফলকগুলি প্রাচীন বঙ্গীয় নাগরাক্ষরে খোদিত। কড়ার পরিধি ৫½ ইঞ্চ, স্থূলতা প্রায় ½ ইঞ্চ, পদ্মাসন খানির বেড় ৪½ ইঞ্চ, বৃষভটী ৪ ইঞ্চ ও তাহার উচ্চতা ৩½ ইঞ্চ। অক্ষরের দীর্ঘতা ¼ ইঞ্চ। এই ফলকপুস্তকের ১১টী পৃষ্ঠায় ২০৯টী পঙ্‌ক্তি আছে; প্রতি পঙ্‌ক্তি দৈর্ঘ্যে প্রায় ১২½ ইঞ্চ। ফলক কয়খানি গাঁথিবার জন্য যে ছিদ্র আছে, তাহার ব্যাস ১ ইঞ্চ; ইহার পার্শ্বে যে চারিটী পঙ্‌ক্তি খোদিত আছে, তাহাদের দীর্ঘতা ১০ ইঞ্চ। এত বড় তাম্রফলক এ পর্য্যন্ত আর দেখা যায় নাই। মূল তাম্রফলকের যেখানে যে পঙ্‌ক্তি আরম্ভ হইয়াছে, তদনুসারে প্রতি পঙ্‌ক্তি ঠিক পর পর মুদ্রিত হইল।

পূর্ব্বোক্ত স্তূপের অনতিদূরে একটী বৃহৎ পুষ্করিণীর নিকটে লক্ষ্মীনারায়ণের একটী নূতন মন্দির আছে। উক্ত পেটিকাটী এই মন্দিরে রক্ষিত হইয়াছিল। যে স্তূপ হইতে পেটিকা পাওয়া যায়, তাহার নিকটে আরও তিনটী প্রস্তরময় ভগ্নস্তূপ ছিল। এই তিনটী খননের সময় প্রত্যেকটীর মধ্য হইতে এক একটী তাম্রকলস পাওয়া যায়। কলসপ্রাপ্তি হইতে স্থানীয় প্রাচীন লোকেরা অনুমান করেন যে, উক্ত তিনটী স্তূপ তিনটী প্রস্তরময় মন্দিরের ভগ্নাবশেষমাত্র। সেই মন্দিরগুলির একটীতেই পূর্ব্বোক্ত লক্ষ্মীনারায়ণ বিগ্রহ ছিলেন, পরে মন্দির ভগ্ন হইলে বিগ্রহ এক বৃক্ষতলে রক্ষিত হয়। পরে স্থানীয় জনৈক ধনী ব্যক্তি ভগ্নস্তূপ হইতে প্রস্তরাদি সংগ্রহ করিয়া বর্ত্তমান মন্দির নির্ম্মাণ করিয়া দিয়াছেন। উক্ত লক্ষ্মীনারায়ণ বিগ্রহের পদ্মাসনের গাত্রে দুই পঙ্‌ক্তি লিপি খোদিত আছে। তাম্রফলকগুলির অক্ষরের আকৃতির সহিত উহার সম্পূর্ণ ঐক্য দেখিয়া কেহ কেহ অনুমান করেন যে, এই লক্ষ্মীনারায়ণবিগ্রহ ও ঐ তিনটী প্রাচীন মন্দিরের সহিত এই ফলকগুলির কোন না কোন সম্পর্ক আছে; কিন্তু যতদূর দেখা গিয়াছে তাহাতে ফলকগুলি মধ্যে এ অনুমানের সাপক্ষে কোন কথাই পাওয়া যায় না।

ইতিপূর্ব্বে (Indian Antiquary, Vol. XVIII, p. 168.) চোড়গঙ্গের ১০৪০ শকাঙ্কিত যে তাম্রশাসন পাওয়া গিয়াছে, তাহার ৭৭ হইতে ৮৩ পঙ্‌ক্তির "ব্যাপ্তোর্ব্বদ্ধকুলোত্তমস্য" ইত্যাদি শ্লোকের সহিত এই নবাবিষ্কৃত নরসিংহদেবের তাম্রশাসনের ১৪ ও ১৫ শ্লোকের সম্পূর্ণ মিল আছে।

ংসুরসদ্মতুল্যং তস্মিন্ ক্রমে নৃপতিভির্ব্বহুভির্বভূবে ॥ [৮] রাজ্যশ্রীভৃতি নারসিংহনৃপতৌ জ্যেষ্ঠে কিমত্রাস্মহে
র্দণ্ডার্জ্জিতভূতলোচ্ছিন্ত" রমাকণ্ঠগ্রহানন্দিনঃ। কিঞ্চাস্মাকমিয়ং ভুজাসিলতিকা সংচেষ্টতাং বৈ-
াং কণ্ঠারণ্যমিয়ং চ কীর্ত্তিলতিকাদ্যান্নঃ সমারোহতু ॥ [৯] ভ্রাম্যন্তির্বিজিগীষয়া ক্ষিতিতলে কাপি দ্বিষ-
তৈঃ কাপি দ্বেষিকুলপ্রমাথিভিরপি প্রাপ্তাঃ কলিঙ্গাঃ কিল। তৈঃ কামার্ণব পঞ্চমৈ নৃপগ্গ"বরেষু-
লিঙ্গৈঃ সমং প্রাপ্তস্ত্রপ্স"মিবার্ণবাদুদগমত্ কূর্ম্মাবতারোহরিঃ ॥ [১০] কূর্ম্মস্বামিনি সাক্ষিণি ত্রিন-
তস্মিন্ মহেন্দ্রঙ্গতে গোকর্ণেপি মহোদধৌ বিয়তি বা সূর্য্যেতথেন্দাবপি কালিঙ্গাস্থু বমাহরদ্ভুজবলা-
াপভুক্তা চিরং লক্ষ্মীস্বেত্যথবা স্তুতির্বদততো গঙ্গাম্বয়স্যাহবে ॥ [১১] তত্রাসীদ্বঙ্শকর্ত্তাসৌ কামার্ণবমহী-
ঃ। যস্যেতি পুত্রপৌত্রাদ্যা রাজানঃ খ্যাতবিক্রমাঃ ॥ [১২] শাস্ত্রার্থনিষ্ঠিতমতির্দ্বিষদন্তকারী সর্ব্বার্থিব-
গ্গর্গপরিতোষণহেতুবগ্গর্গঃ। আচারাতোপি মুনিপুঙ্গবমাগ্গর্গচারী তস্মাদভূন্নৃপ-
বরো ভুবি বজ্রহস্তঃ। [১৩] ননামতঃ কেবলমর্থতোপি স বজ্রহস্তস্ত্রিকলিঙ্গনাথঃ ॥
কো বজ্রহস্তাদপরঃ পৃথিব্যাস্বজ্রম্যতদ্বারয়িতুং সমর্থঃ। [১৪*] ব্যাপ্তের্গঙ্গকুলো-
ত্তমস্য যশসা দিক্চক্রবালে শশিপ্রায়েণামলিনেন যস্য ভুবনপ্রহ্লাদ-
াদিনা। সিংদূরৈ রতিসান্দ্রপঙ্কপটলৈঃ কুম্ভস্থলীপট্টকেম্বালিম্পন্তি পুনঃ পুনশ্চ হরিতামা-
রণা বারণান্ ॥ [১৫*] মহিষী নঙ্গমাতস্য পার্ব্বতীব পীনাকিনঃ। তস্মাত্তস্যাম"ভূদ্বীরো রাজরা-
মহীপতিঃ ॥ [১৬] স রাজরাজোদ্বিজরাজকান্তির্ভুজঙ্গরাজাননবৎ প্রকীর্ত্তিঃ। শ্রীমত্তদাধ কৃতরাজ-
ঃ সুবিক্রমন্যক্কৃতদেবরাজঃ ॥ [১৭] তস্যাগ্রমহিষী রাজ্ঞো নাম্নাভূদ্রাজসুন্দরী। লক্ষ্মীর্নারায়ণস্যেব
স্যেব তু রোহিণী ॥ [১৮] ততস্তস্যামুভূদ্দেবশ্চোড়গঙ্গোনরেশ্বরঃ। ক্ষোণীভৃৎপক্ষবিচ্ছিত্যৈদিবীন্দ্রাৎ কুলি-
যথা ॥ [১৯] ধাত্রীতীর্থ"সরস্বতী সমভবন্নূনং (ন)চেৎপীতবান্ তৎসারস্বতমার্য্যবালকতমঃ শ্রীচোড়গঙ্গ-
য়ঃ। তাদৃগ্বেদমতিঃ কথন্নিপুণতা শাস্ত্রেষু তাদৃক্কথং তাদৃক্কাব্যকৃতিঃ কথস্য"রিণতিঃ শিল্পেষু তাদৃক্-
। [২০] ক্ষোণীং দিক্পালাশেষায়মর্থতপদ"দ্বন্দ্বমেতস্য বৈরিক্ষ্মাভৃচ্চূড়াশ্রিয়াপ্তং স্তুতিরিতি কিয়তী চোড়গঙ্গে-

[২য় ফলক ২য় পৃঃ]

স্য। নূনং পূর্ণঃ সুধাংশুঃ পরনৃপধবলচ্ছত্রবুদ্ধ্যাপহর্ত্তামামিত্যঙ্গস্য বৃদ্ধিং ত্যজতি যতইব ত্রস্ত-
ঃ প্রবীরাৎ ॥ [২১] গৃঞ্জতিস্ম করং ভূমের্গঙ্গাগোতমগংগয়োঃ। মধ্যে পশ্যৎসু বীরেষু প্রৌঢ়ঃ প্রৌঢ়স্ত্রি-
ইব ॥ [২২] প্রতিভটকরশস্ত্রব্যাহতিস্বাঙ্গনির্যদ্রুধিরমবনিনিষ্ঠং নো ভবেদ্যত্তদৈব। নিজকরধৃত-
চ্ছিন্নভিন্নাঙ্গমেতানকৃতধরণিশয্যান্ দ্বন্দ্বযুদ্ধেষু গঙ্গঃ ॥ [২৩] যত্তেজঃ পরিভূতশক্রনগরপ্রোদ্ভূতধূ-
দগমৈর্ভূয়ঃ খাণ্ডবদাহশঙ্কিমনসো দেবাঃ ক্ষণং ভীরবঃ। স্বর্নীতাদসিধারয়া রিপুগণাদাকল্প্য বা-
মিব প্রৌঢ়িস্তস্য নুবন্তি গঙ্গনৃপতের্ভীতিং বিহায় ধ্রুবং ॥ [২৪] ক্রোধোদ্যদ্দিপমেঘমালিনি মদশ্রোতস্বতী-দু-
র চঞ্চৎ খড়্গতড়িত্প্রভাবিননদন্মারাচবজ্রোদয়ে। মৎসৈন্যে"জলদাগমপ্রতিনিধৌ জেতুং প্রবর্ত্তেত কঃ
াপাতি বদং স্ত্রিলোচনবিভুর্ব্বদ্ধোমুনা সংগরে ॥ [২৫] নির্ম্মথ্যোৎকলরাজসিন্ধুমপরং গঙ্গেশ্বরঃ প্রাপ্তবানে-
কঃ কীর্ত্তিসুধাকরং পৃথুতমং লক্ষ্মীন্ধরণ্যা সমামাদ্যদ্দন্তিসহস্রমশ্বনিযুতং রত্নান্যসংখ্যানি
বাতসিন্ধোঃ কিমিয়ং প্রকর্ষমথবাক্রম"স্তদুন্মাথিনঃ ॥ [২৬] পাদৌ যস্য ধরান্তরীক্ষমখিলং না-
ভিশ্চ সর্ব্বা দিশঃ শ্রোত্রে নেত্রযুগং রবীন্দুযুগলং মূর্দ্ধাপিচ দ্যৌরসৌ। প্রাসাদং পুরুষোত্তম-
স্য নৃপতিঃ কোনাম কর্ত্তুং ক্ষমস্তস্যেত্যাদ্যনৃপৈরুপেক্ষিতময়ং চক্রেথ গঙ্গেশ্বরঃ ॥ [২৭] লক্ষ্মী-
গৃহং পয়োনিধিরসৌ সম্ভাবিতস্য স্থিতির্নোধাম্নি শ্বশুরস্য" পূজ্যত ইতি ক্ষীরাব্ধিবাসাদ্ধ্রুবং। নির্বিঘ্নঃ
রুষোত্তমঃ প্রমুদিতস্তদ্ধামবাসাদ্রমাপ্যেতদ্ভর্তৃগৃহস্বরং পিতৃগৃহাত্ প্রাপ্য প্রমোদান্বিতা ॥ [২৮] ত্বং কূর্ম্মাধি-
নিশ্চল ত্ব ময়ি ভো ব্যালেন্দ্রধৈর্য্যস্বহ ত্বং পৃথ্বি স্থিরতাস্তুজ ত্বমধুনা ব্রহ্মাণ্ড গাঢ়ং ভব। শ্রীগঙ্গাধিপবন্ধ-
হবিসরদ্ঘোষাজ্জগদ্ব্যাপিনো দিঙ্নাগেষু ভয়াচ্চলৎসু জগতী কম্পেত বা যৎক্রমাৎ ॥ [২৯] আরম্যা
রাৎ কলিঙ্গজবলপ্রত্যগ্রভগ্নাবৃতি প্রাকারায়ততোরণপ্রভৃতিতো গঙ্গাতটস্থাততঃ। পার্থাস্ত্রে-
ধি জর্জ্জরীকৃতনমদ্রাধেয়গাত্রাকৃতি র্শ্মন্দারাধিপতির্গতো রণভুবো গঙ্গেশ্বরানুদ্রুতঃ ॥ [৩০] ব্রহ্মাণ্ডা-
ইরস্য কীর্ত্তিপয়সা লিপ্তং নবা ভাবিনে দত্তশ্চার্দ্ধিজনায় হেমনিত্রয়ঃ" সঙ্কল্পনেবা বহুঃ। নির্দ্দ-
রিপরশ্চ" ভাবিতনবস্তস্য প্রতাপৈর্নবা কিম্বা নোকৃতবানয়ং স্তুতিপদং শ্রীচোড়গঙ্গেশ্বরঃ ॥ [৩১]

বর্ষাণাং সপ্ততিস্থীরঃ ক্ষোণীসংম্ভোগমাচরৎ। দিগ্ভায়কান্ প্রতীহারান্ বিধায়াশাসু সর্ব্বতঃ॥ [৩২] কিমু প্রাপ্তা মহিষী তপোভিরতুলৈঃ শ্রীচোড়গঙ্গেন সা দেবৈঃ স্তুত্যগুণৈর্ব্বিভূষিততনুঃ কস্তুরিকামোদিনী। নাবিষ্টঃ পৃথিবীপতিঃ প্রভবতীত্যস্মিন্ হরৌ বা ভুবো রক্ষার্থঙ্কৃতজন্মনি স্বয়মসৌ লক্ষ্মীপ্রসূতাথবা॥ [৩৩] তস্যাস্ততোজনি জগজ্জিতয়ৈকবীরঃ কামার্ণবস্ত্রিজগদেকবদান্যঃ এষঃ। সূর্য্যপ্রতাপবিভবেন জগৎপ্রসিদ্ধকীর্ত্তিঃ শশাঙ্কমধরীকৃতবাহ্নিশুদ্ধ্যা॥ [৩৪] গঙ্গেশসূনোর্বিবুধাশ্রমস্য দৃপ্যদ্বিষদ্বংশবিভেদিশক্তিঃ। কামার্ণবস্যাস্য কুমারকত্বং ননামত কেবলমর্থতোপি॥ [৩৫] প্রাপ্যোদয়ংশশাঙ্ক স্য বর্দ্ধতাং নামবারিধিঃ। বর্দ্ধতে কীর্ত্তিচন্দ্রোয়ং চিত্রং কামার্ণবোদয়ে॥ [৩৬] বেদর্ত্তুব্যোমচন্দ্রপ্রমিতশকসমাপ্রাপ্তকালে দিনেশে চাপস্থেন্যগ্রহোঘে বলবতিরিপুষু প্রক্ষয়ং প্রাপ্তবৎসু তস্মিন্মূর্দ্ধাভিষিক্তে নৃপবরতনয়ে সর্ব্বলোকৈকনাথে শ্রীমৎকামার্ণবেশে জগদ্ভবদিদং তত্তদানন্দপূর্ণং॥ [৩৭] ক্ষীরার্ণবাদজনিচন্দ্রকলেতি বার্ত্তা কামার্ণবাত্তু সকলেন্দুদিবাকরাভং। কীর্ত্তিপ্রতাপমিথুনং সহকারিলোকে শ্লিষ্যত্যহো পরনৃপানসুরাগশূন্যান্॥ [৩৮] যস্যাসিনির্দ্দলিতবৈরিকরীন্দ্রকুম্ভনির্ম্মুক্তমৌক্তিকফলান্যসৃগুক্ষিতানি। কামার্ণবস্য রিপুসঙ্গতিহেত্বকালে সন্ধ্যাপ্রভাতভগণাইব ভান্তিযুদ্ধে॥ [৩৯] দৃপ্যদ্বৈরিচমূর্ম্ময়াকবলিতানৈবং ময়াস্বাদিনে''ত্যন্যোন্যং কলহেতু নির্ণয়বিধৌ খড়্গপ্রতাপেচ্ছয়া মাধ্যস্থ্যংগমিতেব নির্ম্মলতরা কীর্ত্তির্যদীয়াব্রবীম্যালোচ্যেহমহস্তিরিত্যুপগতা ধাতুঃ শ্রুতীরীদরাৎ॥ [৪০] অস্রাক্ষীৎ সহিরণ্যগর্ভমপরং লোকং মহেশঃ পুরেত্যুৎপন্নং প্রবদন্তি যে চ বদনব্রাতোনিরুদ্ধোধুনা। তেষাং তদ্ধিরণ্যগর্ভমকনোৎ কামার্ণবেশ''স্ততঃ সম্পন্নং জনিতং জগদ্যত ইহ প্রত্যক্ষতঃ প্রাণিনাং॥ [৪১] সপ্তাম্ভোধীন্বহন্তীক্ষিতিরতিতরলা নাগকূর্ম্মেশ্বরাণাং সাহায্যং বাঞ্ছতীয়ং তদপি পুনরয়ং কল্পিতস্তত্র ভারঃ। ধাত্রীং কামার্ণবাখ্যঃ সরনিজতুলনাং নির্দ্দয়ং স্বর্ণভারৈ র্ভূয়োভূয়স্তুলায়াস্থিত (ইতি) ধরণের্ভারবাহুল্যমাপ্তুং॥ [৪২] ধ্বস্তদুষ্টং জনাকীর্ণং বিদ্বজ্জনমনোহরং। দশাব্দানকরোদ্রাজ্যং কামার্ণবমহীপতিঃ॥ [৪৩] শ্রীচোড়গঙ্গনৃপতের্ম্মহিষী ততোন্যাত্তস্যেন্দিরা রবিকুলোদ্ভবরাজপুত্রী যাদ্যাপি ধাতুরুপমা জনিসুন্দরীণাং সেয়ং সুধাংশুবদনা স্বয়মেব জাতা॥ [৪৪] যদ্রূপ-

শীলগতিবর্ণনয়া প্রসিদ্ধা দৃষ্টান্তভূর্গিরিসূতেত্যভিধাবদোষঃ। নাস্ত্যেব চণ্ডরুচিকামহরো যদত্র তামিন্দিরামুদবহদ্ভুবি চোড়গঙ্গঃ॥ [৪৫] তস্যাস্ততঃ সমজনিঃ ক্ষিতিনাথনাথঃ শ্রীরাঘবঃ পরনরেশ্বরদর্পমর্দ্দী। যৎপট্টবন্ধনবিধিশ্রবণাতিভীতাঃ সর্ব্বে নৃপাঃ স্বহৃদিকম্পমবাপ্তবন্তঃ॥ [৪৬] শ্রীরাঘবে রাজনি চিত্রমেতত্তেজোবিহীনঃ ক্ষিতিপালবর্গঃ। তৎপাদসেবাকৃতদেহসিদ্ধির্ম্মিত্রীভবত্যেব সমস্তএষঃ॥ [৪৭] প্রৌঢ়ারিপ্রহৃতিপ্রাকারবিহিতপ্রাচণ্ড্যমন্ত্রীভবদ্দোর্দ্দণ্ডোপমিতি প্রগল্‌ভবিষয়ঃ প্রাগ্‌ভূতবানর্জ্জুনঃ। সংপ্রত্যাহবরঙ্গসঙ্গতরিপুশ্রেণীশিরঃকন্দুকক্রীড়াসক্তভুজঃ শরাসনভৃতাং চিত্রোপমা রাঘবঃ॥ [৪৮] জগতি পরশুরামঃ প্রাদুরাসীদ্বিতীয়ঃ কিমু রিপুকুলহন্তা স্বাজ্ঞয়াচ্ছন্নলোকঃ ক্ষিতিবিতরণদীক্ষাসক্তহস্তঃ প্রতাপাদপি দশশতবাহু র্যস্য শত্রুর্ব্বিনাশী॥ [৪৯] ভেদং ভেদমরাতিকুম্ভরঘটা ক্ষোণীধ্রপক্তিরণে''পায়ং পায়মসৃক্‌পয়াংসি বহুধা শ্রীরাঘবাসিঃ ক্ষণাত্। শুভ্রং শুভ্রমিবোদ্বহদ্বিজয়তিঃ'' কীর্ত্তিপ্রতানং পরং চন্দ্রংচন্দ্রিকয়া প্রপূর্ণতরয়া সংসেব্যমানাকৃতিং॥ [৫০] দুর্গেগুষু দাবদহনঃ ক্ষিতিভৃৎসু বজ্রং . মাদ্যৎকরীন্দ্রঘটনাবিধিসিংহ এষঃ। বিদ্বেষিভূমিপতয়ো নিবসন্তি যত্র শ্রীরাঘবক্ষিতিপতির্ব্বিততপ্রভাবঃ॥ [৫১] শ্রীরাঘবো ধরাধীশঃ ক্ষোণীপালশিরোমণিঃ। অকরোদ্রাজ্যমবাব্দানামুদ্রামো দশপঞ্চচ॥ [৫২] তস্য শ্রীচোড়গঙ্গক্ষিতিবলয়পতের্ব্বংশসন্তানবল্লী কন্দশ্রীচন্দ্রলেখাস্ফুটমদিতিরিব শ্রেয়সী কশ্যপস্য। তস্যামুদ্দামধামক্ষয়িতদিনমণির্জ্জজ্ঞিবান্ রাজরাজো রাজন্যক্ষোদলীলাতিলকিতমহিমব্যাপ্তদিক্‌চক্রবালঃ॥ [৫৩] তস্মিন্দিগ্বিজয়প্রয়াণরসিকে সংরম্ভশুম্ভচ্চমূ সংক্ষুণ্ণক্ষিতিচক্রপ্রাঙ্‌শুপটলপ্রারব্যস্বরে।'' ভূসংস্পর্শঘৃণাবশাদ্দিনমণেরুচ্চৈঃ প্লুতং সপ্তিভিঃ স্বভ্যস্তং সুরসিন্ধুরেণ ধরণীপট্টে রদোদ্বর্ত্তনং॥ [৫৪] চোড়গঙ্গনরেন্দ্রস্য সূনুরুদ্দামবিক্রমঃ। রাজরাজ ইতি খ্যাতো রাজরাজোমহীপতিঃ॥ [৫৫] বিশ্বক্রোড়পতিপ্রগল্‌ভবয়সি প্রালেয়শৈলদ্যুতৌযদ্যদ্যাদৃগভূদভূতসদৃশং সন্তস্তদাকর্ণ্যতাং ধাত্রীপীঠতিলিঙ্গতি স্বরচলঃ প্রাসাদতিত্বদ্যশোদিঙ্নাগাঃ প্রতিমন্তি যস্য পরিতঃস্রস্তুজঃ'' পদং শুঙ্গতি॥ [৫৬] আনন্দং বিদধাতি চেতসি ভবৎ কীর্ত্তির্গুণগ্রাহিণঃ সূতে দোহদমর্থিনঃ সুমনসি শ্রীরাজরাজধ্রুবং। সেয়ঙ্ক-

ং সমেত্যহৃদয়ে শল্যায়তে বৈরিণাং স্বাত্মেচ্ছানুবিধায়িনাং নহি নিজোদ্ধারঃ কচিদ্দৃশ্যতে ॥ [৫৭] এ
ংভুবিপংক্তিবিঙ্‌শতিসম্মাঃ ক্ষ্মাপাললক্ষ্মীধবঃ কৃত্বা জিত্বরবাপ চঞ্চলভুজাদণ্ডোদ্ধিরুর্ব্বীপতিঃ। রা-
প্রাজ্যযশস্তুষারকিরণশ্রেণীরসাদাসনাদুদ্যচ্ছৎপুরুহূতগীতচরিত শ্রীরাজরাজো নৃপঃ ॥ [৫৮]
ভুজোনৃপতিরাজপদেভিষিক্তঃ সূক্তিপ্রিয়ঃ পরিমিতাদি নৃপপ্রশস্তিঃ। পৃথ্বীপতিঃ কলিমলো-
চ্যধর্ম্মশুদ্ধঃ কার্য্যক্ষমঃ প্রভুরসাবনিয়ঙ্কভীমঃ ॥ [৫৯] বীরাধিষ্ঠিতসংগরাদ্রিশিখরে শংখস্বনাশা-
কুংতোদ্ভিন্নমহেভকুম্ভবিগলন্মুক্তাবলীপুঞ্জিতে। হর্ষাদুগ্রনিজপ্রতাপদহনে খড়্গগ্রুবাবিদ্বি-
রাজ্ঞামাননপঙ্কজানি নৃপতির্গত্বানয়দ্যঃ শ্রিয়ং ॥ [৬০] ক্ষীরাব্ধেরমৃতাৎ সুরাসুরভুজব্যাপারবিক্ষোভি-
চন্দ্রস্যার্দ্ধমভূত্তদপ্যধিপপারীশানমেকং কিল। চঞ্চদ্বাহুবলেন সংগরভুবি স্বৎখড়্গধারাজলাজ্জা-
তশ্চাষ্টদিগীশ্বরান্ পৃথুযশশ্চন্দ্রস্সমালিঙ্গতি ॥ [৬১] যৎপ্রয়াণসমুদ্ভূতরজঃ সংপূরিতেম্বরে।
অভূদ্বিরদরাজস্য ধূলীমদরিত্রা তনুঃ ॥ [৬২] সগরর্ধাণি বীরোসৌ নির্জ্জিতারাতিমণ্ডলঃ।
অনঙ্কভীমভূপালো ধরিত্রীং সমপালয়ৎ ॥ [৬৩] প্রৌঢ়ানগলবিক্রমঃ কুলগৃহং যো দণ্ডনী-
তিশ্রিয়ঃ সত্যাচারবিচারচারুচরিতঃ পুর্লোকপারায়ণঃ। তস্যাসীদনিয়ঙ্কভীমনৃ-
র্দ্ধাংশলক্ষ্মীস্বয়ং স্নেহস্যাতিশয়েন পট্টমহিষীবাঘল্লদেবী ভুবি ॥ [৬৪] ভুলিতপিতৃগুণৌঘঃ সূনুরা-
ঘ্যা মিরতিশয়িততেজা যৌবনাবাপ্তরাজ্যঃ। প্রণতনৃপতিচূড়ারত্নরোচিঃপিশঙ্গীকৃতচরণস-
রো রাজরাজোনৃপালঃ ॥ [৬৫] যস্যোদ্যদ্বাজিবৃন্দপ্রখরখুরপুটাঘাতনির্দারিতোর্ব্বীসংভূতং ভূরি ভাস্বৎকরনি-
ষ্পন্দোদ্ভূতসান্দ্রপ্রয়াণং বিস্তীর্ণং কর্ণতালাহতিভিরবিরতোন্মত্তসেনাগজানামষ্টানাং দিগ্‌গজানাং মুখপ-
র্য্যন্তানামাদধে ধূলিজালং ॥ [৬৬] যস্মিন্ শাসতিশাসিতারিনিকরে সম্যক্‌সমুদ্রাম্বরাং পৃথ্বীম্পার্থিবপুঙ্গবে
গুণঃ শ্রীরাজরাজে নৃপে। চক্রে মাধবএব তৈক্ষ্ণ্যমধিকং কৌক্কেয়কেচিন্তনং শাস্ত্রাভ্যাসবিধৌ বি-
জড়তাং কালে কলিঃ শ্রূয়তে ॥ [৬৭] যৎকীর্ত্তিদুগ্‌জল(নি)ধির্ভুবনান্তরালং সংপাব্য''দূরতরমুচ্ছলিতঃ
ক্ষিতি। তারাগণাঃ স্ফুটরুচোগগনে সমন্তাত্ সূক্ষ্মাতিসূক্ষ্মতরলাইব বিস্ফুরন্তি ॥ [৬৮] ত্যাগে শৌ-

সত্যেচ কর্ণার্জ্জুনযুধিষ্ঠিরৈঃ। সদৃশোয়ং মহাবীরো রাজরাজো নরাধিপঃ ॥ [৬৯] রাজরাজোনরপতির্দ্দশসপ্ত
নরান্। ভুবি রাজ্যশ্রিয়ংভুক্ত্বা স্বারাজ্যায় প্রতস্থিবান্ ॥ [৭০] চালুক্যকুলসংভূতা বেলা সৌন্দর্যবারিধেঃ নাম্না মঙ্কু-
ণিতি জহ্নবী'' তস্য ভূপতেঃ ॥ [৭১] তস্যামভূদদ্ভুতবিক্রমশ্রীঃ শ্রীমানয়ং ভূভৃদনঙ্গভীমঃ বিরাজতে কীর্ত্তিসুধা-
ধবলীকৃতাহ্নি দিগ্বিভাগেষু যৎপ্রশস্তিঃ ॥ [৭২] যস্যানগ্‌র্গলদোর্ব্বিলাসলহরীলাবণ্যবৈরিব্রজ ক্রন্দত্‌পৌরবধূবিলো-
চনঃ পূরৈর্দ্দরা দস্তুরা। কিঞ্চিত্ ত্যাগরতঙ্গভ্রঙ্গিকলনৈঃ পাথোধিযানোৎসবাদ্বীড়াবক্রিতকন্ধরঃ স ভগবা-
নপুরাণো মুনিঃ ॥ [৭৩] কন্তুন্তোঃ কলিরস্মিকিন্নু বিমনাঃ কস্মৈনিবেদ্যাত্মনঃ শোকাম্ভোধিমপাহরামি কলয়া
ত্বৎসিনো মাং হরিং। যদ্যেবং কলযাস্মদীয়সময়োৎক্ষেপায় গঙ্গাম্বয়ে জাতঃ শ্রীমদনঙ্গভীমনৃপতিঃ সোনর্থী
মম ॥ [৭৪] ধ্যানানুবন্ধিনিবিড়প্রসরপ্রমোদং মাধ্বীকমুগ্ধমসৃণং হৃদয়ারবিন্দং। দেবঃ পুরাণপুরুষঃ পরির-
ভ্য যস্য রোলম্বউস্বরকলাং কলয়া চকার ॥ [৭৫] লক্ষ্মীরক্ষণসৌবিদল্লপদবীং প্রত্যর্থিপৃথ্বীভুজাং প্রাণা-
কর্ষণরজ্জুবিভ্রমতুলামুদ্দামমানংদধন্। সংগ্রামস্থলকেলিতাণ্ডবকলাপাণ্ডিত্যমামণ্ডয়ন্
যস্যায়ং জগদদ্ভুতৈকবিলসত্‌ক্রীড়ানটঃ সায়কঃ ॥ [৭৬] যস্যানর্গলবিক্রমার্জ্জিতযশঃ ক্ষীরোদ-
দানোর্ম্মিভির্দাতারঃ কিল কামগোপ্রভৃতয়ঃ প্রোৎসারিতাদূরতঃ। কিঞ্চাপর''হিরণ্যগর্ভকল-
দ্বন্দ্বমাকর্ণয়ন্ লজ্জালোলচতুর্ম্মুখাক্ষিযুগলো মন্যে মহাপদ্মভুঃ ॥ [৭৭] যেনাভিষেকসময়ঃ কলিতত্রয়েণ
ত্রিলাপুরুষদামকলানুবন্ধিঃ। লব্ধাপিন ক্ষিতিরমুষ্যমুদে তথাভূত্ যাদৃগ্বিজাতিজনশাসনদান-
দিঃ ॥ [৭৮] আকর্ষতাহৃদয়মেশবিলোচনানামাধুন্বতাচপরিতঃ প্রতিপার্থিবানাং। অন্বার্থয়প্রণয়ি-
তিনামনঙ্গভীমপ্রসিদ্ধিরমুনা বিদধে নৃপেণ ॥ [৭৯] জগাম ধামদেবানাং স দেবঃ সেবকপ্রিয়ঃ
। ভুজপ্রতাপেন চতুস্ত্রিংশৎ সমাঃ ক্ষমাং ॥ [৮০] শ্রীকন্তুরাদেব্যামদিতৌ তস্মাচ্চ কশ্যপাদুর্ব্ব্যাং। জগত্ত্রা-
তাতঃ পাতকহন্তা বীরনরসিংহঃ ॥ [৮১] অনুরেন্দ্রশোণিতমিরেশবিপ্রতাপমিনীমরৈব যদ্বদানবা
ঃ। করমাত্মনস্তমধুনাবিশোধয়দ্বীরনরসিংহ এষ জগত্ত্রিস্ফুটোভবৎ ॥ [৮২] শ্বেতাতপত্রসিতচাম-
রমূর্ত্তিদিগন্তিদন্তপরিমণ্ডলমণ্ডপস্য। অস্মে কৃতস্য সুতভাবনয়া ভবাস্যা সিংহাসনে জয়তি

যস্য পদং সদৈব ॥ [৮৩] রাঢ়াবরেন্দ্রযবনীনয়নাঞ্জনাশ্রুপূরেণ দূরবিনিবেশিতকালিমশ্রীঃ। তদ্বিপ্রলম্ভকরুণাদ্ভুতনিস্তরঙ্গা গঙ্গাপি নূনমমুনা যমুনাধুনাভূত্ ॥ [৮৪] ভুজভুবি গিরয়োষ্টৌ যস্য ভূমীন্দ্রভর্ত্তুঃ ক্ষিতিভরণসমর্থাঃ কিঞ্চদিক্‌কুঞ্জরেন্দ্রাঃ। অতুলয়দিহসস্বচ্ছেৎ তুলাপুরুষেণ ক ভবতু কনকাদ্রির্দেবতানাং গৃহাভূঃ ॥ [৮৫] কুর্ব্বন্ প্রকাশমবিশং দ্বিজসাচ্চ কৃত্বা মেরুং তুলাপুরুষমুখ্যমহার্থদানৈঃ। স্থাতুং সুরৈঃ সহ মহৎ কলয়ন্তি কোণাকোণে কুটীরকমচীকরদুষ্করশ্রেঃ ॥ [৮৬] অষ্টাশাং চক্রবালভ্রমণরণমহায়াসসম্ভাবিতস্ফুত্‌স্ফারেক্ষুদন্বদন্তোপগমিতমপি লংঘয়িত্ব্য" সুরাব্ধিং। সর্পিঃ সংসর্পদায়ুর্দধিমধুরমথাস্বাদ্যদুদ্যেন তৃপ্তা যৎকীর্ত্তিঃ কান্তমূর্ত্তিঃ সলিলনিধিমথা কামমাচাশতীব" ॥ [৮৭] কৃত্বা নির্ম্মথিতদ্বিষদ্বসুমতী মন্দাস্ত্রয়স্ত্রিংশতং ভুক্ত্বা ভোগমনুত্তমং নরপতির্দোগ্‌র্গ্গর্ব্বসর্ব্বঙ্কষঃ। স্নেহাত্যন্তবিনা কৃতোস্তিমদশামাসাদ্যদীপোপমঃ প্রাপ্তঃ কালপতঙ্গপুঙ্গববশং যাতস্সনির্ব্বাণতাং ॥ [৮৮] তস্য শ্রীমান্ সুদিনবিধয়ে মালাচন্দ্রাত্মজায়াং সীতাদেব্যামজনিতনুজোভানুবদ্ভানুদেবঃ। পদ্মোল্লাসস্বিদধদতুলং কৈরবগ্লানিমুচ্চৈর্ব্বত্রধ্বংসী পরধরণিভৃন্মৌলিবিন্যস্তপাদঃ ॥ [৮৯] প্রত্যুজ্জীবনকারণৈর্জনপদস্যাভ্যনীত্যাগমৈর্দ্দৃপ্তাদ্ধৃষ্টফলপ্রদেন বিধিনা নিত্যং নিরস্তারিভিঃ। পাত্রৈঃ ষোড়শভির্বিশুদ্ধচরিতামোঘপ্রতিজ্ঞৈরয়ং সাম্রাজ্যে মহিতোমহামহিমভূল্লক্ষ্মীপতিরাজ্ঞয়া ॥ [৯০] বদ্ধমুষ্টিরপিনির্ব্বরদাতা বেপথোপি সমরৈকধুরীণঃ। উগ্রমূর্ত্তিরপিকৃষ্ণশরীরো যৎকরেণ কলিতঃ করবালঃ ॥ [৯১] পায়ং পায়ং হবিরবিরতং প্রস্তুতে যস্য যজ্ঞে জাতে জীর্ণে হরিরতিতরাং যাতিনিদ্রাং সমুদ্রে। ধূমোদ্গারীলবণসলিলং প্রাপতে" বাড়বোগ্নিঃ প্রৌদ্যচ্ছূলঃসমজনি শিবঃকালকূটাশনোপি ॥ [৯২] ক্রমঃ কিমস্য তুলনাংলঘুতোপনীতস্তৎ তৎপরক্ষিতিভৃতঃ কিলদানশৌর্য্যং ॥ সভ্যোপদেশকনকাচলকামধেনুকল্পদ্রুমাননিদতনির্জিতসম্পদস্তান্ ॥ [৯৩] আচন্দ্রার্ক্কফলোপভোগসুলভান্যত্যুচ্চসৌধাবলীশোভাবিস্ফুরিতানি শাসনশতান্যেকঃ ক্ষমাধীশ্বরঃ। স্বচ্ছায়ানিরসালপূগকদলপ্রায়ৈ স্তরুণাঙ্গনৈঃ কৃত্বা তাম্রবিলেখিতানি বিধিবৎ সচ্ছোত্রিয়েভ্যো দদৌ ॥ [৯৪] চিন্তামণৌ সুরমহীরুহকামধেনা বষ্টা (?) দশাঙ্কমধিতিষ্ঠতি ভানুদেবে। জ্যায়োনমীয় ভবতা কতমো ময়েতি ধাতুর্বিচারবশ-

গোনৃপতির্বভূব ॥ * ॥ [৯৫] চালুক্যকুলসংভূতা শ্রীমজ্জাকল্লদেবিকা লক্ষ্মীর্নারায়ণস্যেব ভানুদেবস্য তাদৃশী ॥ [৯৬] তস্যাং সূনুরভূদ্বীরঃ শ্রীনৃসিংহমহীপতিঃ। গংগবংশসমুদ্ধর্ত্তা হর্ত্তা বৈরিমহীতলং ॥ [৯৭] যথার্জ্জুনস্তথাশস্ত্রে শাস্ত্রে বাচস্পতির্যথা। দানে কর্ণো বলে ভীমঃ সৌন্দর্যে কুসুমায়ুধঃ ॥ [৯৮] তেন দত্তং দ্বিজাতিভ্যঃ শাসনং শতসংখ্যকং। মহাদানানি দানানি শ্রীমন্মাতুরনুজ্ঞয়া ॥ [৯৯] বীর শ্রীনরসিংহদেবনৃপতৌ সিংহাসনাধিষ্ঠিতে ভূমিপালকিরীটকোটিকিরণপ্রদ্যোতিতাংঘ্রিদ্বয়ে। প্রত্যর্থিক্ষি(তি)পা বিদীর্ণহৃদয়া ভীত্যা প্রহীণশ্রিয়ঃ প্রাণত্রাণপরায়ণাঃ সমভবন্ পৃথ্বীধরাবাসিনঃ ॥ [১০০] যস্মিন্ প্রশাসতি ভুবঃ কুলভূধরেন্দ্রাঃ কূর্ম্মোভুজঙ্গমপতির্দিগণেকপাশ্চ। ভূভারগৌরবকৃতাতি শিরোবিকারা বিশ্রান্তিলাভমভজন্ত কৃতাশিষশ্চ ॥ [১০১] বীরাসনং সমধিতিষ্ঠতি কুঞ্জরাণাং বীরোবহেদ্রেণধুরাং ভুবি কোত্র নাম। ইন্দ্রায়ুধপ্রভভুজদ্বয়সদ্বিতীয়ে কম্পন্তনোতি করবাললতাপি যত্র ॥ [১০২] যঃ খড়্গচণ্ড চণ্ডমহসা রিপুরাজকানামাহত্যসম্পদসমর্ত" তরোঃ সমানাং। ভূদেবসাদকৃতভূতলভূষণেন দানাম্ভসাদ্রিতলসৎকরপল্লবেন ॥ [১০৩] তস্যাথক্ষিতিপালমৌলিবড়ভী বিন্যস্তপাদাম্বুজস্যাহোহন্ত কিমুচ্যতেদ্যমহিমা কীর্ত্তির্নৃপশ্রীভৃতঃ। যদ্গীতিং কিল কিন্নরীগণমুখাদ্দিগন্তিনাং শৃণ্বতাং রোলম্বামদমাপিবন্তি নিভৃতং নিঃকর্ণতালে মুখে ॥ [১০৪] যস্যেষ্টাসদৃঢ়ব্রতস্য বিজয়ী বন্দ্যঃ প্রতাপঃ পরং সচ্ছূলাক্রিয়মাণতপ্ততরসপ্রখ্যাঃ কুলক্ষ্মাভৃতঃ। স্থালীপাকমুপাশ্রয়ন্তি চ যতশ্চত্বার এবাধ্বরো দিগ্‌ভ্রান্তিস্তুজতে যতোস্বরমণির্ন্নি-" থঃ সহস্রত্বিষাং ॥ * ॥ [১০৫] স্বস্তি শকনৃপতিতঃ সমতীতে ষ্টয়া" দশোত্তরদ্বাদশশতবৎসরেষু মেষশুক্লপঞ্চম্যাঙ্গুরুবারে রৌহট্টা নামধেয়ে কটকে মণহাসময়াস্তরে হলীকোষাধ্যক্ষ খড়্গগ্রাহিমহাপাত্রযাগানন্দদুলালকুমারসন্নিধৌ পুরোপরীক্ষকাশাল বৃহৎসন্ধিবিগ্রহিমহাপাত্র মুদলেন বীর শ্রীনরসিংহদেবঃ স্বায়ুরারোগ্যৈশ্বর্য্যসাম্রাজ্যসমৃদ্ধয়ে পূর্ব্বোৎসৃষ্টানেকভূমমধ্যাৎ

। সর্গোদ্ধার কাশ্যপবাৎস্য চ নৈধ্রুবপ্রবরায় যজুর্ব্বেদান্তর্গতকাণ্বশাখৈকদেশাধ্যায়িনে বৃহৎকুমারমীহ-
শ্রীভীমদেবশর্ম্মণে পঞ্চাশদ্বাটিকাপ্রদানায় রেমুণাবিষয়মধ্যবর্ত্তী নৃসিংহড়া মণ্ডোই গ্রামপুরোনা-
শিবদাস প্রতিহস্তমহেশ্বরনায়কনলপ্রমাণেন পশ্চিমতঃ তণ্ডিওদাগ্রামীয়দণ্ডার্দ্ধাদিমারভ্য বড়পা
। পশ্চিমসীমাদণ্ডাপূর্ব্বাবচ্ছেদঃ দক্ষিণতঃ বালুকাপতিতভূমিমধিকৃত্য সুবর্ণরেখানদীসেতু প্রা-
াবচ্ছেদ এবঞ্চতুঃসীমাবচ্ছিন্নভূমি গুণ্ঠৈদশোপেতমানদ্বাদশার্শ্মিক" বাটিকাসু। চত্বারিংশতমধ্যপুরা
নদেবব্রাহ্মণভোগাগোহরিজলাশয়সমেতমানদশোত্তরবাটিকাত্রিতয়বহিষ্কৃত্য নিরবকরদশগু-
চমানদ্বয়োত্তরপঞ্চত্বারিঙ্শাটিকা পরিমিতা। তথৈতদ্বিষয়াসীনচ্ছোদ্রাগ্রামাৎ পুরোনায়ক শিবদাস প্রতিহা-
ায়কনলপ্রমাণেন। এতদগ্রামোত্তরসীমা"স্ততস্তিওদাগ্রামদক্ষিণক্ষেত্রসেতুমাদীকৃত্যচ্ছোড়াগ্রামদক্ষিণ সুব-
র্ণমত্স্যোত্তররুপাইধারিটিক্করাস্থিতকেদারোত্তরসেতুপর্য্যন্ত দক্ষিণাবচ্ছেদং। পূর্ব্বতঃ। তস্তি-
ওদাপশ্চিমক্ষেত্রপরিচ্ছেদসিকুআটিক্করমধিকৃত্যচ্ছোড়াপূর্ব্বক্ষেত্রমধ্যতে বাটিকরিরন্ধ্র
পরিচ্ছেদমেবং চতুঃসীমাবচ্ছিন্নভূমি পঞ্চদশগুণ্ঠোত্তরমানসপ্তদশাধিক বাটিকাচতুষ্ট-
য়পরিমিতমধ্যদেবব্রাহ্মণভোগীগোহরিগোপথদণ্ডাসমেতমানদশমিতং বহিষ্কৃত্য নি-
রবকরপঞ্চদশগুণ্ঠাধিক সপ্তমানোপেতবাটিকা চতুষ্টয়পরিমিতমেবং গ্রামদ্বয়েন প-
ঞ্চবাটিকাপরিমিত জলস্থলমচ্ছকচ্ছয় সহিতমাচন্দ্রার্ক মকরীকৃত্যপ্রাদাৎ ॥ * ॥ অস্মিন্ ভীমনারা-
য়ণাখ্যে শাসনে পূতিমাষগোত্রস্য ঋগ্বেদান্তর্গতশাকলশাখাধ্যায়িনঃ শাসনাধিকারি।
লনাথ সেনাপতের্ভাগদ্বয়ং দ্বিজব্যবস্থিতং ॥ এতত্তাম্রলেখকতাম্রকারস্য প্রম্নাড়িরণাখ্যস্য
ব্যবস্থিতং ভাগমেকং ॥ ০ ॥ অস্য শাসনস্যাঙ্গতযাজয়পুরহট্টীয় সুবর্ণকার নারায়ণসা-
র্ণপ্তা কুম্ভারসাধু নামা ॥ সিদ্রঙ্গহট্টীয়গোপালগোপিআনামা ॥ বড়তালদণ্ডাগোপীপতি লি-
নাইশ্রেষ্ঠিকস্য নপ্তা কালোশ্রেষ্ঠি নামা। সঠগ্রামনবাহট্টীয়কুম্ভকার জয়দেবশ্রেষ্ঠিকস্য নপ্তা
াই শ্রেষ্ঠিনামা ॥ এতাশ্চতস্রঃ প্রজা প্রাদাৎ ॥০॥ মদ্দানফলসিদ্ধ্যর্থং তদ্রক্ষাফলসিদ্ধয়ে। মদ্ধ-

[৬ষ্ঠ ফলক ২য় পৃষ্ঠা।]

পরিপাল্যোয়ং ভূপৈরাচন্দ্রতারকং ॥ মাভূদফলসংকাতে পরদত্তেতি পার্থিব। স্বদত্তাদধিকং
্যং পরদত্তানুপালনং। স্বদত্তাম্পরদত্তাম্বাযত্নাদ্রক্ষযুধিষ্ঠির। মহীম্মতিমতাং শ্রেষ্ঠঃ দানাৎ শ্রেয়োনুপা-
ং ॥ স্বদত্তাং পরদত্তাম্বাযোহরেত বসুন্ধরাং ॥ সবিষ্ঠায়াং কৃমির্ভূত্বাকৃমিভিঃসহপচ্যতে। নির্জ্জলে প্রা-
রে দেশে শুষ্ককোটরবাসিনঃ। কৃষ্ণসর্পাহিজায়ন্তে যে হরন্তি বসুন্ধরাং ॥ গামেকং স্বর্ণমেকং
ভূমেরপ্যর্দ্ধমঙ্গুলং। হরন্নরকমাপ্নোতিযাবদাভূতসংপ্লবং। শত্রুনাপি কৃতোধর্ম্মঃ পাল-
নীয়োমনীষিভিঃ। শত্রুরেব হি শত্রুঃ স্যাৎ ধর্ম্মঃ শত্রুর্ন কস্য চিৎ ॥ মদ্বং-
শজাঃ পরমহীপতিবংশজা বা পাপাদপেতমনসো ভুবিভাবিভূপাঃ ॥ যে
পালয়ন্তি মম ধর্ম্মমিদং সমস্তস্তেষাম্যয়া বিরচিতোঞ্জলিরেষমূ-
র্দ্ধ্নি ॥ * ॥ শ্রী শ্রী শ্রী শ্রী শ্রী

☞ মূলের যেখানে যেখানে সূত্রধারের (খোদকের) দোষে ভুল হইয়াছে, পরে পরে সংশোধন করিয়া দেওয়া হইল। (১) ক্ষীরাব্ধের্মথিতাৎ। (২) প্রভৃতিষু। (৩) কীর্ত্তিষপি। (৪) অবৃণোল্লোকত্রয়াহ্লাদিনং। (৫) ভ্রাম্যতীব। (৬) আয়ুঃ। আয়োর্নহুষঃ। নহুষাদ্যযাতিঃ। (৭) প্রসিদ্ধঃ। (৮) ভূতলোখিত। (৯) নৃপবরেষূদ্ভ্র। (১০) প্রাপ্তং দ্রষ্টুমিবা। (১১) পিনাকিনঃ। তস্য। (১২) ধাত্রী তস্য। (১৩) কথং পরিণতিঃ। (১৪) মরুত। (১৫) মৎসৈন্যে। (১৬) ক্রমঃ। (১৭) শ্বশুরস্য। (১৮) নিচয়ঃ। (১৯) নির্দ্দারিপুরশ্চ। (২০) স্বাদিতে। (২১) তে পশ্যন্ত হিরণ্যগর্ভমকরোৎ। (২২) পঙ্ক্তীরণে। (২৩) বিজয়তে। (২৪) প্রাম্ভারবত্যম্বয়ে। (২৫) স্রষ্টুঃ। (২৬) প্লাব্য। (২৭) মহিষী। (২৮) কিঞ্চায়ঞ্চ। (২৯) মণি বা লম্বয়িত্বা সুরাদ্রিং। (৩০) মাচামতীব। (৩১) প্রাপ্নুতে। (৩২) মমর্ত্ত্য। (৩৩) যতোম্বরমণি। (৩৪) সমতীতেহষ্টাদশোত্তর°। (৩৫) দ্বাদশার্দ্ধক। (৩৬) সীমা। এতদ্ভিন্ন ৯৫ শ্লোকটীতে সম্পূর্ণ সন্দেহ রহিল।